Vol. XLV—No. 2

Assembly Proceedings

Official Report

West Bengal Legislative Assembly

Forty-Fifth Session

(June-July, 1967)

(From 26th June, 1967 to 26th July, 1967)

The 11th, 12th, 13th, 14th, 17th, 18th, 19th, 20th, 21st, 24th, 25th and 26th July, 1967.

Published by authority of the Assembly under rule 353 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly

Government of West Bengal

Governor

SHRI DHARMA VIRA

Members of the Council of Ministers

1 Shri AJOY KUMAR MUKHOPADHYAY, Chief Minister and Minister-in-charge, General Administration, Political, Police, Defence, Special and Anti-Corruption Branches of Home Department.

2 Shri JYOTI BASU, Deputy Chief Minister and Minister-in-charge, Departments of Finance and Home (Transport).

3 Shri SOMNATH LAHIRI, Minister-in-charge, Parliamentary Affairs, Information and Public Relations and Local Self-Government Departments.

4 Shri HEMANTA KUMAR BASU, Minister-in-charge, Department of Public Works including Roads and Construction Board and the Housing Department.

5 Dr. PRAFULLA CHANDRA GHOSH, Minister-in-charge, Department of Food and Supplies and Agriculture Branch of Agriculture and Community Development Department.

6 Shri JEHANGIR KABIR, Minister-in-charge, Development and Planning and Forests Departments.

7 Shri HARE KRISHNA KONAR, Minister-in-charge, Land and Land Revenue Department.

*8 Shri BISWANATH MUKHERJEE, Minister-in-charge, Irrigation and Waterways Department.

9 Shri SUSHIL KUMAR DHARA, Minister-in-charge, Department of Commerce and Industries and Community Development Branch of Agriculture and Community Development Department.

*10 Shri AMAR PRASAD CHAKRABORTTY, Minister-in-charge, Departments of Excise, Judicial and Legislative and Press and Passport Branches of Home Department.

11 Shri NANI BHATTACHARYA, Minister-in-charge, Department of Health.

---

*Members of the West Bengal Legislative Council

12 Shri NIRANJAN SEN GUPTA, Minister-in-charge, Department of Refugee Relief and Rehabilitation and Home (Jails) Department.

13 Shri BIBHUTI BHUSAN DAS GUPTA, Minister-in-charge, Panchayats Department and Social Welfare Branch of Relief and Social Welfare Department.

14 Shri DEOPRAKASH RAI, Minister-in-charge, Tribal Welfare Department.

15 Shri JYOTI BHUSAN BHATTACHARYA, Minister-in-charge, Department of Education.

16 Shri SUBODH BANERJEE, Minister-in-charge, Department of Labour.

17 Shri KASHI KANTA MAITRA, Minister-in-charge, Department of Animal Husbandry and Veterinary Services, Fisheries and Cottage and Small Scale Industries.

18 Shri NISHITHA NATH KUNDU, Minister-in-charge, Department of Co-operation and Relief Branch of the Department of Relief and Social Welfare.

19 Shri CHARU MIHIR SARKAR.

West Bengal Legislative Assembly

Principal Officers and Officials

The Speaker ...	... The Hon'ble BIJOY KUMAR BANERJEE
Deputy Speaker ...	... Shri HARIDAS MITRA

Secretariat

Secretary ...	... Shri PRITITOSH ROY, M.A., LL.B., West Bengal Higher Judicial Service.
Deputy Secretary ...	... Shri A. K. CHUNDER, B.A., (Hons.) (Cal.), M.A., LL.B. (Cantab), LL.B. (Dublin), Barrister-at-Law.
Deputy Secretary ...	... Shri SYAMAPADA BANERJEA, B.A., LL.B.
Deputy Secretary ...	... Shri RAFIQUL HAQUE, B.A., LL.B.
Assistant Secretary ...	... Shri KHAGENDRA NATH MUKHERJI, B.A., LL.B.
Assistant Secretary ...	... Shri BIMAL CHANDRA BHATTACHARYYA, B.A., LL.B.
Assistant Secretary ...	... Shri ANIL CHANDRA CHATARJI.
Assistant Secretary ...	... Shri SANKAR PRASAD MUKHERJI, B.A.
Registrar ...	... Shri DEBAVRATA CHAKRAVARTY, B.A.
Editor of Debates ...	... Shri PARITOSH MOJUMDER, B.A.
Chief Reporter and ex-officio *Editor of Debates of Council*	Shri PROFULLA KUMAR BANERJEE.
Private Secretary to Speaker ...	Shri BENOY KUMAR SEN, B.A.
Personal Assistant to Speaker ...	Shri PANCHU GOPAL CHATTERJEE.
Section Officers ...	... Shri NAYAN GOPAL CHAUDHURY, B.A. Shri SANKORIPROSAD MUKHERJEE, B.A. and Shri ASADUR RAHMAN.
English Reporters ...	... Shri BHOLANATH BANERJEE,
	Shri HIMADRI BHUSAN CHATTERJEE, B.COM.,
	Shri PRITHWISH CHANDRA SEN GUPTA,
	Shri JAHAR LAL DUTTA, B.COM.,
	Shri SAILENDRA MOHAN CHAKRABORTY,
	Sm. SUBRATA SEN GUPTA,
	Shri SYAMAL KUMAR BANERJEE.

Bengali Reporters	Shri SUSANTA KUMAR CHATTERJEE, B.COM.,
	Shri ARINDOM GHOSH,
	Shri PRAFULLA KUMAR GANGULI, B.COM.,
	Shri BIMAL KANTI BERA,
	Shri SWADHIN KUMAR CHATTERJEE,
	Shri PRABHAT CHANDRA BHATTACHARYYA, B.A.,
	Shri MANASRANJAN DAS, B.COM.,
	Shri ABNEY GOLAM AKBAR, B.A.,
	Shri JAGADISH CHANDRA BISWAS, B.A.
Hindi Reporter	Shri RAM NARESH TRIPATHI.

West Bengal Legislative Assembly

Alphabetical List of Members

A

1 Abdul Bari, Shri Md. (55-Domkal—Murshidabad)

2 Abdul Gaffar, Shri Quazi (87-Baduria—24-Parganas)

3 Abdul Haque, Shri (48-Jangipur—Murshidabad)

4 Abdul Latif, Shri (59-Beldanga—Murshidabad)

5 Abdul Latif, Shri Mohamed (168-Chanditala—Hooghly)

6 Abdul Quiyom Molla, Shri (110-Diamond Harbour—24-Parganas)

7 Abdullah, Shri S. M. (104-Garden Reach—24-Parganas)

8 Abdus Sattar, Shri (50-Lalgola—Murshidabad)

9 Abdul Barkat Atawal Ghani Khan Chaudhury, Shri (44-Sujapur-Malda)

10 Afaque Choudhury, Shri (25-Chopra—West Dinajpur)

11 Ahmad Hossain Mondal, Shri (156-Domjur—Howrah)

12 Amirali Molla, Dr. (100-Bhangar—24-Parganas)

13 Azizur Rahaman, Shri (54-Jalangi—Murshidabad)

B

14 Bagchi, Shri Amalendu Kumar (52-Nabagram—Murshidabad)

15 Baksi, Shri Monoranjan (252-Faridpur—Burdwan)

16 Bandopadhyay, Shri Amiya Bhusan (88-Basirhat—24-Parganas)

17 Bandopadhyay, Shri Khagendra Nath (272-Dubrajpur—Birbhum)

18 Banerjee, Shri Baidyanath (274-Suri—Birbhum)

19 Banerjee, Shri Bijoy Kumar (138-Rashbehari Avenue—Calcutta)

20 Banerjee, Shri Mrityunjay (155-Shibpur—Howrah)

21 Banerjee, Shri Satyanarayan (271-Labpur—Birbhum)

22 Banerjee, Shri Subodh (97-Joynagar—24-Parganas)

23 Banerjee, Shri Sankar Das (65-Tehatta—Nadia)

24 Banerji, Shri Radhika Ranjan (125-Kamarhati—24-Parganas)

25 Barman, Shri Prasenjit [3-Cooch Behar West (SC)—Cooch Behar]

26 Barman, Shri Syama Prasad [29-Kaliaganj (SC)—West Dinajpur]

27 Basu, Shri Hemanta Kumar (82-Barasat—24-Parganas)

28 Basu, Shri Jyoti (126-Baranagar—24-Parganas)

29 Basu, Shri Mukul (34-Balurghat—West Dinajpur)

30 Bazle Ahmed, Shri (280-Murarai—Birbhum)

31 Bera, Shri Sasabindu (162-Shyampur—Howrah)

32 Beri, Shri Dayaram (120-Bhatpara—24-Parganas)

33 Bhagat, Shri Budhu [15-Nagrakata (ST)—Jalpaiguri]

34 Bhandari, Shri Netai (165-Amta—Howrah)

35 Bhandari, Shri Sudhir Chandra (105-Maheshtola—24-Parganas)

36 Bhattacharjee, Shri Golokesh (119-Naihati—24-Parganas)

37 Bhattacharya, Shri Bejoy Krishna (154-Howrah South—Howrah)

38 Bhattacharya, Shri Jyoti Bhusan (141-Ballygunge—Calcutta)

39 Bhattacharya, Shri Nani (11-Alipurduar—Jalpaiguri)

40 Bhattacharyya, Shri Gopal Krishna (124-Panihati—24-Parganas)

41 Bhattacharyya, Shri Satyabrata (51-Bhagabangola—Murshidabad)

42 Bhattacharyya, Shri Sreepada (58-Berhampore—Murshidabad)

43 Bhowmick, Shri Kalipada (79-Bongaon—24-Parganas)

44 Bhowmick, Shri Kanai (190-Moyna—Midnapur)

45 Bhuniya, Shri Nitya Nanda [159-Sankrail (SC)—Howrah]

46 Bishayee, Shri Paramananda (261-Memari—Burdwan)

47 Biswas, Shri Ajit Kumar [184-Goghat (SC)—Hooghly]

48 Bose, Dr. Brindabon Behari (157-Jagatballavpur—Howrah)

49 Bose, Shri Maharaja (33-Kumarganj—West Dinajpur)

50 Bouri, Shri Nepal Chandra [228-Raghunathpur (SC)—Purulia]

51 Bouri, Shri Satish [227-Para (SC)—Purulia]

52 Brohmachari Bholanath [90-Hingalganj (SC)—24-Parganas]

C

53 Chakraborti, Shri Sadhan Kumar (123-Khardah—24-Parganas)

54 Chakraborty, Shri Kshudi Ram (205-Debra—Midnapur)

55 Chalak, Shri Kali Kinkar [207-Garbeta East (SC)—Midnapur]

56 Chatterjee, Shri Arun (237-Barjora—Bankura)

57 Chatterjee, Shri Hara Prasad (130-Jorabagan—Calcutta)

58 Chatterjee, Shri Ram (180-Tarakeswar—Hooghly)

59 Chattopadhyay, Shri Benoy Kumar (74-Ranaghat West—Nadia)

60 Chattopadhyay, Shri Brindaban (176-Polba—Hooghly)

61 Chaudhuri, Shri Narayan Chandra (264-Manteswar—Burdwan)

62 Chaudhuri, Dr. Sashi Bhusan (257-Burdwan South—Burdwan)

63 Choubey, Shri Narayan (211-Kharagpur—Midnapur)

64 Choudhury, Shri Subodh (266-Katwa—Burdwan)

65 Chunder, Dr. Pratap Chandra (145-Sealdah—Calcutta)

D

66 Dakua, Shri Dinesh Chandra [2-Mathabhanga (SC)—Cooch Behar]

67 Dal, Shrimati Nanda Rani [186-Ghatal (SC)—Midnapur]

68 Das, Shri Ambika Charan [49-Sagardighi (SC)—Murshidabad]

69 Das, Shri Deben (212-Kharagpur Local—Midnapur)

70 Das, Shri Debendra Nath (214-Dantan—Midnapur)

71 Das, Shri Hare Krishna [177-Balagarh (SC)—Hooghly]

72 Das, Shri Jagadish Chandra (118-Bijpur—24-Parganas)

73 Das, Shri Mahatab Chand [193-Sutahata (SC)—Midnapur]

74 Das, Shri Makhan Lal (198-Contai North—Midnapur)

75 Das, Shri Nikhil (149-Burtola—Calcutta)

76 Das, Dr. Sailendra Nath [83-Rajarhat (SC)—24-Parganas]

77 Das, Shri Sudhir Chandra (199-Contai South—Midnapur)

78 Das Ghose, Shri Biswa Nath (161-Uluberia South—Howrah)

79 Das Gupta, Shri Bibhuti Bhusan (226-Purulia—Purulia)

80 Das Gupta, Shri Khagendranath (18-Jalpaiguri—Jalpaiguri)

81 Das Mahapatra, Shri Kamakshyanandan (203-Pataspur—Midnapur)

82 Dey, Shri Gobinda Chandra (129-Shampukur—Calcutta)

83 Dhara, Shri Hansadhwaj (116-Kakdwip—24-Parganas)

84 Dhara, Shri Sushil Kumar (192-Mahisadal—Midnapur)

85 Dhibar, Shri Pramatha Nath [258-Khandaghosh (SC)—Burdwan]

86 Dutta, Shrimati Sudharani (239-Onda—Bankura)

87 Doloi, Shri Rajani Kanta [206-Keshpur (SC)—Midnapur]

E

88 Elias Razi, Shri Md. (39-Harischandrapur—Malda)

F

89 Fazle Hoque, Dr. Md. (4-Sitai—Cooch Behar)

90 Fazlur Rahman, Shri S. M. (66-Kaliaganj—Nadia)

91 Franklin, Shri Leslie Henry (283-Nominated)

G

92 Gayen, Shri Prasanta Kumar (195-Narghat—Midnapur)

93 Ghatak, Shri Sibdas (244-Hirapur—Burdwan)

94 Ghose, Shri Sambhu Charan (175-Chinsurah—Hooghly)

95 Ghosh, Shri Kamakhya Charan (210-Midnapur—Midnapur)

96 Ghosh, Shri Krishna Pada (147-Beliaghata North—Calcutta)

97 Ghosh, Shri Nitai Pada (275-Muhammadbazar—Birbhum)

98 Ghosh, Dr. Prafulla Chandra (218-Jhargram—Midnapur)

99 Ghosh Chowdhury, Dr. Ranjit (163-Bagnan—Howrah)

100 Golam Mohiuddin, Shri (279-Nalhati—Birbhum)

101 Golam Yazdani, Dr. (38-Kharba—Malda)

102 Goswami, Shri Paresh Chandra (263-Nadanghat—Burdwan)

103 Guha, Shri Bikesh Chandra (101-Jadavpur—24-Parganas)

104 Guha, Shri Kamal Kanti (5-Dinhata—Cooch Behar)

105 Guha Neogi, Shri Anil Dhar (14-Dhupguri—Jalpaiguri)

106 Gurung, Shri Krishna Bahadur (20-Kalimpong—Darjeeling)

107 Gurung, Shri Nandlal (22-Jorebanglo—Darjeeling)

H

108 Haldar, Shri Hrishikesh [114-Mathurapur (SC)—24-Parganas]

109 Halder, Shri Adhar Chandra [95-Canning (SC)—24-Parganas]

110 Halder, Shri Krishna Chandra [253-Ausgram (SC)—Burdwan]

111 Halder, Shri Nalini Kanta (113-Kulpi—24-Parganas)

112 Hansda, Shri Jagat Pati [216-Nayagram (ST)—Midnapur]

113 Hazra, Shri Lalit (265-Purbasthali—Burdwan)

114 Hazra, Shri Monoranjan (169-Uttarpara—Hooghly)

115 Hazra, Shri Santimoy (254-Bhatar—Burdwan)

116 Hemrom, Shri Babulal [233-Ranibandh (ST)—Bankura]

117 Hicks, Shri Clifford (284-Nominated)

J

118 Jalan, Shri Iswardas (132-Bara Bazar—Calcutta)

119 Jana, Shri Manindra Nath (167-Jangipara—Hooghly)

120 Jash, Shri Sristhidhar [269-Nanur (SC)—Birbhum]

121 Jaynal Abedin, Shri Md. (112-Magrahat West—24-Parganas)

122 Jehangir Kabir, Shri (84-Deganga—24-Parganas)

K

123 Kar, Shri Dhananjoy (217-Gopiballavpur—Midnapore)

124 Karam Hossain, Shri (144-Taltala—Calcutta)

125 Karim Baksh, Dr. Mohammad (77-Haringhata—Nadia)

126 Kazim Ali Meerza, Shri Syed (53-Murshidabad—Murshidabad)

127 Khalil Sayed, Shri (32-Gangarampur—West Dinajpur)

128 Kolay, Shri Jagannath (235-Chhatna—Bankura)

129 Konar, Shri Hare Krishna (262-Kalna—Burdwan)

130 Kundu, Shri Nishitha Nath (28-Raiganj—West Dinajpur)

131 Kundu, Shri Raj Narayan (178-Pandua—Hooghly)

L

132 Lakra, Shri Denis [10-Kalchini (ST)—Jalpaiguri]

133 Lahiri, Shri Somnath (140-Dhakuria—Calcutta)

M

134 Mahata, Shri Amulya Ratan (209-Salboni—Midnapur)

135 Mahato, Shri Chittaranjan (224-Jhalda—Purulia)

136 Mahato, Shri Girish (221-Manbazar—Purulia)

137 Mahato, Shri Ramkrishna (225-Jaipur—Purulia)

138 Maiti, Shrimati Abha (196-Bhagabanpur—Midnapur)

139 Maitra, Shri Kashi Kanta (71-Krishnagar East—Nadia)

140 Maity, Shri Baneswar (202-Mugberia—Midnapur)

141 Majhi, Shri Gobardhan [222-Balarampur (ST)—Purulia]

142 Majhi, Shri Kandru [220-Banduan (ST)—Purulia]

143 Maji, Dr. Binode Behari [234-Indpur (SC)—Bankura]

144 Maji, Shri Guiram [236-Gangajalghati (SC)—Bankura]

145 Maji, Shri Panna Lal (166-Udayanarayanpur—Howrah)

146 Majumdar, Shri Amalesh Chandra (174-Haripal—Hooghly)

147 Majumdar, Shri Apurba Lal [78-Bagdaha (SC)—24-Parganas]

148 Majumdar, Shri Byomkesh (171-Champdani—Hooghly)

149 Majumdar, Shri Dilip Kumar (251-Durgapur—Burdwan)

150 Mal, Shri Pagal Chandra [242-Indas (SC)—Bankura]

151 Malakar, Shri Ajoy (191-Tamluk—Midnapur)

152 Mandal, Shri Bhudeb Chandra (240-Vishnupur—Bankura)

153 Mandal, Shri Kalipada [160-Uluberia-Uluberia North (SC)—Howrah].

154 Mandal, Shri Kumud Ranjan [98-Baruipur (SC)—24-Parganas]

155 Mandal, Shri Parbhakar [268-Ketugram (SC)—Burdwan]

156 Mandal, Shri Siddheswar [273-Rajnagar (SC)—Birbhum]

157 Misra, Shri Sowrindra Mohan (40-Ratua—Malda)

158 Misra, Shri Trilokes (117-Sagore—24-Parganas)

159 Mitra, Shrimati Biva (137-Kalighat—Calcutta)

160 Mitra, Shri Chandipada (80-Gaighata—24-Parganas)

161 Mitra, Shri Dwijendranath (153-Howrah Central—Howrah)

162 Mitra, Dr. Gopika Ranjan (247-Asansol—Burdwan)

163 Mitra, Shri Haridas (76-Chakdah—Nadia)

164 Mitra, Shrimati Ila (148-Manicktola—Calcutta)

165 Mitra, Shri Satyanarayan (238-Bankura—Bankura)

166 Mitra, Dr. Sunil Kumar (164-Kalyanpur—Howrah)

167 Mohammad Sayeed Mia, Shri (41-Malda—Malda)

168 Mohammed Israil, Shri (56-Naoda—Murshidabad)

169 Moitra, Shri Arun Kumar (23-Siliguri—Darjeeling)

170 Mojumdar, Shri Jagannath (68-Chapra—Nadia)

171 Mondal, Shri Girindra Nath [91-Gosaba (SC)—24-Parganas]

172 Mondal, Shri Haradhan [250-Ukhra (SC)—Burdwan]

173 Mondal, Shri Manindra Chandra [67-Nakashipara (SC)—Nadia]

174 Mondal, Shri Sasanka Sekhar (277-Rampurhat—Birbhum)

175 Mondal, Shri Sudhir Kumar [61-Khargram (SC)—Murshidabad]

176 Mondal, Shri Tinkori [249-Jamuria (SC)—Burdwan]

177 Mondal, Shri Rabin (115-Pathar Pratima—24-Parganas)

178 Mozumder, Shri Harendra Nath (89-Hasnabad—24-Parganas)

179 Mukherjea, Shri Bhabani (172-Chandernagore—Hooghly)

180 Mukherjee, Shri Amritendu (70-Krishnagar West—Nadia)

181 Mukherjee, Shri Braja Bilash (223-Arsha—Purulia)

182 Mukherjee, Shri Jayati Prasanna (85-Habra—24-Parganas)

183 Mukherjee, Shri Niranjan (102-Behala East—24-Parganas)

184 Mukherjee, Shri Pijush Kanti (9-Kumargram—Jalpaiguri)

185 Mukherjee, Shri Rabin (103-Behala West—24-Parganas)

186 Mukherjee, Shri Saila Kumar (152-Howrah North—Howrah)

187 Mukherjee, Shri Sailendra Nath (151-Bally—Howrah)

188 Mukhopadhaya, Shri Pasupati (158-Panchla—Howrah)

189 Mukhopadhyay, Shri Ajoy Kumar (183-Arambagh—Hooghly)

190 Mukhopadhyay, Shrimati Purabi (231-Taldangra—Bankura)

191 Mukhopadhyay, Shrimati Geeta (189-Panskura East—Midnapur)

192 Murmu, Shri Boila [36-Habibpur (ST)—Malda]

193 Murmu, Shri Dashu Koron [37-Gajol (ST)—Malda]

194 Murmu, Shri Nathaniel [35-Tapan (ST)—West Dinajpur]

N

195 Nag, Dr. Gopal Das (170-Serampore—Hooghly)

196 Nahar, Shri Bijoy Singh (138-Bow Bazar—Calcutta)

197 Nandy, Shri Sachindra Mohan (69-Nabadwip—Nadia)

198 Narjinarai, Shri Dhirendra [13-Madarihat (ST)—Jalpaiguri]

199 Naskar, Shri Gangadhar [99-Sonarpur (SC)—24-Parganas]

200 Naskar, Shri Sundar Kumar [108-Bishnupur East (SC)—24-Parganas]

201 Noney, Shri W. H. (282-Nominated)

202 Noronha, Shri Clifford (281-Nominated)

203 Nuhul Islam, Shri (45-Kaliachak—Malda)

204 Nuran Nabi, Shri T. A. (46-Farakka—Murshidabad)

O

205 Obaidul Ghani, Dr. Abu Asad Mohammed (143-Entally—Calcutta)

206 Ojha, Shri Samarendra Nath (230-Hura—Purulia)

P

207 Pahari, Shri Bibhuti (201-Egra—Midnapore)

208 Paik, Shri Bimal [197-Khajuri (SC)—Midnapore]

209 Pal, Shri Kanai (73-Santipur—Nadia)

210 Pal, Shri Probhakar (173-Singur—Hooghly)

211 Panda, Shri Bhupal Chandra (194-Nandigram—Midnapur)

212 Paul, Shri Balai Bhusan (135-Kabitirtha—Calcutta)

[illegible]

214 Poddar, Shri Rajendra Kumar (131-Jorasanko—Calcutta)
215 Pradhan, Shri Trailokyanath (200-Ramnagar—Midnapur)
216 Pramanick, Shri Gangadhar [93-Haroa (SC)—24-Parganas]
217 Pramanik, Shri Puranjoy [260-Jamalpur (SC)—Burdwan]
218 Pramanik, Shri Radhika Nath [111-Magrahat East (SC)—24-Parganas]
219 Pramanik, Shri Rajani Kanta (188-Panskura West—Midnapur)
220 Prasad, Shri Shiromani [278-Hansan (SC)—Birbhum]
221 Purkait, Shri Prabodh [96-Kultali (SC)—24-Parganas]

R

222 Rai, Shri Deoprakash (21-Darjeeling—Darjeeling)
223 Ray, Shri Jajneswar [16-Mainaguri (SC)—Jalpaiguri]
224 Ray, Dr. Narayan Chandra (146-Vidyasagar—Calcutta)
225 Ray, Shri Siddhartha Shankar (134-Chowringhee—Calcutta)
226 Roy, Shri Amalendra Lal (62-Burwan—Murshidabad)
227 Roy, Shri Gonesh Prosad [142-Beliaghata South (SC)—Calcutta]
228 Roy, Shri Haradhan (248-Raniganj—Burdwan)
229 Roy, Dr. Indrajit (185-Chandrakona—Midnapur)
230 Roy, Shri Jagadananda [12-Falakata (SC)—Jalpaiguri]
231 Roy, Shri Jatindra Mohan [31-Kushmandi (SC)—West Dinajpur]
232 Roy, Shri Jyotish (109-Falta—24-Parganas)
233 Roy, Shri Krishnadas (213-Narayangarh—Midnapur)
234 Roy, Shri Phakir Chandra (255-Galsi—Burdwan)
235 Roy, Shri Provash Chandra (107-Bishnupur West—24-Parganas)
236 Roy, Shri Santi Mohun (181-Pursura—Hooghly)
237 Roy, Shri Santosh Kumar (7-Cooch Behar South—Cooch Behar)
238 Roy, Shri Suvendu (121-Noapara—24-Parganas)
239 Roy Barman, Shri Khiti Bhusan (106-Budge Budge—24-Parganas)
240 Roy Hakim, Shri Bhabendra Nath [19-Rajganj (SC)—Jalpaiguri]
241 Roy Pradhan, Shri Amarendra Nath [1-Mekliganj (SC)—Cooch Behar]

S

242 Saha, Shri Kanai [243-Sonamukhi (SC)—Bankura]
243 Saha, Shri Kanai [276-Mayureshwar (SC)—Birbhum]
244 Saha, Shri Kripa Sindhu [179-Dhaniakhali (SC)—Hooghly]
245 Saha, Shri Madan Mohan [182-Khanakul (SC)—Hooghly]
246 Sajjad Hussain, Haji (27-Karandigi—West Dinajpur)
247 Saliumddin, Shri Mohammed (26-Goalpokhor—West Dinajpur)
248 Samanta, Shri Gauranga (204-Pingla—Midnapur)
249 Sanyal, Shri Mani (136-Alipore—Calcutta)
250 Sanyal, Dr. Nalinaksha (64-Karimpur—Nadia)

251 Saren, Shri Bhabatosh [232-Raipur (ST)—Bankura]
252 Saren, Shri Mangal Chandra [219-Binpur (ST)—Midnapur]
253 Sarkar, Shri Charumihir [72-Hanskhali (SC)—Nadia]
254 Sarkar, Shri Nitaipada [75-Ranaghat East (SC)—Nadia]
255 Sarkar, Shri Sasthi Das (241-Kotulpur—Bankura)
256 Sasmal, Shri Bankim Chandra (187-Daspur—Midnapur)
257 Sattar, Shrimati Nurunnesa (267-Mangalkot—Burdwan)
258 Sen, Shri Jamini Ranjan (86-Swarupnagar—24-Parganas)
259 Sen, Shri Lakshmi Charan (150-Belgachia—Calcutta)
260 Sen, Dr. Sadhan Kumar (81-Ashokenagar—24-Parganas)
261 Sen, Shri Santi Gopal (42-Englishbazar—Malda)
262 Sen Gupta, Shri Niranjan (139-Tollygunge—Calcutta)
263 Sen Gupta, Shri Tarun Kumar (127-Dum Dum—24-Parganas)
264 Sen Ishore, Shri Sankar [8-Tufanganj (SC)—Cooch Behar]
265 Sahedullah, Shri Syed (256-Burdwan North—Burdwan)
266 Shakila Khatun, Shrimati (94-Basanti—24-Parganas)
267 Shamsuddin Ahmed. Shri (57-Hariharpara—Murshidabad)
268 Sharma, Shri Joynarayan (245-Kulti—Burdwan)
269 Shish Mohammad, Shri (47-Suti—Murshidabad)
270 Shukla, Shri Krishna Kumar (122-Titagarh—24-Pagranas)
271 Singha Deo, Shri Shankar Narayan (229-Kashipur—Purulia)
272 Singhi, Shri Rajendra Singh (43-Manickchak—Malda)
273 Sinha, Shri Debendra Nath [92-Sandeshkhali (ST)—24-Parganas]
274 Sinha, Dr. Radha Krishna (270-Bolpur—Birbhum)
275 Sinha, Shri Sripati (63-Bharatpur—Murshidabad)
276 Sinha Ray, Shri Panchanan (208-Garbeta West—Midnapur)

T

277 Tah, Shri Dasarathi (259-Raina—Burdwan)
278 Tar, Shri Mati Ranjan (6-Cooch Behar North—Cooch Behar)
279 Topno, Shri Antoni [17-Mal (ST)—Jalpaiguri]
280 Trivedi, Shri Goalbadan (60-Kandi—Murshidabad)
281 Tudu, Shri Budhan Chandra [215-Keshiary (ST)—Midnapur]

U

282 Upadhyay, Shri Mihir (246-Barabani—Burdwan)

W

283 Wangdi, Shri Tenzing [24-Phansidewa (ST)—Darjeeling]

Z

284 Zainal Abedin, Dr. (30-Itahar—West Dinajpur)

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Building, Calcutta, on Tuesday, the 11th July, 1967, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri BEJOY KUMAR BANERJEEI in the Chair, 17 Ministers and 232 Members.

[1—1-10 p.m.]

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ: এটা স্যার, আপনি অ্যাডজোর্ন করে রেখে দিন, অন্য দিন দেব—কারণ আজকে কাগজপত্র একটু গোলমাল আছে দেখছি।

আমার কাছে যে কাগজগুলি আছে সেগুলি তো অন্য রকম। এইসমস্ত জবাব আমার কাছে নেই দেখছি।

শ্রীসোমনাথ লাহিড়ী: স্যার, আজকে সব কোয়েশ্চেন হোম ডিপার্টমেন্ট এবং ফুড ডিপার্টমেন্টের। এগুলি সব গোলমাল হয়ে গেছে। কাজেই আমার সাজেশন হচ্ছে আজকে এই কোয়েশ্চেনগুলি মুলতবী থাক, পরে একদিন হবে।

শ্রীজগন্নাথ কোলে: এই যে কাগজগুলো পাওয়া যায় নি এগুলি কি এখানকার সেক্রেটারিয়েট গোলমাল করল, নাকি ডিপার্টমেন্ট থেকে দেওয়া হয় নি?

শ্রীসোমনাথ লাহিড়ী: সেটা ঠিক বোঝা যাচ্ছে না। মোটের উপর জাম্বল্ আপ হয়ে গেছে।

শ্রীঅজয়কুমার মুখার্জি: যে কাগজগুলি আমার ঘরে গিয়েছিল সেইমত আমি কোয়েশ্চেনগুলি ঠিক করেছি। আজকে যেটা দেওয়া হয়েছে সেগুলি তো নয় দেখছি।

শ্রীসোমনাথ লাহিড়ী: আজকে একটু গোলমাল হয়ে গেছে, সেইজন্য অসুবিধা হচ্ছে।

শ্রীজগন্নাথ কোলে: স্যার, আপনি যদি পনের মিনিটের জন্য অ্যাডজোর্ন করেন তাহলে কি ওঁরা কোয়েশ্চেনগুলি আনিয়ে দিতে পারবেন?

মিঃ স্পীকার: মে আই সাজেস্ট যেগুলি আছে সেগুলির অ্যানসার দিন না।

শ্রীজগন্নাথ কোলে: আর একটা জিনিস আমি বলছি—গেল সপ্তাহের যেগুলি হেল্ড ওভার আছে আমার মনে হয়, ১৫ দিন হয়ে গেল, সেই কোয়েশ্চেনগুলি আমাদের হাউসে লে করলে ভাল হয়, কেন না নূতন কোয়েশ্চেনগুলি আমরা জিজ্ঞাসা করতে চাই।

শ্রীসোমনাথ লাহিড়ী: তাতে আমাদের আপত্তি নেই।

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Some recent events of violence

***43.** (Admitted question No. *156.) **Shri Gangadhar Pramanik:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether the Government has made an enquiry into the recent events of violence at (1) Ranaghat, (2) Santipur, (3) Behala, (4) Sonarpur, (5) Howrah, (6) Naxalbari, (7) Beniapukur and Beliaghata area;

(b) if so, what are the findings of that enquiry; and

(c) will the Minister be pleased to state in brief the genesis of those events?

Shri Ajoy Kumar Mukherjee: (a) The position relating to each event is at (b).

(b) Ranaghat—Executive enquiry continues. Santipur—Enquiry by a Commission of Enquiry is going on. Behala—A case over the incident of 19th March, 1967, is sub-judice and the trouble over the incident of 24th June, 1967, was brought under control after a Minister's visit. Sonarpur—The situation was brought under control after imposition of section 144 Cr. P. C. and setting up of a local court. Howrah—Enquiry by a Commission of Enquiry is going on. Naxalbari—The matter is under the consideration of Cabinet. Beniapukur—The situation was brought under control after the Ministers' visit and calling in of the Military. Beliaghata—The situation was brought under control after the Ministers' visit.

(c) Incidents of Ranaghat, Santipur and Howrah are the subjects of either an Executive Enquiry or Commission of Enquiry and hence the exact genesis of the incidents cannot be stated now.

Behala—(i) On 19th March, 1967 at 8-30 hours Constable Haripada Chakraborty of Borisha O.P. was arrested by some members of public on the charge of accepting illegal gratification from several bullock-cart drivers. The constable was in plain clothes and was made to parade through public roads with a garland of shoes hung round his neck and brought to the police-station by a crowd of about 1,000. On the intervention of Additional Superintendent of Police (South), 24-Parganas, the crowd dispersed. (ii) On 24th June, 1967 at 2-30 hours O.C., Behala P.S., with his force arrested four accused persons from their respective homes and brought them to the police-station. Demanding their release, a large crowd gathered in front of the police-station. The crowd was however dispersed at about 10-30 hours after they were addressed by the local M.L.A.

Sonarpore—Local peasants and Bargadars of some places (Tardah and Khedia) in Sonarpur police-station alleged that some cultivable lands in those areas were converted into fisheries to the benefit of the local fishery owners and thereby some bhagchasis were forcibly evicted. The latter however contended that these fisheries had been existing since long. The peasants and Bargadars then wanted to convert these fisheries into agricultural land so that they might reap good harvest. The fishery owners also stood well organised against acts of threat and criminal intimidation by the villagers and landless peasantry. As a result incidents of lawlessness occurred from 12th June, 1967 for a few days.

Naxalbari—Violance that broke out at Naxalbari is being watched and looked into by a group of Ministers and also the Cabinet.

Beniapukur—On 28th May, 1967 altercation among some Hindus and Muslims over gambling at Bechulal Road within Entally police-station sparked off a serious disturbance of communal nature in Entally-Beniapukur areas.

Beliaghata—On 28th May, 1967, some non-Bengalees came to draw their ration in a shop at Beliaghata. They failed to give satisfactory explanation for the number of ration cards they held. When they pressed for the supply of ration, a local Bengalee gentleman, who tried to intervene was manhandled. This incident was the root of the scuffle between the non-Bengalees and Bengalees.

শ্রীগঙ্গাধর পরামানিক: বেহালায় যে সেকেন্ড ইনসিডেন্ট ঘটেছিল তার পর সেখানকার ও সি-কে ট্রান্সফার করা হয়েছিল?

শ্রীঅজয় মুখোপাধ্যায়: না।

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়: এই যে ৭টা ইনসিডেন্ট পর পর বললেন, এগুলি পরে পরিশিষ্টে সংযোজিত হলে আমার বোধহয় সুবিধা হত। তবুও প্রশ্ন করছি এই ৭টা কেসে কত লোকের শাস্তির ব্যবস্থা ফাইন্ডিংস অনুসারে নেওয়া হয়েছে কিনা?

শ্রীঅজয় মুখোপাধ্যায়: কেসগুলি কি কি সেকশনে তা বলতে পারি, তবে কত নম্বর এক সঙ্গে যোগ দিতে অনেক সময় লাগবে।

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়: এই কোশ্চেনগুলো একসঙ্গে না দিয়ে আপনার সুবিধা হবে যদি আলাদাভাবে বিভিন্ন দিনে কোশ্চেন দিই।

[1-10—1-20 p.m.]

ডাঃ গোপিকারঞ্জন মিত্র: আপনার রিপোর্টে যে স্টেটমেন্টটা রেখেছেন তাতে বেহালার ইনসিডেন্ট রেখেছেন, দি পিপ্‌ল্‌ অ্যারেস্টেড দি পিপ্‌ল্‌। আপনি পিপ্‌ল্‌দের অ্যারেস্ট করবার ক্ষমতা দিয়েছেন?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: অ্যারেস্ট মানে ধরে নিয়ে যাচ্ছিল।

শ্রীমহারাজা বোস: আপনি যে বিভিন্ন ঘটনা সম্পর্কে স্টেটমেন্ট দিলেন সে সম্বন্ধে কি ব্যবস্থা অবলম্বন করেছেন। সেগুলি যদি দু-একদিনের মধ্যে সার্কুলেট করেন, সন্তুষ্ট হব। সেটা আপনি করবেন কি?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: আবার কোয়েশ্চেন করুন, উত্তর দেব।

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়: এই যে হোয়াট আর দি ফাইন্ডিংস অফ দ্যাট এনকোয়ারি, নকশালবাড়ি সম্পর্কে কি বলবেন তা আর একবার শুনিয়ে দেবেন কি?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: নকশালবাড়ি সম্পর্কে বহুবার বহুভাবে আলোচনা হয়েছে।

"Gherao" of Municipal Commissioner, New Barrackpore

***98.** (Admitted question No. *142.) **Shri Saila Kumar Mukherjee:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) if it is a fact that on 30th May, 1967, Municipal Commissioner of New Barrackpore Municipality were "Gheraoed" by outsiders inside the Municipal Building and were forced to sign a pre-prepared resignation letter under threat of personal injury; and

(b) if so, whether any preventive measures were taken by the Government to discourage such "gherao"?

Shri Ajoy Kumar Mukhopadhyay: (a) On 30th May, 1967, a crowd numbering about 200 "gheraoed" Shri Saroj Kumar Mukherjee, Commissioner of New Barrackpore Municipality, inside the municipal building and forced him to sign a resignation letter. No other Municipal Commissioner was then inside the municipal building.

(b) Yes.

শ্রীশৈলকুমার মুখার্জি: উইথ রেফারেন্স টু বি মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে বলবেন কি যে, কি অ্যাকশন নেওয়া হয়েছিল?

শ্রীঅজয়কুমার মুখার্জি: তারপর পুলিশ মোতায়েন করা হয়েছিল। আমি একটু বলে দিই।

It is not a fact that Municipal Commissioners of New Barrackpore Municipality were gheraoed by two Commissioners. Some outsiders held demonstration in the residence of Shri Saroj Mukherjee, Municipal Commissioner, and forced him to sign a letter of resignation under threat of personal injury. They also attempted to find out two Commissioners, Shri Jyotiprakash Mitra and Kalipada Biswas who were not available in their residence. Houses of two other Municipal Commissioners, Sarbasree Sailen Talukdar and Nripen Bose were also wheraoed and they demanded their resignation. At this stage information reached the police and police went to the spot.

শ্রীশ্রীপদ ভট্টাচার্য: যে সিগনেচার বাই ফোর্স করিয়ে নেওয়া হল সেটা সম্বন্ধে গভর্নমেন্ট কি কোন অ্যাকশন নিয়েছেন?

শ্রীঅজয়কুমার মুখার্জি: সে সংবন্ধে গভর্নমেন্ট কি অ্যাকশন নেবে? উইথড্র করে নেবেন পরে আর যারা সই করিয়ে নিয়েছে তাদের অ্যারেস্ট করা হবে।

শ্রীআবদুস সাত্তার: যারা ঘেরাও করেছিল তাদের মধ্যে কাউকে অ্যারেস্ট করা হয়েছিল কিনা বা কোন স্টেপস নেওয়া হয়েছিল কিনা?

শ্রীঅজয়কুমার মুখার্জি: না, এ খবর আমার কাছে নেই।

শ্রীহরপ্রসাদ চ্যাটার্জি: এইসমস্ত মিউনিসিপ্যাল কমিশনারস—এ'রা কি নির্বাচিত কমিশনারস, না, ঐ কংগ্রেস দ্বারা নমিনেটেড কমিশনারস?

শ্রীঅজয়কুমার মুখার্জি: তা আমার জানা নেই।

শ্রীআবদুল লতিফ: কি কারণে ঘেরাও করা হয়েছিল?

শ্রীঅজয়কুমার মুখার্জি: জোর করে পদত্যাগপত্র নেবার জন্য।

শ্রীহরপ্রসাদ চ্যাটার্জি: ১৯৬২ সালের পর এইভাবে বহু মিউনিসিপ্যাল কমিশনারকে কংগ্রেস দলের লোকেরা ফোর্স করে সই করিয়েছিলেন, এ খবর আপনার জানা আছে কি?

(উত্তর নাই)

শ্রীমহারাজা বসু: মুখ্যমন্ত্রী মহাশয় এইমাত্র বললেন যে, যারা এইরকম জোর করে দস্তখত করিয়ে নিয়েছিল তাদের নিশ্চয় পুলিশ অ্যারেস্ট করবে। আপনি কি সেইরকম খবর রাখেন যে, এঁদের অ্যারেস্ট করা হয়েছিল?

শ্রীঅজয়কুমার মুখার্জি: না, আমার কাছে এই রকম কোন খবর আসে নি।

Shri Abdus Sattar: Whether any criminal case has been started against those persons who made 'gheraos'?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: আমার কাছে কোন খবর নেই।

শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া: যার কাছ থেকে জোর করে সই করে নিয়েছে, তিনি কি থানায় কোন জি ডি আর বা এফ আই আর দিয়েছেন?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: আমার কাছে এরূপ কোন খবর নেই।

Arson, looting, etc., in Murshidabad district

***106.** (Admitted question No. *247.) **Shri Satyabrata Bhattacharyya:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether the Government is aware of the fact that arson and lotting of entire foodstuff, goats and hens were computed by two to three thousand people in village Aminabazar under Jiaganj police-station in the district of Murshidabad on 16th May, 1967; and

(b) if so, what steps were taken by the Government against the offenders and what sort of relief was given to the victims?

[1-20—1-30 p.m.]

শ্রীঅজয়কুমার মুখার্জি: (এ) হ্যাঁ।

(বি) ৪৮ জনকে গ্রেপ্তার করা হইয়াছে এবং আর একজন পরে আদালতে আত্মসমর্পণ করিয়াছে। ভারতীয় দণ্ডবিধির বিভিন্ন ধারায় একটি মামলা দায়ের করা হইয়াছে। ক্ষতিগ্রস্তদের খয়রাতি সাহায্য (জি আর) এবং গৃহহারাদের জন্য বাসস্থানের বন্দোবস্ত করা হইয়াছে।

শ্রীমহম্মদ ইসরাইল: এটা কি সত্য যে, এই ঘটনার আগে পুলিশকে খবর দেওয়া হয়েছিল?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: না, আমার জানা নেই।

Shri Mohammed Israil: Is it a fact that loot, arson, murder and even rape have been committed in the presence of the police?

Shri Ajoy Kumar Mukhopadhyay: No.

Shri Mohammed Israil: Is it a fact that two persons—one man and one woman—were burnt to death?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: এটা আমার কোন খবর নেই।

শ্রীমহম্মদ ইসরাইল: মিঃ স্পীকার, স্যার, উনি এই খবরটি দিতে পারছেন না, এটা একটা অদ্ভুত ব্যাপার। সেখানে মানুষকে আগুনে ছুঁড়ে ফেলে দেওয়া হল, অথচ উনি এখানে কেন এইরকম কথাবার্তা বলছেন?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কাছে একটা স্টেটমেন্ট আছে, সেটা আমি পড়ে দিচ্ছি।

১৯৬১ সালে লালগোলা সাগরদীঘি থানা অঞ্চলের এক দল মুসলমান জিয়াগঞ্জ থানার আমিনাবাজারে আসিয়া বসবাস করিতে আরম্ভ করেন। আমিনাবাজারের চতুষ্পার্শ্বে কয়েকটি রিফিউজি কলোনি এবং কিছুসংখ্যক লোকের বাস। আমিনাবাজারের এই মুসলমানগণের সহিত স্থানীয় অধিবাসী এবং কলোনির বাসিন্দাদের তিক্ততার সম্পর্ক স্থাপিত হয়।

প্রশ্নে উল্লিখিত ঘটনাটি যেদিন ঘটে তাহার কিছুদিন পূর্বে আমিনাবাজারের জনৈক মুসলমান বিধান কলোনির বাসিন্দা জনৈক রিফিউজি শ্রীযুগল সরকারের নিকট হইতে টাকাপয়সা ছিনাইয়া লইবার চেষ্টা করে। ১৪।১৫-৬-৬৭ তারিখ রাতে আমিনাবাজারের জনৈক মুসলমান জিয়াগঞ্জ থানার তলাবানা গ্রামের অধিবাসী জনৈক কালু রায়কে রাস্তায় ধরিয়া মারধোর করে। স্থানীয় মুকুন্দবাগ অঞ্চলের প্রধান এই ঘটনাগুলির কথা সবই জানিতেন। কিন্তু দুর্ভাগ্যবশত তিনি স্থানীয় পুলিশকে এই বিষয়ে কিছুই জ্ঞাত করেন নি।

যাহাতে ঐ উক্ত মুসলমানগণ এবং স্থানীয় অধিবাসিগণ শান্তিতে বসবাস করিতে পারে তাহার উপায় উদ্ভাবনের জন্য উক্ত অঞ্চলপ্রধান অঞ্চলের উভয় সম্প্রদায়ের নেতৃস্থানীয় ব্যক্তিদের লইয়া একটি সালিশী সভা আহ্বান করেন। কিন্তু মুসলমানগণ দোষী ব্যক্তিদের উক্ত সালিশী সভায় হাজির করে না। সালিশী সভাটির কার্য আর অগ্রসর হয় না। প্রকাশ, জনৈকা মহিলার উত্তেজনাময় প্ররোচনায় (ইনটিগেশন) রিফিউজিগণ আমিনাবাজারের মুসলমানদের কুটিরগুলি আক্রমণ করে। ৬৮টি কুটির সম্পূর্ণভাবে ভস্মীভূত এবং ক্ষতিগ্রস্ত হয়। কিছু ধনসম্পত্তি লুঠও হয়। সর্বমোট ১৮ জন আহত হয়। তাহাদের মধ্যে একজন স্ত্রীলোক এবং একটি বালক অগ্নিদগ্ধ হয়। স্ত্রীলোকটি হাসপাতালে মারা যায় এবং বালকটি পরে আরোগ্যলাভ করে। এই ঘটনার জন্য ভারতীয় দণ্ডবিধির বিভিন্ন ধারায় একটি মামলা দায়ের করা হইয়াছে এবং সর্বমোট ৪৮ জনকে গ্রেপ্তার করিয়া আদালতে চালান দেওয়া হইয়াছে। একজন মহিলা পরে আদালতে আত্মসমর্পণ করে। দুষ্কৃতকারীদের দ্বারা লুণ্ঠিত ধনসম্পত্তির কিছু অংশ পরে উদ্ধার করা হয়। অ্যাডিশনাল সুপারিন্টেন্ডেন্ট অব পুলিশ একটি শক্তিশালী পুলিশ বাহিনী সহ এবং লালবাগের এস-ডি-পি-ও এবং এস-ডি-ও দ্রুত ঘটনাস্থলে আগমন করিয়া অবস্থা আয়ত্তের মধ্যে আনয়ন করেন। জেলাশাসক এবং এস-পিও ঘটনাস্থল পরিদর্শন করেন এবং শান্তি ও স্বাভাবিক অবস্থা ফিরাইয়া আনিতে সর্বপ্রকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন। ২৪ ঘণ্টা নজর এবং দিবারাত্র টহল দিবার জন্য প্রয়োজনীয় পুলিশ ঘটনাস্থলে মোতায়েন করা হয়। ঘটনাটি সম্পূর্ণ বিক্ষিপ্তভাবে ঘটে (স্পোরাডিক) এবং এই কারণে স্থানীয় পুলিশ ইহা নিবৃত্ত করিতে পারে নাই। গণ্ডগোলের সূত্রপাতের খবর পাইয়াই পুলিশ দ্রুত জোরালো ব্যবস্থা গ্রহণ করে এবং এই জোরালো ব্যবস্থা গ্রহণ করার জনাই অত্যন্ত অল্প সময়ের মধ্যে গণ্ডগোলটি মিটিয়া যায় এবং স্বাভাবিক অবস্থা ফিরিয়া আসে। জেলাশাসক দ্রুত খয়রাতি সাহায্যের ব্যবস্থা করেন এবং গৃহহারাদের জন্য বাসস্থানের ব্যবস্থাও তিনি দ্রুত করিয়া দেন। এর বেশি আমার কাছে কোন তথ্য নাই।

শ্রীমহম্মদ ইসরায়েল: হোয়াট আর দি রিলিফস? একটা কথা জিজ্ঞাসা করছি যে, রিলিফ কি কি দেওয়া হয়েছিল একটু ডিটেলসএ বললে ভাল হয়, কারণ আমি ঘটনার ৫-৬ দিন পরে সেখানে গিয়েছিলাম, তাতে দেখেছি যে, সেখানে কিছুই রিলিফ দেওয়া হয় নি। নো রিলিফ ওয়াজ গীভেন টু দেম।

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: খয়রাতি সাহায্য গ্র্যাচুইটাস রিলিফ দেওয়া হয়েছিল।

শ্রীমহ: ইজরায়েল: হাউস বিল্ডিং গ্র্যান্ট কিছু দেওয়া হয়েছিল কি?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: সেটা পরে দেওয়া হবে। আপনি যখন গিয়েছিলেন তখন খাবার জন্য খয়রাতি সাহায্য দেওয়া হয়েছিল।

শ্রীআবদুল লতিফ: হাউস বিল্ডিং লোন কি এখন পর্যন্ত তাদের দেওয়া হয়েছে?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: বলতে পারি না।

শ্রীসত্যব্রত ভট্টাচার্য: যেদিন ঘটনা ঘটে সেদিন ওখানকার লোক জিয়াগঞ্জ পুলিশ স্টেশনে খবর দিয়েছিল যে, এইরকম আশঙ্কা আছে এবং সেখানে থার্ড অফিসার এবং আই-বি ভগবান মুর্মু তাঁর প্রেজেন্সে এই জিনিস হয় এবং তাঁরা রুখতে পারেন নি।

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: আমি যে ঘটনা পড়লাম, এর বেশি কিছু জানা নেই।

শ্রীআবদুস সাত্তার: এটা কি সত্য যে, সেদিন মুসলিম ভিলেজএ যে আগুন লাগিয়ে দেওয়া হয়েছে, আপনি যে ঘটনা বললেন সেটা ঠিক নয়, সেখানে জমি দখল করে ভাগীদার হওয়ার জন্য—সেই জমি দখল করবার জন্য আক্রমণ করা?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: এই কথা আমি বলতে পারব না, এটার কেস বেরুবে।

শ্রীঅহমদ হোসেন মন্ডলঃ কোন মন্ত্রিমহাশয় ঘটনাস্থলে গিয়েছিলেন কি না, অন্যান্য ঘটনায় যেমন মন্ত্রীরা যান, এই ক্ষেত্রে গিয়েছিলেন কি?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ কাছাকাছি কোন মন্ত্রী ছিলেন না বলে যান নি।

শ্রীসামসুদ্দিন আহমেদঃ অঞ্চল প্রধানদের নিয়ে যে সালিশী সভা হয় সেই সভায় সকালে স্থানীয় পুলিশ অফিসাররা উপস্থিত ছিলেন একথা কি মন্ত্রিমহাশয় অবগত আছেন?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ না।

শ্রীসামসুদ্দিন আহমেদঃ তিনি অনুগ্রহ করে তদন্ত করে দেখবেন কি যে জিয়াগঞ্জ থানার পুলিশ ইন্সপেক্টর উপস্থিত ছিলেন কি না?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ এটা দেখবো।

শ্রীসামসুদ্দিন আহমেদঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে এই যে ঘটনা ঘটেছে এর পেছনে স্থানীয় এস এস পি-র নেতারা নেতৃত্ব দিয়েছেন?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ আমার জানা নেই।

শ্রীমতী সাকিলা খাতুনঃ ঐ ঘটনার দরুন মুসলমানদের কত ধান-চাল নষ্ট হয়েছে, কত গরু, বাছুর, হাঁস, মুরগী পুড়িয়ে দেওয়া হয়েছে, সেই সমস্ত হিসাব জানাতে পারবেন কি?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ আমি জানাতে পারবো না, তবে লিস্ট নেওয়া হচ্ছে রিলিফ দেওয়ার জন্য।

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্তঃ এই যে ঘটনা ঘটেছে সেটা জিয়াগঞ্জ থানা থেকে কত দূর?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ আমার জানা নেই।

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্তঃ আমিনাবাদে যে আগুন জ্বললো, এতগুলো বাড়ী পুড়লো, থানা থেকে কি আগুন দেখা গিয়েছিল?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ বলতে পারবো না।

শ্রীএস এম ফজলুর রহমনঃ যে কজন মহিলা গ্রেপ্তার হয়েছে তাদের নাম কি?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ নাম এখানে দেওয়া নেই।

[1-30—1-40 p.m.]

Shri Abdus Sattar:
মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে, অনেক লোককে আগুনে নিক্ষেপ করা হয়েছিল এবং বহরমপুর হাসপাতালে ১২-১৪ জনকে ভর্তি করা হয়েছিল ও সেই অগ্নিদগ্ধ হয়ে মৃতা মহিলার স্বামীকেও বহরমপুর হাসপাতালে ভর্তি করে ১৫-১৬ দিন রাখা হয়েছিল?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ এ ঘটনা আমার জানা নাই।

শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্তঃ এই ঘটনা ঘটবার কত পরে সেখানে পুলিশ গিয়েছিল?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ খবর পাওয়ামাত্র গিয়েছিল।

শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্তঃ কখন ঘটনা ঘটল এবং পুলিশ কখন সেখানে গিয়ে পেঁছিল?

শ্রীঅজয়কুমার মুখার্জিঃ তা আমার জানা নাই।

শ্রীমহম্মদ ইসরায়েলঃ চীফ মিনিস্টার বলছেন জানেন না। আমি বলছি পুলিশের প্রেজেন্সে এটা ঘটে। তিনি কি এ সম্বন্ধে খোঁজ নেবেন?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: হ্যাঁ, নেব।

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়: ১৯৬১ থেকে পুলিশ ওখানে বসেছিল, টেনশন চলে ঘটনাও স্পোরাডিক হয়েছে, এস-পি ও আই-বি ডিপার্টমেন্ট মারফত কোন সংবাদ কি আমাদে কাছে পৌঁছে নাই যে, ওখানে টেনশন রয়েছে?

শ্রীঅজয়কুমার মুখার্জি: না।

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়: যখন এইরকম ঘটনা জ্বলন্ত অগ্নিতে দাহ করবার চেষ্ করা হয়েছে, তা কি আপনি সামান্য ঘটনা বলে মনে করেন?

শ্রীঅজয়কুমার মুখার্জি: মোটেই না।

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়: এই ঘটনার পেছনে যে কিছু চক্রান্ত আছে সে সম্বন্ধে হেড কোয়ার্টারস থেকে কাউকে তদন্ত করবার জন্য পাঠিয়েছিলেন কি?

শ্রীঅজয়কুমার মুখার্জি: আমরা ডি-এম ও এস-পিকে বলি।

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়: এই ধরনের ঘটনা ঘটলে এস-পি, ডি-এম যখন অ্যালাউ করেছে, তখন তাদের দিয়ে তদন্ত করালে কি আসল সত্য বোঝা যাবে?

শ্রীঅজয়কুমার মুখার্জি: তারা অ্যালাউ করেছে—একথা মোটেই সত্য নয়।

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়: এই অ্যালাউ যদি তাঁরা না করে থাকেন, কিন্তু এই যে তদন্ত রিপোর্ট আপনি পড়লেন, কত লোকের জীবনহানি হয়েছে, কত লোক আহত হয়েছে, এটাকে আপনি স্বাভাবিক অবস্থা বলে মনে করছেন না, অথচ এস-পি, ডি-এম সেখানে টেনশান থাকা সত্ত্বেও সে সম্বন্ধে কোন অ্যাকশন নেন নাই, তাহলে তাঁদের বিরুদ্ধে সত্য ঘটনা কি তা জানাবার আপনি চেষ্টা করেন নাই কেন?

শ্রীঅজয়কুমার মুখার্জি: ঘটনাটা ঘটেছে হিন্দু-মুসলমান আমাদের প্রজাদের মধ্যে। সেখানে এস-পি ও ডি-এম জড়িত নয়।

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়: যেখানে টেনশান থাকে, সেখানকার অবস্থা সম্বন্ধে যদি স্থানীয় কর্তৃপক্ষ উপরে না জানিয়ে থাকেন, তাহলে বলতে হবে এই ধরনের কেসে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছিল, তা দিতে তাঁরা ফেল করেছেন বা কন্নাইভ করেছেন। এই দুটো প্রশ্ন সম্বন্ধে উপর থেকে তদন্ত করা উচিত ছিল। আমি প্রশ্ন করছি—এই ধরণের গুরুত্বপূর্ণ ঘটনা ঘটবার পরে হেড কোয়ার্টারস থেকে কোন তদন্ত করবার ব্যবস্থা করেন নাই কেন?

শ্রীঅজয়কুমার মুখার্জি: আমরা এস-পি ও ডি-এমকে অবিশ্বাস করি নাই। আমি বলেছি পুলিশকে জানান নাই অঞ্চলপ্রধান।

Mr. Speaker: I shall have to call the next question. The question has been sufficiently answered.

Shri Sreepada Bhattacharya: Supplementary question, Sir.

Mr. Speaker: I have given you sufficient time. If you want to put supplementary question you should realise what a supplementary is.

Shri Sreepada Bhattacharya: Let us know full well......

Mr. Speaker: The point is that I have got to shorten your supplementaries in order to cover the other questions.

Please stop. I have got to go in for other questions.

শ্রীমহম্মদ জয়নাল আবেদীন: মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, ঐ যে ৬৮টি ঘর পুড়েছিল সে সব ঘরই মুসলমানদের কিনা?

শ্রীঅজয়কুমার মুখার্জি: হ্যাঁ।

শ্রীমহম্মদ জয়নাল আবেদীন: মুখ্যমন্ত্রী মহাশয় কি জানাবেন, এই সাম্প্রদায়িক দাঙ্গাতে কোন হিন্দুর কোন ক্ষতি হয়েছে কিনা?

শ্রীঅজয়কুমার মুখার্জি: আমার জানা নাই।

শ্রীমহম্মদ জয়নাল আবেদীন: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই সাম্প্রদায়িক দাঙ্গায় কোন হিন্দুর কোন ক্ষতি হয়েছে কি?

শ্রীঅজয়কুমার মুখার্জি: আমার জানা নাই।

Criminal activities in Mondalpukur village

***108.** (Admitted question No. *285.) **Shri S. M. Fazlur Rahman:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) if it is a fact that thieves and hooligans have already made the life and security of the villagers of Mondalpukur village in Ranaghat P.S., district Nadia, miserable by committing unchecked criminal activities and that so far no police action has been taken against them; and

(b) if so, whether the police has been instructed not to interfere with the activities of these criminals?

শ্রীঅজয়কুমার মুখার্জি: (এ) এরূপ কোন ঘটনার সংবাদ পাওয়া যায় নাই।

(বি) প্রশ্ন উঠে না।

শ্রী এস এম ফজলুর রহমান: ঐ অঞ্চলে রানাঘাট থানায়, মন্ডলপুকুর গ্রামাঞ্চলে কোন ঘটনা ঘটেছে এরকম জানেন?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: আপনি যে ঘটনার কথা বলছেন, এরকম কোন ঘটনার সংবাদ আমি পাই নি।

শ্রী এস এম ফজলুর রহমান: আমি বলেছি

hooligans have already made the life and security of the villagers of Mondalpukur village—

আপনি বলেছেন যে, এরকম কোন ঘটনা ঘটে নি এবং আপনি বলেছেন যে, সেখানে কোন ক্রিমিন্যাল অ্যাক্টিভিটিজ ছিল না। আমার প্রশ্ন হচ্ছে, ঐ মন্ডলপুকুর ভিলেজের আশেপাশে কোন ঘটনা ঘটেছে কিনা?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: তার আশেপাশে ঘটেছে কিনা, তার জবাব দিতে পারব না।

শ্রী এস এম ফজলুর রহমান: মন্ডলপুকুরের আশেপাশে কোন অঞ্চলে কোন ঘটনা এইরকম ঘটেছিল বলে থানায় লিপিবদ্ধ আছে কিনা?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: আমার জানা নেই। এরকম কোন ঘটনা ঘটেছে বলে আমার কাছে কোন সংবাদ আসে নি।

Looting of paddy and seeds in Sabang police-station

111. (Admitted question No. *327) **Shri Rajani Kanta Doloi:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) if it is a fact that in all the villages in Sabang P.S., district Midnapore, and particularly in No. 10 Anchal, members of the

local food committee are forcibly taking away all paddy of even small cultivators, including seeds and khoraki and virtually making an open loot and no steps are being taken against them;

(b) if so, under what authority these committees are being allowed to do so; and

(c) what steps the Government has taken to stop these incidents?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ (ক) না।

(খ) ও (গ) এই প্রশ্ন ওঠে না।

Gherao at Gopalpur Tea Estate, Jalpaiguri

***116.** (Admitted question No. *143.) **Shri Saila Kumar Mukherjee:** (a) Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state whether the Government is aware of an incident of "Gheraos" at Gopalpur Tea Estate of Jalpaiguri and assault on the Garden Manager and two others on 21st May, 1967?

(b) If the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state—

(i) what steps were taken to bring the culprits to book;

(ii) if it is a fact that the police refused to do anything in this matter; and

(iii) if so, the reasons therefor?

Shri Ajoy Kumar Mukhopadhyay: (a) Yes.

(b) (i) On receipt of information, the police visited the Tea Estate. A case was started on the complaint of the Manager of the Tea Estate and five persons were arrested and charge-sheeted.

(ii) No. Police took necessary action.

(iii) Does not arise.

Shri Saila Kumar Mukherjee:
মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, এই যে ঘেরাও এটা কি আপনাদের যে নীতি, ডেমোক্রেটিক লেজিটিমেট ট্রেড ইউনিয়ন রাইট—সেই অনুযায়ী এটা হয়েছিল?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ এটা ঘেরাওএর ব্যাপার নয়। এই ঘেরাও কথাটা ও'দের মাথায় সর্বদা আসছে। ওখানে ঘেরাওএর কোন প্রশ্নই নেই। তারা সেখানে গিয়েছিল মাত্র।

[1-40—1-50 p.m.]

Cases of looting of paddy and rice

***117.** (Admitted question No. *177.) **Shri Narayan Chandra Chaudhuri:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) how many cases of looting of paddy and rice have been reported to the State Government from different districts of the State during the last two months;

(b) how many arrests have been made so far in this connection; and

(c) how many cases have been instituted for this looting?

শ্রীঅজয়কুমার মুখার্জি: (ক) উক্ত সময়ে মোট ১৭৯টি ধান ও চাউল লুণ্ঠনের ঘটনার সংবাদ পাওয়া গিয়াছে।

(খ) মোট ৬২৫ জনকে গ্রেপ্তার করা হইয়াছে।

(গ) ১৭৯টি।

Narayan Chandra Chaudhuri:
মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, বর্ধমান জেলায় কতগুলি ঘটনা ঘটেছে?

Shri Ajoy Kumar Mukherjee:
আমি বর্ধমান জেলার তথ্য দিচ্ছি।

Burdwan: Instances of looting reported, rice 12, paddy 6, cases started—18, persons involved—293, persons arrested—43, charge-sheeted—1, pending for investigation—17.

Narayan Chandra Chaudhuri:
আপনি কি জানাবেন, এর সঙ্গে কোন রাজনৈতিক দলের লোক যুক্ত আছেন কিনা?

Shri Ajoy Kumar Mukherjee:
থাকলে তিনিও জালে পড়বেন।

Shri S. M. Fazlur Rahman:
নদিয়া জেলায় কতগুলি ঘটনা ঘটছে?

Shri Ajoy Kumar Mukherjee: Instances of looting, rice 17, paddy 5, cases started—22, persons involved—1,473 persons arrested—95, pending—22.

Shri Md. Israil:
মুর্শিদাবাদ জেলার ঘটনা বলুন?

Shri Ajoy Kumar Mukhopadhyay: Instances of looting reported, rice 19, paddy nil, cases started—9, persons involved—2,000, persons arrested—58, pending for investigation—9, West Dinajpur: Instances of looting reported, rice 4, paddy 12, cases started—16, persons involved—999, persons arrested—67, pending for investigation—16.

ডাঃ গোপিকারঞ্জন মিত্রঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, এই যে বিভিন্ন জেলার ফিগার্স তিনি দিয়েছেন এর জন্য ডেফিসিট ডিস্ট্রিক্টগুলিতে খাদ্য চলাচলের খুব অসুবিধা হচ্ছে?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ হচ্ছে।

ডাঃ গোপিকারঞ্জন মিত্রঃ তার জন্য মানুষ অত্যন্ত খাদ্য কষ্টে পড়েছে একথা মানেন কি?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ হ্যাঁ, মানি।

শ্রীমহারাজা বসুঃ এই ঘটনার জন্য ডেফিসিট এলাকায় খাদ্যের দাম বেড়ে গিয়েছে স্বীকার করেন কি?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ যেতে পারে।

ডঃ নলিনাক্ষ সান্যালঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, এই লুটিং পর্যায়ে যাঁরা সেখানে চোরাকারবারী, মজুতদারদেব ঘর থেকে ধান-চাল বের করে দরিদ্র বুভুক্ষু জনসাধারণের কাছে অল্প দামে বিক্রি করবার জন্য অনুরোধ করেছিলাম সেগুলি কি এই লুটিং পর্যায়ে পড়ে?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ অনুরোধটা লুটিং নয়, নিয়ে পালাতে হবে।

ডঃ নলিনাক্ষ সান্যালঃ আপনি যেসব লিস্ট দিয়েছেন, এর মধ্যে এমন কোন একটা কেস আছে কিনা যেখানে ধান-চাল নিয়ে যারা সেখানে হামলা করেছিল তাদের ব্যক্তিগত সুবিধার জন্য তারা আত্মসাৎ করেছে?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ এই সব কেসগুলি লুটিংএর।

শ্রী এস এম ফজলুর রহমান: যারা জবরদস্তি করে লোকের বাড়ি থেকে লুঠ করে নিয়েছে তাদের সরকার থেকে কোন নির্দেশনামা দেওয়া হয়েছিল কিনা?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: না।

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়: এই লুঠের জন্য প্রোকিওরমেন্ট প্রোগ্রাম কিভাবে অ্যাফেক্টেড হয়েছে, সে সম্বন্ধে জানাবেন কি?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: এগুলি প্রোকিওরমেন্ট প্রোগ্রাম অ্যাফেক্ট বিশেষ করে নি, কারণ এগুলি লোকের বাড়ি থেকে লুঠ করেছে।

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়: লুঠের ফল যেটা দেখা যাচ্ছে পশ্চিমবঙ্গে প্রায় সব কয়টি জেলাতেই লুটিং হয়েছে এবং তাতে সরকারের যেটা প্রোকিওরমেন্ট প্রোগ্রাম সেটাকে অ্যাফেক্ট করেছে কিনা। তার কারণ হচ্ছে, প্রোকিওরমেন্ট প্রোগ্রামে নিশ্চয়ই আপনি জানেন যেখানে গোডাউন আছে সেখানে প্রোকিওরমেন্টের যে অর্ডার দেওয়া হয়, তা তাদেরই সেখানে পৌঁছে দিয়ে আসতে হয় তাদের দায়িত্বে এবং নিশ্চয়ই রাস্তায় এই ধরনের লুঠপাটে প্রোকিওরমেন্টের অ্যাফেক্ট করতে পারে।

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: প্রোকিওরমেন্টের চাল দিতে যাচ্ছিল, লুঠ হয়ে গিয়েছে এমন রিপোর্ট আমার কাছে নেই।

শ্রীনারায়ণচন্দ্র চৌধুরী: মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কি জানবেন, এই লুঠের চাল অল্প মূল্যে বিক্রি করা হয়েছিল কিনা?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: সেকথা আমার জানা নেই।

শ্রীপঞ্চানন সিংহরায়: মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, যাদের বাড়ি থেকে ধান-চাল নেওয়া হয়েছে তারা আন-লাইসেন্সড অথবা আন-ডিক্লেয়ার্ড ধান-চাল রেখেছিল কিনা?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: এ থেকে এ প্রশ্ন আসে না।

শ্রী এস এম ফজলুর রহমান: মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, যেসব ধান-চাল লুঠ হয়েছে এবং যাদের বিরুদ্ধে কেস হয়েছে সেই সব ধান-চালগুলি ডিসপোজড অফ হয়েছে কিনা এবং ডিসপোজড অফ যদি হয়ে থাকে তাহলে আদালতের অনুমতি নিয়ে তা করা হয়েছে কিনা?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: ধান ধরে আনতে পেরেছিল কিনা বলতে পারব না, কারণ ওটা আইডেন্টিফাই করা যায় নি।

Mr. Speaker: During this budget session there is a heavy programme. It is not possible to allow so many supplementaries.

শ্রীপঞ্চানন সিংহরায়: মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, আমার মেদিনীপুর জেলার আনন্দপুর গ্রামে শুধু চাল লুঠ হয় নি, সেখানে গ্রাম লুঠ করা হয়েছে। আমার মনে হয়, এই আনন্দপুর গ্রামের ৬টি বাড়ি এবং নানা জিনিস লুঠ হয়েছে। এই ধরনের লুঠের ঘটনা এর মধ্যে আছে কিনা? এবং এই ধরনের লুঠ বন্ধ করার জন্য বিশেষ কোন নির্দেশ দিয়েছেন কিনা?

Mr. Speaker: This is not a supplementary, and this need not be answered.

Looting, etc., in Ranaghat Block II

***120.** (Admitted question No. *286.) **Shri S. M. Fazlur Rahman:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether the Government is aware that there is going on wide-spread loot, burglary and even decoities in the villages within

Ranaghat Block II (P.S. Ranaghat) particularly in villages Brati, Sarishadanga, Balidanga, taking advantage of most inadequate police measures; and

(b) if so, what steps the Government has so far taken to protect the life and properties of these villagers?

শ্রীঅজয়কুমার মুখার্জি: (ক) উক্ত অঞ্চলে কেবলমাত্র বালিয়াডাঙ্গা গ্রামে খাদ্যশস্য চুরির একটি ঘটনা ব্যতীত ব্যাপক লুঠ, সিঁদ কাটিয়া চুরি বা ডাকাতির কোন ঘটনার সংবাদ পাওয়া যায় নাই।

(খ) উক্ত অঞ্চলের অপরাধ নিয়ন্ত্রণের জন্য বালিয়াডাঙ্গার নিকটবর্তী আইশমালি গ্রামে একটি পুলিশের বিশেষ ঘাঁটি স্থাপন করা হইয়াছে।

শ্রী এস এম ফজলুর রহমান: এইমাত্র অ্যাডমিটেড কোশ্চেন ১৭৭, নারায়ণ চৌধুরী মহাশয়ের জবাবে বলেছেন যে, নদিয়া জেলায় অনেকগুলি ঘটনা হয়েছে, আমি প্রশ্ন করছি ঐ ব্লকে কতগুলি ঘটনা হয়েছে?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: আমার কাছে জেলাওয়ারী আছে, তার নিচের দিকের ডিটেলস নেই।

শ্রী এস এম ফজলুর রহমান: রানাঘাট সাব-ডিভিশনের ঐ যে ব্লকের নামগুলি বরটি, সরিষাডাঙ্গা, বালিয়াডাঙ্গা, সেখানে এই ধরনের লুটিং হয়েছে কিনা?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: আপনি যে কয়টি জায়গার নাম করেছেন তার মধ্যে একটি অঞ্চলে কেবলমাত্র বালিয়াডাঙ্গা গ্রামে একটি ঘটনা হয়েছে।

শ্রী এস এম ফজলুর রহমান: সেই ঘটনায় কি পুলিশী মোকর্দমা হয়েছে বা তদন্ত চলছে?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: তদন্ত চলছে।

শ্রী এস এম ফজলুর রহমান: আসামী গ্রেপ্তার হয়েছে কি?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: না, এখনও হয় নি।

শ্রীঅমৃতেন্দু মুখার্জি: বালিয়াডাঙ্গায় যেদিন ধান লুঠ হয়েছে এবং সেখানে যারা গ্রেপ্তার হয়েছে তার মধ্যে কংগ্রেস দলের কোন সদস্য গ্রেপ্তার হয়েছে কিনা মন্ত্রিমহাশয় জানাবেন কি?

Mr. Speaker: The question is disallowed.

শ্রীআবদুল লতিফ: আপনি বললেন যে, একটিমাত্র লুঠ হয়েছে, আপনি কি রানাঘাট স্টেশনে আমাদের বেলডাঙ্গা থেকে যেসব চাল বা পটল আসে, সেই সব লুঠ হয়, এই খবর আপনি রাখেন কি?

শ্রীঅজয়কুমার মুখার্জি: এ প্রশ্নের সঙ্গে এটার কোন সম্পর্ক নেই, এই প্রশ্নটা একটা বিশেষ গ্রামের জন্য।

[1-50—2 p.m.]

Assault on the District Inspector of Schools, Midnapore

***123.** (Admitted question No. *343.)

শ্রীসুধীরচন্দ্র দাস: স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, গত ২৫এ মে তারিখে ভগবানপুর থানার অন্তর্গত ভগবানপুর হাই-স্কুলে মেদিনীপুর জেলা স্কুল পরিদর্শক স্কুল কমিটির সভ্যদের একটি সভায় উপস্থিত থাকাকালীন একদল স্থানীয় লোক ঐ সভায় ঢুকিয়া গুণ্ডামি করে এবং জেলা স্কুল পরিদর্শকের জীপটি ভাঙ্গিয়া দেয়;

(খ) ইহা সত্য হইলে, ঐ ঘটনা সম্পর্কে তদন্ত হইয়াছে কিনা এবং তদন্ত হইয়া থাকিলে তাহার রিপোর্ট কি;

(গ) ইহা কি সত্য যে, স্থানীয় পুলিশকে জানানো সত্ত্বেও এখনও পর্যন্ত আক্রমণকারীদের আক্রমণ বন্ধ করিবার কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নাই ;

(ঘ) ইহা কি সত্য যে, ঐ আক্রমণকারীদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ না করায় বিদ্যালয়টি ২১এ জুন খুলিবার ব্যবস্থা হইলেও আক্রমণকারীগণের আক্রমণে পুনরায় স্কুলটি বন্ধ হইয়া গিয়াছে ; এবং

(ঙ) ইহা সত্য হইলে, এই সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করা হইতেছে?

শ্রীঅজয়কুমার মুখার্জি: (ক) না।

(খ), (গ) ও (ঙ) প্রশ্ন উঠে না।

(ঘ) ছাত্রদের শান্তিপূর্ণভাবে পিকেটিংএর জন্য স্কুল কর্তৃপক্ষ স্কুলটি অনির্দিষ্টকালের জন্য বন্ধ করিয়া দেন।

শ্রীসুধীরচন্দ্র দাস: মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি যে, জীপের উপর যে হামলা হয়েছিল এ সম্পর্কে আপনি উত্তর দিয়েছেন যে, সেরকম কোন ঘটনা ঘটে নি—কিন্তু এই ঘটনা তদন্ত করবার জন্য একজন ফার্স্ট ক্লাস ম্যাজিস্ট্রেট সেখান গিয়েছিলেন—তিনি সেই রিপোর্ট দিয়েছেন কিনা?

শ্রীঅজয়কুমার মুখার্জি: না, ঘটনা ওখানে একটা হয়েছিল—আমি একটু পড়ে দিচ্ছি—গত ২০-৫-৬৭ তারিখে মেদিনীপুর জেলার ভগবানপুর থানার অন্তর্গত ভগবানপুর হাই স্কুলের হেডপণ্ডিত মহাশয় দশম শ্রেণীর জনৈক ছাত্রকে একটি প্রশ্ন করেন। ছাত্রটি উত্তর দিতে পারে নাই। তখন পণ্ডিত মহাশয় ঐ শ্রেণীরই অপর একটি ছাত্রীকে প্রশ্নটি করেন। ছাত্রীটি সঠিক উত্তর দেয় এবং পণ্ডিত মহাশয়ের আদেশে ছাত্রীটি পূর্বোক্ত ছাত্রটির কান মুলিয়া দিলে উক্ত স্কুলের ছাত্রদের মধ্যে বিক্ষোভ দেখা দেয়। ছাত্রেরা পণ্ডিত মহাশয়ের ক্ষমা প্রার্থনা করার দাবি জানায়। প্রধান শিক্ষক মহাশয় মীমাংসার সূত্র হিসাবে হেড পণ্ডিত মহাশয়ের লিখিতভাবে ক্ষমা প্রার্থনা করার কথা জানালে ছাত্রগণ তাহা প্রত্যাখ্যান করে। ২৫-৫-৬৭ তারিখ ছাত্রগণ স্থানীয় অপর একটি স্কুলে পুরস্কার বিতরণী সভায় জিলা স্কুল পরিদর্শকের সহিত সাক্ষাৎ করে এবং জিলা স্কুল পরিদর্শক ভগবানপুর হাই স্কুলে যাইয়া উক্ত ঘটনাটির মীমাংসার চেষ্টা করেন। এই চেষ্টা ফলপ্রসূ না হওয়ায় স্কুল কর্তৃপক্ষ ২৬-৫-৬৭ তারিখ হইতে গ্রীষ্মাবকাশের ছুটি ঘোষণা করেন। ২১-৬-৬৭ তারিখে স্কুল খুলিলে কিছু ছাত্র তাহাদের অভিযোগ দূরীভূত না হওয়া পর্যন্ত সহপাঠীদের স্কুলে না যাইতে অনুরোধ করে। ২২-৬-৬৭ তারিখে কিছু ছাত্র স্কুলের সম্মুখে শান্তিপূর্ণ উপায়ে বিক্ষোভ প্রদর্শন করে। বিক্ষোভকারীদের হাতে নিগৃহীত বলিয়া কথিত জনৈক ছাত্রের অভিযোগক্রমে পুলিশ ভারতীয় দণ্ডবিধির ১৪৩।৩২৩। ১৪৪ ধারায় ভগবানপুর থানার ১৮নং কেস রুজু করে। স্কুল কর্তৃপক্ষ ও স্থানীয় জনসাধারণের অনুরোধে ২১-৬-৬৭ তারিখের সকাল হইতে আইন ও শৃঙ্খলা রক্ষার জন্য জনৈক ম্যাজিস্ট্রেট কন্টাইয়ের সার্কেল ইন্সপেক্টর ও একটি শক্তিশালী পুলিশ বাহিনী সমেত ভগবানপুর থানায় মোতায়েন থাকে। কর্তৃপক্ষ স্কুলটিকে অনির্দিষ্টকালের জন্য বন্ধ করিয়া দিলে পুলিশ প্রত্যাহার করিয়া লওয়া হয়। কেসটির তদন্ত চলিতেছে। বর্তমানে ঐ অঞ্চল শান্তিপূর্ণ।

শ্রীসুধীরচন্দ্র দাস: একটা সরকারী কর্মচারী তিনি ডি আই অব স্কুলস মেদিনীপুর, তাঁর জীপের উপর আক্রমণ ২৫ তারিখে করেছে—এটা আপনাদের কাছে দরখাস্ত করে ডিপার্টমেন্টালি সব জায়গায় পাঠানো হয়েছে তাছাড়া সেখানে আরও কতিপয় লোক শান্তিপূর্ণ মীমাংসার জন্য ২৫ তারিখে ডি আই-কে সঙ্গে নিয়ে করেছিলেন—সেখানে করেছিল বলে এই রকম অভিযোগ আপনার কাছে আসলে সে বিষয়ে তদন্ত হইয়াছে কিনা।

শ্রীঅজয়কুমার মুখার্জি: হামলা হয় নি বলে খবর দিয়েছি।

Cases of mob-violence

***125.** (Admitted question No. *181.) **Shri Narayan Chandra Chaudhuri:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) how may cases of mob-violence have been reported by the Railway Authorities to the State Government during the last three months;

(b) in how many cases Railway Authorities did seek protection from the State Government; and

(c) how many persons have been arrested in these incidents?

শ্রীঅজয়কুমার মুখার্জি: (এ) ১০০টি ক্ষেত্রে।

(বি) ৪১টি ক্ষেত্রে।

(সি) ১১২ জন।

শ্রীনারায়ণচন্দ্র চৌধুরী: ধান-চাল লুঠ করার জন্য কত ক্ষেত্রে এই ট্রেন বন্ধ হয়েছিল?

শ্রীঅজয়কুমার মুখার্জি: আমি একটু পড়ে দিই তারপর আবার প্রশ্ন করবেন। এই বৎসরের (১৯৬৭) মার্চ হইতে মে পর্যন্ত সময়ের মধ্যে ট্রেন চলাচলে বিলম্ব, ট্রেনে স্থান সংকুলানের অভাব, বিদ্যুৎ সরবরাহ বিভ্রাট ও যান্ত্রিক গোলযোগের জন্য অনিয়মিত ট্রেন চলাচল এবং চালের চোরাই চালানকারীদের ট্রেন চলাচলে বিঘ্ন সৃষ্টিই জনতা কর্তৃক ট্রেন আক্রমণের প্রধান কারণ। কোন স্থলে গোলযোগের সংবাদ পাইলেই উচ্চপদস্থ পুলিশ অফিসার পুলিশ বাহিনী সহ আইন-শৃঙ্খলা রক্ষার জন্য ঘটনাস্থলে উপস্থিত হন। যাত্রীদের দাবি-দাওয়া শুনিবার জন্য রেলের অফিসাররা অনেক সময়ে পুলিশের সঙ্গে গমন করেন। দুষ্কৃতকারীদের কার্যকলাপ বন্ধ করিবার জন্য বড় বড় ও আক্রান্ত ট্রেনে সশস্ত্র প্রহরার ব্যবস্থা করা হইয়াছে। চোরাকারবারীদের কার্যকলাপ বন্ধ করিবার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে।

শ্রীমহম্মদ ইসরাইল: এই রেলে পুলিশ পাহারা দেবার জন্য ইউ-পি থেকে কি পুলিশ আনা হয়েছে?

শ্রীঅজয়কুমার মুখার্জি: না। এরা রেলওয়ে পুলিশ।

শ্রীহরপ্রসাদ চ্যাটার্জি: গত বছর এ জাতীয় কত ঘটনা হয়েছিল সে খবর মুখ্যমন্ত্রীর কাছে আছে কি?

শ্রীঅজয়কুমার মুখার্জি: নোটিস দিলে বলতে পারব।

শ্রীআবদুল লতিফ: এখানে যেসব পুলিশ ট্রেন পাহারা দিচ্ছে তারা কি ইউ-পির নয়—তারা কোথাকার?

শ্রীঅজয়কুমার মুখার্জি: তারা রেলওয়ে পুলিশ, বাংলাদেশে অনেক আছে।

ডাঃ গোপিকারঞ্জন মিত্র: মুখ্যমন্ত্রী কি বলবেন যে, বর্ধমান থেকে হাওড়ায় আসবার পথে যাত্রীরা নিরাপত্তার জন্য ট্রেন চলাচল করতে দিচ্ছে না তারা এই রকম ধরনের অ্যাসিওরেন্স চাচ্ছে যে, আমাদের লুঠপাটের ভয় রয়েছে, অতএব যতক্ষণ পর্যন্ত সেই অ্যাসিওরেন্স না দেবেন ততক্ষণ পর্যন্ত আমরা ট্রেন যেতে দেব না?

মিঃ স্পীকার: এ প্রশ্ন থেকে এটা ওঠে না।

ডঃ নলিনাক্ষ সান্যাল: মুখ্যমন্ত্রী মহোদয় বলবেন কি যে, মুর্শিদাবাদের লালগোলা সেকশন রেল লাইনে সম্প্রতি অনেকগুলি দুর্ঘটনা হবার পর রেলওয়ে প্রোটেকশন ফোর্স এনে সেই রেলওয়ে প্রপার্টি এবং তার সঙ্গে সঙ্গে যাত্রীদের নিরাপত্তার ব্যবস্থা রেলওয়ে কর্তৃপক্ষ সরকারের অনুমোদন সাপেক্ষ করেছেন?

শ্রীঅজয়কুমার মুখার্জি: হ্যাঁ করেছেন।

শ্রীমহারাজা বসু: মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি যে, পশ্চিমবঙ্গ সরকারের অনুরো সেন্ট্রাল রেলওয়ে থেকে রেলওয়ে প্রোটেকশন ফোর্স তাঁরা পাঠিয়েছেন কিনা?

শ্রীঅজয়কুমার মুখার্জি: রেলওয়ে পুলিশ অল ইন্ডিয়া রেলওয়ের—তাদের বেঙ্গল পুলি বলে আলাদা কিছু নেই।

ডাঃ গোপিকারঞ্জন মিত্র: মুখ্যমন্ত্রী মহাশয় যেসব ভায়োলেন্সের কথা বলেছেন, তার মধ্যে এমন কোন ঘটনা আছে কিনা যে, যাত্রীদের জিনিসপত্র কেড়ে নেওয়া হয়েছে?

শ্রীঅজয়কুমার মুখার্জি: এরকম কথা শুনেছি।

শ্রীনারায়ণচন্দ্র চৌধুরী: মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, যেসব ক্ষেত্রে মব ভায়োলেন্স হয়ে ছিল চোরাকারবারীদের কাছ থেকে চাল লুঠ করে নেবার জন্য কতগুলি ঘটনা ঘটেছিল?

শ্রীঅজয়কুমার মুখার্জি: আমার কাছে ব্রেক আপ নেই।

Mr. Speaker: Question hour is over.

Those questions of which answers have not been received stand held over till the next rotational date and those questions of which answers have been received but not reached during the question hour, those answers will be laid on the table.

[2—2-10 p.m.]

শ্রীপ্রশান্ত গায়েন: স্যার, মেদিনীপুর জেলা পরিষদের মিটিংএর জন্য একটা নোটিশ আমাদের কাছে এসেছে। এটা আগামীকাল বেলা ১১টায় হবে। আমাদের ৩৫ জন এই হাউসএর মেম্বার যারা ওখানকার সদস্য, কিন্তু বিধানসভা চলাকালীন আমাদের কি কর্তব্য আমরা বুঝতে পাচ্ছি না। আমার মনে হয় মিটিং যদি বন্ধ করা হয় ভাল হয়, কারণ তা না হলে আমরা উপস্থিত হতে পাচ্ছি না।

মিঃ স্পীকার: মুখ্যমন্ত্রী শুনলেন যা করবার তিনি করবেন।

ডাঃ রাধাকৃষ্ণ সিন্‌হা: আমাদের আনস্টারড কোশ্চেন লাইব্রেরীর টেবিলে লেড ডাউন হয়েছিল তাতে বিভিন্ন রকমের কোশ্চেন পেপার দেওয়া আছে, এটা আপনার অবগতির জন্য বলছি।

মিঃ স্পীকার: আমি তদন্ত করে দেখব।

শ্রীমতী ইলা মিত্র: গত ১১ই জুলাই তারিখে আনন্দবাজারে একটা খবর বেরিয়েছে যে, ডিপার্টমেন্টএর পক্ষ থেকে কলকাতায় পুলিশ দপ্তরকে এবং ডিস্ট্রিক্টএ ডিস্ট্রিক্টএ হোম ডিপার্টমেন্টএর সেক্রেটারীর পক্ষ থেকে সারকুলার পাঠানো হয়েছে যে, পরীক্ষা চলাকালীন যদি কোন গোলমাল হয় তাহলে যেন পুলিশী ব্যবস্থা করা হয়। এ খবরের সত্যতা সম্পর্কে আপনার মারফৎ রাজ্য সরকারকে জিজ্ঞাসা করছি। আমরা একথা বিশ্বাস করি না কারণ রাইটার্স বিল্ডিংসএ শিক্ষামন্ত্রী, ভাইস-চ্যান্সেলর এবং ছাত্রদের যে সভা হয়েছিল তাতে কোন রকম পুলিশী ব্যবস্থা ছিল না। কাজেই এরূপ ধরণের মিথ্যা খবর যদি খবরের কাগজে বার হয় এবং বাংলাদেশের মানুষকে বিভ্রান্ত করা হয় তাহলে অ্যাসেম্বলি এবং রাজ্যসরকারের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা হোক।

শ্রীশম্ভুচরণ ঘোষ: পরীক্ষা হলে গিয়ে পুলিশ গার্ড দেবে সেখানে আমরা কলেজের শিক্ষকরা লে রাখতে গিয়ে অংশ গ্রহণ করব এটা একটা গুরুত্বপূর্ণ প্রশ্ন।

মিঃ স্পীকার: এডুকেশন গ্রান্টএর সময় এ বিষয় বলবেন, এখন হবে না।

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: আপনার অনুমতি নিয়ে বলছি, এই সংবাদটা বিভ্রান্তিকর এবং

এ সংবাদ ঠিক নয়। এর কিছুদিন আগে যখন পরীক্ষা নিয়ে গোলমাল হচ্ছিল সে সময় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আমাদের মুখ্যমন্ত্রীর কাছে একটা পত্র লেখেন পুলিশের সাহায্যের কথা বলে। সে অনুসারে যে সময় তখন গোলমাল হচ্ছিল তখন এরূপ করা হচ্ছিল। কিন্তু তারপর আমরা ছাত্র-শিক্ষক এবং বিশ্ববিদ্যালয়েব কর্তৃপক্ষের সঙ্গে আলাপ করে যে ব্যবস্থা করেছি তাতে পুলিশ মোতায়েন করার দরকার নেই। আমি বলছি পরীক্ষা সুরু হয়েছে এবং চলছে। কোন গোলমাল কিছু হয় নি। অতএব পুলিশ দেবার কোন প্রশ্ন নেই।

শ্রীমতী পুরবী মুখোপাধ্যায়ঃ অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ স্যার, আমাদের এখানে মেন-সান সম্পর্কে আপনি একটা নীতি ঠিক করেছিলেন। আমাদের জয়নাল আবেদীন হাসপাতালে ছিলেন, তাঁর এলাকার একটা জরুরী বিষয় বলবার জন্য তিনি হাসপাতাল থেকে ছুটি নিয়ে এসেছেন। আপনার চেম্বারে আমি নিজে গিয়েছিলাম যাতে তাঁকে অনুমতি দেন একথা বলবার জন্য। কিন্তু আপনি বললেন সেটা সম্ভব নয়। আমাদের পক্ষ থেকে মেনশন সম্বন্ধে আপনার সে নির্দেশ মেনে চলে বিরোধী দল থেকে আমার সহযোগিতা দেখিয়েছি এবং মেনশন করবার জন্য হাসপাতাল থেকে আসার পরও আপনি নিষেধ করেছেন বলে আমরা বলি নি। কিন্তু ও'রা যে মেনশন করছেন তাতে কি আপনি অনুমতি দিয়েছিলেন? যদি হাউসে এরকম হয় তাহলে ভবিষ্যতে আপনি আর কোন নির্দেশ দেবেন না এবং আপনার কাছ থেকে অনুমতি না নিয়ে নিশ্চয়ই বলতে পারব।

মিঃ স্পীকারঃ দু পক্ষে ঠিক হয়েছিল বড় কাজের চাপ এরূপ থাকায় মেনশন না হলেই ভাল এবং সেভাবে চলছিল। দু-তিন জন যা বললেন আমার কাছে পারমিশন না নিয়ে বলছেন। কেউ যদি দাঁড়ান তা হলে তো আমি বন্ধ করতে পারব না। আপনি কোন দুঃখ করবেন না। যিনি হাসপাতাল থেকে এসেছেন তিনি কি বলতে চান বলুন।

শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্তঃ স্যার, আমি আপনার সামনে একটা গুরুত্বপূর্ণ প্রশ্ন রাখতে চাই। আজকে সংবাদপত্রে দুটো ইন্টারেস্টিং সংবাদ বেরিয়েছে। একটা হচ্ছে পশ্চিম বাংলায় মুখ্যমন্ত্রীর পরামর্শক্রমে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অস্ত্র আইনের ৪ ধারা অনুসারে তীর, ধনুক, বর্শা শিলিগুড়ি সাব-ডিভিসনে বয়ে বেড়ান নিষেধ করে দিয়েছেন। আবার ঐ আইনের ১১।১২ ধরা অনুসারে শিলিগুড়ি সাবডিভিশনে তীর, ধনুক, বর্শা আমদানি করা বা স্টেশনে পারমিট করে নিয়ে যাওয়াও, নিষিদ্ধ করে দিয়েছেন। এ দুটো কাজ স্বরাষ্ট্রমন্ত্রী করেছেন মুখ্যমন্ত্রীর পরামর্শক্রমে। আর একটা সংবাদ সঙ্গে সঙ্গে বেরিয়েছে আমাদের পশ্চিম বাংলার উপ-মুখ্যমন্ত্রী এ সংবাদ জানতে পেরে বলেছেন

West Bengal Deputy Chief Minister, Mr. Jyoti Basu described on Monday the Government of India's notification under the Arms Act is a surprising development and gross interference in the internal affairs of West Bengal.

আমাদের পশ্চিম বাংলায় মন্ত্রিসভার পক্ষ থেকে বলবার অধিকারী কে—মুখ্যমন্ত্রী বা উপ-মুখ্যমন্ত্রী এরূপ অনেক ঘটনা আগে ঘটে গেছে এর উত্তর মুখ্যমন্ত্রী দিলে সুখী হব।

মিঃ স্পীকারঃ তিনি পরে দেবেন।

শ্রীপুরঞ্জয় প্রামাণিকঃ আজকে কেবল হোম ডিপার্টমেন্টএর কোয়েশ্চেন ছিল না, ফুড ডিপার্টমেন্টএর কোয়েশ্চেন ছিল এগুলির কি হল বুঝতে পারলাম না।

মিঃ স্পীকারঃ যেসব উঠল না তা লে করা হবে। সেটা বিধানসভার আইনমত করেছি।

[2-10—2-20 p.m.]

শ্রীসুধীরচন্দ্র দাসঃ অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, স্যার, এই সম্পর্কে আমার কিছু বলার আছে। কোশ্চেন অ্যানসার সম্পর্কে অধিকার যে কতটা ক্ষুণ্ণ করা হচ্ছে, সেটা সম্পর্কে আমি এখানে বিশেষ করে কিছু বলতে চাই। ফুড ডিপার্টমেন্ট, হোম ডিপার্টমেন্ট এবং রিলিফ ডিপার্টমেন্ট, এই তিনটি হেড আপনি একসঙ্গে করেছেন। এর ফলে এই ইম্পর্টান্ট হেড-গুলিতে প্রচুর প্রশ্ন থাকছে এবং আমাদের ইম্পর্টান্ট কোশ্চেনগুলি প্রচুর বাদ চলে যাচ্ছে।

আমরা মনে করেছিলাম যেগুলি স্টার্ড কোশ্চেন, সেগুলির কোশ্চেন অ্যানসার ভাল করে হবে। আনস্টার্ড করে দিল না, অথচ টেবিলে হয়ে গেলে কি হবে? আমরা জানি *১০১নং প্রশ্নে মেদিনীপুর জেলার টেস্ট রিলিফ সম্পর্কে কতকগুলি ইম্পর্ট্যান্ট কোশ্চেন ছিল এবং জেলা পরিষদ সম্পর্কেও ছিল, সেটার অ্যানসার হল না। কাজেই আজকে লাইব্রেরি টেবিলে প্লেসড হয়ে গেলে আমাদের খুঁটিনাটি অনেক কিছু জানবার থেকে গেল। ইতিপূর্বে বহু জায়গায় এইরকম হয়েছে এবং এবারেও তাই হল। সেইজন্য আমি অনুরোধ করছি যে, ইম্পর্ট্যান্ট হেডগুলি অন্ততপক্ষে হেল্ড ওভার করতেই হবে। এই কোশ্চেনটি খুব ইম্পর্ট্যান্ট এবং সেইজন্য আমি এটাকে হেল্ড ওভার করার জন্য অনুরোধ করছি। আর ইম্পর্ট্যান্ট হেডগুলি অন্যান্য দিনের জন্য একটু বিচার করে দিন যাতে সব কোশ্চেনেরই অ্যানসার হতে পারে। সেইভাবে হেড চাইবার জন্য অনুরোধ করছি এবং ১০১/১০২ এবং ১০৫কে হেল্ড ওভার করবার জন্য অনুরোধ করছি।

মিঃ স্পীকারঃ সে ক্ষমতা আমার নেই। আপনারাই তো আপনাদের কোশ্চেন দিয়েছেন। কোশ্চেনের জন্য এক ঘণ্টা সময় দেওয়া আছে। ৩৬টি কোশ্চেনের মধ্যে ৮টি হেল্ড ওভার ছিল। কাজেই এইরকম ক্ষেত্রে সব কোশ্চেনের অ্যানসার একসঙ্গে হয় না। কারণ, আপনারা কোশ্চেন কম দেবেন এটা তো বলতে পারি না বা সাপ্লিমেন্টারি করবেন না, এটা তো আর বলা যায় না। আপনারা নিজেরাই দেখেছেন যে, এই এক ঘণ্টা সময়ের মধ্যে আনলিমিটেড কোশ্চেন করা যায় না। তবে অধিকার তাঁদের আছে তাঁরা দেবেন। তবে আপনারা যেটা বললেন, আমি নিশ্চয়ই আপনাদের সঙ্গে পরামর্শ করব। আপনারা যদি কোন নির্দিষ্ট সৎ পরামর্শ দিতে পারেন এই বিপদ থেকে উদ্ধার পাওয়ার জন্য, তাহলে আমি নিশ্চয়ই তাই করব।

শ্রীজগন্নাথ কোলেঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার কাছে একটু নিবেদন করব। আপনি যেটা বলেছেন, সেটা ঠিকই বলেছেন। যেসব কোশ্চেনের অ্যানসার দেওয়া হয় না, সেগুলি লেড অন দি টেবল হয়। কিন্তু আজকে অনেক ব্যতিক্রম হয়েছে। আপনি সিরিয়্যালি ও'কে জিজ্ঞাসা করেছেন, কিন্তু মন্ত্রিমহাশয় কোন কোন প্রশ্ন এড়িয়ে গেছেন। অতএব এর থেকে অনেক কোশ্চেন সিরিয়্যালি নেওয়া হয় নি। হোম ডিপার্টমেন্টএর প্রশ্নটি অজয়বাবু এনেছেন, সেটা খালি হয়েছে। অন্য ডিপার্টমেন্টের অনেক কোশ্চেন বাদ পড়ে গেছে। সেগুলি আপনাকে বিবেচনা করতে হবে, হেল্ড ওভার করতে হবে। তবে সুধীরবাবু যে কথা বলেছেন যে, রিলিফ ডিপার্টমেন্ট, হোম ডিপার্টমেন্ট আর ফুড ডিপার্টমেন্ট এই তিনটি ডিপার্টমেন্টই যদি একদিনে দেন তাহলে কোন কোশ্চেনেরই দু-চারটির বেশি অ্যানসার হবে না। কেন না, এই হোম ডিপার্টমেন্ট আর ফুড ডিপার্টমেন্টে সাপ্লিমেন্টারি হবে। অতএব একে এমনভাবে ভাগ করতে হবে যাতে এই ফুড ডিপার্টমেন্ট, হোম ডিপার্টমেন্ট অ্যান্ড রিলিফ ডিপার্টমেন্ট এই তিনটি একসঙ্গে না হয়।

মিঃ স্পীকারঃ আপনারা সকলে আসুন। এগুলি সমস্ত অফিসে করেন, আমি তো খুঁটিনাটি ব্যাপার জানি না। আপনারা আসুন, যা করলে সকলের সুবিধা হয় তা আমি নিশ্চয়ই করব। তবে আইনে আমার ক্ষমতা থাকলে নিশ্চয়ই আমি করে দেব।

Medical treatment of Shri Trailakya Chakraborty

***132.** (Short Notice) (Admitted question No. *669.)

শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ স্বরাষ্ট্রবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ভারতের প্রখ্যাত বিপ্লবী শ্রীত্রৈলোক্য চক্রবর্তী (মহারাজ) মহাশয়কে পাকিস্তান হইতে ভারতে আনয়ন ও তাঁহার উপযুক্ত চিকিৎসা ও সেবার ব্যবস্থা করিবার জন্য মুখ্যমন্ত্রী সম্প্রতি অনুরুদ্ধ হইয়াছেন কি; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে পশ্চিমবঙ্গ সরকার এ বিষয়ে কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

Shri Ajoy Kumar Mukherjee:

(ক) হ্যাঁ।

(খ) মাননীয়া প্রধানমন্ত্রীকে বলা হয়েছে। তিনি চেষ্টা করবেন বলেছেন।

শ্রীঅমলেন্দুলাল রায়: এই ত্রৈলক্য মহারাজ বাংলাদেশের অন্যতম শ্রেষ্ঠ বিপ্লবী, আপনি নিশ্চয়ই জানেন। তিনি অনেকদিন থেকে পাকিস্তানে অসুস্থ হয়ে আছেন। কাজেই এ সম্বন্ধে প্রধানমন্ত্রীর কাছে কি বলা হয়েছে, এই রকম কোন সংবাদ আমাদের দিতে পারেন?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: আমি নিজে গিয়ে তাঁকে বলেছি এবং লিখে দিয়ে এসেছি যে, তিনি অসুস্থ হয়ে আছেন, তাঁর সম্বন্ধে খোঁজখবর নিন। কাজেই তাঁকে জেল থেকে মুক্তি দেবেন কিনা এ সম্বন্ধে তিনি খোঁজ নেবেন।

শ্রীঅমলেন্দুলাল রায়: আমাদের এই রাজ্যের কোন একজন মন্ত্রীকে কেন্দ্রীয় সরকারের সঙ্গে পরামর্শ করে পাকিস্তানে পাঠিয়ে পাকিস্তান সরকারের সঙ্গে যোগাযোগ করে এ বিষয়ে তাঁদের সঙ্গে আলোচনা করা সঙ্গত বলে মনে করেন না?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: এটা সম্ভব হবে বলে মনে করি না।

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়: অতীতে এই ধরনের নজির আছে যে, পাকিস্তান জেল থেকে রাজনৈতিক নির্যাতিত যাঁরা তাঁদের আমরা ইতিপূর্বে এখানে আনাবার ব্যবস্থা করেছি। আমার মনে হয় মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় সরাসরি কেন্দ্রীয় স্বরাষ্ট্র দপ্তরের সঙ্গে যোগাযোগ করে অবিলম্বে এই কাজ করতে পাবেন—এটার সম্পর্কে আমরা এই হাউসের সকলে একমত যে, ত্রৈলক্য মহারাজের যাতে তাড়াতাড়ি চিকিৎসার জন্য ব্যবস্থা করা হয়, কারণ তাঁর উপর যে ধরনের নির্যাতন হয়েছে এই সম্বন্ধে প্রতিবাদ হওয়া উচিত। আপনি যদি মনে করেন তাহলে আমরা বেসরকারী প্রস্তাব এখানে আনতে পারি এবং এই হাউসকে বিনীতভাবে অনুরোধ করছি যাতে কেন্দ্রীয় সরকরের সঙ্গে মুখ্যমন্ত্রী যোগাযোগ করে টেক আপ করেন।

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: আমি টেক আপ করেছি। এ সম্বন্ধে প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলেছি, তিনি বলেছেন যে, আমি খোঁজ নিচ্ছি, আমি কি করতে পারি। আমি বলেছি তাঁর যাতে মুক্তি হয়, তাঁর চিকিৎসার ব্যবস্থা হয়। তিনি যদি ভারতে আসতে চান, আমরা আনতে পারি। তাঁর সম্বন্ধে ভাল করে খোঁজ নেবার জন্য ওখানে আমাদের রাষ্ট্র প্রতিনিধি আছেন তাঁর মারফত খোঁজ নিচ্ছেন।

শ্রীঅমলেন্দুলাল রায়: এই বিষয়টা নিয়ে যদি আধ ঘণ্টা বিশেষভাবে ডিসকাশন হয় - কোন কিছু যদি নির্ধারণ করে দেন তাহলে ভাল হয়।

মিঃ স্পীকার: মোশন যদি কিছু থাকে দেবেন, এটাতে হবে না।

STARRED QUESTIONS

(to which answers were laid on the table)

Panchayets and the relief works

***46.** (Admitted question No. *170.) **Shri Jatindra Mohan Ray:** Will the Minister-in-charge of the Relief Department be pleased to state—

(a) the agencies through and by whom relief works, e.g., T. R. works and distribution of G. R., were carried since the establishment of Panchayets;

(b) what measures have been taken for carrying out work of relief of distress at present by the Government; and

(c) what are the reasons for divesting the Panchayets of taking measures for relief work?

Minister for Relief Department: (a) Up to the middle of 1965 execution of relief work schemes and distribution of G.R. were carried on

by the District Officers. Thereafter these measures were gradually undertaken by the Panchayati Raj Bodies, i.e., Zilla Parishad, Anchalik Parishads and Anchal Panchayats, and they continued to distribute relief up to 1966-67, under the general or specific directions of the District Officer with whom the ultimate responsibility for administration of relief at the district level rests.

(b) Since the beginning of the year 1967-68, Government have authorised the District Officers to carry on relief measures through their own agency with the aid and advice of the newly set up Food and Relief Committees at District, Subdivision Block, Anchal levels and for urban areas.

(c) The reasons are: Commission of irregularities and mismanagement and rampant corruption in the administration of relief for which in Bankura 114 and in Contai subdivision 29 criminal cases had to be started and arrests of Anchal Pradhan of Boraj and others had to be ordered.

Foodgrains received from Central Government

***48.** (Admitted question No. *235.)

শ্রীঅমলেন্দুলাল রায়: খাদ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত বৎসর মে, জুন ও জুলাই মাসে কেন্দ্রীয় সরকার কি পরিমাণ খাদ্যশস্য তদানীন্তন সরকারকে সরবরাহ করেছিলেন ;

(খ) এই বৎসরের মার্চ, এপ্রিল, মে ও জুন মাসের জন্য বর্তমান সরকার কেন্দ্রীয় সরকারের নিকট কি পরিমাণ খাদ্যশস্য চেয়েছিলেন ; এবং

(গ) চাহিদা অনুযায়ী ঐ চার মাসে কি পরিমাণ খাদ্যশস্য পাওয়া গিয়াছে?

The Minister for Food Department:

(ক) গত বৎসর মে, জুন ও জুলাই মাসে কেন্দ্রীয় সরকার নিম্নলিখিত পরিমাণ খাদ্যশস্য সরবরাহ করিয়াছিলেন: (মেট্রিক টনের হিসাবে)

	চাউল	গম	মাইলো
মে	৩,৯৭০	১,০৬,১০৪	—
জুন	১১,০৮২	১,৪১,৭৪২	২,৯০২
জুলাই	১২,৪৯৭	১,৫৫,৬৬৮	১৮,৫৪১
	২৭,৮৪৯	৪,০৩,৫১৪	২১,৪৪৩

(খ) প্রত্যেক মাসের জন্য পৃথকভাবে কোন খাদ্যশস্য চাওয়া হয় নাই। ১৯৬৭ সালের জন্য কেন্দ্রীয় সরকারের নিকট নিম্নলিখিত পরিমাণ খাদ্যশস্য চাওয়া হইয়াছে:—

চাউল—২,২৫,০০০ মেঃ টন।

গম—১২,৭৫,০০০ মেঃ টন।

(গ) মার্চ হইতে জুন পর্যন্ত প্রতি মাসে নিম্নলিখিত পরিমাণ খাদ্যশস্য পাওয়া গিয়াছে:

(মেট্রিক টনের হিসাবে)

	চাউল	গম	মাইলো
মার্চ	২২,৮০৯	৮৩,২৪৬	—
এপ্রিল	১৬,৯০৫	৬০,৮০৭	—
মে	১২,৮২৬	৫৯,০৬২	—
জুন (২৬-৬-৬৭ পর্যন্ত)	৪,৭১৫	৬৯,৫৫৯	৩,৯৪৪
	৫৭,৩৬৫	২,৭২,৬৭৪	৩,৯৪৪

Rise in price of paddy and rice

***51.** (Admitted question No. *91.)

শ্রীসুধীরচন্দ্র দাস: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) বিভিন্ন জেলায় খোলাবাজারে ধান্য ও চাউলের মূল্য বর্তমানে কি চলিতেছে ;

(খ) খোলাবাজারে ধান্য ও চাউলের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি রোধ করিবার কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ; এবং

(গ) খোলাবাজারে ধান্য ও চাউলের অস্বাভাবিক মূল্য কমাইবার জন্য খোলাবাজারে বিক্রয়-কেন্দ্র স্থাপন করিয়া রেশন কার্ডের মাধ্যমে নিয়ন্ত্রিত মূল্যে ধান্য ও চাউল বিক্রয় করিবার নীতি গ্রহণ করা হইবে কিনা ?

The Minister for Food Department:

(ক) এতৎসহ একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

(খ) নিম্নলিখিত ব্যবস্থাসমূহ গ্রহণ করা হইয়াছেঃ

(১) জেলাগুলিতে এম আর শপ মারফত সরকার নির্ধারিত দরে খাদ্যশস্য সরবরাহ করা হইতেছে। খয়রাতি ও টেস্ট রিলিফের মাধ্যমেও দুঃস্থ জনসাধারণকে খাদ্যশস্য বিতরণ করা হইতেছে। এইভাবে জনসাধারণের একটি বৃহৎ অংশের খাদ্যশস্যের প্রয়োজন মিটিবার ফলে চাউল ও ধানের মূল্যের ঊর্ধ্বগতি রুদ্ধ হইতেছে।

(২) ঘাটতি জেলাগুলিতে সংগৃহীত ধান ও চাউলের সমস্তটা ঐ জেলাগুলিতেই এম আর শপ মারফত নির্ধারিত দরে সরবরাহের ব্যবস্থা হইয়াছে।

(৩) সরকারের মজুতবিরোধী ব্যবস্থাকে জোরদার করা হইতেছে।

(৪) মুনাফাখোর, মজুতদার ও অসামাজিক ব্যক্তিদের বিরুদ্ধে নিবারক নিরোধ আইন অনুযায়ী কঠোর ব্যবস্থা অবলম্বন করা হইতেছে। অত্যাবশ্যকীয় পণ্য আইন অনুযায়ী আইনভঙ্গকারীদের বিরুদ্ধেও ব্যবস্থা অবলম্বন করা হইতেছে।

(৫) উদ্বৃত্ত ও ঘাটতি অঞ্চলে ধান ও চাউলের সর্বোচ্চ খুচরা বিক্রয়মূল্য বাঁধিয়া দেওয়া হইয়াছে।

(গ) এইরূপ কোন বণ্টনব্যবস্থার কথা সরকার বিবেচনা করিতেছেন না।

I.—Statement showing the average minimum and maximum retail prices of rice and average wholesale prices of paddy in the districts of West Bengal as on 21st June 1967. (Prior to introduction of Retail Price Control).

	Average Retail Price of Rice in Rupees per kilogram.		Average Wholesale Price of Paddy in Rupees per quintal.
	Minimum.	Maximum.	
Burdwan	2·12	2·25	115·59
Birbhum	1·75	1·81	96·19
Bankura	1·80	1·90	90·27
Midnapur	1·50	1·62	81·55
West Dinajpur	1·68	1·86	95·11
Malda	2·50	2·62	125·23
Cooch Behar	1·28	1·39	68·00
Nadia	2·49	2·60	No transaction.
Hooghly	2·34	2·44	137·42
Howrah	2·31	2·47	No transaction.
Darjeeling	2·11	2·30	No transaction.
24-Parganas	2·48	2·62	142·33
Murshidabad	2·13	2·25	123·56
Jalpaiguri	1·68	1·85	90·75
Purulia	1·76	1·83	No transaction.
State Average	1·96	2·09	106·00

Retail price of rice

***56.** (Admitted question No. *223.)

শ্রীপ্রমথনাথ ধীবর: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত মার্চ মাস হইতে ১৭ই জুন পর্যন্ত চাউলের খুচরা দর প্রতি জেলায় কিরূপ ছিল; এবং

(খ) সর্বোচ্চ দর কোন্ জেলায় কত উঠিয়াছিল?

The Minister for Food Department:

(ক) এতদ্‌সংলগ্ন একটি তালিকায় ঐ তথ্য দেওয়া হইল।

(খ) চাউলের সর্বোচ্চ খুচরা দর কোন্ জেলায় কত উঠিয়াছিল তাহার হিসাব এতদ্‌সংলগ্ন আর একটি তালিকায় দেওয়া হইল।

Average minimum and maximum retail prices of rice in rupees per kilogram in the districts of West Bengal during March to June, 1967

District.	As on 22-3-67.		As on 19-4-67.		As on 24-5-67.		As on 21-6-67.	
	Minimum.	Maximum.	Minimum.	Maximum.	Minimum.	Maximum.	Minimum.	Maximum.
Burdwan	1·24	1·29	1·29	1·34	1·54	1·63	2·12	2·25
Birbhum	1·15	1·33	1·24	1·32	1·34	1·41	1·75	1·81
Bankura	1·15	1·20	1·27	1·30	1·42	1·45	1·80	1·90
Midnapur	1·09	1·19	1·11	1·20	1·28	1·39	1·50	1·62
West Dinajpur	1·02	1·14	1·13	1·22	1·31	1·40	1·68	1·86
Malda	1·50	1·55	1·53	1·59	1·59	1·63	2·50	2·62
Cooch Behar	0·99	1·09	1·01	1·10	1·13	1·21	1·28	1·39
Nadia	1·33	1·42	1·34	1·41	1·74	1·79	2·49	2·60
Hooghly	1·30	1·36	1·32	1·38	1·70	1·76	2·34	2·44
Howrah	1·32	1·39	1·31	1·39	1·74	1·86	2·31	2·47
Darjeeling	1·44	1·55	1·42	1·55	1·71	1·81	2·11	2·30
24-Parganas	1·27	1·36	1·31	1·39	1·74	1·88	2·48	2·62
Murshidabad	1·31	1·35	1·33	1·37	1·53	1·57	2·13	2·25
Jalpaiguri	1·19	1·29	1·15	1·23	1·31	1·37	1·68	1·85
Purulia	1·25	1·34	1·28	1·35	1·56	1·61	1·80	1·87
State Average	1·21	1·30	1·25	1·32	1·50	1·58	1·97	2·10

II.—Highest price of rice reached in the different districts of West Bengal between 1st March 1967 and 21st June 1967

(Retail Prices in Rupees per Kilogram.)

District.	Highest price.	Thana in which the highest price was recorded.
Burdwan	2·96	Salanpur
Birbhum	2·10	Murarai
Bankura	2·35	Joypur
Midnapur	2·26	Daspur
West Dinajpur	2·25	Karandighi
Malda	3·00	English Bazar, Manickchak, Kaliachak and Malda.
Cooch Behar	1·60	Kotwali, Dinhata and Sitai
Nadia	2·85	Haringhata
Hooghly	3·00	Mogra
Howrah	2·95	Domjur
Darjeeling	2·75	Siliguri
24-Parganas	3·10	Budge Budge
Murshidabad	3·00	Raninagar
Jalpaiguri	2·31	Matelli
Purulia	2·25	Neturia

Forced sale of rice from the godwon of Bilkanda Mandal Samabaya Bipani Ltd.

***59.** (Admitted question No. *140.) **Shri Saila Kumar Mukherjee:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) if it is a fact that at 7 a.m. on 3rd May, 1967, a mob led by workers raided the godown of Bilkanda Mandal Samabaya Bipani Ltd. of New Barrackpore in 24-Parganas district and forced sale of 320 bags of rice at a price dictated by them to the mob;

(b) if the answer to (a) be in the affirmative will the Minister be pleased to state—

(i) whether such forced sales of rice have been authorised by the Government; and

(ii) if not, what actions have been taken to prevent the recurrence of such forced sales;

(c) whether co-operative stores are allowed to stock rice for sale to its members in modified rationing areas;

(d) if so, what is the ceiling of their stock; and

(e) whether the Government provides fund to such co-operative stores for purchase of rice for sale to its members?

The Minister for Food Department: (a) On 3rd May, 1967, 440 bags of rice belonging to Bilkanda Mondal Samabaya Bipani Ltd. were sold to local consumers at the rate of Rs. 1.54 per kg. on the basis of an agreement between a member of the above Bipani and some local people. A police Sub-Inspector was deputed by Subdivisional Officer, Barrackpore, to maintain peace and order.

(b) (i) and (e) No.

(b) (ii) Does not arise.

(c) Yes.

(d) At the material time the ceiling was 19 quintals, whether in paddy or in paddy equivalent of rice or in both taken together, without a licence, and the society could store any quantity of rice or paddy under a licence.

Requirement of chemical fertilisers

***60.** (Admitted question No. *174.) **Shri Narayan Chandra Chaudhuri:** Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) what is the requirement of chemical fertilisers for the Kharif season in the State; and

(b) how much have been supplied to different districts?

The Minister for Agriculture: (a) The estimated requirement of chemical fertilisers (nitrogenous) for Kharif season is as follows:

Name of Fertiliser and quantity

(1) Ammonium Sulphate—112,500 tonnes.

(2) Urea—37,500 tonnes.

(3) Nitro Phosphate—18,750 tonnes.

(4) Ammonium Phosphate—75,000 tonnes. (20:20)

(5) Ammonium Phosphate—18,750 tonnes. (16:20)

(6) Di-Ammonium Phosphate—37,500 tonnes.

Total 300,000 tonnes.

(b) A districtwise statement is enclosed. Besides the quantities shown in this statement the followinig approximate quantities of carry over stock from last year's stock of nitrogenous fertilisers have been available in the State during the current Kharif season:

(1) Ammonium Suplphate—10,000 tonnes.

(2) Urea—5,500 tonnes.

(3) Ammonium Sulphate Nitrate—1,300 tonnes.

(4) Calcium Ammonium Nitrate—1,400 tonnes.

(5) Ammonium Phosphate—1,600 tonnes.

(6) Di-Ammonium Phosphate—800 tonnes.

Total 20,800 tonnes.

In addition some nitrogenous fertilisers have been received direct by a few dealers from manufacturers for which we are trying to obtain figures.

*Districtwise Lifting Statement in connection with reply to starred Assembly question o.*171 portion (b).*

(Figures in tonnes).

Name of District.		Ammonium Sulphate.	Urea.	Ammonium Sulphate Nitrate.	Calcium Ammonium Nitrate.	Di-Ammonium Phosphate.
24-Parganas	..	467	956	..	48	18
Birbhum ..	..	604	120	..	..	40
Bankura ..	..	172	..	..	..	..
Burdwan ..	..	1,641	312	..	..	..
Midnapur ..	..	608	192	..	24	20
Murshidabad	..	378	644	..	24	..
Nadia ..	..	172	453	..	..	..
Howrah ..	..	48	48	..	..	..
Hooghly ..	..	680	426	..	48	20
Malda ..	..	24	224	..	647	..
Cooch Behar	..	..	314	..	..	..
Darjeeling ..	..	..	69	..	..	..
Jalpaiguri ..	..	..	180	..	..	..
Purulia ..	..	..	..	..	..	..
West Dinajpur	..	..	556	..	..	..
Total	..	4,794	4,494	..	791	98

Grand Total—10,177.

In terms of Ammonium Sulphate—About .. 14,500 tonnes.

In terms of Nitrogen—About .. .. 2,900 tonnes.

Deep tubewells sunk in the State

***100.** (Admitted question No. *175.) **Shri Narayan Chandra Chaudhuri:** Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) how many deep tubewells have been sunk for irrigation purposes in different districts of the State;

(b) how many deep tubewells have been energised;

(c) how many have successfully been put into operation; and

(d) whether the present State Government have abandoned the deep tubewell irrigation schemes?

The Minister for Agriculture: (a) 1,543 numbers.

(b) 840 numbers.

(c) 840 numbers.

(d) No. Only Sinking of new deep tubewells has been suspended for the present.

Relief and Test Relief works in Midnapore district

***101.** (Admitted question No. *233.)

শ্রীসুধীরচন্দ্র দাস: ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় গত বছর জেলা পরিষদ মাধ্যমে যে রিলিফ ও টেস্ট রিলিফ কার্য হইয়াছিল সেই সম্পর্কে তদন্ত হইয়াছে কিনা; এবং

(খ) তদন্ত হইয়া থাকিলে তাহার রিপোর্ট কি?

The Minister for Relief:

(ক) হ্যাঁ;.

(খ) একটি তালিকা লাইব্রেরী টেবিলে রাখা হইল।

*Statement referred to in reply to item (Kha) of the Assembly Question No. *233 by Shri Sudhir Chandra Das, M.L.A.*

(a) No. of criminal cases already started on specific charges—29.

(b) No. of criminal proceedings disposed of—Nil.

(c) No. of cases where criminal misappropriation or criminal breach of trust prima facie established on enquiry but prosecution not yet started—25. Out of these 25 cases, F.I.Rs. are being lodged in 19 cases and 6 cases are under departmental investigation. Some more cases are likely to be started after scrutiny and compilation of the enquiry reports of the B.D.Os. and S.D.Os.

Some enquires were also held by the Assistant Director of Panchayat. In this enquiry report some irregularities committed by the Panchayati Raj Bodies were mentioned. But no specific case of malpractice with adequate materials on the basis of which criminal cases can be instituted have been mentioned in the report.

Political parties refusing to join Food and Relief Committee

***102.** (Admitted question No. *236.)

শ্রীঅমলেন্দুলাল রায়: স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান সরকার কর্তৃক বিভিন্ন স্তরে গঠিত খাদ্য ও ত্রাণ কমিটিতে কোন্ কোন্ রাজনৈতিক দল যোগদান করতে অস্বীকার করেছে; এবং

(খ) এরূপ অস্বীকৃতির কারণ কি দর্শান হয়েছে সে সম্পর্কে সরকার অবগত আছেন কি না?

The Minister for Home (Political):

(ক) প্রধানতঃ কংগ্রেস দল দুই-একটি ক্ষেত্র ছাড়া উক্ত কমিটিগুলিতে যোগদান করিতে অস্বীকার করিয়াছে।

(খ) অধিকাংশ ক্ষেত্রে কোনও কারণ দেখানো হয় নাই। দুই-একটি ক্ষেত্রে বলা হইয়াছে যে, কমিটিগুলি অগণতান্ত্রিক রীতিতে গঠিত হইয়াছে এবং প্রদেশ কংগ্রেসের নির্দেশ অনুসারে জেলা কংগ্রেস কমিটিগুলিতে যোগদান করতে বিরত থাকিতেছে।

Production and procurement of rice in Midnapore district

***104.** (Admitted question No. *248.) **Shri Makhan Lal Das:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) whether the production of rice (Aman) in the district of Midnapore is higher this year in comparison with that of the previous year; and

(b) what is the quantity of rice procured in the district of Midnapore in 1966 and 1967 respectively during the months of January, February, March, April and May (monthly figures to be furnished)?

The Minister for Food: (a) Yes.

(b) A monthwise statement is enclosed. It will be seen therefrom that from January to May, 71,461 metric tonnes in terms of rice was procured in 1966 and 13,816 metric tonnes in terms of rice during the same period in 1967 in Midnapore district.

Statement showing quantities of rice procured in Midnapore District.

(In metric ton).

Month.	1966				1967.			
	Rice.	Paddy.	Paddy in terms of rice.	Total.	Rice.	Paddy.	Paddy in terms of rice.	Total.
January	8,003	10,466	6,977·3	14,980·3	2,019	..	..	2,019
February	13,947	14,019	9,346	23,293	3,762	..	..	3,762
March	12,377	7,409	4,939 3	17,316·3	1,899	22	14·6	1,913·6
April	10,393	1,212	808	11,201	1,303	211	140·6	1,443·6
May	4,493	266	177·3	4,670 3	2,338	3,518	2,345·3	4,677·3
	49,213	33,372	22,247·9 or 22,248	71,460·9 or 71,461	11,315	3,751	2,500·5 or 2,501	13,815·5 or 13,816

Supply of weekly cereals

106.** (Admitted question No. *267.) ***Shri Abdus Sattar: Will the Minister-in-charge of the Food Department be pleased to state—

(a) whether people are getting the supply of their weekly cereals through Modified Rationing in rural areas after March, 1967;

(b) if so, the quantity of each of the cereals per week per adult, and the number of people who get their weekly cereals through Modified Rationing in the rural areas;

(c) whether people in rural areas used to get cereals through Modified Rationing last year; and

(d) if so, the total number of people who used to get their cereals through Modified Rationing?

The Minister for Food: (a) Wheat is being distributed under Modified Rationing in rural areas according to availability since the beginning of the year. Locally procured rice is also being distributed under Modified Rationing from the beginning of this month.

(b) The scales are—

(i) 500 gms. of rice and 1 kg. wheat/wheat product in the hill sub-divisions of Darjeeling district.

(ii) For other areas the actual scales are to be fixed by the District Officers in consultation with the local Food and Relief Committees according to availability of stocks but the scale not to exceed 1 kg. of wheat per adult per week.

The average number of persons served per month in rural areas during the current year is 53.42 lakhs.

(c) Yes.

(d) 143.85 lakhs (monthly average).

Looting of food-stuff

***118.** (Admitted question No. *251.)

শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, খাদ্যশস্য চলাচলে বিঘ্ন ঘটিতেছে এবং খাদ্যশস্য লুঠপাট হইতেছে; এবং

(খ) সত্য হইলে, খাদ্যশস্য চলাচল নিরাপদ করিবার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

The Minister for Home (Jail):

(ক) হ্যাঁ, এই ধরনের কিছুসংখ্যক ঘটনা সংঘটিত হইয়াছে।

(খ) সরকার এই বিষয়ে নিম্নরূপ ব্যবস্থা অবলম্বন করিয়াছেনঃ—

(১) নির্দিষ্ট ঘটনাগুলির আইনানুগ অনুসন্ধান চলিতেছে;

(২) জাতীয় সড়ক বরাবর এবং যেসকল এলাকায় এইরূপ খাদ্যশস্য লুঠের আশঙ্কা রহিয়াছে সেইসকল এলাকায় ভ্রাম্যমান সশস্ত্র পুলিশের দ্বারা প্রহরার ব্যবস্থা করা হইয়াছে।

(খ) খাদ্যশস্য চলাচলে বিঘ্ন সৃষ্টি করার জন্য এবং লুঠপাটে প্ররোচনা প্রদানের জন্য দায়ী সকল প্রকার দুষ্কৃতকারী ও সমাজবিরোধী ব্যক্তিকে পশ্চিমবঙ্গ নিবর্তনমূলক আইনে আটক করিয়া রাখা হইতেছে।

Gosaba Rice Mill at 24-Parganas

***122.** (Admitted question No. *329.)

শ্রীগিরীন্দ্রনাথ মণ্ডলঃ সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনা গোসাবা রাইস মিলটি সরকার কত টাকা দিয়া খরিদ করিয়াছেন;

(খ) কত টাকার শেয়ার বিক্রয় হইয়াছে এবং কে কত টাকা শেয়ার কিনিয়াছেন তাহাদের নাম ও টাকার পরিমাণ;

(গ) এই মিলের আয়-ব্যয়ের হিসাবপত্র রাখার সুষ্ঠু ব্যবস্থা আছে কিনা;

(ঘ) এই মিল চালু হইবার আর কত দেরী এবং আদৌ চালু হইবে কি না; এবং

(ঙ) মিল চালু হইবার পূর্বে এই মিলকে সবকারী লেভীর ধান কিনিতে অনুমতি দেওয়ায় কত পরিমাণ ধান কেনা হইয়াছে এবং বর্তমানে কি পরিমাণ ধান স্টক আছে?

The Minister for Co-operation:

(ক) চব্বিশপরগনা গোসাবা রাইস মিলটি সরকাব খরিদ করেন নাই।

(খ) মোট ৩,৫১,২০০ৎ টাকার শেয়ার বিক্রয় হইয়াছে, তন্মধ্যেঃ

পশ্চিমবঙ্গ সরকার—টাকা ৩,০০,০০০ৎ

স্থানীয় সমবায় সমিতি—টাকা ২,০০০ৎ

ব্যক্তিগত সদস্যগণ—টাকা ৪৯,২০০ৎ

মোট—টাকা ৩,৫১,২০০ৎ

অংশীদারগণের তালিকা লাইব্রেরী টেবিলে প্রদত্ত হইল।

(গ) মিলের আয়-ব্যয়ের হিসাব রাখার ব্যবস্থা আছে।

(ঘ) মিলটি এখন চালু অবস্থায় আছে। শীঘ্রই ফুড করপোরেশন অফ ইন্ডিয়া নিযুক্ত মিলিং এজেন্টরূপে চাউল উৎপাদনকার্য আরম্ভ হইবে।

(ঙ) গত বৎসর (১৯৬৫-৬৬) সরকার নিযুক্ত ডিপি এজেন্ট রূপে মোট ১৫৫২ কুইন্টাল ধান খরিদ করিয়া সরকারকে দেওয়া হইয়াছিল। বর্তমান বৎসরে ফুড কর্পোরেশন অফ ইন্ডিয়া নিযুক্ত ডি পি এজেন্টরূপে ৩০-৬-৬৭ তারিখ পর্যন্ত মোট ৫৯২ কুইন্টাল ৭৫ কেজি ধান্য খরিদ করিয়াছে এবং উহা মিলের স্টকে মজুত আছে।

GOSABA CO-OPERATIVE RICE MILL LTD.

List of share-holders

		Rs
1.	Shri Profulla Kumar Sarkar	1,000·00
2.	Shri Susamoy Sarkar	1,000·00
3.	Shri Paresh Chandra Baidya	1,000·00
4.	Shri Gourpada Baidya	1,000·00
5.	Shri Dhirendra Nath Mondal	1,000·00
6.	Shri Krishnapada Mondal	1,000·00
7.	Shri Jatindra Nath Mondal	1,000·00
8.	Shri Birendra Nath Mondal	1,000·00
9.	Shri Bholanath Mondal	1,000·00
10.	Shri Haridas Mondal	1,000·00
11.	Shri Harekrishna Mondal	1,000·00
12.	Shri Jagabandhu Dowan	1,000·00
13.	Shri Premchand Gupta	1,000·00
14.	Shri Bhupati Ranjan Jotdar	1,000·00
15.	Shri Mahadev Mistry	1,000·00
16.	Shri Kamal kanta Mondal	1,000·00
17.	Shri Rabindra Nath Mondal	1,000·00
18.	Shri Dr. Gopinath Burman	1,000·00
19.	Shri Phanindra Nath Prodhan	1,000·00
20.	Shri Phanindra Nath Prodhan on behalf of Damodar Jew	1,000·00
21.	Shri Banbehari Pal	1,000·00
22.	Shri Sahadev Mistry	1,000·00
23.	Shri Bankimchandra Mondal	1,000·00
24.	Shri Adhir Chandra Dutta	1,000·00
25.	Shri Sankar Chandra Mistry	1,000·00
26.	Shri Jiban Krishna Mistry	1,000·00
27.	Shri Biraj Mohan Mondal	1,000·00
28.	Shri Niranjan Mondal	1,000·00
29.	Shri Madhusudan Biswas	1,000·00
30.	Shri Asoke Kumar Dass	1,000·00
31.	Shri Haripada Mondal	1,000·00
32.	Shri Sukumar Jotdar	1,000·00
33.	Shri Sudhir Kumar Mondal	1,000·00
34.	Shri Bireswar Mondal	700·00
35.	Shri Kanai Lal Gupta	1,000·00
36.	Shri Brindaban Mondal	500·00
37.	Shri Phani Bhusan Kar	1,000·00
38.	Shri Hemnath Sarkar	1,000·00
39.	Shri Anil Bikash Sarkar	1,000·00
40.	Shri Amal Kumar Chakraborty	1,000·00
41.	Shri Ananta Kumar Baidya	1,000·00
42.	Shri Aroon Kumar Pakhira	1,000·00
43.	Shri Krishna Pada Sarkar	1,000·00
44.	Shri Yakub Jomaddar	1,000·00
45.	Shri Jagadish Chandra Maikaff	1,000·00
46.	Shri Abdul Rahman Sardar	1,000·00
47.	Shri Md. Mobarak Ali Molla	1,000·00
48.	Shri Nurali Molla	1,000·00
49.	Shri Rahich Ali Khan	1,000·00
50.	Shri Panna Lal Misra	1,000·00
51.	Palpur Samabay Krishi Unnayan Samity Ltd.	1,000·00
52.	Arampur Sree Samjukta Krishi Samabay Samity Ltd.	1,000·00
53.	Government of West Bengal	3,00,000·00
	Total	3,51,200·00

Looting, etc., in Ranaghat Subdivision

***128.** (Admitted question No. *287.) **Shri S. M. Fazlur Rahman:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) how many instance of looting and assaults have been committed between March and 20th June 1967, in Ranaghat Subdivision;

(b) of these (i) how many of these looting concerned rice and food-stuff, and (ii) how many concerned ornaments and personal belonging; and

(c) how many arrests have so far been made in these connections?

The Minister for Home (Police):

(a) ১৯টি ক্ষেত্রে।

(b)(i) ১৩টি ক্ষেত্রে

(b)(ii) ৬টি ক্ষেত্রে

(c) ৩৫ জন।

Arrests under P. D. Act

***129.** (Admitted question No. *352.)

শ্রীঅমলেন্দ্রলাল রায়: স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নিবারক নিরোধ আইনে গত ১লা মার্চ হইতে এ পর্যন্ত কোন্ জেলায় কতজনকে গ্রেপ্তার করা হইয়াছে ; এবং

(খ) নিবারক নিরোধ আইন প্রয়োগ করিবার ফলে অবস্থার কিরূপ উন্নতি পরিলক্ষিত হইতেছে?

The Minister for Home (Police):

(ক) এ সম্পর্কে একটি বিবরণী সঙ্গে যোগ করা হইল।

(খ) এই আইন প্রয়োগের ফলে অবস্থার কিছুটা উন্নতি হইয়াছে।

নিবারক নিরোধ আইনে এই বৎসরের গত ১লা মার্চ হইতে ৬ই জুলাই পর্যন্ত ধৃত ব্যক্তিদের সংখ্যা সম্পর্কে জেলাভিত্তিক বিবরণী।

	জেলার নাম		ধৃত ব্যক্তিদের সংখ্যা
১।	২৪-পরগনা	...	১৪
২।	হাওড়া	...	২
৩।	নদীয়া	...	১২
৪।	মুর্শিদাবাদ	...	২০
৫।	হুগলী	...	১৯
৬।	বর্ধমান	...	৩১
৭।	বীরভূম	...	৬
৮।	মেদিনীপুর	...	২০
৯।	বাঁকুড়া	...	৫
১০।	পুরুলিয়া	...	১৩
১১।	মালদহ	...	১৯
১২।	পশ্চিম দিনাজপুর	...	১
১৩।	জলপাইগুড়ি	...	৪
১৪।	দার্জিলিঙ	...	×
১৫।	কোচবিহার	...	×
১৬।	কলিকাতা	...	২
		মোট	১৬৮ জন

Looting in Berhampore

***130.** (Admitted question No. *357.) **Shri Abdus Sattar:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) if it is a fact that some big shops and godowns at Berhampore (Khagra Bazar) were looted and set to fire recently in the month of June 1967; and

(b) if so, the number of godowns or shops looted and gutted, and the name of the articles taken away by the miscreants?

The Minister for Home (Police):

(এ) হ্যাঁ।

(বি) (১) ৭টি দোকান লুঠ হইয়াছে এবং ৩টি গুদামে অগ্নিসংযোগ করা হইয়াছে।

(২) চাল, সরিষার তেল, নারিকেল তেল, দালদা, সাবান, দিয়াশলাই ইত্যাদি জিনিসপত্র লুণ্ঠিত হইয়াছে।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Kalinagar Bridge over Rasulpur river in Contai subdivision

51. (Admitted question No. 246.)

শ্রীসুধীরচন্দ্র দাস: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি মহকুমার অন্তর্গত রসুলপুর নদীর উপর কালীনগর পুলটি নির্মাণের কাজ কবে শেষ হইবে;

(খ) ঐ পুলটি নির্মাণের জন্য কত টাকা এ পর্যন্ত ব্যয় হইয়াছে; এবং

(গ) ঐ পুলটি নির্মাণের কার্য শেষ করিবার নির্ধারিত তারিখ কি ছিল?

The Minister for Public Works (Roads):

(ক) ১৯৬৮ সালের প্রথমার্ধের মধ্যেই সমাপ্ত হইবে বলিয়া আশা করা যায়।

(খ) ১৯৬৭ সালের মে মাস পর্যন্ত ৭,০৩,৬৭৬ টাকা ব্যয় হইয়াছে।

(গ) ১৯৬৫ সালের মধ্যে।

Drought-stricken mauzas of Jamalpur police-station, Burdwan

52. (Admitted question No. 307.)

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার জামালপুর থানার কোন্ কোন্ মৌজাকে খরা অঞ্চল বলিয়া ঘোষণা করা হইয়াছে; এবং

(খ) ঐ মৌজাগুলির খাজনা কি সরকার মকুব করিয়াছেন?

The Minister for Land and Land Revenue:

(ক) খরা অঞ্চল বলিয়া ঘোষিত মৌজাগুলির তালিকা নিম্নে দেওয়া হইল।

(খ) এই সকল মৌজাতে ১৩৭৩ সালের খাজনা আদায় করা হয় নাই। খাজনা মকুবের প্রস্তাব সরকারের বিবেচনাধীনে আছে।

Statement referred in reply to cluase (ka) of unstarred question No. 52

Name of the affected mauzas on account of drought within police-station Jamalpur, district Burdwan

1. Sambhupur
2. Chakshanjadi
3. Jamdaha
4. Haibatpur
5. Chalbalpur
6. Kanakpur
7. Sadipur
8. Krishnapur
9. Berugram
10. Balarampur
11. Kelera
12. Rajarampur
13. Srikrishnapur
14. Jotsriram
15. Jotdakshin
16. Sah-Hossainpur
17. Paikpara
18. Muldipur
19. Resalatpur
20. Uzirpur
21. Kora
22. Siali
23. Amarpur
24. Kulingram
25. Chak-Mazafarpur
26. Kamalpur.

Pay and allowances drawn by Ministers

53. (Admitted question No. 290.) **Shri Puranjoy Pramanik:** Will the Minister-in-charge of the Finance Department be pleased to lay on the Table a statement showing the figures separately, head by head, the total amount of money drawn as salary, as house allowance, as entertainment allowance (আদব আপ্যায়ন ভাতা) and as conveyance allowance by each Minister of the Government of West Bengal from 2nd March, 1967, up to date?

The Minister for Finance: Two statements showing the details are placed on the Library Table.

Adjournment motions

Mr. Speaker: I have received two notices of adjournment motions on the following subjects, namely,—

(1) Acute scarcity of foodgrains in police-station Balagarh, district Hooghly—from Shri Hare Krishna Das.

(2) Food scarcity in police-station Banagram—from Shri Kalipada Bhowmick.

I have withheld consent.

The motions are as follows:—

(1) The Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely,—

বলাগড় থানা এলাকায় ভীষণ খাদ্য সমস্যার দরুন চাউলের দাম কে জি প্রতি ২·৬২ পয়সা হইয়াছে। সাধারণ গরীব চাষী এবং ভূমিহীন কৃষি শ্রমিক এবং অধিকাংশ লোক অনাহারে অর্ধাহারে ও পাট শাক খাইয়া দিন যাপন করিতেছে। সুতরাং অবিলম্বে ঐ সব শ্রেণীর লোকেদের জন্য সরকারী পরিচালনায় লঙ্গরখানা খুলিয়া আসন্ন মৃত্যু হইতে রক্ষা করা হউক এবং ক ও খ শ্রেণীভুক্ত পরিবারগুলিকে অবিলম্বে সপ্তাহে মাথা পিছু ১ কে জি গম ও ১ কে জি চাউল দেওয়ার ব্যবস্থা করা না হইলে ঐ সব শ্রেণীর লোকেদের আসন্ন মৃত্যু হইতে বাঁচানো সম্ভব হইবে না।

(2)

বনগ্রাম মহকুমায় চাউলের মূল্য ২·৭৫ হইতে ৩ টাকা দরে বিক্রয় হচ্ছে। এই মহকুমার ভূমিহীন কৃষক শ্রমিক ও স্বল্প আয়ের ব্যক্তিরা অর্ধাহারে, অনাহারে শাক, পাতা খেয়ে ধীরে ধীরে মৃত্যুপথে এগিয়ে চলেছে। এই শ্রেণীর লোকেদের প্রাণরক্ষার জন্য ইতিমধ্যে সরকারের তত্ত্বাবধানে কয়েকটি লঙ্গরখানা খুলিবার জন্য অবিলম্বে ব্যবস্থা করা এবং প্রতি ইউনিটে এক কেজি গম ও এক কেজি চাউল দিবার ব্যবস্থা করা হোক।

Calling attention to matters of urgent public importance

[2-20—2-30 p.m.]

Mr. Speaker: The Minister-in-charge of the Education Department will please make a statement on the subject of lock out of South Sheepur primary school and alleged assault upon primary teachers of that school in the district of Midnapore, called attention by Shrimati Ila Mitra and Shri Deben Das on the 4th July, 1967.

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: মেদিনীপুর জেলাতে এগরা থানায় দক্ষিণ শ্রীপুর বিদ্যালয় সম্পর্কে প্রাপ্ত বিবরণ থেকে দেখা যায় যে এই বিদ্যালয়ের শিক্ষকদের সঙ্গে কিছু অভিভাবকদের মনোমালিন্য রয়েছে। এই অভিভাবকদের পক্ষ থেকে অভিযোগ করা হয় যে শিক্ষকরা বিদ্যালয়ে নিয়মিত উপস্থিত হন না। অপরদিকে প্রধান শিক্ষক জানাচ্ছেন যে অনেক অভিভাবক ছাত্রদের বিদ্যালয়ে পাঠান না। ফলে কিছুকাল ধরে বিদ্যালয়ের কাজ ভাল হচ্ছে না।

কোন শিক্ষকের উপর আক্রমণ বা আঘাতের কোন রিপোর্ট নাই।

বিদ্যালয়টা যাতে ভালভাবে কাজ করতে পারে তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে।

Shri Biswanath Mukherjee: With reference to the calling attention notice given by Shri Dhirendra Narjanirai on 10th July on the subject of flood havoc in North Bengal districts, I beg to make the folllowing statement.

Due to incessant heavy rains since 7th July, 1967 of the rivers in the districts of Cooch Behar and Jalpaiguri are in flood. A statement of rise and fall of the principal rivers in flood in the two districts above and below the danger lavel and extreme danger level is given. It would be seen that the river Teesta at Domohani on the left bank has cross extreme danger level on 8th July, 1967 and on 10th July, 1967, highest level observation being 286.00 on 8th July, 1967. This river also crossed extreme danger level on 10th July, 1967. Position of flood in this river at 16 hours on 10th July, 1967 is that rivers Torsa, Kalchini and Jaldhaka have subsided below the danger level while the river Teesta is still above the danger level but in the falling condition as reported. So far no damage to any of the flood protection works undertaken by this department has been reported. Some minor damages, however, have come to the notice in the flood protection works including washing away of some bamboo screen at Oodlabari, Hanskhali, Kantihat by river Ghish as well as minor irrigation scheme at Taipu. PWD roads—Cooch Behar-Falakata Road, Falakata-Hasimara Road—have been reported to have been damaged, disrupting the communication system in that region. As understood, Falakata-Hasimara Road has since been thrown open to the traffic. The metre gauge railway line between Baneswar and Alipurduar has also been reported to have been damaged. There has been innundation in Mondalghat area, police-station Sadar, Dharampur area, police-station Mainaguri and Dhupguri as well as

in some portion of Alipurduar town in the district of Jalpaiguri. In the district of Cooch Behar the low lying lands in Takagach area have also been inundated. All these areas are outside flood protection schemes of this department undertaken so far and are usually subject to high floods in these rivers.

The following information have been received in the morning of 11th July, 1967 from the Superintendent, North Bengal Circle and the Executive Engineer. Teesta at Domohani dropped below danger level at 23 hour on 10th July, 1967. Teesta at Jalpaiguri (King's ghat): at 19 hours on 10th July, 1967—267.30 above danger level. Torsa at Cooch Behar: river level at six hours on 11th July, 1967—122.76 below danger level. Kalchini at Alipurduar: river level in the morning of 11th July, 1967—148.00 below danger level. Karala water ruling high, flood water by-passing from Jalpaiguri College and following along Jalpaiguri and Haldibari Road; Jalpaiguri court compound is under waist-deep water. Owing to damage to test relief Bundh at Jorai distress has been caused to the people in that area. Railway bridge approach on river Pagli between Dalgaon and Hashimara washed out. PWD Road between Banarhat and Madarihat washed away at a point 400 ft. away of PWD road bridge on river Pagli. Helapauri embankment on the left bank of Teesta standing well and two spurs constructed could not give result. Flood protection works at Paharpur in Jalpaiguri embankment and Kheti spur standing well. Lafabari protection works and Cooch Behar protection works are safe. Extent of minor damages to engineering works in Irrigation and Waterways Department has been reported to be Rs. 25,000. Information received at 11-45 hrs. on 11th July, 1967: River level of Kaljani at Alipurduar at 9.00 hrs. on 11th July, 1967 at 49.00, i.e., about 5 ft. below danger level. River level of Torsa at Cooch Behar at 9.00 hrs. on 11th July, 1967 at 22.80, i.e., about 2 ft. below danger level and it is falling. Rainfall at Cooch Behar for 24 hrs. ending 9th July 1967—358.1 milimetre, for 24 hrs. ending 10th July, 1967—112.8 milimetre. Latest information received at 12.15 hrs. today from Executive Engineer, Jalpaiguri Division, is Teesta river level King's ghat at 10 hrs on 11th July, 1967—266.16 only, i.e., about 2 ft above danger level. So my general information this noon is that generally speaking river level is falling. But the report of earlier 2/3 days is that it is falling and rising, therefore I cannot say what happened. In the district of Cooch Behar Teesta flood in Mekligunj subdivision has affected about 50 families. Jaldhaka in Mathabhanga subdivision has marooned about 171 persons who were subsequently rescued. Torsa flood has affected three villages. The floods in the rivers of Kaljani and Raidak in Tufanganj subdivision have affected an area of about 150 sq. miles. 3,000 people were stranded and rescued and about 60,000 people have been affected The people in these areas generaly live in houses built up a little high from the ground level and as such no rescue operation was necessary in most cases. About 10,000 acres of Aus crop land were believed to have been inundated. About 19 sq. miles area in Dinhata subdivision has also been affected. Road communication in most parts of the subdivision was disrupted. Steps have been taken for relief where necessary. Cooch Behar-Falakata Road has been completely eroded and communication disrupted. Falakata and Hashimara Road was affected, but has been thrown open to traffic since yesterday. Meter gauge line as reported earlier has been breached in between Baneswar and Alipur Duar. Steps for restoration of communication are being taken. In the district of Jalpaiguri, Jaldhaka and Teesta floods have affected about 25,000 people, who had been living on Char land and low-lying areas. Rescue and relief operations have been undertaken. Relief Minister will give the details. Latest information

received indicated that floods water level has been generally receding and water level in Teesta is now below the extreme danger level. The affected people of Jalpaiguri town who took shelter in the embankments have returned to their houses. There have been breaches at 7 points on the embankment of Bania river. The breaches on the national highway between Delgao and Majnai are under repairs. Jeeps would only negotiate at present. Other road links damaged by flood have since been restored for traffic. The total damages to minor irrigation Bunds have been so far reported to be to the extent of Rs. 25,000 only. This is my information up to 12.15 hrs. this noon and I believe that the water level is falling.

[2-30—2-40 p.m.]

Shri Nishitha Nath Kundu: Mr. Speaker, Sir, with reference to the Calling Attention notice by Hon'ble Member Shri Dhirendra Narjinarai, I rise to say that from reports so far available it appears that because of almost incessant rains many rivers in Jalpaiguri were in spate on 8th July as a result of which Race Course Pilkhana areas in Jalpaiguri town were flooded affecting about two hundred families. The Collectorate was under waist-deep water and at the Circuit House the water was knee-deep. 12 villages near Mandalghat in Sadar Block, 8 villages of Domohani and Dharampur areas in Moynaguri Block and 16 villages in Dhupguri Block were affected involving about 9,000 persons. 10 heads of cattle were lost and 1 person reported washed away. Some villages in Binchukamari and Birpara were inundated In Alipurduar Block I, 4 Gramsabha areas went under water and 3 were partly affected involving approximately 1,200 families. Three heads of cattle were lost In Alipurduar Block II 12 villages were affected. In Falakata Block, 3 villages were affected the worst affected being Jateswar. A culvert on Batanagrakata route was washed away. New Market in Nagrakta was flooded Vehicular traffic between Jalpaiguri and Alipurduar via Madarihat and Falakata was suspended both via Rajabhatkhawa and Chilapota Some portions of railway track between Carron and Chapramari and Dalgaon and Mupnai Railway Stations was washed away.

From reports so far available it appears that about 25,000 persons in Jalpaiguri district have been affected by the floods. Immediately on the occurrence of the floods the District Officer took prompt steps for rescue operation of marooned people and cattle. In Alipurduar Block about 1,000 persons and 350 heads of cattle were rescued and shifted to safer places. In Alipurduar town, 8,000 persons were given temporary accommodation in 7 places, viz., college and school buildings. In Jalpaiguri Block, 500 persons were given temporary accommodation. 650 persons were accommodated in a godown at Domohani in Moynaguri Block. In all 15 camps were opened for providing temporary shelter to 10,000 persons.

Gratuitous relief in the shape of chira, gur and cash were distributed as necessary. Dy. Commissioner, Jalpaiguri, took necessary sanitary measures in collaboration with local officers of the Health Department. A sum of Rs. 50,000 has been sanctioned for distribution as emergency gratuitous relief and Rs. 5,000 to meet incidental expenditure in connection with flood relief operations. 700 pieces each of dhuties and sarees and 500 children garments are being rushed by road. A sum of Rs. 50,000 is being sanctioned for distribution as house building grant. From the latest report it appears that flood water is receding and most of the roads which were closed because of floods have been opened to vehicular traffic. Water has receded from Jalpaiguri town. People accommodated in shelter camps have started going back to their homes.

In Cooch Behar district flood report received from the Deputy Commissioner indicates that in Mathabhanga subdivision 160 people were marooned because of the rising of the water of river Manshi. For rescue of these people help of local Army authorities was called for and these villagers were ultimately rescued. About 50 families in Mekhliganj subdivision marooned because of inundation of river Tista was shifted to safer zone. In Toofanganj subdivision 10 Anchals were inundated by rivers Gadadhar, Raidak I, Raidak II, Kaljani and Ghargheria. Portion of embankment in Mahishkuchi Anchal was breached inundating large areas. In Dinhata subdivision, River Singhimari inundated about 16 sq. miles covering about 14 villages. 38 families were rescued in this area. About 200 people were affected by the flood water of river Torsa and about 12 families had to be rescued and shifted to safer areas. The latest report shows that river Teesta, Torsa, Kaljani and Manshi are receding, while water level of river Ridak is steady Relief squads have been formed in all the affected sectors. Prompt and necessary relief measures have been undertaken by the Deputy Commissioner with allotments already placed at his disposal. No loss of life has so far been reported.

Both in Jalpaiguri and Cooch Behar districts assessment of damages will be undertaken as soon as flood water recedes sufficiently.

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: I have received five notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Starvation in the Sadar sub-division of Murshidabad for want of supply through M. R. Shops—from Shri Abdul Latif.

(2) Acute scarcity of foodgrains in Deshpur Block No. 2—from Shri Bankim Chandra Sasmal.

(3) Forcible occupation of hundred bighas of land at Tiljala area including a fishery—from Shri Bijoy Singh Nahar.

(4) Relief measures for people affected by flood of rivers of North Bengal —from Shri Amarendra Nath Roy Prodhan.

(5) Reception of Third Secretary of Chinese Consulate in Delhi by the Management of Minerva Theatre by shouting "Mao-Tse-Tung Zindabad—from Shri Sushil Kumar Paul.

I have selected the notice of Shri Bijoy Singh Nahar on the subject of forcible occupation of hundred bighas of land at Tiljala area including a fishery.

The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Shri Ajoy Kumar Mukhopadhyay: A statement will be made on Friday.

Messages from Council

Secretary (Shri P. Roy): Sir, the following Messages have been received from the West Bengal Legislative Council, namely:—

(1)

"Message

The West Bengal Legislative Council at its meeting held on the 7th July, 1967, agreed to the Calcutta University (Amendment) Bill, 1967, without any amendment.

PRATAP GUHA RAY,
Chairman,
West Bengal Legislative Council "

Calcutta:
The 8th July, 1967.

(2)

"Message

The West Bengal Legislative Council at its meetinig held on the 7th July, 1967, agreed to the Calcutta Tramways (Amendment) Bill, 1967, without any amendment.

PRATAP GUHA RAY,
Chairman,
West Bengal Legislative Council."

Calcutta:
The 8th July, 1967.

Sir, I beg to lay the copies of the Messages on the table.

DEMAND FOR GRANT NO. 19

Total Demand: Rs. 46,43,13,000

Major Head: 28—Education

[2-40—2-50 p.m.]

Shri Jyoti Bhusan Bhattacharya: Mr. Speaker, Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 32,99,33,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" for the year 1967-68. This amount added to Rs. 13 crores 43 lakhs 80 thousand already voted on account by the last session of the Legislature will make a total provision of Rs. 46 crores 43 lakhs 13 thousand in the budget for 1967-68 under the Major Head: "28—Education."

This amount does not include the provision of Rs. 77,000 under Head: "27—Scientific Departments" in Grant No. 18 also relating to education which I shall move separately. Nor does it include provisions amounting to Rs. 72,28,000 made under Heads: "50—Civil Works" and "103—Capital Outlay" for expenditure on construction works relating to educational institutions. Grants for such purposes will be moved by the Minister-in-charge of Public Works. Besides these provisions for Medical Education and Aricultural Education have been separately made under heads: "29—Medical" and "31—Agriculture". Certain aspects of

technica' education bearing on industrial training have also been separately provided for under head "35—Industries". Still other provisions have been made under head "39—Miscellaneous" for certain education schemes for the welfare of the Scheduled Tribes, the Scheduled Castes and other Backward Classes and, again, under head "71—Miscellaneous" for other educational schemes for the benefit of displaced persons from East Pakistan. A separate provision has also been made in the budget for 1967-68 on account of "loans and advances" for educational purposes. All these provisions taken together would make a total exceeding Rs. 50 crores in the State budget for 1967-68 for expenditure for educational purposes. My present motion for Grant No. 19 relates to the major part of the provision for education in 1967-68.

It may be recalled that the provision under head "28—Education" made in the budget presented to this House in March this year amounted to Rs. 40 crores 31 lakhs and 41 thousand. Additional sums totalling Rs. 6 crores 11 lakhs and 72 thousand have been included in the budget now. These additional provisions under head "28—Education" relate to the following:—

(i) Rs. 72 lakhs has been added to the provision for development of elementary education to cover larger expenditure on schemes for expansion of free primary education, specially in the urban areas;

(ii) Rs 108 lakhs has been added to the budget provison for expenditure on secondary education;

(iii) an additional provision of Rs. 5 lakhs has been made for the development of colleges and,

(iv) a lump provision of Rs. 426.72 lakhs has been added to the sum of Rs. 299.10 lakhs made in the March budget per payment of additional dearness allowances to the teachers and other employees of educational institutions, Government as well as non-Government.

At the base of this budget of Rs. 46.43 crores under head "28 -Education" are provisions, totalling Rs. 18.76 crores, for what are called, "normal", as distinguished from, "developmental" expenditure. These provisions are intended to meet the State Government's expenditure on the administration and maintenance of educational institutions at the level reached by them immediately before the commencement of the Third Five-Year Plan including provisions for grants-in-aid for the maintenance of non-Government institutions. Then, come the development provisions amounting to a total of Rs. 20.28 crores for expenditure on development schemes including new schemes under the Fourth Plan and committed expenditure on Third Plan Schemes. Besides these major provisions there are lump provisions amounting to Rs. 7.39 crores for the payment of additional dearness and other allowances granted during the current financial year for the benefit of teachers and other employees of educational institutions, Government as well as non-Government.

It is known to everybody that there has been a large quantitative expansion in the enrolment of students in the educational institutions in West Bengal durnig the last 20 years. At the same time, the demand for places in schools and colleges has increased at a much faster rate, and it has not been possible to meet this growing demand. The shortcoming have been most marked in primary education. Article 45 of the Constitution of India laid down as a directive principle that the States should strive to provide free and compulsory education for all children up to the age of 14

years within a period of 10 years from the promulgation of the Constitution. The task was to have been completed by 1960. And yet at the end of 1966-67, i.e., after a grace period of seven years the State Government was able to bring to primary schools only 41.17 lakhs children out of an estimated child population of 50.60 lakhs in the age group 6-11. This figure accounted for a little over 81 per cent. of the child population in this age group. The percentage in schools of children in the age group 11-14 is, of course, much lower.

The Planning Commission's target for the development of primary education by the end of the third Five-Year Plan in 1965-66 was for enrolement in primary schools of 80 per cent. of the children in the age group 6-11. West Bengal has been able to reach this target in the first year of the Fourth Five-Year Plan. While the pace of progress in this State compares favourably with the figures for India as a whole, there has been some criticism of late that the position of West Bengal relating to other advanced States in India has registered a fall in recent years. The rate of growth was evidently much short of requirements. Even within the State there are wide disparities in development. In the advanced districts of Hooghly and Midnapur the percentage of enrolement is above 98; in the backward districts of Maldah and West Dinajpur the percentage is barely 60. While the percentage of enrolment among boys is above 95, that among girls is below 65.

Then, there is the paradox about the urban areas Contrary to popular expectation the urban areas in West Bengal are lagging behind the rural areas in this respect. The percentage of enrolement in rural areas is 84 and that in the urban areas is 70. The percentage of enrolement of girls in the urban areas which is 69 is, however, larger than that of the girls in the rural areas which is 65. But the greatest of all paradoxes is Calcutta where the percentage of enrolement is below 65, taking boys and girls together. So the crux of the situation is this: the urban areas as a whole are lagging behind the rural areas and Calcutta is lagging behind the other urban areas. The Urban Primary Education Act of 1963 did not produce the desired results and necessary legislation for the Calcutta are not taken up. The two main limiting factors in the urban areas are: (a) municipalities' plea of lak of resources and (b) want of adequate accommodation especially in the slum areas of Calcutta for new school houses There is yet another aspect of primary education which I should mention here. The Primary school-going age is 6-11; the primary stage of education is defined to cover the range from class I to class V. And yet out of thirty-three thousand primary schools in this State only three thousand are five-class schools. Among the important schemes for the development of primary education, therefore is a scheme for the upgrading of the existing four-class schools by adding class V to these schools. It is proposed to upgrade at least a thousand of these schools during the current financial year and then to spend up the process from the next year onwards. Administration of primary education now being carried on under the Bengal Rural Primary Education Act of 1930 and the West Bengal Urban Primary Education Act of 1963 needs a complete overhaul. I propose to bring forward in a later session of the legislature a comprehensive. Primary Education Bill on a more effective and democratic basis. The work in this respect has already been taken up. Meanwhile steps are being taken to amend the rules to provide for more democratic representation to teachers in the school boards and to protect them against arbitrary transfers and dismissals Schemes for the development and expansion of secondary education in West Bengal during the last ten years were mostly concerned with upgrading of ten-

class high schools to eleven-class higher secondary schools. The class structure of secondary school were changed and the syllabi for higher secondary education were reconstructed. This upgrading of high school to higher secondary school has been more rapid in West Bengal than in other States. The Third Plan target for India as a whole was to upgrade five thousand three hundred fifteen schools out of a total of twenty-two thousand three hundred eighty-five high and higher secondary schools, i.e., about 24 per cent. of the total.

[2-50—3 p.m.]

In West Bengal, however, the pace of upgrading was much faster, more than 50 per cent. of the schools having been upgraded to higher secondary schools by the end of the Third Five-Year Plan. This performance has now to be viewed from an unfavourable angle owing to the recent trend of thinking about reorganization of school education in the light of recommendations of the Education Commission. The Education Commission has expressed the view that the idea of raising every secondary school to the higher secondary status should be abandoned. The Commission has recalled the recommendations of the University Education Commission of 1948 to the effect that students should not be admitted to the University until after completion of 12 years of study and that the first degree course should be of three years duration after this. The Education Commission has, further, suggested that the first 10 years of this 12-year duration should not attempt at any specialisation and that the present practice of starting separate streams of study from class IX onwards of higher secondary schools should be discontinued. If the Commission's recommendations are accepted, we shall have 10-year of general education in schools followed by further period of two years as a preparatory course before the commencement of the three-year degree courses in the University. These recommendations of the Education Commission were discussed in the Education Ministers' Conference at the end of April, 1967 and this Conference recommended that the educational structure in schools and colleges should have the following general pattern of successive stages:

(1) ten years of general education without any specialisation in schools to be designated as high schools;

(2) two years of preparatory education under specialised streams prior to the first degree course;

(3) two or three years of college education for the first degree, and

(4) two or three years of post-graduate education for the second degree.

In order to make education more purposive than at present it has been suggested that a programme of progressive vocationalisation of secondary education as a terminal course should be adopted. The next stage of two years in classes XI and XII intended to prepare the students for the commencement of the first degree course of University education might be provided in schools or in colleges or in separate junior colleges depending upon the conditions in each State, the States being given freedom to organize this state of education according to their respective needs and circumstances. The Education Commission has estimated that the higher secondary or the junior college classes may be organized in institutions numbering no more than a fourth of the total number of high schools in a State, an essential requirement being that the institutions should be large,

centrally located and equitably distributed between the urban and the rural areas. The Education Commission has suggested in this context that the status of all existing higher secondary schools be reviewed and where these are to small and uneconomic or of poor quality, they should be re-converted into high schools. The whole scheme of school education has to be reorganized in the light of these recommendations and this reorganization of school education will have its repercussion on college education as well. West Bengal takes specal pride in its pursuit of higher education. It is the fifth popular State in India after U.P., Bihar, Maharastra and the Andhra Pradesh. But enrolement in colleges and universities in West Bengal is the highest in India, being 4.6 per thousand of population, the figure for India as a whole being 2.7 per thousand. A part of this enrolement in colleges and universities, however, does not represent useful academic preparation for work in life. In the absence of adequate employment opportunities for young persons many of them are forced to go in for University education simply because they have nothing else to do. This aspect of the problem is not educational, but economic. Nothing that the Education Department can do will solve this problem and yet there is insistent pressure on public expenditure to provide for more and more colleges to meet the demands for higher education. In 1947-48 there were only 55 colleges and one University in West Bengal; the total enrolement of students in the under-graduate and post-graduate classes at that time was 38,000. The number of colleges has now risen to 181, the number of universities to seven and the number of students to well over 160,000. It is interesting to observe that the number of students in colleges and universities has increased more than four-fold over the last 20 years and that this rate of increase has been larger than in primary education, where the enrolement increased from 10.44 lakhs in 1947-48 to 41.17 lakhs in 1966-67, i.e., less than four-fold in spite of the Directive Principle of Article 45 of the Constitution of India. Surely, there is something wrong.

We have had three successive plans for educational development. The last of these Plans ended in March, 1966. We are supposed to be passing through the Fourth Plan period, one year of which was completed in March 1967 and we are now in the seond year. And yet the Fourth Five-Year Plan has not yet been finalised. We have, however, decided upon a reordering of priorities in the implementation of schemes for educational development and have assigned high priority to the following schemes:

(i) Expansion of primary education with a view to making it free and universal within the shortest possible time.

(ii) Imparting higher education through the medium of the regional language and production of necessary text-books and other literature for this purpose, and

(iii) Strengthening district level administration for the inspection and supervision of schools.

Any programme of educational development must carry with it an intensive and continuous effort to raise the economic, social and professional status of teachers in order to attract young men and women of ability to the teaching profession and to retain them in this profession as contended people. The provision of adequate remuneration, opportunities for professional advancement and favourable conditions of service and work must be ensured for this purpose. The U.G.C. has recommended common scales of pay for different categories of teachers in the universities and similar scales of pay for teachers in affiliated colleges. The Government of West Bengal has accepted these scales of pay and has taken steps to implement them.

The Education Commission has recommended certain natioinal minimum scales of pay for primary and secondary school teachers. The need for improving the salaries of the school teachers has become urgent, partly as a programme of educational development itself to attract more qualified persons to the teaching profession and partly because of the rise in the cost of living. The Commisision has recognized the fact that it will not be possible for the State Government to deal with this very significant problem quickly and adequately without Central assistance on a generous scale. The Education Ministers' conference held at New Delhi at the end of April 1967 recommended that Central assistance for this purpose should be made available in the proportion of 90:10 and that instead of the present practice of stopping such assistance by the Government of India at the end of a Plan period and throwing back the whole burden on the State Governments, thereafter Central assistance should be on a continuing long-term basis.

Meanwhile, pending further improvement of the scales of pay of primary and secondary school teachers with generous assistance from the Government of India, the State Government has been trying, within its own limited resources, to make whatever improvements it can to the emoluments of teachers and their conditions of service. An improved

[3—3-10 p.m.]

pension-scheme for school teachers, in addition to the existing contributory provident fund benefits, is being sanctioned together with a scheme for death gratuity to widows and children of deceased teachers. In view of the fact that this State is still unable to provide adequate training facilities to untrained teachers, the existing rules are being amended to give the benefit of annual increments to certain categories of untrained teachers in consideration of their age and experience

The primary objective of development plans is to lay the foundations on which a progressive and diversified economy can be built up. There are many competing claims for allocation of resources. Development of education is one of them. Among schemes for educational development again, the demands of balanced and itegrated development have to be carefully considered in allocating the total funds available. A detailed analysis of the Education budget for the current year will show the distribution of available funds among the different sectors of education; primiary, secondary, collegiate and University education, as also for technical education and other schemes for educational development. The proper test of development is not so much the amount of money we spend or provide in the budget, but its proper utilisation to public advantage.

I will not, Sir, even for a moment suggest that these provisions are sufficient for the necessary expansion and improvement of education which is rightly demanded by the people in our State. But we all realise that serious obstacles exist in the way of development of this State. Our resources are limited, and even those resources cannot be utilized as we like, since we have to function in all India context. Moreover,—and this is no less important—at the moment we do not have the necessary organisation for full utilisation of all available resources. I should have been happy if I could say that by the 31st March, 1968, we shall carry out most of the urgently necessary reforms and developments. But I cannot say this, I can only say that a beginning will be made and the beginning shall be firm.

Sir, this beginning is important. For where do we stand today? As in every other field in India today in the field of education too, we have corruption. disorder, wastage a massive discontent. We have a large number of instructions, of teachers and students, which together form what we call an educational system, but which in reality is a shapeless incoherent mass of fragments. We have some large and expensive buildings for a few fortunate ones, while most of our primary school in the villages try to do their work in shacks and ruined hutments. We have expensive institutes of technical education which fail to enable their students to be gainfully employed and return to society some part of the cost of their training. We have children fainting in schools for want of nourishment,—how can they buy books and equipment? We have teachers unpaid for months. We have rackets, scandalous rackets of profiteers in education. They corner text-books; they sell certificates; they sell likely questions in examinations; they misuse and misappropriate Government grants and public money; they use school funds and college funds for speculation and trade; they cheat students and teachers and people. We also have teachers who do not teach, students who do not study, administrators who do not administer as they should.

This gives a dismal picture. Is that all we have? No, Sir, we have certain other things. Among our people we have an urge for literacy, an increasing urge for education, a powerful feeling that things should be put right. We have a considerable number of teachers who want to teach, students who want to study and people who want our educational institutions to be run properly. There is a developing will for improvement and expansion. Along with these we now have a sense of expectation, a new hope, brought in by the political change that has come in the State. It would seem, Sir, that we now have an opportunity. We intend to make use of this opportunity. We intend to take steps against the prevailing disorder, corruption and wastage. We intend to break the profiteering and racket. We intend to enable our teachers to teach, our students to study and our educational institutions to run properly. We intend to ensure full democratic rights and liberties for our teachers, students and employees. We also intend, Sir, with sympathy and respect to attend to all rightful demands of teachers and employees in our educational institutions. We intend, with sympathy and affection to remove, at least, some of the major grievances of our students and youths. We want to take into confidence those who are concerned about education and obtain their help and co-operation. This budget, is for making a beginning in this direction.

With these words I would commend this Budget for the consideration of this House and move that a sum of Rs. 32,99,33,000 be granted to complete the sum necessary for expenditure under grant No. 19, Major Head: "28—Education", for the year 1967-68.

Mr. Speaker: All the cut motions are in order and they are taken as moved.

The motion of Shri Sachindra Mohan Nandy that the demand be reduced to Re. 1.

The motion of Shri Nityanda Bhuniya that the demand be reduco to Re. 1.

The motion of Shri Indrajit Roy that the demand be reduced to Re. 1.

The motion of Shri Amalendu Kunmar Bagchi that the demand be reduced to Re. 1.

The motion of Shri Ahmad Hossain Mondal that the demand be reduced to Re. 1.

The motion of Dr. Ranjit Ghosh Chowdhury that the demand be reduced to Re. 1.

The motion of Shri Byomkes Majumdar that the demand be reduced to Re. 1.

The motion of Shri Gopal Das Nag that the demand be reduced to Re. 1.

The motion of Shri Golokesh Bhattacharjee that the demand be reduced to Re. 1.

The motion of Shri Mihir Upadhyah that the demand be reduced to Re. 1.

The motion of Shri Satyanarayan Banerjee that the demand be reduced to Re. 1.

The motion of Shri Pijush Kanti Mukherjee that the demand be reduced to Re. 1.

The motion of Shri Paresh Chandra Goswami that the demand be reduced to Re. 1.

The motion of Shri Shamsuddin Ahmed that the demand be reduced to Re. 1.

The motion of Shri Rajani Kanta Doloi that the demand be reduced to Re. 1.

The motion of Shri Azizur Rahman that the demand be reduced to Re. 1.

The motion of Shri T. A. Nuran Nabi that the demand be reduced to Re. 1.

The motion of Shri Probhakar Pal that the demand be reduced to Re. 1.

The motion of Shri Pramatha Nath Dhibar that the demand be reduced to Re. 1.

The motion of Shri Trilokes Misra that the demand be reduced to Re. 1.

The motion of Shri Prasenjit Barman that the demand be reduced to Re. 1.

The motion of Shri Mrityunjoy Banerjee that the demand be reduced to Re. 1.

The motion of Shri Bholanath Brohmachari that the demand be reduced to Re. 1.

The motion Shri S. M. Abdullah that the demand be reduced to Re. 1.

The motion of Shri Puranjoy Pramanik that the demand be reduced to Re. 1.

The motion of Shrimati Abha Maiti that the demand be reduced to Re. 1.

The motion of Shri Narayan Chandra Chaudhury that the demand be reduced to Re. 1.

The motion of Shri Dashu Koran Murmu that the demand be reduced to Re. 1.

The motion of Shri Boila Murmu that the demand be reduced to Re. 1.

The motion of Shri Bankim Chandra Sasmal that the demand be reduced to Re. 1.

The motion of Shrimati Nurunnesa Sattar that the demand be reduced to Re. 1.

The motion of Shri Santosh Kumar Roy that the demand be reduced to Re. 1.

The motion of Shri Khagendra Nath Das Gupta that the demand be reduced to Re. 1.

The motion of Shri Abdus Sattar that the demand be reduced to Re. 1.

The motion of Shri Azizur Rahman that the demand be reduced by Rs. 100.

The motion of Shri Brindaban Chattapadhyay that the demand be reduced by Rs. 100.

The motion of Shri Narayan Chandra Chaudhury that the demand be reduced by Rs. 100.

The motion of Shri Puranjoy Pramanik that the demand be reduced by Rs. 100.

The motion of Shri Satyanarayan Banerjee that the demand be reduced by Rs. 100.

The motion of Dr. Gopika Ranjan Mitra that the demand be reduced by Rs. 100.

The motion of Shri Baidya Nath Banerjee that the demand be reduced by Rs. 100.

The motion of Shri Krishna Bahadur Gurung that the demand be reduced by Rs. 100.

The motion of Shri Prasenjit Barman that the demand be reduced by Rs. 100.

The motion of Shri Sankar Sen Ishore that the demand be reduced by Rs. 100.

The motion of Shri Mati Ranjan Tar that the demand be reduced by Rs. 100.

The motion of Shri Abdus Sattar that the demand be reduced by Rs. 100.

Dr. Sashi Bhusan Chaudhury: Mr. Speaker, Sir, I have listened with great interest to the budget speech of our Education Minister. I thank him very much for the very unfailing analysis he has made of the educational world. I also congratulate him on the very interesting observation he has made about the working of the educational system. Nevertheless, I would

like to offer some criticisms in opposing this budget. Sir, I will try in my own way to be very objective to my calculations and assessments and, I believe, the distinguished members of this House will also be no less objective in their assessment of the situation. I believe that all of us will bring a sense of judgment and our academic experience to bear upon the problems of education. It will be appreciated, Sir, and I believe that idea has also been highlighted by our Education Minister that our educational institutions are like so many power houses. Just as power stations generate energy with which we go on, our educational institutions also are supposed to generate knowledge, so that we may proposer and progress. Therefore, it should be bounden duty to keep the educational institutions at the optimum level of efficiency. Sir, while I refer to the question of efficiency, I must say a word about the progress that has already been made in the field of education in the past 20 years. I will not say that the progress that has been made is very remarkable in all sectors of our educational life.

Sir, I come to primary education. It is known that there were only 14 thousand schools in the year 1947, or thereabouts and now there are 37 thousand schools in the year 1966-67. The number of the students also has increased. If formerly there were only 14 lakh students in the primary schools, there are now 40 lakh students. We also know that the former Government had done much to clear the mess about the primary teaching arrangements. There was absolutely no such system and every village man, whether a homoeopath, or a man involved in any other occupation would just try to seek a subsidiary means of income from the teaching in the primary schools. But the whole mess was cleared by the former Government. C class teachers were disbanded and B class non-matriculates with considerable teaching experience were organised into a systematic service. A class matriculates were made to take a training course in primary teaching. In this way, I believe, a regular system was introduced in primary teaching by the former Government. And, meanwhile, they did much to make the teachers take a training course, and my figures tell me that there are 37 per cent. of primary teachers who were trained during

[3-10—3-20 p.m.]

this period. Their salary was correspondingly increased from Rs. 10 to Rs. 15, i.e., they will be getting about Rs. 100 by the year 1966-67. That is their arrangement that was made for primary teaching. There were 37 thousand schools. We can take it that there was one school per one square mile. I do not know whether it is correct but the former Government also took steps to bring the retarded regions of Bengal, particularly the Sundarbans, under primary education scheme. Sir, there should be some sort of one-teacher school or some sort of a travelling school as is prevalent in Scotland. It is quite clear that the progress in the field of primary education was considerable. It is perfectly revealing that we have made great strides in the field of education during these years. In the field of secondary education there were by the year 1967, 16 hundred schools. Then some were converted to higher secondary schools from high schools and the total number of students was also about eleven lakhs. So, there was also corresponding development and progress in the field of secondary education. The number of colleges, as the Education Minister has just now stated, was only 15 and the number rose to 111 by 1966-67. There were also a large number of universities. Five universities have been grown up in the meantime and in so far as vocatioinal and technological centres are concerned, we have got the IIT at Kharagpur, one regional engineering

college at Durgapur and another at Jalpaiguri. In all branches of learning and technology we have made great strides. This achievement compares favourably with the achievements of the other States in India and we could say that the percentage of literacy in Bengal stood very high but because of some territorial changes Bengal stood second. Otherwise the position of Bengal in the field of literacy was quite good.

Sir, the budget on Education started from Rs. 2 crores and it reached to Rs. 40 crores by 1965-66. This budget is really a budget to be patroned widely and in a way it contains the aims and aspirations of the people and seeds to future development, and from the speech of the Education Minister I am quite convinced that under the present Government the seeds will really be nursed into fruition. If we look to the budget we will find the difference. There were some other points; some criticisms were made in connection with certain revisions. I shall first of all start with primary education. Naturally, great emphasis has been laid on primary education. We are really very glad to learn that one of the very great emphasis that the present Government will give on education is the spread of primary education. This is really very very heartening. Unfortunately, I have certain suggestions to offer. It has been already stated that the student population in the primary stage is 40 lakhs. Now if you really work on the normative process, namely, if you really spend Rs. 30.00 per student then Rs. 30×40 lakhs, i.e., about Rs. 12 crores will be required. So just taking the normative ratio or the ratio that is used in other countries, which is a high ratio—Rs. 30 per student—a huge amount will be required. It will require about Rs. 12 crores but I find in the budget that there is a provision of Rs. 4 crores and nothing more than that. That I should say is a very big gap. The gap would be wider still if we really work on the ratio that is now observed between the teacher and the student. As a matter of fact, that is a very intriguing question. At the present time we have in our primary schools the ratio of one teacher to 40 students. But this ratio is too wide of the mark. In many advanced countries we know the ratio is much closer. For instance, in Japan it is one to 15 and in the United Kingdom it is one to 17. The point requires further clarification because it is only at the primary stage that we want that the teacher should come into closest contact with the students as that is the formative period in the life of the student. It is expected that the teacher by his example of courage of conviction and learning will make direct impact upon the mind of students. Everywhere interest is felt that most of the results of primary education will be wasted if we do not appoint larger number of teachers so that the ratio may be closer and come right up to one to 15 or one to 17 or something like that. Another thing that we shall have to remember is that we shall have to provide free primary education by the end of the Fourth Five-Year Plan and universal primary education by the year 1976. Therefore we take up the challenge. I am glad that the Government of West Bengal also are fully conscious of this particular important problem and they are doing their best to establish free compulsory primary education by 1976. But there are certain difficulties. The difficulties are that in the first place we shall have to increase the number of schools, secondly, we shall have to appoint a large number of teachers and thirdly, what is more important is that we should make special provision for the training course of primary teachers. That is a very important thing. Unless primary teachers are given a special training, they will not be able to discharge their duties to the best of their ability. Now, I shall just elaborate this point. So far as the training of the primary teachers is concerned, it is really a very important point. It is nothing less than delinquency on our part if we do not make extended provision for teaching of primary teachers.

That is a very important task today. We shall of course give increment in the shape of salaries or perhaps in the shape of D.A. I do not think it really touches the fringe of the problem. In the primary stage the problem is not one of consolidation. To my mind the problem at the primary stage is one of expansion. Therefore we must conserve every ounce of energy for the expansion of primary education. Now, there is another point which strikes me as somewhat very intriguing, if not intriguing, it is somewhat very knotty. I just want to place before our Education Minister the implications of this problem. With his experience of office and also with his wide reading he can throw some light on the problem. Of course the problem is quite well-known. My point is this that while we are subsidising our higher education rather very heavily, are we not giving massive subsidies to our higher education? My figure tells me that while educating a student at the under-graduate stage either in Arts or Commerce we spend Rs. 138 and while educating a student in the under-gratudate stage in Science and other vocational training we spend Rs. 167. But this has to be compared with what we spend to educate a student at the primary stage and that is only Rs. 113. That being so, it appears that for educating one student at the under-graduate stage we are perhaps sacrificing resources which are equivalent to educating 11 persons at the primary stage. So if, therefore, we are going to give heavy subsidies to higher education instead of revising the possibilities of primary education, that is a point which can be considered though it must be said, as the Hon'ble Education Minister has said, that there is increasing pressure on the demands of higher education. That is perfectly understandable. But at the same time we must see that while it is our duty to a boy to help him to take the benefit of higher education, it is equally our duty not to deny the fundamental right the birth right to every child of the soil to take the benefit of primary education.

[3-20—3-45 p.m.]

Herein lies the paradox. Of course funds may be made available and various measures may be adopted. I have already told you during three years on which I must concentrate our attention. Firstly, on the expansion of schools, secondly, on the appointment of teachers, thirdly, in closing up the ratio between the teachers and the students at the primary stage. But even so all these things perhaps will not be of any avail unless, however, we can think of reducing our expenditure at higher level and divert the money to the primary stage. It is in this way that we can take up the challenge that by 1976 we shall be able to introduce free primary education all over the State.

Now, Sir, with regard to secondary education I have already stated that the number is really on upgrading score—there are 1,600 upgraded secondary schools but 1,400 schools still remains to be upgraded. Of course budget provides for further revision because of the later grant that has been made —4 crores 68 lakhs or something like that. I do no know exactly how much amount would be spent for upgrading of these schools but this particular problem is again connected with what you have just now heard from Education Minister about reorganisation of the present education system. I think the proposals are still being discussed. Sir, we want to know whether the proposals are being implemented in this particular year. That we are going back to the old course that is, 10 years for schools, 2 years for the intermediate and 3 years for the honours, that is perfectly understandable and perhaps we who are in the Assembly will have no objection to accept this proposal. But I do not know how far the Minister of Education is prepared to implement this proposal. In any case, if this

amount is found to be quite inadequate perhaps it will be said that it is due to administrative bottlenecks, and then the entire scheme would fail because of certain difficulties and because of certain attitude here and there, Sir, we only wish that the fund is properly administered. Sir, if we call upon certain high power to administer this fund—some sort of Grant Commission at the State level which would be able to enquiry into the need of each and every school, about the laboratory facilities and all that, we can expect that the fund would be administered more effectively.

Now, with regard to the colleges, it has been said by our Education Minister that all these institutions lack in laboratory and other facilities and so, are not functioning properly and these institutions become the centre of corruption due to mismangement. Therefore, it is necessary that all these colleges should be brought under complete control of the administration by a more stricter process. I cannot really recommend what this process will be but I believe if we can establish some sort of arrangement for inspection in the colleges that may to some extent help in it. Now I have something to say about the University. Well, I want some time Sir, I do not know how much time I have been given.

Mr. Speaker: You have been given 19 minutes' time. If you want time I have no objection but somebody else's time will be cut. However, please speak.

Dr. Sashi Bhusan Chaudhury: Sir, with regard to the Universities I have something to say. In regard to the Secondary Education I have got to deal with some points. I have something to say also about the general education. With regard to the Secondary Education I have missed one point. We should have produced some Science-trained teachers for the Secondary Institutions. This is a very important point to which I want to draw the attention of the Education Minister. At the present moment there is really no such institutions which gives facilities for training teachers in Science and if we are careful about the improvement of education in the Secondary stage we must produce Science-trained teachers. In this connection I just like to draw your attention to a very important project that has been started by the Government of India. The Government of India has started a project, namely Institute of Science Education. Their idea is for the establishment of one Institute of this kind in every State. In West Bengal they selected University of Burdwan to be a centre of that institute. I must say that this Institute is really working very well and there is a very great demand on this particular institute. Its work is being guided by the competent teachers, but the Centre is really giving only Rs. 1,50,000 and nothing more than that. The objective of this institute is this that it must be developed by a technical line of the Education Directorate and further that it must undertake research in instrumentation and also it must produce laboratory fittings and appliances by indigenous materials, and I just say this is a very important thing. I draw the attention of the Hon'ble Minister to this very significant work which is being done at the Institute of Science Education I request him that he would just try to divert other funds for making this institute financially strong, and I hope that under his care and patronage this institute will develop into one of the very useful institutions of the whole of Bengal. Perhaps it is not known that we are really in dearth of Science teachers in the Secondary Schools. There are so many Secondary Schools but there is a dearth of Science-trained teachers and I think this difficulty will be removed. I draw the attention of the Government for the improvement of this particular institute

(At this stage the red light was lit.)

Mr. Speaker, Sir, if you want me to sit. I will sit down. Sir, I believe the time that has been given to me is quite inadequate and I cannot really deal with other points of criticism. Sir, if you want, I will sit down but, with your permission, I will resume my discussion after the recess.

Thank you, Sir.

(At this stage the House was adjourned for 15 minutes.)

[After adjournment]

[3-45—3-55 p.m.]

শ্রীমতী ইলা মিত্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষা খাতে আলোচনা করতে গিয়ে এই বিধানসভায় দাঁড়িয়ে আমি বারবার শুধু এই কথাটাই বলেছি যে শিক্ষাক্ষেত্রে, শিক্ষা ব্যবস্থায় বাংলাদেশে যে বিশৃঙ্খলা সেটা রিসোর্সের অভাব নয়, অভাবটা হচ্ছে দৃষ্টিভঙ্গীর। আমাদের যুক্তফ্রন্ট সরকার কার্যভার গ্রহণ করে প্রথমেই পুলিশ খাতে ব্যয় কমিয়ে শিক্ষাখাতে ব্যয় বাড়িয়ে শিক্ষক এবং অশিক্ষক কর্মচারীদের দুর্মূল্য মহার্ঘ ভাতা এক সঙ্গে অনেকখানি দিয়েছেন যেটা কখনও কংগ্রেস গভর্নমেন্ট করেননি এবং শুধু তাই নয় শিক্ষক এবং অশিক্ষক কর্মচারীদের সঙ্গে কোনরকম দর কষাকষি না করে, তাঁদের জেলে পাঠাবার ব্যবস্থা না করে, তাঁদের হাঙ্গার স্ট্রাইকের পথে না ঠেলে দিয়ে তাঁরা এই কাজ করেছেন। তাঁরা শিক্ষার ব্যাপারে কনসালটেশন কমিটি করেছেন যেখানে নির্মাল্য বাগচী থেকে আরম্ভ করে মহীতোষ রায় চৌধুরীর মত ব্যক্তিরা রয়েছেন যাঁরা শিক্ষার ব্যাপারে সরকারকে পরামর্শ দেবেন। এবং যেসমস্ত বকেয়া গ্রান্ট ইন এড ১৯৫২ সাল থেকে মাধ্যমিক স্কুলে বাকী পড়ে আছে সেগুলি এবং যেখানে শিক্ষকরা প্রায় ২ বছর যাবত মাইনে পাননি সেই সমস্ত স্কুলে সহায়ক অনুদান একযোগে দেবার সিদ্ধান্ত আমাদের সরকারপক্ষ থেকে ঘোষণা করা হয়েছে। আমাদের সরকারপক্ষ থেকে ঘোষণা করা হয়েছে প্রাইমারী এবং মাধ্যমিক স্কুলের শিক্ষকদের পেনসন দেওয়া হবে, ঘোষণা করা হয়েছে পরলোকগত শিক্ষকদের স্ত্রী এবং পুত্রদের গ্র্যাটিউটি দেওয়া হবে। এর থেকেই আমাদের সরকারের দৃষ্টিভঙ্গীর পরিচয় পাওয়া যায় এবং সেদিক থেকে আমাদের শিক্ষক সমাজ এই সরকারকে যে অভিনন্দন জানাবে এবিষয়ে কোন সন্দেহ নেই। আমরা এই কথা বলতে চাই এডুকেশন, ন্যাশনাল ইনভেস্টমেন্ট এই হচ্ছে আমাদের সরকারের শিক্ষা নীতি সম্পর্কে গাইড লাইন। ২০ বছর যাবত কংগ্রেসী শাসনে শিক্ষা ব্যবস্থায় কি উন্নতি হয়েছে? না নিরক্ষরতার ক্ষেত্রে সারা ভারতবর্ষে ১৯৫১ সাল থেকে ১৯৬১ সাল পর্যন্ত গড়ে যেখানে অক্ষর জ্ঞান সম্পন্ন ব্যক্তির সংখ্যা ১৬·৬ থেকে শতকরা ২৪ বেড়েছে সেখানে বাংলাদেশে শতকরা ৫ ভাগ মাত্র বেড়েছে। অথচ গত কংগ্রেস সরকার পাইলট প্রোজেক্টে নিরক্ষরতা দূরীকরণের নামে কোটি কোটি টাকা তাঁরা অপচয় করেছেন। যখনই দেখা যায় এডুকেশনের ব্যাপারে গোলমাল, কেলেঙ্কারী, বিশৃঙ্খলা, তখন কংগ্রেস নেতৃবৃন্দের পক্ষ থেকে বলা হয় এডুকেশন এক্সপ্লোশন হয়েছে সেইজন্য এই অবস্থা। এডুকেশন এক্সপ্লোশন বলছেন অথচ সারা ভারতবর্ষের যদি হিসাব দেওয়া যায় তাহলে দেখা যাবে যে সমস্ত ছেলেরা কলেজে যেতে পারে সেই বয়সের ছেলেরা শতকরা ১·৯ ভাগ মাত্র কলেজে যাওয়ার সুযোগ পায়। এই আমাদের শিক্ষা ব্যবস্থা। কাজেই এডুকেশন এক্সপ্লোশন এই সময় হাস্যকর ব্যাপার ছাড়া আর কি হতে পারে। শুধু তাই নয় রাশিয়া বিপ্লবের পরে এতবড় একটা গৃহযুদ্ধ মাথায় নিয়ে যেখানে কয়েক বছরের মধ্যে সমস্ত নিরক্ষরতা দূর করেছিলেন সরকার সেখানে আমাদের সরকার দেশের শাসন ভার ২০ বছর গ্রহণ করার পরেও বাংলাদেশে শতকরা ৭৬ ভাগ মানুষকে নিরক্ষর রেখে দিয়েছেন। শিক্ষার নামে এই কংগ্রেস সরকারই এইভাবে বাংলাদেশকে উপহাস করেছে। শুধু তাই নয়, আমাদের সংবিধানে বলা হয়েছে যে ৫ থেকে ১৪ বছর বয়সের ছেলেদের সার্বজনীন, বাধ্যতামূলক এবং অবৈতনিক শিক্ষা দেওয়া হবে। অথচ পঞ্চম শ্রেণী পর্যন্ত প্রাইমারী স্কুল আমাদের বাংলাদেশে অধিকাংশ ক্ষেত্রে নেই যা ভারতের অন্যান্য প্রদেশে রয়েছে। যেখানে ৩২,১৫৫টি বাংলাদেশে প্রাইমারি স্কুল আছ তার মধ্যে মাত্র ১,৮৬৩টি হচ্ছে পঞ্চম শ্রেণী পর্যন্ত। শুধু তাই নয়, বাংলাদেশের ১৪ হাজার গ্রামে এখনও পর্যন্ত একটিমাত্র প্রাইমারি স্কুল নেই। এবং আজকে যদি মাধ্যমিক শিক্ষার দিকে তাকান তাহলে দেখবেন যেখানে স্বাধীনতা লাভের পর বৃত্তিভিত্তিক শিক্ষা পরিকল্পনা জাতীয় শিক্ষা পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল যার ভিত্তিতে ছিল

বনিয়াদী শিক্ষা, এবং মাল্টিপারপাস স্কুল প্রভৃতি সেখানে কি বিশৃঙ্খলা, কি ব্যর্থতা। আমাদের দেশের কলেজ শিক্ষার দিকে তাকান সেখানেও দেখবেন পরীক্ষা বিভ্রাটের কি কেলেঙ্কারী। সবই গত সরকারের সৃষ্টি ব'লে আমি মনে করি। ১৯৫১ সালের কলিকাতা বিশ্ববিদ্যালয় আইন এবং কংগ্রেসের কেষ্ট-বিষ্টুদের দ্বারা সিনেট এবং সিন্ডিকেটের রচিত আইন দ্বারা এই পর্যন্ত বাংলা-দেশের শিক্ষাদান, পড়ান এবং পরীক্ষা পদ্ধতি সমস্ত কিছু ঘটছে। কাজেই এই যে পরীক্ষা কেলেঙ্কারী সেটা তারই ফলশ্রুতি। আমরা জানি পরীক্ষা গৃহে ছাত্ররা টেবিল, চেয়ার ভাঙ্গছে, পরীক্ষার্থীরা এক অংশ বেরিয়ে আসে এবং যারা পরীক্ষা দিতে চায় তাদের খাতাপত্র টেনে নেওয়া হয়। চূড়ান্ত বিশৃঙ্খলা। আমি বলতে চাই, এডুকেশন স্টেট সাবজেক্ট। স্টেটরই এডুকেশন পরিকল্পনা করতে হবে। একথা ঠিক যে আমরা যা করতে চাই, কেন্দ্রের কাছ থেকে সেই অনুরূপ সাহায্য আমরা পাব না। কিন্তু সর্বশক্তি দিয়ে, কেন্দ্রের কাছ থেকে প্রয়োজনীয় অর্থ আদায় করে নিয়ে শিক্ষা জগতে যে আজ অব্যবস্থা চলছে তা দূর করতে হবে। আমি মনে করি শিক্ষা ক্ষেত্রে এবং পরীক্ষার ক্ষেত্রে যে বিশৃঙ্খলা ঘটছে তার অন্যতম প্রধান কারণ মাতৃভাষার মাধ্যমে, শিক্ষা ব্যবস্থা, শিক্ষাদান পদ্ধতি বিশ্ববিদ্যালয় স্তর থেকে প্রাথমিক শিক্ষা পর্যন্ত আমাদের দেশে আজও হয় নি। তার ফল কি হচ্ছে? আমাদের দেশের কৃষক এবং শ্রমিকদের লক্ষ লক্ষ সন্তান সহ সর্ব সাধারণের কাছে উচ্চশিক্ষার দ্বার রুদ্ধ হয়ে আছে। আমাদের দেশেব বড় বড় মনিষী ছাড়াও রবীন্দ্রনাথ বারবার যুক্তি দিয়ে, আবেগ দিয়ে বলেছেন যে, আমাদের শিক্ষার মাধ্যম মাতৃভাষা হওয়া উচিত। সত্যেন বসু আজও বলছেন, মাতৃভাষায় আমাদের শিক্ষাদান, পরীক্ষা পদ্ধতি বিশ্ববিদ্যালয় স্তর থেকে প্রাথমিক শিক্ষা পর্যন্ত হওয়া উচিত। কিন্তু আমাদের দেশে এক ধরনের উচ্চ মধ্যবিত্ত ইংরাজী জানা মানুষ এটাকে স্বীকার করে নিতে পারছেন না। এবং তার মাশুল দিতে হচ্ছে, আমাদের দেশের লক্ষ লক্ষ গরীব মানুষকে। তাদের অপরাধ হচ্ছে, তারা ইংরাজী ফিরিঙ্গী শিখতে পারেনি। তাই কৃষকদের এবং শ্রমিকদের যে সরকার এবং বিপ্লবী শিক্ষামন্ত্রী তাঁর কাছে দাবী জানাতে চাই যে, তিনি এই বাজেট অধিবেশনে অবশ্যই ঘোষণা করবেন, ১৯৬৮ সালের মধ্যে বাংলা ভাষায় বিকল্প মাধ্যমিক বিশ্ববিদ্যালয়ে উচ্চতম স্তর থেকে প্রাথমিক শিক্ষা স্তর পর্যন্ত পরীক্ষা পড়ান, শেখান, বুঝান এবং প্রশ্নপত্র সমস্ত কিছু বাংলাদেশে বাংলা ভাষায় হবে। আমি আরও জানাতে চাই যে, শিক্ষামন্ত্রী ঘোষণা করবেন এই বাজেট অধিবেশনেই যে, আগামী পাঁচ বছরের মধ্যে শিক্ষা ক্ষেত্রে আমরা কি করতে চাই। তার মধ্যে প্রথম আমি বলব সংবিধানের নির্দেশ অনুযায়ী তিনি অবিলম্বে এই নীতি ঘোষণা করবেন যে ৫ থেকে ১৪ বছরের সমস্ত বালক বালিকাদের জন্য সার্বজনীন, বাধ্যতামূলক, অবৈতনিক শিক্ষাদান ব্যবস্থা কার্যকরী করা হবে এবং তার প্রথম ফেইজ হিসাবে আমি আশা করব তিনি ঘোষণা করবেন ১৯৬৮ সালের মধ্যে পঞ্চম শ্রেণী পর্যন্ত ফ্রি করে দেবেন। আমি আশা করব, যে সমস্ত স্কুলে চতুর্থ শ্রেণী আছে ১৯৬৭ সালের মধ্যে তিনি পঞ্চম শ্রেণীতে উন্নীত করবেন। আমি আরও আশা করব, গ্রামাঞ্চলের মেয়েদের অষ্টম শ্রেণী পর্যন্ত বাধ্যতামূলক অবৈতনিক শিক্ষাদানের যে রকম ব্যবস্থা আছে, শহরাঞ্চলের সেই ব্যবস্থা করা হবে। কারণ, মেয়েদের সম্পর্কে বিশেষ করে ভাবা উচিত। সর্বভারতীয় রিপোর্টে বেরিয়েছে যে, শতকরা ছেলেরা যেখানে ২৫ ভাগ পড়ে, সেখানে মেয়েদের সংখ্যা হচ্ছে শতকরা ১২ ভাগ। ৬ থেকে ১১ বছর পর্যন্ত সমান সংখ্যক বালক বালিকারা স্কুলে যায়। তারপর, ১১ বছর পর মেয়েদের স্কুলে যাওয়ার সংখ্যা হচ্ছে শতকরা ১৫ ভাগ অর্থাৎ ৮৫ ভাগই স্কুলে যেতে পারে না। কাজেই মেয়েদের পৈতৃক সম্পত্তির অধিকারী করলেই হবে না, তাদের গণতান্ত্রিক অধিকার পাবারও ব্যবস্থা করতে হবে। সেজন্য মেয়েদের শিক্ষার দিকে বিশেষ নজরের প্রয়োজন। তাছাড়া মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় লক্ষ্য করেছেন, যে, ভারতবর্ষের অন্যান্য অনেক প্রদেশে অষ্টম শ্রেণী পর্যন্ত ফ্রি হয়ে গিয়েছে। আমাদের শিক্ষামন্ত্রীর নিকটও এই দাবী আমি বিশেষভাবে রাখছি। এবং তার পরে আমি বলতে চাই যে কলকাতা বিশ্ববিদ্যালয় যেখানে রবীন্দ্রনাথ, বঙ্কিমচন্দ্র, জগদীশচন্দ্র, প্রফুল্লচন্দ্র জ্ঞান বিজ্ঞান সাধনার ভিত্তি রচনা করে গিয়েছিলেন সেই বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তারা আজ অকর্মন্য, অপদার্থ, গভীর কায়েমী স্বার্থের সঙ্গে জড়িত। তাই শিক্ষামন্ত্রীকে অনুরোধ করবো ১৯৬৬ সালের কলকাতা বিশ্ববিদ্যালয়ের যে আইন সেই আইনকে মডিফাই করে অবিলম্বে তিনি চালু করুন এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ের সমস্ত অব্যবস্থাকে দূর করবার জন্য তিন মাসের মধ্যে কলিকাতা বিশ্ববিদ্যালয়ে সমস্ত নির্বাচন যাতে সম্পন্ন হয় তার ব্যবস্থা করুন।

আমি শিক্ষামন্ত্রী এবং রাজ্যসরকারকে জানাতে চাই যে কলকাতা বিশ্ববিদ্যালয়ে যে পাপচক্র দিনের পর দিন কলকাতা বিশ্ববিদ্যালয়কে কেন্দ্র করে সৃষ্টি হচ্ছে সেই খবর কি আপনারা জানেন? আপনারা কি জানেন যে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ শ্রীঅনিল বন্দ্যোপাধ্যায় তিনি এক-দিকে কোষাধ্যক্ষ একদিকে আন্তর্জাতিক সম্পর্কীয় বিভাগের শতবার্ষিকী অধ্যাপক আর এক-দিকে তিনি কলা বিভাগের ডিন, আর একদিকে তিনি শিক্ষা বিভাগের ডিন। আইনজ্ঞ ব্যক্তিরা বলছেন যে এইভাবে তিনি চারটি পদ অধিকার করে রাখা গভীর বেআইনী কাজ। বাংলাদেশের শিক্ষা জগতের কেলেঙ্কারী আজকে সারা ভারতের দৃষ্টি আকর্ষণ করেছে। তাই আমি শিক্ষা বিভাগের মন্ত্রীর কাছে দাবী করবো যে কলকাতা বিশ্ববিদ্যালয়ে তিনি যদি একটা তদন্ত কমিশন বসান তাহলে সব বেরিয়ে যাবে—কি করে কলকাতা বিশ্ববিদ্যালয়ের বড় বড় অধিকর্তাদের ছেলে-মেয়েরা প্রশ্নপত্র আগে থেকে জানতে পারে—কি করে ঐ বড় বড় কর্তাদের পোষারা এবং ছেলে-মেয়েদের নম্বর অদৃশ্য রহস্যে বাড়তে বাড়তে অনেক বেড়ে যায় এবং কি করে ট্যাবুলেটার পেপার সেটাবরা মিলে কি কেলেঙ্কারী করে তা সব বেরিয়ে যাবে। সেই তদন্ত কমিশনের ঘোষণা এই বাজেট অধিবেশনে শিক্ষামন্ত্রীর কাছে আমি জানতে চাই এবং সর্বশেষে আমি একথা বলতে চাই যে শিক্ষা সমাজ নিরপেক্ষভাবে গড়ে ওঠে না। কাজেই বাংলাদেশের শিক্ষার প্রসার যদি আমরা করতে চাই তাহলে গ্রামীণ অর্থনৈতিক পুনর্গঠন প্রয়োজন। আজকে বাংলাদেশের গ্রামাঞ্চলে ক্ষেতমজুর ভাগচাষীদের কাছে শিক্ষা হচ্ছে একটা বিলাসিতা। কাজেই আজ শিক্ষার প্রশ্নে কৃষকদের স্বার্থের সঙ্গে গ্রামীণ অর্থনীতির পুনর্গঠন অঙ্গাঙ্গিভাবে প্রয়োজন। সেদিকে দৃষ্টি রেখে আমাদের শিক্ষামন্ত্রী শিক্ষা ব্যবস্থাকে ঢেলে সাজাবেন এই আশা আমি রাখি। ১৯ বছরের কংগ্রেসী দুঃশাসনের হাত থেকে যেভাবে বাংলাদেশের সাধারণ মানুষ বাংলাদেশের রাজনৈতিক জীবনকে রাহুমুক্ত করেছেন সেইভাবে বাংলাদেশের যুক্তফ্রন্ট সরকার সমস্ত মানুষের সহায়তায় কংগ্রেসীরা শিক্ষা জগতে যে জঞ্জাল সৃষ্টি করে গেছে সেই জঞ্জাল দু হাত দিয়ে সরিয়ে ফেলে শিক্ষার মানের উন্নতি এবং শিক্ষা ক্ষেত্রে যে বিশৃঙ্খলা আছে তা দূর করবে এই আশা এবং বিশ্বাস রেখে আমি শিক্ষামন্ত্রীর শিক্ষা বাজেটকে পরিপূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker: I shall look into the matter. You may rest assured that the thing will be attended to as quickly as possible.

[3-55—4-5 p.m.]

শ্রীত্রিলোকেশ মিশ্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে শিক্ষা খাতের ব্যয়-বরাদ্দ সম্বন্ধে কিছু আলোচনা করতে গিয়ে আমার প্রথমেই মনে পড়ে যায় বৃটিশ আমলের কথা। লর্ড কার্জনের সময় বৃটিশ সরকার চেয়েছিল যে আমাদের দেশে কোয়ালিটেটিভ ডেভেলপমেন্ট অব এডুকেসন হোক, আমাদের দেশের মানুষ চেয়েছিল কোয়ানটিটেটিভ ডেভেলপমেন্ট অব এডুকেসন। এক্সপ্যানসন অব এডুকেসন যথেষ্ট না হলেও স্কুল কলেজের সংখ্যা যথেষ্ট বৃদ্ধি পেয়েছে—অনেক আন্ডার ডেভেলপড জায়গা এখনও রয়েছে যেখানে স্কুল কলেজের দরকার আছে। কিন্তু সঙ্গে সঙ্গে আমাদের কোয়ালিটির কথা ভাবতে হবে। শিক্ষার যে স্ট্যান্ডার্ড যে কোয়ালিটি তা কোন স্তরে এসে দাঁড়িয়েছে সেটা প্রত্যেকটা মানুষ জানে এবং তার সংস্কার করতে গেলে নিম্নস্তর থেকে তা করতে হবে। প্রাথমিক শিক্ষা, মাধ্যমিক শিক্ষা, কলেজীয় শিক্ষা, বিশ্ববিদ্যালয় শিক্ষা প্রত্যেকের মধ্যে যোগসূত্র আছে, লোয়ার স্টেজে যদি আমরা তা সংস্কার করতে না পারি তাহলে হায়ার স্টেজের স্ট্যান্ডার্ড আমরা ভাল করতে পারবো না। তাই আজ প্রাথমিক শিক্ষা সংস্কারের জন্য আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় জোর দিয়েছেন তার উপর লক্ষ্য দিয়েছেন, খুব আনন্দের কথা—সেইজন্য তাঁকে ধন্যবাদ জানাই। প্রাথমিক শিক্ষার যে স্ট্যাগনেসন সেখানে যে অপচয় সেখানে যেভাবে ছেলেপিলেরা আমাদের মাধ্যমিক স্কুলে আসছে তার ফলে মাধ্যমিক স্তরে বিভ্রাট ঘটছে। প্রাথমিক স্তরে শিক্ষা প্রথমেই প্রয়োজন—দুঃখের কথা একটা উল্লেখ করবো—আমাদের মাননীয় শিক্ষামন্ত্রীকে কোন দলীয় নেতা হিসাবে তাঁর কাছে আবেদন করবো না। তিনি শিক্ষা মন্ত্রী সেই হিসাবে বলতে চাই যে গত ২৬এ জুন যে ঘটনা ঘটে গেছে যার জন্য আমরা সভাকক্ষ ত্যাগ করেছিলাম এবং যে অত্যাচারের বিরুদ্ধে আগামীকাল ধর্মঘট হচ্ছে এবং যে অত্যাচারের সুরাহার জন্য প্রাথমিক শিক্ষক সমিতি বিভিন্ন সংস্থার কাছে আবেদন

জানিয়েছেন, আজ তিনি শিক্ষক হিসাবে যদি মনে করেন শিক্ষকের প্রতি অত্যাচার তাঁর প্রতিও অত্যাচার—এই মনে করে তিনি যেন তার প্রতিবিধান করেন। তারপর এই সংস্কার করতে গিয়ে কোয়ালিটি বাড়াতে গিয়ে আমরা দেখেছি প্রতিটি মাধ্যমিক স্কুলের যে চিত্র রয়েছে একজন প্রধান শিক্ষক তাঁর সম্পূর্ণ স্বাধীনতা থাকে না এ্যাডমিসন প্রমোসনের দিক থেকে—বহু-রকম পরিবেশের চাপ সৃষ্টি হয় তাঁর উপর—তাঁকে সম্পূর্ণ স্বাধীনতা দেওয়া হয় না, প্রাথমিক স্তর থেকে যেসব ছেলেরা আসে তাদের লিবারালি ট্রিট করতে গিয়ে অ্যাডমিশন লিবারালি করতে গিয়ে শিক্ষার মান অনেক নীচু নেমে যায়। আজ যদি প্রত্যেকটি প্রাথমিক শিক্ষকের এই ধরনের স্বাধীনতা দেওয়া যায় এবং সেই স্বাধীনতা নিয়ে কাজ করতে গেলে যে ফাইন্যান্সিয়াল লস হয় যদি সেই ফাইন্যান্সিয়াল রেসপনসিবিলিটি সরকার নেন তাহলে আমার মনে হয় শিক্ষার উন্নতি হবে। তারপর টিচিং প্রফেসন অ্যাট্রাকটিভ নয়, সরকার ডি এ বৃদ্ধি করেছেন আনন্দের কথা, কিন্তু এটাই পার্মানেন্ট সলিউসন নয়, শিক্ষকদের বেতন বৃদ্ধির প্রয়োজন; প্রতিটি পঞ্চবার্ষিকী পরিকল্পনার প্রারম্ভে অন্তত শিক্ষকদের বেতনের কথা চিন্তা করা প্রয়োজন। চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় শিক্ষকদের বেতন বৃদ্ধি কিভাবে হবে তা শিক্ষামন্ত্রী মহাশয় বলেছেন। আমরা আশা করছি শিক্ষকদের বেতন বৃদ্ধি হবে—ডি এ-র যে সার্কুলার পেলাম তাতে টিচিং এবং নন-টিচিং-এর ক্ষেত্রে ডি এ বৃদ্ধি পেয়েছে। কিন্তু ক্লার্করা যা পেয়েছে তাতে তারা ক্লাস ফোরের চেয়েও নিম্নস্তরে পড়ে রয়েছে। এদিকে দৃষ্টি দিতে মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি। তারপর এসিসটেন্ট হেড মাস্টার, তাঁদের পূর্বতন যোগ্যতা বা যে অবস্থায় তাঁরা রয়েছেন সেই অবস্থায় থেকেও তাঁরা যেন নিউ পে স্কেলের সুযোগ পান। তাঁরা আগে থেকে এ্যাপয়েনটেড হয়েছেন। সবচেয়ে বড় কথা যে টিচারদের সোস্যাল স্ট্যাটাস ফিরিয়ে আনতে হবে। শিক্ষকরা বেতন বেশী পেল কি না বড় কথা নয়, একজন শিক্ষককে একজন সিভিল সার্ভেন্টের থেকে নিম্নস্তরে কেন দেখা হবে। শিক্ষকদের সোস্যাল স্ট্যাটাস They should be esteemed highly esteemed in the Society.

সেই মর্যাদা তাঁদের দিতে হবে। সেই মর্যাদা যদি শিক্ষকদের দেওয়া হয় তাহলে শিক্ষার মান উন্নত হতে পারে বলে আমি আশা করি। তারপর যেসব শিক্ষকরা ট্রেনিং নেবার সুযোগ পাচ্ছেন না—কলেজ না থাকার জন্য বা সিটের অভাবের জন্য সেই সব শিক্ষকদের কেন ফাইন্যান্সিয়াল লস হবে। যদি ট্রেন্ড টিচার না হন তাহলে তাঁদের ইনক্রিমেন্ট দেওয়া হয় না। আমি বলবো যদি কলেজের সংখ্যা বৃদ্ধি করা সম্ভব না হয় তাহলে যেসব শিক্ষকরা কনফার্মড হয়ে যায় দু বছর পরে তাঁদের বেতন বৃদ্ধির ব্যবস্থা করতে হবে। তার পর আমি বলবো পরীক্ষার পদ্ধতি পরিবর্তন করতে হবে—সেই সমস্ত ক্ষেত্রে নির্দিষ্ট বিষয়ে আলোচনা করার প্রয়োজন আছে।

[4-5—4-15 p.m.]

ক্লাশ ইউনিট যদি বেঁধে দেওয়া হয়, প্রাইমারি স্টেজে, সেকেন্ডারী স্টেজে, সেকেন্ডারী, হায়ার সেকেন্ডারী, প্রাইমারি স্টেজে যদি ক্লাশ ইউনিট বেঁধে দেওয়া হয় তাতে আমার মনে হয় ইনডিভিজুয়াল অ্যাটেনসন দেওয়া সম্ভব হবে। প্রাইভেট ইন্সটিটিউশনে অনেক দুর্নীতি থাকে সেটা যদি করতে না পারি কথা হচ্ছে ইন্সটিটিউশনাল বেসিস ট্রেনিং সেন্টার বাড়ানোর প্রয়োজন আছে যাতে শিক্ষকরা ইনডিভিডুয়াল এ্যাটেনসন দিতে পারে। এর পরে আমি স্কুলের আর্থিক অবস্থার দিকে আসছি। সেটা হচ্ছে স্কুলের ব্যক্তিগত সম্পত্তি স্কুলের সম্পত্তি ছাত্রদের বেতন এবং যে ঘাটতি আসছে তার পূরণ সরকারকে করতে হবে। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন যে গ্র্যান্ট ইন হ্যান্ড যাকে রেগুলারাইজ করতে না পারলে শিক্ষকদের উন্নতি হবে না। বেতন বৃদ্ধি করলে কি হবে ঠিক সময় মত টাকা যদি না আসে তাহলে শিক্ষকদের কি করে অভাব মিটবে। কথা হচ্ছে গ্রান্টস ইন এইড রেগুলারাইজ করবার জন্য কি ব্যবস্থা হয়েছে। আমি জানি ৩৫ পারসেন্ট সেকেন্ডারী সেকশন দেওয়া হয়েছে টোটাল স্ট্রেন্থ-এর ৩৫ পারসেন্ট এবং মালটিপারপাস স্কুলে ২৫ পারসেন্ট দেওয়া হয়েছে এর পরের পরিকল্পনা কি আছে জানতে চাই। এই গ্র্যান্টস ইন এইড সিসটেমে কি করে রেগুলারাইজ করা যায় ১৯৬২-৬৩ থেকে যে এরিয়ার গ্র্যান্টস পড়ে আছে তা আমরা পাব আশা করছি। কিন্তু সেগুলি কি করে পাব এরিয়ার গ্র্যান্টস যে সমস্ত শিক্ষক আছেন তারা এরিয়ার গ্র্যান্ট দাবী করছে। আমরা কবে পেতে পারি

তার ভরসা পেতে চাই। তারপর বিশেষ করে বলতে চাই বিভিন্ন হেডসএ আগে যেমন প্রাইমারি টিচার-এর গ্র্যান্ট, হোস্টেল সুপারিন্টেন্ডেন্টস এলাউন্স বিভিন্ন হেড-এ যে টাকা আছে তাতে দেখা যায় যে সেক্ষেত্রে এরিয়ার থেকে যায় কারণ টাকা দিয়ে এরিয়ার পূরণ করা হয় আবার এরিয়ার হয়ে যায়। সেটা পূরণ করা হচ্ছে না। তাই আমি বলি একটা নূতন সাজেশান যে সমস্ত হেডসএ টাকা একই সময়ে স্কুল থেকে বাজেট চেয়ে, এই খাতে সমস্ত গ্র্যান্টসকে ঢুকিয়ে বাজেটকে শো করা হয় আমরা জানি তা করলে অনেক ঝামেলা মিটে যেতে পারে। এবং শুধু গ্র্যান্ট হেড নয় মেমো এ আজ ১৯৬৩-৬৪ টু ১৯৬৬-৬৭ আমরা মেমো পাচ্ছি না মেমো পেলে হচ্ছে কি কোন খাতে কত টাকা খরচ করবো, কোন খাতে কত টাকা বরাদ্দ করবো যে ইনক্রিমেন্ট পাবে কিনা। এসব না জানার জন্য স্কুল অথরিটির ভীষণ অসুবিধা হচ্ছে। মনে করি এক সঙ্গে এত মেমো যেন এক সঙ্গে ছাড়া হয় তার ব্যবস্থা করেন। তারপর সবচেয়ে কথা হচ্ছে অনেক স্কুলকে স্কীম স্যাংসনড করা হয়েছে, রেকগনাইজড করা হয়েছে উইদাউট স্যাঙ্কশনিং এনি টিচার অ্যান্ড প্রোভাইডিং এনি গ্র্যান্টস সেক্ষেত্রে হচ্ছে কি সায়েন্স টিচারদের এ্যালাউ করা হয়েছে যদি স্কীম টেন্ডার না থাকে, ল্যাবরেটরী না থাকে তা হলে ল্যাবরেটরীতে প্র্যাকটিক্যাল পরীক্ষা দেবে কি করে। সেজন্য নূতন শিক্ষামন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি সেদিকে যেন দৃষ্টি রাখেন। তারপর কথা হচ্ছে ছাত্রদের ইনডিসিপ্লিন, আমাদের শিক্ষার উদ্দেশ্য হচ্ছে ভাল তৈরী করা। ছাত্রকে যদি তা না করতে পারলাম তাহলে আমাদের এডুকেশন বাজেট সব দিক থেকে ব্যর্থ হয়ে যাবে। এরূপ বহুরকম ফ্যাকটরস আছে। সমস্ত আলোচনা করা সম্ভব নয়, আমি মনে করি স্টুডেন্টসদের পলিটিকস করা উচিত নয় কারণ হায়ার স্টেজে ইউনির্ভাসিটিতে সেখানে ছাত্ররা পরিপক্ক বয়স ও মস্তিষ্ক সেখানে আলোচনা করা সম্ভব হতে পারে। কিন্তু ছেলেদের পলিটিকস করা উচিত নয়। কিছুদিন আগে প্রেসিডেন্সী কলেজে যে ঘটনা ঘটে গেছে যেভাবে কলেজ নষ্ট হয়েছে আমাদের ছাত্ররা সুশৃংখল তারা খারাপ নয়, তাদের পিছনে পলিটিক্যাল লীডারদের ইন্ধন থাকে তার ফলে পলিটিকসএ এগিয়ে যায়। আমি বলবো আমাদের শুধু ভাল ছাত্র দরকার নয় উন্নত চরিত্র ছাত্রের দরকার। বিবেকানন্দ বলেছিলেন..... ....

আমি চাই মনের দিক দিয়ে উন্নত, চরিত্র উন্নত ছাত্র দরকার তা না হলে চলবে না। এদিকে লক্ষ্য রাখা দরকার। সবশেষে একটা কথা দুঃখের সঙ্গে বলবো মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করছি তিনি যে কন্সালটেটিভ কমিটি করেছেন আমরাও চাই ....

কারণ দেখা যাচ্ছে অনেক রেকগনাইজড শিক্ষা প্রতিষ্ঠান স্থান পায়নি ওয়েস্ট বেঙ্গল হেড মাস্টারস্ এ্যাসোসিয়েসন যে ওয়েস্ট বেঙ্গল টিচারর্স এ্যাসোসিয়েসন থেকে কোন রিপ্রেজেনটেসন নেই, এটা রেকগনাইজ তারপর দেখা যাচ্ছে পাওয়ার অফ নমিনেশন এবং প্রাইমারি স্টেজএ দেখা যাচ্ছে পাওয়ার অফ নমিনেশন তার মধ্যে দুটা সংস্থাকে দেওয়া হয়েছে। কিন্তু মাধ্যমিক স্তরে এ বি টি এ-কে পাওয়ার অফ নমিনেশন দেওয়া হয়েছে এবং সর্বশেষে দেখতে পাচ্ছি এ বি টি এ-এর মেম্বার দাঁড়াচ্ছেন ৭ জন। ৭টা নমিনেটেড মেম্বার একজন প্রেসিডেন্ট, একজন সেক্রেটারী এবং এম এল সি, দেখা গেছে কনসালটেটিভ কমিটি এ বি টি এ-এর হয়ে যাচ্ছে। শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাবো এটা যাতে সংস্কার করা যায় তিনি তা দেখবেন। এর মধ্যে যেন পলিটিক্যাল মোটিভ না থাকে এবং পলসিটা কি তাও আমি জানাতে চাই। যদি পলিটিক্স থেকে দূরে রেখে না করতে পারি, কন্সালটেটিভ কমিটি করে সে বিষয়ে সাকসেসফুল হতে পারবো না। তারপর সর্বশেষে বলতে চাই, আমাদের এডুকেশন আইডিয়োলজি যেটা স্কুলে আমরা বলি যারা খুব বেশী হৈচৈ করে যারা গন্ডগোল করে তাদের দায়িত্ব চাপিয়ে তা বন্ধ করবার চেষ্টা করি। ওদিকে যারা আছেন তারা ২০ বৎসর হৈচৈ করেছেন তাই এই দায়িত্ব পেয়েছেন, শান্ত ভদ্র হবেন সেদিকে সাইকোলজি ফেল করছে দেখা যাচ্ছে যে হৈচৈ ভাব অনেকের মধ্যে থেকে গেছে।

শ্রীসাধন চক্রবর্তী: মাননীয় স্পীকার, স্যার, আজকে এই সভায় শিক্ষামন্ত্রী যে ব্যয়বরাদ্দের হিসাব রেখেছেন আমি সে ব্যয়বরাদ্দ সমর্থন করছি এ কারণে যে, আমি মনে করি যে এই প্রথম সরকার বর্তমান শিক্ষা জগতের গুরুদায়িত্ব সম্বন্ধে সচেতন হয়েছেন। ১ কোটি ৯৩ লক্ষ টাকা শিক্ষা খাতে যে অতিরিক্ত মঞ্জুর করা হয়েছে সেটা বর্তমানে শিক্ষা জগতে যে সমস্যা সে সমস্যা সমাধানের পক্ষে পর্যাপ্ত নয়। তবুও আমি মনে করি ১ কোটি ৯৩ লক্ষ টাকা বেশী ব্যয় করে সরকার যে নূতন দৃষ্টিভঙ্গী এর মাধ্যমে দেখিয়েছেন তাতে ডি এ, পেনসন ইত্যাদিগুলি সরকারের কাছ থেকে আদায় করার জন্য ইতিপূর্বে আমাদের অনেককে আন্দোলন করতে হয়েছিল সেটা

এই যুক্তফ্রন্ট সরকার আমাদের আন্দোলন করবার পূর্বেই ঘোষণা করেছেন এবং ১ কোটি ৯৩ লক্ষ টাকা যে অতিরিক্ত আরো বেশী ব্যয় করা হবে বলে ঘোষণা করেছেন তার জন্য তাঁরা অভিনন্দন যোগ্য। আপনি জানেন বর্তমান শিক্ষা জগতে যে সমস্যা সেটা অত্যন্ত গুরুতর এবং কত গভীর। গত ২০ বৎসর কংগ্রেস সরকার শিক্ষা জগতে এমন অবস্থার সৃষ্টি করেছিলেন যার ফলে শিক্ষার সর্বস্তরে একটা সঙ্কট নেমে এসেছে। বর্তমান শিক্ষা পদ্ধতি সম্পূর্ণভাবে অবৈজ্ঞানিক এবং অবাস্তব। মাতৃভাষায় শিক্ষা দেওয়া কংগ্রেস সরকারের যে প্রাথমিক কর্তব্য ছিল সেটা তাঁরা পালন করেন নি। সুতরাং এর চেয়ে লজ্জার কারণ কিছু নেই। এত কাল ধরে সভা-সমিতি বক্তৃতার মঞ্চ থেকে শিক্ষকের প্রতি সম্মান প্রদর্শন করে বলা হয়েছে এরা আচার্য কিন্তু বাস্তবক্ষেত্রে এ'দের চেয়ে সমাজের অবহেলিত আর কেউ নেই। কংগ্রেস সরকার শিক্ষার জন্য লক্ষ লক্ষ টাকা ব্যয় করে বিরাট বিরাট বিদ্যালয় প্রাসাদ নির্মাণ করেছেন এবং সরকারের উচ্চপদে যাঁরা রয়েছেন তাদের জন্য বিভিন্ন রকমের বন্দোবস্ত করেছেন, কিন্তু গ্রামের গরীব নিম্নমধ্যবিত্তদের সন্তানরা যে বিদ্যালয়ে যায় সে বিদ্যালয়কে যথাযথ সাহায্য দানের সুযোগ তাঁরা দেন নি।

[4-15—4-25 p.m.]

সুতরাং এই অবস্থার মধ্যে এটা হয়েছে। এর কারণ হল কংগ্রেস সরকারের শিক্ষা সম্পর্কে মূল দৃষ্টিভঙ্গী ছিল অন্য রকমের। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে আমাদের প্রথম যে শিক্ষা ব্যবস্থা ছিল সেটা হচ্ছে থ্রি টায়ার সিস্টেম। প্রথমে প্রাইমারী, তারপরে মাধ্যমিক এবং তারপরে কলেজীয় শিক্ষা। গুরুত্বের দিক থেকে এবং জাতি গঠনের দিক থেকে যদি বিচার করে দেখা হয় তাহলে নিঃসন্দেহে স্বীকার করতে হবে প্রাথমিক শিক্ষার গুরুত্ব সর্বাধিক বেশী এবং তারপরে হচ্ছে মাধ্যমিক, আর শেষে হচ্ছে কলেজীয় বা উচ্চ শিক্ষা। কিন্তু এই ২০ বছরে কংগ্রেস সরকার গুরুত্ব দিয়েছেন ঠিক উলটো ভাবে। তাঁরা প্রথমে গুরুত্ব দিয়েছেন উচ্চ শিক্ষার উপর, তারপরে মাধ্যমিক শিক্ষার উপর এবং সব শেষে প্রাথমিক শিক্ষার উপর গুরুত্ব দিয়েছেন। কাজেই এই দৃষ্টিভঙ্গীর জন্যই আজকে সমস্ত শিক্ষাজগতে বিপর্যয় এসেছে। যার জন্য আপনারা দেখেছেন যে ২০ বছর পরেও প্রাথমিক শিক্ষা অবৈতনিক বাধ্যতামূলক হয় নি, যদিও সংবিধানে ১০ বছরের মধ্যে সেই কাজ করবার কথা ছিল। আপনি জানেন স্যার, ইউনিফর্ম পে স্কেল গোটা ভারতবর্ষের কোন জায়গায় আজ পর্যন্ত হয় নি, যদিও শিক্ষা প্রতিষ্ঠানের তরফ থেকে আমরা বার বার দাবী করে এসেছি এবং এডুকেশান কমিশনের কাছে দাবী করা হয়েছিল যে ১,২০০ টাকা পর্যন্ত বাৎসরিক মাইনে যাঁরা পান তাঁদের সন্তানদের বিনা পয়সার শিক্ষাদানের ব্যবস্থা করা হোক। কিন্তু সে জিনিস আজও করা হয় নি। আমরা জানি বর্তমানে যুক্তফ্রন্ট সরকারের পক্ষে এই সমস্যার সমাধান করা সম্ভবপর নয়। কাজেই এর জন্য কেন্দ্রীয় সরকারের আরো বেশী অর্থ দেওয়ার প্রয়োজনীয়তা আছে। সেই জন্য আমরা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের তরফ থেকে দাবী করেছিলাম যে অন্তত পক্ষে ১০ পার্সেণ্ট অফ দি সেণ্ট্রাল বাজেট ব্যয় করতে হবে এবং ২০ পার্সেন্ট অফ দি স্টেট বাজেট ব্যয় করতে হবে শিক্ষা খাতে। এইসব না হওয়ার জন্যই আজকে শিক্ষা জগতে বিপর্যয় দেখা দিয়েছে। স্যার, আপনি আমাকে যে সময় দিয়েছেন সেই সময়ের মধ্যে বিস্তারিত আলোচনা করা সম্ভব হবে না। কাজেই মূলে যে সমস্যাগুলি আছে অনেক ক্ষেত্রে সেইগুলিকে শিক্ষামন্ত্রী মহাশয় দূর করতে পারবেন বলে আমরা মনে করি। এর পরে স্যার, আমি আর একটি ব্যাপারে মাননীয় শিক্ষামন্ত্রিমহাশয়ের দৃষ্টি আপনার মাধ্যমে আকর্ষণ করতে চাই। সেটা হচ্ছে সেকেন্ডারী এডুকেশানে রেগুলার ডিসবার্সমেন্টের প্রশ্ন। সেই রেগুলার ডিসবার্সমেন্টের পদ্ধতিতে অনেক পরে গ্র্যান্ট আসে। কিন্তু যদি প্রিভিয়াস ইয়ার গ্র্যান্টের ভিত্তিতে অ্যাডভান্স গ্র্যান্ট দেওয়া হয় এবং বছরের শেষে যদি অ্যাডজাস্টমেন্ট হয় তাহলে যে ৭০ ভাগ শিক্ষক মাসে মাইনে পান না তাদের অসুবিধা হতে পারে না বলে আমার মনে হয়। সেই জন্য আমরা দাবী করবো যে অবিলম্বে অ্যাডভান্স গ্র্যান্ট দেওয়ার পদ্ধতি চালু করা হোক এবং সেটা বছরের শেষে অ্যাডজাস্টমেন্ট করার ব্যবস্থা করা হোক। আপনারা জানেন যে গ্র্যান্ট ইন এড মেমো ডি পি আই-এর হাতে পাঠাবার পর থেকে আজ পর্যন্ত গ্র্যান্ট ইন এড মেমো স্কুলে দেওয়া হয় নি। যার ফলে কোন স্কুলের পক্ষেই বুঝে ওঠা সম্ভবপর হচ্ছে না যে তাদের কতটা পাওনা আছে এবং সরকার বেশী দিলেন কি কম দিলেন সেটা বুঝতে পারছে না। কাজেই

এটা অবিলম্বে চালু করা দরকার। আপনারা সকলেই জানেন যে আজকাল শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে নানারকম ম্যালপ্র্যাকটিস, প্রফিট মেকিং বিজনেস ইত্যাদি জিনিস চলেছে। আমরা জানি বড়বাজারের অনেক স্কুলে প্রফিট মেকিং বিজনেস চলেছে। কাজেই সেগুলি অবিলম্বে বন্ধ হওয়া দরকার। যেসমস্ত স্কুলে স্পেশাল কনস্টিটিউসন করা হয়েছে, সেগুলিকে বন্ধ করা প্রয়োজন এই জন্য যে, সেসমস্ত শিক্ষাপ্রতিষ্ঠানগুলির আর্থিক দায় দায়িত্ব সরকারের হাতে। কাজেই সরকার যদি হাত দেয় তাহলে সেখানে স্পেশাল কনস্টিটিউসন থাকবে কেন? এই স্পেশাল কনস্টিটিউশন থাকার মানে হচ্ছে মুষ্টিমেয় কিছু লোকের স্বার্থকে সেখানে কার্যকরী করা এবং এই মুষ্টিমেয় গোষ্ঠী তারা নিজেদের স্বার্থ রক্ষা করবার জন্য অকথ্য অত্যাচার সমস্ত শিক্ষকদের মধ্যে করে চলেছেন এবং আর্থিক ব্যাপারে ও অন্যান্য নানারকম ব্যাপারে যে কাজ করেন সেগুলি মোটেই সমর্থনযোগ্য নয়। কাজেই আর্থিক দায়দায়িত্ব যখন সরকারের তখন অবিলম্বে একই রকম ম্যানেজিং কমিটি, কনস্টিটিউসন করে সমস্ত বাংলাদেশেই এটা চালু করা প্রয়োজন এবং স্পেশাল কনস্টিটিউসন প্রোগ্রামকে বাতিল করার দাবী জানাচ্ছি। এবারে আমি পেনসান সম্পর্কে কিছু বলতে চাই। শিক্ষকদের জন্য যে পেনসান দেওয়া হয়েছে সেই সারকুলারের মধ্যে স্কুল স্টাফ, কলেজের কর্মচারী এবং অন্যান্য যেসমস্ত স্টাফ আছেন, তাঁদের নাম উল্লেখ নেই। আমি মনে করি তাঁদেরও অবিলম্বে পেনসান স্কীমের অন্তর্ভুক্ত করা উচিত। এর পরে স্যার, আমি সিকিউরিটি অফ সারভিস সম্বন্ধে কিছু বলতে চাই। আমাদের শিক্ষকদের সিকিউরিটি অফ সার্ভিস বলে কিছু নেই। এটার জন্য আমরা শিক্ষা প্রতিষ্ঠানের তরফ থেকে এবং এ বি টি-এর তরফ থেকে বার বার দাবী জানিয়ে এসেছি। কোন শিক্ষককে যদি ডিসমিস করতে হয় তাহলে শিক্ষাদপ্তরের কাছ থেকে আগে থেকে পারমিশন নিয়ে তবে করতে হবে, এই দাবী আমরা করছি। কারণ এটা না থাকার জন্য বেআইনীভাবে শিক্ষকদের ডিসমিস করা হয়। এটা যাতে বন্ধ করা হয় সেদিকে আমি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই ২০ বছরের মধ্যে অনেক শিক্ষককে বেআইনীভাবে বিতাড়িত করা হয়েছে। কাজেই যাঁদের বিতাড়িত করা হয়েছে তাঁদের অবিলম্বে আবার পুনর্বহাল করা উচিত, এই হচ্ছে আমার দাবী। এর পরে স্যার, প্রাইমারী এডুকেশানের ব্যাপারে আমি আর ২-১টি কথা বলে আমার বক্তব্য শেষ করছি। প্রাইমারী শিক্ষকদের আজ পর্যন্ত কোন লিভ রুলের ব্যবস্থা নেই। স্যার, আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে ২০ বছরের মধ্যে প্রাইমারী শিক্ষকদের জন্য কোন লিভ রুলের ব্যবস্থা হয় নি। সেই জন্য স্যার, আমি অবিলম্বে লিভ রুল চালু করবার জন্য মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এর পরে আমি প্রভিডেন্ট ফান্ড সম্পর্কে কিছু বলছি। প্রাইভেট প্রাইমারী স্কুল যেগুলি ছিল সেগুলি এখন গভর্নমেন্ট এডেড এবং সেখানে এখন গভর্নমেন্ট এড দিচ্ছেন। সেখানকার শিক্ষকদের গভর্নমেন্ট টাকা দিচ্ছেন অথচ তাঁদের প্রভিডেন্ট ফান্ড কাটা হয় নি। এইভাবে অনেক প্রাইমারী শিক্ষক প্রভিডেন্ট ফান্ড থেকে বঞ্চিত হচ্ছেন। সেই জন্য আমি এই দিকে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে, আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবঙ্কিমচন্দ্র শাসমল: মাননীয় স্পীকার মহাশয়, আজকে প্রথমেই শিক্ষা বাজেটের উপর বলতে গিয়ে প্রথমেই শিক্ষামন্ত্রীকে ধন্যবাদ জানাই। তিনি প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষক এবং সর্বস্তরের শিক্ষা কর্মীদের যে ডি এ বাড়িয়ে দিয়েছেন সেটা অত্যন্ত আনন্দের কথা। কিন্তু এটাই শেষ নয়। এটা একটা সাময়িক। মূল্য বৃদ্ধিটা এই প্রকল্পে যদিও গ্রহণীয় কিন্তু প্রত্যেক পঞ্চবার্ষিক পরিকল্পনায় আমরা দেখেছি যে শিক্ষকদের বেতনের স্কেল বাড়ানো হয়েছে সর্বস্তরে বিশেষ করে মাধ্যমিক ও প্রাথমিক স্তরের শিক্ষকদের যাঁরা কম বেতন পান। চতুর্থ পরিকল্পনার সময় তাঁদের মাইনে কিছু বাড়িয়ে দেবেন এই প্রতিশ্রুতি তাঁর কাছ থেকে পেতে চাই। কারণ যে টাকা সেকেন্ডারী এডুকেশনের জন্য অতিরিক্ত ধরা হয়েছে তার মধ্যে পেছনের যে গ্র্যান্ট ইন এড বাকি রয়েছে সেইগুলো দেওয়ার পর মাঝে মাঝে শিক্ষকদের বেতন বৃদ্ধির সুযোগ কিছু পাওয়া যাবে, আমার মনে হয় বাজেটের মধ্যে সেই টাকা সঙ্কুলান হবে না। অনেকেই অনেক কথা বলেছেন শিক্ষার ব্যাপর নিয়ে এবং বিশেষ করে অনেক মাননীয় সদস্য রাজনীতির আমদানী করেছেন আমি সেদিক দিয়ে যেতে চাই না। আমি শুধু বলবো যে শিক্ষামন্ত্রী যে এখানে বক্তব্য রেখেছেন তাতে রয়েছে আদর্শবাদির দৃষ্টিভঙ্গী এবং সেই হিসাবে আশা করব তিনি রাজনীতিতে হ্যান্ডস অফ এডুকেশন করুন এবং যেটা আমরা বরাবর কংগ্রেসী শাসনের সময়ও আমরা শিক্ষক সমিতির থেকে

বিভিন্ন আন্দোলনে এবং বিভিন্ন জায়গায় বলে এসেছি এবং হেডমাস্টার্স অ্যাসোসিয়েশন আন্দোলন করে এসেছেন যে সমস্ত শিক্ষা বিভাগ থেকে রাজনীতি তুলে দেওয়া হোক, কিন্তু ছাত্রেরা রাজনীতি শিখুন, কিন্তু অনেক শিক্ষকদের দেখা যায় যে তাঁরা রাজনীতি শিক্ষা দিচ্ছেন এবং রাজনৈতিক শোভাযাত্রা পরিচালনা করছেন। মাননীয় শিক্ষামন্ত্রী আমাদের এই ভরসা দিন যে এইভাবে ছাত্রদের মনকে ডিসট্রাক্ট করে দেওয়া হবে না এবং শুধুমাত্র অধ্যয়নটাকেই ছাত্রেরা ধ্যান তপস্যা জ্ঞান করবেন আমাদের যাঁরা এলডার্স আইনসভায় আছেন, তাঁদের হাতে দেশের সমস্যার ভার ছেড়ে দেওয়া হোক, অপরিণতবুদ্ধি ছাত্রদের মাথায় সেই বুদ্ধি ঢোকানো উচিত নয়। আমি আর একটা জিনিস বলতে চাই যে, ফিজিক্যাল ট্রেনিং-এর বিষয়ে বাজেটের মধ্যে কোন প্রভিশন নেই। শরীর এবং মনের মধ্যে একটা একান্ত যোগ রয়েছে সেই জন্য বিশেষ করে ফিজিক্যাল এডুকেশনের জন্য প্রত্যেকটি শিক্ষককে বাধ্যতামূলকভাবে ফিজিক্যাল ট্রেনিং নিয়ে রাখতে হবে এবং প্রত্যেকটি স্কুলে যাতে গ্রাউন্ড হয় উন্নত ধরনের সেই জন্য সস্তায় বা বিনা মূল্যে স্কুলগুলিকে গ্রাউন্ড অ্যাকোয়ার করে দেওয়ার প্রয়োজন আছে বলে আমি মনে করি। আশা করি মাননীয় শিক্ষা মন্ত্রিমহাশয় এইদিকে দৃষ্টি দেবেন। বিল্ডিং গ্র্যান্ট সম্বন্ধে বলতে চাই যে ১৯৬৪ সালে যখন এমার্জেন্সি ডিক্লেয়ার করা হলো তখন থেকে বিল্ডিং গ্র্যান্ট বন্ধ করে দেওয়া হয়েছে, সায়েন্স গ্র্যাণ্ট বন্ধ করে দেওয়া হয়েছে, একজন মাননীয় সদস্য এই বিষয়ে উল্লেখ করেছেন আমি বলবো যে সাধারণ মানুষ দ্রব্যমূল্য বৃদ্ধির জন্য এত বিব্রত হয়ে পড়েছেন যে যারা গ্রামের মানুষ বা যরা যে কোন জায়গায় যাঁরা বিদ্যালয় করেছেন তাদের নিজেদের বিল্ডিং করার জন্য বিশেষ টাকা দেওয়ার মত যোগ্যতা নেই, তাই আজকে সরকারকে এইদিকে বিশেষভাবে এগিয়ে আসতে হবে। মিড-ডে টিফিন সম্বন্ধে বলছি যে মিড-ডে টিফিন কোন কোন স্কুলে চালু করা হয়েছে। যে সব স্কুলে চালু হয়েছে—ভাল ভাল স্কুলে—সেখানে অভিভাবকতা টাকাপয়সা দিতে পারে। যে এলাকায় গরীব লোকের বাস সেখানকার স্কুলে যাতে ছেলেরা বিনা পয়সায় পড়তে পারে তার ব্যবস্থা অবলম্বনের জন্য আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[4-25—4-35 p.m.]

তারপর টেক্সট বুক-এর যে কারবার আমাদের গভর্নমেন্ট করেছেন, তাতে নানারকম দুর্নীতির অভিযোগ অনেকে করেছেন। রাস্তার উপর টেক্সট বুক বিক্রয় হয়, ইন্সপেক্টররা এই টেক্সট বুক নিতে আগ্রহহীন। আমি আশা করবো সরকার এইসব টেক্সট বুক বিতরণের জন্য একটা ভাল ব্যবস্থা করবেন।

তাছাড়া প্রাথমিক শিক্ষকদের সঙ্গে ইন্সপেকটর-এর সম্বন্ধ খুব মধুর নয়। অনেক ডিস্ট্রিক্ট ইন্সপেকটর ঠিক ঠিক মর্যাদা এই প্রাথমিক শিক্ষকদের দেন না। আমি আশা করবো সরকার এমন ব্যবস্থা করবেন যাতে করে এই ইন্সপেকটিং অফিসারদের সঙ্গে শিক্ষকদের সম্প্রীতি বাড়ে। আর প্রতি বৎসর অন্তত পক্ষে একবার যাতে স্কুলের ইন্সপেকশন হয়, তার জন্য যথেষ্ট সংখ্যক ইন্সপেকটর নিয়োগ করা উচিত। এই ইন্সপেকশন না করার ফলে হায়ার সেকেন্ডারী স্কুলে ও হাই স্কুলে দুর্নীতি দেখা দিয়েছে, ঘন ঘন ইন্সপেকশন না হবার দরুন নানারকম দুর্নীতি ঘটেছে—ক্রপ আপ করছে। কাজেই একটু ঘন ঘন ইন্সপেকশন-এর ব্যবস্থা করা দরকার।

বিদ্যালয়ের জন্য যে টাকা বরাদ্দ করা হয়েছে সে টাকা যথাযথভাবে সদ্ব্যবহার করা হয় নি। গ্রামাঞ্চলে এডুকেশন ২০ পার্সেন্ট ফ্রি করা হয়েছে এবং শহরাঞ্চলে ১৫ পার্সেন্ট ফ্রি করা হয়েছে এবং মিউনিসিপ্যাল এলাকায় টেন পার্সেন্ট ফ্রি করা হয়েছে। যেখানে জনসাধারণের শিক্ষার জন্য বায় বেড়ে গেছে, সেই অনুপাতে ফ্রি করার পার্সেন্টেজ বাড়িয়ে দেবার ব্যবস্থা করুন।

তারপর পেনসন রুল সম্পর্কে আমরা বিশেষ কিছু জানতে পারি নি। এই পেনসন দেবার ব্যবস্থা যা হয়েছে, সেই সকল নিয়মাবলী যাতে তাড়াতাড়ি হয় তার ব্যবস্থা করুন। আর কয়েক বছর আগে রিটায়ার্ড হয়ে যারা কিছু না পেয়েই চলে গেছেন, তাঁদের ক্ষেত্রে এটা যাতে বর্ধিত করা হয় সেইদিকে যেন শিক্ষামন্ত্রিমহাশয় নজর দেন।

সর্বশেষে বলবো—ট্রেনিং-এর ব্যাপারে সরকারের আরো দৃষ্টি দেওয়া উচিত। পলিটেকনিক স্কুল তো অনেক হয়েছে। এই পলিটেকনিক থেকে যারা এল এম ই, এল ই ই ইত্যাদি ডিপ্লোমা নিয়ে পাস করে বেরিয়েছে তাদের অনেকে বেকার রয়ে গেছে। মাননীয় মন্ত্রিমহাশয় কোঠারী

কামশনের কথা উল্লেখ করেছেন। শিল্প, কারখানা ও ব্যবসায়িক প্রতিষ্ঠানের সঙ্গে শিক্ষা বিভাগের যোগাযোগে কাজ করা উচিত। যেমন যেমন ছাত্র পাস করে সেখান থেকে বেরিয়ে আসছে, তেমনি তেমনি যেন তারা তাড়াতাড়ি চাকরী পায়, বেকার হয়ে যেন বসে না থাকতে হয় সেদিকে মন্ত্রিমহাশয় একটু দৃষ্টি দেবেন।

আর একটি দিকে মানুষের মনকে তৈরী করতে হবে, তাকে উঁচু দিকে তুলতে হবে, তার জন্য আধ্যাত্মিক নৈতিক শিক্ষা দরকার। ইংল্যান্ডে যেমন আছে, ডক্টর অফ ডিভাইনিটি পাশ, যে যাজক শ্রেণী আছেন, তাঁরা এই শিক্ষা দিয়ে থাকেন। আমাদের দেশে তেমনই ধর্মীয় ভিত্তিতে শিক্ষার ক্যাডার গড়ে তুলতে হবে।

শ্রীহরেন্দ্রনাথ মজুমদারঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের সামনে শিক্ষামন্ত্রী যে শিক্ষা বাজেট এনেছেন তাকে পরিপূর্ণভাবে সমর্থন জানিয়ে আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর কাছে কয়েকটি কথা রাখতে চাই।

আমরা আজকে দেখছি যে বাংলাদেশের ছেলেদের শিক্ষার মান খুব নীচে নেমে যাচ্ছে। একথা অনস্বীকার্য যে সর্বভারতীয় ক্ষেত্রে বাংলাদেশের ছেলেরা আজ আর কম্পিটিশন-এ দাঁড়াতে পারছে না। বাংলাদেশের শিক্ষা ক্ষেত্রে গত ১০-১৫ বছর ধরে নানারকম বিপর্যয় ও বিশৃঙ্খলার মধ্য দিয়ে যে অনিশ্চয়তা ও হতাশা দেখা দিয়েছে, আজকে সেই দিকে লক্ষ্য করে আমাদের তা নিরা-করণের জন্য এগিয়ে যেতে হবে, আমরা জানি শিক্ষার নানা ক্ষেত্রে কি প্রাথমিক কি মাধ্যমিক, কি উচ্চশিক্ষার ক্ষেত্রে, আমাদের কোন প্লান্ড প্রোগ্রাম আমরা স্বাধীনতার পর থেকে নিতে পারি নি, যে কারণে প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে নানা ধরনের স্কুল গড়ে উঠেছে এবং নানা ধরনের সিলেবাস করা হয়েছে, যেমন বেসিক এডুকেশন—বেসিক স্কুল ভার্সাস ট্রেডিশন্যাল স্কুল, যে ওলড ট্রেডি-শন্যাল স্কুল ছিল তার পাশাপাশি এক্সপেরিমেন্টাল মেজার হিসেবে বেসিক স্কুল করা হয়েছে। এই দু-রকম শিক্ষা দেওয়া হচ্ছে। শিক্ষকদের জন্য বেসিক ট্রেনিং এবং প্রাইমারী ট্রেনিং। কাজেই একই শিক্ষার জন্য আবার শহরাঞ্চলের স্কুলে অন্য ধরনের শিক্ষক নিয়োগ করা হয়। কোন প্রাইমারী ট্রেইন্ড বা বেসিক ট্রেইন্ড টীচারস আর্বান এরিয়াতে নিয়োগ করা হয় না। যে সিলেবাস করা হয়েছে আর্বান শিক্ষার জন্য, সেই বেসিক সিলেবাস ধরে পড়াবার জন্য সেখানে কোন বেসিক ট্রেইন্ড শিক্ষক নাই, প্রাইমারী স্কুলে। এইদিকে চিন্তা করে প্রাথমিক শিক্ষাক্ষেত্রে যে সব অনিশ্চয়তা এসেছে, নানা ধরনের বিদ্যালয়ের জন্য, নানা ধরনের সিলেবাস-এর জন্য শিক্ষকদের ট্রেনিং-এর জন্য—এগুলি দূর করা দরকার। মাধ্যমিক শিক্ষাক্ষেত্রেও ঐ একই রকম অবস্থা। সিনিয়ার বেসিক স্কুল আছে, তার সঙ্গে সঙ্গে আবার পাশাপাশি জুনিয়ার বেসিক স্কুল করা হয়েছে ক্লাস ফাইভ থেকে ক্লাস এইট পর্যন্ত। ক্লাস নাইন থেকে ক্লাস টেন অবধি যে স্কুল আছে, সেগুল হল স্কুল ফাইন্যাল। তারপর হায়ার সেকেন্ডারী স্কুল করা হয়েছে, তাতে ক্লাস ইলেভেন পর্যন্ত রয়েছে। যেগুলি ক্লাস টেন স্কুল, কথা ছিল এই স্কুলগুলি আর থাকবে না, সবগুলি হায়ার সেকেন্ডারী স্কুল হবে, আর না হয় জুনিয়ার হাই স্কুল হবে। এগুলিও সঙ্গে সঙ্গে রেখে দেওয়া হয়েছে, তার ফলে দু-রকম সিলেবাস আমাদের ছাত্রদের পড়তে হচ্ছে। তারপর আবার কলেজে গেলে, সেখানে প্রি ইউনিভার্সিটি কোর্স ও ডিগ্রি কোর্স ছেলেদের পড়তে হচ্ছে। কাজেই এই যে একটা নানারকমের শিক্ষা পরিকল্পনা রয়েছে, তার মধ্য দিয়ে আমাদের দেশের শিক্ষার ব্যহত হচ্ছে। তাছাড়া প্রাথমিক শিক্ষা থেকে মাধ্যমিক শিক্ষা এবং মাধ্যমিক শিক্ষা থেকে কলেজী এডুকেশন, এর মধ্যে একটা কো-অর্ডিনেশন বা সংহতি নেই। যে কথা আমাদের হেড মাস্টার মিত্র মহাশয় বলেছেন, প্রাথমিক শিক্ষা শেষ করে ছাত্ররা যখন মাধ্যমিক স্কুলে যায় তখন দেখা যায় যে, তাদের স্ট্যান্ডার্ড এত নীচু যে তাদের ভর্তি করান যায় না, তবুও তাদের বাধ্য হয়ে ভর্তি করে নিতে হয়।

তাছাড়া প্রাথমিক শিক্ষার ব্যাপারে আরও একটা অসঙ্গতি রয়েছে। শিক্ষামন্ত্রী মহাশয় বলেছেন যে ক্লাস (৫) টাকে প্রাথমিক শিক্ষার মধ্যে এনে দেবেন, একটা ফেজড প্রোগ্রাম করে। এই ক্লাস (৫)টা হচ্ছে একটা প্রোব্লেম ক্লাস। অথচ ক্লাস ৫-এর সিলেবাসটাকে বোর্ড অফ সেকেন্ডারী এডুকেশন করেন নি। এটার সিলেবাস করেন ডি পি আই। প্রাথমিক শিক্ষার সঙ্গে

ক্লাস (৫)টা সংযুক্ত হলেও, সেটা সবটা মাধ্যমিক বিদ্যালয়ের সঙ্গে সংলগ্ন আছে, তথাপি ক্লাস ওয়ান টু ফাইভ, প্রাথমিক শিক্ষার অন্তর্গত বলে ধরা হয়। কাজেই ক্লাস (৫)টা ত্রিশঙ্কুর অবস্থার মত রয়েছে। অর্থাৎ না স্বর্গে, না মর্ত্যে। যদি এতে রাখতেই হয়, তাহলে ক্লাস ওয়ান টু ফাইভ, সবটাই স্কুলে করতে হবে, এবং সেটা যত শীঘ্র সম্ভব করা যায় ততই ভাল।

তারপর আমি মাধ্যমিক স্টেজ-এর গ্র্যান্ট ইন এইড সম্বন্ধে কিছু বলতে চাই। ১৯৬১-৬২ সালের গ্র্যান্ট এই এইড-এর কোন মেমো পাওয়া যায় নি। তাই বিদ্যালয়ের কি দায়, দায়িত্ব এখনও ঠিক করা যায় নি। গত কয়েক বৎসরের মধ্যে আমরা দেখছি আমাদের বাংলাদেশের মধ্যে অনেকগুলি ইউনিভার্সিটি আমরা গড়ে তুলেছিলাম। এই ইউনিভার্সিটিগুলির মধ্যে আমি কল্যাণী ইউনিভার্সিটির কথা বলি। সেখানে এগ্রিকালচার সম্বন্ধে শিক্ষা দেওয়া হবে বলে স্থির হয়েছিল। কিন্তু এখন সেখানে প্র্যাকটিক্যালি শুধু জেনারেল এডুকেশন দেওয়া হয়। অবশ্য সেখানে এগ্রিকালচার আছে, কিন্তু সেটার উপর বিশেষ ইমপরট্যান্স দেওয়া হয় না। আমার বলবার উদ্দেশ্য হচ্ছে এই যে শিক্ষা ক্ষেত্রে যে ব্যয় আমরা করি, তার অধিকাংশই এস্টাবলিশমেন্ট এবং প্যারাফারনালিয়ার জন্য চলে যায়। উচ্চতর শিক্ষার ক্ষেত্রে কল্যাণীতে একটা ইউনিভার্সিটি গঠন না করে, যদি কল্যাণী কলেজ করা হত, যাদবপুর ইউনিভার্সিটির আন্ডার-এ, তাহলে খরচার দিক দিয়ে অনেক কম হত।

[4-35—4-45 p.m.]

এগ্রিকালচার সম্বন্ধে আমি এই কথা বলি। মাধ্যমিক বিদ্যালয় সম্বন্ধে বলতে গিয়ে একটা কথা বলা হয় নি, সেটা হচ্ছে হাইয়ার সেকেন্ডারী স্কুলে আমরা যে এগ্রি-কালচারাল কোর্স করেছি সেই কোর্সে প্র্যাকটিক্যালের উপর যদি জোর দিতাম অর্থাৎ ল্যাবরেটার প্র্যাকটিক্যাল নয়, কৃষি কার্যের উপর যে প্র্যাকটিক্যাল তার উপর জোর দিয়ে যদি শিক্ষা দেওয়াও ব্যবস্থা করতে পারি তাহলে আমাদের দেশে যে কৃষি অ্যাসিস্ট্যান্ট নেওয়া হয়, যা পাওয়া যায় না, ঐ হাইয়ার সেকেন্ডারী পাশ করার পর আমরা অনেক ছেলেকে আজকে চাকরী দিতে পারতাম এবং আমাদের দেশে যে আজকে বেকার সমস্যা সে বেকার সমস্যা খানিকটা দূর করতে পারতাম। ইউনিভার্সিটি সম্পর্কে যে কথা বলছিলাম যে আজকে ইউনিভার্সিটি করে আমরা উচ্চ শিক্ষার ক্ষেত্রে অনেক খরচ বাড়িয়ে ফেলেছি। ইউনিভার্সিটি করা সঙ্গত নয় একথা আমি বলতে চাচ্ছি না, ক্যালকাটা ইউনিভার্সিটির লোড কমান দরকার, এত অধিক সংখ্যক কলেজ এর আন্ডারে আছে, এত অধিক সংখ্যক ছাত্র এর আছে যে একটা ইউনিভার্সিটির পক্ষে এগুলি ম্যানেজ করা খুবই শক্ত, যেজন্য কোঠারি কমিশন বলেছেন যে, ক্যালকাটা ইউনিভার্সিটির স্ট্যান্ডার্ড নিচু হয়ে যাচ্ছে। কাজেই আমি এই কথা বলবো আজকে ক্যালকাটা ইউনিভার্সিটির কিছু কলেজ যাদবপুর ইউনি-ভার্সিটির মধ্যে দিয়ে দেওয়া হোক এবং আজকে কল্যাণী ইউনিভার্সিটির কোন প্রয়োজন আছে বলে আমি মনে করি না। আমাদের এইরকম যেখানে যেখানে অসুবিধা আছে, যেমন বর্ধমান ইউনিভার্সিটির মধ্যে সেখানে কিছু কলেজ দিতে পারি। মেদিনীপুর কলেজগুলি বর্ধমান ইউনিভার্সিটির মধ্যে দেওয়া হয়েছিল কিন্তু রাজনৈতিক কারণ কি অন্য কারণে জানি না সেগুলিকে আবার নিয়ে এসে ক্যালকাটা ইউনিভার্সিটির মধ্যে রেখে দেওয়া হল। সেই সমস্ত কথা চিন্তা করে আমাদের ব্যয়বহুল এস্টাবলিশমেন্ট খরচের দিকটা কমিয়ে প্রকৃত শিক্ষার দিকে যাতে খরচটা করতে পারি সেদিকে আমাদের চেষ্টা করতে হবে। আমাদের যে ইউথ ওয়েলফেয়ার স্কীমে মাধ্যমিক বিদ্যালয় সমূহে ফিজিক্যাল ট্রেন্ড টিচার্স আছে আমরা তাদের কোন বেনিফিট নিই না। আমরা বিদ্যালয়গুলিতে ফিজিক্যাল ট্রেন্ড টিচারদের অন্য সাবজেক্টে সাধারণ বিষয়গুলি পড়াতে দিই, প্র্যাকটিক্যাল ট্রেনিং সম্বন্ধে আমরা কিছু করি না। আমাদের এই ছেলেদের জন্য ফিজিক্যাল ট্রেনিং-এর যে কোর্স আছে সেই কোর্স বিদ্যালয়ের সিলেবাসের মধ্যে দিয়ে তাদের একটা প্র্যাকটি-ক্যাল ট্রেনিং-এর পর সার্টিফিকেট পেলে তবে তাদের হাইয়ার সেকেন্ডারী একজামিনেশন দিতে দেওয়া সঙ্গত হয়। আমার মনে আছে বোর্ড অফ সেকেন্ডারী এডুকেশন-এ একটা প্রস্তাব নেওয়া হয়েছিল যার পরে বোর্ড ডিজলভড হয়ে গেল। সেই প্রস্তাবে ঠিক হয়েছিল যে প্রত্যেক ছেলেকে হাইয়ার সেকেন্ডারী কিম্বা স্কুল ফাইন্যাল পরীক্ষা দেওয়ার আগে তাকে এক মাস কিম্বা কম পক্ষে ১৫ দিন গ্রামাঞ্চলে কৃষিক্ষেত্রে কাজ করতে হবে। সেটা পরে এফেক্ট দেওয়া হয় নি। আমার মনে হয় আজকে যদি আমরা কমপালসারি এডুকেশন করতে চাই গ্রামে কিম্বা অ্যাডাল্ট লিটারেসি

আমরা করতে চাই তাহলে এই ছেলেদের যারা আজকে নানাদিকে নানাভাবে বিভ্রান্ত হয়ে যাচ্ছে তাদের যদি একটা ন্যাশনাল সার্ভিসের মধ্যে আনা যায়, তাদের পড়ার সময় যদি একটা সার্ভিস দেওয়ার ব্যবস্থা করা যায় তাহলে এই বিভ্রান্তিকর পরিস্থিতি চলে যাবে এবং আমাদের দেশে লিটারেসি বেড়ে যাবে। আজকে আমাদের বাংলাদেশে লিটারেসি মাত্র ২৪ পার্সেন্ট, কাজেই লিটারেসি বাড়ান খুবই দরকার। আমাদের জন্মহার যেমন বেড়ে যাচ্ছে ঠিক সেই অনুপাতে আমাদের লিটারেসি বাড়ছে না। এদিক থেকে সরকারী পয়সা নিয়ে শিক্ষক রেখে ইললিটারেসি দূর করবার চেষ্টার সঙ্গে সঙ্গে আমাদের এই ছাত্রদের দিয়ে কাজ করান উচিত। আমি আর একটা কথা মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অবগতির জন্য জানাবো যে আমাদের ২৪-পরগনা জেলায় প্রাথমিক যে ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড আছে সেখানে আজকাল যেসব এ্যাপয়েন্টমেন্ট হচ্ছে তা আমরা দেখতে পাচ্ছি যে পিওরলি রাজনৈতিক কারণে সেই সব অ্যাপয়েন্টমেন্ট হচ্ছে। গত নির্বাচনে যেসমস্ত শিক্ষক কংগ্রেস পক্ষ সমর্থন করে নি আজকে তাদের সকলকে ট্রান্সফার করে দেওয়া হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কাছে লং লিস্ট আছে, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে এই অবস্থার আজকে অবসান হওয়া দরকার। আমি জানি জেলা স্কুল বোর্ডের কেরানীরা যারা সেদিন ইলেকশনের সময় অফিস ছেড়ে মাসের পর মাস ইলেকশন ক্যাম্পেন করেছেন তারাই এখন আবার ওখানে বসে যেসব শিক্ষক সেদিন কংগ্রেসের বিরোধীতা করেছিলেন তাদের ট্রান্সফার করার ব্যবস্থা করছেন। এ বিষয় একটা সম্পূর্ণ অনুসন্ধান হওয়া দরকার। এই বিষয়গুলি আমি শিক্ষা দপ্তরের এবং শিক্ষা মন্ত্রীর দৃষ্টিতে আজকে আনছি। এর পরে আমি জানি যে সব বিদ্যালয়ে আগে কংগ্রেসী আমলে অনুদান দেওয়া হতো, আমি মাধ্যমিক বিদ্যালয়ের কথাই বলছি, হাইয়ার সেকেন্ডারি করা হতো সেই হাইয়ার সেকেন্ডারী করতেন একজন মাননীয় মন্ত্রিমহাশয়, বোর্ড করতো না, ডিপার্টমেন্ট করতো না, একজন মন্ত্রী শুধু এই হাইয়ার সেকেন্ডারী স্কুল করতে পারতেন এবং আমরা তখন দেখেছি শুধু কংগ্রেসী লোক হলেই তাঁর স্কুল হাইয়ার সেকেন্ডারীতে উন্নীত হতো না সেই গ্রুপের লোক না হলে হতো না। কাজেই সেই অবস্থার মধ্যে দিয়ে শিক্ষা জগতে যে বিপর্যয় ঘটেছে সেই অবস্থা সম্পর্কে আমাদের আজকে সম্যক বুঝতে হবে এবং বুঝে এইসমস্ত দোষ যাতে দূরীভূত হয় এবং শিক্ষাক্ষেত্রে যাতে স্বাস্থ্য ফিরে আসে, শিক্ষা যাতে সুষ্ঠু ,সবল হয়, সেদিক থেকে আমাদের চেষ্টা করতে হবে। মাধ্যমিক শিক্ষা আইন পবিবর্তন দরকার। আজকে মাধ্যমিক শিক্ষা বোর্ড একটা রাবার স্ট্যাম্প হয়েছে, মাধ্যমিক শিক্ষা বোর্ড আজকে শুধু একজামিনেশন কন্ট্রোল করছে, রেকগনিশন দেন বটে কিন্তু সেটা ডিপার্টমেন্টের থ্রু দিয়ে আসে। এই পরিপ্রেক্ষিতে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার একটা কথা মনে পড়লো, সেটা হচ্ছে মাধ্যমিক শিক্ষা বোর্ড যখন নন অফিসিয়াল বোর্ড ছিল তখন সেই বোর্ড ডিজলভড হয়েছিল। তার কারণ আপনাকে জানাই সেই সময় যিনি আমাদের শিক্ষামন্ত্রী ছিলেন তাঁর পরিচালনায় সমস্ত শিক্ষা বোর্ড চলতো, কিন্তু মন্ত্রিমহাশয় নন-এনটিটি ছিলেন সেখানে, তাঁর কোন কথা সেখানে চলতো না, আমাদের বোর্ডের যিনি প্রেসিডেন্ট ছিলেন, মিঃ এ কে চন্দ, তিনি তাঁর কথা অনুযায়ী বিদ্যালয় দিতেন না এবং বিদ্যালয়ের অনুমোদন দিতেন না বলেই ঐ বোর্ড ডিজলভড হয়ে গিয়েছিল। আমি একটা মাত্র ইনস্ট্যান্স দেবো, বসিরহাটে ইটিন্ডা বলে একটা স্কুল আছে যে স্কুলটা একটা চোরাকারবারের ঘাঁটি ছিল। পাকিস্তানে যেসমস্ত মাল পাচার হতো সেই মাল পাচারের জন্য তাদের যে টাকা দিতো, স্কুল ফান্ডের নাম দেখিয়ে সেই টাকা তারা নিতো। সেই স্কুলটার অনুমোদনের জন্য আমাদের একজন জেলার কংগ্রেস নেতা দাবী করেন এবং সেই স্কুলের অনুমোদন দিতে গিয়ে এ কে চন্দ সাহেব, তিনি তার কাছাকাছি পানিহাটিতে একটা স্কুলের অনুমোদন দিয়েছিলেন, সেই স্কুলের অনুমোদন দেন নি বলেই বোর্ড ডিজলভড হয়ে গেল। কাজেই শিক্ষা জগতে একটা স্বাস্থ্যকর পরিবেশ আনুন এই অনুরোধ মাননীয় মন্ত্রিমহাশয়কে জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-45—4-55 p.m.]

শ্রীমতী শাকিলা খাতুন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার যুক্তফ্রন্ট সরকারের বিপ্লবী শিক্ষামন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবী করেছেন তার বিরোধীতা করতে আমি উঠেছি। তাঁর ভাষণে আমরা কিছু নূতনত্ব দেখিনি। ২০ বছর কংগ্রেসী শাসনের সময় প্রাথমিক শিক্ষা থেকে বিদ্যালয় স্তর পর্যন্ত যে শিক্ষা প্রসারের কাজ চলেছে তা প্রশংসনীয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি

আশা করেছিলাম যে আমাদের বিপ্লবী শিক্ষামন্ত্রী এবারে কিছু নূতন আলো দেখাবেন। আমাদের দেশ গরীব তবুও আমি বিদেশের সঙ্গে তুলনা না করে পারছি না। ইংলন্ডে আমরা দেখেছি কিভাবে শিক্ষা সম্বন্ধে আইন আনা হয়, আজ থেকে ১০ বছর পরে ইংলন্ডের সমস্ত জাতি গভীর সাধনার সঙ্গে শিক্ষার ধারা কিভাবে কোন উন্নতির পথে পরিচালিত হবে সে সম্বন্ধে তাঁরা চিন্তা করেন। মাননীয় শিক্ষামন্ত্রিমহাশয় নিশ্চয়ই জানেন যে ১৯০১ সাল থেকে ১৯৪৪ সাল পর্যন্ত ইংলন্ডে কোন শিক্ষামন্ত্রী ছিলেন না, সেখানে একজন প্রেসিডেন্ট ছিলেন তাঁকে বলা হতো প্রেসিডেন্ট অফ দি বোর্ড অফ এডুকেশন। তাঁর পাওয়ার এবং ফাংশন সম্বন্ধে আমি কিছু বলতে চাই না. আমি শুধু এখানে শিক্ষার কল্যাণে, শিক্ষা কিভাবে উন্নত হবে অ্যাপারেটাস নেসেসারি ফর ইমপরটিং এডুকেশন। সে সম্বন্ধে কিছু আলোচনা করতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমাদের দেশের ছাত্র-ছাত্রীদের উপর কিভাবে শিক্ষার বোঝা বাড়ছে এবং তার সঙ্গে শিক্ষার পরিধিও বাড়ছে। সেজন্য আমার মতে সিলেবাস যা আছে তাকে র‍্যাশনালাইজ করা প্রয়োজন। নন-এসেনসিয়ালগুলিকে বাদ দিয়ে এসেনসিয়ালগুলিকে নেওয়া উচিত। এসেনসিয়াল নিলে যে তার পরিধি কমবে তা নয়, সেটা যদি আবার ইমপ্রুভড মেথড অফ টিচিং-এর মধ্যে নেওয়া না হয় তাহলে আজকের ছাত্রছাত্রীরা জ্ঞানের সঙ্গে পরিচিত হতে পারবেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ছাত্রছাত্রীদের সম্বন্ধে কিছু বলতে চাই, আমাদের দেশ গরীব বলে বেশীর ভাগ ছাত্রছাত্রীরা না খেয়ে স্কুলে আসে, তাদের স্বাস্থ্য দুর্বল, সেজন্য ফেলের সংখ্যা খুব বেশী এবং তাদের মধ্যে উচ্ছৃঙ্খলতা দেখা দিয়েছে। আমাদের দেশে সেরকম কোন হেলথ সার্ভিস-এর কোন ব্যবস্থা নাই, কোন মেডিক্যাল ট্রিটমেন্ট-এর কোন ব্যবস্থা নাই, মিড-ডে মিল-এর কোন ব্যবস্থা নাই, নিউট্রিসাস ফুড-এর কোন ব্যবস্থা নাই, এমন কি মিল্ক-এর কোন ব্যবস্থা নাই। অথচ আমি ইংলন্ডে দেখেছি সেখানে ছাত্রছাত্রীরা মিড-ডে মিল পান, তাদের হেলথ সার্ভিস-এর ব্যবস্থা আছে, মেডিক্যাল ট্রিটমেন্ট-এর ব্যবস্থা আছে, তারা শুধু মিড-ডে মিল পান না, নিউট্রিসাস ফুড পান, এবং তাদের সরকার সব বন্দোবস্ত নিয়ে নিয়েছেন যে কিভাবে তাদের মিল্কও দেওয়া হবে। সেজন্য অধ্যক্ষ মহাশয়, আমি দেখছিলাম যে, আমাদের দেশে শিক্ষার মধ্যে কিভাবে রাজনীতি ঢুকছে। শিক্ষার মধ্যে উচ্ছৃঙ্খলতা দেখা দিয়েছে। মাননীয় শিক্ষামন্ত্রীর হয়ত মনে আছে যে বিধানসভার প্রারম্ভিক দিনে কিভাবে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের বিধানসভার বাইরে পিটান হয়েছিল। তাদের কাপড় ছিড়ে দেওয়া হয়েছিল, আংটী ও হার ছিনিয়ে নেওয়া হয়েছিল। সেজন্য আমি আজকে জোর করে বলব যে শিক্ষার মধ্যে যে রাজনীতি ঢুকেছে তার প্রধান শরীক হচ্ছে যুক্তফ্রন্ট সরকারের বামপন্থী কমিউনিস্ট। সেজন্য আজকে শিক্ষার কিভাবে উন্নতি হবে তা দেখা উচিত। যদি গণতান্ত্রিক পদ্ধতি আমরা মানতে চাই, যদি গণতান্ত্রিক পথে ভারতবর্ষকে তথা পশ্চিমবাংলাকে নিয়ে যেতে চাই, তাহলে আমাদের ধাপে ধাপে নীচে নামতে হবে—প্রাথমিক বিদ্যালয় থেকে নিয়ে পল্লীগ্রামে, গ্রামে আর্বান এরিয়াতে, শহরে শহরে শিক্ষা দিতে হবে, যদি আমরা গণতান্ত্রিক পরিচালনায় দেশকে এগিয়ে নিয়ে যেতে চাই। আমি আর বেশী কিছু বলব না, মাননীয় শিক্ষামন্ত্রীর কাছ থেকে আশা করব যে তাঁর জবাব দিতে হবে যে আজকে শিক্ষার মধ্যে যে রাজনীতি ঢুকেছে তার ব্যবস্থা তিনি কি করতে চান। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবিশ্বনাথ দাস ঘোষঃ মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী শিক্ষা খাতে যে ব্যয় বরাদ্দের দাবী তুলেছেন তাকে সম্পূর্ণ সমর্থন করে বাংলাদেশে শিক্ষা ব্যবস্থা সম্বন্ধে আমি দুই-চারটি কথা বলতে চাই। আমরা সকলেই জানি যে এককালে বাংলাদেশ শিক্ষার ব্যাপারে ভারতবর্ষের মধ্যে সবচেয়ে অগ্রণী ছিল এবং আধুনিক শিক্ষার আলো এই বাংলাদেশ থেকেই ভারতবর্ষের চারিদিকে পরিব্যাপ্ত হয়েছিল। কিন্তু আজকে দুঃখের সঙ্গে স্বীকার করতে হয় যে বাংলাদেশের সেই সর্ব উচ্চস্থান আজকে আর নেই। তার স্থান তৃতীয় বা চতুর্থে নেমে গেছে। শিক্ষা ধারার এই ক্রমাবনতির জন্য যদি শিক্ষানুরাগীর নিরপেক্ষ দৃষ্টিভঙ্গী নিয়ে বিচার করা যায় তাহলে আমরা বিগত কংগ্রেস সরকারকে অবশ্য সম্পূর্ণরূপে দোষী করতে পারি না। তার কারণ দীর্ঘ বিশ বছর ধরে তারা যে শিক্ষা বিস্তারের একেবারেই চেষ্টা করেন নি তা নয়, বরং তারা গ্রামে গ্রামে প্রাথমিক বিদ্যালয় স্থাপন করেছেন, নানা স্থানে তারা উচ্চ বিদ্যালয় স্থাপন করেছেন এবং মাধ্যমিক শিক্ষাকে দশম শ্রেণী থেকে একাদশ শ্রেনীতে

উন্নীত করেছেন এবং অনেক মহাবিদ্যালয় স্থাপন করেছেন। বাংলাদেশে যেখানে একটি মাত্র বিশ্ববিদ্যালয় ছিল তার জায়গায় তারা সাতটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত করেছেন। যদি শিক্ষার প্রথম সোপান প্রাথমিক শিক্ষা থেকে আমরা সুরু করি তাহলে দেখতে পাবো এই বাংলাদেশে প্রাথমিক শিক্ষা প্রতি জেলায় জেলায় একটা স্কুল বোর্ড কর্তৃক পরিচালিত হয়। পঞ্চায়েত আলোচনার সময় আমার কোন বন্ধু বলেছিলেন যে আজকে জেলা পরিষদ বা অঞ্চল পঞ্চায়েতগুলি যেন কংগ্রেসের ঘুঘুর বাসা হয়ে দাঁড়িয়েছে। আমি সেই কথার পুনরাবৃত্তি করে বলতে চাই যে জেলায় জেলায় স্কুল বোর্ড যেগুলি প্রাথমিক শিক্ষা পরিচালনা করতো সেই স্কুল বোর্ডকে কংগ্রেস দলীয় স্বার্থের একটা ঘাঁটি হিসাবে দাঁড় করিয়েছিল এবং তারা যেসমস্ত শিক্ষক নিযুক্ত করতেন তাদের কংগ্রেসের ভলেণ্টিয়ার হিসাবে ব্যবহার করতেন এবং অনেক সময় তারা যদি তাঁদের কথা না শুনতেন তাহলে তাদের চাকুরী থেকে বরখাস্ত করা হোত, না হলে এমন দুর্গম স্থানে বদলী করা হোতো যে তাদের পক্ষে নানারকম অসুবিধা দেখা দিতো। সেইজন্য আজকে যুক্তফ্রন্ট সরকারের বিপ্লবী শিক্ষামন্ত্রীর কাছে আমি আবেদন জানাবো যে, প্রাথমিক শিক্ষাকে এই সমস্ত স্কুল বোর্ডের হাত থেকে উদ্ধার করা হোক। হয়, এই সমস্ত স্কুল বোর্ড-গুলিকে রিমডেল করে নূতনভাবে ঢেলে সাজানো হোক, নতুবা এর থেকে সম্পূর্ণরূপে বাদ দিয়ে এক নূতন সংস্থার হাতে দেওয়া হোক এই আবেদন আমি করবো। প্রাথমিক শিক্ষকরা দীর্ঘদিন ধরে বেতন বৃদ্ধির দাবী করে আসছেন সে সম্বন্ধে তিনি যে পুনর্বিবেচনা করেন। সঙ্গে সঙ্গে আমি তাঁর কাছে অনুরোধ করবো যে শিক্ষকরা যাতে সম্পূর্ণরূপে শিক্ষা ক্ষেত্রে আত্ম-নিয়োগ করতে পারেন সে ব্যাপারে তিনি যেন দৃষ্টি রাখেন। প্রাথমিক শিক্ষার পর যদি আমরা মাধ্যমিক স্তরে পৌঁছাই তাহলে আমরা দেখবো যে বাংলাদেশে দুইরকম মাধ্যমিক শিক্ষার প্রবর্তন আছে। এক হচ্ছে দশম শ্রেণী আর এক হচ্ছে একাদশ শ্রেণীর স্কুল। মাননীয় শিক্ষামন্ত্রী তাঁর ব্যয়বরাদ্দের ভাষণে যে কথা বলেছেন যে বাংলাদেশের সমস্ত স্কুলকে দশম শ্রেণীর পর্যায়ে রেখে আরও ১১ এবং ১২ এই দুই ক্লাসকে ইন্টারমিডিয়েট কলেজ এবং তার পরে তিন ক্লাসের অনার্স কোর্স এবং আরও দু তিন ক্লাসের পোস্ট গ্র্যাজুয়েট কোর্স প্রবর্তন করার যে নীতি ঘোষণা করে-ছেন তা অভিনন্দনযোগ্য। সুদূর গ্রামাঞ্চলে উপযুক্ত শিক্ষার অভাবে উপযুক্ত শিক্ষকের অভাবে সেই শিক্ষা সকল শ্রেণীর ছেলেরা গ্রহণ করতে পারে না, তার ফলে আমাদের শিক্ষার স্ট্যান্ডার্ড অনেক কমে গেছে একথা স্বীকার করতেই হবে। তার পর বাংলাদেশে এইসমস্ত ক্লাস ১১ পদ্ধতি চালু করতে গিয়ে আগে আগে যেসমস্ত স্কুলকে বিরাট বিরাট বিল্ডিং গ্র্যান্ট দেওয়া হয়েছে, সেই গ্র্যান্টগুলি বিভিন্ন জায়গায় কংগ্রেস কর্মীরা হয় আত্মসাৎ করেছে, না হয় এমনভাবে অপচয় করেছে যে, সেগুলি শিক্ষার কাজে লাগে নি। তারা দলীয় স্বার্থে বা নিজেদের স্বার্থে তা লাগিয়েছেন। এই যুক্তফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আমি অন্তত তিনটি বিদ্যালয়ের কথা বলেছি যে আমার এলাকায় উলুবেড়িয়ার নিকটবর্তী পিরপুর, স্কুল সেখানকার প্রাক্তন কংগ্রেসী এম এল এ সমস্ত গ্র্যান্ট নিজেরা আত্মসাৎ করে সেই স্কুলকে পুরানো পর্যায়ে ফেলে রাখলেন এবং সে সম্বন্ধে আজ পর্যন্ত কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নি। হাওড়া জেলার দেউলপুর স্কুল আর একটা স্কুল সেখানে টাকাকড়ি ভাগ বাটোয়ারা নিয়ে হেডমাস্টার এবং সেক্রেটারীর মধ্যে প্রায় ৪৫টা কেস ঝুলছে এবং সে সম্বন্ধে মাননীয় সদস্য অপূর্বলাল মজুমদার শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছেন। আমি তাঁর বিপ্লবী দৃষ্টিভঙ্গীর দিকে দৃষ্টি আকর্ষণ করে বলছি যে তিনি যেন এই সমস্ত ব্যাপারে যথা শীঘ্র ব্যবস্থা করেন এবং বাংলাদেশের শিক্ষাকে এই অমর্যাদার হাত থেকে রক্ষা করেন এইটুকুই তাঁর কাছে দাবী জানাবো। কলেজের দিক থেকে বলতে গেলে এইটুকু বলবো গত বাজেট সেসনে আমি বলেছিলাম য শিক্ষাক্ষেত্রে বিধানসভায় যে ব্যয় বরাদ্দের কথা ঘোষণা করা হয়েছে তার ফলে

The Finance Minister has practically saved education in Bengal from the occasional route march on the streets of Calcutta.

কিন্তু আমি জানতে পেরেছি এবং ব্যক্তিগতভাবে জানি যে বাংলাদেশের বেসরকারী কলেজের শিক্ষকবৃন্দ ডবলিউ বি সি ইউ টি-এর মাধ্যমে শিক্ষামন্ত্রীর কাছে দীর্ঘদিন ধরে আবেদন জানিয়ে আসছে যে তারা বহুদিন ইউনিফর্ম পে স্কেলের কথা বলে আসছে—সে কথা তিনি পুনর্বিবেচনা করুন এবং তাঁকে অনুরোধ জানাবো যে তিনি শীঘ্র বিবেচনা করে বাংলাদেশের শিক্ষকদের মর্যাদা রক্ষা করেন। আর একটা কথা না বললে শিক্ষাক্ষেত্রের আলোচনা হতে পারে না। বর্তমানে

দেখা যাচ্ছে যে চারিধারে স্টুডেন্টদের মধ্যে এজিটেশন এবং আনরেস্ট দেখা যাচ্ছে। এর মধ্যে কংগ্রেসী বন্ধুরা সন্ত্রস্ত হচ্ছে যে এর পিছনে রাজনৈতিক কারণ আছে। কিন্তু আমি বলবো যে, এর মধ্যে কোন রাজনৈতিক কারণ নেই। দীর্ঘ দিন ধরে যে শিক্ষাধারা বাংলাদেশে প্রচলিত হয়ে আসছে সেই শিক্ষাধারার মধ্যে আমরা ছাত্রদের সামনে কোনরকম নূতন আদর্শ বা পরিবেশের সৃষ্টি করতে পারছি না। তাই শিক্ষামন্ত্রীর কাছে আমি আবেদন করবো তিনি এক নূতন আদর্শ স্থাপন করুন এবং এর জন্য যদি বিভিন্ন দলের এমন কি কংগ্রেস দলের বিশিষ্ট শিক্ষা-বিদদের নিয়ে শিক্ষানুরাগীদের নিয়ে যেন তিনি এক কমিশন করে শিক্ষা বিষয়ে যে গলদ এবং আবর্জনা রয়েছে সেই সমস্ত দূর করে এক নূতন শিক্ষাপদ্ধতি বাংলাদেশে প্রবর্তন করার সুযোগ দেন, তাহলে বাংলাদেশ যুক্তফ্রন্ট সরকারের কাছে কৃতজ্ঞ থাকবে এই কথা বলে আমি শেষ করছি।

[4-55—5-5 p.m.]

Mr. Speaker: Honourable members, may I remind you all that today we are discussing Education Grant.

শ্রীমতিরঞ্জন তার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী আজ শিক্ষা খাতে যে ব্যয়বরাদ্দ আমাদের কাছে পেশ করেছেন তার পরিপ্রেক্ষিতে আমি আমার বক্তব্য রাখছি। আমাদের শিক্ষামন্ত্রী যে ডিপার্টমেন্টের ভার নিয়েছেন তা অত্যন্ত গুরুত্বপূর্ণ সে বিষয়ে সন্দেহ নেই। কারণ ও'র বিভাগটা জাতির মেরুদণ্ড তৈরি করবে এবং সেই জাতির মেরুদণ্ড তৈরি করতে ও'র আছে শিক্ষকের দল এবং তার প্রাণ সঞ্চার করবার দায়িত্ব ও'র। এই প্রাণ সঞ্চারের দায়িত্ব যখন উনি নিয়েছেন তখন আমি তাঁকে বলব যে, শিক্ষা খাতে যে ব্যয়বরাদ্দ উনি পেশ করেছেন তার সম্বন্ধে বলতে গেলে সর্বপ্রথম আমাকে বলতে হবে ভাগ ভাগ করে। প্রথম প্রাইমারী সেকশন দ্বিতীয় হাই স্কুল এবং হায়ার সেকেন্ডারি, জুনিয়ার বেসিক এবং সিনিয়র বেসিক এই সব স্কুল তার পর কলেজ। বর্তমানে আমরা প্রাইমারি সেকশনের যা অবস্থা দেখেছি দীর্ঘ ২০ বছরে প্রাইমারি সেকশনে প্রাইমারি স্কুল গ্রামে গ্রামে কংগ্রেস সরকার তৈরি করে গেছেন এবং আমি আশা রাখি বর্তমান সরকার আরও অনেক প্রাইমারি স্কুল স্থাপন করে গ্রামে গ্রামে শিক্ষা বিস্তারের পথ সুগম করে দেবেন। কিন্তু দুঃখের বিষয় যে, আমাদের প্রাথমিক শিক্ষকরা আজ পর্যন্ত তাঁদের বেতন ঠিক ঠিক প্রতি মাসে মাসে পাচ্ছেন না। যাঁরা জাতির প্রথম মেরুদণ্ড তৈরি করবার দায়িত্ব নিয়েছেন তাঁদের অবস্থা আপনারা চিন্তা করুন যে, না খেয়ে কি করে তাঁরা জাতির মেরুদণ্ড তৈরি করবেন। তার পর কিছুদিন আগে যে ডি-এ তাঁদের দেওয়া হল, সে সম্বন্ধে তাঁদের উপর যে অবিচার করা হয়েছে বিভিন্ন সদস্য সে সম্পর্কে অনেক কথা বলেছেন সেটা নূতন করে বলবার কিছু নেই। তাঁদের ডি-এ'র বেলায় দেখা গেছে যে, ২৫ টাকা প্রথমে পেতেন একথা বলা হয়েছে কিন্তু তাঁরা পেয়েছেন মাত্র ১০ টাকা এ পর্যন্ত। তাই তাঁদের ন্যায্য পাওনা থেকে তাঁদের বঞ্চিত করা হয়েছে, সুতরাং এই ব্যয়বরাদ্দ যে গণতান্ত্রিক হয় নি এটাই প্রমাণ করছে। আমি আশা করব যে, মন্ত্রিমহাশয় ব্যয়বরাদ্দ যখন স্থির করেছেন তখন যদি তিনি পাশ করিয়ে নেন এবং পাশও হবে আমরা জানি—আমরা শত বিরুদ্ধাচরণ করলেও পাশ হবে, তখন তাহলে তাঁদের ন্যায্য পাওনা থেকে তাঁরা যেন বঞ্চিত না হন। হাই স্কুল এবং হায়ার সেকেন্ডারি সম্বন্ধে আমার অনেক কিছু বলার আছে—কিন্তু বলার আমার সময় নেই—তবে একটি কথা বলব যা ঘটবে বলে আমরা শঙ্কিত এবং যা ঘটে এসেছে। তা একমাত্র ডি পি আই অফিসএর সেই ডি পি আই অফিসএ আমরা অনেক সময় লেখালেখি করে তার উত্তর পাই না, কাজ পাই না। আমরা মফঃস্বল টাউন থেকে এখানে আসি এবং এখানে এসে আমরা সমুদ্রে পড়ি এবং এখানে আমরা কাজ করার সুযোগ পাই না। আমরা যাঁরা অনেক কষ্ট করে দীর্ঘদিন থাকি তাঁরা কিছু হয়ত কাজ করতে পারেন। এ বিষয়ে আমি একটা ইন্সট্যান্স দিচ্ছি। আমি কোচবিহারের একটা হায়ার সেকেন্ডারি স্কুল-এর সেক্রেটারি এবং একটা বয়েজ ও গার্লস স্কুলএর ভাইস-প্রেসিডেন্ট। এই হায়ার সেকেন্ডারি স্কুলএর একজন মাস্টারকে আমরা ডেপুটেশন ভেকান্সির ট্রেনিংএর জন্য পাঠাই। সেখানে আমাদের কি অবস্থা হয়েছে সেটা শুনলে আশ্চর্য হবেন। গত বৎসর একজন মাস্টার সুধীর মজুমদারকে আমরা পাঠিয়েছিলাম বি-টি ট্রেনিংএর জন্য। কিন্তু সেখানে ডেপুটেশন ভেকান্সিতে মাস্টার

নেবার অ্যাপ্রুভ্যাল আজ পর্যন্ত পেলাম না। এই চার মাসের পর আমরা ডেপুটেশন ভেকান্সিতে মাস্টার নিয়েছি কিন্তু অ্যাপ্রুভ্যাল না পাওয়ায় তার মাইনে বন্ধ হয়ে আছে। পূর্বে যে সার্কুলার দেওয়া হয়েছিল সেই সার্কুলার অনেক স্কুলে আজও যায় নি।" এটাই বাস্তব ঘটনা। অ্যাপ্রুভ্যাল দিয়েছি সেই মাস্টারের পোস্টএ অন্য মাস্টার অ্যাপয়েন্টেড হয়ে গেছে, অথচ সেই মাস্টারের ডেপুটেশন স্যালারি বন্ধ। ডি পি আই অফিস থেকে জানালেন, যাঁদের এক বৎসর এখনও পূরণ হয় নি তাঁদের এখন পাঠানো যায় না। আমরা দীর্ঘ এক বৎসর পর কি করে তাঁকে ফিরিয়ে আনি। আমরা দীর্ঘদিন ধরে এ বিষয় লেখালেখি করেছি, কিছু হয় নি। দীর্ঘ এক বৎসর ধরে লিখছি ডি পি আই অফিসএ কিন্তু কোন ফল হচ্ছে না, এ অবস্থা যাতে দূর করা যায় সেজন্য এ বিষয় তিনি চেষ্টা করবেন এটা আশা করি। তারপর জুনিয়র বেসিক এবং সিনয়র বেসিক সম্বন্ধে একটা কথা বলতে চাই। অনেক সিনিয়র বেসিক স্কুলকে হাই স্কুল করবার আদেশ দেওয়া হয়েছে এবং যা যা করলে অ্যাফিলিয়েশন পায় তার বন্দোবস্ত করে রাখা হয়েছে কিন্তু আজ পর্যন্ত অ্যাফিলিয়েশন পায় নি। আশা করি তিনি তাদের অ্যাফিলিয়েশন দেবেন। তার কারণ জুনিয়র বেসিক এবং সিনিয়র বেসিক সম্বন্ধে আমার এ দাবি হচ্ছে যে, জুনিয়র বেসিক বা সিনিয়র বেসিক যে আশা করে কংগ্রেস সরকার তৈরী করেছিলেন সে উদ্দেশ্য সফল হচ্ছে না, বেসিক স্কুল থেকে পাশ করে আজ পর্যন্ত একটা লোকও নিজের পায়ে নিজে দাঁড়াতে পারে নি। সেখানে যে শিক্ষা হচ্ছে সে শিক্ষা আমূল পরিবর্তন করে যাতে ছেলেরা নিজেরা নিজের পায়ে দাঁড়াতে পারেন সে ব্যবস্থা করলে আমি মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ দেব। তারপর গণতান্ত্রিক যে বাজেট হয় নি সে বাজেট সম্পর্কে বলতে গিয়ে আমি একথা বলব যে পিওরলি গভর্নমেন্ট স্কুল যে পে-স্কেল তার সঙ্গে অ্যাফিলিয়েটেড গভর্নমেন্ট এইডেড স্কুলএ পে স্কেল তফাৎ আছে। এই ডিফারেন্সিয়াল ট্রিটমেন্ট যাতে না হয় সেদিকে লক্ষ্য রেখে তিনি যদি সমতা আনেন তাহলে বলব গণতন্ত্রের দিকে লক্ষ্য রেখে কাজ করছেন। যে পর্যন্ত সে কাজ তিনি না করেন সে পর্যন্ত আমি বলব এ বাজেট গণতান্ত্রিক বাজেট হয় নি। সুতরাং এ বাজেটকে সমর্থন করতে পারছি না।

[5-5—5-15 p.m.]

শ্রীঅমলেশচন্দ্র মজুমদারঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষাখাতে ব্যয়বরাদ্দ উত্থাপন করে মাননীয় শিক্ষামন্ত্রী এই রাজ্যের বিভিন্ন স্তরের শিক্ষা সম্পর্কে আলোচনা করেছেন। আমি আমার বক্তব্য প্রধানত কলকাতায় প্রাথমিক শিক্ষার ক্ষেত্রেই সীমাবদ্ধ রাখব। এই কলিকাতা মহানগরীতেই ইংরেজ আমলে সাম্রাজ্যবাদী আইন পরিষদে ১৯১০ সনে ১৮ই মার্চ গোপালকৃষ্ণ গোখলে সর্বপ্রথম সারা ভারত প্রারম্ভিক শিক্ষা অবৈতনিক বাধ্যতামূলক করার জন্য এক প্রস্তাব উত্থাপন করেছিলেন। এই প্রস্তাবে ৩৭ বৎসরের ইংরেজ শাসনে প্রাথমিক শিক্ষার প্রসার অত্যন্ত নগণ্য, ১৯৫০ সালে গৃহীত ১৯৫০ সালে ভারতের সংবিধানে ১৪ বছর পর্যন্ত ছেলেমেয়েদের শিক্ষা অবৈতনিক ও বাধ্যতামূলক করার নির্দেশ দেওয়া হয়, কিন্তু ১৬ বছরের কংগ্রেস শাসন এই নির্দেশ অগ্রাহ্য করেছেন। বৃটেনে ১৮৭০ সালে প্রাথমিক শিক্ষা অবৈতনিক ও বাধ্যতামূলক করার আইন প্রণয়ন করে, কিন্তু ১২ বছরের মধ্যেই তা কার্যকরী করে। কলকাতা নগরীর প্রাথমিক শিক্ষার বিপর্যয়ের আলোচনা প্রসঙ্গে ভারত সরকারের প্রাথমিক শিক্ষা উপদেষ্টা শ্রী জে পি নায়েক তাঁর রিপোর্টে বলেছেন ১৯৬১ সনে ৩১এ মার্চ কলিকাতায় প্রাথমিক শিক্ষার্থীর সম্ভাব্য সংখ্যা ১ লক্ষ ৮৫ হাজার হবে। এই সংখ্যা ৬-১১ বছরের বালক-বালিকাদের মোটসংখ্যার শতকরা ৬০ ভাগ মাত্র। সারা ভারতের শতকরা ৭০ ভাগের কলিকাতা মহানগরীতে বালক-বালিকাদের শিক্ষার ব্যবস্থা নেই। ১০টি ছেলের মধ্যে ৪টি ছেলে এখনও নিরক্ষরতার অন্ধকারে ঐ বয়সের শিক্ষার্থীদের গড়ের চেয়ে এই শতকরা হার কম এবং অন্যান্য শহরাঞ্চলে ও পৌর এলাকার শতকরা হারের চেয়ে অনেক কম। আবার যেসমস্ত বালক-বালিকা স্কুলে পড়ার সুযোগ পায় তাদের মাত্র শতকরা ২৮ ভাগ পৌর-সভার অধীনে পরিচালিত অবৈতনিক স্কুলে শিক্ষালাভ করে। আর শতকরা ৭২ জন বেতন দিয়ে প্রাথমিক শিক্ষা গ্রহণ করে। সংবিধানে নির্দেশ সত্ত্বেও শতকরা ৪০ ভাগের জন্য শিক্ষার

সুযোগ নেই। ১০টির মধ্যে ৪টি নিরক্ষরতার অন্ধকারে আর যারা শিক্ষা পাচ্ছে তাদের মধ্যে শতকরা ৭২ ভাগকে বেতন দিতে হয়—পৌরসভা রাজ্যসরকার ও কেন্দ্রীয় সরকারের এর চেয়ে লজ্জার কি আছে? অথচ মাদ্রাজ শহরে শতকরা ৯৬ জন স্কুলে যাবার বয়সী ছেলেমেয়েদের শিক্ষার ব্যবস্থা হয়েছে এবং মাধ্যমিক শিক্ষা অবৈতনিক হয়েছে। মাদ্রাজ সরকার সমস্ত শিক্ষা অবৈতনিক বলে ঘোষণা করেছেন। ১৯৫৬ থেকে ১৯৬৬ পর্যন্ত কলকাতা প্রাথমিক শিক্ষা ব্যবস্থার সম্পর্কে স্টেটসম্যান পত্রিকার সংবাদদাতা লিখেছেন নতুন প্রাথমিক স্কুল খোলার ব্যাপারে সবচেয়ে উল্লেখযোগ্য বিষয় হচ্ছে কলিকাতা পৌরসভার কর্তৃপক্ষ গত দশ বছরে দুটির বেশি স্কুল প্রতিষ্ঠা করে নাই। এ ব্যাপারে আমি বিধানসভার ১৯৬৬-৬৭ সালের এস্টিমেট কমিটির রিপোর্ট থেকে উদ্ধৃতি শোনাচ্ছি। ১৭নং অনুচ্ছেদে বলা হয়েছে

"The study undertaken by the Calcutta Metropolitan Organisation reveals that in primary education the situation in the Calcutta Metropolitan District is one of enormous and chronic deficiency. While the Third Plan target for provision of primary education for 80 per cent. of child population has been reached for the State as a whole, the corresponding figure of Calcutta Metropolitan District comes to about 64 per cent. It is readily apparent that urban areas in the State generally, and those in the Calcutta Metropolitan District in particular are well behind in their progress towards the ultimate constitutional goal of free, universal and compulsory primary education for all children between 6 and 14 years. The Committee find that the progress within the State during the Third Plan has increased this disparity between rural and urban areas".

স্পীকার মহোদয়, প্রাথমিক শিক্ষার দায়িত্ব কার, এ প্রশ্ন বিগত ২০ বছর ধরে অমীমাংসিত রয়ে গেছে। রাজ্যসরকার বলেন কর্পোরেশনের, আবার পৌরসভা বলেন রাজ্যসরকারের। দায়িত্ব পরিহারের এক অদ্ভুত দৃষ্টান্ত। প্রাথমিক শিক্ষার বায়বাহুল্য সম্পর্কে

J. P. Nayek. Adviser, Primary Education, Government of India, and E. S. Lawyer Consultation Education at Finance, Government of India in a brochure Financing of Elementary Education India.

পুস্তিকায় বলেছেন অষ্টম শ্রেণী পর্যন্ত শিক্ষার ব্যয় রাজ্যসরকার শতকরা ৫০ ভাগ, কেন্দ্রীয় সরকার শতকরা ৩৫ ভাগ এবং পৌরসভা ও স্থানীয় স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানগুলি ১৫ ভাগ বহন করবে। কেন্দ্রীয় সরকার জনসাধারণের উপর থেকে যে বিপুল পরোক্ষ কর আদায় করছে, তার একটা বড় পরিমাণ নিশ্চিতভাবেই শিক্ষার মত জনকল্যাণ কাজে ব্যয়িত হওয়া প্রয়োজন। কারণ সংবিধানে এই ধরনের শিক্ষার ব্যাপারে কেন্দ্র ও রাজ্যসরকারের যৌথ দায়িত্ব রয়েছে। আমরা সবাই মুখে গণতন্ত্র ও সমাজবাদের কথা বলি। কিন্তু যতদিন প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে ধনী ও গরিবের জন্য আলাদা আলাদা স্কুল থাকবে ততদিন সমাজবাদ কিভাবে কায়েম হবে? এই সরকার প্রতিষ্ঠা হবার পরেও গত এপ্রিল মাসের শেষের দিকে এই প্রসঙ্গে এস্টিমেট কমিটির রিপোর্ট থেকে আমি উদ্ধৃত করছি। ১১ পৃষ্ঠা, ৫২ অনুচ্ছেদে আছে—

One thing which attracted the attention of the Committee about which the Committee intend to place on record their views is the existence of the large number of schools (primary and pre-primary) charging high tuition fees in Calcutta and other city areas. The Committee are fully aware that no specific recommendation can be made in this regard as these institutions do not generally come to the Education Department for aid or grant. The Committee also note with concern that it has become the usual practice amongst the parents, particularly, those belonging to the higher income group to put their children in these schools. Continuation of these schools without any control gives rise to a very unhappy state of affairs—one system of education for the rich and the other for the poor.

কিন্তু আমি এটার ভিতর একটি ব্যাপারের সঙ্গে একমত নই। কারণ, সাহায্যহীন বিদ্যালয়গুলি নানাভাবে সরকারী সাহায্য পেয়ে থাকে। কিন্তু একটি সাহায্যহীন বিদ্যালয়ের ব্যাপারে দৃষ্টি

আকর্ষণ করছি। এ কে সেন একটি চিঠি লিখছেন, তার মেমো নং..........., তাতে লিখছেন may we inform you that aided schools are those that enjoy a maintenance grant on deficit basis. Eeven unaided schools according to this definition enjoy Government D.A. for their teachers, relief in building, taxes, financial assistance for development, development loan and also direct grants.

এইভাবে সাহায্যহীন বিদ্যালয়ে সরকারী সাহায্য পেয়ে থাকে। আমি এই ধরনের আর একটি বিদ্যালয়ের উদাহরণ দিচ্ছি। উত্তরপাড়ায় একটি কনভেন্ট আছে, সরকারী সাহায্যপ্রাপ্ত। নামেই কনভেন্ট, শিক্ষার মান প্রাথমিক বিদ্যালয়ের চেয়ে অনেক নিচে। স্পেশাল ট্রেনিং বলতে কিছুই নেই। অথচ যারা অ, আ, ক, খ, শিখবে তাদের বেতন ১১ টাকা। বিদ্যালয়ের সেক্রেটারী গার্জেনদের ঠকাবার জন্যে বিলেতী কায়দায় রেক্টর হয়েছেন, ইনি পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা-দপ্তরের একজন প্রাক্তন ইন্সপেক্টর অব স্কুল। অর্থাৎ কোন্ রাস্তা দিয়ে বিদ্যালয়ে সরকারী অর্থ সাহায্য আসে তা তিনি ভালভাবেই জানেন এবং তা আদায়ও করেছেন। ম্যানেজিং কমিটির বালাই নেই। নিজেদের ঘরের লোকজনদের নিয়ে ট্রাস্টি তৈরি করেছেন, কাজেই অভিভাবকদের কিছু বলার সুযোগ নেই। হেডমিসট্রেস হলেন ঐ রেক্টরেরই মেয়ে। তিনবার বি এ ফেল করেছেন, চতুর্থবার স্পেশাল অনার্স নিয়ে পাশ করেছেন বলে দাবি করেন—সত্যি পাশ করেছেন কিনা তা জানা যায় নি। স্কুলের কেরাণীরা হলেন রেক্টরের ছেলেরা। সকলেই মোটা মোটা বেতন পান। স্কুলের যারা সারভেন্ট বা মেড সারভেন্ট তাদের সঙ্গে শর্ত আছে রেক্টরের বাড়ির কাজও তারা করবে, এর জন্য কোন পৃথক মাইনে রেক্টরের কাছ থেকে তারা পায় না। বিদ্যালয়টি রেক্টরের বাড়িতেই অথচ বিদ্যালয় থেকে বাড়িভাড়া আদায় করেন। প্রসপেক্টাসে লেখা আছে ছেলেমেয়েদের টিফিন দেওয়া হয়, আসলে মোটেই দেওয়া হয় না। ছেলেমেয়েরা যে যার টিফিন বাড়ি থেকে নিয়ে যায়। ড্রেসের কথাও প্রসপেক্টাসে লেখা আছে, কিন্তু ড্রেস ছাত্রদের নিজেদের পয়সা দিয়ে তৈরি করাতে হয় এবং বিদ্যালয় কর্তৃপক্ষ যে দোকান নির্দিষ্ট করে দিয়েছেন সেই দোকানের মালিকও রেক্টরের রিলেটিভ। এটা অবিলম্বে তদন্ত হওয়া দরকার। এইভাবে সেখানে বিজনেস চলেছে। আর একটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। শিক্ষার কথা বলতে গিয়ে আমি এই কথা বলছি, আপনারা সকলেই একমত হবেন যে, বাংলাদেশের সাহিত্যের যে অবদান যুগিয়েছেন নজরুল, সেই নজরুলের নাম করছি। নজরুলের অবস্থা আপনারা সকলেই জানেন। তাঁকে যে টাকা দেওয়া হয় তাতে তাঁর সংসার চলে না। তাঁর দারিদ্র্যতার সুযোগ নিয়ে সমস্ত রেকর্ড কিনে নিয়েছে। তাঁর অগ্নিবীণা, বুলবুল প্রভৃতিগুলি আমাদের এই হাউস থেকে রেজলিউশন করে আমাদের মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে অনুরোধ করব সেগুলি নিয়ে যাতে পুরো বিলিফ তিনি পান এবং তাঁর দিকে যাতে দৃষ্টি দেওয়া হয় সেইজন্য আমি অনুরোধ জানাব। এই কথা বলে আমি এই শিক্ষা ব্যয়বরাদ্দকে সমর্থন করছি।

[5-15 - 5-25 p.m.]

শ্রীপরেশচন্দ্র গোস্বামীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনেক আলোচনা হয়েছে এতক্ষণ ধরে, আমি প্রথমেই ধন্যবাদ জানাচ্ছি মাননীয় শিক্ষামন্ত্রীকে, কারণ তিনি বলেছেন প্রাইমারি এডুকেশনকে ইউনিভার্সাল এবং কম্পালসারি করবেন। তিনি বলেছেন যে, ম্যানেজমেন্ট অ্যান্ড সুপারভিশনএর জন্য ডিস্ট্রিক্ট লেভেলএ ব্যবস্থা ভাল করে করা হবে এইজন্যও তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। আমরা এটা প্রত্যাশা করি না যে, চার মাসের মধ্যে শিক্ষাক্ষেত্রে অনেক কিছু নূতন হোক। আজকে সরকারী অনেক নতুন মাননীয় সদস্যের বক্তৃতা শুনলাম, তাঁদের কাছ থেকে অনেক ভাল কিছু শুনব আশা করেছিলাম, কিন্তু তা না বলে শুধু আমরা ২০ বছরে কি করতে পারি নি, কি ত্রুটি-বিচ্যুতি আছে সেইগুলো নিয়েই সমালোচনা করেছেন। শিক্ষা বিষয় অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়, সকলের সহযোগিতার মাধ্যমে অত্যন্ত ধীরস্থিরভাবে চিন্তা করে এই সমস্যার সমাধান করা উচিত। কিন্তু শিক্ষাকে যাঁরা এতদিন রাজনীতি হিসাবে ব্যবহার করেছিলেন, শিক্ষক মহাশয়দের বেতনের অভাবকে কেন্দ্র করে রাজনৈতিক ধাপ্পা দিয়ে সুবিধা আদায়ের চেষ্টা করেছিলেন তারা আজকে শুধু কংগ্রেসের উপর দায়িত্ব দিয়ে দোষ স্খালনের চেষ্টা করছেন। এটা অন্তত মাননীয় শিক্ষামন্ত্রীর কাছ থেকে আশা করি নি। আমরা জানি শিক্ষকদের

অভাব আছে, মাধ্যমিক শিক্ষক, প্রাথমিক শিক্ষক, প্রত্যেক স্তরের শিক্ষকদের অভাব আছে এবং এটা জানি বলেই সেই শিক্ষাসমস্যার গোড়ায় হাত দেওয়া দরকার। অনেক শিক্ষকদের ডিয়ারনেস অ্যালাওয়েন্সের কথা বলেছেন। আমি বিশেষ করে মাধ্যমিক শিক্ষকদের সঙ্গে জড়িত, তাঁরা এমন একটা অবস্থার মধ্যে পড়ে রয়েছেন, হাজার হাজার মাধ্যমিক শিক্ষক আমাদের দেশে কাজ করছেন, তাঁদের সেই বেতনের মুখছবি আমি জানি। যাঁদের উপর আমাদের দেশের শিক্ষা এবং দেশের সমাজব্যবস্থা নির্ভর করে দেশের সমস্ত ভিৎ গঠিত হবে, তাঁদের জন্য এডুকেশন বাজেটে টপমোস্ট প্রায়োরিটি দেওয়া হোক, তা ছাড়া পরিকল্পনা সার্থক হতে পারে না। যার জন্য আমরা দেখেছি শিক্ষার ভেতর হতাশা, নৈরাশ্য রয়েছে। আমরা জানি যে, বেতন বৃদ্ধির কথা বলা হয় কিন্তু সেই বেতন শিক্ষক মহাশয়দের গ্র্যান্ট-ইন-এড যে নীতি রয়েছে তার মধ্যে শিক্ষকরা বঞ্চিত হন। আমি সেইজন্য কয়েকটি কথা বলতে চাই যে, মাধ্যমিক শিক্ষকদের ক্ষেত্রে কংগ্রেস সরকার যে যে খাতে সাহায্য করে এসেছেন যেমন মাধ্যমিক শিক্ষায় প্রাথমিক শিক্ষকদের ছেলেমেয়েদের সন্তানদের বেতন দিতে হয় না, সেই বেতন সরকার দেন। আমরা জানি যেসব গার্লস মফঃস্বলে মাধ্যমিক বিদ্যালয়ে যারা পড়ে, তাদের বেতন সরকার দেন। এবং বিভিন্ন সরকারী কর্মচারী সেন্ট্রাল গভর্নমেন্ট এবং স্টেট গভর্নমেন্ট তাদের বেতন সরকার দিয়ে থাকেন। এবং সিডিউল্ড কাস্টস অ্যান্ড সিডিউল্ড ট্রাইবসএর ক্ষেত্রে ২০ পারসেন্ট ফ্রি করার পর যে টেন্ডার ফি হয় এবং তাছাড়া বাকি যে ডেফিসিট, সেই ডেফিসিট কংগ্রেস সরকার বহন করেছেন এবং সেই নীতি এখনও চলছে। আমি বলতে চাই, এই যে দায়দায়িত্ব এত রেসপন্সিবিলিটি নেওয়া সত্ত্বেও শিক্ষা সমস্যা মেটে নি এবং শিক্ষার ক্ষেত্রে অভাব রয়েছে এবং সেই অভাবকে রাজনীতির খুঁটি হিসাবে ব্যবহার করা হয়, এটা একটা পলিটিক্যাল খুঁটি হয়ে দাঁড়িয়েছে। এই যে বিরাট অভাব, সেই অভাব দূর করবার জন্য যে টাকা দেওয়া হয়, আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করব বিভিন্ন খাতের সেই টাকা আদায় করতে গিয়ে যে ঝামেলা ও শক্তির অপচয় হয় প্রধান শিক্ষকের সেই টাকা বাদে টিউশন ফি বাবদ ছেলেরা যে টাকা দেয়, তার থেকে যদি অতিরিক্ত আর দশ থেকে ১৫ হাজার টাকা অতিরিক্ত শিক্ষামন্ত্রী দিতে পারেন, তাহলে শিক্ষা ফ্রি করে দেওয়া যায়। আর তা দিতে গেলে ৫ থেকে ৬ কোটি টাকা যদি বেশি ব্যয় করা হয়, তাহলে সর্বস্তরের মাধ্যমিক শিক্ষা ফ্রি করে দেওয়া যায়। আমি খুঁটিনাটি হিসেব না করে মোটামুটি বলছি। এই শিক্ষাক্ষেত্রে যদি স্থায়ী সমস্যার সমাধান করতে চান, শিক্ষাক্ষেত্রে প্রকৃত কল্যাণ করতে চান, শিক্ষাকে দৃঢ়ভিত্তির উপর স্থাপন করতে চান এবং বৈপ্লবিক পরিবর্তন যদি শিক্ষাক্ষেত্রে আনতে চান, তাহলে এই কাজের দ্বারা সেটা সমাধান হতে পারে।

তারপর যেভাবে গ্র্যান্ট-ইন-এড দেওয়া চলছে, তা পরিবর্তন করা দরকার। তা সেন্ট্রালাইজ্ড হয়ে আছে ডি পি আই অফিসে। সেখান থেকে যদি ডিস্ট্রিক্টএ টাকা দেওয়া হয় এই গ্র্যান্ট ইন এড বিলে ডিস্ট্রিক্ট ইন্সপেক্টর কাউন্টারসাইন করেন। তার মধ্য দিয়ে না হলে কোন টাকা বিলি হবে না। এইরকম যদি কোন ব্যবস্থা করা হয়, তাহলে অতি সহজে সেই টাকা পাওয়া যেতে পারে। এই গ্র্যান্ট--ইন-এডের টাকাটা যদি রেগুলারলি পাওয়া যায়, তাহলে অনেক সমস্যার সমাধান হতে পারে।

আমরা জানি প্রাথমিক শিক্ষা—এ একটা জটিল সমস্যা—আমি শিক্ষামন্ত্রীকে বলতে চাই—এই যে প্রাথমিক শিক্ষা--এ সম্বন্ধে শ্রীমতী ইলা মিত্র বলেছেন, একটা পাইলট প্রোজেক্টএর মধ্য দিয়ে এই ব্যাপারে অনেক টাকা খরচ হচ্ছে। আমরা জানি মাধ্যমিক শিক্ষার ও প্রাথমিক শিক্ষার সর্বত্র গলদ দেখা দিয়েছে। একে আপনারা সার্বজনীন করতে পারছেন না। কারণ সংখ্যা নাকি বেড়ে যাচ্ছে। আর অ্যাডাল্টকে যদি শিক্ষা দেবার ব্যবস্থা করতে পারেন, তাহলে শিক্ষাক্ষেত্রে যে ত্রুটি-বিচ্যুতি ও অনেক অভাব-অভিযোগ আছে—তা সংশোধন হতে পারে। সেইজন্য আমার সাজেসশন হচ্ছে প্রাইমারি স্কুল এই যে ৩৭,০০০ রয়েছে, তাদের যদি একটা অ্যাডিশনাল রেমুনারেশন ৩০ টাকা করে দেওয়া যায় এবং দিয়ে যদি সেখানে অ্যাডাল্ট এডুকেশন সেন্টার খোলা যায় তাহলে সেখানে সাইমালটেনিয়াসলি প্রাইমারি শিক্ষা এবং অ্যাডাল্ট লিটারেসি দুই-ই একসঙ্গে হতে পারে। প্রত্যেক ব্লকে যাতে এটা ফাংশন করতে পারে তার জন্য তাদের সঙ্গে যোগাযোগ করবার কথা একটু ভেবে দেখতে বলি।

[5-25—5-35 p.m.]

শ্রীখগেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় স্পীকার মহোদয়, আজকে শিক্ষাখাতে ব্যয়বরাদ্দ উপস্থিত করে মাননীয় শিক্ষামন্ত্রী শিক্ষকদরদী মন নিয়ে যে বাস্তব চিত্র আমাদের সামনে তুলে ধরেছেন, এ সম্বন্ধে তাঁর যে বক্তব্য আমাদের সামনে রেখেছেন, তার জন্য তাঁকে আন্তরিক অভিনন্দন জানিয়ে কয়েকটি কথা নিবেদন করতে চাই। সময় আমার সংক্ষেপের জন্য আমি দীর্ঘদিন প্রাথমিক শিক্ষার সংগে জড়িয়ে থাকার অভিজ্ঞতা নিয়ে যে কয়টি অসুবিধা লক্ষ্য করেছি তা এখানে উপস্থিত করছি। সর্বপ্রথম এই কথা বলা ভাল যে, তিনি বলেছেন, এই সরকার অতি শীঘ্র পশ্চিম বাংলার প্রাথমিক শিক্ষার জন্য একটা কম্প্রিহেনসিভ বিল আনবেন—পূর্ণাঙ্গ এবং যুগোপযোগী বিল আনবেন। আমি আশা করব এফেকটিভ এবং ডিসেন্ট্রালাইজড ও এফিসিয়েন্ট অ্যাডমিনিস্ট্রেশনএর পূর্ণ ব্যবস্থা থাকবে তার মধ্যে। আরবান এলাকার জন্য একটা মিউনিসিপ্যাল প্রাথমিক শিক্ষা আইন এবং ১৯৩০ সালের রুরাল প্রাইমারি এডুকেশন অ্যাক্ট, তার দ্বারা গ্রামীণ শিক্ষাব্যবস্থা চলছে। এপক্ষ থেকে শ্রীঅমলেশ মজুমদার কলিকাতার প্রাথমিক শিক্ষার বাস্তব চিত্রটি তুলে ধরবার চেষ্টা করেছেন। আমরা দেখতে পাচ্ছি যে, সমগ্র কলকাতায় ৮৪৩টি বিদ্যালয়ের মধ্যে প্রাথমিক বিদ্যালয় হচ্ছে ২৪৫টি এবং তার প্রত্যেকটিতে অবৈতনিক শিক্ষা দেওয়ার ব্যবস্থা আছে। এর থেকে আমরা নাম করতে পারি, যেকথা অমলেশবাবু বলেছেন যে, চাইল্ড পপুলেশনএর ২৮ পারসেন্ট ফ্রি পড়বার সুযোগ পায় আর বাকি ৭২ পারসেন্ট বেতন দিয়ে পড়ে। তৃতীয় পরিকল্পনায় টারগেট ছিল যে, ৮০ পারসেন্ট চাইল্ড এডুকেশন, প্রাইমারী শিক্ষার মধ্যে আনতে হবে। সেখানে কলিকাতার এলাকায় ৬৪ পারসেন্টের বেশি আনা যায় নি। শিক্ষামন্ত্রী মহাশয় বলেছেন যে, ৭৫ হাজার প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে মাত্র ৩ হাজারটি স্কুল অবৈতনিক, অর্থাৎ সেখানে ফ্রি পড়বার ব্যবস্থা আছে। তার চেয়ে বেশি করা যায় নি। তিনি বলেছেন যে, এক এক বছরে এক হাজার করে করবেন। আমি আপনার মাধ্যমে তাঁর কাছে এই কথাটা রাখতে চাই যে, আমাদের ডাইরেক্টিভ প্রিন্সিপল অফ দি কনস্টিটিউশন ছিল যে, দশ বছরের মধ্যে ছয় থেকে চোদ্দ বছরের ছেলেমেয়েদের অবৈতনিক শিক্ষা দান করব, তা সম্ভব হয় নি। ৩৪৪টি স্কুল স্পেশাল কেডারএ প্রবর্তন করার ফলে যেসমস্ত আই-এ, বি-এ পাশ শিক্ষকরা রয়েছেন এবং আজকে যখন নূতন করে প্রাথমিক শিক্ষকরা তাঁদের এডুকেশন কোয়ালিফিকেশন বাড়িয়েছেন, তখন অন্য কোন শিক্ষক নিয়োগ না করে, তাঁদের নিয়ে, আরও বেশি সংখ্যক প্রাথমিক স্কুলের উন্নয়ন করা যায় কিনা, সেটা তিনি ভেবে দেখুন। বি জি খের কমিটির রিপোর্টে আছে যে, রাজ্য শিক্ষার ক্ষেত্রে ব্যয়বরাদ্দ হওয়া উচিত, সমগ্র বাজেট বরাদ্দের কুড়ি ভাগ টাকা এবং তার মধ্যে ৬০ ভাগ টাকা যাবে প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে। যদি দেখা যায় যে, সমগ্র বাজেটের ২০ ভাগ টাকা শিক্ষাক্ষেত্রে বরাদ্দ করা সম্ভব হয়, তাহলে সেই ২০ ভাগ টাকার, ৬০ ভাগ কোন প্রাথমিক শিক্ষার জন্য ব্যয়িত হবে না? তিনি দরদী মন নিয়ে যে কথা বলেছেন যে, "সাধ আছে, সাধ্য নাই।" আমি বলব পশ্চিমবঙ্গের শিক্ষক সমিতি দাবি করতে পারে যে, এটা তাদের প্রিমিয়ার অ্যাসোসিয়েশন যার সভাপতি মাননীয় হরেন্দ্রনাথ মজুমদার মহাশয়, এবং আমিও বীরভূম শিক্ষক সমিতির সভাপতি। হরেন্দ্রনাথ মজুমদার মহাশয়ের কেয়ারে ২৭এ জুন তারিখে এখানে শিক্ষক-শিক্ষিকা ভাই-বোনেরা এসেছিলেন, গণতান্ত্রিক পদ্ধতিতে তাঁদের দাবিদাওয়া নিয়ে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ও দরদী মন নিয়ে এগিয়ে গিয়েছিলেন তাঁর সংগে সেখানে হরেন্দ্র মজুমদার মহাশয় ছিলেন এবং আমিও গিয়েছিলাম কিন্তু অত্যন্ত দুঃখের, ঘৃণার, লজ্জার ও বেদনার কথা, তাঁরা এখানে নিগৃহীত ও লাঞ্ছিত হয়েছিলেন। আমি আশা করব মাননীয় শিক্ষামন্ত্রী নিশ্চয়ই সে সম্বন্ধে দুঃখপ্রকাশ করবেন এবং সে সম্বন্ধে যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করবেন। আমি আর একটি কথা আপনাকে মনে করিয়ে দিতে চাই যে, ২৬এ জুন তারিখে তাঁরা নিজেরা রেজলিউশন পাশ করেছেন যে ২২এ জুন তারিখে তাঁরা প্রতীক ধর্মঘট করবেন তাঁদের নিজ নিজ এলাকায়। আমি সংবাদপত্রে লক্ষ্য করলাম যে, গতকাল আবার শিক্ষক-কর্মচারীরা সমন্বয় কমিটি, তাঁরাও ধর্মঘটের কথা বলেছেন। কাজেই আমার আশংকা ও সংশয় হয় যে, কালকে যখন প্রাথমিক শিক্ষকরা তাঁদের নিজ নিজ এলাকায়, প্রতিবাদ জানাবার জন্য সভা-সমিতি করে এগিয়ে আসবেন, তখন নিগৃহীত হতে পারেন। আমি আশা করি

মাননীয় মন্ত্রিমহাশয়, এ সম্পর্কে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করবেন যাতে সেখানে কোনপ্রকার সংঘর্ষ না দেখা যায়। এই ব্যাপারে যতক্ষণ পর্যন্ত না, এক নূতন আইন হচ্ছে, ততদিন এর কোন প্রকৃত সমাধান হতে পারে না। আজকে বাংলাদেশে শিক্ষাজগতে, শিক্ষা পর্ষদের সমস্ত কর্মচারী, যাঁরা প্রাথমিক শিক্ষাব্যবস্থাকে চালু করে রেখেছে, তাদের চরম দুরবস্থার প্রতি আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। ১৯৬৪ সাল থেকে আজ পর্যন্ত, কোন রকম ডি এ বহু আবেদন-নিবেদন করেও, তাদের জন্য কিছু পাওয়া যায় নি। ১৯৬৪ সাল থেকে তদানীন্তন সেই সমস্ত শিক্ষা পর্যদের কর্মচারীদের ডি-এর সুযোগ দেওয়া হয়, ২রা জুন ১৮৪২ নম্বর অর্থ-মন্ত্রকের সার্কুলার অনুযায়ী। ২রা জুন তারিখে ১৮৪২ নং অর্থ মন্ত্রকের একটা সার্কুলারে সকল স্তরের কর্মচারীদের ডি-এ পরিবর্ধিত করা হয়েছে, যার ফলে দেখা যাচ্ছে সেখানকার শুধু করণিকরা নয় সেখানকার যারা পিয়নের কাজ করে তারাও এর সুযোগ পাবে। আজকে শিক্ষা পরিষদের কর্মচারী যারা তারা সেই সুযোগ থেকে বঞ্চিত হতে চলেছে। যতক্ষণ না এই শিক্ষা পর্ষদের কর্মচারীদের হাতে আজকে প্রাথমিক শিক্ষকদের ভাগ্য নিয়ন্ত্রিত হবে এবং প্রাথমিক শিক্ষকরা নিয়মিত বেতন পাবে সেখানে প্রাথমিক শিক্ষা কি করে ভালভাবে চালু থাকবে। আমি নিবেদন করব, সেই কর্মচারী-দের কথা উপলব্ধি করবার জন্য। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি শিক্ষামন্ত্রীর কাছে আপনার মাধ্যমে নিবেদন করব যে, সরকারের অন্যান্য ডিপার্টমেন্টের কর্মচারীদের ডি-এ এবং অন্যান্য সুযোগ-সুবিধার ব্যাপারে যেভাবে দেখে আসছেন ঠিক সেইভাবে সহানুভূতির মন নিয়ে এই শিক্ষক কর্মচারীদের দেখবেন। আজকে শিক্ষাখাতে যে ব্যয়বরাদ্দ তিনি এনেছেন তাকে পরিপূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-35—5-45 p.m.]

শ্রীসত্যনারায়ণ ব্যানার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় হাউসে যে উদ্বোধনী বক্তৃতা দিয়েছেন তাতে তিনি বলেছেন যে, তাঁরা ভালভাবে আরম্ভ করার চেষ্টা করছেন, তার জন্য আমি তাঁকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

তবে আমার মনে হচ্ছে, যেভাবে তাঁরা আরম্ভ করেছেন সেটা যদি নমুনা হয় তাহলে কিন্তু আমাদের পক্ষে খুব দুর্ভাবনার কথা।

প্রথম কথা হচ্ছে এখানে এক্সপ্যানশন অব প্রাইমারি এডুকেশন সম্পর্কে যে কথা আমরা তাঁর কাছে শুনেছি তার বদলে পূর্বতন সরকার কতকগুলি নূতন প্রাইমারি স্কুল করবার জন্য যে অর্ডার দিয়েছিলেন নূতন সরকার আসার পর টেলিগ্রামযোগে সেই সমস্ত স্কুলগুলি বোর্ডকে খোলার নির্দেশ বন্ধ করে দেওয়া হয়েছে। কাজেই এক্সপ্যানশন অব প্রাইমারি এডুকেশন সর্বপ্রথম বন্ধ হয়েছে এই নূতন সরকারের আমলে।

দ্বিতীয়ত আমরা দেখছি ১৯৬৬ সাল থেকে সেকেন্ডারী স্কুলের ক্লার্কদের যে ১৫ টাকা ডি-এ দেবার কথা ঘোষণা করা হয়েছিল সেটা বর্ধমান জেলার ডিস্ট্রিক্ট ইন্সপেক্টেস অব স্কুলস বীরভূম জেলার ডিস্ট্রিক্ট ইন্সপেক্টেস অব স্কুলস হয় সরকারী নির্দেশ মানেন নি, না হয় তাঁরা সে সম্বন্ধে অবহিত নন, তাই কেরানীরা সকলে পান নি। তৃতীয় হচ্ছে ক্লাস ফোর সার্ভেন্টদের বেতন করে তাঁরা হালে একটা ইনক্রিমেন্ট দিয়েছেন কিন্তু হায়ার সেকেন্ডারি স্কুলে যে ক্লাস ফোর সার্ভেন্ট আছে তাদের সম্বন্ধে তাঁরা কোন নির্দেশ না দেওয়ার ফলে সেই হায়ার সেকেন্ডারী স্কুলের ক্লাস ফোর সার্ভেন্টরা, ক্লার্করা এক পয়সাও পাচ্ছে না। চতুর্থ হচ্ছে, এ যাবৎকাল আমরা শুনে এসেছি রুরাল এরিয়ায় গার্লস স্কুলে তাদের টিউশন ফি সরকার বহন করেন কিন্তু এ বছরের জুন মাস পেরিয়ে গেছে, আজ পর্যন্ত প্রথম কোয়ার্টার টিউশন ফি গ্রান্ট কোন স্কুলে পায় নি। কাজেই এটাও তাঁদের দাক্ষিণ্যের নমুনা।

পঞ্চমত, ১৯৬৬-৬৭ সালের যে গ্রান্ট ইন এড তা সম্পূর্ণ অনেক স্কুল এখনও পান নি এবং এ সম্বন্ধে আমি নিজে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম, তিনি এ বিষয়ে দয়া করে তাঁর ৬নং কাউন্সিল হাউস স্ট্রীটে চিঠি পাঠিয়েছিলেন, সেখান থেকে একটা অ্যাক-নলেজমেন্ট পেয়েছিলাম, তারপর ছয়বার সেখানে আনাগোনা করেছি, কিন্তু আজ পর্যন্ত তার কোন সুরাহা হয় নি।

আরও কতকগুলি জিনিস রয়েছে, সিনিয়ার বেসিক স্কুল যেখানে ছিল সেখানে হয়ত সেগুলি আস্তে আস্তে হায়ার স্কুলে রেজড হয়েছে, কিন্তু সেখানে ছাত্র-ছাত্রীর সংখ্যা এমন বেশি রয়েছে যে, সিনিয়ার বেসিক স্কুলের পাশে হাই স্কুল গ্রো আপ করেছে, তার জন্য তারা রেকগনিশন পাচ্ছে কিন্তু তাদের গ্রান্ট কিভাবে হবে না হবে তা এখনও ঐ ৬ নং কাউন্সিল হাউস স্ট্রীট থেকে ঠিক না হওয়ার দরুন সেই ধরনের স্কুলগুলি কোন গ্রান্ট পাচ্ছে না, যার জন্য তারা একটা অসুবিধার মধ্যে পড়েছে, আমি এদিকে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। আর কতকগুলি বিষয়ে তাঁর দৃষ্টি আকর্ষণ করব যেগুলি সংশোধন করা দরকার বলে আমার নিজের মনে হয়েছে, তিনি সেগুলি বিবেচনা করে দেখবেন। এখন দেখা যাচ্ছে ডিরেক্টর অব পাবলিক ইনস্ট্রাকশন থেকে প্রি-১৯৬৩ অ্যান্ড পোস্ট-১৯৬৩ স্কুলস এই বলে কতগুলি গ্রান্ট স্যাংশন হচ্ছে, তাতে একটা ডিসক্রিমিনেশন হয়ে যাচ্ছে যার ফলে রুরাল এরিয়া বলুন বা শহরাঞ্চল যাই বলুন তাদের স্কুলগুলি ঠিকভাবে চলতে পারবে না। এই স্কুলগুলি সমান স্তরে যাতে তারা পায় এদিকে দৃষ্টি দেবেন।

আর একটা কথা হচ্ছে, আজ পর্যন্ত কতকগুলি ক্রাফ্‌ট টিচার আছে সিনিয়ার বেসিক স্কুলে তাদের কিন্তু কোন বেতন, অ্যালাওয়্যান্স কিছুই হয় নি, তারা আগে যে ৬০ টাকার পার্টটাইম টিচার বলে ছিলেন এখনও সেই ৬০ টাকার পার্টটাইম টিচার হিসাবে আছেন। এদিকে যদি দৃষ্টি দেন তাহলে উপকার হবে।

তারপরে ডেফ অ্যান্ড ডাম্ব স্কুলের টিচারদের ডি এ দেওয়া হয়েছে, তাদের স্কেল হয়েছে কিন্তু তাদের প্রভিডেন্ট ফান্ড আজ পর্যন্ত হয় নি। কাজেই প্রভিডেন্ট ফান্ড, পেনসন যাতে তাঁরা পান গভর্নমেন্ট এডেড স্কুলের টিচারদের মত সেদিকে আমি দৃষ্টি আকর্ষণ করছি।

আর একটা কথা হচ্ছে আমি সেদিন প্রশ্ন জিজ্ঞাসা করেছিলাম, মাননীয় মন্ত্রিমহাশয় নিজেও অস্বীকার করতে পারবেন না যে, এখনও ট্রেন্ড টিচার অনেক বসে আছেন, কাজেই ট্রেন্ড টিচার যাতে বসে না থাকেন সেদিকে যদি কোন ব্যবস্থা করতে পারেন সেটা দেখবেন এবং এই টিচার্স অ্যাপয়েন্টমেন্ট সম্পর্কে আমাদের অন্যান্য জায়গায় নিয়ম আছে যে কোন টিচার অ্যাপয়েন্ট করতে গেলে বা কোন লোক অ্যাপয়েন্ট করতে গেলে যেমন মোর দ্যান ২০ পারসেন্ট এমপ্লয়েড, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জকে একটা জানাতে হয়, কিন্তু বর্তমানে স্কুল বোর্ডে সে বালাই নেই। কাজে কাজেই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের থ্রু দিয়ে নেওয়াটা সঙ্গত কিনা এবং আইনগত বাধা কিনা সেটা আপনি বিবেচনা করে দেখবেন, এদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা কথা হচ্ছে টিচার্স কোয়ার্টার্স পল্লী-অঞ্চলে এর আগে কিছু কিছু ডেভেলপমেন্ট গ্রান্ট দিয়ে, অ্যাডভান্স দিয়ে করা হয়েছে, কোন কোন জায়গায় হাউস বিল্ডিং লোনও দেওয়া হয়েছে। সেদিকে যদি দৃষ্টি দেন তাহলে ভাল হয়। তাদের ফান্ডে যদি টাকা না থাকে তাহলে হাউস বিল্ডিং স্কীম করুন, আপনাদের পি ডবলিউ ডিপার্টমেন্ট থেকে টাকা নিয়ে যদি আপনারা স্কুল টিচার্স অ্যাকোমডেশনের ব্যবস্থা করেন তাহলে ভাল হয়। এটা যাতে সম্ভব হয় সেটা দেখবেন—এটুকু বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীগিরীশ মাহাতো: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শিক্ষামন্ত্রীর ব্যয়বরাদ্দ সমর্থন করতে গিয়ে কয়েকটি বিষয়ে তাঁর দৃষ্টি আকর্ষণ করতে চাই। দুশো বছর ইংরাজ রাজত্ব এবং ১৯ বছর কংগ্রেসী শাসনে আমাদের সামনে আকাশচুম্বী বৈষম্য দেখা দিয়েছে। এই বৈষম্যের ফলে একদিকে ১৬-তলা, ১৮-তলা বিল্ডিং বেড়ে গিয়েছে আর একদিকে লক্ষ লক্ষ মানুষ গাছের তলায়, ফুটপাথে পড়ে আছে। এই বৈষম্যের কারণে একদিকে লক্ষ লক্ষ মানুষ না খেয়ে তিলে তিলে শুকিয়ে মারা যাচ্ছে, আর একদিকে কালিয়া পোলাও টক বলে ফেলে দিচ্ছে।

এই যে বৈষম্য, এই বৈষম্যের প্রতিকার করতে গেলে চাই জন-জাগরণ। এই জন-জাগরণ যদি দেশে আনতে হয়, তাহলে চাই ব্যাপক গণ-শিক্ষা। আজ লক্ষ লক্ষ মানুষের অজ্ঞতার সুযোগ নিয়ে এই বৈষম্য বেড়ে চলেছে, তাই আজ আমাদের জনসাধারণকে ব্যাপক গণশিক্ষা দিতে হবে, আজ লক্ষ লক্ষ মানুষের আত্ম চেতনাকে জাগাতে হবে, রাজনৈতিক অধিকারবোধ শিক্ষা দিতে হবে, সমাজশিক্ষা দিতে হবে, অর্থনীতি শিক্ষা দিতে হবে। একদিকে যেমন অধিকার জানবার শিক্ষা দিতে হবে, আর একদিকে তেমনি সেই অধিকারকে গ্রহণ করবার, সেই অধিকারকে কাজে লাগাবার মত শিক্ষা দিতে হবে। এই শিক্ষা শুধু আমাদের প্রচারবিভাগ থেকে দু-একটি প্রচারপত্র দিলেই হবে না তার জন্য ব্যাপকভাবে প্রচার শিক্ষা দিতে হবে। আমাদের কথা হচ্ছে মুকুন্দদাস নাটক করে গ্রামে গ্রামে শিক্ষা দিয়েছিলেন সেইরকম আজ গণ-জাগরণের জন্য গ্রামে গ্রামে নাটক করে শিক্ষা দিতে হবে, প্রদর্শনী করে শিক্ষা দিতে হবে। আজ যাঁরা শিক্ষিত রয়েছেন তাঁদের গণচেতনা জাগাবার জন্য গ্রামে গ্রামে পাঠাতে হবে।
আজ যাঁরা শিক্ষাবিভাগে রয়েছেন, আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব তাঁরা যাতে শিক্ষার জাগরণ আনবার জন্য তাঁরা যেন সাধারণ মানুষকে উদ্বুদ্ধ করেন। তাঁরা যেন না মনে করেন যে, তাঁরা শুধু চাকরী করতে এসেছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটি দিকে আমাদের শিক্ষার প্রয়োজন হচ্ছে—কৃষিবিদ্যা। সকলেই আজ অনুভব করছেন যে, আজ আমাদের কৃষির উন্নতি না হলে সমস্ত লোক আজ তিলে তিলে মারা যাবে। তাই সকলে আজ ভাবছেন কৃষিশিক্ষার প্রয়োজন। আজকে লক্ষ লক্ষ দরিদ্র অশিক্ষিত কৃষকদের আজ চাষের শিক্ষা পাবার কোন ব্যবস্থা নাই। আজকে গ্রামের অশিক্ষিত কৃষকদের শিক্ষার ব্যবস্থা করতে হবে, তাদের মধ্যে চেতনার সঞ্চার করতে হবে। আজ যদি কৃষকদের প্রতি দৃষ্টি না দিই তাহলে আজ আমাদের খাদ্যের জন্য আমেরিকার দিকে বা রাশিয়ার দিকে চেয়ে থাকতে হবে। সামান্য একমুষ্ঠি অন্নের জন্য আমাদের বিদেশের দিকে চেয়ে থাকতে হচ্ছে। তাই আমি আজ শিক্ষামন্ত্রীকে অনুরোধ করব, তিনি যেন কৃষিশিক্ষার দিকে বেশি দৃষ্টি দেন। আমি আরেকটি অনুরোধ করব যে আজ বেকারসমস্যা বেড়ে যাচ্ছে, তার কারণ আজ মানুষের আত্মচেতনা নেই, স্বাবলম্বন শিক্ষা নাই, বুনিয়াদী যে শিক্ষা ছিল, মহাত্মা গান্ধীর যে শিক্ষা ছিল, তা আমরা ভুলে গিয়েছি। তাই আজ স্বাবলম্বন শিক্ষা দিতে হবে। কারণ আজ আমাদের শিক্ষার মাধ্যমে চাই উৎপাদন। এইদিকে লক্ষ্য করেই আমাদের শিক্ষার ধারাকে প্রসার করতে হবে। এইদিকে দৃষ্টি রাখতে আমি মাননীয় মন্ত্রি-মহাশয়কে অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Krishna Bahadur Gurung: Mr. Speaker, Sir, I have heard with great attention the budget speech of the honourable members and what I could find it is just an usual budget with only two revealing matters which I want to mention. The first one is that the policy of the Government determined to attract qualified teachers to man the schools for better education is really an admirable one. I think that with the better conditions that will be provided, better teachers will come round and the educational institutions will be run properly. The second point about the provision of D.A. is no doubt a good one but I feel that the amount that has been given to primary teachers is rather inadequate. I do not know how the primary teachers will be able to manage to tide over their present difficulties with 18 rupees per month—particularly, Sir, the difficulty of the school teachers in the hill areas will be immense. The teachers in the hill areas who are posted in the interior areas, have to buy all commodities at a much higher price and with these 18 rupees, I am afraid, they will not be able to do anything. Had the Government sanctioned a little more than that, possibly teachers' difficulties could be mitigated to a great extent.

Sir, I have heard here from different honourable members saying that during the last 20 years the Congress has not been able to do anything in the Educational field. I think this is unjust and untrue. You have heard from the Minister's speech one particular point about the colleges that from

1947 the number of colleges which was 55, had been raised to 181. Similarly about Universities technical college and other institutions, Sir. The figures of the last 20 years are sufficient to indicate that there has been marked improvement in the educational field and I think the members who have said that Congress has not done anything, have said so just for argument sake or just to critise. This I can consider is rather unjust and unkind.

[5-45—5-55 p.m.]

Now let me divert to important district of Darjeeling. You all know that Darjeeling occupies a strategic position in the province: nay in the whole country and could improve and progress as has been done in the province. We have derived the benefit out of it in Darjeeling. In 1947 we had only one college that was under Missionary management but now we are happy to tell that we have got first grade colleges in almost all subdivisions. We have got a University. We have got polytechnic, we have got Industrial Schools, Basic Training College and we have boys and girls taking advantage of that. Not only that, we are fortunate that Jalpaiguri Engineering College is a college where our boys can look upon to take advantage of it. But there is one thing to which I should like to draw the attention of the Government. In consideration of the backwardness of the hill district I feel that if Government does something for the reservation of a few seats in particularly Technical Colleges like Engineering College, Jalpaiguri, or B. T. College or other Institutions, the backward hill boys and girls could have taken advantage of that. In the B. T. College in Darjeeling which is primarily opened for the benefit of the hill people we have got no specific reservation for the hill people. The admissions are made from students from all over the province and thereby we are not having sufficient number of boys and girls trained. I will just place before you a figure which will reveal the position that has been over there so far as B. T. College in Darjeeling is concerned. In 1964-65 10 students were taken in, but only three hill boys and girls were taken. In 1965-66 the intake was 22, but only 12 hill boys and girls were taken in. In 1966-67, 27 were taken in but only 12 hill students were taken in.

Sir, you know the difficulty of language over there. Our boys and girls would not take admission in any B. T. College outside the district of Darjeeling because of the language difficulty, and the Hon'ble Minister, who is an educationist, and an experienced man, kindly sees that the first preference is given to the hill boys and girls and then if seats are available, he can make them open to others. That is so far as B. T. College is concerned, and now in Kalimpong we have got Girls' High School teaching Humanity only and some of our girls who are very anxious for Medicine and Science studies are being deprived of the facility. There is no institution to teach Science and if the Government be good enough to see that Science subject is taught in each one of the girls' schools, that would help at least to give a chance or scope to some of the girls who wish to take up Medicine and other Science subjects. In Kalimpong there is one sponsored college—first grade college. But there is no science section in that college. If science section could be attached to it the boys and girls of that area would be able to take advantage of it. There is a Government High School over there. I was the Headmaster there before. I know that there was a proposal to start a hostel, but that has not been opened yet. I do not know the reasons behind it. I heard because of lack of adequate allotment that could not be done. For want of a hostel the boys of the interior of Kalimpong subdivision have not been able to take advantage of it. Kalimpong is predominantly a tribal area and the tribal students need to be looked

after properly. If a hostel could be opened for the tribal students that could be of great help for the tribal communities. About vacancies in Government High School and Inspectorate, I am sorry to point out that the Education Department has not been very keen or active in seeing that the vacancies are filled up. That has placed the administration over there in difficulty. For instance, the post of District Social Education Officer has been vacant for more than a year and one officer who is the Principal of another college has been placed in charge. And he has been running from Kalimpong to Darjeeling and Darjeeling to Kalimpong, where by he is not in a position to do full justice to his duties.

Sir, regional language is to be made the medium of instruction in colleges. We have got our special difficulty in that respect as Nepali is our mother tongue. We are reading through Nepali up to High School standard. If regional language is recognised as medium of instruction in colleges and universities, the hill people will be landed in great difficulty. We will have to study the regional language, Bengali, because we are in Bengal, but adequate provision should be there so that we can learn the language at the school stage, and later on we may not have any difficulty in colleges. Another thing which the House and the Government should also consider is that when Bengali is made the regional language the Nepali students will have 4 languages, which means an extra load of one more language. I hope when this question is going to be decided the Hon'ble Minister will kindly convene a conference where we may be invited and those who are interested in Education may also be invited, so that we may solve the problem in a way and the hill people may not be put to disadvantage.

শ্রীপ্রবোধ পুরোকায়েৎ: মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে শিক্ষামন্ত্রী যে ব্যয়বরাদ্দ এখানে উপস্থিত করেছেন, আমি তাঁকে সমর্থন করে দু-একটা কথা বলতে চাই। এখানে বিরোধী পক্ষ থেকে অনেক কথা বলা হয়েছে যে, শিক্ষক এবং ছাত্রদের রাজনীতি থেকে দূরে থাকা দরকার এবং অন্যান্য বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠানে যেসমস্ত দুর্নীতি আছে তা দূর করা দরকার। কিন্তু একটা প্রশ্ন যে, দীর্ঘ ২০ বছর ধরে তাঁরা সরকারী ক্ষমতায় অধিষ্ঠিত ছিলেন, তাঁরা তাহলে অতদিন ধরে কি করলেন? যা হোক আমাদের শিক্ষামন্ত্রী যে ব্যয়বরাদ্দ এখানে উপস্থিত করেছেন সেটা পর্যাপ্ত না হলেও আমি মনে করি বিগত সরকারের থেকে আমাদের শিক্ষামন্ত্রী শিক্ষা খাতে ব্যয়বরাদ্দের পরিমাণ বাড়িয়েছেন এবং সেজন্য তিনি আরও বিশেষ বিশেষ ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠানে যে অচল অবস্থার সৃষ্টি হয়েছে ২০ বছর ধরে যেসমস্ত দুর্নীতি চলেছে, অন্যান্য বিষয়গুলি যা শিক্ষা প্রতিষ্ঠানে এবং শিক্ষা জগতে একটা অন্ধকারের ছায়া এনে দিয়েছে সেগুলি দূর করার জন্য তিনি পরিকল্পনা নিয়েছেন। এক্ষেত্রে আমি প্রথমেই আজকে একটা বিষয়ের প্রতি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। প্রথমে আমি প্রাথমিক শিক্ষাব্যবস্থার কথা বলে।

[5-55— 6-5 p.m.]

আগে যে সরকার ছিল তারা ঘোষণা করেছিলেন যে ১৪ বৎসর পর্যন্ত বয়স্ক ছেলেদেব তাঁরা শিক্ষা দেবেন এবং বাধ্যতামূলক শিক্ষাব্যবস্থা করবেন। কিন্তু তাঁরা দীর্ঘদিনে তা করেন নি, বরং দেখা গেছে দেশে দিনের পর দিন অশিক্ষা এবং নিরক্ষরতার সংখ্যা বেড়ে চলেছে। প্রাথমিক স্কুল কিছু প্রতিষ্ঠা করেছেন, কিন্তু সে প্রাথমিক স্কুলের অবস্থা যদি দেখি তাহলে দেখা যাবে যে, স্কুলগুলি এমন জায়গায় তৈরি হয়েছে, যেসমস্ত জায়গায় কেবলমাত্র প্রভাবশালী যারা কংগ্রেসীকর্মী ছিল তাদের বাড়ির মধ্যে বা এমন জায়গায়। গ্রামাঞ্চলে এরূপ বহু স্কুল আছে যেখানে পাঁচটা ছেলেও হয় না, এরকম তাঁরা করে গেছেন। আমি তাই অনুরোধ করব এ সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলি অবিলম্বে তদন্ত হওয়া দরকার এবং এ শিক্ষা প্রতিষ্ঠানগুলি

যাতে ঠিক জায়গায় প্রতিষ্ঠিত হয়ে বিভিন্ন জায়গা থেকে ছাত্ররা এসে শিক্ষা গ্রহণ করতে পারে তার জন্য তিনি যেন ব্যবস্থা করেন। আমাদের ২৪-পরগনা ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড যে আছে সেখানে কিছু কিছু স্কুল দেবার কথা হয়েছে এবং কিছু কিছু অ্যাপ্রুভাল দেবার ব্যবস্থা হয়েছে এবং কাগজে দরখাস্ত আহবান করা হয়েছে শিক্ষকতা করার জন্য। কিন্তু ভেতর থেকে জেনেছি যে, গত নির্বাচনের সময় যারা কংগ্রেসের হয়ে কাজ করেছিল তাদের অ্যাপয়েন্টমেন্ট দেবার ব্যবস্থা হচ্ছে এবং এখনও পর্যন্ত চেষ্টা চলছে সেখানকার কংগ্রেস কর্মী যারা আছে তাদের দ্বারা স্কুল যাতে প্রতিষ্ঠিত হয়। সেজন্য আমি অনুরোধ করব এগুলি যাতে ঠিক জায়গায় প্রতিষ্ঠিত হয় এবং ঠিকভাবে শিক্ষক যেন নির্বাচিত করা হয় এদিকে যেন তিনি লক্ষ রাখেন। অপরদিকে আমাদের দেশে যে শিক্ষাব্যবস্থা আছে সে শিক্ষাব্যবস্থা সাধারণ লোকের পক্ষে গ্রহণ করা সম্ভব নয়। শিক্ষাব্যবস্থা এবং শিক্ষা গ্রহণের যে পদ্ধতি সেটা সাধারণ মানুষের নাগালের বাইরে। কংগ্রেসের আমলে যে ১১ ক্লাসের ব্যবস্থা করা হয়েছে তার মধ্যে সাধারণ মানুষের ছেলেরা লেখাপড়া শিখতে পারে না এবং তারা বেতন ইত্যাদিও দিতে পারে না। তাই আমি মনে করি এদিকে শিক্ষার ব্যয়সঙ্কোচ করা দরকার যার দ্বারা সাধারণ মানুষের ছেলেরা শিক্ষা গ্রহণ করতে পারে। আর একটা ব্যাপার হচ্ছে স্কুলে পাশ করার পর কলেজে পড়তে এলে সাধারণ মানুষের ছেলেরা কলেজগুলিতে পড়তে পারে না। কারণ ইউ-জি-সি'র যে আসনসংখ্যা বাঁধা আছে তার জন্য তারা কলেজে আসন পায় না। এ বৎসরে বিভিন্ন পরীক্ষার ফলাফল ঘোষণা হয়েছে বিভিন্ন জায়গায় ছাত্ররা কলেজে ভর্তি হবার জন্য আসছে কিন্তু ইউ-জি-সির আসন নিয়ন্ত্রণ স্কীম যদি বলবৎ থাকে তাহলে সাধারণ মানুষের ছেলেরা সেখানে পড়তে পারবে না। তাই শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি বর্তমান বৎসরে ইউ-জি-সির আসন নিয়ন্ত্রণ স্কীমকে শিথিল করে সমস্ত কলেজে যাতে আসনসংখ্যা বাড়ানো যায় সেদিকে লক্ষ্য রাখবেন। অপরদিকে যেসমস্ত শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে তার মধ্যে পরিচালক সমিতি সম্বন্ধে অন্যান্য অনেক বিষয় নানারকম দুর্নীতি আছে আমরা জানি। স্কুল সিডিউল কাস্ট এবং সিডিউল ট্রাইবসদের ছেলেদের জন্য বেতন, হোস্টেল, গ্রান্ট ইত্যাদি সাহায্য দেওয়া হয়। আমি জানি আমার কনস্টিটিউয়েন্সিতে এমন কতকগুলি স্কুল আছে যে স্কুলের পরিচালক সমিতিরা ভুয়ো হোস্টেলের নামে হাজার হাজার টাকা সরকারের কাছ থেকে গ্রহণ করেছে। এদিকে নজর দেওয়া দরকার। সরকারের দেখা দরকার যে, তারা প্রকৃত ব্যয় করছে কি না? আর একটি বিষয় মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি, তা হচ্ছে বর্তমানে যে শিক্ষার মাধ্যম সে মাধ্যম মাতৃভাষার মাধ্যমে হওয়া দরকার। আজকে মাতৃভাষাকে দলন করা হচ্ছে, বিজ্ঞান এবং অন্যান্য সমস্ত কিছু মাতৃভাষার মাধ্যমে হওয়া দরকার। মাধ্যমিক স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয় স্তর পর্যন্ত মাতৃভাষার মাধ্যমে যাতে শিক্ষা গ্রহণ করা যায় তাহলে আমাদের দেশে জ্ঞান-বিজ্ঞান এবং দর্শনে আরও উন্নতি হতে পারে এই সম্পর্কে শিক্ষাবিস্তার আরও হতে পারবে। সেদিকে লক্ষ্য রেখে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় আগামী দিনে যেন ব্যবস্থা অবলম্বন করেন এটাই আমার অনুরোধ। কুড়ি বৎসরে কংগ্রেস শাসনে যে অচল অবস্থা সৃষ্টি হয়েছিল এবং যে দুর্নীতি দেখা দিয়েছিল আশা করি সেটা সংশোধন করে একটা সুষ্ঠু ব্যবস্থা তিনি গ্রহণ করবেন, যার মধ্য দিয়ে সাধারণ মানুষ একটা শক্ত ভিত্তিতে শিক্ষাব্যবস্থা গ্রহণ করতে পারে। এই কথা বলেই আমি এই বাজেটকে সমর্থন জানাচ্ছি।

শ্রীপ্রভাকর পাল: মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় যে বিভাগীয় ব্যয়বরাদ্দের দাবি আমাদের কাছে উপস্থিত করেছেন সে আলোচনায় অংশ গ্রহণ করতে উঠে আমি কয়েকটা কথা বলতে চাই। মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রীর কাছ থেকে কোন বৈপ্লবিক বাজেট আমরা আশা করি নি। আমরা আশা করেছিলাম যে প্রগতিশীল বাজেট তিনি আমাদের কাছে রাখবেন। আমরা আশা করেছিলাম যে, বাংলাদেশের অধিকাংশ মানুষ যেখানে নিরক্ষর সেই বাংলাদেশের মানুষের ন্যূনতম প্রয়োজন যেটা সেই প্রাথমিক শিক্ষা সম্প্রসারণের ব্যবস্থা থাকবে। বিশেষ করে আমরা যেখানে গণতান্ত্রিক শাসন প্রতিষ্ঠা করতে চলেছি। সাধারণ মানুষের প্রতি মূল্যবোধ বৃদ্ধি করার জন্য প্রাথমিক শিক্ষার প্রয়োজন, কিন্তু আমরা শিক্ষামন্ত্রী মহাশয়ের বাজেট দেখে হতাশ হয়েছি। স্যার, আপনি জানেন যে বিগত কংগ্রেস সরকার গত কুড়ি বৎসর ধরে সাড়ে বত্রিশ হাজার প্রাথমিক বিদ্যালয় স্থাপন করেছিল

কারণ আপনি জানেন বাংলাদেশে ৩৮ হাজার গ্রাম রয়েছে। যেখানে এখনও পর্যন্ত সাড়ে পাঁচ হাজার গ্রামে স্কুল হয় নি এবং এইসমস্ত গ্রামে আজও নূতন বিদ্যালয় স্থাপন করবার কথাও বলা হয় নি। আমরা আশা করেছিলাম তিনি সেইসব কথা বলবেন, আমরা আশা করেছিলাম বাংলাদেশের অধিকাংশ মিউনিসিপ্যাল এলাকায় যে অধিকাংশ গরিব মানুষ বাস করে সেখানে প্রাথমিক শিক্ষা ফ্রি এবং কম্পালসারি হবে। কলিকাতা এবং শহরাঞ্চলে প্রায় ৫০ লক্ষ লোকের বাস। সেখানে ৬ লক্ষ ছাত্র-ছাত্রী বাস করে যাদের বয়স ৬ থেকে ১১। তাদের প্রাথমিক শিক্ষা দেওয়া দরকার। স্যার, হুগলি জেলায় ১১টি পৌরসভা আছে সেখানে ৫ লক্ষ লোকের বাস। সেখানে ৬ থেকে ১১ বৎসর পর্যন্ত বালক-বালিকাদের শিক্ষা দেবার কি ব্যবস্থা হয়েছে? ১১টি মিউনিসিপ্যালিটির প্রাথমিক শিক্ষার জন্য ৪৫ লক্ষ টাকা দরকার।

[6-5—6-15 p.m.]

২৪-পরগনায় যে ২৮টি পৌরসভা রয়েছে সেখানে ১৯ লক্ষ লোক বাস করেন। তার মধ্যে প্রায় ২ লক্ষ ২৮ হাজার স্কুল-গোয়িং চিলড্রেন রয়েছে এবং সেখানে প্রাথমিক শিক্ষা ফ্রি অ্যান্ড কম্পালসারি করবার জন্য ১ কোটি ৬৫ লক্ষ টাকার প্রয়োজন রয়েছে। হাওড়া জেলার মিউনিসিপ্যাল এলাকায় প্রাথমিক শিক্ষা অবৈতনিক করতে হলে অন্ততঃ পক্ষে ৯০ লক্ষ টাকার প্রয়োজন রয়েছে। কাজেই আমি এই যে'কটি জেলার কথা বললাম, এতে দেখা যাচ্ছে যে, সাড়ে সাত কোটি টাকার অধিক প্রয়োজন হবে। কাজেই এই সমস্ত শহর এলাকায়, আরবান এলাকায় প্রাইমারি শিক্ষা ফ্রি আন্ড কম্পালসারি করবার কি ব্যবস্থা করেছেন, সে সম্বন্ধে আমি তাঁর বাজেটের প্রারম্ভিক ভাষণে কিছু দেখতে পাই নি এবং সাড়ে পাঁচ হাজার গ্রামে নূতন বিদ্যালয় স্থাপনের কোন ইঙ্গিত পাই নি। তাই আমর কথা হচ্ছে এই যে, বিশেষ করে নূতন শিক্ষামন্ত্রী শিক্ষা সম্প্রসারণের জন্য যে কথাই বলুন না কেন, বাংলাদেশের শিক্ষার সম্প্রসারণ হোক এটা তিনি চান না। কারণ, আমরা দেখছি যে নূতন শিক্ষামন্ত্রী হবার পর আগেকার সরকার বাংলাদেশে যেসমস্ত জেলায় নূতন স্কুল স্থাপনের জন্য যে অর্ডার দিয়েছিলেন এখন তিনি টেলিফোন করে সেই সমস্ত অর্ডার ক্যানসেল করে দিয়েছেন এবং এগুলি সম্বন্ধে তাঁর বাজেটে কোন উল্লেখ পর্যন্ত আমরা পাই নি। অধ্যক্ষ মহাশয়, আমার সময় খুব অল্প, আমি সংক্ষেপে আর একটি কথা বলতে চাই। শিক্ষার দিকে তাঁর যেমন কোন দরদ নেই, তেমনি শিক্ষকদের প্রতিও তাঁর কোন দরদ নেই, যতই তিনি শিক্ষকদের প্রতি প্রীতির কথা বলুন আর শিক্ষা দরদের কথা বলুন ২৬এ জুন তারিখে এই অ্যাসেম্বলি হাউসের সামনে হাজার হাজার প্রাথমিক শিক্ষক এসেছিলেন শান্তিপূর্ণ মৌন মিছিল করে অত্যন্ত গণতান্ত্রিক পদ্ধতিতে তাঁদের দাবি জানাতে। মাননীয় স্পীকার মহাশয়, তাঁদের দাবি এমন কিছু বেশি ছিল না। তাঁদের দাবি ছিল সরকার যে তাঁদের প্রেস নোটে প্রাথমিক শিক্ষকদের জন্য ৪৩ টাকা ডি-এ ঘোষণা করেছিলেন, সেটাই তাঁরা চেয়েছিলেন। আর কিছুদিন আগে ভারতবর্ষের শিক্ষামন্ত্রী এবং শিক্ষা কমিশন প্রাথমিক শিক্ষকদের জন্য যে যে নূ্যনতম বেতনের কথা বলেছিলেন, সেটা তাঁরা দাবি করেছিলেন। এ ছাড়া আর একটি ছোটখাট জিনিস তাঁরা দাবি করেছিলেন। সেটা হচ্ছে এই, ১৯৩০ সালের যে প্রাইমারি এডুকেশন অ্যাক্ট আছে, সেটার পরিবর্তন চেয়েছিলেন। এই সামান্য ক'টি দাবি তাঁরা করেছিলেন। আমি জানি না এর মধ্যে অগণতান্ত্রিক কি ছিল, অন্যায় কি ছিল। কিন্তু মাননীয় শিক্ষামন্ত্রী তাঁদের সম্মুখীন না হয়ে, তাঁদের পিছনে গুণ্ডা লেলিয়ে দিয়ে যেভাবে অপমানিত এবং লাঞ্ছিত করেছেন তাতে আমার মনে হচ্ছে শিক্ষার প্রতি তাঁর কোন অনুরাগ নেই, দরদ নেই। তাই অধ্যক্ষ মহাশয়, তিনি যে বাজেট উপস্থিত করেছেন তাতে আমার মনে হয় বাংলাদেশের শিক্ষা সংকুচিত হবে, শিক্ষকদের স্বার্থ সঙ্কোচিত হবে। সেইজন্য আমি এই বাজেট সমর্থন করতে পারছি না।

Shri Syed Kazim Ali Meerza: Mr. Speaker, Sir, through you I would like to place one thing before the Hon'ble Minister for Education. During the General Discussion I had mentioned with regard to opening a college at the Nawab Bahadur Institution land and building gifted by my

ancestors within the municipality of Murshidabad. May I request him through you to kindly let us know whether it is being considered to open the college at the Nawab Bahadur Institution within the Murshidabad Municipality?

Shri Clifford Hicks: Mr. Speaker, Sir, I would like to begin by expressing my fullest support for the budget presented by the Hon'ble Minister for Education, Mr. Jyoti Bhusan Bhattacharya. I would like also to convey to him my deepest congratulations for the very full and comprehensive statement that he presented and the hopes that we have for education in West Bengal. It is a great pity that there should be, on the subject of education, between us any kind of division or any kind of difference of opinion between us. I say this because, Sir, I feel that all of us in India have to confess that we have failed our children. There has been, on the part of the parents almost everywhere, an almost total abdication of responsibility and the result of it is that we have, in our schools, our colleges, our Universities, to a great extent betrayed the children who look up to us. We, who are in the schools, we who are school masters, teachers, the professors in colleges, the parents and political leaders, we have all to share alike the blame for the condition in which we find the education in our country today. I would like to make it very clear that unless we give up thinking that the schools make society and begin to realise that society makes the schools we are not going to make very much progress towards the solution of our problems. If you study at all the social conditions that exist in England you will find that it is these social conditions which go on perpetuating or influencing whatever good or evil there may come from universities like Oxford and Cambridge and public schools like Eton and Harrow. We cannot fight against society. Society will continue to influence the schools very much more than schools may influence society in spite of everything that may be written to the contrary. Again, sir the education budget is for me a blueprint of a new hope It represents a start made on the road to progress and growth and improvement. But let everyone of us in this House remember that no amount of money will solve all the problems of education. Money, Sir, will remove difficulties, but difficulties are not problems. We have problems which go deep into the human heart, into the human mind and it is these problems to which everyone of us in and outside of the schools, in and outside of the colleges and universities must apply his or her deepest thoughts. When I think over these 20 years I feel that perhaps so many of our hopes have been greatly disappointed largely because we have been subjected to too many changes, too many plans imposed by too many commissions from outside. I have talked enough to Headmasters to know that the Headmasters are almost tired of changes, changes imposed upon us, as I have said, by different plans imposed by different commissions. So many of these have forgotten that schools consist of class rooms in which children have to be taught and if the work inside of these class rooms is not what it should be, no amount of planning from outside and no amount of idealism contained in any plan will be of any use in the training of our children. It is for this reason I felt very often that perhaps in all the work done in education nobody in these 20 years has been more betrayed than the Headmasters. We are perhaps most responsible in many ways for so much that has come to Bengal in the past, so much of our strength in the independence movement which gave us freedom. The Headmasters represent perhaps more than anybody else a group of people who have been betrayed particularly from the time when we became independent. for these men very much more, I believe, could have been done.

Again, Sir, we must understand very clearly that we have to take certain very practical steps. All improvements, I believe, start from inside of the schools. Improvements can very seldom be imposed from outside. I would, first, recommend that we remember that we cannot have any rebuilding of the lot discipline of our schools unless we all work together, the parents, the political leaders, society as a whole, to restore to the schools their lost authority we cannot obtain discipline from the air, Discipline will only come as we follow a certain systems associated with dignity and with authority.

Again, Sir, we have to improve in very practical ways the status of a teacher. Everybody I meet wants a good school. Nobody wants his son or his daughter willingly to become a teacher. All of us want good schools, but we are not too keen on allowing our children to become teachers. Until we change this attitude we are always going to be short of good teachers and of good schools. And this will not change until as a people, as a State, as a nation we develop a new respect for teachers and give a new status to our teachers.

[6-15—6-25 p.m.]

We again, Sir, have to improve working conditions and teaching techniques. At the moment our schools are not places of joy. Time and again our pupils walk out simply because it gives them a certain amount of relief to escape from something that is extremely boring. Our schools have to become places of joy and our colleges places for young people to discover a purpose in life. At the moment, to mention just one problem, we are perpetuating a system of education particularly by specialists and as a result of that we are creating in the mind of our young people an idea that the Sciences are opposed to Arts and Arts to opposed to the Sciences. This is not only narrow, but completely false and will eventually harm us in very serious ways. We are again creating ideas in the minds of our young people that if we set out to undertake or undergo any kind of technical training leading to a means of livelihood, the result of that must be that we must desert all culture. This clash between training for a professional livelihood and the absence of any experience of culture is again, I believe extremely false. I would like to congratulate the Education Minister for emphasising the importance of the regional language in the training of our children. At the same time I would plead for the introduction of English from as low a standard as possible in every school because the more follow a bi-lingual system the more we will increase a child's chances in life and we at least in West Bengal will never be changed with the balkanisation of the country which, as you know, is a threat that hangs over us by over-emphasis only on the regional language. I would greatly support Mrs. Mitra's request that we pursue with all speed some kind of commission of enquiry for Calcutta University. I believe, Sir, that we in Bengal are proud that India's total cultural wealth owes so much to Calcutta University. When it was said, what we think in Bengal today, India thinks tomorrow, the statement, as you know, belongs very much to the cultural effect on India of Calcutta University. Government must do something with all its power to bring Calcutta University back at least in some way to what it used to be at one time. Sir, I represent a microscopic minority and remembering that I plead with the Education Minister to remember that the Budget of Anglo-Indian school education from 1932 to 1967 has remained static. We do not wish to see building grants in the

main Budget for the maintenance of schools and for the salaries of teachers. If he looks up the record as I already pointed out, the Budget was once reduced from 9 lakhs to 6 lakhs inspite of the fact that the number of schools under the Anglo-Indian Inspectorate has now risen to something like 70. Finally, the Education Minister expressed tremendous hope. I am myself not a Bengalee. But after all my years as school master I do want to tell the House that I have never found, in all the years that I handled boys of every community any as hungry and as enthusiastic for education as the Bengalee student and we must remember that these people represent the greatest hope and the greatest wealth of our people's Govrnment.

শ্রীআবদ্‌স সাত্তার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের শিক্ষামন্ত্রী আজকে শিক্ষা খাতে ব্যয়-বরাদ্দের দাবী উত্থাপন করে যে উদ্বোধনী ভাষণ দিয়েছেন তার নিশ্চয়ই আমরা প্রশংসা করি। তবে তিনি শিক্ষক হিসাবে যে একজন শিক্ষামন্ত্রী হয়েছেন, তাতে নিশ্চয়ই বাংলাদেশের শিক্ষকরা আশা করবেন যে আমাদের শিক্ষামন্ত্রী নিশ্চয়ই আমাদের দিকে অন্যান্য মন্ত্রীদের চেয়ে একটু ভালভাবে নজর দেবেন এবং শিক্ষার উন্নতিকল্পে প্রকৃষ্ট নূতন ভাবধারা নিয়ে অগ্রসর হবেন, এও তাঁদের আশা। তিনি তাঁর উদ্বোধনী ভাষণে যে কথা বলেছেন সেটা যদি তাঁর সত্যই অন্তরের কথা হয়, তাহলে আমাদের বলবার কিছু নেই। কিন্তু আমরা লক্ষ্য করেছি যে তাঁর রাজনৈতিক দৃষ্টিভঙ্গী এবং রাজনৈতিক সঙ্কীর্ণতার ঊর্ধ্বে তিনি যেতে পারেননি। যুক্তফ্রন্ট সরকার গঠন হবার পর থেকে আমরা দেখছি, যে এক্সপ্যানশন অফ প্রাইমারি এডুকেশন সকলেই চাচ্ছেন। গত কুড়ি বছর কংগ্রেসের রাজত্বকালে শিক্ষার দিকে অনেক উন্নতি হয়েছে, এক্সপ্যানশন হয়েছে, তবে সেটা যতটা হওয়া উচিত ছিল, তা হয়নি। কারণ, তা করতে গিয়ে কংগ্রেস সরকারকে তখন অনেক অসুবিধার সম্মুখীন হতে হয়, ইচ্ছা থাকলেও তা করা সম্ভব হয়নি। কিন্তু এটা সকলেই স্বীকার করবেন যে গত ১৯।২০ বছরের মধ্যে শিক্ষার ক্ষেত্রে যথেষ্ট উন্নতিসাধন হয়েছে। এই এচিভমেন্টসকে যদি আমরা ছোট করে দেখি তাহলে অন্যায় করা হবে। পশ্চিম বাংলায় আধুনিক শিক্ষার জন্ম ঊনবিংশ শতাব্দীর প্রারম্ভে, কিন্তু তখন থেকে আরম্ভ করে ১৯৪৭ সাল পর্যন্ত প্রায় সোয়াশ বছরে শিক্ষার যা প্রসার হয়েছিল সেটা বিরাট জনসংখ্যার তুলনায় অকিঞ্চিতকর। সেই পরিপ্রেক্ষিতে গত ১৬ বছরে যে উন্নতি হয়েছে সেটা অসামান্য? ১৯৪৭ সালে আমরা স্বাধীন হয়েছি, এই সময় প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ছিল ১৪ হাজারের কিছু কম। কিন্তু গত ১৯ বছরে, কংগ্রেস শাসনের আমলে সেই সংখ্যা বেড়ে প্রায় ৩৪ হাজারে দাঁড়িয়েছে। আর হাইস্কুল যা ছিল, তার সংখ্যাও বেড়েছে। প্রতি বর্গমাইলে একটা করে প্রাইমারী স্কুল হয়েছে। সোয়াশো বছরে ১৯শো মাত্র হাইস্কুল হয়েছিল, সেখানে কংগ্রেস আমলে প্রায় ৫২শোটি হাইস্কুল স্থাপিত হয়েছে। এখানে আরও দেখা যায় যে ঠিক স্বাধীনতার পরে পশ্চিমবঙ্গে কলেজের সংখ্যা ছিল মাত্র ৫৫টি। আর কংগ্রেস শাসনের আমলে, ১৯ বছরের ভিতর, সেখানে ১৮০টি কলেজ হয়েছে এবং বিশ্ববিদ্যালয় একটি থেকে বেড়ে সাতটিতে পরিণত হয়েছে। ইঞ্জিনিয়ারিং কলেজ একটি ছিল, সেখানে ছয়টি হয়েছে। তাছাড়া ২৪টি পলিটেকনিক কংগ্রেস শাসনের আমলে হয়েছে। কংগ্রেস শাসনের আমলে ১৯টি জুনিয়ার টেকনোলজিক্যাল স্কুলও হয়েছে, এবং প্রত্যেকটি বিষয় যদি লক্ষ্য করে দেখি তাহলে দেখা যাবে যে তিন থেকে পাঁচ গুণ বেড়ে গিয়েছে। এডুকেশন ডিপার্টমেন্ট-এর সেক্রেটারী ভবতোষ দত্ত মহাশয়, তিনি এ সম্বন্ধে একটা সংখ্যা দিয়েছিলেন ১৯৬৬ সালে। আমি তা থেকে উদ্ধৃত করে বলছি। মাধ্যমিক শিক্ষার রূপ পরি-বর্তন—এখন এই মাধ্যমিক শিক্ষার রূপ পরিবর্তন নিয়ে অনেক গন্ডগোল দেখা যাচ্ছে। ক্লাশ টু থেকে পাশ করে বেরিয়ে থ্রি-ইয়ার ডিগ্রি কোর্স পড়তে হবে। কংগ্রেস সরকার শিক্ষাবিদগণের মতামত লইয়া বর্তমান শিক্ষার ধারা চালু করেছিল, তাঁরা ঠিক করেছিলেন যে যাতে হায়ার সেকেন্ডারী স্কুলে শিক্ষা নিয়ে, ছাত্ররা কাজ পেতে পারে। কিন্তু দেখা গিয়েছে যে তা সফল হয়নি। হায়ার সেকেন্ডারী স্কুল থেকে পাশ করবার পরে ছাত্ররা কলেজে ভরতি হবার সুযোগ পাচ্ছে না, তারপর তাদের মধ্যে ফ্রাসট্রেশন দেখা যাচ্ছে এবং বেকারী ক্রমশঃ বেড়ে চলেছে। শিক্ষামন্ত্রী হিসাবে, আপনি যদি সদিচ্ছা পোষণ করেন, তাহলে নিশ্চয়ই এটার একটা উপায় উদ্ভাবন করতে পারবেন। আপনি যদি ঐ সমস্ত রাজনৈতিক দলের বাইরে এবং তাদের চাপের বাইরে বা উর্দ্ধে থাকেন, তাহলে নিশ্চয়ই এটার সমাধান করতে পারবেন বলে আমরা বিশ্বাস

করি। ঐ পক্ষের অনেক মাননীয় সদস্যরা বলেছেন যে এ পর্যন্ত যে সমস্ত প্রাথমিক স্কুল স্থাপন করা হয়েছে, তা সবই কংগ্রেসের লোক বা কর্মীদের বাড়ীর আশে-পাশে হয়েছে। আমি তাঁদের স্মরণ করিয়ে দিতে চাই যে প্রাথমিক স্কুল স্থাপন করতে গেলে, প্রাইমারী এড়ুকেশন অ্যাক্টের নিয়ম অনুযায়ী করতে হবে। অর্থাৎ প্রথমে এক বিঘা জমি রেজিস্ট্রি করে, সেখানে স্কুল চালু করে, দরখাস্ত করতে হবে, তারপর সেখানে স্যাংকশান-এব প্রশ্ন আসে।

বর্তমানে পশ্চিমবঙ্গে যতগুলি প্রাথমিক স্কুল স্থাপিত হয়েছে, এবং সেখানে যে সংখ্যক শিক্ষাপ্রাপ্ত শিক্ষক নিয়োগ করা হয়েছে, তার মধ্যে মোর দ্যান ফিফটি পারসেন্ট হচ্ছে কংগ্রেসের বাইরের লোক।

[6-25—6-35 p.m.]

অন্ততঃ আমি এইটুকু দাবী করবো যে কংগ্রেস এমন একটা অর্গানাইজেশন যে কোন পার্টি দেখে না, সেখানে যোগ্যতা দেখে মাস্টারি দিয়েছে। প্রত্যেকটি জায়গায় আপনারা দেখতে পাবেন মোর দ্যান ফিফটি পার্সেন্ট যাঁরা টিচার আছেন দে বিলং টু আদার পার্টি এইভাবে প্রত্যেক জায়গাতে দেখবেন যে কংগ্রেস কখনও সেখানে রাজনীতি করেনি, তারা সেখানে শিক্ষা দেখেছে। আজকে গ্রামে গ্রামে যে সমস্ত নূতন প্রাইমারী স্কুল স্থাপন হয়েছে সেগুলিকে শিক্ষামন্ত্রী নূতন গদী পাওয়ার পর যুক্তফ্রন্ট সরকারের তরফ থেকে সার্কুলার দিয়ে বন্ধ করে দিলেন যে গ্রামে গ্রামে নূতন স্কুল করতে দেওয়া হবে না। আমি বলবো আপনারাই এই রাজনীতি করছেন। এই রাজনীতি করার ফলে যেখানে প্রাইমারী এড়ুকেশনের এক্সটেনশন করা দরকার, যেখানে সমস্ত ছেলেদের ফ্রি এড়ুকেশন দেওয়া দরকার সেখানে আপনাদের এই রাজনীতি আজকে প্রতিবন্ধক স্বরূপ হয়ে দাঁড়াচ্ছে। যার হাতে স্কুল বোর্ড আসুক না কেন প্রত্যেক গ্রামে আমাদের দরকার একটা স্কুল,

each and every student having age of 6 to 11 should be given compulsory free primary education.

আমি আপনার কাছে নিবেদন করবো আমাদের এই যে কমপালসারি এড়ুকেশনকে কার্যকরী করার জন্য যে এ্যাটেনডেন্স কমিটি বলে যে কমিটি আছে এই এ্যাটেনডেন্স কমিটি রুরাল প্রাইমারী এড়ুকেশনের ব্যাপারে কোন কাজ করছে না। এ্যাটেনডেন্স কমিটির কাজ হচ্ছে ৬ থেকে ১১ বছর যাদের বয়স তাদের সেই স্কুলে হাজির করা কিন্তু দেখা যায় এ্যাটেনডেন্স কমিটি ইন দি ভিলেজ যেটা ফর্মড হয়েছে আন্ডার দি প্রাইমারী এড়ুকেশন অ্যাক্ট দ্যাট ইজ নট ফাংশানিং। সেটা যাতে ফাংশান করে এবং ৬ থেকে ১১ বছর বয়সের ছেলেরা যাতে স্কুলে যেতে পারে তার ব্যবস্থা করবেন এই আশা রাখি। আপনি বহরমপুরে গিয়েছেন, সেখানে একটা জিনিস আপনি বলেছেন বক্তৃতায় ব্রাঞ্চ অব অল বেঙ্গল টিচার্স এ্যাসোসিয়েশনের সভায়

In this connection he expressed the opinion that it is absurd to say that students would not take part in politics.

আপনি ছাত্রদের সম্বন্ধে বলেছিলেন যে ছাত্ররা পলিটিকসে, রাজনীতিতে যাবে। কিন্তু আজকে আমি টিচারদের সম্বন্ধে কিছু বলবো না, ছাত্রদের মধ্যে যে উচ্ছৃঙ্খলতা দেখা দিচ্ছে সেই উচ্ছৃঙ্খলতার হাত থেকে যদি ছাত্রদের বাঁচাতে হয় তাহলে এপথে হবে না। আপনি যদি ছাত্রদের পলিটিকসে যোগ দেওয়ার জন্য উস্কানি দেন তাহলে একদিন যেমন আপনাকে এবং জ্যোতিবাবুকে ইউনিভার্সিটিতে ছাত্ররা ম্যানহানডেল্ড করেছিল তেমনি ভবিষ্যতেও হতে হবে। তাই আমি বলবো ছাত্ররা যাতে সত্যিকারের পড়াশুনার কাজে মন দিতে পারে, তারা যাতে সত্যিকারের মানুষ হয়ে এই গণতান্ত্রিক রাষ্ট্রকে রক্ষা করতে পারে সেইদিকে লক্ষ্য রাখবেন, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুধীরচন্দ্র দাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় যে বরাদ্দ পেশ করেছেন আমি তা সমর্থন করছি এবং তিনি যদি বাংলায় বক্তৃতা দিতেন তাহলে আমি আরো বেশী খুশি হতাম। কংগ্রেস দলের পক্ষ থেকে শিক্ষকদের প্রতি যে দরদ দেখিয়েছেন সেই দরদটা কি রকম তা আমি বলছি। গত বছর শিক্ষকরা এখানে এসেছেন, মাধ্যমিক, প্রাথমিক শিক্ষকরা এখানে দিনের পর দিন অবস্থান ধর্মঘট করেছেন, তাঁদের সঙ্গে ও'রা দেখা করেন নি। তাঁরা জলে ভিজেছেন, তাঁদের প্রতি সম্মান না দেখিয়ে জেলে ঢুকিয়েছেন, পশ্চিম বাংলার

ইতিহাসকে কলঙ্কিত করেছেন. শিক্ষকদের মর্যাদাকে নষ্ট করে। আজকে এখনই আমার পূর্ববর্তী বক্তা এখানে তুলেছিলেন যে স্কুল বোর্ডগুলিকে কংগ্রেসীরা একটা দুর্নীতির দুর্গ করে রেখেছিলেন, সে সম্বন্ধে আমার কিছু বক্তব্য রাখতে চাই। আমরা দেখেছি বিভিন্ন জেলার যে স্কুল বোর্ডগুলি চলেছে সেই স্কুল বোর্ডগুলি দলীয় নীতিতে প্যানেল করেছেন, চতুর্থ পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় টাকা পাবেন আশা করে, ঠিক ভোটের পূর্বে স্কুল দিয়ে দেবো, ছেলেদের বলেছেন যে তোমাদের চাকরী দিয়ে দেবো, প্যানেল করেছি, স্কুলের সমস্ত ব্যবস্থা করে ফেলেছি। আপনারা দলীয় নীতিতে বদলী করেছেন—আমার কাছে প্রচুর তথ্য আছে—সাসপেন্ড করেছেন প্রাইমারী বিদ্যালয়ের মঞ্জুরী দেওয়া সত্ত্বেও। এমন অনেক স্কুল আমি জানি আমার এলাকায় ৭।৮ বছর পূর্বে স্যাংশনের জন্য ফার্স্ট প্রাইওরিটি দেওয়া সত্ত্বেও যেহেতু সেটা কংগ্রেসী এলাকা নয় সেহেতু সেই প্রাথমিক বিদ্যালয়কে মঞ্জুরী দেওয়া হয়নি। আমি সেই প্রাথমিক বিদ্যালয়ের নাম বলছি, সেটা হচ্ছে বাসুদেববেরিয়া শীতলা প্রাইমারী বিদ্যালয়। দায়িত্বহীন, চরিত্রহীন শিক্ষক তাঁর বিরুদ্ধে অভিভাবকরা আপত্তি করেছেন যে তাঁকে স্কুল থেকে তাড়িয়ে দেওয়া হোক কিন্তু তা করা হয়নি, কিছু ভোট যোগাড় করে দিতে পেরেছেন বলে তিনি বহাল তবিয়তে আছেন। যেসব স্কুলে শিক্ষকরা স্কুল অ্যাটেন্ড করেন নি, কেবল দলীয় সভা অ্যাটেন্ড করেছেন তাঁদের বিরুদ্ধে দরখাস্ত করেও তাঁদের সেখান থেকে তাড়ানো যায় নি, সেখানে তাঁরা বহাল তবিয়তে আছেন। এই স্কুল বোর্ডগুলিকে যতক্ষণ পর্যন্ত না বাতিল করে সরাসরি নিজেদের দায়িত্বে নিতে পারছেন ততক্ষণ পর্যন্ত প্রাথমিক শিক্ষার অগ্রগতি কখনও হবে না। আমরা এটা বলছি প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে বোর্ডগুলি অগণতান্ত্রিক, কারণ, স্কুল বোর্ডের যে পরোক্ষ নির্বাচন হচ্ছে তাতে মনোনয়ন রয়েছে এবং মেদিনীপুর একটা বড় জেলা সেখানে একটা লোকও বিরোধী দলের নেই, তাঁরা যা করছেন তার বিরুদ্ধে প্রতিবাদের একটা সুর তুলতে পারেন এমন লোক সেখানে নেই, সেইরকমভাবে স্কুল বোর্ডগুলিকে সমস্ত জায়গায় একটা দুর্নীতির দুর্গ রচনা করে, প্রাথমিক শিক্ষকদের জোর করে ভোটের কাজে লাগিয়ে ভয় দেখিয়ে চাপ দিয়ে তাঁদের সভাতে নিয়ে গেছেন। সভাতে লোক যখন পান না তখন শিক্ষকদের ডেকে নিয়ে যান, তাঁদের বলেন যে ছোট ছোট ছেলেদের নিয়ে এসো, এইভাবে সভার কাজ চালান। সেই কারণে আমরা বলবো এই সমস্ত স্কুলবোর্ডগুলির সমস্ত ক্ষমতা লোপ করুন, করে নিজের দায়িত্বে নিন, সেখানে প্যানেল বন্ধ করুন; প্রাথমিক শিক্ষকদের যে প্যানেল করেছেন তাতে কেবলমাত্র কংগ্রেস দলের লোক রয়েছে। আমরা বলবো এখানে সেখানে যে প্যানেল হবে তাতে অন্যান্য দলের লোক নিয়ে প্যানেল হবে, সেখানে ঐ নির্লজ্জভাবে কংগ্রেসদল যেভাবে সমস্ত কিছু নিজেদের পকেটে রেখেছেন ঠিক সেইভাবে যেন আমাদের করা না হয়। যোগ্যতার মাপকাঠিতে প্যানেল তৈরী হোক এই দাবী আমি করবো এবং চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে স্কুলগুলিকে মঞ্জুরী দেবার জন্য তাঁরা পরিকল্পনা করেছিলেন সেগুলিকে যে স্টে করেছেন, প্যানেল যে স্টে করেছেন সেজন্য অভিনন্দন জানাচ্ছি। কিন্তু সেগুলিকে তাড়াতাড়ি নিশ্চয়ই আমি বলবো গ্রহণ করুন এবং সঙ্গে সঙ্গে এটাও বলবো যে যোগ্যতার মাপকাঠিতে যাতে প্যানেল হয় তার জন্য তাড়াতাড়ি অর্ডার দিয়ে আগের প্যানেল বাতিল করে দিয়ে কিভাবে প্যানেল তৈরী করা যাবে, কিভাবে স্কুলের সাইট সিলেকশন করা হবে সেটা আমরা জানি, সেজন্য বিভাগীয় তদন্ত করে এগুলি করুন এবং কমিশন যদি গঠন করেন তাহলে আমি যেসব অভিযোগ উত্থাপন করলাম সেই সমস্ত অভিযোগের প্রমাণ দেবার জন্য আমি চ্যালেঞ্জ করে রাখছি, আমি সেই সমস্ত অভিযোগের প্রমাণ দিতে পারবো। তাই আমি বলবো যে আজ গণতন্ত্রের সফলতা আনতে হলে যেটা করা দরকার তা করা হয়নি, আমাদের দেশের এমনি দুর্ভাগ্য যে পশ্চিমবঙ্গ শিক্ষার দিক থেকে ভারতবর্ষের অন্যান্য প্রদেশ অপেক্ষায় সর্বাপেক্ষা পিছিয়ে আছে। আমাদের দেশের নিরক্ষরতা এমনি বেড়েছে যে তার উপর আমাদের জোর দেওয়া অবশ্যই কর্তব্য, কেননা ভোট কেন্দ্রে ভোট দিতে গেলে দেখতে পাবেন যে ১৪--১৫ শত ভোট লোকে ঠিকমত দিতে পারেনি, বাতিল হয়ে গিয়েছে। গ্রামাঞ্চলে আপনি খবর নিন এক একটা এলাকায় ১৪--১৫ শত, ২ হাজার পর্যন্ত ভোট বাতিল হয়েছে। এই নিরক্ষরতা থাকলে গণতন্ত্র কখনই সম্ভব নয়। তাই আমি শিক্ষামন্ত্রী মহাশয়কে বলবো বাংলাদেশে নিরক্ষরতা দূর করার জন্য তিনি যেন সঠিক পরিকল্পনা আনেন এবং বাংলা ভাষার মাধ্যমে শিক্ষার সমস্ত কাজ যাতে করে পরিচালিত হয় সেই দাবী করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-35—6-45 p.m.]

শ্রীরজনীকান্ত দলুই: মাননীয় স্পীকার মহাশয়, শিক্ষামন্ত্রী মহাশয় আজকে যে বাজেট পেশ করেছেন তার পরিপ্রেক্ষিতে আমি আমার কয়েকটা বক্তব্য রাখতে চাই। আমরা জানি "বিদ্যা দদাতি বিনয়ং এবং শ্রদ্ধাবান লভতি জ্ঞানং" কিন্তু আজকাল শিক্ষাক্ষেত্রে দেখা যাচ্ছে বিনয় এবং শ্রদ্ধা দুটিই অভাব—কি স্কুলে, কি কলেজে, কি ইউনিভার্সিটিতে সর্বক্ষেত্রে আমরা দেখছি আনরেস্ট। আমি বলতে চাই আমাদের যে শিক্ষা পদ্ধতির যে কাঠামো আছে সেই কাঠামোর অনেকগুলি ত্রুটির ফলে আমরা শিক্ষাক্ষেত্রে আনরেস্ট লক্ষ্য করছি। এবং সেই ত্রুটিগুলির উল্লেখ করে আমি আমার কতকগুলি সাজেশন মন্ত্রিমহাশয়ের কাছে উপস্থিত করছি। আমি আশা করব এগুলি তিনি বিবেচনা করবেন। আমরা দেখেছি যে আমাদের শিক্ষাক্ষেত্রে উপযুক্ত শিক্ষকের অভাব—এবং উপযুক্ত শিক্ষকের অভাবে দেখা গেছে স্কুল এবং কলেজে এবং ইউনিভার্সিটিতে দেখা গেছে যে ছাত্ররা উচ্ছৃঙখল হয়ে পড়ে এবং আরও দেখেছি স্কুল কলেজে শিক্ষার আবহাওয়া নাই, রাজনৈতিক উদ্দেশ্যে প্রণোদিত হয়ে শিক্ষক এবং ছাত্ররা তাদের দলীয় মনোভাবকে প্রশ্রয় দিচ্ছে। এটা শিক্ষার ক্ষেত্রে অত্যন্ত অমঙ্গল। এবং আরও আমরা দেখেছি শিক্ষকরা হাইলি পেড নন, তাঁরা ঠিকমত মাহিনা পান না এবং উপযুক্ত বেতন পান না। তাই আমি শিক্ষামন্ত্রীকে অনুরোধ করব যেন তিনি এই সমস্ত দিকে বিশেষভাবে লক্ষ্য করেন। তারপর আমি বলতে চাই যে শিক্ষক নিয়োগ করবার সময় বোর্ড অফ এক্সপার্ট দিয়ে শিক্ষকদের অ্যাপয়েন্টমেন্ট এর ব্যবস্থা করতে হবে বেসরকারী স্কুলে। আমার আরেকটি সাজেশন হচ্ছে যে Education makes simultaneous development of body, of mind and soul.

কিন্তু আমি দেখেছি বডি এ্যান্ড সোল-এর ডেভেলপমেন্ট-এর জন্য কোন কিছু ব্যবস্থা হয়নি। তাই আমি শিক্ষামন্ত্রীকে অনুরোধ করব যে তিনি যেন বডি এবং সোল-এর উন্নতির জন্য বা বডি এবং সোল এর ডেভেলপমেন্ট-এর জন্য চেষ্টা করেন। তারপর আরেকটি আমার সাজেশন আছে যে আমি বলতে চাই রেডিও মধ্যমে লেকচার-এর ব্যবস্থা করতে হবে, এবং সেই লেকচার কমপালসারি করতে হবে, এবং ক্লাশ রুটিন পিরিয়ডএ এই এডুকেটিভ লেকচার যদি বিভিন্ন বিষয়ে অভিজ্ঞ ব্যক্তিদের দ্বারা দেওয়ান যায় তাহলে আমার মনে হয় ছেলেদের আউটলুক বাড়বে। আমি ছাত্র ও শিক্ষকদের এবং অভিভাবকদের মধ্যে যে কো-অর্ডিনেশন-এর অভাব আছে এবং প্রাথমিক শিক্ষা, মাধ্যমিক শিক্ষা এবং কলেজীয় শিক্ষার মধ্যে যে কো-অর্ডিনেশন-এর অভাব আছে এবং এই কো-অর্ডিনেশন যাতে আসে সেটা যেন মন্ত্রিমহাশয় ব্যবস্থা করেন। তারপর বয়স্ক শিক্ষার প্রতি মন্ত্রিমহাশয় যেন দৃষ্টি দেন তার জন্য আমি অনুরোধ করছি। এডুকেশনকে পার্টি পলিটিকসএর ঊর্ধ্বে রাখতে হবে। স্টুডেন্ট শুড নট বি ইউজড এ্যাজ পার্টি পলিটিকস। এটা যেন শিক্ষামন্ত্রী বিশেষ চিন্তা করেন। জেনারেল এডুকেশন-এর দিকে আমাদের ঝোঁক আছে কিন্তু জেনারেল এডুকেশন-এর সঙ্গে সঙ্গে আমাদের টেকনিক্যাল এডুকেশন-এর দিকে লক্ষ্য দিতে হবে, এগ্রিকালচারাল এডুকেশন-এর দিকেও আমাদের লক্ষ্য দিতে হবে। আমরা জানি আমাদের দেশে কৃষির জন্য আমাদের খাদ্যাবস্থার কি রকম অধঃপতন ঘটেছে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব তিনি যেন এগ্রিকালচারাল এডুকেশনএ যাঁরা যাঁরা ডিগ্রী নিয়ে যাচ্ছেন তাঁদেরকে অফিসার না করে তাঁদেরকে এগ্রিকালচারাল ফার্মএ এবং যেখানে কৃষকরা আছেন তাঁদের মধ্যে পাঠিয়ে দিয়ে কিভাবে বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষবাস করতে হয় সে সম্বন্ধে যেন তাঁরা কৃষকদের বিশেষভাবে উৎসাহ দেন। সিডিউলড কাস্টস এবং সিডিউলড ট্রাইবসদের জন্য স্টাইপেন্ডএর যেন আরও ব্যবস্থা করেন। আরেকটি কথা বলব ফিজিক্যাল এডুকেশনকে কমপালসরি করতে হবে। যেহেতু স্কুলে এবং কলেজে এন সি সি কমপালসরি কিন্তু গ্রামে ফিজিক্যাল এডুকেশন অত্যন্ত নেগলেকটেড। আমরা দেখেছি ফিজিক্যাল এডুকেশনএর জন্য চীফ ইন্সপেক্টর অফ ফিজিক্যাল এডুকেশন আছেন এবং ফিজিক্যাল ডাইরেকটরেট আছেন কিন্তু ফিজিক্যাল এডুকেশনটা সম্পূর্ণভাবে নেগলেকটেড। আমরা বহুদিন থেকে শুনে আসছি ফিজিক্যাল এডুকেশন কমপালসরি হবে কিন্তু আজ পর্যন্ত কিছুই হচ্ছে না। যদি বডির গ্রোথ না হয়, যদি সুস্থ সবল দেহ না হয় তাহলে কোন শিক্ষাই হবে না। কারণ সাউন্ড বডি হ্যাজ সাউন্ড মাইন্ড। সেজন্য আজ মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব যাতে ফিজিক্যাল এডুকেশন কমপালসরি হয় তার ব্যবস্থা নিশ্চয়ই করবেন। অতএব ফিজিক্যাল

এডুকেশন কমপালসারি করার জন্য আমি শিক্ষামন্ত্রীর কাছে অনুরোধ করবো। তারপর স্কুল হেলথের প্রতি লক্ষ্য রাখা হচ্ছে না। ছাত্রদের স্বাস্থ্য পরীক্ষা করে তাদের যেন ঔষধ দেবার ব্যবস্থা করা হয় সেইজন্য আমি শিক্ষামন্ত্রীকে সচেষ্ট থাকতে অনুরোধ করবো। আর একটা কথা আছে প্রাইকারী স্কুলে ১, ২, ৩, ৪ এই চারটি ক্লাশ আছে, কিন্তু দু-তিনজন শিক্ষক নিয়ে এই চারটি ক্লাশ চালানো হয়। আমি অনুরোধ করবো যে এই চারটি ক্লাশের জন্য যেন চারটি শিক্ষক নিযুক্ত করা হয়। তারপর ম্যানেজিং কমিটিতে হেড মাস্টার এক্সঅফিসিও সেক্রেটারী হবেন। কিন্তু আজও পর্যন্ত তা হচ্ছে না। এবং এই ম্যানেজিং কমিটি ১২ জন মেম্বার নিয়ে গঠিত। আমি শিক্ষামন্ত্রীর কাছে অনুরোধ করবো যে তিনি যেন হেডমাস্টারকে এক্সঅফিসিও সেক্রেটারী করার ব্যবস্থা করেন। এই বলে আমি শেষ করছি।

শ্রীমুকুল বসু: মাননীয় স্পীকার মহাশয়, আজকে আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী যে ব্যয় বরাদ্দ অনুমোদনের জন্য এই সভায় রেখেছেন আমি তাকে সমর্থন করছি। তাঁর প্রারম্ভিক ভাষণে তিনি বাংলাদেশে বর্তমানে শিক্ষার বাস্তব চিত্র রেখেছেন এবং তার সংগে সংগে আগামী দিনের শিক্ষা ব্যবস্থা কি হবে তার একটা ছবিও রেখেছেন বলে তাঁকে আমি ধন্যবাদ দিচ্ছি। তিনি তাঁর ভাষণে বলেছেন যে এই ব্যয় বরাদ্দের পরে আমাদের বাংলাদেশের প্রাথমিক শিক্ষার দিকে বিশেষভাবে নজর দেওয়া হবে। আমি তাঁকে শুধু গ্রামবাংলার প্রাথমিক শিক্ষার দিকে বিশেষভাবে নজর দিতে বলবো। আমরা কাগজে দেখেছি তিনি গ্রামের কয়েকটি স্কুলকে দেখেছেন সমস্ত ভাংগাচোরা স্কুল, আসবাবপত্র নেই, ছাত্রদের বই নেই এবং একটা দুর্বিসহ অবস্থার মধ্যে বাংলাদেশের প্রাথমিক শিক্ষা চলছে। আমরা নিশ্চিতভাবে আজকে এটাকে ঢেকে রাখতে পারি না যে বেসিক এডুকেশন সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছে গ্রাম বাংলায়। তার কোন আকর্ষণ না থাকার কারণ হচ্ছে যে সেই শিক্ষা আজ গ্রাম বাংলার যে অর্থনৈতিক জীবন—যে অর্থনৈতিক জীবন কৃষির উপর ভিত্তি করে গড়ে উঠেছে তার সংগে সেই শিক্ষার কোন সম্পর্ক ছিল না। কাজেই যখন নূতনভাবে শিক্ষার কথা ভাবতে হচ্ছে তখন আমি শিক্ষামন্ত্রীকে অনুরোধ করবো যে গ্রামাঞ্চলে প্রাথমিক শিক্ষা যাতে কৃষি ভিত্তিক শিক্ষায় পরিণত হতে পারে এবং তার মাধ্যমে গ্রামের মানুষ শিক্ষার প্রতি আগ্রহশীল হতে পারে তার জন্য তিনি চেষ্টা করবেন। একথা ঠিক যে অভিযোগ উঠেছে জেলা স্কুল বোর্ডগুলি সম্পর্কে—আমরা জানি, পশ্চিমবাংলার বিভিন্ন জেলা স্কুলবোর্ডগুলি আজকে দুর্নীতির আখড়ায় পরিণত হয়েছে। কাজেই মাননীয় স্পীকার মহাশয়, কয়েকজন মাননীয় সদস্য যে সুপারিশ করেছেন যে স্কুল বোর্ডগুলি ভেংগে দিয়ে কিভাবে স্কুলবোর্ডগুলি নূতনভাবে স্থাপন করা যায় অথবা সেগুলি সরকারের আওতায় আনা যায় কিনা, সে সম্পর্কে শিক্ষামন্ত্রী আশা করি তাঁর নীতি ঘোষণা করবেন। আমি এর পরে বলতে চাই যেসমস্ত প্রাথমিক শিক্ষকরা বাংলাদেশে শিক্ষকতা করেন, যাঁদের উপর জাতি গঠনের প্রাথমিক গুরুদায়িত্বভার অর্পণ করা হয়েছে তাঁদের যে বেতন দেওয়া হয় দুর্ভাগ্যবশত তা অত্যন্ত কম। একথা ঠিক যে তাঁদের দুর্মূল্য ভাতা বৃদ্ধি করা হয়েছে, কিন্তু এই দুর্মূল্য ভাতা বৃদ্ধি এবং বেতন বৃদ্ধি এক নয়। শিক্ষামন্ত্রী অবশ্য বলেছেন যে তিনি এ বিষয়ে খুঁটিয়ে দেখবেন এবং প্রয়োজন হলে বিল করবেন। আমি আশা করবো এবং অনুরোধ করবো সেই বিলের ভিতর যেন বাংলাদেশের প্রাথমিক শিক্ষকদের বেতনের কথা নূতনভাবে চিন্তা করেন এবং প্রয়োজন হলে পরে কোঠারী কমিশনে যেভাবে বলা আছে—নির্দেশ আছে—সেখানে স্পষ্ট নির্দেশ নেই - সেই সমস্ত বিষয় বিবেচনা করার সময় সেই সমস্ত প্রাথমিক শিক্ষকদের ব্যাপারে যেন তিনি নূতন করে চিন্তা করেন। তৃতীয় যে বক্তব্য সেটা হচ্ছে এই যে আমরা জানি আজও বাংলাদেশে শিক্ষা ১৯৩০ সনের যে শিক্ষা আইন সেই আইনের বলে চলছে। সেই আইন পরিবর্তন করা হয় নি এই বিশ বছরে। কিন্তু আজকে যখন নূতন করে সরকার শিক্ষাকে ঢেলে সাজাবার চেষ্টা করছেন তখন আশা করি এই শিক্ষা আইনকে সম্পূর্ণ বাতিল করে দিয়ে সেই আইনের জায়গায় নূতন শিক্ষা আইন আমাদের কাছে চালু করবেন এবং তারই ভিত্তিতে বাংলাদেশের শিক্ষা ব্যবস্থা চালু করবেন। এই বলে আমি শেষ করছি।

[6-45—6-55 p.m.]

শ্রীআজিজ্যু: রহমন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষামন্ত্রী শিক্ষাখাতে যে ব্যয়বরাদ্দ এনেছেন তার উপর সমালোচনা করে আমার বক্তব্য রাখছি। শিক্ষা জাতীয় জীবনের একমাত্র উন্নতির সহায়ক। মানুষের জীবনের উন্নতির প্রত্যেকটি স্তরে শিক্ষা উৎপাদকের মূল আধার স্বরূপ। স্বাধীনতা প্রাপ্তির পর বাংলাদেশে প্রাথমিক শিক্ষা থেকে আরম্ভ করে কলেজীয় শিক্ষা পর্যন্ত বহু শিক্ষা প্রতিষ্ঠান স্থাপিত হয়েছে এবং ছাত্রছাত্রীর সংখ্যা বহুলাংশে বৃদ্ধি পেয়েছে এটা সর্বজনস্বীকৃত। মানুষের শিক্ষা বলতে মোটামুটিভাবে যা বুঝি তাতে শারীরিক মানসিক, নৈতিক, আধ্যাত্মিক, আর্থিক পথের ক্রমোন্নতির একটা সোপান হচ্ছে শিক্ষা। আমরা কি শিল্পে, কি বাণিজ্যে কি কৃষিতে, কি দেশের প্রতিরক্ষায় আজ বলিষ্ঠ পদক্ষেপের জন্য চাই বলিষ্ঠ নাগরিক। সেইজন্য শিক্ষাকে আমরা ধরে নিতে পারি সমাজের সর্বব্যাধির মহা ঔষধ-স্বরূপ। তাই আমি বলছি যে আজকে প্রাথমিক শিক্ষা থেকে আরম্ভ করে কলেজীয় শিক্ষা পর্যন্ত প্রত্যেক স্কুল এবং কলেজে শরীর চর্চামূলক দৈহিক যাতে উন্নতি হয়, দেহের যাতে উন্নতি সাধন হয় এর উপর শিক্ষা বাধ্যতামূলকভাবে প্রবর্তিত হওয়া দরকার। সেজন্য মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে এই বক্তব্য রাখছি যে বাধ্যতামূলক-ভাবে বাংলাদেশে দৈহিক উন্নতি সাধনের জন্য শিক্ষা যাতে প্রবর্তিত হয় সে বিষয়ে তিনি যেন সচেষ্ট হন। আজ বাংলাদেশের কৃষি অজ্ঞ জনসাধারণের হাতে ন্যস্ত আছে, যে কৃষক আজ জানে না নাইট্রোজেন সার কিরকম ব্যবহার করতে হবে, যে কৃষক জানে না ইউরিয়া সার কি রকমভাবে ব্যবহার করতে হবে। এইসব অপপ্রয়োগের ফলে আমাদের দেশে কৃষির ক্ষেত্রে সুফলের পরিবর্তে কুফলই আসবে, তাই আমি বলছি যাতে কৃষি শিক্ষামূলক ব্যবস্থার আরও উন্নতি সাধিত হয় সেদিকে মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তারপর গ্রামাঞ্চলে মেয়েদের শিক্ষা সম্বন্ধে দারুণ একটা সংকট দেখা গেছে—আজকে শহরাঞ্চলের মত গ্রামাঞ্চলেও মেয়েদের শিক্ষার প্রতি একটা জাগরণ বা আগ্রহ এসেছে তা আমরা বিশেষভাবে লক্ষ্য করছি, কিন্তু গ্রামাঞ্চলে মেয়েদের শিক্ষার জন্য স্বতন্ত্র কোন ব্যবস্থা নেই এবং সহশিক্ষা যে হয় তাতে মেয়েদের শিক্ষা ব্যাহত হচ্ছে এবং অনেক ক্ষেত্রে তার কুফল দেখা যাচ্ছে। তাই গ্রামাঞ্চলে মেয়েদের শিক্ষার জন্য যাতে মেয়ে শিক্ষা প্রতিষ্ঠান স্থাপিত হয় সেই অনুরোধ মাননীয় অধ্যক্ষক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি শিক্ষামন্ত্রীর কাছে রাখছি। আমার আর একটা বক্তব্য হচ্ছে বাংলাদেশে যেসমস্ত মাদ্রাসা আছে সেই মাদ্রাসাগুলির প্রতি বিমাতৃসুলভ আচরণ করা হয়ে থাকে। সেই মাদ্রাসাগুলি যাতে ঠিক হায়ার সেকেন্ডারী এবং হাই স্কুলগুলি যেরকম সুযোগ সুবিধা পেয়ে থাকে সেই সুযোগ সুবিধা যাতে পায়, তার যাতে উন্নতি সাধিত হয়, তার শিক্ষা ব্যবস্থা যাতে আরও প্রসারিত হয় সেই বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। অন্যান্য স্কুল-গুলি যেভাবে ডেফিসিট বা লাম্প গ্র্যান্ট পেয়ে থাকে এই মাদ্রাসাগুলি যাতে সেইভাবে সুযোগ সুবিধা পায় সেদিকে শিক্ষামন্ত্রী যেন দৃষ্টি দেন। তারপর বয়স্কদের শিক্ষার ব্যাপারে ব্লকের মাধ্যমে কিছু কিছু কাজ হয়ে থাকে, কিন্তু সেই ব্লকের মাধ্যমে বয়স্কদের শিক্ষার জন্য যে টাকা পাওনা হয়ে থাকে তা এতো অপ্রচুর, এতো কম যে তাতে বয়স্কদের শিক্ষা প্রসারের ব্যাপারে বিশেষ কিছু অগ্রগতি হচ্ছে না। সেজন্য আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে বলছি বয়স্ক শিক্ষা কেন্দ্র যাতে সুষ্ঠুভাবে পরিচালিত হয় এবং ব্লক সোস্যাল এডুকেশন অফিসার এর প্রতি যাতে দৃষ্টি রাখেন তার জন্য অনুরোধ করছি।

শ্রীভবানী মুখোপাধ্যায়: মাননীয় স্পীকার মহাশয়, হুগলী জেলায় ভদ্রেশ্বর থানার গ্রামাঞ্চলে কতকগুলি বিদ্যালয় দেখতে গিয়ে দেখি একটা প্রাথমিক বিদ্যালয়ে ১৫০ জন ছাত্র আর ২ জন মাত্র শিক্ষক আছেন। আর একটা বিদ্যালয়ে ২০০ জন ছাত্র ২ জন শিক্ষক আছেন। বৎসরের পর বৎসর এসব বিদ্যালয়গুলি থেকে কর্তৃপক্ষের শিক্ষক নিয়োগের জন্য স্কুল বোর্ডের কর্তাদের কাছে জানিয়েছেন ৪০ জন ছাত্র পিছু ১ জন শিক্ষক পাওয়া যায় আমরা জানি। কিন্তু বৎসরের পর বৎসর এখানে কোন শিক্ষক দেওয়া হয় নি। কেন দেওয়া হয় নি জানতে গিয়ে দেখি একটা তাজ্জব ব্যাপার। স্কুল বোর্ড থেকে জানতে পারি যে বাংলাদেশে এ বিষয় একটা পদ্ধতি চালু আছে সেটা হচ্ছে যে একটা জেলাভিত্তিক বা জেলার ছাত্রদের এক কাট্টা করা হয়েছে। সমস্ত জেলায় যা ছাত্র পাওয়া যাবে তাকে ৪০ দিয়ে ভাগ করে করতে হবে এবং সে দিক থেকে শিক্ষক

পাওয়া যাবে। আমাদের জেলায় আরামবাগ এবং অন্যান্য গ্রামাঞ্চলে এমন অনেক স্কুল আছে যেখানে ১৫-২০ জন ছাত্রর জন্য একজন করে শিক্ষক আছে। এর ফলে দূরবর্তী গ্রামাঞ্চলে যেখানে অল্প সংখ্যক ছাত্র সেখানে এক জন করে শিক্ষক নিয়োগ করা আছে। শহরাঞ্চলের যে গ্রামাঞ্চল সেখানে ১৫০-২০০ জন ছাত্রের জন্য ১-২ জন করে শিক্ষক আছেন। আমি বলবো এরূপ একটা আজগুবী হিসাব বা নিয়ম তুলে দেওয়া উচিত এবং বাস্তবতার ভিত্তিতে সর্বনিম্ন যা প্রয়োজন তার ব্যবস্থা তিনি করবেন। তা না হলে ২-৪ জন মাস্টার এসব স্কুলে থাকলে কিছু হবে না। তারপরের কথা হচ্ছে এর আগে কয়েকজন বিরোধীপক্ষের বক্তা খুব উত্তেজনা প্রকাশ করলেন যে, নূতন যুক্তফ্রন্ট সরকার চালু হবার পর প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদন দেওয়া হয় নি। আমি তাঁকে বলবো ১৯৬২ সাল থেকে ১৯৬৭ সাল পর্যন্ত এই পাঁচ বৎসর কি হয়েছিল; তাদের রাজত্বকালে জরুরী অবস্থার সময় মন্ত্রীদের ঘরে এয়ারকন্ডিশানের জন্য টাকার অভাব হয় নি। টেলিফোন-এর বিল হাজার হাজার টাকা হয়ে গেছে, বিদেশ ভ্রমণের জন্য টাকার অভাব হয় নি, কিন্তু সে সময় বাংলাদেশের স্কুলের অনুমোদন ৫ বৎসরের জন্য বন্ধ করে দেওয়া হয়েছিল। অবশ্য ভোটের আগে কিছু স্কুল দেবার সিদ্ধান্ত হয়েছিল। শিক্ষা মন্ত্রিমহাশয়কে বলবো দ্রুতগতিতে যাতে গ্রামাঞ্চলের স্কুল মঞ্জুরী দেওয়া হয় তাঁর ব্যবস্থা করুন। কিন্তু সে ব্যবস্থা করার সময় যে স্কুল গড়ে উঠেছে, যেগুলির দাবী আছে, সেগুলিকে যেন মঞ্জুর করা হয় এবং এগুলি মঞ্জুর করার সময় যেসব স্কুলে পাঁচ বৎসর ধরে যাঁরা ১০-১৫ টাকা মাইনা নিয়ে যেসব শিক্ষকরা কাজ করছেন তাদের নিয়োগ করার বেলায় যেন প্রেফারেন্স দেওয়া হয়। নূতন শিক্ষক নিয়োগের বেলায় আমরা দেখেছি যারা কম্পার্টমেন্টাল পাশ তারা দাদাদের ধরে শিক্ষক হয়েছে কিন্তু ফার্স্ট ডিভিশন-এ পাশ ছেলেদের নেওয়া হয় নি। যোগ্যতার ভিত্তিতে যাতে শিক্ষক নিয়োগ করা হয় সে দিকে যেন লক্ষ্য রাখেন। সর্বশেষে প্রাথমিক বিদ্যালয় সম্পর্কে বলবো, সেটা হচ্ছে, আমি দেখেছি বিশেষ করে বাস্তুহারা অঞ্চলে তারা ১,২০০ টাকা গৃহনির্মাণ বাবদ পেয়ে যে বিদ্যালয় ভবন করেছিল আজকে কলোনীতে সেসব স্কুল ভেঙ্গে পড়েছে এবং তাদের জীবিকা অর্জনের পথ নেই। সেসব স্কুলে আমরা দেখেছি ফার্স্ট ডিভিশন পাশ করা ভাল ছাত্র আছে। প্রাইমারী স্কুলে ৪০ জন ছাত্র গেছে তারা ১০-১২ জন প্রথম বিভাগে পাশ করেছে। এসব স্কুলে ম্যাচিং গ্র্যান্ট ভিত্তিতে যদি সামান্য টাকা দেন তাহলে তাদের উপকার হয়। শিক্ষা মন্ত্রিমহাশয় যে গ্র্যান্ট এনেছেন তাকে আমি সমর্থন করছি।

[6-55—7-5 p.m.]

শ্রীআব্দুল লতিফঃ মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় শিক্ষামন্ত্রিমহাশয় ব্যয়বরাদ্দ এ হাউসে পেশ করেছেন, সে সম্বন্ধে আমি আমার বক্তব্য রাখছি।

আমার পূর্ববর্তী বক্তাগণ এখানে প্রাথমিক স্কুলের সম্বন্ধে অনেক কিছু বলে গেছেন। এই হিসাবে আমি বলবো মুর্শিদাবাদ জেলায় অনেকদিন গৃহ জমি থাকা সত্ত্বেও এবং উৎসাহী যুবকগণ বৎসরের পর বৎসর বিনা পয়সায় শিক্ষা দেওয়া সত্ত্বেও অনেক প্রাথমিক স্কুল মঞ্জুরী পায় নি। এ বিষয়ে আমি শিক্ষামন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

মন্ত্রিমহাশয় তাঁর বক্তৃতার মধ্যে একটা বিষয় ভয়ানক নেগলেক্ট করে গেছেন সেটার সম্বন্ধে বলবো। তিনি প্রাইমারী স্কুল, হাই স্কুল ও কলেজ সম্বন্ধে বলেছেন। কিন্তু যেটার সম্বন্ধে বলেন নি সেটা হচ্ছে মাদ্রাসা এডুকেশন। আমাদের এই পশ্চিমবঙ্গে বহু মাদ্রাসা আছে। তাহার উপর সরকারের কোন দৃষ্টি নাই। এই মাদ্রাসাসমূহ থেকে বহু ছেলে বি এ, এম এ পাশ করেছে। কিন্তু মন্ত্রিমহাশয় এডুকেশন সম্বন্ধে বাজেট বক্তৃতায় কোন কথা বলেন নি। এটা অত্যন্ত দুঃখের কথা। আমাদের যে মাদ্রাসা এডুকেশান বোর্ড আছে তার সম্বন্ধে দুর্নাম আছে এবং মাদ্রাসা পরীক্ষার সিস্টেম সম্বন্ধেও দুর্নীতি আছে শোনা যায়। এই বিষয় লক্ষ্য রাখবেন।

আমাদের মুর্শিদাবাদ জেলায় স্বাধীনতা লাভের পূর্বে একটি মাত্র কলেজ ছিল, এখন ছয়টি কলেজ হয়েছে। বেলডাঙ্গায় রিসেন্টলি একটি কলেজ হয়েছে। সেখানে এক ভদ্রলোক নগদ পঞ্চাশ হাজার টাকা এবং দুই বিঘা জমি দান, যাহার মূল্যে সমেত মোট দেড়-দুই লক্ষ টাকা দান করেছেন। আমরা বেলডাঙ্গার লোকেরা চাঁদা দিয়ে তা চালাচ্ছি। সেখানে মাত্র আর্টস এবং

কমার্স পড়ান হচ্ছে। সেখানে যাতে সায়েন্স পড়ানোর ব্যবস্থা হয় এবং বিল্ডিং করার জন্য গভর্নমেন্টের তরফ থেকে যাতে টাকা বরাদ্দ করা হয় সেই দিকে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আর বেলডাঙ্গা থানার দেবপুরে যে স্কুলটি আছে সেখানকার গ্রামবাসীরা বহু চেষ্টা করে চাঁদা তুলে সেই স্কুলটি চালাচ্ছে। সেই স্কুলের বিল্ডিং ঠিকমত নেই। সেই জন্য সেখানকার ছেলেমেয়েদের পড়াশুনার ব্যাপারে খুব অসুবিধা হচ্ছে। সুতরাং উক্ত স্কুলের বিল্ডিং এর জন্য সরকার হইতে যদি মন্ত্রিমহাশয় কিছু অর্থ বরাদ্দের ব্যবস্থা করেন তাহা হইলে খুব ভাল হয়। এই বিষয়ে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅমিয়ভূষণ বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় শিক্ষা খাতে যে বাজেট বরাদ্দ উপস্থিত করেছেন আমি তা সমর্থন করতে উঠে এই হাউসের সামনে আপনার মাধ্যমে শিক্ষা সংক্রান্ত কয়েকটি সমস্যা সম্পর্কে আলোচনা করতে চাই। আমাদের যুক্ত-ফ্রন্ট সরকার মোট বাজেটে যে অতিরিক্ত বরাদ্দ করেছেন তার মধ্যে প্রায় শতকরা ২০ শতাংশ শিক্ষা খাতে বাড়িয়েছেন, এর জন্য আমি সরকার এবং শিক্ষামন্ত্রীকে অভিনন্দন জানাই। বিশেষত শিক্ষকদের জন্য যে সহানুভূতির সঙ্গে ভাতার ব্যবস্থা করা হয়েছে এবং তাঁদের যে রাস্তায় দাঁড়াতে হয় নি, জেলে যেতে হয় নি, সেজন্য স্বভাবতঃই তাঁকে ধন্যবাদ না জানিয়ে পারা যায় না। কিন্তু এই প্রসঙ্গে একটি কথা বিশেষভাবে আমি বলতে চাই। সেটি হচ্ছে এই, শিক্ষা খাতে টাকার বরাদ্দ বাড়ালেই শিক্ষা ব্যবস্থার উন্নতি হয় না। তা যদি হত তাহলে গত বিশ বছরে যতখানি করা সম্ভব ছিল ততখানি করুন বা না করুন, পূর্বতন সরকার যথেষ্ট পরিমাণ টাকা শিক্ষা খাতে খরচ করেছিলেন, কিন্তু তা সত্ত্বেও উন্নতি হয় নি। শিক্ষা জীবনে আজ যে পরিস্থিতি দেখা দিয়েছে তা নিয়ে ছাত্র, অভিভাবক, শিক্ষক সকলেই আজ উদ্বিগ্ন। এটা একটা উচ্ছৃঙ্খল অবস্থার মধ্যে দিয়ে আজকে চলেছে। অভিভাবক আজকে উদ্বিগ্ন হয়ে পড়েছেন, শিক্ষকরা আজকে পথের কিনারা কিছুই খুঁজে পাচ্ছেন না। এই সম্পর্কে সমগ্র দেশের মধ্যে কোন মতভেদ নেই। আজকে কেন আমরা এই সামগ্রিক অবস্থার মুখোমুখী এসে দাঁড়িয়েছি, তা নিশ্চয়ই আজকে ভাল করে বিচার করতে হবে, ভাবতে হবে। এই সেদিন কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী যে কথা বলেছেন যে কলকাতা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষাকে কেন্দ্র করে ছাত্রদের যে আন্দোলন হয়েছে এবং তাঁদের এক অংশ যে উচ্ছৃঙ্খলা পোষণ করেছেন, এইসব মিলিয়ে যে পরিস্থিতির উদ্ভব হয়েছে সে সম্বন্ধে ডঃ ত্রিগুণা সেন ক্যারেকটারাইজ করেছেন, ইট ইজ এ ক্রাইসিস অব কনফিডেন্স ইন দিস সোসাইটি। শুধু তাই নয়, তার সঙ্গে তিনি আর একটি মূল্যবান কথা বলেছেন যে, শিক্ষক-দের মধ্যে যাঁরা হেড তাঁদের মধ্যে একটা পাওয়ার নিউরোসিস হয়েছে, এই কথা তিনি উচ্চৈস্বরে বলেছেন। আমি ব্যক্তিগতভাবে মনে করি সমগ্র পরিবেশের মধ্যেই এই অবস্থা দেখা দিয়েছে। তা যদি দেখা দিয়ে থাকে তাহলে আজকে শুধুমাত্র ছাত্রদের পিটিয়ে, চটিয়ে কিছু হবে না, আর অন্যদিকে গালাগাল দিলেও কিছু হবে না। ছাত্রদের মধ্যে যখন বিক্ষোভ দেখা দেয় তখন সেটার এক্সপ্ল্যানেসানের দিকে তাকাই না। যখন যা বলবে তাই যদি মেনে নিই তাহলে দুদিন বাদে কলকাতা বিশ্ববিদ্যালয় বলবেন কিনা জানি না যে, ছাত্রদের সঙ্গে পরামর্শ করে কোশ্চেন করা হবে। কাজেই এই ধরনের অস্থিরতা সমগ্র বিশ্ববিদ্যালয় পরিচালনার মধ্যে দেখছি। কিন্তু কেন এমন হচ্ছে? স্বভাবতঃই যাঁরা শিক্ষার অধিকর্তা তাঁদের প্রতি বিশেষ করে আমি কলকাতা বিশ্ব-বিদ্যালয় পরিচালনার প্রতি দৃষ্টি আকর্ষণ করব। তাঁরা নিজেদের অজস্র দুর্বলতা ঢাকবার জন্য কোন কোন সময় হয়ত ছাত্রদের চোখ রাঙাচ্ছেন।

[7-5—7-15 p.m.]

এই দুর্বলতাগুলির জন্যেই কি আজকে কলিকাতা বিশ্ববিদ্যালয়ে পরিচালনার উপর ছাত্রদের আস্থা নেই, শিক্ষকদের আস্থা নেই, শিক্ষক, ছাত্র, পরিচালক সকলের মধ্যে পারস্পরিক একটা অনাস্থা। এই পরিবেশ কেন হয়েছে তার জন্য আমি আপনার মারফত এই হাউসের সামনে বিশেষ করে শিক্ষামন্ত্রিমহাশয়-এর দৃষ্টি আকর্ষণ করে দু-চারটি কথা উল্লেখ করছি। কোলকাতা বিশ্ববিদ্যালয়ে কি ধরনের পরিচালনা হচ্ছে, সে সম্বন্ধে গত ২৪এ এপ্রিল স্টেটসম্যান পত্রিকায় খবর বেরিয়েছে, কোলকাতা বিশ্ববিদ্যালয় আট বছরের মধ্যে কোন এক্সপেন্ডিচার অফ অ্যাকাউন্টস এবং কোন অডিট রিপোর্ট সিনেটের সামনে

উপস্থাপিত করতে পারেন নি। আরও খবর আপনার মাধ্যমে জানাই যে, ১৯৬৫-৬৬ সালে সিনেটে একটি কমিটি হয়, তার নাম বাজেট এনকোয়ারী কমিটি। সেই এনকোয়ারী কমিটি দু-তিনটে অধিবেশন বসেছিল, তারপর দেখা গেল যে সেখানে অজস্র দুর্নীতিপূর্ণ নানা কাহিনী প্রকাশিত হয়ে পড়েছে, স্বজনপোষণের নানা কাহিনী প্রকাশিত হয়ে পড়ছে, এই অবস্থা দেখবার পর কোন অদৃশ্য হস্তের অঙ্গুলি হেলনে সেই এনকোয়ারী কমিটির অধিবেশন আর বসতে দেওয়া হয় নি। শুধু তাই নয়, ধরুন যখন কোলকাতা বিশ্ববিদ্যালয়-এর শতবার্ষিকী পূরণ হয় তখন কেন্দ্র থেকে ইউ জি সি এক কোটি টাকা কলিকাতা বিশ্ববিদ্যালয়কে দেন। তার মধ্যে ১৫ লক্ষ টাকা ছাত্র কল্যাণের জন্য দেওয়া হয়। আপনি বা আপনারা শুনে অবাক হবেন যে ওই ১৫ লক্ষ টাকার মধ্যে এক কড়িও ছাত্রদের কল্যাণের জন্য ব্যয়িত হয় নি, সব টাকা পড়ে রয়েছে, শুধু তাই নয়, তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কোলকাতা বিশ্ববিদ্যালয়কে যে টাকা দেওয়া হয়েছিল, তার ৬৫ লক্ষ টাকা কলিকাতা বিশ্ববিদ্যালয় ব্যয় করতে পারেন নি, তার জন্য সেই টাকা তামাদি হয়ে গেছে বা ল্যাপ্স হয়ে গেছে। অথচ সমগ্র দেশে শিক্ষার আগ্রহ এবং আকুতি নানা ভাবে ছড়িয়ে পড়েছে এটা অস্বীকার করা যায় না। এই ভাবে কলিকাতা বিশ্ববিদ্যালয় পরিচালিত হচ্ছে, এই সমস্ত উল্লেখ করে শুধু এইসব কারণে নিশ্চয়ই কলিকাতা বিশ্ববিদ্যালয় কিভাবে পরিচালিত হচ্ছে তার জন্য একটা এনকোয়ারী কমিশন বসানো উচিত। এই দাবি শুধু আমার নয়, এই দাবি ১২ই জুন যুগান্তর পত্রিকা করেছিলেন তার এডিটোরিয়ালে এবং এই দাবি স্টেটসম্যান পত্রিকা করেছে। আমি জানি যে যখনই এনকোয়ারি কমিশনের কথা উঠবে তখনই অটনমির কথা উঠবে এবং অনেকেই বলবেন যে বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্বশাসনের উপর হস্তক্ষেপ করা হচ্ছে। তার উত্তরে আমি আমার নিজের কথা বলতে চাই না, তার উত্তরে আমি স্টেটসম্যান পত্রিকার ২৭এ জুনের এডিটোরিয়ালে যে বক্তব্য রেখেছিলেন, সেটা আমি এই হাউসের সামনে রাখতে চাই। দু-তিন লাইনের মধ্যে সেটা পড়ে শোনাচ্ছি।

Autonomy however does not include the right to go into virtual bankruptcy and then expect to be bailed out at the public expense. The State Government has, in fact, power under the Act to cause an enquiry into the income and expenditure and assets and liabilities of the University. The time has surely come when it should do so.

বিভিন্ন কলেজের পরিচালনার ব্যবস্থায় কে নজর রাখবেন, নিশ্চয়ই কলিকাতা বিশ্ববিদ্যালয়। কারণ অ্যাকাডেমিক অথরিটি কলিকাতা বিশ্ববিদ্যালয়। তাহলে সেই কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অথরিটির সঙ্গে কলেজগুলোর সম্পর্ক কিভাবে সৃষ্টি হবে, আমি উদাহরণ জানি, কিন্তু আমার সময় নেই, আমি বিস্তারিত বলতে চাই না, আমি দু-একটা মিনিটের মধ্যে দৃষ্টি আকর্ষণ করছি এই হাউসের যে কলিকাতা বিশ্ববিদ্যালয় কিভাবে কলেজগুলো ইন্সপেকশন করেন। ইন্সপেকশন করতে যাওয়া হয় কলেজের পঠন পাঠন দেখবার জন্য নয় কলেজের কমিটি এবং কলেজের প্রিন্সিপালকে মুঠোর মধ্যে আনার জন্য—আমি দুটো উদাহরণ দিচ্ছি। আমি স্বীকার করলাম যে কয়েকটি কলেজের ম্যানেজমেন্ট খুব ইল ম্যানেজড। কিন্তু প্রমাণ করতে হবে কলকাতা বিশ্ববিদ্যালয়কে যে সেইসব গভর্নিং বডিকে বাতিল করে তাদের শাসন নিজেদের হাতে নিয়ে কলেজের উন্নতি করেছেন। আমি তিনটি উদাহরণ দিচ্ছি। বারাকপুরে সুরেন্দ্রনাথ কলেজ, ব্যারাকপুর, বিজয়গড় কলেজ, যাদবপুর এবং নন্দীগ্রাম কলেজ, এই তিনটি কলেজ বছরের পর বছর অ্যাড হক কমিটির উপর চলছে। কিন্তু বিন্দুমাত্র কোন উন্নতি এই সমস্ত কলেজে ৪-৫ বছরের মধ্যে হয়েছে কিনা একবার মাননীয় মন্ত্রিমহাশয় খোঁজ নিয়ে দেখুন। তিনি আবো অন্য দিকে দেখুন —আমি ইচ্ছে করে নাম করতে চাচ্ছি না—যখন ইন্সপেকশন চাওয়া হয়েছিল একজন প্রিন্সিপ্যালের ব্যাপারে তখন একজন সিন্ডিকেটের মেম্বার আমাকে বলেছিলেন সব ঠিক হয়ে যাবে যদি ঐ ইন্সপেকশন-এর জন্য যে কমিটি হবে তাতে আমাকে একজন স্পেসিয়ালিস্ট এডুকেশনিস্ট হিসেবে ইনক্লুড করে নেন, সব ঠিক হয়ে যাবে। শুধু তাই নয়, ইউ জি সি বিভিন্ন কলেজে যে টাকা দেন সেইসব টাকা কলিকাতা বিদ্যালয় বিতরণের ব্যাপারে পলিটিক্যাল স্ট্রিং হিসেবে ব্যবহার করেন। যে কলেজের প্রিন্সিপ্যাল বা কর্তৃপক্ষ যে পরিমাণ কর্তাভজা, তাঁরা তত সহজে টাকা পান, টাকা পেতে তাঁদের তত দেরী হয় না। কিন্তু অন্যান্য ক্ষেত্রে টাকা পেতে যথেষ্ট দেরী হয়। যে এনকোয়ারী কমিশন বসান হলো এবং বি এল মিত্র যে রিপোর্ট পেশ করেছেন, সেই রিপোর্ট আজও পাবলিশ করা হয় নাই। সেই রিপোর্ট অবিলম্বে পাবলিশ করা উচিত।

তারপর আমি স্পনসর্ড কলেজ সম্পর্কে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি একটু আকর্ষণ করতে চাই, এই স্পনসোর্ড কলেজের সাড়ে চার হাজার শিক্ষক যাঁরা এক বছর, দু-বছর কাজ করছেন, তাঁরা এখনো পার্মানেন্ট হন নাই। এদিকেও মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি ইমিডিয়েটলি তাঁরা যাতে কনফার্মড হন, তার জন্য সক্রিয় ব্যবস্থা অবলম্বন করবার জন্য অনুরোধ জানাচ্ছি।

আপনারা কলেজ শিক্ষকদের জন্য একটা ইউনিফর্ম পে-স্কেল করতে চাচ্ছেন খুব ভাল কথা। আমি একজন কলেজের অধ্যক্ষ হিসেবে বলবো যে ইউনিফর্ম পে স্কেল না থাকলে কলেজ শিক্ষকদের মধ্যে একটা কর্পোরেট লাইফ-এর অনুভূতি গড়ে উঠতে পারে না। কাজেই অতি সত্বর যাতে সমস্ত কলেজ শিক্ষকদের জন্য একটি ইউনিফর্ম পে স্কেল ইন্ট্রোডিউসড হয় তার জন্য আমি শিক্ষামন্ত্রীকে অনুরোধ করছি।

আমি অত্যন্ত ব্যথিত চিত্তে এবং খুব ক্ষোভের সঙ্গে লক্ষ্য করছি যে প্রধানত কলেজ শিক্ষকরা যে মাইনে পান, তার বেশীর ভাগ টাকা স্টেট গভর্নমেন্ট থেকে যায়। অথচ মাসের প্রথম দিকে যখন তাঁদের মাইনে দেওয়া হয়, তখন লজ্জা হয় কি করে এই সামান্য টাকায় তাঁদের চলবে। সমস্ত স্তরের শিক্ষকরা—এমনকি মাধ্যমিক ও প্রাইমারীর—তাদের সমস্ত প্রাপ্য মার্থলি এক সঙ্গে মাইনে হিসেবে পায় মাসের প্রথমে তার ব্যবস্থা আপনি করুন। এই অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[7-15—7-25 p.m.]

শ্রীবয়লা মুর্মুঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী শিক্ষা খাতে যে বায়বরাদ্দ এখানে পেশ করেছেন, সে সম্বন্ধে আমি দু-চারটি কথা আমার বক্তব্য হিসেবে রাখতে চাই।

অনুন্নত সম্প্রদায়, অনুন্নত উপজাতির লোক আপনি জানেন স্যার, গ্রামাঞ্চলে থাকেন। আমি বলতে চাই, ১৯৪৭ সালের আগে ইংরেজ আমলে আমার এলাকায় বিশেষ করে হরিপুর কনস্টিটিউয়েন্সীতে মাত্র কয়টি বিদ্যালয় ছিল গত কংগ্রেস সরকারের আমলে সেখানে তিনশোটি বিদ্যালয় হয়েছে এবং আরো সেখানে বিদ্যালয়ের প্রয়োজনীয়তা আছে। সেই অনুন্নত এলাকার লোকেরা যাতে শিক্ষার সুযোগ পায়, তার জন্য সেখানে আরো প্রাইমারী বিদ্যালয় স্থাপনের একান্ত প্রয়োজন। আশা করি মাননীয় শিক্ষামন্ত্রী তার ব্যবস্থা করবেন।

আমি আরো বলতে চাই, আমার হরিপুর কনস্টিটিউয়েন্সীর মধ্যে মাত্র দুটো হায়ার সেকেন্ডারী স্কুল আছে (তন্মধ্যে একটি অনুমোদন সাপেক্ষ) এবং তার পরস্পরের দূরত্ব প্রায় ৩০ মাইল। আরো সেখানে হায়ার সেকেন্ডারী বিদ্যালয় প্রয়োজন।

আমি আরো বলবো গ্রামাঞ্চলের লোক বেশীর ভাগ হল কৃষক। আজকের যুগে খাদ্য সমস্যা সমাধান করতে হলে শিক্ষার দরকার। আমি বিগত সরকারকে বলেছি, নূতন সরকারকেও বলছি যে, খাদ্যসমস্যা সমাধান করতে হলে এখানে নূতন ধরনের চাষাবাদ করতে হবে। আমি মনে করি গ্রামের কৃষকদের জন্য বয়স্ক বিদ্যালয় স্থাপন করে তাদের শিক্ষা দেওয়া একান্ত প্রয়োজন।

মাননীয় স্পীকার মহাশয়, আমি আরও বলবো, ব্লক অফিসের এগ্রিকালচারাল এক্সটেনসন অফিসার-এর কাছে শুনেছি, চাষীদের কাছে তাঁরা গিয়ে বলেন রাসায়নিক সার বিঘা প্রতি, কিম্বা একর প্রতি এত কিলোগ্রাম প্রয়োগ করতে হবে। কিন্তু এ সম্বন্ধে তারা যদি শিক্ষা না পায়, তাহলে কি ভাবে সে জমিতে সার প্রয়োগ করবেন! তাই শিক্ষামন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো তাদের জন্য গ্রামে গ্রামে বয়স্ক বিদ্যালয় স্থাপন করে, যাতে তারা কৃষি সম্পর্কে প্রকৃত শিক্ষা পায় তার ব্যবস্থা করবেন। আমি আর বিশেষ কিছু বলতে চাই না, এইটুকু বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীপ্রভাকর পালঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে শিক্ষা খাতে বায়বরাদ্দ সম্পর্কে কিছু বলবার পূর্বে আমি ব্যক্তিগতভাবে শিক্ষামন্ত্রিমহাশয়কে শ্রদ্ধা জ্ঞাপন করি। তিনি একজন বিশিষ্ট শিক্ষক এবং শিক্ষা দপ্তরের ভার নিয়েছেন, শিক্ষা বিষয়ে যে তাঁর দরদ আছে, তা তাঁর এই বাজেটের মধ্য দিয়ে পরিস্ফুট হয়ে উঠেছে। কিন্তু কতকগুলি বিষয়ে, দলীয় চাপে পড়ে তিনি বিভ্রান্ত হয়ে পড়েছেন। সেই বিষয়টা লক্ষ্য করবার বিষয়। প্রথমতঃ দেখা যায় যে শিক্ষাকে তিনি সঙ্কুচিত করতে বসেছেন। কারণ, এ থেকে প্রমাণ পাচ্ছে যে বিগত প্রাক্তন কংগ্রেস সরকার,

নির্বাচনের পূর্বে প্রতিটি বিদ্যালয়কে কিছু নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপনের নির্দেশ দিয়েছিলেন, নির্বাচনের পরে যুক্তফ্রন্ট সরকার গঠন হবার সঙ্গে সঙ্গে গত ২৭এ মার্চ টেলিগ্রাম যোগে সেই সমস্ত স্কুলের মঞ্জুরী দেওয়া বন্ধ করে দিয়েছেন। তাছাড়া আরও দেখা যায় যে প্রাথমিক বিদ্যালয়ে নন ট্রেন্ড টিচার্স অ্যাপয়েন্টমেন্ট দেওয়া বন্ধ করে দিয়েছেন। এই সমস্ত কারণে দেখা যায় বা এই সমস্ত বিষয় পর্যালোচনা করলে পরিষ্কার বোঝা যায় যে দলীয় চাপে পড়ে শিক্ষাকে সংকুচিত করবার নীতিকে গ্রহণ করতে তিনি বাধ্য হয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটি বিষয় উল্লেখ করতে চাই। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় দলীয় নীতির চাপে পড়ে আমাদের গণতান্ত্রিক অধিকারকেও তিনি ক্ষুণ্ণ করতে বসেছেন। তার জাজ্বল্যমান প্রমাণ, গত ২৬এ তারিখে প্রাথমিক শিক্ষকগণ তাদের ন্যূনতম দাবী শিক্ষা দান সম্পর্কে সুবিধা, অসুবিধা বিষয়গুলি পেশ করবার জন্য বিধানসভায় এসেছিল, তাদের গণতান্ত্রিক অধিকার নিয়ে। কিন্তু সেই সময় কতিপয় উগ্রপন্থী যুবক সেইসমস্ত শিক্ষকদের উপর ঝাঁপিয়ে পড়ে যেভাবে অন্যায় অত্যাচার করেছে, তার প্রতিবিধান আজও হয় নি। পুলিশ সেখানে উপস্থিত থেকেও নিষ্ক্রিয়তার ভূমিকা গ্রহণ করেছিল। শিক্ষকদের অভাব-অভিযোগ দূর করবার জন্য, তাদের প্রতি যে অন্যায়, অত্যাচার, অবিচার চলেছে, তার প্রতিবিধানকল্পে শিক্ষামন্ত্রিমহাশয় আছেন। কিন্তু, আজ পর্যন্ত যুক্তফ্রন্ট সরকার সে সম্পর্কে কোন নীতি অনুসরণ বা গ্রহণ করেন নি। এ থেকে বোঝা যাচ্ছে যে এই সরকার তাদের সত্যিকার গণতান্ত্রিক অধিকারকেও ক্ষুণ্ণ করে দিতে চান। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটি বিষয় আমি উল্লেখ করতে চাই যে, শিক্ষামন্ত্রীমহাশয় মে মাসে প্রাথমিক শিক্ষকদের ভাতার বিষয়ে যে তথ্য প্রকাশ করেছেন সেটা ভুল তথ্য। তিনি দেখিয়েছেন যে প্রাথমিক শিক্ষকরা বর্তমান ২৫ টাকা হারে মহার্ঘ ভাতা পান। কিন্তু সত্যিকারে তাঁরা ২৫ টাকা মহার্ঘ ভাতা পান না, তাঁরা মহার্ঘ ভাতা পান মাত্র ১০ টাকা। ইতিপূর্বে প্রাক্তন সরকার প্রাথমিক শিক্ষকদের পে স্কেল বেঁধে দেন, সেই সময় ঐ ভাতাকে বেসিক পের সঙ্গে যোগ করে দিয়েছিলেন, যার জন্য 'ক' শ্রেণীর প্রাথমিক শিক্ষকরা পান ১১৫ টাকা থেকে ১৮০ টাকা 'খ' শ্রেণীর শিক্ষকরা পান ১০৫ টাকা থেকে ১২৫ টাকা, এবং 'গ' শ্রেণীর শিক্ষকরা পান ১০০ টাকা থেকে ১০৫ টাকা এবং তদুপরি ১০ টাকা মাত্র মহার্ঘ ভাতা পান। সেখানে ওঁরা দেখিয়েছেন যে ১৮ টাকা বৃদ্ধি করে ৪৩ টাকা মহার্ঘ ভাতা দেওয়া হচ্ছে। আমি শিক্ষামন্ত্রিমহাশয়কে এইটুকু অনুরোধ জানাবো তিনি যেন বর্তমানে শিক্ষকরা যে ১০ টাকা হারে মহার্ঘ ভাতা পান তার সঙ্গে ৩৩ টাকা বৃদ্ধি করে ৪৩ টাকা রেখে দিয়ে তাঁদের যে প্রকাশিত নীতি সেই নীতিকে ঠিক রাখুন এবং কত হারে কি করে প্রাথমিক শিক্ষকদের মহার্ঘ ভাতা দিচ্ছেন তার সুস্পষ্ট ঘোষণা আজকে এই সভায় করার জন্য আমি তাঁকে অনুরোধ জানাবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটি কথা আমি জানাতে চাই যে পল্লী অঞ্চলে প্রাথমিক স্কুল গৃহগুলির অবস্থা অত্যন্ত শোচনীয়, সেই স্কুল গৃহগুলির যাতে ভালভাবে তাড়াতাড়ি সংস্কার হয় তার দ্রুত ব্যবস্থা অবলম্বন করার জন্য আমি অনুরোধ জানাই। আর একটি বিষয় বলতে চাই সেটা হচ্ছে এই যে মাধ্যমিক শিক্ষকদের বহু বেতন বাকি পড়ে আছে, তাঁরা যাতে সত্বর তাঁদের বকেয়া বেতন পান সে বিষয়ে ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি অনুরোধ জানাই। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[7-25—7-35 p.m.]

শ্রীশম্ভুচরণ ঘোষঃ স্পীকার মহাশয়, সময় অত্যন্ত সংক্ষিপ্ত থাকাতে আমি আমার বক্তব্য সীমিতভাবে আপনার কাছে রাখতে চাই। একথা স্বীকার করতে লজ্জা নেই যে দীর্ঘ বিশ বছর ধরে কংগ্রেস সরকার বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে বহু বিদ্যালয় সম্প্রসারণ করেছে। প্রাথমিক বিদ্যালয় থেকে সুরু করে মাধ্যমিক বিদ্যালয়, কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের সম্প্রসারণ করেছেন একথা সত্য, কিন্তু বিদ্যালয় সম্প্রসারণ করার মাধ্যমে শিক্ষা সম্প্রসারণ করতে তাঁরা ব্যর্থ হয়েছেন। গ্রামে গ্রামে তাঁরা স্কুল স্থাপন করার প্রচেষ্টা করেছেন কিন্তু সেখানে শিক্ষার উপযুক্ত পরিবেশ তাঁরা সৃষ্টি করতে পারেন নি। বাংলাদেশের বহু গ্রামে বিদ্যালয় আছে কিন্তু দেখা গিয়েছে যে সেখানে উপযুক্ত পরিবেশ রচনার অভাবে গ্রামের ছাত্রছাত্রীরা শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হয়েছে। যুক্তফ্রন্ট সরকার সেই বাস্তব দৃষ্টিভঙ্গী গ্রহণ করে সেই পরিবেশ রচনার কাজে নিজেকে নিযুক্ত করেছেন। যে কাজে কংগ্রেস সরকার ব্যর্থ হয়েছেন, দীর্ঘ বিশ বছর ধরে

গ্রামের সামাজিক, অর্থনৈতিক অবস্থাকে বিশেলষণ করে সে সম্পর্কে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে তাঁরা সক্ষম হন নি, আজকে যুক্তফ্রন্ট সরকার গ্রামের সেই সামাজিক, অর্থনৈতিক অবস্থার কথা চিন্তা করে বাস্তব ব্যবস্থা গ্রহণ করতে উদ্যোগী হয়েছেন। একথা সকলেই জানেন যে গ্রামে গ্রামে বিদ্যালয় আছে, কিন্তু গ্রামের সেই ছাত্র বা ছাত্রী তারা শুধুমাত্র জামা কাপড়ের অভাবে স্কুলে আসতে পারে না, বই-এর অভাবে স্কুলে আসতে পারে না তাই নয়, তারা স্কুলে এসে কোনরকমভাবে মিলের ব্যবস্থা না থাকার ফলে বেশীক্ষণ স্কুলে থাকতে পারে না। কংগ্রেস সরকার তাঁদের বাজেটে প্রতি বছর বেটার অ্যাটেনডেন্সের জন্য কয়েক লক্ষ টাকা ধরেছিলেন, গত বছর বাজেটে দেখেছিলাম বেটার অ্যাটেনডেন্সের জন্য তাঁরা ৪ লক্ষ টাকা ধরেছিলেন। অর্থাৎ গ্রামের মেয়েরা, গ্রামের স্কুলের ছাত্রীরা যাতে করে রেগুলার অ্যাটেনডেন্স দিতে পারে তার জন্য স্কলারশিপ, তাদের পোষাক, তাদের টেক্সট বুক-এর জন্য গত বছর বাজেটে ৪ লক্ষ টাকা তাঁরা ধরেছিলেন। আমি জানতে চাই সেই ৪ লক্ষ টাকার মধ্যে গ্রামের স্কুলের ছাত্রীদের জন্য তাঁরা কতগুলি টেক্সট বুক কিনে দিয়েছিলেন, কতগুলি তাদের জন্য পোষাক কিনে দিয়েছিলেন এবং তাদের অ্যাটেনডেন্সের স্কলারশিপ কতগুলি টাকা দিয়েছিলেন? আজকের যুক্তফ্রন্ট সরকার বাজেটে সেই বেটার অ্যাটেনডেন্সের জন্য ৫ লক্ষ ৩০ হাজার টাকা ধরেছেন। যুক্তফ্রন্ট সরকার মনে করছেন যে শুধুমাত্র ছাত্রী নয়, ছাত্রদেরও যদি উপযুক্ত পরিবেশের মধ্যে স্কুলে আসতে হয় তাহলে তাদের পোষাকের ব্যবস্থা করে দিতে হবে, বই-এর ব্যবস্থা করে দিতে হবে এবং অ্যাটেন-ডেন্স স্কলারশিপ দিয়ে তাদের উৎসাহ দিতে হবে। শুধু তাই নয়, মিড-ডে মিলের একটা ব্যবস্থা কংগ্রেস সরকারের আমলে দেখেছি, গত বছর বাজেটে এই মিড-ডে মিলের জন্য ৮ লক্ষ টাকা ধরেছিলেন যাতে প্রত্যেক ছাত্র-ছাত্রীর জন্য মিড-ডে মিলের ব্যবস্থা করতে পারেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে আশ্চর্য হবেন যে শুধুমাত্র কোলকাতায় তাঁরা একটা মিড-ডে মিলের স্কীম করেছিলেন এবং কেয়ার স্কীম যেটা করেছিলেন যেটা আমেরিকান স্পনসোর্ড স্কীমে দুধ এবং রুটি কোলকাতার কিছু কিছু স্কুলে প্রাথমিক ছাত্রছাত্রীদের দেয়া হোত, আর জার্মান স্কীমে হাওড়া এবং চব্বিশপরগনায় কিছু কিছু ছাত্রছাত্রীদের দুধ দেয়ার ব্যবস্থা হোত। আজকে মিড-ডে মিলের যে স্কীম নেয়া হয়েছে তাতে যুক্তফ্রন্ট সরকার আট লক্ষ টাকার জায়গায় ১৫ লক্ষ টাকা ধরেছেন এবং আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে যুক্তফ্রন্ট সরকারের মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করবো যেভাবে মাদ্রাজে প্রাথমিক ছাত্রছাত্রীদের মিড-ডে মিলের ব্যবস্থা করা হয় পশ্চিমবাংলায় আমরা অন্তত সীমাবদ্ধভাবে সেই মিড-ডে মিল প্রবর্তন করতে পারি কি না তার জন্য পরীক্ষা নিরীক্ষা করার প্রয়োজন আছে। একথা পরিষ্কার যে গ্রামের ছাত্রছাত্রীদের স্বাস্থ্য পরীক্ষার কোন ব্যবস্থা নেই, এদিকে যুক্তফ্রন্ট সরকার উপযুক্তভাবে দৃষ্টি দেবেন একথা আপনাদের কাছে বলেছেন। তাছাড়া সেখানে স্কুলের পরিবেশ উন্নত করবার জন্য শিক্ষকদের দিকে দৃষ্টি দেয়া প্রয়োজন। বিগত বিশ বছরে কংগ্রেস সরকার প্রাথমিক শিক্ষকদের বিষয়ে বহু কথা বলেছেন কিন্তু শহর এলাকায় প্রাথমিক শিক্ষকদের জন্য কোন ইউনিফর্ম স্কেল নেই। রামপুরহাট শহরের কথা জানি, সেই রামপুরহাট শহরে প্রাথমিক শিক্ষকদের গ্রেড অ্যান্ড স্কেল পর্যন্ত নেই। আজকে তাই যুক্তফ্রন্ট সরকার একটা ইউনিফর্ম স্কেল প্রবর্তন করে প্রাথমিক শিক্ষকদের অন্তত একটা মিনিমাম মাইনে আমরা যাতে আরো কিছু বাড়িয়ে দিতে পারি সেই বিষয়ে তাঁরা চিন্তা করছেন। আর একটা কথা, মাননীয় শিক্ষামন্ত্রিমহাশয় বলেছেন যে জেলায় জেলায় আমরা অ্যাডমিনিস্ট্রেটিভ ডেভালপমেন্ট ইমপ্রুভ করার চেষ্টা করছি। আজকে আমরা জানি যে বিগত বিশ বছরে কংগ্রেস সরকার বহু স্কুল করেছেন কিন্তু জেলায় জেলায় দেখা গেছে যে এক একজন সাব ইন্সপেক্টারের হাতে ৮০টা করে স্কুল ইন্সপেকশনের দায়িত্ব থাকে। যদি একজন সাব ইন্সপেকটরের উপর ৮০টা স্কুল ইন্সপেকশনের দায়িত্ব থাকে তাহলে কিছুতেই প্রাইমারী এডুকেশন ইমপ্রুভ করতে পারে না। তাই যুক্তফ্রন্ট সরকারের শিক্ষামন্ত্রীর কাছে আমি অনুরোধ করবো তিনি যেন চিন্তা করেন একজন সাব-ইন্সপেকটরের হাতে ৪০ থেকে ৫০টা স্কুলের বেশী ইন্সপেকশনের দায়িত্ব যাতে না থাকে। আর একটা কথা মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে রাখছি সেটা হচ্ছে আজকে বাঁকুড়া এবং পুরুলিয়ায় যে খরা অবস্থা দেখা দিয়েছে সেই খরা এলাকার প্রাথমিক, মাধ্যমিক, কলেজীয় ছাত্রছাত্রীদের কথা চিন্তা করে তাদের ইমিডিয়েট রিলিফ দেবার যেন ব্যবস্থা করেন। আমি শুনেছি ইউনিসেফের কাছে অ্যাপ্রোচ করা হয়েছে বাঁকুড়া, পুরুলিয়া, মালদহ, পশ্চিম দিনাজপুর এলাকা স্কুলের ছাত্রছাত্রীদের কিছু রিলিফ দেবার

সুযোগ-সুবিধার কথা চিন্তা করছেন কিন্তু এটা যাতে তাড়াতাড়ি করা যায় এইদিকে আমি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করবো সেটা হচ্ছে বিশ্ববিদ্যালয় সম্পর্কে অনেক কথা এখানে বলা হয়েছে কোলকাতা বিশ্ববিদ্যালয়ের দুর্নীতির কথা অনেক সদস্যই বলেছেন এবং সেখানে এনকোয়ারী কমিশন করা উচিত বলে আমি মনে করছি এবং সঙ্গে সঙ্গে একথা বলছি যে, বর্ধমান এবং কল্যাণী বিশ্ববিদ্যালয়ের দুর্নীতি সম্বন্ধে অনুসন্ধানের জন্য আমি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ডঃ ডি এম সেন যিনি বর্ধমান বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলার রয়েছেন তাঁর বিরুদ্ধে বহুদিনের পুঞ্জীভূত অভিযোগ সমস্ত শিক্ষা জগতের মানুষের রয়েছে, সেখানকার দুর্নীতির অভিযোগ আমাদের কাছে এসেছে এবং আজ পর্যন্ত দেখা গেছে যে তিনি তাঁর নিজের বাড়িতে বিশ্ববিদ্যালয়ের অফিস করে রেখেছেন এবং শুধু অধ্যাপক সমাজ নয়, ছাত্রছাত্রী সমাজকে পর্যন্ত আজকে উত্তেজিত করে তুলেছেন। এই বিষয়ে অনুসন্ধান করার প্রয়োজন আছে বলে আমি মনে করি। আমি কল্যাণী বিশ্ববিদ্যালয় সম্পর্কে দুই-একটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব। কল্যাণী বিশ্ববিদ্যালয়ের বর্তমান ভাইস চ্যান্সেলার ডঃ এস এন দাশগুপ্ত, তাঁর সম্পর্কে পুঞ্জীভূত অভিযোগ আমার কাছে আছে। এস এন দাশগুপ্ত ডাঃ ডি এন সেন-এর একজন আত্মীয় এবং আমার বিরোধীদলের নেতা শ্রীযুক্ত যগেন্দ্রনাথ দাশগুপ্তের ভাইপো—সেই ডাঃ এস এন দাশগুপ্ত সম্পর্কে দুই-চারটি কথা আপনার কাছে বলতে চাই। এই একজন ভদ্রলোক ডাঃ এস এন দাশগুপ্ত, যার জন্য কল্যাণী বিশ্ববিদ্যালয় আজকে অত্যন্ত নিম্নমানের পর্যায়ে চলে গিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন যে ১৯৬০ সালে আইন করে কল্যাণী বিশ্ববিদ্যালয় স্থাপন করা হয়েছিল, কল্যাণী বিশ্ববিদ্যালয় স্থাপন করার পর দেখা গিয়েছে এর বিন্দুমাত্র উন্নতি হয় নি। বিড়লা এগ্রিকালচারাল কলেজ-এর সঙ্গে যুক্ত হয়েছে কিন্তু সেই বিড়লা এগ্রিকালচারাল কলেজ-এর যে অ্যাসেটস ছিল যেটুকু তার সুনাম ছিল সব নষ্ট করেছেন ডাঃ এস এন দাশগুপ্ত এবং ডাঃ এস এন দাশগুপ্তের আমলে আমরা দেখেছি যে সমস্ত জিনিসটাকে তিনি কুক্ষিগত করে রেখে দিয়েছেন। তিনি কয়েকজন অফিসারকে নিয়োগ করেছেন—মিঃ জে এন রাও নামে একজন স্পেশাল অফিসার নিয়োগ করেছেন সেই স্পেশাল অফিসার-এর আপনি যদি কোয়ালিফিকেশন দেখেন তাহলে আপনি আশ্চর্য হয়ে যাবেন। তারপর মিঃ গোর্গি বলে একজন অধ্যাপককে নেওয়া হয়েছে তিনি হচ্ছেন হেড অফ ফিজিক্যাল এডুকেশন, ঐ ভদ্রলোক তিনি নিজেই ফিজিক্যালি ইনভ্যালিড। ফিজিক্যালি ইনভ্যালিড মানুষকে তিনি ফিজিক্যাল এডুকেশন ডিপার্টমেন্ট-এর হেড করে রাখা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, এই কল্যাণী বিশ্ববিদ্যালয়ে আর্টস এবং সায়েন্স বিভাগে যে ৫০ জন ছাত্র আছে এবং তার জন্য সরকারের পক্ষ থেকে ১৬ লক্ষ টাকা বছরে খরচ করা হয়—আমি জানি না যে এ সম্পর্কে বহু আপত্তি এবং বহু অভিযোগ এসেছে এবং তা শিক্ষা দপ্তরে জমা হয়ে আছে নিশ্চয়ই শিক্ষামন্ত্রী এ সম্পর্কে অনুসন্ধান করবেন যে এইসমস্ত অভিযোগের মধ্যে সত্যতা আছে কিনা। আপনি স্যার, আরও জানেন যে এই ডাঃ এস এন দাশগুপ্ত তার অধীনে তিনি কোন সাবরডিনেট কমিটি পর্যন্ত করেন নি। ডিনদের কোন ক্ষমতা দেন নি, তার অধীনে ডিনদের ৫০ টাকার বেশী খরচ করবার অধিকার নাই। এইরকম যে একটা অবস্থা কল্যাণী বিশ্ববিদ্যালয় সম্পর্কে, তা অবিলম্বে তদন্ত হওয়া প্রয়োজন। আমি এই কয়টি বক্তব্য রেখে মাননীয় শিক্ষামন্ত্রী যে এখানে দাবী রেখেছেন তাকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি।

(At this stage Shri Bholanath Brohmachari rose to speak)

(Noise and interruption)

Mr. Speaker: I am sorry I cannot allow any more speaker to speak. I have got to give opportunity to the Hon'ble Minister to speak and then to close the debate. Please don't make any noise.

[7-35—7-45 p.m.]

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত: মাননীয় স্পীকার মহাশয়, এখানে একজন মাননীয় সদস্য আমাকে উপলক্ষ্য করে বলেছেন যে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলার নাকি আমার ভাইপো একথা সত্য নয়, কল্যাণী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলার আমার নিকট সম্পর্কিত লোক ন দ**ূ**রের লতাপাতা কেউ হতে পারে কিনা জানি না। তবে আমার নিকট সম্পর্কিত ভাইপো কে নয়। আমার মামাত, পিসতুতো, খ**ু**ড়তুতো ভাই কেউ নয়।

(Noise and interruption)

Mr. Speaker: You must allow the honourable member to give persona explanation. He has every right to speak on a point of persona explanation.

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: অধ্যক্ষ মহাশয়, আমি আজকে এখানে যে বিতর্ক হয়েছে, আলোচন হয়েছে, সেই আলোচনা প্রসঙ্গে কংগ্রেস পক্ষ থেকে যেসমস্ত কথা বলা হয়েছে তার কয়েকটি উত্তর দিয়ে আমার আলোচনা স**ু**র**ু** করছি। সময় নেই, অনেকক্ষণ আলোচনা হয়েছে, সমস্ত কথ যা এই কয়েক ঘণ্টা আলোচনা হয়েছে তার সমস্ত উত্তর দেওয়া সম্ভব হবে না। কিন্তু কয়েক বিষয়ে আমি বলতে চাই। কংগ্রেস পক্ষ থেকে যেসমস্ত কথা বলা হয়েছে তাতে বিভিন্ন সময় বিভিন্ন রকমে আমার অন্তত বিভ্রম উপস্থিত হয়েছে যাকে বলে হ্যাল**ু**সিনেশন। এমন ম হয়েছে যে বিশ বছর ধরে আমরা ব**ু**ঝি এখানে ছিলাম আর যা যা হয়েছে শিক্ষাক্ষেত্রে বা দেশে সকল ক্ষেত্রে সব কিছ**ু**ই আমরা করেছি। কোন কোন সদস্য বলেছেন বিরোধীপক্ষ থেকে ে স্কুলে মিড-ডে মিলের ব্যবস্থা নেই, শিক্ষকরা যথা সময়ে বেতন পান না। ও'রা ওদিক থেক বলছেন কেন আমি সেটা ব**ু**ঝতে পারি না। ও'রা এদিকে চলে এসে বললে পারতেন। এইরক আরও কিছ**ু** কিছ**ু** কথা ও'রা বলেছেন যেগ**ু**লি খ**ু**ব অদ্ভুত। কংগ্রেস পক্ষের সমস্ত বক্তাদে বক্তৃতা পরস্পরের সঙ্গে সম্পর্কিত বলে মনে হোল না। তাঁরা একবার বলছেন শিক্ষামন্ত্রী ভা ভাষণ দিয়েছেন তাঁকে অভিনন্দন জানানো হোক, ধন্যবাদ জানানো হোক। তবে কিনা দ**ু**ষ্ট**ু** লোকে পাল্লায় পড়ে কিছ**ু** কিছ**ু** অন্যায় কাজ করছেন। সেইরকম শোনা গেল। আবার ঠিক উলট কথাও শোনা গেল। একটা কথা শোনা গেল, দ**ু**ই জন অন্তত বলেছেন কংগ্রেস পক্ষ থেকে ে বাজেট বক্তৃতায় ন**ূ**তন কিছ**ু** নেই। অতীতে যা বলা হোত তাই বলা হয়েছে। অথচ তাঁরা এ বিরোধীতা করছেন। যদি অতীতে যে কাজগ**ু**লি হচ্ছিল বাজেট বক্তৃতায় যদি ন**ূ**তন কিছ**ু** ন হয়ে থাকে প**ু**রানো বাজেট বক্তৃতা যদি হয় তাহলে বিরোধিতা কেন করবেন এটা আমার কাে অন্তত স্পষ্ট নয়, অতীতের সঙ্গে সঙ্গতি থাকলে তো তাঁদের সমর্থনই করা উচিত ছিল। কিন্ত তাঁরা তা করছেন না। কেউ কেউ বলেছেন ন**ূ**তন কথা নেই, ন**ূ**তন কথা কিছ**ু** বলবো—তে সেগ**ু**লি শ**ু**নতে ও'দের ভাল লাগবে না। ও'রা তার বিরোধিতা করবেন। কেউ কেউ বলেছে ও'রা যাই বল**ু**ন না কেন আমরা নাকি ভোটের জোরে সেসব কথা শ**ু**নবো না। বাজেট পা করিয়ে নিয়ে যাবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমিও বলতে চাই যে, আমাদের বাজেট বক্তৃত যাই থাকুক না কেন বাজেটের মধ্যে টাকার হিসাব যাই থাকুক না কেন তাতে কিছ**ু** এসে যাে না এবং আমাদের বাজেট বক্তৃতায় ন**ূ**তন কথা, প**ু**রাতন কথা যাই থাকুক না কেন কিছ**ু** এসে যাে না, কংগ্রেস পক্ষ বিরোধিতা করবেনই। এ সম্বন্ধে আমার ভুল বোঝার কোন কারণ নেই। ন**ূ**তে কথা আমি বলবো তবে সেই ন**ূ**তন কয়েকটি কথা বলার আগে একট**ু** খ**ু**চরা কথা আমি আপনা মাধ্যমে সভার কাছে রাখতে চাই। কংগ্রেস পক্ষ থেকে কেউ কেউ বলেছেন যে প্রাথমি বিদ্যালয়গ**ু**লি নাকি আমরা হ**ু**কুম দিয়ে বন্ধ করে দিয়েছিলাম। সেটা খ**ু**ব ভয়ঙ্কর খারাপ কা হয়েছে। প্রাথমিক বিদ্যালয়ের প্রসার শিক্ষার সঙ্কোচনের নাকি নীতি আমাদের। এই সমালে চনা সম্পর্কে আমাদের পক্ষ থেকে কোন কোন বক্তা বলেছেন এবং খ**ু**ব ন্যায্যভাবেই বলেছেন পাঁচ বছর ধরে প্রাথমিক বিদ্যালয়ের প্রসার বন্ধ করে রাখা হয়েছে, ঠিক নির্বাচনের প্রাক্কালে কো থেকে অর্থের সংস্থান হয়ে গেল এবং কেমন করে এই ন**ূ**তন প্রাথমিক বিদ্যালয়গ**ু**লি খ**ু**ব তাড় তাড়ি সমস্ত জায়গায় গজিয়ে দেওয়া হোল এবং আরো তাজ্জব ব্যাপার যে, নির্বাচনের প এগ**ু**লি সমস্ত নিয়োগ হবে এই ব্যবস্থা করার মত দ**ু**র্ব**ু**দ্ধি তাঁদের কেন হয়েছিল এটা তাঁ

নিজেদের কি জিজ্ঞাসা করতে পারেন? নিশ্চয় এই যুক্তফ্রন্ট সরকার সেই যে তাড়াতাড়ি করে বন্দোবস্ত করে রাখা প্রাথমিক বিদ্যালয়ে চাকুরী দেওয়া, নির্বাচনের কারণে পুরস্কার বিতরণের জন্য সরকারী তহবিল থেকে যে বন্দোবস্ত সেই বন্দোবস্ত সম্বন্ধে নিশ্চয় এই সরকার অনুসন্ধান করতে চান, অনুসন্ধান করছেন এবং এই অনুসন্ধান করার উপর এই সিদ্ধান্ত হবে। প্রাথমিক বিদ্যালয়গুলি বন্ধ করে দেবার বা প্রাথমিক শিক্ষক নিয়োগ বন্ধ করে রাখার নীতি আমাদের নয়, ঠিক বিপরীত নীতি। আমরা যোগ্য মানুষকে যোগ্য প্রাথমিক শিক্ষককে যোগ্য প্রাথমিক বিদ্যালয়ে নিয়োগ করতে চাই এবং প্রাথমিক বিদ্যালয়ের এবং প্রাথমিক শিক্ষকদের সংখ্যা অনেক বেশী পরিমাণে বৃদ্ধি করতে চাই। এই প্রশ্নটা ও'দের পক্ষে তোলাটা অত্যন্ত কাঁচা কাজ হয়েছে। অধ্যক্ষ মহোদয়, ও'রা তারপরে বলেছেন প্রাথমিক শিক্ষা প্রসারের জন্য বর্তমানে যে বায়বরাদ্দ রাখা হয়েছে সেটা নাকি যথোপযুক্ত নয়, যথেষ্ট নয়, আশ্চর্যের কথা, ও'রা তো একটা বাজেট তৈরী করে বিদায় নিলেন সেই বাজেট মার্চ মাসে আমরা আনলাম, তাতে ও'রা যে হিসাবপত্র করে ঠিক করেছিলেন কতখানি টাকা প্রাথমিক বিদ্যালয়ে এবং প্রাথমিক শিক্ষা প্রসারের জন্য বরাদ্দ করা যেতে পারে যুক্তফ্রন্ট সরকার সেই বরাদ্দকে বাড়িয়েছেন। ওদিক থেকে যদি বলা হয় এটা যথেষ্ট নয়, যথোপযুক্ত নয়, তাহলে এই বলার মত বুদ্ধি দুর্বুদ্ধি ছাড়া আর কি হতে পারে? এই দুর্বুদ্ধি তাঁরা ক্রমাগত দেখিয়েছেন। অধ্যক্ষ মহোদয়, শুনতে খুব ভাল লাগলো যে কংগ্রেস বেঞ্চ থেকে কয়েকজন বক্তা বললেন যে মাদ্রাসা শিক্ষা অবহেলিত হয়ে আছে। নিশ্চয় অবহেলিত হয়ে আছে, এবং বিশ বছর ধরে শুধু অবহেলিত হয়ে আছে তাই নয়, সেগুলি দুর্নীতির আড্ডায় পরিণত হয়েছে এবং আমি জোরের সঙ্গে বলতে চাই যে এই মাদ্রাসা শিক্ষা ব্যবস্থা— আমি এ সম্বন্ধে কাগজপত্র দেখেছি যে দিল্লী থেকে আপত্তি জানানো হয়েছে এবং বিভিন্ন মুসলিম শিক্ষা প্রতিষ্ঠান থেকে আপত্তি জানানো হয়েছিল, কিন্তু কোন তদন্ত বা সংস্কারের কোন বন্দোবস্ত এই বিশ বছরের মধ্যে তাঁরা করেন নি। আমরা সবে কাজ শুরু করেছি।

[7-45—7-55 p.m.]

একটা প্রাথমিক অনুসন্ধান শেষ হয়েছে এবং সেই প্রাথমিক অনুসন্ধানের মধ্য দিয়ে যেসমস্ত দুর্নীতি আমরা জানতে পেরেছি সেই প্রত্যেকটা দুর্নীতির যথোপযুক্ত বিচার হবে ও অপরাধীদের শাস্তি দেওয়া হবে। মাদ্রাসা সম্পর্কে যাঁদের দরদ আছে, যাঁরা মাদ্রাসা শিক্ষার উন্নতি চান তাঁদের এদিকে আসতে হবে, এ ছাড়া কোন উপায় নেই। গ্র্যান্টস-ইন-এড-এর টাকা স্কুলগুলিতে যায় না বলে এপক্ষ থেকে যাঁরা বলেছেন তাঁদের বক্তব্য আমি শ্রদ্ধার সঙ্গে শুনেছি এবং তাঁদের বক্তব্য ও সমালোচনা নিশ্চয় ন্যায্য। এই ৩।৪ মাসের মধ্যে আমাদের আরও বেশী চেষ্টা করা উচিত ছিল, আরও বেশী দ্রুতভাবে এই বকেয়া টাকা যাতে দেওয়া যায় সেটা আমাদের চেষ্টা করা উচিত ছিল। আমরা চেষ্টা করছি, যতটা করা দরকার আমরা সবটা করতে পারি নি। কিন্তু কংগ্রেস বেঞ্চ থেকে এই অভিযোগ কেন ওঠে? কেন তাঁরা একথা বলেন? আমি যা হিসাব পেয়েছি তাতে ফেব্রুয়ারি মাস ১৯৬৭ সাল পর্যন্ত শিক্ষকদের এই গ্র্যান্টস-ইন-এড বাবদ ছয় কোটি টাকা বকেয়া রেখে তাঁরা বিদায় নিয়েছিলেন। আমরা এই কয়েক মাসের মধ্যে চার কোটি টাকায় নিয়ে এসেছি, অর্থাৎ দুই কোটি টাকা বকেয়া আমরা শোধ করেছি। এখন তাঁরা বলছেন গ্র্যান্টস-ইন-এড-এর টাকা যথেষ্ট নয়। এই সমালোচনার পেছনে যথেষ্ট আন্তরিকতা নেই। কংগ্রেস বেঞ্চ থেকে অভিযোগ করা হচ্ছে যে রাজনীতি করা হচ্ছে। রাজনীতি সম্বন্ধে কথাটা একটু পরিষ্কার করে বলা দরকার। রাজনীতি যদি খারাপ কাজ হয়, অন্যায় কাজ হয় তাহলে তা কারুর করা উচিত নয়। কংগ্রেস বেঞ্চে যাঁরা বসে আছেন তাঁদেরও এ কাজ করা উচিত নয়। কিন্তু যদি সেই কাজ ভাল কাজ হয় তাহলে সেই কাজ সকলের করা উচিত। আমরা পরিষ্কারভাবে একথা বলতে চাই আমাদের ছাত্র, শিক্ষক, শিক্ষা প্রতিষ্ঠানের কর্মচারী এবং দেশের সমস্ত মানুষ সুস্থ রাজনীতি করুন, সক্রিয় সচেতন জ্ঞান নিয়ে রাজনীতি করুন। আপনারা মুখ্যমন্ত্রীর বক্তৃতা কিছু বোঝেন নি। সেই বক্তৃতায় মুখ্যমন্ত্রী পরিষ্কারভাবে বলেছিলেন students should not debate into politics.
আমি সেকথা সম্পূর্ণ সমর্থন করি
one should debate into politics.

কারুর খামখেয়ালী, শৌখীন রাজনীতি করা উচিত নয়। কারণ রাজনীতি গুরুত্বপূর্ণ ব্যাপার। আমাদের পশ্চিমবাংলায় ছাত্রদের উচিত সেই গুরুত্বপূর্ণ ব্যাপারে সম্পূর্ণ গুরুত্ব আরোপ করে তাঁরা রাজনীতির চর্চা করবেন। আপনাদের মনে থাকে না এই দেশে একটা সংবিধান আছে। সেই সংবিধানে বলছে এই দেশটা একটা সভরেন ডেমোক্রেটিক রিপাবলিক—এটা একটা প্রজাতান্ত্রিক সাধারণতন্ত্র। তা যদি হয় তাহলে প্রত্যেকটি প্রজার দায়িত্ব রাজনীতিতে সক্রিয় ও সচেতন ভাবে অংশ গ্রহণ করা। আপনাদের বিবেচনা অনুসারে রাজনীতিতে কেবল মুষ্টিমেয় কয়েকজন লোকের একচেটিয়া অধিকার হয়ে থাকবে। কিন্তু তা নয়। আমরা বলছি সারা দেশের মানুষ রাজনীতি করবে এবং এর মধ্যে শিক্ষাব্রতী, ছাত্র ইত্যাদি সকলেই সুস্থ রাজনীতিতে অংশগ্রহণ করবেন। এটা আমরা চাই যে, একমাত্র এইভাবে এর মধ্য দিয়ে আমাদের দেশের রাজনীতিতে যে নোংরামী, কুটিলতা, কলুষতা আপনারা জমিয়েছেন তার হাত থেকে রাজনীতিকে মুক্ত করতে পারা যায় এই কথাটা আজকে বুঝতে হবে। আমি খুব জোরের সঙ্গে একথা বলছি যে আমরা চাই ছাত্র, শিক্ষক সকলেই সুস্থভাবে সচেতনভাবে সক্রিয় রাজনীতিতে অংশগ্রহণ করবেন। আমরা বলতে চাই যে, রাজনীতি সমস্ত দেশের কল্যাণের চিন্তা, যে রাজনীতি সমগ্র দেশকে স্বাধীন, সুখী, ঐশ্বর্যবান করার চিন্তা করে সেই রাজনীতিতে যদি তাঁরা অংশগ্রহণ না করেন তাহলে কি হয়? কারণ আমরা দেখেছি যাঁরা এই বৃহৎ রাজনীতি থেকে মুক্ত থাকবার চেষ্টা করেন, এর থেকে যাঁরা দূরে সরে থাকেন তাঁরা খুব নিম্নস্তরের কুটিল, দেশের চেতনা বিবর্জিত ঘোঁটের মধ্যে মগ্ন হয়ে যান। তাই এটা আমরা দেখেছি যে একমাত্র সুস্থ রাজনীতির দ্বারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে মুক্ত করা যায়। আর একটা কথা কংগ্রেস দল থেকে বলেছেন আমাদের ডিস্ট্রিক্ট ইন্সপেকটর যাঁরা আছেন তাঁদের সঙ্গে না কি শিক্ষকদের সম্পর্ক ভাল নয়। একথা সত্য। কিন্তু এর জন্য দায়ী কে? সরকারী কর্মচারীদের এইভাবে দেশের মানুষের কাছে ঘৃণার পাত্র করে তুলেছেন কারা সেটা আমরা জানতে চাই? আমরা সমস্ত সরকারী কর্মচারীদের এমন সুযোগ দিচ্ছি যাতে তারা আজকে দেশবাসীর কাছ থেকে আস্থা অর্জন করতে পারে। প্রত্যেকটি জেলা বিদ্যালয় পরিদর্শকদের আমরা ট্রান্সফার করেছি। আমরা তাঁদের স্থান পরিবর্তনের আদেশ দিয়েছি। আমরা তাঁদের সুযোগ দিয়েছি নূতন এলাকায় এসে পুরানো যে সমস্ত আবহাওয়া যার মধ্যে নিয়ে তাঁদের দিয়ে নানারকম অন্যায় কাজ করান হয়েছে সেই সমস্ত জায়গা থেকে সরে এসে নূতনভাবে তাঁরা কাজ সুরু করুন। অর্থাৎ দেশবাসীর আস্থাভাজন তাঁরা হন এই সুযোগ আমরা দিয়েছি। আমরা এইভাবে শাসন ব্যবস্থার মধ্যে পরিবর্তন করতে চাই, সমস্ত শাসন ব্যবস্থা যে সুস্থ ও তার যে ভঙ্গী তাকে পরিবর্তন করার চেষ্টা করছি। আমি আর দু-একটা কথা আপনার মাধ্যমে বলতে চাই। এখানে অনেকগুলি অনুসন্ধান সম্বন্ধে দাবী করেছেন। ইতিমধ্যে আমরা অনেক অনুসন্ধান শুরু করেছি, এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে যে সমস্ত আভ্যন্তরীণ ব্যাপার অনুসন্ধানের জন্য দাবী এসেছে তার সংখ্যা বোধ হয় বিশ হাজারের মত। এর মধ্যে প্রায় দুই হাজারের মত দাবীর অনুসন্ধানের কাজ সুরু হয়েছে, এবং এই সম্বন্ধে আমরা পর পর তদন্ত করছি। আমরা করছি যেখানে যেখানে অনুসন্ধানের প্রয়োজন। যেখানে যেখানে অনুসন্ধান করা দরকার নির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে যেখানে অনুসন্ধান করা দরকার তা আমরা করবো। এদিক থেকে বলা হয়েছে কবি নজরুলের সাহায্যের জন্য আমাদের বেশী কিছু করা দরকার। আমি আশা করবো সকলেই সন্তুষ্ট হবেন আমরা সিদ্ধান্ত নিয়েছি তাঁকে মাসিক ভাতা যা দেওয়া হচ্ছিল তার পরিমাণ আমরা বৃদ্ধি করেছি। এ ছাড়া নজরুল একাডেমীর সঙ্গে আলোচনা চালাচ্ছি যাতে তার মধ্য দিয়ে তাঁর রচনাবলী সম্পর্কে কার্যকরী কিছু করা যায় তার বন্দোবস্ত আমরা করবো। তারপর বিভিন্ন স্তরের দাবীর প্রশ্ন উঠেছে। আমাদের কাছে প্রায় প্রত্যেকটি স্তর থেকে স্মারকলিপি উপস্থিত হয়েছে। এদের প্রশ্নগুলি নিয়ে আমরা আলাপ-আলোচনা করছি। প্রাথমিক শিক্ষক, মাধ্যমিক শিক্ষকদের সঙ্গে, কলেজ শিক্ষকদের সঙ্গে, বিভিন্ন স্কুল কলেজের অশিক্ষক কর্মচারী তাদের সঙ্গে, স্পনসর্ড কলেজ ও এডেড কলেজের যেসমস্ত কর্মচারী তাঁদের সঙ্গে, পলিটেকনিক, ডিস্ট্রিক স্কুল বোর্ড, লাইব্রেরী এবং সরকারের বিভিন্ন বিভাগের নিম্ন স্তরের যেসমস্ত কর্মচারী আছে নিম্ন বেতনভোগী কর্মচারী আছে তাদের তরফ থেকে মধ্যশিক্ষা পর্ষদের কর্মচারীদের তরফ থেকে, এবং সরকারী কলেজ থেকে যে শিক্ষক কর্মচারী আছে তাদের সমস্তর তরফ থেকে বিভিন্ন স্মারকলিপি আমার কাছে উপস্থিত হয়েছে।

[7-55—8-2 p.m.]

সবগ্‌লি নিয়ে আমরা বিবেচনা করছি এবং এই বিবেচনা অন্‌সারে সম্পূর্ণ সহান্‌ভূতির সঙ্গে, শ্রদ্ধার সঙ্গে এইসব বিষয়ে আলোচনা চালাচ্ছি এবং আশা করি অল্প কিছ্‌দিনের মধ্যেই এগ্‌লি সম্বন্ধে অন্তত কিছ্‌টা স্‌রাহা করা সম্ভব হবে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, অবশেষে আমি আর একটি কথা বলে আমার বক্তব্য শেষ করতে চাই। যতই রাজনৈতিক হাওয়া থেকে সরিয়ে রাখবার চেণ্টা করা হোক—কংগ্রেস পক্ষকে বারণ নেই, তাঁরা নিঃসন্দেহে সেই কথা নিয়ে আসবেন। সেইজন্য আমি প্‌নরায় এই সভার কাছে আপনার মারফত এই আবেদন জানাচ্ছি যে, আজকে পশ্চিমবাংলার শিক্ষা ব্যবস্থায় যে পরিস্থিতি এসে দাঁড়িয়েছে সে সম্পর্কে যেন আমরা সম্যক সচেতন থাকি। আমরা আজকে একটা খ্‌ব গ্‌র্‌ত্বপূর্ণ সঙ্কটকালে এসে উপস্থিত হয়েছি। চতুর্দিকে আজকে ছাত্র পরিবর্তনের হাওয়া এসেছে, এই কথা আমাদের ভুলে গেলে চলবে না। আমাদের শিক্ষা ব্যবস্থার যে পরিবর্তন, সেই পরিবর্তনকে আমরা যথেষ্ট মনে করছি। এমন একটি পরিস্থিতিতে যখন আমাদের অর্থনৈতিক দিক থেকে কতকগ্‌লি গ্‌র্‌তর পরিবর্তন আসন্ন হয়ে এসেছে আমরা দেখতে পাচ্ছি, তখন এই কথার উপর বিশেষ গ্‌র্‌ত্ব কংগ্রেস পক্ষ থেকে কেউই দেন নি। তাঁদের চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনা এখনও পর্যন্ত তৈরী হয় নি। অথচ আমরা এখন শিক্ষা সম্বন্ধে আলোচনা করছি। আজকে এইরকম পরিস্থিতিতে আমরা তাঁদের স্‌ষ্ট অর্থনীতির সংকটের ম্‌খে এসে পড়েছি। টেকনিক্যাল কলেজ এবং ইঞ্জিনীয়ারিং কলেজে আজকে যেসমস্ত ছাত্ররা ভর্তি হতে যাবে তাদের সম্বন্ধে চিন্তা করতে গেলে বর্তমানে আমাদের এই চিন্তাই করতে হয় যে তাদের কি কাজ দেওয়া যাবে? কেন্দ্রীয় সরকার ইতিমধ্যেই আমাদের জানিয়েছেন যে টেকনিক্যাল কলেজ এবং টেকনিক্যাল ইনস্টিটিউশনগ্‌লিতে ছাত্র ভর্তির সংখ্যা তোমরা কম করে দাও। আমরা তাদের ভরসা দিতে পারব না। কারণ, তাদের স্টাইপেন্ড-এর কোন স্‌যোগ নেই। আমাদের আজকে স্মরণ রাখতে হবে যে, অর্থনীতির সংগঠনের ম্‌খ এটা। এখন আর দ্বিতীয় বা তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার সময় নেই। যখন লক্ষ লক্ষ টাকা জলের স্রোতের মত শিক্ষা ব্যবস্থার মধ্যে দিয়ে চলে গেল, তখন তার মধ্যে দিয়ে সার্থক কোন ব্যবস্থাই গড়ে উঠল না। শ্‌ধ্‌ মাত্র ট্‌করো ট্‌করো বিভিন্ন খণ্ডে একটি অত্যন্ত উত্তপ্ত সমাজ ব্যবস্থা হয়েছে, যে সমাজ ব্যবস্থায় স্‌যোগ্য কোন বন্দোবস্ত নেই। এই সঙ্গে সঙ্গে আমরা সারা ভারতবর্ষে এবং পশ্চিমবাংলায় কতকগ্‌লি ব্যাপক রাজনৈতিক পরিবর্তনের হাওয়া দেখতে পাচ্ছি এবং এরই মধ্যে দাঁড়িয়ে আমরা আজকে শিক্ষা ব্যবস্থার পরিবর্তন চাইছি। এবং ন্‌তন ভঙ্গীতে, ন্‌তন পথে এই শিক্ষা ব্যবস্থা গড়ে তোলবার চেণ্টা করছি। তাই আমাদের প্রথম পদক্ষেপ, যে পদক্ষেপ না হলে এইসব কাজগ্‌লি করা যাবে না সেটা হচ্ছে, প্রাথমিক শিক্ষা। আমি এটার উপর অত্যন্ত জোর দিতে চাই এবং এই প্রাথমিক শিক্ষাকে শ্‌ধ্‌মাত্র আজকে শিক্ষা বলে মনে করলেই চলবে না, পশ্চিমবাংলার কাছে খাদ্য যেমন জর্‌রী, তৃষ্ণার জল যেমন জর্‌রী, তেমনি জর্‌রী হচ্ছে এই প্রাথমিক শিক্ষা, এটা আমাদের মনে রাখতে হবে। একমাত্র এই প্রাথমিক শিক্ষার মাধ্যমেই আমরা সমাজকে পরিবর্তিত করতে পারি, আমাদের উৎপাদন ব্যবস্থার উন্নতি করতে পারি। গ্রামাঞ্চলের উৎপাদনের আয়োজন হচ্ছে কৃষি এবং খাদ্যের ক্ষেত্রে সেই উৎপাদনকে আমরা বাড়াতে পারি। আমি খাদ্যোৎপাদন ব্যবস্থার সঙ্গে শিক্ষা ও শ্রমিকদের কথা উল্লেখ করেছি। তাই আমি বিশেষ করে অন্‌রোধ করব যে শ্‌ধ্‌ গ্রামাঞ্চলেই নয়, শহরাঞ্চল এবং গ্রামাঞ্চলের সর্বত্রই এই প্রাথমিক শিক্ষা প্রসারের জন্য য্‌ক্তফ্রণ্ট সরকার আজকে যে অবদান উপস্থিত করেছেন, যাতে তাঁরা আজকে সর্বাধিক গ্‌র্‌ত্ব আরোপ করছেন, আপনারা তা সমর্থন কর্‌ন এবং এর সঙ্গে অন্যান্য নীতি জড়িত যে বাজেট সেই বাজেটকে আপনারা অন্‌মোদন কর্‌ন। এই আবেদন আপনাদের কাছে জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করলাম।

Mr. Speaker: I put to vote all the cut motions that have been moved. All the cut motions were then put and lost.

The motion of Shri Sachindra Mohan Nandy that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Nityananda Bhuniya that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Dr. Indrajit Roy that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Amalendu Kumar Bagchi that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Ahmad Hossain Mondal that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Dr. Ranjit Ghosh Chowdhury that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Byomkes Majumdar that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Gopal Das Nag that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Golokesh Bhattacharjee that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Mihir Upadhyay that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Satyanarayan Banerjee that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Pijush Kanti Mukherjee that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Paresh Chandra Goswami that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Shamsuddin Ahmed that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Rajani Kanta Doloi that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Azizur Rahman that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri T. A. Nuran Nabi that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Probhakar Pal that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Pramatha Nath Dhibar that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Trilokes Misra that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Prasenjit Barman that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Mrityunjoy Banerjee that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Bholanath Brahmachari that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri S. M. Abdullah that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Puranjoy Pramanik that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shrimati Abha Maiti that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Narayan Chandra Chaudhury that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Dashu Karan Murmu that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Boila Murmu that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Bankim Chandra Sasmal that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shrimati Nurunnesa Sattar that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Santosh Kumar Roy that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Khagendra Nath Das Gupta that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Abdus Sattar that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Azizur Rahman that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Brindaban Chattapadhyay that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Narayan Chandra Chaudhury that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Puranjoy Pramanik that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Satyanarayan Banerjee that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Gopika Ranjan Mitra that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Baidya Nath Banerjee that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Krishna Bahadur Gurung that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Prasenjit Barman that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Sankar Sen Ishore that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Mati Ranjan Tar that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Abdus Sattar that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Jyoti Bhusan Bhattacharya that a sum of Rs. 32,99,33,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 19, Major Head: 28—Education, was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 8-02 p.m. till 1 p.m. on Wednesday, the 12th July, 1967, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Building, Calcutta, on Wednesday, the 12th July, 1967, at 1 p.m.

Present

Mr. Speaker (SHRI BEJOY KUMAR BANERJEE) in the Chair, 17 Ministers and 244 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Cases under the West Bengal Estates Acquisition Act, 1953, pending before Law Courts

***63.** (Admitted question No. *125.) **Shri Prasenjit Barman:** Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—

(a) how many cases under the West Bengal Estates Acquisition Act, 1953, are pending before Courts of Law, and the total quantum of vested lands involved in these cases; and

(b) the steps taken, if any, by the Government where the Government is the plaintiff, or the appellant to expedite the necessities for early disposal of these cases?

Shri Hare Krishna Konar: (a) 866 cases under the West Bengal Estates Acquisition Act, 1953, are pending before Courts of Law.

The question of vested lands involved is not readily available.

(b) The Legal Remembrancer, West Bengal, and State Lawyers and Government Pleaders are taking necessary steps in the matter. It is however very difficult to get priority of these cases from the Courts.

স্যার, অন্য কেউ যখন সাপ্লিমেন্টারি করলেন না, তখন আমি আপনার অনুমতি নিয়ে একটু বলে দিতে চাই। আমি বিভিন্ন কোর্ট থেকে যে খবর পেয়েছি এই ৮৬৬ কেসেস যা কোর্টে রয়েছে, তাতে জমির পরিমাণ পাইনি। এই কেসগুলি কোশ্চেনে লেখা হয়েছিল ওয়েস্ট বেঙ্গল এস্টেস অ্যাকুইজিসন অ্যাক্ট-এর বিভিন্ন ধারায় যে কেস, কিন্তু ওয়েস্ট বেঙ্গল এস্টেস অ্যাকুই-জিশন অ্যাক্ট অনুযায়ী যে জমি গভর্নমেন্টে ভেস্ট করার কথা, সেই জমি ঐ অ্যাক্ট ছাড়া অন্য আইনেও আটকে আছে। সেগুলি এই সঙ্গে নিলে কেসের সংখ্যা আরো বেশী হবে। আমাদের অফিসে যা হিসেব আছে ১৯৬৭ সালের জানুয়ারী পর্যন্ত বিভিন্ন ডিস্ট্রিক্ট থেকে যে হিসেবপত্র এসেছে তাতে দেখা যায় ১ লক্ষ ৮ হাজার একর জমি এইরকম পজেসন আটকে আছে।

Distribution of lands vested in Government

***71.** (Admitted question No. *179.) **Shri Narayan Chandra Chaudhuri:** Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—

(a) how much land of the following two categories was vested with the State Government—

(i) Zamindari Khas Land,

(ii) Big Rayats' Surplus Land; and

(b) how much land has so far been distributed to the landless cultivators by the present Government in each district?

Shri Hare Krishna Konar: (a) As a separate statistics are not maintained, the categorywise break-up cannot be given. The total area shown as vested is 19,84,065.33 acres.

(b) The districtwise distribution of lands to landless cultivators since 1st March 1967 is given below.

	Name of District	Area of lands distributed (in acres)
1.	Darjeeling	1,300·98
2.	Jalpaiguri	9,350·61
3.	Cooch Behar	6,303·77
4.	West Dinajpur	8,482·00
5.	Malda	28,876·79
6.	Murshidabad	2,280·66
7.	Nadia	2,450·00
8.	24-Parganas	*20,444·00
9.	Howrah	2·65 (distribution for 1374 B. S. has just started)
10.	Hooghly	1,763·67
11.	Burdwan	*6,118·70*
12.	Bankura	2,408·00
13.	Midnapore	5,033·00
14.	Birbhum	2,821·01
15.	Purulia	Nil.

*(*Includes both landless and small holders, separate figures not being readily available).

This includes 24-Parganas—both landless and small holders, separate figures not being available.

Howrah 2.65 acres—distribution for 1374 has just started.

Hooghly 1,763.67 acres.

Burdwan 6,118.70 acres. This includes both landless and small holders.

Bankura 3,408 acres.

Midnapur 5,033 acres.

Birbhum 2,821.01 acres.

Purulia nil.

Shri Narayan Chandra Chaudhuri:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এর আগে গভর্নমেন্ট কতগুলি ডিস্ট্রিবিউট করেছিলেন?

Shri Hare Krishna Konar:

প্রত্যেক বছর নূতন করে, এক বছরের জন্য লাইসেন্স দেওয়া হয়। অতএব গত বছর যেগুলো দেওয়া হয়েছে, সেগুলোকে আবার নূতন করে লাইসেন্স দেওয়া হচ্ছে। এই ফিগারগুলি থেকে বলা যাবে না, যে পূরণ পুনরাবৃত্তি জমি কতটা, আর নূতন জমির পরিমাণ কতটা। সব বিলি শেষ না হলে, বলা যাবে না। মাননীয় সদস্য জানেন যে এপ্রিল মাসের আগে এটার বিলি আরম্ভ

করা যায়নি। কারণ আমরা অর্ডার দিয়েছিলাম যে ন্তন ডাইরেকসন না যাওয়া পর্যন্ত ঐ বিলি যেন বন্ধ করে রাখা হয়। তারপর আমাদের অর্ডার গিয়েছে মার্চের শেষে, অনেক ডিস্ট্রিক্ট পেয়েছে এপ্রিলের প্রথম দিকে; তারপর বিলি করা স্রুর করেছেন। জ্নের শেষ পর্যন্ত যে হিসাব পেয়েছি, তাঁরা জানিয়েছেন, আমরা ডিস্ট্রিবিউসন কনটিনিউ করছি। এমনও অনেকে পেয়েছেন, প্রাণ যাদের হাতে জমি আছে, তারা সেটাই রেখেছেন, তাদের আর ন্তন করে লাইসেন্স লেখা হয়নি। সেইজন্য সমস্ত ফিগারটা, আরও মাসখানেক বা দেড়েক না গেলে বলা যাবে না।

Dr. Pratap Chandra Chunder:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যে ন্তন লাইসেন্স পাওয়ার যোগ্যতার মাপকাঠি ঠিক করেছেন কিনা?

Shri Hare Krishna Konar:

আজ্ঞে হ্যাঁ। এগ্লি করা হয়েছে। যতগ্লি প্রান লাইসেন্স দেওয়া হয়েছিল, তা রিনিউ করা হয়েছে, এবং তাদের ক্ষেত্রে বলা হয়েছে অন দি সেম টারমস এ্যান্ড কনডিসন, আগেটার যা ছিল। অন দি সেম টারমস এ্যান্ড কনডিসনস যদি হয়ে থাকে তাহলে নিশ্চয়ই সেগ্লি ন্তন বিলি হতে বাদ যাবে। বোধ হয় আগেকার নিয়ম ছিল যে পাঁচ একরের কম যাদের জমি আছে, তারা সেটা পেতে পারে, নিজেরা সেখানে চাষ করলে। তবে, নিজের জমি এবং বিলি জমি, সব মিলে পাঁচ একরের বেশী হবে না। কিন্তু আমরা যে ন্তন নিয়ম করেছি সেটা হচ্ছে, যাদের দ্ই একর বা তার কম জমি আছে, এবং যারা নিজের হাতে চাষ করেন তাদের দেওয়া হবে, তাদের মধ্যে সিডিউলড কাস্ট এ্যান্ড সিডিউলড ট্রাইব হলে, তাদের প্রেফারেন্স দেওয়া হবে। এ'দেরই ম্লতঃ দেওয়া হবে। তবে বিশেষ বিশেষ ক্ষেত্রে জমির পরিমাণ বেশী থাকলে তিন একর পর্যন্ত সীমা করা যেতে পারে।

Dr. Nalinaksha Sanyal:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই জমি বিলি বন্দোবস্ত শেষ করবার জন্য কোন নির্দিষ্ট তারিখ দেওয়া আছে কিনা?

Shri Hare Krishna Konar:

কোন নির্দিষ্ট তারিখ দেওয়া নেই, বরং এই কথা বলা আছে যে যাতে ম্যাকসিমাম জমি বিলি করা যায়, তা করতে হবে। তবে ফরম্যালিটির দিক দিয়ে যদি লেখা, লিখিতে দেরী হয়, তাহলে জমিগ্লি যেন অনাবাদি হয়ে পড়ে না থাকে, সেখানে চাষ করতে দেওয়া হয়। সেই খাতা কলমে লেখাপড়া পরে করা যেতে পারবে।

Dr. Nalinaksha Sanyal:

উনি কি অবগত আছেন যে মাসের ১লা তারিখে তিনি নিজে গিয়েছিলেন চরউদয়নপ্রে জমি বন্দোবস্ত দেখবার জন্য। আজ জ্লাই মাসের ১২ তারিখ পর্যন্ত সেই জমি বন্দোবস্ত না দেওয়াতে চাষ এবার হল না?

Shri Hare Krishna Konar:

মাননীয় সদস্যের কাছে এই আমি প্রথম শ্নছি। উনি যদি আগে আমার দ্ষ্টি আকর্ষণ করতেন যে এটা কেন হয় নাই। তাহলে আমি তাড়াতাড়ি ব্যবস্থা করতে পারতাম।

Dr. Nalinaksha Sanyal:

তাঁর দ্ষ্টি আকর্ষণ করবার পর, তিনি একটি কমিটির কাছে এই জমির বিলি বন্দোবস্ত ব্যাপারে পরামর্শ দেবার জন্য ভার দিয়েছিলেন, এবং জে এল আর ও এবং এস এল আর ও প্রম্খ সরকারী কর্মচারী ও অফিসারদের নির্দেশে সেইসব জমির হিসাবপত্র দেখবার কাজ শেষ না করার জন্য, ২৭এ জ্ন তারিখের মিটিং পর্যন্ত, সব কাজ শেষ করতে পারেননি?

Shri Hare Krishna Konar:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য নিজে জানেন, আমি যখন সেখানে গিয়েছিলাম, তিনিও উপস্থিত ছিলেন। ঐটা একটা নদীর চর, সেই চরে, বিশেষ পরিকল্পনা করে, আগেকার গভর্নমেন্ট, সেখানে লোক বসানর সিদ্ধান্ত করেছিলেন। আমি সেই সম্পর্কে তদন্ত করতে গিয়ে দেখি যে এই জমির বন্দোবস্ত নিয়ে অনেক দুর্নীতি হয়েছে এবং চলছে। কিছু কিছু লোক জমি দেবার নাম করে ঐখানে আছে, দরখাস্ত লিখে দেবার জন্য তারা টাকা, পয়সা নিয়েছে জানা যায়। সেগুলি যাতে না হতে পারে, সেজন্য একটা কমিটি গঠন করা হয়। মাননীয় সদস্য তিনিও কতকগুলি নাম সাজেস্ট করেছিলেন, ওখানকার সংগঠন যা আছে, তার প্রতিনিধি ও স্থানীয় প্রতিনিধি এবং সেখানকার অফিসারদের থেকে প্রতিনিধি নিয়ে, তাদের যাতে সাহায্য করা যায়, সেইভাবে ব্যবস্থা করা হয়েছে এবং সেই কমিটি কাজ করছে। দেরী হয়েছে, যদি জানতাম, তাহলে নিশ্চয়ই তার ব্যবস্থা করতাম।

[1-10—1-20 p.m.]

ডাঃ নলিনাক্ষ সান্যাল: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যে জমি সরকারের হাতে রয়েছে তার কত পারসেন্ট এখন অবন্দোবস্ত অবস্থার আছে?

শ্রীহরেকৃষ্ণ কোনার: এটা বলা খুব মুশকিল কারণ এই ফিগার্স থেকে দেখা যাচ্ছে প্রায় এক লক্ষ একরের মত অলরেডি বন্দোবস্ত হয়ে গিয়েছে কিন্তু হয়ত দেখা যাবে আরো ৬০।৭০ হাজার একর জমি লোকের দখলে আছে, চাষ হচ্ছে কিন্তু কাগজে কলমে দেখা হয়নি সুতরাং এটা বলা খুবই মুশকিল।

ডঃ প্রতাপচন্দ্র চন্দ: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যে সরকারী জমিগুলি জবরদখল করা হয়েছে সেই সব জবরদখলকারীকে কোন লাইসেন্স দেবার সিদ্ধান্ত সরকার নিয়েছেন কিনা?

শ্রীহরেকৃষ্ণ কোনার: এটার সম্পর্কে কোন সাধারণভাবে সিদ্ধান্ত করা হয়নি। তবে যেমন আমাদের বীরপাড়া চাবাগানে এবং আরো দু'একটা জায়গায় আমি গিয়েছিলাম সেখানে গিয়ে দেখেছি, আমার সঙ্গে অফিসাররাও ছিলেন, অনেক স্থানীয় লোক জঙ্গল সাফ করে চাষ করছে এবং সেটা প্রায় ৬।৭ শত লোকের কম নয় এবং আমার মনে হল তার বেশীর ভাগ লোকই ভূমিহীন। স্বভাবতই এদের বলা হয় জবরদখলকারী। তাদের বলা হয়েছে যে এদের পিটিয়ে জোর জবরদস্তি করে তাড়াবার চেষ্টা করবেন না, বরং এদের আমরা রেগুলারাইস করে নেবো।

শ্রীহারাধন মণ্ডল: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি চাষ করার জন্য এক বছরের জন্য যে জমির বন্দোবস্ত দেওয়া হচ্ছে সেখানে চাষ হয় না এমন জমিও দেওয়া হচ্ছে এবং সেই জমি এক বছরের জন্য নিয়ে কিছু কিছু লোক বাড়ী তুলেছে?

শ্রীহরেকৃষ্ণ কোনার: এ খবর আমার জানা নেই। যদি এই খবর আপনাদের থাকে এবং তা যদি আমাকে জানান তাহলে নিশ্চয়ই তদন্ত করবো।

শ্রীবিভূতি পাহাড়ী: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, তিনি যে এই ভূমি বণ্টন সম্পর্কে আইন বা নির্দেশ দিয়েছেন তাতে পূর্বে যে মিলিটারি পার্সোনালের জন্য জমি দেওয়া হতো সেই নীতিকে তিনি বাতিল করেছেন?

শ্রীহরেকৃষ্ণ কোনার: মিলিটারিদের দেওয়ার এখন কোন নিয়ম নেই। অতীতে, তাও কিছু দিনের জন্য কেন্দ্রীয় গভর্নমেন্টের নির্দেশ বলুন আর পরামর্শই বলুন সেই অনুযায়ী সরকার ঠিক করেছিলেন যে কিছু জমি মিলিটারি পার্সোনালকে দেওয়া হবে। সেই অনুযায়ী তারা আগেই পেয়েছেন। এখন আর আমাদের কোন জমি আলাদা করে রাখিনি তবে বাস্তুর জন্য যদি জায়গা থাকে তাহলে আমরা বিবেচনা করবো।

শ্রীনারায়ণচন্দ্র চৌধুরী: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি সেই জমির পূর্বের মালিকদের কোন ক্ষতিপূরণ দেওয়া হয়েছে কিনা?

শ্রীহরেকৃষ্ণ কোনার: এর থেকে সে প্রশ্ন আসে না।

Land revenue

*133. (Admitted question No. *185.)

শ্রীনারায়ণচন্দ্র চৌধুরী: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, এই রাজ্যে ভূমি রাজস্ব তুলিয়া দিবার বিষয়ে চিন্তা করিতেছেন; এবং

(খ) সত্য হইলে, ইহা কি নাগাদ কার্যকরী হইবে?

শ্রীহরেকৃষ্ণ কোনার:

(ক) নীতিগতভাবে ভূমি রাজস্ব ব্যবস্থা সম্পূর্ণ তুলিয়া দেওয়াই উচিত। কিন্তু বর্তমানে তাহা কার্যকরী করার পথে অনেক বাস্তব অসুবিধা আছে। সেই কারণে ভূমি রাজস্ব সম্পূর্ণ তুলিয়া দিবার কোন পরিকল্পনা নাই। তবে সরকার ভূমি রাজস্বের হার পরিবর্তন করিয়া ক্ষুদ্র জোতের মালিকদের (তিন একর পর্যন্ত জমি আছে এমন কৃষকদের) ভূমি রাজস্ব হইতে রেহাই দেওয়ার পক্ষপাতী।

(খ) প্রশ্ন উঠে না।

ডঃ প্রতাপচন্দ্র চন্দ: তিন একর পর্যন্ত জমির মালিকের সংখ্যা কত বলতে পারেন?

শ্রীহরেকৃষ্ণ কোনার: সেটা ওয়ার্কআউট করছি, এখন আমি বলতে পারবো না এবং তার থেকে কত টাকা এ্যাফেকটেড হবে তাও এখন বলতে পারবো না।

ডাঃ গোপিকারঞ্জন মিত্র: এই যে তিন একর পর্যন্ত আপনি রেভিনিউ তুলে দেবেন বলছেন এটা কত দিন নাগাদ কার্যকরী হবে?

শ্রীহরেকৃষ্ণ কোনার: মনে হয় যে দু'তিন মাসের মধ্যে। যেহেতু আমাদের হিসাব করতে হবে যে কত টাকা এ্যাফেকটেড হবে, এই টাকা অন্য কোনভাবে পূরণ করা যায় কিনা সে সম্বন্ধে ক্যাবিনেটে আলোচনা হবে, ফাইনান্সের সঙ্গে আলোচনা হবে। আমার মনে হয় দু'তিন মাসের মধ্যেই একটা সিদ্ধান্তে এসে যাবো।

শ্রীপ্রমথনাথ ধীবর: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যাদের আইনতঃ জমি বিলি করেছেন তাদের খাজনা যাতে মকুব হয় তার জন্য চিন্তা করেছেন কিনা?

শ্রীহরেকৃষ্ণ কোনার: যদি তিন একরের নীচে পড়ে তাহলে তারা বাদ পড়ে যাবে।

শ্রীহারাধন রায়: মাথাপিছু তিন একর যারা জমির মালিক তাদের খাজনা বাদ দেওয়া হবে, না ফ্যামিলি পিছু তিন একর জমি বাদ দেওয়া হবে।

শ্রীহরেকৃষ্ণ কোনার: সাধারণভাবে জমির সিলিং সংক্রান্ত আইন কি হবে তার উপর নির্ভর করবে। তবে যখন তিন একর বলা হচ্ছে তখন স্বভাবতঃই মালিক পিছু বলেই ধরে নেওয়া হয়। তবে আপনি যেটা ফ্যামিলির কথা বলছেন সেটা নিশ্চয়ই বিবেচনা করতে হবে কারণ একটা বাড়ীতে পাঁচটি লোক হয়ত আছে তাদের প্রত্যেকে তিন একর করে ১৫ একর রেখে দিলো সেটা আমাদের লক্ষ্য নয়।

শ্রীকুমুদচন্দ্র মণ্ডল: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, তিন একর পর্যন্ত রাজস্ব উঠিয়ে দিলে কত কর্মচারী বেকার হবে?

শ্রীহরেকৃষ্ণ কোনার: এটা ভূমি রাজস্ব খাতের যেদিন আলোচনা ছিল সেদিন সাধারণভাবে বলা হয়েছে। ওটার জন্য আলাদা করে বেকার হবে না। কিন্তু এর জন্য আদায় যেগুলি কমে যাবে সেটা অন্যভাবে কি করে তোলা যায় এবং কিভাবে তহশীলদারদের সংখ্যা আস্তে আস্তে কমান যায় তারপরে দু'তিন বছরের মধ্যে সমগ্র রাজস্ব প্রথা বিলোপ করে সেই তহশীলদারদের সংখ্যা কমিয়ে তাদের সাধারণ কর্মচারী হিসাবে যোগ করা যেতে পারে সাধারণভাবে সেই কথাই চিন্তা করা হচ্ছে।

শ্রীশ্যামসুন্দিন আহামেদ: মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে ভূমি রাজস্ব সম্পূর্ণ তুলে দেওয়ার ব্যাপারে কতগুলি বাধা আছে। তিনি কি বলবেন যে এই বাধাগুলি কি কি?

শ্রীহরেকৃষ্ণ কোনার: এক নং বাধা হচ্ছে ১৮ হাজার তহশীলদার, মহোরার এবং পিয়ন আছে, যদি অবিলম্বে ভূমি রাজস্ব তুলে দেওয়া যায় তাহলে অবিলম্বে এদের কোথায় এ্যাবজর্ব করা যাবে এটা একটা গুরুতর সমস্যা। ২ নং হচ্ছে ভূমি রাজস্ব আদায় তুলে দিলেও রাজস্ব বিভাগ উঠে যাচ্ছে না কারণ রাজস্ব বিভাগের জমি বিলি, জমি দখল দেওয়া প্রভৃতি অন্যান্য কাজ আছে। অথচ এখান থেকে আদায় খুব বেশী হয় না, সাত কোটি টাকার মত আদায় হয়। সব তুলে দিলে তার বিকল্প কি করা যাবে। নিশ্চয়ই বিকল্প কিছু করতে হবে—এই কথাগুলি ভাববার আছে।

শ্রীনারায়ণচন্দ্র চৌধুরী: তাহলে কি ভূমি রাজস্ব একেবারে তুলে দেওয়ার কথা ভাবেননি?

শ্রীহরেকৃষ্ণ কোনার: আমি আগেই বলেছি যে আমি নিজে মনে করি এটা একেবারে তুলে দেওয়া উচিত। কিন্তু এটা ফেজ হিসাবে করতে হবে। এখনি আমরা ভূমি রাজস্ব একেবারে তুলে দিচ্ছি না, একটা তিন বছরের বা চার বছরের ফেজ প্রোগ্রাম করে উপরের দিকে চাপ দিয়ে নীচের দিকে তুলে দিতে থাকবো এবং আস্তে আস্তে সেটাকে এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্সে ট্রান্সফর্ম করবে।

শ্রীরজনীকান্ত দলুই: মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে তিন একর পর্যন্ত জমির খাজনা তিনি রেহাই দেবেন। আমি জিজ্ঞাসা করছি এই তিন একরের মধ্যে কালা জমি কত আছে, জলা জমি কত আছে?

শ্রীহরেকৃষ্ণ কোনার: বিস্তারিত এখন কিছু ঠিক করিনি, বলেছি যে দু'তিন মাস সময় লাগবে।

ডাঃ রাধাকৃষ্ণ সিংহ: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন আমাদের রাজস্বখাতে আদায় করতে গিয়ে আদালতে খরচ কি রকম হয়?

শ্রীহরেকৃষ্ণ কোনার: তা বলতে পারি না, নোটিশ চাই।

শ্রীমতী পুরবী মুখার্জি: কেন চিন্তা করছেন তুলে দেবার কথাটা এটা জানাবেন কি?

শ্রীহরেকৃষ্ণ কোনার: এটা তো থিওরীর কথা যে ভূমি রাজস্ব ব্যবস্থা হচ্ছে অত্যন্ত অবৈজ্ঞানিক সেইজন্য।

ডাঃ নলিনাক্ষ সান্যাল: মন্ত্রিমহাশয় জানাবেন কি, যে যে জায়গায় ভূমি রাজস্ব উঠিয়ে দেবার সঙ্কল্প হোল তা কার্যকরী হলে সেই সব জমির মালিকদের বিকল্প স্বত্ব প্রমাণপত্র কিছু দেবার ব্যবস্থা হবে কি—তা না হলে খাজনার দাখিলা না থাকলে জমির যে মালিক তার হাতে কোন কাগজপত্র থাকছে না—এর কোন ব্যবস্থা আছে কি?

শ্রীহরেকৃষ্ণ কোনার: একথা আমাদের খেয়ালে আছে—অতএব সে সম্বন্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

[1-20—1-30 p.m.]

Egra-Ramnagar (Digha) Road

***134.** (Admitted question No. *260.

শ্রীবিভূতি পাহাড়ী: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মেদিনীপুর জেলার এগরা থানায় "এগরা-রামনগর (দীঘা)" রাস্তা নির্মাণের জন্য যে সমস্ত জমি সরকার দখল করিয়াছেন তাহার ক্ষতিপূরণ দেওয়ার কাজ শুরু হইয়াছে কিনা?

[1-20—1-30 p.m.]

শ্রীহরেকৃষ্ণ কোনার:

হ্যাঁ। মোট ১৮ মাইল দীর্ঘ রাস্তার মধ্যে ২য়, ৩য় ও ৪র্থ মাইলের ক্ষতিপূরণ ইতিপূর্বেই দেওয়া হইয়াছে। প্রথম মাইলের উপর যে সমস্ত ঘরবাড়ী ছিল তাহারও অগ্রিম ক্ষতিপূরণ দেওয়া হইয়াছে। বাকী কেসগুলিতে যাহাতে ক্ষতিপূরণের কার্য ত্বরান্বিত হয় তাহার ব্যবস্থা করা হইতেছে।

শ্রীবিভূতি পাহাড়ী: মন্ত্রিমহাশয় জানাবেন কি, যে এই ১৮ মাইল রাস্তার উপর কেবলমাত্র প্রথম মাইল রাস্তার উপরই ঘরবাড়ী ছিল না, অন্য অন্য মাইল রাস্তার উপর ঘরবাড়ী ছিল?

শ্রীহরেকৃষ্ণ কোনার: ঠিক তার উত্তরটা দিতে পারছি না।

শ্রীবিভূতি পাহাড়ী: মন্ত্রিমহাশয় জানাবেন কি যে অন্যান্য মাইল রাস্তার উপর যেমন দ্বিতীয় তৃতীয় চতুর্থ থেকে ১৮ মাইল পর্যন্ত সেই রাস্তার উপর বহু গরীব লোকের যেটুকু জমি বা ঘরবাড়ী ছিল বাস্তু সেগুলিও সরকার দখল করে নিয়েছেন এবং তারা এখনও পর্যন্ত ক্ষতিপূরণ পান নি একথা মন্ত্রিমহাশয় জানেন কিনা?

শ্রীহরেকৃষ্ণ কোনার: আপনার প্রশ্নের উত্তরে যা আমি বলেছি যে দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ মাইলের ক্ষতিপূরণ দেওয়া হয়েছে—প্রথম মাইলের ঘরবাড়ীর জন্যও দেওয়া হয়েছে ৫, ৬, ১০, ১২, ১৬ মাইলের ক্ষতিপূরণের জন্য সরকারী মঞ্জুরী দেওয়া হয়েছে এবং টাকা দেওয়া আরম্ভ হয়েছে, বাকী কেসগুলি এখনও দামটাম ঠিক হচ্ছে।

শ্রীবিভূতি পাহাড়ী: মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই রাস্তার ঘরবাড়ী বা বাস্তু জমি বা যে জমি সরকার দখল করেছেন তা কবে দখল করা হয়েছিল?

শ্রীহরেকৃষ্ণ কোনার: ওটা ঠিক আমাদের ফাইলে পাচ্ছি না—নিশ্চয় বহুদিন আগে, এবং কয়েক বছর সে বিষয়ে কোন সন্দেহ নেই।

শ্রীপ্রমথনাথ ধীবর: মন্ত্রিমহাশয় জানাবেন কি যে ঐ অঞ্চলে বিভূতিবাবুর কোন ঘর ছিল কিনা—এবং তিনি কমপেনসেসন পেয়েছেন কিনা?

Mr. Speaker: The question does not arise.

শ্রীসুধীরচন্দ্র দাস: মন্ত্রিমহাশয় এখনও বলেছেন যে প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় মাইলের ক্ষতিপূরণের টাকা দেওয়ার কাজ শেষ হয়ে গেছে। আপনি কি যেসমস্ত বাস্তু তার মধ্যে পড়েছিল সেই বাস্তুগুলির সমূহ টাকা দেওয়া হয়ে গেছে এটা পরিষ্কার করে কি বলতে পারবেন?

শ্রীহরেকৃষ্ণ কোনার: এই প্রশ্ন পাবার পর আমরা জেলায় লিখেছিলাম জেলা থেকে যে রিপোর্ট পেয়েছি—যদি বিস্তারিতভাবে চান তাহলে বিস্তারিত তথ্য আনবো—তাতে বলছেন দ্বিতীয়, তৃতীয় এবং চতুর্থ মাইলের ক্ষতিপূরণ দেওয়া হয়েছে—কিন্তু প্রথম মাইলের বাড়ী ঘর সম্বন্ধে উল্লেখ করছেন আলাদা করে যে প্রথম মাইলের বাড়ীঘরের ক্ষতিপূরণ দেওয়া হয়েছে—এর থেকে প্রমাণ হতে পারে যে বোধহয় দ্বিতীয়, তৃতীয় এবং চতুর্থ মাইলের জমির দাম দেওয়া হয়েছে বাড়ীঘর পড়ে আছে—এইরকম হতে পারে—আমি পরিষ্কার করে এর থেকে বলতে পারছি না—আপনি যদি জানান তাহলে বিস্তারিতভাবে আপনাকে জানাবো।

শ্রীবিভূতি পাহাড়ী: মন্ত্রিমহাশয় একথা অবগত আছেন কি যে এগরা থেকে রামনগর পর্যন্ত —সেই প্রথম মাইলের ঘরবাড়ীর জন্য যে ক্ষতিপূরণ দেওয়া হয়েছে, সেগুলি কিছু কংগ্রেস নেতা তাঁরা ভারপ্রাপ্ত মন্ত্রী শ্যামাদাসবাবুর ব্যক্তিগত সুপারিশে পেয়েছেন?

Mr. Speaker: The question does not arise.

শ্রীরণজিত ঘোষ চৌধুরী: মন্ত্রিমহাশয় বলেছেন যে দ্বিতীয়, তৃতীয় এবং চতুর্থ মাইলের ক্ষতিপূরণ ইতিপূর্বে দেওয়া হয়েছে—কবে দেওয়া হয়েছে দয়া করে জানাবেন কি?

শ্রীহরেকৃষ্ণ কোনার: সেটা আমি বলতে পারবো না এর থেকে।

Expenses on new fittings in the Ministers' rooms

***135.** (Admitted question No. *291.)

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, রাইটার্স বিল্ডিংস-এ মাননীয় মন্ত্রীদের কক্ষগুলি হইতে শীতাতপ-নিয়ন্ত্রিত যন্ত্রগুলি তুলিয়া লওয়ায় উক্ত কক্ষগুলিতে পাখা, জানালা ও কক্ষের মেরামতের জন্য সম্প্রতি কোন্ মন্ত্রীর কক্ষের জন্য কত টাকা খরচ হইয়াছে?

শ্রীহেমন্তকুমার বসু: প্রত্যেকটি কক্ষের জন্য গড়ে ২,০৫৮ টাকা খরচ হইয়াছে।

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: মন্ত্রিমহাশয় জানাবেন কি আমি যে কোয়েশ্চেনটা দিয়েছিলাম কোন মন্ত্রীর ঘরে কত টাকা খরচ হয়েছে?

শ্রীহেমন্তকুমার বসু: প্রত্যেক মন্ত্রীর জন্য আলাদা কিছু নেই।

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: মন্ত্রিমহাশয় কি জানাবেন যে উদ্বাস্তু পুনর্বাসন দপ্তরের মন্ত্রিমহাশয়ের ঘর মেরামতের জন্য ২৫ হাজার টাকা খরচ হয়েছে কিনা?

শ্রীহেমন্তকুমার বসু: আমি এটা জানি না, খবর নেবো।

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এই যে খরচ হয়েছে এটা রাইটার্স বিল্ডিংসের কক্ষগুলির জন্য এবং এতে বিধানসভার কক্ষগুলির খরচ ধরা হয় নি?

শ্রীহেমন্তকুমার বসু: সেটা আমি জানি না।

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: আপনি যে বললেন দুই হাজার টাকা খরচ—এতে বিধানসভার খরচগুলি তো ধরা হয় নি।

শ্রীহেমন্তকুমার বসু: এটা মন্ত্রীদের জন্য খরচ হয়েছে—রাইটার্স বিল্ডিংস বা এসেম্বলীর কথা বলেন নি।

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: মন্ত্রিমহাশয় কি জানাবেন যে শীতাতপ নিয়ন্ত্রিত থাকার জন্য প্রতি বছর যেখানে ১২ হাজার টাকা খরচ হোত সেখানে দেখা যাচ্ছে যে ১৯ জন মন্ত্রীর জন্য ৩৭ হাজার টাকা খরচ হয়েছে—এটা কি ঠিক?

শ্রীহেমন্তকুমার বসু: ঠিক আমি জানি না।

শ্রীহারাধন রায়: মন্ত্রিমহাশয় কি জানাবেন এই সমস্ত এয়ারকনডিসন মেসিন তুলে নেবার ফলে গভর্নমেন্টের ইলেকট্রিসিটি বাবদ প্রতি মাসে কত টাকা সেভ হয়েছে?

শ্রীহেমন্তকুমার বসু: নোটিশ দিলে জানাবো—এর থেকে ও প্রশ্ন ওঠে না।

শ্রীশ্যামসুন্দিন আমেদ: কতগুলি ঘরের পরিবর্তন করা হয়েছে?

শ্রীহেমন্তকুমার বসু: সব মন্ত্রীদের ঘরই করা হয়েছে।

শ্রীআবদুস সাত্তার: অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, প্রশ্নটা পড়লে দেখা যাবে লেখা আছে পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি যে রাইটার্স বিল্ডিংসে মন্ত্রীদের কক্ষগুলি হইতে শীতাতপনিয়ন্ত্রিত যন্ত্রগুলি তুলিয়া লওয়ায় উক্ত কক্ষগুলিতে পাখা, জানালা, কক্ষের মেরামতেব জন্য সম্প্রতি কোন মন্ত্রীর কক্ষের জন্য কত টাকা খরচ হইয়াছে? এর উত্তর দেওয়া হচ্ছে না, উনি বলেছেন মোট এতো হয়েছে—এর জন্য আবার নোটিশ চাচ্ছেন কেন? সেই জন্য আমি আপনার কাছে নিবেদন করছি যে এ প্রশ্নের উত্তর এটা হচ্ছে না।

মিঃ স্পীকার: কোয়েশ্চেনটা দেখুন দু রকম উত্তর যেন চাওয়া হচ্ছে—শীতাতপানিয়ন্ত্রিত যন্ত্রগুলি তুলিয়া লওয়ায় উক্ত কক্ষগুলিতে পাখা, জানালা ও কক্ষের মেরামতের জন্য সম্প্রতি কোন মন্ত্রীর কক্ষের জন্য কত টাকা খরচ হইয়াছে। শীতাতপ নিয়ন্ত্রিত যন্ত্র উঠে গেছে—কক্ষগুলিতে পাখা-টাখা লাগানো হয়েছে, কোন্ মন্ত্রীর জন্য কত টাকা খরচ হয়েছে উনি সেটা আজকে বলতে পারছেন না- উনি বলছেন যে নোটিশ দিলে বলে দেবেন।

[1-30—1-40 p.m.]

শ্রীহেমন্তকুমার বসু: আমি বলেছি প্রত্যেকটা কক্ষের জন্য ২ হাজার ৫৮ টাকা খরচ হয়েছে।

Dr. Ranjit Ghosh Chowdhury: We did not want total expenditure, we wanted individual expenditure.

শ্রীহেমন্তকুমার বসু: প্রত্যেক মন্ত্রীর জন্য ২ হাজার ৫৮ টাকা গড়-পড়তা খরচ হয়েছে।

শ্রীবিজয় সিং নাহার: যখন উত্তর নেই তখন এটা হেল্ড ওভার করে আর একদিন নেওয়া হোক।

মিঃ স্পীকার: যে কোয়েশ্চেন দিয়েছেন সে কোয়েশ্চেন-এ প্রত্যেক মন্ত্রীর জন্য কত খরচ হয়েছে সেটা জানতে চান। সেটা অ্যাট প্রেজেন্ট না থাকলে পরে দিয়ে দেবেন।

শ্রীবিজয় সিং নাহার: আমরা জানতে চেয়েছিলাম কোন মন্ত্রীর কক্ষে কত টাকা খরচ হয়েছে। সেটা যখন নেই তখন এটা হেল্ড ওভার থাক।

Mr. Speaker: If it is not the full answer to the question, then there is no help for it What can I do?

শ্রীবিজয় সিং নাহার: আপনি অনুমতি দিলে এটা হেল্ড ওভার থাকতে পারে। আগে বহুবার এরূপ হয়েছে।

Mr. Speaker: But can I do under the rules? If I have the power, I shall hold over this question.

শ্রীবিভূতি পাহাড়ী: অন এ পয়েন্ট অব ইন্‌ফরমেসন আমি জানতে চাই, কোন কন্‌ষ্ট্রাকসন ক্ষেত্রে যদি কোন বিল্ডিং রিপেয়ার করা হয় তাহলে কোন্ জানালা, কোন্ দরজা ইত্যাদির জন্য কত খরচ সেটা আলাদাভাবে কোন অ্যাকাউন্ট রাখা সম্ভব কিনা দয়া করে বলবেন।

(নো রিপ্লাই)

Mr. Speaker: Held over for further supplementaries.

Sluice gates on the boundary bundhs in Gosaba police-station

***136.** (Admitted question No. *330.)

শ্রীগিরিন্দ্রনাথ মন্ডল: সেচ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চব্বিশ-পরগনা গোসাবা থানার অধীন বাউন্ডারী বাঁধের উপর গৈবাক্স স্লুইস গেটগুলির মোট সংখ্যা কত;

(খ) তাহার মধ্যে কতগুলি অকেজো অবস্থায় আছে; এবং

(গ) অকেজো গৈবাক্সগুলি কতদিনের মধ্যে মেরামত হইবে?

Shri Biswanath Mukherjee:

(ক) ২৪টি।

(খ) কোনটাই অকেজো অবস্থায় নাই।

(গ) এই প্রশ্ন উঠে না।

ডাঃ রঞ্জিৎ ঘোষ চৌধুরী: আপনার দৃষ্টি আকর্ষণ করে বলছি উত্তরটা 'খ' 'গ' 'ক' করে আছে এটা 'ক' 'খ' 'গ' হবে।

Naiti-Konnagar Road

***137.** (Admitted question No. *366.)

শ্রীমনোরঞ্জন হাজরা: পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলার নৈটি-কোন্নগর রাস্তাটি তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার সময় হুগলী তথা শ্রীরামপুর উন্নয়ন পর্ষৎ কর্তৃক পাকা করার প্রস্তাব দেওয়া সত্ত্বেও বিগত সরকার তা করেননি—একথা কি বর্তমান সরকার অবগত আছেন; এবং

(খ) উক্ত 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি বর্তমান সরকার উক্ত রাস্তাটি পাকা করবার বিষয়ে কোন ব্যবস্থা অবলম্বন করেছেন কিনা?

Shri Hemanta Kumar Basu:

(ক) এবং (খ) শ্রীরামপুর উন্নয়ন পর্ষতের প্রস্তাব সম্পর্কে সরকার অবহিত নহেন, তবে হুগলী জিলা উন্নয়ন পর্ষতের এমন কোন প্রস্তাব ছিল না। বর্তমান সরকারের হাতে যে পরিমাণ অর্থ বরাদ্দ আছে তা থেকে উক্ত রাস্তা পাকা করা আপাততঃ সম্ভবপর নয়।

শ্রীমনোরঞ্জন হাজরা: আপনাকে এ খবর দপ্তর থেকে যেটা দেওয়া হয়েছে সেটা ভুলে দেওয়া হয়েছে তার কারণ বিগত হাউসে আমি জেল থেকে এ প্রশ্ন করেছিলাম এবং তখন বলা হয়েছে তখন পরিকল্পনায় টাকার অভাবে করা সম্ভব নয়। আমি তাঁকে অনুরোধ করছি এটা সেনসার করা উচিত।

Mr. Speaker: That has got to be enquired into if a wrong statement has been given by the Government. It is stated by the Hon'ble Minister that there was no such scheme for Serampore Unnayan Parishad but you say there is a scheme

শ্রীরামপুর উন্নয়ন পর্ষদ কর্তৃক।

Shri Monoranjan Hazra:

এটা অনেকদিন আগেকার ব্যাপার।

Mr. Speaker: Then the question does not arise.

Kedua Canal

***138.** (Admitted question No. *375.)

শ্রীআহমদ হোসেন মণ্ডল: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি হাওড়া জেলার 'কেদুয়া খাল' কাটিবার পরিকল্পনাটি বর্তমানে কি অবস্থায় আছে?

Shri Biswanath Mukherjee:

আমতা-জলনিকাশী প্রকল্পের অন্তর্ভুক্ত 'কেদুয়া খাল' তথা 'পুরাণো খালের' পলি অপসারণ কার্য বহু পূর্বেই শেষ হইয়াছে। 'কেদুয়া-খাল' কাটার বর্তমানে কোন প্রস্তাব নাই।

ডাঃ রঞ্জিৎ ঘোষ চৌধুরী: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে ইতিপূর্বে যিনি বর্তমানে আমাদের মুখ্যমন্ত্রী আছেন তিনি যখন সেচমন্ত্রী ছিলেন সে সময় কেঁদুয়া খাল কাটার টাকা নিয়ে কংসাবতীতে নিয়ে যাওয়া হয়েছিল?

শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়: কেঁদুয়া খালের টাকা কংসাবতীতে নিয়ে যাওয়া হয়েছিল কিনা সে কথা যারা নিয়ে গিয়েছিলেন তাঁরাই বলবেন।

Mr. Speaker: Honourable Members, may I request you to just look to the question.

কে'দুয়া খাল পরিকল্পনা বর্তমানে কি অবস্থায় আছে?

শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়: আপনাদের অনুমতি নিয়ে সদস্যদের অনুরোধ করবো যে তাঁদের যদি এরূপ মূল্যবান খবর জানা থাকে তাহলে তিনি এ সম্পর্কে আমাকে বিশদ তথ্য সরবরাহ করবেন।

শ্রীপীযূষ মুখোপাধ্যায়: অন এ পয়েণ্ট অফ অর্ডার, কে'দুয়া খাল কাটার পরিকল্পনা বর্তমানে কি অবস্থায় আছে তা তিনি সাপ্লিমেণ্টারি করেছেন। এ খাল কাটার জন্য যে টাকা ছিল সেটা কংসাবতী পরিকল্পনায় নিয়ে যাওয়া হয়েছে কিনা সেটার হ্যাঁ বা না বলার দরকার।

শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়: কে'দুয়া খাল ১৯৫৯-৬০ সালে কাটা হয়েছিল, বর্তমানে কোন প্রস্তাব নেই। খাল কাটা সম্পূর্ণ হবার পূর্বে সে টাকা তৎকালীন কেউ স্থানান্তরিত করেছেন অন্য কোন প্রকল্পে সে সম্বন্ধে নোটীশ দিলে বলতে পারবো।

শ্রীশৈলকুমার মুখোপাধ্যায়: এ কে'দুয়া খাল পরিকল্পনা এটা কি আমতা বেসিন স্কীম বলে পরিগণিত?

শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়: হ্যাঁ।

শ্রীশৈলকুমার মুখোপাধ্যায়: আপনি যে বললেন স্কীমটা সম্পূর্ণ হয়ে গেছে।

শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়: প্রশ্নে বলা হয়েছে যে কে'দুয়া খাল কাটার কোন প্রশ্ন আছে কিনা যে পরিকল্পনায় অবস্থা কি, তার উত্তর হচ্ছে কে'দুয়া খাল কাটার কোন পরিকল্পনা নেই। আমতা বেসিন স্কীমের মধ্যে অনেক অংশ আছে, সামনে সুইচ করবার কথা আছে, উপর থেকে যে জল আছে তাকে রেগুলেট করা যায় কিনা, তার জন্য বড় বাঁধ বাঁধবার কথা আছে সেখানে সমস্ত জিনিসটা লোয়ার দামুদরের অন্তর্ভুক্ত। এটা একটা বৃহৎ পরিকল্পনা।

শ্রীশৈলকুমার মুখোপাধ্যায়: আপনি বললেন কে'দুয়া খাল দিয়া আমতা বেসিন স্কীমের অন্তর্ভুক্ত অন্য স্কীমের কথা বললেন। তাহলে আপনার মতে এ অন্তর্ভুক্ত স্কীম কি অবস্থায় আছে। আবার বললেন করা হয় নি। আমি জিজ্ঞাসা করছি, আমতা বেসিন স্কীম যে স্কীমের অন্তর্ভুক্ত কে'দুয়া খাল একটা স্কীম সেটা কি শেষ হয়ে গেছে?

[1-40—1-50 p.m.]

শ্রীবিশ্বনাথ মুখার্জী: মাননীয় সদস্য যে কথা বলছেন, ও'র একটু বুঝতে ভুল হচ্ছে। কে'দুয়া খাল কাটার যে স্কীম হয়েছিল সেটা কমপ্লিটেড হয়ে গেছে এবং কিছু কিছু স্লুয়িস ইত্যাদি কাজ যা ছিল সেগুলিও কমপ্লিটেড হয়ে গেছে। কিন্তু আমতা বেসিন সম্বন্ধে পরিকল্পনা করা হচ্ছে এবং তার অনেকগুলি অংশ আছে। সে কাজগুলি করবার কথা ভাবছি এবং সেটা লোয়ার দামোদরের অন্তর্ভুক্ত। তখন লোয়ার দামোদর প্ল্যান কিছু ছিল না, সেই জন্য ঐটুকু কাজই কমপ্লিট করে তখনকার কাজ শেষ হয়ে গেছে। এখন আমরা নতুন করে টেক আপ করবার কথা ভাবছি।

শ্রীশৈলকুমার মুখার্জী: মাননীয় মন্ত্রিমহাশয় কি ভাবছেন যে, এই বাজেট ইয়ারেই এটা গ্রহণ করা যেতে পারে?

শ্রীবিশ্বনাথ মুখার্জী: আমি অংশতঃ গ্রহণ করব এবং লোয়ার দামোদর স্কীম অংশতঃ গ্রহণ করছি এবং আমতা বেসিন স্কীমও অংশতঃ গ্রহণ করব।

Land vested in Government in Beel Langalhata mouza

***139.** (Admitted question No. *382.)

শ্রী[illegible] রায়: ভূমি এবং ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বিল লাংগলহাটা মৌজায় কি পরিমাণ জমি সরকারে ন্যস্ত হইয়াছে; এবং

(খ) বর্তমানে ঐ জমি কাহাদের অধিকারে আছে?

Shri Hare Krishna Konar:

(ক) ও (খ) বিল লাংগলহাটা মৌজা পূর্ব হইতেই খাসমহল তৌজিভুক্ত।

বর্তমানে ১৮৮·৮৯ একর কৃষিজমি ২২৭ জন কৃষকের মধ্যে বাৎসরিক চুক্তিতে বণ্টন করা হইয়াছে; ২৬·৩২ একর জলাজমি মৎস্য চাষের জন্য ইজারা দেওয়া হইয়াছে এবং বাকি ৩৫৮·৮৯ একর জমি চাষের জমি অযোগ্য হওয়ায় পতিত রহিয়াছে।

শ্রীঅমলেন্দ্রলাল রায়: যে জমিগুলি চাষের অযোগ্য হয়ে পতিত পড়ে রয়েছে বলছেন, সেই জমিগুলিতে আমন ধানের চায না হলেও বোরো ধান চাষের জন্যও কি বিলি করা যায় না?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: জেলা থেকে যে উত্তরটা এসেছে সেটা দেখে আমার নিজেরও তাই মনে হয়েছে। এটা আমি তদন্ত করব এবং সম্ভব হলে নিশ্চয়ই চেষ্টা করব।

শ্রীঅমলেন্দ্রলাল রায়: যে জমিগুলি বিলি করা হয় সেগুলি বড় বড় জোতদারদের বিলি করা হয় কিনা, এ সম্বন্ধে আপনি কিছু জানেন কি?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: আমি আগের একটি প্রশ্নের উত্তরে বলেছি যে, অতীতে যাদের বিলি করা হয়েছিল তখন একরকম নিয়ম ছিল। সেই নিয়ম ঠিকমত ফলাফল করা হয়েছিল কিনা, সে প্রশ্ন এখন অবান্তর। আমি শুধু বলেছি যে, তাদের ক্ষেত্রে যদি অবাঞ্ছিত লোক পেয়ে থাকে বা তাদের সম্বন্ধে যদি অভিযোগ থাকে তাহলে সেগুলি আবার পুনর্বিবেচনা করে নতুন করে দিতে হবে, যা আমি আগেই বলেছি এবং আমাদের গভর্নমেণ্টও তাই বলেছেন। যদি এই রকম কোন নির্দিষ্ট অভিযোগ থাকে যে, যারা পাওয়ার উপযুক্ত নয় তারা পেয়েছে, সেই রকম কিছু ঘটনা আমার কাছে দিলে নিশ্চয়ই আমি তদন্ত করে প্রতিকার করার ব্যবস্থা করব।

Eviction of bargadars in Khejuri police-statian

***140.** (Admitted question No. *524.)

শ্রীবিমল পাইক: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬৬ সালের জানুয়ারী হইতে ১৯৬৭ সালের জানুয়ারী পর্যন্ত খেজুরী থানায় কয়জন বর্গাদারকে জোরপূর্বক উচ্ছেদ করা হইয়াছে বলিয়া সরকার অবগত আছেন?

Shri Hare Krishna Konar:

খেজুরী থানায় এইরূপ কোন বেআইনী উচ্ছেদের ঘটনা সরকারের গোচরীভূত হয় নাই।

Meetings in the Burdwan Collectorate Maidan

***141.** (Admitted question No. *195.)

শ্রীনারায়ণচন্দ্র চৌধুরী: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত মার্চ মাস হইতে বর্তমান সময় পর্যন্ত বর্ধমান কালেকটরেট ময়দানে রাজ্যের কয়জন মন্ত্রী সভায় ভাষণ দিয়াছিলেন;

(খ) সভা অনুষ্ঠান ও সভামঞ্চ নির্মাণের জন্য প্রত্যেক ক্ষেত্রে সরকারের অনুমতি লওয়া হইয়াছিল কিনা;

(গ) এই সভাগুলি অনুষ্ঠানের জন্য সরকারের কোন ব্যয় হইয়াছিল কিনা; এবং

(ঘ) ব্যয় হইয়া থাকিলে তাহা কত এবং কোন্ খাত হইতে ইহা খরচ করা হইয়াছে?

Shri Hare Krishna Konar:

(ক) উল্লিখিত সময়ের মধ্যে উক্ত ময়দানে দুইজন মন্ত্রী সভায় ভাষণ দিয়াছেন।

(খ) অনুষ্ঠিত সভা বর্ধমানে অবস্থিত রাজ্য সরকারী কর্মচারীদের সভা বলিয়া অনুমতির কোন প্রয়োজন ছিল না।

(গ) না, কোন ব্যয় হয় নাই।

(ঘ) প্রশ্ন উঠে না।

শ্রীনারায়ণচন্দ্র চৌধুরী: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে কোন্ কোন্ মন্ত্রী সেখানে ভাষণ দিয়েছিলেন?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: উপমুখ্যমন্ত্রী শ্রীজ্যোতি বসু ও ভূমি এবং ভূমি রাজস্ব মন্ত্রী শ্রীহরেকৃষ্ণ কোঙার।

শ্রীনারায়ণচন্দ্র চৌধুরী: আপনি বলেছেন যে সরকারী কর্মচারীদের সভার জন্য সরকারের কোন অনুমতির দরকার নেই, এটা কি ঠিক?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: আমি সরকারী কর্মচারীদের বলেছি যে তাঁরা রিকগনাইজড প্রতিষ্ঠান এবং তাঁরা জেলা ম্যাজিস্ট্রেটের সংগে কথা বলে এবং ম্যাজিস্ট্রেট সেখানে ডায়েসে উপস্থিত ছিলেন, এই অধিকার তাদের আমরা দিয়েছি।

শ্রীনারায়ণচন্দ্র চৌধুরী: এই অধিকার কতদিন আগে দেওয়া হয়েছে এবং লিখিতভাবে এটা দিয়েছেন কিনা?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: এটা লিখিত বা অলিখিত'র প্রশ্ন নয় এবং আমরা যেদিন সরকারে এসেছি সেদিন থেকে সরকারী কর্মচারীদের সম্বন্ধে আমাদের এই মনোভাব প্রকাশ্যে ঘোষণা করা হয়েছে এবং সেই অনুযায়ী কাজ করছি।

শ্রীমহারাজা বোস: আপনাদের মনোভাব ওরা কি করে জানলো, লিখিতভাবে না দিলে—যে সরকারী কর্মচারীরা কলেকটারের ময়দানে সভা করতে পারেন বিনা অনুমতিতে, এটা লিখিতভাবে না দিলে আপনাদের মনোগতভাব জেনে কি করে দিয়েছিলেন?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: যাঁরা বোঝবার তাঁরা ঠিক বুঝেছেন এবং যাঁদের করতে হবে তাঁরা ঠিক বুঝেছেন।

শ্রীমহারাজা বোস: এইরকমভাবে কোন কলেকটারেট ময়দানে কোন রাজনৈতিক জনসভা যদি হয় এবং কোন রাজনৈতিক দলের মন্ত্রী বা কোন নেতা যদি সেখানে যান সেই জন্য সেখানে বিনা অনুমতিতে সভা করতে পারেন?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: মাননীয় সদস্যের এটা জানা উচিত, যদিও তিনি নতুন যে ওখানে দুজন মন্ত্রী মিটিং করতে গিয়েছিলেন এবং কোন পার্টি বলে মিটিং হয়নি এবং মন্ত্রীদের অধিকার আছে মিটিং করবার।

শ্রীমহারাজা বোস: যেকোন দলের মন্ত্রী যদি পাবলিক মিটিং করেন তার জন্য কি কোন পার্মিশনের প্রয়োজন হবে না কলেকটারের কাছ থেকে ভবিষ্যতে?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: পার্টি মিটিং করলে বা সাধারণ সভা করলে নিশ্চয়ই অনুমতির দরকার আছে, তবে সরকারী কর্মচারীদের সভার অধিকার আছে এবং মন্ত্রিমহাশয়রা তাই সরকারী কর্মচারীদের সঙ্গে আলোচনা করার জন্য করেছেন। যেমন অফিসারদের সঙ্গে মিটিং করতে যদি হয় তাহলে আলাদাভাবে পার্মিশন নিতে হয় না তেমনি সরকারী কর্মচারীদের সঙ্গে, মিটিং করা যায়।

শ্রীমহারাজা বোস: যদি কোন রাজনৈতিক দল সভা করে এবং বলে আমাদের দলের অমুক মন্ত্রী এসে কলেকটরেটে মিটিং করবেন, যা পশ্চিম দিনাজপুরে হয়েছে তাহলে কি তার জন্য পার্মিশন নিতে হবে?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: আমাদের গভর্নমেণ্ট বা দলের কোন মন্ত্রী সেই কাজ করেননি বা করবেন না।

শ্রীমহারাজা বোস: অন এ পয়েণ্ট অব অর্ডার—গত ২৮এ মে তারিখে পশ্চিম দিনাজপুরে যখন কলেকটারেট ময়দানে বাংলা কংগ্রেসের সম্পাদক এবং ডেপুটি স্পীকার শ্রীহরিদাস মিত্র এবং শ্রীনিশীথ কুণ্ডু মহাশয়, তাঁদের যখন মিটিং হয় এবং সেই সময় ডিক্লেয়ার করা হয়েছে যে পি. এস. পি, মন্ত্রিমহাশয়ের সভা এবং বাংলা কংগ্রেসের সভা?

Mr. Speaker: I disallow your point. It has no relevency.

শ্রীমতী শাকিলা খাতুন: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে সেই মিটিং কে কনভেন করেছিল?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: সরকারী কর্মচারীদের কোঅর্ডিনেসন কমিটি।

শ্রীমতী শাকিলা খাতুন: সেই মিটিং-এ কোন পার্টির ফ্ল্যাগ ছিল কি?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: কোন পার্টির পতাকা ছিল না, সরকারী কর্মচারীদের কোঅর্ডিনেশন কমিটির ফেষ্টুন ছিল।

শ্রীকামাক্ষাচরণ ঘোষ: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে জেলা শাসক গোমেজের সভাপতিত্বে কংগ্রেসের যে মিটিং কনভেন করা হয়েছিল সেই রকম অনুমতি কি এখনও পাওয়া যায়?

Mr. Speaker: You need not answer it.

শ্রীমহারাজা বোস: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে সরকারী কর্মচারীদের কোঅর্ডিনেশন কমিটির আহ্বানে সেই সভা হয়েছিল এবং সভার যে আলোচনা বিষয় ছিল সেটা কি সরকারী কর্মচারীদের ব্যাপার নিয়ে?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: সেখানে আলোচনার বিষয় ছিল সরকারী কর্মচারীদের সঙ্গে মন্ত্রি-সভা যে নতুন সম্পর্ক প্রতিষ্ঠা করতে যাচ্ছে সেটা সহকর্মীর সম্পর্ক সে সম্বন্ধে মন্ত্রিসভার যে নীতি সেটা তাদের কাছে ব্যাখ্যা করা এবং তাদের যে সমস্ত অভাব রয়েছে, যে সমস্ত দাবি রয়েছে সেটা সম্বন্ধে সরকার কি বিবেচনা করছেন সেইগুলো তাদের কাছে বলা।

Dr. Gopika Ranjan Mitra:
মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন, যে সভায় যে লিফলেট বিলি করা হয়েছিল, তাতে জনসভার কথাই বলা হয়েছিল?

Shri Hare Krishna Konar:
সরকারী কর্মচারীদের সভা তো জনসভাই বটে।

Egra-Dantan Metalled Road

***142.** (Admitted question No. *261.)

শ্রীবিভূতি পাহাড়ীঃ পূর্ত ও সড়ক বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, যে মেদিনীপুর জেলার এগরা হইতে দাঁতন পর্যন্ত মেটাল্ড রোড করিবার জন্য একটি সরকারী পরিকল্পনা আছে?

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ঐ রাস্তা এগরা থানার কোন্ কোন্ গ্রামের ভিতর দিয়া ও দাঁতন থানার উল্লেখযোগ্য কোন্ কোন্ গ্রামের উপর দিয়া যাওয়ার সম্ভাবনা আছে; এবং

(২) কবে নাগাদ ঐ রাস্তা নির্মাণের কাজ শুরু হইতে পারে?

[1-50—2 p.m.]

Shri Hemanta Kumar Basu:

(ক) না।

(খ) (১) এবং (২) প্রশ্ন উঠে না।

Shri Bibhuti Pahari:

মন্ত্রিমহাশয় জানাবেন কি—এগরা থেকে দাঁতন পর্যন্ত মেটাল রোড হলে এগরা, পটাসপুর ও দাঁতনের অধিবাসীরা উপকৃত হবেন?

Shri Hemanta Kumar Basu:

তা হতে পারে। ঐ পরিকল্পনায় যে টাকা ব্যয় হবে, সে টাকা আমাদের নাই। সেই জন্য এটা গ্রহণ করা সম্ভব হয়নি।

Shri Bibhuti Pahari:

মন্ত্রিমহাশয় কি অবগত আছেন, এগরা এবং পটাসপুর থানার লোকের দাঁতন যেতে হলে প্রায় ৩০।৪০ মাইল রাস্তা মেটাল রোড ঘুরে যেতে হয়?

Shri Hemanta Kumar Basu:

তা আমি জানি। খুবই অসুবিধা হয়।

Widening of the Howrah-Amta Road

***143.** (Admitted question No. *376.)

শ্রীআহমদ হোসেন মন্ডলঃ পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হাওড়া জেলার হাওড়া-আমতা রোড প্রশস্ততর করিবার জন্য একটি সরকারী পরিকল্পনা আছে;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ঐ রাস্তার পার্শ্ববর্তী জমি সরকার কর্তৃক দখল লওয়া হইয়াছে কিনা;

(২) দখল লওয়া হইলে, কোন্ বৎসর দখল লওয়া হইয়াছে; এবং

(৩) অদ্যাবধি ঐ রাস্তা প্রশস্ততর করার কাজ আরম্ভ না হওয়ার কারণ কি?

Shri Hemanta Kumar Basu:

(ক) ইহা বিবেচনাধীন আছে।

(খ) (১) না।

(২) এবং (৩) প্রশ্ন উঠে না।

Dr. Ranjit Ghosh Chowdhury:
জমি দখল না করে কি রাস্তা প্রশস্ত করতে পারবেন?

Shri Hemanta Kumar Basu:
না, তা সম্ভব নয়।

Dr. Ranjit Ghosh Chowdhury:
কবে নাগাৎ ঐ পরিকল্পনা কার্যকরী করবেন?

Shri Hemanta Kumar Basu:
তা এখন বলতে পারছি না।

Road construction in Gosaba police-station

***144.** (Admitted question No. *546.)
শ্রীগিরিন্দ্রনাথ মণ্ডল: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত বিশ বছরে ২৪-পরগনার গোসাবা থানার কোন অংশে কোন সরকারী রাস্তা নির্মিত হইয়াছে কিনা; এবং

(খ) যদি না হইয়া থাকে তবে অদূর ভবিষ্যতে এই থানার এলাকায় কোন সরকারী রাস্তা নির্মাণের পরিকল্পনা আছে কিনা?

Shri Hemanta Kumar Basu:

(ক) হ্যাঁ, হয়েছে। কয়েকটি রাস্তার নির্মাণকার্য এখনো শেষ হয় নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

Shri Amalendu Lal Roy:
গোসাবা থানায় ডিসঅনেস্টি ইজ দি বেস্ট পলিসি বলে কোন রাস্তা আছে কি?

Mr. Speaker:
ওটা পরে দেখা যাবে।

UNSTARRED QUESTIONS

(to which written answers laid on the table)

Mob-violence in Mangla Hat, Howrah

54. (Admitted question No. 151.) **Shri Mrityunjoy Banerjee:** (a) Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state if it is a fact that on 26th May, 1967, a group of men forced the gate of Mangla Hat, Howrah, led by Md. Ilias, ex-M.P., although there was an order under section 144, Cr. P. C. in the area?

(b) If the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state—

(i) what were the grievances that led to this mob action; and

(ii) why no steps were taken by Police to prevent this mob action?

The Minister for Home (Police):

(ক) গত ২৬এ মে তারিখে এইরূপ কোন ঘটনা ঘটে নাই। তবে গত ২২এ মে তারিখে এইরূপ একটি ঘটনা ঘটে।

(খ) (১) ও (২) গত ২২এ মে, ১৯৬৭ তারিখে হাওড়া শহরে যে গোলযোগ হয় তাহার প্রকৃতি, কারণ, পরিস্থিতি এবং ফলাফল ইত্যাদি বিষয়ে অনুসন্ধানের জন্য একটি তদন্ত কমিশন নিয়োগ করা হইয়াছে। এই তদন্ত কমিশন এইসব বিষয়ে অনুসন্ধান করিতেছেন।

Hail-storm affected villages of West Dinajpur in April, 1967

55. (Admitted question No. 167.) **Shri Syama Prasad Barman:** Will the Minister-in-charge of the Relief Department be pleased to state—

(a) the names of the villages of the West Dinajpur district specially Raiganj and Hemtabad thanas badly affected by hail-storm in the month of April, 1967;

(b) the number of families affected;

(c) the number of petitioners praying for relief in the shape of loan and grants; and

(d) the amount of money spent so far on account of loan and grant?

The Minister for Relief: (a) Sherpur, Brahmapur, Khoksa, Banmagra, Sovanpur, Shibpur, Rolegaondadpur, Mathurapur, Kokra, Patal Mukundapur, Rautgram, Dharail, Rampur, Najirpur, Adior, Kumargari, Arthagram, Lohugara Giyas, Bastore, Durgapur, Dhuaria, Jagadishpur, Janiadumaria, Runia Basian, Lokhama, Kasba, Mahasay, Kasura, Baha-borabor, Krishnapur, Marigram and Bisrail of Raiganj P.S.

Tatihi Siripur, Baisoldi mouzas in Bishnupur Anchal, twenty-three mouzas in Hemtabad Anchal and Baliagaon, Araji Dudhanda and Doharoi mouzas in Bangalbari Anchal under Hemtabad P.S.

(b) 1,712.

(c) 1,921.

(d) Loan: Rs. 27,840.

H.B. Grant Rs. 13,275.

G.R.— { Cash—Rs. 1,500.
Kind—Rs. 30 quintals of wheat.

Bahadurpur-Marut section of Badsahi Sarak in Kandi subdivision

56. (Admitted question No. 252.)

শ্রীঅমলেন্দ্রলাল রায়: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি–

(ক) ইহা কি সত্য যে কান্দী মহকুমার বাদশাহী সড়ক নামে খ্যাত রাস্তাটির বরোয়া থানার মধ্যবর্তী অংশের কাজ (বাহাদুরপুর হইতে মারুট পর্যন্ত) দীর্ঘকাল যাবৎ বন্ধ আছে;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি; এবং

(গ) এই অংশের কাজ পুনরায় কবে আরম্ভ হইবে এবং কবে শেষ হইবে?

The Minister for Public Works (Roads):

(ক), (খ) এবং (গ) বাদশাহী সড়কের বর্তমান পথরেখা অনুসরণ করিলে ময়ূরাক্ষী নদীর দুইটি শাখার উপর তিনটি বিরাট সেতু নির্মাণ করিতে হয় যাহা বিশেষ ব্যয়সাধ্য। এইজন্য বাদশাহী সড়কের পরিবর্তে নূতন কোন পথরেখা বাহির করা যায় কিনা তাহা বিচার-বিবেচনাধীন থাকায় কাজে বিলম্ব ঘটিতেছে। নূতন পথরেখা স্থিরিকৃত হওয়ার উপর পুনরায় কাজ আরম্ভ ও শেষ হওয়া নির্ভর করিতেছে।

Rural Water Supply in Jamalpur police-station

57. (Admitted question No. 316.)

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার জামালপুর থানায় ১৯৬২, ১৯৬৩, ১৯৬৪, ১৯৬৫ ও ১৯৬৬ সালে মোট কয়টি নূতন টিউবওয়েল কোথায় কোথায় বসানো হইয়াছে;

(খ) ১৯৬৭ সালে বর্ধমান জেলার জামালপুর থানায় নূতন টিউবওয়েল বসানোর প্রস্তাব আছে কিনা; এবং

(গ) প্রস্তাব থাকিলে সেগুলি কোন স্থানে কয়টি করিয়া বসানো হইবে?

The Minister for Health:

(ক) ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪, ১৯৬৪-৬৫, ১৯৬৫-৬৬, ১৯৬৬-৬৭ ও ১৯৬৭-৬৮ সালে স্থাপিত ও পুনস্থাপিত নলকূপের হিসাব সম্বলিত বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

(খ) হ্যাঁ, আছে।

(গ) নিম্নে বর্ণিত স্থানগুলিতে ১টি করিয়া নলকূপ বসাইবার প্রস্তাব আছে। পারুজীরপুর মুইদিপুর, উজীরপুর, কৃষ্ণরামপুর, বলরামপুর, হরিপাড়া, জামুদই, দন্ডপাড়া, কণকপুর উত্তরপাড়া।

Calling Attention to matters of urgent public importance

Mr. Speaker: The Minister-in-charge of Home (Police) Department will please make a statement on the subject of raid upon worker's quarters of Kuardih Colliery, police-station Raniganj, district Burdwan, called attention by Shri Dilip Kumar Mazumdar on the 8th July, 1967.

Shri Subodh Kumar Banerjee: Mr. Speaker, Sir, I have been asked by the Chief Minister to make a statement with your permission. The whole matter is sub judice. So, no statement can be made at this stage.

Mr. Speaker: I have received five notices of Calling attention on the following subjects, namely:—

(1) Alleged 'Gherao' of Kharagpur police station led by Shri Narayan Chaubey, M.L.A., and subsequent suspension of the thana Second Officer on the 9th July, 1967—from Shri Abdus Sattar;

(2) Alleged looting of rice by members of Food Committee of police-station Gosaba, district 24-Parganas—from Shri Girindra Nath Mondal;

(3) Acute food crisis in Malda— from Dr. Golam Yazdani and two others;

(4) Acute scarcity of food in Asansol subdivision—from Dr. Gopika Ranjan Mitra; and

(5) Death of cattle in village Harishpur of 24-Parganas— from Shri Girindra Nath Mondal.

I have selected the notice of Shri Abdus Sattar on the subject of alleged 'Gherao' of Kharagpur police-station led by Shri Narayan Choubey, M.L.A., and subsequent suspension of the thana Second Officer on the 9th July, 1967. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible or give a date for the same.

Shri Subodh Kumar Banerjee: Next Monday.

Message

The Secretary (Shri P. Roy): Sir, a Message has been received to the effect that the Council at its meeting held on the 10th July, 1967, has agreed to the Motor Vehicles (West Bengal Third Amendment) Bill, 1967, without any amendment.

Sir, I lay the message on the table.

Shri Dilip Kumar Majumdar:

আমি স্যার, একটি কলিং অ্যাটেনসন মোসান মুভ করেছিলাম। সে সম্পর্কে মিনিষ্টার জবাব দিয়েছেন, , ওটা সাবজুডিস আছে, তাই কোন জবাব হবে না। এটা ডিস্‌ক্রিমিনেসন হচ্ছে। ইতিপূর্বে একটা কলিং অ্যাটেনসন দেওয়া হয়েছিল, যদিও ম্যাটারটা সাবজুডিস ছিল, তবুও চীফ্‌মিনিষ্টার সে সম্বন্ধে একটা বিবৃতি দিয়েছিলেন, কিন্তু আমার বেলায় কেন সে রকম একটা বিবৃতি বা রিপ্লাই দেওয়া হচ্ছে না? তাতে আমি মনে করি আমাকে অধিকার থেকে বঞ্চিত করা হচ্ছে। আমি দাবি করছি আপনি মন্ত্রিমহাশয়কে আমার এই কলিং অ্যাটেনসন সম্পর্কে একটা বিবৃতি দিতে বলুন।

Mr. Speaker: A statement has been made by the Chief Minister. The matter ends there. I have nothing to do in the matter. When the Hon'ble Minister has said that as the matter is sub-judice, he cannot give any information, I cannot force him to do it. However, I shall look into the matter and try to help you.

Dr. Copika Ranjan Mitra:

স্যার, আমি যে মোসানটা দিয়েছিলাম সেটা কি ডিসএলাউ হয়েছে সাবজুডিস্‌ বলে?

DEMAND FOR GRANT NO. 50

TOTAL DEMAND—Rs. 24,52,68,000

Major Head: 124—Capital Outlay on Schemes of Covernment Trading

Dr. Prafulla Chandra Ghosh: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 18,15,96,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No 50, Major Head: 124—Capital Outlay on Schemes of Government Trading.

(Rs. 6,36,72,000 has already been voted on account)

This Head of Account mainly relates to grain purchase schemes of the Food and Supplies Department as also its other miscellaneous schemes like purchase of sugar. Grain and Sugar Purchase Schemes account for as much as Rs. 21,05,33,000 out of the total demand under the grant of

Rs. 24,52,68,000. The schemes of other Departments included under this grant account for the balance of Rs. 3,47,35,000 of which supply of food-stuffs to the Police Force and whole time N.V.F. Personnel at concession rates is responsible for as much as Rs. 2,68,00,000.

In March, 1967, a total demand of Rs. 19,10,18,000 was placed before the Legislature under this Head of account, out of which the Legislature sanctioned a sum of Rs. 6,36,72,000 on account. The additional provision of Rs. 5,42,50,000 is required mainly for payment of Rs. 5,40,000 to the Food Corporation of India on account of supply of foodgrains made by the Food Corporation of India mostly during the previous financial year.

The provision in respect of the schemes under the control of the Food and Supplies Department is required mainly to cover arrear payments to the Food Corporation of India and other parties and adjustment of the expenditure incurred out of the Personal Ledger Accounts of District Procurement Officers during previous years.

Members are perhaps aware that the Food Corporation of India took over from the State Government on 12th December, 1966, the function of procurement, both internal and external, and distribution of foodgrains up to the wholesale stage. The wholesale distribution of foodgrains in the Calcutta Industrial Area was retained by the State Government for some time till the Food Corporation of India took it over from the 3rd April, 1967. The Food Corporation of India has also taken over from 23rd June, 1967, a small portion of the responsiblities for sugar distribution at the wholesale stage.

[2—2-10 p.m.]

DEMAND FOR GRANT NO. 17

TOTAL DEMAND—Rs. 3,71,00,000

Major Head: 26—Miscellaneous Departments—Excluding Fire Services

Dr. Prafulla Chandra Ghosh: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,45,79,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 17—Major Head: "26—Miscellaneous Departments—Excluding Fire Services".

(Rs. 1,25,21,000 has already been voted on account.)

The budget estimate presented to the Legsilature in March, 1967, under this Head was Rs. 3,75,64,000, of which the demand for the Food and Supplies Department was as much as Rs. 2,90,39,700 excluding medical, house rent, childern's education allowances and additional dearness allowance. The total has now come down to Rs. 3,71,00,000. There will be a saving of Rs. 41 lakhs due to abolition of inter-district and inter-district cordoning under the new food policy and transfer of some work of the Rationing Directorate to the Food Corporation of India from April, 1967. At the same time there will be an additional expenditure of Rs. 36.36 lakhs on account of grant of additional dearness allowance to the employees with effect from 1st May, 1967. Against this total of Rs. 3.71 crores, the balance requiring to be sanctioned now, after taking into account Rs. 1,25,21,000 already voted on account, comes to Rs. 2,45,79,000.

Besides the two major heads of "Food" and "Supplies", there is a number of small items such as administration of Indian Partnership Act, Bengal Money Lenders' Act, Citizenship Act, as well as for meeting the

administrative expenditure of a number of small offices, e.g., Housing Directorate, Estate Directorate, Controller of Rent, etc. These minor heads together are responsible directly for a sum of Rs. 44,00,300 for the whole year.

For grant of medical, house rent, childrens' education allowances and for additional dearness allowance sanctioned during 1966-67, a total provision of Rs. 41.24 lakhs will be necessary. Also, due to sanction of additional dearness allowance during the current year with effect from 1st May, 1967, a provision of Rs. 36.36 lakhs will be necessary. These items of allowances will cover all the offices and departments included under this head of account, the bulk naturally going to the Food and Supplies Department.

Members are aware of the extremely difficult food situation which West Bengal is facing this year. The yield of our main cereal crop, viz., Aman has been lower this year than last year. Last year we got from the Centre 15.9 lakh tons of rice and wheat in addition to 32 thousand tons of milo. This year, in spite of a lower Aman yield with more mouths to feed, we asked the Central Government for only 15 lakh tonnes, having regard to the difficult food situation in many other States of India The Centre has so far failed to promise any assistance beyond the average supply of 15 thousand tonnes of rice and 75 thousand tonnes of wheat per month, which would mean a total assistance of less than 11 lakh tonnes Even these inadequate supplies have not been reaching West Bengal regularly in time. The total supply received this year up to 30th June, 1967, amounted to only 4.99 lakh tonnes, consisting of 87 thousand tonnes of rice, 4.07 lakh tonnes of wheat and 4.6 thousand tonnes of milo. By the end of June, 1967, even on the basis of the monthly supplies promised by the Centre, we should have received at least 5.4 lakh tonnes of cereals this year, consisting of 90 thousand tonnes of rice and 4.5 lakh tonnes of wheat. These short-falls in receipts from the Centre are causing considerable difficulties Already the rice scale under statutory rationing has had to be reduced from 750 gms to 500 gms. per adult per week.

The position regarding internal procurement is also not satisfactory. The previous Ministry gave up their earlier efforts to procure a substantial quantity, when they changed their food policy for the current year. The present Ministry raised the procurement prices of paddy by Rs. 5 per maund and has been trying to procure internally as much as possible. To increase the procurement price prior concurrence of the Government of India was necessary. This took time and, therefore, this Government could not formulate the procurement policy before the end of March, 1967. The main difficulty, however, is that this new procurement drive has inevitably come much too late, the main procurement season being over in March, 1967. During January and February, 1967, only 41.6 thousand tonnes of rice was procured by the previous Government. However, de-hoarding orperations alone have brought more than 18 thousand tonnes in terms of rice into Government hands from the beginning of May, 1967 The total internal procurement this year up to 10th July, 1967, amounted to 97.7 thousand tonnes in terms of rice. The quantity procured since 7th April, 1967, under the new food policy has amounted to 42.3 thousand tonnes in terms of rice. As a result of intensification of procurement drive and de-hoarding operations, 14.4 thousand tonnes of rice have been procured in June, 1967, against 12.2 thousand tonnes procured last year. One of the reasons for short supply in the open markets and sharp rise in prices is the interference by anti-social elements of lawful movement of foodgrains from

the surplus areas to the deficit areas within the State. The State Government have issued instructions to the police and the District Officers to deal with these anti-social elements firmly.

In order to tackle the extraordinary situation caused by unreasonably high prices, the State Ministry has recently introduced statutory price control on retail sales of rice and paddy throughout the State and is also proceeding vigorously against hoarders, profiteers and other anti-social elements. Producers who have failed to submit the prescribed returns and/or have dispersed their stocks unlawfully, millers trying to evade levy or other obligations, traders indulging in corrupt practices and other anti-social elements like smugglers and profiteers are being proceeded against vigorously not only under the ordinary law but also under the Preventive Detention Act. Already detention orders under the P. D. Act have been issued against 139 producers, 9 millers, 79 traders and 85 other persons indulging in anti-social activities. Apart from the Detention Orders under the P. D. Act, 1898, prosecutions have been started against violators of food laws of all types under the ordinary law and 148 arrests have been made in accordance with the present enforcement policy of Government.

In spite of the difficulties caused by belated arrivals of Central supplies, the State Government have arranged to distribute as much as 48,000 tonnes of rice, wheat, milo, barley and gram in the districts outside the statutory rationing areas in July, 1967, against only 28.4 thousand tonnes distributed in June 1967. These 48,000 tonnes of cereals of foodgrains will benefit 124 lakh people in July 1967 in the districts at the rate of 1 kg. per adult per week.

We are passing through a very difficult food situation. From what I have said, members will, no doubt, appreciate that the West Bengal Ministry is doing all that is possible in the circumstances prevailing at present On a number of occasions, the State Government contacted other States direct (such as, Punjab, Andhra, Madras, Orissa, Madhya Pradesh, etc), and arranged to obtain supplies from them, the Central Government, including such supplies at a later stage within the ceilings of assistance promised by them. Internally, we are rounding up all anti-social elements, who are interfering with the maintenance of essential supplies. In view of all this, the present West Bengal Ministry can reasonably expect to obtain co-operation from all sections of this House. Such co-operation will help us tide over the present crisis, as it will strongly reinforce the wide public support which the State Ministry is already enjoying in an abundant measure.

এরপর আমি আর বিশেষ কিছু বলতে চাই না, কারণ কাট মোসান আছে বিভিন্ন বক্তারা বললে পরে আমি নোট করে প্রত্যেক পয়েন্ট বাই পয়েন্ট আমি জবাব দিতে চেষ্টা করব।

[2-10—2-20 p.m.]

Mr. Speaker: All the cut motions of the two Grants are in order and are taken as moved.

The following cut motions were taken as moved on Demand for Grant No. 50--Major Head: 124—Capital Outlay on Schemes of Government Trading.

Shri Promatha Nath Dhibar: That the demand be reduced to Re. 1.

Dr. Ranjit Ghosh Chowdhury: That the demand be reduced to Re. 1.

Shri Panchanan Sinha Ray: That the demand be reduced to Re. 1.

Shri Joynarayan Sharma: That the demand be reduced to Re. 1.

Shrimati Nurunessa Sattar: That the demand be reduced to Re. 1.

Shri Maharaja Bose: That the demand be reduced to Re. 1.

Shri Arun Kumar Moitra: That the demand be reduced to Re. 1.

Dr. Md. Fazle Hoque: That the demand be reduced to Re. 1.

Shri Sachindra Mohan Nandy: That the demand be reduced to Re. 1.

Shri S. M. Abdullah: That the demand be reduced to Re. 1.

The following cut motions were taken as moved on Demand for Grant No. 17—Major Head: 26—Miscellaneous Departments—Excluding Fire Services.

Shri Probhakar Pal: That the demand be reduced to Re. 1.

Shri Puranjoy Pramanik: That the demand be reduced to Re. 1.

Shri Narayan Chandra Choudhuri: That the demand be reduced to Re. 1.

Dr. Ranjit Ghosh Chowdhury: That the demand be reduced to Re. 1.

Dr. Gopika Ranjan Mitra: That the demand be reduced by Rs. 100.

Shri Abdul Latif: That the demand be reduced by Rs. 100.

Shri Puranjoy Pramanik: That the demand be reduced by Rs. 100.

Shrimati Abha Maiti:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় খাদ্য মন্ত্রিমহাশয় আজকে তাঁর দপ্তরের বরাদ্দের জন্য যে প্রস্তাব এখানে পেশ করেছেন সেই প্রস্তাবের বিরোধিতা করতে উঠে আমি কয়েকটি বিষয় এখানে উল্লেখ করতে চাইছি। নতুন সরকার গঠিত হওয়ার পরে সাধারণ নির্বাচনের পরে নতুন সরকার যে খাদ্য নীতি ঘোষণা করেছিলেন তাতে তাঁরা আশা প্রকাশ করেছিলেন এবং পশ্চিম বাংলার জনসাধারণ আশা প্রকাশ করেছিলেন যে, আজকে যে ধরনের কথা তার বক্তৃতাতে শুনতে পেলাম সে ধরনের ঘটনা, সে ধরনের অবস্থা পশ্চিম বাংলায় দেখা দেবে না। বিগত এপ্রিল মাসে বিধানসভার অধিবেশনে যে খাদ্যনীতি তিনি ঘোষণা করেছিলেন সে খাদ্যনীতিতে তিনি বলেছিলেন যে স্বীকার করেছিলেন যে পশ্চিম বাংলা খাদ্যে স্বাবলম্বী নয় এবং পশ্চিম বাংলায় পর পর দুই বছর খরা হওয়ার ফলেতে যে দুরবস্থা দেখা দিয়েছে সেই দুরবস্থাকে দূর করার জন্য যে নতুন খাদ্যনীতি ঘোষণা করেছিলেন এবং সেই খাদ্যনীতিতে তিনি বলেছিলেন যে কতকগুলি কাজ তিনি গ্রহণ করবেন—সেই কাজগুলির মধ্যে ছিল জেলার অভ্যন্তরে এবং আন্তঃজেলা কর্ডন তিনি উঠিয়ে দেবেন। কলকাতা এবং অন্যান্য বিধিবদ্ধ রেশন এলাকায় এখনকার মত রেশন ব্যবস্থা চালু থাকবে, বর্তমান লেভী প্রথা আগে যা ছিল তা রহিত করে দেবেন। ধান চালের সংগ্রহ মূল্য বাড়িয়ে দেবেন। এবং ধান চালের সংগ্রহমূল্য বাড়ানোর সঙ্গে সঙ্গে যেটা বিতরণ করবেন তার দাম তিনি বাড়াবেন না। এবং ঘাটতি এলাকাতে যে ধান চাল সংগ্রহ হবে সেই এলাকায় থাকবে এবং বাকী যেসব অঞ্চলে সংগ্রহ হবে তার ½ অংশ সেই স্থানে ব্যবহারের জন্য থাকবে। বিধিবদ্ধ রেশন এলাকা এবং প্রদেশ তাঁরা কর্ডন করবেন এবং গ্রামাঞ্চলে তারা আশা করেছিলেন দাম বাড়িয়ে দেবার ফলে সরকারী দামের কাছাকাছি ধান চালের দাম এখানে থাকবে। আমরা এখন দেখতে পারি যে তিনি যে নীতি তখন স্থির করেছিলেন এবং যে নীতি বিগত চার মাস পশ্চিম বাংলায় চালু রয়েছে, আজকে আমরা বিচার করে দেখব যে সেই নীতির ফলে পশ্চিম বাংলা কোথায় এসে দাঁড়িয়েছে।

মাননীয় স্পীকার মহাশয়, আমি নিজের কথা বলতে চাই না যেসব সংবাদপত্রে রোজ সংবাদ বেরুচ্ছে তার দুটি একটি আপনার সামনে তুলে ধরে আমি এই কথাই বলতে চাইব যে তাঁর এই নীতি কতটা কার্যকরী হয়েছে এই সভার সদস্যরা তার বিবেচনা করবেন এবং বাইরে

জনসাধারণও তা বিবেচনা করবেন। আজকের আনন্দবাজার পত্রিকা যদি আপনি দেখেন তাহলে দেখবেন যে "ভাত তরকারী লুঠ" বলে শিরোনামায় কি সংবাদ বেরিয়েছে। সে সংবাদটি ক্যানিং থেকে এসেছে। তাতে বলছে "সম্প্রতি বাসন্তী থানায় ১১ নং কুমড়াখালি গ্রামে শ্রীতারাপদ গঙ্গোপাধ্যায়-এর গৃহে পাঁচ ছয়শত ক্ষুধার্ত মানুষ হানা দেয়. এদের মধ্যে অধিকাংশই আদিবাসী স্ত্রীলোক। শ্রী গঙ্গোপাধ্যায় প্রথমে বাধা দেন, কিন্তু জনতা তাকে আহত করে রান্নাঘরে ঢুকে ভাত ও রান্না করা তরকারী সব খেয়ে ফেলে। শিশু সন্তানের জন্য রক্ষিত দুধও তারা খেয়ে ফেলে। বাড়ীতে আড়াই বস্তা চাল ছিল তা তারা লুঠ করে নিয়ে যায়।"

মাননীয় স্পীকার মহাশয়, মুর্শিদাবাদ জেলায় কাঁদি মহকুমায় একটি উদ্বৃত্ত অঞ্চল সেটা আপনি জানেন। সেই অঞ্চলের একটি সংবাদও দেখতে পাচ্ছি। সেখানে বলছে "মুর্শিদাবাদ জেলার খাদ্য ভাণ্ডার কাঁদি মহকুমায় গ্রামাঞ্চল থেকে খাদ্যাভাবের মর্মান্তিক সংবাদ পাওয়া যাচ্ছে"। এক কেজি ধান এক টাকা। কিছুদিন হোল খোলা বাজারে চাল নেই। মাননীয় স্পীকার মহোদয়, আমাদের খাদ্যমন্ত্রী মহাশয় সুতাহাটা থানায় বাস করেন—সুতাহাটা থানা সম্পর্কে তাঁর জানা রয়েছে। সেখানে হলদিয়া অঞ্চলের একটা সংবাদ বেরিয়েছে। এই অঞ্চলে দারুন খাদ্যাভাব দেখা দিয়েছে। শতশত পরিবারের তিন চার বেলার বেশী ভাত জোটে না। বিকল্প খাদ্য পচা আটা কলমি ও অন্যান্য শাক। মাননীয় স্পীকার মহোদয় আমি আরও দেখাতে পারি যে পশ্চিম বাংলার বর্তমান সরকারের বেসরকারী মুখপত্র যাকে বলে বসুমতী—সেই বসুমতীতে একটা সংবাদ দেখছি ২৫এ আষাঢ়ে। তাতে বলছেন যে গ্রামের কৃষকদের পেটে ভাত নেই. বাগনানে ৮ই জুলাই খবরে বলছে যে আমরা কি খেতে পাবো না কেউ দু তিনদিন কেউ তিন চারদিন চাল আটার মুখ দেখেনি—কিছু চাল জোগাড় করে দিতে পারেন। করুন আবেদন জানালো আমতা থানার এক গ্রামে এবং সেখানকার নরনারীদের এই অবস্থা রেশনের মাধ্যমে চাল আটা কিছু নেই শামুক ঝিনুক পাটপাতা সিদ্ধ করে খেয়ে শিশু বৃদ্ধ সকলে না মরিয়া কঙ্কালসার হইয়া বাঁচিয়া আছে। রায়গঞ্জের খবরে দেখবেন অন্নের জন্য হাহাকার—আর্তের করুণ আর্তনাদে আকাশ-বাতাস মুখরিত করেছে; পথে পথে কংকালসার মানুষগুলোর শোভাযাত্রা গৃহস্থের বাড়ীতে ভিক্ষার প্রত্যাশী। কিন্তু ভিক্ষা দেবার ক্ষমতা নেই আজ আর কারও। মজুরেরা আজ কর্মশক্তি হারিয়ে একটু ফ্যানের জন্য ঘুরে বেড়াচ্ছে। স্থান বিশেষে ফ্যানও দুষ্প্রাপ্য। মেদিনীপুর জেলার যদি খবর দেখেন তাহলে দেখবেন যে মেদিনীপুরের গ্রামে গ্রামে খাদ্যাভাব ক্রমশঃ প্রকট হয়ে উঠছে। ধান ও চালের মূল্য ক্রয় ক্ষমতার বাইরে। জেলার সর্বত্র গণ-কমিটি নামধারী কতিপয় সমাজবিরোধী ব্যক্তি চাল ও ধান লুঠ করবার ফলে বাধার সৃষ্টি হয়েছে। শহরাঞ্চলে ধান ও চাল দুষ্প্রাপ্য হয়েছে. ইত্যাদি খবর রোজ সংবাদপত্র খুললে আপনি দেখতে পাবেন। আমি একথা বলতে চাচ্ছি যে এই খাদ্যনীতির ফলে আজকে ধান চালের দাম বেড়েছে ধান চাল দুষ্প্রাপ্য হয়েছে এবং তার ফলে পশ্চিম বাংলার মানুষ আজকে আষাঢ় মাসে—এখনও শ্রাবণ, ভাদ্র, আশ্বিন, কার্তিক মাস রয়েছে এই আষাঢ় মাসে আজকে এই অবস্থায় এসে পড়েছে। তিনি ধান চালের দাম বাড়িয়েছিলেন খুব ভাল কথা—কৃষক কিছু বেশী পয়সা পাবে এবং তিনি আশা করেছিলেন যে আজকে পশ্চিম বাংলায় যে ধান চালের দাম, সেই ধান চালের দাম তাদের বাড়ানো ধান চালের দামের কাছাকাছি থাকবে। আজ পশ্চিম বাংলার মাননীয় খাদ্যমন্ত্রী কি বলতে পারবেন যে পশ্চিম বাংলার কোন জায়গাতে ২১. ২২. ২৩ টাকায় ধান পাওয়া যায় কিংবা ধান আছে—তা বলতে পারবেন না! আজকে সর্বত্র ১০০ টাকা কুইনটল অবধি দর উঠেছে। কি মেদিনীপুর, কি বর্ধমান, কি বীরভূম যাকে আমরা উদ্বৃত্ত জেলা বলে থাকি সেই জেলাতে আজকে ৪০ টাকার উপর ধানের মণ হয়েছে। সুতরাং তাঁরা যে ধান চালের দর বাড়িয়ে ভেবেছিলেন যে ধান চালের দরকে স্থিতাবস্থায় আছে। আমি বলবো তা তাঁরা পারেন নি। তাঁদের ভুল খাদ্যনীতির ফলে আজকে ধান চালের দাম এতো বেশী হয়েছে। তাঁরা কর্ডন উঠিয়ে-ছিলেন, ভাল কথা। আমরা জানি যে কর্ডন কিংবা লেভি তিনি না উঠিয়ে পাবেন না। কারণ নির্বাচনের সময় তাঁরা শ্লোগান দিয়েছিলেন—মাননীয় খাদ্যমন্ত্রী মহোদয়, ১৯৬৬ সালে সুতা-হাটায় একটা সভা করেছিলেন জোতদারদের আমি তার একটা প্যাম্পলেট দেখেছিলেন এবং তাতে তিনি লেভি প্রথার তীব্র নিন্দা করেছিলেন, কর্ডন প্রথা উঠিয়ে দেওয়া উচিত এই কথা তিনি বলেছিলেন। তাঁর প্রতিশ্রুতি তিনি রক্ষা করেছেন ঠিক। কিন্তু তাঁর এই কাজের দ্বারা পশ্চিম বাংলার লোকের কি অবস্থা হয়েছে—আর তিনি ঠিক করে দিয়েছেন যে পশ্চিম বাংলার সর্বত্র

অবাধগতিতে ধান চাল চলতে পারবে—তিনি আইন করে দিয়েছেন যে একজন বিনা পারমিটে বিনা লাইসেন্সে সাত মণ অবধি ধান চাল নিয়ে যেতে পারবে। তিনি দাঁতন স্টেশনে রাত্রে যদি পুরী প্যাসেঞ্জারে চড়বার চেষ্টা করেন তাহলে তিনি দেখতে পাবেন যে একই পরিবারে ৪।৫ জন বিনা পারমিটে সাত মণ করে চাল যদি পারসোন্যাল লাগেজে নিয়ে আসে তাহলে তিনি দেখতে পাবেন যে ঐসব জায়গা থেকে কত চাল চলে আসছে কলকাতা অভিমুখে। তারা কেউ আন্দুলে নামছেন, কেউ সাঁত্রাগাছিতে নামছেন এবং তার পরে আস্তে আস্তে যে অঞ্চলে অধিকতর ক্রয়-ক্ষমতা সম্পন্ন মানুষ রয়েছে সেখানে চলে আসছে এবং ব্ল্যাক মার্কেটে বেশী দামে তারা চাল বিক্রি করছে।

[2-20—2-30 p.m.]

ফলে কি হয়েছে—কলকাতা শহরকে তাঁরা খুশী রাখতে পেরেছেন ৫ শত গ্রাম চাল দিলেও কলকাতার সাধারণ লোকের, কলকাতার যে উচ্চ মধ্যবিত্ত কিংবা যাদের কেনবার ক্ষমতা আছে সে সমস্ত লোকদের মনে অসন্তোষ জাগে নি যতই দাম হোক না কেন তাঁরা তা কিনতে পারবেন। যাঁরা আন্দোলন করতে পারেন, গোলমাল সৃষ্টি করতে পারেন তিনি তাঁদের মুখ বন্ধ করেছেন—কিন্তু কলকাতার দরিদ্র লোকদের কি অবস্থা হয়েছে তা দেখতে হবে। এবং সঙ্গে সঙ্গে যে অঞ্চল থেকে অবাধে ধান চাল চলে আসছে সেই অঞ্চলের কথাও ভাবতে হবে যে সেখানে ধান চালের দাম কি ঊর্ধ্বগতি হয়েছে এবং সেখানকার সাধারণ মানুষকে আজকে কি খেয়ে জীবন-ধারণ যাপন করতে হবে একথা তাঁকে ভাবতে হবে এবং তাঁকে ভাবতে হবে তাঁর ভ্রান্ত নীতির ফলে আজকে পশ্চিম বাংলা এই দুরবস্থার মুখে এসে পড়েছে। তিনি আজকে বলেছেন যে লেভি তিনি তুলেছেন—তিনি বলেছেন আশানুরূপ প্রকিওরমেন্ট হয়নি—নিশ্চিত হবে না, একথা আমাদের জানা আছে। কারণ তাঁরা যুক্তফ্রন্ট সরকার করে যে সুযোগ গ্রামাঞ্চলের বড় জোতদার-দের দিয়েছিলেন বা গ্রামাঞ্চলে ধানচালের যাঁরা ব্যবসা করেন তাঁদের দিয়েছিলেন আজকে তিনি যদি ক্রন্দন করেন যে আমি বেশী ধান চাল পাবো না, তাহলে তো একথা বললে চলবে না। পাবেন কোথা থেকে—তাঁর পক্ষে পাওয়া সম্ভব নয়, যার এতটুকু এসব বিষয়ে জ্ঞান আছে তিনি জানবেন যে, কেন তিনি পেতে পারেন না। তিনি যখন খাদ্যনীতি করেছিলেন এবং লেভি প্রথা যখন এক মাসের মধ্যে উঠিয়ে দিলেন তখন তিনি কি আশা করেন যে কোন জোতদার তাঁর বাড়ীতে ধান জমা করে রেখে দেবে সরকারের হাতে তুলে দেবার জন্য? সে হয় বেশী দামে বিক্রি করবে, না হয় দাদন দেবে, না হয় অন্য লোকের বাড়ীতে সরিয়ে রেখে দেবে—যা আপনার সরকারের, কিংবা পুলিশের কিংবা গণ-কমিটির কিংবা ফুড রিলিফ কমিটির কোন সাধ্য হবে না সেখান থেকে ছিনিয়ে নিয়ে এসে আপনার ভান্ডারে দেওয়ার—একথা আপনি জানেন এবং এই সভার সদস্যরাও জানেন। এসব কথা যদি আমরা অস্বীকার করি তাহলে আমরা সত্যকে অস্বীকার করবো। কিন্তু তিনি যে নীতি করেছিলেন তাতে আজকে এই জিনিস বাস্তবে এসে দাঁড়িয়েছে এবং তার ফলে আজকে সমস্ত জায়গাতে ধান চাল পাওয়া যাচ্ছে না। যেসব জায়গায় ভাল ধান হয়েছে সেখানে তাঁদের পক্ষে প্রকিওরমেন্ট করা সম্ভব হয়নি—তা মেদিনীপুর জেলা হোক, বর্ধমান বা বীরভূম জেলা হোক কোন জায়গাতে তাঁর পক্ষে সম্ভব হয়নি বেশী করে প্রকিওরমেন্ট করা—এটা তাঁর ভুল খাদ্যনীতির জন্য হয়েছে। তিনি লেভি কেস উঠিয়ে নিলেন। আমি জিজ্ঞাসা করি কেন জোতদাররা পাবে? কেন জোতদারেরা সরকারের প্রতি সন্ত্রস্ত হয়ে থাকবে? বিগত সরকার যাদের বিরুদ্ধে মামলা করেছিলেন ধান চাল না দেওয়ার জন্য তাঁরা তাদের বিরুদ্ধে পুলিশ কেসসমূহ তুলে নিলেন—তুলে নিয়ে আজকে বলছেন তারা কেউ আপনাদের দিল না। আপনি যদি তাদের ভয় ভাঙ্গিয়ে দেন একেবারে তাহলে তারা কেন আপনাদের ভয় পাবে? আজকে পি ডি অ্যাক্ট আপনারা চালু করুন—অন্যান্য জিনিস চালু করুন তাদের শাস্তি নিশ্চয় দিতে পারবেন আইন ভঙ্গ করেছে বলে তাদের শাস্তি পেতে হবে—কিন্তু ধানচাল পাবেন না। আপনাদের খাদ্যনীতি সফল করার জন্য যে ধান চালের প্রয়োজন গরীবের মুখে দু মুঠো অন্ন দেবার জন্য যে ধান চালের প্রয়োজন তার জন্য আপনারা ধান চাল পাবেন না—পি ডি অ্যাক্ট করলে যে সমস্ত জোতদার বা কালো বাজারী যারা সেই আইন ভঙ্গ করেছে নিশ্চয় তাদের শাস্তি পেতে হবে।

কিন্তু এই শাস্তির ফলে যে খাদ্য পাবেন সেরকম মনে কোন আশা নেই। আপনাদের খাদ্যনীতি ছিল ঘাটতি অঞ্চল থেকে যে প্রকিওরমেন্ট হবে সে সমস্ত সেখানেই থাকবে। আমি জানি না সমস্ত জায়গায় তা আছে কিনা। আমার সংবাদ হচ্ছে যেসমস্ত এলাকা ঘাটতি এলাকা সে সমস্ত এলাকা থেকে আপনারা খাদ্য সরিয়ে নিয়ে এসেছেন এবং বাড়তি এলাকা সম্বন্ধে আপনাদের যে প্রতিশ্রুতি ছিল ½ অংশ সেখানে রেখে দেবেন কোন জায়গায় তা রাখতে পারেননি। আপনারা কি করেছেন? একটা এলাকার যদি অন্ন সংগ্রহ হয় ১, ২, ৩ কুইন্টাল সেগুলি কোন কোন জায়গায় বিতরণ করে দিয়ে এসেছেন। কিন্তু আপনাদের যে নীতি ছিল যে অসময়ের জন্য ভাদ্র, আশ্বিন, কার্তিক মাসের জন্য সেখান থেকে লোকে ন্যায্য দামে খাদ্য পাবে সে প্রতিশ্রুতি পশ্চিম বাংলায় গ্রামবাসীর কাছে আপনারা ভঙ্গ করেছেন। ঐ অভিযোগ আমি উপস্থিত করছি। আজকে আমাদের সরকারী দলের সদস্যদের ফ্যাশান হয়েছে কথায় কথায় কেন্দ্রকে টেনে নিয়ে আসা, কথায় কথায় কেন্দ্রীয় সরকার দিচ্ছেন না এ অভিযোগ করা। সত্য কেন্দ্রীয় সরকার দিতে পাচ্ছেন না কিন্তু এটা কি শুধু এ বৎসরে? গত বৎসর আপনারা জানেন ঠিক নির্বাচনের মুখে পশ্চিম বাংলার তৎকালীন সরকার চালের পরিমাণ কমিয়ে দিয়েছিলেন। কারণ ভারত সরকার যতটা পরিমাণ চাল ও গম দেবেন বলেছিলেন ততটা দিতে পারেন নি যার জন্য পশ্চিম বাংলায় গ্রামাঞ্চলে আংশিক রেশন ব্যবস্থা ভেঙ্গে পড়েছিল, এটা যদি কংগ্রেস সরকারের আমলে হয় এবং সেটা যদি পক্ষপাতদুষ্ট না হয় তাহলে আজকে পশ্চিম বাংলার নূতন সরকার সেখানে যদি চাল গম দিতে না পারে ভারত সরকারকে তাহলে পক্ষপাতদুষ্ট বলে মনে হবে কেন? সেজন্য বলছি কেন্দ্রীয় সরকারের উপর দোষারোপ করবার কোন কারণ নেই। কেন্দ্রীয় সরকার বিভিন্ন রাজ্য থেকে প্রকিওর করেন। অর্থাৎ উড়িষ্যা, আসাম, মধ্যপ্রদেশ, মহারাষ্ট্র, পাঞ্জাব ইত্যাদি যেখান থেকেই হোক চাল গম প্রকিওর করেন। তারা যেটুকুনি পারেন সেটুকুন তাঁরা বণ্টন করেন। নিশ্চয়ই কেন্দ্রীয় সরকারের উপর ক্রোধ করা বা যদি দেখি কেন্দ্রীয় সরকার যা প্রকিওর করছেন বিভিন্ন রাজ্য থেকে সেটা পশ্চিম বাংলাকে দিতে কুণ্ঠা বোধ করছেন। এবং তাহলে নিশ্চয়ই আমরা সরকারী দলের সঙ্গে এক সঙ্গে মিলে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করবো। কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে কেন্দ্রীয় সরকার যে চাল গম সহ ফুড গ্রেন পাচ্ছেন সেটা পশ্চিম বাংলা কেরালা ইত্যাদিকে দিচ্ছেন। এবং এক্ষেত্রে কোনটা কংগ্রেসী রাজ্য এবং কোনটা অকংগ্রেসী রাজ্য সেটা বিবেচনা করছেন না। কারণ তা যদি হত মহারাষ্ট্র, মধ্যপ্রদেশ ইত্যাদি যেসমস্ত কংগ্রেসী সরকার আছে তাদেরই বেছে বেছে দিতেন। খাদ্যমন্ত্রী এর কোন প্রমাণ দিতে পারবেন না যে, তিনি যে খাদ্য পেয়েছেন তার তুলনায় অন্য সরকার বেশী দিয়েছেন। তাই আপনার মাধ্যমে এই কথা বলবো অক্ষমতার ক্রন্দন করে কোন লাভ নেই, যদি পারেন আসুন আমরা সকলে মিলে প্রকিওর করি সরকার যেখানে পাবেন প্রকিওর করুন এবং বাংলাদেশের মানুষকে খেতে দিন, তা নাহলে কথায় কথায় রাজ্যপালকে টানা, কেন্দ্রীয় সরকারকে টানা আমি বলবো এটা অক্ষমতার ক্রন্দন। আমি এটা বলবো যে যুক্তফ্রন্ট সরকার যে দায়িত্ব নিজের ঘাড়ে নিয়েছেন সে দায়িত্ব অবহেলা করে দায়িত্বজ্ঞানহীন সরকার হিসাবে পরিচয় দিতে চাচ্ছেন। এই কথা বলে আমি এই বাজেটের বিরোধিতা করছি।

[2-30—2-40 p.m.]

শ্রীকামাক্ষানন্দন দাস মহাপাত্র: মাননীয়া সদস্যা এই মুহূর্তে বললেন আসুন আমরা সকলে মিলে প্রকিওরমেন্টের সহযোগিতা করি। অথচ আমি সভায় পূর্ণ দায়িত্ব নিয়ে বলছি কাঁথি থানার ভগবানপুরে, রামনগর ইত্যাদি বিভিন্ন এলাকায় জোতদারদের মিটিং করে তিনি বলেছেন এ সরকারকে ধান দেওয়া উচিত নয়।

(নয়েজ)

Mr. Speaker: Please do not bring other matters in the midst of a debate which is a food debate.

শ্রীমতী আভা মাইতি: মাননীয় সদস্য যা বললেন আমি তাঁর চ্যালেঞ্জ গ্রহণ করবো। কোন জায়গায় আমি জোতদারদের মিটিংএ ফুড গ্রেন না দেবার জন্য আমি বলিনি।

শ্রীসুবোধ চৌধুরী : মাননীয় স্পীকার, স্যার, আমি প্রথমে খাদ্যমন্ত্রীকে যে বাজেট এনেছেন তাকে সমর্থন করছি, এবং তার সঙ্গে সঙ্গে বিরোধীপক্ষ থেকে যে সমস্ত কাট মোসান নিয়ে এসেছেন তার বিরোধিতা করছি। শ্রীমতী আভা মাইতি মহাশয়া এখানে বললেন গত এপ্রিল মাসের ৩ তারিখে আমাদের এখানে যে খাদ্যনীতি ঘোষণা করা হয় তাতে কতকগুলি ভাল ভাল জিনিস ঘোষণা করা হয়েছিল। অবশ্য আমরা মনে করি খাদ্যনীতি ঘোষণা করতে কিছু বিলম্ব হয়েছিল, কিন্তু তার কারণ ছিল। আগে যে কংগ্রেস সরকার ছিলেন তারা মনে করেছিলেন যে পরাজয় হবে সেজন্য সে সময় তারা প্রকিওরমেন্ট বানচাল করে দেওয়ার জন্য চেষ্টা করেছিলেন। মার্চ মাসে যখন নূতন মন্ত্রিসভা গঠন করেন সে সময় পর্যন্ত আগের বৎসরের প্রকিওরমেন্ট হয়েছিল দুই লক্ষ টন। ওরা যখন গদী ছেড়ে চলে যান সে সময় ৪৩ হাজার টন হয়েছে। এটা সকলেই জানেন। দ্বিতীয় কথা হচ্ছে কেন্দ্রীয় সরকার বরাবরই কংগ্রেস সরকার গদীতে বসে-ছিলেন তখন প্রচুর পরিমাণে খাদ্য দিয়েছেন, এর আগের কয় বৎসর ১৫ লক্ষ ৯০ হাজার টন খাদ্য দিয়েছিলেন। কিন্তু খাদ্যনীতি ঘোষণা করার জন্য যখন মন্ত্রীরা সেখানে যান তখন তারা কেন্দ্রের থেকে জানতে চেয়েছিলেন আপনারা কতটা খাদ্য দিচ্ছেন তা আপনারা আমাদের জানান। তাঁরা দাবী করেছিলেন পূর্বতন কংগ্রেস সরকারকে যতটা দিয়েছিলেন তা না দিলেও আমাদের ১৫ লক্ষ টন খাদ্য দিন। আপনাদের সরকার যখন অধিষ্ঠিত ছিল তখন তারা স্বীকার করেছিলেন আমাদের এ বৎসর খরা হয়েছে সুতরাং খাদ্য বেশী দেওয়া উচিত। কেন্দ্রীয় সরকার তখন তাদের খাদ্য দেবেন বলেননি। তার পর শেষ পর্যন্ত এপ্রিল মাসে আমাদের যুক্তফ্রন্ট সরকার কেন্দ্রের উপর ভরসা না করে একটা নীতি নিলেন যদিও আমাদের খাদ্যনীতির মধ্যে ব্যর্থতা আছে একথা স্বীকার করি। কিন্তু যে খাদ্যনীতি সরকার ঘোষণা করেছিলেন যার পরিণতি হিসাবে দেখছি বার বার তা পরিবর্তন করতে হচ্ছে। তাঁদের অনেক হুকুমনামা দিয়ে পরিবর্তন করতে হয়েছে। শ্রীমতী আভা মাইতি বললেন যে বাংলাদেশের প্রতি কেন্দ্রীয় সরকার বিমাতৃসুলভ মনোভাব দেখাননি। কিন্তু আমি বলছি, কেন্দ্রীয় সরকার যা প্রতিশ্রুতি দিয়েছিলেন, সেই প্রতিশ্রুতি কি তাঁরা পালন করেছেন? তাঁরা তা পালন করেননি গত বছরে, এবারে যেটুকু দেবেন বলেছিলেন তাও তাঁরা দেননি। যদি তাঁদের অক্ষমতা থাকে তাহলে অন্যান্য দেশের কাছ থেকে কেনবার জন্য যে অধিকার পাওয়ার দরকার আছে, সেই অধিকারটা পর্যন্ত ছাড়তে রাজী নন। সেই অধিকার দিলে নিশ্চয়ই আমরা অন্যান্য সমাজতান্ত্রিক দেশের কাছ থেকে চাল নিয়ে আসতে পারতাম, আমাদের প্রয়োজনীয় গম আনতে পারতাম। কিন্তু কেন্দ্র চুপ করে থাকাতে আমরা আনতে পারলাম না। এর পরে স্যার, আমি আর একটা কথা বলতে চাই। আমাদের নীতি নিশ্চয়ই দুর্বল ছিল। ৩রা এপ্রিল যখন আইনসভার অধিবেশনের মধ্যে খাদ্যনীতি ঘোষণা করা হয়েছিল তখন দু সাইডেরই বিভিন্ন বক্তারা বলেছিলেন বিশেষ করে যুক্তফ্রন্ট সরকারের কাছে যে, আপনারা যে দুই লক্ষ টনের প্রোকিওরমেন্ট টারগেট নিয়েছেন তা যদি পালন করতে চান তাহলে অবিলম্বে কতকগুলি বড় বড় মজুতদারদের উপর শাস্তিমূলক ব্যবস্থা নিতে হবে এবং রেডিও মারফত ঘোষণা করতে হবে যে এই সমস্ত জোতদাররা গভর্নমেন্টের আদেশ পালন না করার জন্য আমরা তাদের শাস্তি দিলাম। কিন্তু সরকার তা না করে তার পরিবর্তে বিভিন্ন জায়গায় রেডিও মারফত ঘোষণা করলেন যে হৃদয় পরিবর্তন করে আমাদের ভাণ্ডার ভরিয়ে দাও। কিন্তু তারা হৃদয় পরিবর্তন করলেন না। তারপরে ধানের দাম যখন ২১।২২ টাকার জায়গায় ৬০।৭০।৮০ টাকায় উঠে গেছে তখন তাঁরা ঘোষণা করলেন যে আমরা পি ডি অ্যাক্টে গ্রেপ্তার করব। স্যার, এই প্রসঙ্গে আমি পরে আসব। তাই আমি বলতে চাই যে, এই যে ব্যর্থতা ছিল এই জন্যই ব্যর্থ হয়েছে। আমি আমার জেলা সম্বন্ধে কয়েকটি কথা বলছি। আজকের খাদ্য ও কৃষিমন্ত্রী বাজেট উত্থাপন করার সময় বর্ধমান জেলার কথা ঘোষণা করেছেন এবং বর্ধমান উদ্বৃত্ত জেলা তিনি বলেছেন। কাজেই বর্ধমান যদি খেতে দিতে না পারে তাহলে আমরা অন্যান্য জেলাকে ক্ষয়িষ্ণু জেলা বলব। এতে বর্ধমানবাসীর পেট ভরবে না। কেন না, এখনই বর্ধমানে ২৷৷/৩ টাকায় চালের দাম উঠে গেছে। সেখানে যে টেস্ট রিলিফের কাজ হয়, তার মজুরের সংখ্যা ২ লক্ষ ৩০ হাজারে গিয়ে দাঁড়িয়েছে। শুধু তাই নয়, মজুরী নিয়ে তারা যখন চাল আনতে যায় তখন তারা চারিদিকে খুঁজেও এক ফোঁটা চাল পায় না। আমরা দেখেছি বিভিন্ন জায়গায় হু হু করে পাচার হয়ে যাচ্ছে। তাদের যে জি আর দেওয়া হয় তা কিন্তু তারা পায় না। বর্ধমান জেলায় ১১ হাজার মেট্রিক টন চাল লিগ্যালি বিভিন্ন জায়গায় আছে, কিন্তু ইললিগ্যালভাবে কত যে বেরিয়ে যায়

তার কোন ইয়ত্তা নেই। সরকারী কর্মচারী এবং অফিসারদের কাছে বার বার আমরা বলেছি যে আপনারা এই সমস্ত ব্ল্যাক মারকেটিয়ারসদের ব্ল্যাক মারকেটিং বন্ধ করুন। কিন্তু আজ পর্যন্ত তার কোন প্রতিকার হয়নি। আজও তারা অবাধে চালিয়ে যাচ্ছে। তাছাড়া বর্ধমানে চিড়া কল আছে। সেখানকার বাজার দাম ঠিক করে দেওয়া হয়েছে ২১।২২।২৩ টাকা। অথচ সেই চিড়া কলগুলি ৮০ টাকা দরে ধান কিনছে প্রচুর পরিমাণে। আমরা ফুড অ্যান্ড রিলিফ কমিটিকে বারবার আবেদন করেছি যে আপনারা এই চিড়া কলগুলিকে ক্রাইসিসের সময় বন্ধ করে দিন। কিন্তু আমাদের খাদ্যমন্ত্রী তথা যুক্তফ্রন্ট সরকার তা করতে পারেননি। সেখানকার গ্রামাঞ্চলে অনেক হার্সকিং মেসিন আছে। কিন্তু সেই হাসকিং মেসিনে প্রচুর ব্ল্যাক মার্কেটিং হয়। গভর্নমেন্ট যদিও কন্ট্রোল অর্ডার চালু করে দিয়েছেন কিন্তু তবুও পর্যটন করার দরকার নেই বলে মনে হয় না। এই প্রোকিওরমেন্ট ফেল করার আর একটা কারণ হচ্ছে এই যে তাঁরা যাঁদের উপর ভরসা করেছিলেন তাঁরাই আজকে তাঁদের বুকের উপর ছুরি মেরেছে। তাঁরা পুলিশের উপর বিশ্বাস করেছিলেন। তাঁরা নন-কোয়াপারেট করছেন। এই নন-কোয়াপারেট করার জন্য এফ সি আই আছে সেই এফ সি আই ফেল করছে। বর্ধমান জেলায় এ পর্যন্ত ৪ হাজার ৭০০ মেট্রিক টন খাদ্য সংগৃহীত হয়েছে। তার মধ্যে লিফটেড কত হচ্ছে জানেন—লিফটেড হচ্ছে ৫০ পারসেন্ট। বর্ষা এসে গেছে, এখন আর লরী চলবে না। কাজেই সেই ধান সেখানে পড়ে থাকবে। এই নীতির পরিবর্তন হওয়া দরকার।

[2-40—2-50 p.m.]

এর সঙ্গে আর একটি কথা বলতে চাই যে আউস ধান উঠে গেছে বাজারে, দু'চার সপ্তাহের মধ্যে উঠে যাবে তাতে টোটাল প্রকিওরমেন্ট যদি করা না হয় তাহলে বাংলাদেশে আরও ভয়াবহ অবস্থার সৃষ্টি হবে এবং সেই অবস্থা যদি চলতে থাকে এবং এর যদি প্রতিকার সরকারপক্ষ থেকে না করেন, আউস ধান টোটাল প্রকিওরমেন্ট করবার জন্য সারপ্লাস যা আছে সেখানে যদি তা না করা হয় তাহলে অবস্থা সীমা ছাড়িয়ে যাবে। এই সঙ্গে খাদ্যমন্ত্রীকে আর একটি কথা বলি যে পি ডি অ্যাক্ট আপনি যা ঘোষণা করেছেন যে বড় বড় জোতদার মজুতদারদের পি ডি অ্যাক্টএ ধরবেন কিন্তু বাস্তব ক্ষেত্রে দেখা যাচ্ছে যে সেই বিষয়ে পুলিশবাহিনী আপনাদের সঙ্গে কো-অপারেট করছে না। যারা আপনাদের অপদস্ত করবার জন্য চেষ্টা করছে সেই পুলিশবাহিনীর হাতে পড়ে গেছে, তাদের হাতে দু, চার, পাঁচ টাকা নিশ্চয়ই আসছে। কারণ আমি জানি বর্ধমানে একজন লোককে গ্রেপ্তার করা হয়েছিল তার নাম বাসুদেব চ্যাটার্জি, সে জোতদার নয় তার চাল নেই, সে কাগজের হকারী করে খায়, তাকে গ্রেপ্তার করে রেখে দেওয়া হয়েছে। গণ-কমিটি, তাদের কোন ক্ষমতা আপনারা দেননি। যেটুকু উৎসাহ নিয়ে প্রথমদিকে কাজ শুরু হয়েছিল সেই উৎসাহ বানচাল করে দিয়েছে, অবশ্য কার ভয়ে আমি জানি না এবং এই প্রকিওরমেন্ট-এর বাধা শুধু আজই নয়—ওদিক থেকে আর একজন বন্ধু বললেন আমিও জানি। এই প্রকিওরমেন্টএ আমার কংগ্রেসী বন্ধুরা বিভিন্ন জায়গায় গিয়ে মিটিং করে তাঁরা প্রচার করেছেন যে গভর্নমেন্ট-এর ভুল পলিসিকে হেয় করে দাও এবং তার জন্য তাঁরা দায়ী। আমি জানি আপনি নিজে গিয়েছেন, অনেক রাত্রে গিয়ে মিটিং করেছেন। ঐ পরেশনাথ গোস্বামী মহাশয় নাদনঘাটে গিয়ে মিটিং করেছেন এবং এই কথা বলে এসেছেন। আমি তা ভালভাবে জানি। আর একটা কথা, আমাদের স্টেট ট্রেডিংএ এখন থেকে নীতি নির্ধারণ করা উচিত। আমাদের স্টেট ট্রেডিং করবার জন্য যুক্তফ্রন্ট সরকারের যে নীতি তা ১৮ দফা কর্মসূচীর মধ্যে তা ঘোষিত আছে। তা অবিলম্বে করা দরকার। এই বলে আমার বক্তব্য আমি শেষ করছি।

শ্রীশ্যামসুদ্দিন আহমেদ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আশা করেছিলাম যেমন সব শিক্ষকেরা এক রায় দেয় তেমনি আজকে খাদ্য দাবি উত্থাপন করতে গিয়ে খাদ্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় একই আওয়াজ তুলবেন যে কেন্দ্রীয় সরকার আর কংগ্রেসীরা খেয়ে নিয়েছে বলে আমাদের খাদ্যনীতি ব্যর্থ হয়েছে। আমার মনে হয় তিনি আওয়াজটা রিজার্ভ রেখেছেন উত্তর দেবার সময় বলবেন। এই কথা অস্বীকার করার কোন উপায় নেই যে সরকার যে খাদ্যনীতি গ্রহণ করেছিলেন তার সর্বাঙ্গীন ব্যর্থ হয়েছে। সেখানে খাদ্যমন্ত্রীর স্বীকৃতি আছে যে অর্ধেকও সংগ্রহ করতে পারেননি। যদি

বিলি বণ্টনের কথা বলেন তাহলে বিধিবদ্ধ রেশন এলাকার বাইরে কোথাও কাউকে নামমাত্র খাদ্য-সামগ্রী সংগ্রহ করবার দায়িত্ব সরকার বহন করতে পারছেন না। যদি মূল্য নিয়ন্ত্রণের কথা বলেন —তিনি এক্ষুনি বললেন যে ১·৩৫ পয়সা এই দাম নির্ধারণ করে দিয়েছেন. আমি তাঁর কাছে জানতে চাই বাংলাদেশের এমন কোন জায়গা আছে যেখানে ১·৩৫ পয়সা দামে এক কিলো চাল পাওয়া যায়, যদি এর কোথাও কোন অস্তিত্ব থেকে থাকে, আমি তাঁদের আন্তরিক ধন্যবাদ জানাবো। কিন্তু আমি জানি যাঁরা চিৎকার করছেন. তাঁরাও অভিযোগ করবেন বক্তৃতা করতে উঠে যে আমার এলাকায় ২·৫০ পয়সা দর, তাঁরা কলিং অ্যাটেনসন মোসান দিচ্ছেন। আমার আগে তাঁদেরই পক্ষের একজন বক্তা বক্তৃতা করে গেলেন. তাতে তিনি বলে গেলেন যে ৩ টাকা চালের দর। ১·৩৫ পয়সা চালের দরের অস্তিত্ব যদি কোথাও থেকে থাকে সেটা হচ্ছে সরকারের কাগজে, খাতাপত্রে, বাংলাদেশের কোন গ্রামে, কোন বাজারে কোন বন্দরে এর কোন অস্তিত্ব নিশ্চয়ই নেই। যদি এই আইন প্রযুক্ত হয়ে থাকে,—আইনের অস্তিত্ব আছে. শুধু আইন ভাঙ্গা হচ্ছে বলে এই আইন কোথায়ও প্রয়োগ করা হয়েছে বলে বা এর কোন অস্তিত্ব আছে বলে মনে করি না এবং সরকারের খাদ্যনীতির এই যে ব্যর্থতা তার মূলে দায়িত্ব সরকারের নিজের, তাঁরা চাইলেন যে তাঁরা জনসাধারণের কাছ থেকে দাম বাড়িয়ে দিয়ে তাঁরা খাদ্য সংগ্রহ করবেন, আমরা সকলে জানি যে সরকার নিম্নতম যে দাম নির্ধারণ করেছেন. এই বাজারে সেটা টাইনস হয়ে দাঁড়ায় এবং তার উপর ব্যবসায়ী এবং অন্যান্য সকলে দাম বাড়িয়ে চলে। ফলে অর্থনীতি সেই একই নিয়মে চলে এবং চালের দাম বেড়ে চলেছে। কংগ্রেস সরকার ধানের দাম বেঁধে রেখেছিলেন তার যে নিম্নতম গতি ছিল তার উঠবার একটা সীমা ছিল, আপনারা যে হারে বাড়িয়ে দিয়েছেন. ঠিক তার চাইতে ৪ গুণ হারে ধান এবং চালের দাম বেড়ে গেছে।

আপনারা যে ধানচাল সংগ্রহ করবার জন্য মানুষের দরজায় দরজায় গেলেন যে আমাদের দাও, আপনি যাদের 'দাও' বললেন. তাদের মনে একটা অহেতুক সন্ত্রাস সৃষ্টি করেছেন আপনারই অন্য দলরা। আমাদের খাদ্যমন্ত্রী যে সরিষা দিয়ে ভূত ছাড়াবেন ভেবেছিলেন. সেই সরিষার মধ্যে ভূত ঢুকে বসে আছে। আজকে তাঁর ডানদিকে যাঁরা বসে আছেন, তাঁরা গ্রামে, নগরে, বন্দরে—সব জায়গায় গণ-কমিটির নাম করে যে নৈরাশ্যের সৃষ্টি করেছেন, ধানচাল চলাচল বন্ধ করেছেন, লোকের বাড়ীতে লুঠ করেছেন, তাঁরা আজকে বাজারের স্বাভাবিক আমদানী রপ্তানী বানচাল করে দিয়ে লোক যারা সসম্মানে ধানচাল ধরে রাখতো তারা ত্রাসের চোটে যে যেখানে পেরেছে যে কোন মূল্যে সেই ধানচাল বিক্রী করে দিতে বাধ্য হয়েছে। আমার ঘরের, আমার সম্পত্তির যদি রক্ষা করবার ভার সরকার গ্রহণ না করেন তাঁদের পুলিশী ব্যবস্থা গ্রহণ না করেন, তাহলে ব্যবসাদার কে এমন আছে যে এই নৈরাশ্যের যুগে তাদের সম্পত্তি ঘরে বেঁধে রাখবে? তার ফলে যেখানে যা কিছু ছিল, আমাদের স্থিতিশীল সমাজে যেভাবে জিনিসপত্র রাখে, সেখানে সেইভাবে জিনিসপত্র থাকতে পারে না। চোরাগোপ্তা পথে যে যেখানে পেরেছে লুকিয়ে পড়েছে, যে যেখানে পেরেছে আত্মগোপন করেছে। আপনার স্বাভাবিক ব্যবস্থা অস্বাভাবিক করে দেবার ফলে আপনাদের যে সংগ্রহ নীতি, সেই নীতি ব্যর্থ হয়েছে। তার জন্য যদি কারো কোন দায়িত্ব থেকে থাকে, সে দায়িত্ব হচ্ছে আপনার ডানপাশে বসে আছেন যে সদস্যরা তাঁদের—যাঁরা আজকে দাঁড়িয়ে আপনাকে বলছেন যে খাদ্যনীতি ব্যর্থতার জন্য আপনি নাকি নিজেই দায়ী, যাদের দলের সুন্দরায়া বলেছেন যে প্রফুল্ল ঘোষ বাংলাদেশটাকে ডুবিয়ে দিয়েছে. যাদের দলনেতা জ্যোতি বসু, যাদের দলনেতা প্রমোদ দাশগুপ্ত কলকাতার বুকে দাঁড়িয়ে বলেছেন যে খাদ্য সমস্যা সৃষ্টির জন্য প্রফুল্লচন্দ্র ঘোষ মহাশয় দায়ী, তাঁর দুর্বল খাদ্যনীতি দায়ী। তাঁরা যেন দেখাতে চান প্রফুল্ল ঘোষ যেন আলাদা, তাঁদের সরকার যেন আলাদা, তাদের দল আলাদা। তাঁরা নোংরা জিনিস স্পর্শ করবেন না! যা কিছু ব্যর্থতা তার জন্য সব দায়িত্ব প্রফুল্ল ঘোষ মহাশয়ের। আর যা কিছু সাফল্য তার গৌরব দাবী করবেন জ্যোতি বসু মহাশয়, হরেকৃষ্ণ কোঙার মহাশয়—এই মনোভাব তাঁরা সৃষ্টি করবার চেষ্টা করেছেন। তার ফলে আপনারা যে সরষে দিয়ে ভূত ছাড়াবার চেষ্টা করে-ছিলেন সেই সরষের মধ্যে ভূত থাকার জন্য আপনার ব্যর্থতা ঘটেছে এবং আপনার সদিচ্ছা থাকা সত্ত্বেও আপনি কোন কাজ করতে পারেননি। আপনি মিনিস্টার হতে পারেন, আপনার সরকারী ক্ষমতা থাকতে পারে এবং আপনি সেই ক্ষমতা আপনার কর্মচারীদের দিয়েছেন খাদ্য চলাচল নিয়ন্ত্রণ করবার জন্য। কিন্তু কে মানছে আপনার আদেশ? আপনার দলের সমর্থক সদস্য অমৃতেন্দু মুখার্জী, শীশ মহম্মদ পারমিট ছাড়াই ধানচাল নিয়ন্ত্রণ করেছেন—এই ধানচাল অমুক

জায়গা থেকে অমুক জায়গায় যাবে বা অমুক জায়গা থেকে অমুক জায়গায় যাবে না। অথচ আপনারা পি ডি অ্যাক্ট অ্যাপ্লাই করলেন! তাঁদের বিরুদ্ধে তো কোন পি ডি অ্যাক্ট অ্যাপ্লাই করলেন না? যারা সমাজবিরোধী কাজ করে বাংলাদেশে ধানচালের অভাব-অনটন এনে দিয়েছে বা সরকারের খাদ্যনীতি ব্যর্থ করে দিয়েছে, সেই কমিউনিস্ট দলের সদস্যরা বা কমিউনিস্টপন্থী অন্যান্য দলগুলি তাদের বিরুদ্ধে তো আপনি পি ডি অ্যাক্ট অ্যাপ্লাই করতে পারেননি। আমরা জানতাম আপনার সদিচ্ছা আছে। কিন্তু যারা আপনার এই খাদ্যনীতি ব্যর্থ করবার জন্য দায়ী, সেই সদস্যদের বিরুদ্ধে আপনি পি ডি অ্যাক্ট অ্যাপ্লাই করতে পারতেন। তা কেন করেন নাই? অথচ আপনি পি ডি অ্যাক্ট অ্যাপ্লাই করবার গৌরব দাবী করছেন! শুনেছি আপনি একজন নীতিবাগীশ লোক এবং আপনি খুব বেশী পরিমাণ নীতি মেনে চলেন এবং তার জন্যই আপনাকে জিজ্ঞাসা করছি যতই আপনার সততা থেকে থাকুক যদি আপনি সত্যি সত্যি নীতি মেনে চলে থাকেন, তাহলে আপনি আমাকে একটি প্রশ্নের জবাব দিবেন - আপনি আপনার খাদ্যনীতি ঘোষণা করেছিলেন—এই বিধানসভায় ৩০এ এপ্রিল তারিখে। তারপরে পূর্বতন সরকারের যে লেভি অর্ডার ছিল, তাকে আপনি রেসিণ্ড করেছেন ৬ই এপ্রিল ১৯৬৭ তারিখে এবং আপনার যে প্রকিওরমেন্ট পলিসি, আপনার যে প্রকিওরমেন্ট অর্ডার, আপনি সেই ফুডগ্রেইনস প্রকিওরমেন্ট অর্ডার এনফোর্স করেছেন ২৭এ এপ্রিল ১৯৬৭ তারিখে। তাহলে আমি এটা ধরে নিতে পারি ৩০এ মার্চ ১৯৬৭ তারিখ থেকে ২৭এ এপ্রিল ১৯৬৭ তারিখ পর্যন্ত বাংলাদেশে ধানচাল বিক্রী করবার জন্য বাংলাদেশের লোকের উপর কোন নিয়ন্ত্রণ আদেশ ছিল না, কোন রেসট্রিকসন ছিল না। যারা ধানচালের মালিক, তাদের পূর্ণ ক্ষমতা ছিল বাজার দরে সমস্ত স্টক, সমস্ত মজুত বিক্রী করে দেওয়ার। যদি কোন লোক সেই সময় তার সমস্ত স্টক বিক্রী করে দিয়ে থাকে উচ্চমূল্যে, তাহলে আপনি তাকে দোষ দিতে পাবেন না। অথচ আজকে আপনি তাকে অপরাধীর কাঠগড়ায় এনে দাঁড় করিয়েছেন। আপনি তো তাদের প্রলুব্ধ করেছেন যে কোন উচ্চমূল্যে ধানচাল বিক্রী করে দেবার জন্য! তোমরা যে কোন মূল্যে যা কিছু করতে পার সেই আদেশ আপনি তাদের দিয়েছিলেন এবং দেওয়ার পরে আজকে আপনি তাদের উপর পি ডি অ্যাক্ট অ্যাপ্লাই করে বলছেন তোমরা সরকারকে ধানচাল দাওনি, বিক্রী করে দিয়েছ, কাজেই তোমাদের আমি ধরছি। তাহলে আপনার কাছ থেকে আমরা কি যুক্তি শিখছি? আপনাকে আমি দৈবত-নীতির অভিযোগে অভিযুক্ত করছি—আপনি একটি মানুষকে প্রলুব্ধ করেছেন তার সম্পত্তি যে কোন মূল্যে যে কোনভাবে ডিসপোস অফ করবার জন্য এবং তারপরে সেই কাজ করবার জন্য আপনি তাকে পি ডি অ্যাক্ট অ্যাপ্লাই করে তার স্বাধীনতা হরণ করে তাকে আটকে রেখেছেন। যখন আপনি আইনভঙ্গকারীর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন করেন, আমরা তা সমর্থন করবো। কিন্তু আমাকে আপনি অপরাধ করতে প্রলুব্ধ করলেন, তাকে অপরাধ করতে সাহায্য করলেন, আজকে তাকে আপনি অপরাধী হিসেবে দাঁড় করিয়ে দিয়ে আপনি নিজে গা বাঁচাতে চান, আপনার সরকার গা বাঁচাতে চান! এরকম যুক্তি তো কখনো শিখিনি; এই ধরনের দোমনা-ভাব এই ধরনের শঠতা ও খলতার পরিচয় কমই দেখেছি। যেখানে আপনি মানুষকে বাধ্য করলেন, অধিক মুনাফা করবার সুযোগ সুবিধা দিলেন জোতদারদের খুশী করবার জন্য, সেখানে আজকে তাদের স্কেপগোট করে তাদেরকে অপরাধীর কাঠগড়ায় দাঁড় করিয়ে দিয়ে প্রমাণ করতে চাচ্ছেন যে আপনার খাদ্যনীতির ব্যর্থতার জন্য তারা দায়ী। আপনার ব্যর্থতার জন্য দায়ী তারা নয়, দায়ী হচ্ছে আপনার সমর্থক দলের সদস্যরা।

[2-50—3 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের খাদ্যমন্ত্রী বলেছেন যে তিনি ধানচালের দাম বাড়িয়েছেন। কিন্তু স্ট্যাটুটরি রেশনিং এলাকায় চালের দাম বাড়ান নাই। নিশ্চয়ই স্ট্যাটুটরি রেশনিং এলাকার জন্য হবে খুব সুবিধাজনক শর্ত এবং তার জন্য ক্ষতিপূরণ যা দিতে হবে, তা করা হবে বাংলা-দেশের পাবলিক এক্সচেকার থেকে। আমি জানতে চাচ্ছি এই যে টাকা, এই টাকা কি বাংলাদেশের গ্রামের মানুষ দেয়নি? যারা রোদে পুড়ে বৃষ্টিতে ভিজে ধান উৎপাদন করেছে, তারা আজকে গ্রামে হাহাকার করছে। সে লোকের বাড়ীতে ভাত তরকারী লুঠ করে খাবে। সে আজকে তার ক্ষুধার অন্ন সাড়ে তিন চার টাকা কেজি দরে কিনতে পারবে না। আপনারা সেখান থেকে ধান-চাল সংগ্রহ করে নিয়ে এসে অল্প মূল্যে শহরের লোকের কাছে বিক্রী করবেন। আপনারা এই

যে নীতি করেছেন বাংলাদেশের গ্রামের অর্থনীতিকে এক্সপ্লয়েট করে শোষণ করে আপনারা শহর এলাকার সজাগ মানুষকে ঘুষ দেবেন, এইভাবে অল্পমূল্যে চাল সরবরাহ করে যুক্তফ্রন্ট সরকারকে পপুলার করবেন! এ করেও যৌথনীতির যে পরিচয় আপনি দিচ্ছেন গ্রাম বাংলাকে শোষণ করে শহরের সবল মানুষকে অধিকতর সুযোগসুবিধা দিচ্ছেন---এই নীতিকে তীব্র নিন্দা করা ছাড়া, ঘৃণা করা ছাড়া আর কোন উপায় আমি দেখছি না। যে কোন দিক থেকে দৃষ্টিপাত করুন না কেন এই সামগ্রিক ব্যর্থতার জন্য আপনি এবং আপনার সরকার দায়ী। বাংলাদেশে যে বুভুক্ষা ও হাহাকার চলছে আপনি বলছেন কেন্দ্রীয় সরকার ৫০ হাজার টন খাদ্যশস্য দেয়নি বলে এই হাহাকার। ৫০ হাজার টন খাদ্যশস্য যদি ভারত সরকার আপনাদের দেন, আপনি মাথাপিছু সওয়া কেজি করে চাল দিতে পারতেন। আপনি কি বিশ্বাস করেন বাংলাদেশের প্রত্যেকটি লোকের মাথাপিছু সওয়া কেজি করে দিলে, এই দারুন খাদ্য-সমস্যার সমাধান হতে পারে? আমি সমস্ত দিক বিবেচনা করে বলতে পারি বাংলাদেশের এই হাহাকারের জন্য যদি কেউ অপরাধ করে থাকে তো, সে হচ্ছে ঐ যুক্তফ্রন্ট সরকার। বাংলাদেশের মানুষকে যদি আপনারা নিরন্ন রাখবার পরিকল্পনা করে থাকেন, সে হচ্ছে আপনাদের শঠতা, আপনাদের খলতা! ক্ষুধার অন্ন না জোগানোর জন্য আপনাদের নিন্দা করা ছাড়া গত্যন্তর নাই। সুতরাং আপনার এই ব্যয়-বরাদ্দের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Amritendu Mukherjee:

মাননীয় সদস্য শামসুদ্দীন সাহেব তাঁর বক্তৃতার মধ্যে অমৃতেন্দু মুখার্জীর নাম উল্লেখ করেছেন, অর্থাৎ আমাকে লক্ষ্য করে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে হাউসকে জানিয়ে দিতে চাই যে আমি ব্যক্তিগতভাবে কোথাও কারও নামে পারমিট ইস্যু করিনি। তিনি যে কথা বলেছেন তা সম্পূর্ণ অসত্য।

Dr. Nalinaksha Sanyal:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে এই খাদ্যনীতি আলোচনার সময় আমি আশা করেছিলাম যে, আমাদের এই হাউসের সমস্ত পক্ষ থেকে একটা সুচিন্তিত কার্যকরী এবং সমাজকল্যাণ-মূলক প্রস্তাব মন্ত্রিমহাশয়ের কাছে উপস্থিত করা হবে। কিন্তু যেমন আজ তিন মাস ধরে কেবল দেখা যাচ্ছে পরস্পরের প্রতি কর্দম নিক্ষেপের প্রচেষ্টা, আজও যদি সেই হয়, তাহলে এমন একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আমরা সত্যিই দেশের জনসমাজের কাছে ঠিক কৈফিয়ৎ দিতে পারব না। তাই আমি প্রথমে আপনার মাধ্যমে নিবেদন করছি এই খাদ্যনীতির বিষয় যদি কাহারও বক্তব্য কিছু থাকে --তাহলে সেটা যেন তিনি কনস্ট্রাকটিভ প্রস্তাব হিসাবে পেশ করেন, তাহলে আমরা সকলেই তাতে বাধিত হব। আমার দিক থেকে আমি এই কথা বলতে চাই, প্রথমেই যে আমাদের মন্ত্রিমণ্ডলীর ভিতর যে আলোচনাই হউক না কেন, যুক্তফ্রন্ট সরকারের যে নীতি গৃহীত হয়েছিল যে, হোলসেল ট্রেড, পাইকারী ব্যবসার দায়িত্ব অন্তত স্টেটএর নিয়ে

[3—3-25 p.m.]

নেওয়া উচিত। আমার মনে হয়, এটা কেন গ্রহণ করা সম্ভব হল না মাননীয় মন্ত্রিমহোদয় আমাদের ভাল করে বুঝিয়ে দেবেন। আমার বিশ্বাস খাদ্যনীতির যে দুর্বলতা দেখা গিয়েছে তা অনেকটা কাটিয়ে ওঠা সম্ভব হত যদি আমরা প্রথম দিক দিয়ে একটু শক্ত হাতে পাইকারী ব্যবসাটা সাধারণ ব্যবসায়ীর হাতে না রাখতাম। আমি কন্ট্রোল উঠিয়ে দেওয়ার সমর্থক ছিলাম, এখনও আছি, কেন না জেলাভিত্তিক কন্ট্রোল এবং তার আনুষঙ্গিক যেসব ব্যবস্থা ছিল গত সরকারের আমলে এবং আমাদেরও প্রথম অংশে আমরা তাতে দেখেছি যে, তাতে ব্যাপক দুর্নীতি প্রকাশ পেত এবং সত্যিকারের অভাব যেখানে সেখানে অভাব আরও বেশি ঘটিয়ে দিত। কাজেই মাননীয় মন্ত্রিমহোদয় যে নীতি স্থির করেছিলেন যে, কলকাতা এবং শিল্পাঞ্চলে যেখানে লোকের হাতে বেশি পয়সা রয়েছে তাদের বাধা দিয়ে রাখতে হবে যাতে তারা বাইরে গিয়ে অবাধে কেনাবেচার সুযোগ না পায়। এটা যুক্তিসঙ্গত হয়েছিল বলে আমি মনে করি

এবং যারা এই নীতিকে কটাক্ষে ইঙ্গিত করেছিলেন যে, এ'রা শুধু কলকাতাবাসী এবং শহর-বাসীদের খাওয়াবার দায়িত্ব নিলেন এবং পল্লীগ্রামকে ভাসিয়ে দিলেন ঠিক তার উল্টো উদ্দেশ্য ছিল, সেটা আমি তাঁদের জানিয়ে দিতে চাই। কলকাতার লোকদের অর্থসঙ্গতি রয়েছে বলে বাইরে থেকে সমস্ত খাদ্য যাতে তারা টেনে আনতে না পারে সেটা বন্ধ রাখার জন্যই কলকাতাকে বিধিবদ্ধ রেশনিং এলাকায় রাখার যে যুক্তি, এই যুক্তিকে ন্যায়সংগত বলে আমি মনে করি। ইতিপূর্বে যে নীতি গৃহীত হয়েছিল সেই নীতির দুর্বলতা কি ছিল তা নিয়ে আলোচনা করে লাভ নেই, আমি বলতে চাই আগামী কয়েক মাসে কি নীতি হওয়া উচিত সেদিকে আপনারা লক্ষ্য রাখুন। কেউ কেউ এখনি বলেছেন যে, আউশ ধান আর কয়েক সপ্তাহের মধ্যে উঠবে, সেই আউশ ধান সম্পূর্ণভাবে রাষ্ট্রের হাতে নিয়ে নেওয়া উচিত। ইতিপূর্বে বর্ধমানের এক বন্ধু সেইভাবে এই দাবি জানালেন। তিনি বোধহয় আউশ ধান কখনও দেখেন নি। আউশ ধান মানে গরিবের খাদ্য এবং এই বর্ষাকালে যে আউশ ধান উঠে তা শুকিয়ে ঝেড়ে পরিষ্কার করে পৌঁছে দেবার দায়িত্ব কোন চাষীর পক্ষে সম্ভব নয়। আমরা আউশ ধান এলাকার লোক, আমরা জানি চাষীরা আউশ ধান মাটিতে, রাস্তায় পীচের উপর কোনরকমে অল্প অল্প শুকিয়ে ঘরে তোলবার চেষ্টা করে এবং বেশির ভাগ এই আউশ ধান খামারে মাঠ থেকে ভিজে ধান এবং ময়লা ধান তুলে নিয়ে তারা ঘরে রাখতে বাধ্য হয়। কারণ বর্ষার সময় ঠিক সম্পূর্ণভাবে ধান শুকিয়ে তোলা সম্ভব হয় না। এই আউশ ধান যদি ব্যাপকভাবে সংগ্রহ করার চেষ্টা হয় তাহলে এমন একটা জিনিস হবে যেটা কার্যকরী হবে না। যদি সেই পরিবেশ গড়ার চেষ্টা করেন তাহলে বাঁকুড়া, বীরভূম, কলকাতার বেশির ভাগ লোক সেই আউশ ধানের চাল খাবে না এবং তাতে খাদ্যমন্ত্রীর বাংলাদেশের লোকের কাছ থেকে কোন আশীর্বাদ পাবারও সম্ভাবনা থাকবে না। আউশ ধান যেসব এলাকায় হয় সেখানকার লোক আউশ ধানের দিকে তাকিয়ে রয়েছে, সেখানকার গরিব চাষীরা চার মাস ধরে খাদ্য সংকটের মধ্যে রয়েছে। বাংলাদেশের নদিয়া, মুর্শিদাবাদ এবং তার পূর্বাংশে ভাগীরথীর পূর্বাঞ্চল ২৪-পরগনার পূর্বাঞ্চল, মালদহ, পশ্চিম দিনাজপুরের কোন কোন অংশ ও জলপাইগুড়ি জেলা, সেখানকার সকলেই জানেন গত কয়েক মাস ধরে চরম খাদ্যসংকট চলেছে। এই আউশ ধান উঠবে বলে সেখানকার চাষীরা হাঁ করে বসে রয়েছে, যারা এখন [illegible], যার কাঁঠাল আছে সে কাঁঠাল খেয়ে রয়েছে এবং যে যেটুকু অন্য শস্য উৎপাদন করেছিল তাও সে অর্থাভাবে বিকিয়ে বসে রয়েছে এবং বহু জায়গায় অনাহারে অর্ধাহারে লোক দিন কাটাচ্ছে। এই অবস্থায় আজ যদি তাদের মুখ থেকে আউশ ধান কেড়ে নেবার চেষ্টা হয় তাহলে দেশে অশান্তি এবং অরাজকতা দেখা দেবে এবং আপনারা সেই ল' অ্যান্ড অর্ডারের প্রবলেম সম্পর্কে চিন্তা করে দেখবেন। যদি নিতেই হয় তাহলে মন্ত্রিমহোদয়কে অনুরোধ জানাব আপনি একবার হিসাব করে দেখবেন যে কি পরিমাণ আউশ ধান উৎপাদন হবে, আপনাদের যে এস্টি-মেট আছে, আমার মনে হয় য প্রায় পাঁচ লক্ষ টন মোট আউশ ধানের উৎপাদন এস্টিমেট হতে পারে—তার মধ্যে ভাগীদারদের, কৃষক তাদের খরচ এবং খাদ্য রাখতে হয় তাহলে প্রায় চার লক্ষ টন বেরিয়ে যাবে এবং এক লক্ষ টন কোনরকমে যদি উদ্বৃত্ত মনে করেন তা হলেও তা যদি সংগ্রহ করতে চেষ্টা করেন তাহলে ৫০ হাজার টনের বেশি আসবে না এবং তার জন্য যদি ডিস্ট্রিক্ট কর্ডনিং এবং এই খাদ্য তুলে নেওয়ার জন্য যেসব ব্যবস্থা করতে হয় তার খরচ কত হবে সেটাও ভেবে দেখবেন যে, এটা পোষাবে কিনা। হোয়েদার ইট ইজ ওয়ার্থহোয়াইল অর নট। এটা আপনাদের বিবেচনা করে চলতে হবে। আউশ ধানের পরিবর্তে, যেখানে বর্তমানে খুব বেশি হাহাকার রয়েছে বলে আপনারা মনে করছেন সেখানে এই মাসে যারা উদ্বৃত্ত আউশ ধান পাবে তাদের যদি বুঝিয়ে দেওয়া যায় যে, যে পরিমাণ ধান তোমাদের কাছ থেকে সংগ্রহ করব তার পরিবর্তে পরে আমরা সমপরিমাণ আমন ধান পৌষ মাসে দেব এই আশ্বাস যদি দেন তাহলে কিছুটা আউশ ধান সংগ্রহ করা সম্ভব হবে। যদি ধান দেওয়া সম্ভব না হয় তার পরিবর্তে যদি গমও দিতে পারেন তাহলেও চাষীদের বুঝিয়ে কিছুটা আউশ ধান যাদের উদ্বৃত্ত রয়েছে তাদের কাছ থেকে নিয়ে আসা সম্ভব হবে। যেসব জায়গায় বর্তমানে খাদ্যের চরম অভাব চলেছে তাদের খেতে দেওয়ার ব্যবস্থা করা যেতে পারবে। কিন্তু ব্যাপকভাবে যদি আউশ ধান এলাকা থেকে ধান-চাল নিয়ে আসার ব্যবস্থা করা হয় তাহলে সেটা অসম্ভব হবে

এবং বর্তমানে যে খাদ্যনীতির দুর্বলতা দেখা যাচ্ছে এর চেয়েও দুর্বলতা আরও বেশি প্রকাশ পাবে বলে আমার আশঙ্কা রয়েছে। এছাড়া আরও একটা পন্থা রয়েছে সেটা হচ্ছে এই আপনারা লেভী সিস্টেম যা চিন্তা করেছেন জমির পরিমাপ অনুপাতে সেটা বাদ দিয়ে আপনাদের উচিত সংগ্রহ জমির উৎপাদনভিত্তিক করা। ফসল কোন্‌খানে কত হল সেই ক্রপ স্ট্যাটিসটিকস নেওয়া আপনাদের পক্ষে সম্ভব, কারণ আপনাদের সেই বিভাগ রয়েছে, গ্রামে গ্রামে এখন ফুড কমিটি তৈরি হয়েছে, সেইভাবে যদি জমির উৎপাদন কত হচ্ছে বা উৎপাদন হল এই সংবাদ সংগ্রহ করা আপনাদের পক্ষে সম্ভব, এই উৎপাদনভিত্তিক নীতি যদি আপনারা গ্রহণ করেন শুধু জমির পরিমাপভিত্তিক নীতি যদি গ্রহণ না করেন তাহলে সেটা অবাস্তব হবে না। এই জমির পরিমাপভিত্তিক নীতি গ্রহণ করে আগেকার সরকার বিফল হয়েছিলেন, আপনারাও যদি ঐ নীতি গ্রহণ করেন তাহলে আপনাদেরও বিফল হওয়ার সম্ভাবনা রয়েছে। তাই আপনাদের ধীরভাবে এবং অত্যন্ত চিন্তাশীলতার সঙ্গে উপায় উদ্ভাবন করে আউশ ধান সংগ্রহের নীতি গ্রহণ করতে হবে। শুধু যদি নীতি গ্রহণ করেন তাহলে হবে না, আপনাকে ভাবতে হবে চাষীর ঘর থেকে যদি ধান আনতে হয় তাহলে তার ঘরে দাম পৌঁছে দিতে হবে। কিন্তু তা না করে যদি তাদের বলা হয় যে, তোমাদের ১৫ মাইল দূরে আমার সংগ্রহশালা তৈরি রয়েছে সেখানে ঝেড়ে পরিষ্কার করে, গরুর গাড়ি করে বহে পৌঁছে দিয়ে এস, তা করতে গেলে কিছুই পাবে না, সরকারকে বিফল হতে হবে। কেউ কেউ আবার বলেন যে, আপনারা যদি সঙ্গে সঙ্গে দাম দিতে পারেন তবেই খাদ্য সংগ্রহ করতে পারবেন। যদি সঙ্গে সঙ্গে তাদের টাকা পাওয়ার ব্যবস্থা করেন এবং গ্রামের মধ্যে সংগ্রহ করে দেওয়ার জন্য আপনারা পার্চেজিং এজেন্টদের ব্যবস্থা করতে পারেন এবং তার সঙ্গে সঙ্গে তার গাড়িভাড়ারও প্রশ্ন আছে এবং সেই গাড়িভাড়া সম্বন্ধেও আপনাদের বিবেচনা করতে হবে তবেই খাদ্য সংগ্রহ সম্ভব হবে। তাদের গাড়িভাড়া দিলে তবে তারা দূরে নিয়ে যেতে পারবে, আর তা যদি না করেন প্রাণ্ডার ব্যবস্থায় আপনারা যেভাবে আশা করছেন যে ধান ঝেড়ে পরিষ্কার করে প্রাণের কাছ থেকে উপর দিয়ে গরুর গাড়ি করে আপনাদের সংগ্রহশালায় দিয়ে যাবে তা হবে না। আমাদের এই আলোচনার মধ্যে আজকের খাদ্যনীতি ছাড়াও অনেক বিষয়ে একসঙ্গে জগা-খিচুড়ি এই ডিমান্ডগুলোর মধ্যে রয়েছে। একটা মন্ত্রিমহাশয় তাঁর প্রথম প্রস্তাবের মধ্যেই বলেছেন এবং কেন যে বলছে তা আমি বুঝতে পারি না। বস্তুতঃ আমাদের বাজেটটাই একটা প্রহেলিকা। এক একটা দাবি ভেগ করে জায়গা থেকে খুঁজে বের করতে হয় একটা পার্টিকুলার বিষয়ে পুরো খরচটা কোথা থেকে হল। আর হলেও দেখা যায় যে কোথা থেকে কি পরিবর্তন হচ্ছে তা বোঝাও খুব মুস্কিল। এই ধরুন না গ্রান্ট নং ১৭ যেটা সম্বন্ধে আমরা এখন আলোচনা করছি প্রধানতঃ তাতে দেখা যাচ্ছে যে, সিভিল ফুড ডিপার্টমেন্টএ ৩৪৪ পাতায় দেখা যাবে যে, রিভাইজড এস্টিমেট যেটা ছিল ডিস্ট্রিক্ট অ্যাডমিনিস্ট্রেশনএর ৮২ লক্ষ টাকা ১৯৬৬-৬৭ সালে হঠাৎ সেটা বেড়ে গেল ৯৩৭ লক্ষ টাকা। আবার ক্যালকাটা ইন্ডাস্ট্রিয়াল এরিয়াতে যেখানে ৯৫ লক্ষ প্রায় ছিল সেখানে ৮০ লক্ষতে নেমে গেছে। এক বছরের মধ্যে এইরকম বাজেটের ফিগারের কি করে পরিবর্তন হতে পারে তা আমি বুঝতে পারি না। তারপর ডিস্ট্রিক্ট ডিস্ট্রিবিউশনএ রিভাইজড এস্টিমেট ছিল এক কোটি বার লক্ষ টাকা আর আমাদের এ বছরের এস্টিমেটএ এসে গেল সেই জায়গায় ৬৮ লক্ষ ৯৪ হাজার টাকার। এমনি আমি দেখছি সব জায়গায় বিভ্রান্তিমূলক হিসাব চলছে। এর চাইতে আরও বেশি আমি ঘাবড়ে গেলাম যখন দেখলাম যে ৫০ নম্বর গ্রান্টএর মধ্যে যে টাকার ব্যবস্থা রয়েছে তা হল ট্রেডিংএর ব্যবস্থা। আমরা ধান-চাল কেনবার জন্য যে টাকার প্রভিশন করব সেই টাকার কথা। সেখানে আমরা দেখতে পাচ্ছি যে গ্রেন পারচেজ স্কীমএ প্রচুর টাকা গত বছরে প্রভিশন করা ছিল কিন্তু এবার অত্যন্ত সীমিত টাকা রাখা হল। বলা হয়েছে ডিসেম্বর মাস থেকে ফুড কর্পোরেশন অফ ইন্ডিয়ার হাতে চলে গেলে বলে গত বছরের তুলনায় আমাদের অনেক কম টাকার দরকার হবে। তাহলে বুঝতে পারছি না যে, স্টেট ট্রেডিং যদি আমাদের করতে হয় সে নীতির কি একেবারে আমরা পরিত্যাগ করলাম, যদি আমরা ক্যাপিটাল এক্সপেন্ডিচারএর প্রভিশন না রাখি তাহলে ফুড কর্পোরেশনএর হাতে দিয়েই আমরা কি নিশ্চিন্ত হতে পারব—আমাদের কি তাহলে এক-কালীন এই বাজেট যদি অমরা পাশ করি তাহলে ভবিষ্যতেও যদি আমাদের মন্ত্রিমণ্ডলী স্থির

করেন যে, আমাদের যুক্তফ্রন্ট সরকারের নীতি অনুযায়ী আমাদের হোলসেল ট্রেডটাকে নিজেদের হাতে নিয়ে নিতে হবে, তাহলে টাকার প্রভিশন কোথায়? সে টাকা তো রাখা হল না? সুতরাং গত বছরের তুলনায় এত কম টাকার প্রভিশন করাটা আমি মনে করছি অত্যন্ত অবিবেচনার কাজ হয়েছে। এ ছাড়া অন্যান্য অনেক বিষয় রয়েছে যা ঠিক অপ্রাসঙ্গিক—যেমন ম্যানুফ্যাকচার অফ ব্রিকস অ্যান্ড টাইলস। এবার ব্রিক অ্যান্ড টাইল বোর্ড সেটা আজ প্রফুল্ল ঘোষ মহাশয়ের ঘাড়ে পড়েছে কি করে জানি না। মেকানাইজড ব্রিক ফ্যাক্টরির বাবত দেখা যাচ্ছে গত বছরে ১৯ লক্ষ ৮৩ হাজার ছিল এবার ৫২ লক্ষ ৮০ হাজার টাকা ধরা হয়েছে। আরেকটা বইয়ে যেখানে স্কীম ফর শোইং ফাইন্যান্সিয়াল রেজাল্টস বলে যে বই বেরিয়েছে তাতে দেখা গেল সেখানে ব্রিক ম্যানুফ্যাকচারিং ও ব্রিক অ্যান্ড টাইল বোর্ডএর দরুন লোকসান ৫ হাজার টাকা এবং মেকানাইজড ব্রিক ফ্যাক্টরি তাতেও এই টাকার প্রভিশন এসে যাচ্ছে। মুস্কিল হচ্ছে একই হেডএর মধ্যে সব এসে যাচ্ছে। আমার মনে হয় বাজেটের যেসব হেডস আছে সেগুলি যদি এক এক মন্ত্রী যাঁর বিভাগীয় কাজের দায়িত্ব এবং যাঁর হাতে তাঁর জবাব দেবার সুযোগ এর মধ্যে আসত তাহলে আমরা তাকেই জিজ্ঞাসা করতাম তাহলেই ভাল হত। কারণ আমি জানি ডঃ ঘোষের পক্ষে এ সম্বন্ধে জবাব দেওয়া সম্ভব নয়। এমন কি হাউসিং বোর্ড ও হাউসিং ডাইরেক্টরেটএর বরাদ্দও তার ঘাড়ে পড়েছে অথচ বাজেটে পেশ করবার জন্য। আমি তাঁকে বলছি এই সম্বন্ধে তাঁকে আর কিছু বলব না। এই সব অযৌক্তিক জগাখিচুড়ি হওয়ার দরুন তাঁর পক্ষেও অসুবিধা হয়েছে। ভবিষ্যতে যাতে এই রকমে না হয় তার জন্য যেন সরকার লক্ষ্য রাখেন।

[At this stage the House was adjourned for 15 minutes.]

[3-25—3-35 p.m.]

Shri Sushil Kumar Paul:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে আমি ডিম্যান্ড ফর গ্রান্ট নং ৫০-এর বিরোধিতা করতে উঠে খাদ্যমন্ত্রী খাদ্যনীতির সম্বন্ধে কয়েকটি কথা বলতে চাই। প্রথম কথা আমার মনে পড়ছে—তিনি ১৪ শরিকের এক শরিকও নন, যার সম্বন্ধে কোন কথা বলতে পারি। আমি একথা নিশ্চয় ধরে নিতে পারি এবং খাদ্যমন্ত্রীও নিশ্চয় স্বীকার করবেন যে, তাঁর যে খাদ্যনীতি সেটা তাঁর একলার নীতি নয়, তাঁর ক্যাবিনেটের নীতি। কিন্তু বাইরে তাঁর বন্ধু আর এক শরিক যেভাবে প্রচার করেন তাতে মনে হয় যেন খাদ্যনীতি তাঁর একলারই নীতি। এটা তাঁর বন্ধুদের নীতি নয়। তার কারণ হচ্ছে মার্ক্সবাদী কমিউনিস্ট বলে যাদের খ্যাতি আছে তাঁরা বাইরে বলে বেড়ান যে এই খাদ্যনীতি ঠিক নয়, অথচ এই খাদ্যনীতি প্রতিবাদ করতেও তাঁদের দেখি না। আমার কাছে এটা সবচেয়ে গোলমাল লেগে যায় যদি এই খাদ্যনীতি তাঁদের কেবিনেটের নীতি হয়ে থাকে তাহলে তার ভালমন্দের জন্য তাঁরা দায়ী হবেন না কেন? শুধু খাদ্যমন্ত্রী কেন দায়ী হবেন? আমি এটায় পরে আসছি। একথা বলতে গিয়ে আমি খাদ্যমন্ত্রীর একটা নির্বাচনী বক্তৃতা আজ এখানে বলতে চাই আমার মনে হয় তাঁর স্মরণশক্তি নিশ্চয় আছে এবং এটা মনে করিয়ে দিলে তাঁর মনে পড়বে। আরামবাগে যখন প্রথম সভা করতে গিয়েছিলেন তখন আমি সেখানে উপস্থিত ছিলাম এবং দুর্গা ময়দানে দাঁড়িয়ে তিনি বক্তৃতা করেছিলেন—তিনি বলেছিলেন যে, আমি রাজনীতি থেকে অবসর নিয়েছিলাম রাজনীতির মধ্যে প্রবেশ করতাম না, কিন্তু খাদ্যাভাব বিস্তৃতভাবে দেখতে পেয়ে আমি আজকে আবার রাজনীতির মধ্যে প্রবেশ করলাম। অর্থাৎ একথা তিনি পরিষ্কার করে ঘোষণা করেছিলেন যে যদি আমি এখান থেকে প্রতিনিধিত্ব করতে পারি তাহলে বাংলাদেশে খাদ্যের কোন অসুবিধা থাকবে না। তিনি এমন সুন্দরভাবে গুছিয়ে বলতে চেষ্টা করেছিলেন সেখানকার জনসাধারণের কাছে যে প্রফুল্ল সেন যে নীতি করেছেন তা অত্যন্ত খারাপ নীতি—আমরা যদি যেতে পারি তাহলে বাংলাদেশের মধ্যে যে খাবার আছে যেটা আর্টিফিসিয়াল ক্রিয়েসন অব দি কংগ্রেস গভর্নমেন্ট সেকথা তিনি পরিষ্কারভাবে ঘোষণা করেছিলেন খাদ্য আছে খাদ্য দেওয়া হচ্ছে না লোককে দুর্ভিক্ষের মুখে

ঠেলে দেওয়া হচ্ছে। আজকে ভাগ্যক্রমে সেই ভদ্রলোক মহাশয় খাদ্যমন্ত্রী হয়েছেন, কাজেই আজকে তাঁকে একথা প্রশ্ন করতে পারি কি যে, এই চার মাসের মধ্যে দুর্ভিক্ষ হল কেন? তাঁর তো জানা ছিল যে, খাবার আছে হয় এখানে না হয় ওখানে। তিনি একথা বলেছিলেন এবং তাঁর আরও ১৩টি সরিক একথা বার বার বলেছিলেন যে, দেশে খাবারের অনটন নেই এটা কংগ্রেস সরকারের আর্টিফিসিয়াল সৃষ্টি। যদি একথা সত্য হয়, তাহলে আজকে তিন টাকা কে জি-তে বাজারে চাল কেন বিক্রি হচ্ছে। আজকে গ্রামের কোথায়ও কোথায়ও খাদ্যের জন্য হাহাকার কেন হচ্ছে। শুধু চাল কেন অন্যান্য খাদ্যেরও কি আজ দ্বিগুণ দাম হয় নি। একথা কি খাদ্যমন্ত্রী অস্বীকার করতে পারবেন। আমি মনে করি তিনি তা কখনও অস্বীকার করতে পারবেন না যে আজকে এই তিন-চার মাসের মধ্যে প্রতিটি খাদ্যের মূল্য দু-তিন গুণ হয়েছে। অথচ সে সম্বন্ধে সরকার নীরব। কারণ তাঁদের আর বলার কিছু নেই। তাঁরা খালি যে কোন উপায়ে একটামাত্র বুলি মুখস্থ করেছেন যে, ২০ বছরের জঞ্জাল বিশ বছরের কংগ্রেসী রাজত্বের ফলে আজকে এটা হয়েছে। একথা আজকে আমি জিজ্ঞাসা করতে কি পারি যে, তাঁরা তো এদেশে ২০ বছর ধরেই ছিলেন। কংগ্রেস ফ্রান্স আমেরিকা বা চায়না থেকে আসে নি। কংগ্রেস এখানকার এবং তাঁরাও এখানকার। কই তাঁরা তো বলতে পারতেন যে, আমরা সব জানি যে, দেশে কোথায় কি খাবার লুকানো আছে। এই সমস্ত সমস্যার সমাধান আমাদের হাতে এলে আমরা করে দিতে পারব। কোথায় সে কথা, আজকে তাঁদের নিজেদের কথাগুলি প্রহসনে পরিণত হয়েছে--ধোঁকাবাজি দিয়ে হয়তো মন্ত্রিত্ব করা যেতে পারে কিন্তু খাদ্যের সুরাহার কোন ব্যবস্থা হতে পারে বলে আমি মনে করি না। একটু আগে ওঁদের আর এক সরিক বর্ধমান জেলা থেকে শ্রীসুবোধ চৌধুরী মহাশয় হঠাৎ বলে ফেললেন যে, খাদ্যনীতির মধ্যে গলদ আছে। আমি জানতাম না, পরে বুঝলাম ওঁর সুর থেকে যে, উনি মার্ক্সবাদী কমিউনিস্ট। ওঁদের বাইরের সুর এবং ভেতরের সুর প্রায় একই। যদি একথা সত্য হয়, তাহলে আজকে আমি আমাদের শ্রদ্ধেয় খাদ্যমন্ত্রীর কাছে আবেদন করতে পারি কি যে, ওঁরা আপনার প্রতি যদি এইরকম অসৎ ব্যবহার করেন তাহলে আপনি ছেড়ে দিয়ে একলা থাকতে পারেন না। আপনি কংগ্রেসে না আসেন না আসবেন, কিন্তু যাঁরা আপনার নীতির সমালোচনা করে বেড়ান তাঁদের আপনি কিছুই বলবেন না, এটা কি করে হতে পারে? দেশকে খাদ্যনীতির কবলে ফেলে একটা ধোঁয়াটে আকার ধারণ করিয়ে জাহান্নমে ফেলে দেবেন এ কোন্ দেশী নীতি তা আমি বুঝতে পারলাম না। তার পর আর একজন বললেন, তিনি নাকি গণ-কমিটির লোক, পুলিশ তাঁকে ধরেছিল, তা না হলে তিনি দেশ থেকে ধান চাল বের করে খাওয়াবার সুব্যবস্থা করেছিলেন। আমি আজকে বলতে পারি যে, এই গণ-কমিটির নামে কতকগুলি গুণ্ডা কমিটি তৈরি করে দেশে গুণ্ডামি করবার যে প্রয়াস করতে গেছেন তখন মানুষ বাধা দিয়েছে এবং সেইজন্য তিনি বলছেন যে, গণ-কমিটির মাধ্যমে সুব্যবস্থা করতে পারতাম---কিন্তু পারলাম না একটিমাত্র কারণে যে আমাকে ধরপাকড় করে কংগ্রেসের পুলিশ ধরে নিয়ে গেছে। কিন্তু আজ পুলিশ কংগ্রেসের নয়, পুলিশ আপনাদের মুখ্যমন্ত্রীর। তারপর আমি কলকাতার বিধিব্যবস্থার কথা বলি। তিনি বলেছিলেন যে, কলকাতায় আমরা সস্তা দরে চাল খাওয়াচ্ছি। আমরা যেমন ধানের দাম বাড়িয়ে দিয়েছি—তা দিলে কি হবে কলকাতায় সস্তা দরে আমরা খাওয়াচ্ছি—কিন্তু আমি জিজ্ঞাসা করি, ৫০০ গ্রাম করলেন কেন? কোথায় গেল সেই তিন কে জি-র প্রহসন? তাহলে একথা কি বলতে পারি না যে, আজকে ওপেন ব্ল্যাকমার্কেট করে দেওয়া হয়েছে একশ্রেণীর লোককে কেনবার সুবিধা দেওয়া হয়েছে---অর্থাৎ একদিকে তিনি দেখাবার চেষ্টা করেছেন যে গ্রামে ধানের দর তুলে দিয়েছি-কিন্তু কলকাতা শহরের লোকদের কষ্ট দিই নি—তাদের কিনে খাবার সুযোগ করে দিয়েছি। অর্থাৎ তিন টাকা সাড়ে তিন টাকা কে জি দরে যে চাল বিক্রি হচ্ছে-সেটাকে তিনি বন্ধ করতে পারেন নি-- অবশ্য তিনি সেটা বন্ধ করলে তিনি খাদ্যমন্ত্রী হিসাবে থাকতে পারতেন কিনা সেটা বিচারের কথা। নলিনাক্ষবাবু বলছিলেন একটু একটু কনস্ট্রাকটিভ সমালোচনা করলে ভাল হয়। আমি প্রথম বাজেট মিটিংএর সময় বলেছিলাম যে, কনস্ট্রাকটিভ কথা বললে ওঁরা নেবেন কিনা সে বিষয়ে আমাদের সন্দেহ আছে। যদি নেন তাহলে বলি ফলনের দিকে নজর দিন। বীট আর ওল শুধু খাইয়ে আপনার খাদ্যনীতি ফলবতী হবে একথা আমি স্বীকার করি না। বিজ্ঞানের ছাত্র বলে আমি স্মরণ করিয়ে দিই যে, ইতিপূর্বে খাদ্যমন্ত্রী কাল ঘোষণা করেছিলেন—উনি বলেছেন বীটের মতো এতো ক্যালোরী ভ্যালু এবং ওল

নাকি নানা জায়গায় প্রচুর পরিমাণে হয়, তা খেলে দেশের লোক বাঁচতে পারবেন। খুব ভাল কথা। তা খাইয়ে কিন্তু বাঁচিয়ে রাখতে পাববেন না যদি বাঁচাতে হয় তাহলে ফলনের দিকে দৃষ্টি দিন। অর্থাৎ আপনার যে সহযোগিতার মনোভাব আছে অন্য সারিকেব তা নেই। বিশেষ করে মার্ক্সবাদীদের কথা বলছি। একথা বলে আমি এর সম্পূর্ণ বিরোধিতা করি।

[3-35—3-45 p.m.]

Shri Deben Das:

শ্রদ্ধেয় অধ্যক্ষ মহাশয়, শ্রদ্ধেয় খাদ্যমন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ উত্থাপন করেছেন তাকে সমর্থন করতে গিয়ে কয়েকটা কথা আপনার মাধ্যমে রাখতে চাই। আমাদের যুক্তফ্রন্ট মন্ত্রিসভার খাদ্য-নীতি সম্বন্ধে বিরোধীদলের বক্তারা অনেক কথা বললেন। ত্রুটি-দুর্বলতা আমাদের আছে তা আমরা অস্বীকার করি না। কিন্তু এ ত্রুটি কিভাবে হয়েছে। প্রথমে মন্ত্রিসভা মানুষের প্রতি বিশ্বাস স্থাপন করেছিলেন। কারণ কবিগুরু বলেছিলেন—মানুষের প্রতি বিশ্বাস হারানো পাপ কিন্তু দ্বিতীয় বিশ্ব মহাযুদ্ধের কালে তার একদল জারজ সন্তান মুনাফাখোর, মজুতদার ও ইংরেজরাজের ভূ-ব্যবস্থার ঔরসজাত জোতদার বলে এক শ্রেণী আমাদের দেশে গড়ে উঠেছিল। তাদের সঙ্গে মিতালী করে কুড়ি বৎসর ধরে বিগত শাসকদল দেশে খাদ্যসংকট সৃষ্টি করে গেছে। তারপর আমাদের ক্রয়নীতি সম্পর্কে যে কথা বলা হয়েছে সে সম্পর্কে বলতে চাই যে, প্রথম ধান-চাল যেটা খরিদ হয়, বাজারে যেটা আসে ডিসেম্বর-জানুয়ারির মধ্যে এসে যায়। কিন্তু সে সময় ও'রা একটুও ধান-চাল খরিদ করেন নি। অতএব বিগত সরকারের উপর দোষারোপ করলে সমস্যার সমাধান হবে না। পরবর্তীকালে আমাদের খাদ্য-সংগ্রহ নীতি অনেক দেরিতে হয়েছিল এবং তার মধ্যেও কতকগুলি পদ্ধতিতে ত্রুটি-বিচ্যুতি ছিল। এফ সি আই-এর কথা বলব। এফ সি আই বাংলাদেশের জন্য যা দরকার সবটাই সেখান থেকে তাদের খরিদ করতে হবে এরূপ ধরনের কোন পরিকল্পনা নিয়ে এগিয়ে আসেন নি। যার ফলে ক্রয় পরিকল্পনা কার্যকরী হয় নি। আমি খাদ্য সংগ্রহ অভিযানে প্রায় এক মাস যাবৎ আমার জেলার বিভিন্ন কেন্দ্রে ঘুরেছি। জোতদারদের বাড়িতে গিয়ে আবেদন-নিবেদন করেছি, কিন্তু তাদের পাষাণ হৃদয় গলে নি। তাদের কোন মানবতাবোধ নেই। তারা এক মুঠো ধানও দেয় নি। কিন্তু সেখানে একজনের বাড়ির তালা ভেঙ্গে ৩০০ মণ বার করা গেছে। খামার থেকে, গরুর গোয়াল থেকে জ্বালানি কাঠের জায়গা থেকে ৩০০।৩৫০ মণ ধান পাওয়া গিয়েছিল। এরা কারা? আমার নির্বাচন কেন্দ্রে এদের সঙ্গে পরিচয় আমার আজকের নয়। দীর্ঘ ৩৮ বৎসর ধরে রাজনীতির ক্ষেত্রে আছি। এদের প্রত্যেকটি মানুষকে চিনি। এরা প্রত্যেকেই মণ্ডল কংগ্রেসের সভ্য বা নেতা। কিন্তু কারুর বাড়ি থেকে ধান পাওয়া যায় নি। যেহেতু কংগ্রেস অসহযোগিতা ঘোষণা করেছে, সেহেতু তাঁরা যুক্তফ্রন্ট সরকারের খাদ্যনীতি বানচাল করার জন্য ধান-চাল দেন নি। প্রত্যেকটি জায়গায় তাদের তালা ভেঙ্গে জবরদস্তি করে ধান-চাল আদায় করতে হয়েছে। অনেকে বলেছেন বিরোধী দল বলে তাদের বাড়িতে এরূপ করা হয়েছে, অনেকে বলেছেন অন্য দলভুক্ত নয় লোককে পি ডি অ্যাক্টে গ্রেপ্তার করা হয়েছে এবং আমাদের সমর্থক জোতদারদের রেহাই করা হয়েছে। কংগ্রেস দলভুক্ত হোন আর নাই হোন পি ডি অ্যাক্টে অ্যারেস্ট করার ব্যাপারে কোনরকম বাছবিচার করা হয় নি। শ্রীমতী আভা মাইতির নারাণগড়ে মিটিং করার খবর পেয়ে আমি সেখানে গেছি। তাঁরা আলোচনা-চক্রে কি হয়েছে সব না জানলেও কিছু খবর পেয়েছি। তিনি বলেছেন সরকার ধান চাচ্ছেন। কিন্তু আপনার নিজের যদি বেশি থাকে তাহলে দেবেন, নাহলে কোথা থেকে দেবেন। এটা কি বলা হল আমি বুঝতে পারছি না। তাঁর বিরুদ্ধে কথা বলার আমার ইচ্ছা নেই। সেখানে তিনি সোজাভাবে বলেন নি যে সরকারকে ধান দিও না। এর ফলে সেখান থেকে বলপূর্বক ধান-চাল সংগ্রহ কঠিন হয়েছে। মেদিনীপুর জেলার ১ লক্ষ ২৮ হাজার কুইন্টাল এবং ১ লক্ষ ৩২ কুইন্টাল চাল সংগৃহীত হয়েছে। সেখানে প্রতিটা ক্ষেত্রে জবরদস্তি করে সংগ্রহ করতে হয়েছে। এই এফ সি আই ব্যাপারটা একটা আমলাতান্ত্রিক ব্যবস্থা। তাঁরা বহুক্ষেত্রে দায়িত্বজ্ঞানহীনতার পরিচয় দিয়েছেন। প্রকিওরমেন্টের ধান প্রকিওরমেন্ট এজেন্টের কাছে থেকে গেছে। অমুক অমুক এজেন্টএর কাছে ধান আছে আনছেন না কেন? এরূপভাবে হাফ ডজন চিঠি দিয়েও ডি এম-কে ফোন করে ধান আনা হয়েছে। অতএব ধান-চাল প্রকিওরমেন্ট করার ব্যাপারে যেভাবে করা উচিত

ছিল তা করা হয় নি। খাদ্য বিভাগের কর্মচারীদের চেয়ে এরা অনেক বেশি সুবিধা পায়, এ'রা ৩০ টাকা মাগ্‌গী ভাতা পেয়ে গেছেন। সেন্ট্রাল গভর্নমেন্টএর স্কেল হিসাবে বেতন পাচ্ছেন। এদিক থেকে আমার বক্তব্য হচ্ছে আগামীদিনে এফ সি আই-এর উপর সম্পূর্ণ দায়িত্ব না রেখে রাজ্যসরকার কর্তৃক পাইকারি পরিচালন ব্যবস্থা করা দরকার। রাইস মিলগুলো কন্ট্রোল করা দরকার। একমাত্র মজুরি দিয়ে ভাঙ্গান ছাড়া অন্য কোন ব্যবস্থা যেন না থাকে, আর বাকি রাইস মিলগুলো খাদ্যের বাজারে সংকট সৃষ্টি করবার জন্য যে কাজ করেছে সেটা একটা দুরূহ ব্যাপার। এই বাকি রাইস মিল সম্পর্কে একটা নিয়ন্ত্রণ ব্যবস্থা থাকা দরকার এবং সংগ্রহ ও বণ্টন যদি ঠিকভাবে না হয় তাহলে খাদ্য সমস্যার সমাধান সম্ভব নয়। বণ্টন ব্যবস্থার মধ্যে রেশন কার্ড যেভাবে দেওয়া হয়েছে তাতে বিভিন্ন জায়গায় দেখা গেছে হ্যাভ এবং হ্যাভ নট এর মধ্যে হ্যাভটাই বেশি পেয়েছেন হ্যাভ নট-রা বেশি পান নি। কলকাতার বস্তি-অঞ্চলে বহু মানুষ রেশন কার্ড পায় নি। কিন্তু কলিকাতার বড় বড় লোকদের বাড়িতে যেখানে ১০ জন লোক আছে সেখানে তারা ৩০ খানা কার্ড করে রেখেছে। এ সম্পর্কে তদন্ত করা হোক। তারপর খাদ্য সংগ্রহ, খাদ্য উৎপাদন ও বণ্টন ব্যবস্থার মধ্যে এর আমলাতান্ত্রিকতা রয়েছে তার অবসান করতে হবে। গণ-কমিটির নামে অনেক অভিযোগ করেছেন কিন্তু আমলাতান্ত্রিকতার অবসান এবং জনসাধারণের যে উদ্যোগ, তাকে যদি আমরা কার্যকরীভাবে রূপ দিতে পারি তাহলে অনেক কাজ করতে পারব।

[5-15 — 5-25 p.m.]

উৎপাদন ক্ষেত্রে আমাদের দুর্বলতা রয়েছে। জাপানে একর প্রতি ২৫ মণ চাল উৎপাদন হয়, মিশরে ২৮ মণ চাল উৎপাদন হয়। সেখানে আমাদের বাংলাদেশে গত বছরের আগের বছর একরে ১০.৭৬ মণ চাল হয়েছে। সমস্ত ভারতবর্ষে একর-প্রতি গড়ে ৮.৮৬ মণ চাল হয়েছে। অন্ধ্র ১১.১৩, কেরালায় ১২.২৮, মাদ্রাজে ১৩.৩২, মহীশূরে ১২.১১, পাঞ্জাবে ৯.৩৮ আসামে ৮.৬৩ হয়েছে। সেখানে পশ্চিমবঙ্গে মাত্র ৮.৫৫ হয়েছে। খাদ্য উৎপাদন বৃদ্ধি ১৯৫৪-৫৫ সালে ১০০ পারসেন্ট ধরে ১৯৬১-৬২ সালে পাঞ্জাব ৬.৯৮ পারসেন্ট, মাদ্রাজ ৮.৫৮ পারসেন্ট, কেরালা ৬.০৫ পারসেন্ট, পশ্চিমবঙ্গ ০.২১ পারসেন্ট বৃদ্ধি পেয়েছে। ১৯৬৫ সালের এপ্রিল মাসের ভারত সরকারের কৃষি উন্নয়ন পুস্তিকা থেকে দেখা যায়, ডাল উৎপাদন সম্পর্কে পরিসংখ্যান বেরিয়েছে তা হচ্ছে এই--

সাল		উৎপাদন লক্ষ টন		আমদানী লক্ষ টন
১৯৫৯-৬০	.	৩.২৯	..	২.৮৫
১৯৬০-৬১	..	৩.৮৫		২.৩৪
১৯৬১-৬২	..	৩.৩৬	..	২.৮১
১৯৬২-৬৩	...	৩.২৫	...	৩.৭১

১৯৬১-৬২ সালে ছাগলের মাংস বার্ষিক আনুমানিক উৎপাদন দশ হাজার মেট্রিক টন এবং ভেড়ার মাংস আনুমানিক বার্ষিক উৎপাদন তিন হাজার মেট্রিক টন। সেখানে পশ্চিমবঙ্গে হয় ২০ পারসেন্ট আর উত্তরপ্রদেশ, বিহার ৮০ পারসেন্ট সরবরাহ করে। শতকরা ৭৫ জন মৎস্য-ভোজী ধরে মাছের প্রয়োজন হয় ৫,৯২,৯৫০ মেঃ টন। পশ্চিমবঙ্গে উৎপাদন হয় ৩০ পারসেন্ট পূর্ব পাকিস্তান থেকে আমদানি হয় ৩০ পারসেন্ট এবং অন্যান্য রাজ্য থেকে আসে ৪০ পারসেন্ট। ডিম ৬০০ কোটির প্রয়োজন। গড়ে বার্ষিক পাওয়া গিয়েছে ১ কোটি ১২ লক্ষ। এর মধ্যে ৩২ লক্ষ উৎপাদন হয় পশ্চিমবঙ্গে, ৫০ লক্ষ অন্যান্য রাজ্য এবং পূর্ব-পাকিস্তান থেকে ৩০ লক্ষ আসে। দুধ বিষয়ে নিউট্রিশন অ্যাডভাইসারি কমিটি বলেছেন প্রত্যেকের গড়ে দশ আউন্স দুধ খাওয়া প্রয়োজন। এই হিসাবে সমগ্রভাবে ৭ কোটি ৬৮ লক্ষ মণ প্রয়োজন প্রতিদিন। গড় উৎপাদন ২ কোটি ১২ লক্ষ মণ। চীনাবাদাম এ রাজ্যে উৎপাদন হয় ৫৬,৫০০ মণ এবং

আমদানি হয় ৫৪২,০০০ মণ। এ ছাড়াও ঘি, তরিতরকারি, নানারকম ফলমূল ইত্যাদি প্রয়োজন আছে। বাংলাদেশে যে চাল দরকার হয় তার প্রোকিওরমেন্ট বাদে শতকরা ৪০ ভাগ আমদানী করতে হচ্ছে। কিন্তু যদি আমরা কৃষি উৎপাদনের দিকে যাই তাহলে শুধু ধান-চালের সমস্যার সমাধান হবে না; সমগ্র জাতির সুষম খাদ্যনীতি সংগঠিত করতে হলে আমাদের বহুমুখীন উৎপাদনের দিকে নজর দেওয়া দরকার ছিল। কিন্তু বিগত ২০ বছর ধরে উৎপাদনের দিকে মোটেই নজর দেওয়া হয় নি। বাংলাদেশে যেসমস্ত জিনিসের প্রয়োজন সেগুলির জন্য বাহিরের উপর নির্ভর করতে হয়। সেজন্য এদিক থেকে আমি বলব আজকে খাদ্যব্যবস্থার আমূল পরিবর্তনের জন্য উৎপাদন, ক্রয় ও বণ্টন এই তিনটি জিনিসের দরকার। কৃষিবিভাগে যেসমস্ত কর্মচারী কাজ করেন তাঁরা যদি এদিকে লক্ষ্য দেন তাহলে ভাল হয়। এই বলে আমি শেষ করছি।

Shrimati Purabi Mukhopadhyay:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেদিন আমাদের পরম শ্রদ্ধেয় খাদ্যমন্ত্রী ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ যুক্তফ্রন্ট সরকারের এই বছরের খাদ্যনীতি কি হবে এই বলে যখন আমাদের সামনে ঘোষণা করলেন তখন এখানে দাঁড়িয়ে আমরা সেই খাদ্যনীতির বিরোধিতা করেছিলাম এবং বিরোধিতা করতে গিয়ে যেকথা বলেছিলাম এখন দেখছি সেটা অক্ষরে অক্ষরে ফলে যাচ্ছে। আমরা মনে করেছিলাম যে, আমাদের সেই সমালোচনা শুনে খাদ্যনীতির তিনি আমূল পরিবর্তন করবেন। কিন্তু দেখা যাচ্ছে তিনি পরিবর্তন কিছুই করেন নি। ফলে যা হবার তাই হয়েছে। আজকে দফায় দফায় সেজন্য এই সম্পর্কে আইন প্রয়োগ করছেন, অর্ডার দিচ্ছেন। সেই সমস্ত অর্ডারের কপি যা হয়েছে সেগুলি সমস্তই আমার কাছে আছে, এই সময়ের মধ্যে তা গুণে শেষ করা যাবে না যে, কতরকম অর্ডার দেওয়া হয়েছে। প্রাক্তন কংগ্রেস সরকার যখন এই খাদ্য দপ্তর সম্পর্কে বিভিন্ন ধরণের আইন প্রয়োগ করেছিলেন এবং বিভিন্ন অর্ডার দিয়েছিলেন তখন এই সভাকক্ষে দাঁড়িয়ে তদানীন্তন বিরোধীদলের পক্ষ থেকে বলা হয়েছিল যে, খাদ্যনীতি সম্পর্কে সরকার কি করতে চান তার কোন কিছু স্থিরতা এখনও হয় নি। তাই হাজার রকম অর্ডার তাঁরা দিচ্ছেন। আজকে আমরা দেখতে পাচ্ছি যে, এতে কত রকমের অর্ডার আছে, কত রকমের স্লিপ পেপার আছে। তা যদি এই হাউসের কোন সভ্য বুঝে পড়েন তাহলে একজন রিসার্চ স্কিলে ভাল মেটিরিয়াল তৈরি হবে। মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়ের সবচেয়ে বড় অসুবিধা যেটা হয়েছে, এই হাউসের ভিতরে এবং এই হাউসের বাইরে দেখতে পাচ্ছি, তা হচ্ছে ইনহেরেন্ট কন্ট্রাডিকশন তাঁর নিজের দল যুক্তফ্রন্ট সরকারের ভিতরে। বাইরের কথা আমি এখন আর তুলব না যে, কি বলেছেন সুন্দরায়া, কি বলেছেন স্বয়ং প্রমোদ দাসগুপ্ত বা কি বলেছেন স্বয়ং উপ-মুখ্যমন্ত্রী মহাশয় জনসভায়। আজকে এই বিধানসভায় সুবোধ চৌধুরী মহাশয় যে বক্তৃতা করেছেন বাম কম্যুনিস্ট পার্টির পক্ষ থেকে যে, বাম কমিউনিস্ট পার্টি আজকে যুক্তফ্রন্টের খুব বড় প্রভাবশালী অংশীদার সেই বাম কমিউনিস্ট পার্টির তরফ থেকে আজকে খাদ্যনীতিকে যেভাবে সমালোচনা করা হয়েছে তাতে আমি মনে করছি যে, যুক্তফ্রন্ট সরকারের সমস্ত খাদ্যনীতির ব্যর্থতার জন্য শুধুমাত্র ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষের উপর তাঁরা দায়িত্ব চাপিয়ে দিয়ে নিজেদের অপরাধ ও দোষ স্খালন করতে চান। তা যদি না হয় তাহলে এই যুক্তফ্রন্ট সরকারের অংশীদার হয়েও শ্রীসুবোধ চৌধুরী মহাশয় এখানে খাদ্যনীতি সম্পর্কে যে বক্তৃতা আজকে করলেন সেটাকে কোন দিক থেকে জাস্টিফাই, সমর্থন নিজে করতে পারেন নি। তাহলে কি দাঁড়াচ্ছে? খাদ্যমন্ত্রী যে খাদ্যনীতি গত মার্চ মাস থেকে সরকার গঠন করবার পর আজ পর্যন্ত ঘোষণা করেছেন- খাদ্যনীতি যেদিন ঘোষণা করেছেন সেদিন থেকে আজ পর্যন্ত যেভাবে ইমপ্লিমেন্টেশন হচ্ছে সেটা কার নীতি, সেটা কি শুধু ডঃ ঘোষের নীতি, না সেটা যুক্তফ্রন্ট সরকারের নীতি? যদি যুক্তফ্রন্ট সরকারের নীতি হয় তাহলে এই সভাকক্ষে দাঁড়িয়ে তার সমালোচনা না করে যুক্তফ্রন্টের ঐ সপার ক্যাবিনেট, যুক্তফ্রন্টের গণ-কমিটি যুক্তফ্রন্টের ফুড রিলিফ কমিটি, যুক্তফ্রন্টের ক্যাবিনেট কমিটি বা যুক্তফ্রন্টের নিজের যে ইউনাইটেড ফ্রন্ট কমিটি আছে সেখানে কি তাঁদের তাহলে এমন কোন হুইপ দেওয়া হয় যে, সেজন্য তারা মুখ খুলে কথা বলতে পারেন নি? প্রোকিওরমেণ্টের ব্যাপারে সেই সমস্ত কথা তুলে এই নীতির ব্যাপারে যেসমস্ত কথা শ্রীসুবোধ চৌধুরী মহাশয় বলেছেন সেগুলি পরিবর্তনের ব্যবস্থা

হয় নি কেন অথবা এই সুপরিকল্পিত উপায়ে খাদ্য সম্পর্কে এই ব্লেম শুধু ডঃ ঘোষের ঘাড়ে চাপিয়ে দিয়ে বামপন্থী কমিউনিস্ট পার্টি যুক্তফ্রণ্টের অংশীদার হয়েও আজকে সরে যেতে চাইছেন কেন, এই প্রশ্ন এই হাউসের সামনে দাঁড়িয়ে আমি জিজ্ঞাসা করতে চাই? খাদ্যমন্ত্রী তিনি খাদ্যনীতি আগে নির্ধারণ করতে পারেন নি—ক্যাবিনেটের জয়েন্ট রেসপন্সিবিলিটি আছে, ক্যাবিনেটে কি অনুমোদিত হয় নি, সেই নীতি আজকে বিধানসভা কক্ষে এবং বাইরে ঐ যুক্তফ্রন্ট সরকারের সরিকরা দিনের পর দিন যে সমালোচনা করছেন তাতে কি প্রোকিওরমেণ্ট প্রোগ্রামকে নষ্ট করা হচ্ছে না। আমি জানতে চাই যে, গণ-কমিটির নামে যে অত্যাচার গ্রামে গ্রামে হচ্ছে তাতে কি খাদ্যনীতি বানচাল হচ্ছে না? আমরা জানি সুপরিকল্পিত উপায়ে বাম কমিউনিস্ট পার্টি সভা-সমিতি মারফত এবং গোপন বৈঠকে তাঁরা কাজ করছেন যে কি উপায়ে তাঁরা এবং তাঁদের যেসমস্ত লেজুড় প্রতিষ্ঠান আছে তাঁদের দ্বারা সরকার গঠন করতে পারেন। এই সুপরিকল্পিত উপায়ে তাঁরা এই বিধানসভায় এবং বিধানসভার বাইরে কাজ করে চলেছেন। এবং যদি সেইভাবে ক্যাবিনেট ভেঙ্গে দিতে হয় তাহলে একমাত্র ফুড ফ্রন্টের দোহাই দিয়ে ভাঙ্গলেই জনসাধারণ তাঁদের গলায় মালা পরিয়ে দেবেন এই অভিসন্ধি নিয়ে বাম কমিউনিস্ট পার্টি আজ কাজ করে চলেছে। মাননীয় খাদ্যমন্ত্রী শুধু বিরোধীদলের সহযোগিতা চেয়েছেন আমরা সব সময়ই তাঁর সঙ্গে সহযোগিতার মনোভাব দেখিয়ে এসেছি। যেদিন এখানে খাদ্যনীতি ঘোষণা করা হয়েছিল সেদিন আমরা সমালোচনা করেছিলাম এবং দাবি করেছিলাম যে খাদ্যনীতি নিয়ে যদি কোন কিছু আমাদের সঙ্গে আলোচনা করেন তাহলে আমরা সেই আলোচনার জন্য নিশ্চয়ই প্রস্তুত আছি। আমি ব্যক্তিগতভাবে খাদ্যমন্ত্রীর কাছে চিঠি লিখে বলেছি যে, যদি আমাদের ব্যক্তিগতভাবে সাহায্যের কোন দাম থাকে এই খাদ্যসংকটের সময় তাহলে সেই সহযোগিতার জন্য আমরা সম্পূর্ণ প্রস্তুত আছি। কিন্তু সেই সহযোগিতা তারা প্রত্যাখ্যান করেছেন, তবে কেন বলা হচ্ছে যে বিরোধীদল খাদ্যনীতি সমর্থন করছেন না, কেন বলা হচ্ছে শ্রীমতী আভা মাইতি কিংবা অমুক সভা করছেন, এতদিন পরে যুক্তফ্রন্ট সরকার কটা সভা করল আর আমরা করলেই তাঁদের খাদ্যনীতি বানচাল হয়ে যাচ্ছে। এই সমর্থন আর এই দুর্বলতা নিয়ে আজ যুক্তফ্রন্ট সরকার চলছে। আমি জানতে চাই এখানে কংগ্রেস সরকার যখন গদীতে ছিলেন এবং ওঁরা যখন এখানে বসেছিলেন তখন দিনের পর দিন সমস্ত জেলায় ঘুরে তাঁরা বক্তৃতা দিয়েছেন যে, জান দেব, প্রাণ দেব, ধান দেব না। তা সত্ত্বেও আমরা প্রমাণ করে দিয়েছিলাম যে, যদি নিষ্ঠার সঙ্গে কাজ করি তাহলে অন্ততঃ আংশিকভাবে সফলতা লাভ করতে পারব এবং আমরা সফল হয়েছিলাম। আমরা জানি আজকের যাঁরা বলেছিলেন যে জান দেব, প্রাণ দেব, ধান দেব না, তাঁরাই ধান নিতে গিয়ে আজকে বাম কমিউনিস্ট পার্টি গণ-ফ্রন্টের নামে যাঁরা গণ-কমিটি করেছেন তাঁদের দিয়ে সুপরিকল্পিত উপায়ে এমন একটা অবস্থা করেছেন যে, এক ছটাক ধান-চাল আজকে সরকারের গুদামে আসছে না। এই যে গণ-কমিটি আমি জিজ্ঞাসা করি, একে কি সরকার সমর্থন দেন নি। মাননীয় খাদ্যমন্ত্রী গতবারে এখানে দাঁড়িয়ে বলেছিলেন যে, গণ-কমিটি সরকারের স্বীকৃত কমিটি নয়, তা যদি না হয় তাহলে আজকে গণ-কমিটির লোকদের দিয়ে আপনারা বাড়িতে বাড়িতে চর পাঠিয়ে ধান-চাল ধরার যে প্যানিক সৃষ্টি করছেন, তার ফলে আজকে ধান-চাল উধাও হয়ে যাচ্ছে। তবে কি আমি বলব যে, এই গণ-কমিটি ওঁরা জোতদারদের স্বার্থে এই প্যানিক সৃষ্টি করছেন, আমি কি তাহলে এই কথা বলতে পারি যে এই গণ-কমিটি জোতদারদের স্বার্থে কাজ করবার জন্য তাঁদের লিখে দেওয়া হয়েছে?

[3-55—4-5 p.m.]

আমি কি তাহলে একথা বলতে পারি যে এই গণ-কমিটিকে জোতদারদের স্বার্থে কাজ করবার জন্য এখনও রেখে দেওয়া হয়েছে যেমন গতবার জোতদারদের স্বার্থে "জান দেব, ধান দেব, প্রাণ দেব না" বলেছিলেন আপনারা? আজকে যদি খাদ্যমন্ত্রীর খাদ্যনীতিকে কেউ ব্যর্থ করে থাকে তার জন্য সম্পূর্ণ দায়িত্ব যুক্তফ্রন্ট সরকারের অংশীদারদের যাঁরা এই সভাকক্ষের ভেতরে দাঁড়িয়ে খাদ্যনীতির সমালোচনা করছেন যাঁরা সভাকক্ষের বাইরে দাঁড়িয়ে খাদ্যমন্ত্রীর পদত্যাগ দাবি করেছেন' তাঁরাই মানুষকে শিখিয়েছেন তাঁরাই লোককে বলছেন ধান দিও না। যিনি ধান [illegible] তাঁর পদত্যাগ করতে তাঁরা বাধ্য করছেন। অতএব আজকে আর বিরোধী দলের দিকে না তাকিয়ে সেই

আয়নায় নিজেদের মুখ দেখতে পাবেন; আজকে ঐ বামপন্থী কমিউনিস্ট যাঁরা আছেন, খাদ্য-মন্ত্রীর অপসারণ ও খাদ্যনীতি ব্যর্থ করবার চেষ্টা তাঁরাই করছেন। এঁরাই আবার বলেন আমাদের পেছনে গণ-সমর্থন রয়েছে। মাননীয় খাদ্যমন্ত্রী যখন ইংরেজীতে স্টেটমেণ্ট করলেন তখন তিনি বলতে চেয়েছেন পাবলিক কো-অপারেশন ইন অ্যাবান্ডান্স। এই কি পাবলিক কো-অপারেশন ইন অ্যাবান্ডান্সএর নমুনা? নমুনা হচ্ছে এই যে, টার্গেট যেটা প্রাক্তন সরকার ২১ লক্ষ টন করেছিলেন, সেখানে তাঁরা টার্গেটই করলেন ২ লক্ষ টন এবং সেই অনুযায়ী তুলতে গিয়ে আজকে তাঁরা দিনের পর দিন ব্যর্থ হয়ে একের পর এক অন্যের উপর দোষারোপ করে চলেছেন এবং পাবলিক কো-অপারেশন ইন অ্যাবান্ডান্সএর প্রমাণ তাঁরা দিচ্ছেন। আমি দেখিয়ে দেব পাবলিক কো-অপারেশন ইন অ্যাবান্ডান্স কাদের প্রতি ছিল। আমরা গতবারে যে লেভী করে-ছিলাম, তাতে প্রত্যেকটা জেলায় নীট ফল যা দাঁড়িয়েছিল, আমরা লেভীতে যা পেয়েছিলাম, তার একটিমাত্র উদাহরণ দিতে চাই। আমরা বর্ধমানে যা লেভী করেছিলাম সেখানে আমরা শতকরা একশোর জায়গায় একশো এগারো পেয়েছিলাম। বীরভূমে পেয়েছিলাম ৭৫·৪ পারসেণ্ট, বাঁকুড়ায় পেয়েছিলাম ৬৬.৫ পারসেন্ট, কাদের প্রতি পাবলিক কো-অপারেশন ইন অ্যাবান্ডান্স আছে--এতেই প্রমাণ হয়।

আইন করছেন এঁরা। একটার পর একটা আইন হচ্ছে। আমার সৌভাগ্য হোক, আর দুর্ভাগ্যই হোক, আমি এই আইন দেখবার সুযোগ পেয়েছি এবং এই আইনে আমি দেখতে পাচ্ছি পেনাল ক্লজ আছে এমন আইন নয়। যুক্তফ্রণ্ট সরকারের কোন কোন্ আইন খাদ্যনীতিতে আছে আমাকে অনুগ্রহ করে বুঝিয়ে দেবেন কি? খাদ্যমন্ত্রী সেই আইন তৈরি করলেন- এসেনসিয়াল কমোডিটিজ অ্যাক্ট দেখুন সেখানে পেনাল ক্লজ রয়েছে সেকশন ৭। আর আপনি এখনকার আইন দেখুন যেসব অর্ডার আপনারা দিচ্ছেন সেখানে কোথাও শাস্তির ব্যবস্থা নাই। ইন কণ্ট্রাভেনশন যাঁরা কাজ করলেন তাঁদের বিরুদ্ধে কি হলো? ঐ আইনের ধারায় উপ-ধারায় কোথাও কিছু শাস্তির বিধান রাখা হচ্ছে না। কোন্ রন্ধ্রপথে শনি ঢুকবে তার ব্যবস্থা সেই রন্ধ্রপথ খুলে রেখে দিয়েছেন আইনে এবং অর্ডার দিচ্ছেন। বলছেন পি ডি অ্যাক্ট প্রয়োগ করব। প্রয়োজন হলে নিশ্চয়ই তা করতে হবে। ধান-চাল সংগ্রহের ব্যাপারে আমাদের মনে কোন দ্বিধা নাই, আমাদের পক্ষের মনে কোন দ্বিধা নাই যাঁরা দায়িত্বশীল বিরোধী দল- তাঁরা কখনও ধান-চাল সংগ্রহে বাধা দিতে পারেন না এবং কোনদিন বাধা দেবেন না। যেদিন আমরা এখানে বসেছিলাম মাত্র তিনমাস আগে সেইদিনই আমরা প্রকিওর করেছি। আজকে কি করে বলব যে, প্রকিওরমেণ্ট অন্যায়, প্রকিওরমেণ্ট খারাপ। প্রকিওরমেণ্ট অন্যায় এবং খারাপ অতএব তোমরা ধান দিও না। একথা আমরা বলতে পারি না। আমরা কি বলতে চেয়েছি? আমরা এই কথা বলতে চেয়েছি, খাদ্যমন্ত্রী নিজে খাদ্যনীতি উপস্থিত করবার সময় বলেছিলেন যে, যেখান থেকে সেখান থেকে ধান সংগ্রহ করতে হবে। যদি ডেফিসিট এরিয়া হয়, খুব ঘাটতি অঞ্চল হয়, আমরা সেখান থেকে ধান-চাল আনব না। যদি অন্য অঞ্চল হয়, একটা পারসেন্টেজ বলে দিয়েছিলেন ৬০ পারসেন্ট, ৪০ পারসেন্ট। আমরা বলেছিলাম তাই রাখুন। এত আইন এই আইনের প্রয়োগের ফলে বাঁকুড়ায় দুর্ভিক্ষে লোক মরছে পুরুলিয়ায় অনাহারে মৃত্যু দিনের পর দিন হচ্ছে। আজকে বাংলাদেশের খাদ্যনীতির একমাত্র পরিচয় হচ্ছে অনাহার-অর্ধাহারে মৃত্যু, দুর্ভিক্ষ। এইজন্য এই খাদ্যনীতিকে কোনদিক থেকেই আমরা সমর্থনযোগ্য বলে মনে করি না।

যখন ধান-চাল সংগ্রহ করবার কথা, তখন তাঁরা দিলেন কর্ডন তুলে, সমস্ত লেভী প্রথা তুলে। তাঁরা ভাবলেন কংগ্রেসের হাত থেকে সরকার চলে গেল যারা লেভী করেছিল তারা। কাজেই ও রাস্তায় আমরা মাড়াব না। কাজেই তাদের পপুলারিটি বজায় রাখবার জন্য লেভী প্রথা তুলে দিলেন তাঁরা। তাঁরা প্রকিওরমেণ্ট করতে গেলেন কর্ডন তুলে দিয়ে। ফলে যেখানে যা ধান-চাল ছিল, হুহু করে সেখান থেকে বেরিয়ে চলে গেল। আজকের দিনে আপনারা কর্ডন করলেন না, লেভী আপনারা করতে সাহস রাখেন না। কি দিয়ে আপনার ধান-চাল আসবে? ডাঃ সান্যাল বললেন, আপনারা কনস্ট্রাকটিভ সাজেসশন দেন। কিসের কনস্ট্রাকটিভ সাজেসশন? ধান-চাল যখন পাচার হয়ে গেল, তখন কনস্ট্রাকটিভ সাজেসশন নিয়ে ডঃ ঘোষের আমাদের খাদ্যমন্ত্রীর কোন

কাজে লাগবে আমি জানতে চাই? যেদিন আপনারা খাদ্যনীতি ঘোষণা করেছিলেন, সেদিন যদি ঐগুলি রাখা হত, তাহলে আর আজকে এই দুরবস্থা হত না। আজ বিভিন্ন জেলায় খাদ্যসংকটের জন্য এই যুক্তফ্রন্ট সরকার যৌথভাবে দায়ী। তার প্রত্যেকটি অংশীদার দায়ী, তার প্রত্যেকটি দল দায়ী।

এই কথা বলে এই বাজেট বরাদ্দ এবং এই খাদ্যনীতির আমি তীব্র বিরোধিতা করছি।

Shri Maharaja Bose:
আমি বলব ন্যাশনাল মেডিকেল কলেজএ যাঁরা আছেন তাঁদের ডিস্ট্রিক্টএর ছেলেদের মেডিকেল সার্টিফিকেট দিতে হয় এবং তাদের সার্টিফিকেট অ্যাটেস্ট করতে হয়।

Mr. Speaker: Please take your seat. I have not given you permission. We are very much pressed for time. I will not allow anything to be done irregularly.

Shri Sambhu Charan Ghosh:
মাননীয় স্পীকার মহোদয়, আমি অত্যন্ত ধৈর্য সহকারে বিরোধী দলের মাননীয় সদস্যদের বক্তৃতা শুনছিলাম। শুনলাম মাননীয়া সদস্যা শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ের বক্তৃতা, তাঁর বক্তব্যের মাঝে তিনি যুক্তফ্রন্ট সরকারের সম্বন্ধে যে ইনার কন্ট্রাডিকশন করেছেন এবং সেই ইনার কন্ট্রাডিকশনের জন্য তিনি [illegible] করে দেখেছেন।

(**শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ** কাঁদি নি, দেখেছি।)

আমি [illegible] মুখোপাধ্যায়ের [illegible] উপভোগ করেছি। শ্রীমতী পূরবী মুখার্জির জানা উচিত ছিল। তবু আমি এই কথা বলছি যে, যুক্তফ্রন্ট সরকারের সাথে বিভিন্ন বামপন্থী দলে বিভিন্ন দৃষ্টিভঙ্গি আছে। কাজে কাজেই যখন আমাদের মধ্যে ইনার কন্ট্রাডিকশন থাকে, তখন কোন একটা প্রশ্নের [illegible] নীতিকে উন্নত করবার [illegible] গঠনমূলক দৃষ্টিভঙ্গি নিয়ে আমরা সমালোচনা [illegible] আমাদের মধ্যে যখন ইনার কন্ট্রাডিকশন থাকলে আমরা বাধিত হব। সরকারী নীতিকে আরও কেমনভাবে, সুন্দরভাবে চালু করা যায় তার ইঙ্গিত এর মধ্যে নিহিত থাকে। শ্রীমতী পূরবী মুখার্জি একথা একবারও বললেন না যে, যখন তাঁরা আসন ছেড়ে চলে গেলেন, তখন বাংলাদেশের মানুষের জন্য মাত্র ছয় সপ্তাহের রেশন রেখে দিয়ে যান। এই ছয় সপ্তাহের রেশন নিয়ে যখন যুক্তফ্রন্ট সরকার গদিতে আসীন হল, তখন ডঃ প্রফুল্ল ঘোষের নেতৃত্বে যুক্তফ্রন্ট সরকার বলিষ্ঠ খাদ্যনীতি গ্রহণ করে।

(নয়েজ অ্যান্ড ইন্টারাপশনস)

এবং পূর্বতন কংগ্রেস সরকার তাঁরা যে নীতিতে লেভি প্রথা চালু করেন তার অবসান ঘটে। মাননীয়া সদস্যা শ্রীমতী পূরবী মুখার্জি বলেছেন যে, কংগ্রেস সরকারের আমলে আমরা নাকি গ্রামে গ্রামে গিয়ে বলেছিলাম, 'জান দেব, প্রাণ দেব, তবু ধান দেব না।' তখন বলেছিলাম এইজন্য যে, লেভী কন্ট্রোল প্রথার মাধ্যমে বাংলাদেশের হাজার হাজার গ্রামের লক্ষ, লক্ষ কৃষক, যারা অত্যন্ত গরিব দরিদ্র কৃষক, তাদের উপর নির্যাতন করা হয়েছে। সেই লেভী কন্ট্রোল প্রথার মধ্যে এমন কতকগুলি ফাঁক ছিল, যার মধ্যদিয়ে জোতদারদের রেহাই দেওয়া হয়েছিল। তখন বামপন্থী দল, আমরা সেইসব গ্রামের গরিব কৃষকদের পাশে গিয়ে দাঁড়িয়ে বলেছিলাম যে, এই-রকম অন্যায়ভাবে তাদের উপরে লেভী প্রথা চালু করা হচ্ছে, তার বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে। তাই সেদিনকার আমাদের শ্লোগান ছিল জান দেব, প্রাণ দেব, তবু ধান দেব না। আজকে সেই শ্লোগানকে উপলক্ষ্য করে জোতদারদের পাশে দাঁড়িয়ে কংগ্রেস নেতৃবৃন্দ এই শ্লোগান তুলেছেন। সেদিন বামপন্থী দলগুলি গ্রামের গরিব কৃষকদের পাশে গিয়ে যে শ্লোগান দিয়েছিল, আজকে তাঁরা গ্রামের জোতদারদের পাশে গিয়ে সেই শ্লোগান দিচ্ছেন—'জান দেব, প্রাণ দেব, তবু ধান দেব না।' কাজেই বাংলাদেশে খাদ্যে যে সঙ্কট দেখা দিয়েছে তার মূলে আছে কংগ্রেসের দুরভিসন্ধিমূলক রাজনীতি এবং এর পিছনে আছে জোতদারশ্রেণীর চক্রান্ত।

[4-5—4-15 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে বলতে পারি যে, যুক্তফ্রন্ট সরকার অত্যন্ত বলিষ্ঠভাবে তাঁর নীতি ঘোষণা করার পর দেখা গেল যে জোতদাররা রাজনৈতিক প্রশ্রয় পেল কংগ্রেসের কাছে এবং সঙ্গে সঙ্গে পুলিস আমলা যারা আছে তারাও জোতদারদের সাহায্য করতে লাগল। আমি একটা ঘটনা অন্তত আপনার সামনে তুলে ধরতে চাই, হুগলির দাতাপুর থানার বিভিন্ন গ্রামে যখন মজুতবিরোধী অভিযান করার জন্য আমরা সমস্ত স্বেচ্ছাসেবক বাহিনী সংগঠিত করেছিলাম তখন আমরা শুনলাম এই দাতাপুর থানার ও-সি সেই গ্রামের জোতদারদের খবর দিলেন যে, অমুক দিন বামপন্থী দলের স্বেচ্ছাসেবকরা মজুতবিরোধী অভিযান করতে আসছে, সঙ্গে সঙ্গে দেখা গেল যে, সেখানকার সমস্ত ধান-চাল পাচার হয়ে গেল। এই জোতদারদের পুলিশ আমলা এবং তার সঙ্গে সঙ্গে কংগ্রেসের দুরভিসন্ধিমূলক রাজনীতি সক্রিয়ভাবে সাহায্য করেছে। তাই আজ বাংলাদেশের বুকে খাদ্যসংকট এত তীব্রতর হয়ে উঠেছে। একথা সত্য যে আজকে বাংলাদেশের বুকে খাদ্যসঙ্কট অত্যন্ত তীব্রতর হয়ে উঠেছে। একথা আমি অস্বীকার করি না, অন্তত বাঁকুড়া পুরুলিয়া শুধু নয়, পশ্চিম দিনাজপুর, মালদহ, হুগলি জেলার কিছু অংশে খাদ্যসংকট অত্যন্ত শোচনীয় হয়ে উঠেছে। মাননীয় স্পীকার মহাশয়, আপনার দৃষ্টিতে এটা আনতে চাই যে, এইসমস্ত এলাকার লোকেরা আমাদের কাছে বলেছে যে, যখন কংগ্রেসী রাজত্ব ছিল তখন আমরা সস্তায় খাদ্য পেতাম, আজকে যুক্তফ্রন্ট সরকারের আমলে চালের দাম বেশি কেন, যুক্তফ্রন্ট সরকারের আমলে বাজারে চিনি নেই কেন, যুক্তফ্রন্ট সরকারের আমলে গম পাচ্ছি না কেন, এই অভিযোগ তারা করেছে কিন্তু আপনারা শুনলে আশ্চর্য হবেন এই সমস্ত মানুষ কিন্তু একথা অত্যন্ত পরিষ্কারভাবে বলেছে যে, এই অসুবিধা সত্ত্বেও আমরা কংগ্রেসকে ক্ষমতায় ফিরিয়ে আনতে চাই না। তারা একথা অত্যন্ত স্পষ্টভাবে বলেছে যে, যুক্তফ্রন্ট সরকারের এই ক' মাসের রাজত্বে কষ্টস্বীকার করছি ঠিক কথা, কিন্তু কংগ্রেস ক্ষমতায় পুনরায় আসীন হবে জোতদারদের রাজত্ব কায়েম করবে এ আমরা হতে দেব না। তাই, মাননীয় স্পীকার মহাশয়, আপনি দেখেছেন বাংলাদেশে যতগুলি পৌরসভার নির্বাচন হয়েছে প্রত্যেক পৌরসভার নির্বাচনের ফল এই কথাই ঘোষণা করে যে, এই অভাব সংকটের মধ্যেও বাংলাদেশের পৌর এলাকার মানুষ কংগ্রেসকে আর চায় না, কংগ্রেসের বিরুদ্ধে তাদের বলিষ্ঠ রায় নির্বাচনের মধ্যে দিয়ে তারা ঘোষণা করেছে। গ্রামে গ্রামে যখন পঞ্চায়েত নির্বাচন হবে তখন ঐ একই ফল আপনি দেখবেন, এই সঙ্কট এই অনটনের মধ্যেও গ্রাম বাংলার মানুষেরা এই কংগ্রেসের বিরুদ্ধে ধিক্কার জানাবে, কংগ্রেসের সমাধি রচনা করবে একথা অত্যন্ত পরিষ্কার। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে, এখানে কোন কোন সদস্য বারবার এই অভিযোগ করেছেন যে, যুক্তফ্রন্ট সরকার কেন্দ্রীয় সরকারের উপর দোষারোপ করছেন যে কেন্দ্রীয় সরকার আমাদের নাকি খাদ্য সরবরাহ করছেন না তাই নাকি এই সঙ্কট। একথা কি তাঁরা অস্বীকার করতে পারেন? কেন্দ্রীয় সরকারের কাছে ভিক্ষা চাচ্ছি না, পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারের কাছে ভিক্ষার পাত্র নিয়ে গিয়ে ভিক্ষা চাচ্ছেন না, বাংলাদেশের মাটি থেকে যেখানে পাট, তামাক চা, উৎপন্ন হচ্ছে এবং সেই উৎপন্ন দ্রব্যের বিনিময়ে যখন আমরা কেন্দ্রীয় সরকারের বৈদেশিক মুদ্রা অর্জনের জন্য চেষ্টা করছি তখন অত্যন্ত সঙ্গতভাবে অত্যন্ত জোরের সঙ্গে আমরা একথা বলতে পারি যে কেন্দ্রীয় সরকারের দায়িত্ব আছে পশ্চিমবঙ্গকে সাহায্য করার। সেজন্য পশ্চিমবঙ্গ সরকারকে সাহায্য করার প্রতিশ্রুতি তাঁরা দিয়েছিলেন যে, মাসে ৭৫ হাজার টন গম দেবেন এবং মাসে ১৫ হাজার টন চাল দেবেন। মাননীয় স্পীকার মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন যে, কেন্দ্রীয় সরকার গত জুন মাস পর্যন্ত আমাদের ৪৩ হাজার টন গম কম দিয়েছেন এবং গত জুন মাস পর্যন্ত কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গকে এক ছটাকও চাল দেন নি। উড়িষ্যা সরকার থেকে ৬ হাজার টন চাল আমরা পেয়েছি। আজকে আমরা তাই কেন্দ্রীয় সরকারের উপর একটা চাপ সৃষ্টি করতে চাই কেন্দ্রীয় সরকারকে একথা জানিয়ে দিতে চাই যে, আজকে পশ্চিমবঙ্গের এই সঙ্কট মোচনের দায়িত্ব তাদের আছে। মাননীয় স্পীকার মহাশয়, আজকে "হিন্দুস্থান স্ট্যান্ডার্ড"এ একটা সংবাদের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল লোকসভাতে কেন্দ্রীয় খাদ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রী মিঃ সিন্ধি বলেছেন যে, বিভিন্ন রাজ্য আজকে কেন্দ্রের কাছে খাদ্য চাচ্ছে, আমরা তাই আমেরিকার কাছে চাচ্ছি। অর্থাৎ আজকে আমরা যেমন কেন্দ্রের কাছে

খাদ্যের জন্য চাপ দিচ্ছি তেমনি কেন্দ্রীয় সরকার আমেরিকার দিকে দৃষ্টি ফিরিয়ে বলছেন যে, আমেরিকা বলছে তোমাদের খাদ্য দেব কিন্তু সুয়েজ খাল নাসের বন্ধ করে দিয়েছে, সেই সুয়েজ খাল বন্ধ হওয়ায় কেপ কমোরিন হয়ে খাদ্য ঘুরে আসবে সেইজন্য সময় বেশি লাগবে এবং ফ্রেট চার্জ বেশি পড়বে ৭৫ কোটি টাকা। মিঃ নাসেরকে তাঁরা চাপ দেবার জন্য কেন্দ্রীয় সরকারের একজন রাষ্ট্রমন্ত্রী, মিঃ সিন্ধিকে আমেরিকা বলছে যে, যদি তোমরা খাদ্য পেতে চাও, পরোক্ষ-ভাবে এই কথা বলতে চাচ্ছে তাহলে তোমরা ইউনাইটেড আরব রিপাবলিকের উপর চাপ সৃষ্টি কর। অর্থাৎ দেখা যাচ্ছে আমেরিকার কাছে যখন ভিক্ষাপাত্র নিয়ে কেন্দ্রীয় সরকার যাচ্ছেন তখন আমেরিকা বর্তমান আন্তর্জাতিক রাজনীতির ভয় দেখিয়ে আজকে ইসরাইলের সমর্থনে আরব গোষ্ঠীর উপর চাপ সৃষ্টি করতে চাইছে। কেন্দ্রীয় সরকারের কাছে আমেরিকা বলতে চায় যে আজকে যদি তুমি ইসরাইলকে সমর্থন করে ইউনাইটেড আরব রিপাবলিককে কনডেম কর তাহলে এই ৭৫ কোটি টাকা যেটা অতিরিক্ত ফ্রেট লাগবে সেটা মকুব করতে পারি। কাজে কাজেই আজকে দেখা যাচ্ছে কেন্দ্রীয় সরকার আমেরিকার কাছে পি এল ৪৮০-র দাসখৎ লিখে দিয়ে আন্তর্জাতিক ক্ষেত্রে সাম্রাজ্যবাদীর দোসরে পরিণত হয়েছে। তাই আমরা পশ্চিমবঙ্গ থেকে এই কথা বলেছি যে, তুমি কেন্দ্রীয় সরকার আমেরিকার কাছে খাদ্য আনতে গিয়ে সেখানে রাজনৈতিক দাসখৎ লিখে দিচ্ছ সেখানে সাম্রাজ্যবাদীর দোসরে পরিণত হচ্ছে, তখন আমাদের অধিকার দাও, দেখ আমরা বাংলাদেশের পক্ষ থেকে অন্য কোন সমাজতান্ত্রিক দেশ থেকে খাদ্য আনতে পারি কিনা।

(হট্টগোল)

আমি চীনদেশের কথা বাদ দিচ্ছি, অন্যান্য যেসমস্ত সমাজতান্ত্রিক দেশ আছে, রাশিয়া, কিউবা, চেকোশ্লোভাকিয়া ইত্যাদি সেখান থেকে খাদ্য আনতে পারি। আমরা বলেছিলাম বাংলাদেশের মানুষকে সেই অধিকার দেওয়া হোক, অন্তত তোমরা আমেরিকার কাছে দাসখৎ লিখেছ, পলি-টিক্যাল সারেন্ডার করছ, সেই সারেন্ডার না করে আমাদের ক্ষমতা দাও আমরা দেখি কোন সমাজতান্ত্রিক দেশ থেকে খাদ্য আনতে পারি কিনা। মিঃ স্পীকার, স্যার, আর একটা কথা বলি আজকে এই অপদার্থ কেন্দ্রীয় সরকার যেখানে জিনিসপত্রের দর বেঁধে দিতে ব্যর্থ হয়েছে সেখানে শ্লোগান তুলছেন ওয়েজ ফ্রিজের। আমি এই প্রসঙ্গে একটা কথা বলে রাখি আজকে প্রত্যেকটি জিনিসের দাম যেখানে গগনচুম্বী হয়ে পড়েছে সেখানে ওয়েজ ফ্রিজ একটা অবাস্তব কথা। আমি জানি না দিল্লীর মুখ্যমন্ত্রী কি বলেছেন, কিন্তু কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে ঘোষণা করা হয়েছে যে, ওয়েজ ফ্রিজ করা হবে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি যখন আমরা প্রাইস ফ্রিজ করতে চাচ্ছি তখন তার পিছনে কতকগুলি চক্র আছে যারা এই প্রাইস ফ্রিজ হতে দিচ্ছে না। পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে খাদ্যমন্ত্রী তিনি যখন দাম বেঁধে দিলেন যে, ১ ৩৫ পয়সা দরে চাল বিক্রি করতে হবে তখন আমরা দেখছি যে, প্রাইস ফ্রিজ করা যায় নি, তার পিছনে জোতদার, মজুতদার এবং ঐ বেঞ্চে যাঁরা বসে আছেন। তাঁরাই এই প্রাইস ফ্রিজ হতে দেন নি। মিঃ স্পীকার, স্যার, আমি এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি যে প্রাইস ফ্রিজ তাঁরা হতে দেবেন না তার কারণ হচ্ছে ঐ জোতদার, কংগ্রেস ও পুলিস। তাই আজকে যতক্ষণ পর্যন্ত না প্রাইস ফ্রিজের আগে ঐ জোতদারদের ফ্রিজ করা হবে, কংগ্রেসকে ফ্রিজ করা হবে, পুলিসকে ফ্রিজ করা হবে ততক্ষণ পর্যন্ত আমাদের এই প্রাইস ফ্রিজ করা অসম্ভব হয়ে উঠবে এবং ততক্ষণ পর্যন্ত ওয়েজ ফ্রিজ করাটা অবাস্তব হবে। এই কথা বলে খাদ্যমন্ত্রী যে বরাদ্দ এখানে উপস্থিত করেছেন তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি।

[4-15—4-25 p.m.]

Shri Satyabrata Bhattacharyya:

মিঃ স্পীকার, স্যার, আমাদের মাননীয় খাদ্য মন্ত্রী আজকে যে বাজেট এনেছেন সেই বাজেটকে সমর্থন আমি করতে পারি না এবং কি কারণে পরি না সে সম্বন্ধে কয়েকটি কথা আপনাকে বলবো।। আমাদের মাননীয় খাদ্যমন্ত্রী যুক্তফ্রন্ট সরকার হওয়ার পর ৪ কোটি ১৭ লক্ষ লোকের মাচ

এক্সপেক্টেড খাদ্যনীতি এই সভাকক্ষে বিতরণ করলেন। প্রথমে তিনি বলেছিলেন পশ্চিমবঙ্গ খাদ্যে স্বাবলম্বী নয়, অবৈজ্ঞানিক পরিকল্পনা ও ততোধিক অবৈজ্ঞানিক কার্যে রূপায়ণ-এর মুখ্য কারণ। তিনি আরো প্রকাশ করেন যে পশ্চিমবাংলায় ধান চাল সংগ্রহের সময় আর হাতে বেশী নেই, বড় জোর দু'মাস। অবস্থা খুবই দুঃখজনক। তিনি তার পরিকল্পনা অনুযায়ী তিনি বিবৃতি দিলেন জেলার অভ্যন্তরে আন্তর্জিলা কর্ডন উঠিয়ে দেওয়া হবে। কলিকাতা এবং অন্যান্য জায়গায় বিধিবদ্ধ রেশন দেওয়া হবে, এবং বর্তমান লেভী প্রথা রহিত হয়ে যাবে। এবং সেই সঙ্গে তিনি আরও বললেন যে পূর্ববর্তী কংগ্রেস সরকার তারা সংগ্রহ করেননি প্রকিওরমেন্ট করেননি, সুতরাং তাদের উপর দোষারোপ চালিয়ে গেলেন। সেই সভায় তিনি একথা বলে গেলেন হেসে হেসে অবশ্য মাননীয় ভূমি-রাজস্ব মন্ত্রীর মতন নেচে নেচে বলেননি, তিনি হেসে হেসে বললেন প্রফুল্লবাবু যে চালের কথা বলেছেন সেই চালে যতখানি ক্যালোরি থাকে তার পরিবর্তে কাঁচাকলা খেলে মানুষের উদরে সম্ভব হবে না, গরুর উদরে সম্ভব হতে পারে। তিনি সাইন্স-এর স্টুডেন্ট তিনি বলতে পারেন, তবুও আমরা আশা করেছিলাম তাঁর নীতির জন্য বর্তমান পরিস্থিতিতে তিনি যদি এক কেজি চালের জায়গায় ২০০ গ্রাম যদি সমস্ত লোককে খাওয়াতে পারতেন তাহলে তার রসিকতা আমরা মাথা পেতে নিতে পারতাম। কিন্তু এই সভা কক্ষে তিনি সেদিন বলে গেলেন—তিনি কি জানেন না আফ্রিকার কোন কোন জায়গায় ব্যানানা হচ্ছে স্টেপল ফুড, আজও পর্যন্ত আয়ারল্যান্ড-এ এখনও হচ্ছে স্টেপল ফুড পোটাটো। যাহা হউক তিনি এই সভাতে বললেন গাজর চাষ খুব ভালভাবে কর -তাতে ক্যালরি অনেক বেশী আছে খাওয়া যায়। সেকথা আমি ধরলাম না। আপনি কর্ডন উঠিয়ে দিলেন যে লেভীর- যে কংগ্রেস সরকারের উপর আপনি দোষারোপ করে-ছিলেন, সেই কংগ্রেস সরকার জানুয়ারি মাসে যখন ধান উঠে তখন তাদের নীতি ছিল ৭ একর এবং ১০ একর জমি যাদের আছে তৎকালীন বিরুদ্ধপক্ষ তাদের সঙ্গে একমত হয়ে এদের লেভী থেকে বাদ দেওয়া হয়েছিল। তার উপরে জোতদারদের এবং জমিদারদের যে সমস্ত জমির ধান ছিল তার উপরে তারা একটা লেভী করেছিলেন। তিনি এসে পপুলারিটি দেখাবার জন্য লেভী না দেওয়ার জন্য যে দুই হাজার লোকের উপর মামলা হয়েছিল তা তিনি উঠিয়ে নিলেন। এবং তিনি ডিক্লেয়ার করলেন বর্তমান লেভী প্রথা আমরা উঠিয়ে দেব। আর তার সঙ্গে সঙ্গে ঘোষণা করলেন চিফ পপুলারিটি নেবার জন্য যে ধানচাল জোতদারদের হাতে মজুত আছে তার দাম তখন বাড়িয়ে দিলেন। তিনি খুব বাহবা নিলেন। তিনি বললেন চাষী যারা টিলার অব দি সয়েল তাদের আমরা উপযুক্ত দাম দেব। এর ফলে কি হল—একদিকে তিনি স্টেট ট্রেডিং এর কোন ব্যবস্থা করলেন না, তিনি চাল সংগ্রহের কোন ব্যবস্থা করলেন না, তিনি একদিকে খোলাবাজারে রেখেছিলেন, তিনি ডিক্লেয়ার করলেন ২১, ২২, ২৩ টাকা আর তখন সারপ্লাস ডিস্ট্রিক্ট বর্ধমান সেখানে বিক্রী হচ্ছে ৩৫, ৩৬ টাকা দরে। আমি বলি যুক্তফ্রন্ট সরকার এতই পপুলার যে সেই মুনাফাখোর, কালোবাজারী এবং জোতদাররা ৩৮, ৩৯ টাকা দরের পরিবর্তে তারা বলবেন যে আমাদের পরম শ্রদ্ধাভাজন খাদ্যমন্ত্রী যখন বলেছেন স্বেচ্ছায় তোমরা দেবে তারা ২১ টাকা দরে তাঁর পায়ের কাছে ধান নিয়ে আসবে। এ কখনও হতে পারে না। আপনি একদিকে খোলাবাজার রাখলেন সেখানে ৫০ টাকা মণ ধান বিক্রী করবার সুযোগ দিলেন, আর অন্যদিকে দাম নিয়ন্ত্রণ করে দিলেন ২১ টাকা—আপনি কি করে বিইং দি স্টুডেন্ট অব দি সায়েন্স আপনি কি করে এক্সপেক্ট করেন যে আপনি এক ছটাক চাল প্রকিওর করতে পারবেন? তারপরে আপনি নিজেই বলেছেন যে অন্য শরীকেরা এমনকি মুখ্যমন্ত্রী পর্যন্ত যখন নক্সালবাড়ীতে গিয়ে তিনি বললেন পুলিশের উপর হুকুম দিলাম তারা সমস্ত রকম প্রতিবিধান করবে সেই সঙ্গে সঙ্গে আপনি বললেন যে, সেন্ট্রাল গভর্নমেণ্ট দিচ্ছে না। আপনি ১৯৬৬ এর কথা স্মরণ করে দেখুন সাম্রাজ্যবাদী আমেরিকার রক্ষিতা পাকিস্তান যখন ভারতবর্ষ আক্রমণ করল তখন পি, এল, ৪৮০গম দিতে ইতস্তত করতে লাগল, তারা ঠিকমত দিলেন না। পূর্ব সরকার সেইজন্য নীতি ডিক্লেয়ার করেছিলেন যে আমাদের এখানে যে উৎপন্ন শস্য হবে ধানচাল হবে প্লাস সেণ্টার যেটুকু দেবে সেটুকু নিয়ে আমরা সুবণ্টন করে দেবো। সেইজন্য লেভি হয়েছিল কর্ডনিং হয়েছিল। আপনি জানেন যে এদেশে কর্ডনিং বা রেসনিং করতে গেলে অনেক অনাচার আসে। কিন্তু বৃহত্তর স্বার্থের জন্য ৪ কোটি ১৭ লক্ষ লোককে বাঁচাবার জন্য

সেটাকে সরে নিতে হয়েছে। আরবা জানি কর্ডনিং প্রথায় অনেক অব্যবস্থা হয়েছিল জানি বহু লোক ঘুষ খেয়েছে অনেক অকায় হয়েছে, কিন্তু সমস্ত বছর যা উৎপন্ন হয়েছিল সেই চাল এবং ধান নিয়ে এবং সেণ্টার থেকে এবং এখন থেকে যে গম পাওয়া গিয়েছিল মফস্বলে প্রত্যেক জায়গাতে মডিফায়েড রেশনিং এক বছর তাঁরা চালিয়েছিলেন—অস্বীকার করতে পারেন? কিন্তু যখন আপনাদের হাতে সরকার এসেছে—আজও পর্যন্ত এই চার মাসে কোন মফঃস্বলে যেখানে আড়াই টাকা দরে চাল বিক্রি হচ্ছে সেখানে কি এক ছটাকও মডিফায়েড রেসনিংয়ে তাঁদের দিতে পেরেছেন? আপনি নিজে স্বীকার করেছেন যে সেণ্টার কোন রকম পক্ষপাতিত্ব করেন নি। বহরমপুর সার্কিট হাউসে সকল দলের এম. এল. এ এবং এম. এল. সি-দের সামনে আপনি বলেছেন যে সেণ্ট্রাল গভর্নমেণ্ট কোন পক্ষপাতিত্ব করেননি। তাদের এ্যাভেলেবল যে গম আছে তা সম্যকভাবে ১০০ বছরের মধ্যে ভারতবর্ষে এই রকম দুর্ভিক্ষ হয়নি। সব দেশে যে রকম পাঠাচ্ছে আমাদেরও সেই রকম পাঠাচ্ছে কোন রকম ডিসক্রিমিনেসন হয়নি। উপরন্তু আপনি সার্কিট হাউসে বলেছেন যে পাঁচ হাজার টন চাল আমাদের বেশী দেওয়া হয়েছে এবং আপনি একথা বলেছেন যে আজকে লেফ্‌ট কমিউনিস্ট পার্টি যারা ক্রিটিসাইজ করছে তাদের সম্বন্ধে আপনি বলেছেন যে এই খাদ্যনীতি তো আমি একা করি নি—ক্যাবিনেট মিটিংয়ে হয়েছে এবং সেই ক্যাবিনেট-এ মেম্বার তিনজন লেফ্‌ট কমিউনিস্ট পার্টির মেম্বার আছেন। তা সত্ত্বেও তিনি কি করে আমতা আমতা এই সমস্ত কথা বলছেন। আপনার কুশপুত্তলিকা দাহ হচ্ছে কলকাতার রাস্তায়, আপনার পদত্যাগের দাবি জানানো হচ্ছে তখনও আপনার চৈতন্য হোল না-আপনি আপনার নীতির পরিবর্তন করলেন না। ফলে আজকে ৪ কোটি ১৭ লক্ষ লোককে আপনি অনাহারের মুখে ফেলে দিয়েছেন। বহুলোক মরেছে, বহুলোক অনাহার অর্ধাহারে আছে এ আপনি চোখের সামনে দেখেছেন। আজকে হয়তো আপনি গর্ব করবেন যে আপনাদের যুক্তফ্রণ্ট সরকার এতো পপুলার যে তিন চার টাকা কেজি দরে চাল বিক্রি হচ্ছে কিন্তু কোন ট্রাম পুড়ছে না, বাস, ট্রেণ পুড়ছে না, লাইন উপড়াচ্ছেন না বা কোন বৈজ্ঞানিক যন্ত্র পুড়ছে না। তার একমাত্র কারণ যে যারা করেছিলেন এবং করিয়েছিলেন আজকে তাদের অনেকের মুখ এখানে দেখতে পাচ্ছি। আজকে তারা এই সরকার গঠন করেছেন বলে পাবলিকের উপর এতো যে অন্যায় অত্যাচার হচ্ছে, অনাহার হচ্ছে [illegible] ট্রেণ বাস পোড়ানো হচ্ছে না। পরিশেষে আমি একথা বলতে চাই যে আপনি [illegible] আপনি জানেন না, আমি আপনাকে একথা বলছি এবং

আমি এই বাজেটের তীব্র বিরোধিতা করছি।

[4-25—4-35 p.m.]

Shri Rabin Mondal:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে মাননীয় খাদ্যমন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবী এখানে উত্থাপন করেছেন তা আমি সমর্থন করি এবং তা সমর্থন করতে উঠে কতকগুলি বিষয় আমি আপনার মাধ্যমে তাঁর নজরে আনতে চাই। আমরা দেখেছি গত তিন চার মাসে কালোবাজারী মজুতদার, আড়তদার এবং জোতদাররা সরকারের খাদ্যনীতি বিভ্রান্ত করার চেষ্টা করছেন। এবং যাতে এটা ব্যর্থতায় পর্যবসিত হয় তার জন্য তাঁরা প্রতিক্রিয়াশীল চক্র এবং যুক্তফ্রণ্ট সরকারের বিরুদ্ধবাদী শক্তির সঙ্গে এক গভীর ষড়যন্ত্রে লিপ্ত। সরকারের উচিত ছিল যখন এই খাদ্যনীতি প্রকাশ করা হয় সাথে সাথে যাতে জোতদার আড়তদার কালোবাজারীরা এর পূর্ণ সুযোগ নিয়ে লাভবান না হতে পারে তার জন্য এই ছিদ্রগুলি বন্ধ করা এবং শাস্তি সাজার ব্যবস্থা করা। আমরা দেখেছি যে সমস্ত কালোবাজারীরা [illegible] অবাধে শোষণ করছে ব্যবসার নামে অবাধে মানুষকে শিকার করছে [illegible] গোষ্ঠী [illegible] যুক্তফ্রণ্ট সরকারের বিরুদ্ধে [illegible] এই খাদ্যনীতি [illegible] করার জন্য গভীর ষড়যন্ত্রে লিপ্ত। স্পীকার মহাশয়, আমি মনে করি যে [illegible]

প্রায় এক মাস পরে আসবে বাজারে তাই যাতে সেই আউসের পুরা অংশটা, বীজধান
পুরোটা যাতে সরকারের ষ্টকে জমা হয় তার জন্য ব্যবস্থা করা উচিত এবং প্রয়োজনীয় আ
কানুন সংশোধন করা উচিত। আমরা মনে করি যে খাদ্যশস্যে হোলসেল এবং রিটেল পুরে
জন্য স্টেট ট্রেডিং চালু রাখা দরকার। কারণ একদিকে যদি খোলা বাজার চালু থ
এবং আর এক দিকে যদি সরকারী নিয়ন্ত্রণ ব্যবস্থায় ফিক্সড দাম থাকে তাহলে কোন জোত
মজুতদার, কোন উৎপাদনকারী সরকারী ভান্ডারে ধান বিক্রি করবে না। তাই সরকারী স্ব
ব্যাপক মানুষের স্বার্থে খাদ্যনীতি এবং সংগ্রহ নীতিকে সফল করার স্বার্থে খাদ্যশ
রাষ্ট্রীয় ব্যবস্থা কি পাইকারী কি খুচরা সমস্ত দিক দিয়ে রাষ্ট্রায়ত্ত হওয়া দরকার বলে
করি। আমি মনে করি যে এই সমস্ত ব্যবস্থা নেবার ফলে এবং কালোবাজারীদের অবিল
পি, ডি, অ্যাক্ট এবং এসেন্সিয়াল কমোডিটিজ অ্যাক্ট ইত্যাদির প্রয়োজনীয় সংশোধন আনার
তারা সংহত হবে এবং প্রতিক্রিয়াশীল শক্তিকে আমরা পর্যুদস্ত করতে সক্ষম হবো। মান
স্পীকার মহাশয়, কিছুদিন পরে আউস ধানের পরে আসন্ন যে আমন ধানের মরশুম আ
সেই আমন ধান যাতে ব্যাপকভাবে সংগৃহীত হয়ে সরকারের স্টকে আসে এবং সরকা
খাদ্যনীতি যাতে সফল হয় তার জন্য সমস্ত দিক দিয়ে, সরকারী খাদ্য সংগ্রহ নীতির স্ব
খাদ্যশস্য ব্যবস্থাকে সরকারী নিয়ন্ত্রণাধীনে আনা দরকার। তা নাহলে একমাত্র হোল
ব্যবসার ক্ষেত্রে আমরা যদি রাষ্ট্রায়ত্ব করি, স্টেট ট্রেডিং চালু করি তাহলে বড় বড় ব্যবসায়
ছোট ছোট ব্যবসায়ীতে রূপান্তরিত হয়ে সরকারের খাদ্যনীতিকে ব্যর্থতায় পর্যবসিত করবে।
আমরা যেহেতু সরকারের খাদ্যনীতিকে সফল করতে চাই সেই হেতু আজকে মূল প্রশ্ন যে খ
পূর্ণ রাষ্ট্রায়ত্ব করা একান্ত প্রয়োজন কি হোলসেল কি রিটেল উভয় ক্ষেত্রে। আমরা দে
গ্রামে আমাদের সংগ্রহ হয়নি। আমাদের সমস্ত কিছু ব্যর্থতায় পর্যবসিত করার
আমাদের পুলিশ, জমিদার, আমলা, জোতদার এরা সবাই এবং প্রতিক্রিয়াশীলগোষ্ঠী সম
ভাবে আমাদের গ্রামাঞ্চলের ফুড এবং রিলিফ কমিটির যাঁরা মেম্বার আছেন তাঁদের বিরু
মিথ্যা অজুহাতে ডাকাতি, গৃহদাহ এই সমস্ত আইনে সোপার্দ করছেন এবং পুলিশ
করছেন যেগুলির দিকে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং আপনার মাধ্যমে বলছি
এক দিক দিয়ে গ্রামের জোতদাররা এবং আর এক দিক দিয়ে সরকারের খাদ্যনীতিকে যাঁরা স
করতে চান যাঁরা ডিহোর্ডিং ব্যবস্থাকে সফল করতে চান তাঁদের বিরুদ্ধে তাঁরা মিথ্যা মাম
নন-বেলেবল সেকসনগুলি প্রয়োগ করছেন। অন্যদিকে যাঁরা খাদ্য উৎপাদন করতে চান
বেনামদার, বেনামী করে রেখেছেন তাঁরা চাষীদের নামে মামলা করে চাষীদের জমি
উচ্ছেদ করার জন্য ব্যবস্থা করছেন এবং পুলিশের সঙ্গে সহযোগিতা করে মাসের পর
তাঁদের জেলে আটক রাখছেন তাঁদের জামিন দেওয়া হচ্ছে না। সুতরাং এদিক
স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে এই ব্যয়-বরাদ্দ
সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Byomkes Mazumdar:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় খাদ্যমন্ত্রী যেদিন খাদ্যনীতি সভায় উপস্থিত করেছি
সেদিন বলেছিলাম যে খাদ্য নিয়ে রাজনীতি করার কোন প্রশ্ন আমাদের তরফ থেকে আসে
আমাদের এখানে যে সমস্ত আলোচনা হল তা থেকে আমার মনে হল যে দেশের খাদ্য পরিস্থি
সম্বন্ধে বোধ হয় ওঁদের কোন রকম হুঁশ বা চোখ ফেরাবার দরকার নেই। আমার ধা
বিশেষ করে শম্ভুবাবুর বক্তৃতা শুনে যা হল সেটা বলতে চাই। তাঁর এলাকা এস, আর, এল
সেখানে ২০০ কেজিও পাওয়া যায় কিন্তু রেশান এলাকার বাইরে যে পরিস্থিতি হয়েছে
খাদ্যমন্ত্রীকে বলবো আজ আমাদের সকলে মিলে চিন্তা করতে হবে কি করে আমরা প
বাংলাকে বাঁচাবো। আপনি নিজে জানেন ১৪ আউন্সের কমে পেট ভরে না আর আ
দিচ্ছেন ৯ আউন্স তাতে কি করে মানুষ বেঁচে থাকে। এ পরিস্থিতির দিকে যদি নজর
দিই এখানে যদি বক্তৃতার ফুলঝুড়ি ওড়াই এবং রাজনীতি করি তাহলে আমাদের কলঙ্ক
ইতিহাস রচিত হবে। এস, আর, এলাকার বাইরে গম বা চিনি নেই এবং সেখানে চাল আনা

কোন উপায় নেই। সিলিং করে দিয়েছেন ১ ৩৫ সে সিলিং কি করে এনফোর্সড্ হয় সে ব্যবস্থা করতে হবে। কিন্তু এনফোর্সের ব্যবস্থা কাদের উপর? আপনাদের পুলিশ এবং এনফোর্সমেণ্ট ডিপার্টমেণ্ট আছে। কিন্তু আপনারা ছেড়ে দিলেন কতকগুলি লোকের উপর যাদের আইনতঃ কোন মর্যাদা নেই। এটা পুলিশের কাজ গভর্নমেণ্ট অফিসারদের কাজ। কিন্তু আপনারা ছেড়ে দিলেন গণ-কমিটি নামে একটা অদ্ভুত জীবদের হাতে এখন গণ-কমিটি কি করে তা বলছে। হুগলী জেলায় মগরা থানার মধ্যে এই গণ-কমিটি একদিন হুল্লোড় করে কংগ্রেসীদের বাড়ী তল্লাস করে যখন কিছু পাওয়া গেল না তখন জনসাধারণ বললে যে যারা গণ-কমিটির মধ্যে আছে তাদের বাড়ী তল্লাস করতে হবে, যারা ধ্বজা নিয়ে যাচ্ছে তাদের বাড়ী তল্লাস করতে হবে। চিন্তাহরণ মজুমদার ঐ গণ-কমিটির সেক্রেটারী তার বাড়ী তল্লাস করে ১৭ মণ চাল পাওয়া গেল, তার একটুও জমি নেই, তিনি চালের কারবারও করেন না তার পারমিট বা লাইসেন্স নেই। আজকে এই পরিস্থিতে আপনার দৃষ্টি আকর্ষণ করছি গণ-কমিটিগুলির প্রতি। এস, আর, এলাকায় ধানের জমি, থাকতে পারে এই জ্ঞান আপনার ফুড ডিপার্টমেণ্ট-এর নেই। সেজন্য এস, আর, এলাকার মধ্যে যার জমি আছে সে কত ধান রাখতে পারবে, কিছুই রাখতে পারবে কিনা এ সম্বন্ধে কোন আইন নেই। গণ-কমিটি দরখাস্ত করলো অমুকের বাড়ীতে এত ধান আছে। খুঁজে দেখা গেল তার সাড়ে পাঁচ বিঘা জমি আছে এবং তিন কুইণ্টাল ৪০ কেজি ধান পাওয়া গেল—বোরো ধান। সবচেয়ে আশ্চর্যের ব্যাপার হচ্ছে যে ধান নিয়ে গিয়ে পি, ডি অ্যাক্ট-এ অ্যারেস্ট করা হয়েছে। এই গণ-কমিটিরা ঘরে ঘরে ঢুকে বীজ ধান পর্যন্ত নিয়ে গেছে যার ফলে এবার চাষ হওয়া অসম্ভব। এটা উদ্দেশ্যপ্রণোদিতভাবে করা হয়েছে। কৃষিমন্ত্রী হিসাবে আপনার নজরে আনতে চাই।

[4-35—4-45 p.m.]

এটা আপনার কাছে নিবেদন করবো এবং আমার মনে হয় যদি এ ব্যাপারে একটু দৃষ্টি দেন তাহলে খুব ভাল হবে। আপনি জানেন যে আমরা যখন খাদ্য নিয়ে আলোচনা করেছিলাম তখন আমরা বলেছিলাম যে আপনাদের এটা একটা খাদ্যনীতি নয়, এটা একটা খিচুড়ি নীতি। কর্ডন আপনারা তুলে দিলেন, কণ্ট্রোল বসালো, লেভি করলেন না, আজকে আবার কর্ডন করতে হচ্ছে, কিন্তু এখন করলেন যখন সমস্ত কিছু পাচার হয়ে গেছে। নেপাল বর্ডারে গিয়ে দেখুন যে কি পরিমাণ ধান বাড়তি জেলা পশ্চিম দিনাজপুর থেকে চলে গেছে। আজকে বাড়তি ঘাটতি জেলায় পরিণত হয়েছে। তাই আপনাকে বলতে চাই যখন কণ্ট্রোল করা উচিত ছিল তখন আপনারা করলেন না। যখন লেভি করা উচিত ছিল তখন তা করলেন না। রেশন এলাকার প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত ২৬এ জুন তারিখে হরপ্রসাদ ঘোষ নামক একটি লোকের বাড়ীতে তিন ভাইয়ের জন্য সাড়ে পাঁচ বিঘা জমি আছে, তার বাড়ীতে ৩ কুইণ্টাল ৪০ কেজির মত ধান পাওয়া গেছে তার রেশন কার্ড কাটা হয়েছে অথচ তাদের বোরো ধান, বীজধান নিয়ে গিয়েছে, পি, ডি, অ্যাক্ট-এ ধরা হয়েছে। যে জায়গায় বোরো ধানের বীজের ব্যবস্থা করা দরকার সেখানে তা করা হয়নি, কত জমি কার আছে এবং বীজ ধান দেওয়া সম্ভব কিনা সেটা জানা দরকার। ঘাটতি অঞ্চলে যে সমস্ত আবাদযোগ্য জমি আছে সেই সব জায়গায় বীজ সরবরাহ করার কথা সেই সব জায়গায় চাষীরা আজও বীজ পায়নি। এই সময় যদি তাদের সাহায্য করতে না পারেন তাহলে ঝাণ্ডা উড়িয়ে বেড়িয়ে ধান চাল কোথায় আছে বার করব এই কথা বলে লাভ হবে না। মাননীয় খাদ্যমন্ত্রিমহাশয়, হাসকিং মেসিন বন্ধ করতে পারেননি অথচ এক কিলো বা দুই কিলো চাল নিয়ে হয়ত কোন মেয়েরা আসছে তাদের ধরা হচ্ছে। আপনি জানেন এই চালের সোর্স কোথায়। যদি সেই সোর্স বন্ধ করতে না পারেন তাহলে চালের দরের উর্ধ্বগতি বা এইভাবের সরবরাহ বন্ধ করতে পারবেন না। হাসকিং মেসিন যদি বন্ধ করতেন চাল আসতে পারত না। মিলে কোথাও চাল নেই। গত বৎসর সরকার এই সময়ে কত চাল এবং ধান সংগ্রহ করেছিলেন কিন্তু আপনারা তা পারেন নি। আপনার এলাকায় ঝাড়গ্রামে সেখানে সমবায় সমিতির ধানকল রয়েছে সেই ধানকল এফ, সি আই, নিলেন না। কেন না তাদের ধানকলে ধান ভানলে সমবায় সমিতিকেও সিকিউরিটি দিতে হবে। ধান, কলে না ভাঙ্গাতে দিয়ে এইভাবে জনসাধারণ হাসকিং মেসিন-এ ভাঙ্গিয়ে নিতে পারছে,

ডি, পি, এজেন্সী নিতে হলেও সমবায় সমিতিকে সিকিউরিটি দিতে হবে। এটা থেকে এফ, সি, আই, রেহাই দিলেন না যেটা প্রাক্তন পশ্চিমবঙ্গ সরকার দিয়েছিলেন এরূপ পরিকল্পনা সম্বন্ধে যদিও ব্যবস্থা রয়েছে। আজকে সাধারণ মানুষ অনাহারে দিন কাটাচ্ছে এটা গল্প কথা নয়। এই শহরের বাহিরে যে কোন গ্রাম্য এলাকায় যদি যান তাহ্লে দেখবেন যে এর কোন প্রতিকার নেই। তারা গম পায় না, চাল পায় না, আটা পায় না। কোনরকমে আধপেটা খেয়ে বেঁচে আছে। কিন্তু তাদের খাবার নেই। কিছু ছোলা পাওয়া গিয়েছিল আজকে সে ছোলাও পাওয়া যাচ্ছে না। আজকে এই বিতর্কের মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করে আমি এই কটি কথা বললাম। আজকে যদি দেশের লোককে বাঁচাতে চান তাহলে এসব জিনিসের অনুসন্ধান করুন, প্রতিকার করুন। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Dasarathi Tah:

অধ্যক্ষ মহাশয়, দারুন খাদ্য সংকটের সময় সকলের কাছ থেকে যখন গঠনমূলক এবং সহানুভূতি-পূর্ণ আশ্বাস পাবার কথা, তখন উভয় পক্ষেরই সদস্যেরই কিছু কিছু ভাষণ দেখছি শ্মশানে শকুনের উল্লাসের ন্যায়। এই কথা ঠিক যে আজকে দারুন খাদ্যসংকট এবং শহর অপেক্ষা পল্লী অঞ্চলে খাদ্যসংকটের সীমা নেই। অন্য বছর গম পেত, এবার গম পর্যন্ত নেই। একটি একটি অঞ্চলে চার বস্তা করে আটা দেওয়া হত, এখন তার বদলে দুই বস্তা করে দেওয়া হয় তাও আবার সময়ে নয়। কাজেই এই চরম দুরবস্থা দেখা দিয়েছে। গত বছর অনাবৃষ্টি হয়েছে, এবারে এখন পর্যন্ত সর্বত্র বৃষ্টি হল না। মাঠের যে শামুক তথাকথিত নিম্নশ্রেণীর অত্যন্ত পুষ্টিকর খাদ্য, বর্ষা না আসার জন্য তাও নেই এবং পাকা তালও ব্যাপকভাবে নেই। এইরকম দুর্দশা দেখা দিয়েছে। আষাঢ় মাসে মাঠে জল লাগলে যেসমস্ত কচি কচি শাক হত, সেই শাক পর্যন্ত নেই। কাজেই এই চরম দুরবস্থার মধ্যে আমাদের সকলেরই সচেতন হওয়া উচিত এই কথা আমি বার বার বলে আসছি। কংগ্রেসপক্ষের বক্তৃতা আমি একটু আগে শুনেলাম। তাঁরা খুব উৎসাহিত হয়েছেন। কারণ, তাঁদের কথা ফলে গেছে, আমরা নাকি কর্ডন তুলে দিয়েছি। কর্ডনের মাহাত্ম কি ইতিমধ্যেই ভুলে গেছেন? এই বছরের চেয়ে আপনাদের আমলে তো অনেক স্বচ্ছল ছিল, কিন্তু তখন কর্ডনে কত লোক মারা গেছে মনে নেই? মনে নেই আরামবাগের সেই অন্নদার কথা, সেই সাবিত্রীর কথা? জগন্নাথবাবু কোথায় গেলেন, তিনি তো নিজে দেখে এসে-ছিলেন সেই নারী ধর্ষণ? তিনি তো তাদের বলে এসেছিলেন যে জমি দিয়ে সান্ত্বনা করব। গতবারে গুলীতে কত লোক মারা গেছেন, নুরুল আমিন থেকে আরম্ভ করে আরো কত কি সেসব কথা কি ভুলে গেলেন? বর্ধমান বাঁকুড়া বর্ডারে যে গুলি চালানো হয়েছিল সেকথাও কি ভুলে গেলেন? একথা ঠিক যে, এই কর্ডন এতদিন রাখার ফলে সমাজের সর্বত্রই দুর্নীতি বাসা বেঁধেছে তাই এই সরকারের যে খাদ্যনীতি সেটা যাতে শিথিল করা যায় এই হচ্ছে তার উদ্দেশ্য। ধান যখন সংগ্রহ করা হবে তখন আপনাদেরই নীতি চলছিল এবং তখন ইলেকশনের সময় হুড় হুড় করে চলে গেছে। নামেই কর্ডন, কিন্তু কাজে সেই জায়গায় একেবারে উচাটনের ব্যবস্থা হয়েছে। মাঝখানে কে সভাপতি হয়েছেন, কে কি বলেছেন আমি এই কথা এখন বলছি না। সরকারে যখন এলো তখন সেটা আয়ত্তের বাইরে তাই সেই জায়গায় এই কথা বলি যে, মানুষের সততার উপর নির্ভর করা যাক এবং সহযোগিতা চাওয়া হয়েছিল, বিশেষ করে খাদ্যমন্ত্রী বলে-ছিলেন রাজনীতি অন্তত কয়েকবছর পকেটে থাক। কাজেই এখন দেশকে বাঁচাতে গেলে সকলেরই উচিত হবে এক সঙ্গে কাজ করা। কিছু কিছু জায়গায় সত্যাগ্রহের হুমকি দেয়া হচ্ছে এবং কিছু কিছু জায়গায় বিচ্ছিন্ন ঘটনা ঘটাবার চেষ্টাও করা হচ্ছে। কে কোথায় মিটিং করে কি রেজ-লিউশন পাশ করেছেন সেকথায় আমি এখন আর যাবো না, কিন্তু তাঁদের প্রচেষ্টা হয়েছে একে বাধা দেয়ার। কিন্তু চরম আফশোসের কথা এই যে নিজেদের ঘরেই গলদ। আমরা যে সরকার গঠন করেছি সেই সরকারের মধ্যে আমরা আশা করেছিলাম অন্তত কেন শতদল হয়ে প্রস্ফুটিত হব। আজকে সরকারপক্ষ বিরোধীপক্ষ উৎসাহিত হয়েছেন, গলা চড়িয়ে বলতে পারছেন গলদ পেয়েছেন বলে। আজকে আমাদের এ পক্ষের বন্ধু সুবোধ চৌধুরী মহাশয়ের বক্তৃতা শুনে আমরা কি দেখছি? খাদ্যমন্ত্রী ফুড কমিটি করে দিয়েছেন—ফুডহীন শক্তিহীন কমিটি করে দিয়েছেন, আর একদিকে দেখছি যে বেসরকারী লুঠ কমিটি হচ্ছে। কাজেই এই অসামঞ্জস্য একেবারে দূর

করা দরকার এবং সেই জায়গায় সুষ্ঠুভাবে সমস্যার সমাধান করা উচিত। সেখানে লুঠপাটের রাজত্ব বলে সবই বিশৃংখল হয়ে যাচ্ছে। মানুষ খাদ্যের চিন্তা করছে—তারা শাসনের কথা ভাববে কি? কাজেই সেই জায়গায় যদি দেশের এইরকম অবস্থা হয় এবং আমাদের যে কোন দলই তাকে প্রশ্রয় দিয়ে থাকুন না কেন ভবিষ্যতে যাতে আর না হয় সেদিকে বিশেষ করে চেষ্টা করতে হবে। যদি সেইসব কমিটি ধান সংগ্রহ করে সরকারী গুদামে জমা দিতেন তাহলে একটা কথা থাকতো। সাময়িকভাবে সেই জায়গায় লুঠপাট হয়ে হয় বণ্টিত হয়েছে, আর না হয় বণ্টনের নামে তছনছ হয়েছে। সেটা ভুল হয়েছে। বিভিন্ন জায়গায় যুক্তফ্রন্টের জয়ধ্বনি দেয়া হয়েছে কিন্তু খাদ্য-মন্ত্রীর নিন্দা করা হয়েছে।

[4-45—4-55 p.m.]

প্রসেশন করা হয়েছে এবং সেখানে শ্লোগান দেওয়া হয়েছে যে, প্রফুল্ল ঘোষের পদত্যাগ চাই, কোন জায়গায় বলা হয়েছে নিশীথ কুণ্ডুর মুণ্ডু চাই, কুণ্ডুর সঙ্গে মুণ্ডুর মিল আছে বলে বলা হয়েছে কিনা জানি না, তবে বলা হয়েছে। এইগুলি সমস্ত ভুল এবং দু-পক্ষেরই ভুল। আজকে যখন সেই জায়গায় সুর ধ্বনিত হয়েছে, কংগ্রেসের পক্ষে কিছু কিছু বিশেষ করে আমার ভগিনী আভা মাইতি যেকথা বললেন, এই সুর তাঁর কাছে শুনি নি এবং পূরবীদেবী যেকথা বললেন এইরকম আগে কিছু শুনি নি, তবুও সেই জায়গায় বলছেন যে আমরা সহযোগিতা করবো, তবু ভাল যদি সহযোগিতা করেন এবং আমাদের পক্ষের সব বন্ধুদের বলছি যে হাত ছাড়া হয়ে গেলেও, আভ্যন্তরীণ কর্ডন আমাদের যেতে পারে কিন্তু বর্ডার কর্ডনিং তো আমরা তুলি নি নেপাল দিয়ে যদি ধান চলে যায়, সেখানে আরও কড়া হওয়া উচিত এবং ধান-চাল যেখানে কর্ডন ছেড়ে দেওয়া হয়েছে সেইগুলো তো এই রাজ্যের মধ্যেই ঘুরছে, সেই-গুলো গেল কোথায়, নিশ্চয়ই আছে এবং এখন পর্যন্ত জোতদারের ঘরে এবং যারা জোতদার নয় তারা মজুত করে রেখেছে। কলকাতার উপর আমরা চাল রেখেছি, কলকাতাকে সন্তুষ্ট করবার জন্য আমরা গ্রামকে বঞ্চিত করেছি, কলকাতার দুঃখী-দরিদ্রের অভাব নেই, এই কথা ঠিক যে কোলকাতার লোকের কিছু উদ্বৃত্ত থাকে খরচ চালিয়ে, তারা প্রত্যেকে চাল স্টক করেছেন, যদি খোঁজ নেন তা পাবেন কিন্তু কলকাতায় যারা দুঃখী-দরিদ্র, তাদের চরম দুর্দশা, পেট ভরে না এই কথা আমি জানি। কিন্তু পল্লীঅঞ্চলের অবস্থা একেবারে কাহিল। বিশৃংখলা বন্ধ হওয়ার ফলে, লুঠপাট বন্ধ হওয়ার ফলে বাজারে খানিকটা স্বাভাবিক অবস্থা এসেছে, তাও ২·২৫ পঃ ২·৫০ পঃ এই তো অবস্থা। ওপক্ষের একজন বন্ধু বললেন ধানের দাম ৪০ টাকা, তাঁরা কম করে বলেছেন, ৫০ টাকা ধানের মণ, আজকে এমন একটা চরম অবস্থার সৃষ্টি হয়েছে, সেই জন্য আমি খাদ্যমন্ত্রী তথা যুক্তফ্রন্ট সরকারকে বলবো যে যেখান থেকে পারেন গম আনুন, মাইলো আনুন, অন্তত চাল না দিতে পারেন, এই জিনিস সেখানে দিন এবং পল্লীঅঞ্চলে যেসব জায়গায় ধানচাল স্টক আছে, আপনারা যে রিলিফ কমিটি করেছেন, সেটাকে শক্তিশালী করুন, এই রিলিফ কমিটিকে শক্তিশালী করবার জন্য সেখানে একটা সংগঠন করুন। আমি জানি আমার বর্ধমান জেলায় বহু লোক ধান বিক্রি করেছে কিন্তু চাল মজুত করে রেখেছে চালের মডাইএ আছে ঘরের মধ্যে, মাঠ কোঠার উপরে আছে, আমি সেই খবর পেয়েছি। কিন্তু সেই জায়গায় পি ডি অ্যাক্ট হয়েছে—হ্যাঁ একটু অসময়ে হয়েছে, এটা ঠিক কথা কিন্তু এখনও সেটা কাজে লাগানো যায়, ঐ পি ডি অ্যাক্ট-এ শুধু কতকগুলো জোতদারকে ধরলেই হবে না তাদের যারা সাহায্য করছে তাদেরও ধরতে হবে। কিছু সরকারী কর্মচারী আছে আগেকার ঘুঘু সরকারী কর্মচারী, আমার কাছে একটা রিপোর্ট আছে, আমাদের কর্মীরা আমাদের নির্দেশ মত কোথায় কার ঘরে চাল আছে, কোথায় কি লুকানো আছে, এই সমস্ত রায়না ২নং বি ডি ও-কে জানায়। বি ডি ও সেই জায়গায় পাঠালেন পঞ্চায়েত সুপারভাইজার, বিজন ব্যানার্জীকে এবং সাব-ইন্সপেক্টার অফ ফুড বঙ্কিম মুখার্জীকে। তাঁরা দিনের বেলা গেলেন না, ঠিক সন্ধ্যার সময় জোতদারদের বাড়িতে গিয়ে একটা ভাল ভুরী-ভোজনের ব্যবস্থা করে যেমনকরে আগেকার দিনের গোমস্তারা প্রজাদের ডাকতেন তেমনি তার পরের দিন সকালবেলা যারা কমপ্লেন করেছিল, তাদের ডাকলেন এবং তাদের ঐ জোতদারের বাড়িতে বসেই বললেন যে আপনারা যে কমপ্লেন করেছিলেন যে এর বাড়িতে ধান আছে, আমরা তো দেখতে পাচ্ছি না, সেখানে যারা জোতদার এবং অবস্থাপন্ন লোক, তাদের সেই জায়গায়

এখনও লোকবল আছে, কিছু লোককে ধার দিয়ে এবং উন্নত লোককে পোষন করে তারা শক্তিশালী, কিন্তু সাধারণ কর্মী যারা তারা রিপোর্ট দিল, সরকারী লোক আগে জানিয়ে তাদের সাবধান করে দিল, উলটে শুধু তাই নয়, তাদের সম্মান হানি করলেন, ইজ্জত হানি করলেন। আমি সেই জন্য খাদ্য মন্ত্রী তথা যুক্তফ্রন্ট সরকারকে বলবো যে, যেসব সরকারী কর্মচারী এইরূপ ব্যবস্থা করে আমাদের যে খাদ্য পলিসি আমাদের যে প্রকিওরমেন্ট পলিসিকে বানচাল করছে, পি ডি অ্যাক্ট-এ তাদেরও ধরা উচিত। এখনও সময় আছে যদি প্রতি অঞ্চলে অঞ্চলে কমিটিগুলোকে স্বক্রীয় করা যায়, কোথায় কার মড়াই-এ কি আছে না আছে, যা আছে তাই বণ্টন করে খেতে হবে, সুয়েজ খাল বন্ধ হলে সেই জায়গায় খাদ্য আসতে দেরী হবে একথা ঠিক, ইন্ডিয়া গভর্নমেন্ট-এর কাছে যতটা পাওয়া যায় সেই বিষয়ে নিশ্চয়ই চিৎকার করা উচিত এবং আন্দোলন করা উচিত। কিন্তু আমাদের ঘরে যেগুলো আছে সেগুলোও সমভাবে বণ্টন করা উচিত। আপনারা বলেন যে আপনারা কটিকে ধরেছেন জোতদারদের সমর্থক, কি চমৎকার কথা, কংগ্রেস পক্ষ আপনারা জানেন না যে সেবারে মিল ওনারকে ধরেছিলেন, তার মধ্যে একটি মাত্র শাস্তি হয়েছিল, আপনারাই তার উত্তর দিয়েছিলেন। আমি জানি এইরকম একজন বর্ধমানের বিত্তবান ব্যক্তিকে ধরেছিলেন নিবর্তন আইনে। আমি জানি তিনি নামেও ধনপতি, কাজেও ধনপতি, তারপর তিনি দুর্গাপুরের কনফারেন্স-এ ১৫ হাজার টাকা চাঁদা দেওয়ার জন্য তাঁকে সাময়িকভাবে চেপে রাখা হলো, এইরকম ধরনের কাজ অতুলাবাবু করিয়েছিলেন। তাই আমি এই কথা বলবো যে, আগে যা হয়েছে—বিশ বছরে বহু কিছু হয়েছে, ভুলে যান, আজকে সেই কথা ভুলে যে অবস্থা এসেছে সেদিকে চিন্তা করুন। এদিক ওদিক সকলে মিলে যে কি করে এই অবস্থার মোকাবিলা করা যায়। আপনারা বলেন কয়টাকে ধরেছেন জোতদার সমর্থকদের। কি চমৎকার কথা বলে গেলেন কংগ্রেসী পক্ষ। আপনারা জানেন না, সেবার কংগ্রেস মিল-ওনার্সকে ধরেছিলেন, তার মধ্যে একজনের মাত্র শাস্তি হয়েছিল? আপনারা সেই [illegible] উত্তর দিয়েছেন? আমি জানি ঐরকম ধনের একজন লোককে নিবর্তন আইনে [illegible]। তিনি [illegible] ধনপতি [illegible] ধনপতি কাজেও ধনপতি আসলে ধনপতি। [illegible] দুর্গাপুর কংগ্রেসে ১৫ হাজার টাকা চাঁদা দেওয়ার জন্য সাময়িকভাবে এবং তাঁকে [illegible] ছেড়ে দেওয়া হয়েছিল অতুল্যবাবুই করেছেন, সরাসরি সেই অভিযোগ পাওয়া গেছে। আমি কংগ্রেসী বন্ধুদের কাছে তাই এই কথা বলবো—এখন যে অবস্থা হয়েছে, আগে যা হয়েছে অনেক গলদ হয়েছে গত বিশ বছরে বহু গলদ যা হয়েছে তা ভুলে যান আজকে যে অবস্থা এসেছে, সেই অবস্থাকে সেই জায়গায় মোকাবিলা করবার জন্য, এদিক-ওদিকের সকলে মিলে কি করে সমস্যার সমাধান করা যায়, দেশকে বাঁচান যায় তার ব্যবস্থা করুন। এই অনুরোধ করে আমি আমার বক্তব্য এখানেই শেষ করছি।

Shri Maharaja Basu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ৩রা জুলাই তারিখে এই সভায় যে সময় আমরা বলেছিলাম কর্ডন উঠিয়ে দেবেন না, লেভী উঠিয়ে দেবেন না, বড় বড় ব্যবসায়ীদের একশো মণ পর্যন্ত ধান রাখা এবং যেখানে ইচ্ছা সেখানে নিয়ে যাবার জন্য ব্যবস্থা বা হোড করবার ব্যবস্থা করবেন না সেসব কথা আপনারা কানে তুললেন না, আমাদের সেকথা আপনারা শুনলেন না। তার ফলে আজকে কি পরিস্থিতি হয়েছে তা আপনারা শুনেছেন। আপনারা সবচেয়ে বেশী ক্ষতি করেছেন কাদের? আমি সেই কথা বলবো যে আজকে [illegible] ক্ষেতমজুর, যারা খেটে খায় যারা আধিয়ারগিরি করে খায়, তাদের আজকে আপনারা যে কি সর্বনাশ করেছেন সেই কথা একটু শুনুন। যাদের কৃষিকার্য সম্বন্ধে সামান্য একটু জ্ঞান আছে, যারা তথাকথিত কৃষক দরদী সেজে কথা বলেন ঐ পক্ষের লোক তারা। আপনি জানেন সেই সবচাইতে খেটেখাওয়া লোক মাঠে তাদের দিয়ে কাজ করাতে হলে, চাকর রাখতে হলে প্রতি মাসে দু-মণ করে ধান খোরাকি হিসেবে তাদের দিতে হবে। তারপর কি আপনি তাকে বেতন দেবেন, সেটা বড় কথা নয়। কারণ সে ধান পাবে না, পাঁচ মাসের মধ্যে। সে বিষয়ে দাশরথীবাবু মাত্র একটু টাচ করেছেন মাত্র পরিষ্কার করে বলেন নি। কিন্তু আমাদের কংগ্রেসী সরকার ৩ মণে ২৫ কেজি করে ছাড় দিয়েছিলেন। আর ৩ মণ খোরাকীর জন্য ধান রাখতে দিয়েছিলেন। কিন্তু এই সরকারের খাদ্যমন্ত্রী যিনি আছেন, তিনি সায়েন্সের বড় একজন ডক্টরেট। তিনি কেমন করে মুখের বস্তু কেড়ে নিয়ে মাত্র প্রতি একরে দু-মণ ছাড় দিলেন বীছনশুদ্ধ, এ জিনিসটা আমি বুঝতে পারছি না, আজ চারদিকে

সমস্ত জায়গায় এই যে নিরন্ন মানুষ যারা খেটে খায়, যারা ক্ষেতে লাঙ্গল চালায়, তাদের আজকে কি অবস্থা হয়েছে একবার আপনি গিয়ে দেখে আসুন! তারা খেতে পাচ্ছে না, সেই ধান তাদের মুখের গ্রাস কেড়ে নিয়ে নেওয়া হয়েছে। এতে করে আপনাদের উৎপাদন ব্যাহত হবে।

আপনারা যে নীতি গ্রহণ করেছেন এবং যেভাবে আপনাদের দলের লোকেরা প্রতি পদে পদে তা পদদলিত করে, ধান-চাল লুঠ করে নিয়ে যাচ্ছে, তা আপনাদের পক্ষে সম্মানের ব্যাপার নয়। যে এরিয়া সারপ্লাস খোরাকীর জন্য ধান রেখেছে, বীজের জন্য বীছনের জন্য ধান রেখেছে, তা পর্যন্ত লুঠ করা হয়েছে। অনেকে সেইসব জায়গায় বাধা দিয়েছে। গতকাল মুখ্যমন্ত্রী মহাশয়ও একথা স্বীকার করেছেন যে, শত শত লুটের কেস তাঁরা পাচ্ছেন এবং শ'য়ে শ'য়ে লোককে ধরতে তারা বাধ্য হয়েছেন। এটা যদি আগে করতেন, তাহলে আর এরকম অরাজকতা হতো না। ডাঃ ঘোষকে একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই যে, উনি ধানচালের দাম বাড়িয়েছেন, খরিদের দামও বাড়িয়েছেন। বলেছেন কলকাতা রেশনে চালের দাম বাড়ান নাই, যে দাম ছিল তার চেয়ে বেশী নেব না, মডিফায়েড রেশনিং-এ দেখিয়ে দেব—আমাদের পশ্চিম দিনাজপুর জেলা চিরদিন সারপ্লাস ডিস্ট্রিক্ট, প্রতি বছর কমপক্ষে বিশ লক্ষ মণ চাল আমরা দিয়েছি। এখানে যারা বড় বড় সরকারী কর্মচারী যারা আছেন, তাঁরা জানেন যে কত লক্ষ মণ তাঁরা অনাহারে থেকেও দিয়েছেন। সেই জেলা আজ খরা-অঞ্চলে পরিণত হয়েছে। আপনি সেই জেলাকে খরা অঞ্চল বলে ডিক্লেয়ার করেছেন। বিশ্বনাথবাবু ও হেমন্তবাবু গিয়ে পশ্চিম দিনাজপুরে যে প্রস্তাব করেছিলেন কমপক্ষে ১৫ লক্ষ টন চাল দেবেন। কিন্তু আমাদের জন্য সমপরিমাণ রাখতে হবে। আমরা ১৬ হাজার টনের মত চাল দিয়েছি।

আমি অত্যন্ত দৃঢ়তার সঙ্গে প্রমাণ করে দিতে চাই বিরোধীপক্ষ বলছেন তাদের সহযোগিতা করি নাই। কিন্তু আমার কনস্টিটিউয়েন্সিতে সবচেয়ে বেশী ধান প্রকিওরমেন্ট হয়েছে স্বেচ্ছায় এবং [illegible] জলপাইগুড়ি ও কোচবিহার ডেফিসিট জেলা, লক্ষ লক্ষ মণ চাল সেখানে নিয়ে গিয়ে

[4-55—5-5 p.m.]

সেখানকার লোককে খাওয়ান হয়েছে। আমরা যারা ক-ক্লাস রেশন কার্ড হোল্ডার, আমার নিজের এক ছটাক জমি নাই আমি চাল কিনে খাচ্ছি। ডাঃ ঘোষ বলছেন ১·২০ পয়সা পার কেজি, ৫০০ গ্রাম করে চাল তাঁরা দিচ্ছেন, এই সরকার ৭৬ পয়সা প্রতি কেজি ফাইন চাল। তাঁর কোন ডিমান্ড নাই। ৫৮ পয়সা গম, কোনদিন নেন না সেখানে আজ হয়েছে ৬৮ পয়সা আর ১·২০ পয়সা। এটা মডিফায়েড রেশনের ক্যাশমেমোতে রয়েছে। শুধু তাই নয়, তিনি আরো বলেছেন যে অখাদ্য চাল রেশনে দেওয়া হয়, তা খেতে পারেন না।

আমাদের দেশে এখনকার মাননীয় বিশ্বনাথ মুখার্জীর স্ত্রী, স্বনামধন্যা গীতা মুখার্জী বর্তমানে ৩৭ বেলগাছিয়া রোডে থাকেন, বহু খবরের কাগজের রিপোর্টারও থাকেন গত সপ্তাহে আগে কাঁকর-ইট-পাথর যুক্ত যে চাল ১·০৬ পয়সা দামে সুপার ফাইন বলে রেশনে কিনতে হয়েছে, এটা মাননীয় স্পীকার মহাশয় আপনার সমক্ষে দিলাম। আপনি দেখুন, আমরা কিনেছি। এই হচ্ছে চালের নমুনা। আমার মনে পড়ে ৪-৫ বছর আগে রাইটার্স বিল্ডিংসে গীতা মুখার্জী তাঁর ভাসুরঠাকুর অজয় মুখার্জী তখন মন্ত্রী, প্রফুল্ল সেন খাদ্যমন্ত্রী, তাঁদের কাছে ভাল চাল নিয়ে গিয়ে বলেছিলেন খারাপ চাল রেশনে দিচ্ছে, তখন সেই চাল ওখানে সিদ্ধ করা হয় শ্রদ্ধেয় অজয় মুখার্জীর ঘরেতে। তখন তিনি বলেছিলেন—বৌমা, এ কি বলছো? ওখানে রজনী প্রামাণিক বসে, আমিও উপস্থিত ছিলাম, সিদ্ধ করে দেখা গেল ভাল চাল। অজয়বাবু তাঁকে ধমক দিলেন। আর আজ তিনি ৩৭ বেলগাছিয়া রোডে বসবাস করেন তিনিও এই চাল ১·০৬ পয়সা দামে সুপার ফাইন বলে কিনে নিয়েছেন গত সপ্তাহের আগের সপ্তাহে। আমি জানতে চাই সেই চাল নিয়ে এখন কেন সিদ্ধ করে খাওয়ান হচ্ছে না?

আর একটা কথা, কেরালায় তো কমিউনিস্ট সরকার। একটি চালের ডিলিং এ দু লক্ষ টাকা চুরি করেছিল তারা এবং সেখানেতে আজকে হাইকোর্ট বলছেন। আমি জানতে চাই আপনারা কত টাকা নিয়েছেন?

আর একটি কথা বলবো—কেন এ নিয়ে কমিশন বসান হয় নি? মন্ত্রিমহাশয়কে বলতে চাই সেই ডি পি এজেন্টকে চালের জন্য যে কমিশন দেওয়া হয়, সেই কমিশন কি বাড়ানো হয় নি? গ্রামে মডিফায়েড রেশনে ভাল চাল দিতে হবে। এই যে চাল আপনারা দিচ্ছেন, এ চাল মানুষের অখাদ্য।

(এ ভয়েসঃ ও চাল বাংলার নহে, দিল্লীর চাল।)

Shri Mohamed Abdul Latif:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় খাদ্য মন্ত্রিমহাশয় আজকে আমাদের সামনে যে ব্যয়বরাদ্দ রেখেছেন তাকে আমি সমর্থন করছি। এই ব্যয় বরাদ্দকে সমর্থন করতে গিয়ে কতকগুলি কথা আমাকে এখানে আজ রাখতে হবে এবং বিশেষ করে আজ গ্রামাঞ্চলে যে শোচনীয় খাদ্য ব্যবস্থার সৃষ্টি হয়েছে সেটা আমি আপনার মাধ্যমে এই হাউসের কাছে রাখতে চাই। মিঃ স্পীকার স্যার, আমি একটা গ্রামাঞ্চলকে রিপ্রেজেন্ট করি এবং সেই গ্রামাঞ্চলে আজ একটা দারুন খাদ্যের অভাব দেখা দিয়েছে। এটা শুধু একটা অঞ্চলের ব্যাপার নয়, পশ্চিম বাংলার গ্রামাঞ্চলের প্রায় সর্বত্রই আমরা খবরের কাগজে যা দেখছি তাতে খাদ্যাভাব দারুন আকার ধারন করেছে। এই খাদ্যাভাবের জন্য আমার মনে হয় যে যুক্তফ্রন্ট সরকারের যে খাদ্যনীতি তার মধ্যেও কিছু দুর্বলতা রয়ে গেছে। আমি সেই দুর্বলতা সম্বন্ধে বিশেষ কিছু আজ বলতে চাই না, আমি শুধু খাদ্যমন্ত্রীর কাছে এই অনুরোধ রাখবো আগামী দিনে তিনি যে খাদ্যনীতি গ্রহণ করবেন তার আগে আমাদের বর্ত-মান যে খাদ্যনীতি তার দুর্বলতাগুলি সম্বন্ধে যে অভিজ্ঞতা সেই অভিজ্ঞতাগুলিকে ভাল করে বিচার বিবেচনা করবেন। বিশেষ করে ডঃ ঘোষ ঐ জোতদার, মজুতদার যাদের সম্বন্ধে আমাদের যে অভিজ্ঞতা রয়ে গিয়েছিল অতীতে সেই তথ্যের উপর নির্ভর করে যে খাদ্যনীতি তিনি গ্রহণ করেছিলেন সেটা যে অত্যন্ত অবাস্তব হয়েছিল আমি নিজে সেটা সেদিন বলেছিলাম এবং আমা-দের বর্তমান অভিজ্ঞতায় দেখা গেছে যে সেটা সম্পূর্ণ অবাস্তব। তার সাথে সাথে আরো কয়েকটা জিনিস মনে রাখতে হবে—আমাদের বিরোধীপক্ষের সদস্যরা দেশের গ্রামাঞ্চলে যে দারুন খাদ্যাভাব দেখা দিয়েছে সে সম্বন্ধে অনেক মায়া কান্না কাঁদছেন, মানুষের জন্য অনেক চোখের জল ফেলছেন কিন্তু এগুলি যদি সত্যই অকৃত্রিম হোত, যদি এর মধ্যে তাঁরা রাজনীতি না আনতেন তাহলে আমি তাকে সমর্থন জানাতাম। কিন্তু বিরোধীপক্ষের সদস্যগণকে আমরা দেখেছি আমাদের গ্রামাঞ্চলে তাঁরা সেখানে জোতদারদের উসকে দিয়েছেন। আমার নিজের এলাকায় মিঃ স্পীকার, স্যার, আমি দেখেছি যে এই কংগ্রেসী সদস্যরা এই কংগ্রেস দল সেখানে জোতদারদের উস্কে দিচ্ছে যে তোমরা ধান দিও না, তোমরা যদি ধান না দাও তাহলে যুক্তফ্রন্ট সরকারের পতন ঘটবে। এইভাবে সেখানে যারা চালের ব্যবসাদার রয়েছে তাদেরও তাঁরা সেই একই কথাই বলছেন। আমার নিজের এলাকায় জনাই বলে একটা গ্রামে যারা চালের ব্যবসাদার আছে তাদের কংগ্রেসের তরফ থেকে বলা হচ্ছে যে তোমরা চাল আনিও না, এক বছর তোমরা যদি লাভ না করতে পারো তাতে কি এসে যাবে, এর ফলে যুক্তফ্রন্ট সরকারের পতন ঘটবে, তখন তোমরা বেশী করে লাভ করতে পারবে। আর এখানে এসে তাঁরা মায়া কান্না কাঁদছেন বাংলা দেশের মানুষকে বোঝানোর চেষ্টা করছেন যে, যুক্তফ্রন্ট সরকারের খাদ্যনীতি ব্যর্থ হয়েছে, তাদের যেন দরদ রয়েছে বাংলা দেশের প্রতি। আমি বিরোধীপক্ষের সদস্যদের কাছে একটা কথা বলবো বাংলা দেশের মানুষ আপনাদের বিশ বছর ধরে দেখেছে, আপনাদের সেই দরদ কোথায় ছিল? আপনারা যখন ওখানে বসেছিলেন তখন আপনারা এখানে ফিগার কোট করেছেন। খবরের কাগজে অনেক কিছু দেখেছি, ভুলে গেছেন ১৯৫৯ সালের কথা যখন বাংলাদেশের মানুষ কোলকাতার মানুষ খাবারের দাবী করেছিলেন তখন আপনারা তাদের কি দিয়েছিলেন। তখন আপনারা ১০০ জন লোককে তার মধ্যে নারী, শিশু নানা লোক ছিল যাদের আপনারা খুণ করেছিলেন। আপনারা কি সেকথা ভুলে গেছেন? ১৯৬৬ সালে যখন বাংলা দেশের মানুষ খাবারের দাবীতে চারিদিকে আন্দোলন তুলেছিল তখন তার বিরুদ্ধে লেলিয়ে দিয়েছিলেন আপনারা আপনাদের পুলিশ বাহিনীকে। আপনারা কি মনে করছেন বাংলা দেশের মানুষকে? আমি একথা বলতে পারি আপনারা যে-কোন ছুটির দিন গ্রামাঞ্চলে যদি ঘুরে আসেন তাহলে দেখবেন সেখানে দারুন খাদ্যাভাব চলছে। গত রবিবার দিন আমি গিয়েছি, দেখেছি চালের দাম সেখানে ২·৭০ হয়েছে, কিন্তু সাথে সাথে সেখানকার মানুষ একথা বলছে, তবুও আমরা যুক্তফ্রন্ট সরকারের পিছনে আছি, কংগ্রেসকে চাই না। মিঃ স্পীকার,

স্যার, পুলিশ এবং প্রশাসনিক বিভাগ আজকে যুক্তফ্রন্ট সরকারের খাদ্যনীতিতে ব্যর্থ করবার জন্য যে ষড়যন্ত্র করছে সেদিকে আমি মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নিজের এলাকায় বহু জায়গায় বি ডি ও এবং থানাকে খবর দেয়া হয়েছে যে, অমুক বাড়িতে যান, সেখানে ধানচাল আছে, কিন্তু সেখানে যাবার আগেই ঐ বি ডি ও এবং থানা থেকে বাড়ির মালিককে খবর পাঠিয়ে দেয়া হচ্ছে যে অমুক দিন ধান ধরতে যাবে এবং তারপর সেখানে গিয়ে আর কিছু পাওয়া যাচ্ছে না এবং যারা খবর দিচ্ছে তাদেরই উপর সমস্ত দোষ চাপানো হচ্ছে।

(নির্দিষ্ট সময় অতিবাহিত হওয়ায় বক্তা তাঁহার আসন গ্রহণ করেন)

[5-5—5-15 p.m.]

Shri Pramatha Nath Dhibar:

মিঃ স্পীকার, স্যার, মাননীয় খাদ্য মন্ত্রিমহাশয় যে বরাদ্দ এখানে রেখেছেন আমি তার তীব্র বিরোধীতা করছি। আমি বুঝতে পারছি না তিনি যখন খাদ্য বাজেট এখানে গত কয়েকদিন পূর্বে রেখেছিলেন তখন কেন বলেছিলেন বিট খেতে। আমি বুঝতে পারছি না তিনি বোধ হয় লালদের সঙ্গে রয়েছেন, যেহেতু বিটের রং লাল সেইজন্য তিনি বিট খেতে বলেছেন, কিন্তু গ্রামের লোক বিট যে কি জিনিস তা তারা জানে না। গ্রামে একটা জিনিস পাওয়া যায় সেটা হচ্ছে কচু, তাই কৃষকরা বলছে যে খাদ্যমন্ত্রী বিট কেন খেতে বলেছেন, তখন আমি তাদের বললাম যে তিনি আপনাদের সঙ্গে রহস্য করেছেন, কচুটা বলতে পারেন নি, বিট বলেছেন। কচুর সঙ্গে কচু পোড়াটা বললে আরো ভাল হতো। তাই আমি বলতে চাই যে তিনি খাদ্য দিতে পারছেন না, আমি আশা করেছিলাম যে যুক্তফ্রন্ট সরকার গঠন হবার পর নির্বাচনের সময় এঁরা যে প্রতিশ্রুতি দিয়েছিলেন দুই কেজি করে চাল আমরা দেবো, টাকায় তিন কেজি চাল দেবো। সেটা হয়ত পাওয়া যাবে, কিন্তু বর্তমানে আমরা দেখছি ৩ টাকা কেজি চাল হয়েছে, তাও চাল সর্বত্র পাওয়া যাচ্ছে না, গ্রামাঞ্চলেও পাওয়া যাচ্ছে না বহু লোক না খেয়ে অনাহারে-অর্ধাহারে রয়েছে এমন কি তাদের ঘটি-বাটি, সমস্ত পুঁজি শেষ হয়ে যাচ্ছে। আমি কয়েকদিন পূর্বে খাদ্য মন্ত্রীকে বলেছিলাম যে, খন্ডকোষ থানায় বিশেষ করে যেসমস্ত জায়গায় খরা হয়েছে সেখানে কিছু খাদ্য দেবার জন্য কিন্তু খাদ্যমন্ত্রী বলেছিলেন খাদ্য নেই ত খাদ্য দেবো কোথা থেকে। আমি তাই বলতে চাই তিনি যে খাদ্যনীতি গ্রহণ করেছেন তাতে বাংলাদেশে একেবারে দুর্ভিক্ষের করাল ছায়া এনে দিয়েছেন। তিনি যখন বর্ধমানে গিয়েছিলেন তখন আমি খাদ্যনীতি সম্বন্ধে কয়েকটি কথা বলেছিলাম যে, আপনার এই খাদ্যনীতি কেন ব্যর্থ হবে না। আপনি প্রথমে বলেছিলেন যে পারসুয়েশন করে আমরা খাদ্য সংগ্রহ করতে পারবো। তখন আমরা বলেছিলাম লেভি যদি তুলে দেওয়া হয় কর্ডনিং যদি তুলে দেওয়া হয়, যে খাদ্যনীতি পূর্বতন সরকার করেছিলেন তাতে তাঁরা প্রচুর খাদ্য সংগ্রহ করতে পেরেছিলেন কিন্তু আপনার এই পারসুয়েশন নীতিতে এই খাদ্যনীতি ব্যর্থ হতে বাধ্য। এই কথা আমিও সেদিন বলেছিলাম এবং সুবোধবাবুও ওখান থেকে বলেছিলেন যে কঠোর খাদ্যনীতি গ্রহণ করলে তবে এই খাদ্যসংকট দূর হতে পারে। কিন্তু আপনি সেই সময় সেই কথা উড়িয়ে দিয়েছিলেন এবং আপনি তখন এই অবাস্তব কথা বলেছিলেন। যাই হোক আজকে দেখা যাচ্ছে যে বাংলাদেশে যাদের কিছু ধান ছিল আপনার এই খাদ্যনীতির ফলে সেই ধান এমন কি ডাইরেক্টিভ অনুযায়ী সেই ধান দেওয়া সত্ত্বেও তাদের উপর পি ডি আাক্ট প্রয়োগ করবার জন্য গ্রামে একটা প্যানিকের সৃষ্টি করেছেন। যারা ধান দিয়েছে তাদেরও ধরছেন আর যারা ধান দেয় নি তাদের তো কথাই নাই। আমি জানি ভাতার থানায় নাসিগ্রাম বলে একটা গ্রাম আছে, আজ পর্যন্ত সরকার সেখান থেকে এক ছটাকও ধান আদায় করতে পারে নি। আমরা জানি আমাদের কংগ্রেস আমলেও ওখান থেকে এক ছটাকও ধান আদায় করা সম্ভব হয় নি। আমরা আশা করেছিলাম যে যুক্তফ্রন্ট সরকার সেই গ্রাম থেকে কিছু ধান সংগ্রহ করতে পারবেন। কিন্তু আমরা জানি এখনও পর্যন্ত এই সরকার ঐ গ্রামে ঢুকতে পর্যন্ত সাহস করছে না। কারণ সেই গ্রামে অধিকাংশ লোকই হচ্ছে বামপন্থী, তাই সরকারী কর্মচারীরা ভয় করছে যে ঐ গ্রামে গেলে তাদের বিপদ হতে পারে।

তারপর শম্ভুবাবু একটু আগে বললেন যে, ভারত সরকার আমেরিকার কাছ থেকে গম আনতে পারছে না এই কারণে যে, আমেরিকা প্রেসার দিচ্ছে যাতে আরবকে সুয়েজ খাল খুলে দেওয়া হয়। কিন্তু আমি বলতে চাই যে একদিকে খাদ্য মন্ত্রী খাদ্য চাচ্ছেন ভারত সরকারের কাছ থেকে তারা খাদ্য দিতে পারছে না যেহেতু আমেরিকা থেকে খাদ্য আনা সম্ভব হচ্ছে না। অর্থাৎ তিনি বলছেন যে আমেরিকা বাদ দিয়েও খাদ্য আনা যায় তাই আমি খাদ্যমন্ত্রীকে বলব যে, তিনি যদি মনে করেন যে আমেরিকার খাদ্য না হলে বাংলা দেশ চলে তাহলে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে খাদ্য না নিয়ে আপনারা যে কোন জায়গা থেকে খাদ্য আনুন, আমরা আপনাদের সমর্থন করব। কারণ আমরা চাই দু-মুঠো খেতে। কিন্তু আমরা দেখছি আপনার এই খাদ্যনীতির ফলে বাংলা দেশের লোক অনাহারে মারা যাচ্ছেন। আমি মাননীয় খাদ্যমন্ত্রীকে অনুরোধ করব যেসমস্ত খরা অঞ্চল আছে সেখানে অবিলম্বে লঙ্গরখানা স্থাপন করুন। এখন সেইসব অঞ্চলে টেস্ট রিলিফ বন্ধ হয়ে গেছে, এখনও পর্যন্ত যেসমস্ত ডিপ টিউবওয়েল বসেছে তার থেকে জল পাওয়া যায় না, সুতরাং লোকে চাষ করতে নামতে পারছে না। আজকে ক্যানেলের জলও নাই। সেজন্য সাধারণ লোকের অবস্থা খুব শোচনীয়। আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এইসব সমস্ত জায়গায় রিলিফ-এর ব্যবস্থা হয়, সস্তা দরে খাদ্য সরবরাহ করতে পারেন এবং মডিফায়েড রেশনিং যাতে ঠিকমত পায় তার জন্য অবিলম্বে ব্যবস্থা করুন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-15—5-25 p.m.]

Shri Dhananjoy Kar:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, যুক্তফ্রন্ট সরকারের খাদ্য মন্ত্রী যে [illegible] উপস্থাপিত করেছেন তা সমর্থন করতে উঠে প্রথমেই আমি ঘোষণা করতে চাই যে খাদ্যনীতি নিয়ে এখানে এত সমালোচনা হচ্ছে সেই খাদ্যনীতি ডঃ প্রফুল্ল ঘোষের খাদ্যনীতি নয় সেই খাদ্যনীতি যুক্তফ্রন্ট সরকারের খাদ্যনীতি। আমি যুক্তফ্রন্ট সরকারের এক অংশীদার হিসাবে একথা আপনার মাধ্যমে বলছি এই খাদ্যনীতি যুক্তফ্রন্ট সরকারের প্রত্যেক সদস্যের খাদ্যনীতি, আমার খাদ্যনীতি। আজকে এই খাদ্যনীতির ত্রুটি বিচ্যুতির জন্য যদি কোন দায়িত্ব আসে সে দায়িত্ব এড়িয়ে যাবার মত নির্বুদ্ধিতা আর কিছু আছে বলে আমি মনে করি না। অধ্যক্ষ মহাশয়, এই খাদ্যনীতির জন্য আজকে খাদ্যসংকট উপস্থিত হয়েছে বলে আজকে আমাদের বিরোধী বন্ধুরা ঘোষণা করছেন। আমরা লেভি, কর্ডন তুলে দেবার জন্য খাদ্য সংকট উপস্থিত হয়েছে বলে এই তাদের ধারনা। কিন্তু অধ্যক্ষ মহাশয়, লেভি নীতির দ্বারা দেশের চাষীদের মধ্যে যে ত্রাসের সঞ্চার হয়েছিল তারা জমি-বাড়ি বিক্রি করে যে ধান দিতে বাধ্য হয়েছিল সেই নীতি পরিত্যাগ করার ফলে দেশের চাষীদের যে কি মংগল করা হয়েছে তা ভাষায় ব্যক্ত করা যায় না। কর্ডনিং প্রথার কথা ওঁরা বলছেন আন্তর্জেলা কর্ডনিং তুলে দেওয়া হয়েছে কিন্তু বাংলার বাইরে চলে যাবার যে কর্ডনিং সে আগের মতই আছে। কিন্তু আজকে যদি বাংলার বাইরে চাল কোথাও যেতে থাকে তাহলে তার জন্য দায়ী এই খাদ্যনীতি নয়, তার জন্য দায়ী আমাদের এই বন্ধুরা কিছুটা এবং বেশী করে তার জন্য দায়ী আমাদের সরকারের কিছু অসৎ কর্মচারী যাদের উপর আমরা নির্ভর করেছিলাম যে তারা সৎভাবে তাদের কর্তব্য পালন করবে—কিন্তু তা করছে না। আজকে যদি খাদ্যসংকট দেখা দিয়ে থাকে তাহলে আমি বলবো যে এর জন্য দায়ী আমাদের বিরোধী বন্ধুরা। খাদ্য দেশে প্রচুর পরিমাণে যদি থাকতো খাদ্য উৎপাদন বৃদ্ধির করবার জন্য যদি আজ পর্যন্ত তাঁরা চেষ্টা করে থাকতেন এই বিশ বছরে যদি দেশে খাদ্য প্রচুর পরিমাণ উৎপাদনের ব্যবস্থা করে থাকতেন—তাহলে এই চার মাসের মধ্যে খাদ্যনীতি যাই হোক না কেন তার জন্য এই বিরাট সংকটের সম্মুখীন আমরা হতাম না। সেইজন্য আজকে খাদ্যনীতির চেয়ে তাঁরাই বেশী দায়ী। কিন্তু অধ্যক্ষ মহোদয়, আজকে আমাদের বন্ধুরা তাঁদের সেই দায়িত্বকে এড়িয়ে গিয়ে আমাদের খাদ্যমন্ত্রীর উপর সেই দায়িত্ব চাপিয়ে দেবার চেষ্টা করছেন। এটা অত্যন্ত ভ্রান্ত কথা। আজকে যদি আমাদের সংকট থেকে উদ্ধার পেতে হয় তাহলে আমি বলবো এখনও বাইরে যে পাচার হচ্ছে সেগুলি বন্ধ করার চেষ্টা করা দরকার। এখনও পর্যন্ত আমরা দেখছি যে, প্রচুর পরিমাণ চাল বাংলার বাইরে চলে যাচ্ছে। আমি ঝাড়গ্রামের লোক—আমি বলছি যে

বিহার বর্ডার দিয়ে অসৎ কর্মচারীদের সাহায্যে পাচার হয়ে চলে যাচ্ছে। ঝাড়গ্রাম স্টেশনের—রেলের মাধ্যমেও চলে যাচ্ছে। কতকগুলি গুন্ডা ঐসমস্ত অসৎ কর্মচারীদের সহযোগিতায় পাচার করছে। আমার একজন বন্ধু হাউসে নোটিশ এনেছিলেন যে পাচার করা চাল নিয়ে সরকারী নির্ধারিত দরে বিক্রি করেছিলেন তার পরে গুন্ডাদল সমবেতভাবে ছুরি দেখিয়ে তার টাকা জোর করে আদায় করে নিয়েছেন—একথা সরকারী কর্মচারীদের জানানো সত্ত্বেও আজ পর্যন্ত তার সুবিচার হয়নি। এবং তারা এখনও বেপরোয়াভাবে পাচার কার্য চালিয়ে যাচ্ছে—তা এখনও বন্ধ করার কোন ব্যবস্থা হয়নি। আমি খাদ্যমন্ত্রীর নোটিশে আনছি—তিনি আজকে সেই পাচার-কারীদের ধরবার চেষ্টা করুন, তাদের জেলে আটকে রাখবার চেষ্টা করুন। আজকে যদি আমাদের খাদ্যসংকট থেকে পরিত্রাণ পেতে হয় এবং আগামীকাল যদি খাদ্যসংকট রেহাই পেতে হয় তাহলে আমি বলবো আচিরে ক্ষুদ্র সেচ পরিকল্পনাগুলি কার্যকরী করার ব্যবস্থা হোক—তাহলে আগামী বছর চাষীরা ভালভাবে চাষ করতে পারবে। দেশে জল হয় নি, চাষের অবস্থা অত্যন্ত খারাপ। যদি আগামী বছর জল না হয় তাহলে সেখানে ক্ষুদ্র সেচ পরিকল্পনাগুলিকে কার্যকরী করার ব্যবস্থা করতে হবে। তারপর আমার বন্ধুদের আমি একথা বলতে চাই যে, তাঁরা আজকে সংগ্রহে বাধা দিচ্ছেন—এখনও ধানগুলি আছে সেগুলিকে সংগ্রহ করে আমাদের সুবণ্টনের ব্যবস্থা করতে হবে। রেশনিং-এর মাধ্যমে গ্রামে গ্রামে চাষীদের কাছে, গরীবদের কাছে কিনে খাওয়া লোকদের কাছে সেই খাদ্য পৌঁছে দেবার ব্যবস্থা যদি আমরা করি তাহলে আমার মনে হয় যে সংকটের সম্মুখীন আমরা হয়েছি সেই সংকট থেকে আমরা রেহাই পাবো। একটু আগে আমাদের বোমকেশবাবু কো-অপারেটিভকে ধান-চাল কেনার অধিকার দেওয়া হয়নি বলে দুঃখ করছিলেন। কিন্তু তাঁকে জানাই যে কুটিঘাটে তাঁর কো-অপারেটিভ থানা মার্কেটিং সোসাইটি গত বছর ধান সংগ্রহের দায়িত্ব পেয়েছিল, নয়াগ্রাম থেকে শত শত মণ ধান তারা সরকারের বন্টন নিয়েছে, এবং সেগুলিকে বিহারে পাচার করেছে। এ বছর সেই সুযোগ না পাওয়ায় বোধ হয় বোমকেশবাবুর মনে ব্যথা হয়েছে। আমি মনে করি তাঁদের এই অধিকার না দেওয়াটাই মঙ্গলজনক হয়েছে। তারপরে আমি বলছি যে ফুড কর্পোরেশন খুব অসহযোগিতা করেছে, হয়ত নীতিগতভাবে ব্যর্থ করবার [illegible] জন্য তারা কাজ করেছে। তাদের গাফেলতির জন্য আর ধান-চাল সংগ্রহ হয় নি, যার জন্য আজকে আমরা এই সংকটের সম্মুখীন হয়েছি। অনেক চাষীরা দিনের পর দিন ধর্ণা দিয়ে ধান কেনাতে পারেনি এবং যাদের ধান নেওয়া হয়েছে তাদের টাকা না দেওয়ার জন্য চাষীদের মনে হতাশার সঞ্চার হয়েছিল। আমি আপনার মাধ্যমে বলবো আগামী দিনে যাতে এই সংকট থেকে আমরা রেহাই পেতে পারি, যাতে চাষীদের মনে উৎসাহ যোগাতে পারি তাদের যে দু মণ করে ধান দেওয়া হচ্ছে বীজ ধানের জন্য, সেটাকে বাড়িয়ে পাঁচ মণ করে ধান দিতে পারি তাহলে চাষীরা উৎসাহিত হবে এবং চাষের প্রকৃত কাজ করা হবে।

Shri Makhan Lal Das:

স্পীকার মহাশয়, আজকে যুক্তফ্রন্ট সরকারের খাদ্যমন্ত্রী যে ব্যয়-বরাদ্দ উপস্থিত করেছেন সেটাকে আমি সমর্থন করতে পারছি না। আমি এতক্ষণ ধরে বক্তৃতাগুলি শুনছিলাম। আমাদের বিরোধীপক্ষরা আজকে খাদ্যের জন্য কংগ্রেসের উপর দোষ দিচ্ছেন—কিন্তু এই খাদ্যনীতি নেবার ফলে আজকে বাংলাদেশে যে দুর্ভিক্ষ এসেছে একথা বহুদিন আগে থেকে আমরা বলেছি। কারণ যখন তাঁরা রাজত্ব পেলেন—পশ্চিম বাংলা সরকারে এলেন তখন তাঁরা বুঝলেন যে খাদ্য আগের সরকার কম রেখে গেছেন—আমাদের খাদ্য সংগ্রহ করতে হবে, কিন্তু তখন তাঁরা খাদ্য সংগ্রহের দিকে মন দিলেন না। তখন তাঁরা কোথায় [illegible] কোথায় কে কি করেছেন তাদের ধরবার জন্য উৎসাহিত হলেন। কিন্তু খাদ্য যে বেরিয়ে যাচ্ছে সেদিকে তাঁরা লক্ষ্য দিলেন না। আমি বলি যেটা ভুল সেটা স্বীকার করে নিতে হবে। কারণ আজকে এই ভুলের দ্বারা আমরা বিভ্রান্ত হচ্ছি দেশকে দারিদ্র্যের মুখে, মৃত্যুর মুখে এগিয়ে দিচ্ছি। এর জন্য যদি অনুতাপ না হয়—আমাদের ভুল পথের জন্য যেটা হয়েছে তা যদি স্বীকার না করি তাহলে যুক্তির কোন মূল্য থাকে না। আমরা জানি যে আজকে খাদ্য যদি আমরা ধরে রাখতাম তাহলে ভাল হোত। আজকে কর্ডনিংয়ের কথা বলা হচ্ছে। আমি মেদিনীপুর জেলার কাঁথির লোক। আমার রসুলপুরের মোহনা দিয়ে কত খাদ্য বেরিয়ে আসে তার জন্য আমি এস ডি ও-কে বলেছি যে ওখানে কর্ডনিং ব্যবস্থা ভাল করে করুন, মাঝে মাঝে পরিবর্তন করুন, কারণ ওখানে যেসব লোক থাকেন তাঁরা

অনেক সময় ঘুষের বশবর্তী হয়ে যায়, আপনি অন্য লোক বা অন্য কোন সমাজসেবীদের দিন। যখন কুণ্ডু মহাশয় গিয়েছিলেন তখন তাঁকে বলেছিলাম যে ডোন্ট ডু দিস। এটা প্রভিনসিয়াল ব্যাপার হিসাবে মনে করুন। কারণ ওখানে যে ধান যায় তা বঙ্গোপসাগরে গিয়ে পাকিস্তানে চলে যায়। আমরা জানি পাকিস্তানের অনেক মাল আমাদের এখানে ধরা পড়েছে, কত ঘড়ি কত জিনিস চীন থেকে সমস্ত জিনিস আমাদের কাঁথি হয়ে সমস্ত ভারতবর্ষের বুকে এসে বিক্রি হচ্ছে। সেই পথে চোরাকারবার চলছে সেটা সবাই জানে। কিন্তু সেদিকে তাঁরা নজর রাখলেন না—তাঁরা ৩০এ মার্চ তারিখে কর্ডনিং উঠিয়ে দিলেন, সেই সময় বহু ধান বেরিয়ে গেল। কর্ডনিং রাখবার মানে কি—কর্ডনিং রাখলে লোকে জানতে পারবে যে কর্ডনিং আছে সুতরাং তারা একটু ভয় পাবে। যেমন জলে বাঁধ থাকলে জলটা যেতে দেরী হয়ে যায় তেমনি কর্ডনিং থাকলে লোকে জানবে যে কর্ডনিং আছে—সুতরাং তারা একটু বুঝেসুঝে কাজ করতো—কিন্তু তা যখন চলে গেল তখন এই সমস্ত পাপচক্র বহু বেড়ে গেল এবং রসুলপুরের মোহনা দিয়ে সমস্ত ধান চলে গেল। আমাদের মেদিনীপুর জেলার রামনগর থেকে আরম্ভ করে সেই কোলাঘাট পর্যন্ত একেবারে নদী, সেখানে কোনরকম গার্ড দেওয়া যায় না। আমরা বলেছি ডিস্ট্রিক্ট কর্ডন তুলে দিলে মেদিনীপুরের লোক মারা যাবে। এর আগে কাঁথিতে দু টাকা করে চালের দর কখনও হয়নি, বরাবরই কম থাকতো কারণ কর্ডন থাকতো। কিন্তু এখন না থাকার জন্য সেখান থেকে চাল রপ্তানি হয় এবং এ বছর কর্ডন না থাকার জন্য যারা জোতদার, তারা ধান বেচে দিয়েছিল—যখন নূতন গভর্নমেন্ট হোল ইত্যবসরে তারা ধান বেচে দিল।

তারা চেয়েছিলেন যে এ বিপদ, এর কোন প্রতিবিধান করতে পারেননি। এখন যেসব লোকের ধান নিয়ে নেওয়া হচ্ছে। খুব নিম্ন মধ্যবিত্ত যাদের ৪।৫ একর জমি আছে তারা আমাদের কাছে আপত্তি করেছে যে আমাদের বাড়ী থেকে ধান চাল নিয়ে যাচ্ছে। যদি বলা হয় ১০ মণ আছে লিখে নিয়ে যায় ২০ মণ আছে, এভাবে ১।২ কুইন্টাল সংগ্রহ করছে। ৭ লক্ষ লোকের বাস কাঁথি এলাকায়, বাজারে যে চাল আমদানী হত যার দাম ১·২০ বা ১·২৫ ছিল এর ফলে এই চাপ দেবার ফলেও পি এস পি ও কমিউনিস্ট পার্টির লোকের হামলার ফলে লোকে ভয়ে ধান চাল আনছে না এবং চালের দাম ১·৪৫, ১·৫০ হল। এ দুর্দিনে যদি শিক্ষা না নিতে পারি তাহলে ভয়নাক বিপদ হবে। কর্ডন ও লেভি থাকায় আমাদের সমাজের যারা খারাপ লোক তারা কিছু করতে পারেনি, আজ তাদের হাত থেকে বাঁচবার জন্য সর্বশক্তি প্রয়োগ করা উচিত। এই বলেই আমি বক্তব্য শেষ করছি।

[5-25—5-35 p.m.]

Shri Nathaniel Murmu:

মাননীয় স্পীকার, স্যার, আমাদের খাদ্যমন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবী উত্থাপন করেছেন সেটাকে সমর্থন করতে গিয়ে আমি কয়েকটা কথা বলছি। আজকে যে সময়এ গ্র্যান্টএর আলোচনা হচ্ছে সে সময় বড় কঠিন সময়। আমাদের সামনে যে ৩।৪ মাস রয়েছে সে মাস কিভাবে পার করবো বাংলাদেশের মানুষ আজ তা চিন্তা করছে। কয়েক মাস আগে যে খাদ্যনীতি মন্ত্রিমহাশয় ঘোষণা করেছিলেন সে খাদ্যনীতির ভুল ত্রুটি সম্পর্কে বিভিন্ন পক্ষ আলোচনা করেছেন। কিন্তু মূল কথা হচ্ছে সামনের তিন মাস সংকটকাল কিভাবে অতিক্রান্ত করবো এবং পরবর্তী সময় নূতন খাদ্যনীতি কি গ্রহণ করবো সেটা চিন্তা করতে হবে। তিনি যে খাদ্যনীতি ঘোষণা করেছিলেন সে খাদ্যনীতি সকলকে সন্তুষ্ট করতে পারেনি। আমাদেরও হয়ত সন্তুষ্ট করতে পারেনি। কিন্তু এখন যেটা করা সম্ভব সেটা করার জন্য অনুরোধ করছি। সেটা হচ্ছে আউশটাকে সংগ্রহ করতে হবে। আউশ সংগ্রহের ব্যাপারে নলিনাক্ষবাবু যেকথা বললেন সেটা খেয়াল রেখে যতটা প্রকিওর করা যায় সেদিকে তাঁকে নজর দিতে বলছি। বিভিন্ন জায়গায় চাল বেশী দামে পাওয়া যাচ্ছে এ থেকে প্রমাণ পাচ্ছি অসাধু ব্যবসায়ী যারা আছে এখনও চাল আছে, সে চাল আমাদের বের করতে হবে। এটা সরকারী আমলাতন্ত্রের উপর সম্পূর্ণভাবে ছেড়ে দিলে হবে না। যে খাদ্য উপদেষ্টা কমিটি গঠন করেছেন সেটা এখনও ভালভাবে কার্যকরী হয়নি। জনসাধারণের সক্রিয় সহযোগিতা আমরা চাইবো। গত ১লা মার্চ তারিখে ইউনাইটেড ফ্রন্টএর যে মিটিং হয়েছিল সেখান থেকে পশ্চিম বাংলা সরকার ঘোষণা করেছেন তার ফলে জনসাধারণ এগিয়ে এসেছেন।

গণ-কমিটির নাম করে বিভিন্ন জায়গায় ত্রুটি-বিচ্যুতি হয়েছে ঠিক কিন্তু গণ-কমিটি শুধু যে খারাপ তা নয় তারা ভাল কাজও করেছে। আমাদের পশ্চিম দিনাজপুর জেলায় গণ-কমিটি যে কাজ করেছে আমি মনে করি এর ফলে আমাদের জেলায় যে চোরাকারবারী চলছিল সেটা বন্ধ হয়ে গেছে। গণ-কমিটির ত্রুটি-বিচ্যুতি নিশ্চয়ই আছে। কিন্তু গণ-কমিটিকে সম্পূর্ণভাবে বাতিল করে দিয়ে শুধুমাত্র আমলাতন্ত্রের সাহায্যে যদি খাদ্য সংকট দূর করবার চেষ্টা করি তাহলে ভুল করবো। খাদ্য উপদেষ্টা কমিটির পাশাপাশি জনসাধারণের ইনিসিয়েটিভকে সজীব রাখবার জন্য সত্যকারের দেশপ্রেমিক লোক নিয়ে গণ-কমিটি গড়ে তুলুন এবং তাহলেই ডি-হোর্ডিং অনেক হবে। তিনি স্টেট ট্রেডিং-এর কথা বলেছেন, কিন্তু এ বৎসর যেটা হয়েছে সেটা বাংলা কংগ্রেস সরকার গত বৎসর যেটা করেছিলেন সেটাও স্টেট ট্রেডিং নয়। সেজন্য বলছি নূতন খাদ্যনীতি গঠন করার ভিত্তিতে সে কথা সর্বপ্রথম চিন্তা করতে হবে। অর্থাৎ সরকার খাদ্যশস্য সংগ্রহ করবেন এবং বণ্টনতার ব্যবস্থা করবেন। স্টেট ট্রেডিং বাংলাদেশের পক্ষে উপযুক্ত কিনা সেটা চিন্তা করতে হবে। আমাদের ভারতবর্ষ সার্বভৌম রাষ্ট্র অথচ এক একটা রাষ্ট্রের এক একটা খাদ্যনীতি। সারা ভারতবর্ষে কি একটা ফুড পলিসি হতে পারে না। অবশ্য এ দায়িত্ব আমাদের নয় এ দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। সারা ভারতবর্ষে আজকে দুর্ভিক্ষ দেখা দিয়েছে। সারা ভারতবর্ষকে বাঁচাতে গেলে আমাদের একটা অল ইন্ডিয়া ফুড পলিসি নিতে হবে। এর জন্য কংগ্রেসীদের এগিয়ে আসা দরকার। আজকে যুক্তফ্রন্টকে হিকল্ করা যেতে পারে। কিন্তু আমাদের ভারতবর্ষে থাকতে হবে এ দেশের লোককে বাঁচাতে হবে। তাই কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করার ব্যাপারে বলবো তাঁরা এগিয়ে যান এবং এ পক্ষের সদস্যদের বলবো আপনারা কেন্দ্রের উপর চাপ সৃষ্টি করুন যাতে সর্বভারতীয় ভিত্তিতে একটা ফুড পলিসি নিতে পারেন। যেখানে সহযোগিতা থাকবে যেখানে এক রাষ্ট্র অন্য রাষ্ট্রকে সাহায্য করতে পারবে। প্রমথনাথ ধীবর বললেন আমেরিকা থেকে খাদ্য আনতে আপত্তি আছে যখন তখন অন্য জায়গা থেকে আনছেন না কেন? বাইরে থেকে খাদ্য আনার যে অনুমতি সেটা কেন্দ্রীয় সরকার দেবেন। এ বিষয়ে আমাদের সরকার চেষ্টা করেননি তা নয়, কিন্তু কেন্দ্রীয় সরকার যদি অনুমতি দেন তাহলে যুক্তফ্রণ্ট সরকারের তরফ থেকে বলতে পারি আমেরিকা ছাড়া যে সমস্ত প্রগতিশীল দেশ আছে সে সমস্ত দেশ থেকে খাদ্য আনার ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকার এগিয়ে যাবেন। আমার বক্তব্য হিসাবে রাখতে চাই এ বৎসর আমরা কতটা পাব। সে সম্পর্কে কোন পরিষ্কার বক্তব্য রাখা সম্ভব নয়। কিন্তু আমার মনে হয় কেন্দ্রীয় সরকারের উপর যদি চাপ সৃষ্টি করতে পারি তাহলে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যতটুকুন ন্যায়সঙ্গত পাওনা সেটা আদায় করলে আমরা কিছুটা সংকট দূর করতে পারবো। আউশ প্রকিওরমেন্টএর উপর খুব বেশী জোর দেবার কথা বলছি না, কারণ নলিনাক্ষবাবু বলে গেছেন। কেন্দ্রীয় সরকার গত বৎসর যে টুকুন দিয়েছিলেন তা যদি দেন তাহলে সংকট দূর করতে পারবো সেদিকে যেন জোর দিই। স্টেট ট্রেডিংএর কথা বলছি এটা যেন পুরাপুরিভাবে হয়। স্টেট ট্রেডিং করতে গিয়ে রাইস মিলের উপর নির্ভরতা যেন না হয়। আগামী ফসল মরসুমের মধ্যেই যেন তা হয়। রাইস মিলের যে সিংকেজ, ড্রেনেজ হয় সেখান থেকে যে লক্ষ লক্ষ মণ ধান চাল চলে যায় সেটা বন্ধ করা উচিত এবং ধান চাল কেনার ব্যাপারে স্টেট ট্রেডিংকে যেন সুষ্ঠুভাবে চালনা হয়। আর একটা কথা বলবো। কলকাতার রেশনিং ক্ষেত্রে বহু দুর্নীতি আছে। বিভিন্ন এম আর সপের মধ্যে বহু ফলস যে সমস্ত কার্ড আছে সেখান থেকে হাজার হাজার কেজি চাল ব্লকে চলে যাচ্ছে এবং রেশনের মালিকরা তা আত্মসাৎ করছে। আমি একটা এম আর সপের নম্বর দিচ্ছি ২৮৫। সেখানে কয়েক মাস আগে কিছু ফলস রেশন কার্ড ধরা পড়ে, সে ফলস রেশন কার্ডের এগেনস্টে ১ হাজার ৪২১ ইউনিট প্রতি সপ্তাহে চলে যায় এবং এর জন্য প্রতি মাসে ১২ হাজার টাকা আয় হয়। এটা ধরা পড়েছে অথচ কোন মামলা মোকদ্দমা হচ্ছে না। এই এম আর-গুলি সম্পর্কে যেন নূতনভাবে তদন্ত করা হয়। এবং যারা ধরা পড়বে তাদের কঠোর শাস্তি বিধান করা উচিত এবং পি ডি অ্যাক্টে ধরা উচিত। এটা যদি করা হয় তাহলে কলকাতার বাজার থেকে অনেক চাল পাওয়া যাবে।

[5-35—5-45 p.m.]

Shri S. M. Abdullah:

মিঃ স্পীকার, স্যার, আমাদের শ্রদ্ধেয় খাদ্যমন্ত্রী ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ মহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবী পেশ করেছেন আমি তা সমর্থন করতে পারছি না। কারণ, আমার মনে হয় যে খাদ্যনীতি তিনি গ্রহণ করেছেন তা দুর্বল, ভুল এবং জনসাধারণের স্বার্থবিরোধী। সেইজন্য আমি খাদ্যনীতি সমর্থন করতে পারছি না। তবে একথা সত্য যে ট্রেজারী বেঞ্চ থেকে আরম্ভ করে ডঃ নলিনাক্ষ সান্যাল মহাশয় এবং আমাদের শ্রদ্ধেয় দাদা দাশরথি তা মহাশয় পর্যন্ত বলেছেন যে খাদ্যকে আমাদের রাজনীতির উর্ধ্বে রাখতে হবে, খাদ্য হচ্ছে জাতীয় সমস্যা। কাজেই এই সমস্যা সমাধানের দায়িত্ব শুধু ট্রেজারী বেঞ্চের নয় বা শুধু ডঃ প্রফুল্ল ঘোষের নয়, এ দায়িত্ব আমাদেরও আছে এবং দেশের প্রতিটি লোকের এই দায়িত্বভার আমাদের নিতে হবে। দেশ আজ খাদ্যাভাবে জর্জরিত। আজকে শুধু পুরুলিয়া এবং বাঁকুড়াই খাদ্যাভাবে জর্জরিত নয়, আজ সারা বাংলা-দেশের পল্লীতে পল্লীতে মানুষ খেতে পাচ্ছে না এবং আমরা যারা আজ জনসাধারণের প্রতিনিধি বলে দাবি করি আমি মনে করি সত্যিকারের যদি সেই দাবি অনুযায়ী কাজ করতে হয় তাহলে আমাদেরও এ বিষয়ে করণীয় কর্তব্য আছে। সেজন্য আমি ওঁর কথা সমর্থন করি। কিন্তু আজকে অপরকে দোষ দিলে হবে না। খাদ্যনীতি কংগ্রেস করেছে কি অপোজিসন করেছে এটা না বলে আমি কতকগুলি সাজেসন দেবো। আমাদের দাশরথি তা মহাশয় খাদ্যের ব্যাপারে বলেছেন যে রাজনীতিকে পকেটে রেখে খাদ্যনীতি করতে হবে কিন্তু আমরা সাজেসন দিলেই অন্য কথা বলা হয়। আজকে প্রকিওরমেন্টের ব্যাপারে যুক্তফ্রন্ট সরকার বলেছিলেন যে দুই লক্ষ টন চাল সংগ্রহ করবেন—তাঁরা কি দুই লক্ষ টন চাল সংগ্রহ করে তাঁদের দায়িত্ব পালন করেছেন? আজকে শুধু সেন্টারকে দোষ দিলে হবে না। আপনাদের নিজেদের দোষ নেই? আপনারা গভর্নমেন্টে বসেছেন, আপনাদের নিজেদের দায়িত্ব নেই মানুষকে খাওয়াবার? দুই লক্ষ টনের মধ্যে এক লক্ষ টনও কি আপনারা সংগ্রহ করতে পেরেছেন? আপনারা তা পারেননি। অতএব বুঝতে হবে দেশে চাল বা খাদ্য নেই। আপনাদেরই মন্ত্রী কাশীকান্ত মৈত্র মহাশয় বলেছিলেন যে প্রফুল্ল সেন মিথ্যাবাদী, বাংলাদেশে খাদ্য ঘাটতি নেই, প্রচুর খাদ্য আছে, শুধু ব্ল্যাক মার্কেটিং-এর জন্য এটা হচ্ছে। তাই আজকে আমি জিজ্ঞাসা করি যদি খাদ্য ঘাটতি না থাকে তাহলে আপনারা পারছেন না কেন? সেন্টারের দায়িত্ব আছে এটা ঠিক কিন্তু বিহার, ইউ পি, ইত্যাদি দেশে দুর্ভিক্ষের জন্য সেন্টারকে খাদ্য দিতে হয়। তাই দায়িত্ব আমাদেরও নিতে হবে, শুধু সেন্টারের উপর দোষ দিলে হবে না। একটু আগে সি পি আই-এর একজন সদস্য বললেন যে প্রকিওরমেন্ট হয়নি। ওঁরা বলেছিলেন যে আমরা প্রাণ দেব, রক্ত দেব, জান দেব, তবু ধান দেব না। তাই আজ লেফট কমিউনিস্ট কোন মুখ দিয়ে বাংলার পল্লীর বাড়ীতে গিয়ে বলছেন যে আপনারা ধান দিন? নিজেরা গভর্নমেন্ট পার্টিতে বসেও যে আত্মঘাতী নীতি নিয়েছেন, সে সম্বন্ধে দাশরথি তা মহাশয় বলেছেন। অথচ আমরা বললেই যত দোষ হয়। তিনি ঠিকই বলেছেন। তাঁরা নিজেদের পার্টির মধ্যেই সমর্থন করতে পারছেন না। এই আত্মঘাতী নীতির জন্যই আজকে খাদ্য প্রকিওরমেন্ট ফেলিওর হয়েছে এবং খাদ্যনীতি সম্পূর্ণভাবে ফেলিওর হয়েছে। সেইজন্য আমি আজকে বলছি যে আপনারা খাদ্যকে রাজনীতির উর্ধ্বে রেখে কাজ করুন, আমরা নিশ্চয়ই সমর্থন করব। বহু বাংলা কংগ্রেসের মেম্বাররা গালাগাল পর্যন্ত করে বলেছেন যে এই গণ-কমিটি হচ্ছে গুণ্ডা কমিটি। কাজেই ওঁরা রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধি করবার জন্যই এই সব করছেন। এতে বাংলা কংগ্রেসকে ডাকা হয়নি, ফরোয়ার্ড ব্লককে ডাকা হয়নি, পি এস পিকে ডাকা হয়নি, শুধু কমিউনিস্ট পার্টি, রাইট এন্ড লেফট মিলে এটা করছেন। সেজন্য আমি দু-একটি সাজেসন দিয়ে আমার বক্তব্য শেষ করছি। আমি খাদ্যমন্ত্রীকে বলবো যে তিনি ধান-চালের হোলসেলের বিজনেসকে তুলে দিয়ে রাষ্ট্রীয়করণ করুন। আজকে আপনারা লেভি তুলে দিয়েছেন—লেভি তুলে দিয়ে মজুরদের প্রতি দরদ দেখাচ্ছেন, গরীবদের প্রতি দরদ দেখাচ্ছেন। কিন্তু এটা তাদের স্বার্থে করেননি। এতে কংগ্রেস নয়, কমিউনিস্ট নয়, দেশের জনসাধারণের প্রতি লক্ষ্য রেখে পার্টির উর্ধ্বে রেখে খাদ্যসমস্যা যে জাতীয় সমস্যা সেইভাবে দৃষ্টিভঙ্গী নিয়ে আপনারা কাজ করুন, তাহলে নিশ্চয়ই আমরা সমর্থন জানাবো এবং জনসাধারণও সমর্থন করবে। তাই আমি বলছি জনসাধারণের স্বার্থে কর্ডনিং চালু করতে হবে। দেশের মানুষ এখন ব্ল্যাক মার্কেটিং করছে। এটা কংগ্রেস বা কমিউনিস্টের কথা নয়। আমাদের দেশের মানুষ সমস্ত নীতিজ্ঞান

ভুলে গেছে, দেশাত্মবোধ ভুলে গেছে। তারই ফলে এটা হচ্ছে এটা ভুলে গেলে চলবে না। লক্ষ লক্ষ মানুষের দায়িত্ব নিয়েছেন ডঃ ঘোষ। সেজন্য আমি তাঁর কাছে অনুরোধ করবো যে তিনি তাঁর দুর্বল নীতি ত্যাগ করে সুস্থ সবল নীতি নিন, তাতে দেশ বাঁচবে, মানুষ বাঁচবে এবং মানবতার দিক থেকে তাঁর মহত্বের পরিচয় পাওয়া যাবে। ফুড কর্পোরেশন অব ইণ্ডিয়ার বণ্টনের মধ্য দিয়ে গভর্নমেন্ট লেভির মাধ্যমে প্রকিওরমেন্ট করতে পারতেন। কিন্তু তা করা হয়নি। আমি রেশন এরিয়ার কথা বলছি যে এখনও বহু ফলস্ রেশন কার্ড রয়েছে। আমি নিজে কংগ্রেস ভলানটিয়ারদের দিয়ে ৭০০ ইউনিট কার্ড সংগ্রহ করেছি। এখনও হাজার হাজার ইউনিট কার্ড আছে, বাকীগুলি করতে পারেনি। আমাদের ওখানে বহু ফলস্ রেশন কার্ড আছে—তাদের যাতে ধরতে পারেন সেদিকে সজাগ হন, তাহলে আমরা নিশ্চয়ই কো-অপারেট করবো। আমি নিজে ভলানটিয়ারদের দিয়ে সিজ করিয়েছি। আর একটি কথা বলে আমি শেষ করবো—গণ-কমিটি তুলে দেয়া হোক জাতীয় স্বার্থের কথা চিন্তা করে, তাতে দেশ বাঁচবে, আপনারা বাঁচবেন এবং আমরাও বাঁচবো। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Elias Razi:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের খাদ্যমন্ত্রী যে ব্যয়-বরাদ্দ এনেছেন আমি তাকে সমর্থন জানিয়ে দু'চারটি কথা আপনার মাধ্যমে এই হাউসের সামনে রাখতে চাই। খাদ্য বিতর্কে শুধু সমর্থন করা কি বিরোধিতা করা বড় প্রশ্ন নয়, আজকে যে আসল সমস্যা সেই সমস্যার দিকে আমাদের সবার নজর দেওয়া দরকার। এটা অস্বীকার করার উপায় নেই যে সমস্ত দেশের মানুষ আজকে একটা দারুন খাদ্যসংকটের ভেতর দিয়ে যাচ্ছে এবং বিশেষ করে কয়েকটি জেলায় যেমন পুরুলিয়া, বাঁকুড়া, মালদহ এবং পশ্চিম দিনাজপুর একটা খুব সাংঘাতিক অবস্থার ভেতর দিয়ে সেখানকার লোকজন কাটাচ্ছে। আমি মালদহের কথা বলতে পারি যে বর্তমানে সেখানে ধানের দর ৫০ টাকা থেকে ৭৫ টাকা অর্থাৎ চাল ৩ টাকা থেকে ৪ টাকা কেজি বিক্রি হচ্ছে, এমন খবর আমার কাছে এসেছে। মাননীয় স্পীকার মহাশয়, ইতিমধ্যে আমি একটা চিঠি আমার এলাকা থেকে পেয়েছি সেখানে অনাহারে অনেক লোক মারা যাচ্ছে এবং পার্শ্ববর্তী খরবা থানায় অনাহারে লোক মারা গেছে। আপনি শুনে আশ্চর্য হবেন যে পারা গ্রামে মডিফায়েড রেশনিং চালু আছে, কিন্তু সেখানে চাল তো পাওয়া যায়ই না, গম যা পাওয়া যায় সেটা প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম। ডিস্ট্রিক্ট ফুড কমিটির মিটিংএ ৭৫০ গ্রাম খাদ্যদ্রব্য দেওয়া হবে গম এবং কলাই মিলিয়ে কিন্তু আজ পর্যন্ত এই ৭৫০ গ্রাম করে খাদ্যদ্রব্য দেওয়া হয়নি। এখন এমন একটা অবস্থায় এসে পৌঁচেছে যে বর্ণনা করা যায় না। আমার অনুরোধ খাদ্যমন্ত্রীর কাছে যে উনি বিশেষভাবে চেষ্টা করবেন যাতে গম বা আটা পাওয়া যায় মডিফায়েড রেশনিং-এর মাধ্যমে এবং প্রত্যেক রেশন দোকানে যাতে অধিক সংখ্যক লোক পেতে পারে তার ব্যবস্থা করেন, যদি এটা না হয় তাহলে যে সমস্ত ঘটনা ঘটছে শুনতে পাচ্ছি বিভিন্ন সভ্যদের কাছ থেকে যে বিভিন্ন জায়গায় লুঠ হচ্ছে, এইগুলো আরও বেশী পরিমাণে বাড়তে পারে, কারণ এটা ঠিক লোককে আমরা যতই সান্ত্বনা দেবার চেষ্টা করি—যদি ওদের পেটের জ্বালা মেটাতে না পারি তাহলে যতই সান্ত্বনা দিই না কেন তাদের ঠেকানো যাবে না, সেইগুলোকে ধমকে রাখা সম্ভব হবে না।

[5-45—5-55 p.m.]

এইজন্য আমি মনে করি যে আমরা যে দলের মেম্বার হই না কেন—বিরোধীপক্ষ বা সরকারপক্ষ—এটা সবারই কর্তব্য যাতে এই খাদ্যের ব্যাপারে সকলে এক সঙ্গে কাজ করতে পারি এবং এই খাদ্যসংকটের একটা সুরাহা করতে পারি, এর জন্য সকলের একযোগে চেষ্টা করা উচিত।

আমি জানি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে খাদ্য পাওয়ার কথা, আমরা সেটা ঠিকমত পাচ্ছি না—যার জন্য খাদ্যসংকট আরো বেশী তীব্র আকার ধারণ করেছে। যাতে সেন্টারের কাছ থেকে নিয়মিত খাদ্য আরো বেশী পরিমাণে পাই তার জন্য সেন্টারের উপর চাপ সৃষ্টি করতে হবে এবং যে করে হোক আমাদের অভাব দূর করতে হবে। এই প্রসঙ্গে আর একটি কথা বলতে চাই ডি-হোর্ডিং ব্যাপারে আমার এলাকায় দেখেছি ডি-হোর্ডিং ব্যাপারে লোক্যাল কর্তৃপক্ষ যাদের উপর ভার দেওয়া হয়েছিল, যেখান থেকে তাদের ধান আদায় করা উচিত ছিল, সেই কাজ তাঁরা করেন নাই। ফলে যেটুকু ধান-চাল ডি-হোর্ডিং করা সম্ভব হতো, তা হয় নাই। তাই আমি

আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রীকে অনুরোধ করি এই সম্পর্কে তিনি আরো বেশী সজাগ হোন এবং আগামী দিনে খাদ্যনীতি যাতে আরো বেশী ঠিক ঠিকভাবে রূপায়ন করা যায় তার জন্য তিনি যেন আপ্রাণ চেষ্টা করেন। এই কথা বলে এই ব্যয়-বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Sachindra Mohan Nandy:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, অত্যন্ত দুঃখের সঙ্গে এবং বেদনাহত চিত্তে মাননীয় খাদ্য ও কৃষিমন্ত্রী শ্রদ্ধেয় ডঃ ঘোষের যে ব্যয়-বরাদ্দের দাবি তার আমি বিরোধিতা করছি। ডঃ ঘোষ যখন তাঁর ব্যয়-বরাদ্দের দাবি পেশ করলেন তখন তিনি নিরুত্তাপ কণ্ঠে কতকগুলি ফিগার দিয়ে গেলেন—কত সেন্ট্রাল গভর্নমেন্ট দিয়েছেন, কত বাকি আছে, ও'রা নিজেরা কত প্রকিওর করেছেন, কি পারেননি, আগের কংগ্রেস সরকার কত সামান্য প্রকিওর করে দিয়েছেন—সেদিকে একটু কটাক্ষও ছিল এবং তার পরেতে তাঁদের প্রকিওরমেন্টএ যাঁরা যাঁরা বাধা দিচ্ছেন, জোতদাররা সহায়তা করছেন না ইত্যাদি সম্বন্ধে বললেন এবং সকলের সহযোগিতা চাইলেন। গত সেসনে যখন তিনি খাদ্যনীতি আমাদের কাছে রেখেছিলেন, তখন যে কথা বলেছিলেন, আজকে যেন সেই কথাই বললেন। কিন্তু বাংলাদেশ যে একটা সব চাইতে অন্ধকারময় অধ্যায়ের মধ্য দিয়ে কাটাচ্ছে; এটা যে একটা ডার্কেস্ট পিরিয়ড অফ বেঙ্গল। মোস্ট ট্র্যাজিক পিরিয়ড অফ বেঙ্গল—তাঁর বক্তৃতার মধ্যে তার কিছু বুঝতে পারা গেল না। আজকে দুঃখের সঙ্গে বলতে হচ্ছে আমরা ও যারা আজকে এই বিতর্কে অংশ গ্রহণ করছি, আমাদেরও যেন একটা বোধহীনতা এসে গিয়েছে। বাংলাদেশের উপর দিয়ে যে কি একটা দুঃখজনক ও বেদনাদায়ক ঘটনা ঘটেছে সে সম্বন্ধে যেন আমাদের চেতনাবোধ নাই। বাংলাদেশে এর আগে ১৯৪৩ সালে রাস্তায় রাস্তায় ৫০ লক্ষ লোক না খেতে পেয়ে মারা গিয়েছিল। বাংলাদেশ তা সহ্য করেছিল। আজও তার পুনরাবৃত্তি হতে যাচ্ছে। এটা কি আমরা অনুভব করছি? আজকে শ্রীমতী আভা মাইতি কতকগুলি ঘটনা শোনালেন। আজ সরকারপক্ষ ও বিরোধীপক্ষ তার নিজ নিজ অঞ্চলের দুঃখময় কাহিনী প্রতিদিন বলছেন যে আড়াই টাকা তিন টাকা চালের দর। কোথাও মডিফায়েড রেশনিংএর নাম নেই, মাত্র ৫০০ গ্রাম করে এক একটি লোকের পিছনে প্রতি সপ্তাহে দেওয়া হয় এবং সেই সরবরাহ বাড়াবার চেষ্টা নেই। যেখানে মানুষের ভারতবর্ষে বৎসরে আয় সাড়ে তিনশো টাকা, এবং গাঁয়ের লোক যেখানে মাত্র দু-টাকা করে দৈনিক মজুরী পায়, এখানে বসে আজকে হিসাব করলে দেখা যাবে যে শতকরা দশ জন বাদে, বাংলাদেশে ৯০ জন লোকের পেটে খাবার নেই, তারা অনাহারে, অর্ধাহারে দিন কাটাচ্ছে। এটা স্বচক্ষে দেখার প্রয়োজন নেই, এখানে বসে অংক কষেই বলা যায়। আজকে আমরা বিরোধীপক্ষ সরকারকে দোষারোপ করছি, আবার আমাদের এখানকার সরকারপক্ষ কংগ্রেস এবং কেন্দ্রীয় সরকারকে দোষ দিচ্ছেন। আমরা মেনে নিচ্ছি, কেন্দ্রীয় সরকারের দোষ আছে। কিন্তু যুক্তফ্রন্ট সরকার কি বলতে পারেন যে সেখানে তাদের দায়িত্ব শেষ হয়ে গেলো। আজকে ভারতবর্ষে তথা বাংলাদেশে দুর্ভিক্ষ এনেছেন কংগ্রেস এবং কেন্দ্র, এটা যদিও সত্য কথা নয়। যদি সত্যও হয়, তাহলে কি তাদের কোন দায়িত্ব নেই? এইটুকু বলে তিনি আত্মতুষ্টির মনোভাব নিয়ে ভাবছেন আমাদের সমস্ত কর্তব্য চলে গেলো। যুক্তফ্রন্ট সরকারের ১৪টি সরিকের টানাটানিতে তাঁরা কোন সিদ্ধান্তে পেঁৗছাতে পারছেন না। প্রিজনারস অব ইনডিসিসন। প্রত্যেকটি ব্যাপারে দেখা যায় যে তাঁরা কোন সিদ্ধান্ত গ্রহণ করতে পারছেন না। অন্য সমস্ত ব্যাপার ছেড়ে দিলাম, এই খাদ্যের ব্যাপারে দৃঢ়চিত্ততা না থাকাতে আজকে বাংলাদেশে এই ট্র্যাজেডি ঘটেছে। আজকে দুর্ভিক্ষ এসে গিয়েছে। পূর্বে কংগ্রেসী সরকারের আমলে ও'রা দুর্ভিক্ষ, দুর্ভিক্ষ বলে চীৎকার করতেন। আজকে নেমেসিসএর মত সেই দুর্ভিক্ষ নেমে এসেছে। আমি কয়েকটি কথা বলবো এবং দেখাবো যে যুক্তফ্রন্ট সরকারের খাদ্যনীতির জন্য আজকে এই দুর্ভিক্ষ এসেছে। আমি মন্ত্রিমহাশয়কে এটা বলতে চাই যে আপনারা বিধিবদ্ধ এলাকা করলেন, স্ট্যাটুটরি রেশনিং করলেন, তারপর বললেন যে, যেখানে স্ট্যাটুটরি রেশনিং আছে, তার চতুর্দিকে কর্ডন হবে। ডঃ ঘোষ ইজ অ্যান অনেস্ট ম্যান। তাঁর অনেস্ট কনভিকসন আছে—তিনি বললেন যে বিধিবদ্ধ এলাকার চারিদিকে কর্ডন আছে। এবং তাঁর এক দলের লোক, শ্রদ্ধেয় দাশরথি তা মহাশয় বলেছেন যে কলিকাতার বাড়ীতে খাদ্য মজুত আছে। আমি বলছি আজকে কলকাতার অনেক বাড়ীতেই খাদ্য আছে। কিন্তু এমন অবস্থা কেন হ'ল? তার কারণ, সমস্ত পশ্চিমবঙ্গ থেকে কর্ডন তুলে দিলেন, ফলে জোতদার বা মজুতদাররা চাল গুদামজাত করলেন, হুড় হুড় করে

চাল তাদের ঘরে এসে গেলো। ডেফিসিট-এর কথা ছেড়ে দিন, মার্জিনও যদি থাকে, তাহলেও এত লোক আছে, যাদের পারচেজিং পাওয়ার এত বেশী, তাদের ঘরে যদি এক মণ করেও চাল থাকে, তাহলেও দুর্ভিক্ষ, ডেফিসিট, ক্রিয়েটেড আমি এটা একটি উদাহরণ দিলাম। গতবার যেমন দুর্ভিক্ষ এলো তেমনি এবার ইউ হ্যাভ ক্রিয়েটেড ফ্যামিন।

আপনারা লেভি, কর্ডন তুলে দিলেন ভাল কথা। কিন্তু আপনারা প্রকিওরমেন্ট-এর জন্য কি চেষ্টা করেছেন? পাঁচ টাকা দর বাড়িয়ে দিয়েছেন, অথচ বাজারদর বেঁধে দেননি। এখন বাঁধলেন কেন? যখন বাঁধা উচিত ছিল তখন বাঁধেননি। আমি ম্যালাফাইডি করবার জন্য বলছি না, কিন্তু আমরা দেখেছি, আপনারা প্রকিওরমেন্ট করে গিয়ে জোতদারদের মজুত চাল, পাচার করবার জন্য সুযোগ-সুবিধা ও সময় দিয়েছেন। এর কি উত্তর আপনি দেবেন? পরিষ্কার করে বলুন জোতদারদের চাল ধান পাচার করবার জন্য সেই সময় দিয়েছেন তার কি উত্তর দেবেন? আপনারা পাঁচ টাকা করে দাম বাড়িয়ে দিলেন এবং সঙ্গে সঙ্গে দেখলাম খোলা বাজারে কত দাম বেড়ে গেল। তারপর স্টেটমেন্ট চাইলেন এবং মাত্র ১২টি স্টেটমেন্ট পেলেন। তারপর আবার সাতদিন বাড়িয়ে দিলেন। এইভাবে আপনারা প্রত্যেকটি ক্ষেত্রে ধাঁওতা দিয়েছেন। আপনারা বাংলাদেশে এই দুর্ভিক্ষের জন্য দায়ী। আজকে মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়ের কাছ থেকে আমরা জানতে চাই ১৫ লক্ষ টন সেন্টার থেকে এই খাদ্য দিলে বাংলাদেশের খাদ্যের অবস্থার উন্নতি হবে কিনা, এটা ক্যাটিগোরিক্যালি বলুন। এই কথা বলে আমি আমার বক্তৃতা শেষ করছি।

[5-55—6-5 p.m.]

Shri Gangadhar Naskar:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দ রেখেছেন সেটা সমর্থন করে আমি দু'চারটি কথা বলছি। প্রথম কথা হচ্ছে এই যে কেন এই খাদ্যসংকট, এই খাদ্যসংকটের মূল কারণ হচ্ছে কৃষকের হাতে জমি না দেওয়ার দরুন। কুড়ি বছর কংগ্রেস গদিতে ছিল সেই সময় থেকে আমরা বলেছি যে কৃষকের হাতে জমি না দিলে কোন দিনই এই খাদ্যসমস্যার সমাধান হবে না। আজ যদি কৃষক জমির মালিক হতো তাহলে সমস্ত ধান কৃষকের হাতে থাকতো কিন্তু আমরা দেখি যে সমস্ত জমির মালিক অর্থাৎ শতকরা প্রায় ৪০ ভাগ জমির মালিক হচ্ছে আজ জমিদার। এই জমিদার জোতদারদের হাতে আজকে ফসলের বেশী অংশ জমায়েত হয়ে থাকে। যখন বাজার ঊর্ধগতি হয় সেই সময় এরা বাজারে ধান চাল ছাড়ে এবং এরা আজকে ধান চাল মজুত করে চোরাবাজারে চালান দিচ্ছে। সেইজন্য আমরা বলেছিলাম প্রথম থেকে যে কৃষকের হাতে জমি না দেওয়া পর্যন্ত খাদ্যসমস্যার কোন আমূল পরিবর্তন হবে না। কুড়ি বছর শাসনের মধ্যে দিয়ে আমরা দেখেছি বাংলাদেশ একটা ভিখারীখানাতে পরিণত হয়েছে। কৃষকরা জমি আন্দোলন করতে গেলে আমরা দেখেছি যে কংগ্রেস সরকার তাদের গুলি করে হত্যা করেছে, ক্ষেতে খামারে এঁরা তাদের গুলি করে মেরেছে। আজকে জমি যদি কৃষকের হাতে না দেওয়া যায় তাহলে কোনদিনই খাদ্যসমস্যার সমাধান হবে না। বারুইপুরের জমির মালিক প্রবোধ মন্ডল, তার জমিতে চাষ করছিল ভাগচাষী সুধন্ন কোয়াল এবং ভুলো কোয়াল। তারা তার জমিতে চাষ দিচ্ছিল এবং জমিদার তাদের সেই জমি থেকে উৎখাত করবার জন্য গুন্ডা লেলিয়ে দিয়ে ভাগচাষী সুধন্ন কোয়ালকে হত্যা করেছে এবং ভুলো কোয়ালকে গুরুতরভাবে জখম করেছে। এইভাবে তারা চাষীর উপর অত্যাচার করে আজ খাদ্য সংকটের সৃষ্টি করেছে। আজকে বাংলাদেশের হাজার হাজার, লক্ষ লক্ষ চাষী জমিচ্যুত হয়েছে। আজকের যে খাদ্যের সংকট এই সংকট রাতারাতি হয়নি, ২০ বছরে কংগ্রেস সরকার যে খাদ্যনীতি গ্রহণ করেছিলেন সেই নীতির ফলে এই খাদ্যসংকটের সৃষ্টি হয়েছে। আমাদের খাদ্যমন্ত্রী জমিদার জোতদার এবং যাদের হাতে ফসল বেশী আছে তাদের সেই ফসল সরকারকে বিক্রি করবার জন্য অনুরোধ জানালেন কিন্তু এই জমিদার জোতদাররা কি করলো, না তারা এই যুক্তফ্রন্ট সরকারের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করলো, তারা যুক্তফ্রন্ট সরকারকে ভাঙ্গবার জন্য ধানচাল যাতে কেউ না দেয়, ধানচাল যাতে সরকার না পায় তার জন্য তারা চোরাকারবারে সেই ধানচাল চালান দেবার ব্যবস্থা করলেন এবং সাথে সাথে ধানচাল তারা লুকিয়ে রাখলো। আজ পর্যন্ত আমরা বলতে পারি সোনারপুর থানায় যে ধানচালগুলি আছে সেই ধানচালগুলি ধরা যায় তাহলে সোনারপুর থানার লোক এক মাস দেড় মাস

খেয়ে বাঁচতে পারে। আজ যারা জমিদার জোতদার, যারা কংগ্রেসের লোক, যারা কংগ্রেসের সভ্য তারা ধানচাল লুকিয়ে রেখেছে। আমি খাদ্যমন্ত্রীর কাছে আবেদন করবো এই যে ধানচাল তারা লুকিয়ে রেখেছে অবিলম্বে এই ধানচাল ধরবার ব্যবস্থা করা হোক। আমরা দেখিয়ে দেবো কোথায় ধানচাল আছে। যদি এই সরকার তাদের গ্রেপ্তার করে এই ধানচাল ধরেন তাহলে কিছুটা পরিমাণে খাদ্যসমস্যার সমাধান হয়। সাথে সাথে আরো বলবো যে আজ পর্যন্ত বিভিন্ন জায়গায় জোতদার জমিদার এবং কংগ্রেসের লোক যারা চোরাবাজারী করবার জন্য ধানচাল মজুত করে রেখেছে সেই ধানচাল অবিলম্বে ধরবার ব্যবস্থা করতে হবে, যদি তা না ধরা হয় তাহলে কিছুতেই খাদ্যসমস্যার সমাধান করা যাবে না। আমি একথা বলবো আজকে পুলিশ, চোরাকারবারী এবং কংগ্রেসের লোক এরা একযোগে আজকে এই খাদ্যসংকট সৃষ্টি করেছে এবং এই খাদ্যসঙ্কট যাতে তীব্র হয় তার জন্য তারা চোরাবাজারে ধানচাল চালান দিচ্ছে। সেজন্য আমি খাদ্যমন্ত্রীর কাছে আবেদন করবো অবিলম্বে এই চোরাকারবারীদের যদি সায়েস্তা করা না যায় তাহলে কিছুতেই খাদ্যসমস্যার সমাধান করা যাবে না। সেজন্য আমি একথা বলবো যে বি ডি ও-র উপর যে ধানচাল ধরার ভার দেওয়া হয়েছে এবং থানা অফিসারের উপর যে সমস্ত ভার দেওয়া হয়েছে সেই বি ডি ও যখন ধান ধরতে যায় তখন দেখা যায় গ্রামে যেখানে যেখানে ধান আছে সেই ধান ধরবার পূর্বেই দেখা যায় যে ধানের মালিক ইতিমধ্যে সেই সংবাদ পেয়ে সেই ধান তারা অন্য জায়গায় সরিয়ে রেখেছে এবং জমিদার জোতদাররা ধান আজকে ছড়িয়ে রেখেছে নানা জায়গায়, এর গোলায় ৫০ মণ, ওর গোলায় ৪০ মণ, আর এক জনের গোলায় ৩০ মণ, এইভাবে জমিদার জোতদাররা ধান ছড়িয়ে রাখার ব্যবস্থা করেছে। সেইজন্য আমি খাদ্যমন্ত্রীর কাছে আবেদন করবো এই সমস্ত ছড়ান ধান ধরবার একমাত্র উপায় হচ্ছে গ্রামে যেসব গণ-কমিটি হয়েছে সেই গণ-কমিটির উপর যদি পূর্ণ অধিকার দেওয়া যায় তাহলে এই ধান ভালভাবে ধরা যায়। শুধু পুলিশের দ্বারা এই ধান ধরা যাবে না। এই কথা বলে এই ব্যয়-বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-5—6-15 p.m.]

Shri Bimal Paik:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় খাদ্যমন্ত্রী যে খাদ্যের বরাদ্দ এনেছেন তা সমর্থন করতে পারছি না, পারছি না এই কারণে যে তাঁর খাদ্যনীতি বেশ দুর্বল হয়ে পড়ছে, তাঁর খাদ্যনীতির ফলে দেশের এবং দশের যে কি অবস্থার সৃষ্টি হয়েছে তা আমি একটির পর একটি করে বলব। প্রথমে আমি খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে খাদ্যমন্ত্রী তখনই ভুল করেছেন এই লেভি প্রথাকে তুলে দিয়ে। আমি অত্যন্ত নিরপেক্ষ দৃষ্টিভঙ্গী নিয়ে বলছি যে লেভির মধ্যে যে কি গুণ ছিল লেভি যে প্রকৃতপক্ষে একটা বৈপ্লবিক নীতি ছিল এ সম্বন্ধে সন্দেহের কোন অবকাশ নাই। এইটাব যে কি গুণ ছিল সেটা আমি এখনই প্রমাণ করে দেব। কয়েকদিন আগে ভূমি-রাজস্ব মন্ত্রী এখানে ঘোষণা করেছিলেন যে বেনাম সম্পত্তি ধরিয়ে দেবেন, আমি সে প্রস্তাবকে অভিনন্দন জানাই। কিন্তু সে প্রস্তাবে একটু বাধা আছে, যে সেই বেনামকে ধরাতে হলে কতকগুলি আইনকে সংশোধন করা দরকার। সিভিল প্রসিডিওর কোড, হিন্দু ল, হিন্দু সাকসেসন অ্যাক্ট এইগুলি সংশোধন করা দরকার। আমি মনে করি যে জমিদারী উচ্ছেদ আইন হয়েছিল যে আইন একটা যুগান্তর সৃষ্টি করেছিল সে আইন যে কিছুটা ব্যর্থতায় পর্যবসিত হয়েছিল তার অনেক কারণ আছে এই বেনামের জন্য। এমন অনেক মিতাক্ষরা পরিবার আছে যে তাদের ৫০০।৭০০ একর জমি আজকেও আছে অতএব লেভির এইজন্য প্রয়োজনীয়তা ছিল যে বেনাম সম্পত্তি ধরে ফেলবার কোন অধিকার না থাকে, যদি বেনাম সম্পত্তি খুঁজে পাবার কোন রাস্তা না থাকে তাহলে বেনাম সম্পত্তির প্রোডাকসন নিয়ে নেওয়া তা কি মন্দ কথা ছিল? অতএব লেভি আইনের মারফত এই নীতিটাই সেদিন প্রকট হয়ে উঠেছিল যে যারা সম্পত্তি বেনাম করে রেখেছে—একটি পরিবারের মধ্যে অনেক সম্পত্তি আছে, যখন আইনগত সেখানে বাধা আছে সে সম্পত্তির প্রোডাকসনটা নিয়ে নেওয়া সেটা খুব খারাপ কাজ ছিল না। আজকে আমি জোর দিয়ে বলতে পারি যে বাংলাদেশ যদি আজকে শস্য শ্যামলা হয়েও উঠে তাহলে লেভি আইনের প্রয়োজনীয়তা ছিল। এবং আমি মনে করি এই লেভি আইন এস্টেট অ্যাকুইজিসন অ্যাক্টএর পরিপূরক। এই লেভি আইনকে বাদ দিয়ে এস্টেটস অ্যাকুইজিসন অ্যাক্ট একদম গণ্য হতে পারে

না। দ্বিতীয় একটা জিনিস যেটা খাদ্যমন্ত্রী খুবই ভুল করেছেন এবং এই ভুলের ফলে কত হাজার হাজার লোকের অসুবিধা হচ্ছে সেটা আমি বলতে চাই। তিনি কর্ডনিং প্রথা তুলে দিয়েছেন। কর্ডনিং প্রথা তুলে দেবার কি মেরিট কি ডিমেরিট তা আমি আলোচনা করতে চাই না। কিন্তু তিনি কর্ডনিং প্রথা তুলে দিয়ে গ্রাম কর্ডনিং করেছেন। তিনি তাঁর আইনের মধ্যে একথা বলেছেন যে ফ্রম এনি প্লেস টু অ্যানাদার প্লেস। সিলিং বেশী কেউ ধান নিয়ে যেতে পারবে না। একটা কথা চিন্তা করে দেখুন একটা বর্গাদারের যদি ৪।৫টি মৌজায় তার ধান থাকে এবং জমির প্রোডাকসন যদি সিলিংএর বেশী হয়ে থাকে তাহলে প্রত্যেকটা বর্গাদারকে সেই ধানটাকে নিয়ে যাবার জন্য তাকে পারমিট নিতে হবে বি ডি ও-এর কাছে। সেই বি ডি ও-এর কাছে যেতে হলে হয়ত তিন চার মাইল এমন কি ১০ মাইল পর্যন্ত তাকে যেতে হতে পারে—এবং সেদিন তাকে কাজকর্ম বাদ দিয়ে তাকে পারমিট আনতে হবে। অতএব এ যে কি পরিমাণ অসুবিধার সৃষ্টি করলেন। জেলা কর্ডনিং তুলে দিয়ে গ্রাম কর্ডনিং রাখলেন। তিনি তার আইনের মধ্যে একথা বলে দিয়েছেন যে সন্ধ্যা ৭টা থেকে সকাল ৬টা পর্যন্ত ধানের মুভমেন্ট হবে না। একটি কথা ভেবে দেখুন একজন কৃষক যে সারাদিন পরিশ্রম করে সন্ধ্যাবেলা তার পাশের গ্রামের বাজারের থেকে এক সের কি দুই সের চাল নিয়ে ফিরছে সেই চাল সীজ হয়ে যাবে কারণ সে আইনের আওতায় পড়ে গেল। এটা যে কি দুর্বল নীতি তা আমি বুঝতে পারি না। তিনি জেলা কর্ডনিং তুলে দিয়েছেন। তিনি বলছেন চব্বিশপরগনা থেকে মেদিনীপুরে ধান আনতে পারে কিন্তু আসতে আসতে যদি রাত্রি হয়ে যায় তাহলে সেইখানে তার ধান সীজ হয়ে যাবে। আমি প্রত্যক্ষ অভিজ্ঞতা থেকে বলতে পারি যে ইটাবেড়িয়া থেকে কয়েকজন মজুর এই রকম ধান এনেছিল সে যখন হোড়িয়ায় এসে পৌঁছাল তখন সন্ধ্যা হয়ে যাওয়ার জন্য তাদের ধান সীজ হয়ে গিয়েছিল। একবার ভেবে দেখুন আপনি জেলা কর্ডনিং তুলে দিয়েছেন এবং গ্রাম কর্ডনিং করেছেন তাতে ফ্রম এনি প্লেস টু এনি আদার প্লেস। এবং ৭টার পর থেকে আর নিয়ে যাওয়া হবে না এর জন্য কত হাজার হাজার লোকের কি অসুবিধা হচ্ছে তা একবার ভেবে দেখুন। প্রকৃতপক্ষে আজকে খাদ্যের যে অবস্থা সেটা আমি ভেবে দেখবার জন্য খাদ্যমন্ত্রীকে অনুরোধ করছি। গতকাল কাঁথিব প্রভাতকুমার কলেজের একটা টিচার কাউন্সিল হয়েছিল। কারণ সেখানে যে হোস্টেলে ছেলেরা থাকে তারা খেতে পাচ্ছে না। তাই প্রফেসার প্রিন্সিপ্যাল মিলে সবাই ঐ ছেলেদের হোস্টেল থেকে চলে যেতে বলেন এবং কলেজ বন্ধ রাখতে বলেন। সত্যিই দেশের কি অবস্থা সেটা খাদ্যমন্ত্রীকে চিন্তা করতে বলছি। দেশের দিকে তাকিয়ে দেখুন ভুখা মিছিলের আর্তনাদ। মানুষ না খেতে পেয়ে কেঁদে কেঁদে ঘুরে বেড়াচ্ছে। আজকে পুরুলিয়া, বাঁকুড়ায় সেই সমস্ত মরা মানুষগুলি একটু ফ্যানের জন্য হাহাকার করছে। আজকে রাস্তার ধারে দেখেছি মানুষগুলো ডাস্টবিনের পচা ভাতের জন্য মারামারি করছে। আজকে তাঁর দুর্বল নীতির জন্য এইভাবে মানুষ যে হাহাকার করছে সেই কথাটা আমি খাদ্যমন্ত্রীকে অবিলম্বে চিন্তা করতে বলছি।

Shri Apurba Lal Majumdar:

মাননীয় স্পীকার মহোদয়, একথা অস্বীকার করার জন্য যে পশ্চিম বাংলার গ্রামে গ্রামে যে খাদ্য সংকট দেখা দিয়েছে সেই সংকটের সামনে হাজার হাজার লক্ষ লক্ষ মানুষ নিদারুন কষ্টের মধ্যে দিন কাটাচ্ছে -যুক্তফ্রন্ট সরকারের তরফ থেকে সত্য সত্যই দুঃখের সঙ্গে স্বীকার করতে হয় যে বিশেষ করে ঘাটতি অঞ্চলগুলিতে হাওড়া, নদীয়া, মুর্শিদাবাদ, উত্তর চব্বিশপরগনা পুরুলিয়া ইত্যাদি জায়গায় মানুষ না খেয়ে আছে, তাদের নিম্নতম প্রয়োজন যতটুকু ছিল সেটুকু আমরা তাদের হাতে তুলে দিতে পারিনি—এই অক্ষমতা যুক্তফ্রন্ট সরকারের। আমরা পারিনি, তার পিছনে কারণ যাই থাকুক না কেন আমি একথা বলছি যে যুক্তফ্রন্ট সরকারের এক সরিক তার সদস্য হিসাবে আমরা যখন গ্রামাঞ্চলের বিভিন্ন জায়গায় ঘুরে বেড়াই বা আমার কনস্টিটিউয়েন্সিতে যাই তখন সেই মানুষের চোখের জল তাদের দুঃখ তাদের হাহাকার অস্বীকার করা চলে না। আমরা পারিনি এইজন্য যে বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে যে দায়িত্ব আমাদের কাছে এসেছে সেই দায়িত্ব পালন আমরা করতে পারিনি। আমি দেখলাম আমাদের সরকারের তরফ থেকে অনেক ডিসিসন নেওয়া হয়েছে যে অর্ডারগুলি প্রমালগেট করা হয়েছে সেইগুলির সমস্ত কপি আমাদের কাছে দেওয়া হয়েছে—এর আগে কংগ্রেস সরকারের তরফ থেকে দেখেছি একটার পর একটা অ্যামেন্ডমেন্ট

এসেছে কিন্তু সেই কপিগুলি আমরা কখনও হাতে পাইনি। অন্তত যুক্তফ্রন্ট সরকারের সেই কপিগুলি আমরা হাতে পেয়েছি। আমরা দেখছি প্রথম থেকে এক একটা ডিসিসনের ৭।১০ দিন পরে তা পরিবর্তন করা হয়েছে যেমন রেসট্রিকসন ছিল যে ২৫ মণের বেশী নিতে পারবে না, সেখানে সাত মণে গিয়ে দাঁড়ালো। আগে লেভি সেন্ট পারসেন্ট হোল—তার পরে ৭০ পারসেন্ট দেখলাম নন প্রডিউসাররা ৫০ মণ রাখতে পারে—কয়েকদিন পরে তার ২৫ মণ হোল, আর কয়েকদিন পর তা সাত মণ রাখবার অর্ডার হোল—তার থেকে মনে হয় প্রথম থেকে শেষ পর্যন্ত একটা ফার্ম ডিসিসন নিয়ে আমাদের যুক্তফ্রন্ট সরকারের যেভাবে এগিয়ে যাওয়া উচিত ছিল এবং সমস্যার সামনে দাঁড়ানো উচিত ছিল, হয়তো আমরা তা করতে পারিনি এবং সেটা যুক্তফ্রন্ট সরকারের এই সামান্য চার মাসের অভিজ্ঞতার মধ্য দিয়ে যে অভিজ্ঞতা আমরা সঞ্চয় করেছি নিশ্চয় আশা করবো খাদ্যমন্ত্রীর কাছ থেকে যে পরবর্তী সময়ে আরও কঠোরভাবে তিনি অগ্রসর হবেন। খাদ্যসমস্যা এবং দেশের মানুষের যে চরম দুর্ভোগ সেদিকে লক্ষ্য রেখে খাদ্যনীতিকে আরও শক্তিশালী করে তাদের বাঁচাবার চেষ্টা করবো। তবে সেই সংগে অতীতকালের যে কাহিনী জড়িত সেই সম্পর্কে কিছু না বললে চলে না। একটা কথা বলা দরকার যেখানে শ্রীমতী মুখার্জির কথা আমি শুনলাম--শ্রীমতী মুখার্জি একটু আগে বললেন যে যুক্তফ্রন্ট সরকার দুই লক্ষ টন টারগেট করেছেন সেই টারগেটে পৌঁছাতে পারেননি। আমরা টারগেট করেছিলাম ১৫ লক্ষ টন, তারপর সেই টারগেট কমিয়ে ১১ লক্ষ টন করলাম—তারপরে সাড়ে পাঁচ লক্ষ টন করলাম। এখানে শ্রীমতী মুখার্জিকে প্রশ্ন করতে চাই যে ১৯৬৫ সালের ডিসেম্বর মাসে ১৯৬৬ সালের জানুয়ারি এবং ফেব্রুয়ারি মাসে এই তিন মাসে তাঁরা কত প্রকিওর করেছিলেন? তাঁরা প্রকিওর করেছিলেন ৩ লক্ষ ৩৪ হাজার টন চাল। কিন্তু এ বছর ১৯৬৬ সালের ডিসেম্বর এবং নির্বাচনের প্রাক্কালে ১৯৬৭ সালের জানুয়ারি এবং ফেব্রুয়ারি এই তিন মাসে সেই তুলনায় কত তাঁরা প্রকিওর করছেন- লেস দ্যান ৫০ হাজার টন। যেখানে গত বছর করেছিলেন ৩ লক্ষ ৩৪ হাজার টন—এবার ১৯৬৬ সালের ডিসেম্বর থেকে ১৯৬৭ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত এই তিন মাসে তাঁরা প্রকিওর করেছেন মাত্র ৫০ হাজার টন। ১১ তারিখের প্রকিওরমেন্ট রেজাল্ট খুঁজে দেখবেন সেখানে ১১ তারিখ পর্যন্ত প্রকিওরমেন্ট করেছিলেন মাত্র ৩ হাজার টন ১৯৬৬ সালের ১২ তারিখ পর্যন্ত।

(**কংগ্রেস পক্ষ হইতে**—সেটা ফুড করপোরেশনের দায়িত্ব ছিল)

কিন্তু এখানে যখন শ্রীমতী মুখার্জি বললেন যে দুই লক্ষ টন প্রকিওরমেন্ট করতে পারলেন না তখন তো সংগে সংগে বললেন না যে সেটা ফুড করপোরেশনের দায়িত্ব। আমি যেই মাত্র ফিগারটা তুলে ধরলাম তখন বলছেন এটা ফুড করপোরেশনের দায়িত্ব আমাদের দায়িত্ব ছিল না। ১৯৬৬ সালের ডিসেম্বর থেকে ১৯৬৭ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত সেটা ফুড করপোরেশনের দায়িত্ব সেকথা তো কিছু বললেন না। সেই সংগে আমি শ্রীমতী মুখার্জির কাছে আর একটা কথা নিবেদন করতে চাই যে ১৯৬৬ সালে সেন্ট্রাল অ্যাসিসটেন্স কত পেয়েছিলেন সেটা চিন্তা করবেন। ওপাশের অনেক বক্তারা বলেছেন যে গ্রামে গম সরবরাহ করা হচ্ছে না—নিশ্চয় হচ্ছে না, যে পরিমাণ হয়তো আগের বছর দেওয়া হয়েছে সেই তুলনায় গম সরবরাহ করা যাচ্ছে না। সেই সংগে সংগে এটা বলুন যে ১৯৬৬ সালে সেন্ট্রাল গভর্নমেন্টের কাছ থেকে আপনারা ১৫ লক্ষ টন গম পেয়েছেন সেকথা স্মরণ করুন আর এবারে ৭৫ হাজার টন। সেন্ট্রাল অ্যাসিসটেন্স যেখানে আমাদের ৮ লক্ষ টন গম আর ১ লক্ষ ৮ হাজার টন চাল দেবার কথা সেখানে জুন জুলাই মাসে সেই চাল আমাদের কাছে এসে পৌঁছায়নি। আমাদের বললেন কোথা থেকে চাল আসবে—এবার খরা অঞ্চলে তো উৎপন্ন হয়নি (এই সময় লাল বাতি জ্বলিয়া উঠে)।

(At this stage the red light was lit)

Mr. Speaker: I am very sorry I cannot give you any further time. It is not possible for me to do so. I shall now call upon the last speaker on the Government side and then the Hon'ble Minister has got to reply. Thank you very much.

[6-15—6-25 p.m.]

Shri Santimoy Hazra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, খাদ্যমন্ত্রী যে ব্যয়বরাদ্দ এই হাউসের সামনে রেখেছেন সে সম্পর্কে আমি কিছু বলতে চাই। আমাদের সরকারপক্ষের সদস্যদের কাছ থেকে এইরকম একটা গুরুত্বপূর্ণ সমস্যা জড়িত প্রস্তাবের উপর যেভাবে কদর্য আলোচনা হাসি-ঠাট্টা-তাচ্ছিল্যের ভাব দেখলাম তাতে মনে হোল দেশের মানুষ না খেয়ে যেখানে মরছে, অনাহারের সম্মুখীন হয়েছে, মৃত্যুমুখে এগিয়ে যাচ্ছে সেখানে তাদের কোন দুঃখ দরদ আসেনি। গভর্নমেন্ট পাবার দিন থেকে ওঁদের মুখে সেই ৪২০-এর মুখে শুনছি বিশ বিশ আর বিশ। কংগ্রেস বিশ বছরে কি করেছে বিশ বছরে কি করেছে বিশ বছরে কি করেছে। আমি বলি এই বিশ কথাটা আপনারা ভুলে যান। আপনারা চার মাস হোল এসেছেন, যদি বিশ বছর আমাদের মত থাকতে চান তাহলে আপনারা কি করে থাকবেন সেকথা চিন্তা করুন। আমরা তো বিশ বছর অতিবাহিত করেছি আপনাদের কপালে যেন সেই বিশ বছরই থাকে। সুতরাং আপনারা নিজেদের হস্ত বাড়িয়ে ভাল কাজ করার চেষ্টা করুন। আমি এই কথা বলতে চাই যে, গত বৎসর এই সময়ে দেখেছিলাম এবং যখন আমরা এক হাজার গ্রাম করে চাল দিয়েছিলাম আজ আপনারা দিচ্ছেন ৫০০ গ্রাম করে। চিন্তা করুন আপনারা মানুষকে কোথায় নিয়ে এসেছেন। আপনারা মানুষকে খাওয়াবার প্রতিশ্রুতি দিয়েছিলেন, গ্রামের মানুষকে অনাহারে রেখে এখানকার মানুষের জন্য খাদ্যব্যবস্থা করতে পারেন না। বর্ধমান জেলায় যথেষ্ট ধান-চাল আছে আজ আমরা সেখানে দেখছি কি হয়েছে? গত বৎসর প্রত্যেক এম আর সপ-এ আমরা যে খাদ্য সরবরাহ করেছিলাম, যে চাল এবং গম দিয়েছিলাম তাতে আমরা কি দেখেছি। আমরা এমন সুন্দর খাদ্যনীতি করেছিলাম যার জন্য এম আর সপ-এ দোকানে চাল এবং গম কেনবার লোক ছিল না, কারণ বাজারের দর এবং দোকানের দর এক ছিল। তখন কন্ট্রোলার-এর উপর হুকুম জারী করা হয়েছিল যে গ্রামে গ্রামে যাতে চাল বিক্রি হয় তার ব্যবস্থা করুন। কন্ট্রোলার গিয়ে ফেলিওর হয়েছিলেন কারণ চাল একসঙ্গে নিতে হবে বলে। তখন সেখানে লোক চাল নেয় নি। তার কারণ এম আর দোকানে চালের সমতা ছিল। গ্রাম থেকে যে চাল নিয়ে এসেছিল তখন আপনারা বললেন যে ½ অংশ চাল রেখে দেবেন। আমরা দেখলাম যে এটা সম্ভব নয়, কারণ আপনি জানেন যে প্রয়োজন বেশী সেখানেই যদি প্রকিওরমেন্ট কম হয়, সেখানে ½ অংশ রাখতে পারবেন না। আপনাদের এখানে হাহাকার বেশী, কিন্তু সমস্ত সমস্যার প্রতি আপনাদের কোনো ভ্রূক্ষেপ নেই। আপনাদের একমাত্র চেষ্টা হচ্ছে কি করে যুক্তফ্রন্ট বেঁচে থাকবে, কি করে আপনারা গদীতে বসে থাকবেন। কিন্তু গদী থাকবে না যদি প্রাথমিক দায়িত্ব যা মানুষকে খাওয়াবার সে দায়িত্ব না নেন। আপনারা চিরকালই থাকবেন, লোকে আপনাদের আশীর্বাদ করবে যদি আপনারা তাদের খাওয়াবার ব্যবস্থা করবেন। কিন্তু আপনারা সেদিকে লক্ষ্য করছেন না। আমি দুঃখের কথা বলছি যে এই যে জিনিস এর মধ্যে আপনাদের কোন দৃষ্টি নেই। আপনারা এদিকে কোন বর্ণপাত করছেন না। সেইজন্য বলছি যে, যেখান থেকে ধান-চাল নিয়ে আসছেন সেই গ্রাম থেকে তাদের বাঁচাবার চেষ্টা করুন। আপনারা বেশী ধান, চাল পান নি, কারণ আপনারা গণ-কমিটি করেছেন সেই গণ-কমিটির মধ্যে জোতদার এসে হাজির হয়েছে। সেই গণ-কমিটি গভর্নমেন্ট-এর প্রকিওরমেন্ট বন্ধ করে দিয়ে লুঠতরাজ করে ধানের অংশ পার্টি ফান্ড-এ জমা দিচ্ছে। আমি এই কথা বলেই আমার বক্তব্য আমি শেষ করছি।

Shri Manindra Nath Jana:

স্যার, আমাদের খাদ্যমন্ত্রী যে ব্যয়বরাদ্দ উপস্থিত করেছেন আমি তাকে সমর্থন করছি। আজ বাংলা দেশে গ্রামাঞ্চলে খাদ্যের যে অবস্থা হয়েছে তাতে এটা ঠিক যে দেশে চালের দাম অনেক বেশী হয়েছে। কিন্ত মফঃস্বলের লোকের কাছে একটা শান্তি হয়েছে যে গত বছর এইরকম দিনে কিরকমভাবে মানুষের উপর অত্যাচার হয়েছে। আর আজ তারা দেখছে এক পোঁটা চাল নিয়ে যখন রাস্তায় যেত তখন পুলিশ তাদের কাছ থেকে কিরকম ঘুস নিত, সেখানে ২-১ কেজি চাল সেখান থেকেই লোক তারা নিয়ে যেতে পারছে। আমরা দেখছি বর্তমানে যখন জমিদার জোতদারদের কাছ থেকে ধান-চাল আদায় করার জন্য আমাদের ফুড কমিটির লোকেরা যাচ্ছে, তখন কংগ্রেসের লোকেরা পুলিশের যোগসাজসে ধান যাতে সরকারের কাছে না দেওয়া হয় তার

ব্যবস্থা করা হচ্ছে। আমি তাই বিরোধীদলের বন্ধুদের বলব খাদ্যসংকটের কথা এখানে বললে কিছু হবে না। বরং তাঁদের সহযোগিতা করা প্রয়োজন। কিন্তু তা যদি তাঁরা না করেন তাহলে এই সরকার কঠোর হস্তে জমিদার-জোতদারদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করবেন। কারণ তা না হলে দেশের খাদ্যের অবস্থা চরম হবে। আমরা দেখেছি যেখানে চাষীদের ঘরে এখনও যে ধান আছে তারা সেই ধান বিভিন্ন জায়গায় সরিয়ে রেখেছে বেশী দামে বিক্রি করার জন্য—এরা সব বড় চাষী। তারপর কংগ্রেস সরকারের রেশন দেবার যে নীতি ছিল তাতে ক, খ, গ, ঘ, ঙ এই কার্ড সিস্টেম ছিল, সেই কার্ড সিস্টেম এখুনি পরিবর্তন করতে হবে। আমাদের দেশে দেখেছি লক্ষ টাকার মালিকরা ক শ্রেণীর কার্ড করেছে, যেহেতু তাদের ভূমি নেই। সেজন্য আমি বলব যারা ১-২ লক্ষ টাকার মালিক তারা কেন ক শ্রেণীর কার্ড ভোগ করবে। এখন এই অবস্থার পরিবর্তন করা উচিত। এখন আমরা দেখছি গ্রামে যে চাল বাহিরে থেকে আমদানী হচ্ছে সে সমস্ত চাল যাতে সুষ্ঠুভাবে যাতায়াত করতে পারে সে দিকে লক্ষ্য রাখতে হবে।

(লাল আলো জ্বলিয়া উঠায় মাননীয় সদস্য বসিয়া পড়িলেন।)

শ্রীকৃষ্ণকুমার শুক্লাঃ স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, আমি আমার বক্তৃতা দেবার পূর্বে একটা কথা নিবেদন করছি। আশা করি তিনি উত্তর দেবার সময় এই কথা বলবেন। এই যে গণ-কমিটিগুলো যে সমস্ত ধান-চাল সিজ করছে তার কি পরিমাণ গভর্নমেণ্ট-এর হাতে এসেছে?

[6-25—6-35 p.m.]

Dr. Prafulla Chandra Ghosh:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি খুব মনোযোগ সহকারে বিশেষ করে ওদিকের সদস্যদের বক্তৃতা শুনেছি এবং দুই জন প্রাক্তন মহিলা মন্ত্রীর বক্তৃতা মনোযোগ সহকারে শুনেছি। প্রথম কথা হচ্ছে শ্রীমতী আভা মাইতি তিনি এখানে নেই, বক্তৃতা দিয়ে চলে গেছেন—এটাই হয়ে থাকে যাহোক শ্রীমতী পূরবী মুখোপাধ্যায় আছেন, তিনি বলেছেন আমরা এটা জানতাম এটা হবে, অর্থাৎ এই সমস্ত আরগুমেন্ট অ্যাড হোমিনেম, অর্থাৎ আমি যেটা বলছি এটাই হল ঠিক, এর জন্য কোন রিজিন দেবার দরকার নেই। ইট ইজ আনট্রুথ আন-ডিসটিলড। দ্বিতীয় কথা বলেছেন পুরুলিয়ায় দিনের পর দিন লোক না খেতে পেয়ে মারা যাচ্ছে। পুরুলিয়ায় এই জুন মাসে পাঁচ হাজার ৩০০ টন গম এবং মাইলো দেওয়া হয়েছে। আমাদের ১,৭৫০ গ্রাম করে যে এডাল্টরা এবং অল্পবয়স্ক যাদের তাদের দেওয়া হয় ৯০০ করে রেশানে। পুরুলিয়াও ঐ পরিমাণ গম এবং মাইলো জুন মাস থেকে দেওয়া হচ্ছে। পুরুলিয়ায় ছয় লক্ষ টন দেওয়া হয়েছে। এই ছয় লক্ষ টন হলে ১০ লক্ষ লোকের কলকাতায় যে রেশান দেওয়া হয় ১,৭৫০ গ্রাম করে সেই ১,৭৫০ গ্রাম করে এত লোককে দেওয়া যাবে। চাল দিতে পারিনি। এই কথা ঠিক যে পুরুলিয়ায় কিছু চাল হয়েছিল। সে চাল কি কর্পূরের মত উবে গেল। অর্থাৎ যে বলা হচ্ছে দিনের পর দিন লোক না খেতে পেয়ে মারা যাচ্ছে এটা ভুল। মালদহ সম্বন্ধে একজন বলেছেন। মালদহ, পুরুলিয়া এবং বাঁকুড়ার মধ্যে বাঁকুড়াতে জুলাই মাসে পাঁচ হাজার টন বরাদ্দ করা হয়েছে। মালদহে পাঁচ হাজার টন বরাদ্দ করা হয়েছে জুলাই মাসে। এমন কি প্রয়োজন হলে কলকাতার বেকারী ইত্যাদি থেকে কেটে পুরুলিয়া বাঁকুড়া ও মালদহে দিতে বলেছি যাতে সেখানকার লোকেরা অন্ততঃ খেয়ে থাকতে পারে। তবে অব্যবস্থার জন্য হয়ত হতে পারে। আর একটি কথা আপনাদের বলছি। অনেক সময় বলা হয় যে, ডায়েড ডিউ টু ম্যালনিউট্রিসান। ঠিক কথা। আমরা রেশনে ১,৭৫০ গ্রামের ভিতরে হাজার গ্রাম গম সপ্তাহে দিই। তাহলে ডিউ টু ম্যাল-নিউট্রিশন মারা যেতে পারে, যারা সায়েন্স জানে তারা এটা বুঝতে পারছেন। তাদের দুধ-ঘি, নানারকম ফলমূল ইত্যাদি দরকার। কোন গভর্নমেন্টের পক্ষে এটা দেওয়া সম্ভব বলে মনে করি না। সে অসম্ভব। কাজেই ১,৭৫০ গ্রাম দিলে পরেও ডায়েড ডিউ টু ম্যালনিউট্রিশান হতে পারে, আমি অস্বীকার করি না। কিন্তু যেভাবে চিত্র এঁকেছেন যে দিনের পর দিন মারা যাচ্ছে এটা ভুল কথা—এটা ঠিক নয়। আমি বহুদিন আগে একবার ব্রিটিশ মেডিকাল জার্নাল পড়েছিলাম তাতে এক অবস্থাপন্ন বৃদ্ধ লেডি তাঁর ডাক্তারকে জিজ্ঞাসা করছেন যে ওয়েল ডক্টর হাউ লং শাল আই লিভ? ডাক্তার ভাবছেন বুড়ি হয়ে গেছে, আর কতদিন বাঁচবে, না হয় ১০

বছর বাঁচবে। তখন ডাক্তার বললেন টেন ইয়ার্স মোর। নয় বছর যখন পার হয়ে গেল তখন বুড়ি অবস্থাপন্ন—সে উইল করতে দিল। তার উইল হবার পর তাকে সবাই জিজ্ঞাসা করল হোয়াট ইজ দি ম্যাটার উইথ ইউ? সে বলল, ডক্টর সেড এ লিমিট টু মাই এজ, আদারওয়াইজ আই কুড লিভ ২০ ইয়ার্স মোর। আমার শ্রীমতী পূরবী দেবীও সেরকম ডাক্তার, আদারওয়াইজ আমি বলেছি দেশে খাদ্যসংকট আছে। আমরা উৎপাদন করেছি ৪৫ লক্ষ টন চাল। সরকারী হিসাবে তার মধ্যে ভুলভ্রান্তি থাকতে পারে না এমন কথা আমি বলছি না। আমাদের দরকার ৬০ লক্ষ টন। অর্থাৎ আরও ১৫ লক্ষ টন আমাদের চাই। ভারত সরকারের কাছ থেকে আমরা ১৫ লক্ষ টন চেয়েছি এবং এ বিষয়ে একবার নয়, বহুবার আমি ও মুখ্যমন্ত্রী দেখা করেছি। প্রধানমন্ত্রী, খাদ্যমন্ত্রী বলেছেন যে তাঁরা দিতে পারবেন না। তাঁরা দিতে পারবেন না বলে আমি তার ভেতর কোন অভিসন্ধি আরোপ করছি না। তবে দিতে পারবেন না এটা সত্য কথা। পনের লক্ষ টনের মধ্যে গত ছয় মাসে পাঁচ লক্ষ টনের কাছাকাছি অন্তত ৪·৯৯ আমি ধরে নিয়েছিলাম। পাঁচ লক্ষ টন দিয়েছেন। এই জুলাই, অগাস্ট, সেপ্টেম্বর মাস খুব দুর্দিন। কাজেই এই তিন মাসের জন্য বিশেষ করে আমি আরও অধিক পরিমাণে খাদ্য চেয়েছি। কিন্তু আমি যতটা চেয়েছি সে পরিমাণে পাচ্ছিনা। কিন্তু না পেলে কি করতে হবে, না সকলকে দুঃখ কষ্ট ভোগ করতে হবে। কিন্তু যারা উদ্বৃত্ত জেলার লোক আজকে সেখান থেকেও টেলিগ্রাম আসছে। আমি দেখেছি বর্ধমান জেলা থেকেও দিনের পর দিন টেলিগ্রাম রিপ্রেজেনটেশান আসছে। বর্ধমান জেলা থেকে যদি রিজেপ্রেনটেশান আসে তাহলে আমি বলব কি অবস্থা হল? বর্ধমান জেলার দামোদর ক্যানেলের জলের আজ প্যাকেজ প্রোগ্রাম কি হল? বর্ধমান ঐ সত্ত্বেও ক্ষীয়মান হয়ে গেছে। তারপর বীরভূম জেলায় এই অবস্থা হয়েছে, মেদিনীপুর জেলায় এই অবস্থা হয়েছে বলে অনবরত টেলিগ্রাম চিঠি আসছে। এত টেলিগ্রাম, এত পয়সা খরচ করে যাঁরা করছেন তাঁরা যদি সেটা রিলিফে জন্য খরচ করতেন তাহলে অনেক খানি কাজ হত। যাহোক আমি একথা বলছি আজ দেশের দুরবস্থা হচ্ছে এই যে উদ্বৃত্ত জেলা ঘাটতি জেলাকে দিতে চায় না, আবার উদ্বৃত্ত প্রদেশ ঘাটতি প্রদেশকে দিতে চায় না। ভারতবর্ষের উদ্বৃত্ত অঞ্চলগুলি তাদের উদ্বৃত্তের পরিমাণ কম করে দেখায়, আবার ঘাটতি এলাকাগুলি তাদের ঘাটতির পরিমাণ বৃদ্ধি করে দেখায় এটা আমি জানি। পশ্চিম দিনাজপুর জেলার বালুরঘাট অঞ্চল উদ্বৃত্ত, কিন্তু রায়গঞ্জে অভাব আছে। কিন্তু বালুরঘাট উদ্বৃত্ত অঞ্চল থেকে যাতে রায়গঞ্জে না যায় তার জন্য কোমর বেঁধে লেগে গেছে। কাজেই আমি বলছি যে, আমাদের কেন এই অবস্থা হয়েছে এটা ভাবতে হবে।

[6-35—6-45 p.m.]

ঐভাবে যদি ভারত সরকার আমাদের দিয়ে দেয় তাহলেও আমাদের ৪-৫ লক্ষ টন কম আছে। যদি ৬০ লক্ষ টনের মধ্যে ৪-৫ লক্ষ টন কম থাকে তাহলে শতকরা ৮ ভাগ কম খেতে হবে কাউকে। কিন্তু সবাই যদি কম খেতে রাজী না হই তাহলে দুঃখকষ্ট গরীবের ঘাড়ে বেশী করে পড়বে তা আমি জানি, আজও পড়তো, আজও গ্রামের যারা গরীব লোক তাদের সবচেয়ে বেশী করে পড়তো তা আমি জানি। এই জন্য আমাদের রিলিফ মন্ত্রীকে বলেছি এবং পুরুলিয়ায় যে অজন্মা হয়েছে এবং পুরুলিয়ায় যে খাদ্যশস্য আমি দিচ্ছি, এই খাদ্যশস্য কৃষকদের বেলায় শতকরা ৪০ ভাগ বিনা পয়সায় দিন যাতে তারা ঠিকভাবে চাষ করতে পারে; কারণ যদি চাষ না হয় তাহলে আগামীবার দুরবস্থা আরও বেশী হবে, সেই কথা অনুরোধ করেছি এবং তিনি তাতে রাজী আছেন। এইরকমভাবে দুঃখকষ্টের সময় সকলেই দুঃখকষ্ট করে ঠিক করতে হবে। আমাদের শ্রীব্যোমকেশ মজুমদার বলেছেন আসুন খাদ্যসমস্যার মধ্যে সকলে রাজনীতিকে বাদ দিয়ে যাতে এই বাংলার চরম দুর্দিনে আমরা একত্র হতে পারি। এইরকম আবেদন আমি চিরকালই করেছি। প্রথম দিকেই করেছি কিন্তু আজ কেবলই বলতে চেষ্টা করছি যে ইউ আর দি ভিলিয়ান অফ দি পিস। এই যে জিনিস এটা অত্যন্ত ভাল মনোবৃত্তির লক্ষণ নয় এই কথা আমি নিসংকোচিত্তে বলতে পারি। তারপর একের পর এক বলছি যে কেন লেভি উঠালাম, কেন কর্ডন উঠালাম। আমি বলতাম না, আপনারা বলালেন বিশ বছর শাসনের ফল কি এই হয়েছে, মানুষের মধ্যে সৎ বুদ্ধি কি লোপ পেয়েছে। জবরদস্তি কি না করলে হবে না, তা যদি হয়, জবরদস্তি যদি রাজত্ব চালাতে চান

Either it will be a police State or a military State or your democracy will go.

এবং তাই কি আপনারা চান? এবং আমরা আশা করি যাঁরা সত্যকারের ডেমোক্রেসি চান তাঁরা চাইবেন না। আবার আপনারা এই কথা বলছেন। কেউ কেউ যে আপনাদের মধ্যে ও ওদিকের লোকের মধ্যেও এইরকম মনোবৃত্তির লোক আছে, যাঁরা বিরোধীতা করছে, হতে পারে, কিন্তু আপনাদের বলছি জীবনে যদি অনেক কথা ভুলতে না পারতাম তাহলে বহুপূর্বে মারা যেতাম, অনেক কথা ভুলতে পারি বলেই এখনও আনন্দ আছে। শ্রীঅপূর্বলাল মজুমদার শেষকালে বলেছেন একের পর এক বহু অর্ডার এসেছে এবং অসুবিধা হয়েছে লোকের, বিশেষ করে সাধারণ লোকের অসুবিধা হয়েছে আমি সেটা অস্বীকার করি না, কিন্তু সেই ত্রুটির জন্য আমি বলছি না যে আমি দায়ী নয়, অন্য কেউ দায়ী, এমন কথা আমি কোনদিন বলবো না, যখন ক্যাবিনেট-এ একত্র হয়ে হয়েছে তার পূর্ণ দায়িত্ব আমারও। যদি কম হতো ভাল হতো, হয়তো আমি বুঝি, কিন্তু সেই পূর্ণ দায়িত্ব আমারও। ১০ জন একত্রে মিলে কাজ করতে গেলে এইভাবে কাজ করতে হয়, এক জনের কথা সবসময় চলে না, এই হচ্ছে ডেমোক্রেসি, ডেমোক্রেসিতে ভুলও হয় এবং ডিকটেটরশিপেও ভুল হয় এবং মানুষ এমন কেউ নেই যার ভুল হয় না। আমি শ্রীকৃষ্ণকে ভারতবর্ষের শ্রেষ্ঠ মানুষ বলে মনে করি, তিনিও ভুল করেছেন বলে আমি মনে করি। রাজনীতিতে এই যুগে মহাত্মা গান্ধীকে শ্রেষ্ঠ বলে মনে করি, কিন্তু তিনিও ভুল করেছেন। ভুল করেন নি আমি মনে করি না এবং আমি এই কথা বলছি যে আমার বন্ধু জ্যোতিবাবু বসে আছেন, কার্ল মার্কস-এর কথা, তিনিও ভুল করেছেন, এই কথা আমি বলছি। সকল মানুষই ভুল করেন। তবে দশজন লোক একত্রে থাকতে গেলে ভুলেরও সমষ্টি হয় ভালরও সমষ্টি হয় এবং সেই ভাল গুণটা গ্রহণ করুন, আর ভুলটিকে বাদ দিন। আমি এই কথা বলেছিলাম যখন আমাকে বলেছিলেন যে হ্যাঁ, আপনারা তো আলোচনা করতে পারেন না। আমি তখন আপনাদের চিফ হুইপ কমলকে বলেছিলাম সকলকে বলে দাও একটা লিমিট রেখে তাঁরা যদি সমালোচনা করতে চান তাতে আমার কোন আপত্তি নেই। কিন্তু এই যে ডেমোক্রেসিতে বিরোধী দলের ফাংশন, এই যাতে নাকি ঠিক ঠিক পথ আবিষ্কার করতে পারে সরকার।

সেই জন্য যুক্তি দেওয়া সাহায্য করা, বিরোধী দল বলেই অপোজ করা, গুড ব্যাড ইনডিফারেন্ট সবই কেবল অপোজ করতে চেষ্টা করবো—এটা বিরোধী দলের কাজ নয় এবং সরকারেরও কাজ নয়। সরকার অধিকাংশ সময় ক্ষমতা হাতে পেয়ে বা দীর্ঘদিন ক্ষমতা হাতে থাকলে অ্যারোগ্যান্ট হয়। আর বিরোধীদল যারা, তারা অধিকাংশ সময় দায়িত্বজ্ঞানহীন হয়, ইরেসপনসিবল হয়। আমি আশা করি এখানে তার ব্যতিক্রম দেখতে পাব।

আর একটা কথা বলছি এই ডাঃ স্যান্যাল কিছু কিছু কথা বলেছেন এই যে বাজেটে অনেক বিষয় আছে এর মধ্যে তা আনলেও হতো। কিন্তু আমি দেখছি সেই সমস্ত বিষয় তাঁরা একটি কথাও বলেন নাই। তাতে বোঝা গেল সে সবই পাস, কেউ একটি কথাও বলেন নাই, বিরোধীতাও করেন নাই।

আমি আমার অফিসারদের ডেকে বলেছিলাম ব্রীক্ বোর্ডের কথা। আমাদের এখানে ইট ১০০ টাকা, ১১০ টাকা হাজার, আর দিল্লীতে ৬০ টাকা হাজার, এটা কেন হয়, আমাকে আপনারা এক্সপ্লেন করুন এ কথাটা কেউ ওঠান নাই ভাল কথা। আপনারা কলকাতা শহরে ধনী লোক ৪০ হাজার কাঠা জমি কিনবেন আর ১১০ টাকার জায়গায় ১২০ টাকা হাজার ইট কিনবেন এবং বড় বড় বাড়ি তৈরী করবেন, অতএব এই সমস্ত ব্রীক করার দরকার হয়ে পড়েছে। তাই বলছি অনেকে বলেছেন খাদ্যদ্রব্যের দাম বেশী হয়েছে। সে কি শুধু পশ্চিমবাংলায়? শুধু খাদ্যদ্রব্য কেন, বহু জিনিসের দাম আজ সারা ভারতবর্ষে বেড়ে গিয়েছে এবং এই জিনিস কমাতে হলে একটা প্রাদেশিক সরকার পারে না, এ জিনিস পারে কেন্দ্রীয় সরকার প্রাদেশিক সরকারের সংগে পরামর্শ করে, আলোচনা করে। তবে আমি এই সম্পর্কে একটা কথা পূর্বেও দুবার বলেছি আপনাদের, তাহলো এই—ইউ ডিমোনিটাইজ দি হোল কারেন্সি অ্যাট ওয়ানস। আর

তারপরে পনেরশ টাকার বেশী কারো মাসে আয় হবে না—তিনি ভারতের প্রধানমন্ত্রীই হোন, জি ডি বিড়লাই হোন, বা জে আর ডি টাটাই হোন। আমাকে একদিন সুপ্রীম কোর্টের চীফ জাস্টিস মহাজন বলেছিলেন 'দেখো, তোমাদের কলকাতার ব্যারিস্টার এখানে ব্রীফ নিতে আসে পাঁচ হাজার টাকা দৈনিক ফি-তে। এ জিনিস বন্ধ করা উচিত। আমাদের এই যদি অবস্থা হয় এবং আমাদের দেশে যদি এই রকম হতে থাকে—একদিকে প্রচুর ধনসম্পদ, আর একদিকে অপরিসীম দারিদ্র্য, এই যদি দূর করতে না পারেন, এই জিনিসের দাম আপনি কমাতে পারবেন না। আমাদের উৎপাদন বাড়াতে হবে। এ জিনিস নাহলে কিছুতে এটা হবে না। আমি বার বার বলেছি এই বৎসর যদি এক কোটি টন গম পেতে পারি, দশ মিলিয়ন টন গম-মাইলো পেতে পারি, আট মিলিয়ন টন পাওয়া ঠিক, আর দুই মিলিয়ন টন পেতেও পারি, নাও পেতে পারি। তবে আশা করি দশ মিলিয়ন টন পাবো, তাতে বাংলা দেশের অভাব যা আছে, ঠিকমত মেটাতে পারবো। কিন্তু আগামী বৎসর এই আশা কেউ করবেন না এবং যে-ই আমাদের খাদ্য মন্ত্রী হন, আমি না হয়ে যদি শ্রীমতী পূরবী মুখার্জী খাদ্যমন্ত্রী হন, তাহলেও দেওয়ার সাধ্য থাকবে না। আমি এই কথা বলছি আপনাদের। কাজেই এই সমস্ত অবাস্তব কথা বলে লাভ নাই। তাই আমি বলছি খাদ্যকে রাজনীতি থেকে দূরে বের করে দিন। খাদ্যকে রাজনীতি থেকে দূরে বের করে দিয়ে আসুন আমরা সকলে মিলে—কি এদিক—কি ওদিক—সকলে মিলে খাদ্য সমস্যার সমাধান করি, যাতে দেশ খাদ্যে স্বাবলম্বী হয়ে উঠতে পারে। আমাদের এই দেশকে খাদ্যে স্বাবলম্বী করে তোলা যায় যদি আজ আমরা নিজেদের হাতে কিছু কাজ করতে প্রস্তুত হই। এবিষয়ে যদি আপনারা উপদেশ দেন, তাহলে আমরা সব সময় আপনাদের উপদেশ নিতে রাজী আছি। এমন কোন কিছু নাই—কংগ্রেসের তরফ থেকে হোক বা যে কোনদিক থেকে হোক—কেউ আমার কাছে গেলে তার কোন কথা শুনিনি—একথা কেউ বলতে পারবেন না। তবে যা বলবেন, তাই গ্রহণ করতে হবে এমন কথা আমি বলতে পারবো না। কাজেই আশা করি আপনারা আমরা সকলে মিলে এই সংকটের সময় বিশেষ করে জুলাই-অগাস্ট-সেপ্টেম্বর-অক্টোবরের খানিকটা—এই চার মাস খুব সংকটময় সময়। স্কেয়ার্স সৃষ্টি করবার জন্য অমুক হয়েছে, তমুক হয়েছে, লোক মারা যাচ্ছে ইত্যাদি কারো বলা উচিত নয়। অবশ্য শ্রীমতী আভা মাইতি খবরের কাগজ থেকে একের পর এক উদাহরণ দিতে আরম্ভ করলেন। কিন্তু তিনি খবরের কাগজে যা ছাপা হয় তা যে সব সময় অভ্রান্ত সত্য নয়, তা ভুলে গেলেন। সে জ্ঞান তাঁর থাকা উচিত। তা যদি অভ্রান্ত সত্য হতো তাহলে শ্রীমতী আভা মাইতি সম্বন্ধে যা খবরের কাগজে ছাপা হয়েছে তাতে তিনি কোথায় যে ভেসে চলে যেতেন আমি জানি না। কাজেই সে জিনিস নয়। আমি নিজে জানি একদিন খবরের কাগজে লিখেছে আমার এক বন্ধু মারা গেছেন। তাঁর সম্বন্ধে কাগজে লিখে দিয়েছে, আমি তাঁর নাম বলতে চাই না—হি ওয়াজ এ ব্যাচেলার, অথচ তাঁর বিয়েতে আমাকে নিমন্ত্রণ করেছিল, আমি যেতে পারি নাই। তারপর একদিন বিয়ের পরে স্বামী-স্ত্রী এসে আমাকে নিমন্ত্রণ করে নিয়ে রান্না করে খাওয়ালেন। অথচ খবরের কাগজে লিখে দিয়েছে হি ওয়াজ এ ব্যাচেলার। অনেক সময় খবরের কাগজে এরকম বের হয় এবং খবরের কাগজে বের হলে পরে আমার মতে নিয়ম হচ্ছে সেটা যাচাই করে দেখা। সেটাকে অভ্রান্ত সত্য বলে না ধরে কি হয়েছে না হয়েছে তা ঠিক ঠিক দেখা উচিত। আমি শুধু এই কথা বলবো।

তারপর কেউ কেউ বলেছেন মেদিনীপুর জেলায় হাহাকার উঠেছে গ্রামে গ্রামে। মেদিনীপুর জেলা হচ্ছে উদ্বৃত্ত জেলা, সেখানে যদি হাহাকার হয়, তাহলে বুঝতে হবে এ হাহাকার বিভিন্ন কারণে এটা কোন সাধারণ হাহাকার নয়, এ ভিন্ন রকমের হাহাকার। অতএব আশা করি এই সমস্ত অতিরঞ্জিত ব্যাপার না করে দেশের মঙ্গলের জন্য কিছু করুন। আমি জানি চালের দাম বেড়ে গিয়েছে এবং চালের দাম বাড়ার জন্য আমি একথা বলেছি যে অ্যান্টি-সোস্যাল এলিমেন্ট যারা, এই সমস্ত কাজ করছে যা কাজ করতে সাহায্য করছে তাদের আমরা আনসোস্যাল এলিমেন্ট বলে মনে করি—তিনি জোতদার হোন, তিনি ব্যবসাদার হোন, তিনি রাজনীতিবিদ হোন, তিনি সরকারী কর্মচারী হোন—যে-ই হোন—তিনি আনসোস্যাল এলিমেন্ট, দেশদ্রোহী—এই কথা আমি মুক্তকণ্ঠে বলবো।

[6-45—6-55 p.m.]

তারপর কেউ কেউ অভিযোগ করেছেন পি ডি অ্যাক্ট অন্যায়ভাবে প্রয়োগ হয়েছে। তবে আমি এমন কথা বলতে পারবো না যে তা হয় নাই। তবে পি ডি অ্যাক্ট কোথায় কোথায় অ্যাপ্লাই করতে হবে সে সম্বন্ধে আমরা নিয়ম করে দিয়েছি। এ ব্যাপার সমস্ত চিফ মিনিস্টার দস্তখত কিন্তু আমার কাছে যদি কেউ কোন কেস দেন, যে এখানে এইরকম অন্যায়ভাবে হয়েছে, তাহলে তিনি ঠিক করেন। অতএব ভুলও হতে পারে, সরকারী কর্মচারীরাও ভুল করতে পারে এবং ভুল কেন এমন কি নিজের ব্যক্তিগত আক্রোশবশতঃও হতে পারে তা আমি অস্বীকার করি না। কিন্তু আমার কাছে যদি কেউ কোন কেস দেন, যে এখানে এইরকম অন্যায়ভাবে হয়েছে, তাহলে সেটা আমি মুখ্যমন্ত্রীর কাছে দিতে পারি যে অন্যায়ভাবে হয়েছে—এটা আপনি একটু দেখুন। একথা আমি তাঁকে বলতে পারি।

তারপর শেষ একটি কথা বলছি, পুরুলিয়া সম্পর্কে অনেক কথা বলা হয়েছে। শ্রীমতী পূরবী মুখার্জীর কাছে বলতে চাই কংগ্রেসদলের লীডার, খগেন দাশগুপ্ত, সেক্রেটারী প্রতাপ-চন্দ্র চন্দ্র—আমি তাঁদের সঙ্গে পুরুলিয়ায়—বা আমার সঙ্গে হন—আমার কোন আপত্তি নাই—পুরুলিয়া যেতে রাজী আছি। সেখানে কি হচ্ছে কি না হচ্ছে তা দেখতে, দিনের পর দিন কারা মারা যাচ্ছে সেখানে তা দেখতেও রাজী আছি। আমার কোন ভয় নাই এ বিষয়ে।

তারপর অন্যান্য ব্যাপারেও আমার কাছে অনেক চিঠি এসেছে। কোন কোন জায়গায় বি ডি ও-রা প্রো-কংগ্রেস, কোন কোন জায়গায় অ্যান্টি-কংগ্রেস লোকের বাড়ির উপর জুলুম করছে। আবার কোন কোন জায়গায় এমনকি যুক্তফ্রন্ট সরকারের সমর্থক বি ডি ও যারা তাঁরা কংগ্রেস লোকের উপর জবরদস্তি করছে, জুলুম করছে। এ খবর আমার কাছে এসেছে, কিন্তু আমি সেসব তদন্ত না করে আপনারা বললেই তো আর আমি সেই বি ডি ও-কে অন্য জায়গায় ট্রান্সফার করতে পারি না। কনডেমড আনহার্ড আমি কখনো পছন্দ করি না। যেসব জায়গা আমার কাছে আছে সেইসব জায়গায় আমি তদন্ত করতে দিই। অবশ্য তদন্ত করতে তিনি ভুল করতে পারেন, অন্যায় করতে পারেন, আমি এমন কোন কথা বলবো না যে তিনি তদন্ত করলে অন্যায় হবে না, ভুল হবে না। কাজেই আমি আশা করি এইসব ব্যাপারে আমরা যেন উত্তাপ সৃষ্টি না করি, আমরা যথাসম্ভব কি করলে বর্তমানে এই দুরবস্থাকে কতক পরিমাণে দূর করতে পারা যায় তার চেষ্টা করতে পারি। কেউ কেউ বললেন যে দাম বেঁধে দিলেই ঠিক হয়ে যাবে, দাম কমবে। কিন্তু সেই দাম সরকার বেঁধে দিয়েছেন, তবুও ঠিক হয় নি। আমরা যখন এলাম, আমি একথা বলছি, তখন প্রকিওরমেণ্ট খুব সামানাই হয়েছিল। জানুয়ারি, ফেব্রুয়ারি মাসে ৪২ হাজার টন প্রকিওরমেণ্ট হয়েছে আর কলকাতার খোলা বাজারে গড়িয়াহাট মার্কেট খোলা বাজারে চাল বিক্রি হত, বাসস্ট্যান্ড ফুটপাথের উপর চাল বিক্রি হত, তারই উত্তরাধিকারী আমরা, সেই অবস্থায় আমরা এসেছি। আমরা তখন কলকাতার যারা প্রিভিলেজড ক্লাস তাদের সম্বন্ধে তখন তাড়াতাড়ি সব ব্যবস্থা করতে পারিনি। আমি স্বীকার করি যে একটু ভুল হয়েছে, তখনই কলকাতাকে স্ট্রিকটলি কর্ডন করা উচিত ছিল। কিন্তু আমাদের ক্যাবিনেট সেটা যুক্তিযুক্ত মনে করে, পরে আমরা সেটা করেছি। ভুল যে আমরা করবো না তা আমি বলি না। গভর্নমেন্ট যে হবে সে কিছু না কিছু ভুল করবে কিন্তু ভুল স্বীকার করার যার সাহস আছে সে ভুলকে সংশোধন করতে পারে। আসুন আমরা একত্রে মিলে সেই ভুল সংশোধন করে এই সঙ্কটময় সময়ে খাদ্য নেই, খাদ্য নেই বলে চিৎকার করে আমরা যেন অন্ততপক্ষে লোকের অসুবিধা সৃষ্টি না করি। আমি বিরোধীপক্ষের সকলকেই বলছি তাঁদের কাউকে আমি শত্রু বলে মনে করি না। ব্যক্তিগত শত্রুতা কারো সঙ্গে আমার নেই, আসুন আপনারা, আমরা একত্রিত হয়ে যাতে ১৫ লক্ষ টন কেন্দ্র থেকে পুরাপুরি পেতে পারি তার চেষ্টা করি। আমি এমন কোন কথা বলবো না যে কেন্দ্র ইচ্ছা করে আমাদের কম দিচ্ছে কিন্তু আমার তো পাওয়া দরকার, সেটুকু তো বলবো। আসুন আমরা সকলে মিলে এই কথা বলি যে, ১৫ লক্ষ টন না হলে দেশের দুরবস্থা হবে, গরীব লোকের অশেষ দুর্গতি হবে। তারপরে ডাঃ সান্যাল আউস প্রকিওরমেণ্ট-এর কথা কিছু কিছু বলেছেন। কিন্তু প্রকিওরমেণ্টের কথা বলতে গিয়ে নদীয়া জেলা থেকে বললেন এক হাজার টন প্রকিওর হবে তাও বললেন কি এক হাজার টন প্রকিওরমেণ্ট হবে বটে কিন্তু এক ছটাকও নিয়ে আসতে পারবেন না।

এই যদি প্রকিওরমেন্টের অবস্থা হয় তাহলে তার জন্য কি লেভি কর, কর্ডন কর, ইজ ইট ওয়ার্থ-হোয়াইল? আমি তাই আপনাদের বলছি প্রকিওরমেন্ট করার আমি পক্ষপাতি কেন না আমি যদি প্রকিওরমেন্ট করি তখনই আপনারা বলবেন যে প্রকিওরমেন্ট করে আপনারা পেলেন না, আর প্রকিওরমেন্ট যদি না করি তাহলে আপনারা বলবেন চেষ্টাই করলেন না। যাই হোক আমি এই কথা বলছি যে, যে অবস্থায় আমরা পড়েছি বিশ বছরের ফলে, আমার ইচ্ছা ছিল না এর কথা বলার যার ফলে খাদ্য উৎপাদন কম হয়েছে এবং বাইরে থেকেও খাদ্য পাওয়া যাচ্ছে না, এই অবস্থা হয়েছে বলে আমাদের খাদ্যের এই দুর্গতি হয়েছে। আসুন অতীতকে বেশী বার বার ঘাঁটিয়ে কোন লাভ নেই,

Let us rectify the mistake together and make West Bengal happy and prosperous.

সেই হ্যাপি এবং প্রসপারাস করুন। এইভাবে আমরা শুধু খাদ্য নয় কৃষিনীতিও গ্রহণ করার চেষ্টা করছি যাতে পশ্চিমবাংলা হ্যাপি এবং প্রসপারাস হয়। তবে আমরা এখানে যাঁরা আছি আমরা কেউ আনফেড নই বা আন্ডার-ফেডও নই,

We belong to the Herrenvolk of Hitler.

আমরা এখানে যারা আছি কি ডাইনে কি বাঁয়ে, আমরা কেউ কম খেয়ে নেই। সেজন্য আমি বলছি আসুন আমরা সকলে মিলে একত্রিত হয়ে চেষ্টা করি যাতে বাংলাকে সুখী এবং প্রসপারাস করতে পারি। তারপরে গভর্নমেন্ট যার হাতেই থাকুক, একজন না একজনের হাতে যাবেই, আজ আমাদের হাতে আছে, কালকে আপনাদের হাতে যেতে পারে, তিন দিন আগে তো আপনাদের হাতেই ছিল, এখন আমাদের হাতে এসেছে, আবার আপনাদের হাতে যেতে পারে কিন্তু এই অনুরোধ আপনাদের কাছে করছি আসুন আমরা সকলে একত্রিত হয়ে এই খাদ্যসমস্যার সমাধানের চেষ্টা করি। আপনাদের যত কাট মোসান আছে তা আপনারা অগ্রাহ্য করবেন এই অনুরোধই আমি আপনাদের কাছে করছি কাট মোসানে শ্রীপ্রমথনাথ ধীবর বলেছেন বক্তৃতায় যে কথা বলেন নি যে মিষ্টান্ন দোকানে পর্যাপ্ত পরিমাণে চিনি দেয়া যায়নি। মিষ্টান্ন দোকানে পর্যাপ্ত পরিমাণে চিনি দেয়া যাবে কি করে? গত বছর ২৮ হাজার টন চিনি ছিল এবারে ১৭ হাজার টন হয়েছে, কাজেই কমাতে হয়েছে। তবে আমি একটা কথা ভাবছি কলকাতা শহরে ২১০ গ্রাম চিনি দেয়া হয়, মফঃস্বল শহরে ১২৫ গ্রাম দেয়া হয়, আর গ্রামে দেয়া হয় ৫০ গ্রাম। এটা পরিবর্তন করে কলকাতাতে কমাতে হবে এই কথা আমি ভাবছি। আর একটা কথা বলেছেন কলকাতায় সব জিনিসের দাম কম, মফঃস্বলে বেশী। এজন্য আমি চেয়েছিলাম, আমি আপনাদের কাছে বলছি, কলকাতায় যারা ইনকাম ট্যাক্স দেয় তাদের জন্য চালের দাম এক, আর যারা ইনকাম ট্যাক্স দেয় না তাদের জন্য এবং গরীবদের জন্য চালের দাম এক। আমি ডিপার্টমেন্টকে এই সম্বন্ধে বলেছিলাম, ডিপার্টমেন্ট বললে চার লক্ষ ইনকাম ট্যাক্স হোল্ডার আছে, তাদের কার্ড অদলবদল করতে হবে, এই অল্প সময়ের মধ্যে তা করা যাবে না, আগামী সেপ্টেম্বর মাসের পরে নতুন করে যদি কলকাতাতে রেশন রাখতে হয় তাহলে সে কথা আমি বিবেচনা করছি, যারা সঙ্গতিসম্পন্ন লোক তাদের চালের দাম আমি বাড়িয়ে দেব। আমি হল্যান্ডে দেখেছি ধনী লোক এবং গরীব লোকের ছেলেরা একই স্কুলে পড়ে অথচ গরীবের ছেলেদের চেয়ে ধনী লোকের ছেলেদের মাইনে বেশী, বাবার ইনকামের উপর এডুকেশন ট্যাক্স কাটে। যার তিন হাজার টাকা আয় তার ছেলেকে টাকা দিতে হবে যার ইনকাম ৩০০ টাকা তাকে তত টাকা মাইনে দিতে হবে না যদিও একই স্কুলে তারা পড়ে। কিন্তু ছেলেরা জানে না কে কত টাকা মাইনে দিচ্ছে, তার বাবার ইনকাম থেকে এডুকেশন ট্যাক্স কেটে নেয়। আর সেখানে তো কেউ ইনকাম ট্যাক্স ফাঁকি দেয় না, সেই জিনিস তারা শেখেনি। কাজেই আমি বলছি যে আপনারা যদি ধনী-দরিদ্রের বৈষম্য দূর করতে পারেন তবেই এই দেশকে হ্যাপি এবং প্রসপারাস করতে পারবেন। ধনী-দরিদ্রের বৈষম্য যদি দূর করতে পারা যায় তাহলে কারো আয় একটা নির্দিষ্ট আয়ের কম হবে না, কারো আয় একটা নির্দিষ্ট আয়ের বেশী হবে না। আসুন আমরা সকলে মিলে এই জিনিস করি, এটা শুধু আমরা পারবো না, আপনারা যদি আমাদের সঙ্গে একমত হন তাহলে আমরা সকলে মিলে কেন্দ্রীয় সরকারের মোরারজী দেশাইকে জোর করে একথা বলতে পারি। আমি আশা করি আপনারা তাই করবেন। আসুন আমরা একত্রে মিলে এই পশ্চিমবঙ্গকে সুখী এবং সমৃদ্ধশালী করি যাতে সবাই খেতে পায়।

[6-55—7-7 p.m.]

শ্রীবিজয় সিং নাহার: স্যার, আমি একটা কথা জানতে চেয়েছিলাম, সেটা হচ্ছে এই যে পশ্চিম-বঙ্গ বলে একটা সরকারী কাগজ আছে, তাতে বেরিয়েছে যে না খেতে পেয়ে বাংলাদেশের ৩৬ জন লোক মারা গেছে। এ সম্বন্ধে একটু পরিষ্কার করে উনি বলুন।

ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুর্ভাগ্যক্রমে আমি কাগজটি দেখি নি। যেটা কাগজে বের হয়েছে আমি বলছি এ বিষয়ে খোঁজ করেন ত্রাণমন্ত্রী মহাশয়, ত্রাণমন্ত্রীর কাছে আমি এই খবরটি দেব—তিনি এটা খোঁজ করে দেখবেন, যদি সত্য হয় তাহলে সেটা খুব দুঃখের আমি এই কথা বলছি। তবে আমরা সকলে মিলে যাতে পশ্চিমবাংলাকে সুখী এবং সমৃদ্ধশালী করতে পারি সেই চেষ্টা করার জন্য আমি সকলের কাছে আবেদন করছি এবং আমি আবার বলছি আপনারা সকলেই কাট মোসানগুলি অগ্রাহ্য করুন এবং সকলেই নিঃসন্দিগ্ধচিত্তে বাজেট পাশ করে দিন।

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়: অন এ পয়েন্ট অফ ইনফর্মেসন স্যার, এখনই খাদ্যমন্ত্রীমহাশয় পুরুলিয়ায় এবং বাঁকুড়ায় অনাহারে মৃত্যু নিয়ে যে কথা বলেছেন তাতে আমি মনে করি তিনি হাউসকে বিভ্রান্ত করেছেন। সেজন্য একটি কাট মোসানের আমি দাবী করছি।

Mr. Speaker: I put all the cut motoins under Grant No. 50, except cut motion No. 2 on which division has been demanded, to vote.

Dr. Ranjit Chosh Chowdhury: That the demand be reduced to Re. 1 was then put and lost.

Shri Panchanan Sinha Ray: That the demand be reduced to Re. 1 was then put and lost.

Shri Joynarayan Sharma: That the demand be reduced to Re. 1 was then put and lost.

Shrimati Nurunnesa Sattar: That the demand be reduced to Re. 1 was then put and lost.

Shri Maharaja Bose: That the demand be reduced to Re. 1 was then put and lost.

Shri Arun Kumar Moitra: That the demand be reduced to Re. 1 was then put and lost.

Dr. Md. Fazle Hoque: That the demand be reduced to Re. 1 was then put and lost.

Shri Sachindra Mohan Nandy: That the demand be reduced to Re. 1 was then put and lost.

Shri S. M. Abdullah: That the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Pramath Nath Dhibar that the demand of Rs. 18,15,96,000 for expenditure under Grant No. 50, Major Head: 124—Capital Outlay on Schemes of Government Trading be reduced to Re. 1, was then put and a division taken with the following result:—

AYES—97

Abdul Gaffar, Shri Quazi
Abdul Latif, Shri
Abdullah, Shri S. M.
Abdus Sattar, Shri
Abul Baktar Atawal Ghani Khan Chaudhury, Shri
Azizur Rahaman, Shri
Bagchi, Shri Amalendu Kumar
Barman, Shri Prasenjit
Barman, Shri Syama Prasad
Bauri, Shri Nepal
Bauri, Shri Satish Chandra
Beri, Shri Dayaram
Bhattacharjee, Shri Golokesh
Bhattacharyya, Shri Sreepada
Bhuniya, Shri Nityananda
Bishayee, Shri Paramananda
Bose, Shri Maharaja
Brahmachari, Shri Bholanath
Chalak, Shri Kali Kinkar
Chattopadhyay, Shri Brindabon
Chaudhuri, Shri Narayan Chandra
Choudhury, Dr Sashi Bhusan
Das, Shri Ambika Charan
Das, Shri Hare Krishna
Das, Shri Makhan Lal
Das Gupta, Shri Khagendra Nath
Dhibar, Shri Pramathanath
Dolai, Shri Ranjan Kanta
Dutta, Shrimati Sudharani
Fazlur Rahaman, Shri S. M.
Ghatak, Shri Shibdas
Ghosh, Shri Nitaipada
Goswami, Shri Paresh Chandra
Haldar, Shri Nalini Kanta
Halder, Shri Adhar Chandra
Hemram, Shri Babulal
Jash, Shri Sristhidhar
Karam Hossain, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Kolay, Shri Jagannath
Kundu, Shri Rajnarayan
Lakra, Shri Denis
Mahato, Shri Ramkrishna
Maiti, Shrimati Abha
Maji, Shri Binode Behari
Mandal, Shri Bhudeb Chandra
Mandal, Shri Prabhakar
Md. Fazle Hoque, Shri
Misra, Shri Sourindra Mohan
Misra, Shri Trilokes
Mitra, Shrimati Biva

Mitra, Shri Dwijendranath
Mitra, Dr. Gopika Ranjan
Mitra, Shri Satyanarayan
Mohamaad Sayeed Mia, Shri
Mohammed Israil, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shri Girindra
Mondal, Shri Sudhir Kumar
Mukhapadhyay, Shrimati Purabi
Mukherjee, Shri Brajabilash
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukhopadhyay, Shri Pasupati
Murmu, Shri Boila
Murmu, Shri Dashukaran
Nag, Dr. Gopal Das
Nahar, Shri Bijoy Singh
Nandy, Shri Sachindra Mohan
Nuran Nabi, Shri T. A.
Paik, Shri Bimal
Pal, Shri Probhakar
Paul, Shri Sushil Kumar
Poddar, Shri Rajendra Kumar
Pradhan, Shri Trailokyanath
Pramanik, Shri Puranjoy
Prasad, Shri Shiromani
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shri Gonesh Prosad
Roy, Dr. Indrajit
Roy, Shri Jatindra Mohan
Roy, Shri Krishnadas
Roy, Shri Santosh Kumar
Saha, Shri Kanai (Bankura)
Sattar, Shrimati Nurunnesa
Sen Ishore, Shri Sankar
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsuddin Ahmed, Shri
Sharma, Shri Joynarayan
Shukla, Shri Krishna Kumar
Sinha, Shri Debendra Nath
Sinha, Shri Sripati
Singh Deo, Shri Shankar Narayan
Sinha Roy, Shri Panchanan
Topna, Shri Anotoni
Tudu, Shri Budhan Chandra

NOES—139

Abdul Bari, Shri Md.
Abdul Haque, Shri
Abdul Latif, Shri Md.
Abdul Quiyom Molla, Shri
Baksi, Shri Manoranjan
Bandopadhyay, Shri Amiya Bhusan
Bandopadhyay, Shri Khagendra Nath
Banerjee, Shri Subodh
Banerji, Shri Radhika Ranjan

Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Basu, Shri Mukul
Bazle Ahmad, Shri
Bera, Shri Sasabindu
Bhandari, Shri Netai
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharya, Shri Jyoti Bhusan
Bhattacharya, Shri Nani
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhowmik, Shri Kanai
Biswas, Shri Ajit Kumar
Bose, Shri Brindaban Behari
Chakraborty, Shri Kshudiram
Chakraborty, Shri Sadhan Kumar
Chatterjee, Shri Hara Prasad
Chatterjee, Shri Ram
Choudhury, Shri Subodh
Dakua, Shri Dinesh Chandra
Dal, Shrimati Nanda Rani
Das, Shri Deben
Das, Shri Debendra Nath
Das, Shri Jagadish Chandra
Das, Shri Mahatab Chand
Das, Shri Nikhil
Das, Dr. Sailendra Nath
Das, Shri Sudhir Chandra
Das Ghose, Shri Biswanath
Das Gupta, Shri Bibhuti Bhusan
Das Mahapatra, Shri Kamakshyanandan
Dhara, Shri Sushil Kumar
Elias Razi, Shri Md.
Franklin, Shri L. H.
Gayen, Shri Prasanta Kumar
Ghose, Shri Kamakshya Charan
Ghose, Shri Sambhu Charan
Ghosh, Shri Krishna Pada
Ghosh, Dr. Prafulla Chandra
Golam Mahiuddin, Shri
Golam Yazdani, Dr.
Guha, Shri Bikesh Chandra
Guha, Shri Kamal Kanti
Guha Neogi, Shri Anildhar
Gurung, Shri Nandalal
Haldar, Shri Hrishikesh
Halder, Shri Krishna Chandra
Hansda, Shri Jagatpati
Hazra, Shri Lalit
Hazra, Shri Monoranjan
Hicks, Shri Clifford
Jana, Shri Manindra Nath
Jaynal Abdin, Shri
Kar, Shri Dhananjoy
Karim Baksh, Dr. Mohammad
Konar, Shri Hare Krishna
Kundu, Shri Nishitha Nath
Lahiri, Shri Somnath

Mahato, Shri Amulya Ratan
Mahato, Shri Chittaranjan
Mahato, Shri Girish
Maity, Shri Baneswar
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Gobardhan
Majhi, Shri Kandru
Maji, Shri Guiram
Maji, Shri Panna Lal
Majumdar, Shri Amalesh Chandra
Majumdar, Shri Apurba Lal
Majumdar, Shri Dilip Kumar
Majumdar, Shri Harendra Nath
Majumder, Shri Jagannath
Mal, Shri Pagal Chandra
Malakar, Shri Ajoy
Mandal, Shri Kalipada
Mandal, Shri Rabin
Mitra, Shri Chandipada
Mitra, Shri Haridas
Mitra, Shrimati Ila
Mitra, Shri Sunil Kumar
Mondal, Shri Manindra Chandra
Mondal, Shri Tinkari
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Jayati Prasanna
Mukherjee, Shri Niranjan
Mukhopadhyay, Shri Ajoy Kumar
Mukhopadhyay, Shrimati Geeta
Murmu, Shri Nathaniel
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Sundar Kumar
Noney, Shri W. H.
Noronha, Shri Clifford
Nuhul Islam, Shri
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammed
Ojha, Shri Samarendra
Pahari, Shri Bibhuti
Pal, Shri Kanai
Panda, Shri Bhupal Chandra
Pramanick, Shri Gangadhar
Pramanik, Shri Radhikanath
Pramanik, Shri Rajani Kanta
Purkait, Shri Prabodh
Rai, Shri Deoprokash
Roy, Shri Amalendru Lal
Roy, Shri Haradhan
Roy, Shri Jagadananda
Roy, Dr. Narayan Chandra
Roy, Shri Phakir Chandra
Roy, Shri Provash Chandra
Roy, Barman, Shri Khiti Bhusan
Roy Hakim, Shri Bhabendra Nath
Roy Prodhan, Shri Amarendra Nath
Saha, Shri Kripasindhu
Salimuddin, Shri Md.
Samanta, Shri Gouranga

Sanyal, Shri Mani
Sanyal, Dr. Nalinaksha
Saren, Shri Bhabatosh
Sarkar, Shri Charu Mihir
Sarkar, Shri Nitaipada
Sarkar, Shri Sasthidas
Sen, Shri Jamini Ranjan
Sen, Shri Lakshmi Charan
Sen, Dr. Sadhan Kumar
Sen Gupta, Shri Niranjan
Sen Gupta, Shri Tarun Kumar
Shahedullah, Shri Syed
Shish Mahammad, Shri
Sinha, Dr. Radha Krishna
Tah, Shri Dasarathi

The Ayes being 97 and the Noes 139, the motion was lost.

The motion of Dr. Prafulla Chandra Ghosh that a sum of Rs. 18,15,96,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 50, Major Head: 124—Capital Outlay on Schemes of Government Trading, was then put and agreed to.

Mr. Speaker: I now put all the cut motions under Grant No. 17 to vote.

Shri Probhakar Pal: That the demand be reduced to Re. 1 was then put and lost.

Shri Puranjoy Pramanik: That the demand be reduced to Re. 1 was then put and lost.

Shri Narayan Chandra Choudhuri: That the demand be reduced to Re. 1 was then put and lost.

Dr. Ranjit Ghosh Chowdhury: That the demand be reduced to Re. 1 was then put and lost.

Dr. Gopika Ranjan Mitra: That the demand be reduced by Rs. 100 was then put and lost.

Shri Abdul Latif: That the demand be reduced by Rs. 100 was then put and lost.

Shri Puranjoy Pramanik: That the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Prafulla Chandra Ghosh that a sum of Rs. 2,45,79,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 17, Major Head: 26—Miscellaneous Departments—Excluding Fire Services was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 7-7 p.m. till 1 p.m. on Thursday, the **13th July, 1967, at the "Assembly House", Calcutta.**

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 13th July, 1967, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri BEJOY KUMAR BANERJEE) in the Chair, 18 Ministers and 237 Members.

STARRED QUESTIONS
(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Facilities of medical treatment for cancer patients

***145.** (Admitted question No. *7.)

ডাঃ নারায়ণচন্দ্র রায়ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ক্যান্সার রোগীদের চিকিৎসার জন্য সরকারীভাবে কি কি সাহায্যের বন্দোবস্ত আছে;

(খ) ক্যান্সার রোগীদের জন্য মোট 'বেড' সংখ্যা কত; এবং

(গ) যে সকল ক্যান্সার রোগী হাসপাতালে বেড পান না তাদের চিকিৎসার জন্য কি কি বন্দোবস্ত আছে; এবং

(ঘ) কোথায় কোথায় কয়টি "কোবাল্ট" মেসিন আছে।

শ্রীননী ভট্টাচার্যঃ (ক) দুইটি সরকারী হাসপাতালে বহির্বিভাগীয় ও অন্তর্বিভাগীয়, একটি সরকারী হাসপাতালে শুধু বহির্বিভাগীয় ও একটি সরকারী হাসপাতালে শুধু অন্তর্বিভাগীয় চিকিৎসার ব্যবস্থা আছে। ক্যান্সার রোগীদের অন্তর্বিভাগীয় চিকিৎসার জন্য দুইটি বেসরকারী হাসপাতালে ৬০টি শয্যা সংরক্ষিত আছে।

(খ) ২২০টি—সরকারী হাসপাতালে ৩৪টি, বেসরকারী হাসপাতালে ১৮৬টি, মোট ২২০টি।

(গ) বহির্বিভাগে ওই সব চিকিৎসার উপযুক্ত বন্দোবস্ত আছে।

(ঘ) দুইটি "কোবাল্ট" মেসিন আছে একটি মেডিকেল কলেজ হাসপাতালে ও অন্যটি চিত্তরঞ্জন ক্যান্সার হাসপাতালে।

ডাঃ নারায়নচন্দ্র রায়ঃ মাননীয় স্বাস্থ্যমন্ত্রিমহাশয় বলবেন কি এই যে বলিলেন ক্যান্সার বেড ৬০টা এবং টোটাল ২২০টা এটা সমস্তই সরকারী বেড কিনা না চিত্তরঞ্জন ক্যান্সার হাসপাতালে আলাদা বেড আছে। আমি টোটাল বেড-এর কথা জিজ্ঞাসা করছি।

শ্রীননী ভট্টাচার্যঃ আমার উত্তরেই সেই কথা বলেছি স্টেট-এর হাসপাতালে যা বেড এবং বেসরকারী হাসপাতালে সব মিলে ২২০টা আছে।

ডাঃ নারানচন্দ্র রায়ঃ যে সমস্ত রোগী ক্যান্সার হাসপাতালে বেড পায় না তাদের চিকিৎসার বন্দোবস্তর জন্য রে-থিরাপি ফ্রি বেডের দরখাস্ত করলে সেটা সরকারের অনুমোদন করতে হয় না হাসপাতাল বন্দোবস্ত করতে পারে?

শ্রীননী ভট্টাচার্যঃ হ্যাঁ, দেওয়া হয়, আরো দুটো কোবাল্ট মেসিন আছে। এটা যদি ফুল ইউটিলাইজেশন হয় তাহলে ১৫০ জনের চিকিৎসা করা হয় কিন্তু আমরা দেখছি হাসপাতালে অ্যাভারেজ ১০০ জন করে চিকিৎসা করছেন। আরও ৫০ জনের চিকিৎসা হতে পারে।

ডাঃ নারায়নচন্দ্র রায়ঃ এই যে মেডিকেল কলেজ-এ কোবাল্ট মেসিন আনবার পর মেসিন যা আছে সেগুলি সরকার অন্য জায়গায় সরকারী বা বেসরকারী বা কেন্দ্রীয় সরকারের কোন স্পনসর্ড হাসপাতালে পাঠালে ডিসেন্ট্রালাইজেশন অফ ক্যান্সার ট্রিটমেন্ট দূর হতে পারে এরূপ পরিকল্পনা আছে কিনা?

শ্রীননী ভট্টাচার্যঃ সেগুলি কোন্ হাসপাতালে পাঠান হবে সেটা ভাবা হচ্ছে, আমরা এখনও স্থির করে উঠতে পারি নি। সরকারী হাসপাতালে পাঠাব না বেসরকারী হাসপাতালে পাঠাব সেটা এখনও সিদ্ধান্ত করি নি। প্রসংগতঃ এটা বলছি রূপলাল নন্দী ক্যান্সার মেমোরিয়াল হাসপাতাল যেটা চন্দননগরে আছে তাদের পক্ষ থেকেও মেসিন চাওয়া হয়েছে, আমরা সব ব্যাপারটাই বিবেচনা করবো।

শ্রীনিতাইপদ সরকারঃ মন্ত্রিমহাশয় বেডের সংখ্যা উল্লেখ করলেন তিনি জানেন কি কতক-গুলি ফ্রি বেড এবং কতকগুলি পেয়িং বেড আছে?

শ্রীননী ভট্টাচার্যঃ সরকারের যে সমস্ত বেড আছে সেগুলি সব ফ্রি বেড এবং সরকারের বাইরে বেসরকারী যে সমস্ত শয্যা আছে তার কথা বলতে পারবো না।

ডাঃ আবু আসাদ মোহম্মদ ওবাইদুল গনিঃ কলকাতার বাহিরে ডিস্ট্রিক্টএর কোন কোন হাসপাতালে এই ক্যান্সারের চিকিৎসা আছে কি না?

শ্রীননী ভট্টাচার্যঃ কলকাতার বাহিরে অন্য কোন হাসপাতাল নেই কেবল রূপলাল নন্দী মেমোরিয়াল রিসার্চ সেন্টার, চন্দননগরে যেটা হচ্ছে সেখানে কেমোথিরাপি চিকিৎসা হচ্ছে।

ডাঃ আবু আসাদ মোহম্মদ ওবাইদুল গনিঃ ডিপ থেরাপি দেবার অন্য কোন জায়গায় আছে কি না?

শ্রীননী ভট্টাচার্যঃ কলকাতার বাহিরে নেই।

শ্রীকানাই পালঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি যে সরকারী ফ্রি বেড ক্যান্সার হাসপাতালে যে আছে সেখানকার চিকিৎসাক্ষেত্রে যে প্রচুর ঔষধ রোগীদের কিনে দিতে হয়। অধিকাংশক্ষেত্রে তা কেনা সম্ভব হচ্ছে না এই কথা কি মন্ত্রিমহাশয় জানেন?

শ্রীননী ভট্টাচার্যঃ হ্যাঁ, জানি।

শ্রীবিনোদবিহারী মাঝিঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে কলকাতার বাইরে আর কোন জেলায় ক্যান্সার হাসপাতাল করার পরিকল্পনা আছে কি না বা এই ব্যাপারে যারা গ্রাম থেকে আসবে তাদের জন্য কোন প্রেফারেন্স দেবেন কি না?

শ্রীননী ভট্টাচার্যঃ প্রেফারেন্স এখনও পর্যন্ত নেই, বোর্ড-এ কেস এলে তারা সেই মত ব্যবস্থা করেন।

ডাঃ রাধাকৃষ্ণ সিনহাঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে সমস্ত পল্লী গ্রামের রোগীরা ক্যান্সার চিৎিসার জন্য কলকাতায় আসে তাদের জন্য বিশেষ কোন ব্যবস্থা প্রেফারেন্স গ্রহণ করা হয় কি না? বা তাদের বেডের জন্য ইয়ারমার্ক করা হবে কি?

শ্রীননী ভট্টাচার্যঃ প্রেফারেন্স ব্যবস্থা নেই। ক্যান্সার হাসপাতালে একটি বোর্ড আছে সেই বোর্ড মারফত এই কেসগুলি পরিক্ষীত হয়, পরিক্ষীত হয়ে যদি তারা জরুরী মনে করেন তখন তারা শয্যা করে দেবার ব্যবস্থা করেন।

ডাঃ রাধাকৃষ্ণ সিনহাঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে ক্যান্সার রোগগ্রস্ত পাড়াগাঁয়ের লোক তাদের চিকিৎসার জন্য কলকাতায় ২।১ দিন এলে হয় না সেজন্য পাড়াগাঁয়ের লোকেদের জন্য কিছু ইয়ারমার্ক করে রাখা যায় কি না? কারণ তা যদি রাখেন তা হলে তাদের চিকিৎসার ব্যবস্থা হতে পারে। সুতরাং এটা তিনি চিন্তা করবেন কি না?

শ্রীননী ভট্টাচার্য: আমরা এটা লক্ষ্য করেছি যে পাড়াগাঁ থেকে নানান অসুখের রোগী আসে। বিশেষ করে ক্যান্সার রোগে আক্রান্ত রোগীকে যদি কলকাতায় আনতে হয় তাহলে তার খুবই অসুবিধা হয়, অথচ আমরা এখনও পর্যন্ত কোন বন্দোবস্ত করে উঠতে পারি নি। এখন তাহলে কথা হচ্ছে ভবিষ্যতে করব কি না? ক্যান্সার রোগের প্রকোপ বৃদ্ধি পাচ্ছে, ৩।৪ মাসের মধ্যে যা দেখেছি তাতে এই কথাই বলছি যে আমাদের অনেককিছুই চিন্তা করতে হবে।

[1-10—1-20 p.m.]

শ্রীমতী বিভা মিত্র: অনেক সময় দেখা যায় হাসপাতালে ক্যানসার রোগী ভাল হয়ে গেছে বলে ছেড়ে দেওয়া হয়। কিন্তু ছেড়ে দেবার পর দেখা যায় যে পরে আবার তার হয়। কাজেই এই কেসগুলিকে ফলো আপ করার বন্দোবস্ত হাসপাতালে আছে কি না মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীননী ভট্টাচার্য: এই কেসগুলির ফলো আপ করার ব্যবস্থার কথা যা বললেন সেখানে তারা চলে যাবার পরও অনেক সময় রোগীকে বলে দেওয়া হয় যে তারা যেন নির্দিষ্ট সময়ের মধ্যে একবার এসে চেক আপ করে যান। কিন্তু অনেক সময় দেখা যায় যে দূরের রোগীদের এসে চেক আপ করিয়ে যাওয়া সম্ভবপর হয় না, যেহেতু চেকআপ করাবার জন্য কলকাতায় আসতে হয়। চন্দননগরে চেক আপ করবার কিছুটা ব্যবস্থা আছে, এছাড়া অন্য কোন মফঃস্বল জেলায় নেই। সুতরাং চেক আপ করাতে হলে কলকাতাতেই করাতে হবে। তার ফলে অনেক সময় অনেকের সুযোগ হয় নি।

শ্রীমতী বিভা মিত্র: মাননীয় মন্ত্রিমহাশয় কি প্রত্যেক ডিষ্ট্রিক্ট হসপিটালে এই ফলো আপ করার কোন ব্যবস্থা করতে পারবেন কি?

শ্রীননী ভট্টাচার্য: আমি তো আগেই বলেছি যে ক্যানসার রোগী যেভাবে বেড়ে গেছে তাতে সেই সমস্ত দিক থেকে যেগুলি অভাব আছে সেগুলি চিন্তা করার দরকার এবং আমরা সে বিষয়ে চিন্তা-ভাবনা করছি যে কি করা যায় না করা যায়।

শ্রীহারাধন রায়: আসানসোল মাইনস্ ওয়েলফেয়ার সোসাইটির একটি হসপিটাল রয়েছে। সেন্ট্রাল হসপিটাল কালনায় সেখানে ক্যানসার রোগীদের চিকিৎসার জন্য এক্সরে ইত্যাদি অন্যান্য যন্ত্রপাতি রয়েছে। ঐ এলাকার সাধারণ মানুষ যাতে ঐখান থেকে বিনা পয়সায় চিকিৎসা পেতে পারে সে সম্পর্কে সরকারের কোন পরিকল্পনা আছে কি?

শ্রীননী ভট্টাচার্য: এ বিষয়ে আমার কিছু জানা নেই।

Egra Primary Health Centre

***146.** (Admitted question No. *324.)

শ্রীবিভূতি পাহাড়ী: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে মেদিনীপুর জেলার এগরা থানায় এগরা প্রাইমারী হেলথ্ সেন্টারে আউটডোর রোগীদিগের কোন বাসবার স্থান না থাকায় রোগীদিগকে রোদে ও বৃষ্টিতে বাহিরে দাঁড়াইয়া থাকিতে হয়;

(খ) অবগত থাকিলে, পঞ্চাশ বেডের ঐ হাসপাতালের আউটডোর রোগীদিগের জন্য কোন সেডযুক্ত বসিবার স্থান নির্মাণের কোন ব্যবস্থা সরকার করিতেছেন কি;

(গ) ইহা কি সত্য যে, ঐ হাসপাতালের ইনডোর রোগীদের জন্য জল সরবরাহের মেশিন প্রায় পাঁচ বৎসর যাবৎ খারাপ হইয়া আছে; এবং

(ঘ) সত্য হইলে, ইহার কারণ কি এবং কতদিনের মধ্যে ঐ মেশিনটি সারানো হইবে?

শ্রীননী ভট্টাচার্য: (ক) হ্যাঁ।

(খ) বর্তমান স্বাস্থ্যকেন্দ্র পরিকল্পনা অনুসারে যে সকল স্বাস্থ্যকেন্দ্র নির্মিত হইতেছে ঐগুলিতে ওয়েটিং সেড্ দেওয়া হইতেছে। ইং ১৯৫৮ সালের পূর্বে যে স্বাস্থ্যকেন্দ্রগুলি নির্মিত হইয়াছে ঐগুলিতে কোন ওয়েটিং সেড্ না থাকায় ঐ স্বাস্থ্যকেন্দ্রগুলির রোগীরা যে অসুবিধার সম্মুখীন হন তাহা অবগত থাকা সত্ত্বেও অর্থের আনুকূল্য না থাকায় অবিলম্বে ঐ ওয়েটিং সেড্গুলি নির্মাণ করা সম্ভব হইতেছে না ; তবে অর্থের আনুকূল্য হইলেই ঐ কাজ সম্পন্ন হইবে বলিয়া আশা করা যায়। তখন এগরা হেল্থ সেন্টারেও ওয়েটিং সেড্ হইবে।

(গ) ও (ঘ) ঐরূপ কোন সংবাদ পাওয়া যায় নাই তবে ঐ বিষয়ে অনুসন্ধান করিয়া যদি কোন গলদ পাওয়া যায় তবে তা দূরীকরণের জন্য ব্যবস্থা হইবে।

শ্রীবিভূতি পাহাড়ী: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন পূর্বে যে সমস্ত হাসপাতাল হয়েছিল সেখানে ওয়েটিং সেড্ নেই, সেগুলি কি তৎকালীন পরিকল্পনার অদূরদর্শিতার জন্যই হয়েছিল?

শ্রীননী ভট্টাচার্য: এটা মতামতের ব্যাপার। কাজেই এ বিষয়ে কোন উত্তর নেই।

শ্রীসুধীরচন্দ্র দাস: আপনি বললেন ১৯৫৮ সালের পূর্বে যে হাসপাতালগুলি হয়েছিল তাতে ওয়েটিং সেড্ নেই—সেরকম সংখ্যা কত এবং ১৯৫৮ সালের পূর্বে কতগুলি হাসপাতাল হয়েছিল?

শ্রীননী ভট্টাচার্য: নোটিশ দিলে বলতে পারবো।

ডাঃ গোপালদাস নাগ: মাননীয় মন্ত্রিমহাশয় 'খ' প্রশ্নের উত্তরে জানিয়েছেন 'না' যে সমস্ত প্রাইমারী হেল্থ সেন্টার করছেন ৫০ বেডের তাতে ওয়েটিং সেড্ করা হচ্ছে। আমি তাঁর কাছে জানতে চাচ্ছি গত ৩ মাসে এই ধরণের প্রাইমারী হেল্থ সেন্টার তৈরী করার ব্যাপারে যে মঞ্জুর করেছেন তা কোথায় কোথায়?

শ্রীননী ভট্টাচার্য: নোটিশ দিতে হবে, এখন আমি বলতে পারছি না।

ডাঃ গোপালদাস নাগ: কটা ৫০ বেডের প্রাইমারী হেল্থ সেন্টার মঞ্জুর করা হয়েছে গত ৩ মাসে?

শ্রীননী ভট্টাচার্য: প্রাইমারী হেল্থ সেন্টার মঞ্জুর করা হয়েছে কিন্তু তার সংখ্যা এখন মাননীয় সদস্যদের জানাতে পারছি না, নোটিশ দিলে জানাতে পারবো। এছাড়া মহকুমা হসপাতাল পর্যন্ত মঞ্জুর করা হয়েছে সুতরাং সেইগুলো পরে জানাতে পারবো।

শ্রীবিভূতি পাহাড়ী: মাননীয় মন্ত্রিমহাশয় উত্তর দিলেন যে এগ্রা হসপাতালে সেখানে জল-সরবরাহ করার মেশিন খারাপ হয়ে রয়েছে তার সংবাদ তিনি অবগত নন, কিন্তু আমি জানি মেডিকেল অফিসার বা মিদনাপুর সিভিল সার্জেন তার ডিপার্টমেন্টএ বার বার লিখেছেন যে ৫ বছরের বেশী হল। মেশিন খারাপ হয়ে গেছে, মাননীয় মন্ত্রিমহাশয় এই সংবাদ কারও কাছ থেকে জেনেছেন বা অনুসন্ধান করেছেন কি না বা সারানো কোন ব্যবস্থা করা হবে কি না দয়া করে জানাবেন কি?

শ্রীননী ভট্টাচার্য: এগ্রা হেল্থ সেন্টারে যে জলের ব্যবস্থা ছিল সেটা খারাপ হয়ে গেছে এটা সম্বন্ধে বলা হয়েছে কিন্তু সেটা মেরামত করা বা কি করা যায় সেটা খোঁজ-খবর নিচ্ছি যাতে তাড়াতাড়ি ব্যবস্থা করা যায় সে সম্বন্ধে চেষ্টা করছি।

শ্রীনিতাইপদ সরকার: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে গ্রামাঞ্চলে যে প্রাইমারী হেল্থ সেন্টার আছে সেখানে ১০টি করে বেড্ আছে, সেইগুলো ৫০ বেডে রূপান্তরিত করা হবে কি না?

Mr. Speaker: I disallow this question.

Tubewells in Gosaba police-station

***147.** (Admitted question No. *325.)

শ্রীগিরীন্দ্রনাথ মণ্ডলঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনা গোসাবা থানায় মোট কতগুলি মঞ্জুরীকৃত নলকূপ ছিল;

(খ) তাহার মধ্যে কোন অঞ্চলে কতগুলি নলকূপ ছিল; এবং

(গ) বর্তমানে মঞ্জুরীকৃত নলকূপগুলির মধ্যে কতগুলি অকেজো অবস্থায় আছে এবং কতদিনে সেগুলি মেরামত হইতে পারে?

শ্রীননী ভট্টাচার্যঃ (ক) মোট ১২১টি নলকূপ গোসাবা থানা এলাকায় আছে।

(খ) এবং (গ) বিভিন্ন অঞ্চলে মোট নলকূপ ও অকেজো নলকূপের বিবরণ নিম্নরূপঃ

অঞ্চলের নাম	নলকূপের সংখ্যা	অকেজো নলকূপের সংখ্যা
১। আমতলী	১৬টি	১টি
২। কুমীর মারি	১৪টি	৩টি
৩। ছোট মুন্সিখালী	১৮টি	২টি
৪। রাধানগর তারানগর	২৬টি	২টি
৫। গোসাবা	৪টি	১টি
৬। বালী	১০টি	২টি
৭। সাতিজেলিয়া	৬টি	২টি
৮। রাস্তাবেলিয়া	১টি	×
৯। বিপ্রদাসপুর	১টি	১টি
১০। লাহিড়ীপুর	২টি	×
১১। কচুখালি	১২টি	২টি
১২। পাখানখালি	১টি	১টি
১৩। শম্ভুনগর	১০টি	২টি
	১২১টি	১৯টি

প্রতি বৎসর রুরাল ওয়াটার সাপ্লাই প্রোগ্রামএর অধীনে বরাদ্দকৃত অর্থের পরিমাণ সাপেক্ষে প্রতি ৪০০ জনে ১টি বা প্রতি গ্রামে অন্তত ১টি করিয়া জল উৎসের ব্যবস্থা করিবার নীতি অনুযায়ী কর্মসূচী গ্রহণ করা হইয়া থাকে।

বর্তমান বৎসরে অর্থাৎ ১৯৬৭-৬৮ সালে এ বাবদ সমগ্র ২৪-পরগনা জেলায় জরুরী জল সরবরাহ প্রকল্পে মোট ১ লক্ষ টাকা মঞ্জুর করা হইয়াছে। স্থানীয় জেলা শাসক কর্তৃক ঐ টাকা হইতে কয়টি অকেজো নলকূপও গোসাবা থানায় পুনর্খনন করা হইয়াছে বা হইবে তাহা এখনও জানা যায় নাই।

শ্রীনিতাইপদ সরকারঃ উনি ডিগবাজী খেয়ে যে পুরস্কার পেয়েছেন তার থেকে নলকূপগুলো সারিয়ে দেবেন কি না?

(নো রিপ্লাই)

ডাঃ রাধাকৃষ্ণ সিনহাঃ মাননীয় মন্ত্রিমহাশয়ের অভিজ্ঞতা আছে যে গ্রামাঞ্চলে যতগুলো টিউবওয়েল আছে তার অর্ধেকেরও বেশী খারাপ হয়ে আছে তার সম্বন্ধে কোন নির্দিষ্ট পন্থা অবলম্বন করবেন কি? এবং আমাদের এই স্কীমএ যাতে আবার নূতন করে গোড়া তোলা যায় এই সম্বন্ধে আপনার মত কি?

মিঃ স্পীকার: এখানে মতের প্রশ্ন আসে না, দিজ কোশ্চেন ডাজ নট অ্যারাইজ।

[1-20—1-30 p.m.]

শ্রীবিজয় সিংহ নাহার: মাননীয় স্পীকার মহাশয়, যখনই আমরা দেখছি আমাদের মাননীয় সদস্য ভোলানাথ ব্রহ্মচারী মহাশয় কিছু বলতে উঠে দাঁড়ান, অমনি ওদিক থেকে সবাই চীৎকার করতে আরম্ভ করে। সেটা যদি আপনি বন্ধ করতে না পারেন, তাহলে আমাদেরও ঐ রকম চীৎকার করতে হবে।

Mr. Speaker: I appeal to you, please do not make any noise. The member has got every right to put supplymentary question.

শ্রীসোমনাথ লাহিড়ী: মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য ভোলানাথ ব্রহ্মচারী আপনার নির্দেশ অগ্রাহ্য করে বলতে দাঁড়িয়েছেন ; সেটা কি লক্ষ্য করেছেন আপনি ?

Mr. Speaker: No starred question 148.

শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান: স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার, মাননীয় সদস্য জয়নারায়ণ শর্মা আমাদের এদিকের সদস্যদের লক্ষ্য করে কতকগুলি কটূক্তি করেছেন। আপনি তাঁকে বাধা দিচ্ছেন না কেন? তাকে বের করে দিন।

(গোলমাল)

Mr. Speaker: I will look into this. Please do not worry. All of you please sit down.

শ্রীনারায়ণচন্দ্র চৌধুরী: মাননীয় স্পীকার মহাশয়, আপনি ও'দের চীৎকার করতে অ্যালাউ করেন কেন? ও'রা তো হাউসকে ডিস্টার্ব করতে ওঠে—আপনাকে ইগনোর করে—you do convince.

Mr. Speaker: What do you say? I know my duty. I will not allow all of you to stand up together. If you do this how can I hear you? When you are looking at me I am looking at you and when they are looking at me I am looking at them.

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত: মিঃ স্পীকার, স্যার, কয়েকদিন ধরে আমরা এখানে লক্ষ্য করছি যে আমাদের এদিক থেকে মাননীয় সদস্য শ্রীভোলানাথ ব্রহ্মচারী মহাশয় যখনই কথা বলতে ওঠেন ওদিক থেকে মাননীয় সদস্যরা নানা রকম অবস্ট্রাকশন দেওয়া সুরু করে থাকেন। আপনি চেয়ারে বসে, লক্ষ্য করেছি আজ পর্যন্ত এক দিনও মাননীয় সদস্যকে প্রটেকশন দেন নি। এইভাবে যদি অবস্থা চলতে থাকে...

Mr. Speaker: I do not agree with you. I have tried my level best to restore order. How can I carry on the business of the House if everyone of the members stands at one and the same time? I will see what I can do. I have given him protection as best as I could. I have appealed to all members, to everyone and to every party and I shall do my best to restore order.

Non-implementation of the Wage Board recommendations by some Engineering Concerns

***148.** (Admitted question No. *361.) **Shri Rabin Mukherjee:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether the Government is aware of the fact that a large number of employers including Messrs. Bengal Enamel of Palta, Messrs. East India Electricals of Cossipur have refused to implement the recommendations of the Wage Board for the Engineering Industries in respect of Interim Relief and also of the Third Major Engineering Tribunal Award as in the case of Messrs. Bengal Enamel and that serious discontent prevails among the Engineering workers; and

(b) if so, what measures the Government proposes to undertake to meet the situation?

Shri Subodh Banerjee: (a) One hundred and fifty-three complaints, including one against Messrs. East India Electricals, Cossipur, have so far been received in the Labour Directorate alleging non-implementation of the interim recommendation of the Wage Board for Engineering Industries. No such complaint involving Messrs. Bengal Enamel of Palta has been received so far. This is being looked into.

(b) Recommendations of the Wage Boards are not enforceable in law. Efforts are, therefore, made to promote a settlement whenever any complaint of non-implementation is received, by utilising the conciliation and other forums for dealing with industrial dispute as are available under the Industrial Disputes Act, 1947. In 57 such cases, implementation has been secured through conciliation. Efforts at settlement in regard to other complaints, including the one against Messrs. East India Electricals, Cossipur, are continuing.

শ্রীরবীন মুখার্জি: এ কথা কি সত্য বেঙ্গল এনামেল কারখানায় দীর্ঘদিন যাবৎ লকআউট চলছে?

শ্রীসুবোধ ব্যানার্জি: হ্যাঁ।

শ্রীরবীন মুখার্জি: এ কথা কি সত্য যে, লক আউট চলাকালীন, সেই সময়তে লক আউট খোলার দাবীতে কারখানার কাছে শ্রমিকরা যায় এবং দাবী করে। সেই সময় দেখা যায় যে, কারখানার মধ্যেতে কিছু গুণ্ডা এবং প্রায় দুশো, আড়াইশো লাঠি ও লাইফ বোম্ব এবং অন্যান্য অস্ত্র-শস্ত্র, এগুলি কারখানার মধ্য থেকে উদ্ধার করা হয়?

শ্রীসুবোধ ব্যানার্জি: এরকম অভিযোগ শ্রমদপ্তরে আসে এবং আমি চব্বিশপরগনার পুলিশ সুপারিনটেন্ডেন্ট-এর কাছ থেকে একটা রিপোর্ট পাই যে সেখান থেকে কিছু কিছু অস্ত্রশস্ত্র পাওয়া গিয়েছে। কিন্তু সেগুলি কাদের তা এখনও স্থির করা যায় নি।

শ্রীরবীন মুখার্জি: এই অস্ত্রশস্ত্রগুলি কি কারখানার অভ্যন্তরে পাওয়া যায়?

শ্রীসুবোধ ব্যানার্জি: হ্যাঁ।

শ্রীরবীন মুখার্জি: এই সম্পর্কে কারখানার যিনি মালিক, তাঁর কাছ থেকে কোনরকম প্রশ্ন ইত্যাদি করে কিছু সংবাদ জানা গিয়েছে কি?

Shri Subodh Banerjee: It is a matter which concerns the Home Department and not the Labour Department.

[1-30—1-40 p.m.]

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়: মাননীয় শ্রমমন্ত্রী কি জানাবেন যে যেহেতু এইসব বিস্ফোরক দ্রব্য, লাঠি এবং সোর্ড পাওয়া গিয়েছে সেক্ষেত্রে তিনি কি তাঁরা ডিপার্টমেন্ট থেকে এই প্রসঙ্গে কোন এনকোয়ারী করার প্রয়োজন বোধ করছেন কিনা?

শ্রীসুবোধ ব্যানার্জী: আমি আগেই বলেছি যে, যখন এই অভিযোগ আমার কাছে আসে তখন আমি হোম সেক্রেটারীকে লিখি ঘটনাটা তদন্ত করার জন্য পরে ডিস্ট্রিক্ট পুলিশ সুপারিনটেন্ডেন্টের কাছ থেকে একটা রিপোর্ট পাই। তা থেকে আমি জানাচ্ছি যে ফ্যাক্টরীর ভিতরে অস্ত্রশস্ত্র পাওয়া গিয়েছে। কিন্তু এর জন্য কেস প্রভৃতি করা সেটা শ্রমদপ্তরের এক্তিয়ারভুক্ত নয় সেটা হোম ডিপার্টমেন্টের এক্তিয়ারভুক্ত।

ডাঃ গোপিকারঞ্জন মিত্র: মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে এই ফ্যাক্টরীতে লক আউট চলছে, কত দিন ধরে চলছে?

শ্রীসুবোধ ব্যানার্জী: তা অনেক দিন ধরে।

ডাঃ গোপিকারঞ্জন মিত্র: এই লক আউট তুলবার জন্য সরকার পক্ষ থেকে কি চেষ্টা করা হয়েছে?

Shri Subodh Banerjee: Order under section 10(3) of the Industrial Dispute Act has been issued.

ডাঃ গোপিকারঞ্জন মিত্র: মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন এখানে একটা আই এন টি ইউ সি-র ইউনিয়নকে জব্দ করার জন্য এবং কমিউনিস্ট ইউনিয়নকে সাহায্য করার জন্য এই লক আউট চলছে?

Mr. Speaker: The question does not arise.

শ্রীকৃষ্ণপদ রায়: মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি এই যে সেকশন ১০(৩) জারী করা হয়েছে, মালিক কি এই সেকশন ১০(৩) মেনে কাজ করতে রাজী আছে?

শ্রীসুবোধ ব্যানার্জী: হাইকোর্টে গিয়ে স্টে অর্ডার পেয়েছে তারা।

Alternative proposal for trenching grounds in Uttarpara-Kotrang Municipality

***149.** (Admitted question No. *367.)

শ্রীমনোরঞ্জন হাজরা: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তরপাড়া-কোতরাং পৌর এলাকার অন্তর্গত ট্রেঞ্চিং গ্রাউন্ডগুলির বিকল্প কোন "মেকানিক্যাল ডাইজেস্টার" প্রকল্পের প্রস্তাব জেলা শাসক কমিশনার ও স্বায়ত্তশাসন বিভাগ থেকে স্বাস্থ্য বিভাগের হস্তগত হয়েছে কিনা; এবং

(খ) উক্ত 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে প্রকল্পটি কার্যকরী করার জন্য কি কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে?

শ্রীননী ভট্টাচার্য: (ক) হ্যাঁ।

(খ) প্রকল্পটি কার্যকরী করার প্রশ্ন এখন সরকারের বিবেচনাধীন আছে।

শ্রীমনোরঞ্জন হাজরা: প্রকল্পটিতে কত টাকা লাগবে এইরকম কিছু বলতে পারেন কি?

শ্রীননী ভট্টাচার্য: এই সম্পর্কে একটা স্কীম তৈরী হয়েছে, ক্যাপিটাল এবং এস্টাবলিসমেন্ট ও মেন্টেনেন্স কস্ট—সমস্ত ক্যাপিটাল কস্ট হচ্ছে ৫,১৪,১০৮ টাকা, আর মেন্টেনেন্স কস্ট ২২,৮০০ টাকা।

শ্রীমনোরঞ্জন হাজরা: এর কত দিন নাগাদ কার্য সুরু হতে পারে?

শ্রীননী ভট্টাচার্য: আমরা যত তাড়াতাড়ি পারি এটা সুরু করবার চেষ্টা করবো তবে নির্দিষ্ট দিন এখনি বলা সম্ভব নয়।

শ্রীমনোরঞ্জন হাজরা: মাননীয় মন্ত্রিমহাশয় এই ঘটনার সময় সেখানে উপস্থিত ছিলেন, যখন সেখানে বিক্ষোভ হয় এবং মন্ত্রিমহাশয় সেখানে সাধারণ মানুষকে কথা দিয়েছিলেন যে যত তাড়াতাড়ি আমরা পারবো করবো। একটা জিনিস আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছ থেকে জানতে চাই এটায় এক বছরের মধ্যে হাত দেওয়া যাবে কিনা?

শ্রীননী ভট্টাচার্য: আমি ঘটনাচক্রে কোতরং-এ গিয়েছিলাম এবং তারপর সেখানে যেসমস্ত স্ট্রাইক গণ্ডগোল চলছিল সেই বিরোধের মীমাংসার জন্য আমি বলেছিলাম যে এইরকম ধরনের প্রকল্প আমরা নিচ্ছি এবং যত তাড়াতাড়ি সম্ভব এই প্রকল্পটিকে কার্যে পরিণত করার জন্য আমরা উদ্যোগী হবো। এখনি বলা সম্ভব নয় যে কত তাড়াতাড়ি ধরতে পারবো। তবে এই বছরের মধ্যে ধরতে পারবো বলে আশা রাখি।

Howrah General Hospital

***150.** (Admitted question No. *377.)

শ্রীআহ্‌ম্মদ হোসেন মন্ডলঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার হাওড়া জেনারেল হাসপাতালে বর্তমানে কতগুলি শয্যার (বেড) ব্যবস্থা আছে—

(১) পুরুষদিগের জন্য কতগুলি;

(২) মহিলাদিগের জন্য কতগুলি;

(খ) ইহা কি সত্য যে উক্ত হাসপাতাল সম্প্রসারণের একটি সরকারী প্রকল্প আছে; এবং

(গ) সত্য হইলে, ঐ প্রকল্পটি কি নাগাদ কার্যকরী হইবে?

শ্রীননী ভট্টাচার্যঃ (ক) ৩১০টি।

(১) ১৯৯টি।

(২) ১১১টি।

(খ) হ্যাঁ।

(গ) এখন সঠিক বলা সম্ভব নয়।

শ্রীশৈলকুমার মুখোপাধ্যায়ঃ এই সম্প্রসারণ স্কীমটা কি স্টেজে আছে সেটা বলতে পারবেন কি?

শ্রীননী ভট্টাচার্যঃ ব্যাপার হচ্ছে হাওড়া জেনারেল হাসপাতালে বর্তমান ব্লক যেটা খারাপ হয়ে পড়েছে, ভেঙ্গে পড়েছে, এ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিং যেটা, বর্তমানে যেটা সার্জারি ব্লক আছে সেটাকে ডেমলিস করে সেখানে মালটি স্টোরেড বিল্ডিং তৈরী করার প্রকল্প নেওয়া হচ্ছে।

শ্রীশৈলকুমার মুখোপাধ্যায়ঃ এটা পূর্বতন সিদ্ধান্তের প্রকল্প, সেটা এখনি আরম্ভ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে কিনা?

শ্রীননী ভট্টাচার্যঃ কবে থেকে কাজ আরম্ভ করবো এইরকম কোন সিদ্ধান্ত দেওয়া হয় নি।

শ্রীশৈলকুমার মুখোপাধ্যায়ঃ আগামী বছরে এই স্কীমের জন্য বাজেটে অর্থ বরাদ্দ করেছেন কি?

শ্রীননী ভট্টাচার্যঃ আমাদের বাজেটে যে অর্থ ধরা আছে তাতে এটাও পড়ে।

Health Centers in Murshidabad district

***151.** (Admitted question No. *381.)

শ্রীঅমলেন্দ্র লাল রায়ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় কোন্ থানায় কয়টি কি ধরণের হেলথ সেন্টার চালু অবস্থায় অছে;

(খ) ঐ জেলার কোথায় কয়টি কি ধরণের হেল্‌থ সেন্টারের বাড়ী তৈয়ারী সম্পূর্ণ হইয়াছে অথচ সেগুলি চালু করা সম্ভব হয় নাই;

(গ) ঐ জেলায় কোথায় কয়টি কি ধরণের হেল্‌থ সেন্টারের জন্য জনসাধারণ টাকা এবং/অথবা জমি সরকারের হাতে তুলিয়া দিয়াছেন;

(ঘ) উক্ত 'খ'-এর বর্ণিত হেল্‌থ সেন্টারগুলি চালু করিবার জন্য কি ব্যবস্থা হইতেছে; এবং

(ঙ) উক্ত 'গ'-এ বর্ণিত কেসগুলির কি অবস্থা দাঁড়াইয়াছে?

শ্রীননী ভট্টাচার্য: (ক) হেলথ সেন্টার (স্বাস্থ্য কেন্দ্র) গুলি উন্নয়নব্লক এলাকা হিসাবে প্রতিষ্ঠিত হয়; থানা হিসাবে নহে। (আগে থানা হিসাবে ছিল, কিন্তু এখন নয়) মুর্শিদাবাদ জেলার উন্নয়ন ব্লকগুলিতে কয়টি কোন ধরনের স্বাস্থ্যকেন্দ্র আছে তাহার একটি তালিকা সংশ্লিষ্ট 'অ' বিবরণীতে দেওয়া হইল।

(খ) রঘুনাথগঞ্জ ১নং উন্নয়ন ব্লকে রাজনগর উপস্বাস্থ্য কেন্দ্র এবং ভরতপুর ২নং উন্নয়ন ব্লকে কোগ্রাম উপস্বাস্থ্য কেন্দ্র।

(গ) সংশ্লিষ্ট 'আ' বিবরণী দ্রষ্টব্য।

(ঘ) মেডিক্যাল অফিসার, নার্স এবং অন্যান্য কর্মচারীদের ঐ স্বাস্থ্যকেন্দ্রগুলিতে নিয়োগ করিয়া যত শীঘ্র সম্ভব ঐগুলি চালু করিবার চেষ্টা চলিতেছে।

(ঙ) সংশ্লিষ্ট 'আ' বিবরণীর ১নং হইতে ৪নং পর্যন্ত উন্নয়ন ব্লকগুলিতে ইতিমধ্যেই বর্তমান নীতি অনুযায়ী প্রয়োজনীয় ন্যূনতম সংখ্যক স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হইয়াছে। সুতরাং যতদিন পর্যন্ত অন্য সকল উন্নয়ন ব্লক এলাকায় প্রয়োজনীয় ন্যূনতম সংখ্যক স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত না হয় ততদিন আলোচ্য প্রস্তাবগুলি (১নং হইতে ৪নং) রূপায়নের কার্যক্রম গৃহীত হইবে না। বাকি তিনটি স্থাপনের প্রস্তাব রূপায়ণের জন্য কার্যক্রম গৃহীত হইতেছে।

বিবরণী "অ"

Referred to in reply to Starred Assembly Question No. *381

List of Primary Health Centres and Subsidiary Health Centres in the district of Murshidabad

Serial No.	Name of Block.	Name of Health Centres established.
1	2	3
1.	Beldanga-I	PHC—Beldanga (20) SHC—(1) Mubula (2) Chaityanapur.
2.	Beldanga-II	PHC—Saktipur (10) SHC—(1) Ramnagar Bachra (10) (2) Sompara (10)
3.	Murshidabad-Jiaganj ..	PHC—Jiaganj (20) SHC—(1) Dangapara (2) Lalkuti (3) Palsanda
4.	Khargram	PHC—Khargram (50) SHC—(1) Puradia (10) (2) Margram (10) (3) Jhilli (10)
5.	Sagardighi	SHC—(1) Sagardighi (2) Monigram (3) Surjapur (4) Singeswari-Gouripur
6.	Nabagram	PHC—Nabagram (10) SHC—(1) Baghirpara (2) Kiriteswari (3) Amirabad

Serial No.	Name of Block	Name of Health Canters established.
1		3
7.	Farakka ..	.. SHC—Arjunpur
8.	Noada ..	.. PHC—Noada (20) SHC—(1) Madhupur at Gangadhari (2) Sabdarnagar
9.	Samserganj ..	.. ....
10. 11.	Suti-I Suti-II } ..	PHC—Hilora (10) (Tentative) .. SHC—Baleatuh (10) SHC—Aurangabad
12.	Lalgola ..	.. ....
13.	Hariharpara ..	.. PHC—Hariharpara SHC—(1) Baharam (10) (2) Humaipur (10) (3) Choan
14.	Domkal ..	.. PHC—Jitpur (10) (Tentative) SHC—Goraimari (4)
15. 16.	Raghunathganj-I Raghunathganj-II }	.. ....
17. 18.	Ranmagar-I Raninagar-II }	.. ....
19.	Berhampore ..	.. SHC—(1) Satui Chowrigacha. (2) Hatinagar
20.	Jalangi ..	.. PHC—Sadikhans Derah (20) SHC—(1) Sagarpara (2) Faridpur
21. 22.	Bhagwangola-I Bhagwangola-II }	.. ....
23.	Kandi ..	.. PHC—Kandi S. D. Hospl. (Tentative) SHC—(1) Gokarna (dispy.) (2) Purandarpur (dispy.) (3) Bahara (dispy)
24. 25.	Bharatpur-I Bharatpur-II }	PHC—Bharatpur (10) SHC—Jajan (15) SHC—(1) Simulia (2) Talibpur (Dispy. taken over) (3) Tenya
26.	Burwan ..	.. PHC—Burwan (10) SHC—(1) Panchthupi (dispy.) (2) Kuli (dispy.) (3) Kharjuna.

বিবরণী "আ"

Referred to in reply to Starred Assembly Question No. *381.

Name of Development Block.	Name of Health Centre.	Donation.	
		Cash.	Land.
1. Khargram ..	Subsidiary Health Centre—Bhalkundi (4th S.H.C.) ..	2,000 (1956)	2·56 acres. (3-4-56)
2. Khargram ..	S.H.C.—Atai (Kirtipur) (5th S.H.C.)	5,000 (1948)	4·50 acres. (1951-52)
3. Noada ..	S.H.C.—Tungi (3rd S.H.C.)	Gift. ..	2·02 acres. (1962)
4. Burwan ..	S.H.C.—Kundalkapta (Kalyanpur) 4th S.H.C.	..	2·00 acres. (1962)
5. Farakka ..	S.H.C.—Beniagram ..	4,000	2·00 acres.
6. Samserganj	P.H.C.—Dhulian ..	30,000	8½ bighas washed away by the Ganges.
7. Bhagawangola- II	S.H.C.—Daulatabad (Saralpur).	..	2·00 acres.

শ্রীসত্যব্রত ভট্টাচার্য: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন ভগবানগোলার এক নং উন্নয়ন কেন্দ্রের হাসপাতালটি কি অবস্থায় আছে এবং কতদিন নাগাদ এটা হতে পারে। এবং ভগবানগোলার ২নং ব্লকে স্বাস্থ্য কেন্দ্রটি কত দূর হয়েছে এবং কতদিনের মধ্যে সেটা শেষ হবে জানাবেন কি?

শ্রীননী ভট্টাচার্য: সেটা এখনি বলা সম্ভবপর নয়।

শ্রীসত্যব্রত ভট্টাচার্য: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, ফুলপুর হেলথ সেন্টার হবার অনেক দিন ধরে দাবী আছে, কথাবার্তা চলছে এবং সেটা ২নং উন্নয়ন ব্লকের বি ডি ও-র কাছ থেকে কাগজপত্র আপনাদের কাছে এসেছে, সেটা কতদিনের মধ্যে স্টার্ট হবে?

শ্রীননী ভট্টাচার্য: সেটা এখনি বলতে পারছি না।

শ্রীঅমলেন্দ্রলাল রায়: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, যেসমস্ত ক্ষেত্রে টাকা পয়সা বা জমি দেওয়া হয়েছে সেইসমস্ত ক্ষেত্রেও হেলথ সেন্টার করা স্থগিত রাখা হয়েছে। আমি জিজ্ঞাসা করছি কতদিন ধরে স্থগিত থাকবে এবং টাকা পয়সা, জমি ফেরত দেওয়া হবে কিনা?

শ্রীননী ভট্টাচার্য: এই প্রশ্নের উত্তরে আমি একটা কথা বলতে চাই সেটা হল এই যে বাংলা দেশ জুড়ে বিভিন্ন ব্লকে কিরকম স্বাস্থ্য কেন্দ্র কোথায় হয়েছে তার যখন হিসাব আমি নিলাম তখন দেখলাম যে কিছু কিছু ব্লক আছে যেখানে ৬টা, ৭টা, কি ৮টা, এইরকম ধরনের স্বাস্থ্যকেন্দ্র হাসপাতাল স্থাপিত হয়েছে, আবার অনেক ব্লক আছে যেখানে কোন স্বাস্থ্যকেন্দ্রই গড়ে উঠে নি বা করা হয় নি। কি কারণে হয়নি তা তাঁরাই জানেন, যাঁরা সরকার চালিয়েছেন, কিন্তু হয়নি। সমদর্শিতার খাতিরে যে সব ব্লকে আদৌ কোন স্বাস্থ্যকেন্দ্র বা হাসপাতাল গড়ে উঠেনি সেইসব জায়গায় স্বাস্থ্যকেন্দ্র গড়ে তোলার অগ্রাধিকার পাওয়া উচিত বলে সেখানে সেই ধরনের পলিসি নিয়েছি। তারপর বাজেটে যা বরাদ্দ আছে সেই বরাদ্দে সংস্থান হলে অনধিক স্বাস্থ্য কেন্দ্র স্থাপনের যে স্কীম সেখানে আছে তাতে হাত লাগাবো। এই পটভূমিকায় আমরা এটা ঠিক

[1-40—1-50 p.m.]

করেছি যাদের কাছে দীর্ঘদিন ধরে জমি বা টাকা দেওয়া হয়েছে তাদের ক্ষেত্রে বলছি হয় তাদের অপেক্ষা করতে হবে, টাকা সরকারের কাছে রাখতে পারেন বা জমি সরকারের কাছে রাখতে পারেন অথবা যদি মনে করেন টাকা বা জমি ফেরত নিতে পারেন—সেই মর্মে আমরা কিছু কিছু চিঠি এর মধ্যে ইস্যু করেছি এবং আরও যেসমস্ত জায়গায় বাকি আছে সেইখানে সেই ধরনের চিঠি ইস্যু করছি—সেটা ডোনারসদের ইচ্ছার উপর ছেড়ে দেওয়া হয়েছে।

শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ মন্ত্রিমহাশয় বলবেন কি একটা পরিকল্পনা অনুযায়ী চলা সত্ত্বেও কি করে কোন কোন ব্লকে বহু সংখ্যক হেলথ সেন্টার হয়ে গেল আর কোন কোন ব্লকে হোল না, এর কারণ কি এবং এ সম্বন্ধে কোন তদন্ত তিনি করেছেন কিনা, যে কি ধরনের পরিকল্পনা?

শ্রীননী ভট্টাচার্যঃ কোন কোন জায়গায় ৬-৭-৮ বা ৪-৫টা এই ধরনের হেলথ সেন্টার কোন কোন ব্লকে হয়েছে আবার কোন কোন ব্লকে আদৌ হয় নি—এর তদন্ত করা খুব কঠিন তার কারণ এই জন্য বলছি আগে এই স্বাস্থ্য সম্বন্ধে পলিসি ছিল এই যে ইউনিয়নে ইউনিয়নে হেলথ সেন্টার থাকবে এবং থানাতে একটা হেলথ সেন্টার থাকবে এবং সেই সময় বিভিন্ন অঞ্চলে হেলথ সেন্টার তৈরী হয়েছে অবশ্য একটা অঞ্চলে দুটো কিংবা তার বেশী হেলথ সেন্টার হয়েছে এইরকম দৃষ্টান্ত আছে, সেখানে যে জমি বা টাকা পেয়েছেন সেইভাবে স্বাস্থ্যকেন্দ্র গড়ে উঠেছে। আবার অনেক ব্লকে আদৌ স্বাস্থ্য কেন্দ্র গড়ে ওঠে নি। অবশ্য এইরকম ফাইলে কিছু কিছু দৃষ্টান্ত আছে যে জমি টাকা উভয় দেবার প্রতিশ্রুতি ছিল, তা সত্ত্বেও গড়ে ওঠে নি।

শ্রীমহম্মদ ইসরাইলঃ মুর্শিদাবাদ জেলায় এমন কোন ব্লক আছে কি যেখানে কোন হেলথ সেন্টার নেই?

শ্রীননী ভট্টাচার্যঃ আমি তা বলেছি।

শ্রী মহঃ আবদুল বারিঃ আমি বলছিলাম যে, যে ব্লকে এখনও প্রাইমারী হেলথ সেন্টার নেই সেখানে এখন হেলথ সেন্টার করবার কথা চিন্তা করবেন কিনা?

শ্রীননী ভট্টাচার্যঃ আমি এর জবাব দিয়ে দিয়েছি।

শ্রী মহঃ আবদুল বারিঃ এই অবস্থায় জনসাধারণকে কোন কোন সর্ত দিয়ে এগিয়ে আসতে হবে?

শ্রীননী ভট্টাচার্যঃ সাধারণত প্রাইমারী হেলথ সেন্টারের জন্য ১০ বিঘা জমি চাচ্ছি।

শ্রী মহঃ আবদুল বারিঃ রানীনগর ২নং ব্লকে কোন স্বাস্থ্যকেন্দ্র নাই এটা মন্ত্রিমহাশয় অবগত আছেন কি?

শ্রীননী ভট্টাচার্যঃ রানীনগর ২নং ব্লকে আমার যতদূর জানা আছে বলছি সেখানে প্রাইমারী হেলথ সেন্টার নেই।

শ্রী মহঃ আবদুল বারিঃ সেখানে জমি এবং টাকা সব দেওয়া হয়েছে এ খবর কি আপনি জানেন?

শ্রীননী ভট্টাচার্যঃ আমাকে নোটিশ দেবেন।

শ্রীকানাই ভৌমিকঃ যেসমস্ত ব্লকে টাকা বা জমি দেবার ক্ষমতা নেই অথচ কোন হাসপাতাল হয় নি, সেগুলি কি গভর্নমেন্ট নিজে খরচ করবেন এইরকম কোন পরিকল্পনা আছে কি?

(উত্তর নাই)

শ্রীমতী পূরবী মুখার্জিঃ মন্ত্রিমহাশয় প্রশ্নের জবাবে বললেন যে এক একটি ব্লকে ৬-৮টা হয়েছে এবং তার সম্পর্কে তদন্তের কথা বললেন। মন্ত্রিমহাশয় জানাবেন কি যে প্রথম থেকে যখন ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রের কথা ছিল, তখন যে ইউনিয়নে টাকা এবং জমি কিংবা দুটোর একটা দেওয়া হয়েছে সেখানে স্বাস্থ্যকেন্দ্র করার পরিকল্পনা ছিল?

শ্রীননী ভট্টাচার্য: আমি তদন্তের কোন কথা বলি নি, উনি বলেছেন, কিন্তু আমি আগেই বলেছি টাকা এবং জমি দিলে অঞ্চলে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনা ছিল। কিন্তু এক একটি অঞ্চলে একাধিক স্বাস্থ্যকেন্দ্র তৈরী হয়েছে।

শ্রীমতী পূরবী মুখার্জি: মন্ত্রিমহাশয় জানাবেন কি যে এখনই কোন প্রশ্নের উত্তরে ফাইলপত্র দেখে বোঝা যায় নি বলে যে কথা বলেছেন, এ সম্পর্কে আরও নিশ্চিতভাবে জবাব দেবার জন্য আমি তাঁকে এই প্রশ্ন করছি কোন জায়গায় ইউনিয়ন হেলথ সেন্টার স্কীম ছাড়া যখন পুনরায় স্বাস্থ্য দপ্তর ব্লকে একটা হেলথ সেন্টার এবং মিনিমাম দুইটা হেলথ সেন্টার হবে এই প্রোগ্রাম যখন নেওয়া হয় তখন ৬-৭টা করে কোন ব্লকে কোন জায়গায় তা হয়েছে কিনা

শ্রীননী ভট্টাচার্য: পরবর্তী কালে হয়তো দু-একটা হয়েছে—কিন্তু পুরানো এবং নূতন মিলে ৬-৭-৮টা পর্যন্ত হয়েছে।

শ্রীঅমলেন্দুলাল রায়: মন্ত্রিমহাশয় অবগত আছেন কি যে টাকা পয়সা বহুদিন আগে জমা দিয়েছে তাদের ওখানে হাসপাতাল না হয়ে যারা বহু পরে টাকা পয়সা এবং জমি দিয়েছে তাদের ওখানে হাসপাতাল হয়েছে এবং এর নজীর যদি তিনি চান তাহলে সেই নজীর আমি দিতে পারি—এটা তাঁর জানা আছে কিনা তা জানতে চাই?

শ্রীননী ভট্টাচার্য: এরকম কিছু কিছু হয়ে থাকতে পারে—আমার নিজেরও সংশয় দেখা দিয়েছে বিভিন্ন কাগজপত্র দেখে।

শ্রীগঙ্গাধর প্রামাণিক: মন্ত্রিমহাশয় বলবেন কি যে থানা এবং অঞ্চলে এইরকম হেলথ সেন্টার ২-৩টার বেশী হবে না এইরকম কোন রেসট্রিকশন ছিল কিনা?

শ্রীননী ভট্টাচার্য: সম্প্রতি যেটা নেওয়া হয়েছে সেটা হচ্ছে একটি ব্লকে একটি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র থাকবে এবং উপস্বাস্থ্য কেন্দ্র দুটি, এটা টারগেট হিসাবে বলুন আর যাই বলুন এইরকম ধরনের ছিল—এ সম্বন্ধে আমি বলেছি যে অঞ্চলে অঞ্চলে একটা করে স্বাস্থ্যকেন্দ্র উপস্বাস্থ্যকেন্দ্রের মত এবং থানা স্বাস্থ্যকেন্দ্র এইরকম থাকার স্কীম ছিল—যেটা পরবর্তীকালে বদলে যেটা আমি আগে বললাম সেই স্কীমে রূপান্তরিত হচ্ছে এখনও পর্যন্ত আমরা মোটামুটি একটা ব্লকে একটা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং দুটো উপস্বাস্থ্যকেন্দ্র তৈরী করার কথা জোর দিয়ে ভাবছি। এবং কতকগুলি এলাকা আছে খুব দুর্গম এলাকা, পাহাড়ী এলাকা বলতে পারেন বা সুন্দরবনের মত দুর্গম এলাকা, কি পুরুলিয়া, বাঁকুড়ার কিছু এলাকা আছে যেগুলি দুর্গম এলাকা সেগুলির ক্ষেত্রে আমরা এই পলিসির কিছু ব্যতিক্রম ঘটাবার কথা ভাবছি।

Audit Report on the accounts of the Nabadwip municipality

***152.** (Admitted question No. *386.) **Shri Amritendu Mukherjee:** (a) Will the Minister-in-charge of the Local Self-Government Department be pleased to state if it is a fact that the Audit Report on the accounts of the Nabadwip municipality, in the district of Nadia, for 1963-64 made some objections and adverse comments about the expenses incurred and sanctioned in connection with setting up of a Municipal brick-field at Nabadwip?

(b) If the reply to (a) is in the affirmative will the Minister be pleased to state—

(i) what were these objections and adverse comments;

(ii) what action, if any, has been taken by the Municipality concerned in the matter; and

(iii) what action, if any, has been taken by the Government in the matter?

Shri Somnath Lahiri: (a) Yes.

(b) (i) An extract of the relevant paragraph of the Audit note is laid on the table of the library.

(ii) It is reported by the Municipality that the said Audit note had not yet been considered by the Commissioners at a meeting.

(iii) The local officers have been requested to furnish a report in the matter. Necessary action will be taken by Government after the report is received.

শ্রীকামাক্ষাচরণ ঘোষ: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে ১৯৬৬ সালে শ্রী লাহিড়ী স্বায়ত্ত শাসন বিভাগের মন্ত্রীর কাছে এই মর্মে একটা প্রশ্ন করেছিলেন কিনা?

শ্রীসোমনাথ লাহিড়ী: হ্যাঁ, করেছিলাম।

শ্রীকামাক্ষাচরণ ঘোষ: তখন স্বায়ত্ত শাসন বিভাগ সে বিষয়ে কোন তথ্য সংগ্রহ করেছিলেন কিনা?

শ্রীসোমনাথ লাহিড়ী: করেছিলেন।

শ্রীকামাক্ষাচরণ ঘোষ: তাহলে এ ব্যাপারে কোন ব্যবস্থা করা হয়েছে কিনা?

শ্রীসোমনাথ লাহিড়ী: যে প্রশ্ন আজকে করা হয়েছে অডিট রিপোর্ট সম্বন্ধে, সেই একই প্রশ্ন গত বছর বাজেট সেসনের সময় আমি করেছিলাম, এম এল এ হিসাবে। স্বভাবতঃ তখন সেই প্রশ্নের জবাব দেওয়ার প্রসঙ্গে স্বায়ত্ত শাসন বিভাগ প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করেছিলেন এবং সেই তথ্যাদি আজকে যা বলা হচ্ছে তখনও ঠিক তাই ছিল, কিন্তু আপনার যে প্রশ্ন কোন অ্যাকশন নেওয়া হয়েছিল কিনা—কোন অ্যাকশন বিভাগ থেকে নেওয়া হয় নি।

শ্রীকামাখ্যাচরণ ঘোষ: যদি না হয়ে থাকে তার কারণ কি?

শ্রীসোমনাথ লাহিড়ী: কারণ কি বলা শক্ত—হয়তো বিভাগের গাফিলতি হয়েছিল, কিংবা হয়তো মন্ত্রিমহাশয় মনে করেছিলেন যে এ বিষয়ে তদন্ত করলে অসুবিধা হতে পারে কারণ কি বলা শক্ত।

[1-50—2 p.m.]

শ্রীকামাখ্যাচরণ ঘোষ: আপনি বোর্ড ও কমিশনার্সদের নাম বললেন, এদের নাম জানাবেন কি—

শ্রীসোমনাথ লাহিড়ী: আমার লিস্ট-এর মধ্যে নেই।

শ্রীঅমলেন্দুলাল রায়: এই সময় চেয়ারম্যান কে ছিলেন বোর্ড অফ কমিসনার্স-এর?

শ্রীসোমনাথ লাহিড়ী: আমি এখন বলতে পারবো না বোর্ড অফ কমিশনার্স-এর চেয়ারম্যান কে ছিলেন।

শ্রীশচীন্দ্রমোহন নন্দী: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে তিনি যা মন্তব্য করলেন যে, অসুবিধা ছিল। আমি প্রশ্ন করতে চাই যে, অডিট রিপোর্ট যা ছিল সেই রিপোর্ট-এর যে রেলেভেন্ট পোরসান এগুলি একস্ট্রিমলি সুপারফিসিয়াল অবজেকশন-এর কথা পড়েছেন কিনা?

শ্রীসোমনাথ লাহিড়ী: আমি আপনার সুবিধার জন্য পড়ে দিচ্ছি, অডিট্ রিপোর্ট-এ যা ছিল সেটা পড়ছি। লাইব্রেরীর টেবিলে যে রিপোর্ট আছে তা আপনি দেখেন নি। তাতে কয়েকটা এডভার্স রিমার্ক্‌স আছে তা আপনি যখন বলছেন তা আমি উল্লেখ করছি।

Rule 147 of the Account Rules clearly prohibits putting in hand any work until a properly detailed estimate is prepared and sanctioned. But in this case the work was carried out without any such estimate. Under section 118 of the Act read with rule 147 of the Account Rules any work the value of which exceeds Rs. 60,000 cannot be undertaken without the approval of the State Government. Though a large amount was involved, viz., over Rs. 1,66,711.00 in the implementation of the project, no such approval was

obtained. It was noticed from Chairman's letters, dated 20th March, 196 to the President, Bablari Union Board, Bablari, requesting to gran necessary brick field license that the lands purchased for the purpose wer situated within Gadkhali and Bablari-Dewanganj Mouzas under Babla Union Board. The lands being thus outside the municipality, n expenditure for acquisition thereof and any other expenditure for executio of works there could be incurred without the sanction of the State Govern ment as required under section 109 of the Act. But that was not obtained The total expenditure of Rs. 7,622.53 p. including an expenditure o Rs. 322.53 was incurred out of the municipal fund for purchase of lan from different parties. But neither any registered deed in support thereo nor any entry of the lands in the land register could be shown to audit No tender was invited for the purpose. Nor was there anything on recor to enact the price of the adjoining lands. It could not therefore be verifie whether the lands were purchased at competitive rates in the best interes of the municipality. No stock account of the bricks actually manufacture was maintained. Nor was any pro forma account showing the cost o production of bricks was prepared for comparison with the prevailin market rate No verification as to whether the muncipality sustained an loan in the manufacture of bricks was therefore possile. The Commis sioners at their adjourned special meeting, dated 29th March, 1965 accordingly took a serious view of the situation and directed not to pay th unpaid bills for the manufacture of bricks until the stock accounts wer prepared and got examined by the Commissioners A total expenditure o Rs. 12,185 50 p. was incurred for cost of implements supplied to the labou contractor But neither stock entry nor disposal thereof after completio of work could be shown It was observed in the meeting, dated 29th March 1965, referred to above that the implements that were left after the manu facturing of bricks have recently been given or transferred to a bric manufacturer near Bablari For obvious reasons this calls for urgen enquiry One of the clauses of the deed executed with Shri Bhaba Sanka Roy for use of his land on payment of royalty provided Shri Roy t manufacture his own bricks on the same land. No information was avai able as to whether he manufactured any bricks This provision involve the risk of municipality's brick mixed up with those of Shri Roy.

এই ধরনের বহু অভিযোগ এবং এডভার্স কমেন্ট অডিট রিপোর্ট-এ ছিল, সে সম্বন্ধে ১৯৬ সালের বাজেট সেশান-এ প্রশ্ন উত্থাপিত হবার পর যখন দপ্তরের গোচরে ছিল যে এরূপ হয়ে তখন দপ্তরের অ্যাকশন নেওয়া সম্ভব ছিল। কিন্তু তা যে কেন নেওয়া হয় নি তা বলা কঠিন

Loss of man-hours

***153.** (Admitted question No. *400.) **Shri Abdus Sattar:** Will th Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) how many man-hours had been lost since March, 1967, as a resu of "Gheraos" by the employees of different Industries of We Bengal;

(b) the amount of loss as a result of such Gheraos;

(c) whether Gheraos involved the question of law and order; and

(d) in how many cases the employers have not implemented the Wag Board awards?

Shri Subodh Banerjee: (a) and (b) No information si available.

(c) Yes, only in four cases till 15th June, 1967.

(d) 20 cases till 15th June, 1967.

শ্রীভোলানাথ ব্রহ্মচারী: মাননীয় মন্ত্রিমহাশয় অবগত আছেন কি যে সীমান্তে অবস্থিত সুন্দরবনের নদীতে শ্রমিক-মালিক বিরোধের ফলে সেখানে ঘেরাও হয়েছে এবং আজ ১৫ দিন যাবত তার ফলে সীমান্ত জনগণের সঙ্গে বিচ্ছিন্ন হয়ে গেছে? হাসনাবাদ, হিঙ্গলগঞ্জ, ভান্ডারখালি, রামপুর, কোশবান্দু, ছোটমোল্লাখালি, কালিনগর, সন্দেশখালি ইত্যাদি জায়গার সব পাকিস্তান সীমান্তে আটক হয়ে পড়েছে এবং এর ফলে সংযোগ বিচ্ছিন্ন হয়ে যাচ্ছে।

শ্রীসুবোধ বন্দ্যোপাধ্যায়: এই প্রশ্ন থেকে এটা আসে না। তবুও আমি আপনার অবগতির জন্য উত্তর দিচ্ছি। বসিরহাট মহকুমায় লঞ্চের যে ধর্মঘট হয়েছিল সেটা মীমাংসা হয়ে গেছে, গত ১০ই জুলাই তারিখে লেবার ডাইরেকটরেট এবং এ ডি এম শ্রী এ কে মুখার্জি-এর মধ্যস্থতায়।

[2—2-10 p.m.]

Shri Abdus Sattar: Sir, I ask whether Gheraos involved the question of law and order.

Shri Subodh Banerjee: The whole matter is before the Hon'ble Calcutta High Court. It is the Judiciary that can pass any opinion on it, not the Executive

Shri Abdus Sattar: Whether the Advocate-General has given his opinion to the effect that Gherao is an offence under the Indian Penal Code.

Shri Subodh Banerjee: So far as the Indian Penal Code is concerned, there is no mention anywhere in it of Gherao. There is mention of wrongful confinement But whether Gherao is a wrongful confinement or not is a matter for the Hon'ble High Court to decide.

Shri Abdus Sattar: My question is whether Gherao is an offence under the Indian Penal Code, whether this opinion has been given by the Advocate-General or not.

Shri Subodh Banerjee: Labour Department is not aware of any such opinion given by the Advocate-General.

শ্রীঅমলেন্দ্রলাল রায়: মাননীয় মন্ত্রিমহাশয় 'ডি' প্রশ্নের উত্তরে কতকগুলি সংখ্যা দিয়েছেন। কোন পিরিয়ডের মধ্যে এই সংখ্যাগুলি পাওয়া যাচ্ছে এটা দয়া করে বলবেন কি?

Shri Subodh Banerjee: From the 1st March to 15th June, 1967.

(Questions over)

STARRED QUESTIONS
(to which answers were laid on the table)

Gherao cases

***154.** (Admitted question No. *430.)

শ্রীরাজেন্দ্র সিংহ সিংহী: শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত মার্চ মাস, ১৯৬৭ থেকে জুন মাস পর্যন্ত পশ্চিমবঙ্গে কতকগুলি ঘেরাও-এর ঘটনা হয়েছে;

(খ) ঘেরাও-এর ফলে লে-অফ বা ছাঁটাই হয়েছে কি না;

(গ) ইহা কি সত্য যে এই রাজ্য থেকে কল-কারখানা অন্য রাজ্যে চলে গিয়েছে বা যাওয়ার উদ্দেশ্যে উদ্যোগ করছে; এবং

(ঘ) সত্য হলে এ বিষয়ে রাজ্য সরকার কি ব্যবস্থা করেছেন?

The Minister for Labour Department:

(ক) ৪১২টি।

(খ) ও (গ) তথ্য জানা নাই।

(ঘ) প্রশ্ন উঠে না।

Strikes and Gheraos in nationalised industries

***155.** (*Admitted question No. *454.*)

শ্রীঅরুণকুমার মৈত্র: শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিগত মার্চ, ১৯৬৭ হইতে এ সময় পর্যন্ত পশ্চিমবঙ্গের রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠানগুলিতে কতগুলি ঘেরাও ও ধর্মঘট ঘটিয়াছে এবং উহার মধ্যে পশ্চিমবঙ্গ সরকার পরিচালিত প্রতিষ্ঠানগুলির নাম কি;

(খ) উক্ত পশ্চিমবঙ্গ সরকার পরিচালিত প্রতিষ্ঠানগুলির কোনটি কতদিন অচল ছিল;

(গ) রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠান যেগুলি অচল হইয়া পড়ে তাহাতে ব্যাহত উৎপাদনের আর্থিক মূল্য কত এবং পশ্চিমবঙ্গ সরকার পরিচালিত প্রতিষ্ঠানগুলির কত আর্থিক ক্ষতি হইয়াছে;এবং

(ঘ) উক্ত প্রতিষ্ঠানগুলির মধ্যে কোন কোনটি অত্যাবশ্যক শ্রেণীর মধ্যে পড়ে?

The Minister for Labour Department:

(ক) ১৯৬৭ সালের মার্চ হইতে ১৫ই জুন পর্যন্ত সময়ে—

(১) পশ্চিমবঙ্গে রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠানগুলিতে ঘেরাও-এর সংখ্যা—৩৭।

(২) উক্ত প্রতিষ্ঠানগুলিতে ধর্মঘটের সংখ্যা—শূন্য।

(৩) পশ্চিমবঙ্গ সরকার পরিচালিত প্রতিষ্ঠানগুলির নাম পৃথক একটি তালিকায় (১নং) দেওয়া হইল।

(খ) সম্পূর্ণ অচল হইয়াছে এরূপ তথ্য জানা নাই।

(গ) তথ্য জানা নাই।

(ঘ) এই বিষয়ে পৃথক একটি তালিকা (২নং) দেওয়া হইল।

LIST I

1. The Kalyani Spinning Mills Ltd., Kalyani, Nadia.
2. State Electricity Board, Sodepore, State Electricity Board, Farakka, Murshidabad, State Electricity Board, Raigunj, State Electricity Board, Cooch Behar.
3. Jaldhaka Project, Jaldhaka.
4. Coke-oven.
5. Durgapur Project Ltd., Durgapur.
6. Bandel Thermal Power Station of State Electricity Board, Hooghly.

LIST II

1. Durgapore Steel Plant (Stores & Sub-Stores).
2. Durgapore Steel Plant (Township).
3. Durgapore Steel Plant (Steel Melting Shop).

4. Durgapore Steel Plant (Slag Bank Sec.).
5. Durgapore Steel Plant (Steel Melting Shop).
6. Durgapore Steel Plant (Foundry Section).
7. Durgapore Steel Plant (Coke Oven).
8. Durgapore Steel Plant (Hospital).
9. Durgapore Steel Plant (Extension Service No. 3).
10. Durgapore Steel Plant (Water Supply Department).
11. Durgapore Steel Plant (C.E.M. Section of Heavy Maintenance Construction).
12. Durgapore Steel Plant (Civil Engineering Department)
13. Durgapore Steel Plant (Steel Machine Shop).
14. Durgapore Steel Plant (Coke Oven).
15. Durgapore Steel Plant.
16. Alloy Steel Project, Durgapore (Central Store).
17. Alloy Steel Project, Durgapur (Civil Division No. I, Durgapur).
18. Alloy Steel Project, Durgapur (Traffic Department).
19. M. A. M. C. Durgapur.
20. Bandel Thermal Power of State Electricity Board, Hooghly.
21. Bandel Thermal Power of State Electricity Board, Hooghly.
22. Hindusthan Aeronautics Ltd., Topkhana Road, Barrackpore.
23. State Electricity Board, Sodepore.
24. West Bengal State Electricity Board, Farakka, Murshidabad.
25. Jessop & Co. Ltd., (Farakka Workshop)
26. Jessop & Co. Ltd., Netaji Subhas Road, Calcutta-1.
27. State Electricity Board, Ranigunj.
28. Jaldhaka Project, Jaldhaka.
29. State Electricity Board, (Cooch Behar)
30. Rajabagan Dockyard, Metiabruz, Calcutta.
31. R. I. C. Production Centre, Chakadah, Nadia.
32. R. I. C. Rupnarayanpur, Salanpur.
33. Durgapur Project Ltd., Durgapur.
34. Durgapur Steel Plant, Durgapur.
35. Alloy Steel Plant (Ban. Mill), Durgapur.

Appointment of Information Officers

***156.** (Admitted question No. *499.)

শ্রীসুধীরচন্দ্র দাশ: তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকারের তথ্য ও জনসংযোগ বিভাগে এ পর্যন্ত যে কয়জনকে বিভিন্ন ইনফরমেশন অফিসার পদে বাহির হইতে নিয়োগ করা হইয়াছে সেই সেই পদগুলির শূন্যতা পূরণের জন্য যথারীতি সংবাদপত্রে বিজ্ঞপ্তি প্রচার করা হইয়াছিল কিনা;

(খ) হইয়া থাকিলে, উক্ত পদপ্রার্থীদেরকে কিভাবে পরীক্ষা করা হইয়াছিল;

(গ) ইহা কি সত্য যে ঐ বিভাগের কর্মরত বিভাগীয় অফিসারদের উক্ত পদে কাহাকেও সুযোগ দেওয়া হয় নাই; এবং

(ঘ) সত্য হইলে ইহার কারণ কি?

The Minister for Publicity:

ইনফরমেসন অফিসারের পদে যে সমস্ত ব্যক্তিকে বাহির হইতে নিয়োগ করা হইয়াছে তাহাদের সকলকেই প্রথমে একটি লিখিত পরীক্ষা দিতে হইয়াছিল। এই পরীক্ষার খাতা প্রেসিডেন্সী কলেজের একটি বিভাগের অধ্যক্ষ এবং স্থানীয় একটি ইংরেজী দৈনিক সংবাদ-পত্রের সম্পাদক কর্তৃক পরীক্ষিত হইয়াছিল। এই পরীক্ষা ছাড়া আর একটি সিলেক্‌শন কমিটির নিকট ইহাদের মৌখিক পরীক্ষাও দিতে হইয়াছিল।

না। বস্তুতঃ, এখন পর্যন্ত যে ১২টি ইনফরমেশন অফিসারের পদ অস্থায়ীভাবে পূরণ করা হইয়াছে তাহার মধ্যে মাত্র ৪ জন বহিরাগত, ৭ জন ছিলেন এই বিভাগে কর্মরত এবং ১ জন খাদ্য ও সরবরাহ বিভাগে কর্মরত ছিলেন।

Family Welfare Centres

***157.** (Admitted question No. *533.) **Dr. Gopal Das Nag:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) how many Family Welfare Planning Centres, approved by the Government are running at present in West Bengal; and

(b) whether these centres get the Government grants regularly and in time?

The Minister for Health: (a) At present 74 urban and 104 Rural Family Welfare Planning Centres are functioning in West Bengal under different Voluntary Organisations and Local Bodies.

(b) The Family Planning Centres get the Government grants regularly and in time on timely submission of the relevant papers, viz., Utilisation Certificate, Audited Accounts, progress of work done, etc., as per terms and conditions laid down by the Government of India for giving such grants under the Family Planning Programme. Sanction to the grants-in-aid is sometimes delayed due to non-submission of detailed particulars in time by the Voluntary Organisations or Local Bodies and in some cases due to inaccurate statement of accounts of these Organisations. Previously such grants used to be sanctioned by the Government of India direct. This Government have commended payment of these grants to local bodies and Voluntary Organisations from the current financial year.

Construction of a water-works at Kharagpur

***158.** (Admitted question No. *542.) **Shri Narayan Choubey:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if it is a fact that there is a plan of the West Bengal Government to construct a water-works at Kharagpur; and

(b) if so, what is the position of the said plan and when the work of the construction will start?

The Minister for Health: (a) Yes.

(b) The State Government have recently decided to sanction the scheme. The work is likely to commence shortly.

Grievances of the employees of the Great Eastern Hotel

***159.** (Admitted question No. *587.) **Dr. Md. Fazle Haque:** (a) Will the Minister-in-charge of the Labour Department be pleased to state whether the Government is aware of the fact that the Great Eastern Hotel authorities have charge-sheeted all the leading memebers of the Workers Panchayat and dislodged them from the quarters?

(b) If the answer to (a) be in the affirmative will the Minister be pleased to state—

(i) whether the Government has received any representation from the said Workers Panchayats in this respect; and

(ii) what steps, if any, have been taken by the Government to protect these workers?

The Minister for Labour: (a) Yes; 25 workmen have been affected.

(b) (i) Yes.

(b) (ii) The matter is under conciliation and the management has been asked by the Labour Directorate to withdraw the suspension orders against the workmen and to allow them to return to their quarters.

Death from mal-nutrition in certain districts

***160.** (Admitted question No. *651.)

শ্রীপুরঞ্জয় প্রামাণিকঃ স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পুরুলিয়া, বাঁকুড়া, মুর্শিদাবাদ, নদীয়া প্রভৃতি জেলায় ১৯৬৭ সালের মার্চ মাস হইতে ১৯৬৭ সালের ১৫ই জুন পর্যন্ত কতজন অপুষ্টিজনিত কারণে মারা গিয়াছেন?

The Minister for Health:

স্বাস্থ্য দপ্তরে প্রাপ্ত রেকর্ড হইতে দেখা গিয়াছে যে গত মার্চ মাস হইতে জুন মাস পর্যন্ত সময়ে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় বিশ্বস্বাস্থ্য সংস্থার কোডে বর্ণিত "অনিয়ন্ত্রিত অপুষ্টি" (unqualified mal-nutrition) বশত মোট ৩৯ জনের মৃত্যু হইয়াছে।

Threat of closures and lock-out held out by some employers

***161.** (Admitted question No. *362.) **Shri Rabin Mukherjee:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether the Government is aware of the threat of closures and lock-out held out by the employers like Messrs. Ananda Metal of Alambazar, Messrs. Eagle Metal of Ballygunge, Messrs. Link Machinery of Ultadanga against the workers' claims for the implementation of the 7th Industrial Tribunal Award for the Engineering Industries; and

(b) if so, what steps the Government proposes to take to safeguard the interests of the workers?

The Minister for Labour: (a) The Government is not aware of any such threat.

(b) The disputes in Messrs. Ananda Metal and Messrs. Lynx Machinery Ltd., have been settled. The dispute in the other establishment is still under conciliation.

Anchal Panchayats for Bankra and Salap Anchals

***162.** (Admitted question No. *378.)

শ্রীআমেদ হোসেন মণ্ডলঃ পঞ্চায়েৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে হাওড়া জেলার ডোমজুড় আঞ্চলিক পরিষদের অন্তর্গত "বাঁকড়া" ও "শলপ" অঞ্চলগুলির কোন অঞ্চলপ্রধান নাই; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—(১) ইহার কারণ কি; এবং (২) ঐ অঞ্চল দুটির জন্য স্বায়ত্তশাসন বিভাগীয় কার্য কে সম্পাদন করিতেছেন?

The Minister for Panchayats:

(ক) হ্যাঁ, ইহা সত্য।

(খ) (১) পূর্বতন 'বাঁকড়া' ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট মহাশয় মহাধর্মাধিকরণে মামলা দায়ের করায় উক্ত 'বাঁকড়া' ও 'শলপ' অঞ্চল পঞ্চায়েত দুইটির প্রধান নির্বাচন করা সম্ভব হয় নাই।

(২) উক্ত অঞ্চল পঞ্চায়েত দুইটির এলাকায় বর্তমানে স্বায়ত্তশাসন কার্য সম্পাদন করিবার জন্য গ্রাম পঞ্চায়েত ভিন্ন অন্য কোন প্রতিষ্ঠান নাই। কারণ জেলাশাসক কর্তৃক প্রশাসক নিযুক্ত হইবার ফলে ২৩শে জুলাই ১৯৬৬ তারিখ হইতে উপরোক্ত ২টি অঞ্চলে পূর্বতন "বাঁকড়া" ইউনিয়ন বোর্ড আর চালু নাই। আবার মহাধর্মাধিকরণ হইতে ইনজাংশন জারী হইবার ফলে প্রশাসক ও অঞ্চল পঞ্চায়েত ২টির কার্য সম্পাদন করিতে পারিতেছেন না, তবে উপরোক্ত অঞ্চল পঞ্চায়েত দুইটির অন্তর্গত গ্রাম পঞ্চায়েতগুলি ২৩শে জুলাই ১৯৬৬ তারিখ হইতে কার্যকরী হইয়াছে।

Issue of press accreditation cards

***163.** (Admitted question No. *553.)

শ্রীগিরীন্দ্রনাথ মণ্ডল: তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৫, ১৯৬৬ এবং ১৯৬৭ সালের জুন মাস পর্যন্ত কতজনকে পশ্চিমবঙ্গ সরকার প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড দিয়াছেন; এবং

(খ) কতজনকে ঐ কার্ড দিবার জন্য বিবেচনা করা হইতেছে?

The Minister for Publicity:

(ক) গত ১৯৬৫ সাল হইতে ১৯৬৭ সালের জুন মাস পর্যন্ত মোট ৬৭ জনকে প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড দেওয়া হইয়াছে।

কলিকাতায়

প্রেস রিপোর্টার—৩৬
প্রেস ফটোগ্রাফার ৯

জিলাসমূহে

প্রেস রিপোর্টার—১৯
প্রেস ফটোগ্রাফার ৩

মোট ৬৭

(খ) এ পর্যন্ত আর ৫ জনকে এ কার্ড দিবার বিবেচনা করা হইতেছে।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Expenditure on Relief and Test Relief through Zilla Parishad, Hooghly district

58. (Admitted question No. 320.)

শ্রীঅমলেশচন্দ্র মজুমদার: ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলা পরিষদের মাধ্যমে ১৯৬৬-৬৭ সালে টেস্ট রিলিফ ও রিলিফের জন্য যে টাকা ব্যয় হইয়াছে তাহার পূর্ণ ও সঠিক হিসাব ত্রাণ বিভাগ পাইয়াছেন কিনা; এবং

(খ) না পাইয়া থাকিলে এই বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা হইতেছে?

The Minister for Relief:

(ক) ও (খ) হুগলী জেলা পরিষদ তাঁহাদের মাধ্যমে ১৯৬৬-৬৭ রিলিফ খাতে ব্যয়িত অর্থের যে হিসাব দিয়াছেন উহা সঠিক ও নির্ভুল কি না তাহা অনুসন্ধানের জন্য প্রতি ব্লকে বি-ডি-ও-দের নেতৃত্বে অন্যান্য সরকারী কর্মচারীদের লইয়া একটি করিয়া দল গঠন করা হইয়াছে এবং বর্ধমান রিজিওনের এ্যাসিসটেন্ট রিজিওন্যাল ডাইরেক্টর অফ পঞ্চায়েত জেলা পরিষদের হিসাব পরীক্ষা করিতেছেন।

এ ছাড়া পশ্চিমবঙ্গের মহা-গাননিককে (এ্যাকাউন্টেন্ট-জেনারেল) জেলা পরিষদের হিসাব পরীক্ষার জন্য বিশেষভাবে অনুরোধ করা হইয়াছে।

Drainage system in different police-stations of Hooghly district

59. (Admitted question No. 321.)

শ্রীঅমলেশচন্দ্র মজুমদার: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে হুগলী জেলার হরিপাল, পোলবা, দাদপুর ও সিঙ্গুর থানার জলনিকাশীর সুষ্ঠু কোন ব্যবস্থা না থাকাতে চাষের অসুবিধা ও ফসলের ক্ষতি হইতেছে;

(খ) অবগত থাকিলে এই বিরাট এলাকার জলনিকাশীর কি ব্যবস্থা সরকার অবলম্বন করিতেছেন; এবং

(গ) পশ্চিমবঙ্গ বন্যা তদন্ত কমিশনের সুপারিশ অনুযায়ী ঘিয়াকুন্তী বেসিন প্রকল্পটি রূপায়িত করিবার ব্যাপারে সরকার এ পর্যন্ত কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

The Minister for Irrigation and Waterways:

(ক) হ্যাঁ।

(খ) ও (গ) এই বিরাট এলাকাটির জলনিকাশী সমস্যা ঘিয়াকুন্তী বেসিন জলনিকাশী প্রকল্পের সহিত জড়িত। ঘিয়াকুন্তী বেসিন দামোদর ভ্যালী প্রকল্পের সেচ এলাকার অন্তর্ভুক্ত। সেচ এলাকার মধ্যে জলনিকাশের সুবিধার জন্য দামোদর ভ্যালী কর্পোরেশন পূর্বে কুন্তী হইতে একটি 'কাট' খনন করেন। পশ্চিমবঙ্গ বন্যা তদন্ত কমিশনের সুপারিশ অনুযায়ী ঘিয়া-কুন্তী বেসিন জলনিকাশী প্রকল্পের খসড়া প্রস্তুত করা হয়। এই প্রকল্পের মধ্যে উক্ত কুন্তী কাটের প্রসারণের ব্যবস্থা আছে। মুখ্যবাস্তুকারের নির্দেশ অনুযায়ী আরও বিশদ অনুসন্ধানের পর ঘিয়াকুন্তী বেসিন জলনিকাশী প্রকল্পটি পুনর্বিন্যাস করার ব্যবস্থা হইতেছে। প্রকল্পটি যথাসম্ভব শীঘ্র চূড়ান্তরূপে প্রস্তুত হইলে পর ইহা রূপায়িত করিবার বিষয় অবশ্যই বিবেচনা করা হইবে।

Refugees in Samserganj police-station, Murshidabad

60. (Admitted question No. 475.)

শ্রীশীস মহম্মদ: উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে সম্প্রতি মুর্শিদাবাদ জেলার সামসেরগঞ্জ থানায় প্রায় ৪ হাজার উদ্বাস্তুর আগমন হইয়াছে?

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) সরকার ঐ উদ্বাস্তুগণের পুনর্বাসনের জন্য কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন;

(২) মুর্শিদাবাদ জেলায় যে সকল উদ্বাস্তু বসবাস করিতেছেন তাহাদের জন্য পশ্চিম-বঙ্গ সরকার ১৯৬৭-৬৮ সালে কি পরিমাণ অর্থ বরাদ্দ করিয়াছেন?

The Minister for Refugee Relief and Rehabilitation:

(ক) না, গত ২ বৎসরের মধ্যে সামসেরগঞ্জ থানায় এইরূপ উদ্বাস্তু আগমন হয় নাই।

(খ) (১) (ক) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন উঠে না।

(২) আংশিক পুনর্বাসনপ্রাপ্ত শরণার্থিগণের গরুর গাড়ী ক্রয় বাবদ ১৮ হাজার ৬ শত টাকা ঋণ দেওয়া যাইতে পারে।

Incidences of arson in Farakka and Samserganj police-stations

61. (Admitted question No. 511.)

শ্রী টি এ নুরুন্নবি: ত্রাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত এপ্রিলের মাঝামাঝি হইতে শুরু করিয়া জুন মাসের মাঝামাঝি পর্যন্ত ফরাক্কা ও সামসেরগঞ্জ থানা অঞ্চলে কতবার আগুন লাগার ফলে কতগুলি পরিবার ক্ষতিগ্রস্ত হইয়াছে; এবং

(খ) ঐ সকল ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে কোন্ প্রকারের কি পরিমাণ সরকারী সাহায্য দেওয়া হইয়াছে?

The Minister for Relief:

(ক) ১৫ বার আগুন লাগার ফলে মোট ১৭২টি পরিবার ক্ষতিগ্রস্ত হইয়াছে।

(খ)

খয়রাতি সাহায্য	...	...	৬০৭ টাকা
ধুতি	...	...	২০ টি
শাড়ী	...	...	২০ টি
প্যান্ট	...	...	৩৫ টি
সার্ট	...	...	১৩ টি
ফ্রক	...	...	১০ টি

দুর্দশাগ্রস্ত ব্যক্তিদের অস্থায়ী আশ্রয়ের জন্য ১৫টি ত্রিপল সরবরাহ করা হইয়াছে এবং প্রয়োজন ক্ষেত্রে গৃহনির্মাণ অনুদান দেওয়ার ব্যবস্থা করা হইতেছে।

Calling Attention to Matter of Urgent Public Importance

Mr. Speaker: The Minister-in-charge of the Home (Police) Department will please make a statement on the subject of reported anti-State activities of International Detectives Agency (Private) at P61 C.I.T. Road, Calcutta, called attention by Dr. A. M. O. Ghani and Shri Kanai Lal Bhowmik on the 6th July, 1967.

Shri Subodh Banerjee: Sir, in reply to the calling attention notice given by Dr. A. M. O. Ghani on 6th July, 1967, on the subject of existence of an office of International Detective Agency (Pvt.) at premises No. P61, C. I. T. Road, Calcutta-14, involved in certain anti-State activities, I may be permitted to make the following statement on behalf of the Chief Minister.

Shri Prem Kumar of Patiala, the present Managing Director of the Globe Detective Agency (P.) Ltd., had been to U.S.A. at the age of 18 years, sent by his father Major S. B. Lal of the Indian Army for a course of training in the Civil Engineering. He stayed in U.S.A. for a period of five years but he did not feel any inclination towards the engueering profession. On the contrary, his mind was attracted towards the art of detection of various kinds of crime. As such, he started taking training in different private detective training centres in U.S.A. and U.K., without the knowledge and consent of his father. After his return in India in the year 1961 he was received very coldly by his father who did not possibly appreciate his talents and aptitude for detection of crimes. Shri Prem Kumar, while in U.S.A., was conferred the rank of a Captain from one of the private detective centres. Capt. Prem Kumar, quite un-nerved by the attitude of his father, took up his own profession and successfully rendered valuable assistance to Delhi Police in the detection of some heinous crimes such as taxi driver murder case, Narauli murder case, etc. Being encouraged he started an office in Delhi in the name of The International Detective Agency in the year 1961. This agency mainly devoted its activities in the insurance cases. In the year 1962 one Shri Gulchand Bakshi resigned from Delhi Police and joined this organisation as an Investigator In the year 1965 Major S. B Lal, who had retired from the Indian Army in the meantime, changed his mind and agreed to support his son in the latter's profession As a result, the name of The International Detective Agency was changed to the Globe Detective Agency (P.) Ltd. with Major S. B. Lal as the Chairman and Capt Prem Kumar and his wife as Managing Director and Director respectively This firm ws registered with the Registrar of Companies, New Delhi, on 11th May, 1965, as per certificate of incorporation No. 4387 of 1965/66 having its registered office at 16 1963 Bank Street, New Delhi-5. This detective agency further started expansion of its activities by opening an office at premises No. 155, Park Street, Calcutta, in January 1966. After 5/6 months this office was shifted to the present address at P/62, C.I.T. Road, 2nd floor. In this office besides Capt. Prem Kumar and Shri Bakshi, now the Chief Investigator, there are 13 people consisting of 9 Investigators and 4 office staff. In addition to this there is a regular security force of 78 persons in the following ranks: (1) Security Officer—4, pay scale from Rs. 175 per month plus allowances and upwards. (2) Havildar—8, pay scale from Rs 125 per month plus allowances to Rs. 150 per month plus allowances. (3) Watchman—66, pay scale Rs. 95 per month plus allowances

[2-10—2-20 p.m.]

Regarding the functions and activities of the agency, the management had issued leaflets and cards for circulation amongst the public In this leaflet the activities had been described as follows: (1) All types of insurance cases involving theft of vehicles, third party claims, loss of goods in transit, pilferage non-delivery of goods fire and personal accident cases, etc. (2) Criminal cases including all kinds of theft cases, murder cases with the help of police. (3) Divorce cases. (4) Shadowing. (5) Industrial problems including pre-employment test, detection of fires, sabotage, etc. (6) Financial—including collection of information regarding a company or an individual. (7) Foreign enquiries (8) Security Department supplying security men and giving instruction for necessary security measures to all the industrial concerns. The leaflet also revealed that this agency is a member of the following organisations: (1) International Directory of Detective Agencies, U.S.A. (2) Texan Detective Academy, Texas, U.S.A. (3) Associated Special Investigators, Canada. (4) World Secret Service Association, U.S.A.

The functions of the agency are mainly two: (1) Investigation, (2) Security.

Any indivudial or company interested to get the assistance of this agency, usually approaches the management with a specific proposal, which is afterwards carefully verified. If on verification, the agency is satisfied it accepts the proposals and then a contract is signed between the parties regarding the terms and conditions.

To cite a few instances of its present activities the following facts are mentioned:

(1) One security officer, four Havildars and twenty-two watchmen are working in Parsia Colliery, P.O. Kajragram, district Burdwan, since February, 1967.

(2) One security officer, one Havildar and 10 watchmen are working in Damodar Iron and Steel Works Ltd., Hemantanagar, P.O. Raniganje, district Burdwan, since a year.

(3) one security officer, one Havildar and 11 watchmen are working in Poddar Projects, Taratola Road, since May, 1967.

(4) Six watchmen are working in Lily Biscuit Co at Ultadanga, Calcutta, since one year.

(5) Four watchmen are working in Saraswati Press near Dunlop Bridge, Baranagore, since a year.

On 20th June, 1966, Captain, Prem Kumar wrote a letter to the Assistant Commissioner of Police, Detective Department, Lal Bazar, stating in detail all the functions and activities of the agency as well as his own history. Inspector Shri D. P. Mukherji, Officer-in-charge, Criminal Record Section, Detective Department, Lal Bazar, made some enquiries in the connection

On 30th June, 1967, one Mr. Jhavery, Works Manager, Union Carbide, 1 Middleton Street, contacted Shri Rathin Paul Choudhury, the Special Officer of this agency, in absence of Captain Prem Kumar who was away in Assam and Shri Bakshi, Chief Investigator, who was out in Raniganje area for disbursing salaries to the staff. On 1st June, 1967, Shri Choudhury signed a contract with Union Carbide through Mr. Jhavery for supply of 12 watchmen for security duties in the Cossipore Factory for one month from 3rd July, 1967. Shri Choudhury charged Rs 2,520 in all and the Union Carbide paid half of the amount in advance on 1st July, 1967, and issued 12 identity cards for the watchmen. As per arrangement 12 watchmen with uniform, identity cards and beddings were sent to the Cossipore factory of the Union Carbide at 5 a.m. on 3rd July, 1967 After some time at about 7 a.m. on the same day all the watchmen came back to the office of the agency and 5 of them had bleeding injuries on their persons. It was alleged that these 12 watchmen, while entering the factory, where the workers were on strike, were obstructed and beaten up by some unknown persons. Mr. Jhavery, Works Manager, informed the Officer-in-charge, Cossipore Police Station, through a letter about this and the workers of the factory had also lodged a diary at Cossipore P.S. The names of the injured persons are (1) Berinath Rai, 4 Krishna Laha Lane, (2) Shibnarayan Rai, 6 Dihi Serampur Road, (3) Benarasi Ram, 4 Krishna Laha Lane, (4) Ijahar Singh Thapar, P-62 C.I.T. Road, (5) Chamnarayan, P-62 C.I.T. Road. They were looked after by the management of the agency and were medically treated by a private doctor brought by the firm and were kept inside the office. Two of them, Ijahar Singh Thapar and Berinath Rai, who sustained isjuries on their head, were taken to Medical College Hospital by the management and they were treated in the hospital and were discharged. In the meantime the Chief Investigator arrived at Calcutta and came to know about this incident.

On 4th July, 1967, one Shib Basak Rai of Dihi Serampore Road came to the office of the agency in search of his cousin brother Sibnarayan, an injured watchman. A section of the local people, out of curiosity, assembled near the office of the agency at about 11-30 p.m. The sight of the injured persons inside the office created some excitement among the people collected. The members of the public informed the local police, Beniapukur, at about 3 a.m. on 5th July, 1967. The local police arrived at the spot and made enquiries in the said office. The statement of the injured persons were recorded and they had no grievance against the management. The relevant records were also scrutinised and nothing objectionable could be found. In the meantime the O.C., Cossipore P.S., was contacted and he corroborated the facts stated by the injured persons. Subsequently, the management paid adequate compensation to the injured watchmen and 3 of them left their job altogether.

One Lalmoni Singh, an employee of this agency, wrote a letter from Parsia Colliery that Shri Kalyan Roy, a leader of the labour union in the colliery area, was recruiting members from staff and the workers with the assistance of Shri B. C. Misra, the Head Clerk of Paria Colliery. Such letters were written from the colliery area to give intimation to this agency about the current security position prevailing there. According to the opinion of Captain Prem Kumar who has returned to Calcutta from Assam this evening, 9th July, 1967, the contract signed by Shri Choudhury with the Union Carbide was irregular and against the policy of the agency inasmuch as there cannot be any contract for less than a year and, secondly, the agency never takes up any such contract with a firm where there is labour trouble or strike or lockout. It may be mentioned here that Shri Choudhury made himself scarce and applied for long leave after this incident. The management is now contemplating to take suitable action against him for signing a contract against the policy of the agency.

ডাঃ গোপিকারঞ্জন মিত্রঃ মিঃ স্পীকার স্যার, মাননীয় মন্ত্রিমহাশয়ের এই বিবৃতিটি এত লম্বা, আমরা এর একটা কপি চাই।

শ্রীকানাই ভৌমিক: মিঃ স্পীকার স্যার, আমরা চাই এটার উপর একটা ডিবেট হোক, এবং তার জন্য এক ঘণ্টা সময় ফিক্সড করা উচিত। এটা খুব গুরুতর ব্যাপার। এটা সি আই এর ব্যাপার।

Mr. Speaker: আন্ডার দি রুলস, আপনাদের যা করণীয় তা আপনারা করুন, এবং আন্ডার দি রুলস আমাব যা করণীয়, তা আমি করবো।

But under the rules you cannot interrupt the Speaker while he is on legs. উনি তো বলেছেন সমস্ত বিষয়টি ভাল করে জেনে কালকে বলবেন।

I have received seven notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Starvation deaths in Vidyanandapur Union, P.S. Hirapur, district Burdwan—from Dr. Gopika Ranjan Mitra;

(2) Looting by workers of Communist Party at village Kalahajra, p.s. Basanti, district 24-Parganas—from Shri Girindra Nath Mondal;

(3) Alleged murder of the Vice-President of Bangla Congress Party, Khalna Anchal Unit—from Dr. Sunil Kumar Mitra and Shri Monoranjan Bakshi;

(4) Acute food crisis in Malda—from Shri Abul Barkat Atawal Ghani Khan Chaudhury;

(5) Dilapidated condition of Contai-Juneput Road in Midnapur district —from Shri Sudhir Chandra Das and Shri Bibhuti Pahari;

(6) Joint convention of State Government employees and L.I.C. employees on 13th July, 1967—from Shri Pramatha Nath Dhibar; and

(7) Refusal by the medical college authorities to provide application forms for admission to meritorious students—from Dr. Nalinaksha Sanyal.

I have selected the notice of Dr. Nalinaksha Sanyal on the subject of refusal by the medical college authorities to provide application forms for admission to meritorious students. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Shri Nani Bhattacharya: Tomorrow.

[2-20—2-30 p.m.]

DEMAND FOR GRANT NO. 38

Total Demand— Rs. 5,44,28,000

MAJOR HEAD: 64—FAMINE RELIEF

Shri Nishitha Nath Kundu: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs 3,63,46,000 be granted to complete sum necessary for expenditure under Grant No. 38, Major Head: 64—Famine Relief. Rs. 1,80,82,000 has already been voted on account

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে পশ্চিমবঙ্গের যুক্তফ্রন্ট সরকার কর্তৃক আয়োজিত ত্রাণ ব্যবস্থা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করবো। পূর্বতন সরকারের আমলে ত্রাণ ব্যবস্থায় যে নীতি অনুসৃত হচ্ছিল, যুক্তফ্রন্ট সরকার তার কোন মৌলিক পরিবর্তন করেন নি অর্থাৎ দুঃস্থ ব্যক্তিদের দুর্দশা লাঘবের জন্য যে সকল সাহায্য পূর্বে দেওয়া হত বর্তমানে সেগুলি সব চালু রাখা হয়েছে, যথাঃ সহায় সম্বলহীন দুঃস্থ ব্যক্তিদের মধ্যে খয়রাতী সাহায্য বিতরণ, দুঃস্থদের মধ্যে যারা কর্মক্ষম তাদের জন্য শ্রমোদ্যোগের (সহায়ক কার্য) মাধ্যমে কর্মসংস্থান করা, দুঃস্থ চাষীদের মধ্যে কৃষিঋণ বিতরণ, প্রাকৃতিক দুর্যোগ বা অগ্নিকাণ্ডের ফলে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের জরুরী সাহায্য বিতরণ এবং বিনষ্ট বা ভস্মীভূত বাসগৃহ মেরামতের জন্য গৃহনির্মাণ অনুদান বিতরণ, দুঃস্থ কারিগরদের পুনর্বাসনের জন্য কারিগরী ঋণ ও অনুদান বিতরণ, গরীব ব্যক্তিদের জন্য জামাকাপড় বিতরণ ইত্যাদি।

তবে যুক্তফ্রন্ট সরকার সাহায্য বণ্টনের ব্যবস্থার অনেক পরিবর্তন করেছেন। ১৯৬৫-৬৬ সালের শেষ ভাগ থেকে ১৯৬৬-৬৭ সাল পর্যন্ত খয়রাতী সাহায্য বিতরণ এবং শ্রমোদ্যোগের মাধ্যমে দুঃস্থ অথচ কর্মক্ষম ব্যক্তিদের কাজের সংস্থান সহ বিভিন্ন সাহায্য জিলা পরিষদ, আঞ্চলিক পরিষদ, অঞ্চল পঞ্চায়েত প্রভৃতি পঞ্চায়েতী প্রতিষ্ঠানের মাধ্যমে বিতরণ করা হয়েছিল। বিগত সাধারণ নির্বাচনের পর এই রাজ্যে কার্যভার গ্রহণ করার পর আমরা দেখেছি যে পঞ্চায়েতী প্রতিষ্ঠানের মাধ্যমে ত্রাণ বণ্টনের বহু ত্রুটিবিচ্যুতি হয়েছে। ত্রাণ নীতির মূল কথা হল সীমিত সম্পদের দ্বারা প্রকৃত দুঃস্থ ব্যক্তিদের দুর্দশা লাঘব করা। এই নীতির সফল রূপায়নের জন্য যুক্তফ্রন্ট সরকার স্থির করেছেন যে ম্যানুয়েল ফর রিলিফ অফ ডিসট্রেসএ বর্ণিত নিয়মাবলী অনুসারে জেলা শাসকগণ তাঁদের নিজ নিজ জেলায় ত্রাণ ব্যবস্থা অবলম্বন এবং বণ্টনের ব্যবস্থা করবেন। জেলা কর্তৃপক্ষকে ত্রাণ ব্যবস্থায় পরামর্শ দেওয়া ও সাহায্য করার জন্য প্রতি জেলা মহকুমা, ব্লক ও অঞ্চল স্তরে এবং শহর অঞ্চলে সর্বদলীয় খাদ্য ও ত্রাণ কমিটি গঠন করা হয়েছে। এই সকল কমিটিতে বিভিন্ন রাজনৈতিক দলের মনোনীত ব্যক্তিকে সদস্য হিসাবে গ্রহণ করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। আমি আশা করি যে বিভিন্ন কমিটিতে সংশ্লিষ্ট রাজনৈতিক দলের প্রতিনিধিগণের গঠনমূলক ও সক্রিয় সহযোগিতা যুক্তফ্রন্ট সরকারের ত্রাণ নীতি সাফল্যলাভ করবে।

মিঃ স্পীকার, রাজ্যের বর্তমান অবস্থা এবং তার পরিপ্রেক্ষিতে জনসাধারণের দুর্দশা লাঘবের জন্য যুক্তফ্রন্ট সরকার যে সকল ব্যবস্থা গ্রহণ করেছেন আমি এখন সে সম্পর্কে আলোচনা করছি। আপনি অবগত আছেন গত বৎসর প্রচণ্ড খরার ফলে বাঁকুড়া, পুরুলিয়া, মালদহ, পশ্চিম দিনাজপুর এবং অন্যান্য জেলায় চাষের কাজ বিশেষভাবে ব্যাহত হওয়ায় বিপুল শস্যহানি হয়েছে। তার ফলে এই রাজ্যের গ্রামাঞ্চলের অধিকাংশের আর্থিক অবস্থা গুরুতর আকার ধারণ করেছে। খরাপীড়িত অঞ্চলে অধিকাংশের ঘরে খাদ্য নেই এবং ক্রয়ক্ষমতাও নেই। এদিকে বাজারে খাদ্য-শস্য দুর্মূল্যে ও দুষ্প্রাপ্য। বাঁকুড়া, পুরুলিয়া, মালদহ ও পশ্চিম দিনাজপুরের খরাক্লিষ্ট অঞ্চল-গুলিতে যে অবস্থার উদ্ভব হয়েছে তাকে আগেকার বিচারে দুর্ভিক্ষের অবস্থা বলা যেতে পারে। এই জেলাগুলি সহ পশ্চিমবঙ্গের অপরাপর খরাগ্রস্ত এলাকার যে সকল তথ্যাদি পাওয়া গিয়েছে তাতে অনুমান করা যায় যে এই সকল দুর্গতদের মধ্যে অন্যূন ২১ লক্ষ লোকের বিভিন্ন প্রকার সাহায্য প্রয়োজন।

পূর্বে এই রাজ্যে ১৯১৩ সালে রচিত ফেমিন কোড যখন চালু ছিল তখন খরা বা অজন্মা দেখা দিলে দুর্ভিক্ষ ঘোষণার পর রাজ্যসরকার ত্রাণ ব্যবস্থার পূর্ণ দায়িত্ব গ্রহণ করতেন। ফেমিন কোডএর পরিবর্তে প্রচলিত ম্যানুয়েল ফর রিলিফ অফ ডিসট্রেসএ বর্ণিত রাজ্যসরকারের বর্তমান ত্রাণনীতি অনুযায়ী দুর্দশা দেখা দিলেই ত্রাণ কার্য আরম্ভ করা হয় এবং দুর্ভিক্ষ ঘোষণা ব্যতিরেকেই ত্রাণ কার্যের সম্পূর্ণ দায়িত্ব সরকার গ্রহণ করে থাকেন। দুর্ভিক্ষ ঘোষণার নীতি ম্যানুয়েল ফর রিলিফ অফ ডিসট্রেসএ বর্জন করা হয়েছে।

আমি এতক্ষণ যে সকল তথ্যের উল্লেখ করলাম তার থেকে এটা পরিষ্কার হয়েছে যে যুক্তফ্রন্ট সরকার কার্যভার গ্রহণ করার পর অনেক জটিল সমস্যার মধ্যে খরাজনিত একটা জরুরী অবস্থার সম্মুখীন হয়েছেন। রাজ্যসরকার তাঁদের সীমিত সামর্থের মধ্যে এই অবস্থা মোকাবিলা করার জন্য প্রয়োজন মত বিভিন্ন ত্রাণ কার্যের ব্যবস্থা করেছেন। আমি এখন সে সম্পর্কেই বলছি।

বর্তমান আর্থিক বৎসরে রাজ্যসরকার এ পর্যন্ত খয়রাতী সাহায্য বিতরণের জন্য মোট ১,৩০,১৯,৬২৮ টাকা এবং বিভিন্ন সহায়ক কার্যে নিযুক্ত শ্রমিকদের মজুরী দেওয়ার জন্য মোট ১,০৪,৩৭,৭৫০ টাকা মঞ্জুর করেছেন। তার মধ্যে বাঁকুড়া, পুরুলিয়া, মালদহ ও পশ্চিম দিনাজপুর জেলায় বরাদ্দের পরিমাণ হলঃ-

জেলা		খয়রাতী সাহায্য বাবদ	সহায়ক কার্যে নিযুক্ত শ্রমিকদের মজুরী দেওয়ার জন্য
		টাকা	টাকা
১। বাঁকুড়া	..	২২,৭০,৫০০	৩১,৬৬,৫২০
২। পুরুলিয়া	...	৩৭,১২,৪৩৫	৩১,০০,০০০
৩। মালদহ	...	৫,৩৭,৪০০	৭,০০,০০০
৪। পশ্চিম দিনাজপুর	...	৬,৬৭,৭৭৪	৫,৩৫,১৯৭

খাদ্যশস্য সরবরাহ সাপেক্ষে এই দুই প্রকার সাহায্য যথাসম্ভব খাদ্যশস্যে বিলি করার চেষ্টা হচ্ছে। এই জন্য খাদ্য দপ্তর বিভিন্ন দুর্গত অঞ্চলে খাদ্যশস্য সরবরাহ করার জন্য সাধ্যমত চেষ্টা করছেন। এই উদ্দেশ্যে গম, চাল ছাড়া অন্যান্য খাদ্যশস্য যথা মাইলো, যব, ভুট্টা প্রভৃতি সংগ্রহ করে দুর্গত অঞ্চলে প্রেরণের ব্যবস্থা করা হচ্ছে। এ পর্যন্ত এই সকল বিকল্প খাদ্যশস্যের বরাদ্দের পরিমাণ হলঃ

জেলা	মাইলো	যব	ভুট্টা
১। বাঁকুড়া	৩,৬০০ মেঃ টন	১,০০০ মেঃ টন	৫০০ মেঃ টন
২। পুরুলিয়া	৪,৬০০ মেঃ টন	১,০০০ মেঃ টন	৫০০ মেঃ টন
৩। মালদহ	১,০০০ মেঃ টন	২০০ মেঃ টন	১০০ মেঃ টন
৪। পঃ দিনাজপুর	৬০০ মেঃ টন	২০০ মেঃ টন	১০০ মেঃ টন

ওয়ার্লড হ্‌ইট গিফট প্রোগ্রাম অনুযায়ী কেন্দ্রীয় সরকারের মাধ্যমে যে ২০০০ মেঃ টন গম এই রাজ্যে পাওয়া গিয়েছে তার থেকে বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় ৮০০ মেট্রিক টন করে এবং মালদহ ও পশ্চিম দিনাজপুর জেলায় ২০০ মেট্রিক টন করে গম পাঠানো হয়েছে।

এতদিন পর্যন্ত খয়রাতি সাহায্য এবং শ্রমোদ্যাগের মজুরীর হার নিম্নরূপ ছিলঃ

খয়রাতী সাহায্য-প্রতি প্রাপ্ত বয়স্ক ব্যক্তিকে সপ্তাহে ২ কেজি খাদ্যশস্য অথবা নগদ ১·৩০ টাকা। শ্রমোদ্যোগ মজুরী দৈনিক মাথাপিছু ২॥ কেজি খাদ্যশস্য অথবা নগদ ১ টাকা ৫০ পয়সা পর্যন্ত। রাজ্যসরকার লক্ষ্য করেছেন যে খাদ্যদ্রব্যমূল্য অত্যধিক বৃদ্ধি পাওয়ায় এতদিন যে হারে খয়রাতী সাহায্য এবং সহায়ক কার্যের মজুরী দেওয়া হচ্ছিল তা খুবই অপ্রতুল। তাই সরকার সম্প্রতি নগদ সাহায্যের হার প্রতি চার সপ্তাহে প্রতি প্রাপ্তবয়স্ক ব্যক্তি পিছু ৫ টাকা ২০ পয়সা থেকে বৃদ্ধি করে ৭ টাকা ৫০ পয়সা করেছেন এবং সহায়ক কার্যের দৈনিক মাথাপিছু মজুরীর সর্বোচ্চ সীমা ১ টাকা ৫০ পয়সা থেকে বৃদ্ধি করে ২ টাকা করেছেন।

জেলা শাসকদের নিকট হতে প্রাপ্ত বিবরণী হতে দেখা যায় যে গত এপ্রিল, মে ও জুন মাসে বিভিন্ন জেলায় মোট ৬৬ লক্ষ ইউনিটকে খয়রাতী সাহায্য দেওয়া হয়েছে এবং বিবিধ প্রকার সহায়ক কার্যের মাধ্যমে মোট ৪১ লক্ষ শ্রমদিবস সৃষ্টি হয়েছে। যে সকল কাজ সহায়ক কার্যের মাধ্যমে করা হয়েছে তা হল বাঁধ নির্মাণ, পুকুর খনন, রাস্তা তৈরী ইত্যাদি

[2-30—2-40 p.m.]

এই প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে যে রাজ্যসরকার এই মর্মে নির্দেশ জারী করেছেন যে যে সকল প্রকল্প দ্বারা কৃষিপণ্যের উৎপাদন বৃদ্ধি হওয়ার সম্ভাবনা আছে, (প্রোডাকসন-অরিয়েনটেড রিলিফ ওয়ার্ক স্কীম) সে সকল প্রকল্পগুলিকে যেন অগ্রাধিকার দেওয়া হয়। বৎসরের পর বৎসর সাময়িক প্রয়োজনের তাগিদে বিভিন্ন দুর্গত এলাকার যে সকল সহায়ক কার্য করা হয় সেগুলির উপকারিতা অধিকাংশ ক্ষেত্রে সীমাবদ্ধ ও স্বল্পকাল স্থায়ী হয়। বিভিন্ন টেকনিক্যাল ডিপার্ট-মেন্ট-এর সহযোগিতায় সমগ্র পশ্চিমবঙ্গের জন্য কোন দীর্ঘমেয়াদী সুসংবদ্ধ পরিকল্পনার মাধ্যমে একটি ব্যাপক পল্লী উন্নয়ন প্রকল্প রচনা করা যায় কিনা আমরা সে বিষয়ে ভেবে দেখছি। এইরকম একটি দীর্ঘমেয়াদী প্রকল্পের খসড়া রচনা সম্ভব হলে, দুর্গত এলাকায় ঐ প্রকল্পের অংশ বিশেষ সহায়ক কার্যের মাধ্যমে রূপায়িত করা যেতে পারবে এবং এই পদ্ধতিতে কাজ করে গেলে ক্রমে ক্রমে সমগ্র উন্নয়ন প্রকল্পটির সার্থক রূপায়ন সম্ভব হবে।

মিঃ স্পীকার, যুক্তফ্রন্ট সরকার সম্প্রতি লক্ষ্য করেছেন যে বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় জনসাধারণের একাংশের অবস্থা এতটা সংকটাপন্ন হয়ে পড়েছে যে সাধারণ ত্রাণ ব্যবস্থার দ্বারা তাদের সাহায্য করা সম্ভব হয়ে উঠছে না। সেজন্য রাজ্যসরকার এই দুইটি জেলায় প্রত্যেকটিতে অবিলম্বে ২৫০টি করে লঙ্গরখানা খোলার নির্দেশ দিয়েছেন। এই লঙ্গরখানাগুলি বিভিন্ন বেসরকারী সমাজ কল্যাণমূলক প্রতিষ্ঠানের সহায়তায় পরিচালিত হচ্ছে। রাজ্যসরকার তজ্জন্য প্রয়োজনমত খাদ্যশস্য সরবরাহ করবেন এবং আনুষঙ্গিক ব্যয় বহন করবেন। মালদহ, পশ্চিম দিনাজপুর, বর্ধমান ও হুগলী জেলায়ও লঙ্গরখানা খোলার প্রস্তাব রাজ্যসরকারের বিবেচনাধীন আছে।

গত বৎসর প্রচণ্ড খরার ফলে চাষীদের অবস্থার বিশেষ অবনতি হয়েছে। তাদের মধ্যে অনেকের ঘরে খাবার নেই। ফলে একদিকে খাবার সংগ্রহ করা অন্যদিকে চাষের জন্য বলদ সংগ্রহ ও আনুষঙ্গিক ব্যয় বহন করা বা জীর্ণ বাসস্থান সংস্কার করা তাদের পক্ষে অসম্ভব হয়ে পড়ছে। রাজ্যসরকার মনে করেন যে এদের অবিলম্বে সাহায্য করা দরকার যাতে তাঁরা নিজেদের অভাব লাঘব করতে পারেন এবং চলতি মরশুমে চাষের কাজও চালিয়ে যেতে পারেন। তাই রাজ্যসরকার চাষীদের মধ্যে পর্যাপ্ত পরিমাণে কৃষিঋণ বিতরণের ব্যবস্থা করেছেন। এইজন্য বিভিন্ন জেলায় যে টাকা বরাদ্দ করা হয়েছে তার মোট পরিমাণ ১,৭৯,২৮,০০০ টাকা। বিভিন্ন জেলায় যে সকল মৌজায় স্বাভাবিক গড় উৎপাদনের তুলনায় গত বৎসর ৬০ শতাংশ বা তার কম ফসল উৎপন্ন হয়েছে সে সকল মৌজায় সরকার ভূমিরাজস্ব আদায় মকুব করেছেন। তাছাড়া রাজ্যসরকার খরা

পীড়িত এলাকায় বিভিন্ন প্রকার বীজ বিতরণের জন্য ২২,০২,৪০৭ টাকা বলদ ক্রয় ঋণ বিতরণের জন্য ২৪,২৮,০০০ টাকা, সার ঋণের জন্য ৩৮,৭৮,০০০ টাকা মঞ্জুর করেছেন। খরাপীড়িত পল্লী অঞ্চলে জল সরবরাহের জন্যও ২৪,০০,০০০ টাকা মঞ্জুর করা হয়েছে।

দুর্গত অঞ্চলে গরীব ব্যক্তিদের মধ্যে বিনামূল্যে জামাকাপড় বিতরণের ব্যবস্থাও রাজ্যসরকার করেছেন। এ ছাড়া খরার ফলে বাঁকুড়া, পুরুলিয়া, মালদহ ও পশ্চিম দিনাজপুরে স্থানীয় বয়ন শিল্পীগণ দুর্দশার মধ্যে পড়েছেন। তাদের দুর্দশার কথা মনে রেখে রাজ্যসরকার ঐ চারটি জেলায় মোট ২৫,০০০ টাকা মঞ্জুর করেছেন যা দ্বারা জেলা শাসকগণ স্থানীয় তন্তুবায়দের নিকট হতে জামাকাপড় ক্রয় করে গরীব ব্যক্তিদের মধ্যে বিতরণ করতে পারেন।

তাছাড়া বিভিন্ন জেলায় দুঃস্থ কারিগরদের পুনর্বাসনের জন্য কারিগরী ঋণ হিসাবে ২,২০০ টাকা এবং অনুদান হিসাবে বিতরণের জন্য ১০,৫৮০ টাকা মঞ্জুর করা হয়েছে। তাছাড়া ভারত সরকারের নিকট হতে যে ৩১৬ টন গুড়া দুধ বিনামূল্যে পাওয়া গিয়াছিল তা হতে দুধ প্রস্তুত করে সেই দুধ এবং তার সংগে বিস্কুট বিভিন্ন জেলায় স্কুলের দুঃস্থ ছাত্র, রুগ্ন ও আসন্নপ্রসবা স্ত্রীলোকদের মধ্যে বিতরণ করা হয়েছে। রাজ্যসরকার এই বাবদ ৬০ টন বিস্কুটের মূল্য বহন করেছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে আপনার অবগতির জন্য জানাই যে বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় বর্তমান অবস্থার গুরুত্ব উপলব্ধি করে বিভিন্ন সমাজ কল্যাণমূলক প্রতিষ্ঠান আর্তত্রাণের জন্য এগিয়ে এসেছেন এবং তাদের সামর্থ্য অনুসারে ত্রাণকার্য করছেন। আমি তাঁদের ধন্যবাদ জ্ঞাপন করছি। বাঁকুড়া ও পুরুলিয়া জেলার কয়েকটি অঞ্চলে এই সকল প্রতিষ্ঠান তাঁদের নিজেদের উদ্যোগে কয়েকটি লঙ্গরখানাও খুলেছেন।

"কেয়ার" (কো-অপারেটিভ ফর আমেরিকান রিলিফ এভরিহোয়ার) সংস্থা খরাপীড়িত অঞ্চলে জরুরী ত্রাণ কার্য হিসাবে দুধ ও খাদ্য বিতরণ করছেন। তাঁদের এই প্রকল্প অনুসারে প্রায় দশ লক্ষ সর্বশ্রেণীর স্কুলের ছাত্র রুগ্ন ও আসন্নপ্রসবা স্ত্রীলোকদিগকে আট মাসের জন্য এই সাহায্য দেওয়া হবে। বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় এই প্রকল্প অনুসারে পুরোদমে ত্রাণ কার্য চলছে। এই দুইটি জেলায় ২,১৬৫টি কেন্দ্রের মাধ্যমে সাহায্য বিতরণ করা হচ্ছে। বর্ধমান, মালদহ ও পশ্চিম দিনাজপুর জেলায় এই প্রকল্প চালু করা হচ্ছে। কেয়ার সংস্থা দুধ, খাদ্য ইত্যাদি সরবরাহ করছেন এবং রাজ্যসরকার পরিবহণ খরচ, তৈজসপত্র, জ্বালানি ও আনুষঙ্গিক ব্যয় বহণ করছেন। এই প্রকল্পে আনুমানিক ১৮,৪২,০০০ টাকা খরচ হবে। খরাপীড়িত অঞ্চলে কেয়ার-এ মাধ্যমে এই সাহায্য বিতরণে যথেষ্ট সুফল পাওয়া যাচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যুক্তফ্রন্ট সরকার বিভিন্ন জেলায় জনসাধারণের অবস্থা সম্পর্কে সম্পূর্ণ ওয়াকিবহাল আছেন এবং পরিস্থিতির প্রতি সতর্ক দৃষ্টি রেখেছেন। পরবর্তী ফসল না ওঠা পর্যন্ত অথবা যতদিন না স্বাভাবিক অবস্থা ফিরে আসে ততদিন ত্রাণ কার্য চালিয়ে যেতে হবে। তাই আমি আশা করি মাননীয় সদস্যগণ আমার প্রস্তাব সমর্থন করবেন এবং আমি যে বরাদ্দের জন্য অনুরোধ করছি তা মঞ্জুর করবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ত্রাণ দপ্তর কর্তৃক আয়োজিত অন্যান্য কয়েকটি ত্রাণ ব্যবস্থা সম্পর্কে কিছু বলে আমার বক্তব্য শেষ করবো।

বর্তমান আর্থিক বৎসরে কোচবিহার, জলপাইগুড়ি, পশ্চিম দিনাজপুর, মুর্শিদাবাদ, নদীয়া, বর্ধমান প্রভৃতি জেলায় ঘূর্ণিবাত্যা, ঝড়, শিলাবৃষ্টি প্রভৃতি প্রাকৃতিক দুর্যোগ দেখা দেয়। তাছাড়া বিভিন্ন জেলায় আকস্মিক অগ্নিকাণ্ডের সংখ্যাও যথেষ্ট বৃদ্ধি পায়। ফলে এই সকল অঞ্চলে জনসাধারণের দুর্গতি আরও বৃদ্ধি পায়। ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের জন্য রাজ্যসরকার সাহায্যের ব্যবস্থা করেছেন। বর্তমান আর্থিক বৎসরে এ পর্যন্ত প্রাকৃতিক দুর্যোগের জন্য বিনষ্ট বাসগৃহ মেরামতের উদ্দেশ্যে অনুদান হিসাবে মোট ১,৯০,৮৭০ টাকা এবং আকস্মিক অগ্নিকাণ্ডের ফলে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের জন্য আপতকালীন খয়রাতী সাহায্যে এবং গৃহ নির্মাণ অনুদান হিসাবে বিতরণের জন্য মোট ১,৯৯,৮৫০ টাকা মঞ্জুর করেছেন।

গৃহনির্মাণের জন্য যে অনুদান দেওয়া হয় তার সর্বোচ্চ পরিমাণ হল পরিবার পিছু ৩০০ টাকা। এই সকল অগ্নিকাণ্ডের ফলে যদি কোন পরিবার সর্বস্বান্ত হয়ে পড়ে তাদের আপতকালীন খয়রাতী সাহায্য হিসাবে মাথাপিছু মাসে ১৮ টাকা করে ১৫ দিন পর্যন্ত দেওয়ার ব্যবস্থা আছে এবং জীবিকার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহের জন্য পরিবার পিছু ৫০ টাকা পর্যন্ত এককালীন অনুদানের ব্যবস্থাও করা হচ্ছে।

কলকাতায় দুঃস্থ পরিবারদের আর্থিক পুনর্বাসনের জন্য ১৯৬১ সালে গৃহীত প্রকল্পটি বর্তমান বৎসরেও চালু রাখা হয়। যে সকল দুঃস্থ পরিবারের মাসিক আয় ৬০ টাকা পর্যন্ত তাঁরা এই প্রকল্পের মাধ্যমে সাহায্য পাওয়ার অধিকারী। এই সাহায্যের সর্বোচ্চ পরিমাণ পরিবার পিছু ২৫০ টাকা। কুষ্ঠরোগমুক্ত ব্যক্তিদের আর্থিক পুনর্বাসনের বিষয়টিও রাজ্যসরকার ভেবে দেখছেন। এই উদ্দেশ্যে একটি প্রকল্প সরকারের বিবেচনাধীন আছে। প্রস্তাবিত প্রকল্প অনুসারে বাঁকুড়া জেলার বিষ্ণুপুরে অবস্থিত হিন্দু কুষ্ঠ নিবারণ সংঘ কর্তৃক পরিচালিত শিল্প শিক্ষাকেন্দ্রে শিক্ষাপ্রাপ্ত ব্যক্তিগণকে ২৫০ টাকা পর্যন্ত আর্থিক সাহায্য দেওয়ার প্রশ্ন বিবেচনাধীন আছে। উক্ত জেলার গৌরীপুর কুষ্ঠাশ্রমের রোগমুক্ত দুঃস্থ ব্যক্তিদিগকেও অনুরূপ সাহায্য দেওয়ার কথাও বিবেচনা করা হচ্ছে।

গত মে মাসে কলিকাতার ইন্টালী ও বেনিয়াপুকুর এলাকায় দাঙ্গাহাঙ্গামায় ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের আর্থিক পুনর্বাসনের জন্য ত্রাণ দপ্তর যে সকল ব্যবস্থা অবলম্বন করেছেন সেগুলি হলঃ (১) ক্ষতিগ্রস্ত গৃহ মেরামত বা পুনরায় নির্মাণের জন্য মালিকদিগকে পরিবার পিছু ৪০০ টাকা পর্যন্ত অনুদান বিতরণ; (২) ছোট ছোট ব্যবসায়ী, বা কারিগরদের পুনর্বাসনের জন্য পরিবার পিছু ২৫০ টাকা পর্যন্ত অনুদান বিতরণ; এবং (৩) উক্ত অঞ্চলে দাঙ্গাহাঙ্গামায় যে সকল দর্জির সেলাইকল হারিয়ে গিয়েছে, তাদেরকে ক্ষেত্রবিশেষে একটি বা দুইটি করে সেলাইকল বিনামূল্যে বিতরণের ব্যবস্থাও করা হয়েছে। এই সকল সাহায্যের জন্য রাজ্যসরকার এ পর্যন্ত ৩৮,৪৫০ টাকা অনুদান মঞ্জুর করেছেন।

পরিশেষে গত বৎসর পঞ্চায়েতী প্রতিষ্ঠানের মাধ্যমে সাহায্য বণ্টনের সময়ে যে সকল ত্রুটি-বিচ্যুতি ঘটেছে সে সম্পর্কে যে সকল ব্যবস্থা অবলম্বন করা হয়েছে সে বিষয়ে বলছি। পঞ্চায়েত দপ্তরের কতিপয় অফিসারের মাধ্যমে বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর, চব্বিশপরগনা প্রভৃতি জেলায় পঞ্চায়েতী প্রতিষ্ঠানের মাধ্যমে সাহায্য বিতরণের হিসাবপত্র পরীক্ষা করানো হয়েছে। ঐ পরীক্ষায় যে সকল ত্রুটিবিচ্যুতি ধরা পড়েছে সে সম্পর্কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা শাসককে নির্দেশ দেওয়া হয়েছে। ইতিমধ্যে যাদের সম্পর্কে সুস্পষ্ট অভিযোগ পাওয়া গিয়াছে তাদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। এই ব্যাপারে জেলা শাসকদের নিকট হতে প্রাপ্ত বিবরণী হতে জানা যায় বাঁকুড়া জেলায় ১৩৬টি, পুরুলিয়া জেলায় ৫৩টি, মেদিনীপুর জেলায় ২৯টি, ২৪-পরগনা জেলায় ১৬টি, নদীয়া জেলায় ১টি মামলা দায়ের করা হয়েছে। এছাড়া বিভিন্ন সূত্র থেকে যে সকল অভিযোগ পাওয়া গিয়েছে সে সম্পর্কেও তদন্ত করা হচ্ছে। এই কথা বলে আমি আশা করি মাননীয় সদস্যরা সর্বসম্মত হয়ে আমি এই যে দাবী উত্থাপন করেছি তা মঞ্জুর করবেন।

Mr. Speaker: All the cut motions are in order and they are taken as moved.

The following cut motions were taken as moved on the Demand for Grant No. 38, Major Head: 64—Famine Relief.

Dr. Indrajit Roy: That the demand be reduced to Re. 1.

Shri Byomkes Majumder: That the demand be reduced to Re. 1.

Shri Nityananda Bhuniya: That the demand be reduced to Re. 1.

Shri Satya Narayan Banerjee: That the demand be reduced to Re. 1.

Dr. Gopika Ranjan Mitra: That the demand be reduced to Re. 1.

Shri Baidyanath Banerjee: That the demand be reduced to Re. 1.

Shri Sachindra Mohan Nandy: That the demand be reduced to Re. 1.

Shri Brindaban Chattopadhyay: That the demand be reduced to Re. 1.
Shri Dhirendra Narjinarai: That the demand be reduced to Re. 1.
Shri Bankim Chandra Sasmal: That the demand be reduced to Re. 1.
Shri Syama Prasad Barman: That the demand be reduced to Re. 1.
Shri Maharaja Bose: That the demand be reduced to Re. 1.
Shri Panchanan Sinha Ray: That the demand be reduced to Re. 1.
Shri Joynarayan Sharma: That the demand be reduced to Re. 1.
Shrimati Nurunnesa Sattar: That the demand be reduced to Re. 1.
Dr. Ranjit Ghosh Chowdhury: That the demand be reduced to Re. 1.
Shri Pramatha Nath Dhibar: That the demand be reduced to Re. 1.
Shri Puranjoy Pramanik: That the demand be reduced by Rs. 100.
Shri Jatindra Mohan Roy: That the demand be reduced by Rs. 100.
Shri Rajani Kanta Doloi: That the demand be reduced by Rs. 100.
Shri Azizur Rahman: That the demand be reduced by Rs. 100.
Shri T. A. Nuran Nabi: That the demand be reduced by Rs. 100.
Shri Shamsuddin Ahmed: That the demand be reduced by Rs. 100.
Shri Sripati Sinha: That the demand be reduced by Rs. 100.
Dr. Gopika Ranjan Mitra: That the demand be reduced by Rs. 100.
Shri Prasenjit Barman: That the demand be reduced by Rs. 100.
Dr. Md. Fazle Haque: That the demand be reduced by Rs. 100.

[2-40—2-50 p.m.]

শ্রীআবদুস সাত্তার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, ত্রাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর যে দীর্ঘ ভাষণ রেখেছেন তা আমি মনোযোগ সহকারে শুনেছি। তিনি তাঁর ভাষণের প্রথম দিকে বলেছেন যে ত্রাণ দেওয়ার নীতিটা কংগ্রেস সরকার যা অনুসরণ করেছিলেন তা মোটামুটি আমরা অনুসরণ করেছি, তবে সাহায্য বণ্টনের ব্যবস্থা তাঁরা পরিবর্তন করেছেন। আগে সাহায্য বণ্টন ব্যবস্থা এই জেলা পরিষদ হবাব আগে অফিসিয়ালদের মাধ্যমে হোত, অফিসিয়ালসরা ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্টের সাহায্য নিয়ে এই ত্রাণের কাজ করতেন এবং ভিলেজ লেভেলে যে অফিসার ছিলেন তাঁরা করতেন। তারপর পঞ্চায়েত রাজ যখন জেলা পর্যন্ত গত ১৯৬৫ সালের প্রথম দিকে হয়েছে, ১৯৬৫ সালের সেপ্টেম্বর মাসে প্রথমে পঞ্চায়েতের উপব ভার পড়ে এই ত্রাণের কাজ করার এবং সেই সেপ্টেম্বরের পরে এক বছর কয়েক মাস কাজ করার পর এই যুক্তফ্রন্ট সরকার সেই নীতি পরিবর্তন করে ফুড এবং রিলিফ কমিটি করে তাদের মাধ্যমে বিতরণ করার ব্যবস্থা করেছেন। আমি বলবো যে যুক্তফ্রন্ট সরকার আজকে যে পঞ্চায়েত রাজ সংবিধান অনুসারে হয়েছে এবং যে পঞ্চায়েত রাজ পশ্চিম বাংলার গ্রামে গ্রামে ছড়িয়ে পড়েছে, যে গ্রাম পঞ্চায়েত সর্ব সাধারণের ভোটে হয়েছে সেই পঞ্চায়েত রাজকে অবিশ্বাস করছেন। গত মার্চ মাসের শেষে দেখা গেছে যে তাঁরা এই পঞ্চায়েত রাজের বিরুদ্ধে বিষোদ্গারণ করেছেন, এবং সেই বিষোদ্গারণ করার একমাত্র কারণ হচ্ছে অধিকাংশ পঞ্চায়েত প্রতিষ্ঠানগুলি কংগ্রেসের হাতে। কিন্তু এতো কংগ্রেসের দোষ নয়, গ্রাম পঞ্চায়েতের যাঁরা সভ্য হয়েছিলেন তাঁদের জনসাধারণ ভোট দিয়ে নির্বাচিত করেছিলেন—যাদের বয়স ২১ বছর এবং ২১ বছরের উর্ধ্বে ছিল তারাই করেছে—পঞ্চায়েতরাজকে আজকে সুপ্রতিষ্ঠিত করে তাদের হাতে আসতে আসতে ক্ষমতা বিকেন্দ্রীকরণের একটা পন্থা অবলম্বন করা হয়েছিল। কিন্তু আমি একথা বলবো না যে আজকে পঞ্চায়েতের ভিতর কোন ত্রুটি-বিচ্যুতি নাই, কাজ করতে গেলে অনেক ত্রুটি-বিচ্যুতি হবে। আজকে আমরা জানি ত্রাণ বিভাগের মন্ত্রিমহাশয় এখান থেকে ত্রাণের ব্যবস্থা করছেন—গ্রামের দিকে সেই ত্রাণ যাচ্ছে—সেখানে সতিাকারের সেই ত্রাণের যে টাকা কিংবা জিনিস তা সব্যবহার হচ্ছে কিনা তাঁর পক্ষে সেটা দেখা সম্ভব নয়। সেখানে যাঁরা আছেন তাঁরা যদি সত্যিকারের সৎ হন, ভাল হন,

তাহলে নিশ্চয় কাজ ভাল হবে। কিন্তু আজকে ফুড রিলিফ কমিটির দ্বারা সমস্ত পঞ্চায়েতের রিলিফ এবং ফুড কমিটিকে যে রিপ্লেস করেছেন এটা অগণতান্ত্রিক এবং স্বেচ্ছাচারমূলক ব্যবস্থা। under section 29 of the Panchayat Act a relief committee has been formed but the relief committee has not been made defunct.

অথচ দেখা যাচ্ছে অঞ্চল পঞ্চায়েত থেকে আরম্ভ করে জেলা পরিষদ পর্যন্ত যে রিলিফ কমিটি করা হয়েছে তা কাদের নিয়ে করা হয়েছে সেটা দেখুন। সমস্ত পার্টি থেকে একজন করে লোক নিয়ে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন সাধারণ মানুষের ভোটে নির্বাচিত এম এল এ-গণ এই রিলিফ কমিটির সদস্য নন। অন্য অন্য লোকে বিভিন্ন পার্টি এর নাম করে আজ সেখানে এসেছেন। বেনামী নামে জনসাধারণের প্রতিনিধি হিসাবে আজকে তাদের ফুড অ্যান্ড রিলিফ কমিটিতে নেওয়া হয়েছে, জেলার যারা এম এল এ তাদের মধ্যে পার্টি হিসাবে একজন নেওয়া হয়েছে। আমি বলছি কংগ্রেস হোন আর অকংগ্রেসী হোন প্রত্যেক এম এল এ-র রিলিফ আছে। যারা দুঃস্থ তারা সাহায্য পাচ্ছে কিনা সেটা দেখবেন। কিন্তু আপনাদের যুক্তফ্রন্ট সরকার অগণতান্ত্রিক পথ অবলম্বন করে জনসাধারণের ভোটে যারা এম এল এ হয়েছেন তাদের জেলা-ভিত্তিক যে ব্যবস্থা করেছেন তাতে জেলার এম এল এ-দের জনসাধারণের প্রতিনিধিত্ব করা হতে বঞ্চিত করছেন। আজকে দেখছি সেখানে কংগ্রেস ছাড়া অন্য পার্টি নেই, সেখানে দেখা যাচ্ছে রাতারাতি পার্টি তৈরী হয়ে যাচ্ছে। এইভাবে রাতারাতি ১৪টা পার্টি তৈরী হচ্ছে। কিন্তু সেই সমস্ত পার্টিএর কোন অস্তিত্ব নেই। ফুড অ্যান্ড রিলিফ কমিটিএর মেম্বার হবার জন্য একই দলের লোক অন্য দলে নাম দেখাচ্ছেন। এইভাবে তারা ঢুকে পড়ে চোরাকারবারী করছেন। ফুড অ্যান্ড রিলিফ কমিটিএর মেম্বার হবার জন্য তাদের কোন সিনসিয়ারিটি নেই, এইভাবে ব্যাকডোর দিয়ে ঢুকে চোরাকারবারের সৃষ্টি করছেন। পার্টিরএর নাম করে বিভিন্ন দলে লোক ঢোকাচ্ছেন এই ফুড অ্যান্ড রিলিফ কমিটিতে। এরা কখনই রিলিফ করবে না। এই সরকার বলেছেন যে খাদ্যকে রাজনীতির ঊর্ধ্বে রাখবেন কিন্তু তারা তা করেননি, সমস্ত কিছুতেই তারা রাজনীতি পার্টিবাদ করছেন সেটা তাদের কার্যকলাপ থেকেই বোঝা যাচ্ছে। আমার এলাকা লালগোলায় কংগ্রেস দল এবং বাম কমিউনিস্ট ছাড়া আর কোন পার্টিএর অস্তিত্ব নেই।কিন্তু আজকে সেখানে রাতারাতি ডান কমিউনিস্ট, পি এস পি, এস এস পি, ফরওয়ার্ড ব্লক, বাংলা কংগ্রেস ইত্যাদি সব দল দেখা গেছে। সেখানে বাইরে থেকে লোক এনে ফুড অ্যান্ড রিলিফ কমিটি, গণ-কমিটির সভা করা হয়েছে। গণ-কমিটির যারা মেম্বার তারাই ফুড কমিটির মেম্বার হয়েছেন। এইভাবে তারা ফুড অ্যান্ড রিলিফ কমিটি করেছেন, আজকে তাদের ডিসট্রেসড লোকেদের সাহায্য করবার প্রশ্ন নেই, সেখানে দলাদলি চলছে এবং কংগ্রেস সমর্থক যারা তারা দুঃস্থ হলেও, তারা অভাবী হলেও তাদের বাদ দিয়ে ব্যবস্থা করছেন। এইভাবে কংগ্রেস সাপোর্টারদের বাদ দেওয়া হয়েছে। আমি বলব যে অবস্থা করেছেন এর পরিবর্তন করে সমস্ত পঞ্চায়েত রাজের মাধ্যমে সব বন্দোবস্ত করুন। আপনারা এ ব্যবস্থা করে গণতন্ত্রের মূলে কুঠারাঘাত করেছেন এবং সংবিধানের মূলে কুঠারাঘাত করেছেন। আমি বলি অন্যায় যারা করবে তাদের শাস্তির বিধান আছে তাদের বিরুদ্ধে শাস্তির ব্যবস্থা করুন। তাদের বিরুদ্ধে কেস করবার বন্দোবস্ত করুন। আমি ২।১টা কেস-এর কথা আপনার মাধ্যমে বলব। মুর্শিদাবাদ জেলার কয়েকজন ডোমকুল অঞ্চল প্রধানের বিরুদ্ধে রিলিফ-এর টাকা আত্মসাৎ করবার অভিযোগ এসেছিল। আমি ডি এমকে সে সমস্ত অভিযোগ অনুসন্ধানের জন্য পাঠিয়েছিলাম কিন্তু সেখানে

all these Pradhans and members supported the candidate of the communist party in the last election.

বিরোধী দলের লোক দুঃস্থ লোকেদের জন্য কিছু বললেও তাদের কথা গ্রহণ করা হচ্ছে না। এইভাবে দুঃস্থ লোকেদের নিয়ে ছিনিমিনি খেলা চলছে এবং এই সমস্ত লোকের হাতেই ফুড কমিটি তুলে দিয়েছেন যেভাবে এটা তুলে দিয়েছেন তাতে আমি বলব যে আপনারা রিলিফ করবার জন্য দেননি, পার্টিবাজি করবার জন্য আপনারা এরূপ করেছেন।

[2-50—3 p.m.]

তাই আমি বলছি যে রিলিফ করবার জন্য আপনি কাদের হাতে ক্ষমতা দিচ্ছেন। আপনারা রাজনীতির ঊর্ধ্বে যান, যাবার চেষ্টা করুন, কিন্তু আমরা দেখছি একটা অগণতান্ত্রিক ব্যবস্থা

অবলম্বন গ্রহণ করছেন। আমার মনে হয় আপনার মত একজন মন্ত্রী যিনি সত্যকারের গণতন্ত্রকে স্বীকার করেন সেখানে কি করে এই সমস্ত অবাঞ্ছিত লোক যারা রাহাজানি করে, রাস্তাঘাটে লুঠপাট করে সেই সমস্ত লোককে ফুড অ্যান্ড রিলিফ কমিটি চালাবার সুযোগ দিয়েছেন। আমি বলবো স্যার, পঞ্চায়েত রাজের মাধ্যমে যদি সত্যিকারের রিলি ব্যবস্থা করতে পারেন তাহলে উন্নতি হবে। আপনি জানেন যে ব্লক লেভেলে একজন চীফ এক্সিকিউটিভ অফিসার আছেন। অর্থাৎ বি ডি ও আছেন। বি ডি ও গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে লিস্ট করেন, সেই লিস্ট আঞ্চলিক পরিষদ এস ডি ও-এর কাছে, এস ডি ও-এর অ্যাপ্রুভালএর জন্য পাঠান। এস ডি ও অ্যাপ্রুভ করে ডি এম-এর কাছে পাঠাতেন। ডি এম, এস ডি ও-এর অ্যাপ্রুভড লিস্ট-এর উপর টাকা স্যাংসনড করে টাকার বিল জেলা পরিষদে পাঠাতেন। জেলা পরিষদ সেই টাকা চেকের মাধ্যমে আঞ্চলিক পরিষদে পাঠাত। তারপর আঞ্চলিক পরিষদ অঞ্চল পঞ্চায়েতের মাধ্যমে থেকে ডিসট্রিবিউসন করিত। এটা সকলেই জানেন যে জেলা পরিষদ এবং আঞ্চলিক পরিষদে গভর্নমেন্ট অফিসাররা আছেন—আঞ্চলিক একজিকিউটিভ অফিসার আছেন। এই একজিকিউটিভ অফিসার ইজ দি অফিসার অফ দি গভর্নমেন্ট এবং এস ডি ও সেটা চেক করতেন। এতদিন সেই ব্যবস্থা ছিল। যদি সেখানে কেউ গর্হিত কাজ করে থাকেন—সেরূপ হতেও পারে বা হয়েছে তাহলে আপনারা তার চেক করুন বা এনকোয়ারি করুন এবং ব্যবস্থা অবলম্বন করুন। কিন্তু আমরা দেখছি যে বর্তমান রিলিফ কমিটিতে অনেক বাজে লোক আছে। কংগ্রেস পার্টি থেকে লোক নেওয়া হয়নি, তারা সব বিভিন্ন দলের লোক নিয়ে এটা করেছেন। যে সমস্ত লোক ইলেকশনএ কংগ্রেসের বিরুদ্ধে কাজ করেছেন, কংগ্রেসকে সমর্থন করেননি বাম কমিউনিস্টদের সমর্থন করেছেন আজকে আমি বলব সেই সমস্ত লোককে নেওয়া হয়েছে। এই যে সিসটেম এই সিসটেমটা কি সেটা চিন্তা করুন। আপনি এই সিসটেমটা চেঞ্জ করান এবং সমস্ত দলের সকল এম এল এ-দের নিন। জনপ্রতিনিধি হিসাবে ইলেকটেড যারা হয়েছেন তাদের চান্স দিন। মাননীয় স্পীকার মহাশয়, আপনি দেখুন রিলিফ এবং ফুড কমিটি যা করেছেন তাতে বিভিন্ন দলের লোক রেখেছেন কিন্তু সেখানে বিরোধীদলের লোক বা সৎ নিরপেক্ষ লোক তাদের যদি সেখানে স্থান দিতেন সেই সমস্ত ভাল লোককে নিয়ে কাজ করতেন তাহলে সত্যিকারের ভাল কাজ হত। কিন্তু তা না করে আপনারা ফুড কমিটি নিয়ে একটা দলবাজী করছেন। আপনারা দলবাজী করুন কিন্তু আপনারা নির্বাচিত লোকদের নিয়ে করতে পারতেন। যে অবস্থা চলেছে চরম দুর্দিন-এর মধ্যে মানুষ দিন কাটাচ্ছে এত দরের চাল কিনতে পারছে না, মানুষ খেতে পাচ্ছে না, মানুষ কাজ পাচ্ছে না আজ এ অবস্থায় মানুষ গ্রাম ছেড়ে শহরে চলে আসছে। গ্রামের লোক তারা কাজ চায় কিন্তু তারা আজ কাজ পাচ্ছে না। আপনার আইনের যা প্রভিশন আছে রুল ১২৬ অফ দি ম্যানুয়াল অফ রিলিফ এতে আছে

such other persons who cannot work who cannot be provided with work.

তাদের দিতে হবে। কিন্তু আজকে আপনি জানেন যে সেই সমস্ত লোক না খেয়ে পড়ে আছে তাদের জন্য কোন ব্যবস্থা করা হচ্ছে না। সুতরাং আজকে যারা না খেয়ে থাকবে তাদের যদি কোন ব্যবস্থা না হয় আমার মনে হয় আপনারা যে ভবিষ্যত রচনা করছেন তাতে সর্বনাশ হবে। আপনারা বলেছেন না খেতে দিয়ে কাউকে মরতে দেওয়া হয়নি কিন্তু আগামী যে মাস আসছে এবং যে অবস্থা আজ চলছে তাতে মানুষের চরম দুর্গতি হচ্ছে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে পশ্চিমবঙ্গ বলে একটি পত্রিকা বের হয়, এটা সরকারের পত্রিকা। এই পত্রিকায় দেখা যাবে লেখা আছে দুর্ভিক্ষে কত লোকের কি অবস্থা হয়েছে। আমি এই পত্রিকা থেকে বলছিঃ "পুরুলিয়া এবং বাঁকুড়ায় দুই লক্ষের অধিক নরনারী দুর্ভিক্ষের কবলিত" এবং সেটা ২৩এ জুন পত্রিকায় বলা হয়েছে যার জন্য দুই লক্ষের অধিক লোককে খয়রাতি সাহায্য দেবার কথা বলেছেন।

বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় প্রায় ২৪ লক্ষাধিক নরনারী দুর্ভিক্ষের কবলে। এরকম দুর্ভিক্ষ এই জেলাগুলিতে এর আগে আর কখনও দেখা যায় নি। পর পর তিন বছর অনাবৃষ্টি ও খরার অপরিহার্য পরিণতি হয়েছে এই যে, মাঠের সব ফসল নষ্ট হয়ে যাওয়ায় খাদ্য ও জলের নিদারুণ অভাবে পুরুলিয়া ও বাঁকুড়ার অধিবাসীদের অবস্থা আজ শোচনীয়। অবর্ণনীয় দুঃখ-দুর্দশায় পড়ে সেখানকার লোকদের অবস্থা এখন এমন হয়েছে যে, তারা বেঁচে থাকার জন্য এখন বটগাছ ও অন্যান্য গাছের পাতা পর্যন্ত খাচ্ছে বলে খবর পাওয়া গেছে। খেতে না পেয়ে

৩৬ জন লোকের মৃত্যু হয়েছে। স্যার, এই সম্বন্ধে আমি গত ২৮শে মে অমৃতবাজার পত্রিকায় যা বেরিয়েছিল তা থেকে কিছু অংশ এখানে পড়ে দিচ্ছি। তাতে বলছেঃ ১৯টি স্টারভেশন ডেথস ইন টু পুরুলিয়া ভিলেজেস। বলছেনঃ

"nineteen persons died of starvation in the past few weeks in two villages in one of the worst drought-affected areas of Raghunathpur in Purulia bordering Bihar, according to reports recorded by the local Block Development Officers. Of them, all in the age group of 30 to 50, 12 were from Chelyama village and seven from Moutarah. A number of more such deaths was reported from Arsha and other drought-affected areas of Purulia and at least a few hundred more, including women and children, were seen to be hovering between life and death by a party of newsmen, Block Development officers and local M.L.A.s during a hurricane tour of the village under Raghunathpur police-station.".

স্যার, যারা না খেতে পেয়ে মরেছে তাদের নাম আমি পড়ে দিচ্ছি। তাদের মধ্যে—চালিয়ামার লোকসংখ্যা প্রায় ৬০০ জন। এখানে নিম্নলিখিত ব্যক্তিগণ মারা গেছে—(১) পঞ্চানন আঢ্য, (২) সুকু বাউরী, (৩) কেশু বাগদী, (৪) ভগু বাউরী, (৫) জ্যোতি বাউরী, (৬) স্বর্ণ প্রামাণিক, (৭) ষষ্ঠী বাগদী, (৮) রূপু বাউরী, (৯) গবু বাউরী, (১০) শুকু বাগদী, (১১) ত্রিপুরা বাগদী, (১২) গোরী উঁদিল। মৌতোড় গ্রামে ১০ জন মারা গেছে—(১) তিনু বাগদীর দুই ছেলে। তিনু বাগদী এই সময় জি আর আনতে যাচ্ছিল, (২) বাকুলি বাগদী (১২), (৩) মতুন মাহাতো, (৪) দুলি বাউরী, (৫) হরি বাউরী, (৬) বারুনি গড়াই, (৭) মনু গড়াই, (৮) মতি গড়াই, (৯) বাঁশিনী গড়াই, (১০) মনু গড়াই ইত্যাদি লোকের নাম আছে। তিনি সেদিন বলেছিলেন দুর্ভিক্ষে লোক মারা যায় নি, অথচ দেখা যাচ্ছে দুর্ভিক্ষে লোক মারা গেছে। আমার কাছে আরও টেলিগ্রাম এসেছে, তাতে দেখা যাচ্ছে

starvation death of Methi domin at Chandra before the free kitchen on 8th July—Adhakshya Chandra Gram Panchayat post Rajnowagarh district Purulia.

কাজেই ওখানে যে ফেমিন হয়েছে এটা শুধু আমরা বলছি না, বিভিন্ন দলের যাঁরা প্রধান তাঁরাও বলেছেন—

"Shri Arun Ghosh of the Lok Sevak Sangh in an interview said that the district "is passing through a famine condition". The price of foodgrains and other essential commodities are going beyond the purchasing capacity of the drought affected people. Shri Ghosh further said that reports of starvation death had reached them from different parts of the district

তারপর স্যার, দেখা যাচ্ছে

Shri Nakul Chandra Mahato (C.P.I.M.) said: "famine prevails in this district and the State Government should not hesitate to declare the district as Famine affected area"

He further said that district was heading towards famine.

তারপর স্যার,

Shri Gobardhan Kundu (Bangla Congress) considered the present situation as an unprecedented one.".

[3—3-25 p.m.]

এইভাবে দেখা যাচ্ছে, সমগ্র বাঁকুড়া, পুরুলিয়া এবং অন্যান্য এলাকাতেও দুর্ভিক্ষের অবস্থা দেখা দিয়েছে। মাননীয় মন্ত্রিমহাশয় ফেমিন কোড অব ১৯১৩ অনুসারে ফেমিন বলে ডিক্লেয়ার করছেন না অথচ ফেমিন অবস্থা থাকা সত্ত্বেও ফেমিন ডিক্লেয়ার করতে কেন যে অসুবিধা হচ্ছে তা আমি বুঝতে পারছি না। আমি এটুকু অন্ততঃ বলতে পারি যে ২০ বছরের কংগ্রেস শাসনে একটি লোকও অনাহারে মরেনি অথচ এই সাড়ে তিন মাসের শাসনে এতগুলি লোক অনাহারে মরেছে। তাঁদেরই মুখপাত্র পশ্চিমবঙ্গ তাতে ইট হ্যাজ বিন অ্যাডমিটেড ইন দি পত্রিকা এবং তাঁদের দলের নেতা স্বীকার করেছেন যে অনাহারে লোক মারা গেছে। অথচ এটা স্বীকার

করার সাহস আজকে মন্ত্রিমহাশয়ের নেই। গত তিন বছরে অনাবৃষ্টির ফলে খরা হয়েছে এটা অস্বীকার করি না এবং দেশে যে অভাব আছে একথাও অস্বীকার করি না। কিন্তু আজকে দেখতে পাচ্ছি খয়রাতি সাহায্যের নামে দলবাজি করছেন। আমরা দেখতে পাচ্ছি সত্যিকারের যারা ডিসট্রেসড পিপল তারা খয়রাতি সাহায্য পাচ্ছে না। আপনারা যে কমিটি করেছেন তার দ্বারা ত্রাণ পেতে পারে না। সেইজন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব যে কমিটি করেছেন সেই কমিটি অবিলম্বে শেষ করে দিয়ে আপনি পঞ্চায়েতের মাধ্যমে কিংবা নিরপেক্ষ সৎ লোক নিয়ে ঐ কমিটি করুন এবং যেসমস্ত এম-এল-এ আছেন দে উইল বি দি এক্স-অফিসিও মেম্বারস অফ দি কমিটি তাঁরা যাতে নিজের নিজের এলাকায় প্রতিনিধিত্ব করতে পারেন সেখানকার কি অবস্থা সেটা যাতে জানাতে পারেন তার ব্যবস্থা করুন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[At this stage the House was adjourned for 20 minutes.]

[After recess]

[3-25—3-35 p.m.]

Mr. Speaker: May I request the honourable member, Shri Narayan Chowdhury, to withdraw the expression which I consider to be a reflection on the chair? He said that the Speaker connived at the disodrer when Shri Bholanath Brahmachari rose to speak. I would ask him to withdraw this.

Shri Mohammed Israil: Sir, he is not in the House now.

শ্রীসুধীরচন্দ্র ভাণ্ডারী: মাননীয় অধ্যক্ষ মহাশয় মাননীয় খাদ্যমন্ত্রী যে ব্যয়বরাদ্দ আমাদের সামনে উপস্থিত করেছেন আমি তার সমর্থন করে দু-চারটি কথা বলতে চাই। আপনি জানেন আমাদের দেশ প্রায় ২০ বছর হল স্বাধীন হয়েছে এবং এই ২০ বছর কংগ্রেস রাজত্ব করেছেন এবং আমাদের দেশ এলোমেলোভাবে চলছে না পরিকল্পনার মাধ্যমে চলছে। প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা শেষ হয়েছে এবং প্রায় ২৩ হাজার কোটি টাকা খরচ হয়েছে। এই খরচের পর আমরা আজ কি দেখতে পাচ্ছি, এই ব্যয়ের পর আমরা দেখতে পাচ্ছি আমাদের দেশে ব্যাপকভাবে খাদ্যাভাব, দুর্ভিক্ষ মহামারী দেখা দিয়েছে, অকালমৃত্যু দেখা দিয়েছে, আত্ম-হত্যায় মৃত্যু আমরা দেখতে পাচ্ছি। এই যে আজকাল দেশদ্রোহিতার কাজ এবং দেশের সর্বনাশ এইগুলোর সবের জন্যই কংগ্রেস দায়ী। আমরা মাত্র ৪ মাস ক্ষমতায় আসীন হয়েছি। এটা একটা অঙ্গরাজ্য এবং এখানে আমরা ক্ষমতায় আসার পর আমরা যে কাজ আরম্ভ করেছি সেটা মাত্র ৪ মাস। এখনও অনেক কাজ আছে শিল্পোৎপাদনের ব্যাপারে, সেইজন্য বলছি যে, আমাদের কংগ্রেসী সদস্য বললেন যে, ৩৬ জনের মৃত্যু হয়েছে না খেতে পেয়ে সেটা আমাদের কৃতিত্ব নয়, সেটা আপনাদেরই কৃতিত্বের জন্য হয়েছে। এই যে পরিকল্পনা এটা কেন্দ্রীয় সর-কারের পরিকল্পনা এবং এতে ২৩ হাজার কোটি টাকা খরচ হয়েছে এবং এর মধ্যে বৃটিশ এবং আমেরিকান প্রভুদের সমর্থন আছে। এবং সেই পরিকল্পনার ফলাফল সম্পর্কে দায়িত্ব কংগ্রেসের, আমাদের নয়। তবে কিছুদিন পরে এর দায়িত্ব আমাদের উপর আসবে। কারণ আমরা পরিকল্পনার মাধ্যমে চলছি। তাহলে কেন আজ আমাদের এই অবস্থা? যেদেশে ৪৮ কোটি একর আবাদযোগ্য জমি আছে? যেখানে ১৪৪ কোটি বিঘা জমিতে খাদ্য উৎপাদন হতে পারে, একর প্রতি এক টন খাদ্য উৎপাদন সহজেই হয় এখানে। জাপান ও অন্যান্য দেশে এক একরে তিন টন খাদ্য উৎপাদন হয়। চীনের কথা বললে হয়ত আপনারা আঁৎকে উঠবেন। কাজেই সে কথা বলছি না। কাজেই আজকে এক একরে এক টন যদি উৎপাদন হয় তাহলে ৪৮ কোটি একরে ৪৮ কোটি টন খাদ্য উৎপাদন হলে পর ৬ বছরের খাদ্য হতেপারে। এতদিনে আমাদের দেশকে আমেরিকা তার কলোনি করে ফেলেছে, তার গমের মার্কেট করে তুলেছে। আমি যে সংবাদ জানি তাতে দেখতে পাই যে হিসেবে পি এল ৪৮০-তে খাদ্য দেওয়া হয়েছে, পরিকল্পনা করে এখানে দুর্ভিক্ষ সৃষ্টি করা হয়েছে। আমাদের যে অগ্রাধিকার দেওয়া উচিত সেটা না দিয়ে যেভাবে এটার পরিকল্পনা করা হয়েছে, তাতে বলা যায় এটা একটা মীরজাফরী পরিকল্পনা, তিলে তিলে আমেরিকার হাতে দেশকে তুলে দেবার পরিকল্পনা। ২২২ কোটি টাকার খাদ্য আমাদের দেশ আমেরিকা থেকে এনেছে। তার অর্ধেক ভারতীয় মুদ্রার মালিক আজ

আমেরিকা, এই টাকার অর্ধাংশ ভারতীয় মুদ্রায় তাদের দেওয়া হয়েছে। এই রকমে ধীরে ধীরে ঐ পরিকল্পনার মাধ্যমে দেশকে আমেরিকার হাতে তুলে দিয়ে আজ কংগ্রেসীরা লম্বা-চওড়া কথা বলতে আরম্ভ করেছেন। দেশ দুর্ভিক্ষে মারা গেল। বর্তমানে দেখতে পাচ্ছি খাদ্য কোথায় আছে? আমরা দেখছি বড় বড় জোতদার, বড় বড় মজুতদার ও ধনী কৃষক যারা, তাদের হাতে আছে। তারা কারা? যারা মন্ডল কংগ্রেসের সেক্রেটারী কিম্বা প্রেসিডেন্টের আসনে অধিষ্ঠিত। সুতরাং তাদের গায়ে হাত দেওয়া মুস্কিল আছে। তাদের সঙ্গে পুলিশের বহুদিনের মধুর সম্পর্ক। সেখানে তাড়াতাড়ি চারমাসের মধ্যে ঐ কাজ করা সম্ভব নয়। তাদের গায়ে হাত দিলেই বলবেন—কেরালায় যেমন হয়েছিল মৌলিক অধিকারে হস্তক্ষেপ করা হয়েছে। গণ-অভ্যুত্থান হয়েছে। আমরা চেষ্টা করছি, ধীরে ধীরে এই কাজগুলি করা হবে। আজকে আমাদের অবস্থা কি হয়েছে? ইংরেজ যখন চলে গেল, দেশ তো তখন এইরকম ছিল না! তখন আমাদের আটশ' কোটি টাকা পাওনা। ১৭,৭৭৭ কোটি টাকার এইভাবে আমাদের বৈদেশিক ঋণ করা হয়েছে। এই সব করে এই দুর্ভিক্ষের জন্য কেউ যদি দায়ী হয়ে থাকে, সে ঐ বিরোধী দল। তারা শুধু চীৎকার করলে কিছু হবে না! আমরা একটি অঙ্গরাজ্য, আমরা সংবিধানের মধ্য দিয়ে চলছি। আমাদের ক্ষমতা খুবই সীমাবদ্ধ। তৎসত্ত্বেও আমি বলতে পারি আমাদের যুক্তফ্রন্ট সরকারের যে ১৮ দফা ঘোষণা আছে, তা আমরা ক্রমে ক্রমে কার্যে রূপায়িত করব এবং ধীরে ধীরে এই দুঃসহ অবস্থার অবসান করব। এত অস্থির হলে চলবে না। একটু ধৈর্য ধরতেই হবে।

আমাদের ত্রাণমন্ত্রী যে বাজেট এখানে উত্থাপন করেছেন, আমি তার সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীআবদুল লতিফ: স্যার, যে কথাটা নারায়ণ চৌধুরীকে উইথড্র করতে বলেছেন, সে কথটা আমি বলেছি, সে উক্তি তিনি করেন নাই। কাজেই আমি সেটা উইথড্র করছি।

Mr. Speaker: I have now one request to make I will now call upon one speaker to speak and I request you with folded hands and most fervently to give him a patient hearing.

শ্রীব্রহ্মচারী ভোলানাথ: মিঃ স্পীকার, স্যার প্রথমে আমি আপনার প্রতি আমার গভীর কৃতজ্ঞতা জানাচ্ছি, এইজন্য যে প্রথম দিন, আমি যখন এই সভায় দাঁড়িয়েছিলাম আমার বক্তব্য পেশ করবার জন্য, তখন আপনি বলেছিলেন যে, ব্রহ্মচারী ভোলানাথ তিনি যে এলাকা থেকে নির্বাচিত হয়ে এখানে যাঁদের প্রতিনিধি হিসাবে এসেছেন তাঁদের সম্বন্ধে তাঁর কথা বলবার অধিকার আছে। এইজন্যই আমি কৃতজ্ঞ আপনার কাছে। শুধু তাই নয় আপনি এটাও বলেছিলেন যে উনি সাউথ থেকে এসেছেন দক্ষিণ সুন্দরবন অঞ্চলের কথা আমরা শুনতে চাই। আমি আপনার কাছে নিবেদন করব—প্রথমে আমি বলতে চাই সীমান্তে যে ফুড কমিটি গঠন করা হয়েছে সে সম্বন্ধে। হাসনাবাদ সীমান্তে একটা ব্লক কমিটিতে আমি উপস্থিত ছিলাম। সেখানে উপস্থিত ছিলেন বাংলা কংগ্রেসের হরেন্দ্রনাথ মজুমদার এবং লেফ্‌ট সি পি আই-এর হেমন্ত ঘোষাল। সেখানে হেমন্ত ঘোষাল মহাশয় মন্তব্য করে বলেন যে, এই জায়গায় রাইট সি পি আই-এর কোন সদস্য গণ-ফুড কমিটিতে কেন থাকবেন?

(নয়েজ অ্যান্ড ইন্টারাপশনস)

মিঃ স্পীকার: দয়া করে আপনারা একটু চুপ করুন। ওঁকে বলতে দিন। আমি ওঁকে বলতে পারমিশন দিয়েছি।

Shri Bibhuti Pahari: On a point of order, Sir,
মাননীয় সদস্যরা যখন বক্তৃতা দেন, তাদের বলবার অধিকার নিশ্চয়ই আছে। কিন্তু আপনি যখন মাননীয় সদস্য ব্রহ্মচারী ভোলানাথ মহাশয়কে বলতে বলেছেন, তখন তিনি গলায় গামছা দিয়ে কেন বলছেন সেটা আমরা বুঝতে পারছি না।

Mr. Speaker: He will get one minute more.
আপনি বলুন।

শ্রীব্রহ্মচারী ভোলানাথঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি এই কথাটাই নিবেদন করতে চাই-ছিলাম যে, আমাদের সীমান্ত এলাকায় যেসব ফুড কমিটি গঠিত হচ্ছে, সেখানে লেফ্‌ট সি পি আই-এর সদস্য হেমন্তকুমার ঘোষাল মহাশয় আপত্তি তোলেন, যখন সেখানে রাইট সি পি আই-এর সদস্যকে কমিটিতে নেবার কথা হয়। সেখানে যখন আবার বলশেভিক পার্টির সদস্যকে ঐ ফুড কমিটিতে নেবার জন্য বলা হয়, তখন তাতেও তিনি আপত্তি তোলেন। তিনি বলেন এই সমস্ত পার্টির সদস্যগণকে ফুড কমিটি থেকে বাদ দেবার জন্য। এইভাবে ফুড কমিটিগুলি গঠিত হচ্ছে। আমাদের সীমান্ত এলাকা সমস্ত লালে লাল হয়ে গেল এবং সীমান্তের অপর পাড়ে খুলনার চালনা পোর্ট, সেখানে চীন পর্যন্ত এসে বসে আছে। সুন্দরবন-দরদী ডঃ শ্যামা-প্রসাদ মুখোপাধ্যায়, তাঁর জীবনের শেষদিকে, ১৯৫৩ সালে সংবাদপত্রের মাধ্যমে তাঁর শেষ বিবৃতিতে বলে গিয়েছেন যে, শুধু মানবতার জন্যই নহে, রাষ্ট্র স্বার্থ রক্ষার জন্যও সুন্দরবন অঞ্চলের অবস্থাকে আরও খারাপের দিকে যাইতে দেওয়া উচিত নহে।

(তুমুল হট্টগোল)

কারণ সুন্দরবন অঞ্চল ভারতীয় প্রজাতন্ত্রের দক্ষিণ-পূর্ব সীমান্তে অবস্থিত। রাষ্ট্রের রক্ষা-ব্যবস্থা সুনিশ্চিত করবার জন্য সীমান্তের অধিবাসীদের মনোবল বজায় রাখা সর্বাধিক প্রয়োজন। সমগ্র পশ্চিম বাংলার স্বার্থে সুন্দরবন অঞ্চলের দুর্গত অধিবাসীদের অর্থনৈতিক পুনর্বসতির ব্যবস্থা করা প্রয়োজন। আমি পশ্চিম বাংলার সুন্দরবন এলাকায় থাকি, আমি এটা বলছি এই জন্যই। ভারতবরেণ্য নেতা ডঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় তিনি সুন্দরবন সীমান্ত এলাকা সম্পর্কে যে অভিমত জ্ঞাপন করে গিয়েছেন, সেইটাই আমি এখানে নিবেদন করলাম।

আমি আর একটা কথা বলতে চাই, আমাদের এখানে ডঃ পি সি ঘোষ পূর্বে এই মন্তব্য করেছিলেন যে, পশ্চিম বাংলায় এরকম খাদ্যসংকট একশ' বছরেও ঘটে নি। কিন্তু আমি বলব তাঁর কথা ঠিক নয়। ১৯৫২ সালে সুন্দরবন এলাকায় দুর্দান্ত খাদ্যসঙ্কট দেখা দিয়েছিল। সুন্দরবন, বসিরহাট এলাকা থেকে নির্বাচিত এম-পি শ্রীমতী রেণু চক্রবর্তী এবং ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জি দিল্লীতে খাদ্যমন্ত্রী রফি আহম্মদ কিদোয়াইএর সঙ্গে আলোচনা চালান পশ্চিম বাংলার খাদ্যসংকট সম্বন্ধে এবং সেখানে তাঁদের সঙ্গে নেতাজীর ভাইপো শ্রীঅরবিন্দ বোসও আলোচনা করেছিলেন। তারপর ১৯৬২ সালের ৯ই জুন তারিখে কিদোয়াই সাহেব কলকাতায় আসেন এবং ১০ই জুন সুন্দরবনের হাসনাবাদ সন্দেশখালি প্রভৃতি এলাকা পরিদর্শন করেন। আমাকেও তিনি ডেকেছিলেন আমি তাঁর সঙ্গে থাকি। সজীব বিশ্বকোষ বিখ্যাত সাংবাদিক হেমেন্দ্রপ্রসাদ ঘোষ পি এস-পির চেয়ারম্যান সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় এবং যুগবাণীর সম্পাদক দেবজ্যোতি বর্মণ এবং আমরা সকলে ঐ সুন্দরবনের দুর্গত এলাকার সংকট দূর করবার জন্য আমরা ছয় আনা সের চাল দাবি করেছিলাম।

[3-35—3-45 p.m.]

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে ত্রাণমন্ত্রী মহাশয়কে ১৯৫২ সালের রেকর্ড খুলে দেখতে বলছি। এই সুন্দরবনকে তখন যদি ৬ আনা সের চাল দিয়ে বাঁচান হয় যখন সুন্দরবনে ৫০ টাকা মণ চাল ছিল, এখন সুন্দরবনে ১০০ টাকা চালের মণ, আড়াই টাকা, তিন টাকা কেজি চাল বিক্রি হচ্ছে, লোক খেতে পাচ্ছে না, এখন ৬ আনা সের চাল মঞ্জুর করা হোক। শুধু তাই নয়, সুন্দরবনের জন্য সারা পশ্চিম বাংলা যেখান থেকে সমস্ত সদস্যভাইরা এসেছেন সেখানেও ১৯৫২ সালে ৬ আনা সের চাল দেওয়া হয়েছিল। একমাত্র সুন্দরবনের জন্যই সারা পশ্চিম বাংলা এই সুযোগ পেয়েছিল। আমি তাই আজকে আমাদের ত্রাণমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যিনি ফজলুল হক মন্ত্রিমহাশয়ের কাছে বহুবার ডেপুটেশন দিয়েছিলেন, সুন্দরবন প্রজামঙ্গল সমিতির লীডার হিসাবে তিনি গিয়েছিলেন, তিনি সমস্ত কিছু জানেন, এই অবস্থায় তাঁর কাছে দাবি করছি যে, সুন্দরবন এবং সারা পশ্চিম বাংলার জন্য এই ৬ আনা সের চাল মঞ্জুর করা হোক ১৯৫২ সালের নজির হিসাবে।

শ্রীজগন্নাথ মজুমদারঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি আজকে এই ফেমিন রিলিফ বরাদ্দের সমর্থনে বক্তৃতা করতে উঠেছি। এই ফেমিন রিলিফ নামটা সম্বন্ধে আমার একটু আপত্তি আছে।

কারণ আমাদের ম্যানুয়াল ফর রিলিফ অফ ডিসট্রেসড এই অনুসারে এই খাতে বরাদ্দ করা উচিত ছিল। কারণ ফেমিন আমাদের যখন ডিক্লেয়ার করা হয় নি তখন ফেমিন কথাটা এখানে ব্যবহার করা ঠিক যুক্তিসংগত হয়েছে কিনা, মাননীয় স্পীকার মহাশয়, সেদিকে আপনাকে একটু দৃষ্টি দিতে আমি বলছি। কারণ মাথা না থাকলে যেমন মাথাব্যথা হয় না সেইরকম ফেমিন এই কথাটা এখন ব্যবহার করা ঠিক যুক্তযুক্ত হবে কিনা সে সম্বন্ধে আমার একটু সন্দেহ হচ্ছে। ফেমিন যখন ঘোষণা করা হয় নি এবং ঘোষণা করার কতকগুলি বাধাও আছে, কতকগুলি অসুবিধাও আছে, ফেমিন কোড অনুসারে ফেমিন ঘোষণা করার অসুবিধা আছে সেজন্য আমাদের ম্যানুয়াল ফর রিলিফ অফ ডিসট্রেসড এই অনুসারে ফেমিন সংক্রান্ত ব্যাপারে আমাদের ডিসট্রেসে যেসমস্ত ত্রাণকার্য করা হয় এই অনুসারে হয়। সেইজন্য আমার মনে হয়, এই নামটার পরিবর্তন করা দরকার এবং এই নামটা কলঙ্কময়। এটা যদি আমরা আমাদের বাজেটে চিরকাল রেখে দিই বা কন্টিনিউ করি তাহলে আমাদের গতিপথে একটা কলঙ্ক সৃষ্টি করব। সেইজন্য এই সম্বন্ধে একটু চিন্তা করা দরকার এই নামটা পরিবর্তন করা যায় কিনা, ফেমিন রিলিফ না করে ডিসট্রেস রিলিফ বা এইরকম কিছু নাম দেওয়া যায় কিনা এই অনুরোধ আমি জানাচ্ছি। এই যে ব্যয়-বরাদ্দ যা এই লাল বইতে আছে—কিছুক্ষণ আগে আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় যে বক্তৃতা দিলেন তাতে দেখলাম ব্যয়বরাদ্দ অনেক বেশি হবে। ৫ কোটি ৩৫ লক্ষ টাকার উপর যদি প্রাদেশিক সরকার খরচ করেন তাহলে অতিরিক্ত খরচের ৭৫ ভাগ কেন্দ্রীয় সরকার দেবেন। এই দিক থেকে আমাদের এই খাতে ব্যয়বরাদ্দ বেশি করার একটা প্রবণতা দেখা দিতে পারে। যেমন গত বছর বেশি করার প্রবণতা দেখা দিয়েছিল। গত বছর প্রথমদিকে যখন ব্যয়বরাদ্দ হয় এই খাতে তখন খুব অল্প টাকা ধরা হয়েছিল, পরে সেই টাকাটা অনেক বেশি বাড়িয়ে নিয়েছিলেন। অবশ্য তার একটা বিশেষ কারণ ছিল সেটা হচ্ছে গত বছর সাধারণ নির্বাচনের বছর ছিল। প্রথমে দেখা গেল যে, জি আর এই খাতে ১ কোটি ৬৫ লক্ষ টাকা ধরা ছিল সেটা শেষদিকে লাফিয়ে উঠে গিয়েছিল ৬ কোটি ৭ লক্ষ টাকাতে। আর টি আর-এ প্রাথমিক বরাদ্দ ছিল ৩০ লক্ষ টাকা তা লাফিয়ে উঠল ৪ কোটি ১০ লক্ষ টাকা। এর ফল মাননীয় স্পীকার মহাশয়, আপনাকে একটু অনুধাবন করতে বলছি। গত বছর এই জি আর, আর টি আর-এর টাকা আমাদের কংগ্রেসী বন্ধুদের বিশেষ করে নির্বাচনে বিশেষ সহায়ক হয়েছিল এবং এই যে বিরাট অঙ্কের টাকাটা, এই টাকাটা খরচ হয়েছিল ঠিক একেবারে নির্বাচনের পূর্ব মুহূর্তে এবং বছরের শেষ-দিকে। মাননীয় স্পীকার মহাশয়, আমার নদিয়া জেলার কথা বলতে পারি সেখানে এই জি আর আর টি আর-এর টাকা একেবারে শেষদিকে শেষ তিন মাসে প্রায় ১০ লক্ষ ৯০ হাজার টাকা এই রিলিফ ফান্ডে বরাদ্দ করা হল। অর্থাৎ ২ মাসের ভিতরে এই ১০ লক্ষ ৯০ হাজার টাকা খরচ করে দিতে হবে। একটা অসম্ভব ব্যাপার। এক চাপড়া ব্লকে ১ লক্ষ ৫৫ হাজার টাকা টি আর তাঁরা শেষ দু' মাসের মধ্যে খরচ করেছেন। আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় কিছুক্ষণ আগে বললেন যে, ও'র এনকোয়ারি অফিসার কয়েকটি জেলায় গিয়েছিলেন তার ভিতরে নদিয়া জেলা অন্যতম। সেই এনকোয়ারি অফিসারের রিপোর্টে প্রকাশ পেয়েছে এবং আমার মনে হয় উনি হয়ত সেই রিপোর্ট দেখবার সুযোগ পান নি, দেখা উচিত। সেই রিপোর্টের ভিতর এমন সব তাজ্জব তথ্য আছে যে তথ্য উনি অনুধাবন করলে উনি বুঝতে পারবেন এই জি আর এবং টি আর-এর টাকার কিভাবে শ্রাদ্ধ সেখানে করা হয়েছে। এই রিপোর্ট ২৪-৭-৬৭ তারিখে ও'র দপ্তরে পাঠানো হয়েছে এবং দু-এক দিন আগে হয়ত সেটা এসেছে। এই যে জি আর এর প্রাপক তার তিনটি ক্যাটিগরি আছে—অন্ধ, খঞ্জ এবং পাগল। তিনি রিপোর্ট দিচ্ছেন যে, হঠাৎ এদের সংখ্যা ফেব্রুয়ারি মাসে দেখা গেল পূর্বে যে সংখ্যা ছিল তার চেয়ে চারগুণ, পাঁচ-গুণ, সাতগুণ বেড়ে গিয়েছে। কি করে বাড়ল, এত পাগল কোথা থেকে এল, এত খঞ্জ, এত অন্ধ কোথা থেকে এল যে হঠাৎ এক মাসে দেখা গেল এত বেড়ে গিয়েছে। এটা খুব তাজ্জব ব্যাপার। তারপরে এই জি আর ডিসট্রেস বিতরণের ব্যাপারে একটা প্রাইয়োরিটি লিস্ট থাকে কিন্তু একক্ষেত্রে দেখা গেল যে, আঞ্চলিক পরিষদের যিনি সভাপতি তিনি নির্দেশ দিচ্ছেন এই যে, ১৩ শত জি আর ডিসট্রেস রিলিফ বিতরণ হবে, এই রিপোর্ট থেকে তিনি সমস্তই দেখতে পাবেন, তাঁর ডিসক্রিশনে ফেব্রুয়ারি মাসের ৫ তারিখে বিতরণ করে দিচ্ছেন ১৯ তারিখে ভোট, ৫ তারিখে এই ১৩ শত জি আর বিতরণ করে দিচ্ছেন। মন্ত্রিমহাশয় এটা ভাল করে দেখবেন।

এই ১৩ শত জি আর প্রাইয়োরিটি লিস্টের বাইরে তাঁর ডিসক্রিশন মত বিতরণ করে দিচ্ছেন। এর কি কোন নিয়ম আছে, কোন নিয়ম নেই মাননীয় স্পীকার মহাশয়, জি আর প্রাপকদের একটা প্রাইয়োরিটি লিস্ট থাকে এবং সেই প্রাইয়োরিটি লিস্ট অনুযায়ী তাদের দিতে হবে। আমি বলছি চাপড়া ব্লকে নির্বাচনের ঠিক পূর্বে ১ লক্ষ ৫৫ হাজার টাকা রিলিফ দেওয়া হল কতকগুলো কংগ্রেসী চাঁইদের হাতে। কিন্তু এতেও সমস্যা মিটল না, এই চাপড়া ব্লকে, আমার অঞ্চলের তিনজন অঞ্চলপ্রধান একটু বিগড়ে থাকলেন, এই টাকাতেও তাঁদের মন গলল না। তখন করল কি তাদের পকেটে ১৫ হাজার টাকা গুঁজে দেওয়া হল। এই রিপোর্টে মাননীয় মন্ত্রিমহাশয় লক্ষ্য করে দেখবেন যে, ১৫ হাজার টাকা তিনটি অঞ্চল প্রধানের পকেটে গুঁজে দেওয়া হল। আমি নাম বলছি হাটখোলা অঞ্চল, হাতিখোলা অঞ্চল এবং কলিংগ অঞ্চল, এই তিনটি অঞ্চলের প্রধানের পকেটে ১৫ হাজার টাকা গুঁজে দেওয়া হল। কোন অ্যাপ্রুভড লিস্ট নেই অথচ টি আর-এর টাকা অত্যন্ত বে-আইনীভাবে বিতরণ করা হল।

[3-45—3-55 p.m.]

কারণ আঞ্চলিক পরিষদে তাদের অ্যাপ্রুভড যে লিস্ট থাকবে জি আর ওয়ার্ক-এর তার জন্য দেবে এবং পরিষদের মাধ্যমে দেবে। কিন্তু এখানে ছিল অঞ্চল প্রধানদের পকেটে তারা ১৫ হাজার টাকা তাঁরা গুঁজে দিলেন। এবং এই যে এনকোয়ারি অফিসার যখন এনকোয়ারি করতে গেলেন, সেই এনকোয়ারিং অফিসার কোন কাজ দেখতে পেলেন না। সেই অফিসার তাদের যখন বললেন কাজ কোথায়, কি কাজ হয়েছে, হিসেব কোথায়—তাঁরা কোন হিসাব দিলেন না বা দেখালেন না। তারপর জেলা পরিষদের অফিসে গিয়েও সেই অফিসার যখন হিসাবপত্র চাইলেন তাঁরা বললেন যে, আমাদের কাছেও নেই। অর্থাৎ ঐ ব্লক-এর অফিসে গেলেন সেখানেও হিসেব পেলেন না, জেলা পরিষদে গেলেন সেখানেও হিসাব পেলেন না এবং অঞ্চলে গেলেন সেখানেও হিসেব পেলেন না। তারপরে এটা তিনি প্রিলিমিনারি রিপোর্টে দিচ্ছেন, তারপরে যখন তিনি গিয়েছিলেন ফাইন্যাল রিপোর্ট দেবার আগে—এই হুড়োহুড়ি করে তাঁরা বোধহয় জানতে পেরেছেন এনকোয়ারি হবে, একটা কিছু হবে, তাড়াতাড়ি করে এখানে-সেখানে যা-তা করে কিছু কাজ করে এসেছেন। এবং সেই কাজগুলি কোন অ্যাপ্রুভড ওয়ার্ক কি না সেকথা অবশ্য তিনি রিপোর্টে বলেন নি। সুতরাং এটার আর ভাল করে অনুসন্ধান হওয়া দরকার এবং এখানে একজন বললেন যে, ঠিকই হয়েছে। আমি বলি টাকা কি করে নষ্ট হয়েছে তা ভাল করে অনুসন্ধান করা দরকার। এবং জি-আর টি-আর ওয়ার্ক এটা ভাল করে সুপারভিশন করা দরকার। কারণ আমরা যে টি-আর ওয়ার্কএ টাকা খরচ করি সে টাকাটা প্রায়ই রাস্তার কাজে ব্যয়িত হয়। স্যার, এখন বর্ষা নেমেছে এখন কারও ক্ষমতা নাই যে, কোথায় টি-আর ওয়ার্ক হয়েছে তার হদিশ করা। সেজন্য আমার মনে হয় এইসব খাতে আমাদের প্রত্যেক বছর প্রচুর টাকা খরচ হয় কিন্তু একটা কিছু কনস্ট্রাকটিভ লাইন—কংগ্রেস আমল থেকে যে গতানুগতিকতা জিনিস চলছে এর একটা বাইরে কিছু করা যায় কিনা—কনস্ট্রাকটিভ লাইনএ আমরা এই টাকাটা খরচ করতে পারি কিনা—যেমন দেখছি আর্টিজানএর সাহায্যকল্পে যে টকা ধরা আছে তা খুব অল্প। আমাদের মৎসজীবীরা এমন দুর্দশাগ্রস্ত, তারা যদি কিছু লোন বা সাহায্য পায় তাহলে তারা জাল, সুতা, নৌকাগুলি ঠিক করতে পারে। কিন্তু টাকার অভাবে তারা কিছুই করতে পারছে না। আজ নদিয়া জেলা খুব প্রপীড়িত জেলা—খরা এখানে হয়েছে কিন্ত জানি না কোন কারণে অধিকাংশ নন-খরা অঞ্চল করে দেওয়া হয়েছে। যেখানে সবচেয়ে কম ধান হয়েছে সেইটাই হয়েছে নন-খরা অঞ্চল। মন্ত্রি-মহাশয়কে অনুরোধ করব যে, তিনি অন্যান্য সব জেলার কথা বললেন কিন্তু নদিয়ার কথা বিশেষ বললেন না। নদিয়া চিরকাল ডেফিসিট এবং বর্তমান সময়ে নদিয়ার লোক পাটপাতা খেয়ে আছে এবং আমরা সেজন্য গ্রামে গ্রামে গিয়ে বলেছি যে, আপনারা এবার পাটপাতায় ডি-ডি-টি দেবেন না। কারণ লোকে পাটপাতা খেয়ে আছে। সুতরাং আমি অনুরোধ করব যে, রিলিফ মন্ত্রিমহাশয় নদিয়া জেলার প্রতি আরও বিশেষ মনোযোগ দেবেন এবং জি-আর যে টাকা দেওয়া হয় তার বদলে যদি গম দেন তাহলে আরও ভাল হয়। আমার সময়ের অভাবের জন্য আমি সব কথা বলতে পারলাম না। এই দুর্গত জেলার সম্বন্ধে মন্ত্রিমহাশয় যেন বিশেষ নজর দেন, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসন্তোষকুমার রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা আমাদের দেশের ধনবৈষম্য এখনও দূর করতে পারি নি। সেইজন্য আমাদের দেশে দারিদ্র্য, অভাব ও ক্ষুধা আছে। জনকল্যাণ-মূলক রাষ্ট্রে মানুষকে অনাহারের হাত থেকে বাঁচানোর জন্য সরকারের সাহায্য দেবার প্রয়োজন আছে। তাছাড়া আমাদের দেশের কৃষিব্যবস্থা সম্পূর্ণ প্রকৃতির উপর নির্ভরশীল, কিন্তু আমাদের দেশে কৃষিবীমার ব্যবস্থা এখনও হয় নি। সুতরাং প্রাকৃতিক বিপর্যয়ে কৃষকরা সম্পূর্ণ সরকারের মুখাপেক্ষী হয়ে পড়ে। আমাদের কংগ্রেস সরকার সেইজন্য ত্রাণখাতে প্রচুর অর্থ ব্যয় করতে বাধ্য হয়েছেন। আজকের সরকারী দলের সদস্যরা অবশ্য ভিন্ন মত পোষণ করেন। তাঁরা বাস্তব অবস্থাকে স্বীকার করতে চান না। তাঁদের ধারণা এই অহেতুক এবং রাজনৈতিক স্বার্থে করা হয়েছে। তাই তাঁদের দৃষ্টিভঙ্গীর জন্য আমরা দেখতে পাই যে গত মার্চ মাসে ঘূর্ণিবাত্যায় কোচবিহারের যে কয়েক হাজার মানুষ গৃহহারা হয়েছিলেন যাদের অবস্থা ত্রাণমন্ত্রী নিজে প্রত্যক্ষ করে বহু সাহায্যের প্রতিশ্রুতি দিয়েছিলেন। আজও তাঁদের যথোপযুক্ত সাহায্যের ব্যবস্থা হয় নি। হয়ত ত্রাণমন্ত্রীর ইচ্ছা থাকলেও যেহেতু ঐ অঞ্চলের জনসাধারণ ত্রাণমন্ত্রী নিজে প্রত্যক্ষ করে বহু সাহায্যের প্রতিশ্রুতি দিয়েছিলেন। আজও তাঁদের যথোপযুক্ত রিলিফের ব্যবস্থা তিনি করতে পারেন নি। যে ২৫-৩০ টাকা গৃহনির্মাণ ঋণ আর দু সপ্তাহের খয়রাতি সাহায্যের ব্যবস্থা হয়েছে, তাও ক্ষতিগ্রস্ত লোকের অর্ধেকও সেই রিলিফ ব্যবস্থার আওতার মধ্যে আসে নি। সুতরাং আমি এখন মাননীয় মন্ত্রিমহোদয়ের কাছে আপনার মাধ্যমে জানাচ্ছি যে, সেখানে দিনের পর দিন ধরে এই দুঃস্থ মানুষরা সরকারী দপ্তরে ঘুরে বেড়াচ্ছে রিলিফের জন্য। এঁদের প্রতি করুণাপরবশ হয়ে তিনি যেন ব্যবস্থা করেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় গত বিধানসভায় ত্রাণখাতের অতিরিক্ত বরাদ্দ নিয়ে যখন মন্ত্রিমহাশয় এখানে উপস্থিত হয়েছিলেন তখন সরকারী দলের প্রতিনিধিরা, এমন কি মন্ত্রিমহোদয়ও সেই অতিরিক্ত ব্যয় নিয়ে অনেক সমালোচনা করেছেন যে, নির্বাচনের মুখে রাজনৈতিক স্বার্থে অহেতুক এই ব্যয় করা হয়েছে। কিন্তু আমরা যদি গত বছরের অবস্থার একটু পর্যালোচনা করি তবে দেখতে পাই গত দু বছর অনাবৃষ্টি খরার জন্য শস্যহানি এবং ফসলের মূল্যবৃদ্ধির জন্য মানুষের মধ্যে হাহাকারের সৃষ্টি হয়েছিল। গত বছর এই ত্রাণব্যবস্থা থাকার জন্য আমরা দেখেছি একজন মানুষও অনাহারে মারা যায় নি, আমাদের আজকে যাঁরা সরকারী দলের সদস্য তাঁরা অনেকেই গত বছর দুর্ভিক্ষের পদধ্বনি শোনা যাচ্ছে বলে আর্তনাদ করেছিলেন। কিন্তু ত্রাণব্যবস্থা চালু থাকার জন্য আমরা দেখেছি যে, তাঁরা আন্দোলনের নামে দুস্থ মানুষকে সেদিন পথে নামিয়ে আনতে পারেন নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের অবস্থা যদি পর্যালোচনা করেন তাহলে বুঝতে পারেন যে, আজকে খালি দুর্ভিক্ষের পদধ্বনিই নয়, আজকের বাংলাদেশের চারটি জেলা দুর্ভিক্ষ কবলিত হয়েছে। শুধু চারটি জেলা কেন, বাকি জেলা কয়টিও আজকে খাদ্যাভাবে মূল্যবৃদ্ধির জন্য প্রায় দুর্ভিক্ষ অবস্থার সম্মুখীন হয়েছে। গতকাল আমাদের মাননীয় খাদ্যমন্ত্রী এখানে আমাদের চ্যালেঞ্জ জানিয়ে বলেছেন যে একজন মানুষও পুরুলিয়ায় অনাহারে মারা যায় নি। আমি মাননীয় খাদ্যমন্ত্রীকে যুক্তফ্রন্টের অন্যতম শরিক লোকসেবক সঙ্ঘের নেতা অরুণ ঘোষের সংবাদপত্রের বিবৃতির দিকে দৃষ্টি আকর্ষণ করছি। সেখানে অরুণবাবু পুরুলিয়ায় অনাহারে মৃত্যুর সংবাদের কথা স্বীকার করে নিয়েছেন। সুতরাং আমার মনে হয় খাদ্যমন্ত্রী যে বিবৃতি দিয়েছেন, তিনি তা তাঁর আমলাদের রিপোর্ট থেকে বলেছেন, আমরা অরুণবাবুর বিবৃতি আমলাদের রিপোর্ট থেকে মূল্যবান মনে করি। সুতরাং আমাদের প্রতি চ্যালেঞ্জ না জানিয়ে আমরা আশা করি মাননীয় খাদ্যমন্ত্রী ববং ত্রাণমন্ত্রী এ বিষয়ে ভাল করে অনুসন্ধান করে সত্যাসত্য নির্ধারণ করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় আজকে ত্রাণমন্ত্রী সাড়ে পাঁচ কোটি টাকার বাজেট বরাদ্দ নিয়ে এখানে উপস্থিত হয়েছেন। পশ্চিম বাংলার বর্তমান অবস্থায় এই বাজেট বরাদ্দ অপর্যাপ্ত বলে আমি মনে করি। এবং আমাদের বিশ্বাস যে, ত্রাণ-মন্ত্রী এর থেকে অনেক বেশি টাকা এই ত্রাণ খাতে ব্যয় করতে বাধ্য হবেন। আজকে প্রকৃত সত্যকে তিনি বিধানসভা এবং জনসমাজের কাছে গোপন করছেন। প্রকৃত যে অবস্থা দেশের সেকথা ঘোষণা করতে পারছেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যুক্তফ্রন্ট সরকার যে ত্রাণ নীতি গ্রহণ করেছেন তার সমালোচনা, তার বিরোধিতা না করে আমি পারছি না। কংগ্রেস সরকারের আমলে এই ত্রাণব্যবস্থাকে রাজনীতির বাইরে রাখা হয়েছিল। আমরা সেইজন্য দেখেছি যে,

ত্রাণ বণ্টনের ব্যবস্থা আইনের দ্বারা বিধিবদ্ধ জনসাধারণের নির্বাচিত প্রতিনিধি সংস্থা পঞ্চায়েত, জেলা পরিষদ, আঞ্চলিক পরিষদ এবং সরকারী আমলাদের উপর ছিল। আজকে মাননীয় ত্রাণমন্ত্রী যুক্তফ্রন্ট সরকারের যে নীতি ঘোষণা করেছেন তাতে ঐ সমস্ত ব্যবস্থা বাতিল করে দিয়ে তিনি সরকারের মনোনীত কমিটির মাধ্যমে ঐ সমস্ত বিলি-বন্দোবস্তের দায়িত্ব দিয়েছেন এই অজুহাতে যে, সেখানে কিছু কিছু ত্রুটি-বিচ্যুতি তিনি অবলোকন করেছেন এবং কয়েকটি ক্ষেত্রে দুর্নীতিও তিনি দেখেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, কিছু কিছু ত্রুটি-বিচ্যুতি যদি হয়েও থাকে সেই ত্রুটি-বিচ্যুতি প্রতিটি প্রতিষ্ঠানের মধ্যে সরকারের নিযুক্ত যেসব সরকারী কর্মচারী আছেন তাঁদের প্রতি নির্দেশ দিয়ে তিনি তা দূর করতে পারতেন এবং যদি কয়েকটি ক্ষেত্রে দুর্নীতির অভিযোগ তাঁর কাছে এসে থাকে সেই দুর্নীতির অভিযোগও তিনি ফৌজদারী দণ্ডবিধির আওতায় আনতে পারতেন। কিন্তু সেই পথে না গিয়ে গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলিকে বাতিল করে দিয়েছেন যাঁরা গ্রাম পঞ্চায়েতের নির্বাচনে, বিধানসভার নির্বাচনে জনসাধারণের দ্বারা প্রত্যাখ্যাত হয়েছেন এমন কি যাদের জামানত বাজেয়াপ্ত হয়েছে তাদের নিয়ে কমিটি গঠন করে রিলিফ এবং খাদ্য বিলি-বণ্টনের দায়িত্ব দিয়েছেন। এই অগণতান্ত্রিক ব্যবস্থার জন্য আজকে মাননীয় ত্রাণমন্ত্রীর এই ত্রাণ-ব্যবস্থাকে বাধ্য হয়ে বিরোধিতা করছি।

[3-55—4-5 p.m.]

শ্রীনিতাইপদ সরকার: মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের ত্রাণমন্ত্রী কর্তৃক ব্যয়বরাদ্দের যে দাবি তাকে আমি আন্তরিকভাবে সমর্থন জানাচ্ছি। আমি কয়েকদিন ধরে বাজেটের উপর বক্তৃতা এবং ব্যয়বরাদ্দের উপর কাট মোশনের উপর বিরোধীপক্ষের যে বক্তৃতা তা মনযোগসহকারে শুনেছি এবং শুনে একটা গল্পের কথা মনে হয়েছে। গল্পটা হল এই যে, অন্ধের হাতি দেখা। কিছু অন্ধ একটা বিরাট হাতি দেখতে গিয়েছিল—কেউ দেখল কুলোর মত, কেউ দেখল মুলোর মত, ইত্যাদি। তাই আমাদের বিরোধীপক্ষের সদস্যরা আমাদের যুক্তফ্রন্ট সরকারকে কেউ দেখলেন নকশালবাড়ির মত, কেউ দেখলেন মাও সে-তুং জিন্দাবাদ, কেউ দেখলেন ঘেরাও ইত্যাদি। তাই আমার বলতে ইচ্ছা করছে যে যুক্তফ্রন্ট সরকার তাঁদের নীতি এবং কর্মসূচি এত ব্যাপক এবং এত বৃহৎ যে আমাদের বিরোধী অন্ধ সদস্যদের পক্ষে তা অনুধাবন করা বা দেখা কোনমতে সম্ভব নয়। স্পীকার, স্যার, কয়েকটি কথা বলব—আজকে আমাদের সাওার সাহেবের যে বক্তৃতা, তার মধ্যে একটু গোঁসা গোঁসার ভাব মনে হল। কিন্তু মূল গোঁসার কথা তিনি চেপে গেছেন। মন্ত্রিমহাশয় ত্রাণ বাজেটের একটা খাতে ব্যয়ের কথা বলেন নি—তার জন্য তাঁদের গোঁসা হয়েছে জানি। সেটা হল সদ্যপরাজিত আমাদের মন্ত্রিমণ্ডলীর সদস্যরা যাঁরা রাজভবনে এতদিন রাজার হালে রাজন্য ভাতা পেয়ে সুখে-স্বচ্ছন্দে ছিলেন তাঁরা হঠাৎ বেকার হয়ে পড়েছেন, তাঁদের বাড়ি-গাড়ি নষ্ট হয়ে গেছে—তাদের দুর্দশার আজ সীমা-পরিসীমা নেই—তার জন্য যদি কোন ত্রাণের ব্যবস্থা করতেন, তাদের কোন ক্ষোভের বা গোঁসার কারণ থাকত না এটাই আমার মনে হয়। আমি তার জন্য যুক্তফ্রন্টের পক্ষ থেকে দুঃখিত—সেই সমস্ত মন্ত্রীদের জন্য আমরা কোন ত্রাণ ব্যবস্থা করতে পারি নি বলে। আমাদের এই ট্রেন্ড সম্পর্কে ত্রাণনীতি কি হবে, দৃষ্টিভঙ্গি কি হবে সেটা আমাদের বিচার করা দরকার। আমার মনে হয় রিলিফ মাস্ট নট বি নেগেটিভ। অথচ আমাদের যে রিলিফ, সেই রিলিফ দিয়ে মানুষকে ভিক্ষার বৃত্তিতে গড়ে তোলার কাজ না করে এই রিলিফএর মাধ্যমে মানুষকে যাতে কাজে উৎসাহিত করতে পারি আমাদের দেশের রাস্তা-ঘাট উন্নয়নমূলক কাজে মানুষকে উদ্বুদ্ধ করতে পারি তার জন্য রিলিফএর কাজ করা উচিত এবং তার অংশ ব্যয় করা উচিত এবং নীতিগতভাবে এ জিনিসের নিন্দা করা উচিত। আর একটা কথা হচ্ছে এগ্রিকালচারাল লোন এবং জমি উন্নয়নের যে লোন সেটা বেশি করে দেওয়া দরকার। কৃষক যে খাদ্য উৎপাদন করে প্রয়োজনমত আজ সুদে দীর্ঘমেয়াদী কৃষিঋণ দেওয়া দরকার। এবং তাঁরা যাতে কৃষিঋণ সময়মত পান তাহলে ক্ষেত-খামারে ফসলের উৎপাদন তারা বৃদ্ধি করতে পারবে। গতকাল খাদ্যমন্ত্রী মহাশয় যে খাদ্যসমস্যার কথা বললেন তাতে কৃষিঋণ যদি এইভাবে দিতে পারি তাহলে খাদ্যসমস্যার সমাধান হতে পারে। তা ছাড়া গ্রামাঞ্চলে বহু লোক আছে যারা আজকে বিধ্বস্তের দিকে, কুম্ভকার, কামার, ছুতোর, মিস্ত্রি তারা আজকে কাজ পাচ্ছে না, তারা আজকে বেকার অবস্থায় আছে, তাদের জন্য আর্টিজেন

জোরে দরকার যাতে নাকি তাদের বৃত্তি ভালভাবে চালু করতে পারে। আর একটা জিনিস হচ্ছে অরগানাইজেশনএর মাধ্যমে আমাদের করতে হবে। মাননীয় সাত্তার সাহেব যেটা নাকি অগণতান্ত্রিক বলেছেন, তারা ডেমোক্রেসির কথা বলেন। ডেমোক্রেসিতে সমস্ত দলকে স্বীকার করাই প্রকৃত ডেমোক্রেসি বলে। গণতান্ত্রিক ভিত্তিতেই আমরা রিলিফ কমিটি গঠন করেছি এবং প্রকৃত গণতন্ত্রকে মর্যাদা দিয়েছি, সমস্ত বিরোধী দলকে রিলিফ কমিটিতে নেওয়া হয়েছে এবং মণ্ডল কংগ্রেসের সদস্যকে রিলিফ কমিটিতে স্থান দেওয়া হয়েছে কিন্তু কংগ্রেস রিলিফ কমিটিতে অংশগ্রহণ করেনি। দুঃখের বিষয় তাঁরা এ সম্বন্ধে বক্তৃতা করেন। তাঁরা গ্রামাঞ্চলের রিলিফ কমিটিকে বয়কট করেছেন। আর আজকে তাঁরা এখানে এসে কুম্ভীরাশ্রু বর্জন করছেন। গরিবদের কথা বলে কথা বলছেন। বাঁকুড়া, পুরুলিয়া, মালদহ ইত্যাদি নিপীড়িতদের জন্য বহু কথা বলেছেন, বহু কুম্ভীরাশ্রু বিসর্জন করেছেন, কিন্তু আজকে কুড়ি বৎসর ধরে যে অবস্থা হয়েছিল সেটার জন্য কংগ্রেস সরকারই দায়ী। তাদের বক্তৃতা শুনে মনে হয় যে, কুড়ি বৎসর যুক্তফ্রন্ট সরকারই বোধহয় বাংলাদেশের শাসন চালিয়েছিলেন। ২০ বৎসরের যে শাসন তার জন্য তাঁরাই দায়ী। বাংলাদেশের দুর্গতির মূল কারণ যে, ও'রাই সাত্তার সাহেবকে সে কথা বলেন নি। তাদের অভাব-অভিযোগের কথা আমরা অস্বীকার করতে পারি না। আমাদের গভর্নমেন্টএর ওয়েস্ট বেঙ্গল বলে যে বই আছে তা থেকে তিনি উদ্ধৃতি করে দেখিয়েছেন আমরা নিজেদের কথা অস্বীকার করি না, আমাদের স্বীকার করবার সৎসাহস আছে, আমরা ভুল করলেও তা স্বীকার করি এই কথা আমরা মানুষকে বোঝাবার চেষ্টা করি যে, আমাদের ভুল হয়েছে। যদি কেউ সঠিক কর্মী হন তা হলে তিনি নিশ্চয়ই ভুল স্বীকার করে, ভুল সংশোধন করে নূতন পদক্ষেপ গ্রহণ করবেন। আমাদের যুক্তফ্রন্ট সরকারের যে সৎসাহস আছে, সাত্তার সাহেবের কথা শুনে মনে হয় সেই কথা—চোরের মায়ের বড় গলা। চুরি করে সমস্ত মাঠ করে দিয়েছেন। মুর্শিদাবাদ জেলা পরিষদের যদি হিসাব নেন তাহলে দেখবেন। আমাদের মাননীয় জগন্নাথবাবু নদিয়ার রিলিফ সম্বন্ধে উল্লেখ করেছেন। আমি জানি বিভিন্ন জেলার অঞ্চল পঞ্চায়েতের চেয়ারম্যানের মাধ্যমে কংগ্রেস প্রধানরা বহু টাকা চুরি করেছেন এবং পায়ের বুড়ো আঙ্গুলের টিপ সই দিয়ে জি আর টি আর ইত্যাদি বিলি করা দেখিয়েছেন। মেদিনীপুর জেলার জেলা পরিষদের সম্বন্ধে যেসমস্ত অভিযোগ আছে তাতে তাদের শো কজ করেছেন। নন্দীপুর ২নং ব্লকের চেয়ারম্যান গত বিধানসভার সদস্য প্রবোধ জানার ভাই শ্রীসুবোধ জানা, তিনি এবং প্রবোধ জানা বহু টাকা চুরি করেছেন, কোন কাগজ-পত্রে কোন হিসাব দেখাতে পারেন নি। এই সমস্ত কাজের তদন্ত হচ্ছে। মাননীয় আভা মাইতি মহাশয়া উপস্থিত থাকলে আপনারা এটা জানতে পারতেন।

Dr. Ranajit Ghosh Chowdhury: On a point of order, Sir. The matter remains sub judice. Sir, how can he refer to the matter?

Mr. Speaker: He will take the responsibility. If it is really sub judice, he speaks on his own responsibility.

[4-5—4-15 p.m.]

শ্রীনিতাইপদ সরকার: আমি ত্রাণমন্ত্রী মহাশয়কে কতকগুলি সাজেসশন দিতে চাই, আশা করি তিনি সাজেসশনগুলি মনোযোগ সহকারে শুনুন। কৃষকদের স্বল্প সুদে দীর্ঘমেয়াদী কৃষিঋণ ও জমির উন্নয়ন, বীজ, সার প্রভৃতির জন্য ঋণের ব্যবস্থা, সারের ঋণ, খরাপীড়িত এলাকায় ফসল না ওঠা পর্যন্ত খয়রাতি সাহায্যের পরিমাণ বৃদ্ধি, পুরাতন রেটকে পরিবর্তন করা, কৃষককে অভাবের সময় কমমূল্যে খাদ্যশস্য সরবরাহের কথা চিন্তা করা। গ্রাম্য ক্ষেতমজুর ও বেকার ভাগচাষী ও অন্যান্য গ্রামীণ বেকারদের জন্য টেস্ট রিলিফএর কাজ এবং বি ডি ও অফিসগুলোকে অন্তত তিন মাস পূর্বেই টি আর স্কীম তৈরি করতে হবে। এদিকে নজর রাখবার জন্য অনুরোধ করছি। কংগ্রেসী চোরেরা যেন টি আরএর মধ্যে না যেতে পারে এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Narayan Chandra Chaudhuri: Mr. Speaker, Sir, I understand you have said that I have wounded your feeling.

Mr. Speaker: That matter is closed. The gentleman who used that expression has withdrawn it and the matter is closed.

শ্রীঅমলেন্দুলাল রায়: আমি জানি যে এটা হাউসএর ব্যাপার যে জেন্টলম্যান উইথড্র করেছেন তিনি বলেন নি। তিনি উপস্থিত আছেন। মাননীয় সদস্য নারাণবাবু এই কথা বললেন, যদি উইথড্র করতে হয় তা করতে পারেন।

মিঃ স্পীকার: আগেও করেছেন এখনও করলেন।

শ্রীআবদুস সাত্তার: রোজ টু স্পিক।

Mr. Speaker: Is it on a personal explanation?

শ্রীআবদুস সাত্তার: ইয়েস স্যার, আমার পয়েন্ট অব পারসোন্যাল এক্সপ্ল্যানেশন হচ্ছে এই কিছুক্ষণ আগে তিনি বক্তৃতা করলেন মুর্শিদাবাদ জেলা সম্পর্কে তিনি কিছু জানেন না। আমি মুর্শিদাবাদ জেলা পরিষদের চেয়ারম্যান। উনি মুর্শিদাবাদ জেলা পরিষদের উপর কিছু এলিগেশন এনেছেন। স্যার, বর্তমান যুক্তফ্রন্ট সরকার হবার পর প্রত্যেকটি জেলা পরিষদ এনকোয়ারি করেছেন এবং আমাদের ওখানে এনকোয়ারি হয়েছে। সেই রিপোর্ট আপনারা পাবেন। সেই ক্রেডিট চেয়ারম্যান দিয়েছেন যে কত সুস্থভাবে, ন্যায়ভাবে কাজ হয়েছে।

শ্রীপঞ্চানন সিংহরায়: মাননীয় স্পীকার মহাশয়, আজকে ফেমিন রিলিফ খাতে ব্যয়বরাদ্দের উপর বলতে গিয়ে আমি প্রথমে যে ব্যয়বরাদ্দ আমাদের সামনে রাখা হয়েছে তার বিরোধিতা করছি। কারণ যে ব্যয়বরাদ্দ আজকে রাখা হয়েছে তাতে বর্তমানে দেশের যে অবস্থা এসেছে তার পক্ষে অত্যন্ত অল্প। এতে দেশের মানুষের দুঃখ-কষ্ট দূর করা সম্ভব নয়। আজকে শুধু নয়, গত কয়েকদিনের আলোচনায় উভয় পক্ষ থেকে একটি কথা স্বীকার করা হয়েছে এবং আজকে সরকার পক্ষ থেকে নদিয়ার মাননীয় সদস্য পাটশাক খাওয়ার কথা বলে যে দুঃখের ইতিহাস তুলে ধরেছেন তাতে এই কথা বোঝা যাবে যে, বাংলাদেশে খরার ফলে দুর্ভিক্ষের অবস্থা এসে গেছে। মন্ত্রিমহাশয় প্রারম্ভিক ভাষণে দুর্ভিক্ষ ঘোষণা না করার কারণ ঘোষণা করেছেন। আজকে মানুষের দুঃখ-কষ্ট এমন পর্যায়ে এসে পেঁছেছে যে, আরও বেশি ত্রাণব্যবস্থার মাধ্যমে দুঃখকষ্ট দূর করতে হবে। আমরা সেই কথা স্বীকার করে নিয়ে আজকে ব্যয়বরাদ্দের মধ্যে যেগুলি বিশেষ বিষয় রয়েছে সেগুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় এবং তাতে আরও বেশি অর্থের প্রয়োজন ছিল। আমরা গত বছরের অভিজ্ঞতা থেকে দেখছি প্রথমদিকে যদিও অল্প অর্থ বরাদ্দ করা হয়েছিল, পরে দেশের যে অবস্থার সৃষ্টি হয়েছিল তাতে আরও বেশি অর্থ বরাদ্দ বৃদ্ধি করতে হয়েছিল। আমি মনে করি বর্তমান ত্রাণমন্ত্রী ব্যয়বরাদ্দ বৃদ্ধি করতে বাধ্য হবেন। তাঁর ব্যয়বরাদ্দের মধ্যে যে কৃষিঋণের ব্যবস্থা রয়েছে তা খুব গুরুত্বপূর্ণ। অথচ খুবই অপ্রচুর। কারণ দু বছর খরার ফলে বাংলাদেশ যে জায়গায় গিয়ে পেঁছেছে তার হাত থেকে যদি রক্ষা করতে হয় তাহলে এ বছর কৃষি উন্নতির জন্য সচেষ্টা হওয়া দরকার। আজকে কৃষির কাজ আরম্ভ হতে চলেছে কিন্তু এখন বিভিন্ন অঞ্চলে যেভাবে কৃষিঋণ বিলি হচ্ছে তা এত অল্প যে, তাতে প্রয়োজন মিটছে না। এ বছর কৃষিঋণের প্রয়োজন খুব বেশি হয়েছে। এ বছর সরকার থেকে ধান সংগ্রহের সিজনএর শেষের দিক থেকে আরম্ভ হবার ফলে মধ্যবিত্ত, নিম্ন-মধ্যবিত্তদের ঘরে যে সামান্য ধান ছিল তা আজকে বেরিয়ে আসছে এবং সাত-আটদিন পূর্বে খাদ্যবিভাগ থেকে একটা আদেশ জারি করে বলা হয়েছে যে, স্মল গ্রোয়ার্সদের কাছ থেকে যা কিছু পাওয়া যাবে বি ডি ও সংগ্রহ করে নিয়ে স্থানীয়ভাবে বিক্রি করবে। যাদের ২-৩-৫-১০ বিঘা জমি আছে তাদের কাছ থেকে ধান চাল কেড়ে নেওয়া হচ্ছে এবং স্থানীয়ভাবে বিক্রি করা হচ্ছে। এর পূর্বে গ্রামের মানুষের ঋণের দায় মিটানোর জন্য ধান বিক্রি করে দিতে হয়েছে। আজ ভ্রান্ত সরকারী ধান্য সংগ্রহ নীতির ফলে গরিব চাষীরা সর্বহারা। প্রচুর ঋণ দেওয়ার উপরে কৃষকরা নির্ভর করছে। সেজন্য কৃষিঋণ যথেষ্টভাবে দেওয়া দরকার এবং বীজ সরবরাহ করা দরকার। যদি কৃষিঋণ যথেষ্টভাবে না দিতে পারেন তাহলে এ বছর কৃষিকার্য ব্যাহত হবে। খাদ্যমন্ত্রী ও ত্রাণমন্ত্রী একথা স্বীকার করেছেন যে, গত ২ বছরে খাদ্যের অবস্থা খুব শোচনীয় হয়ে পড়েছে এবং সেই সঙ্গে কৃষকদের অবস্থা শোচনীয় হয়ে পড়েছে। ত্রাণ বিভাগের আলোচনায় দেখছি

যে, গত বছর গ্রামের উপর যতটা জোর দেওয়া হয়েছিল এবারে ততটা জোর দেওয়া হচ্ছে না। এ বছরে যে দুর্ভিক্ষের অবস্থা এসেছে তার হাত থেকে কি করে দেশ বাঁচবে এটা আমাদের সকলের চিন্তা করা দরকার। আর একটা কথা বলা হচ্ছে, গত বছর ত্রাণ খাতে যে ব্যয় হয়েছিল তা রাজনৈতিক কারণে হয়েছিল এবং কংগ্রেস পক্ষ নাকি নির্বাচনের জন্য ব্যয় করেছিল। আর একটি কথা বলা হচ্ছে, গত বছরে যা ব্যয় করা হয়েছিল তা পঞ্চায়েতী প্রতিষ্ঠানগুলির মাধ্যমে হয়েছিল যেখানে অনেক দুর্নীতি রয়েছে এবং দুর্নীতির জন্য কংগ্রেসীরা দায়ী বলে যে অভিযোগ তোলা হয়েছে এই প্রসঙ্গে আমি গত বছরের কথা এই হাউসকে স্মরণ করিয়ে দিতে চাই। সরকারপক্ষের অনেক সদস্যকে বলতে শুনেছি বিগত বছরে খাদ্য আন্দোলন যখন হয়েছিল তখন নাকি অনেক মূল্যবান প্রাণ নষ্ট হয়েছিল। আমরা দেখেছি গত বছরের প্রথমের দিকে খাদ্য-বরাদ্দ অল্প করা হয়েছিল এবং ব্যাপকভাবে ত্রাণ কার্য হয় নি। তখন আমার এলাকা চন্দ্রকোণায় চাল ও হাট-বাজার লুঠ হয় যখন চালের দাম ছিল ৭৫ পয়সা। ডি-আই-জি নিজে সেখানে গিয়েছিলেন এবং তিনি যে রিপোর্ট দিয়েছিলেন তার একটি অংশ আমি তুলে ধরছি।

"...........All the looting cases of Midnapore district have so far been reported from the "distress belt" of Sadar (N), Sadar (S) and Ghatal subdivisions of that district, thus pointing to my contention that economic distress did play a major role in the incidence of these cases of looting of foodgrains."

তাঁর রিপোর্টে আরও ছিল

"The impression I gathered during this tour in Midnapore district is that even though T. R. work has now commenced in right earnest in different areas in Midnapore district there is still scope for considerable improvement. For instance, out of about 80 T. R. schemes recommended for different Anchals in Jhargram subdivision only about 17 schemes have so far been implemented. It is essential that the rest should also be taken up without delay. While in the jurisdiction of Egra police-station in Contai subdivision T. R. work was proceeding satisfactorily it was surprising that in certain areas within Bhagwanpur police-station in that subdivision T. R. work has not been taken up earnestly yet. For instance, I was told that in the villages of Itaberia, Kamalnayanbar, Naturia, Arjunnagar, etc., a large number of local people are going to Dantan side in Sadar (S) subdivision for T. R. work as adequate number of T. R. schemes are not being implemented in these villages under Bhagabanpur police-station.".

পরিশেষে তিনি মন্তব্য করেন

"In view of my observations above regarding the slow pace of T. R. work in Jhargram subdivision and in some other places in Contai subdivision necessary instructions may kindly be issued to District Magistrate, Midnapore, to ginger up T. R. operations without delay. If this is not done there may be more cases of looting of foodgrains in other parts of Midnapore district besides Sadar (N), Sadar (S) and Ghatal subdivisions.

[4-15—4-25 p.m.]

তাছাড়া আমি আরও কয়েকটি সংবাদ যা বিভিন্ন সংবাদপত্রে বেরিয়েছিল সেদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ডিসট্রেস কল্স অফ মিদনাপুর হ্যাপেনিং শিরোনামায় যে সংবাদ বেরিয়েছিল তাতে ছিল

it was sheer economic distress that made landless labourers restive and desperate in Chandrakona and some other parts of Sadar (N) subdivision of Midnapore.".

তাছাড়া আর একটা খবর যা স্টেটসম্যান-এ বেরিয়েছিল, সেটা সম্বন্ধে দৃষ্টি আকর্ষণ করছি। শিরোনামায় সংবাদ বেরিয়েছিল তাতে ছিল

"Danger of delay in relief. Midnapore a lesson for Government." Incidents of food looting that took place in some parts of the district towards the end of last month seem to have cautioned Writers' Buildings, Calcutta against the danger involved in delaying relief to the thousands of people in distress."

এই খবরটা বেরিয়েছিল ৭-৬-৬৬ তারিখে। এইভাবে অনেক রিপোর্ট রয়েছে তাতে দেখা যাবে প্রথমদিকে খুব কম করে টেস্ট রিলিফ-এর কাজ আরম্ভ করার ফলে ব্যাপকভাবে লুঠতরাজ হয়েছে। শুধু শহরাঞ্চলেই ট্রেন, ট্রাম, বাস পোড়েনি, গ্রামের বহু জায়গায় এটা ছড়িয়ে পড়েছিল এবং তার জন্য এক্সপার্ট কমিটির রিপোর্ট-এর মাধ্যমে কেন্দ্রীয় সরকার এবং রাজ্যসরকারকে আরও অতিরিক্ত ব্যয়বরাদ্দ ত্রাণ খাতে করতে হয়েছিল। আর একটি খবর এখানে রাখছি কেন্দ্র থেকে মিঃ বৈদ্যনাথন এখানে এসেছিলেন, আমিও তাঁর সঙ্গে বিভিন্ন এলাকায় গিয়েছিলাম। মেদিনীপুর জেলার বিভিন্ন এলাকায় দুর্ভিক্ষের অবস্থার ভয়াবহতা তিনি উল্লেখ করেছিলেন, তার ফলে ব্যয়বরাদ্দ বাড়িয়ে দেওয়া হয়েছে। সুতরাং অপ্রয়োজনে ত্রাণ খাতে ব্যয় করা হয়েছে এ কথা মিথ্যা। আর একটি অভিযোগ এখানে উঠেছে সেটি হচ্ছে পঞ্চায়েতী ব্যয়স্থায় দুর্নীতি। আমি বিভিন্ন সমাজসেবামূলক প্রতিষ্ঠানের সঙ্গে জড়িত থেকেছি এবং চিন্তা করেছি দুর্নীতির বিষয়ে আমি স্মরণ করিয়ে দিচ্ছি শান্তনম কমিটির রিপোর্টের কথা, আমি স্মরণ করিয়ে দিচ্ছি ভারত সেবক সমাজের সমীক্ষার কথা। আজকে এই যে দেশের বিভিন্ন স্তরে দুর্নীতি বাসা বেঁধেছে, এই দুর্নীতিপরায়ণ লোকেরা বিভিন্ন রাজনৈতিক দলের ছত্রছায়ায় বাসা বেঁধে আছে, শুধু একটি দলেই নয়, প্রত্যেক দলেই আছে। কংগ্রেস ছাড়া অন্য রাজনৈতিক দলে দুর্নীতিপরায়ণ লোকের সংখ্যা অনেক বেশী ও সৎ লোকের সংখ্যা কম। আমি আর একটি অভিযোগ এই দলগুলির বিরুদ্ধে করছি যে, এই দুর্নীতিপরায়ণ লোকেরা কংগ্রেস ছাড়া অন্যান্য দলের ছত্রছায়ায় বেড়ে চলেছে, সেদিকে দৃষ্টি না দিয়ে যদি শুধু কংগ্রেসকে আক্রমণ করার চেষ্টা করি তাহলে আমরা ভুল করবো। আজকে যুক্তফ্রন্ট সরকার যাঁরা গঠন করেছেন তাঁরা ভুলে যাবেন না যে দুর্নীতি-পরায়ণ ব্যক্তি আপনাদের ভেতরও আছে এবং খুব বেশী আছে। আপনারা রিলিফ কমিটি করে-ছেন, ফুড কমিটি করেছেন, তাদের মধ্যে কি দুর্নীতি আশ্রয় পায় নি? কারণ এটা ভুলে যাবেন না যে, যে কোন কমিটি করুন না কেন বাংলাদেশের ভালমন্দ মানুষ নিয়ে তা করতে হবে, আজকে তারাও এই দুর্নীতির ও দুর্নীতিপরায়ণ ব্যক্তিগণকে আশ্রয় দিয়েছেন। তবুও আমি বলবো দুর্নীতি যদি কোথাও কিছু হয়ে থাকে, সে সম্বন্ধে আজকে কি ব্যবস্থা গ্রহণ করা হবে এবং তার প্রতিকারের সম্বন্ধে কিছু না বলে মেদিনীপুর পঞ্চায়েৎ প্রতিষ্ঠান জেলা পরিষদের উপর আক্রমণ করা হচ্ছে অহেতুক এবং রাজনৈতিক কারণে। নূতন যে সরকার গঠিত হয়েছে তাদের আমি বলবো, এ সম্বন্ধে একটা জুডিসিয়াল এনকোয়ারী করুন। মন্ত্রিমহাশয় কেবল রাজনৈতিক প্রচারের উদ্দেশ্যে দুর্নীতি হয়েছিল, দুর্নীতি হয়েছিল বলে চীৎকার করছেন। মেদিনীপুর জেলায় ২,২০০টা প্রকল্প হয়েছিল, তার মধ্যে ১৯টি কেস করা হয়েছে। সেখানে দুর্নীতি ছিল কিনা তার নিশ্চয়তা কিছু নাই। যদি সেখানে দুর্নীতি হয়ে থাকে, তাহলে নিশ্চয়ই তাদের শাস্তি দিতে হবে। তা না করে এইভাবে গালাগালি করে লাভ কি? আগে দুর্নীতির কেস দেন। আমি বলবো পঞ্চায়েতের মধ্যে সকলে দুর্নীতি পরায়ণ ব্যক্তি ছিলেন না, পঞ্চায়েত দুর্নীতিগ্রস্থ একথা মিথ্যা। অথবা পঞ্চায়েতের মত প্রতিষ্ঠানকে ধ্বংস করার উদ্দেশ্যে মানুষের মনকে তার বিরুদ্ধে বিষিয়ে তুলছেন এইভাবে অপপ্রচার করে। এইভাবে সোস্যাল ওয়েলফেয়ার অর্গানাইজেশান ধ্বংশ করবার চেষ্টা হচ্ছে! এই আক্রমণ হচ্ছে সম্পূর্ণ রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত। গত বছর যে পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল, তাকে বানচাল করবার উদ্দেশ্যে দেশে অরাজকতা সৃষ্টি করা হয়েছিল। শহরাঞ্চলে ট্রামবাস ইত্যাদি পোড়ান হয়েছিল। কিন্তু দেশের মানুষ গ্রামের মানুষ তাদের দুঃখের সুরাহা, ত্রাণ ব্যবস্থার মধ্যে হওয়ার ফলে কোথাও আগুন জ্বললো না। এই হচ্ছে তাদের রাগের কারণ। এই দুর্ভিক্ষের জন্য যে ত্রাণ ব্যবস্থার প্রয়োজন ছিল, সে সম্বন্ধে খতিয়ে দেখবার জন্য একটা কমিশন নিয়োগ করা যেতে পারে। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীচিত্তরঞ্জন মাহাতো: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় ত্রাণমন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দ এখানে উপস্থাপিত করেছেন তা আমি সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। আমি পুরুলিয়া জেলা থেকে এসেছি, সেখানে দুর্ভিক্ষের করাল ছায়া দেখে এসেছি, সেখানে লঙ্গর-খানায় দেখা গেছে বুভুক্ষু মানুষের দল, একটু খিচুড়ির জন্য এসে সমবেত হচ্ছে। এই সমস্যার কি করে সমাধান করা যায়, এটা আজকে সকলকে ভাবতে হবে। শুধু লঙ্গরখানা খুলে কতটুকু সুরাহা হবে। এই অবস্থার জন্য দায়ী কে? এর জন্য দায়ী কংগ্রেস সরকার। তাঁরা বলেছেন পর পর তিন বছর খরা হয়েছে। এর জন্য কি যুক্তফ্রন্ট সরকার দায়ী? মাত্র চার মাসের এই সরকার, আমি বলি তার আগে দু-বছর তাঁরা কি করলেন? আমার জেলা সম্বন্ধে একজন বলেছেন সেখানে দুর্ভিক্ষ হয় নাই বটে, তবে দুর্ভিক্ষ-প্রায় অবস্থা। কিভাবে দুর্ভিক্ষ হয়েছে সেই কথা বলছি। সেই এলাকায় দেখেছি কংগ্রেস সরকার জলসেচের জন্য কোন ব্যবস্থা করেন নাই। কারণ দেখা গেছে গত বছর এক কোটি ৪৩ লক্ষ টাকা তাঁরা সেখানে খরচ করেছেন। জলসেচের জন্য নয়, নির্বাচনী তহবিলে সেই টাকা খরচ হয়েছে। একথা আগেই বলা হয়েছে। আমাদের ঝালদা থানায় প্রাক্তন এম এল এ সেকথা জানেন। সেখানে জলসেচের কোন ব্যবস্থা করা হয় নাই। চাষীরা জল পায় নি। আমি যুক্তফ্রন্ট সরকারকে অনুরোধ জানাবো—তাঁরা সেখানে জলসেচের বন্দোবস্ত করে দিন।

তারপর জেলা পরিষদের মাধ্যমে যে ১ লক্ষ ৪৩ হাজার টাকা তাঁরা খরচ করেছেন—এ বি সি ইত্যাদি আইটেমের মাধ্যমে, সেখানে দেখা যাবে ১৩ হাজার টাকা পাতকুয়ো খনন করতে খরচ হয়েছে। হাজার হাজার কুয়ো নির্বাচনের আগে মঞ্জুর করা হয়েছিল। কিন্তু সেই কুয়োগুলো আজও তৈরী হয় না, খনন করা হয় নাই।

[4-25—4-35 p.m.]

আমাদের যুক্তফ্রন্ট সরকার সেগুলি তদন্ত করে পে-মাস্টারদের জানিয়েছেন যে, শো কজ নোটিশ দেবার জন্য বলা হয়েছে। সেইজন্য আজকে তারা ছোটাছুটি করে বেড়াচ্ছেন। তাঁরা ভেবেছিলেন যে "এইসা দিন জায়গা"—অর্থাৎ এইভাবে দিন ঋযাবে। কংগ্রেস সরকারের পতন ঘটিয়ে যুক্তফ্রন্ট সরকার প্রতিষ্ঠা হয়েছে। মন্ত্রিমহাশয় বলেছেন যে তিনি পুরুলিয়া জেলা ঘুরে দেখে এসেছেন যে সেখানে দু-তিনটি অঞ্চলে টেস্ট রিলিফের কাজ চলেছে। সরকার ঠিক করেছেন যে টেস্ট রিলিফের মাধ্যমে তাদের সেখানে পুকুর খনন করার কাজ দেওয়া হবে, কারণ সেখানে জমিতে জলসেচের অত্যন্ত প্রয়োজন। সেখানে বৃষ্টি খুব অল্প পরিমাণে হয়, পুকুরের জল নিয়ে কৃষির জমিতে সেচের বন্দোবস্ত করা হয়।

আমি এই প্রসঙ্গে আর একটি কথা বলতে চাই পুরুলিয়া অঞ্চলের মাটি অত্যন্ত শক্ত। সেই শক্ত মাটি, সেখানকার বুভুক্ষু মানুষ, যারা অনাহারে, অর্ধাহারে রয়েছে, তারা সহজে কাটতে পারছে না, খুব পরিশ্রম করতে হচ্ছে। আমি সরকারকে অনুরোধ করবো সেখানে তাদের জন্য মাটি কাটার রেটটা একটু বাড়িয়ে দেন। সেখানে টি আর প্রচুর সংখ্যক লোককে দেওয়া হচ্ছে। এ পর্যন্ত প্রায় ২ লক্ষ ৯৫ হাজার লোককে টি আর-এর আওতায় আনা হয়েছে তার জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অভিনন্দন জানাবো। যুক্তফ্রন্ট সরকার, তাঁর বাজেটে বলেছেন যে সেখানে ২৫০টি লঙ্গরখানা খোলা হয়েছে। আর সেখানে প্রাথমিক বিদ্যালয়ের শিশুদের মধ্যাহ্ন ভোজনের জন্য ফ্রি মিল্ক দওয়ার বন্দোবস্ত করেছেন। এর জন্য আমি তাঁকে অভিনন্দন জানাই।

ডাঃ বিনোদ বিহারী মাঝি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ত্রাণমন্ত্রী মহাশয় এই সভায়, তাঁর ব্যয়বরাদ্দের মঞ্জুরীর দাবী করে যে প্রস্তাব উত্থাপন করেছেন আমি তার বিরোধীতা করছি, এবং সেই প্রসঙ্গে আমি বাঁকুড়া জেলার কথা কিছু বলতে চাই।

আজকে বাঁকুড়া জেলার কথা এই সভাতে বহুবার উচ্চারিত হয়েছে। আজকে কলিকাতা মহানগরীর অধিবাসীদের কাছে বাঁকুড়া জেলার সাহায্যের জন্য আহ্বান জানান হয়েছে। আজকে খবরের কাগজের মারফত বাঁকুড়াবাসীর দুরবস্থার কথা ঘোষিত হয়েছে। আমাদের ত্রাণমন্ত্রী মহাশয়ও স্বীকার করেছেন বাঁকুড়ায় যে দুর্ভিক্ষের করাল ছায়া নেমে এসেছে এবং সেই দুর্ভিক্ষ রোধ করবার জন্য তিনি বিভিন্ন প্রকার যে সমস্ত ব্যবস্থা গ্রহণ করেছেন, তা তিনি তাঁর প্রারম্ভিক ভাষণের মধ্যে রেখেছেন। আমি বলতে চাই, যদিও বাঁকুড়ার দুর্ভিক্ষ সম্পর্কে শেষ খবর প্রচারিত

হয়েছে, সেখানকার দুর্গত, দুর্ভিক্ষ প্রপীড়িত মানুষের চেহারা মাননীয় ত্রাণমন্ত্রিমহাশয় উপলব্ধি করতে পারেন নি। কারণ আমরা জানি যে মন্ত্রিমহাশয়রা যখন কোন জেলাতে সফরে যান, তাদের সেখানে যাওয়ার সংবাদ সাত-আট দিন পূর্বেই জানিয়ে দেওয়া হয় সেখানকার কর্তৃপক্ষকে। জেলা ম্যাজিস্ট্রেট ও বি ডি ও-কে সংবাদ দেওয়া হয় এবং তাঁরা তাড়াহুড়া করে মন্ত্রিমহাশয়ের সফরের প্রোগ্রাম ঠিক করেন এবং সেই সংবাদ পরিবেশিত হয়, এর ফলে সেখানকার প্রকৃত সত্য তথ্য জানা যায় না। আমি অনেকদিন ধরে পল্লীগ্রামে বাস করছি, সত্যিকার খরা পীড়িত পল্লীগ্রামের কথা জানি। বাঁকুড়া জেলার কৃষক, মধ্যবিত্ত সম্প্রদায় ও জনসাধারণের বর্তমানে দুরবস্থা কি এবং মজুর মধ্যবিত্ত সম্প্রদায়ের দুরবস্থা কি, তা আমি এই সভায় রাখতে চাই। বাঁকুড়া জেলা অনেক দিন ধরে অল্প লোকের মুখে জুগিয়ে আসছিল, কিন্তু আজ সেখানে এমনই অবস্থা হয়েছে যে, শতকরা ১৫ জন কৃষকের ঘরে অন্ন নেই। আজকে তাদের বীজ ধানটুকুও তারা খেয়ে ফেলেছে, তারা যে কি করে চাষ করবে তা ভেবে পাচ্ছে না। মাননীয় ত্রাণমন্ত্রী মহাশয় বলেছেন যে সরকার পক্ষ থেকে বহু কৃষি ঋণ তাদের দেওয়া হচ্ছে। আমি দু-তিন দিন আগে খবর নিয়েছি এই কৃষি ঋণের জন্য হাজার হাজার লোক যেভাবে ব্লক অফিসে সমবেত হয়েছে তাতে বুঝতে পারা যায় যে ৩০-৪০ টাকা, কত নগণ্য কৃষি ঋণ তারা পাচ্ছে এবং কৃষি ঋণের একটা সবচেয়ে বড় অসুবিধা আছে এই যে এগ্রিকালচার গ্রুপ লোন যেটা দেওয়া হয় সেই গ্রুপ লোনের দিকে মাননীয় মন্ত্রি-মহাশয়ের বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি। এই গ্রুপ লোনে একজন যদি ডিফলটার হয় তাহলে ১২ জনের নামে যদি গ্রুপ লোন থাকে তাদেরও ডিফলটার বলে ধরা হয় এবং বাদ বাকী লোক টাকা দিলেও তাদের আর কৃষি ঋণ দেওয়া হয় না। আমি দাবী করছি খরা এলাকায় ডিফলটার-দেরও এই কৃষি ঋণ দেওয়া একান্ত কর্তব্য। আজকে বাঁকুড়া জেলায় যেখানে কোনদিন অন্নাভাব ছিল না, সেখানে আড়াই টাকা কেজি চাল, তাও পাওয়া যাচ্ছে না। আমি সেদিন একটা পল্লীগ্রামে গিয়েছিলাম, আমি চিকিৎসক হিসাবে বিভিন্ন গ্রাম ঘুরেছি, আমি দেখেছি মজুরবা কিছু কিছু টেস্ট রিলিফের কাজ পাচ্ছে কিন্তু টেস্ট রিলিফে একজন মজুর আইনত দেড় টাকার বেশী রোজগার করতে পাবে না। কিন্তু প্রকৃতপক্ষে দেখা যায় যে ১৪ আনা বা ১ টাকার বেশী তারা রোজগার করতে পারে না। কারণ বাঁকুড়ার অধিকাংশ জায়গায় পুকুর সংস্কার করা হচ্ছে টেস্ট রিলিফের মাধ্যমে এবং আপনারা সকলেই জানেন বাঁকুড়ায় কঙ্করময় ভূমি যার ফলে যদিও দেড় টাকা আমা-দের ধরা আছে মজুররা মাথাপিছু রোজগার করতে পাববে কিন্তু আসলে তারা তা রোজগার করতে পারে না, তারা রোজগার কবে মাত্র ১৪ আনা বা ১ টাকা। আমি জানি এই ১৪ আনা বা ১ টাকা রোজগার করে যখন তারা ৪টা, ৫টার সময় হাড় ভাঙ্গা খাটুনি খেটে অন্নের সংস্থানে ঘুরে বেড়ায় তখন গ্রামের মধ্যে তারা খাদ্যের সংস্থান করতে পারে না, এম আর সপের মাধ্যমে চাল দেওয়াও বন্ধ হয়ে আছে, গম যা দেওয়া হচ্ছে প্রতি গ্রাম সভায় মাত্র ৫ কুইন্টাল করে যেখানে গ্রাম সভার লোকসংখ্যা হচ্ছে ১৫-২০ হাজার। এই মজুররা সারাদিন খাটবার পর এক টাকা মজুরী নিয়ে গ্রামের পর গ্রাম ঘুরে অন্নের সংস্থান করতে পারেনি এই ঘটনা আমি জানি। আমি জানি সেখানকার অধিকাংশ মধ্যবিত্ত সম্প্রদায় তাদের ছেলেদের স্কুলের বেতন দিতে পারে না। আমি একটা স্কুলের দৃষ্টান্ত দিতে পারি ইনপুর গোয়েঙ্কা স্কুল, তার ছাত্রসংখ্যা সাড়ে চার শত, কিন্তু আজ পর্যন্ত বেতন দিতে পেরেছে মাত্র ৮৮ জন। সেইজন্য আমি বলবো খরা পীড়িত এলাকার সমস্ত স্কুলের বিষয় যেন মন্ত্রিমহাশয় চিন্তা করে দেখেন। এইরকম ভাবে খরাক্লিষ্ট কৃষক, মধ্যবিত্ত এবং মজুরদের ত্রাণের ব্যাপারে তিনি যেন চিন্তা করেন। যদি সত্যিকারের তাদের দুঃখকষ্ট দেখতে চান তাহলে তিনি ছদ্মবেশে লঙ্গরখানায় যেখানে হাজার হাজার মানুষ একমুঠো খিচুড়ীর জন্য ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করছে সেখানে গেলেই সেটা দেখতে পাবেন। কিন্তু তিনি যদি সেখানে ঐ পরিষদ সহকারে যান তাহলে তিনি প্রকৃত অবস্থা অনুধাবন করতে পারবেন না, তাঁদের দ্বারা তিনি ভ্রান্ত হবেন। আমি বলবো যেখানে হাজার হাজার কৃষক ৩০-৪০ টাকা কৃষি ঋণের জন্য সমবেত হয়েছে তাদের মাঝখানে যদি তিনি ছদ্মবেশে গিয়ে দাঁড়ান তাহলে বুঝতে পারবেন কৃষকদের দুরবস্থা কি। আমি অনুরোধ করবো উনি যদি সমস্ত এলাকা ঘুরেন তাহলে প্রকৃত তথ্য জানতে পারবেন। আজকে বাঁকুড়ায় ব্যাপক আকারে দুর্ভিক্ষ দেখা দিয়েছে। খবরের কাগজে শুধু গঙ্গাজলঘাটির কথাই উল্লেখ করা হয়েছে মাত্র। যখন বাঁকুড়াতে এই দুর্ভিক্ষের পদধ্বনি শোনা গিয়েছিল তখন আমরা ইনপুর থানার সালালপুর, গোপালপুর ইত্যাদি অঞ্চল আমরা পর্যবেক্ষণ করেছিলাম এবং সেখানকার অবস্থাও খুব শোচনীয় দেখছিলাম। আমাদের

সঙ্গে কাগজের রিপোর্টাররাও ছিলেন বিভিন্ন পত্রিকার, আনন্দবাজার, যুগান্তর, অমৃতবাজার, কিন্তু তাদের রিপোর্টে দেখতে পেলাম শুধু সেই গঙ্গাজলঘাঁড়ির কথা, বিশেষভাবে কাগজে প্রকাশিত হয়েছে, অন্যান্য জায়গার কথা উল্লেখ করা হয় নি। ঐ সমস্ত জায়গা পরিদর্শন করে আমরা বলেছিলাম যে এই সমস্ত এলাকায় কোন বিহিত ব্যবস্থা করা হয় নি। কিন্তু দুঃখের সঙ্গে আমি বলছি যে ঐ বিনপুর থানার সালালপুর, গোপালপুরে সর্বপ্রথম লঙ্গরখানা ভারত সেবাশ্রম সংঘ ৭-৮টা লঙ্গরখানা খুলেছিলেন কিন্তু সরকার থেকে কোন বিহিত ব্যবস্থা এখন পর্যন্ত গ্রহণ করা হয় নি বা সরকারের দৃষ্টি সেদিকে আকৃষ্ট হয় নি। আমি এই প্রসঙ্গে বিভিন্ন জায়গায় ঘুরে যা দেখলাম বর্তমানে যে নানা কমিটি হয়েছে সে সম্বন্ধে আমার কিছু বক্তব্য রাখতে চাই। আজকে আপনারা সকলেই জানেন যে পূর্বে অঞ্চল পঞ্চায়েতের মাধ্যমে যে অঞ্চল রিলিফ কমিটি ছিল সেই রিলিফ কমিটির মাধ্যমে আমাদের ত্রাণকার্য এবং ত্রাণ সাহায্য, টি আর এবং জি আর করা হোত। আজকে যে ত্রাণ কমিটি করা হয়েছে, আমি খাদ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো বর্তমানে যে ত্রাণ কমিটি করা হয়েছে সেই ত্রাণ কমিটি তিনি যেন অনুসন্ধান করে দেখেন সত্যিকারের পূর্বের ত্রাণ কমিটি যাকে দুর্নীতিপরায়ণ বলে প্রচার করা হয় তার চেয়েও এই ত্রাণ কমিটি আরো দুর্নীতিপরায়ণ হয়েছে কিনা। আমি জানি আমার এলাকায়, আমি চ্যালেঞ্জ গ্রহণ করতে পারি, বর্তমানে যে ত্রাণ কমিটি সেখানে গঠিত হয়েছে, আমাদের সেই ইনপুর ত্রাণ কমিটিতে এস এস পি-র কোন সদস্য না পাওয়ার জন্য বাঁকুড়া ব্লক নং ১ সেখান থেকে একজন এস এস পি-র লোককে এনে সেখানে মনোনয়ন দেওয়া হয়েছে। আমি বুঝতে পারছি না অন্য ব্লকের সদস্য হয়ে, তিনি কি করে এখানে সদস্য হতে পারেন। সেইজন্য আমি বলবো এটা অত্যন্ত অ-গণতান্ত্রিক হয়েছে। বর্তমানে যে ফুড রিলিফ কমিটি হয়েছে তার মাধ্যমে কৃষি ঋণ বিলি করা হয়। তাদের যে কাজ আপনারা জানেন। তাঁরা প্রাইয়োরিটি লিস্ট করবেন, জি আর লোন বিলি করবেন এবং পে মাস্টার ইত্যাদির প্যানেল করে দেবেন এবং বি ডি ও সেই প্যানেল অনুযায়ী অ্যাপয়েন্টমেন্ট করবেন। কংগ্রেসকে দোষ দেওয়া হচ্ছে, এই সময় নীতি ছিল কোন অঞ্চলের রিলিফ কমিটির কোন সদস্য তার কোন আত্মীয় পে মাস্টার হতে পারবে না কিন্তু বর্তমানে যে রিলিফ কমিটি হয়েছে তাদের নিজেদের সমস্ত দলের এবং যেখানকার সদস্যরা আছেন সেই সমস্ত সদস্যরা তাদের নিজেদের লোককে পে মাস্টার করছেন।

[4-35—4-45 p.m.]

তারা নিজেরা যে প্যানেল করে দিচ্ছে সেই অনুসারেই পে মাস্টার অ্যাপয়েন্ট করা হচ্ছে। আমি ৩-৪ দিন আগের কথা বলতে পারি ভাগচাষীদের বীজ ধান দেওয়া হচ্ছিল আমার এলাকায়, আমি একটা অঞ্চলের দৃষ্টান্ত দিচ্ছি তাহলে জানতে পারবেন যে কি অ-গণতান্ত্রিক ব্যবস্থা সেখানে চলেছে। ইনপুর অঞ্চলে ৯টি গ্রাম সভা আছে, পূর্বে যে ফুড রিলিফ কমিটি ছিল তাতে প্রতি গ্রাম সভা থেকে অঞ্চল সদস্যদের দ্বারা মেম্বাররা নির্বাচিত ছিল, এখন ৯টি গ্রামসভার মাত্র ৪টি থেকে প্রতিনিধি নির্বাচিত হয়েছে, এমন গ্রামসভা আছে যেখান থেকে দু-তিন জন বিভিন্ন দলের থেকে সদস্য নির্বাচিত হয়েছে এবং ৫টি গ্রামসভা সম্পূর্ণভাবে প্রতিনিধি নির্বাচন থেকে বঞ্চিত হয়েছে, তাদের কোন প্রতিনিধি নেই। আমি জানি সেদিন এই সমস্ত বীজধান দেওয়া হচ্ছিল, যেসমস্ত এলাকার গ্রামসভা থেকে অধিক সংখ্যক সদস্য নির্বাচিত হয়েছে সেই এলাকায় বেশীর ভাগ বীজ ধান দেওয়া হয়েছে এবং এমন সব লোককে দেওয়া হয়েছে যাদের কোন জমি নেই। যদি এনকোয়ারী করা হয় তাহলে আমরা প্রমাণ দিতে পারি। এই যে বীজধান দেওয়া হয়েছে সেই বীজধান ১০ কেজি, ২০ কেজি করে দেওয়া হয়েছে এবং একই পরিবারে ব্যক্তির নামে স্ত্রীর নামে এবং তার মালিকের নামে পর্যন্ত বীজধান দেওয়া হয়েছে এবং এই বীজ ধান ১০ কেজিতে ২ টাকা এবং ২০ কেজিতে ৪ টাকা করে ঘুষ নেওয়া হয়েছে। আমি এর প্রমাণ দিতে পারি। মাননীয় মন্ত্রিমহাশয় যদি অনুসন্ধান করেন, তাহলে আমি প্রমাণ দিতে পারি। আজকের সরকার পক্ষ পূর্বেকার রিলিফ কমিটি দুর্নীতিপরায়ণ বলে বাতিল করেছেন, কিন্তু যদি কংগ্রেসের লোকেরা চোর ছিল, এখনকার রিলিফ কমিটির লোকেরা ডাকাত এবং আগের লোকেরা যদি পকেটমার ছিল, তাহলে আমি বলব এখন যারা রয়েছেন তারা লুণ্ঠনকারী। আমি বলব, এই ফুড রিলিফ কমিটি যদি মন্ত্রিমহাশয় বাতিল না করেন, তবে জনসাধারণ ডুববে এবং যুক্তফ্রন্টও ডুববে। আমি কয়েকটি কথা বলে বক্তব্য শেষ করব। বাঁকুড়া জেলাকে অবিলম্বে দুর্ভিক্ষ এলাকা বলে ঘোষণা করুন এবং স্টেট রিলিফ ও

গ্রাচ্যুইসাচ রিলিফ এবং অর্থের পরিবর্তে তারা যাতে খাদ্যশস্য পায় তার ব্যবস্থা করা হোক। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীভবেন্দ্রনাথ রায় হাকিমঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় ত্রাণমন্ত্রী যে বায়বরাদ্দ এখানে উপস্থিত করেছেন, তা আমি আন্তরিকভাবে সমর্থন করি। আমার বিশ্বাস যুক্তফ্রন্ট সরকারের পরিচালনায় এটা সার্থক হয়ে উঠবে। আজকে বাঁকুড়া, পুরুলিয়া, মালদহ, দিনাজপুর নিয়ে আজকে সারা বাংলাদেশে হৈ চৈ পড়ে গিয়েছে। এই খরাপীড়িত অঞ্চলের অবস্থা যে ভয়াবহ সে বিষয়ে সকলেই একমত। দুর্ভিক্ষ এবং খরাপীড়িত অঞ্চলগুলিতে মানুষের অভাব অভিযোগের মোকাবিলা করতে হবে—এটা আমরা সকলেই স্বীকার করি। আজকে দলমত নির্বিশেষে সকলেরই এগিয়ে আসা উচিত। খরাপিড়ীত এলাকায় খয়রাতি সাহায্যের জন্য এখানে যে ব্যয়বরাদ্দ করা হয়েছে, আমি বলতে পারি সেগুলি যদি ঠিকঠিক ভাবে পরিচালিত হয় তাহলে বাজেটের পরিমাণ যথেষ্ট আছে। একথা ঠিক বিগত কংগ্রেসী সরকারের খয়রাতী সাহায্যের পরিমাণ বহুগুণ বেশি ছিল। কিন্তু পরিচালনার অব্যবস্থার ফলে ব্যর্থ হয়েছে। আমি আশা করি, যুক্তফ্রন্ট সরকারের ঠিকমত পরিচালনায় এটা সার্থক হয়ে উঠবে, এই বিশ্বাস আমার আছে। বিরোধী দলের বন্ধুরা অভিযোগ করেছেন যে, ১৪টি দলের পরিচালনায় ফুড এবং রিলিফ কমিটি গঠিত হয়েছে। তাঁদের স্মরণ রাখা উচিত এটাই গণতান্ত্রিক ব্যবস্থা। তাঁরা যদি এই কমিটি থেকে রাগ করে ছেড়ে না আসতেন, তাহলে যুক্তফ্রন্ট সরকারকে দায়ী করে লাভ হবে না। তাতে সমস্যার সমাধান হবে না। এতে তাঁদের কি লাভ হল বুঝতে পারছি না। প্রত্যেকটি দল যদি সেখানে থাকত, তাহলে ব্যবস্থা আরও ভাল হতো বলে আমি মনে করি। সম্ভব হলে এই খরাপিড়ীত অঞ্চলগুলিতে জি আর আরও বাড়ান গেলে ভাল হয় এবং আশা করি এই বিষয়ে মাননীয় মন্ত্রিমহাশয় বিবেচনা করবেন এবং কার্যক্ষম ব্যক্তিদের জন্য টি আর স্কীম অবিলম্বে চালু করতে হবে। আর একটি অসুবিধা এখানে আছে, এই জি আর-এ অনেক সম্ভ্রান্ত ব্যক্তি আছেন যারা দরিদ্র তারা সাধারণ মানুষের সঙ্গে এক সঙ্গে জি আর নিতে পারে না, লজ্জা বোধ করে। এই সম্ভ্রান্ত দরিদ্র ব্যক্তিরা যাতে অন্য লোকের মারফত জি আর পায় সেদিকে ব্যবস্থা করবার জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। আর একটি বিষয় আমি ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, উত্তরবাংলায় ভয়াবহ বন্যা হয়ে গিয়েছে। যা খবর পাচ্ছি, সেখানকার অবস্থা খুব জটিল। সুতরাং সেখানে ত্রাণ কার্য যথাশীঘ্র যেন পরিচালিত করা হয় এবং যেসমস্ত অঞ্চল জলে ডুবে গরু বা বাছুর মারা গেছে এবং অনেক মানুষ অবর্ণনীয় দুঃখকষ্টে দিন যাপন করছে তাদের জন্য ত্রাণ কার্য তাড়াতাড়ি পরিচালনা করার জন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। এই বলে আমি আমার বক্তৃতা শেষ করলাম।

[4-45—4-55 p.m.]

শ্রীমতী সুধারাণী দত্তঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রায় প্রতি জেলাতে আমরা দেখতে পাচ্ছি যে খাদ্যাভাব হয়েছে। আমাদের সামনে মাননীয় মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দের দাবী করে রেখেছেন তার প্রয়োজনের তুলনায় অনেক কম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাঁকুড়া জেলায় দু-তিন বছর ধরে খরা দেখা গেছে এবার তো দুর্ভিক্ষ হয়েছে—আমাদের শ্রদ্ধেয় ত্রাণ মন্ত্রীমহাশয় সেই সব এ্যাফেকটেড এরিয়ায় নিজে গিয়েছিলেন এবং সেখানে পরিদর্শন করে তিনি দেখেছেন এবং তিনি দুঃখ প্রকাশ করে বলেছেন যে না খেতে পেয়ে সেখানকার লোকদের কাজ করার ক্ষমতা নেই। জানি না সেখানে দেখে এসে আমাদের শ্রদ্ধেয় মন্ত্রিমহাশয় কেন বাজেট এতো কম করেছেন। শ্রমিকরা আজ কাজ পাচ্ছে না, নানারকম অখাদ্য-কুখাদ্য খেয়ে রোগে আক্রান্ত হয়েছে। কিছু কিছু শ্রমিক কাজ পেয়েছে। কিন্তু সেখানে পরিশ্রমের বদলে তাদের অর্থ দেওয়া হচ্ছে। কিন্তু অর্থ দিয়ে কি হবে—অর্থ দিয়ে তো সেখানে ধান বা গম পাওয়া যাবে না। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো তিনি যেন সেখানে পরিশ্রমের বদলে অর্থ না দিয়ে গম বা মাইলো দেন। মধ্যবিত্তের অবস্থাও শোচনীয়, নানাভাবে আমরা সেটা দেখতে পাচ্ছি। আমি সে কথা বলে আর সময় নষ্ট করবো না। আমরা দেখেছি যে যেখানে যেখানে টেস্ট রিলিফের রাস্তা হয়েছে সেখানে মধ্যবিত্তেরা আছেন যাদের বাড়িতে গরুরগাড়ী আছে—সেই টেস্ট রিলিফে রাস্তা হবার সময় তারা গরুরগাড়ী করে পাথর প্রভৃতি বহন করে কিছু রোজগার করতো। আজ টেস্ট রিলিফের

রাস্তা বন্ধ হয়ে গেছে তার জন্য অনেকে বেকার হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মধ্যবিত্ত ঘরের মেয়েদের কথা একটু উল্লেখ করবো। যাঁতা স্কীমকে আরও বাড়িয়ে যাতে মেয়েদের বাঁচানো যায় তার জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো। আমরা দেখেছি যে ঘরে ঘরে মেয়েদের শুধু অন্নাভাবই নেই, তাঁরা নিজেদের লজ্জা নিবারণ করবার জন্য বস্ত্র পর্যন্ত তাঁদের জোটে না। সেখানে লঙ্গরখানা কিছু বেড়েছে কিন্তু চাহিদার তুলনায় তা খুব কম। আমি অনুরোধ করবো, শিল্প ঋণ, কৃষি ঋণ যাতে আরও ব্যাপকভাবে তাদের দেওয়া হয় সেই ব্যবস্থা যেন তিনি করেন। আর সবশেষে এইটুকু বলতে চাই অত্যন্ত দুঃখের সঙ্গে যে যেন রিলিফ নিয়ে রাজনীতি না হয়, এই রিলিফ আগে যেমন ছিল যারা গণভোটে নির্বাচিত হয়েছেন, গ্রামসভা সেই গ্রামসভার মাধ্যমে যাতে রিলিফের ব্যবস্থা হয় তার চেষ্টা করুন এই কথা বলে আমি শেষ করছি।

শ্রীগিরিশ মাহাতোঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের ত্রাণমন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবী উপস্থিত করেছেন তাকে আমি সম্পূর্ণরূপে সমর্থন করছি। কংগ্রেস সরকারের খাদ্যনীতি লুঠতরাজ চোরাকারবারী এবং জঙ্গল ধ্বংস হবার ফলে অনাবৃষ্টির জন্য আজ পশ্চিমবঙ্গের কয়েকটি জেলায় দুর্ভিক্ষ হয়েছে এবং আমাদের কংগ্রেসী ভাইরা এই দুর্ভিক্ষের জন্য যুক্তফ্রন্ট সরকারকে দায়ী করছেন। কিন্তু আমি বলবো এই দুর্ভিক্ষের জন্য দায়ী হচ্ছে কংগ্রেস সরকার। অধ্যক্ষ মহাশয়, আমি দুর্ভিক্ষ বিষয়ে বলবার আগে আপনার মারফত মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে আমাদের এই যুক্তফ্রন্ট সরকার তৈরী হবার সময় যে ১৮ দফা ঘোষণা করেছেন সেই ১৮ দফার মধ্যে একটা দফা আছে দুর্নীতি দমন করা। আমার একটু আগে বাঁকুড়ার এক ভাই বললেন যে যুক্তফ্রন্ট সরকারের রাজত্বে বীজ ধানের দুর্নীতি হয়েছে—আমি সেই ভাইটিকে অনুরোধ করবো তিনি যেন ওটা লিখিতভাবে আমাদের মন্ত্রিমহাশয়কে দেন, তার তদন্তের জন্য। এবং আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো এ বিষয়ে যেন কঠোর শাস্তি দেওয়া হয়। এবং তার সঙ্গে পূর্বে কংগ্রেস সরকারের সময় যে লুটতরাজ হয়েছে সে সম্বন্ধেও যেন কঠোর শাস্তি দেওয়া হয়। আজ পুরুলিয়া জেলার ১৫ লক্ষ লোকের মধ্যে ১২ লক্ষ লোক দিনের পর দিন অনাহারে দিন কাটাচ্ছে এবং বহু লোক মারা গেছে। তাদের মারা যাবার জন্য একমাত্র দায়ী হচ্ছে আমাদের প্রাক্তন মুখ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন। যখন গত বছর আমাদের পুরুলিয়ায় বর্ষা হয় নি তখন তিনি খাদ্য আইন করে আমাদের পুরুলিয়া জেলা থেকে জোর করে ধান পাচার করেছিলেন। তিনি বলেছিলেন অনাবৃষ্টির জন্য পুরুলিয়ায় যে ধান হবে সেই ধান পুরুলিয়ায় থাকবে, কিন্তু ৩৪ হাজার টন গত বছর যে খাদ্য জমা ছিল পুরুলিয়ায়, প্রফুল্ল সেন মহাশয় তা পাচার করে নিয়ে এসেছেন যার জন্য আজ পুরুলিয়ার লোকরা হাহাকার করছে। শুধু তাই নয়, আজ আমরা দেখেছি যে ঐ চোরাকারবারীরা কংগ্রেস সরকারের সহায়তায় হাজার হাজার কুইন্টাল ধানচাল বিহারে পাচার করছে যার জন্য আজ পুরুলিয়া জেলায় দুর্ভিক্ষ হয়েছে। আজ আমার একথা বলতে বড় লজ্জা লাগবে—আমাদের কংগ্রেসী ভাইদের লজ্জা বলতে কোন বোধ নেই—আজ কয়েক বছর আগে লোকসেবক সংঘের সচিব শ্রীঅরুণচন্দ্র ঘোষ যখন ঘোষণা করেছিলেন যে ২১ জন লোক না খেয়ে মারা গেছে তখন সে কথা কংগ্রেসী ভাইরা উড়িয়ে দিয়ে বলেছিলেন অরুণ ঘোষ রাজনীতি প্রচার করছে। কিন্তু এখন অরুণ ঘোষের কথা তাঁরা বার বার এখানে উল্লেখ করছেন। তাঁদের লজ্জা হওয়া উচিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মারফত কংগ্রেস কিভাবে লুঠতরাজ করেছে তা মন্ত্রিমহাশয়কে বলে দিতে চাই এবং আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে এ বিষয়ে তদন্ত করতে বলছি। কিছুদিন আগে ঐ পঞ্চায়েত প্রধানরা জি আর বিলি করেছিল, তার পরে অফিসাররা বিলি করেছেন, তার পরে রিলিফ কমিটি ফুড কমিটি এই জি আর বিলি করেছে। এগুলি তদন্ত করে দেখবেন যে প্রধানরা যখন জি আর বিলি করেছে তখন প্রত্যেক অঞ্চলে তারা ৪-৫ শত টাকা করে নিয়েছে। তাই আমি ত্রাণ মন্ত্রীকে অনুরোধ করব যে এগুলি তদন্ত করে সেইসব প্রধানদের যেন কঠোর শাস্তি দেওয়া হয়। আমার পূর্বের এক ভাই বলেছেন যে এক কোটি ২০ লক্ষ টাকা জি আর-এর জন্য দেওয়া হয়েছিল কুয়ার ব্যাপারে। কিন্তু কুয়োতে জল নেই—এইভাবে তারা সমস্ত টাকা পাচার করেছে অনুসন্ধান করে দেখুন। কিছুদিন হোল জি আর বাড়ানো হয়েছে। যখন চতুর্দিকে দেশের লোক হাহাকার করছে তখন কিছু লঙ্গরখানা খোলা হয়েছে এবং বহু লোককে জি আর দেওয়া হয়েছে। কিন্তু আমি অধ্যক্ষ মহাশয়ের মারফত মন্ত্রিমহাশয়কে বলবো যে এখনও অনেক অফিসার রয়েছেন যাঁরা

কংগ্রেসের লোকের সঙ্গে টাকা ভাগাভাগী করেছেন এবং সেই সমস্ত অফিসার এখনও কাজে বাধা দিচ্ছেন এবং তাঁরা মানুষকে নিয়ে ছিনিমিনি খেলছেন এবং সরকারী টাকা লুঠ করছে। রিলিফ অফিসাররা ভালভাবে কাজ করছে না—এ ব্যাপারে অনুসন্ধান করবেন। এই কথা বলে আমি এই ব্যয়বরাদ্দকে সমর্থন করে শেষ করছি।

[4-55—5-5 p.m.]

ডাঃ রঞ্জিৎ ঘোষ চৌধুরী: মাননীয় স্পীকার, স্যার, আমি এতক্ষণ ধরে আমাদের সরকার পক্ষের সদস্যরা যা বললেন তা শুনলাম। প্রথমে যিনি বললেন তিনি বাংলা-বিহার মার্জার যখন হচ্ছিল সেসময় তিনি এম এল এ হয়েছিলেন—তিনি মার্জার এম এল এ। তিনি মাও মাও করায় আমার বঙ্কিমচন্দ্রের কথা মনে পড়ে গেল। মাও-এর ক্ষিদে পেয়েছে তাই তিনি খাদ্যনীতির কথা বললেন। ত্রাণ নীতি খাতে আলোচনা করার সময় সরকার পক্ষের একজন বললেন আমি তাঁর সঙ্গে একমত যে বর্তমান যে সরকার সে না কি হাতীর মত। আমি মেনে নিচ্ছি বুদ্ধিটা হাতীর মত। এই হাতীর মত সরকারকে অনুরোধ করি তাঁদের যাঁরা সদস্যবৃন্দ আছেন তাঁরা যেন দয়া করে একটু মাঠে মাঠে ঘুরে বেড়ান। তাঁরা কি খাচ্ছেন জানি না, কিন্তু তাঁরা যা নাদবেন তাতে মাঠে অনেক সার হবে সে বিষয়ে সন্দেহ নেই। একজন সদস্য বললেন ও'রা ভুল করে স্বীকার করেন। স্যার, গুরু নিন্দা করতে নেই, তবুও উদাহরণ না দিয়ে পারছি না। আমার এক মাস্টার মহাশয় ছিলেন তিনি বলতেন

I am sorry what I told you last is all wrong. Today I tell you the correct thing.

শেষ দিন বক্তৃতা করার পরও তিনি অ্যামেন্ড করার সুযোগ পান নি। মন্ত্রিমহাশয় এখন বললেন যে আগেকার সরকারের পঞ্চায়েতের হাত থেকে আমরা সব ক্ষমতা নিয়ে নিয়েছি, কারণ তারা ত্রুটিপূর্ণ ছিল। আমি অভিনন্দন জানাচ্ছি তার কারণ তিনি যখন বলেছেন ত্রুটির কথা তার সংগে সংগে উহ্য আছে তারা যে কাজ করেছিল তার কথা। কাজ না করলে ত্রুটির কথা আসে না। মন্ত্রিমহাশয় যে ত্রুটিহীন কাজ করেছেন বাংলাদেশে সেই ছবি তুলতে চাই। পশ্চিম-বাংলার খাদ্য-চিত্র সম্বন্ধে আমি দৈনিক সংবাদপত্র থেকে ২-১টি লাইন পড়ে দিতে চাই। এটা মেদিনীপুরের কথা—এখানে লেখা আছে দীর্ঘদিন অভুক্ত থেকে চাষীরা হতবল হয়ে পড়েছে। এটা হল বসুমতীর কথা অনেক দুর্মুখ নাকি বলে এটা যুক্তফ্রন্টের জ্যাঠামশাই। মেদিনীপুরের শতকরা ৪০টা ঘরে অনাহার। এখানে একটা কাগজ আছে—পল্লীবাংলার ঘরে ঘরে হাহাকার। এখানে বাংলা কংগ্রেসের জনৈক মুখপাত্র বলেছেন হাওড়া জেলার বাগনান সম্পর্কে যে গত কদিন ধরে পাইকপাড়া গ্রামে বাসেদ আলি খাঁ নামে ৪ জনের বাড়ীতে ৪ দিন ধরে কোন রান্না হয়নি। ভদ্রলোক জেলা ম্যাজিস্ট্রেটের দৃষ্টিতে এনেছিলেন, কিন্তু কোন কাজ হয় নি। গড়বেতা থানায় অনাহারে মৃত্যু। খয়রাতি ও টেস্ট রিলিফের দাবীতে ঘেরাও। পল্লীবাংলার বিভিন্ন স্থানে খাদ্যাভাবের করুণ চিত্র। অভাবের তাড়নায় সাধারণ মানুষ চোর-ডাকাত হয়ে যাচ্ছে। বর্ধমানে ক্ষুধার জ্বালায় আত্মহত্যা, স্ত্রী-পুত্র হত্যা। রাজারহাটে ক্ষুধার জ্বালায় আত্মহত্যা। কোচবিহার জেলায় গোবর্ধনপুরে এখনও কোন ত্রাণ সাহায্য লাভ করেনি, সেখানে দুইজন সপরিবারে আত্মহত্যা করেছে। অতএব পশ্চিমবাংলা যে আজ দুর্ভিক্ষের মুখোমুখি একথা মুখ্যমন্ত্রী স্বীকার করেছেন। একটা কথা বলব যখন এরা সরকার গঠন করেছিলেন তখন এ'রা জনসাধারণকে বলেছিলেন আসুন দাদা এই হোটেলে মনের মতন খাবার খাবেন এই হোটেলে বারেক খেলে লাগবে স্বোয়াদ আবার খাবেন। কিন্তু আজকে জনসাধারণ বলছেন থাকলে বরাত এখান থেকে নিমতলাতে সোজা যাবেন। আজকে মন্ত্রিমহাশয়ের অবগতির জন্য বলছি আজ বাংলাদেশের জনসাধারণ মানুষ যুক্ত-ফ্রন্ট বলতে পারছে না। আমার মনে পড়ে একজন বড়লোকের বাড়িতে একজনকে টেম্পোরারী চাকরী দেওয়া হয়েছিল এবং তাকে বলা হয়েছিল সন্ধে থেকে যেসব লোক আসবে তাদের বলতে হবে হাউ ডু ইউ ডু কামিং। সে সন্ধে থেকে বলতে আরম্ভ করল হাউ ডু ইউ ডু কামিং। এইভাবে ক্রমশঃ একই কথা বলতে বলতে কথা জড়িয়ে গেল, হাদুদু কাঁই, হাদুদু কাঁই।

আজ যুক্তফ্রন্ট বেরুচ্ছে না, মুখ দিয়ে ফেনা বেরুচ্ছে—যুক্তফ্রক। সরকারপক্ষের সদস্যরা শুনলে উত্তেজিত হবেন যাঁরা চিন্তাশীল তাঁরা বলছেন যুক্তফ্রন্ট হচ্ছেন যুক্ত ফ্রড। এটা হল বাংলাদেশের

চিত্র। মন্ত্রিমহাশয় অত্যন্ত আইনজ্ঞ ব্যক্তি বলে তাঁর কাছে একটা আইনের কথা বলব। আমি ব্যক্তিগতভাবে জানি তিনি অত্যন্ত সাকসেসফ্ল লইয়ার। তিনি নিশ্চয় আইনের দিক থেকে আমার কথা শুনবেন। আমি পঞ্চায়েত অ্যাক্ট থেকে পড়ে শোনাচ্ছি

> The Anchal Panchayats are being assigned functions relating to relief and social welfare under section 46(2) of the West Bengal Panchayat Act, 1957 and thereafter the Anchal Panchayats will form Relief and Social Welfare Committees of their own under section 29 of the West Bengal Panchayat Act, 1957. The function of this Committee will cover functions of Relief Committee under rule 109 of the manual for relief of distress.

এই কথার সঙ্গে সঙ্গে আমি তাঁর কাছে পাশাপাশি তুলে ধরতে চাই চীফ সেক্রেটারীর চিঠির কথা যে চিঠির উপর নির্ভর করে রিলিফ কমিটিগুলো হয়েছে। সেই রিলিফ কমিটিগুলোর ভেতরে যে ক্ষমতা দিয়েছেন—অঞ্চল ফুড অ্যান্ড রিলিফ কমিটি—সে সম্বন্ধে অনেকে বলেছেন আর বেশী বলে সময় নষ্ট করব না। এর ৩নং যে ফাংশন সেদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি—

to prepare priority list for Agricultural and other loanee.

এটা এক্জিকিউটিভ ক্ষমতা। ৫ নম্বরে বলা হয়েছে

to prepare list of persons who deserve to be relieved on relief works.

এটাও এক্সিকিউটিভ ক্ষমতা। কিন্তু ১-২-৩-৪ নম্বরগুলো অ্যাডভাইসরি ক্ষমতা। একটা বডির কিছু কাজ করবে অ্যাডভাইসরি আর কিছু কাজ করবে এক্সিকিউটিভ। কিন্তু এটা সম্ভব বলে আমার ধারনা ছিল না। কিন্তু আপনাকে ধন্যবাদ যে এর মধ্য দিয়ে যুক্তফ্রন্টের চিত্র যে খিচুড়ি চিত্র তা প্রতিভাত হয়েছে। আপনার মাধ্যমে তাঁর দৃষ্টি আকর্ষণ করে বলব যে কি করে একটা স্ট্যাটুট অ্যাক্ট চিফ সেক্রেটারীর সার্কুলারের মাধ্যমে হয়ে যেতে পারে তা তিনি দয়া করে বলবেন। আজ যে রিলিফ কমিটিগুলো করা হয়েছে এগুলো পলিটিক্যাল পার্টিসদের রিলিফ দেবার জন্য হয়েছে, জনসাধারণকে রিলিফ দেবার জন্য নয়। তাঁরা জনরাজ, জনতার রায়ের কথা বলেন। প্রশ্ন করি পঞ্চায়েতের নির্বাচিত যাঁরা হয়েছিলেন তাঁরা কারা? ওটা কি জনতার রায় নয়। ভারতরক্ষা আইনের কথা বলেছেন, কিন্তু তাঁদের পি ডি অ্যাক্ট-এর কথা মনে করিয়ে দেব। সেদিন খাদ্যমন্ত্রী বলেছিলেন আমাদের না কি বড় আদরের ছেলে হচ্ছে কর্ডন। এবার দেখলাম সেই কর্ডন তুলে দেওয়া হয়েছে এবং তা আবার করার চিন্তা করা হচ্ছে। সুতরাং বেশী কথা বলবেন না, পদে পদে হোঁচট খাবেন। বাগনানে গত বছর এপ্রিল, মে, জুন মাসে ১২ হাজার ৬ হাজার এবং ৬ হাজার কত টাকা করে দেওয়া হয়েছে ক্যাস এবং ২ হাজার ৩৪২ ইউনিট করে দেওয়া হয়েছে কাইন্ডস। কিন্তু এ বছর রিলিফ হিসাবে জিরো, নিল, মুখ্যমন্ত্রী নিজে স্বীকার করেছেন, বাংলাদেশে দুর্ভিক্ষের অবস্থা, দুর্ভিক্ষ এসে গেছে। কিন্তু যেসমস্ত জায়গায় আসেনি সেখানে কেন আগে থেকে তাঁরা বন্দোবস্ত করছেন না। টেস্ট রিলিফের কাজে হাজার হাজার টাকা স্যাংশন হয়ে পড়ে রয়েছে, জানি না আগেকার স্যাংশান করা বলে আপনারা মানছেন কিনা। আপনার কাছে আমি এই কথা বলতে চাই যে, আজকে ভিক্ষার প্রশ্ন নয়, বাংলাদেশের মানুষের বাঁচার প্রশ্ন দাবী করে বলছি আপনি অবিলম্বে টেস্ট রিলিফের কাজ চালু করুন এবং ১·২৫ নয়া পয়সার যে রেট রেখেছেন সেই রেট যদি রাখেন তাহলে দুর্নীতি হবেই হবে এতে সরকারী পক্ষের সদস্যরা আমার সঙ্গে একমত হবে। সুতরাং টেস্ট রিলিফের রেট এমনভাবে বাড়ান যাতে মানুষ দুবেলা দু-মুঠো খেতে পারে। নির্বাচনের পর বাংলাদেশের কি ছবি দেখা যাচ্ছে সেটা এই বিধানসভায় অনেকেই বললেন। আজকে দেওয়ালের লিখন পড়ুন। আজ যে ছবি বাংলাদেশে তৈরী করেছেন তার পোস্টার আপনারাই মেরেছেন। ঐ কঙ্কালসার চিহ্ন মানুষ দেখে নাকি প্রমোদ দাশগুপ্তের রক্তাক্ত বিপ্লব আসবে। কিন্তু আমি আজকে স্মরণ করিয়ে দিতে চাই যে ঐ কঙ্কালসার চিহ্ন দেহগুলি আগে ঐ প্রমোদবাবুর দলের গলা চেপে ধরবে এবং ঐ হাড় বজ্রের মত হয়ে আপনাদের ঘাড়ের উপর পড়বে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-5—5-15 p.m.]

Shri Muhammed Salimuddin:

स्पीकर, सर, इस मजलिस के अन्दर आज का बजट जो भोट आफ एकाउन्ट्स सरकार की तरफ से पेश किया गया है, मै उसका समर्थन करता हूँ। मैं आपसे अपील करूँगा कि मेरा इलाका वेस्ट दीनाजपुर वह इलाका है, जो इलाका जंजीरेनमा की तरह है। एक तरफ पाकिस्तान बोर्डर है, एक तरफ बिहार बोर्डर है और एक तरफ नेपाल बोर्डर है।

मैंने कांग्रेसी भाइयों की बातें सुनी और सरकारी पक्ष के लोगों की भी बातें सुनी। मैं ज्यादा दिन की बात नहीं बोलना चाहता हूँ, १९६६ मे इस्लामपुर सब-डिविजन के ग्वालपुर थाना में जी० आर० और टी० आर० का काम चला था। लेकिन इस इलाके में लोगों की भलाई के लिए, साधारण जनता की उन्नति के लिए कुछ भी नही हुआ। मालूम हुआ कि वह रुपया कांग्रेसी भाईलोग खा गए। लेकिन जब यह मुदहत सरकार कायम हुई, तो इस सरकार ने उस रुपये की छान-बीन करना शुरू किया। अभी इन्क्वायरी हो रही है। इन्क्वायरी होने पर करीब-करीब इस ब्लाक के अन्दर १० हजार रुपया गवर्नमेन्ट के यहाँ जमा किया गया है और अभी और बाकी है। इस १९ वर्ष में इस इलाके में कांग्रेस सरकार की तरफ से न तो कोई काम हुआ और न तो कोई पब्लिक का लाभ हुआ और न कोई और कुछ हुआ। न टी० आर० चालू हुआ। लेकिन अफसोस इस बात की है कि एक टी० आर०–जी० आर० वहाँ के प्रधानो के कांग्रेसी भाईलोग एक महीना मिसौरा देकर—एक महीना रीलीफ देकर, तीन महीने का दस्तखत और निशानी छाप करा लिया है। मेरा कहना यह है कि एक महीना रीलीफ देकर तीन महीने का निशानी छाप कराकर जो रुपया गमन कर लिया है, आज लोग उस रुपये का छान-बीन कर रहे है। मुझे मालूम नही कि वह रुपया आजतक सरकार के पास आया या नही आया। लेकिन मैंने अपनी सरकार से, मिनिस्टर साहब से मालूम किया है कि वे उसके बारे में छान-बीन करेंगे।

आज एक उमंग पैदा हुआ है—लोगो मे एक जोश पैदा हुआ है। यह जोश और उमंग इस मुदहत सरकार की वजह से लोगो मे पैदा हुआ है, २० बर्ष कांग्रेसी शासन के बाद। यह इलाका जो बिहार का इलाका था लेकिन अब बंगाल मे मिल गया है; उस इलाके को काला पानी के नाम से पुकारते थे। लेकिन मौजूदा सरकार से जो तीन महीने की सरकार है, वहाँ के लोगो मे आज जोश और उमंग पैदा हुआ है। लोगो में बहुत खुशी हुई है। मैंने देखा कि टी० आर० स्कीम चालू हुआ है। टी० आर० चल रहा है और बहुत सी चीजें चल रही है।

मैंने यह भी देखा कि बांकुडा और पुरूलिया में, मै जानता नही, मै कह भी नही सकता कि वहाँ पर पहले कांग्रेस की तरफ से क्या इन्तजाम था? लेकिन आज जो मैंने सुना, आज मै जो देख रहा हूँ, इससे पता चल रहा है कि मुदहता सरकार की तरफ से रीलीफ और टी० आर०—जी० आर० चल रहा है। इससे बांकुड़ा और पुरूलिया में लाखों-लाखों रुपया कर्ज दे रही है। वहाँ खैराती लंगरखाना भी खोल दिया गया है। मै जानता हूँ कांग्रेसी राज्य के २० बर्षों में वेस्ट दीनाजपुर जिसे पश्चिम दीनाजपुर कहते हैं, आज तक लंगरखाना का नाम ही नहीं सुना था, वहाँ के लोग इसे जानते ही नहीं थे। इस सरकार की किस्मत से आज बांकुड़ा और पुरूलिया में लंगरखाना खोला गया है। उसके बारे में मैंने सुना है कि वहाँ के लोगों को

बहुत कुछ मदद मिल रही है। इसका माने यह नहीं कि इम्दाद अच्छी होती है। खैराती माल का यह माने नहीं कि हर एक को दिया जाय। खैराती का माने यह होता है कि खैराती इम्दाद दिया जा रहा है सरकार की तरफ से। लेकिन अगर कोई मरा है तो मौसम की तब्दीली हुई है। हो सकता है कोई कटहल खा लिया हो, कोई चिउरा खा लिया हो, कोई हैजा से मरा हो और कोई रोग से मर गया होगा, मर सकता है और मरा भी होगा। ऐसे बहुत मरते है।

लेकिन मेरी दरख्वास्त यह है कि जब बाकुड़ा और पुरुलिया को इतना दिया गया है तो पश्चिम दीनाजपुर, माल्दा और जलपाईगुड़ी इलाके मे जहाँ फ्लड आया है, वहाँ पर भी लंगरखाना खोल दिया जाना चाहिए। जिससे पीड़ित जनता को सहायता मिल सके। पश्चिम दीनाजपुर पिछड़ा हुआ इलाका है। जंजीरानमा पर हमलोग है। वहाँ पर तीन तरफ से पानी होता है और एक तरफ बालू होता है। वहाँ हमारा इलाका ग्वालपुर है। मै मौजूदा सरकार से अपील करूँगा कि वहाँ के लोगों के लिए लंगरखाना जल्द से जल्द खोले। पश्चिम दीनाजपुर को अधिक रीलीफ दिया जाय। माल्दा और जलपाईगुड़ी को भी दिया जाय। सरकार को अधिक से अधिक इम्दाद इन इलाके के लोगो को देना चाहिए।

मेरी आपलोगों से अपील है कि अगर यह मुदहता सरकार कायम रही तो यहाँ के लोगों की बहुत तरक्की होगी—बहुत उन्नति होगी। यह कहकर मै इस बजट का समर्थन करता हूँ।

শ্রীযতীন্দ্রমোহন রায়ঃ মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় ত্রাণমন্ত্রী মহাশয়ের বাজেটের বিরোধীতা করে আমি ২-৪টি কথা রাখছি। উনি আমাদের জেলার লোক এবং একজন জ্ঞানী, বিচক্ষণ ব্যক্তি কোন সন্দেহ নেই, কিন্তু এই যুক্তফ্রন্ট সরকারের মন্ত্রীত্ব গ্রহণ করার পর তিনি তাঁর ব্যক্তিত্ব হারাতে বসেছেন, যেহেতু এই ১৪ দলের সাকরেদদের মন জুগিয়ে নিজের দায়িত্ব পালন করতে গিয়ে তিনি একটু বেসামাল হয়ে পড়েছেন। অনেক সরকারী পক্ষের সদস্য আমার এই বক্তৃতাকে ভ্রান্ত বলে মনে করবেন এবং তাঁরা হয়তো বলবেন যে, শ্রীকৃষ্ণ যদি ষোড়শ গোপিনীদের নিয়ে মন জুগিয়ে চলতে পারেন তাহলে ত্রাণমন্ত্রী ১৪টি দলের মন জোগাতে পারবেন না কেন, কথাগুলি নেহাৎ অগ্রাহ্য করা যায় না। কিন্তু আমি দু-একটি উদাহরণস্বরূপ রাখতে পারি যে, আমাদের পশ্চিম দিনাজপুর জেলায় ৮টি থানা এবং ২টি থানার ৪টি অঞ্চলে গত বৎসর অনাবৃষ্টির দরুন কোন ফসল হয় নি, লোক বহু কষ্টে ধানচাল কিনে দিন যাপন করছে।

[5-15 – 5-25 p.m.]

কথাগুলি নেহাৎ ফেলা যায় না, কিন্তু আমি দু-একটি উদাহরণস্বরূপ বলিতে পারি যে এই বছর এপ্রিল-মে মাসে ত্রাণমন্ত্রীর এলাকায় পশ্চিম দিনাজপুরের ৮টি থানায় দুটি থানায় ৪টি অঞ্চলে অনাবৃষ্টির জন্য কোন ফসলই হয় নাই। তারপর শিলাবৃষ্টিতেও ফসলের বহু ক্ষতি হয়। রায়গঞ্জে, হেমতাবাদ ও কালিয়াগঞ্জ থানায় তাঁর প্রদত্ত উত্তর মতে ৬৩টি গ্রামে প্রবল শিলাবৃষ্টি ও ঝড়ে বাড়িঘরও দারুন ক্ষতিগ্রস্ত হইয়াছে। তিনি জানিয়েছেন যে ক্ষতিগ্রস্ত পরিবারের সংখ্যা ১,৭১২টি; গড়ে প্রতি পরিবারের ৫ জন করিয়া ধরিলে লোকসংখ্যা দাঁড়ায় ৮,৫৬০ জন, আর গৃহনির্মাণ লোন ও অনুদানের জন্য দরখাস্তকারীর সংখ্যা ১,৯২১ জন। তিনি লোন দেওয়ার ব্যাপারে যে ব্যবস্থা করিয়াছেন, তাতে দেখা যায় ২৭,৮৪০ টাকা মঞ্জুর করিয়াছেন। অর্থাৎ গড়ে দরখাস্ত প্রতি লোন দিয়েছেন ১৪-১৫ টাকা, আর গৃহনির্মাণের জন্য লোন দিয়াছেন মোট ১৩,২৭৫ টাকা। অর্থাৎ গড়ে পরিবার পিছু ৪-৫ টাকা। বর্তমানে একটি বাঁশের দামই ৪-৫ টাকা, নগদ জি আর দিয়েছেন ১,৫০০ টাকা, গম দিয়াছেন ৩০ কুইন্টাল। হিসাব করিলে মাথাপিছু পড়ে ৫০০ গ্রাম ও নগদ ৫০ পয়সা করিয়া। আমি বলি তিনি নিশ্চয় সুস্থ মস্তিষ্কে এইরূপ লোন দান বা খয়রাতি সাহায্য দেন নাই। তিনি জ্ঞাতিভাইদের মনস্তুষ্টি করিয়া হরেকৃষ্ণ, হরেকৃষ্ণ করিয়া হরির লুট দিবার ভার স্থানীয় বি ডি ও ও সুখ্যাত গণকমিটি ও ফুড অ্যান্ড রিলিফ কমিটির কর্মকর্তাদের উপর ছাড়িয়া দিয়া নিজে বেশ বহাল তবিয়তে কলিকাতায় বসবাস করিতেছেন। কাজেই আজ তিনি ঐ গৃহহীন অন্নক্লিষ্ট চাষী ভাইদের শুভাশীষ পাইবার আশা করিতে পারেন না।

মাননীয় স্পীকার মহাশয়, এই কয়েকটি কথা বলিয়া আমি আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ রাধাকৃষ্ণ সিংহঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই ব্যয়বরাদ্দ সমর্থন করতে উঠে কতকগুলি কথা আমি আপনার মাধ্যমে বলছি। আমার মনে হয় একটা কথা আপনি জানেন, মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্যারেকটার প্লেজ এ মেজর রোল ইন দি ফেট অফ এ নেশান, এই কথাটা সবচেয়ে বেশী এই খাতে প্রযোজ্য হবে।

আপনি জানেন, যে খাতে টাকা আজকে মন্ত্রিমহাশয় মঞ্জুরী চাইছেন, এর সমস্ত আইটেমগুলি একটা প্রহসনে দাঁড়িয়েছে। আমি মন্ত্রিমহাশয়কে বলতে চাই যে কোন স্টেট গভর্নমেন্ট-এর যদি কোন ক্ষমতা না থাকে দুর্ভিক্ষকে দুর্ভিক্ষ বলবার, তাহলে সেই গভর্নমেন্টের কি আর ক্ষমতা থাকে! আজকে তাঁরা বলছেন দুর্ভিক্ষ বাঁকুড়ায় হয়েছে, পুরুলিয়ায় হয়েছে, দিনাজপুরে হয়েছে, মালদহে হয়েছে—কিন্তু সেকথা সরকার পরিষ্কার ঘোষণা করতে পারছেন না। কিন্তু বিহারের মুখ্যমন্ত্রী মহামায়া প্রসাদ সিংহ সেখানে দুর্ভিক্ষ ডিক্লেয়ার করেছেন এবং সেন্টারের উপর চাপ দিয়ে সেইজন্য টাকা আদায় করেছেন। আমি সেখানে গিয়েছিলাম এভরি মাইল হ্যাজ গট এ টিউবওয়েল। তাঁরা বাঁশ দিয়ে ইলেকট্রিফিকেশন করেছে, ইরিগেশন ফেসিলিটিজ নিয়েছে। আমাদের গভর্নমেন্টকে আমি বলেছি আপনারা এখানে দুর্ভিক্ষ বলতে পারছেন না। কিন্তু ম্যানুয়াল ফর রিলিফ অফ ১৯৬১ যেটা আছে, সেই অনুসারে বেঙ্গল ফেমিন কোড যখন তৈরী হয়েছিল জি আর এবং টি আর দিতে, গুড়, বিস্কুট, পাউরুটিও দেন সেখানে, আপনি জানেন গরু কেনার জন্য আগে দুশো টাকা দেওয়া হতো, কিন্তু আজকে ঐ দুশো টাকায় আর গরু পাওয়া যায় না। অথচ আজও আপনারা সেই টাকা দিচ্ছেন। গ্রুপ লোন দুজনা মিলে এলে ১৫ টাকা করে দেওয়া হবে। তার জন্য আর পাঁচ জনকে জোগাড় করতে হবে, তার কমিশন যাবে, তারপর সে হাতে কত পাবে! একজনের একটা ঘর পুড়ে গেছে বি ডি ও-র কাছে লিখে দিয়েছে ঘর পুড়ে গেছে। এক বছর পরে তার ডাক পড়েছে ৫০ টাকা তার রিলিফ। তার মধ্যে কবে তার ঘর তৈরী হয়ে গেছে! এই তো ব্যবস্থা! আমি বলতে চাই এই আইনটা আউটমোডেড হয়ে গেছে, ঐ আইনটা আপনি ঢেলে সাজান। অযথা এই টাকার অপচয় হচ্ছে এই টেস্ট রিলিফ, জি আর ইত্যাদিতে। দেশের যখন জরুরী পরিবর্তন হয়েছে, দেশের আইনেরও পরিবর্তন প্রয়োজন। এই ত্রাণ খাতের টাকার যথাযথ ইউটিলাইজেশান হয় না। লোকের চাহিদা মত প্রয়োজনের সময় দেশের মানুষের হাতে টাকা পৌঁছায় না। মন্ত্রিমহাশয় একটু বিবেচনা করে দেখুন, আমি সত্য কথা বলেছি, একটুও বাড়িয়ে বলি নাই। আমার কথাগুলি তিনি অনুসন্ধান করে বিচার বিবেচনা করে দেখুন, এবং সেখানে ফেমিন ডিক্লেয়ার করুন। ফেমিন কোড অনুসারে ফেমিন ডিক্লেয়ার করে,

local Government shall decide and in the event of such decision order to be issued by the Government officials and the Central Government.

ফেমিন ডিক্লেয়ার করে টাকা আদায় করুন কেন্দ্রের কাছ থেকে। আমাদের ইরিগেশন ফেসিলিটিজ দিন এবং অন্যান্য সমস্ত রকম ফেসিলিটিস দিন। আজকে ১৮ কোটি টাকা সেন্ট্রাল গভর্নমেন্ট বিহার গভর্নমেন্টকে দিয়েছেন। তারা ত ফরেন গভর্নমেন্ট নন, আমাদেরই গভর্নমেন্ট। তারা ত কংগ্রেস গভর্নমেন্ট নন, তারা আমাদেরই

United Front Government. Why are you lagging behind in that direction?

আমরা বলছি দাবী করবো, তারা বলুক, আমরা তোমাদের দেবো না।

We can place the verdict of the Central Government befire the public.

যে আমরা চেয়েছি, পাইনি, তাঁরা দেন নি। তা না করে, আপনারা জনসাধারণকে বলছেন 'এই নাও এক সের চাল'। অনাহারে মৃত্যুর কথা বলছেন। স্টারভেশন ডেথ সম্বন্ধে—মাননীয় মন্ত্রিমহাশয়ের আইডিয়া নেই। আমি ডাক্তার, জানি হাসপাতালে স্টারভেশন ডেথ সম্বন্ধে কোন রিপোর্ট থাকে না। কোন লোক না খেতে পেয়ে মারা গিয়েছে, এরকম ধরনের কোন রেকর্ড হাসপাতালে লেখা থাকে না। দিস পেশেন্ট ডাইড অফ স্টারভেশন, এরকম লেখা কোন হাসপাতালের রেকর্ডে থাকে কি? স্টারভেশন জনিত মৃত্যু ঘটেছে বলা হয় না। লেখা হয় ডিসেন্ট্রি বা ম্যাল-নিউট্রিশন-এর জন্য মারা গিয়েছে। স্টারভেশন ডেথ গভর্নমেন্ট-এর রেকর্ডে লেখা থাকে না।

সুতরাং গভর্নমেন্টের রেকর্ডে লেখা থাকবে না যে এই লোকটি স্টারভেশন ডেথ-এ মারা গিয়েছে। আজকের যুগে, একটা স্বাধীন দেশের পক্ষে এতবড় কলঙ্কময় জিনিস আর নেই।

সুতরাং আমি আপনার মাধ্যমে নিবেদন করছি যে, জনসাধারণের জন্যই যাঁরা ধ্বজা উঠিয়ে এখানে এসেছেন এবং ঐ মন্ত্রীত্বের গদিতে বসে আছেন, তাদের কথা একটু বিশেষভাবে চিন্তা করুন, যাতে প্রত্যেকটি টাকা, পয়সা তাদের কাছে যায়, সেজন্য আপনি একান্তভাবে চেষ্টা করুন, এই আমার অনুরোধ।

শ্রীঅমৃতেন্দু মুখার্জি: মিঃ স্পীকার স্যার, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় আপনার কাছে রেফার করতে চাই। সেটা খুব গুরুত্বপূর্ণ এইজন্য যে রাস্তার ধারে, এই আইন সভার গেটের বাইরে রাস্তার উপর প্রায় দু হাজার মৎস্যজীবী এসে হাজির হয়েছে। তারা সারা পশ্চিমবাংলার বিভিন্ন জেলা, দূর দূর এলাকা থেকে এসেছেন তাদের দাবী পেশ করতে। তারা পশ্চিমবঙ্গ যুক্তফ্রন্ট সরকারের মৎস্যমন্ত্রী, উপমন্ত্রী ও অন্যান্য মন্ত্রিমহাশয়ের সঙ্গে দেখা সাক্ষাৎ করে তাদের দাবীদাওয়া ও অভাব অভিযোগের কথা জানাতে চান। আমি আপনার মাধ্যমে তাঁদের অনুরোধ করছি তাঁরা সেখানে যান এবং মৎস্যজীবী যারা বহু দূর থেকে পায়ে হেঁটে এসেছেন তাদের সঙ্গে দেখা করে, তাদের দাবীদাওয়ার কথা শুনলে ভাল হয়।

মিঃ স্পীকার: আমি তাঁদের কাছে খবর পাঠাচ্ছি।

[5-25—5-35 p.m.]

শ্রীকৃষ্ণদাস রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, যুক্তফ্রন্ট সরকারের পক্ষ থেকে মাননীয় ত্রাণমন্ত্রী মহাশয় আজকে এই সভার সামনে যে ব্যয়বরাদ্দের দাবী পেশ করেছেন, আমি সেই ব্যয়বরাদ্দ যতটা সম্ভব যুক্তি দিয়ে অনুমোদন করতে পারবো না বা পারছি না, এই নিবেদন রাখছি। আমার প্রথম ধারনা যে এই ত্রাণকার্য একটি অযৌক্তিক এবং অনিয়মিত কমিটির মাধ্যমে চলার ফলে আজকে যে উদ্দেশ্যে এই ত্রাণকার্যের প্রয়োজন সেই উদ্দেশ্য ব্যাহত হচ্ছে। দ্বিতীয়ত আমার যেটা ধারনা, সেই কথাই আমি বলতে চাই, যে পরিমাণ ত্রাণকার্যের জন্য অর্থ বরাদ্দ করার প্রয়োজন ছিল, তা আজকে করা হয় নি।

মাননীয় স্পীকার মহোদয়, ত্রাণমন্ত্রী মহাশয়ের সদিচ্ছার উপর আমাদের যথেষ্ট আস্থা আছে এবং আমি বিশ্বাস করি যে তিনি দেশের বর্তমান দুরবস্থার কথা সম্পূর্ণ ওয়াকিবহাল। অতএব আমি ধারনা করি যে তিনি দেশের এই দুরবস্থার কথা সম্পূর্ণ ওয়াকিবহাল কিন্তু তিনি যে মন্ত্রীসভার অন্তর্ভুক্ত আছেন সেখানে তিনি দেশের এই দুর্দিনে যথোপযুক্ত ব্যয়বরাদ্দ সংগ্রহ করতে পারেন নি এই কারণে যে সেখানে আজকে যে নীতি প্রয়োগ হচ্ছে সেই নীতির মূল উদ্দেশ্য হচ্ছে দেশের মধ্যে দুর্ভিক্ষ টেনে আনা এবং সেই বুভুক্ষার মধ্যে দিয়ে বিপ্লবের সৃষ্টি করা এবং সেই বিপ্লবের মাধ্যমে প্রোলেটারিয়ানদের হাত, তাদের যে উদ্দেশ্য তাকে জয়যুক্ত করা। আজকে এই ত্রাণ নীতি সুষ্ঠুভাবে পরিচালিত হবার জন্য উপযুক্ত টাকা তিনি বরাদ্দ করতে পারেন নি। এই সভার মধ্যে আজকে আমরা যেসব আলোচনা শুনলাম তাতে একটা জিনিস প্রতিভাত হচ্ছে যে গভর্নমেন্ট পক্ষীয় সদস্যরা সর্ব সময়ে এই কথা বলতে চাইছেন যে, বিগত সরকার যে ত্রাণ কার্য পরিচালনা করেছেন সেই ত্রাণ কার্য দুর্নীতিপূর্ণ। আমি একটা কথা আপনার মাধ্যমে রাখতে চাই, স্যার, আমাদের পাশাপাশি রাষ্ট্র পাকিস্তানে যখন আয়ুবসাহী রাজত্বে যথেষ্ট পরিমাণে অসুবিধা এবং নানারকম দুঃখকষ্ট দেখা দেয় তখন সেই পাকিস্তানে আয়ুবসাহীর প্রধান নীতি হয়কি, না ভারতের বিরুদ্ধে জিগির তোলা, ভারতের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করা। বর্তমান সরকারের যে নীতি বা সরকারী সদস্যদের যে বক্তব্য তার একমাত্র উদ্দেশ্য হচ্ছে এই যে, জনসাধারণের মনকে বহির্মুখী করে রাখা এবং তার একমাত্র উপায় হচ্ছে কংগ্রেসের বিগত দিনের যে কাজকর্ম তা দুর্নীতিপূর্ণ কাজকর্ম এই কথা বলে আপাতত যে সমস্যা তাকে ঢেকে রাখা। মাননীয় স্পীকার মহাশয়, আজকে একটা কথা সবচেয়ে বেশী আলোচনা হয়েছে সেটা হচ্ছে করাপশনের কথা, যেটা নাকি সমস্ত সরকার পক্ষীয় সদস্যরা এই বিরোধী দলের সদস্যদের প্রতি নিক্ষেপ করেছেন। আমি আপনার মাধ্যমে এই কথা রাখতে চাই যদি আমরা শান্তনম কমিটির রিপোর্ট অনুধাবন করি তাহলে দেখতে পাওয়া যাবে আজকে সমাজের সর্বস্তরে এই দুর্নীতি

প্রবেশ করেছে এবং এই দুর্নীতি কেবলমাত্র কংগ্রেসী সদস্যদের মধ্যে সীমাবদ্ধ নয় এই কথা তাঁরা বলেছেন। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে দুটো জিনিস রাখতে চাই এবং তা দুর্নীতিপূর্ণ কিনা সেটা অনুধাবন করবার জন্য আমি তাঁর কাছে অনুরোধ করবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা কমিশনের কথা ইতিপূর্বে আমরা শুনেছি, কিছুদিন আগে এই কমিশন মেদিনীপুর জেলার বিভিন্ন জায়গায় এনকোয়ারী করার জন্য গিয়েছিলেন। সেই কমিটি যখন এনকোয়ারী করেন তখন ভগবানপুর থানা থেকে একটা টেলিগ্রাম মাননীয় ত্রাণমন্ত্রীর কাছে এসেছিল। তিনি কি সে সম্পর্কে কোন তদন্ত করেছেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি টেলিগ্রামের অবিকল নকল আপনার সামনে পড়তে চাই।

"Assistant Director of Panchayat who has come to inspect relief works in Anchal Parishad, Bhagawanpur (I) asked me in presence of President, Vice-President, Anchalik Parishad and B.D.O., Bhagawanpur (I), to induce the overseer, pay master, mohurrar to sign a prepared statement implicating the ex-Relief Minister in respect of alleged irregularity in relief work. He also said before us that all these inquiries are politically motivated. Please take necessary action.".

এই জিনিস দুর্নীতি যদি না বলা যায় তাহলে কোন্ জিনিস দুর্নীতি হবে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে দুর্নীতিপূর্ণ রিপোর্ট, এই দুর্নীতির বিরুদ্ধে যে টেলিগ্রাম তার সম্পর্কে মাননীয় ত্রাণমন্ত্রী মহাশয়কে অনুধাবন করতে আমি অনুরোধ করি। আর একটা জিনিস আমি আপনার সামনে রাখছি সেটা হচ্ছে ত্রাণমন্ত্রী মহাশয় বিগত ১-৬-৬৭ তারিখে যে প্রেস রিপোর্ট বের করেছেন সেই প্রেস রিপোর্টে তিনি মেদিনীপুর জেলার দুর্নীতি সম্পর্কীয় যেসব বিভিন্ন আলিগেশন নন্দীগ্রাম ব্লক নং ৩-এর উপর বলেছেন আমি সেই সম্পর্কে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি ঐ যে রিপোর্ট দিয়েছেন, যে প্রেস নোট দিয়েছেন তাতে বলেছেন নন্দীগ্রাম

"Nandigram III Anchalik Parisad—Altogether 37 schemes were sanctioned. C.O. was kept in the dark. The papers were not properly maintained and there was practically no technical and administrative supervision of the scheme. One Anchalik Parishad member was appointed paymaster of a scheme by the President which is not permissible under the rules.

মাননীয় ত্রাণমন্ত্রী মহাশয় এই যে প্রেসনোট দিয়েছেন, মাননীয় অধ্যক্ষ মহাশয়, নিশ্চয়ই সেখান থেকে যে সমস্ত অফিসার, কর্মচারীগণ তাঁর কাছে রিপোর্ট দিয়েছেন সেই রিপোর্টের ভিত্তিতে তিনি এই প্রেস নোট বের করেছিলেন এবং এই প্রেস নোট যে বের করেছেন এটা অত্যন্ত অসত্য। এই জিনিস তিনি জানেন না, আমি সঠিক ঘটনা তাঁর সামনে রাখছি। ঐ প্রেস নোটে যেসমস্ত অভিযোগ নন্দীগ্রাম ব্লক নং ৩-এর বিরুদ্ধে উল্লিখিত আছে আমি তার কিছু কিছু কথা বিশেষভাবে জানি, সেটা আমি তাঁর সামনে রাখছি। এই দুর্নীতি সম্বন্ধে যে অফিসার রিপোর্ট পাঠিয়েছেন সেই অফিসার যে দুর্নীতি করলো সেই দুর্নীতি সম্বন্ধে তিনি অনুধাবন করবেন এবং এ সম্বন্ধে তিনি অনুসন্ধান করবেন।

শ্রীপ্রশান্তকুমার গায়েন: অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, মাননীয় স্পীকার মহাশয়, এই নন্দীগ্রাম ৩নং ব্লক নিয়ে যে কথা উনি তুলেছেন, যে রিপোর্ট এখানে পড়ছেন সেটা আমরা জানি, ব্যক্তিগতভাবে আমি সেখানে উপস্থিত ছিলাম এবং সেই অফিসার ছিলেন। সেই অফিসার সম্বন্ধে উনি যে মন্তব্য করছেন সেটা করার অধিকার নিশ্চয়ই ও'র নেই কারণ সে এখানে আসতে পারবে না। যে রিপোর্ট উনি পড়ছেন সেটা ঠিক কিনা সেটা পরে মন্ত্রিমহাশয় ঠিক করবেন কিন্ত উনি এখানে হাউসে দাঁড়িয়ে সেই অফিসারের বিরুদ্ধে কোন মন্তব্য করতে পারেন কিনা সেটা আমি আপনার কাছে জানতে চাই।

Mr. Speaker: You cannot criticise the officer. But the House has got the right to discuss the conduct of any officer. I am sure the member will refer to nothing which is not a fact.

শ্রীকৃষ্ণদাস রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই কথা বলতে চাই যে মাননীয় সদস্য আমার কথাটি ঠিক অনুধাবন করেন নি। আমি এই কথা বলতে চাই যে, এই সম্পর্কে মাননীয় ত্রাণমন্ত্রী

অনুসন্ধান করুন এবং জাতীয় রিপোর্টের ভিত্তিতে যে প্রেসনোট বের হচ্ছে সেই জাতীয় রিপোর্ট দুর্নীতিপূর্ণ কিনা এই কথাই আমি আপনার সামনে তুলে ধরতে চাই। এই জায়গাতে যে দুর্নীতির কথা উঠেছে সেখানে টেস্ট রিলিফ স্কীম চালু হয়েছিল, আমি একথা ত্রাণমন্ত্রী মহাশয়কে বলতে চাই, সেগুলি চিফ একজিকিউটিভ অফিসারের স্বাক্ষর, চিফ একজিকিউটিভ অফিসার এবং আঞ্চলিক পরিষদের যৌথ স্বাক্ষর ছাড়া সেই স্কীম হয় নি এবং আজকে এই যেসমস্ত গভর্নমেন্ট ছাড়াই কাজ হচ্ছে এটা যাতে বন্ধ থাকে এবং তদন্ত কমিটির সদস্যরা যাতে সুষ্ঠুভাবে কাজ করতে পারে সেদিকে তিনি বিশেষ নজর রাখুন। তারপরে এই যে বিভিন্ন কমিটি হয়েছে ফুড অ্যান্ড রিলিফ কমিটি—গড়বেতা ৩নং ব্লকের কথা যদি বলি......।

Sixth Report of the Business Advisory Committee

Mr. Speaker: May I with leave of the House place the Sixth Report of the Business Advisory Committee? I beg to present to the House the Sixth Report of the Business Advisory Committee. The meeting of the Business Advisory Committee was held today in my Chamber and considered the question of allocation of date and time of the Calcutta Tramways Company (Taking Over of Management) Bill, 1967, and also of the revised allocation of date and time order for disposal of Demands for Grants on the 14th, 17th, 18th and 19th July, 1967 and recommended as follows:

(1) That the Calcutta Tramways Company (Taking Over of Management) Bill, 1967, be taken up on Friday, the 14th July, 1967 and 2 hours from 12-30 p.m. be allotted for its introduction, consideration and passing; and

(2) That the revised business in respect of Voting of Grants on the 14th, 17th, 18th and 19th July, 1967 be as follows:—

Friday, 14th July, 1967—

(1) Grant No. 33.
(2) Grant No. 48
(3) Grant No. 43.

Monday, 17th July, 1967—

(1) Grant No. 20.
(2) Grant No. 21.

Tuesday, 18th July, 1967—

Grant No. 15.

Wednesday, 19th July, 1967—

(1) Grant No. 12.
(2) Grant No. 11.
(3) Grant No. 39.

Honourable members, you will be receiving immediately the bulletin to this effect.

[5-35—5-45 p.m.]

Shri Kamal Kanti Guha: Sir, I beg to move that the Sixth Report of the Business advisory Committee presented this day be agreed to by the House.

Mr. Speaker: The motion is adopted. A bulletin is being circulated immediately.

শ্রীশীষ মহম্মদঃ মাননীয় স্পীকার মহাশয়, ত্রাণমন্ত্রী ত্রাণখাতে যে ব্যয়বরাদ্দের দাবী উত্থাপন করেছেন তা আমি পূর্ণ সমর্থন করি। এই ব্যয়বরাদ্দের দাবী সমর্থন করতে গিয়ে আমি আপনার মাধ্যমে কয়েকটি কথা রাখতে চাই। পুরুলিয়া, বাঁকুড়া, মালদহ ইত্যাদি এলাকায় দুর্ভিক্ষ দেখা দিয়েছে এবং পূর্ণ আকারে দেখা দিয়েছে এটা এ পক্ষ এবং ও পক্ষ উভয়ের মুখ থেকে শুনতে পারছি বা সংবাদপত্র মারফত জানতে পারছি। কিন্তু দুর্ভিক্ষ কেবল যে এই তিনটি এলাকায় সীমাবন্ধ সেকথা ঠিক নয়। বাংলাদেশের বিভিন্ন জেলাতে এই দুর্ভিক্ষ ছড়িয়ে পড়েছে। বিশেষ করে আমি মুর্শিদাবাদ জেলা জঙ্গীপুর মহকুমার কথা আপনার মাধ্যমে রাখতে চাচ্ছি। জঙ্গীপুর পাকিস্তান বর্ডারে অবস্থিত। তার পূর্ব প্রান্ত দিয়ে ভাগীরথী নদী প্রবাহিত হয়েছে। ফলে সেই এলাকার জমি অধিকাংশ পড়ে গিয়েছে গঙ্গার গর্ভে। তারপর কিছুদিন পূর্বে পাকিস্তানের এবং কংগ্রেসের বিভিন্ন মন্ত্রী আলোচনা করে দয়া করে পাকিস্তানকে ভারতের বিভিন্ন অংশ ছেড়ে দিয়েছেন। সেই জঙ্গীপুর সাব-ডিভিসনে ফরাক্কা ব্যারেজ গঠিত হচ্ছে। তার গায়ে যে নদী কাটার পরিকল্পনা গ্রহণ করেছেন তার ফলে সরকার অধিকাংশ জমি গ্রহণ করেছেন। ফসল উৎপাদন করার জমি নেই। আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছি, খাদ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছি, কিন্তু তাতে কিছু ফল হয় নি। আজকে জঙ্গীপুর মহকুমার খাদ্যের এমন অবস্থা হয়েছে যে, চাল বাজারে পাওয়া যাচ্ছে না এবং যা পাওয়া যাচ্ছে, তাও ২ টাকা ২ টাকা ৫০ পয়সা কেজি। যে ছেলে কাঁদে সে ছেলে দুধ পায়, আমরা কম কেঁদেছি, তাই জঙ্গীপুর সাব-ডিভিশন পড়ে আছে। আমাদের দিকে মাননীয় মন্ত্রিমহাশয় কোন লক্ষ্য করেন নি। আমি তাঁকে অনুরোধ করব, খাদ্য-মন্ত্রী এবং ত্রাণমন্ত্রী স্বয়ং সেখানে একবার ঘুরে দেখে আসুন। কিন্তু খাদ্যের যেরকম পরিস্থিতি হল তাতেও আমি বলতে পারি খাদ্য সমস্যার সমাধান হতে পারত, যদি ঐ গুণ্ডার সর্দারেরা উস্কানি না দিত। সামসেরগঞ্জ এবং ফারাক্কায় খাদ্যের অভাব দেখা দিত না। গত ২০ তারিখে আমাদের কংগ্রেস সরকারের পূর্বতন উপমন্ত্রী মুক্তিবাবু তিনি নিজে দাঁড়িয়ে লুঠতরাজ করিয়ে-ছেন এবং ঐ যে সত্যব্রতবাবু চিৎকার করছেন তিনি ১লা তারিখে দুর্গাপদ সিংহের সঙ্গে মিটিং করে অর্গানাইজ করে গুন্ডামির সৃষ্টি হয় এবং ব্যবসায়ীরা খাদ্য আমদানী না করে তার জন্য চক্রান্ত করেছেন। ১লা তারিখ জুলাই মাসের। তারপরে ১৯ তারিখে যে লুঠতরাজ হয়েছে, সুতা থানাতে পুলিশের মারফত অনুসন্ধান করে দেখুন কারা লুঠতরাজ করেছে। ফারাক্কায় যে গুন্ডামী হয়েছে যারা লুটতরাজ করেছে তারা সেই দলেরই চক্রান্তে পড়ে এইসব কাজ হয়েছে। তারপর আরও কতকগুলি কথা বলতে চাই, তিনি মুর্শিদাবাদের ঈশ্বর—দুর্গা সিংহের চর। তিনি বলেছেন যে গণকমিটি, ফুড কমিটি সব এক হয়ে গেছে। এখানে শ্যামসুদ্দিন সাহেব বা সাত্তার সাহেব ধরা পড়ে যাবেন বলে নেই, কিন্তু তাঁরা জেলা পরিষদ আবার পুনরায় স্কুল বোর্ডের মেম্বার। এই সাত্তার সাহেবের খানিকটা কলঙ্কের কথা তুলে দিই তার ছেলেপিলেদের রিলিফের জামাকাপড় পরতে দেখেছি এবং তাঁর বাবাকে কম্বল গায়ে দিতে দেখেছি। আরও বলি ঐ কংগ্রেসের পান্ডা সাত্তার সাহেবের দালাল তাজামুল হক সাহেব সুতা থানার যিনি হচ্ছেন বীজ-পুর ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট। তদন্ত করে দেখুন তার বাড়ির ছেলেদের ত্রাণ তহবিলের টাকা ভেঙ্গে জামাকাপড় পরিয়েছেন—আরও বলি ঐ জি আর-এর যেসমস্ত জিনিসপত্র দেওয়া হয় ইউনিয়ন বোর্ড থেকে তা নিয়ে নেওয়া হয় এবং বলা হয় যে ইঁদুরে খেয়ে নিয়েছে—হাফ কেজি করে নাও। তারপর প্রেসিডেন্ট মহাশয় দু-চারটি জিনিস রেখে দেন ত্রাণ খাতের যেসমস্ত জিনিস থাকে, কেউ হয়তো সাহায্য প্রার্থী হতে গেল তখন বলেন আর কিছু নেই সব দেওয়া হয়ে গেছে তবে আমার বাড়িতে দু-একখানা কিনে রেখেছি সেগুলি তোমাকে দিচ্ছি—এই হচ্ছে কংগ্রেসের অর্গানাইজেশান। তারপর সাত্তার সাহেব ইলেকশনের পূর্বে মুর্শিদাবাদ জেলায় ত্রাণ খাতে যে সমস্ত টাকা মঞ্জুর হয়েছিল তার ৮০ পার্সেন্ট লালগোলার ইলেকসনে খরচ করা হয়েছে। তার পরে দেখা যাচ্ছে ওনারা খুব ঝাল ঝাড়ছেন যে ফুড অ্যান্ড রিলিফ কমিটিতে আমাদের নেওয়া হয় নি, আমি বলছি স্যার, তাঁরা যান নি, বয়কট করেছেন—উপর থেকে জগজীবন রাম, ওয়াই বি চ্যাবন, শ্রীমতী ইন্দিরা গান্ধী, মোরারজী দেশাই বলছেন কো-অপারেশন করুন। এই তো কো-অপারেশনের নিদর্শন আমরা দেখতে পাচ্ছি। সব কংগ্রেসে যেয়ে বসে আছেন। ওঁদের আজকে ধাপার জঞ্জালের মত ফেলে দিলে সবচেয়ে ভাল হবে তাহলে সবকিছু সমস্যার সমাধান হবে। তাহলে ত্রাণ খাতে সমস্ত জিনিসগুলি পাচ্ছে বলে যাদের কষ্ট হচ্ছে তাদের এতো কষ্ট হবে না।

তারপরে ত্রাণের যে ম্যানুয়েল বুক তার পরিবর্তন করুন, এবং জি আর-এর যে রেট তা বৃদ্ধি করুন এই আমার অনুরোধ। আভা মাইতি মহাশয়া এখানে নেই, তিনি ত্রাণ খাতের টাকা নিয়ে নিজের সব কিছু স্বার্থ পূরণ করেছেন তার যেন একটা তদন্তের ব্যবস্থা করেন। আর বিশেষ করে আমি অনুরোধ করবো জঙ্গীপুর মহকুমায় আপনি একবার পরিদর্শন করুন দেখুন সেখানে কি ব্যবস্থা করা দরকার সেই বিষয়ে একটু চিন্তা করুন এই বলে আমি ত্রাণমন্ত্রিমহাশয়ের ব্যয় বরাদ্দকে সমর্থন করছি এবং মাননীয় স্পীকার মহোদয়কে ধন্যবাদ দিয়ে আমার বক্তৃতা শেষ করছি।

[5-45—5-55 p.m.]

Shri Abul Barkat Atawal Ghani Khan Chaudhury: Mr. Speaker, Sir, in opposing the present budget I would like to make some observation concerning the state of affairs in my district. Never before in the living memory of a common man the food situation in my district had been so desperate as today. The entire district is in the grip of famine. Rice is being sold at Rs. 4 per Kg. This is a deficit district. Last year's drought has further agravated situation. The only source of supply is from West Dinajpur. Due to uncertainty in the formulation of food policy and due to open interference of gana committee and food and relief committee, there was camplete dislocation in the supply. Administration in both the districts so far as food and relief committees are concerned is in the hands of food and relief committee and gana committees. Nothing can be done without the blessing of food and relief committee and gana committee. This can only be done paying illegal gratification. The quantum of supply under the modified rationing is another farce under the present situation. No Government can remain unconcerned lest the democratic Government like ours in regard to the untold sufferings of the people. The Food Minister is completely unconcerned with the total failure in tackling the food situation. The people of Maldah, rich and poor alike, are being haunted with the anxieties of tomorrow. They are being haunted with the anxieties of securing supplies from any source. They are trying to get this. They are living in a peculiar situation. They are living under the shadow of starvation.

Sir, when this is the situation Dr. P. C. Ghose is busy in experimenting his policies in his political laboratory. When our people does not know what to do they are given political stunts. This is not the time of administering political stunts. People are getting impatient. They want relief from miseries. They want relief from hunger. From time to time I have tried to focus the attention of the Hon'ble Minister for mitigating the sufferings of the people but no action has yet been taken. This man-made famine in Maldah could have been averted if the administration would have listened to our advices and suggestions. Nowhere in no time the food problem can be solved with the partisan spirit. This demands co-operation from all of us. It demands exertion from all of us. So far as food is concerned, I would request the Minister to leave politics and take to business. Sir, at the present moment the entire district is in the grip of famine, no supply is possible. I would further request the Hon'ble Relief Minister not only to increase the supply of modified ration, but to start various relief works on a liberal scale without any political discrimination. It is the privillege and the right of the Government today to make significant contribution in doing away with the miseries of the people. No Government can shake off this responsibility. I believe, Sir, that it is not the Cabinet, it is not the individual Minister, but the House is conducting the Administration in this State. I will appeal to this House and to the Ministers to declare Malda as a famine area and to start relief work on a liberal scale to cope with the situation.

Thank you, Sir.

[5-55—6-5 p.m.]

শ্রীনিতাই ভাণ্ডারী: মাননীয় স্পীকার স্যার, ত্রাণমন্ত্রী যে রিলিফ খাতে যে ব্যয় বরাদ্দ উত্থাপন করেছেন তা আমি সমর্থন করছি। আজ সভায় সরকার ও বিরোধী পক্ষের সদস্যদের আলোচনার মধ্যে দিয়ে এই জিনিসটা পরিষ্কার হয়েছে যে বাংলাদেশে ডিসট্রেস বেড়েছে। কিন্তু এই ডিসট্রেস বাড়ার কারণ কি সেটা জানা দরকার। যুক্তফ্রন্ট সরকারের ৪ মাসের কার্যকলাপের ফলে যে এই ডিসট্রেস বেড়েছে তা নয়। গত ২০ বছরে কংগ্রেস সরকার যে অর্থনীতি অনুসরণ করে এসেছে সেই অর্থনীতির পরিণতিস্বরূপ এই ডিসট্রেস বেড়েছে। সারা ভারতকে তাঁরা একটা অর্থনৈতিক সংকটের [illegible] মধ্যে ফেলে দিয়েছেন। [illegible] শৈলেনবাবু বলছেন কারখানায় ছাঁটাই [illegible] হচ্ছে এবং তার জন্য তিনি হা-হুতাশ করেছিলেন। [illegible] গত ২০ বছর কংগ্রেসের অর্থনীতির ফলে শিল্পের মধ্যে একটা সংকট দেখা দিয়েছে এবং গ্রামেও ডিসট্রেস বাড়িয়ে দিয়েছে। ছোট ছোট মালিক যারা শহরাঞ্চলে আছে তাদের গ্রামে বাড়ী আছে। সেখানে তাদের হাতে টাকা থাকলে তা দিয়ে তারা গ্রামে পুকুর কাটিয়ে বাড়ী করত এবং যার ফলে সেখানকার ক্ষেতমজুররা কাজ পেত। কিন্তু আজ এমন একটা আর্থিক অবস্থার মধ্যে তারা এসে পড়েছে যার ফলে ক্ষেতমজুর [illegible] অপেক্ষা [illegible] না। এর ফলে গ্রামে ডিসট্রেস বেড়েছে। এই ডিসট্রেস বাড়া [illegible] নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম [illegible]। [illegible] যুক্তফ্রন্ট সরকার [illegible]। কেন্দ্রীয় সরকার [illegible] দাম বাড়িয়ে [illegible]। এর ফলে গ্রামে ডিসট্রেস বেড়েছে। [illegible] ২০ বছরে কংগ্রেস শাসনে যে [illegible] করেছিলেন [illegible] আজকে দেশ সংকটের মধ্যে পড়েছে। ধান [illegible] মূল্য [illegible] [illegible] আছে। আজ যে দ্রব্যমূল্য বৃদ্ধি হচ্ছে এর জন্য জোতদারী ব্যবস্থা, মজুতদারী ব্যবস্থাই দায়ী। সুতরাং আজ যদি ভূমি ব্যবস্থার পরিবর্তন না করা হয়, জোতদারদের হাত থেকে জমি কেড়ে নিয়ে যদি গরীব চাষীদের মধ্যে বিলি না করা হয় [illegible] না। [illegible] [illegible] [illegible] নাকি খাবার ব্যাপারে [illegible] রিলিফ খাতে খরচ করেছেন। আমার এলাকার কথা বলছি [illegible] সেপ্টেম্বর অক্টোবর মাসে যখন গ্রামের লোকেরা [illegible] রিলিফ-এর টাকা যায় নি। কিন্তু ডিসেম্বর, জানুয়ারী মাসে যখন লোকে খেতে পায় ধান কাটার জন্য সেই সময় রিলিফ-এর দান ডাকা হয়। এর মধ্যে দিয়ে প্রমাণিত হয় যে তাঁরা যে নীতি অনুসরণ করেছিলেন তা দুঃস্থ মানুষদের বাঁচাবার জন্য নয় ইলেকসন বৈতরণী পার হবার জন্য। রিলিফমন্ত্রীকে একটা আবেদন করছি যে শুধু জি আর-এর মধ্যে দিয়ে মানুষকে ভিক্ষুকে পরিণত করবেন না। জি আর-এর পরিমাণ কমিয়ে তাদের দিয়ে কাজ করান। অবশ্য যারা দুঃস্থ, খঞ্জ অন্ধ, তাদের জি আর দিন এবং টি আর-এর মাধ্যমে কিছু কাজ করিয়ে তাদের রিলিফ দিন। তারপর খরা-পীড়িত অঞ্চলে যেসমস্ত গরীব চাষী যারা গত বছরে ঋণ নিয়েছেন তাদের ঋণ বকেয়া আছে। এই কারণে যদি তাদের ঋণ না দেওয়া হয় তাহলে চাষের কাজে ক্ষতিগ্রস্ত হবে। সেজন্য খরাপীড়িত অঞ্চলে বকেয়া টাকা সত্ত্বেও যাতে গরীব চাষীদের ঋণ দেওয়া হয় সেজন্য অনুরোধ করছি।

শ্রীমতী নুরুন্নেসা সাত্তার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ঐ বাজেট বক্তৃতায় আমাকে অংশ গ্রহণ করতে অনুমতি দিয়েছেন বলে আমি আপনার মাধ্যমে কয়েকটি কথা বলতে চাই। আজকাল আপনারা সংবাদপত্র খুললে দেখবেন যে বিভিন্ন জেলায় খরা হয়েছে এবং দুর্ভিক্ষের খবর আছে এবং অনাহারে মৃত্যুর খবর আছে। এখন এই বিষয় নিয়ে আমি বিশেষ কিছু আলোচনা করতে চাই না। বিভিন্ন তরফ থেকে এ সম্বন্ধে নানা প্রকার আলোচনা হয়েছে এবং অনেকেই এ বিষয়ে নানা কথা বলেছেন, তাঁদের সবার বক্তব্য সেটা আমি মনোযোগসহকারে শুনেছি। কেউ কেউ বলেছেন দুর্ভিক্ষ ঘোষণা করা হয়নি কেন? এখন দুর্ভিক্ষ ঘোষণা

করতে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করেছেন এবং আরো বেশী টাকা ধার্য করার কথা বলেছেন। যেসব অঞ্চলে খরা হয়েছে সে সব অঞ্চলের জনসাধারণ যাতে ভালভাবে রিলিফ পায় এবং সেখানে যাতে ভালভাবে চাষের উন্নতি হয় এবং চাষের বলদ কেনার জন্য ঋণের টাকা যথেষ্ট পরিমাণে বাড়াতে বলেছেন। আবার অনেকে বলেছেন সেখানকার জনসাধারণের ত্রাণ কার্যের সুযোগ-সুবিধার কথা এবং তারা যাতে খেতে পায় তার জন্য চেষ্টা করতে বলেছেন। গতকাল দাশরথী তা মহাশয় যা বলেছেন আমিও সেটা সমর্থন করি। তিনি বলেছেন খাদ্যকে রাজনীতির ঊর্ধ্বে রেখে রাজনীতিকে পকেটে রেখে এই সব কাজে অগ্রসর হতে হবে। আমরা যে জনতাব ভোটে এসেছি সেই জনতার কিসে সুখ-সুবিধা হয় সেটা আমরা সব সময় চেষ্টা করব। রাজনীতি করলে চলবে না, সে কথা সত্য, আমি সেটা মানি। সেই জন্য আমি বলব যে সেইভাবে আমাদের কাজকর্ম করতে হবে এবং ভালভাবে চাষের কাজ যাতে হয় তাই তাদের প্রচুর পরিমাণে উন্নত ধরনের বীজ, সার ইত্যাদি ঠিকমত দিতে হবে এবং তারা যাতে ভালভাবে খেয়েপরে চাষ করতে পারে সেজন্য তাদের কৃষি-ঋণ দিতে হবে। চাষের কাজ ভালভাবে করতে গেলে তাদের উপযুক্ত পরিমাণে জল সরবরাহের ব্যবস্থা অবিলম্বে করার দিকে দৃষ্টি রাখতে হবে। কোন সংবাদপত্রের খবর নয়, আমার এলাকার একটি সত্য ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকার মঙ্গলকোট থানার অন্তর্গত লাকুরিয়া অঞ্চল পঞ্চায়েতের নিকট হইতে প্রেরিত সংবাদটি আমি এই হাউসের সামনে পেশ করছি। সেটি হচ্ছে এই, "এক মুঠো ভাতের জন্য আত্মহত্যা"। বর্ধমান জেলার মঙ্গলকোট থানার অন্তর্গত লাকুরিয়া অঞ্চল পঞ্চায়েতের অধীন ঝিলেরা গ্রামের শ্রীগোপালচন্দ্র মহান্তের প্রথম পুত্র বালেশ্বর মহান্ত গত ইংরাজী ২৩-৬-৬৭ তারিখে রাত্রে গলায় দড়ি দিয়া আত্মহত্যা করিয়াছে। ঘটনার বিবরণে প্রকাশ যে এই পরিবার সংসার নির্বাহের জন্য এই অঞ্চলে অর্থ দিয়াও চাউল ক্রয় করিতে পারে নাই এবং চাউলের অগ্নিমূল্য হেতু সাধারণের ক্রয়ক্ষমতা একেবারেই নাই। খরা হেতু ধান্যও উৎপাদন হয় নাই। ঘটনার দিন মৃত বালেশ্বর মহান্ত তাঁহার মাকে এক মুঠো ভাত দিবার জন্য বার বার অনুরোধ করিলেও তাঁহার মা ভাত দিতে পারেন নাই, কারণ উক্ত পরিবারে প্রায় ৩।৪ দিন যাবত ভাতের হাঁড়ি চড়ে নাই। আমি এই প্রসঙ্গে আরো কয়েকটি বিষয়ে আমার বক্তব্য রাখছি। শুধু একটি বা দুটি জায়গায় নয়, ক্রমশঃ আমরা দেখতে পাচ্ছি অনাহারে অর্ধাহারে মৃত্যুর সংবাদ প্রায়ই সংবাদপত্রে বেরোচ্ছে। স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে এইটুকু বলতে চাই যে যেখানে খরা হয়েছে সেখানে যাতে আরো বেশী করে ত্রাণের ব্যবস্থা হয় সেদিকে দৃষ্টি দেবেন। সস্তায় যাতে খাদ্য পাওয়া যায় সেদিকেও দৃষ্টি দেওয়া বিশেষ প্রয়োজন। আমার থানায় বিশেষ করে যে সমস্ত দুস্থ ও বিধবা মহিলা আছেন, যাঁদের আত্মীয়স্বজন বিশেষ কেউ নেই, যাঁরা খেটে খান তাঁদের যাতে কাজের সুব্যবস্থা হয় তার জন্য চেষ্টা করবেন। কুটীর শিল্পের যাতে উন্নতি হয় এবং সেই কুটীর শিল্পের মাধ্যমে যাতে তাঁরা নিজেদের জীবিকা অর্জন করিতে পারেন তার দিকে নজর দেবেন। আর একটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। আমার এলাকায় মঙ্গলকোট থানা, এই অঞ্চলে সেচ ও জলের সুব্যবস্থা নেই। সেখানে যাতে ভালভাবে সেচ ও উন্নত ধরণের কৃষি বীজের ব্যবস্থা হয় সে বিষয়ে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-5—6-15 p.m.]

Mr. Speaker: Mr. Noronha may now speak.

Personal Explanation

শ্রীআব্দুস সাত্তার: মাননীয় স্পীকার মহাশয়, মুর্শিদাবাদ জেলার আর, এস, পি, দলের এম-এল-এ শীস মহম্মদ আমার সম্বন্ধে বলেছেন যে সাত্তার সাহেবের ছেলেমেয়ে এবং তাঁর বাবা নাকি রিলিফ-এর কাপড় পরে থাকে. আমি ঐ ভদ্রলোককে বলতে চাই যে আমি নিজে প্রাকটিস করি, তাতে আমার ইনকাম আছে, তাই দিয়ে আমি চালাই এবং তার থেকে ইনকাম ট্যাক্স দিয়ে থাকি। উনি যদি প্রমাণ করতে পারেন তাহলে এক্ষুণি আমি রেজিগনেশন দিয়ে দেবো। আমি আবার বলছি ঐ ভদ্রলোক কতকগুলো আজগুবি কথা বলছেন। আমার জেলা পরিষদ থেকে কোন কাপড় বিলি হয়নি, সমস্ত আজগুবি কল্পনার উপর ভিত্তি করে বলছেন আই পে ইনকাম ট্যাক্স। পপার-এর মত কথা বলছেন।

শ্রীশীস মহম্মদঃ অন এ পয়েন্ট অফ অর্ডার। উনি কত ইনকাম ট্যাক্স দেন না দেন আমি জানি, তার উপর রিলিফ-এর টাকা নির্ভর করে না, উনি যে কথা বলেছেন পপার ওটা উইথড্র করতে বলুন।

(গোলমাল)

Mr. Speaker: He has given his personal explanation relating to the observation which relates to him. But, honourable member, the word "pauper" is a reflection on the honourable member. I should respectfully request him to withdraw.

শ্রীআবদুস সাত্তার: তিনি যে সমস্ত অবজার্ভেসন করেছেন আমার সম্বন্ধে লেট হিম উইথড্র।

I am withdrawing. It must be reciprocal.

Mr. Speaker: If he has made any observation not substantiated by facts I shall expunge it from records, but you cannot call an honourable member "pauper" however rich you may be.

(Noise)

Honourable member, my ruling is not conditional upon your asking him to withdraw. I will deal with him immediately after. I have asked you to withdraw the remark "pauper". Why should you call him a "pauper"?

Shri Samsuddin Ahmed: On a point of order, Sir.

(Noise and interruptions.)

Mr. Speaker: If you do not withdraw, I will have it expunged from the proceedings.

শ্রীবিজয় সিংহ নাহার: স্যার, ওদিক থেকেও যে কথা বলা হয়েছে, সেটাও আপনি এক্সপাঞ্জ করুন।

Mr. Speaker: I shall expunge from the records whoever has said so.

শ্রীঅমলেন্দ্রলাল রায়: আমি স্যার, একটা পয়েন্ট অফ অর্ডার তুলে দাঁড়িয়েছি। এই হাউসের একজন মাননীয় সদস্য আর একজন মাননীয় সদস্যকে 'পপার' বলেছেন। এই যে তাঁর পপার বলবার সাহস হলো, এটা শুধু এক্সপাঞ্জ করবার ব্যাপার নয়। আজকে এইভাবে যদি তাঁকে ছেড়ে দেওয়া হয়, তাহলে তা যথেষ্ট হবে না। যতক্ষণ না সেই ওয়ার্ড নট উইথড্রন হবে, আমরা দেখে নিতে চাই তাঁরা কিভাবে ও'দের খুসীমত আমাদের ডিসটার্ব করেন। আমি জানতে চাই সেই ওয়ার্ড তিনি উইথড্রন করেছেন কি না?

Mr. Speaker: I will consider this matter, I will give my considered view. I will not allow any disturbance with regard to this matter in the House. The Grant has got to be voted.

শ্রীঅমলেন্দ্রলাল রায়: স্যার, আমি জানি ডকুমেণ্ট আছে, আমার কাছে এর ডকুমেণ্টারি এভিডেন্স আছে। ঐ ভদ্রলোক রিলিফের প্রচুর টাকা চুরি করেছেন।

Mr. Speaker: Please don't be excited. I am on my legs. Please take your seat, Mr. Roy. I have already given my ruling and that stands. I will consider the matter further meaning afterwards, but not in an excited manner. I think it necessary to preserve the dignity and honour of the members of this House, whoever and whichever side they may belong to. We have almost come to the end of the discussion. My I appeal to you to sit down, Mr. Roy.

(Noise and interruptions.)

[6-15—6-25 p.m.]

Shri Clifford Noronha: Mr. Speaker, Sir, I rise to support the demand for grant moved by the Hon'ble Tran Mantri. Today the spectre of famine stalks the land. Year after year, due to flood or drought there is damage to crops in some part or other of the State with dire consequence to the people in human suffering, misery and human starvation. We cannot control floods nor can we command rains to fall when it is needed, but the awful consequences of these natural calamities in human sufferings and misery can and should be prevented.

Mr. Speaker, Sir, I was S.D.O., Tamluk, from 1933 to 1937. This was the subdivision to which the Hon'ble Chief Minister belongs. During one of those years there was a complete failure of crops in the Sutahata Thana. This gave me a chance of starting a Grain Bank that year in one of the villages of the thana. Every farmer in that village donated a certain amount of paddy and with that the Grain Bank was organised. That paddy was lent to those who needed it at an interest of about 25 per cent. In this way the quantity of paddy went on increasing considerably. On the other hand, the borrower also gained financially because the price of one maund of paddy, for instance, in the month of July or August was higher than the 1¼ maund of paddy in the months of January and February. Shortly after that I was transferred from Tamluk and I forgot all about this Grain Bank that I started. In the year 1943 I happened to be the P.A. to the Commissioner of Dacca, and one day I received a letter from this particular Grain Bank which gave me more pleasure and satisfaction than any other communication that I received in my official career. This letter expressed their gratitude to me for having started the Grain Bank, and it mentioned that due to this Grain Bank there was not a single death in their village whereas all around them people starved and died in their hundreds. What was done in one village of Sutahata thana can be done in every village of Bengal.

Mr. Speaker, Sir, I therefore suggest that the Government take up very seriously the question of starting similar Grain Banks in every village of this province. The correct way to do it would be to put it in charge of the Co-operative Department, and there should be a system of reward and punishment. Let a reward, for instance, of one thousand rupees be given to the first 100 Grain Banks in the order of merit. The officer-in-charge and the people responsible for running and maintaining this Bank should get this reward. The next one hundred will get Rs. 500 in the same way. Those officers who are slack should be penalised by losing increment and by losing chance of promotion. If this is followed—just as the Sutahata Village Grain Bank saved lots of people—it may happen that within the next decade every village in the province will have a sufficient stock of paddy and in case of necessity and in case of famine that stock can be utilised. If the H. M. prefers the scheme could be started in certain selected areas.

One thing more, Sir. In the month of July at the time of the Ratha Festival there is a lot of tree planting activity all over the place. Let this be done in an organised and sensible way. I suggest that in every homestead one grafted fruit tree be planted every year. You are aware that a grafted fruit tree bears fruit within two or three years. If this is done in the course of a few years there would be sufficient number of trees which will do good to the health and diet of every householder. At the same time the surplus will be sold and that would go to increase his income. In this way within the course of say a decade, the entire province of Bengal

would be saved from want. There would be sufficient paddy and sufficient food to give loan in case of necessity. There would be freedom from scarcity; there would be freedom from want and there would be a happier and healthier Bengal and the Sonar Bangla that poets dream about and the people talk about will then become a reality.

With these observations, Sir, I support the Hon'ble Minister's Demand for Grant under the Famine Relief.

[6-25—6-35 p.m.]

শ্রীবঙ্কিমচন্দ্র শাসমলঃ মাননীয় স্পীকার মহাশয়, আজকে এই বাজেট সম্পর্কে বলতে গিয়ে প্রথমেই আমি বলতে চাই যে আমাদের রিলিফ মন্ত্রী বোধ হয় খুব দুর্বল, তাঁর বয়স হয়েছে, কাজেই অন্যান্য মন্ত্রীরা তাঁদের বিভাগে জবরদস্তি করে নতুন করে এবারে যে বাজেট প্লেস করেছেন তাতে গতবারের চেয়ে কোন কোন খাতে অনেক টাকা বাড়িয়ে নিয়েছেন কিন্তু এই ৪ মাসের মধ্যে দেশে দুর্ভিক্ষের অবস্থা বেড়ে গেছে অথচ ত্রাণের জন্য তিনি বরাদ্দ বাড়াতে পারেননি। আমি একটা উদাহরণ দেব, আমাদের রিফিউজি রিলিফের জন্য যেখানে ৫ কোটি ৪৮ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে ৩০ লক্ষ ৭০ হাজার লোকের জন্য সেখানে আমাদের পশ্চিমবাংলার ৪ কোটি ৩৪ লক্ষ লোকের জন্য তিনি ধরলেন মাত্র ৫ কোটি ৪৪ লক্ষ ২৮ হাজার টাকা। রিলিফ দেওয়া হয় কাদের, যারা দুর্বল সেকসান, যাদের ঘরবাড়ী নেই, যারা দীন-দুঃখী তাদের। যারা রোজগার করে তাদের রিলিফ দিতে হয় না। রিলিফ দেবার মত পশ্চিমবঙ্গে লোকসংখ্যা অন্ততঃ একদশমাংশ হবে, সেই ধরণের রিলিফ দেবার মত বাজেটে বরাদ্দ রাখা উচিত ছিল। আমাদের বাজেটের কয়েকটি বিভিন্ন খাতে বরাদ্দ বাড়ান যেতে পারত বা বাড়ান উচিত বলে আমি মনে করি। ওয়ার্কস হেডে রিলিফের ব্যাপারে সিভিল বাজেট এসটিমেটে দেখান হয়েছে অর্ফানেজের কথা, এই অর্ফানেজ প্রত্যেক মহকুমায় এক একটা করার দরকার হয়ে পড়েছে। এখন পিতৃমাতৃহীন শিশু অনেক দেখা যাচ্ছে, খেতে দিতে পারছে না, রাস্তায় শিশুদের ছেড়ে চলে যাচ্ছে গ্রামাঞ্চলে অনেক দেখেছি। কিন্তু এই ক্ষেত্রে মাত্র ৩৬ হাজার ৩ শো টাকা বরাদ্দ, প্রয়োজনের তুলনায় অত্যন্ত অল্প ধরা হয়েছে। এবারে ৫০ হাজার ১ শো টাকা ড্রিংকিং ওয়াটার ফর ন্যাচারাল ক্যালামিটির জন্য ধরা হয়েছে। ৫০ হাজার টাকায় কটি মাত্র [illegible] হবে। অথচ এখন ড্রট এরিয়াব, ফ্লাড এ্যাফেকটেড এলাকায় টিউবওয়েল করার প্রয়োজন আছে, কারণ, এই সব জায়গায় টিউবওয়েল অনেক নষ্ট হয়ে গেছে পশ্চিমবাংলার সব নষ্ট হয়ে গেছে। কাজেই এই খাতে বরাদ্দ কিছু বাড়ান উচিত ছিল। [illegible] সব থেকে বেশী কষ্ট হয়েছে, আগে একজন মাননীয় সদস্য বলেছেন মৎসাজীবীরা এসেছে মৎসাজীবী প্রভৃতি যারা বৃত্তিভোগী, যারা আর্টিজান ক্লাস, যারা কুমার, কামার, তাঁতি, এদের অত্যন্ত অসুবিধা হয়ে গেছে। এদের প্রত্যেকটি পরিবারের জন্য আর্টিজানদের জন্য প্রচুর পরিমাণে রিলিফ অন্ততঃ ৩০০ টাকা পর্যন্ত রিলিফ বরাদ্দ করার কথা আছে কিন্তু গ্রান্ট টু আর্টিজানস মাত্র ২৫ হাজার টাকা ধরা হয়েছে। আশা করি তিনি এই বরাদ্দ নিশ্চয় বাড়াবেন এবং গত বাজেটের পর অনেকবার কংগ্রেস আমলের রিলিফ মন্ত্রী আরো অনেক টাকা বাড়িয়ে দিতে বাধ্য হয়েছিলেন প্রয়োজনবোধে। এখন যেখানে সমস্ত সদস্য মহাশয়রা বলছেন দেশে দুর্ভিক্ষের অবস্থা চলছে সেই জায়গায় নিশ্চয় এই বরাদ্দটা বাড়াবো। তারপরে ফি য়্যান্ড কনসেশনাল সাপ্লাই অব মেডিসিন যেগুলি দেয়ার কথা সেক্ষেত্রে একটি টাকাও বরাদ্দ নেই দেখলাম। আশা করি ড্রট এলাকায় ফ্লাড য়্যাফেকটেড এলাকায় সাপ্লাই অব মেডিসিন বা মেডিকেল ইউনিট পাঠিয়ে এদের রোগের চিকিৎসার ব্যবস্থা করবেন। রিলিফ অব ডিস্ট্রেসের যে নিয়ম আছে সেই নিয়মের মধ্যে ধরা আছে যে,

gratuitous relief has been extended to other people also when no provision could be made for their employment.

অনেকে বলেছেন যে অন্ধ, খঞ্জ ছাড়া কাউকে গ্রাটুইটাস রিলিফ দেওয়া চলবে না কিন্তু এতে ব্যবস্থা আছে যে যখন কাউকে এমপ্লয়মেন্ট দিতে পারা যাচ্ছে না তখন তাকে গ্রাটুইটাস রিলিফ

দিতে হবে। গতবারে এজন্য দেয়া হয়েছিল, এবারেও নিশ্চয় দিতে হবে এবং এমপ্লয়মেণ্টের কোন ব্যবস্থা এ পর্যন্ত করা হয়নি। উনি যে ফুড য়্যাণ্ড রিলিফ কমিটি করেছেন সেটা অত্যন্ত অকার্যকরী। আমি আমার এলাকা দাসপুর থানার কথা বলতে পারি, সেখানে ৩১ হাজার বেকার শ্রমিক রয়েছে, আজ পর্যন্ত একজনেরও এমপ্লয়মেন্ট হয়নি। গতবারে দাসপুর থানার ২টি ব্লকে ২॥ লক্ষ টাকা খরচ করা হনয়াছিল টেস্ট রিলিফের জন্য এবং আমি জোর করে বলতে পারি সমস্ত টাকাটাই সদ্ব্যয় করা হয়েছে এবং যার জন্য জবঘেরী বাঁধ ৫০ মাইল হয়েছে, খাল ৩০ মাইল হয়েছে, ৫০ মাইল রাস্তা মেরামত করা হয়েছে, পুকুর খনন করা হয়েছে ৫।ট এবং স্কুলের খেলার মাঠ সরকার করেছেন। যদি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আমার সঙ্গে যেতে চান তাহলে আমি দেখিয়ে দিতে পারি। কিন্তু আজ বছর শেষ হয়ে গেল অথচ এখনও পর্যন্ত টেস্ট রিলিফের কোন কাজ হল না। দাসপুর থানা বরাবর দুর্ভিক্ষ পীড়িত অঞ্চল এবং খাদ্য ঘাটতি অঞ্চল, সেখানে তিনি কোন রিলিফ দিতে পারেন নি, এই সব কারণে আমি এই বাজেট বরাদ্দের বিরোধিতা করছি।

শ্রীবিভূতি পাহাড়ীঃ মাননীয় স্পীকার মহাশয়, আজকে মাননীয় মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দ এখানে পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি। আজকে আমি আপনার কাছে একটা কথা নিবেদন করতে চাই যে এই এয়ার কণ্ডিসন ঘরে বসে বাঁকুড়া, পুরুলিয়া, ওয়েষ্ট দিনাজপুর কিংবা মালদহের যে সমস্ত অঞ্চলে দুর্ভিক্ষের পদধ্বনি শোনা যাচ্ছে, সেখানকার মানুষ আজ খাবার অভাবে ধুঁকছে, তাদের অন্ন নেই, তাদের কথা ঠিকমত আজ এখানে বোঝা যাবে না। আজ আমার এই কথাটা মনে পড়ছে কি কারণে আজ সেখানে দুর্ভিক্ষের অবস্থা হল। ২০ বছর যাদের হাতে শাসন ভার ছিল তারা দেশের সেচের কোন উন্নতি করেননি মজে যাওয়া খাল-গুলি কিংবা পুকুরগুলি সংস্কার করে জলসেচের কোন ব্যবস্থা করেননি। অন্ধ্র এবং মাদ্রাজে যেখানে ৮০ কিম্বা ৯০, পর্সেণ্ট জমিতে জলসেচের ব্যবস্থা আছে, বাংলাদেশে ২০ বছরে সেদিক থেকে কেন ব্যবস্থা হয়নি এবং সেচের টাকা বিভিন্ন দুর্নীতির রাস্তায় তলিয়ে গেল কেন? সেই কারণে ফসল ফললো না যার ফলে আজকে মানুষ অভাবে অনাহারে ধুঁকছে। আর একটি কথা আমি আপনার কাছে নিবেদন করতে চাই যে গত বছর ১৯৬৬ সালে দেখা গেছে যে বিভিন্ন জায়গায় খরা হয়েছে বলে তৎকালীন ত্রাণমন্ত্রী কোটি কোটি টাকা বরাদ্দ করেছিলেন এবং খরচ করেছিলেন। এই প্রসঙ্গে আমি আপনার কাছে একটা কথা নিবেদন করতে চাই যে মেদিনীপুর জেলা পরিষদও এক কোটি দু লক্ষ ৯২ হাজার টাকা টেস্ট রিলিফ এবং রিলিফের খাতে পেয়ে-ছিলেন কিন্তু সেই টাকা কোথায় খরচ হল কোন অন্ধকারের গহ্বরে, লোভের গহ্বরে কাদের পাপে সেই টাকা মানুষের কাজে লাগল না, চুরির রাস্তায় চলে গেল? মাননীয় স্পীকার মহাশয়, আগে যিনি ত্রাণমন্ত্রী ছিলেন শ্রীমতী আভা মাইতি তিনি বাজকুল মিলনী মহাবিদ্যালয়ের প্রেসিডেণ্ট ছিলেন এবং সেই বিদ্যালয়ের গ্রাউণ্ড তৈরী করবার জন্য প্রায় ৪৫ থেকে ৫০ হাজার টাকা বরাদ্দ করিয়ে নিয়েছিলেন। কিন্তু সেই মিলনী কলেজ গ্রাউন্ড তাঁদের দুর্নীতি মিলনের ক্ষেত্র হয়ে দাঁড়ালো, সেখানে মাটি কাটা হল না। তদন্ত হল, তদন্তের পর দেখা গেল যে সেখানে ৪৫ হাজার-এর অর্ধেক টাকার মাটি কাটা হয়নি।

(এ ভয়েস ফ্রম কংগ্রেস বেঞ্চঃ কোশ্চেন।)

ইট ইজ নট এ কোশ্চেন, স্যার, দুর্নীতির কথা যখন বলা হয় তখন কোন কোন মাননীয় সদস্য বলেন কোশ্চেন। আমি তাঁদের কাছে নিবেদন করছি যদি বাংলা দেশের জনসাধারণের প্রতি আপনাদের কোন সহানুভূতি থাকে, চোরের বিরুদ্ধে দুর্নীতির বিরুদ্ধে দাঁড়াবার মত যদি সৎ সাহস থাকে তাহলে ভগবানপুর, শ্রীমতী আভা মাইতির কনষ্টিটিউয়েন্সি দেখে আসুন, দেখবেন এক একটা ব্লকে যেখানে গত বছর ১৬ হাজার টাকা রিলিফে মাত্র পেয়েছিলেন সেখানে তিনি তাঁর নিজের পদমর্যাদার সুযোগ নিয়ে সেই ভগবানপুরের এক নং ব্লক রিলিফ খাতে ৬৪ হাজার টাকা ব্যয় করেছিলেন। আরো একটা উদাহরণ মাননীয় স্পীকার মহাশয়, আপনার সামনে দিতে চাই। এই রিলিফ এবং টেস্ট রিলিফের দুর্নীতির কথা যদি বলি তাহলে অনেক সময় লেগে যাবে। আমরা দেখেছি টেস্ট রিলিফের টাকায় মাটি কাটা হয়, বাঁধ তৈরী হয়, ছোট ছোট সেচ পরিকল্পনা হয়। কয়েক বছর আগে দুর্নীতির প্রসার যিনি করেছিলেন সেই তৎকালীন ত্রাণমন্ত্রী শ্রীমতী আভা মাইতি কাকরা খাদি কেন্দ্র বলে একটি খাদি সেন্টারের

সভাপতি ছিলেন। তিনি নূতনভাবে আবিষ্কার করলেন যে সেই ভগবানপুরে যেখানে কাকরা খাদি কেন্দ্র আছে এবং তিনি যার সভাপতি এবং অপরেশ ভট্টাচার্য যাহ সম্পাদক, চরকার মাধ্যমে ষ্টেট রিলিফ করতে হবে। খাদি বোর্ড থেকে ৮০ থেকে ৮২ হাজার টাকা দিলেন। প্রশ্ন হল, জানতে চাওয়া হল যে সেখানে কত কাটুনী সূতা কাটে, বলা হল ১৬ শত কাটুনী। কিন্তু বিধানসভার টেবিলে প্লেসড হল ১৪ শত নামমাত্র। তদন্ত হল, তদন্তে দেখা গেল এই সমস্ত কাটুনীদের কাছে যেতে তারা বললো যে ১৪ পুরুষে তাদের কেউ চরকা ধরেনি। সেই টাকা কোথায় গেল? যেখানে ত্রাণমন্ত্রী নিজে সভাপতি ছিলেন এবং তিনি তার পদমর্যাদার সুযোগ নিয়ে তিনি যদি ঐ দেশের মানুষের ৮২ হাজার টাকা তচনচ্ করেন তাহলে তহরূপের দায়ে তাঁকে অভিযুক্ত করা উচিত।

আজকে বাংলাদেশের মানুষ এই যুক্তফ্রণ্ট মন্ত্রিসভার কাছে জানতে চায়, জবাব চায়, তারা যে বারে বারে বলেছেন, দুর্নীতির তদন্ত হবে যারা দুর্নীতি করেছেন যে সমস্ত মন্ত্রীরা গোপনে অর্থ সঞ্চয় করেছে, মানুষের ক্ষুধা নিয়ে ছিনিমিনি খেলেছে আজকে তারা [illegible] দেশের মাঝখানে টাকা লুঠ করে আজও ঘুরে বেড়াচ্ছে কেন? স্পীকার মহোদয়, একজন সদস্য এখানে বলেছেন, যারা ইনকাম ট্যাক্স দেয়, তারা চুরি করে না। কিন্তু আপনি জানেন এবং আমরাও জানি ব্ল্যাক মানি যাদের আছে, তারা কোথা থেকে টাকা পেয়েছেন। পুরাতন কংগ্রেসী আশু ঘোষ তো ইনকাম ট্যাক্স দিতেন, তবুও তিনি আসাম রিলিফ ফান্ডের টাকা চুরি করেছিলেন। অতএব একথা ঠিক নয় যে, যে ইনকাম ট্যাক্স দেয় সে চুরি করে না। একথা আমি বলব, ভূতপূর্ব ত্রাণমন্ত্রী শ্রীমতী আভা মাইতি ত্রাণ বিভাগকে মধুমালতী কোম্পানীতে পরিণত করেছিলেন এবং সেই ইছামতী মধুমতীকে আজ গারদে পোরা উচিত। একথা বলে আমি রিলিফ খাতের ব্যয়-বরাদ্দ সমর্থন করছি।

শ্রীশান্তিমোহন রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ত্রাণমন্ত্রিমহাশয় যে ব্যয়-বরাদ্দ উপস্থাপিত করেছেন তা এই এয়ার কন্ডিসান্ড্ এসেম্বলী হাউসে বসে আলোচনা করলে আমরা পশ্চিমবাংলার মানুষ যে দুর্গতি অবস্থায় পড়েছেন, তা সম্যক উপলব্ধি করতে পারবো না বলে আমি মনে করি। আমি ত্রাণমন্ত্রীর মুখে শুনেছি, বাঁকুড়া, পুরুলিয়া, মালদহ, পশ্চিম দিনাজপুর জেলাতে দুর্ভিক্ষ দেখা দিয়েছে। আমি বলব শুধু এই জেলাগুলিতেই দুর্ভিক্ষ দেখা দেয় নাই, হুগলী এবং হাওড়ার মত ঘাটতি জেলায় এবং মেদিনীপুর এবং বর্ধমানের মত উদ্বৃত্ত জেলাগুলির যে সকল ঘাটতি অঞ্চল সেখানেও দুর্ভিক্ষ দেখা দিয়েছে। এই দুর্ভিক্ষে শুধু বাঁকুড়া, পুরুলিয়া জেলার মানুষ মরছে তা নয়, হুগলী জেলার আরামবাগ মহকুমার মানুষ মারা গিয়েছেন, আমি তাদের নাম বলছিঃ আরামবাগ মহকুমার খানাকুল অঞ্চলের চিংড়া গ্রামে শ্রীমদন সাঁতরা, সুরেন্দ্র ভুঁইয়া অনাহারে মারা গিয়েছেন। খানাকুলের শ্রীমতী সিন্দুবালা বেরা মারা গিয়েছেন এবং জগৎপুরের নন্দনপুর গ্রামের কুমারী নমিতা দাস অনাহারে পীড়িত হয়ে সে আত্মহত্যা করতে গিয়েছিল কিন্তু পার্শ্ববর্তী এলাকার লোকেরা তাকে বাঁচায়। আজকে খেটে খাওয়া মানুষ এবং ভাগচাষী ও অল্পবিত্ত লোকেরা শাকপাতা, কচুরীপানা, কচুর মূল ও ফ্যান খেয়ে কোনো রকমে দিন কাটাচ্ছেন। গ্রামে যে রেশন দেওয়া হয়, তা নামমাত্র।

ক শ্রেণীর যারা তাদের ৩০০ গ্রাম করে গম দেওয়া হয়। টেস্ট রিলিফ নামে মাত্র চালু আছে। খয়রাতি সাহায্য প্রকৃত সরকার যা দিতেন তা [illegible] বেশী চালু করা হয় নি। আজকে পশ্চিমবাংলার মানুষকে যদি বাঁচাতে হয় তাহলে খয়রাতি [illegible] টেস্ট রিলিফ যেমন ব্যাপকভাবে [illegible] করতে হবে তেমন গ্রামে গ্রামে মডিফায়েড রেশন চালু করতে হবে। আমাদের আরামবাগ মহকুমায় পশ্চিমবঙ্গ সরকার ঘোষণা করেছিলেন যে ৫টি থানায় ৫টি লঙ্গরখানা খোলা হবে কিন্তু আজ পর্যন্ত লঙ্গরখানা এখানে খোলা হয় নি। আমরা পরস্পর পরস্পরকে [illegible] দোষারোপ না করে সরকার পক্ষ এবং বিরোধী পক্ষ যদি বিষয়টি গুরুত্ব দিয়ে আলোচনা করে দেখি তাহলে দেখবো যে ব্যাপক টেস্ট রিলিফ করে পুরো রেশন দিয়ে এবং খয়রাতি সাহায্যের পরিমাণ বৃদ্ধি করেও আমরা বাংলাদেশের মানুষকে বাঁচাতে পারবো না যদি পশ্চিমবাংলাকে বিহারের মত দুর্ভিক্ষ এলাকা বলে ঘোষণা করে মানুষের পরিত্রাণের রাস্তা খুঁজে না বের করা হয়। এই কথা বলে আমি ত্রাণমন্ত্রী মহাশয়ের ব্যয়-বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

আমি প্রফুল্লবাবু এবং মাননীয় ত্রাণমন্ত্রীর কাছে একথা কি জিজ্ঞাসা করতে পারি যে এক দিকে পল্লী অঞ্চলে আপনারা এম, আর, সপে জিনিস দিতে পারছেন না আর একদিকে যে ফ্রি মুভমেণ্ট হওয়া দরকার ছিল যার উপর বিশেষ করে প্রফুল্লবাবু চলছিলেন সেই জিনিস আপনারা করতে পারলেন না যার জন্য আজ এখানে দুর্ভিক্ষের সৃষ্টি হয়েছে। আমি আসানসোলের ফুড রিলিফ কমিটি সম্বন্ধে ওদের একটা প্রসিডিংস আপনার কাছে তুলে ধরতে চাই। মিটিং হয়েছে ২০-৬-৬৭ তারিখে ১০টার সময়। আমাদের হাউসের বাংলা কংগ্রেসের শ্রীমনোরঞ্জন বক্সী, শ্রীহারাধন রায় এবং তিনকড়ি মণ্ডল এই সভায় ছিলেন। সেই সভাতে তাঁরা কি বলেছেন আসানসোল সাবডিভিসনের কথা আমি আপনার কাছে তুলে ধরতে চাই.

"The A.D.M tried to bring rice to this area from selected dealers from Burdwan and other surplus areas. Many of the dealers actually brought considerable quantity of rice from the surplus areas, but the position has become somewhat different now. The dealers are now found unwilling to bring rice against valid permits, as there were cases when the stocks carried by them were intercepted and looted during transit by the so called members of the Gana Committees".

এ আমাদের কথা নয়, আপনি জানেন ফুড কমিটিতে আমরা যাই নি। ওঁদের যেসব সদস্য ছিলেন যে সব সরকারী কর্মচারী ছিলেন তারা আজ স্পষ্টভাবে বলছেন যে আজ আসানসোলে খাদ্য আসছে না, কেন না ভ্যালিড পারমিটে যে খাদ্য আসা উচিত তাও গণ-কমিটি আসতে দিচ্ছে না। আমি এই জন্য বার বার করে আপনাদের কাছে বলছি যে যে দুর্ভিক্ষের সৃষ্টি হয়েছে যে নীতি আপনারা নিয়েছিলেন সেই নীতিকে যদি আপ্রাণভাবে কার্যকরী করবার চেষ্টা করতেন তাহলে এই দুর্ভিক্ষ দেখা দিতো না এবং এই দুর্ভিক্ষের অবস্থা আসতো না। আর একটা জিনিস সম্বন্ধে আমি বলতে চাই আমাদের ত্রাণমন্ত্রী তাঁর কথা উল্লেখ করেছেন সেই নিয়ে আমি আরম্ভ করছি। তিনি পঞ্চায়েতী ব্যবস্থার উপর রিলিফ দিতে চান না এই কথা বলেছেন। মাননীয় স্পীকার স্যার, আপনি জানেন যে ১৯৬৪ সালে ২রা অক্টোবর পুণ্যাত্মা গান্ধীর জন্মদিনে পশ্চিমবাংলায় পুরোপুরি পঞ্চায়েতী ব্যবস্থা চালু হয়।

[6-45—6-55 p.m.]

তার আগে পর্যন্ত [illegible] কথা ছিল [illegible] তার আগে পর্যন্ত সমস্ত [illegible] জন্য [illegible] বিল্ডিংসের দিয়ে [illegible] হয়েছে। আমাদের কংগ্রেস সরকার পঞ্চায়েত [illegible] ডিসেন্ট্রালাইজেসান [illegible] আমরা জেলায় [illegible] এই ক্ষমতা দিয়ে ছেড়েছিলাম। [illegible] নীতি আরম্ভ [illegible] তাতে জেলা পরিষদের উপর যে ভার দিয়েছিলাম [illegible] বিল্ডিংসে নিয়ে এলেন। [illegible] উপকার হবে সেটা পরের কথা। কিন্তু সঙ্গে সঙ্গে পঞ্চায়েত মন্ত্রী [illegible] তিনি কিভাবে পঞ্চায়েত চালাচ্ছেন সে সম্বন্ধে বলছি। শ্রীবিশ্বনাথ [illegible] আমার বন্ধু একজন ভেটার্যান পার্লামেন্টেরিয়ান হয়ে তিনি কি [illegible] জানেন না। আমি আপনাকে বলব যে রিলিফ মিনিস্টার [illegible] আরম্ভ করলেন সেই [illegible] পঞ্চায়েতের উপর রিলিফ [illegible] তিনি অন্য কোন সংস্থার উপর [illegible] বলেছেন [illegible] আমি বলছি [illegible] আপনাকে দেখাতে চাই আপনাদের সঙ্গে আমাদের নীতির তফাৎ কোথায়। আপনারা পঞ্চায়েতী সিস্টেমে বিশ্বাস করেন না, আপনারা একনায়কত্বে বিশ্বাস করেন। আমরা সেই নীতিতে বিশ্বাস করে ক্ষমতাকে যত বিকেন্দ্রীকরণ করা যায় আমরা মনে করি ততই মানুষের মঙ্গল হবে। মহাত্মা গান্ধীও এই নীতিতে বিশ্বাস করতেন। আমরা যে কথা বলছি সেটা হচ্ছে পঞ্চায়েত ও জেলা পরিষদের মধ্যে যদি কোন গোলমাল থাকে তাহলে সেই গোলমাল রেক্টিফাই করুন। কিন্তু জেলা পরিষদগুলিকে নষ্ট করবেন না। কারণ জেলা পরিষদগুলির মাধ্যমে গত সরকার কিভাবে রিলিফ ডিসট্রিবিউসান করেছিলেন সেকথা সবাই জানেন। আপনারা অনেকে হয়ত অনেকে বিশ্বাস করেন যে কংগ্রেস গভর্নমেণ্ট নিজেদের সুবিধার জন্য জেলা পরিষদের মাধ্যমে সমস্ত রিলিফ দিতে চেয়েছিলেন। কিন্তু একথা সত্য নয়। রিলিফ মিনিস্টার [illegible] দুই নং ম্যানুয়াল দেখলেই দেখবেন যে জেলার মধ্যে সমস্ত ত্রাণ কার্যের দায়িত্ব ছিল জেলা ম্যাজিস্ট্রেটের এবং সমস্ত হিসাবপত্র নেবার দায়িত্ব ও দেবার দায়িত্ব জেলা ম্যাজিস্ট্রেটকে সরকার দিয়েছিলেন।

আমি আপনাকে আরও বলতে চাই জেলা পরিষদের হিসাবপত্র নেবার ও তার দায়িত্ব বহন করতে হবে ডি, এম-কে। ১৯৬৫ সালের ১৭ই মে তারিখে ৩০১৮নং নোটিফিকেশনে গভর্নমেন্ট এ সব কার্য পরিচালনার জন্য যে কোন রকমের জেনারেল বা স্পেসাল নির্দেশ দেবার অধিকার দিয়েছিলেন। জেলা পরিষদের ৭৩ ধারা অনুযায়ী সরকারের বিভাগীয় অফিসারদের স্ট্যাণ্ডার্ড প্রকল্পগুলি রূপায়নের দায়িত্ব নিতে বাধ্য হবেন। ১৭ই মে ৩০৪৩নং সরকারী বিজ্ঞপ্তি অনুযায়ী বি, ডি, ও, পঞ্চায়েত এক্সটেনসান অফিসার, জেলার পঞ্চায়েত অফিসার এবং প্ল্যানিং ও ডেভালাপমেণ্ট-এর স্পেসাল অফিসারদের ত্রাণ কার্যের ভার দেওয়া হয়।

চীফ সেক্রেটারীর ২১শে সেপ্টেম্বর তারিখের ৫৫৪৮ নং আদেশের দ্বারা জেলা ও ব্লক অফিসারদের নিজেদের দায়িত্বের কথা স্মরণ করিয়ে দেন। জেলা পরিষদের ৪২বি ধারা অনুযায়ী জেলা পরিষদের এক্সিকিউটিভ এবং মণ্ডল পরিষদের সেক্রেটারীরা ক্যাস বই রাখার জন্য দায়ী, সমস্ত হিসাবপত্র রক্ষা করা তাদের কর্তব্য। আমার কথা হচ্ছে জেলা পরিষদের ত্রাণ কার্য পরিচালনায় যদি কোন রকম অসুবিধা হয়ে থাকে, যদি কোন ধরনের তহবিল তছরুপের অভিযোগ পান তাহলে তার জন্য সরকারী কর্মচারী যাঁরা আছেন তারা বেরিয়ে যেতে পারেন না। সেজন্য বলছি রিলিফ জেলা পরিষদের মাধ্যমে দিন। আপনারা নিজেদের দলগত মতে দিন সে সম্বন্ধে বলার কিছু নেই। যাহোক এ সম্বন্ধে আমার পূর্ববর্তী বক্তা পলিটিক্যাল ত্রাণ কমিটি আপনারা যা মহকুমায় মহকুমায় করেছেন সেই কমিটির মধ্যে কংগ্রেস নীতিগতভাবে থাকছে না। এই বলে আমি শেষ করছি।

Personal Explanation

শ্রীমতী আভা মাইতি: মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা পার্সোনাল এক্সপ্ল্যানেশান দিচ্ছি, আমি যখন ছিলম না সে সময় বিভূতি পাহাড়ী মহাশয় নাকি বলেছেন বীজপুর মহাবিদ্যালয়ের গভর্ণিংবডির সভাপতি। আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের জানাতে চাই এই কলেজের সঙ্গে আমার কোন সম্পর্ক নেই এবং এর আমি সভাপতি বা সদস্য নই। এটা একটা স্পনসর্ড কলেজ, মেদিনিপুর এর জেলা ম্যাজিসট্রেট এর সভাপতি। আমি বলছি এই সভায় যে সমস্ত বাচাল সদসারা অসত্য ভাষণ দেন তাঁদের আপনি সংযত করুন যেন তাঁরা এই রকম অসত্য কথা না বলতে পারেন।

মিঃ স্পীকার: ঠিক আছে।

Statement Under Rule 346

শ্রীজ্যোতি বসু: স্পীকার মহাশয়, আপনার অনুমতি নিয়ে মাননীয় সদস্যদের আমি একটা গুরুত্বপূর্ণ সংবাদ দিতে চাই। আমাদের ত্রাণমন্ত্রী বলবার আগে আমি সেই অনুমতি আপনার কাছ থেকে চাচ্ছি। আজকে খানিকক্ষণ আগে বৃটিশ ডেপুটি হাই কমিশনার আমার কাছে এসেছিলেন এবং একটা এড-মেমোয়ার আমার কাছে রেখে গেছেন। ট্রাম কোম্পানী সম্বন্ধে আমরা যে বিল আনছি তাতে কাল এটা আলোচনা হবার কথা বলে সে বিষয়ে এটা তিনি দিয়ে গেছেন। আমি এটা পড়ে শোনাচ্ছি।

> "Her Majesty's Government are seriously concerned at the proposals of the West Bengal Government for taking over the management and control of the Calcutta Tramways Company and at the circumstances in which they have arisen, particularly the refusal of the West Bengal Government to allow the company to raise fares to an economic level. The company regards the Ordinance promulgated by the West Bengal Government on the 11th of May, which has the effect of requiring the company to obtain the previous consent of the State Government when fixing or revising fares as in breach of the company's agreement with the Government. Her Majesty's Government's concern is the greater because the treatment of this British Company is likely to attract the attention of the British public opinion and may be regarded as affecting British investment in West Bengal generally. The company has at all times been prepared to negotiate an equitable agreement for the transfer of the company's responsibilities and assets to the West Bengal Government and this remains the position."

আমি আশ্চর্য হয়ে জানতে পারলাম ডেপ্যুটি কমিশনারের কাছ থেকে এই সব এবং যে অবস্থায় আমাদের সিদ্ধান্ত নিতে হয়েছে ট্রাম কোম্পানী সম্বন্ধে তা আমি সমস্ত তাঁকে বুঝিয়ে বললাম। তিনি বললেন আগে আমাকে এসব কিছু জানান হয় নি এবং এই খানিকক্ষণ আগে বা কিছুক্ষণ আগে আমার কাছে এই মেসেজ এসেছে। আপনাদের জানাবার জন্য এবং কোম্পানী থেকে আমাদের বুঝিয়ে যেটুকু বলবার বলেছে। আগে সব কিছু জানলে হয়ত আপনার সংগে আলোচনা করতে পারতাম। একথা তিনি বললেন। সেজন্য আমি অনেকক্ষণ ধরে যা যা ঘটনা হয়েছে এবং কোম্পানী কিভাবে আমাদের সংগে ব্যবহার করেছে এই সমস্ত ঘটনা আমি তাঁকে বুঝিয়ে বলেছি এবং এ বিষয়ে আমি একটা বিবৃতি দিয়েছি সেই একই কথা বলে যেগুলি বলে সময় নষ্ট করছি না। আমি তাঁকে বলেছি আমাদের হাউসের দুই পক্ষ এইসব আলোচনা করেছি এবং আমরা এক মত হয়ে এই সিদ্ধান্ত নেব এটা গ্রহণ করেছি। আপনি যতগুলি কথা আমাকে বললেন, অনেক কথা তিনি বললেন, তাতে আমি বললাম সেসব কথা অন্তত আমার জানা নেই এবং আপনি যা বলছেন সব ঠিকভাবে আপনাকে কোম্পানী জানায় নি বলে আমার ধারনা। কাজেই এটা এমনভাবে বলার কথা আছে যেটা এর মধ্যে আছে যে একেবারে সাধারণভাবে তারা এখানে বলে ফেলেছেন ব্রিটিশ ইনভেস্টমেন্ট এ্যাডভার্সলি এ্যাফেক্ট হতে পারে। এই রকম কোন ঘটনা হয়েছে বলে আমার মনে হয় না এবং বিশেষ করে বিলেতের গনতান্ত্রিক জনমত যখন সমস্ত ঘটনা জানতে পারবেন, আমার মনে হয় ওঁরা কোম্পানীর বিরোধীতা করবেন এবং আমরা যা করছি তার বিরোধীতা করবেন না।

[6-55—7-5 p.m.]

আজ তাঁকে আমি বলেছিলাম এই কা যে আপনি নিশ্চয়ই এটা বুঝতে পারছেন না যে আমরা নিরুপায় এবং কোম্পানী যা করেছেন তাতে আমাদের শ্রমিক বন্ধুরা যদি সচেতন না হতেন, যদি তাঁরা তাঁদের সেই সচেতনতার পরিচয় না দিতেন তাহলে ট্রাম চলত না। কারণ, না খেয়ে, আধপেটা খেয়ে তাঁরা ট্রাম চালাচ্ছেন। তাঁদের রেশন ডেতে তাঁরা বারে বারে আমায় এসে বলেছেন কোন ক্রমে কিছু টাকা দিতে পারেন কিনা বা গোটা কয়েক টাকা দিন, আমরা রেশনটা তুলে নিই। আমি অনেক উপায় খুঁজে দেখলাম, কিন্তু দিতে পারলাম না। তথাপিও ট্রাম চলছে। আপনাদের ট্রাম কোম্পানী যা করেছেন তাতে ট্রাম বন্ধ করে দিতে পারতেন, এই সমস্ত কথা বলেছি যেটা আপনারা সবাই জানেন। এই কথা বলতে গিয়েছিলাম, এটা আপনাদের জানিয়ে দিলাম। কারণ এই বিল নিয়ে কালকে আলোচনা হবে। বিলটা সাইক্লোস্টাইল করতে হয়ত দেরি হচ্ছে। কিছুক্ষণের মধ্যেই হয়ত এসে যাবে। সাইক্লোস্টাইল যা হয়েছে আমি আশা করি সেটা হয়ত এখুনি এসে পড়বে, আমাদের শ্রমমন্ত্রীর বক্তৃতার আগেই আপনাদের দিয়ে দিতে পারব যাতে কালকে আলোচনা করার সুবিধা হয়।

শ্রীশৈল কুমার মুখার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, উপমুখ্যমন্ত্রী যে ব্রিটিশ গভর্নমেন্টের এড-মেমোয়ার পড়লেন এবং তার সংগে বিবৃতির জবাব যা দিয়েছেন বললেন, এই দুটো বিলের সংগে যদি সারকুলেট করে দেন তাহলে কালকে এই গুরুত্বপূর্ণ বিল আলোচনায় সকলের সুবিধা হয় কোন পুনর্বিবেচনার স্কীম আছে কিনা নিশ্চয়ই চিন্তা করতে পারি। আপনারা জানেন জাতীয়তার দিক থেকে এই বিল খুব গুরুত্বপূর্ণ বিল এবং কলকাতার দৈনিক ১০ লক্ষ যাত্রীসাধারণের সুবিধার জন্য উপমুখ্যমন্ত্রীকে বিরোধীদল এ বিষয়ে মোস্ট কনস্ট্রাকটিভ সাজেসান অ্যান্ড ফাইফুল কো-অপারেসান দিয়েছেন। সুতরাং এই আলোচনায় ঐ কপি গুলো যাতে আমরা পাই তার ব্যবস্থা করে দেবেন।

শ্রীজ্যোতি বসু: আমি আলোচনার আগেই দিয়ে দেব।

শ্রীনিশিথ নাথ কুন্ডু: মাননীয় স্পীকার স্যার, আমাদের ত্রাণবিভাগের বাজেট নিয়ে অনেকক্ষণ পর্যন্ত ক্রমে ক্রমে কথাবার্তা এবং বক্তৃতা হয়ে গেল। আমরা সকলেই স্বীকার করব, যে সংকট বাংলাদেশের উপর এসেছে সেই সংকটকে আমাদের নিবারণ করতে হবে এবং আমরা উভয় পক্ষই মিলিতভাবে চেষ্টা করে সেই সংকট থেকে উত্তীর্ণ হব। কাজেই এখানে উত্তাপ সৃষ্টি

না করে ধীর স্থিরভাবে আমরা বিবেচনা করতে পারি কিনা সেটা বিচার করবার জন্য আপনাদের কাছে বিনীতভাবে আমি প্রাথর্ণা করছি। কিন্তু মুস্কিল হচ্ছে এই যে, আমরা কেউ কারো যুক্তি শুনব না, আমরা যে যা মনে করে এসেছি সেটাই বলব, এই কথা আমার মনে হয়েছে, হয়ত তা ভুলও হতে পারে। কাজেই যুক্তি তো দিতে হবে সেটা আপনারা মানবেন কি না মানবেন জানি না। নারায়ণ চৌধুরী মহাশয় বক্তৃতা প্রসঙ্গে উনি আপত্তিও করেছিলেন। উনি খাদ্য সম্বন্ধে কিছু বলেন নি। মনে করে এসেছিলেন, বলেছেন, তাতে আর কিই বা হল। (শ্রীনারায়ণ চন্দ্র চৌধুরী: আমি বক্তৃতা করি নিই) আমি ভুল বলেছি। গোপীকাবাবু বলেছিলেন। একটু ভুল হয়ে গেছে। একটি কথা বলি যে, এই দুর্ভিক্ষ ঘোষণার কথা এই হাউসে কয়েকবার হয়ে গেছে। সেটা যে ঘোষণা করবার স্কোপ নেই, সেটা ঘোষণা করবার প্রয়োজনীয়তা নেই, সংকট নিবারণের জন্য, তা বার বার আমি ম্যানুয়্যাল দেখিয়ে যুক্তি দেখিয়ে বলেছি। কিন্তু তবুও বিহার প্রসঙ্গ উল্লেখ করে যে কথা বলা হচ্ছে তাতে আমি খুব বিস্মিত হই, দুঃখিত হই। বিহারে যেমিন কোড এখন পর্যন্ত আছে। কাজেই দুর্ভিক্ষ ঘোষণা না করলে পরিপূর্ণভাবে ত্রাণের কাজ গভর্নমেন্ট সেখানে করতে পারবেন না। কিন্তু আমাদের এখানে যে রিলিফ ম্যানুয়েল আছে তাতে বলা হয়েছে যে ডিসট্রেস, দুঃখ-দুর্দশা যে মাত্র প্রকাশিত হবে দেখা যাবে তখন থেকে তাঁদের সমস্ত ব্যবস্থা অবলম্বন করতে হবে। সেখানে দুর্ভিক্ষ ঘোষণার কোন প্রয়োজন নেই এবং দুর্ভিক্ষ ঘোষণার কোন স্কোপ নেই। এই কথা আজকে আমি আমার প্রারম্ভিক ভাষণে বলেছি কেউ আপনারা শুনলেন না, তবুও দুর্ভিক্ষ ঘোষণা করতে হবে। তবুও আমি আপনাদের বলব যে যদি দুর্ভিক্ষ ঘোষণা করলে সংকট কেটে যায় তাহলে আমি দশবার দুর্ভিক্ষ ঘোষণা করতে রাজী আছি। কিন্তু আপনারা কি আমাকে বলবেন যে এই দুর্ভিক্ষ ঘোষণা করলেই সংকট কেটে যাবে? আপনারা বলুন যে দুর্ভিক্ষ ঘোষনা করি বা না করি কি ভাবে এই সংকট কাটিয়ে ওঠা যায় সেই কথা বলুন। আপনারা বলছেন যে কম হয়েছে, আমরা তো কয়েক মাসের মধ্যে যে ব্যয়-বরাদ্দ আছে তার অর্ধেকের বেশী খরচ করে ফেলেছি এবং আমরা বলেছি যে যতদিন এই সংকট না কাটিয়ে উঠতে পারি ততদিন আমরা এটা চালিয়ে যাবো। কাজেই বোঝা যাচ্ছে যে এই যে ব্যয়-বরাদ্দ আমরা করেছি এটাই শেষ নয় আরও বেশী দরকার হলে আপনাদের কাছে চাইতে আসবো। সেই প্রভিশন আমরা রেখেছি। আপনারাও বলেছেন যে বাজেট বরাদ্দ ছিল আপনাদের আমলে এবং প্রয়োজনবোধে সেটা বাড়িয়ে নিয়েছিলেন সুতরাং বাড়ানো যায়, এর জন্য এত কোন তর্ক বিতর্ক হচ্ছে, এত কেন বলাবলি হচ্ছে বুঝতে পারছি না। যাহোক এখন একটা কথা বলবো কেউ কেউ বলেছেন যে আমরা অগনতান্ত্রিকভাবে কাজ করেছি। অগনতান্ত্রিকভাবে যদি কাজ করে থাকি তার জন্য তো আপনারাই দায়ী। কারণ আপনারা যে প্রভিশন ম্যানুয়েল ফর ডিসট্রেস করেছেন এতে আমরা দেখতে পাচ্ছি যে সেই ব্যবস্থা আপনারা করে রেখেছেন, সেটা হচ্ছে যে ফুড এ্যান্ড রিলিফ কমিটি করা যাবে না, আপনাদের কাছে আমি ১০৬ দফাটি পড়ে শোনাচ্ছি। স্টেট ফুড অ্যাডভাইসারী কমিটি সাবডিভিশনাল ফুড অ্যান্ড রিলিফ কমিটি এইভাবে সব করে রেখেছেন, এতে বলা হচ্ছে যে সাবডিভিশনাল লেভেলে ফুড অ্যান্ড রিলিফ অ্যাডভাইসারী কমিটি করতে হবে। এই ম্যানুয়েলে আপনারাই করেছেন এবং এটা কোন অন্যায় কিছু নয়। কোন রকম এতে আইন লংঘন করা হচ্ছে না, নিয়ম লংঘন করা হচ্ছে না। আপনারা করে রেখেছিলেন এটা আমরা প্রয়োজনবোধে কাজে লাগিয়েছি। একটা কথা উঠেছে যেটা ১০৬।৭ দফায় বললাম ম্যানুয়েলের যে আপনারা যদি করেন সেটা হবে গনতান্ত্রিক আর আমরা করলেই হবে অগনতান্ত্রিক। সাত্তার সাহেব বলেছেন যে, এটা অগনতান্ত্রিক কিন্তু তিনি রিলিফ ম্যানুয়েল খুলে দেখলেন না, এটা তাঁর পক্ষে দেখা সম্ভব নয় কারণ তিনি ডাক্তারী করেন ইনকাম ট্যাকস দেন, কাজেই তিনি অত্যন্ত ব্যস্ত, তিনি পারবেন না। আর একটা কথা হচ্ছে যে এই অঞ্চল পরিষদের একমাত্র কাজ যেন এই রিলিফ বিতরণ করা, আমি তা মনে করি না। এটাই তাদের একমাত্র কাজ নয়, আরও অসংখ্য কাজ আছে, সেই কাজগুলোতে তো আমরা বাধা দিই নি। কাজেই পঞ্চায়েত রাজ বরবাদ হয়ে গেল এটা কি করে বলা যায়, আপনি আমাকে দেখান। আইনের ৪৬ দফা একজন বার করে বললেন—আপনারা দেখুন কোথায় স্ট্যাচুটারী রাইট দেওয়া আছে যে রিলিফের কাজ পঞ্চায়েত রাজ করবে? দেখিয়ে বলুন, তবে হ্যাঁ একটা

আছে, আপনারা ৪৬ ধারার কথা বলেছেন, আমি পড়েছি। ৪৬ ধারায় বলেছে ফাংশান অব দি অঞ্চল পঞ্চায়েত—আপনাররা দেখান স্ট্যাচুট-এ কোথায় এই রিলিফের কথা দেওয়া আছে, তবে আপনারা হয়তো বলবেন যে কি করে এই রিলিফের কাজটা করলো, সাব-রুল দুই'এ লেখা আছে

[7-5—7-15 p.m.]

Anchal Panchayat may also form such other committees that may be assigned to it by the State Government.

যে সার্কুলারের কথা এখানে একজন উল্লেখ করেছেন, সেই সার্কুলার দিয়েই তো আপনাদের কাছে দিয়েছিলাম। তাহলে কোথায় আইন বিরোধী হল? কোথায় নিয়ম বিরোধী হলো? কোথায় অগণতান্ত্রিকতা প্রকাশ পাচ্ছে—একটু বুঝিয়ে দিন। আমি আপনাদের প্রতিশ্রুতি দিচ্ছি আপনারা আইনের মাধ্যমে যদি আমাকে দেখিয়ে দেন আইন বিরোধী, তাহলে আমি নিশ্চয়ই এই ব্যবস্থা উইথড্র করে নেব। ঐ যে একটা কথা বলেছেন শ্রীমতী আভা মাইতি সেই দুর্নীতির সঙ্গে জড়িত আছেন, আমি শুধু বলতে পারি শ্রীমতী আভা মাইতি তার সঙ্গে সংশ্লিষ্ট আছেন কিনা—তার প্রমাণ আমার কাছে এখনো আসে নি।

তারপর সাড়ে চৌদ্দ কিউবিক ফুট মাটি না কেটে পুকুর ভরাট করা হয়েছে একজন বলেছেন। যে সাব-ওভারসিয়ার-এর তত্ত্বাবধানে এই কাজ হয়েছিল, সে তো আমার কাছে এসে কাঁদছিল। গেল তো তার চাকরীটা। তারা কেন বিভাইজড স্কীম না করে, ১৪ কিউবিক ফুট মাটি না কেটে এটা করলেন। আমি তো বেঁচে আছি। আমি নিজে গিয়ে দেখে এসেছি—অর্ধেক টাকা সেখানে চুরি করা হয়েছে। তবে আমি আপনাদের এই আশ্বাস দিতে পারি কোন এক তরফা কথায় আমি কান দেব না—যতক্ষণ না কোন প্রমাণ পাই। আমরা দুর্নীতি নিশ্চয়ই দমন করব। এটা শুধু মুখের কথা নয়, এটা প্রত্যেক সরকারেরই কর্তব্য। দুর্নীতি যদি চলতে থাকে, তাহলে আমাদের গরীব দেশে কোন কাজ হবে না।

আপনাদের কাছে একটা সংবাদ দিই, আমাদের পশ্চিম দিনাজপুরে টেস্ট রিলিফের কাজ হচ্ছে। আগে যে সমস্ত টাকা এই সব কাজে এ্যালট করা হতো, তার একটা টাকাও ফিরে আসতো না। অথচ এবার দেখছি সেখানে রাস্তায়ও মাটি পড়েছে আবার টাকাও ফিরে এসেছে। একজন কোশ্চেন করলেন যে সেই এ্যালটমেন্টএর টাকার কি হলো? আমরা সব হিসাবপত্র পাঠিয়ে দিতে বলেছি। মাস্টার রোল এখনো আসে নি, টাকা ও রিফান্ড হচ্ছে না। বড় কান্ডই যে হচ্ছে কি বলবো। তাঁরা এইসব কান্ড করে যাবেন, তবু তাঁদের দিয়ে আবার রিলিফ দেওয়ার ব্যবস্থা করবো—তাদের এই আশা আমি পূরণ করতে পারবো না। এই কথা আমি খুব জোরের সঙ্গে বলতে চাই।

এখন যে সব কথা তুলেছেন আপনারা, তার জবাব আস্তে আস্তে দেবার চেষ্টা করবো। আমাদের পশ্চিম দিনাজপুরের সভ্য মাননীয় যতীনবাবু বলেছেন যে সুস্থ মস্তিষ্কের এইসব কাজ করা যায় না। আমি বলবো এই সুস্থ মস্তিষ্ক যে করে নাই সেটা ডাক্তার দিয়ে পরীক্ষা করান দরকার। তিনি কিছুই খবর রাখেন না। আমি দেখেছি তিনি ভুল হিসেব দিয়েছেন। পশ্চিম দিনাজপুরে হাউস বিল্ডিং গ্রান্ট দেই দফায় দফায়। তিনি যে ভুল হিসেব দিয়েছেন তাতে সুস্থ মস্তিষ্কের যে কি রকম পরিচয় দিলেন তা বুঝতে পারি না। এই রকম অবাস্তব ভুল তথ্য পরিবেশন না করার জন্য শ্রীমতী আভা মাইতি যে আবেদন করেছেন, তাঁর সঙ্গে আমি যোগ দিচ্ছি। এইভাবে ভুল তথ্য পরিবেশন করলে অনেক অসুবিধা হয়।

জংগীপুর মহকুমার কথা শুনেছি, আমার একটু দুঃখ হচ্ছে। তথায় খাদ্য সঙ্কট দূর করবার জন্য তাদের সকলে খুব ব্যস্ততা দেখিয়েছেন, রিলিফ যেদিন বাজেট হবে, সেইদিন করবো। কেন, তার আগে তাঁরা কি করলেন? সত্যি যদি তাঁদের প্রাণ জনগণের দুঃখে কেঁদে উঠে থাকে, তাহলে তো তাঁরা তার জন্য যথেষ্ট চেষ্টা করতে পারতেন। রিলিফের জন্য তো আমার ঘরের

দরজা সব সময় খোলাই ছিল, কখনো তো বন্ধ করে রাখি নি। শ্রীমতী পূরবী মুখার্জী এখানে আছেন কিনা জানি না। তাঁদের আমি সাদর আহবান জানিয়ে আমার ঘরে নিয়ে গিয়েছি, তাঁদের কথা দরদ দিয়ে শুনেছি এবং তাঁদের সেই কথা আমি জেলা ম্যাজিস্ট্রেটকে জানিয়ে দিয়েছি। কংগ্রেসের কথা শুনেছি, তাদের সঙ্গে আমাদের কোন শত্রুতা নেই। সকলেই জানেন কংগ্রেসের অবদান স্বাধীনতার যুগে কতখানি। তাদের অবদান ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামে অনেক, সে কথা আমাদের সকলকে স্বীকার করতে হবে। ইংরাজ, বৃটিশ গভর্নমেন্টকে এদেশ থেকে তাড়াতে দুশো বছর লেগে গিয়েছে। কিন্তু কংগ্রেস কেন কুড়ি বছর দেশ শাসন করবার পর, লোকের মন থেকে সরে গেল, সে কথা কি আপনারা চিন্তা করে দেখবেন ? জনসাধারণের রায় দেখে, আপনারা কি সেইভাবে কাজ করবেন না ?

বিরোধী পক্ষের সদস্যগণ, রিলিফ সম্বন্ধে অনেকে অনেক কথা বলেছেন। একজন বললেন জঙ্গীপুর সম্বন্ধে, যে তাঁদের প্রতিনিধিরা সেখানে গিয়ে ত্রাণকার্যে সাহায্য করে এসেছেন। এবং কলিকাতার বিভিন্ন সংবাদপত্রে এটা বেরুলো যে, তাঁদের প্রতিনিধিরা সেখানে গিয়ে সেখানকার জনসাধারণের জন্য লড়াই করে এসেছেন। প্রচার কার্য্য চালানো এটাই কি আপনাদের উদ্দেশ্য, না, সংকট দূর বা নিবারণ করা আপনাদের উদ্দেশ্য ? কে আপনাদের বারন করেছিল যে ত্রাণমন্ত্রীর সঙ্গে দেখা করতে পাবেন না? এবং তাঁর সাহায্য নিয়ে সংকট দূর করবার জন্য চেষ্টা করবেন না ? এই ত পূরবী দেবী এখানে বসে আছেন, তিনি এই সভাতে আমার নাকি খুব প্রশংসা করেছেন। কিন্তু তিনি একথাও বলেছেন যে আপনাদের ত্রাণ ব্যবস্থায় আমরা খুব সন্তুষ্ট নই। কিন্তু আমি তাঁকে জানাতে চাই যে আমিও সন্তুষ্ট নই, আমাদেব মন্ত্রীরাও সন্তুষ্ট নন। কারণ আমি মনে করি যে রকম ত্রাণকার্য করা উচিত ছিল, তা করা যেতে পারে নি বা হয় নি। সে কথা কি আজকে আপনাদের বলা শোভা পায়। অনেকে বলেছেন যে টাকা দিচ্ছেন কেন? খাদ্য দিক! কোথায় খাদ্য পাবো! (ইন্টারাপশনস) আমি ত বলছি আমার জায়গায় একজনকে নির্বাচিত করে দিন, আমি চলে যাই। আমি, প্রফুল্লবাবু, সমস্ত বামপন্থী দল মন্ত্রীত্ব ছেড়ে চলে যেতে রাজী আছি, আপনারা এখানে এসে বসুন। আপনারা যদি এক ইঞ্চিও খাদ্য নীতি পরিবর্তন করে দেশের লোককে খাদ্য বেশী দিতে পারেন, তাহলে আমরা এক্ষুনিই চলে যেতে রাজী আছি, আপনারা এধারে চলে আসুন। কিন্তু এটা কি বাস্তব চিন্তা ধারা, যুক্তিযুক্ত যে দেশে যথেষ্ট খাদ্য আছে ? দেশে যেটুকু খাদ্য আছে, তা সমভাবে বন্টন করবার ব্যবস্থা আমরা করছি। আমরা খাদ্য আনবারও চেষ্টা করছি। আপনারা জানেন যে খাদ্য সংগ্রহের ব্যাপারে স্বাধীনভাবে কোন ক্ষমতা স্টেট গভর্নমেন্টের নেই, না বিদেশ থেকে, না অন্য প্রদেশ থেকে। তাঁরা অনুমতি দেবেন, তাঁরা ব্যবস্থা করবেন কেন্দ্র থেকে, তবে আমরা এক দানা খাদ্য আনতে পারবো। আমি আমার প্রারম্ভিক ভাষণে বলেছি যে ৪ঠা মে আমি মাননীয়া প্রধান মন্ত্রীকে এক পত্রে আবেদন জানিয়ে ছিলাম যে বাঁকুড়া এবং অন্যান্য দুর্গত অঞ্চলের জন্য আপনারা বিশেষভাবে চিন্তা করে, খাদ্য এবং অর্থের ব্যবস্থা করুন। কিন্তু তিনি তারও একটা জবাবও দেন নি। যখন কেন্দ্রের খাদ্যমন্ত্রী এখানে আসেন খাদ্য পরিস্থিতি দেখবার জন্য, তখন আমি নিজে ব্যক্তিগতভাবে তাঁকে অনুরোধ জানাই আরও বেশী পরিমাণে এখানে খাদ্য সববরাহ করার জন্য, তাতে তিনি পরিষ্কারভাবে জবাব দিলেন যে খাদ্য কোথা থেকে পাওয়া যাবে ! এটা কি হেল্দি, ফ্রেন্ডলি সমালোচনা? না, সমালোচনার জন্য সমালোচনা করা। বন্ধুত্বপূর্ণভাবে সংকট দূর করার জন্য এবং ত্রাণ কার্যের জন্য চেষ্টা করা তাঁদের কর্তব্য। আপনারা ধীর স্থিরভাবে বিচার করে বলুন এই ব্যবস্থায় এখানে ত্রাণের কাজ করা কি সম্ভব ? আমি জঙ্গীপুরের কথা শুনলাম, আমি সে সম্বন্ধে ব্যবস্থা করবার চেষ্টা করবো। মালদহ, দিনাজপুরও খুব নিকটে, আপনাদের অনেকের সাক্ষাত পরিচয় না থাকতে পারে, কিন্তু একবার সেখানে আমার পরিচয় নিন। তিনিত আজকে এখানে খুব জোরগলায় বক্তৃতা দিয়ে গেলেন এবং ভাবছেন সংবাদপত্রে এটা প্রকাশিত হবে যে আমাদেব প্রতিনিধি, তিনি আমাদেব জন্য খুব কাজ করছেন। এইভাবে কাজ করাটা আমার খুব ভাল লাগছে না। আমিত আইন দেখিয়ে বলছি যে আমাদের কিছু অন্যায় হয় নি, আমাদের কর্যকলাপ কখনও বেআইনী হয় নি। আমরা কি বলেছি যে কংগ্রেসের যাঁরা এম, এল, এ আছেন, তাঁরা কিছু দেখবেন না, তাঁরা সুপারভিসন করবেন না, কোথায় কি

ভাবে দুর্নীতি হচ্ছে বা না হচ্ছে? তাঁরাও এক দিনও কখনও এ সম্বন্ধে অনুসন্ধান করে দেখা প্রয়োজন বোধ করেন নি। তাঁরা সব অভিযোগ, সব কথা জমিয়ে রেখে, আজকে তারা এই সব কথা এখানে বলছেন। সুপারভিসন করবার অধিকার প্রত্যেকের আছে, সকল দলের আছে, এটা একটা ইনহারেন্ট রাইট।

[7-15—725 p.m.]

ইনহেরেন্ট যে রাইট সেটা তাঁরা করলেন কোথায় আমি ত জানি না। তারপরে রাজনীতির উর্ধে থাকবার কথা বলেছেন, আমি ত নিজে বলতে পারি, আমার মনে এই বিষয় কোন সংশয় নেই, আমি অত্যন্ত সন্তুষ্ট যে রাজনীতি আমি করছি না, করবো না, কিছুতেই করতে দেবো না। আমি চাই সংকট নিবারণ করতে এবং আমি বলতে চাই এই হাউসে কংগ্রেসী সদস্যরা নিশ্চয়ই আমাকে বলবেন আমি যখন বাঁকুড়া এবং পুরুলিয়ায় গিয়েছিলাম তখন আমি কংগ্রেস কিম্বা অন্য কোন সমিতির সংগে কোন রকম ডিসক্রিমেন্টারি ব্যবহার করেছিলাম কিনা। আমি কোন রকমভাবে কারুর সংগে কোন রকম ডিসক্রিমেন্টারি ব্যবহার করি নি বা করবোও না। তারপরে পশ্চিমবংগ পত্রিকার ব্যাপার নিয়ে আপনারা বড় বেশী এমফ্যাসিস দিয়েছেন যে এমফ্যাসিস বাস্তবিকপক্ষে দেওয়া ঠিক হয় নি। কি সংবাদ আছে পড়া যাক, অনেক তথ্য আমরা গোপন করেছি আপনারা বলেছেন কিন্তু প্রকৃত রূপ আপনারা কেউ ত বললেন না, কেবল অস্পষ্ট কতক গুলি অভিযোগ এবং এ্যালিগেশন করেছেন। একটা স্পেসিফিক এ্যালিগেশন আমি দেখলাম না যে কোন জায়গায় দেওয়া হয় নি কটা লোক পায়নি, কে অনুপযুক্ত পেলো আর কে উপযুক্ত পেলো একথাও কেউ বললেন না। যাই হোক এটা পড়া যাক, আমি ত দেখতে পাচ্ছি একটা অসমর্থিত সংবাদে বলা হয়েছে যে খেতে না পেয়ে ৩৬ জন লোকের মৃত্যু হয়েছে। এটা কি সংবাদ? এই সংবাদ পড়ে উনি এত যে লড়ছেন কেন আমিত বুঝতে পারছি না। অসমর্থিত সংবাদ--নূতন নূতন অনাহারে মৃত্যু, উদবন্ধনে মৃত্যু এই সব সংবাদ আজকে আপনারা এখানে পরিবেশন করেছেন। এই প্রসিডিংস দেখে সময় নষ্ট হয়ে যাবে, দেরী হয়ে যাবে তাই অনুগ্রহ করে আপনারা আমার কাছে শিলপ দেবেন আমি তদন্ত করবো। আমার কাছে রিপোর্ট আছে যেগুলি আগে হয়েছে তার, আমি বলতে পারি, এগুলি বলার আমার ইচ্ছা ছিল না কারণ এতে বিতর্কের সৃষ্টি হয়, কন্ট্রোভার্সি হয়, কিন্তু আমি বলতে বাধ্য হচ্ছি, আমাকে বলতে আপনারা বাধ্য করছেন, রিপোর্ট যখন পেলাম কাগজে তখন ডিস্ট্রিকট ম্যাজিস্ট্রেটকে পাঠালাম। কাউন্সিলে ত একজন কোশ্চেন করলেন আপনার অফিসাররা গিয়ে ত তদন্ত করেছেন, আমি অবাক হলাম কাকে দিয়ে তদন্ত করাব বলুন। আপনারা যখন তদন্ত করাতেন যখন এই সব ঘটনা ঘটতো তখন নিজেদের অফিসার ছাড়া আর কাকে দিয়ে তদন্ত করাতেন? আমি তাঁকে বলেছিলাম তবে হয়ত আপনাকেই পাঠাতে হয়। তাছাড়া আমি কি জবাব দেবো বলুন। আমি বলতে চাই যে দুটি লোকের মৃত্যু সম্বন্ধে তিনি সংবাদ দিয়েছিলেন, তাঁরা বেঁচে আছেন সশরীরে। আসুন আমি আপনাদের চ্যালেঞ্জ করছি। একজন বলেছেন আমার বয়স হয়েছে, আমি দুর্বল, টাকা আনতে পারি না কাজেই চ্যালেঞ্জ করবার ক্ষমতা ত আমার নাই। কাজেই আমি ধীরে সুস্থে বিনীতভাবে করজোড়ে নিবেদন করছি আপনারা একজন প্রতিনিধি ঠিক করে দিন আর মৃত্যুর রিপোর্ট দিয়ে খুব ফলাও করে যাঁরা বলছেন তাঁরা আসুন, আমার সেক্রেটারিকে যেখানে পাঠিয়ে দেবো সেখানে যান গিয়ে দেখে আসুন দুটি লোক সশরীরে বিদ্যমান আছে। সমস্ত কেস আমি অনুসন্ধান করতে পারি নি, চার পাঁচটি কেসের অনুসন্ধান এখনও বাকী আছে। যেগুলি করেছি তার ভিতরে আপনাদের আমলে কিছু মরেছে আমাদের আমলে নয়। তারা যেভাবেই মরুক আপনাদের সময়ে মরেছে। আর বাকী আমাদের সময়ে কিছু কিছু মরেছে, তার ভিতরে সন্ন্যাস রোগে মরেছে, টি বি রোগে মরেছে এবং যারা মরেছে তারা অধিকাংশই জি, আর, পাচ্ছিল। আপনারা বলবেন যে জি আর পেয়েও ত লোকে বাঁচে না, ঠিক কথা। আমি স্বীকার করি যে ৫·২০ পয়সা করে মাসে দিলে লোকে বাঁচে না কিন্তু অনাহারে মারা গেল একথাত বলা যাবে না। কিছু কিছু তাদের পেটে যাচ্ছিল এবং তার সংগে আরো কিছু যাচ্ছিল। আমরা রিপোর্ট পেয়েছি যে লোক মারা গিয়েছে তার বাড়ীতে খাবার জিনিস চাল গম পাওয়া গিয়েছে। তা পাবার পরে যদি আপনারা বলতে পারেন যে অনাহারে মারা গিয়েছে তাহলে আমি মুশকিলে

পড়ে যাবো, আপনাদের কি করে বোঝাবো। আমার কাছে রিপোর্ট আছে, আপনারা আসুন, এই রিপোর্ট দেখুন, এই রিপোর্ট নিয়ে আপনারা বাড়ী চলে যান, বাড়ী গিয়ে ভাল করে স্ক্রুটিনি করুন, স্ক্রুটিনি করার পর আপনারা আবার তদন্ত কমিটি করে দিন, তাঁরা গিয়ে দেখে আসুন আমাদের রিপোর্ট সত্য কি মিথ্যা। এই হল অনাহারে মৃত্যুর ইতিহাস যে ইতিহাস নিয়ে আপনারা এত তান্ডব করছেন যেটা আমি পছন্দ করি না। অনাহারে মৃত্যু আমরা কেউ চাই না, অনাহারে মৃত্যুর জন্য কি কেবল বাংলাই দায়ী, কেন্দ্রীয় সরকার কি দায়ী নয়? তাঁরা কি একথা বলেন নি যে ভারতবর্ষের একটি লোককেও অনাহারে মরতে দেবো না? তবে তাঁরা কেন চাল, খাদ্যের ব্যবস্থা করেন নি, একথা কি আপনারা বলতে পারবেন? ও'রা বলছেন সুয়েজ খাল বন্ধ হয়ে গিয়েছে। সুয়েজ খালত আজ বন্ধ হয়েছে। নভেম্বর মাসে যখন ফসল উঠে গেল তখন ত আপনারা সকলে জানতে পেরেছিলেন যে ফসল উঠেছে তাতে চলবে না তখন কেন সংগ্রাম করেন নি? কাজেই যদি দায়িত্ব কোন থেকে থাকে এবং সে দায়িত্ব যদি আমার থাকে তাহলে আমি অস্বীকার করছি না কিন্তু আপনারও ত কম দায়িত্ব নেই। দুর্ভিক্ষ কি আজই এসে গেল এই চার মাসের মধ্যে, আজকে কি কেউ বুকে হাত দিয়ে বলতে পারেন যে যদি চালের দাম এক টাকা হয়ে যায় তাহলে সকলেই চাল কিনতে পারবে? এই যে না কিনতে পারার অবস্থা, এই যে ক্রয় ক্ষমতা লোকের হ্রাস হয়েছে এটা কি এই চার মাসের মধ্যে হয়েছে? এর জন্য কি কংগ্রেস সরকারের যে অর্থনীতি ছিল সেটা দায়ী নয়, এর জন্য কি কংগ্রেস সরকারের যে খাদ্যনীতি ছিল তা দায়ী নয়? আপনারা স্থিরভাবে বলুন এর জন্য একমাত্র কি ডাঃ প্রফুল্ল ঘোষের খাদ্যনীতি দায়ী? এর জন্য তিনি দায়ী বললে সেটা জুলুম হয়, তার মধ্যে কোন যুক্তি থাকে না, সেটা গায়ের জোরের কথা হয়। সেকথা বললে কেউ মানবে না এই কথা আমি বলতে চাই। আর আপনাদের মনে হল অনেক দিন পরে যে এই সব করছেন এ অগণতান্ত্রিক। একদিনও ত বলেন নি আপনাদের আমলে যে এ্যাডভাইসরি কমিটিটা খারাপ, এই আইন তুলে দেওয়া হোক একথা ত একদিনও বলেন নি। যখন আমরা করলাম তখনি আপনারা বলবার সুযোগ পেলেন। আপনাদের কেউ কেউ বলেছেন এবং গর্ব অনুভব করেছেন যে আমরা রিলিফের টাকা বাড়িয়ে ছিলাম। কিন্তু কখন বাড়িয়েছেন, না নভেম্বর মাস থেকে ফেব্রুয়ারী মাসের মধ্যে আপনারা বাড়িয়েছেন। দুষ্ট লোকে যদি বলে এটাত ইলেকশনের সময় এই সময়ে আপনারা বাড়িয়েছেন তাহলে সত্যই কি সেটা জি, আর, টি, আর, না সেটা ইলেকশন কম্বল বিতরণ, না সেটা ইলেকশন বস্ত্র বিতরণ? একথা যদি দুষ্ট লোকে বলে তাহলে আমরা কি বলবো? আপনারা যখন বাড়ালেন সেই বাড়ানোর সময়টা হচ্ছে গত নির্বাচনের ঠিক প্রাক্‌কালে। একথার জবাব আপনারা কি দেবেন?

[7-25—7-35 p.m.]

আপনারা আমাকে কেউ কেউ বলেছেন ছদ্মবেশে গিয়ে দেখুন—ছদ্মবেশে গিয়ে যদি দেখতে হয় আর তাহলেই যদি সত্য চেহারা পাওয়া যায় তাহলে আমাকে রোজ ছদ্মবেশ ধারণ করে ঘুরে বেড়াতে হয়। এই রকম অবাস্তব সাজেশান, এ সাজেশানের কি দাম আপনারা সেটা ভেবে দেখুন।

শ্রীমতী সুধারাণী দত্ত মহাশয়া বলেছেন যে ভাতার স্কীম যাতে আরও বাড়ে তার ব্যবস্থা করুন। আমি এটা মনে রাখব এবং স্কীম বাড়ান যায় কি না তা দেখব।

তারপর আপনারা ভুলের কথা বলেছেন—আমি স্বীকার করছি ভুল করেছি, তারপর মহাত্মা গান্ধীর নাম উল্লেখ করেছেন—মহাত্মা গান্ধী তো আমাদের সকলের গুরু, তিনি জাতির জনক, তিনি আমাদের সকলের নেতা—তিনি তো অনেক ভুল করেছেন, ভুল করে তিনি বলেছেন আমি হিমালয়ান ব্লান্ডার করেছি, আমি তো জানি না এমন মানুষ পৃথিবীতে আছে কিনা যারা জীবনে একটাও ভুল করেন নি। কাজে কাজেই ভুল যে করে সে তো কাজ করে বলেই ভুল করে। যদি কাজ না করে তাহলে ভুল হয় না। আমরা কাজ করতে গিয়ে ভুল করে থাকলেও সে ভুল স্বীকার আমরা করেছি এবং তাতে মহত্ব আছে সে কথা তাদের স্বীকার করতে হবে।

তারপর একজন সভ্য বলেছেন পাঁচসিকা থাকলে দুর্নীতি হবেই, হবেই হবেই। পাঁচসিকাইতো ছিল, আপনাদের আমলে। সেই জন্যই তো দুর্নীতি হয়েছেই, হয়েছেই, হয়েছেই। কিন্তু আমরা বলতে চাই আমরা সেটা বাড়িয়ে দুই টাকা করেছি। এবং আমরা পাঁচ টাকা কুড়ি পয়সা থেকে সাত টাকা পঞ্চাশ পয়সা করেছি।

দুর্ভিক্ষ সম্বন্ধে কোন কোন বন্ধু আমাদের উপদেশ দিয়েছেন যে এঁরা কেন ভাবছেন না। আমি মনে করি না দুর্ভিক্ষ সম্বন্ধে ভাববার একচেটিয়া অধিকার একমাত্র কোন মেম্বারের আছে, আর কারও নেই, এবং আমরা চিন্তা করছি না, এই রকম মন্তব্য আমি স্বীকার করতে রাজী নই। কতকগুলি কাগজ এবং টেলিগ্রাম এখানে উপস্থিত করা হয়েছে। টেলিগ্রাম উপস্থিত করে আপনারা কি বলতে চান যে টেলিগ্রাম উপস্থিত করলেই সেই কথাটা অত্যন্ত সত্য। তার প্রমাণ এর আর কোন প্রয়োজন নাই। সুতরাং কোন টেলিগ্রাম উপস্থিত করে বা কোন সংবাদপত্রের কোটেশান পড়ে এটা প্রমাণ করা যায় না যে এটাই অকাট্য সত্য। সুতরাং এই সব টেলিগ্রাম বা কাগজ উপস্থিত করলে আমরা তার বিচার করতে পারি, আমরা তদন্ত করতে পারি মাত্র—কিন্তু সেটা যে সত্য সেটা আমি স্বীকার করতে রাজী নই।

তারপর এখানে আরেকজন মাননীয় সদস্য বলেছেন যে দুর্ভিক্ষ ঘোষণা করলে কোটি কোটি টাকা পাওয়া যেত—এটা একটা স্বপ্নরাজ্যের চিন্তা ছাড়া আমি আর কিছু বলতে পারি না। এইরকম কোন বিলি ব্যবস্থা কোন আইনে আছে বলে আমরা জানি না। অপর পক্ষে আপনারা শুনুন যে ৫ কোটি ৩৫ লক্ষ টাকার উপরে যদি আমরা ব্যয় করি সে টাকাই মাত্র পাব। কাজেই আমরা মনে করছি এবং এবার করার দরকার হবে যে ব্যয়বরাদ্দ আমরা করেছি, তার থেকে আরও বেশী লাগবে কারণ কয়েক মাসের মধ্যে সে টাকা ফুরিয়ে গেছে। আমরা যে ব্যয় করব স্থির করেছি তাতে ৫।৬ কোটি টাকা হয়ত আমরা পেলেও পেতে পারি কেন্দ্র থেকে। তবে তারা কি করবেন আমরা জানি না। এ বিষয়ে আমরা এলার্ট আছি। এই কথা বলে আপনাদের কাছে এই নিবেদন করব যে আপনারা সত্যিই যদি সংকট নিবারণ করতে চান তাহলে আসুন আমরা একত্রে বসি, আমরা বিচার করে দেখি যে কি করে এই সীমিত অর্থের মধ্যে ও এই সংকট থেকে পরিত্রাণ পেতে পারি তার বিচার করি, ভাবনা করি। আপনাদের যে কাট মোশান এসেছে আপনারা সেগুলি তুলে নিন, আর আমাদের যে ব্যয়বরাদ্দের দাবী সেটা গ্রহণ করুন এবং গ্রহণ করে দেশকে বাঁচান। যে কথা যে মনের ভাবের প্রতিফলন আজকে আপনাদের ভাষণের মাধ্যমে আমি জানতে পেরেছি সেটা স্বার্থক হউক এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker: I put to vote all the cut motions except Nos. 2 and 12 on which I understand division will be demanded.

All the cut motions except Nos. 2 and 12 were then put and lost.

The motion of Shri Byomkes Majumder that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Nityananda Bhuniya that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Satya Narayan Banerjee that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Dr. Gopika Ranjan Mitra that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Baidyanath Banerjee that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Sachindra Mohan Nandy that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Brindaban Chattopadhyay that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Dhirendra Narjinarai that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Syama Prasad Barman that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Maharaja Bose that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Panchanan Sinha Ray that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Joynarayan Sharma that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shrimati Nurunnesa Sattar that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Dr. Ranjit Ghosh Chowdhury that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Pramatha Nath Dhibar that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Puranjoy Pramanik that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Jatindra Mohan Roy that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Rajani Kanta Doloi that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Azizur Rahman that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri T. A. Nuran Nabi that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Shamsuddin Ahmed that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Sripati Sinha that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Gopika Ranjan Mitra that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Prasenjit Barman that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Md. Fazle Hoque that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Indrajit Roy that the demand of Rs. 3,63,46,000 for expenditure under Grant No. 38, Major Head: 64—Famine Relief be reduced to Re. 1, was then put and a division taken with the following result:—

AYES—91

Abdul Gaffar, Shri Quazi
Abdul Latif, Shri
Abdullah, Shri S. M.
Abdus Sattar, Shri
Abul Barkat Atawal Ghani Khan Chaudhury, Shri

Bagchi, Shri Amalendu Kumar
Banerjee, Shri Mrityunjoy
Barman, Shri Syama Prasad
Beri, Shri Dayaram
Bhattacharya, Shri Bijoy Krishna
Bhattacharyya, Shri Sreepada
Bhuniya, Shri Nityananda
Bishayee, Shri Paramananda
Bose, Shri Maharaja
Brahmachari, Shri Bholanath
Chalak, Shri Kali Kinkar
Chatterjee, Shri Arun
Chattopadhyay, Shri Brindabon
Chaudhuri, Shri Narayan Chandra
Chunder, Dr. Pratap Chandra
Das, Shri Ambika Charan
Das, Shri Makhan Lal
Das Gupta, Shri Khagendra Nath
Dhara, Shri Hansadhawaj
Dhibar, Shri Pramathanath
Dolai, Shri Rajani Kanta
Dutta, Shrimati Sudharani
Fazlur Rahaman, Shri S. M.
Ghosh, Shri Nitaipada
Ghosh Choudhury, Dr. Ranjit
Haldar, Shri Nalini Kanta
Halder, Shri Adhar Chandra
Jash, Shri Sristhidhar
Karam Hossain, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Kolay, Shri Jagannath
Kundu, Shri Rajnarayan
Lakra, Shri Denis
Mahato, Shri Ramkrishna
Maiti, Shrimati Abha
Maji, Shri Binode Behari
Majumdar, Shri Byomkes
Mandal, Shri Bhudeb Chandra
Md. Fazle Hoque, Shri
Misra, Shri Sourindra Mohan
Misra, Shri Trilokes
Mitra, Shrimati Biva
Mitra, Shri Dwijendranath
Mitra, Dr. Gopika Ranjan
Mitra, Shri Satyanarayan
Mohammed Israil, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shri Girindra
Mondal, Shri Sudhir Kumar
Mukhapadhyay, Shrimati Purabi
Mukherjee, Shri Brajabilash
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukhopadhyay, Shri Pasupati
Murmu, Shri Boila
Murmu, Shri Dashukaran
Nahar, Shri Bijoy Singh
Nandy, Shri Sachindra Mohan

Nuran Nabi, Shri T. A.
Paik, Shri Bimal
Paul, Shri Balai Bhusan
Paul, Shri Sushil Kumar
Poddar, Shri Rajendra Kumar
Pradhan, Shri Trailokyanath
Pramanik, Shri Puranjoy
Prasad, Shri Shiromani
Roy, Shri Gonesh Prosad
Roy, Dr. Indrajit
Roy, Shri Jatindra Mohan
Roy, Shri Krishnadas
Roy, Shri Santi Mohan
Roy, Shri Santosh Kumar
Roy, Shri Suvendu
Saha, Shri Kanai (Bankura)
Sasmal, Shri Bankim Chandra
Sattar, Shrimati Nurunnesa
Sen Ishore, Shri Sankar
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsuddin Ahmed, Shri
Sharma, Shri Joynarayan
Sinha, Shri Debendra Nath
Sinha Roy, Shri Panchanan
Tar, Shri Mati Ranjan
Topna, Shri Anotoni
Tudu, Shri Budhan Chandra

NOES—130

Abdul Bari, Shri Md.
Abdul Haque, Shri
Abdul Latif, Shri Md.
Abdul Quiyom Molla, Shri
Baksi, Shri Manoranjan
Bandopadhyay, Shri Amiya Bhusan
Banerjee, Shri Subodh
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Basu, Shri Mukul
Bazle Ahmad, Shri
Bera, Shri Sasabindu
Bhandari, Shri Netai
Bhattacharya, Shri Jyoti Bhusan
Bhattacharya, Shri Nani
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhowmik, Shri Kanai
Bose, Shri Brindaban Behari
Chakraborty, Shri Kshudiram
Chakraborty, Shri Sadhan Kuma-
Chatterpee, Shri Hara Prasad
Chatterjee, Shri Ram
Choubey, Shri Narayan
Choudhury, Shri Subodh
Dakua, Shri Dinesh Chandra
Dal, Shrimati Nanda Rani

Das, Shri Deben
Das, Shri Jagadish Chandra
Das, Shri Mahatab Chand
Das, Shri Nikhil
Das, Dr. Sailendra Nath
Das, Shri Sudhir Chandra
Das Ghose, Shri Biswanath
Das Gupta, Shri Bibhuti Bhusan
Das Mahapatra, Shri Kamakshyanandan
Dhara, Shri Sushil Kumar
Elias Razi, Shri Md.
Franklin, Shri L. H.
Gayen, Shri Prasanta Kumar
Ghose, Shri Kamakshya Charan
Ghosh, Shri Krishna Pada
Ghosh, Dr. Prafulla Chandra
Golam Mahiuddin, Shri
Golam Yazdani, Dr.
Guha, Shri Bikesh Chandra
Guha, Shri Kamal Kanti
Guha Neogi, Shri Anildhar
Gurung, Shri Nandalal
Haldar, Shri Hrishikesh
Halder, Shri Krishna Chandra
Hansda, Shri Jagatpati
Hazra, Shri Lalit
Hazra, Shri Monoranjan
Hicks, Shri Clifford
Jana, Shri Manindra Nath
Kar, Shri Dhananjoy
Karim Baksh, Dr. Mohammad
Konar, Shri Hare Krishna
Kundu, Shri Nishitha Nath
Lahiri, Shri Somnath
Mahato, Shri Amulya Ratan
Mahato, Shri Girish
Maity, Shri Baneswar
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Gobardhan
Majhi, Shri Kandru
Maji, Shri Panna Lal
Majumdar, Shri Amalesh Chandra
Majumdar, Shri Apurba Lal
Majumdar, Shri Dilip Kumar
Majumdar, Shri Harendra Nath
Majumder, Shri Jagannath
Mal, Shri Pagal Chandra
Malakar, Shri Ajoy
Mandal, Shri Kalipada
Mandal, Shri Rabin
Mandal, Shri Siddheswar
Mitra, Shri Haridas
Mitra, Shrimati Ila
Mondal, Shri Manindra Chandra
Mondal, Shri Tinkari
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Jayati Prasanna

Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Mukhopadhyay, Shri Ajoy Kumar
Mukhopadhyay, Shrimati Geeta
Murmu, Shri Nathaniel
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Sundar Kumar
Noney, Shri W. H.
Noronha, Shri Clifford
Nuhul Islam, Shri
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammed
Ojha, Shri Samarendra
Pahari, Shri Bibhuti
Pal, Shri Kanai
Panda, Shri Bhupal Chandra
Pramanick, Shri Gangadhar
Pramanik, Shri Radhikanath
Purkait, Shri Prabodh
Rai, Shri Deoprokash
Roy, Shri Amalendru Lal
Roy, Shri Haradhan
Roy, Shri Jagadananda
Roy, Dr. Narayan Chandra
Roy, Shri Phakir Chandra
Roy, Shri Provash Chandra
Roy Barman, Shri Khiti Bhusan
Roy Prodhan, Shri Amarendra Nath
Saha, Shri Kripasindhu
Salimuddin, Shri Md.
Samanta, Shri Gouranga
Sanyal, Shri Mani
Sanyal, Dr. Nalinaksha
Saren, Shri Bhabatosh
Sarkar, Shri Charu Mihir
Sarkar, Shri Nitaipada
Sarkar, Shri Sasthidas
Sen, Shri Jamini Ranjan
Sen, Shri Lakshmi Charan
Sen, Dr. Sadhan Kumar
Sen Gupta, Shri Niranjan
Sen Gupta, Shri Tarun Kumar
Shahedullah, Shri Syed
Shish Mahammad, Shri
Sinha, Dr. Radha Krishna
Tah, Shri Dasarathi

The Ayes being 91 and Noes 130, the motion was lost.

The motion of Shri Bankim Chandra Sasmal that the demand of Rs. 3,63,46,000 for expenditure under Grant No. 38, Major Head: 64—Famine Relief be reduced to Re. 1, was then put and a division taken with the following result:

AYES—91

Abdul Gaffar, Shri Quazi
Abdul Latif, Shri
Abdullah, Shri S. M.
Abdus Sattar, Shri

Abul Barkat Atawal Ghani Khan Chaudhury, Shri
Bagchi, Shri Amalendu Kumar
Banerjee, Shri Mrityunjoy
Barman, Shri Syama Prasad
Beri, Shri Dayaram
Bhattacharya, Shri Bijoy Krishna
Bhattacharyya, Shri Sreepada
Bhuniya, Shri Nityananda
Bishayee, Shri Paramananda
Bose, Shri Maharaja
Brahmachari, Shri Bholanath
Chalak, Shri Kali Kinkar
Chatterjee, Shri Arun
Chattopadhyay, Shri Brindabon
Chaudhuri, Shri Narayan Chandra
Chunder, Dr. Pratap Chandra
Das, Shri Ambika Charan
Das, Shri Makhan Lal
Das Gupta, Shri Khagendra Nath
Dhara, Shri Hansadhawaj
Dhibar, Shri Pramathanath
Dolai, Shri Rajani Kanta
Dutta, Shrimati Sudharani
Fazlur Rahaman, Shri S. M.
Ghosh, Shri Nitaipada
Ghosh Choudhury, Dr. Ranjit
Haldar, Shri Nalini Kanta
Halder, Shri Adhar Chandra
Jash, Shri Sristhidhar
Karam Hossain, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Kolay, Shri Jagannath
Kundu, Shri Rajnarayan
Lakra, Shri Denis
Mahato, Shri Ramkrishna
Maiti, Shrimati Abha
Maji, Shri Binode Behari
Majumdar, Shri Byomkes
Mandal, Shri Bhudeb Chandra
Md. Fazle Hoque, Shri
Misra, Shri Sourindra Mohan
Misra, Shri Trilokes
Mitra, Shrimati Biva
Mitra, Shri Dwijendranath
Mitra, Dr. Gopika Ranjan
Mitra, Shri Satyanarayan
Mohammed Israil, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shri Girindra
Mondal, Shri Sudhir Kumar
Mukhapadhyay, Shrimati Purabi
Mukherjee, Shri Brajabilash
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukhopadhyay, Shri Pasupati
Murmu, Shri Boila
Murmu, Shri Dashukaran
Nahar, Shri Bijoy Singh

Nandy, Shri Sachindra Mohan
Nuran Nabi, Shri T. A.
Paik, Shri Bimal
Paul, Shri Balai Bhusan
Paul, Shri Sushil Kumar
Poddar, Shri Rajendra Kumar
Pradhan, Shri Trailokyanath
Pramanik, Shri Puranjoy
Prasad, Shri Shiromani
Roy, Shri Gonesh Prosad
Roy, Dr. Indrajit
Roy, Shri Jatindra Mohan
Roy, Shri Krishnadas
Roy, Shri Santi Mohan
Roy, Shri Santosh Kumar
Roy, Shri Suvendu
Saha, Shri Kanai (Bankura)
Sasmal, Shri Bankim Chandra
Sattar, Shrimati Nurunnesa
Sen Ishore, Shri Sankar
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsuddin Ahmed, Shri
Sharma, Shri Joynayan
Sinha, Shri Debendra Nath
Sinha Roy, Shri Panchanan
Tar, Shri Mati Ranjan
Topna, Shri Anotoni
Tudu, Shri Budhan Chandra

NOES—130

Abdul Bari, Shri Md.
Abdul Haque, Shri
Abdul Latif, Shri Md.
Abdul Quiyom Molla, Shri
Baksi, Shri Manoranjan
Bandopadhyay, Shri Amiya Bhusan
Banerjee, Shri Subodh
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Basu, Shri Mukul
Bazle Ahmad, Shri
Bera, Shri Sasabindu
Bhandari, Shri Netai
Bhattacharya, Shri Jyoti Bhusan
Bhattacharya, Shri Nani
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhowmik, Shri Kanai
Bose, Shri Brindaban Behari
Chakraborty, Shri Kshudiram
Chakraborty, Shri Sadhan Kumar
Chatterpee, Shri Hara Prasad
Chatterjee, Shri Ram
Choubey, Shri Narayan
Choudhury, Shri Subodh
Dakua, Shri Dinesh Chandra

Dal, Shrimati Nanda Rani
Das, Shri Deben
Das, Shri Jagadish Chandra
Das, Shri Mahatab Chand
Das, Shri Nikhil
Das, Dr. Sailendra Nath
Das, Shri Sudhir Chandra
Das Ghose, Shri Biswanath
Das Gupta, Shri Bibhuti Bhusan
Das Mahapatra, Shri Kamakshyanandan
Dhara, Shri Sushil Kumar
Elias Razi, Shri Md.
Franklin, Shri L. H.
Gayen, Shri Prasanta Kumar
Ghose, Shri Kamakshya Charan
Ghosh, Shri Krishna Pada
Ghosh, Dr. Prafulla Chandra
Golam Mahiuddin, Shri
Golam Yazdani, Dr.
Guha, Shri Bikesh Chandra
Guha, Shri Kamal Kanti
Guha Neogi, Shri Anildhar
Gurung, Shri Nandalal
Haldar, Shri Hrishikesh
Halder, Shri Krishna Chandra
Hansda, Shri Jagatpati
Hazra, Shri Lalit
Hazra, Shri Monoranjan
Hicks, Shri Clifford
Jana, Shri Manindra Nath
Kar, Shri Dhananjoy
Karim Baksh, Dr. Mohammad
Konar, Shri Hare Krishna
Kundu, Shri Nishitha Nath
Lahiri, Shri Somnath
Mahato, Shri Amulya Ratan
Mahato, Shri Girish
Maity, Shri Baneswar
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Gobardhan
Majhi, Shri Kandru
Maji, Shri Panna Lal
Majumdar, Shri Amalesh Chandra
Majumdar, Shri Apurba Lal
Majumdar, Shri Dilip Kumar
Majumdar, Shri Harendra Nath
Majumder, Shri Jagannath
Mal, Shri Pagal Chandra
Malakar, Shri Ajoy
Maldal, Shri Kalipada
Mandal, Shri Rabin
Mandal, Shri Siddheswar
Mitra, Shri Haridas
Mitra, Shrimati Ila
Mondal, Shri Manindra Chandra
Mondal, Shri Tinkari
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Bhabani

Mukherjee, Shri Jayati Prasanna
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Mukhopadhyay, Shri Ajoy Kumar
Mukhopadhyay, Shrimati Geeta
Murmu, Shri Nathaniel
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Sundar Kumar
Noney, Shri W. H.
Noronha, Shri Clifford
Nuhul Islam, Shri
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammed
Ojha, Shri Samarendra
Pahari, Shri Bibhuti
Pal, Shri Kanai
Panda, Shri Bhupal Chandra
Pramanick, Shri Gangadhar
Pramanik, Shri Radhikanath
Purkait, Shri Prabodh
Rai, Shri Deoprokash
Roy, Shri Amalendru Lal
Roy, Shri Haradhan
Roy, Shri Jagadananda
Roy, Dr. Narayan Chandra
Roy, Shri Phakir Chandra
Roy, Shri Provash Chandra
Roy Barman, Shri Khiti Bhusan
Roy Prodhan, Shri Amarendra Nath
Saha, Shri Kripasindhu
Salimuddin, Shri Md.
Samanta, Shri Gouranga
Sanyal, Shri Mani
Sanyal, Dr. Nalinaksha
Saren, Shri Bhabatosh
Sarkar, Shri Charu Mihir
Sarkar, Shri Nitaipada
Sarkar, Shri Sasthidas
Sen, Shri Jamini Ranjan
Sen, Shri Lakshmi Charan
Sen, Dr. Sadhan Kumar
Sen Gupta, Shri Niranjan
Sen Gupta, Shri Tarun Kumar
Shahedullah, Shri Syed
Shish Mahammad, Shri
Sinha, Dr. Radha Krishna
Tah, Shri Dasarathi

The Ayes being 91 and Noes 130, the motion was lost.

The motion of Shri Nishitha Nath Kundu that a sum of Rs. 3,63,46,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 38, Major Head: 64—Famine Relief was then put and agreed to.

Mr. Speaker: I may inform the honourable members that tomorrow the questions will be taken up at 12 noon for half an hour.

Adjournment

The House was then adjourned at 7-35 p.m. till 12 noon on Friday, the 14th July, 1967, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Building, Calcutta, on Friday, the 14th July, 1967, at 12 noon.

Present:

Mr. Speaker (Shri Bejoy Kumar Banerjee) in the Chair, 17 Ministers and 230 Members.

শ্রীমহম্মদ ইসরাইল: আমি একটা কথা হাউস আরম্ভ হবার আগে বলতে চাই, আমরা যারা মুসলিম মেম্বার আছি তাদের নামাজ পড়ার অসুবিধাটা—এই ১২টার সময় যদি হাউস ডাকেন। আমাদের আপনি হয়ত বলবেন গবর্ণমেণ্ট হুইপ এবং অপজিসান হুইপ-এর সঙ্গে কথা-বার্তা বলে ডাকা হয়েছে। আমি আপনার কাছে অনুরোধ করবো উল্লিখিত ১২টায় শুক্রবার হাউস বসবার আগে আমাদের সঙ্গে আলোচনা করেন।

মিঃ স্পীকার: নিশ্চয়ই।

STARRED QUESTIONS
(to which oral answers were given)

[12—12-10 p.m.]

Levy on honey in Sundarban areas

***164.** (Admitted question No. *328.)

শ্রীগিরীন্দ্রনাথ মণ্ডল: বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ২৪-পরগণার সুন্দরবনে গরীব মধু মাঝিরা যে মধু আহরণ করে তাহার শতকরা কত পরিমাণ মধু কি দামে সরকার মাঝিদের নিকট হইতে লেভী আদায় করিয়া থাকেন?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: সচরাচর আহরিত মধুর শতকরা পঞ্চাশ ভাগ মধু আহরণকারীদের নিকট থেকে কিনে নেওয়া হয়। চলতি বৎসরে এই আহরিত মধু কুইণ্টাল প্রতি ১৭৫ টাকা দরে কেনা হয়েছে।

শ্রীনারায়ণচন্দ্র চৌধুরী: মধুর পরিমাণ কত?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: ১৯৬৬-৬৭ সালে নিয়েছি ৯১২ মণ এবং তার আগের তিন-চার সালের সংখ্যাও আমার কাছে আছে।

শ্রীনারায়ণচন্দ্র চৌধুরী: কত করে মণ কিনেছেন?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: ৪২ টাকা মণে কিনেছি।

শ্রীমহম্মদ ইজরাইল: গভর্নমেণ্ট থেকে যে মধু শিশি করে বিক্রি করা হয়, তার দাম অনেক বেশি, এটা কি মন্ত্রিমহাশয় জানেন?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: আমাদের ১ কে, জি, কেনার দাম আছে। ওদের কাছে ১.৭৫ পয়সা ওভার-হেড চার্জ পড়ে ১·৮৪। দুটো মিলিয়ে পড়ে ৩·৫৯। কমিশনে যারা বিক্রি করে তাদের হল ১·১০। তাদের সব মিলিয়ে দিতে হয় ৪·৬৯। এই তিনটে মিলিয়ে বিক্রি করে ৫·৫০ পয়সায়। লাভ থাকে ·৮১।

শ্রীনারায়ণচন্দ্র চৌধুরী: এতে কত টাকা ইনকাম হয়?

শ্রী[illegible] মুখোপাধ্যায়: মোট আয় বলতে পারব না।

Administrative buildings of the Community Development Blocks

***165.** (Admitted question No. *363.)

শ্রীআজিজুর রহমান: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের সমষ্টি উন্নয়ন ব্লকের সবগুলির আবাস গৃহ (এ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিং) রয়েছে কি;

(খ) যে সমস্ত সমষ্টি উন্নয়ন ব্লকের আবাস গৃহ নির্মাণ হয় নাই সেইগুলির আবাস গৃহ নির্মাণে সরকারের কোন প্রকল্প আছে কি না; এবং

(গ) যে সমস্ত সমষ্টি উন্নয়ন ব্লক ভাড়া গৃহে আছে তাহার জন্য পশ্চিমবঙ্গ সরকারের বৎসরের কত টাকা ভাড়া দিতে হয়?

Shri Sushil Kumar Dhara:

(ক) না।

(খ) হ্যাঁ।

(গ) প্রতি জেলা কর্তৃপক্ষকে সঠিক ভাড়ার অঙ্ক জানাবার জন্য পূর্বেই অনুরোধ করা হয়েছে। কেবলমাত্র ৭টি জিলা হইতে উত্তর পাওয়া গিয়াছে। ঐ ৭টি জিলার মধ্যে যে সব ব্লক অফিসের জন্য এই বিভাগ হইতে বাড়ী ভাড়া দিতে হয় তার বাৎসরিক খরচ ৯৩,৮৫২ টাকা।

শ্রীমহম্মদ ইসরাইল: মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে সমস্ত ব্লক আফিস করবার জন্য সর্বসাধারণের কাছ থেকে জমি নেওয়া হয়েছে সে সমস্ত জায়গায় কি তাড়াতাড়ি করবার জন্য সরকার স্পেশাল ব্যবস্থা গ্রহণ করবেন?

শ্রীসুশীলকুমার ধাড়া: যে সমস্ত জায়গা নেওয়া হয়েছে তার মধ্যে কয়েকটা জায়গায় কাজ এ বৎসর আরম্ভ হবার জন্য প্রস্তুত হচ্ছে।

শ্রীনিতাইপদ সরকার: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন তিনি যে বললেন না, তা হলে কি গৃহনির্মাণ এখনও হয় নি?

শ্রীসুশীলকুমার ধাড়া: সবগুলি হয়েছে কিনা বলতে পাচ্ছি না।

শ্রীনিতাইপদ সরকার: আপনি বললেন কতকগুলি জায়গায় কাজ আরম্ভ হচ্ছে, আপনি কি বলতে পারবেন কতটা জায়গায় হয়েছে কতটায় হয় নি?

শ্রীসুশীলকুমার ধাড়া: ৩৬৫টা ব্লকের মধ্যে ১০৯টার বাড়ী কমপ্লিট হয়েছে, ২৭টার কনস্ট্রাকসান ইন প্রোগ্রেস এবং আমি যেটা মনে করি শীঘ্র হবে। বাকি হয় নি ১১৯টার।

শ্রীনিতাইপদ সরকার: একটা বাড়ী করতে কত টাকা লাগে?

শ্রীসুশীলকুমার ধাড়া: ১ লক্ষ ৩০ হাজার টাকার মত।

Workers employed in Government cinchona plantations

***166.** (Admitted question No. *396.) **Shri Arun Kumar Moitra:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) the number of workers employed in Government cinchona plantations in Darjeeling district;

(b) the number of casual labour employed in the plantations;

(c) the pay and wage structure of the workers of the cinchona plantations;

(d) the mode of supplying food rations to the workers and the quantity of grains supplied to each worker;

(e) the existing medical facilities for the workers; and

(f) the scheme to revise the pay scales and service conditions of the workers, if any?

শ্রীসুশীলকুমার ধাড়াঃ

(ক) মাসিক বেতনভুক্ত ও দিনমজুরের মোট সংখ্যা ৩,২৮৬ জন।

(খ) ৬৬৪ জন।

(গ) কন্টিনজেন্সি মিনিয়ালসদের যাহারা মাসিক হারে বেতন পায়, বেতনক্রম নিম্নরূপ—

(১) টাকা ৬০—½—৬৫—১—৭৫।

(২) টাকা ৮০—১—৮৫—২—১০৫।

(৩) টাকা ১০০—১—১০৬—৪—১৪০।

দৈনিক হারে নিযুক্ত শ্রমিকদের মূল মজুরীর হার নিম্নরূপ—

পুরুষ দৈনিক ২ টাকা

স্ত্রীলোক দৈনিক ১ টাকা ৫০ পয়সা

ছোকরা দৈনিক ১ টাকা ১৫ পয়সা

উক্ত হারে পারিশ্রমিক ছাড়াও মাগ্গীভাতা, চিকিৎসা ভাতা, শীতকালীন পোষাকের জন্য টাকা বেতনভুক কর্মচারীরা পাইয়া থাকেন। দিনমজুরেরা কেবল মাগ্গীভাতার দৈনিক অংশ পাইয়া থাকেন।

(ঘ) প্রতিটি সিনকোণা বাগিচায় বিভাগীয় শস্যবিপণী (ডিপার্টমেন্টাল গ্রেন সপ্) হইতে না-লাভ-না-লোকসান ভিত্তিতে শ্রমিকদের প্রতি সপ্তাহে খাদ্য রেশন সরবরাহ করা হয়। বর্তমানে প্রত্যেক শ্রমিককে প্রতি সপ্তাহে নিম্নোক্ত পরিমাণে খাদ্যশস্য সরবরাহ করা হইতেছে—

	চাউল	গম	মোট
নিজের জন্য	২ কিঃ ৫০ গ্রাম	১ কিঃ ২০০ গ্রাম	৩ কেঃ ২৫০ গ্রাম
পোষ্যদের জন্য—(অনধিক ৪ জনের জন্য দেয়)			
প্রাপ্তবয়স্ক	১ কিঃ ২৫০ গ্রাম	১ কিঃ	২ কিঃ ২৫০ গ্রাম
অপ্রাপ্তবয়স্ক	৬২৫ গ্রাম	৫০০ গ্রাম	১ কিঃ ১২৫ গ্রাম

(ঙ) প্রতিটি সিনকোণা বাগিচায় একটি করিয়া বিভাগীয় ডাক্তারখানা আছে। মাংপু ও সানসং বাগিচায় একটি করিয়া বিভাগীয় হাসপাতাল আছে। সেখানে প্রতিটি শ্রমিককে এবং তাহার পরিবারের সকলকে বিনামূল্যে চিকিৎসা করা হয়। কঠিন রোগ হইলে রোগীদের দার্জিলিং অথবা শিলিগুড়ি সরকারী হাসপাতালে সরকারী ব্যয়ে চিকিৎসার জন্য পাঠানো হয়।

(চ) সিনকোণা বাগিচায় শ্রমিক নিয়োগ সম্পর্কিত অবস্থার অনুসন্ধান করিয়া শ্রমিকদের মজুরীর নিম্নতম হারের পরিবর্তন বিষয়ে সরকারের নিকট সুপারিশ করার জন্য ১৯৪৮ সালের মিনিমাম্ ওয়েজেস্ অ্যাক্ট অনুসারে একটি কমিটি শ্রমদপ্তর কর্তৃক গঠিত হইয়াছে।

[12-10—12-20 p.m.]

শ্রীশচীন্দ্রকুমার মুখার্জীঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, এই সিনকোণা প্ল্যানটেসানে যারা কাজ করে তাদের আপনারা কৃষি মজুরের মধ্যে ধরেন কি?

শ্রীসুশীলকুমার ধাড়াঃ কৃষি মজুর হিসাবে ধরা হয় না।

শ্রীঅরুণকুমার মৈত্র: যারা দিনমজুর তাদের স্থায়ীভাবে নিয়োগ করবার জন্য কোন সিদ্ধান্ত করেছেন কি?

শ্রীসুশীলকুমার ধাড়া: এই রকম কোন সিদ্ধান্ত নেই।

শ্রীঅরুণকুমার মৈত্র: যারা দিনমজুর তারা কি চিপ গ্রেন ষ্টোরের সুযোগ পায়?

শ্রীসুশীলকুমার ধাড়া: এ সম্বন্ধে আমি তো আগেই বললাম। এটা আবার পড়ে দিলে আপনারা ভাল করে বুঝতে পারবেন। প্রতিটি সিনকোণা বাগিচায় বিভাগীয় শস্য বিপণী (ডিপার্টমেন্ট গ্রান্ট) হইতে না লাভ না লোকসান ভিত্তিতে শ্রমিকদের প্রতি সপ্তাহে খাদ্যশস্যের রেশন সরবরাহ করা হয়। বর্তমানে প্রত্যেক শ্রমিককে নিজের জন্য প্রতি সপ্তাহে ২ কিলো ৫০ গ্রাম চাউল, ১ কিলো ২০০ গ্রাম গম, অর্থাৎ মোট ৩ কিলো ২৫০ গ্রাম দেওয়া হয়। পোষ্যদের জন্য (অনধিক ৪ জনের জন্য দেয়) প্রাপ্তবয়স্ক—১ কিলো ২৫০ গ্রাম চাউল এবং ১ কিলো গম, অর্থাৎ মোট ২ কিলো ২৫০ গ্রাম দেওয়া হয়। আর অপ্রাপ্তবয়স্কদের ৬২৫ গ্রাম চাউল এবং ৫০০ গ্রাম গম, অর্থাৎ ১ কিলো ১২৫ গ্রাম হিসাবে দেওয়া হচ্ছে।

শ্রীঅরুণকুমার মৈত্র: ক্যাজুয়াল লেবাররা পায় না এটা কি আপনি জানেন?

শ্রীসুশীলকুমার ধাড়া: আমি এখন এটা সম্বন্ধে বলতে পারছি না, পরে বলব।

শ্রীপীযূষকান্তি মুখার্জী: সিনকোণা প্ল্যানটেসানে যারা ক্যাজুয়্যাল লেবার হিসাবে কাজ করে তাদের আপনি কি ধরনের মজুর বলে মনে করেন?

শ্রীসুশীলকুমার ধাড়া: আপনারা জানেন যে প্ল্যানটেসান লেবার রুলস একটা আছে, সেই অনুসারে তাদের ট্রিট করা হয়।

শ্রীঅরুণকুমার মৈত্র: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন তাদের বেতন হার বিবেচনা করবার জন্য যে কমিটি নিযুক্ত হয়েছে, সেই কমিটি কবে নিযুক্ত হয়েছে?

শ্রীসুশীলকুমার ধাড়া: এটা আগেও ছিল, এই এপ্রিল মাসে ওটা রিকনস্টিটিউটেড হয়েছে।

শ্রীপীযূষকান্তি মুখার্জী: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন পশ্চিমবঙ্গের কৃষি মজুরদের ন্যূনতম মজুরী কত ধরা আছে?

শ্রীসুশীলকুমার ধাড়া: এ প্রশ্ন এখানে আসে না।

ডাঃ রাধাকৃষ্ণ সিংহ: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই সিনকোণা প্ল্যানটেসানে গভর্নমেণ্টের কত করে বাৎসরিক লাভ হয়, না লোকসান হয়?

শ্রীসুশীলকুমার ধাড়া: এ সম্বন্ধে প্রশ্ন করলে আমি পরে উত্তর দেব।

শ্রীমতী শাকিলা খাতুন:
Will the Hon'ble Minister be pleased to state whether plantation workers receive free medicine or not?

শ্রীসুশীলকুমার ধাড়া: ইয়েস।

Reservation of posts for scheduled castes and scheduled tribes candidate appearing at the W.B.C.S. Examination

***167.** (Admitted question No. *525.) **Shri Prasenjit Barman:** Will the Minister-in-charge of the Tribal Welfare Department be pleased to state—

(a) if it is a fact that Government has decided to reserve some posts for scheduled castes and scheduled tribes candidates appearing at the W.B.C.S. (Executive) Examination—A and B Groups and W.B.C.S. (Judicial) Examination taken by the Public Service Commission, West Bengal; and

(b) if so, what would be the percentage of reservations in each of the services?

Shri Deo Prakash Rai: (a) No.

(b) Does not arise.

Sale of wood from the Government Forests of Darjeeling and Jalpaiguri districts

***168.** (Admitted question No. *456.)

শ্রীঅরুণকুমার মৈত্র: বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৬-৬৭ সালে এবং ১৯৬৭-৬৮ সালে বর্তমান সময় পর্যন্ত দার্জিলিং ও জলপাইগুড়ি জেলায় কতগুলি লট-এ কি পরিমাণ কাষ্ঠ সরকারী বন হইতে সরাসরি কাষ্ঠ ব্যবসায়ীদের নিকট নীলাম বিক্রয় করা হয় এবং বিক্রয়লব্ধ অর্থের পরিমাণ কত;

(খ) ১৯৬৬-৬৭ সালে কি পরিমাণ কাষ্ঠ শিলিগুড়ি সরকারী করাত কলে দেওয়া হইয়াছে এবং আনুমানিক কি পরিমাণ (এস্টিমেটেড কোয়ানটিটি) বর্তমান আর্থিক বৎসরে দেওয়া হইবে; এবং

(গ) সরকারী করাত কলের নিকট কি মূল্যে প্রতি কিউবিক ফুট কাষ্ঠ বিক্রয় করা হয়?

Shri Ajoy Kumar Mukhopadhyay:

(ক) প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে বর্ণিত হইল :—

আর্থিক বৎসর	লট সংখ্যা	কাঠের পরিমাণ ঘন মিটারে	বিক্রয় লব্ধ অর্থের পরিমাণ টাকা পয়সা
১৯৬৬-৬৭	২,২৬৪	৮২,০১৪·৭৭	৭৭,৬৪,৮৬১·০০
১৯৬৭-৬৮ (বর্তমান সময় পর্যন্ত)	১,৫৯০	৭৩,৪৬৩·৬০	৮৩,৩৮,০৯৬·০০

(খ) ১৯৬৬-৬৭ সালে শিলিগুড়ি সরকারী করাতকলে কাষ্ঠ সরবরাহের পরিমাণ ১,৩৭৪·৪০ ঘন মিটার। ১৯৬৭-৬৫ সালে উক্ত করাতকলে কাঠ সরবরাহের আনুমানিক পরিমাণ ১১,৪০৫ ৮৫ ঘন মিটার।

(গ) গড়পড়তা প্রতি কিউবিক ফুট কাষ্ঠের বিক্রয় মূল্য নিম্নে বর্ণিত হইল ঃ—

শাল	...	৩ টাকা ৭৫ পয়সা
চাঁপ	...	৫ টাকা ০.০ পয়সা
গামার, শিশু, সউর, পানিসাজ	...	২ টাকা ৩০ পয়সা হইতে ৩ টাকা পর্যন্ত।
অন্যান্য কাষ্ঠ (লাভার কুপ ছাড়া)		৩৫ পয়সা হইতে ২ টাকা ২৫ পয়সা
অন্যান্য কাষ্ঠ (লাভা হইতে)		২৫ পয়সা হইতে ১ টাকা ৬২ পয়সা

শ্রীঅরুণকুমার মৈত্র ঃ প্রতি বছর নিলামের রেট যে কমে যাচ্ছে এর ফলে উত্তরবাংলায় কাষ্ঠ-ব্যবসায়ীদের অধস্তন কর্মচারীদের মধ্যে বেকার সমস্যা বেড়ে যাচ্ছে কি না?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায় ঃ বেকার বাড়বে কেন? কাঠের দাম কমলে কাঠ হয়তো আরও সস্তায় বিক্রি করতে পারবে।

শ্রীঅরুণকুমার মৈত্র ঃ কাঠের দাম কমিয়ে দেওয়ার ফলে এই কথা বলছি যে আগের বছর ২২ লট ছিল, পূর্বের বছর ১৫ লট হয়েছে এবং বর্তমান বছরে আরও কম হয়েছে তাতে অধস্তন কর্মচারীদের বেকার সমস্যা বাড়ছে না কি?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায় ঃ তা বলতে পারছি না, যেমন নিলামে ধরা হয়েছে সেই রকম দেওয়া হয়েছে।

শ্রীঅরুণকুমার মৈত্র ঃ এ সম্বন্ধে কাঠের [illegible] কাছ থেকে কোন স্মারকলিপি পেয়েছেন কি?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায় ঃ না।

শ্রীঅরুণকুমার মৈত্র ঃ এইগুলোকে যদি নীলামে আরও বেশী রেটে বিক্রি করা হতো তাহলে সরকারের আরও বেশী অর্থাগম হতো না কি?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায় ঃ কাঠ দুরকমের আছে, আমরা যেটা করাতকলে দিই সেটা আমরা একরকম ঠিক করেই দিই আর যেটা ওরা নীলামে কিনে নেয় সেটা গাছের ডালপালা থেকে কিছু পায়।

শ্রীপীযূষকান্তি মুখার্জী ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে ঐ যে কিউবিক ফুট হিসাবে করাতকলে যে রেট দেওয়া হয় সেটা নাকি অনেক কম, করাত কলের লোকরা বলে, যার ফলে সরকারের প্রভূত অর্থ প্রতি বছর খরচ হচ্ছে?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায় ঃ এর জবাব তো আগেই দিলাম।

শ্রী[illegible] ঃ মন্ত্রিমহাশয় বলবেন কি যে বনে কাঠের দর কম অথচ যেখানে কাঠের কেনাবেচা হয় সেখানে দিনের পর দিন দাম বেড়ে যাচ্ছে, এর কারণ কি?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায় ঃ কাঠের কোন দাম নেই ব্যবসায়ীরা কি দরে কেচবে সেটা তারা ঠিক করে সেটাকেই বাজার ধরে বিক্রি করা হয়।

শ্রীকৃষ্ণচন্দ্র হালদার ঃ এই যে কাঠের দর ফিক্সড করা হয়েছে, এটা কি নূতন না ৫ বছর আগে করা হয়েছে?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায় ঃ যে সাল সেই সালেই করা হয়।

Enquiry about the test relief works in Egra and Bhagwanpur police-stations

***169.** (Short Notice) (Admitted question No. *799.)

শ্রীসুধীরচন্দ্র দাসঃ গত ৪ঠা জুলাই, ১৯৬৭, তারিখের তারকা চিহ্নিত ৫৮ নং অনুমোদিত প্রশ্ন নং ৯২ প্রশ্নের উত্তর উল্লেখে ত্রাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ভগবানপুর থানার ১নং ব্লক ও ২নং ব্লক এবং এগরা থানার ১নং ও ২নং ব্লকগুলিতে টেস্ট রিলিফের কোন্ কোন্ পরিকল্পনায় কত টাকা ব্যয় হইয়াছে।

(খ) বাজকুল মিলনী মহাবিদ্যালয়ের টেষ্ট রিলিফ পরিকল্পনাটির তদন্তের শেষ ফলাফল কি; এবং

(গ) যে-সকল টেষ্ট রিলিফ পরিকল্পনায় দুর্নীতির জন্য পুলিশের হস্তক্ষেপ করিবার নির্দেশ হইয়াছে, সেই নির্দেশ অনুযায়ী পুলিশ অগ্রসর হইয়াছে কিনা এবং অগ্রসর হইয়া থাকিলে যাহারা ঐ দুর্নীতির জন্য দায়ী তাহাদের গ্রেপ্তার করা হইয়াছে কি না?

Shri Nishitha Nath Kundu:

(ক) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে রাখা হইল;

(খ) প্রাথমিক তদন্তের পর এই বিষয়ে ফৌজদারী মামলা দায়ের করা হইয়াছে এবং বিষয়টি এখনও পুলিশের তদন্তাধীন আছে;

(গ) নির্দেশ অনুযায়ী পুলিশ তদন্ত চলিতেছে; কিন্তু এখন পর্যন্ত কোন ক্ষেত্রেই তদন্ত শেষ হয় নাই এবং কাহাকেও গ্রেপ্তার করা হয় নাই।

শ্রীসুধীর চন্দ্র দাসঃ মন্ত্রিমহাশয় (খ)-এর উত্তরে বলেছেন যে ঐ কেস দায়ের করা হয়েছে এবং আগের প্রশ্নোত্তরে জানতে পারলাম যে এটা তদন্ত হয়ে গেছে, আপনি জানাবেন কি এই মিলনী মহাবিদ্যালয় স্কীমে ১৪ লক্ষ মাটি ছিল তাতে সাত লক্ষ মাত্র মাটি পাওয়া গেছে, এই জন্য তদন্ত রিপোর্টে কি এইভাবে আছে?

শ্রীনীশিথ নাথ কুন্ডুঃ হাঁ, এটা ঠিকই বলেছেন।

[12-20—12-30 p.m.]

Shri Sudhir Chandra Das:
মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই যে ১৪ লক্ষ কিউবিক ফুট মাটির জন্য প্রায় ৪৫ হাজার টাকা আপনার খরচ হবে বলে আমরা দেখছি, এই ৪৫ হাজার টাকার স্কীমটা জেলা পরিষদ মঞ্জুর করেছিলেন, না, সরাসরি রিলিফ ডিপার্টমেন্ট থেকে মঞ্জুরী দেওয়া হয়েছে?

Shri Nishitha Nath Kundu:
এটাও প্রথমে ঐ ভাবে মঞ্জুর হয়, তারপর অর্ধেক মাটি কাটা হলে, মাত্র ১০ টাকা ফেরৎ দেওয়া হয়, এবং তারপর বাকী সব টাকা খরচ করা হয়।

Shri Sudhir Chandra Das:
ঐ স্কীমে যে ফৌজদারী মামলা দায়ের করা হয়েছে বললেন, তাতে কাউকে গ্রেপ্তার করা হয়েছিল কিনা?

Shri Nishitha Nath Kundu:
আমার কাছে যা খবর আছে তাতে দেখছি, এখনও গ্রেপ্তার করা হয় নি, কারণ একটা তদন্ত হচ্ছে এবং প্রোসেস ইসু হলে পর, এটা আসবে বলে মনে করছি।

Shri Sudhir Chandra Das:
এই মামলায় কতজন জড়িত আছেন জানতে পেরেছেন কি? আর, টি, ও, সুপারভাইজার, পে-মাষ্টার, এ'রা সব জড়িত আছেন কি?

Shri Nishitha Nath Kundu:
নোটিশ দিলে বলতে পারবো। এটার সম্বন্ধে প্রস্তুত হয়ে আসি নি।

Shri Mohammed Israil:
এই স্কীমের পে-মাষ্টাররা কি পি, এস, পির লোক ছিল?

Shri Nishitha Nath Kundu:
আপনি যদি জানেন, তাহলে বলবার ত কিছু নেই। আমার মনে হয় সব কংগ্রেসী লোক ছিল।

Shri Panchanan Sinha Roy:
মাননীয় মন্ত্রীমহোদয়, জানালেন যে ১৪ লক্ষ মাটির স্থলে ৭ লক্ষ মাটি পাওয়া গিয়েছে। এই সাত লক্ষ মাটির হিসাবে যে জরিপ, সেটা কি এ বৎসর করা হয়েছে, না, আগের বছর করা হয়েছে?

Shri Nishitha Nath Kundu:
জরীপের কাজ যখন যেমন, যেমন হয়, তেমনি, তেমনি সেটা নোট করে ওভারসিয়ার দিয়ে লেখা হয়; এবং সেটা ভেরিফাই করা হয়েছে, আগে যা লেখা হয়েছিল, এখন জরীপ করে দেখা গিয়েছে যে ঠিক তাইই আছে।

Shri Panchanan Sinha Roy:
এই যে জরীপের কাজ ভেরিফিকেশান করা হয়েছে, এটা কি এ বছর করা হয়েছে, না, গত বৎসর মাটি কাটাকালীন সময় জরীপ করা হয়েছে?

Shri Nishitha Nath Kundu:
আমি আগেই এর জবাব দিয়েছি।

Shri Panchanan Sinha Roy:
এ বছর যখন জরীপ করে দেখা গেলো যে সাত লক্ষ বর্গ ফুট মাটি, তখন বর্ষা নেমে যাওয়ার ফলে সেখানে অতিরিক্ত জল জমে যায়, এবং তখন যে জরীপ করা হয়, সেটা কি ঠিক হয়েছে?

Shri Nishitha Nath Kundu:
যেমন, যেমন কাজ হয়, তেমনি হয়েছে এবং ঐটাকে ভেরিফাই করে দেখা গেলো যে ঠিক আছে।

Shri Bibhuti Pahari:
মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই মিলনী বিদ্যালয়ের যিনি প্রতিষ্ঠাতা সভাপতি ছিলেন, তিনি শ্রীমতী আভা মাইতি কিনা?

[No reply.]

Shri Bibhuti Pahari:
মাননীয় মন্ত্রিমহাশয় অবগত আছেন কি, যাঁরা পে-মাস্টার এবং সুপারভাইসার ছিলেন, তাঁদের অ্যারেস্ট না করলে সেখানে যে সমস্ত প্রমাণ আছে কাগজ-পত্রে, অর্থাৎ মাষ্টার রোল ও অন্যান্য কাগজ-পত্রে, তা তারা নষ্ট করে দিতে পারে?

Shri Nishitha Nath Kundu:
কাগজপত্র আমাদের হাতে আছে। আমরা এমন কোন কাজ করতে চাই না যাতে লোকে মনে করবেন যে কংগ্রেসের প্রতি, প্রতিহিংসামূলক কাজ করেছেন।

Shri Bibhuti Pahari:
মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এখনও টেস্ট রিলিফ স্কীমেও মাষ্টার রোল এবং অন্যান্য কাগজপত্রে আঞ্চলিক পরিষদের সভাপতির আদেশ আছে, এবং বি ডি ও সেটা এখনও হাতে নেন নি?

Shri Nishitha Nath Kundu:

এটা ত আমার ইনফরমেশান দেবার নয়। নোটিশ দিলে পরে বলবো।

Shri Bazle Ahmed: On a point of information, Sir,
বাইরে থেকে অনেকে এসেছেন এ্যাসেম্বলী হাউসের মসজিদে নমাজ পড়তে, এই হাউসের মেম্বারগণ তাঁরা সেখানে নমাজ পড়তে চান, আজ শুক্রবার, তারা একটু তাড়াতাড়ি সেখানে যান, কারণ তাঁরা নমাজ পড়বার জন্য সেখানে অপেক্ষা করছেন।

Mr. Speaker:

যাঁরা নমাজ পড়তে চান, তাঁরা সেখানে যেতে পারেন।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Panchthupi Trailakya Nath Higher Secondary School, Murshidabad

62. (Admitted question No. 256.)

শ্রীঅমলেন্দুলাল রায়ঃ শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার পাঁচথুপী ত্রৈলোক্যনাথ হায়ার সেকেণ্ডারী স্কুলকে সরকার গৃহ-নির্মাণ কল্পে কোন বৎসর কত টাকা দিয়াছিলেন;

(খ) ইহা কি সত্য যে, উক্ত স্কুল বাড়ীটির এক্সটেনসন ও মেরামতি কার্য আজও অসম্পূর্ণ অবস্থায় পড়িয়া আছে; এবং

(গ) যদি (খ) এর উত্তর হ্যাঁ হয় তাহলে তার কারণ কি এবং কবে নাগাদ ঐ এক্সটেনসন ও মেরামতি কার্য সম্পূর্ণ হবে?

The Minister for Education:

(ক) ও (খ) ১৯৬২ সালের মার্চ মাসে পাঁচথুপী ত্রৈলোক্যনাথ বিদ্যালয়ের সম্প্রসারণের জন্য মোট আনুমানিক ব্যয় ৫০,০০০ টাকার মধ্যে সরকার ২৫,০০০ টাকা মঞ্জুর করিয়াছিলেন। উক্ত মঞ্জুরীকৃত টাকার মধ্যে ১৯৬২ সালের মার্চ মাসে ১২,৫০০ টাকা এবং ১৯৬৩ সালের অক্টোবর মাসে ৬,২৫০ টাকা শিক্ষা অধিকর্তা দিয়াছিলেন।

১৯৬৫ সালের মার্চ মাসে বহরমপুর ডিভিসানের একজিকিউটিভ ইঞ্জিনীয়ার শিক্ষা অধিকর্তাকে জানান যে নক্সা ও প্রকল্প অনুযায়ী সমস্ত কার্য শেষ হইয়া গিয়াছে।

ঐ রিপোর্ট অনুসারে অবশিষ্ট ৬,২৫০ টাকা ১৯৬৫ সালের জুন মাসে দেওয়া হইয়াছে।

(গ) এ প্রশ্ন উঠে না।

Proposal for establishment of a Subsidiary Health Centre at Sekendary, police-station Daspur

63. (Admitted question No. 341.)

শ্রীরজনীকান্ত দলুইঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মেদিনীপুর জেলার দাসপুর থানার অন্তর্গত সেকেন্দারী গ্রামে একটি সাবসিডিয়ারী হেলথ সেন্টার স্থাপনের জন্য প্রয়োজনীয় তথ্যাদি পশ্চিমবঙ্গের যুগ্ম স্বাস্থ্য অধিকর্তা মহোদয়ের নিকট প্রেরিত হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, উক্ত কার্য কতদিনে আরম্ভ হইবে?

The Minister for Health:

(ক) হ্যাঁ।

(খ) বর্তমান নীতি অনুযায়ী প্রতিটি উন্নয়ন এলাকায় (ডেভালাপমেন্ট ব্লক এরিয়া) একটি প্রাথমিক ও দুইটি উপস্বাস্থ্য কেন্দ্র যাহাতে প্রতিষ্ঠিত হয় তাহার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইতেছে। দাশপুর ১নং উন্নয়ন এলাকায় (যে এলাকায় সেকেন্দারী গ্রাম অবস্থিত) একটি প্রাথমিক ও মকরামপুর ও নাড়াজোলে একটি করিয়া দুইটি উপস্বাস্থ্য কেন্দ্র প্রতিষ্ঠিত হইয়াছে। সুতরাং স্বাস্থ্য কেন্দ্র স্থাপন সম্পর্কিত নীতি অনুযায়ী যতগুলি প্রাথমিক ও উপস্বাস্থ্য কেন্দ্র দাশপুর ডেভ লপমেন্ট ব্লক-এ স্থাপিত হওয়া উচিত তাহার সব কয়টিই উক্ত ব্লক-এ স্থাপন করা হইয়াছে। অপরপক্ষে অনেক ডেভালাপমেন্ট ব্লক-এ নীতি অনুযায়ী ন্যূনতম সংখ্যক স্বাস্থ্য কেন্দ্রও স্থাপন করা যায় নাই। উক্ত ব্লক সমূহে ন্যূনতম সংখ্যক স্বাস্থ্যকেন্দ্র স্থাপন সাপেক্ষে সেকেন্দারী এবং অন্যান্য স্থানে নীতি অনুযায়ী বরাদ্দের অতিরিক্ত সংখ্যক স্বাস্থ্যকেন্দ্র স্থাপন স্থগিত আছে।

Re-orientation of the Rabindra-Prize Committee

64. (Admitted question No. 397.) **Dr. Sashi Bhusan Chaudhuri:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether the Government is considering the proposals regarding re-orientation of the Rabindra-Prize Committee of the Government of West Bengal;

(b) if so, what steps, if any, Government has taken so far to improve and widen the scope of the annual awards?

The Minister for Education: (a) The Committee is reconstituted every year.

(b) The awards are given in accordance with certain rules which give wide scope for selection of books for the award of these prizes. A copy of these rules is appended herewith.

Statement referred to in reply to clause (b) of unstarred question No. 64.

GOVERNMENT OF WEST BENGAL

Education Department

Planning Branch

Revised Rules for the award of the Rabindra Memorial Prizes

1. Three prizes, of the value of Rs. 5,000 each and called the Rabindra Memorial Prizes, will be awarded annually for works published during a period of three years previous to the publication of notification each year inviting applications for the prizes.

Of the three prizes, one will be awarded for a literary work written in the Bengali language, one for a work on a scientific subject written in the Bengali language, and the third for a work, on any aspect of Bengali language, literature and culture, written in any language other than Bengali.

2. (i) The literary subjects shall include Poetry, Fiction, Essays, literary criticism, Poetics, Biography, History, Philosophy, and similar other subjects.

(ii) The scientific subjects shall include Physics, Chemistry, Mathematics, Botany, Geology, Zoology, Physiology, Anthropology, Psychology, Linguistics, Social Sciences, and similar other subjects of methodical knowledge.

3. (i) Applications for consideration for any of the prizes shall be sent by the 31st of May every year, or within 30 days from the date of publication of the notification mentioned in Rule 1 whichever is later, to the Secretary, Education Department, Government of West Bengal.

(ii) An application may be sent by the Author or the Publisher of the work, or by any Society, or by the two persons well-known in the field of Science or Literature.

(iii) The application in each case shall indicate the following particulars:—

(a) the name, address and domicile of the Author;

(b) a short account of the literary or scientific productions of the Author;

(c) a declaration or a statement that the Author has not been awarded any prize or title in recognition of the work before it is sent for consideration for the award of a Rabindra Memorial Prize.

4. Every applicant shall send, along with the application, twelve copies of the book at his own cost. If for any reason this is found impracticable or too onerous, the reasons should be stated. In such a case the name and address of the person from whom copies of the book may be available free of charges should be intimated, so that the Committee of Judges, if they consider the reasons sufficient, may request the person so named to send the required number of books.

5. The books sent for consideration shall be examined by the Committee of Judges set up by the Government of West Bengal for this purpose from time to time.

This Committee shall have the power to set up, for examination of any particular book, a Sub-Committee composed of at least three members of the Committee who may co-opt an expert or experts in the subject concerned.

The decision of the Committee should be intimated to the Government of West Bengal by the 31st of December every year, or as soon thereafter as possible, to enable the Government to make the awards by the 31st of March of the year next following.

Explanation: The decision of the Committee means a decision arrived at a meeting of the Committee after considering the opinions expressed by at least two-thirds of the Members of the Committee, such opinions being obtained by circulation if necessary.

6. A book in manuscript shall not be considered for the Rabindra Memorial Prize.

A book written by more than two joint Authors shall also not be considered.

Any book admitted as a thesis for an academic degree, such as D.Phil., Ph.D., D.Litt., D.Sc., etc., or a book for which the Author has been awarded any prize instituted or sponsored by the Government of West Bengal or the Government of India, such as the Sahitya Akademi Prize, before the meeting of the Committee of Judges, shall not be considered for a Rabindra Memorial Prize.

7. The Committee of Judges may not recommend any of the books submitted for a prize, if in their judgement none comes up to the standard of a Rabindra Memorial Prize. The prize or prizes for which the Committee make no recommendation shall not be awarded:

Provided that if in any year the Committee do not recommend for prize any work in any one or two of the subjects mentioned in Rule 1 but are of opinion that in the remaining subject or subjects more than one work deserve the Rabindra Memorial Prize, the Committee may recommend such work or works for the prize and the prize or prizes shall be awarded accordingly.

8. Notwithstanding anything contained in the above rules, the Committee shall be competent to consider any book published during the period of three years previous to the notification each year, even though the Author of the book or any other authorised agency did not submit any application in the manner prescribed above, provided the book is, in the judgement of the Committee, worthy of such consideration.

9. The prizes shall be awarded in cash along with certificates of awards signed by the President of the Committee of Judges and countersigned by the Minister-in-charge of the Education Department, Government of West Bengal.

10. The award shall be published in the Calcutta Gazette.

Minor Irrigation Scheme in the suburbs of Burdwan

65. (Admitted question No. 398.) **Dr. Sashi Bhusan Chaudhuri:** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) what are the causes that have stood in the way of execution of a minor irrigation scheme in the area covered by Becharhat, Hatsimul, Kathugachi, etc. (Mouza Nos. 81-83), in the suburbs of Burdwan;

(b) what steps are being taken to undertake the said scheme; and

(c) the time likely to be taken to execute the same?

The Minister for Irrigation and Waterways: (a) Area is between the Damodar Left Embankment and the Left Bank Main Canal and the ground level of this tract of land slopes from the former towards the latter. From a preliminary field investigation report, it appears that the area to be benefited will not be very much because of this adverse slope. As such no scheme for this area has been included in the current survey programme.

Some benefit may, however, come to the area by execution of a suitable water course. The advisability of constructing such a water course will be examined after detailed field investigation and survey for this area is taken up, during the survey season of 1968-69.

(b) and (c) In view of what has been stated at (a) above, the questions do not arise at this stage.

Free Kitchens

66. (Admitted question No. 401.) **Shri Abdus Sattar:** Will the Minister-in-charge of the Relief Department be pleased to state—

(a) the number of free kitchens opened by the Government in the districts of Bankura and Purulia;

(b) the number of free kitchens opened by other organisations, together with the names of these organisations;

(c) the total number of persons who have so far taken these meals from the free kitchens mentioned in (a) above; and

(d) the number of starvation deaths, if any, in Bankura and Purulia?

The Minister for Relief: (a) Bankura—91, Purulia—202 (up to 7th July, 1967).

(b) A statement is laid on the Table.

(c) Bankura—45,500 daily, Purulia—331,280 (up to 7th July, 1967).

(d) Nil.

Statement referred to in reply to clause (b) of unstarred question No. 66

District Bankura

Name of the organisation.	Number of free kitchen opened.
(1) Bharat Sevashram Sangha	2
(2) Birla Seva Kendra	1
(3) Bharat Sevak Samaj	6
(4) Marwari Relief Society	4
(5) Youngmen and Students' Welfare Council	3
(6) Bankura Chamber of Commerce	5
(7) National Christian Council	21
(8) Bankura District Congress	5
(9) Women's Co-ordinating Council	1
(10) Anandamarg Pracharak Sangha	1
(11) Bishnupur Mahakuma Tran Committee	3
(12) Social Service League	1
(13) Jatiya Mahila Sanhati	1
(14) Jagatguru Sankaracharyya	1
(15) Calcutta Mayor's Relief Fund	1
(16) Bengal Relief Society	1
(17) Police Force, Bankura	1
(18) All Bengal Teachers' Association	1
(19) Bankura Tran Samity	1
(20) Shri J. Kolay	1
Total ..	61

District Purulia

Name of the oraganisation.	Number of free kitchen opened.
(1) National Christian Council	10
(2) Bharat Sevak Samaj	6
(3) Bharat Sevashram Sangha	1
(4) Marwari Relief Society	2
(5) Birla Brothers	2
(6) Indian Red Cross Society, Purulia	3
(7) Bengal Youth Front, Calcutta	2
(8) Panchayat Raj Organisation	1
(9) Bejoy Krishna Relief Society	1
(10) Bengal Coal Ltd.	1
(11) Indian National Congress	2
(12) Christian Mission	1
(13) Agragami Mahila Samity, Calcutta	2
(14) Netaji Subhas Ashram	1
(15) Sadharan Brahmo Samaj	1
(16) Masina Local Committee	1
(17) Ananda Marg	1
(18) Jaipur Mahila Samity	1
(19) Co-ordinaton Committee	1
Total ..	40

Test Relief Works in Daspur police-station, Midnapore

67. (Admitted question No. 479.) **Shri Bankim Chandra Sasmal:** Will the Minister-in-charge of the Relief and Social Welfare Department be pleased to state what steps if any the Government is taking to begin Test Relief Works in Daspur police-station of Midnapore district?

The Minister for Relief: Twenty-three Relief Works Schemes have been selected so far from the area of Daspur police-station covering two blocks and the plans and estimates of this scheme are being examined in Ghatal S.D.O.'s Office.

Two schemes in Rajnagar Anchal of Daspur I Block are already at the execution level and two other schemes of Sahachak Anchal of Daspur II Block have been sent to Collector, Midnapore, for sanction. These two schemes will also be started very soon. Moreover, preliminary action is being taken to start at least one scheme in such Anchal as has been adversely affected by drought.

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: The Minister-in-charge will please make a statement on the subject of forcible occupation of hundred bighas of land at Tiljala area including a fishery, called attention by Shri Bijoy Singh Nahar on the 11th July, 1967.

Shri Ajoy Kumar Mukhopadhyay: In response to Calling Attention Notice by Shri Bijoy Singh Nahar, M.L.A. regarding forcible occupation of about 100 bighas of paddy land in some places under Tiljala P.S. in the District of 24-Parganas, I would like to make the following statement:—

On 9th July, 1967 (Sunday) at about 08.30 hrs. about 50 persons under the leadership of Shri Bikesh Guha, M.L.A. are alleged to have taken forcible possession of about 100 bighas of land at Anandpur, Hussainpur under Madurdaha Mouza (and not Badurdaha) under Tiljola Investigation Centre, P.S. Jadavpur. Except Shri Bikesh Guha the visit of no other M.L.A. came to notice during the occupation of the land in question on 9th July 1967. They ploughed the land after occupation.

The local police visited the spot in the afternoon. No arrest has so far been made in this connection.

Mr. Speaker: The Minister-in-charge of the Health Department will please make a statement on the subject of refusal by the Medical College Authorities to provide application forms for admission to meritorious students, called attention by Dr. Nalinaksha Sanyal, on the 13th July, 1967.

Shri Nani Bhattacharya: Sir, I beg to make the following statement:—
The admission of students to the State Medical Colleges is made according to the Calcutta University Regulations subject to the fulfilment by the candidates of certain principles as laid down by the State Government in this regard.

The regulations of the Calcutta University inter alia require that in order to be eligible for admission to the Pre-Medical Course a candidate must have passed the Pre-University Examination of the Calcutta University or the Higher Secondary Examination of the Board of Secondary Education, West Bengal or any other equivalent examination recognised as such by the Calcutta University with English, Vernacular, Physics, Chemistry and Biology. The principles laid down by the State Government for the purpose require that in order to be eligible for applying for admission against seats in the Pre-Medical Course in the State Medical College,—

(1) A candidate must not be below 16 years and above 20 years of age on the 31st day of December of the year of admission. (The lower age limit has been fixed in conformity with that prescribed by the University for a candidate for admission to the 1st year M.B.B.S. Course).

(2) A candidate must be citizen of India and he or his parents normal residents of West Bengal. Besides, a candidate belonging to any of the following category is also eligible for admission:

(i) A refugee candidate from East Pakistan.

(ii) Sons and daughters of Central Government employees (including Military and Railway personnel) and also of Statutory or Corporate undertakings of the Central and State Governments, who are stationed in West Bengal.

(iii) Students who have ancestral homes in West Bengal but now residing outside the State,

(3) A candidate must have passed the qualifying examinations (as *prescribed* by the Calcutta University) with 40 per cent. marks in English and 50 per cent. of the aggregate marks in Physics, Chemistry and Biology.

These principles have been in force for the past few years.

2. Unless a candidate fulfils the above minimum requirement, he is not considered eligible for admission to the Pre-Medical Course in the State Medical College. He is not, therefore, supplied with application form by the authorities of the State Medical Colleges.

3. So special consideration was made for the sons of Army Officers in the recent past. They have to take their chances along with other candidates seeking admission, on fulfilment of the conditions stated above.

The condition of securing 40 per cent. marks in English and 50 per cent. marks in the aggregate in Physics, Chemistry and Biology has since been reviewed and it has been decided that a candidate who have secured 60 per cent. or more marks in the aggregate in Science subjects will also be eligible for admission to the Pre-Medical Course irrespective of their performance in English in the qualifying examinations. Orders to this effect is under issue.

[12-30—12-40 p.m.]

শ্রীশশাবিন্দু বেরা: এই যে শেষে সায়েন্স সাবজেক্ট বলেছেন এই সায়েন্স সাবজেক্ট বলতে কি ম্যাথেমেটিকসও মিন করছেন, না খালি ফিজিকস, কেমিস্ট্রি এবং বায়োলজি?

শ্রীননী ভট্টাচার্য: সেটা ইউনিভার্সিটি রেগুলেশন অনুসারে ফিজিকস, কেমিস্ট্রি এবং বায়োলজি।

Shri Kamakshya Charan Ghosh:
আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি যেসমস্ত ছাত্র ইতিমধ্যে ফর্ম না পেয়ে ফিরে গিয়েছে তারা আবার ফর্ম পাবে কিনা?

শ্রীননী ভট্টাচার্য: আমি বলেছি অর্ডার ইজ আন্ডার ইস্যু। ন্যাচারালি তাদের টাইম দেওয়া হবে।

শ্রীমহারাজা বসু: উত্তরবঙ্গের ছেলেদের জন্য যারা সেকেন্ড ডিভিশনে ৫০ পার্সেন্ট মার্কস পেয়েছে সায়েন্স সাবজেকটে তাদের জন্য কি উত্তরবঙ্গে এই রকম কোন বন্দোবস্ত করা হচ্ছে?

মিঃ স্পীকার: ওকথা এখন বলবেন না।

I have received 8 notices of calling attention on the following subjects, namely:—

(1) Acute scarcity of food in the Sadar Subdivision of Murshidabad, from Shri Abdul Latif.

(2) Murder of Shri Jnanendra Nath Manna in village Khalna, P.S. Amta in Howrah district, from Shri Sunil Kumar Mitra and Shri Monoranjan Bakshi.

(3) Non-supply of paddy seeds to the peasants of Kochukhali and its neighbouring Anchals of 24-Parganas, from Shri Girindra Nath Mondal.

(4) Want of Gram Sevak in Kochukhali Anchal of Gosaba Block in the district of 24-Parganas, from Shri Girindra Nath Mondal.

(5) Dacoity in the border of West Dinajpur, from Shri Maharaja Bose.

(6) Famine in the district of Malda and in Raiganj of West Dinajpur from Dr. Golam Yazdani.

(7) Removal of bandhs on the Pani Pia Canal under Contai basin scheme, from Shri Sudhir Chandra Das and Shri Bibhuti Pahari

(8) Threatened strike by West Bengal jute workers on 17th July, from Shri Khiti Bhusan Roy Barman.

I have selected the notice of Shri Sudhir Chandra Das and Shri Bibhuti Pahari on the subject of removal of bandhs on the Pani Pia Canal under Contai Basin Scheme. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Statement under Rule 346

Shri Subodh Banerjee: Sir, I want to make a statement on the threatened strike by the jute workers.

Different trade unions of jute workers in West Bengal submitted demands to the I.J.M.A. The demands can be divided into two parts. The minimum demands which contained among others are, (1) permanency of badli workers (2) Issue of employment book and card to all badli workers and causal workers, (3) payment of fall back wages for loss of earning, (4) implementation of Factories Act.

Next is, negotiation on the charter of demands. The charter contains about 18 items of which the main demands are, (1) need-based minimum wage, (2) full neutralisation in the cost of living, (3) amendment of Bonus Act, (4) night shift allowance, (5) increase in provident fund contribution, (6) increased gratuity.

On 13-7-67 the Labour Directorate called a conciliation conference where the INTUC, IJMA, AITUC and HMS were represented and no agreement could be arrived at. So the decision of the workmen to launch a token strike on the 17th stands.

Shri Somnath Lahiri: Sir, with reference to the calling attention notice given by Shri Bibhuti Pahari, a statement will be made on the 20th.

GOVERNMENT BILL

The Calcutta Tramways Company (Taking over of Management) Bill, 1967

Shri Jyoti Basu: Sir, I beg to introduce the Calcutta Tramways Company (Taking over of Management) Bill, 1967.

(Secretary then read the title of the Bill.)

Shri Jyoti Basu: Sir, I beg to move that the Calcutta Tramways Company (Taking over of Management) Bill, 1967, be taken into consideration.

Sir, the legislative measure for which I now seek the support of this House has been necessitated by circumstances which we did nothing to create; it has been forced upon us by a series of actions of dubious propriety on the part of the Calcutta Tramways Company Limited; it has been dictated by the regard that we have for the public of Calcutta and for the welfare of the workers of the Company.

I have on several occasions made statements in this House explaining the various developments that occurred and the policy that Government would adopt with regard to them. I personally reported them also to the Prime Minister during my recent visit to New Delhi. From the facts placed by

me in course of the preceding few days before the House, its members will have formed an idea of the compelling reasons which necessitated the measure. For a better appreciation of this measure I should recite the relevant facts once again so that the entire matter can be reviewed in the correct perspective.

It is necessary for me to go back to the past for a while. Early in 1965 the Calcutta Tramways Company Limited submitted to the State Government a proposal for the rationalisation of its fare structure. It did not take the Government long to discover that what was presented in the guise of rationalisation was really a proposal for enhancement of the fares of the Company. According to the Company, enhancement of the fares was necessary to enable it to meet the additional liabilities that had accrued on account of enhancement of the electricity charges and the increase of dearness allowance payable to workers. There ensued between the Government and the Company protracted discussions. Eventually on 27th July, 1965, an agreement was reached. I do not propose to discuss the merits of the agreement now or to make any comment on it. We may, however, see whether it was honoured by the Company. The State Government agreed to a fare structure of 10p, 15p and 20p in the first-class and 8p, 10p in the second class. The Company on its part gave an undertaking to the effect that it would convert second class coaches into first class by providing required additional amenities in the shape of cushioned seats, fans, etc. It was agreed further that upon the conversion of the second class coaches there would be a flat and uniform fare of 10p for any single journey in any one direction in any tram car. It will be noticed that the Company gave an undertaking that it would first increase the amenities of second class passengers and thereafter there would be reduction of 15p and 20p fares of the first class and an increase of the 8p fare of the second class. The State Government urged that from the additional revenue that the new fare structure would bring in, should there be any surplus after meeting additional liabilities which I have already referred, that surplus should be credited entirely to the renewals and replacement reserve account. The agreed fare structure came into force on 26th July, 1965. The Company thus availed itself of the benefit of the agreement in question. Nothing was, however, done by it thereafter in fulfilment of its own obligation under the agreement. The second class coaches remained as they were. They do not have cushioned seats, they did not have fans, they have nothing which they do not have before. On the 22nd March, 1967, however, without much ceremony the Company announced its intention to revise its fare with effect from 24th March.

[12-40—12-50 p.m.]

From the latter date the first class and second class fares were supposed to be 15p and 12p respectively. Both the Government and the public were taken by complete surprise. The Company apparently did not realise that such a thing as enhancing fares cannot be done in a peremptory manner. It did not apparently realise that the public of Calcutta are not to be trifled with. It chose to forget that enhancement of tram fares in Calcutta is always fraught with dangerous consequences if the mood of the public is not cultivated in the proper way in advance. So much for the public. Government were entitled to greater notice in order to adopt suitable precautionary measures for the maintenance of law and order, if for no other reason.

Fortunately we did not have to witness the wrath of the public. The Hon'ble High Court issued an injunction on an application made by three honourable members of this House challenging the legality of the enhancement of the fares in that summary and peremptory manner. The Hon'ble

High Court was pleased to restrain the Company from giving effect to its decision to enhance its fares. Thereafter the Governor was pleased to promulgate an ordinance forbidding the Company to tamper with its fare structure without the consent of the State Government. That was the conclusion of the first phase of a sorry episode.

After the promulgation of the ordinance the Chairman of the Company came to Calcutta and called on me. He stated that financially the Company was in a sorry state and unless its fares were increased, its very existence would be in jeopardy. I explained to him that unless Government had the verdict of an independent tribunal on the financial condition of the Company, it would not be possible for them to consider any proposal from the Company for the revision of its fares. I made the suggestion that a Commission of Inquiry under the Commissions of Inquiry Act, 1952 with a retired High Court Judge as Chairman could be set up to examine the financial condition of the Company. The Chairman of the Company expressed his agreement with this suggestion. He had, however, only one request to make. His request was that the Commission should be asked to submit its findings to Government within a month of the date of its appointment.

A Commission of Inquiry was duly appointed on the 12th June, 1967. It was asked to examine inter alia the financial affairs of the Company and to submit its findings within six weeks. We laid down this period for we did not consider the period of one month suggested by the Chairman of the Company to be practicable. In due course the Commission issued notices to everyone concerned to file written statements pertaining to its terms of reference. The 10th of July was fixed as the last date for the submission of these statements. The reaction of the Company was, however, most strange. On the 1st July its agent in Calcutta and its resident director betook themselves to London and from there the Company sent telegrams to the State Government saying that it had no money for paying the wages of its workers with effect from the 7th July and that its bankers would not agree to an overdraft unless the State Government stood guarantee for it and also assured them of the Company's ability to repay it by permitting an immediate increase of fares. The amount of overdraft that would be required for meeting the commitments of the Company was reported to be Rs. 20 lakhs. The telegrams went on to say that since without the aforesaid guarantee and assurance no money would be available from its bankers, instructions were being issued to its Calcutta office to refuse payment of wages of the workers on and from the 7th July, 1967. On receiving these telegrams on the 6th July, I summoned the local officials of the Company to Writers' Buildings. I soon discovered that they had no voice with which to speak. They could only repeat what their master's voice asked them to say from London, namely, that they would not say "yes" or "no" to any suggestion that we might make. They did, however, say that in pursuance of instructions received by them from London, notices had been hung up in all the depots of the Company informing the workers that their wages would not be paid on and from the 7th July, 1967. They also yielded the interesting information that by the 30th June all officials of the Company and the management staff had drawn their pay to the tune of Rs. 4 lakhs. Obviously, if the Company found itself in adversity, its senior officials were not willing to share that adversity with the workers. They thought nothing of helping themselves copiously to the offers of the Company and of leaving the workers to starve.

Government could not leave the workers to starve. They perceived that the workers could not be left unpaid for long without unpleasant consequences. The company had declared its intention of not paying the workers unless it obtained from Government an assurance that an increase of fares

would be permitted. Such an assurance they could not give. They however sent a cable to London informing the Company that they would stand guarantee for an overdraft of Rs. 11 lakhs, which was reported to be the total amount of wages payable to the workers for the month of June. The reply of the Company was that it would not accept further overdrafts unless its revenue was adequately increased. The point had thus been reached at which further parleys with the Company would be futile. By its action the Company had amply demonstrated that it was in no way prepared to listen to reason. Tram services in Calcutta cannot be run by poor employees on hungry stomachs. Therefore, the Company's refusal to pay the wages of the workers combined with its refusal to accept Government's offer of assistance could only mean that it had decided to disrupt tram services in Calcutta and to subject public of Calcutta to severe hardship. There can be only one reason for this. The Company thought that its action would create chain reactions which would seriously embarrass Government and place them in a serious predicament.

As I stated here last evening the British Deputy High Commissioner handed over to me a representation from the British Government disapproving of the steps we have taken in regard to the company. To this I gave the following rejoinder yesterday:

The representation by the Deputy High Commission on behalf of Her Majesty's Government is surprising. It would have been far better if concern had been expressed by the British Government about the irresponsible and contemptuous attitude of the Calcutta Tramways Company towards it workmen, travelling public, the Enquiry Commission and our Government. It is the company which has created a situation wherein we have been constrained to adopt measures for taking over the management of the company for a limited period in the interest of the public and the workmen. We could not permit public transport to be disrupted by the management of the company. For the last few days it is only the social awareness and responsible attitude of the workers who have not been paid their wages which have kept the trams running. I am sure that democratic public opinion in the United Kingdom will not be adversely affected by this temporary measure on our part, particularly when all the facts are placed before the people. The question of an agreement for the transfer of the company's responsibilities and assets to the West Bengal Government will only arise at a later stage. Creating a sudden crisis in an essential service does not help negotiations on any subject. I hope that Her Majesty's Government will persuade the company's officers and others to co-operate with our Government in the interest of the public.

The action of the Company could be construed only as a challenge to the strength and integrity of our Government. It was necessary to demonstrate that that was a challenge which we could, and would, accept. The acceptance of that challenge is demonstrated in the bill which this House is now considering.

We have to assume the responsibility of paying the wages of the workers of the Company. Such a heavy financial responsibility we cannot assume without taking over the control and management of the Company. The measure that is now recommended before this House is, therefore, inescapable. We can no longer commit the fate of a mass of employees and the public of Calcutta to a body of persons who are incorporated in a realm beyond our native shores who have exhibited an utter lack of sense of responsibility. The time has come for us to control the destiny of a vital public utility service and the fortunes of the mass of people which are linked with it. I have every faith that strengthened by the prevailing sense of our fellow citizens and the dictates of its inner conscience this House

will express in unequivocal terms its support for the legislative measure which I have brought before it. This is a momentous day in the history of this House. Let us tell everyone who needs to be told that neither the people of West Bengal nor their Government can be trifled with.

Before I conclude I would like to express before the House my deep sense of gratitude for the assistance and co-operation that I received from the party in opposition in settling the terms of the legislative Bill now under consideration and for their promise to secure their expeditious passage through this House.

With these words, Sir, I commend my motion for acceptance of the House.

[12-50—1 p.m.]

Shri Saila Kumar Mukherjee: Mr. Speaker, Sir, this Bill which the Hon'ble Transport Minister brought before the House today was unavoidable and inevitable and I am glad that the Hon'ble Transport Minister in his opening speech has referred to the constructive and fruitful co-operation that we have offered. We want to inform through this House the people of England that the whole nation stands united behind this measure, because, Sir, the latest development which the Hon'ble Finance Minister placed before the House yesterday, is the aide memoire from the British Government containing in it a threatening about the reactions of the British people and the British vested interest. The House cannot but consider it as a challenge to the free people of India and West Bengal.

Sir, before I come to the purpose and objects of the Bill about which our Transport Minister in his opening remark has fully explained, I ought to place before the House some background of the tramway system as also the position, on this momentous occasion. Sir, only last week in the Directors' meeting in England—it is a British Registered Company—it came out in the paper that the Chairman of the Board of Directors has said that the Tramway Company affairs have been the sport of politicians of Bengal. I cannot but let that statement go unchallenged. On the contrary, we can from our experience say that this Tramway Company's affair has been the sport of the Directors of the Company during the last twenty years, at least since 1951 resulting in strangulation and misery of millions of travelling public as also the numerous pedestrians and people using vehicle, the dangerously dilapidated condition of the tramway tracks which they have persistently failed to maintain in proper order in spite of repeated representations and protests from the Government.

Sir, before I come to the next point it would be proper for me to tell this House the background of the legislation under which the Tramway Company is governed, viz., the 1951 Tramways Act which after 70 years of running of the British Foreign Company in India was agreed to by the genius of Dr. B. C. Roy. He made them agree by an agreement which was embodied in a statute of this House that we must nationalise the Company in twenty years' time with a fixed valuation, and a complete method of arriving at that figure was made at the agreement which gave certain priority payment and ultimately the purchase price was fixed. Of course, it was a colossal figure—a colossal price of £37,50,000 which according to the then valuation comes to about five crores of rupees, and according to the present devalued rate it comes to about Rs. 9½ crores. If we have to take over the Company, completely possess its assets, the Government and the people of this country will be prepared to pay, in foreign currency, to the Company 9½ crores of rupees that will make complete nationalisation. Sir, we have several times got an opportunity with the Company to make them understand the inequitableness of this agreement, because they have failed to honour that agreement, they have not been able to place in their reserve

account what they promised under the 1951 agreement. They came to us first in 1967. We remember the great one paisa tramway fare agitation. At that time also a Commission was appointed—Das Commission—and after that they recommended one paisa increase but at the same time said that the Company must honour their Agreement of 1951 in keeping the reserve fund, the renewal account and other accounts, and ultimately a special reserve fund which will be the price which we have to pay in 1971 to the Company—Dr. Roy's policy might be said—what we in Bengali language say মাছের তেলে মাছ ভাজা
What he enunciated in his scheme is—out of the profits of the Company in twenty years we will be able to purchase completely and nationalise the Company, but what have been done during the last twenty years? They came, they pleaded their inability, they raised the question of increasing prices, increasing wages and other things.

The Government of West Bengal was not given any opportunity to completely probe into the British company's accounts to find out whether in the special reserve fund in which the Government of West Bengal, as also the people of West Bengal were interested, whether in that fund that money was put or not. We did not know whether we were getting the full spare of profits or not. Again, Sir, in 1964 they came forward for increase of fares. The Hon'ble Minister has just now read the entire agreement which the previous Government had entered into with the company whereby we pressed them down to a definite commitment for the benefit of the travelling public, viz., there must be a uniform, rationalised fare structure in the tramways, both by abolition of first and second classes and by giving the same amenities and also provision for replacements renewals and repairs of tracks. The company has again come forward, after that agreement, without making any attempt to honour that agreement, for increase of fares. That is again not fair on the part of the company. Several steps taken by the company have been stated by the Hon'ble Transport Minister and I need not repeat them. They have threatened about stopping the payment of wages and other things which may amount to putting a pistol over our head and saying, 'concede to our demand'. As a self-respecting nation, while dealing with it, we cannot but protest against this and, naturally, we shoud take steps towards complete nationalisation.

[1—1-10 p.m.]

This Bill, Sir, you will admit, is not a Bill for complete nationalisation of the company. It is a temporary measure for taking over the management of the company under article 31. But ultimately we have to nationalise it. Therefore, with the background that I have stated, there are many problems which will arise. The United Front Government, I must frankly say, are taking upon themselves a dangerous risk. They are taking a big leap into dangerous, unfathomable darkness. They are taking over the management of a concern which during the last 20 years have not been able to honour their agreement. It is a dangerous thing because there are demands of the public—the tram services should be improved. We see the dilapidated tram cars, the hopelessly dilapidated tramway tracks in the narrow streets in Calcutta and Howrah. All attempts of improvement have been in vain. Whether the company was justified or not is a matter for investigation, surely, and this Bill will give you the power now to thoroughly investigate whether the company during the last 20 years has played fair, with earnings and profits and whether you can now revise the agreement. It is a happy augury, Sir, the British Government have sent the aide-memoire. You have got a golden opportunity. In the aide-memoire itself the British have stated —and it is good for us—Her Majesty's Government's concern is greater because the company was all the time prepared to negotiate an equitable agreement for the tramway company. I should submit, the United Front

Government will lay stress on this and try to review the entire agreement of 1951 because that agreement has been working as a halter round our neck and frustrated every attempt so far to probe into the company's accounts to see whether it is in a position at the end of 1971 to pay that amount, that colossal amount which now comes to Rs. 9½ crores in foreign exchange. I hope, the United Front Government will certainly take up this question of reviewing the agreement of 1951. So long as this 1951 agreement remains, for time immemorial, you will be involved in litigations, not only here—it is a British company litigations may perhaps go to England, I do not know. My friend Shri Siddhartha Shankar Ray will be able to explain the legal aspect. The United Front Government must also see after taking over the management that the demands of the people of Calcutta do not remain unheeded. Sir, the tramway system is an outmoded system. All over the world the tramway system is being discarded. Bombay has discarded the trams, Madras has discarded the trams, Delhi has discarded the trams, but they have alternative transport system. The daily passengers from the suburbs come straight into the city—in the last 10 years the Central Government have erected a ring railway system round the periphery of New Delhi for the convenience of the office going people. Here we have been fighting for the last twenty years for a circular railway and other means of transport for the benefit of the travelling public of Calcutta. But it was thrown into the cold storage for the last ten years. It was revived again by the last Government and now, Sir, again certain thing has been done. They have been trying to solve the daily passenger problem of the city of Calcutta. Therefore so long as that is not done you have got to accommodate the public with this outmoded tramway system and do the best out of it. Recently on the basis of an Act, which we prepared during the last session, you have amended the law relating to slow moving vehicles. That gives you power now to ask the Tramways Company to stop plying slow moving vehicles in the narrow streets, in the conjested streets of Calcutta, Howrah—in the conjested areas of Bentinck Street and Lalbazar. The dilapidated trams may now move in other areas where there is no conjestion giving travelling public better facilities and thereby the narrow streets would be safe. That is a matter which under the new management you have power to consider I will not say anything about fare. It is for you to consider that aspect of the matter, after you take over the management, whether the Company's question of raising fare was justified or not. When we were in office in 1965, after one year's correspondence and discussion this question was raised and then you—you were in the Opposition—raised a hue and cry about the increase of one paisa in the fare structure. Therefore, immediately on taking over the management it is for you to consider whether the increase in fare structure will be justified or not. It is also for you to consider if it can be nationalised. That is a danger and I must invite your attention from this side of the House so that it is given due consideration by the Administrator while considering the Calcutta tramways' problem.

Before I conclude I must once again say that so far as this Bill is concerned, every section of the House is unanimous that some attempt should be made to proceed towards complete nationalisation and there is no doubt that it is the first inevitable and unavoidable step. We have already suggested some amendments so that there will be no discussion and you were pleased to give advance copy of the Bill to which a large number of amendments were proposed by us which you have been pleased to accept and the Bill has come in a settled form. The amendments mostly were to protect the interest of Government money which you spend there. We want to see that money comes to the first charge, that the money will carry interest, that the employees' conditions of service are not disturbed and remain as they are. These are some of the amendments which we suggested and you

were good enough to accept the same. As you have introduced the Bill in public interest, it should be passed expeditiously and with a unanimous vote of the House. Thank you.

শ্রীপ্রশান্তকুমার গায়েন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এরূপ একটা ব্যাপার নিয়ে আজকে গোটা বাংলা দেশের মানুষ ৮৭ বৎসর বাদে এই যে বিদেশী ট্রাম কোম্পানী নেওয়া হচ্ছে তার জন্য অভিনন্দন জানাচ্ছে সরকারকে এবং বিশেষ করে আমাদের উপ-মুখ্যমন্ত্রীকে যিনি ব্যবস্থা গ্রহণ করছেন। এই সম্পর্কে আমি ২।৪টি ঐতিহাসিক কথা বলবো, সেটা হচ্ছে এই যে ঠিক এরকমভাবে বিদেশী সরকারের সময় ব্রিটিশ ওপিনিয়ন তৈরী হয়েছিল।

ওয়ারেন হেস্টিংস-এর ব্যাপারে এডম্যান্ড বার্কের প্রসিদ্ধ বিচার কাহিনী আমাদের মনে আছে। আমরা যদি ঠিক সেইভাবে ব্রিটিশ পাবলিকের কাছে এই ঘটনা রাখতে পারি তাহলে সেখনকার পাবলিক নিশ্চয়ই ট্রাম কোম্পানী এবং কতৃপক্ষের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে পারে। এই সঙ্গে সঙ্গে আর একটি কথা বলতে চাই আমরা জানি বেশ কিছুদিন আগে ১০।১২ বৎসর আগে রানী এলিজাবেথ যখন ভারতে এসেছিলেন তখন কয়েকজন ছেলে যারা কাল পতাকা দেখাবার চেষ্টা করেছিল তাদের পাগল আখ্যা দেওয়া হয়েছিল। তাদের দাবী ছিল রানী এলিজাবেথ ভারতে এসেছেন ভাল কথা কিন্তু নেতাজী সুভাষচন্দ্রের নাম যে যুদ্ধ অপরাধীদের তালিকায় আছে সেটা থেকে বাদ দেওয়া হোক। সেদিন অনেকে হেসেছিলেন কিন্তু সেদিন নেতাজীর নাম যুদ্ধ অপরাধীদের তালিকা থেকে বাদ গেছে। এই কথা ঠিক যদি পাবলিক প্রেসার তৈরী করতে পারি তাহলে যারা আজকে চক্রান্ত করে এই সরকারকে পর্য্যদুস্ত করবার চেষ্টা করছেন তাদের নিশ্চয়ই আমরা উপেক্ষা করতে পারি। এই সঙ্গে আর একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই যে, উপ-মুখ্যমন্ত্রী রেখেছেন যে ১১ লক্ষ টাকা কর্মচারীদের মাহিনা ইত্যাদি বাবদ বাকি আছে। সেখানে দেখা গেল উচ্চপদস্থ কর্মচারী তারা এর মধ্যে টাকা গায়েব করে নিয়ে দেশে চলে গেছেন। তাদের সে টাকা দেবার ক্ষমতা নেই এটা ট্রাম কোম্পানী জানায় নি। গতকাল শৈলবাবু বলেছিলেন ১০ লক্ষর মত যাত্রী ট্রামে প্রত্যেক দিন যাতায়াত করে। তা যদি হয় তাহলে আমরা ধরতে পারি যে ১০ পয়সা যদি গড়ে ভাড়া পড়ে, তাহলে ১ লক্ষ টাকা ইনকাম হয় এবং এক লক্ষ টাকা যার ইনকাম সে কোম্পানী বৎসরে ৩০।৩৫ লক্ষ টাকার উপর ইনকাম করে। তাদের পক্ষে ১১ লক্ষ টাকা না দেওয়া একটা অজুহাত ছাড়া কিছু নয়। মাননীয় উপ-মুখ্যমন্ত্রী এবং হাউসের প্রত্যেকেই জানেন যে ট্রামের ভাড়া বাড়াবার জন্য এক পয়সার লড়ায়ে একদিন কলকাতার রাস্তা মানুষের রক্তে লাল হয়ে গিয়েছিল। আজকে যদি আমরা সেই ট্রাম কোম্পানীকে ভাড়া বাড়াবার সম্মতি দেই তাহলে আমরা সেই মৃত আত্মার প্রতি যথার্থ সম্মান দেখাব না। সে জন্য আজকে যে প্রস্তাব সরকারের তরফ থেকে এসেছে সে প্রস্তাবকে আমি সমর্থন করছি। ১৮৮০ সালে এই কোম্পানী এ্যাক্ট তৈরী হয়েছিল। সেখানে একটা জিনিসের প্রতি আপনাদের সকলের নজর দিতে হবে সেটা হচ্ছে যে ট্রাম কোম্পানীর কর্তব্য হচ্ছে তারা যেন রেল এবং ট্র্যাকএর রাস্তা প্রপার অর্ডারএ রাখে। কিন্তু রাস্তা ঘাটের অবস্থা যা হয়েছে সে সম্বন্ধে মাঝে মাঝে খবরের কাগজে ছবি বের হয় যে জল জমে থাকে, ট্রাম ট্র্যাকের উপর দিয়ে যেতে পারে না এবং যেতে যেতে মাঝে মাঝে থামিয়ে দিতে হয়। ট্র্যাকের এই শোচনীয় অবস্থার জন্য ট্রাম কোম্পানী দায়ী অথচ তাঁরা বলছেন যে ভাড়া বাড়াতে হবে। আমি মনে করি এটা ঠিক নয়। অর্থমন্ত্রী মহাশয় জানেন এরূপ একটা সেকশানের প্রভিশান সেখানে নিশ্চই আছে যে এগুলি তাদের করতে হবে। আমরা জানি আজ ট্রাম যে অবস্থায় চলছে এবং ট্রাম কোম্পানীকে যেভাবে চালান হচ্ছে তাতে ট্রামের যে শোচনীয় কনডিসান সেটা না বলাই ভাল। এটাকে ঠাট্টা করে অনেকে বলে যে সিরাজদ্দৌলার আমলের ট্রাম এবং এর গায়ে চিমটি কাটলে ময়লা ওঠে—বিশেষ করে যে ট্রামগুলি হাওড়া এবং হ্যারিসন রোডে চলে এবং এক মাইল দূর থেকে হেলিকপ্টারের মত ঘড় ঘড় আওয়াজ করতে করতে আসে। এ অবস্থায় ট্রাম কোম্পানী যদি মনে করে থাকেন গায়ের জোরে ট্রাম বন্ধ করে দেবেন সেখানে আমরা বলবো বে-আইনীভাবে যাতে বন্ধ না করতে পাবেন সে ব্যবস্থা আমরা করবো। সে ব্যবস্থা করবার নিশ্চয়ই প্রভিসান আছে। এবং নিশ্চযই এই কথা জেনে রাখা দরকার যে কোন কোম্পানী বিনা নোটিশে হঠাৎ নিজের খেয়াল খুশী মত এইভাবে বন্ধ করে দিতে পারেন কিনা। সর্বশেষে আমি বাংলাদেশের

মানুষের তরফ থেকে, সংগ্রামী মানুষের তরফ থেকে, বিরোধী পক্ষ যে আমাদের সমর্থন জানিয়েছেন, তাঁদের সেই কার্যকরী সমর্থন ও সাজেসানের জন্য তাঁদেরকে ধন্যবাদ জানিয়ে আমি এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[1-10—1-20 p.m.]

Shri Siddhartha Shankar Ray: Mr. Speaker, Sir, no Government could have possibly stood by when the most vital means of communication affecting the citizens of Calcutta was being sought to be thrown into complete disarray by impertinent and obstinate management of this Company. It is a necessity which has compelled us to bring this measure before this House today—it is not a fantas magoria of the feverish dream and obdurate adherence to any mis-conceived notion of socialism which makes us support this Bill today. Any Government having any responsibility would have forfeited its rights to the Governor if under the circumstances that exist today it had not taken the action which is proposed through the medium of the Bill. It is an accident that this Company happens to be a foreign company—it is an accident that this happens to be a sterling company. Even if this Government was an Indian Company, even if all the shareholders were the Indian citizens and the company was a rupee company, I am sure that on the facts and circumstances which have been repeatedly placed before this House and I have no reasons to doubt the statement made by the Hon'ble Finance Minister —no Government could have possibly done anything else apart from bringing this Bill before the House today. But while supporting fully this measure in every possible manner we must warn ourselves, we must warn the people outside this House that it is not mine lying with gold that we are taking over today for the purpose of management. Indeed what we are taking over today is a liability—a very very heavy liability—an onerous liability particularly having regard to the present financial position of the State. I believe, Sir, and the Hon'ble Transport Minister will correct me if I am wrong, that the present over-draft balance of this Company is perhaps summing in the region of 13 or 14 lakhs and the excess of monthly expenditure over monthly income is to the tune of approximately three and a half lakhs. This is what we are taking today for the purpose of managing the undertaking of the Company. The State Government will have, I have no doubt, to advance large sums of money to this Company which they will have to do because this is a public transport and it is necessary to remove the difficulties as far as possible of the travelling public—particularly in the city of Calcutta and the town of Howrah. So we should not delude ourselves into thinking that what we have got to do is something which might ultimately end in some finance benefit to ourselves. A grave responsibility has been taken and I have no doubt that this Government with the fullest co-operation of the Opposition and in fact, the fullest co-operation of every member of this House will try and manage this concern to the best of its ability and see today that not only the overdraft is liquidated but the monthly income becomes more than the monthly expenditure.

In this respect there is already an enquiry going on by an ex-Judge of the Calcutta High Court appointed under the Enquiry Commission Act, 1952. If we find in the report which is finally handed over by this ex-Judge to the Government that it is absolutely necessary that the fare structure should be revised and that there should be an increase in the fare in so far as the Tramways are concerned, I have no doubt we shall look at that report not from an agitation point of view but from a practical point of view, and if we find that the reasons given by this ex-Judge are cogent, are logical, are acceptable, we should not hesitate, merely on political considerations or for the purpose of achieving some cheap popularity, to boldly declare that the fare structure has to be revised and tram fares have to go up. If we do not do that after the submission of such a report, all that will happen is

that we shall have a greater deficit so far as the State budget is concerned. On the one hand, to keep the fare structure as it is today, we shall have to disregard the report which may come, and on the other hand for the purpose of repleting the coffers of the Tramway Company we shall have to go on advancing moneys from the public account. What would have happened today if these employees to whom we must express our gratitude, work without any wages for a good number of days, what would have happened today if these employees had gone to the winding up Court and had applied for the winding up of this Company under the provisions of the Company's Act which provides for winding up a foreign Company, I doubt it very much if this Company having regard to its public statement that it is unable to pay its debt, I doubt it very much whether this Company would have been able to resist if an order for its winding up is passed by the Calcutta High Court. But the employees have not done so and the Government far from hitting the Company below the belt—in fact have saved it. It had made it absolutely clear that it was willing to guarantee the payment of an approximately 11 lakhs of rupees to the Company for the purpose of paying the wage bill that was immediately pending before it. My question is why did not the Company accept this, why did not the Company accept the proposal of the Government that it should wait for a few weeks for the publication of the report of the ex-Judge of the Calcutta High Court with regard to the fare structure? Why did they not wait? It could have easily waited, it could have taken the money upon the guarantee being given by the Government, run the tramways and then waited and seen what report the ex-Judge, a very well-known man, a very honest man, has given, and thereafter having seen the report, it would have entered into negotiations with the Government but the Company had thought it fit not to do so. The Company had thought it fit to treat this Government with contempt, but I want to say here and now that the Company is mistaken; there is one idea for us in so far as this question is concerned, there is only one voice alone in West Bengal and let the whole of India as well as anybody else outside India know that Bengal today speaks with one voice, and that is this that the Government and Government alone must take over the management and control of this Company.

One word more, Sir, and I shall end. I refer to the aide-memoire which has made the matter, if I may say so with respect, look a little more unfortunate. The aide-memoire was handed over, I understand, to the Government yesterday by the Deputy High Commissioner of the United Kingdom. Now reading the aide-memoire I have no doubt whatsoever that the facts and circumstances as they really existed, had never been placed before Her Majesty's Government by the Company's representative.

[1-20—1-30 p.m.]

The aide-memoire has been issued on an ex parte representation by the agents of the company with regard to the situation as existing at present. I would, therefore, request the Government in general and the Hon'ble Transport Minister in particular, to issue a White Paper, or, if that is not possible, something in the nature of a White Paper, giving all the facts and circumstances which have led to the passing of this measure today and a copy of that White Paper should not only be sent, if it is possible, to members of our Parliament, but also to Her Majesty's Government and to the members of the British Parliament. Let them know that here is a company which had behaved in this particular manner and let them understand that if any company in England today had behaved in the manner as the Calcutta Tramways Company had done, the British Government, Her Majesty's Government, would have had any hesitation in passing an Act nationalising that particular company. Sir, may I ask one question? If in England today, if in the United Kingdom today—and this question I raise because it

has been said in the aide-memoire, 'Her Majesty's Government's concern is the greater because the treatment of this British Company is likely to attract the attention of the British public', this is one thing; and the other concern is the company regarding the Ordinance promulgated by the West Bengal Government which has the effect of requiring the company to obtain previous consent of the State Government when fixing or revising fare. That is a matter which has been mentioned and which is being objected to. I ask this question in the background of this statement in the aide-memoire, if in England today, if in the United Kingdom today, any public undertaking raised its fares without the prior consent of Her Majesty's Government, would Her Majesty's Government stood by it as a silent spectator? Have not we seen what had happened in England? Sir, there are many of us who have great faith in the innate sense of fairplay and justice in the British public. And I have no doubt that if the facts and circumstances are placed through the medium of a White Paper before British Government as well as people in England, public opinion far from going against the State Government of West Bengal will wholly go in our favour and public opinion in England will condemn this company as a company which should never have been allowed to run any concern.

Sir, finally, before I sit down, I want to assure the Government on behalf of every member of our Party and those that we represent that this measure has the fullest support of everybody in West Bengal. This is not a political measure. This is a measure which we have to bring and to pass for the purpose of survival. The problems of Calcutta are such that this vital line of communication provided by the Calcutta Tramways Company cannot in any way be allowed to be thrown into disarray, or put in such a position as serious difficulties may arise thereafter. Sir, I congratulate for having brought this Bill and I can assure you, so far as we on this side of the House are concerned, we shall co-operate with the Government in every step with regard to its management. But let the Government take real charge and control of management of the undertaking and the Hon'ble Transport Minister will kindly see that there is no wastage, that there is no unnecessary expenditure and that we are in the ultimate end able to prove to this company as well as to its shareholders abroad that this company could have been run much better the manner in which Calcutta Tramways Company has done so far.

Dr. Nalinaksha Sanyal: Mr. Speaker, Sir, I congratulate the Hon'ble Minister-in-charge of this Bill for having given us an opportunity to place on record our resentment against the manner in which the British Government has sought to interfere with the legitimate right and aspiration of the people of West Bengal and of India in the matter of management of the Calcutta Tramways Company. A friend has been whispering that I should speak in Bengali. I would certainly oblige him but in a matter like this, I believe there will be reports not only going out of this House but also out of West Bengal and I would not like to be misquoted or misunderstood. Hence I choose to speak in English to be understood by the British public.

Sir, I also congratulate the members of the Opposition for extending their full support to the Ministry in this measure. It may be recalled that nearly twenty years ago this matter came to a head and we had been contemplating taking over the Calcutta Tramways Company Limited along with other vested British interests that had been standing in the way of economic development of this country. It was after some hesitation that an agreement was arrived at, which agreement had a provision towards the latter part of it for creating a sinking fund or development fund from which in course of time sufficient amount will be collected to enable the people of Bengal to take over the assets of the Company without any serious inroads into their funds which are limited. Unfortunately, the manner in which this

Company has been managed during the last twenty years or eighteen years has been such that except for the first two or three years there has been hardly any contribution towards that fund which was contemplated by our late revered Dr. B. C. Roy as the Chief Minister of West Bengal, who thought by surplus fund that would be collected annually, a sufficient amount would be collected later on in 1971 when we could take over the management of the Company by merely paying a small additional contribution from public funds. That itself was sufficient ground for having our intervention in the matter. But, Sir, the circumstances that have been deliberately created by the management of the Calcutta Tramways Company during the last few months have, to say the least, been astounding, and we have been left with no other alternative but to take over the management straightaway. Shri Siddhartha Shankar Ray has very rightly explained the circumstances under which such a measure is left with no other alternative to any civilised government and that if in Britain the public had known the circumstances they would at least advise their Government to take recourse to such a measure. It may be recalled that in 1950 when there was a proposal for nationalisation of the British Inland Motor Transport Industry, British public pressed and in spite of the conservative attitude of some strong elements there it was readily agreed to. Later on, of course, circumstances changed and there was some reversal to private transport services to a limited extent. But at no stage the British Ministry of Transport could and did give away their rights to intervene in matters where public interest were in jeopardy, and even in the matter of private motor transport and all other forms of transport the Board of Trade and the executive that they now set up are amenable to guides and control by the Ministry of Transport almost at every stage. There is in Great Britain that freedom but it is unfortunate that some Britishers could play this game here, at one time the Dominion of Her Majesty.

While I record my heartiest support to this measure, I would invite the Hon'ble Minister's attention to certain difficulties in the present Bill and I would request him most humbly to see even now if he could have these modified by slight changes which, I am sure, he would readily agree.

[1-30—1-40 p.m.]

Sir, you may be aware that this Bill is being sponsored under Article 31A of the Indian Constitution. In that Article management is contemplated and not the taking over of "possession". Article 31(2) and Article 31(2A) of the Constitution give certain provisions against acquisition of estates and certain protections have been contemplated. The more important is Article 31A(1)(b) which says that there should no acquisition by the State of any estate "or any rights therein" or taking over the management of the estate for a limited period either in the public interest or to secure the proper management of the property. I am talking of Article 31(2A) which will not in any way take away or abridge any of the rights conferred by Article 19 of the Constitution. Article 31(2A) says: "Where a law does not provide for the transfer of the ownership or right to possession of any property to the State or to a corporation owned or controlled by the State, it shall not be deemed to provide for the compulsory acquisition or requisitioning of property, notwithstanding that it deprives any person of his property." Here the words used in some of the clauses, "taking over possession" infringes the safeguard provided in Article 31(2A). Therefore I would respectfully request Shri Jyoti Basu to see if he could yet have this modified suitably at the proper moment. I would also suggest in line with Shri Siddhartha Shankar Ray that the finances of the company be more carefully examined, apart from the judicial enquiry which is going on now. The finances are not in a very happy way and instead of commiting ourselves to any acquisition by paying large sums, there is scope for alternative

measure which in proper time we may be in a position to show and which will enable the Government and the country to take over the entire possession of the property in 1971 with much less expense and much less burden on the community.

I thank you, Sir.

Shri Rajendra Kumar Poddar: Mr. Speaker, Sir, I congratulate the Hon'ble Transport Minister for having taken this bold decision in the wake of the difficulties that have been brought before the travelling public of Calcutta by this obstinate decision of the Calcutta Tramways Company and also in the expeditious manner in which the Bill has been brought in this House. I compliment him for having taken the members of the Opposition, into his confidence and I can assure him and his colleagues that any time, whenever any measure which is for the welfare and uplift of the people of West Bengal will be brought in this House, with equal zeal and sincerity the members of the Opposition will be one with the Government. As one of the group shareholders of the Company and as the closest possible relation of the first Indian director of the Company, I think I would fail in my duty to the travelling public of West Bengal if I do not participate in the deliberations of this Bill today.

The introduction of this bill has not been in pursuing the gradual policy of nationalisation of transport industry nor has it been to make up the deficit financing of the budget that is being considered at the present moment nor for the glamour of taking over the management of the company but it has entirely been due to—as at the time of presenting the Bill the Hon'ble Transport Minister has said—the Company's failure to meet its obligations to the employees, the Government and the travelling public at large. The Company have failed its employees by even agreeing to pay them the minimum requirements of their earned wages today—they have failed the Government in recognising their authority of working as public utility service by not realising what would have been the outcome of disruption had the employees would have taken the law in their hands for non-payment of their wages at this time when the price spiral is being considered at each quarters. At this stage the workers sacrifice in maintaining peace and law cannot be forgotten and they need a special congratulation for the purpose. The Company, on the other hand, had adopted to take the law in their hands and refused even the Government who wanted to co-operate with them to see that they keep on running the trams. Sir, the minimum requirement in any country in any city of an individual in the mode of transport is a comfortable journey to its destination, but we all know that it has been denied to us in Calcutta. The failure on the part of the State Transport to come up to the expectation has increased the importance of Calcutta Tramways. The existence of tram service is an absolute necessity as has rightly been said by Saila Babu. People have changed the habits, have changed to monorails, have changed to tubes, to electric trains but we are still depending on trams because as it was said by the honourable member in front of me—a million of people are carried every day by trams and today we have no other alternative but to rely on the added fleet of State Transport and the private buses and hence the attitude of the Directors. It has been very rightly said, Sir, that the maintenance of the tram tracks and the roads by an agreement is the liability of the Tramway Coy. and we are fully aware as to how it has been maintained—particularly in the months of monsoon they become death traps on many areas. Not only that on the crowded streets of Calcutta continuous delay in repair works—half done—has further added to the traffic problem of the city. They have failed

to provide the minimum comfortable service that they have agreed originally to the Government in its agreement. As for the carriages, I do not know, what my other friends will say—I think they will agree with me that if three-carriage trams to speed up the traffic and at low cost had been introduced at that stage that would have definitely solved our problem. Derailment of trams and breaking of overhead wires cannot be forgotten to the hardship of travelling public. Sir, as regards the profits there have been wild speculations and talks that the Company earn but I can tell you that we should not be glamoured with the idea that the Government must take it as a challenge as my friend, Mr. Siddharta Roy has said that it is a losing body and should be taken in as a liability. The profit of the Company in 1949 that was before the agreement—is £3,27,000 which increased to L3,50,000 in 1951. When the agreement was invoked it went up to £4,23,000 and immediately after the agreement its profit comes to about £2,77,000. This definitely should be an item of enquiry by the Commission that has been set up as to how subsequently thereafter the profits have always been

[1-40—1-50 p.m.]

going down. It is a fact that the expenses have gone up in many cases when the traffic expenses are 560 thousand in 1949 they have gone up to £10,10,000 in 1965 and from £2,89,000 the repairs, fares and maintenance—this item had gone up to £6,55,000 in 1965. This is one of the reasons why the profits are going down and the shareholders are suffering in their mite. Sir, through you I will request the Hon'ble Transport Minister that at the time when this Commission is on we should not only ask them to go into the figures that are provided by the Company for the past years, but now when, through this Bill, we are taking over the management, let us wait for some time till we get the report of the Administrator particularly on the useless expenses that have been incurred by the Company by way of general expenses which again, Sir, I would like to point out that from 1949 when the general expenses are only £1,73,000 they have increased to £3,30,000 in 1965. Let the Administrator, whosoever may be appointed, go into this and find out for himself and place a report to the Commission as to whether just by reducing these expenses, we can avoid this indirect taxation on the poor travelling public. Sir, beside this, before I conclude I would say there is only one challenge that is left before us, and that is to see the services, besides the indirect taxation, that have gone down completely—Tramway Company may be proud of it at one stage, but today we are all aware of the services that are rendered and the carriages that are there, and I hope that the Government through its Administrator would just see that the grievance of the travelling public is redressed.

With these words, Sir, I wholeheartedly support this Bill.

Shri Nikhil Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সামনে কলিকাতা ট্রাম কোম্পানীর পরিচালনা ভার সরকার নিতে যাচ্ছেন সে সম্পর্কে যে বিল এসেছে সেই বিল অভিনন্দন যোগ্য। শুধু এই এ্যাসেম্বলী কক্ষে যারা বসে আছেন তাঁরা শুধু অভিনন্দন জানাবেন তা নয়, খবরের কাগজে এই খবর যখন বেরিয়েছে তখনি বাংলাদেশের সমস্ত মানুষ এই সরকারকে অভিনন্দন জানিয়েছে। এই জন্য যে পরাধীনতার যে একটা চিহ্ন ট্রাম কোম্পানী রূপে কলকাতার বুকে চালু ছিল তার শেষ হতে চলেছে।

অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন এই ট্রাম কোম্পানী বহু দিন থেকে আছে এবং যেদিন আমরা পরাধীন ছিলাম সেদিনও এটি ছিল এবং পরাধীন যখন ছিলাম এই কোম্পানী কোটি কোটি টাকা ভারত থেকে শোষণ করে তাদের দেশে নিয়ে গিয়েছে। স্বাধীন যখন হয়েছিলাম বাংলা-

দেশের মানুষের মনে একটা আশা ছিল যে ট্রাম কোম্পানী জাতীয় সম্পত্তিতে পরিণত করা হবে এবং যে ট্রাম কোম্পানী বাংলাদেশের মানুষের পকেট কেটে কোটি কোটি টাকা নিজেদের দেশে নিয়ে গিয়েছে তার ক্ষতিপূরণ এবার হবে। ১৯৫১ সালে আমরা যে চুক্তিবদ্ধ হলাম তাতে আমরা শুনেছি এমন চুক্তি করা হয়েছিল যে আগামী বিশ বছর ধরে ফান্ডএ যে সারপ্লাস টাকা জমবে তাতেই ট্রাম কোম্পানীকে nationalise করতে গেলে আর আপনাদের টাকা দেওয়া লাগবে না। অত্যন্ত দুঃখের কথা আজকে বাস্তবে দেখা যাচ্ছে যে সেই তহবিলে একটা ফুটো পয়সাও নেই। যে টাকা ১৯৫১ সাল থেকে ১৯৬৭ সাল পর্যন্ত তারা কামিয়েছেন যে কথা পোদ্দার মশাই বললেন যে যেদিন থেকে চুক্তি করেছে সেই দিন থেকে মুনাফা কমে গিয়েছে কি করে এটা সম্ভব হল? কি করে এই ম্যাজিক হল? মুনাফা কমেনি, অধ্যক্ষ মহাশয়, মুনাফা হয়েছে কিন্তু তা চুরি হয়ে বাইরে চলে গিয়েছে। তাই আজ ট্রাম কোম্পানীর তহবিলে বাড়তি ফুটো পয়সাও নেই। ১৯৭০ সাল এগিয়ে আসছে তাই ট্রাম কোম্পানী ভাবল আরও কিছু টাকা এই তিন বছরে কামিয়ে নিয়ে যেতে হবে, তাই ভাড়া বাড়িয়ে দিলে যে বাড়তি টাকা পাব বাংলা-দেশের মানুষের পকেট কেটে ঠকিয়ে তা বিলাতে নিয়ে যাওয়া যাবে।

[1-50—2 p.m.]

সরকারকে আমি অভিনন্দন জানাব যে সেই প্রস্তাবের বিরোধীতাই তারা করেন নি সেই প্রস্তাব যাতে তারা রূপায়িত না করতে পারে সরকার তার জন্য সাহসের সঙ্গে অরডিনান্স সেদিন জারী করেছেন। তারপর কোম্পানী ভাবল যে যুক্তফ্রন্ট সরকারের ক্ষমতাই বা কতটুকু তারা বাংলা-দেশের বা ভারতবর্ষের যে মানুষ তাদের যে জাতীয়তাবোধ তাদের যে স্বাধীনতাবোধ তাদের যে সেইদিক উপেক্ষা করে তারা ভাবল যেহেতু পশ্চিমবাংলার যুক্তফ্রন্ট সরকার এসেছে তাদের যদি ধাক্কা দেওয়া যায় ভারতবর্ষের যে জাতীয়তার জায়গা ভারতবর্ষের স্বাধীনতা বোধের জায়গাকে যদি ধাককা দেওয়া যায় তাহলে মানুষ এর বিরোধীতা করবে না। তাই তারা বিলাতে চলে গেলেন চলে গিয়ে বললেন যে ভাড়া যদি না বাড়িয়ে দাও তাহলে আমরা শ্রমিকদের মাহিনা দিতে পারব না। ভাবলেন শ্রমিকরা যদি মাহিনা না পায় তাহলে ধর্মঘট হবে, শ্রমিকরা যদি মাহিনা না পায় তাহলে যে আগুন জ্বলে উঠবে তার ফলে যুক্তফ্রন্ট সরকার বাধ্য হবে ট্রাম কোম্পানীর ভাড়া বাড়াতে। আজকে এখানে দাঁড়িয়ে অভিনন্দন জানাতে হয় ট্রাম শ্রমিকদের যারা ট্রাম কোম্পানীর যে চক্রান্ত সেই চক্রান্তকে উপলব্ধি করে জনস্বার্থের প্রতি পূর্ণ দৃষ্টি রেখে পেটে না খেতে পেয়েও তারা এই কোম্পানীর চক্রান্ত সেই চক্রান্তে তারা ইন্ধন জোগায় নি, তারা দৃঢ়ভাবে দাঁড়িয়ে ট্রাম যাতে ঠিক ভাবে চলতে পারে এবং কোম্পানী তার চক্রান্ত কার্যকরী না হতে পারে সেজন্য তারা আজও সংগ্রাম বা লড়াই করে চলছে। অধ্যক্ষ মহাশয়, বিল আমাদের কাছে এসেছে, আমরা কর্তৃত্ব নিচ্ছি, পরিচালনার ভার নিচ্ছি, দায়দায়িত্ব আছে আমরা জানি। কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি একটি কথা বলব যে এনকোয়ারী যেন ঠিকভাবে করা হয়। সতের বছরে এই মুনাফা কোথা দিয়ে কোথায় চলে গেল। সতের বছরএ ফান্ডে কেন একটা টাকাও জমলো না, এই টাকা কোথায় গেল কিভাবে গেল তার অনুসন্ধান ঠিক ঠিক হওয়া দরকার। তার সাথে সাথে এখানে দাঁড়িয়ে এই আশা রেখে যাব প্রথম ধাপে পা আমরা দিলাম কর্তৃত্ব আমরা গ্রহণ করলাম কিন্তু আজ কর্তৃত্ব ভার গ্রহণ করে এটা যেন আমরা মনে না করি যে দায়িত্ব শেষ হয়ে যাচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় অত্যন্ত ভদ্রভাবে বলেছেন যে নিতে বাধ্য হয়েছি বলে আমরা নিয়েছি। কোম্পানী আমাদের বাধ্য করেছে তাই আমরা নিয়েছি। কিন্তু আমি তাকে বলব যে সুযোগ তারা আমাদের হাতে তুলে দিয়েছে সেই সুযোগ কার্যকরী করুন। বাংলাদেশের মানুষের ভারতবর্ষের মানুষের এতদিনের যে আশা এতদিনের যে আকাংখা বিদেশী যে সম্পত্তি বিদেশী শোষণকারীর সম্পত্তি বাংলাদেশের বুকে ভারতবর্ষের বুকে যে জমিয়ে তুলেছে তাকে বাজেয়াপ্ত করার প্রথম ধাপ হিসাবে সেই ধাপ সরকার গ্রহণ করেছেন। তাকে যেন ঠিক ঠিক ভাবে বাস্তবে আমরা যেন রূপায়িত করতে পারি। একথা যেন সরকারের খেয়াল থাকে। শেষে আরেকটি কথা বলতে চাই যে বাধা আসবে, চ্যালেঞ্জ এসেছে, অ্যাড মেমোয়ার আমরা দেখেছি। কিন্ত তার প্রত্যুত্তর শুধু একটা কথা দিতে চাই যে আইন আছে আমরা জানি, আইন থাকবে আমরা জানি, কিন্তু সবচেয়ে বড় আইন মানুষের আইন। বাংলাদেশের মানুষ ভারতবর্ষের মানুষ স্বাধীনতা যারা রক্ষা

করতে চায় স্বাধীনতার প্রতি যাদের শ্রদ্ধা রয়েছে সেই মানুষ যদি এক সংগে দাঁড়ায় আইন দিয়ে সেই মানুষের যে আকাঙ্খা তাকে রোধ করা যায় না। তাই সেদিকে লক্ষ্য রেখে বলছি চ্যালেঞ্জ তারা রেখেছে বাংলদেশের মানুষ ভারতবর্ষের মানুষ সে চ্যালেঞ্জ গ্রহণ করেছে তারা বলে দিতে চায় এটা কার্যকরী হবে ট্রাম কোম্পানী ভারতবর্ষের বাংলাদেশের সম্পত্তিতে পরিণত হবে সেই দিকে সরকার যাবে। এই বলে আমি আমার সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ প্রতাপচন্দ্র চন্দ্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আধুনিক কালে নিকৃষ্টতম অর্থনৈতিক ব্ল্যাক-মেলের একটা উদাহরণ এই ক্যালকাটা ট্রামওয়ে কোম্পানী আজকে এই পশ্চিমবাংলায় রেখে গিয়েছে। এবং সবচেয়ে দুঃখের কথা, ইংল্যান্ডে আজ শ্রমিক সরকার প্রতিষ্ঠিত রয়েছে তারা আজকে এদের পিছনে এসে দাঁড়িয়েছে, পশ্চিমবাংলার মানুষকে শাসাচ্ছে যে এই রকম ব্যাপার

may be regarded as affecting British investment in West Bengal

অর্থাৎ এখানে পশ্চিমবাংলায় ব্রিটিশ মূলধন লগ্নীর ব্যাপারে ভয়ানক অসুবিধা হবে। একদিকে সেই ব্রিটিশ কোম্পানী অন্যদিকে তাদের পিছনে এসে দাঁড়িয়েছে ব্রিটেনের শ্রমিক সরকার। এতে আমার মনে পড়ছে যে উনবিংশ শতাব্দীর বহু নিন্দিত জিঙ্গোইজমের নতুন একটা উদাহরণ আমরা পশ্চিমবাংলায় দেখতে পাচ্ছি। এবং মিলিতভাবে তারা মাননীয় পরিবহণ মন্ত্রী সাহসী হয়ে যে কাজ করে যাচ্ছেন, তাঁকে সাহায্য করবার জন্য তাঁরা এগিয়ে এসেছেন। বাস্তবিকই দলমত নির্বি-শেষে আমরা সকলে এই চক্রান্তের বিরুদ্ধে দাঁড়িয়েছি এবং দাঁড়াবো সে বিষয়ে কোন সন্দেহ নেই। ১৯৫১ সালে যে চুক্তি হয়েছিল সেই চুক্তির উল্লেখ করা হয়েছে, নিশ্চয় সেই চুক্তি যদি আমরা পাঠ করি তাহলে দেখবো যে কোম্পানীর একটা বিরাট দায়িত্ব ছিল এবং আছেও

The Company shall exercise due care and economy in the management and administration of the undertaking and shall take all such steps as shall be reasonably practical to work the undertaking to the best advantage of the parties to agreement.

কিন্তু কি বেস্ট অ্যাডভান্টেজের জন্য তাঁরা এই সংস্থাকে পরিচালনা করেছেন তার উদাহরণ পূর্ববর্তী বক্তারা আপনার কাছে দিয়েছেন। আমরা সকলে জানি যে ট্রাম লাইনের কি অবস্থা হয়েছে—আমরা সকলে জানি যে অধিকাংশ গাড়ির কি অবস্থা হয়েছে এবং এই শ্রমিকদের টাকা না দিয়ে কোম্পানীর যারা কর্মকর্তারা রয়েছেন তাঁরা পালিয়ে গেলেন তাতে এই চুক্তি ভংগ করা হচ্ছে। কেন না এই চুক্তির চার ধারাতে আমরা দেখছি

The Company shall apply its revenues in the manner following, that is to say, firstly paying all expenses of managing, maintaining and working the undertaking including the debenture interest.

কাজেই এই অনুসারে কাজ না করে তাঁরা চলে যাচ্ছেন এবং তাঁদের যে প্রথম দায়িত্ব যে শ্রমিকরা কাজ করে ট্রাম চালাচ্ছেন তাদের সমস্ত যা প্রাপ্য রয়েছে তা মিটিয়ে দেওয়া—সেই দায়িত্ব তাঁরা পালন করছেন না। আমার কাছে ট্রাম কোম্পানীর ১৯৬৫ সালের ব্যালেন্স সীট রয়েছে—এই ব্যালেন্স সীটে তাঁরা স্বীকার করছেন যে ১৯৬৪ ও ১৯৬৫ সালের মধ্যে কিবকম অবনতি হচ্ছে তাদের এই কর্মকারিতায় আমরা দেখতে পাচ্ছি ১৯৬৪ সালে যেখানে ছিল ৩৬ কোটি ৭০ লক্ষ প্যাসেঞ্জার সেখানে ১৯৬৫ সালে ৩৫ কোটি ৯২ লক্ষ—প্রতি দিন প্যাসেঞ্জার যেখানে ১৯৬৪ সালে প্রায় ১০ লক্ষ ছিল যেটা উল্লেখ করা হয়েছে, সেটা কমে গিয়ে ৯ লক্ষ ৮১ হাজার হয়ে যাচ্ছে। অর্থাৎ প্রতিদিন প্রায় ২০ হাজার করে যাত্রী কমে যাচ্ছে—অ্যাভারেজ নাম্বার অব প্যাসেঞ্জার্স পার কার পার ডে যেখানে ১৯৬৪ সালে ছিল ২,৫৩২ সেটা ১৯৬৫ সালে কমে গিয়ে ২,৪৯১ হয়ে যাচ্ছে—এই সমস্ত দিলেন। কিন্তু কতগুলি ট্রাম চলছে তার কোন উল্লেখ এখানে দেওয়া হচ্ছে না। ১৯৬৪ এবং ১৯৬৫ সালে কতগুলি ট্রাম চালু রয়েছে তার উল্লেখ দেওয়া হচ্ছে না। যেখানে চুক্তি অনুসারে মেন্টেন করবার জন্য এবং ওয়ার্কিংয়ের রেভিনিউকে প্রথমে কাজে লাগাতে হবে। সেখানে আমরা দেখতে পাচ্ছি সেই কাজ পুরোপুরি পালন না করে কোম্পানী শেয়ার হোল্ডারর্স ফান্ডে টাকা জমা দিচ্ছেন এবং এই শেয়ার হোল্ডারর্স ফান্ডে টাকা জমা দেবার পর আমরা দেখছি ১৯৬৪ সালে কোম্পানী সাধারণ শেয়ার হোল্ডারদের ডিভিডেন্ড দিয়েছেন ৪২ হাজার পাউন্ড। আর ১৯৬৫ সালে বলছেন দেবেন ১০ হাজার ৫ শত। অর্থাৎ চুক্তি অনুসারে

যেটা তাদের প্রথম দেবার কথা সেই ব্যাপারে খরচ না করে তারা শেয়ার হোল্ডারদের ডিভিডেন্ট দেবার জন্য এগিয়ে যাচ্ছেন এবং স্বাভাবিকভাবে শ্রী পোদ্দার এখানে বলেছেন যে ডিভিডেন্ট কমে যাচ্ছে সেই জন্য কোম্পানী ভীত সন্ত্রস্ত হয়ে পড়েছে। তাহলে কোম্পানীর আসল উদ্দেশ্য হচ্ছে যে ১৯৫১ সালের চুক্তি অনুসারে কাজ না করে শেয়ার হোল্ডারদের মুনাফা কি করে বাড়াতে পারেন সেদিকে তাঁদের লক্ষ্য। এইরকম উদ্দেশ্য যদি থাকে তাহলে আমি তো বলবো যে কোম্পানী তাঁদের ১৯৫১ সালের চুক্তি কিছুতেই পালন করেন নি। শুধু ট্রাম ন্যাশন্যালাইজ করার কথা হচ্ছে আমি পরিবহণ মন্ত্রিমহাশয়কে আমি চিন্তা করতে বলবো, তাঁদের যেসমস্ত আইনজ্ঞ রয়েছেন তাঁদের সঙ্গে পরামর্শ করতে বলবো যে কোম্পানী তাঁদের চুক্তি ভঙ্গ করেছে এই কারণ দেখিয়ে এই চুক্তিটাকে পুরোপুরি বাতিল করে দেওয়া যায় কিনা তিনি সেটা চিন্তা করুন এবং যদি সম্ভব হয়, যদি এই বিলাতী কোম্পানী পারেন তাঁদের সমস্ত ভাঙ্গাচোরা ট্রাম নিয়ে যান জাহাজে চাপিয়ে লন্ডনের রাস্তায় ডাম্প করে ফেলেন—কলকাতার রাস্তায় পরিচালনা করবার কোন দরকার নেই। আমাদের দেশে ৫ কোটি টাকা দিয়ে আমরা যে বাস কিনতে পারি তা কলকাতার রাস্তায় চালাতে পারি এবং আমাদের যেসমস্ত শ্রমিক ভাইরা ট্রাম চালাচ্ছেন তাঁদের বিকল্প পরিবহণে কাজে লাগাতে পারি। আমি বেশী সময় নিতে চাই না। যে উদ্দেশ্যে বিলটা এনেছেন আমরা সকলে মিলিতভাবে এটা সমর্থন করছি এবং পরিবহণ মন্ত্রীকে আগেও অভিনন্দন জানিয়েছি এবং যে শ্রমিক বন্ধুরা জনস্বার্থে এই কাজ চালিয়ে যাচ্ছে আমি তাঁদের অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[2—2-10 p.m.]

Shri Mohamed Abdul Latif: Mr. Speaker, Sir, I firstly congratulate the Government on the bold stand taken against tactics of blackmail which the Tramways Company resorted to. After the failure of those tactics the Company is now taking shelter behind the skirt of Her Majesty's Government. That Government is supposed to be a Labour Government. But we regret to notice that when it is a question of protecting British capital in foreign countries, the Labour Government is not in any way different from the Conservative Government. Sir, I wholly associate myself with the letter which our Hon'ble Transport Minister has sent in reply to the Aide Memoire. That letter of our Transport Minister is extremely sober and dignified. I also express my unstinted appreciation of the gesture which the Opposition has made in this House on this occasion. The Bill which is under discussion of this House bears the marks of hurried drafting. In that regard I have in mind to make certain suggestions. But I do not think that there is any scope for such suggestions at the moment. I therefore confine myself to one rather very, very disquieting feature in the Bill and that is with regard to the future management of this undertaking which the Government is seeking to take over under this Bill. Now, Sir, the future management of the Calcutta Tramways Company is sought to be left under this Bill to an official of the Government who will not be below the rank of the Deputy Secretary, to be called the administrator, under the Bill. I am reading from clause 4(1) (c): "The Administrator shall have all the powers of management and control in relation to the undertaking of the Company including any such powers as were exercised by the directors, agents or managers or any other managerial personnel of the Company immediately before the appointed day." In other words, Sir, this particular clause of the Bill envisages the handing over of the entire power of management and control to one official. Now, it is said, power corrupts and absolute power corrupts absolutely. I want to make it quite clear that the observations that I am going to make over this particular provision of the Bill are not in any way a reflection upon any official of the Government. I know that there are certain officials who are honest. who are efficient and who are also patriotic. I have no doubt about that. But nonetheless I cannot see any virtue in empowering a particular official with all these powers of management and control of such a vast undertaking. I do not see what harm would

there have been if a Board of Management were to be set up under this Bill. If my memory serves me right. there have been cases in the past. Sholapur Weaving and Spinning Mills is the first instance of taking over management. There a Board of Management was constituted. Similarly in the case of Jessop & Coy. a similar provision was made. Therefore, I fail to understand particularly when every section of the House today and very rightly has appreciated the stand which the workers have taken in running the trams in the city of Calcutta and Howrah and when the workers are well-organised why should not the Government set up a Board of Management with worker participation on it? I don't understand what harm would there have been if a Board of Management was set up under this Bill. I would passionately plead with the Hon'ble Transport Minister for such a Board of Management. If it is not possible at this stage to amend the Bill, —I would implore him to bring an amendment, Sir, in due course so that the management and control of this undertaking can be vested in a Board of Management where the workers can also participate.

Sir, I again congratulate the Government before I sit down.

শ্রীমতী বিভা মিত্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই হাউসের মাঝখানে যে বিল এনেছেন তাকে আমরা দুই পক্ষের লোকেরাই সর্বতোভাবে সমর্থন জানাচ্ছি, কারণ আজকে এ বিলটা একটা অদ্ভূত পরিস্থিতির মধ্যে এসেছে। এই ঐতিহাসিক ট্রাম কোম্পানী এতদিন ধরে বাংলা দেশের মানুষের সব টাকা পয়সা লুণ্ঠন করে নিয়ে গিয়ে তাদের সুযোগ-সুবিধা দেওয়া যে সব চুক্তির মধ্যে ছিল সেসব না দেখে সরকারের সঙ্গে কোন আলোচনা না করে সমস্ত তল্পিতল্পা গুটিয়ে চলে গেল। সেখানে গিয়ে তারা সরকারকে একটা চিঠি দিল। আজকে বাংলাদেশের মানুষ এ কথা ভাবতে পারে না যে কি ভাবে তারা এই পরিস্থিতির মাঝখানে পড়েছে। এই দুর্দশাগ্রস্ত দেশে ৩৬ কোটি টাকা যেখানে ডেফিসিট বাজেট তার উপর সরকারকে এ ভার গ্রহণ করতে হচ্ছে, কারণ বাংলাদেশের মানুষের মুখের দিকে তাকিয়ে এটা করতে হচ্ছে। আজকে তারা কর্মচারীদের মাহিনা দিল না, কোন কোম্পানী যে এরূপ কাজ করতে পারে সেটা আমাদের চিন্তা করা দরকার। যারা এতদিন ব্যবসা করছে, তারা তস্করের মত তারা মাহিনা না দিয়ে চলে গেল। কিন্তু একথা বলতে চাই তারা চলে যাবার আগে এখান থেকে কোন আলোচনা করলো না, আমি অনুরোধ করবো তাদের কাছে জিজ্ঞাসা করতে। আমি একথা অনুরোধ করবো বর্তমানে তাদের যে অ্যাসেট আছে তাদের হয়ত কিছু অ্যাসেট নেই—সে সম্বন্ধে বিশেষভাবে এনকোয়ারী করতে। প্রতাপবাবু যে কথা বলে গেলেন যে, তাদের যে লোহালক্কড় আছে তা তারা নিয়ে চলে যাক। কারণ আমরা এতবড় লায়েবিলিটি নিতে চাই না এবং আমরা এসমস্ত জনসাধারণকে প্রোভাইড করবার জন্য অন্য দিক থেকে চেষ্টা করবো বাস ইত্যাদি অন্য কিছু ব্যবস্থা করে। শেষে এ কথা বলে অনুরোধ করছি, আমাদের যারা সাধারণ মানুষ যাঁরা চলাফেরা করে তাদের যেন এক পয়সাও ভাড়া না বাড়ে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি এবং বিলকে সমর্থন করছি।

শ্রীমনোরঞ্জন হাজরা: স্পীকার মহাশয়, এই যে ট্রাম পরিচালনা বিল মাননীয় পরিবহণ মন্ত্রী এত দ্রুত ভাবে এনেছেন তার জন্য তাঁকে অভিনন্দন জানাই, সমগ্র মন্ত্রী সভাকে অভিনন্দন জানাই, অভিনন্দন জানাই আমাদের বিরোধী দলে যাঁরা আছেন তাঁদের, কেন না তাঁদের সহযোগিতা যা পাওয়া গেছে তা আমাদের মনে থাকবে এবং আমরা আশা করবো যে এই সেসানে এবং পরবর্তী সময়ে আমরা এরূপভাবে পরস্পরের সহযোগিতার দ্বারা কাজ করতে পারবো। এই যে ব্রিটিশ কোম্পানী তারা আমাদের যেভাবে চোখ রাঙিয়েছেন—সরকারও চোখ রাঙিয়েছেন—তাতে তাদের বলে দিতে চাই যে, বাংলাদেশের জনসাধারণ তাদের চোখ রাঙানীতে ভয় খায় নি এবং খাবে না। ভারতবর্ষের বুকে এই যে ব্রিটিশ কোম্পানী ছিল এর জাতীয়করণের দাবী বহু দিন ধরে ছিল। কিন্তু এখন এটা করা যাচ্ছে না তবে এমন দিন আসবে করা যাবে, আমি এ বিষয় একটা কবিতা পড়ে শোনাব, আজ ঐতিহাসিক ১৪ই জুলাই

এই ঐতিহাসিক দিনে বস্তার দুর্গের পতন হয়েছিল। আমি তাকে এবং ট্রাম কোম্পানীকে স্মরণ করে আমার স্বরোচিত একটি কবিতা হাউসে পাঠ করছি।

তোমাকে আজ বজ্রমুষ্টিতে অভিনন্দন জানাই
বহুযুদ্ধের মহানায়ক
হে ট্রামের শ্রমিক।
তোমরা যারা অভুক্ত
অথচ পথ দেখালে আমাদের
যে পথে অন্ধকার নেই
শুধু আলো
আলো আর উন্মুক্ত দিগন্ত।
দুধকলা দিয়ে কাল সাপ পুসেছিল কারা
সে আজ ইতিহাস।
তবু লোহার চাকায় শোনা যাবে
তার আর্তনাদ।
তার স্পর্শ লাগবে
শ্মশানের শমীবৃক্ষে অন্ত্যেষ্টিক্রিয়ার
কম্পনের মত।
তার অবসান সাম্রাজ্যবাদী শোষণের অবসান
আজ শুধু তারই সূচনা।

Shri Jyoti Basu: Sir, I do not think I shall waste the time of the House by replying because actually there is nothing much to reply since all of us are in agreement with the purpose of this Bill. But some very useful suggestions have been made although in a general manner by some members of this House. I can only assure them that we shall give them the respectful and serious consideration which they deserve. Some have suggested thinking about scrapping the agreement or nationalisation. Some have suggested various ways of running the Tramways Company once it is taken over by means of not only one Administrator but by appointing a Board of Management and so on. Some have suggested—at least one member has suggested whether the promise of enquiry before the Commission of Enquiry can be extended to go into the past financial transactions. I am told that even at this stage it can be done provided a little more time is given to the Commission of Enquiry, and since this has been suggested by Shri Poddar who, I believe, or whose family holds many shares in this Company.

[2-10—2-20 p.m.]

I am inclined to take his suggestion seriously. A suggestion has been made that the proceedings with regard to this Bill may be published not only for the benefit of the people here, the knowledge of the people here, but abroad as well. I think that also should be taken into consideration. And I think that not that we are dependent on British public opinion, but I think it will be quite useful to let the British public know as to exactly what has happened, what has compelled us in this House to bring forward this Bill in such a manner. Therefore, I am accepting this suggestion. More than that, at this stage, I do not have much to say. I can assure the House that we shall do our best, once we take over the management, to see that it is run efficiently in the interest of the people.

The motion of Shri Jyoti Basu that the Calcutta Tramways Company *(Taking over the Management) Bill, 1967,* be taken into consideration, was then put and agreed to.

Clauses 1, 2 and 3.

The question that clauses 1, 2 and 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4

Shri Jyoti Basu: Sir, I beg to move that in paragraph (b) of sub-clause (1) of clause 4, for the words "his possession", the words "his custody" be substituted.

This is just to clarify one point. Actually, the word "custody" is used in Article 31A of the Constitution. Of course, I am told by our legal experts, "possession" also has the same meaning, but in order to clarify matters we have substituted "custody" in place of "possession".

The motion was then put and agreed to.

The question that clause 4 as amended do stand part of the Bill was then put and agreed to.

Clauses 5, 6, 7 and 8

শ্রীরবীন মুখোপাধ্যায়: স্যার, ক্লজ ৮-এর ২ নম্বর ধারার মধ্যে আছে, এনি মানি অ্যাডভান্সড টু দি কোম্পানী

under sub-section (1) shall, subject to the prior payment of municipal rates and any sum due to Government on account of taxes or fees, be a first charge upon the undertaking of the company.

এইখানে আমি মন্ত্রিমহাশয়ের কাছ থেকে একটু ক্লারিফিকেশান চাইছি। কারণ, আমাদের অভিজ্ঞতা থেকে আমরা দেখেছি শ্রমিকদের যে টাকা বাদ হয়ে যায়, আটকে যায়, সেটা ফার্স্ট চার্জ হওয়া উচিত, এটা একটা লক্ষ্যের ভিতর আনা দরকার। আমরা দেখেছি সেখানে শ্রমিকরা বাদ যায়। কাজেই শ্রমিকদের ব্যাপারে ফার্স্ট চার্জ হওয়া উচিত তাদের লিগ্যাল ডিউ হতে, এই জন্য আমি এটা এনেছি।

শ্রীজ্যোতি বসু: এটার কোন অসুবিধা নেই। কস্ট অফ অপারেশনে সেটা পড়ে যায়। কাজেই সেটা পড়বে।

The question that clauses 5, 6, 7 and 8 do stand part of the Bill was then put and agreed to.

Clause 9

Shri Jyoti Basu: Sir, I beg to move that in sub-clause (3) of clause 9, for the words "securing possession", the words "securing custody" be substituted.

The purpose for which I bring this amendment has already been explained

The motion was then put and agreed to.

The question that clause 9, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clauses 10, 11, 12, 13, 14, 15, 16, 17, 18 and Preamble

The question that clauses 10 to 18 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Jyoti Basu: Sir, I beg to move that the Calcutta Tramways Company (Taking over of Management) Bill, 1967, as settled in the Assembly, be passed.

শ্রীসোমনাথ লাহিড়ী: মাননীয় স্পীকার মহাশয়, আমি মন্ত্রী হিসাবে কিছু বলছি না, ট্রাম শ্রমিকদের আন্দোলনের অনেকদিনের একজন সাথী হিসাবে কয়েকটি কথা আপনার মারফত বলতে চাই। আমরা ট্রাম শ্রমিকরা ট্রাম কোম্পানীকে খুব ভাল ভাবে জানি। আমাদের বাংলাদেশে একটা বিদেশী কোম্পানী ৮৭ বছর আগে ট্রাম গাড়ি চালানোর একচেটিয়া অধিকার পেয়েছিল। আমাদের ট্রাম শ্রমিকদের বুঝতে কোনদিন অসুবিধা হয় নি যে এই দেশে তখন রাষ্ট্রীয় ক্ষমতা বিদেশী সরকারের হাতে ছিল বলেই তা সম্ভব হইয়াছিল। এই কথা আমরা বুঝতাম বলে যেমন একদিকে এই বিদেশী অর্থনৈতিক আধিপত্যের বিরুদ্ধে আমরা আওয়াজ তুলে এসেছি তেমনি সঙ্গে সঙ্গে এই দেশ থেকে বিলাতী শাসন ক্ষমতা দূর করার জন্য প্রচেষ্টা যথাসম্ভব করে এসেছি। আমার মনে আছে ১৯২৯ সালে যখন এই দেশে সাইমন্স কমিশন এসেছিল পতনশীল ব্রিটিশ সাম্রাজ্যবাদী শাসনকে কোনরকমে ঠেকা দেওয়ার জন্য ব্যবস্থা করা যায় কিনা জানবার জন্য এবং তার বিরুদ্ধে যখন সারা দেশের মানুষ বয়কট আন্দোলন মারফত প্রতিবাদে মুখর হয়ে উঠেছিল তখন আমরা কলকাতার ট্রাম শ্রমিকরা রাজনৈতিক কর্তব্য পালন করবার জন্য হরতাল ঘোষণা করেছিলাম সাইমন্স কমিশনের বিরুদ্ধে—আমি আজও ভুলতে পারিনি সেই হরতাল ঘোষণা করা হয়েছিল বলে এই বিলাতী ট্রাম কোম্পানী তখনকার হাজার দুই তিন শ্রমিকের মধ্যে ৫০০ শ্রমিককে একদিনে ছাঁটাই করে দিয়েছিল এবং বিদেশী বিলাতী শাসন ছিল বলে সেই ছাঁটাই শ্রমিকরা অন্য কোন কারখানায় কাজ পায় নি। সেই শ্রমিকরা, তাঁদের দু-একজন হয়তো আজও জীবিত আছেন, সেই শ্রমিকদের মধ্যে হয়তো অনেকে না খেতে পেয়ে তিলে তিলে মারা গেছেন, আর বাকিরা হয়তো কোন রকমে দিন যাপন করে গতায়ু হয়েছেন। সেইদিন আমরা এবং কংগ্রেস এবং অন্য সকলে মিলে সেখানে লড়াই করেছিলাম, তারপর অনেক জল গড়িয়েছে, ফলে এমন দিন এলো যেদিন কারো কারো ভাগ্যে গদি জুটল, কিন্তু আমরা ট্রাম শ্রমিকরা সেই ৫০০ মানুষের অকাল মৃত্যু, অকাল ছাঁটাই-এর ক্ষতচিহ্নই বহন করে গেলাম, তার বেশী কিছু পেলাম না। তারপরও কিন্তু আমরা আমাদের কর্তব্য ভুলিনি, আমাদের শরীরে বিদেশী মালিকদের অত্যাচারের ক্ষত বহন করতে করতে, সেই মালিকদের আধিপত্য থেকে বিদেশী শোষণ থেকে ট্রামওয়েজকে মুক্ত করতে হবে, জাতীয় অধিকারে নিয়ে আসতে হবে, এই দাবী তুলতে আমরা কোনদিন ভুল করি নি।

[2-20—2-30 p.m.]

১৯৪৪ কি ৪৫ সালে—বছরটা ঠিক আমার মনে নাই, ট্রামওয়ের যে চুক্তি ক্যালকাটা কর্পোরেশন-এর সঙ্গে—প্রথমে কর্পোরেশনের সঙ্গে চুক্তি ছিল, গভর্নমেন্ট তখন মালিক ছিলেন না, তখন কর্পোরেশনের একটা চান্স আসে—চুক্তির সর্ত অনুসারে ট্রামওয়ে কোম্পানীকে কিনে নেওয়া। সেদিন আমি কর্পোরেশনের কাউন্সিলার ছিলাম। বলতে আনন্দ হয় যে, সেদিন কংগ্রেসের কাউন্সিলাররা এবং আমরা কমিউনিস্ট কাউন্সিলাররা সমস্ত পক্ষ মিলে দাবী করেছিলাম হ্যাঁ, এই বিলেতী ট্রাম কোম্পানীকে কিনে নিয়ে কর্পোরেশন তথা কলকাতার জনসাধারণের কর্তৃত্বে নিয়ে আসব। তারই জন্য আমরা সরকারের কাছে অনুমোদন চেয়েছিলাম সেই পরিমাণ ডিবেঞ্চার ফ্লোট করে কর্পোরেশন যাতে টাকা যোগাড় করতে পারে তার অনুমতি দেওয়া হোক। কিন্তু দুঃখের সঙ্গে স্বীকার করতে হয় তদানীন্তন লীগ গভর্নমেন্ট যারা ব্রিটিশ গভর্নমেন্টের অনুগত ছিলেন কর্পোরেশনকে সেই অনুমতি দেওয়ার চাইতে দেশের জনসাধারণের উপর হিন্দু-মুসলমান নির্বিশেষে ব্রিটিশের শোষণের অধিকার থাকুক এটাই তাঁরা শ্রেয় বলে বিবেচনা করেছিলেন, আমরা আশা করেছিলাম—যখন সেদিন শেষ হলো, আমরা এবং বর্তমান বিরোধীপক্ষের আপনারা কংগ্রেস থেকে কমিউনিস্ট পর্যন্ত, ট্রাম শ্রমিক পর্যন্ত সমস্ত মানুষের সমবেত প্রচেষ্টায় যেদিন বিদেশী মালিকের রাজনৈতিক আধিপত্য ও অর্থনৈতিক ভিত্তি খসে পড়লো, দেশে স্বাধীনতা প্রতিষ্ঠা

হলো, আমরা আশা করেছিলাম সেদিন অন্তত যে লড়াই আমরা এক সঙ্গে লড়েছিলাম, যে দাব আমরা এক সঙ্গে উত্থাপন করেছিলাম, সেই লড়াই বিলেতী কোম্পানীর অবলুপ্তির মধ্য দিে রূপ পাবে। দুঃখের সঙ্গে লক্ষ্য করলাম ভূতপূর্ব মুখ্যমন্ত্রী যে বিল নিয়ে এলেন, ট্রামওে পরিচালনা সম্বন্ধে যে চুক্তি হলো, তাতে এমন ক্ষতিপূরণের ব্যবস্থা করা হলো, যার উল্লেখ আমর আগে শৈলবাবু করেছেন, তার ফলে জীবনে কোনদিন এই সরকারের পক্ষে সম্ভব হবে না ট্রামওয়ে কোম্পানী দখল করা। হয়ত সেদিন আমাদের বিধানবাবু ভুল করে করেছিলেন বা হয়ত ভুল বুঝেছিলেন, হয়ত বা ব্রিটিশ মালিকের প্রতি অতিরিক্ত ভালবাসায় দুর্বল হয়েছিলেন, কার যা-ই হোক সেদিন আমরা ট্রাম শ্রমিকরা সাবধান বাণী উচ্চারণ করেছিলাম, আমাদের কর্তব্যে ভুল করি নাই। আমরা সেদিন বলেছিলাম—এই যে চুক্তি হচ্ছে, এটা দাসত্বের চুক্তি, বিলেতী কোম্পানীর সঙ্গে এই চুক্তির ফলে বিলেতী কোম্পানীর স্পর্ধা দিনের পর দিন বাড়বে। আমর যে দাসখৎ লিখে দিয়েছি যে বিলেতী পাউন্ডে সাড়ে ৩৭ লক্ষ টাকা না দিতে পারলে কোম্পানী নিতে পারব না, তা আমরা নিতে পারবো না। আমাদের সাবধান বাণী সেদিন যারা ক্ষমতার গদিতে ছিলেন তা শোনেন নাই। তারপর যে ঘটনা ঘটেছে—যে কথা আজকে রাজেনবাবু বলতে বাধ্য হচ্ছেন (ট্রামের বড় শেয়ার হোল্ডার হওয়া সত্ত্বেও) যে, দিনের পর দিন তাদের গতি বদলাচ্ছে, তাদের স্পর্ধা বেড়ে চলেছে। তার নাকি খুসিমত ট্রামের ভাড়া বাড়াবার অধিকার আছে এবং এই নিয়ে সে সরকারের সঙ্গে ঝগড়া করতেও দ্বিধা করে নি। যে বিধানবাবু গোড়ার দিকে তাদের প্রতি অনুগ্রহ পর্যন্ত দেখিয়েছেন, সেই বিধানবাবু শেষ পর্যন্ত তাদের ব্যবহারে বিরক্ত হয়েছিলেন—সেই ১৯৫৮ কি ১৯৫৯ সালের ধর্মঘটের সময়ে। আজ সেই চুক্তির ফলে এই অবস্থার সৃষ্টি হয়েছে, ট্রামওয়ে কোম্পানীর সাহস বেড়েছে। একটা বিদেশী কোম্পানী, বিদেশী মালিক, যারা আমাদের দেশের সরকারের এবং দেশের মানুষের অনুগ্রহই বলতে পারেন—কিংবা সহ্য করবার ফলে এই দেশে ব্যবসায় করবার অধিকার পেয়েছে, সেই কোম্পানী আজকে বলে—আমাদের অফিসারদের আজকে আমরা মাইনে দেব, আমাদের শ্রমিকদের মাইনে দেব না—যতক্ষণ না আমরা যেটা প্রয়োজন মনে করি, সেই পরিমাণ ভাড়া বাড়াবার অনুমতি দিচ্ছ।

কেন এই কোম্পানী সরকারের কাছ থেকে লোন-এর গ্যারান্টী নিতে রাজী হল না, তা ভেবে দেখা দরকার। আমাদের সরকার এই কথা তো বলেছিলেন—কমিশনের কাছে আমরা তোমাদের ভাড়া বৃদ্ধি প্রস্তাব দেব। প্রকারান্তরে আমাদের সরকারের প্রতিনিধি হিসাবে ট্রান্সপোর্ট মিনিস্টার এই কথা প্রায় বুঝিয়ে দিয়েছিলেন যদি কমিশন রায় দেন, তাহলে গভর্নমেন্ট সম্ভবতঃ এতে আপত্তি করবে না, সেই রায় সরকার গ্রহণ করবেন। কিন্তু তাতেও কোম্পানী সন্তুষ্ট নয় এমন কি তারা ছ সপ্তাহ পর্যন্ত অপেক্ষা করতে পারেনি। সরকার উপযাচক হয়ে বলেছেন তোমার এক মাসের মাইনে দেওয়ার জন্য যে টাকা লাগে তার ওভার ড্রাফট করিয়ে দিতে আমরা প্রস্তুত আছি। কমিশনের রায় দিতে আরো একমাস দেরী হলে তাদের দ্বিতীয় মাসের ওভার ড্রাফট দিতেও সরকার হয়তো প্রস্তুত থাকতেন। তা সত্ত্বেও আজকে সেই কোম্পানী সরকারের কথা মানতে রাজী নয়। মাইনে তাদের শ্রমিকদের না দিলেও তারা ওভার ড্রাফট নেবে না। তাদের এই যুক্তি সম্পূর্ণ খেলো। কমিশন হয়ত ভাড়া বৃদ্ধির সুপারিশ করতে পারে, কিন্তু তারা ভাবছে কমিশনের ভাড়া বৃদ্ধির প্রস্তাব সীমাবদ্ধ হতে পারে তা তারা মানতে প্রস্তুত নয়। কিন্তু কোম্পানী তার নিজের হিসেবমত শতকরা ৫০ ভাগ কিম্বা তার চেয়েও বেশী ভাড়া বাড়াতে চায়। শুধু যে শ্রমিকদের মাইনে বাড়াতে চায় তা নয়, কোম্পানী এক-দুই-তিন করে ডিভিডেন্ট যেটা ঘাটতি রয়েছে, যে টাকা তারা পরিপূর্ণভাবে আদায় করতে পারছে না, তার জন্য তারা দুঃখে, যন্ত্রণায় অস্থির হয়ে পড়েছে, সেই টাকা যাতে পূরণ করতে পারে। কাজেই কোন সরকারের পক্ষেই তাদের এই দাবী গ্রহণ করা সম্ভব নয়। সেই জন্য আমরা যেকথা বলেছিলাম—আমরা ট্রাম শ্রমিকরা সেদিন যে সাবধান বাণী উচ্চারণ করেছিলাম, ভুল করিনি। আজকে সেই সাবধানবাণী যে কতখানি যথার্থ ছিল—এখানে তার প্রমাণ। কিন্তু যারা সেদিন এই দাস চুক্তি সমর্থন করেছিলেন তারা যে আজ অন্ততঃ তার কুফল বুঝেছেন, ট্রামের কর্তৃত্ব নেওয়া দাবিতে আমাদের সঙ্গে ঐক্যবদ্ধ হয়েছেন সেজন্যে আমরা আনন্দিত। আজকে যখন বিপদের দিন এলো, তখন এই ট্রাম শ্রমিকরা এগিয়ে এসেছে যাতে কলকাতার রাস্তায় ট্রাম চলাচলের ব্যবস্থা বন্ধ না হয়ে যায় কোম্পানীর ব্ল্যাক মেলিং ট্যাকটিক্স-এর জন্য। মাইনে না নিয়ে আমাদের ট্রাম শ্রমিকরা গাড়ি

এখন পর্যন্ত চালাচ্ছেন। তাঁরা জানেন না আগামী সপ্তাহের মধ্যে মাইনে পাবেন কিনা! তাঁরা পয়সাওয়ালা লোক নন। মাইনের দিন মাইনে না পেলে পরের সপ্তাহে তাদের রেশন তোলা অসম্ভব হয়ে পড়ে। তাঁরা এসেছিলেন আমাদের কাছে—কোন উপায় সরকার বের করতে পারেন কিনা—যাতে অন্তত কিছু টাকা মাইনে হিসেবে পেয়ে তাঁরা সামনের সপ্তাহে রেশন তুলতে পারেন, তা দিতে পারা যায় কিনা! কিন্তু আমাকে দুঃখের সঙ্গে বলতে হচ্ছে আমরা সেরকম কোন উপায় বের করতে পারি নি। যতক্ষণ পর্যন্ত না এর ম্যানেজমেন্ট আমাদের হাতে আসছে, ততক্ষণ পর্যন্ত টাকা অ্যাডভান্স করা—ঐ পারপাস-এ যা খরচ হবে তার নিশ্চয়তা সৃষ্টি করা সম্ভব হয় নি। তা সত্ত্বেও ট্রাম শ্রমিকরা আজও গাড়ি চালাচ্ছেন এবং তার জন্য দাঁতে দাঁত দিয়ে, কোমরে গামছা বেঁধে আমাদের জন্য তাঁরা কাজ করে চলেছেন।

আর একটা জিনিস প্রমাণ করেছেন এই ট্রাম শ্রমিকরা। ট্রামের পরিচালনা ব্যবস্থায় আমরা শুধু ট্রামগাড়ি চালাই না, আমরা শুধু কন্ডাকটর, মেকানিক্স নই, ট্রাম পরিচালনা সম্বন্ধে কি পলিসি করা প্রয়োজন সে সম্বন্ধে আমরা সবচেয়ে সুযোগ্যভাবে পথ নির্দেশ করছি। যে পলিসিতে কোম্পানীর ব্ল্যাকমেলিং ট্যাকটিক্স আমরা পরাস্ত করেছি সেই পলিসিতেই আমরা ট্রাম চালু রাখতে পারবো, তার যোগ্যতাও আমাদের আছে। আজ এতদিনে বাস্তবে তা প্রমাণ করে বর্তমানে উপস্থিত হয়েছি। কাজেই আমি ট্রাম শ্রমিকদের একজন প্রতিনিধি হিসেবে ট্রান্সপোর্ট মিনিস্টার-এর কাছে আমি এই থার্ড রিডিং-এ একটা অনুরোধ জানাবো যে, এটা থার্ড রিডিং-এ আইন তিনি কিভাবে প্রয়োগ করবেন, সে সম্বন্ধে আমার বক্তব্য উপস্থিত করা সম্ভব তাই আমি বলবো—যদিও তিনি এই আইনের ধারার মধ্যে পরিচালনা বা ম্যানেজমেন্ট সম্বন্ধে কি ব্যবস্থা হবে এক অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ ছাড়া সে সম্বন্ধে কিছু রাখেন নাই। কিন্তু যখন তিনি এই আইনকে কার্যে পরিণত করতে যাবেন, তখন যেন এই ট্রাম শ্রমিকদের কথা তাঁর মনে থাকে। যে ট্রামশ্রমিক ট্রামওয়ে পরিচালনার সবচেয়ে বড় সংকটময় মুহূর্তে ম্যানেজমেন্ট সম্বন্ধে যে চিন্তাশীলতা ও ক্ষমতার পরিচয় দিয়েছেন, সেই ট্রাম শ্রমিকদের ম্যানেজমেন্ট-এর সঙ্গে অ্যাসোসিয়েট করবার একটা ব্যবস্থা তৈরী করবেন—এ বিষয়ে আমি পরিবহণ মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ রাখবো।

[2-30—2-40 p.m.]

এবং সেই আইনের চৌহদ্দির মধ্যে তা করা সম্ভব, সেটা যেন তিনি করেন। আর টাকা পয়সা সম্বন্ধে আমাদের ব্রিটিশ মালিকরা নিজেরা না পেরে তাঁদের সরকারকে টেনে এনেছেন। তাঁদের সরকার দম্ভ করে আমাদের হুমকি দিয়েছেন যে যদি আপনারা এঁদের কথা না শুনে এই বিল পাশ করেন তাহলে আমাদের দেশে ব্রিটিশ ইনভেস্টমেন্ট করতে তাঁরা খুব অসুবিধা বোধ করবেন এই বলে তাঁরা ধমক দিয়েছেন। আমি সবিনয়ে তাঁদের কাছে জিজ্ঞাসা করতে চাই তাঁর কি আমাদের দেশের উপকার করবার জন্য এই দেশে ব্রিটিশ ইনভেস্টমেন্ট করেন, না আমাদের দেশ থেকে মুনাফা সংগ্রহের সুযোগের জন্য এই দেশে ইনভেস্টমেন্ট করেন? কাজেই যতদিন আমার দেশ থেকে তাঁদের মুনাফা সংগ্রহ করবার সুযোগ থাকবে ততদিন তাঁরা ইনভেস্ট করবেন, যেদিন সুযোগ থাকবে না, সেদিন করবেন না। এখনও পর্যন্ত ট্রাম কোম্পানীর এই ঘটনা থেকে, যে কোম্পানী একটা প্রায় অচল অবস্থায় এসে পেঁাছে যাচ্ছিল নিজেদের কৃতিত্বের ফলে, তারই জন্য বাংলা দেশ থেকে পাট কলের বিলাতি মালিকরা, চা বাগানের বিলাতি মালিকরা পাততাড়ি গুটিয়ে বিলাতে চলে যাবেন এইরকম আশঙ্কায়, এইরকম হুমকিতে আমাদের ভয় করবার কোন প্রয়োজন নেই। কিম্বা ট্রাম শ্রমিক হিসাবে আমি বলবো যে দয়া করে যদি তাঁরা বাংলাদেশ থেকে চলে যান তাহলে আমাদের কোন আপত্তি নেই আমরা বরং সুখী হবো। এই বলে এই বিলকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Clifford Hicks: Mr. Speaker, Sir, I would like myself to congratulate the Hon'ble Minister for Transport, Mr. Jyoti Basu, for the courage, boldness and decisiveness with which he has handled a situation in which, I feel, the sense of a challenge has been thrown to us as Indians. I not only congratulate him but I would also like to congratulate all the members of the House for the sense of unity that we have been able to display when we felt that a matter that affects our own national pride is brought under any circumstances into question, and I feel, to speak briefly, that taking

over the management of this Company offers to all of us as Indians a tremendous challenge to show how we can manage such a responsibility with great success and with great benefit to everybody concerned. I believe that if we are to work out a plan which was already suggested by one of the honourable members of the Opposition, of re-routing certain trams then we in Calcutta may yet show to the rest of India that a Tramway Company can function in a big city successfully and with a profit; if all of us are determined as members of this House to influence the travelling public and the citizens of Calcutta to treat the trams properly. Each one of us is individually responsibile to the best of our ability to the Company and particularly to support it as one of the great new responsibilities taken over by a new Government in the interest particularly of the common man who needs this kind and many other types of transport so desperately to come and go from his work. I would once again congratulate Mr. Jyoti Basu on the step that he has taken to bring this as a great measure of help and comfort to all the citizens of Calcutta that have used this Company or used this means of transport for so long and which we perhaps have come to take as part and parcel of our life in Calcutta; we are tremendously proud that we are able to take this step and able to keep the trams working successfully for the people of Calcutta. Thank you.

শ্রীনারায়ণ চন্দ্র চৌধুরী: স্পীকার মহাশয়, আমি প্রথমেই অর্থমন্ত্রী শ্রীজ্যোতি বসু মহাশয়কে অভিনন্দন জানাচ্ছি এই বিল আনার জন্য এবং যেভাবে সুসংযতভাবে তিনি এই সভাতে তাঁর ভাষণ দিয়েছেন তার জন্য আমি তাঁকে অভিনন্দন দিচ্ছি। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে আজকে একথা বলতে হচ্ছে যে মাননীয় সোমনাথ লাহিড়ী মহাশয় শেষকালে যে এই রকম একটা কন্ট্রোভারসিয়াল কথা বলবেন সেটা আমরা আশা করি নি। এজন্য আমরা অত্যন্ত দুঃখিত এবং আমি মনে করি যে তাঁর বক্তৃতার ফলে এক কলসী দুধে এক ফোঁটা গো-চোনা ফেলে দিলে যে অবস্থা হয় সেই অবস্থা হয়েছে। স্বর্গত ডাঃ রায় তিনি যে কাজ করে গিয়েছিলেন দূরদৃষ্টির সঙ্গে যেকথা শ্রদ্ধেয় শৈল কুমার মুখোপাধ্যায় মহাশয় বলেছেন যে ২০ বছরের মধ্যে ট্রাম কোম্পানীকে মাছের তেলে মাছ ভাজার মত তারই রিজার্ভ ফান্ড থেকে তাকে কেনা হয়ে যাবে এবং যেকথার সমর্থনে ডাঃ নলীনাক্ষ সান্যাল মহাশয় বললেন সেখানে অত্যন্ত সুকৌশলে তিনি একটা রাজনৈতিক বক্তৃতা দিয়ে তিনি এইভাবে যে বিধান সভার পরিবেশকে নষ্ট করবেন এটা আমরা আশা করি নি। এই যে চুক্তি ভংগের কথা তিনি বলেছেন এটা অত্যন্ত দুঃখের কথা এবং অত্যন্ত বেদনাদায়ক কথা। আমি আর বক্তৃতা বাড়াতে চাই না, আমরা আজকে যে পরিবেশের মধ্যে এই বিলটাকে এখানে পাশ করাতে চলেছি সেই পরিবেশ অক্ষুণ্ণ থাকুক এটা আমরা চাই এবং সকলে মিলে এক মত হয়ে এই বিলটাকে যখন আমরা পাশ করছি তখন তিনি এইভাবে সভার পরিবেশকে, আবহাওয়াকে তিনি অন্য দিকে নিয়ে যাওয়ার যে চেষ্টা করেছেন তার জন্য আমি তাঁকে কোন রকম নিন্দা করছি না, অত্যন্ত দুঃখ প্রকাশ করছি। তাঁর কাছ থেকে এই রকম ধরণের বক্তৃতা আমরা আশা করি নি এবং দুটো অসত্য ভাষণ এই সভায় করেছেন, একটি অসত্য ভাষণ হচ্ছে ১৯৪২ সালে তিনি বলেছেন, আমরা কংগ্রেসের সঙ্গে সকলে মিলে স্বাধীনতা আন্দোলন করেছি, ১৯৪২ সালে তাঁরা করেন নি। এবং ২নং হচ্ছে ১৯৪৪ সালে লিগ মন্ত্রী সভায় তাঁদের রাখেন নি বলেছেন, তাঁরা তখন লীগ মন্ত্রী সভার পিছনে ছিলেন একথা যেন তাঁরা না ভুলে যান।

Shri Jyoti Basu: The suggestion made by Shri Somnath Lahiri to associate the workers' representatives with the management, after we take it ever, will have to be given effect to because, in the meantime, whilst we are adopting this Bill, the representatives of the Workers' Unions outside have already represented the matter to me along the same line. More than that I do not have anything to say except that at this last moment a member from the Opposition has tried to refute certain points made by Shri Somnath Lahiri from this side. Well, I would only urge upon all the members to forget all the controversies at this moment because much more serious issues are at stake in taking over the management of the company. Therefore, I

have very carefully avoided going into these controversies. I do not thereby say that such controversies are not there, but a time will come, opportunities will arise when we will take up all those issues.

With these words, I commend my motion for the acceptance of the House.

The motion of Shri Jyoti Basu that the Calcutta Tramways Company (Taking over of Management) Bill, 1967, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 33

Total demand Rs. 18,22,16,000

Major Heads: Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial).

[2-40—2-50 p.m.]

Shri Biswanath Mukherjee: On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 13,56,50,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 33, Major Heads: 42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial).

(Rs. 4,65,66,000 has been voted on account).

DEMAND FOR GRANT No. 48

Total demand Rs. 4,74,83,000

Major Head: 98—Capital Outlay on Multipurpose River Schemes—Damodar Valley Project.

Shri Biswanath Mukherjee: On the recommendation of the Governor, I also move that a sum of Rs. 3,16,55,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 48, Major Head: 98—Capital Outlay on Multipurpose River Schemes—Damodar Valley Project.

(Rs. 1,58,28,000 has been voted on account).

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেচ প্রভৃতির জন্য আমি যে সামান্য টাকা মঞ্জুরী করবার জন্য এখানে দাবী রেখেছি তাকে এই আইন সভা মঞ্জুরী দেবেন বলে আমি মনে করি। এই যে টাকাটা চেয়েছি সেটা যৎসামান্য বলে আমি মনে করি, কারণ উন্নয়নের জন্য এর মধ্যে মাত্র ছ' কোটি টাকা আছে। ভুল ব্যয়বরাদ্দে উন্নয়নের জন্য তিন কোটি আশি লক্ষ টাকা ধরা হয়েছিল, তার মধ্যে নোতুন স্কীম ছিল না, সেই পুরান অসমাপ্ত স্কীম ছিল—আমি সেগুলি ত্বরান্বিত করবার জন্য কিছু টাকা চেয়েছি এবং এর মধ্যে আরও কিছু কিছু নোতুন স্কীমও গ্রহণ করেছি—যার জন্য

আরও দুই কোটি বিশ লক্ষ টাকা বেশি চেয়েছি। আপনি জানেন যে পশ্চিমবাংলা খাদ্যে একটি ঘাটতি রাজ্য। সুবৃষ্টি হলে কিছু খাদ্য ঘাটতি হয়, যদি বৃষ্টি একটু খারাপ হয় প্রচুর ঘাটতি হয় এবং সেই ঘাটতির সুযোগ নিয়ে মজুতদার এবং চোরাকারবারীরা তীব্র খাদ্য সংকটের সৃষ্টি করে এবং খাদ্য ঘাটতি পূরণের জন্য আমাদের গিয়ে দিল্লীর দরজায় ধর্ণা দিতে হয়, ভিক্ষা আবার দিল্লীকে বিদেশের কাছে প্রচুর বৈদেশিক মুদ্রা ধার করতে হয় অথবা হয়ত ধার করার জাতীয় স্বাধীনতা এবং আত্মসম্মান ক্ষুন্ন করে যেতে হয়। অথচ আমি মনে করি না যে, পশ্চিমবঙ্গে পাট চাষ বা অন্যান্য অর্থকরী ফসল চাষ বিন্দুমাত্র না কমিয়েও এই খাদ্য ঘাটতি পূরণ করা যায় না। আমি মনে করি পাঁচ-সাত বছরের চেষ্টায় পশ্চিমবাংলার খাদ্য ঘাটতি পূরণ করা যায়। অবশ্য খাদ্য ঘাটতি পূরণের জন্য অনেক পদ্ধতি আছে, যেমন ভাল বীজ বপন করা, ভাল সার, বেশি সার দেওয়া, কৃষককে সাহায্য করা, কৃষককে ভূমিদাসত্ব থেকে মুক্ত করা, ইত্যাদি। কিন্তু আমি মনে করি আমাদের দেশ এত গরীব এবং পশ্চাৎপদ এবং এখানে উৎকৃষ্ট বীজ এবং যথেষ্ট পরিমাণ সার দিয়ে কিছু কিছু সীমাবদ্ধ জমিতে চাষ করলে আমাদের খাদ্য ঘাটতি মিটবে একথা মনে করা ভুল। আমি একথা উদাহরণ দিয়ে বলি—এ বছর মাত্র তিন লক্ষ একর জমিতে উৎকৃষ্ট বীজ বপন করার স্কীম কৃষিদপ্তর নিয়েছে, কিন্তু তার জন্য যে সার দরকার তার অর্ধেক সারও পাওয়া যায় নি। এ ছাড়া উৎকৃষ্ট বীজ এবং বেশি রাসায়নিক সার দিতে হলেও সেখানে নিয়মিত এবং গ্যারান্টীড্ জলসেচ থাকা চাই—তা না হলে দেওয়া যায় না।

এই অবস্থায় জলসেচ সর্বাগ্রে এবং সর্বাধিক প্রয়োজন, যদি আমাদের মতন গরীব দেশকে খাদ্যের ঘাটতি মেটাতে হয়। আমি একথা জোরের সঙ্গে বলতে চাই যে, আধুনিক কৃষি নিশ্চয় আমাদের দেশে কৃষি বিদ্যা প্রয়োগ করা দরকার, কৃষিকে আধুনিক করা দরকার এবং উন্নত করা দরকার, কিন্তু এটা আমাদের যতটা পারি আমাদের সাধ্যে যেটুকু কুলাবে আমরা সেটুকু করবো কিন্তু পুরানো পদ্ধতিতেও চাষ করেও পশ্চিমবাংলার খাদ্য ঘাটতি আমাদের কৃষকরা মেটাতে পারে যদি তারা নিয়মিত জলসেচ পায়। আর উপযুক্ত ঋণ প্রভৃতির সাহায্য পায়, ভূমি সংস্কার হয়। অর্থাৎ আমাদের পশ্চিমবাংলার গড়পড়তা ধানের ফলন এত কম যে একরে আমি দেখেছি এক কোটি ২৫ লক্ষ একরে ধান চাষ হয় এবং কোন কোন জমিতে দুবারও ধান চাষ হয় মাত্র। যদি একরে ছয় মণ করে গড়ে বাড়াতে পারি—বিঘায় দুই মণ, এক একটা জমিতে যেখানে বিঘাতে ৪।৫।৬ মণ হচ্ছে সেখানে দুই মণ কি আমরা বাড়াতে পারি না? বিঘায় যদি দুই মণ ধানের ফলন বাড়াতে পারি তাহলে ১০-১১ বছরের জন্য জনসংখ্যার বৃদ্ধির হিসাব নিয়েও পশ্চিমবাংলার খাদ্যের ঘাটতি থাকে না। একটু সুবৃষ্টি হলে খাদ্য বাড়তে হবে একথা অবিসংবাদী কথা এবং এর বৈজ্ঞানিক ভিত্তি রয়েছে। একথা প্রমাণ করার জন্য আমরা বেশী অবিসংবাদী কথা এবং এর বৈজ্ঞানিক ভিত্তি রয়েছে। একথা প্রমাণ করার জন্য আমার বেশী বক্তৃতা দেবার প্রয়োজন নেই, সুতরাং আমাদের অনেক কিছু চাই, চাষবাসের উন্নতির জন্য কিন্তু আমাদের অভিজ্ঞতা থেকে আমরা জানি আমাদের সর্বাগ্রে প্রয়োজন সেচ, জলনিকাশ, বন্যা নিয়ন্ত্রণ। তার ভেতর দিয়ে চাষকে সাহায্য করা এবং তার ভেতর দিয়ে চাষকে উন্নত করা। কিন্তু খুব দুঃখের সঙ্গে আমাকে বলতে হচ্ছে এদিক থেকে পশ্চিমবাংলা খুব পেছিয়ে আছে। মাদ্রাজ রাজ্যের সঙ্গে, অন্ধ্রর সঙ্গে, পশ্চিম ইউ পি-র সঙ্গে এমন কি মহিশূরের সঙ্গে তুলনা করতে গেলে আমাদের লজ্জা হয়। আমি সেই সমস্ত ফিগার এখানে দিয়ে সময় নষ্ট করতে চাই না। আমাদের সম্বন্ধে আমি বলতে চাই যে, দেখুন যখন দেশ স্বাধীন হয় ১৯৪৭-৪৮ সালে তখন এই সেচ এবং জলপথ বিভাগের অধীনে মাত্র তিন লক্ষ ৭৪ হাজার একরে জলসেচের ব্যবস্থা ছিল। তিন তিনটি পঞ্চবার্ষিকী পরিকল্পনা করেও ১৫ বছরে—আর যদি ১৯৪৭-৪৮ সাল থেকে ধরেন তাহলে কি হয়েছে। যেখানে মাত্র আড়াই ভাগ জমিতে জলসেচের ব্যবস্থা ছিল সেখানে ১৩ লক্ষ ৪৬ হাজার একর জমিকে সেচের মধ্যে আনা হয়েছে। অর্থাৎ ১২·৫ বা ১২॥ ভাগ জমি আজকে আমাদের বিভাগ জল দিতে পারছে। যদি একটু হিসাব করেন, এই ১৩ লক্ষ একর যে বাড়লো তাকে যদি ১৫ বছর দিয়ে হিসাব করেন, পঞ্চবার্ষিকী পরিকল্পনার তার আগের ৪ বছর বাদ দেন তাহলে গড়ে বছরে ৯০ হাজার একরে সেচ দিতে পারছি। এক কোটি ৩৬ লক্ষ একর জমি আমাদের আবাদে আছে। আর ২০ লক্ষ একর জমি আবাদযোগ্য আছে। তাহলে আমি হিসাব করে দেখেছি যে কমপক্ষে ১০০ বছর লাগবে আমাদের বাংলাদেশের আবাদী জমিতে সেচ দিতে। আপনারা কে কে ১০০ বছর পর্যন্ত বাংলাদেশের সেচ ব্যবস্থা

প্রসারিত করার কথা ভাবছেন আমি জানি না, আমি বিশ্বাস করি কেউই তা ভাবছেন না, কেউ কোনদিন এই হিসাবগুলি তলিয়ে দেখেন নি। এইভাবে চলতে পারে না। তিনটে পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে আমরা যতটা আস্তে আস্তে এগিয়েছি এইভাবে কখনই তা চলতে পারে না। আমি দায়িত্বভার নিয়ে কি দেখলাম? মূল যে বাজেট আগের সরকার করে গিয়েছিলেন তাতে ৩ কোটি ৮০ লক্ষ টাকা উন্নয়নের জন্য ধরা হয়েছিল—সেচের বিস্তারের জন্য ধরা হয়েছিল এবং তাতে বলা হয়েছে ১ লক্ষ ১৪ হাজার বিঘা জমি সেচের আওতায় আনা হবে। ভাল কথা, গড় ৯০ হাজারের জায়গায় ১ লক্ষ ১৪ হাজার বিঘা আনা হবে, কিন্তু এটাও খুব কম। জনসাধারণের মধ্যে উল্টো দিকে কি দেখলাম যে অসীম আগ্রহ—আমার রাইটার্স বিল্ডিংএ অফিস দপ্তরে একটা রেজিষ্ট্রি বই আছে তাতে দেখলাম সেখানে সাড়ে তিন হাজার দরখাস্ত রেজিষ্ট্রি করা হয়েছে।

[2-50—3 p.m.]

আমি আসার পর এই চার মাসে এবং আমি জেলায় জেলায় গেছি সেখানে কত হাজার হাজার দরখাস্ত এসেছে আমার কাছে যেগুলিকে আমি একজিকিউটিভ ইঞ্জিনীয়ার সুপারিনটেনডিং ইঞ্জিনীয়ারের হাতে ডিল করার জন্য এই মানুষের মধ্যে অসীম আগ্রহ একটুখানি করে দিন, একটুখানি সেচ একটুখানি জল নিকাশের ব্যবস্থা করে দিন বিশ্বনাথবাবু। ৫।৭ বছর আমরা মাত্র দু মণ করে ধান পাচ্ছি, প্রতি জেলায় একথা শুনতে শুনতে আমার কান্না পেয়েছে যে যেখানে আমাদের দেশের গ্রামবাসীরা বিশেষ করে কৃষকরা সেচ সম্বন্ধে এতো আগ্রহান্বিত সেখানে কতটুকু আমরা তাদের জন্য করতে পারছি। আমি যে দরখাস্ত পেয়েছি তার একটা ক্ষুদ্র অংশকেও গ্রহণ করবার ক্ষমতা রাখি নি—তবে আমি তার ভিতর অনেকগুলি নূতন স্কীম করে ফেলেছিলাম—আমার ইঞ্জিনীয়াররা খুবই সহযোগিতা করেছিলেন এবং অতি অল্প সময়ের মধ্যে তারা ১৫০টা ছোট মাঝারী নূতন স্কীম করেছিলেন -আমি তার মধ্যে ১২০টি অন্তর্ভুক্ত করবার চেষ্টা করতে গিয়েছিলাম—গিয়ে দেখলাম যে ৮ কোটি ১৮ লক্ষ টাকা যদি আমি না চাই উন্নয়ন বাবদ অর্থাৎ ৪ কোটি ৩৮ লক্ষ টাকা যদি বেশী না চাই, তাহলে এটুকুও করতে পারবো না এবং আমি ভেবেছিলাম সেটা আমি চাইবো আপনাদের কাছে এবং তাতে করে পৌনে চার লক্ষ একর নূতন জমি আবাদে আনা যায় অর্থাৎ ইতিপূর্বে একটা সামগ্রিক পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে পরিমাণ চাষে আনা হয়েছে আমি এক বছরের মধ্যে সেটা আনবার চেষ্টা করেছিলাম কিন্তু দুঃখের বিষয় আমাদের গভর্নমেন্টের পক্ষে এই অর্থ সংগ্রহ করা সম্ভব হয় নি। সুতরাং আমি আপনাদের কাছে আরও কম টাকা আজকে চাচ্ছি ২ কোটি ১৮ লক্ষ টাকা আমাকে কমিয়ে দিতে হয়েছে। আপনাদের কাছে ২ কোটি ২০ লক্ষ টাকা অতিরিক্ত চাচ্ছি উন্নয়নের জন্য তার ভেতর দিয়ে ২ লক্ষ একর নূতন জমিতে জলসেচে আনতে পারবো—আনা হচ্ছিল এক লক্ষ তার জায়গায় আনবো দুই লক্ষ, ডবল হোল—কিন্তু এতে আমি একটুও সন্তুষ্ট নয়, এবং আমাদের সদস্য যারা আছে সরকারী পক্ষে বা বিরোধী পক্ষে তাঁরা কেউ সন্তুষ্ট হবেন না। শুনতে ভাল লাগে—কিন্তু কতটুকু করেছি। ছেলে সেকেন্ড হয়েছে, কি থার্ড হয়েছে হয়তো পেয়েছে ১০০ মধ্যে ২৫—১০০ ভিতর ২৫ পেয়েও সেকেন্ড থার্ড হওয়া যায় দঙ্গলের মধ্যে পড়লে কিন্তু তাতে কেউ গর্ব বোধ করতে পারবে না, এবং আমি আপনাদের কাছে যে মঞ্জুরী চেয়েছি তাতে আমি একটুও গর্বিত নই, বরং খুব লজ্জিত। এর মধ্যে একটা কথা আমি জানিয়ে রাখি যে ছাপা বইয়ে আমি বলেছি—তাতে ১ কোটি অতিরিক্ত মাইনর ইরিগেশনের জন্য ধরা হয়েছে কিন্তু তার জন্য অত্যন্ত জরুরী বন্যা নিয়ন্ত্রণ এবং জলসেচ পরিকল্পনায় আমাকে এক কোটি টাকা কমিয়ে দিতে হয়েছে। বাংলাদেশের যে অবস্থা তাতে আমি খুব বিপন্ন এবং এই আইন সভার সামনে একথা বলতে আমি একটুও দ্বিধা বোধ করছি না যে যে সমস্ত জলনিকাশ এবং বন্যা নিয়ন্ত্রণ পরিকল্পনা আমরা হাতে নিয়েছি সেগুলি যদি আমরা ছাঁটাই করতে না পারি তাহলে কিন্তু এক কোটি টাকা মাইনর ইরিগেসন পরিকল্পনার জন্য বাদ দিতে হবে। একমাত্র উপায় আছে গত যে সম্মেলন হয়ে গেল সারা ভারতবর্ষে কৃষি উৎপাদন বিষয়ে সেখানে কেন্দ্রীয় সরকার আরও ২০ কোটি টাকা ভারতবর্ষের সব রাজ্যকে মাইনর ইরিগেসনের জন্য দেবেন বলে বলেন। আমাদের বাংলাদেশের সরকার, আমাদের কৃষিমন্ত্রী

এবং মুখ্যমন্ত্রী তার বাবদ আড়াই কোটি টাকা চেয়েছেন, কি পাবেন জানি না—যদি অন্তত দেড় কোটি টাকা পান তাহলে আমাদের এই মাইনর ইরিগেসন স্কীম ছাঁটাই করতে হবে না এবং আমি জোরের সঙ্গে বলতে পারি যে এই এক বছরের মধ্যে পৌনে চার লক্ষ একর আরও নূতন জমি সেচের মধ্যে নিয়ে আসবো যা গোটা পঞ্চবার্ষিকী পরিকল্পনায় হয়েছে। তাছাড়া কংসাবতী পরিকল্পনার জন্য ১ কোটি টাকা কেটে দিতে হয়েছে। কেন্দ্রীয় সরকার কংসাবতী পরিকল্পনায় আমাদের আড়াই কোটি টাকা সাহায্য দেবেন বলে কথা দিয়েছিলেন কিন্তু ফাইন্যান্স এবং প্ল্যানিং কমিশন রাজী হয় নি। তার জন্য কেন্দ্রীয় সেচমন্ত্রী বিব্রত—আবার সেই টাকা চাওয়া হয়েছে এবং যদি অন্তত এক কোটি টাকা কংসাবতীর জন্য দেন তাহলে সেদিক থেকে আমরা এগিয়ে যেতে পারবো। এগ্রিকালচারে মাইনর ইরিগেশন রয়েছে ৫৫ লক্ষ টাকার, স্মল ইরিগেশনে রয়েছে ৭ লক্ষ টাকা কিন্তু ৭ কোটির কাছাকাছি, সাড়ে ছয় কোটি টাকার মত মোট ধার্য হয়েছে এই সমস্ত ডিপ টিউবওয়েল, লিফ্‌ট ইরিগেসন ট্যাঙ্ক ইমপ্রুভমেন্ট ইত্যাদির জন্য। তার মধ্যে ইলেকট্রিসিটি বাবদ প্রায় আড়াই কোটি টাকা দিতে হচ্ছে—কারণ বহু ডিপ টিউবওয়েল রয়েছে যেগুলিতে পাওয়ার দেওয়া হয় নি এবং তা না দেবার জন্য অসুবিধা হচ্ছে। আমি একটা আশ্চর্য জিনিস দেখলাম আপনারা সকলে জানেন কিনা জানি না—আমি চার মাসের মধ্যে দেখলাম সারা ভারতবর্ষব্যাপী একটা ধারণা যে পশ্চিম বাংলায় কোন বৃহৎ সেচ পরিকল্পনার প্রয়োজন নেই। পশ্চিম বাংলায় কিছু কিছু টিউবওয়েল বসাও, কিছু কিছু ছোট ছোট পরিকল্পনা কর, কেন্দ্রীয় মন্ত্রীর অন্যান্য রাজ্যের মন্ত্রীদের কাছ থেকে শুনে অবাক হয়ে গেলাম। এটা নিশ্চয় আপনারা জানেন যে ক্ষুদ্র সেচ পরিকল্পনা কাজে লাগে যখন বৃষ্টি হয় যখন জল থাকে কিন্তু বৃষ্টি যদি ঠিক মত না হয় তাহলে মাটির নীচ থেকে জল তোলা ব্যয়সাধ্য এবং অত্যন্ত অল্প জমিতে দেওয়া যায়। একটা ডিপ টিউবওয়েল ৬০।৬২ একর জমিতে জল দিতে পারে খুব টেনেটুনে, ১০০ একর জমির মত নিয়ে যেতে পারা যায় যদিও লেখা আছে ২০০ একর জমি—তা কখনও হয় না। এই অবস্থায় এটা নিশ্চয় জানবেন যে বৃহৎ সেচ পরিকল্পনার অত্যন্ত মূল্য রয়েছে। যদি জলাধারে জল রাখা যায় তাহলে কিছু জল সরবরাহ করা যায়। এবং আমাদের বাংলাদেশে সেই রকম পরিকল্পনার স্কোপ যথেষ্ট আছে। আমি কেন্দ্রীয় মন্ত্রীকে বলেছি যে, আপনাদের এই ধারণা সম্পূর্ণ ভুল। আমাদের মালদা দিনাজপুরে ২০ কোটি টাকার একটা পরিকল্পনা করা আছে ইনটিগ্রেটেড প্রজেক্‌ট—তিনটি নদী হিমালয় থেকে নেমে আসছে—অথচ সেখানে জলাভাব। মালদা ডেফিসিট ডিষ্ট্রিক্‌ট হয়ে আছে। পুরানো বাংলাদেশের সভ্যতার জায়গা যে বারেন্দ্র ভূমি সেখানে যদি জলসেচের ব্যবস্থা করতে পারি তাহলে মালদা দিনাজপুরে সারপ্লাস হয়ে যাবে। এমন কি আর একটা প্রজেক্‌ট দুই কোটি টাকায় হয়ে আছে কিন্তু হতে পারছে না, অপর দিকে বীরভূম, পুরুলিয়ায় অনেকগুলি পরিকল্পনা পড়ে আছে যেগুলিকে মোটের উপর বৃহৎ মাঝারী পরিকল্পনা বলা যায়—সেই রকম অনেকগুলি পরিকল্পনা রয়েছে যেগুলি টাকার অভাবে হচ্ছে না। কেন্দ্রীয় সরকার সেদিকে নজর দিচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বিভাগের দায়িত্ব শুধু সেচের দায়িত্ব নয়, জল নিকাশও বাংলা দেশের একটা মস্তবড় সমস্যা। সারা ভারত সম্মেলনে গিয়ে আমি দেখেছি তাঁরা এটা বোঝেন যে আমাদের এখানে কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য সেচ যেমন দরকার, জল নিকাশও তেমন গুরুত্বপূর্ণ। মধ্য বাংলার নদীয়া, ২৪- পরগণার একটা বৃহৎ অংশ, মুর্শিদাবাদ এমন কি আমার মেদিনীপুর, বিশেষ করে সব জেলাতে আছে, বিশেষ করে মধ্য বাংলায় যেখানে জল নিকাশের ব্যবস্থা করতে পারলে পর লক্ষ লক্ষ একর জমি আবাদে আসতে পারে অথবা আবাদ রক্ষা হতে পাবে। আমরা ১৫ কোটি টাকা দিয়ে, মোটের উপর হিসাব করছিলাম, যদি জল নিকাশের ব্যবস্থা করতে পারি তাহলে ১০ লক্ষ একর জমিকে আমরা হয় রক্ষাকরতে পারি এবং সেখানে ফসল ২।৩ গুণ বাড়াতে পারি অথবা উদ্ধার করতে পারি এবং নূতন করে সেখানে ফসলের ব্যবস্থা করতে পারি। আর একটা দায়িত্ব আমাদের রয়েছে সেটা হচ্ছে বন্যা নিয়ন্ত্রণ—আমি উত্তর বাংলা যখন টুর করতে গিয়েছিলাম আমি ভেবেছিলাম বন্যা নিয়ন্ত্রণ মানে আমাদের চাষের জমি চাষীকে গ্রামকে রক্ষা করা। কিন্তু সহরগুলিতে সমস্ত ভদ্রলোক মিউনিসিপ্যালিটি, বার অ্যাসোসিয়েশন সকলে মিলে আমাকে ছেঁকে ধরলেন। আমাদের সহর বিপন্ন—আপনি আমাদের সহর রক্ষা করুন। এক একটা সহরকে যদি রক্ষা করতে হয় আমি দেখলাম যে ৪০।৫০

লক্ষ টাকা থেকে এক কোটি লাগবে। মাথাভাঙ্গা বিপন্ন, যে কোন সময় মাথাভাঙ্গায় যদি দুটো নদী জয়েন করে যায়, সামান্য মাত্র ডিসট্যান্স রয়েছে, তাহলে মাথাভাঙ্গা সহর উড়ে যাবে। কুচবিহার বিপন্ন তাঁরা বলছিলেন আর কিছু না পারুন, আমাদের শ্মশানটাকে রক্ষা করুন তা না হলে চলে যাবে। জলপাইগুড়ির মধ্য দিয়ে ফ্লাড যাচ্ছে সেটাও বিপন্ন। শিলিগুড়ি মালদা দিনাজপুর—আমি দিনাজপুরে গিয়েছিলাম সেখানে বালুরঘাটে কংগ্রেস কমিউনিস্ট, আর এস পি, বাংলা কংগ্রেস এবং অন্যান্যরা সব এক জোটে বললেন দিনাজপুর সহরের এই অবস্থা হয়েছে একে রক্ষা করুন। সুতরাং সহরগুলি গ্রামগুলি রক্ষা করার কথা, অথচ ব্যাপার কি দাঁড়িয়েছে, ব্যাপার দাঁড়িয়েছে বন্যার প্রকোপ আগের চেয়ে বেশী হয়ে গেছে। নদী কোন দিকে যাবে তা কেউ বলতে পারে না। এমনভাবে ফরেস্ট কেটে দেওয়া হচ্ছে। হিমালয় ভুটানে এমনভাবে জঙ্গল সাফ হয়ে গেছে এমনভাবে পাথর মাটি ধসে পড়ছে যে নদী একটুখানি অবস্ট্রাকট্রসন পেয়ে অন্য দিক দিয়ে তেড়ে বেরিয়ে যাচ্ছে। তোরসা নদী কোথা দিয়ে যাবে তা কেউ বলতে পারে না—তিস্তা তোরসা প্রভৃতি বিভিন্ন নদীর এই অবস্থা দাঁড়িয়েছে।

[3—3-10 p.m.]

তিস্তা, তোরসা প্রভৃতি নদীর এই অবস্থা হয়েছে, আপনারা বলবেন এ অবস্থা দাঁড়িয়েছে এটা ইঞ্জিনীয়ারদের দোষ, আমি বলবো তাদের দোষ নেই, সমস্ত বড় বড় ইঞ্জিনীয়ার বহু দিন ধরে তদন্ত করে একটা মাণ্টার্ড প্ল্যান তৈরী করেছেন কেন্দ্রীয় সরকারের তত্বাবধানে ২৪০ কোটি টাকায় একটা মাণ্টার্ড প্ল্যান। ২৪০ কোটি টাকা শুনে অবাক হয়ে যাবেন। যেটার দরকার নেই মাত্র ২০ কোটি টাকা পেলে তার ফাস্ট ফেজ কমপ্লিট করা যায় কিন্তু আমি যখন একথা তুললাম কেন্দ্রীয় সেচমন্ত্রীর কাছে তিনি বললেন মুখার্জি একথা তুলো না অর্থাৎ

They are not prepared to touch this plan

লম্বা চিমটে দিয়েও ধরতে রাজী নয়, বাংলাদেশের সমস্যা কি শুধু সেচ? যদি আমার ৫টা ডিস্ট্রিক্ট যদি ভেসে যায় তাদের যদি ডিফেন্ড না করতে পারি চাষবাস, ঘরবাড়ী— এমন কি সহর পর্যন্ত সে কথা তারা বুঝছেন না এবং এই বন্যা নিয়ন্ত্রণের প্রোগ্রাম তারা নিচ্ছেন না তা ছাড়া আমি সেটা সবচেয়ে বেশী অনুভব করি। ফারাক্কা, ফারাক্কা বলে এত কথা উঠেছে কেন ভাগীরথী মজে যাবে বলে, ভাগীরথীও মজে যাচ্ছে, বাংলাদেশের কোন নদী মজে যাচ্ছে না বলুক। মাতঙ্গী, চূর্ণী, বিদ্যাধরী ইত্যাদি শেষ হয়ে গিয়েছে। পশ্চিম বাংলার বুনিয়াদ যেমন দামোদর, সরস্বতী, যমুনা সমস্ত নদী আজ মজে যাচ্ছে। এ নদীর পুনরুদ্ধার করবার কোন পরিকল্পনা বলতে পারবো না? কলকাতা মহানগরী বিপন্ন হলে গঙ্গা থেকে জল এনে কোন প্রকারে ভাগীরথীকে রক্ষা করবার জন্য একটা ফরাক্কা পরিকল্পনা অনেক কষ্টে হয়েছে। সরকার যদি নিয়মিত টাকা দিয়ে যান আমি আপনাদের গ্যারাণ্টি দিতে পারি যে ১৯৭১-৭২ সালের মধ্যে ফরাক্কা পরিকল্পনা কমপ্লিট হয়ে যাবে। অবশ্য সেখানে শ্রমিকদের অসন্তোষ আছে, স্ট্রাইক যদি না হয়, যদি শ্রমিকদের সন্তুষ্ট রাখতে না পারি এবং তারা যদি স্ট্রাইক না করেন গঙ্গার মধ্যে যখন কাজ হবে তখন যদি স্ট্রাইক করে একদিনে কোটি কোটি টাকা নষ্ট হয়ে যাবে। এমন কি যে জিনিষ তৈরী করবে তা ব্রকগ্রোন আপ হয়ে যেতে পারে। আমি বলতে পারি গঙ্গায় যে ধরণের ব্যাপার করা হচ্ছে ৮০ ফুট গভীরতা করা হয়েছে। গঙ্গায় এক এক সময়েতে তার নীচের থেকে একবারে শুকনা করে দিয়ে তৈরী করা হচ্ছে। যখন আমরা মাঝের দিকে ক্রমে যাচ্ছি এটা একটা ডেনজারাস ওয়ার্ক অ্যান্ড রিস্কি ওয়ার্ক। তাতে যদি সকলে রক্ষা করি শ্রমিকরা যদি সহযোগিতা করে আমরা তাদের সন্তুষ্ট করেছি, এসব করে যদি পারি তাহলে ফারাক্কা কমপ্লিট হবে, প্ল্যান ফারাক্কা হলেই হবে না। তার সঙ্গে একটা ছয় কোটি টাকার পরিকল্পনা পোর্ট কমিশনার তৈরী করেছে কেন্দ্রীয় সরকারের তত্বাবধানে ভাগীরথী নদীতে ট্রেনিং দেবার জন্য, ভাগীরথী নদীকে সেকসানিং করবার জন্য এবং কলকাতায় পলি যাতে কম আসে ন্যারো হয় এ যদি কেন্দ্রীয় সরকার কার্পণ্য না করেন, এ প্রোগ্রাম যদি গ্রহণ করেন ভাগীরথী বাঁচবে। তারপরে বাকি নদীর কি হবে। আমরা আপার দামোদর, নিম্ন দামোদর এর জন্য একটা পরিকল্পনা করেছি, ৭।৮ কোটি টাকা তার জন্য খরচ হবে। এবারে করবার চেষ্টা করেছিলাম কোন রকমে সঙ্কুলান পাচ্ছি না তবু তার মধ্যে কিছুটা করবার চেষ্টা করবো।

তারপর রূপনারায়ণ, জলঙ্গী, চুর্নী পড়ে আছে। সুতরাং এগুলো আমাদের একটি ইনডিপেন্ডেন্ট কাজ, এসব আমাদের করতে হবে, তাছাড়া আমাদের সমস্যার অন্ত নেই। এই যে সুন্দরবন অঞ্চল, উত্তর বঙ্গ যেমন বিশিষ্ট অঞ্চল, লোনা জলে বাঁধ ভেঙ্গে যায়। আজকে আমি টেলিগ্রাম পেলাম যে সুন্দরবন ভেঙ্গে যাচ্ছে। টেলিগ্রাম পেলাম আলিপুর দুয়ার বাঁধ ভেঙ্গে যাচ্ছে। বাঁধ রক্ষা করতে হবে, তার টাকা কই? সুন্দরবনে বাইশ শত মাইল বাঁধ আমাদের গভর্নমেন্টের হাতে এসেছে জমিদারী প্রথা লোপ পাবার পর। জমিদাররা এত ছোট এত দুর্বল বাঁধ তৈরী করেছিলেন যদি এগুলি ইরিগেশন স্ট্যান্ডারডএ আনতে হয় নয় কোটি টাকা দরকার। কে দেবে? বৎসর বৎসর ভাঙ্গছে। গ্রীষ্মে জোয়ারে ভাঙ্গছে কে দেবে? বর্ষাকালে ভাঙ্গছে তাছাড়া যদি বরাবরের জন্য সুন্দরবনকে রক্ষা করতে হয় সমগ্র অঞ্চলে এই সল্ট লোনা নদীগুলিকে মুখ বন্ধ করে চাষবাস বেঁধে দিয়ে একটি মেন স্রোতকে খুলে রেখে সমগ্র জায়গা থেকে মিষ্টি জলের এবং উন্নত জমিতে পরিণত করা যায় তা হলে তা পারা যাবে কিন্তু তার জন্য আমরা একটা প্ল্যান কমপ্লিট করেছি। এবং ৭০ কোটি টাকার উপরেই প্ল্যান, চমকেই উঠবেন না, তার প্রথম পর্যায়ের কাজ ১৮ কোটি টাকা হলে হবে। ১ লক্ষ ২৫ হাজার একর জমিতে বরাবরের জন্য লোনা জল ঢোকা বন্ধ করতে পারব। সুইট ওয়াটার লেকে পরিণত করতে পারব এবং খাদ্যোৎপাদন নয় ১, ২।৩টা ফসল করতে পারব, এনটায়ার ইন্ডাষ্ট্রী পর্যন্ত দরকার হলে হতে পারবে, নানান জিনিষ হতে পারবে। কিন্তু এইসব পরিকল্পনার কথা কেন্দ্রীয় সরকার ভাবেন না। যখন আমরা তাদের বলি তখন তারা হাসেন, তা ছাড়া আর একটা যে পরিকল্পনা আমরা করেছি তাতে আমাদের জলের যে রিসোর্স আজকে আমাদের বাংলাদেশে জলের কি রিসোর্স কতটা সারপ্লাস ওয়াটার এর হিসাব নেওয়া হয় নি। আমাদের ইনজিনিয়াররা মোটের উপর সারপ্লাস ওয়াটারএর রিসোর্সএর একটা হিসাব করে নিয়েছেন। সাব সয়েল ওয়াটারের রিসোর্স কৃষি বিভাগের অধীনে অনুসন্ধান চলেছে। সার্ভেয়াররা আমাদের সাহায্য করছেন, তারা বলেছেন দুই বৎসরের মধ্যে সমাপ্ত হবে। মনে করি আরও তাড়াতাড়ি সমাপ্ত করা যায়। আমরা তার জন্য চাই ওয়াটার রিসোর্স কি আছে তা জানতে। আমরা এসমস্ত পরিকল্পনা করছি। আমরা এলোপাতাড়ি কিছু করছি না, আমি বিশ্বনাথ মুখার্জী, আমি একটা জায়গা থেকে নির্বাচিত হয়েছি। আমাকে এসে একজন বললেন যে খাল কবে দেবেন আমি করে দিলাম। এইভাবে এলোপাতাড়ি পরিকল্পনা চলতে পারবে না। সেইজন্য আমি ঠিক করেছি রিয়েল প্ল্যানিংএ করতে হবে এবং তা যদি করতে হয় তাহলে মাস্টার্ড প্ল্যান করতে হবে। মাস্টার্ড প্ল্যান করবার জন্য সরকারী, বেসরকারী এবং বিজ্ঞানীদের নিয়ে একটা কমিশন করবো। তারা খুব শীঘ্র এক বৎসর অথবা ছয় মাসের মধ্যে একটা মাস্টার্ড প্ল্যান রচনা করে দেবেন এবং সেই মাস্টার্ড প্ল্যানের ভিত্তিতে আমরা পরিকল্পনার মধ্য দিয়ে অগ্রসর হতে পারব, আর একটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব। আমি যদি ছয় মাসের মধ্যে না পারি তাহলে পরের বৎসর আমাকে আপনারা গ্রান্ট দেবেন না। এখন কথা হল এছাড়া জল সরবরাহের কতকগুলি কাজ আছে সেই কাজ সি এম পি ও কলকাতা শহরে এবং তার আশেপাসে জল নিকাশের জন্য সাতটি পরিকল্পনা করেছেন। তারা টাকা দিয়ে আমাদের সেখানে কাজের ভার দিয়েছেন। আমরা সেখানে পরিকল্পনা কার্যকরী করবার চেষ্টা করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এ সম্বন্ধে আমার আরও যে বক্তব্য মাননীয় সদস্যদের আলোচনা শুনে পরে তা বক্তব্য রাখব। অনেকে কংসাবতীর কথা আমাকে বলেছেন। আমাদের টাকা না দেওয়ার আজ কুমারী নদীর এই অবস্থা হয়েছে। আজকে নদীর উপর সব বাঁধ নেই খালি কংসাবতীর উপর বাঁধ হচ্ছে। কংসাবতীর যে প্রোটেনসিয়াল সাড়ে তিন লক্ষ তাতে চাষে আনা যাচ্ছে না কারণ এরূপ চ্যানেল হয় নি। এবং টাকার অভাব ও সেন্ট্রাল গভর্নমেন্ট ওয়াটার এবং পাওয়ার কমিশন তারা নিজেরা দেখে গিয়েছিলেন ইমিডিয়েট আড়াই কোটি দেবার কথা নিতান্ত এক কোটি ৩৮ লক্ষ টাকা দাও। কিন্তু সে টাকাও আমরা পাই নি। এবার আমারা বলব যদি টাকা পাই তাহলে তা আমরা কমপ্লিট করতে পারবো এবং এটা কমপ্লিট করতে পারলে আট লক্ষ একর বেশী জমিতে শস্য হবে, রবি শস্য উৎপন্ন হতে পারবে এক লক্ষর উপর জমিতে। আশ্চর্যের বিষয় ১৯৫১-৫২ সালে তিনটি পরিকল্পনা আইডিয়া এসেছিল। পরিকল্পনা তৈরী করা হয়েছিল। ১৯৫৫-৫৬ সালে একটা এ্যাড হক বেসিসএ তখনকার বাংলা সরকার কাজ আরম্ভ

করে দিয়েছিলেন—আমাদের প্‌র্বতম সেচমন্ত্রী বর্তমান যিনি ম্‌খ্যমন্ত্রী তিনি সে কাজ আরম্ভ করেছিলেন আমি তাঁকে সেজন্য ধন্যবাদ দেব। তিনি এ্যাড হক গ্রান্ট থেকে কাজ আরম্ভ করেছিলেন, সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে সাহায্য পান নি। সেন্ট্রাল গভর্নমেন্টএর প্ল্যানিং কমিশন তখন বলেছিলেন যে পশ্চিম বাংলায় কোন বড় রকম পরিকল্পনার দরকার নেই। তারপর ১৯৬৩ সালে তারা এটাকে রেকগনাইস করলেন। কাজ ঘ্‌রিয়ে চলেছে এসব লজ্জার কথা। ১৯৫৬ সাল থেকে ১৯৬৭ সাল এত বছর চলে গেল জমিতে তারা জল দিতে পারলেন না। এক লক্ষ একর জমিতে বর্তমানে জল দেওয়া হচ্ছে এবারে ৩০।৪০ হাজার একর বেশী দিতে পারব এবং যা প্রোগ্রাম নিয়েছি তাতে দ্‌ই লক্ষ একরে জল দিতে পারব। কিন্তু এই হচ্ছে আজ আমাদের অবস্থা। আমি এই কথা বলতে চাই যে আমাদের সরকার পক্ষ ও বিরোধী পক্ষ সকলে মিলে চেষ্টা করলে আমরা এর সমাধান করতে পারব। আমাদের বাংলাদেশে যে ঘোরতর খাদ্য সংকট তার আমরা সমাধান করতে পারব। আমাদের ১, ২ এবং ৩ বৎসর সময় লাগবে এই সব জলসেচের ব্যবস্থা করবার জন্য। কিন্তু আমাদের টাকা তারা দেবেন না। গণ্ডকের কাজ করবার জন্য ৫০ কোটি টাকার কথা তারা বলেছেন। আমি বলেছিলাম, আমাদের এখানে বড় সেচ পরিকল্পনা ২০ কোটি টাকার উপর সে সমস্ত পরিকল্পনা তা সেন্ট্রাল স্পনসর্ড করে নিয়ে নিন তাদের হাতে, আমাদের তাতে আপত্তি নেই। আমরা বলেছি আপনারা টোটাল হাতে নিয়ে কর্‌ন কিন্তু তাদের কোন উচ্চবাচ্চ নেই।

[3-10—3-40 p.m.]

আমি বলেছিলাম আপনারা টোটালি হাতে নিয়ে কর্‌ন। কিন্তু তাতে কোন উচ্চবাচ্চ নেই, দিজ আর ট্র্‌। বাংলাদেশের সেচের উন্নতির জন্য, কৃষি উৎপাদন ব্‌দ্ধির জন্য কেন্দ্রীয় সরকারকে অর্থ সাহায্য করতে হবে এবং তার জন্য বাংলাদেশের পক্ষ থেকে আমরা ইউনাইটেডলি সে দাবী করব বলে আমি বিশ্বাস করি। তাতে ভারতবর্ষের বহ্‌ উপকার হবে কেন্দ্রীয় সরকারের অনেক টাকা বাঁচবে। আমরা দ্‌ঃখ কষ্ট লজ্জা, অপমান লাঞ্ছনার হাত থেকে রক্ষা পাব এবং ভারতবর্ষও রক্ষা পাবে। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি খ্‌ব বিনয়ের সঙ্গে বলছি যে যতট্‌কু কাজ আমরা করছি তা অতি যৎকিঞ্চিত, বাংলাদেশে যা প্রয়োজন তার একটি ফ্রিঞ্জেও টাচ করতে পারি নি। এই আমি আপনাদের কাছে অত্যন্ত বিনয়ের সঙ্গে বলছি, যে সামান্য মঞ্জ্‌রী চেয়েছি সেই মঞ্জ্‌রী দিলে পরেও বাংলাদেশের সেচ সমস্যার কোন সমাধান হবে না। কিন্তু তব্‌ও তার ভিতর দিয়ে অন্ততঃ যদি বাংলাদেশে আরো দ্‌ই লক্ষ একর জমিতে সেচের ব্যবস্থা হয়, কিম্বা পৌনে চার লক্ষ একর জমিতে সেচের ব্যবস্থা হয় তাহলে তাতে বাংলাদেশের বহ্‌ কৃষক বাঁচবে সেচ বাঁচবে, আবো ফসল ব্‌দ্ধি পাবে এবং তাতে আমরা আরো অনেকখানি এগিয়ে যেতে পারব। সেই জন্যই আমি এই সামান্য মঞ্জ্‌রী চেয়েছি। আমি আর পাঁচ মিনিটের মধ্যে একটি কথা বলে আমার বক্তব্য শেষ করব। ডি ভি সির ব্যাপার সম্বন্ধে আপনারা সবাই জানেন। কিন্তু তব্‌ও আমি এই ডি ভি সির ব্যাপার সম্বন্ধে নতুন ২।১টি কথা আপনাদের জানিয়ে দিই, হয়ত খবরের কাগজে ট্‌কিটাকি পড়ে থাকবেন। সেটা হচ্ছে এই, ডি ভি সি ডিসমেম্বার করবার জন্য ন্‌তন একটি প্রস্তাব অনেক দিন ধরে অপেক্ষা করে। প্রাক্তন সবকার প্রথমে রাজী হয়েছিলেন, পরে শেষের দিকে অরাজী হন। তারপরে আমরা আসবার পর আমাদের ডেকে নিয়ে কেন্দ্রীয় সরকার বলেন যে, যেভাবে ভাগাভাগি হয়ে গেছে সেইভাবেই ক্যাপিটাল ভাগ হয়ে যাক। অর্থাৎ ইলেকট্রিসিটির ব্যাপারে বাংলা সরকার, বিহার সরকার এবং কেন্দ্রীয় সরকারের শেয়ার থাকবে আর সেচের শেয়ার সম্প্‌র্ণর্‌পে বাংলা সরকারকে ভাগ করে দিয়ে দেওয়া হবে এবং ফ্‌লাড কন্ট্রোল কেন্দ্রীয় সরকারের সঙ্গে আমাদের আধাআধি হবে এবং এ্যাফরিষ্‌টেশন হবে বিহারে, এইভাবে তাঁরা করতে চেয়েছেন। এতে বিহার এবং আমরা একযোগে আপত্তি করছি। কারণ, স্বাধীন ভারতের এই রকম একটা প্রথম সংগঠন মাল্টি পারপাজ প্রোজেক্‌ট, তাকে এইভাবে ভেঙে ট্‌করো-ট্‌করো করে দেওয়া উচিত হবে না। আমরা ম্যানেজমেন্ট নিয়েছি সেচের ব্যাপারে এবং তাতে আমাদের লস হচ্ছে। আমরা যা পাই এবং আমাদের যা খরচ করতে হয় তাতে প্রায় দ্‌ই কোটি টাকার মত সেচে লস হবে। এবং স্‌দ প্রভৃতি বাবদে সে টাকা আমরা দিতে পারছি না। আমরা যে ট্যাকস পাই তা থেকে ডেভেলপমেন্ট, মেনটিন্যান্স ইত্যাদি কোন রকমে করে চলেছি। ইলেকট্রিসিটি থেকে যে প্রচুর লাভ হয় সেখানে সামগ্রিকভাবে যদি এই পরিকল্পনা

না থাকে তাহলে ভবিষ্যতে বাংলাদেশের পক্ষে এবং বিহারের পক্ষে খুব বিপদ আছে। সেই জন্য আমরা দুজনে একত্রে বিরোধিতা করেছি। যার ফলে সাসপেন্ডেড হয়ে আছে। এই ইলেকট্রিসিটি সম্বন্ধে আমি আর একটি কথা বলতে চাই। চন্দপুরাতে আর একটি ইউনিট বসাবার জন্য এবং তার লাইন করবার জন্য ২৭কোটি টাকা দরকার হবে এবং সেটা আমাদের কনফারেন্সে ঠিক হয়েছিল, তারপরেও প্ল্যানিং কমিশন আটকে দিয়েছেন। কেন আটকে দিয়েছেন? না, বাংলা সরকার নয় কোটি টাকা দেবে বলুন, বিহার সরকার নয় কোটি টাকা দেবে বলুন। অথচ কথা আছে ওয়ান থার্ড, ক্যাপিটাল ইনভেস্টমেন্ট সেন্ট্রাল গভর্নমেন্ট এ্যাডভান্স করবে। সুতরাং এবারে গিয়ে পরিষ্কারভাবে জানিয়ে এসেছি যে আপনাদের এটা এ্যাডভান্স করতে হবে এবং এই ২৭ কোটি টাকার প্রোগ্রাম আটকে থাকবে না, কেন্দ্রীয় সেচ বিদ্যুৎ মন্ত্রী বলেছেন আমি এটা নিয়ে মুভ করব। ডি ভি সির অনেক সমস্যা আছে। সে নিয়ে এখন আলোচনা করবার দরকার নেই। সেখানকার যারা কর্মচারী তাদের একদিনের স্ট্রাইকের ওয়েজ আটকে ছিল, আমরা খুব স্ট্রংলি রেকমেন্ড করে দিয়ে দিতে বলেছি। তাদের ইউনিয়ন রেকগনাইজড ইউনিয়ন আছে। ইঞ্জিনীয়ারিং অ্যাসোসিয়েশান রেকগনাইজ ছিল না, তারাও রেকগনাইজড হয়েছে। আর ডি ভি সির চেয়ারম্যান আমাদের বাংলা গভর্নমেন্ট এখনও পর্যন্ত বাঙ্গালীর দাবী হিসাবে নয়, আমরা তার চেয়ারম্যান আজ পর্যন্ত কখনও পাই নি। যদিও একজন বাঙ্গালী চেয়ারম্যান হয়েছিলেন, কিন্তু তিনি বিহার গভর্নমেন্টের চীফ সেক্রেটারী ছিলেন। তিনি ১৯৪৮ সালে চেয়ারম্যান হয়েছিলেন। কেন চেয়ারম্যান আমরা পাই নি সেই জন্য আমি বাঙ্গালী হিসাবেই বলছি না—আমি এই কথা বলছি যে আজকে ডি ভি সির যা অবস্থা তাতে একজন ইঞ্জিনীয়ারকে চেয়ারম্যান করা দরকার। রাঘবচারীর প্রতি আমার কোন অভিযোগ নেই। তিনি খুব ভাল এ্যাডমিনিস্ট্রেটর হতে পারেন, কিন্তু একজন ইঞ্জিনীয়ারেরই চেয়ারম্যান হওয়া দরকার। সেই হিসাবে আমরা একজন বাঙ্গালী ইঞ্জিনীয়ারের কথা কেন্দ্রীয় ওয়াটার পাওয়ার কমিশন, চেয়ারম্যান, থারম্যাল সেকসান, তাঁকে বলেছিলাম। কারণ, আমাদের চীফ ইঞ্জিনীয়ার মিঃ চক্রবর্তী, তাঁর সুনাম সারা ভারতবর্ষেই আছে অথচ তাঁরা সেটা গ্রহণ করতে পারেন নি। বাংলা সরকার হিসাবে আমাদের সে দাবী রয়েছে এবং আমাদের এ্যাসিওরেন্স দিতে হবে। কারণ যেখানে শতকরা ৫০ ভাগ টাকা বাংলার নামে ধার, আর বাকি দুই গভর্নমেন্ট মিলিয়ে দেয় ৫০ ভাগ, সেখানে আজকে ১৯৪৭-৪৮ সাল থেকে ১৯৬৭ সাল পর্যন্ত এই ২০ ইয়ারসের মধ্যে বাংলাদেশের একটি কেডারে বাঙ্গালী অথবা অন্য রাজ্যে সেন্ট্রাল গভর্নমেন্ট কেডারে চেয়ারম্যান হতে পারবে না বাঙ্গালী ডি ভি সিতে, যদি তাঁর সম্পূর্ণ যোগ্যতা থাকে হাইড্রলিক ইঞ্জিনীয়ার হিসাবে অথবা থারম্যাল ইঞ্জিনীয়ার হিসাবে তাহলে কেন হতে পারবে না, এ যুক্তি আমি বুঝি না এবং ও'দের প্রেসার আমরা দিয়ে যাব। আপনারা সকলেই আমায় সমর্থন করবেন বলে আশা করি এবং নেভিগেসান সম্বন্ধে আমি পরে বলবো, এই ক'টি কথা বলে আমার ব্যয় বরাদ্দ আপনাদের সামনে রাখলাম আপনারা মঞ্জুর করবেন। এতে ঝগড়া ঝাঁটির কোন ব্যাপার নেই, ঝগড়া করলে এক সাথে সেন্ট্রাল গভর্নমেন্টের সঙ্গে ঝগড়া করি আসুন। এই কথা বলে আমি আবার আপনাদের কাছে অনুরোধ করছি যে আপনারা এটা মঞ্জুর করবেন।

(At this stage the House was adjourned for 20 minutes.)

DEMAND FOR GRANT No. 43

Total Demand—Rs. 2,49,71,000

Major Head: 71—Miscellaneous—Contributions

[3-40—3-50 p.m.]

Shri Somnath Lahiri: Sir, on the recommendations of the Governor, I beg to move that a sum of Rs. 1,66,48,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 43, Major Head: 71—Miscellaneous—Contributions.

(Rs. 83,23,00 has been voted on acount.)

শ্রীসোমনাথ লাহিড়ীঃ প্রস্তাবিত এই বরাদ্দ ৮৩,২৩,০০০ টাকা ইতিপূর্বে গত মার্চ মাসে অন্তর্বর্তিকালীন ব্যয় মিটাইবার জন্য বিধান সভায় মঞ্জুর করিয়াছিলেন। এই শীর্ষক এর অন্তর্গত মোট অনুদানের (ভোটে গৃহীত) মধ্যে ১,৪৯,৩৪,৮০০ টাকা স্থানীয় স্বায়ত্তশাসন বিভগের সহিত সম্পর্কযুক্ত। প্রস্তাবিত মোট অনুদানের বাকি ১,০০,৩৬,২০০ টাকা অপর কয়েকটি বিভাগের সহিত সম্পর্কযুক্ত। এইখানে মঞ্জুরীকৃত অর্থ প্রধানতঃ স্থানীয় স্বায়ত্তশাসন মূলক সংস্থাগুলিকে বিভিন্ন উদ্দেশ্যে সাহায্য হিসাবে প্রদত্ত হইয়া থাকে। কলিকাতা ও চন্দননগর পৌরমহাসভা, দুর্গাপুর ও কল্যানী বিজ্ঞাপিত এলাকা কর্তৃপক্ষ (নোটিফায়েড এরিয়া অথারিটি), কোচবিহার জেলার ৫টি টাউন কমিটি ও অন্যান্য জেলার ৮৭টি পৌরসভাসহ শহরাঞ্চলীয় স্থানীয় সংস্থাসমূহের মোট সংখ্যা বর্তমানে ১৬। গ্রামাঞ্চলের ক্ষেত্রে ১৫টি জিলা পরিষদ ৩২৫টি আঞ্চলিক পরিষদ, ২,৯২৬টি অঞ্চল পঞ্চায়েত এবং ১৯,৬৬২টি গ্রাম পঞ্চায়েত। প্রস্তাবিত অনুদানের ভিত্তিতে যে সমস্ত ব্যয় হইবে এখন আমি তাহার প্রধান প্রধান দফাগুলি সম্বন্ধে আলোচনা করিতেছি। (চ) স্থানীয় সংস্থাগুলির (কলিকাতা পৌরমহাসভা ও জিলা পরিষদ প্রভৃতি ব্যতীত) কর্মচারীগণের মহার্ঘ ভাতা দিবার জন্য অনুদান ৪৬,২৫,০০০ টাকা।

স্থানীয় সংস্থাগুলির কর্মচারিদের মহার্ঘভাতা দিবার উদ্দেশ্যে কতকগুলি নির্দিষ্ট হারে সরকারী সাহায্য দেওয়া হয়। এইখানে ১৯৬৫-৬৬ সালে মোট ব্যয়ের পরিমাণ ছিল ৪৬,১৬,৬২৬ টাকা, ১৯৬৬-৬৭ সালের সংশোধিত হিসাব ৪৬,২৫,০০০ টাকা এবং বর্তমান বৎসরে প্রস্তাবিত বরাদ্দ ৪৬,২৫,০০০ টাকা।

(২) কলিকাতা পৌর মহাসভার কর্মচারীদের মহার্ঘভাতা বাবদ খরচের জন্য বকেয়া অনুদান ১,০০,০০০ টাকা।

১৯৬৫-৬৬ সালের প্রকৃত ব্যয় ৫,৬৫,৮৫৩ টাকা, ১৯৬৬-৬৭ সালের সংশোধিত হিসাব ৭,৩০,০০০ টাকা এবং বর্তমান বৎসরে বরাদ্দ ১,০০,০০০ টাকা।

১৯৬৪-৬৫ সাল হইতে মূল বেতনের সহিত মহার্ঘভাতা সংযোজিত হইবার পূর্বে কলিকাতা পৌরমহাসভাকে তাহাদের কর্মচারীদের এই মহার্ঘভাতা দিবার উদ্দেশ্যে যে ব্যয় করিতে হইত, তাহার ৮০ শতাংশের সমান সরকারী অনুদান সরকারী হিসাব নিরীক্ষার পরে প্রকৃত ব্যয়ের ভিত্তিতে হিসাব পরীক্ষাসাপেক্ষে দেওয়া হইত। এই খাতে যে ব্যয়-বরাদ্দ ধরা হইয়াছে তাহা ১৯৬১-৬২ হইতে ১৯৬৩-৬৪ সাল পর্যন্ত বৎসরগুলির ব্যয়ের পরীক্ষিত হিসাবের ভিত্তিতে কলিকাতা পৌরমহাসভার প্রাপ্য বকেয়া সরকারী অনুদান হিসাবে দিবার প্রয়োজনেই রাখা হইয়াছে।

(৩) ন্যূনতম বেতন আইন কার্যকরী করার জন্য স্থানীয় স্বায়ত্তশাসন সংস্থাগুলিকে অনুদান ১৪,২০,০০০ টাকা।

১৯৬৫-৬৬ সালের প্রকৃত ব্যয় ১৪,২০,৫০০ টাকা, ১৯৬৬-৬৭ সালের সংশোধিত হিসাব ১৪,২০,০০০ টাকা এবং বর্তমান বৎসরের বরাদ্দ ১৪,২০,০০০ টাকা।

ন্যূনতম বেতন আইন অনুসারে নির্ধারিত ন্যূনতম বেতন প্রদানে সক্ষম হওয়ার জন্য কলিকাতা পৌরমহাসভা ও হাওড়া পৌরসভা ব্যতীত অন্যান্য সকল পৌরসংস্থাগুলিকে এই অনুদান দেওয়া হইয়া থাকে। প্রতি পৌরসংস্থাকে যে অর্থ দেওয়া হয়, তাহা ন্যূনতম বেতনের সংশোধিত হার অথবা অনুরূপ শ্রেণীর সরকারী কর্মচারীদের যে হারে বেতন দেওয়া হয়, সেই হার উভয়ের মধ্যে যাহা ন্যূন, সেই অনুযায়ী বেতন বৃদ্ধির জন্য যে অতিরিক্ত অর্থের প্রয়োজন তাহার দুই-তৃতীয়াংশের সমান।

(৪) কলিকাতা পৌরমহাসভাকে উহার কর্মচারীদের বর্ধিত বেতন প্রদানের জন্য অনুদান ৮৭,৬১,০০০ টাকা, ১৯৬৫-৬৬ সালের প্রকৃত ব্যয় ৮৭,৬১,০৪০ টাকা ও ১৯৬৬-৬৭ সালের সংশোধিত হিসাব ৮৭,৬১,০০০ টাকা এবং বর্তমান বৎসরের বরাদ্দ ৮৭,৬১,০০০ টাকা।

১৯৬৪-৬৫ সালে কলিকাতা পৌরমহাসভার কর্মচারীদের মূল বেতনের সহিত মহার্ঘভাতা সংযোজিত হওয়ার দরূন সরকার উক্ত পৌরসভার কর্মচারীগণের বর্ধিত বেতনের শতকরা ৮০ ভাগ মিটাইবার জন্য কলিকাতা পৌরমহাসভাতে প্রতি বৎসর প্রতি তিন মাসে ২১,৯০,২৬০ টাকা প্রদান করিতেছেন। এই অনুদান পরে হিসাব সাপেক্ষে দেওয়া হয় এই সর্তে যে ১৯৬৪-৬৫ সালের পূর্বেকার কয়েক বৎসরের মহার্ঘভাতা বাবদ খরচের পরীক্ষিত হিসাব প্রাপ্তির পর তাহা বিবেচনা করিয়া চূড়ান্ত অনুদান স্থিরীকৃত হইবে।

অন্যান্য বিভাগের সহিত সম্পর্কটুকু যে সমস্ত দফায় বর্তমান অনুদানে অর্থ বরাদ্দের ব্যবস্থা করা হইয়াছে, সেইগুলির মধ্যে অপেক্ষাকৃত গুরুত্বপূর্ণ ব্যয়ের বিষয়গুলি সম্বন্ধে আমি এখন উল্লেখ করিতেছি ঃ—

(১) জেলা পরিষদসমূহের আয় বৃদ্ধিকরণ অনুদান ৩,৮৮,০০০ টাকা। ১৯৬৫-৬৬ সালের প্রকৃত ব্যয় ৩,৮৭,৯৪৪ টাকা, ১৯৬৬-৬৭ সালের সংশোধন হিসাব ৩,৮৮,০০০ টাকা এবং বর্তমান বৎসরের বরাদ্দ ৩,৮৮,০০০ টাকা।

জেলা পরিষদ প্রতিষ্ঠিত হবার পূর্বে ডিস্ট্রিক্ট বোর্ডগুলিকে যে অনুদান দেওয়া হইত, সেই ভিত্তিতে পঞ্চায়েৎ বিভাগ জেলা পরিষদগুলিকে তাহাদের আয় বৃদ্ধি করিবার জন্য এই অনুদান মঞ্জুর করেন।

(২) সেস্-এ জমিদার ও রায়তদের অংশের পরিবর্তে জেলা পরিষদগুলিকে দেয় অনুদান ৪৮,৮০,০০০ টাকা।

১৯৬৫-৬৬ সালের প্রকৃত ব্যয় ৪৮,৭০,২২১ টাকা, ১৯৬৬-৬৭ সালের সংশোধিত হিসাব ৪৮,৮০,০০০ টাকা এবং বর্তমান বৎসরের বরাদ্দ ৪৮,৮০,০০০ টাকা।

জেলা পরিষদ স্থাপিত হওয়ার পূর্বে প্রাক্তন জমিদার ও রায়তদের দেয় সেসের অংশের পরিবর্তে ডিস্ট্রীক্ট বোর্ডগুলিকে যে অনুদান দেওয়া হইত, তাহার পরিবর্তে এই অনুদান জেলা পরিষদগুলিকে পঞ্চায়েৎ বিভাগ কর্তৃক দেওয়া হয়।

(৩) ভূমিরাজস্ব সংগ্রহ হইতে জিলা পরিষদসমূহকে প্রদত্ত অনুদান ১৯ লক্ষ টাকা।

১৯৬৫-৬৬ সালের প্রকৃত ব্যয় ১৮,২৫,৪২৪ টাকা, ১৯৬৬-৬৭ সালের সংশোধিত হিসাব ১৮,৫৬,০০০ টাকা এবং বর্তমান বৎসরের বরাদ্দ ১৯ লক্ষ টাকা।

(৪) ভূমিরাজস্ব সংগ্রহ হইতে আঞ্চলিক পরিষদসমূহকে প্রদত্ত অনুদান ১৯ লক্ষ টাকা।

১৯৬৫-৬৬ সালের প্রকৃত ব্যয় ১৫,১৪,২৬৮ টাকা, ১৯৬৬-৬৭ সালের সংশোধিত হিসাব ১৯,০৭,০০০ টাকা এবং বর্তমান বৎসরের বরাদ্দ ১৯ লক্ষ টাকা।

গত কয়েক বৎসরের ভূমিরাজস্ব বাবদ সংগৃহীত অর্থের ৫ শতাংশ হারে পঞ্চায়েত বিভাগ কর্তৃক জেলা পরিষদ ও আঞ্চলিক পরিষদগুলিকে অনুদান প্রদানের জন্য বরাদ্দের ব্যবস্থা করা হইয়াছে।

(৫) জিলা পরিষদগুলিকে গ্রাম্য-পথ রক্ষণাবেক্ষণ কার্যের জন্য সাধারণ অনুদান প্রকল্প ৫ লক্ষ টাকা।

বর্তমান বৎসরে এই খাতে জিলা পরিষদগুলিকে গ্রাম্য পথ উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের জন্য সাহায্য প্রকল্প বাবদ পঞ্চায়েৎ বিভাগ কর্তৃক বরাদ্দ করা হইয়াছে। ১৯৬৬-৬৭ সাল পর্যন্ত এই প্রকল্প পূর্ত বিভাগের অধীন ছিল।

(৬) কোচবিহার রাজবিগ্রহের পূজা ও ধর্মীয় অনুষ্ঠান ও উৎসব পালনের জন্য ট্রাষ্টীগণকে অনুদান ২,৯০,০০০ টাকা।

১৯৬৫-৬৬ সালের প্রকৃত ব্যয় ২,১০,০০০ টাকা, ১৯৬৬-৬৭ সালের সংশোধিত হিসাব ২,৬০,০০০ টাকা এবং বর্তমান বৎসরের বরাদ্দ ২,৯০,০০০ টাকা।

কোচবিহারের মহারাজার সঙ্গে ভারত সরকারের এক চুক্তি অনুযায়ী রাজস্ব পর্ষদ এই অনুদান দিয়ে থাকেন। এই চুক্তি অনুসারে প্রাক্তন কোচবিহার রাজ্যের মন্দির ও দেবোত্তর সম্পত্তি একটি ট্রাস্ট কর্তৃক পরিচালিত হয়। মহারাজা, মহারাজার মনোনীত তিনজন সদস্য এবং রাজ্যসরকার কর্তৃক মনোনীত দুইজন সদস্য লইয়া এই ট্রাস্ট গঠিত।

এ ছাড়া আরও কতকগুলি আইটেম আছে। ৪৩ নম্বর গ্র্যান্ট-এর মধ্যে, সেখানে আপনারা দেখতে পাচ্ছেন কতকগুলি বিষয় আছে, যা আমাদের লোকাল-সেলফ্ গভর্নমেণ্ট ডিপার্টমেন্টের অন্তর্গত নয়, তাহলে সেগুলি আমাকে মুভ করতে হয়। তেমনি আরও অনেকগুলি আইটেম আছে যেমন হোম (ডিফেন্স) ডিপার্টমেণ্ট ও টেরিটোরিয়াল আর্মি ইত্যাদি, যত কিছু পাঁচমিশালি জিনিষ, যার কোন ওয়ারিস নেই। সেই সমস্ত পাঁচমিশালি জিনিষের মধ্যে আছে, সে সম্বন্ধে যদি বেশী কিছু জিজ্ঞাসা করেন, আমি তা বলতে পারবো না। কারণ এগুলি অন্য ডিপার্টমেন্টের ব্যাপার। যাই হোক, এ এক অদ্ভুত নিয়ম অতীতে হয়ে আসছে, যে এগুলি সব এক সঙ্গে উপস্থিত করা হয়। সেই হিসাবে আমি এগুলি এখানে এক সাথে উপস্থিত করে দিচ্ছি। শুধু একটা কথা বলবার আছে, সেটা হচ্ছে স্বায়ত্তশাসন প্রতিষ্ঠানগুলি যা আমার এল, এস, জি, ডিপার্টমেন্ট-এর মধ্যে পড়ে, মিউনিসিপ্যালিটিজ ও কর্পোরেশানস, তার কর্মচারী এবং শ্রমিকদের জন্য সরকার সম্প্রতি যে ভাতা বৃদ্ধি করলেন, সরকারী কর্মচারীদের জন্য যা করা হয়েছে, সেই বিবেচনায়, তাদের সম্বন্ধে কি করা হবে, সে বিষয় বাজেটের মধ্যে কোন উল্লেখ করা নেই। কিন্তু, আমার নিশ্চয়ই মনে আছে রাজস্বসচিব যখন বাজেট সম্বন্ধে বক্তৃতা করেন তখন তিনি জানিয়েছিলেন যে এই ব্যাপারে তাদের কতটা রিলিফ দেওয়া যায় সে বিষয় গভর্নমেন্ট সক্রিয়ভাবে চিন্তা করছেন। (ইন্টারাপ্শানস্) আমার বক্তব্য হচ্ছে, সে বিষয় চিন্তা করা এখনও শেষ হয়নি, ফাইনান্স-এর সঙ্গে আলোচনা করছি, এবং আশা করি শীঘ্রই সে সম্বন্ধে একটা সিদ্ধান্তে পেঁৗছাতে পারবো, এবং তা সকলকে জানান হবে। আশা করি আমার এই ব্যয়-বরাদ্দ আপনারা সকলে মঞ্জুর করবেন।

Mr. Speaker: All the cut motions under the three grants are in order and they are taken as moved.

(i) The following cut motions were taken as moved on the Demand for Grant No. 33:

Shri Sachindra Mohon Nandy: That the demand be reduced to Re. 1.

Shrimati Abha Maiti: That the demand be reduced to Re. 1.

Shri Probhakar Pal: That the demand be reduced to Re. 1.

Shri Satyanarayan Mitra: That the demand be reduced to Re. 1.

Dr. Ranjit Ghosh Chowdhury: That the demand be reduced to Re. 1.

Shri Abdul Latif: That the demand be reduced to Re. 1.

Shri Sushil Kumar Paul: That the demand be reduced to Re. 1.

Shri Bankim Chandra Sasmal: That the demand be reduced to Re. 1.

Shri Maharaja Bose: That the demand be reduced to Re. 1.

Shri Pramatha Nath Dhibar: That the demand be reduced to Re. 1.

Shrimati Purabi Mukhopadhyay: That the demand be reduced by Rs. 100.

Shri Azizur Rahaman: That the demand be reduced by Rs. 100.

Shri Puranjoy Paramanik: That the demand be reduced by Rs. 100.

Shri Satyanarayan Banerjee: That the demand be reduced by Rs. 100.

Dr. Gopika Ranjan Mitra: That the demand be reduced by Rs. 100.

Shri Baidyanath Banerjee: That the demand be reduced by Rs. 100.

Shri Amalendu Kumar Bagchi: That the demand be reduced by Rs. 100.

Shri Brindaban Chattopadhyay: That the demand be reduced by Rs. 100.

(ii) The following cut motions were taken as moved on the Demand for Grant No. 48:

Shri Panchanan Sinha Ray: That the demand be reduced to Re. 1.

Shri Joy Narayan Sharma: That the demand be reduced to Re. 1.

Shrimati Nurunnesa Sattar: That the demand be reduced to Re. 1.

(iii) The following cut motions were taken as moved on the Demand for Grant No. 43:

Shri Sushil Kumar Paul: That the demand be reduced to Re. 1.

Dr. Gopal Das Nag: That the demand be reduced to Re. 1.

Shri Golokesh Bhattacharjee: That the demand be reduced to Re. 1.

Shri Narayan Chandra Chaudhuri: That the demand be reduced to Re. 1.

Shri Panchanan Sinha Ray: That the demand be reduced to Re. 1.

Shri Joynarayan Sharma: That the demand be reduced to Re. 1.

Shrimati Nurunnesa Sattar: That the demand be reduced to Re. 1.

Shri Pramatha Nath Dhibar: That the demand be reduced to Re. 1.

Shri Mohammed Israil:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সেচমন্ত্রী আমাদের সামনে যে ব্যয়-বরাদ্দ দাবী রাখলেন আমি সেই প্রসঙ্গে আপনার মাধ্যমে দু-একটি কথা বলতে চাই। স্যার, আজকে আমাদের সভার কাজ যে পরিবেশের মধ্যে আরম্ভ হয়েছে, তাতে, আমি আমার বক্তব্য খুব সংক্ষেপে রাখবো। আমি শুধু গোটা কয়েক কথা বলবো, গরম গরম সমালোচনা করে এই হাউসের সময় নষ্ট করতে চাই না। আমি কয়েকটি কনস্ট্রাকটিভ সাজেসান এই সভায় মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে দিতে চাই।

স্যার, মাননীয় মন্ত্রিমহাশয় একটা কথা বললেন, অবশ্য সেটা ঠিকই কথা যে বাংলাদেশে ভারতবর্ষের অন্যান্য প্রদেশ, অন্ধ্র, মাদ্রাজ এবং পাঞ্জাবের তুলনায় সেচ এলাকা অত্যন্ত কম। এটা বাস্তবিক খুব দুঃখের কথা। তিনি আরও বলেছেন যে সামান্য যতটুকু টাকা উনি চেয়েছেন সেটাও অত্যন্ত কম প্রয়োজনের তুলনায়। এটা আমিও মানি। তবে তিনি আর একটা কথা বলেছেন যে সেণ্টারের কাছে আমরা টাকা চেয়েছি। সেদিন আমরা দেখলাম সেণ্টারে পার্লামেণ্ট-এ ইরিগেশান খাতে যে ব্যয়-বরাদ্দের দাবী পাশ করা হল, তাতে অনেক এলাকাকে সেচ এলাকার মধ্যে আনবেন এই রকম একটা পরিকল্পনা করেছেন এবং অনেক বেশী টাকা সেচ বাবদ খরচ ব্যয় করবার জন্য ভাবছেন।

[3-50—4 p.m.]

আশা করি আমাদের সেচ মন্ত্রিমহাশয় সেই টাকার একটা মোটা অংশ আমাদের এখানে আনতে পারবেন এবং তা আনবার ব্যাপারে আমরা বিরোধী পক্ষের সদস্যরা এবং এই হাউসের সকলেই তাঁকে পূর্ণ সহযোগিতা এবং সমর্থন জানাবো। স্যার, আজকে সত্যই আমাদের একটা জিনিস দেখতে হবে যে বাংলাদেশে আজকে যে খাদ্যের অবস্থা তাতে সেচ বিভাগের দায়িত্বই সবচেয়ে বেশী। এই বিভাগ যদি সবচেয়ে বেশী জমিতে জল দিতে পারেন বা পারতো তাহলে বাংলাদেশে খাদ্যেই এই অবস্থা হতো না এবং আজকে বাংলাদেশের লোক এই হাহাকারের মধ্যে থাকতো না। কিন্তু অত্যন্ত দুঃখের কথা এই যে এই বিভাগ যথেষ্ট অবহেলিত আমাদের এই গভর্নমেন্টের দ্বারা হয়েছে এবং কার দোষ কি বৃত্তান্ত তার মধ্যে আমি যেতে চাই না। স্যার, আমাদের মাননীয় সেচ মন্ত্রিমহাশয় কয়েকটি বড় বড় স্কীমের কথা আমাদের এখানে শোনালেন। ২৪-পরগণার নোনা জল বের করে দিলে এবং কিছু বাঁধ মেরামত করে দিলে ফসলের উন্নতি হবে এই রকম কতকগুলি স্কীম বললেন। স্যার, এই স্কীমগুলি সত্যই ভাল যে স্কীমগুলি তাঁদের ইঞ্জিনীয়াররা বলেছেন। কিন্তু কতকগুলি স্কীম আমি জানি যে স্কীমগুলির পিছনে অল্প অল্প টাকা খরচ করতে পারলে অনেক বেশী উপকারে আসতো, অনেক বেশী সেচ জমি হতে পারতো এবং সেই সব জমিতে ফসল হতে পারতো। আমাদের সেচমন্ত্রী দিন কয়েক আগে একটা প্রশ্নের উত্তরে

বলেছিলেন যে সেচের ব্যাপারে বাংলাদেশের একটা খুব অবহেলিত এবং তাকে তিনি আখ্যা দিয়েছেন মধ্য বাংলা বলে। এই কথা বলার জন্য আমি তাঁকে আন্তরিক অভিনন্দন দিচ্ছি কারণ আমি সেই অবহেলিত এলাকার লোক। আমি সেই এলাকা সম্বন্ধে মাননীয় মন্ত্রি-মহাশয়কে দু'একটি কথা বলতে চাই। সেই অবহেলিত মধ্য বাংলা বলে যাকে তিনি আখ্যা দিচ্ছেন সেই মধ্য বাংলার মধ্যে মুর্শিদাবাদ, নদীয়া এবং ২৪-পরগণার খানিকটা অংশ পড়ে। এই এলাকার একদিকে যেমন সেচের দরকার তেমনি অন্য দিকে জল বের করা, নিকাশ করার দরকার আরো বেশী। মুর্শিদাবাদ জেলার একটা এলাকা যাকে কালান্তর বলে তিনটি থানা, মুর্শিদাবাদ জেলার সদর সাবডিভিশনের বেলডাঙ্গা, হরিহরপুর, নলডাঙ্গা এবং নদীয়া জেলার তেহট্ট থানার কিছুটা এই এলাকার মধ্যে পড়ে। এই এলাকা থেকে জল বের করে দেওয়া প্রয়োজন, সেখানে সেচের প্রয়োজন নেই। কারণ তার পাশ দিয়ে জলঙ্গী নদী যাচ্ছে, যখন ধানের চারা খুব ছোট থাকে তখন নদীর জল ঢুকে ৫০ হাজার একর জমি ডুবিয়ে দেয়। এই স্কীম কোটি কোটি টাকার স্কীম হবে না, এই স্কীম যদি করতে পারা যায় তাহলে এই এলাকায় প্রচুর ধান, প্রচুর চৈতালী ফসল হবার সম্ভাবনা আছে যা আমরা দেখছি প্রতি বছর নষ্ট হয়ে যায়। এই স্কীমটা কোটি টাকার স্কীম নয়, কয়েক লক্ষ টাকার স্কীম। এই প্রসঙ্গে আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে স্মরণ করিয়ে দিতে চাই ১৯৫৬ সালে, ১০৫৯ সালে যখন মুর্শিদাবাদে প্রচণ্ড বন্যা হয়েছিল সেই সময় আমরা শুনেছিলাম যে কাঁদি সাবডিভিশনের ঐ এরিয়ায় এবং এই কালান্তরে একটা রিভার সার্ভে করা হচ্ছে। এটা পাইলট ইরিগেটেড এরিয়া, এখানে সামান্য দু'এক হাজার টাকা খরচ করলেই ফসল হতে পারে সেটা যে কেন হচ্ছে না তা আমি বুঝতে পারছি না। ১৯৫৬ সাল থেকে এখন পর্যন্ত এই সার্ভের একটা ব্যবস্থা কেন হল না সেটাও আমরা জানতে পারলাম না। মাননীয় মন্ত্রিমহাশয় আমাদের এই সম্বন্ধে যদি কিছু আলোকপাত করেন তাহলে বাধিত হব। কালান্তরে এই যে প্রবলেম, এই প্রবলেম ছোট প্রবলেম নয়, মুর্শিদাবাদ জেলার একটা বিরাট প্রবলেম। তাছাড়া কতকগুলি মজা নদী এই স্কীমের মধ্যে আছে যেমন ছোট ভৈরব নদী এক্সক্যাভেশন। মাননীয় মন্ত্রিমহাশয় এই ছোট ভৈরব নদীটি যদি একটু কেটে দেন তাহলে এতে একটা বিস্তীর্ণ এলাকায় সেচের ব্যবস্থা হতে পারে। কেননা সেই নদী থেকে জল তুলে জমিতে দেওয়া যেতে পারে, আবার দরকার হলে সেদিক দিয়ে জল বেরিয়েও যেতে পারে। স্যার, আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো তিনি যেন ঐ মধ্যবাংলা সার্কেলটা করেন যেটা তিনি একটা প্রশ্নের উত্তরে বলেছিলেন এবং আজকে উত্তর দেওয়ার সময় এ সম্বন্ধে তাঁর সিদ্ধান্ত তিনি যেন আমাদের জানান। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে আমার কৃতজ্ঞতা জানাচ্ছি কিন্তু সেই সঙ্গে সঙ্গে একটা কথা না বলে পারছি না, সেটা হচ্ছে এই যে মার্চ মাসে যে বাজেট আগেকার সরকার করেছিলেন তাতে বরাদ্দ ছিল এই খাতে ১৩ কোটি ৯৬ লক্ষ টাকা, আর এখন ১৮ কোটি ২২ লক্ষ টাকা এই খাতে ধরা হয়েছে, প্রায় ৪ কোটি টাকা বেশী ধরা হয়েছে অথচ এতে মধ্য বাংলা সম্বন্ধে বিশেষ কিছু দেখতে পেলাম না। অন্যান্য জায়গায় ছিটে-ফোঁটা কিছু পড়লেও মধ্য বাংলা সম্বন্ধে বিশেষ কিছু দেখতে পেলাম না সেইজন্য মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আবার আবেদন রাখছি এই মধ্যবাংলার প্রতি তিনি যেন কৃপাদৃষ্টি দেন এবং এই মধ্যবাংলার জন্য যেন এ বছরে আরো কিছু বেশী টাকা বরাদ্দ করেন যাতে সেই এলাকার জল নিকাশের ব্যবস্থা যেটা মেন প্রবলেম সেটা দূর করা যায়। এই বলেই আমার বক্তব্য শেষ করছি।

শ্রীজ্যোতিষ রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেচমন্ত্রী মহাশয় সেচ খাতে যে ব্যয়-বরাদ্দের মঞ্জুরী চেয়েছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলতে চাই। বর্তমানে আমরা দেখতে পাচ্ছি যে কৃষি বিভাগের মধ্যে কিছু কিছু ক্ষুদ্র সেচ পরিকল্পনা আছে যেমন ডিপ টিউব ওয়েল, ট্যাঙ্ক উদ্ধারের জন্য কিছু টাকা ধরা আছে। আমি মনে করি ঐ টাকা আলাদাভাবে না রেখে ওটা সেচ বিভাগের মধ্যেই আনা উচিত, তা না হলে আমরা অনেক রকম অসুবিধা দেখতে পাই। এই ডিপার্টমেন্টে যখন অনেক ইঞ্জিনীয়ার এবং ওভারসিয়ার রয়েছে তখন ঐ বিভাগে ইঞ্জিনীয়ার ওভারসিয়ার রাখার দরকার করে না, এদের লোক দিয়েই সেই সব কাজগুলি হতে পারে। অসুবিধার কথা হচ্ছে এই যে আমরা দেখতে পাই জেলা পরিষদ এবং ব্লকের মাধ্যমে ছোট ছোট সেচ পরিকল্পনাগুলি কার্যকরী করা হয়, সেখানে কৃষক তার ক্ষুদ্র সেচ পরিকল্পনার জন্য যদি কোন স্কীম ব্লক অফিসে দেয় তাহলে

দেখা যায় যে তখন তারা তার এস্টিমেট জানে না কিভাবে টাকা খরচ করা হবে এবং কত টাকা লাগবে। এস্টিমেট করার পর দেখা গেল যে তাদের আওতার মধ্যে তা পড়ছে না, কারণ ১০ হাজার টাকার বেশী হয়ে যাচ্ছে। এই এস্টিমেট করতে করতেই ৬ মাস চলে গেল, তারপরে জানালো যে আমরা এই স্কীম গ্রহণ করতে পারবো না, আমাদের ক্ষমতার বাইরে, এই স্কীম ইরিগেশনের অধীনে দিন। ইরিগেশনে যেতে যেতে এবং সেখান থেকে এস্টিমেট করে তা পূরণ করতে করতে আরো ৬ মাস চলে যায়। এই রকমভাবে দেখা যে সে স্কীমই থেকে যায়, কার্যকরী হয় না, ফলে চাষীদের খুব ক্ষতি হয়। সেই জন্য কথা হচ্ছে ঐ এগ্রিকালচারের মধ্যে যে ক্ষুদ্র পরিকল্পনাগুলি আছে সেগুলি ইরিগেশনের মধ্যে আনা প্রয়োজন বলে আমি মনে করি। আর একটা কথা হচ্ছে আমি সেচমন্ত্রীর কাছে অনেক আশা এবং হতাশার কথাও শুনলাম। হতাশার কথা হচ্ছে এই যে বড় বড় পরিকল্পনার একটা পরিকল্পনার আওতার মধ্যে আমাদের যাওয়া সম্ভবপর নয় কারণ কেন্দ্রীয় মন্ত্রীসভা বা কেন্দ্রীয় সরকারের উপর আমাদের নির্ভর করতে হবে এবং সংগে সংগে তিনি একথাও বললেন যে ২০ বছর ধরে যেভাবে আমাদের সেচের কাজ চলে এসেছে সেইভাবে যদি চলতে থাকে তাহলে আমাদের দেশে এই সমস্ত জল নিকাশ বা জল সেচের ব্যবস্থা সমস্ত জমিতে কার্যকরী করে তুলতে গেলে ১০০ বছর লাগবে। যাইহোক আমি সেদিকে যাচ্ছি না, আমি শুধু এই কথা বলছি যে ছোট ছোট সেচ পরিকল্পনাগুলি যাতে কার্যকরী করা যায় তার ব্যবস্থা করুন। আমরা দেখতে পাই এখানে খিদিরপুরের নীচে হুগলী নদীর এপাশে এবং ওপাশে হাওড়া এবং ২৪-পরগণা জেলার বহু খাল রয়েছে সেই খালগুলির অল্প সংস্কার করলে প্রচুর পরিমাণে ধান, কলাই ইত্যাদি ফসল হতে পারে। কিন্তু সেগুলি অনেক সময় কার্যকরী হচ্ছে না। আমরা ২০ বছর ধরে চিৎকার করে এসেছি যে ক্ষুদ্র সেচ পরিকল্পনাগুলিকে কার্যকরী করা হোক, যাতে করে চাষী তাড়াতাড়ি চাষের জমিতে জল দিয়ে ফসল উৎপাদন করতে পারে। কিন্তু ২০ বছর ধরে আমরা দেখেছি কংগ্রেস সরকার এই খাতে যে ব্যয়-বরাদ্দ তার বেশীর ভাগ টাকা বড় বড় স্কীমে খরচ করেছেন এবং অনেকাংশে দেখা যায় সেগুলি সাফল্যমণ্ডিত হয়নি, ব্যর্থ হয়েছে। যে পরিমাণ টাকা খরচ করেছেন সে তুলনায় কাজ অনেক ক্ষেত্রে ব্যর্থ হয়েছে। তাই আমি বর্তমান সরকারের কাছে অনুরোধ করবো এই ক্ষুদ্র সেচ পরিকল্পনাগুলি যাতে কার্যকরী করা যায় সেদিকে তাঁরা যেন দৃষ্টি দেন।

[4—4-10 p.m.]

আমি আর কয়েকটা কথা বলব। আমাদের এলাকাতে বরাবরই খাদ্যাভাব। আমি সেচ-মন্ত্রীর সংগে একমত যে খাদ্যাভাবের অন্যতম কারণ হচ্ছে সেচের ব্যবস্থা আমাদের দেশে নেই বল্লেই চলে। আমরা এতদিন ধরে বহু আন্দোলন করে এসেছি, কিন্তু কাজ খুব বেশি এগোয়নি। আমার থানা ফলতায় দুটি খাল আছে, কাটাখালি এবং বলরামপুর খাল। তাদের যদি খনন করা যায়, যদি স্লুইস গেট করা যায় তাহলে ফলতা কেন—ডায়মণ্ডহারবার, বজবজ, বিষ্ণুপুর, মগরাহাট থানাতেও ফসলের কিছু উন্নতি হতে পারে। মন্ত্রিমহাশয় বললেন কাটাখালি খাল কাটবার স্কীম আছে, কিছু কিছু ল্যাণ্ড অ্যাকুইজিশান করতে হবে, আরও কিছু কিছু কাজ বাকী আছে সেজন্য কাজ হাতে ধরতে পারছি না। ১৯৫২।৫৩ সালে বর্তমান যিনি মুখ্যমন্ত্রী তখন তিনি সেচমন্ত্রী ছিলেন, বহুবার তাঁর কাছে আবেদন-নিবেদন করেছি এই খাল কাটার জন্য। তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন, কিন্তু ১৯৫২ থেকে ১৯৬৭ সাল পর্যন্ত কোন ব্যবস্থা হয়নি। তার পাশে যে সমস্ত ছোট ছোট সাইড ক্যানেল আছে যদি সংগে সংগে সেগুলি খনন করা না হয় এবং স্লুইস গেট করা না হয় তাহলে এই খাল দুটি খনন করা যায় না। স্লুইস গেট করা নিয়ে অনেক আপত্তি হয়েছে, নেভিগেশান-এর নাকি অসুবিধা হবে। আমার মনে হয় খাল মুখে যদি স্লুইস গেট না হয় খাল কেটে আশেপাশে যদি স্লুইস গেট না করা হয় তাহলে চার-পাঁচ বছরের মধ্যে খাল বন্ধ হয়ে যাবে। বর্তমান মাছের দর অত্যন্ত বেশি। ওই সব খালে যে সমস্ত বাঁধ বর্ষাকালে দিয়ে মাছ ধরার ব্যবস্থা হয় তাতে সমূহ ক্ষতি হতে বাধ্য। সাত-আট দিন আগে আমি মহকুমা শাসকের কাছে বলেছিলাম বলরামপুর খাল কাটার জন্য। তিনি বলেছিলেন বলরামপুরের খাল যদি কাটা হয় ওই বাঁধ দিয়ে মাছ ধরার

জন্য তা দশ-বার বছরের মধ্যে বন্ধ হয়ে যাবে। এ বিষয়ে আমি মনে করি কঠোর আইন করে দেওয়া দরকার, যাতে সরকারী খালের মধ্যে বাঁধ তৈরী না হয়।

শ্রীবৃন্দাবন চট্টোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয় আমার কাটমোশানকে সমর্থন জানিয়ে আমি কিছু বলতে চাই। আমি আমাদের সেচমন্ত্রীকে ধন্যবাদ দিচ্ছি যে তিনি নিজে স্বীকার করেছেন যে পশ্চিমবাংলায় খাদ্যে ঘাটতি আছে। যখন আপনারা বিপক্ষ দলে ছিলেন তখন আপনারা পশ্চিমবাংলায় যে খাদ্যে ঘাটতি আছে সে কথা স্বীকার করতেন না। গত কৃষি বাজেটে কৃষিমন্ত্রী আমাদের যে আশ্বাস দিয়েছিলেন যে তিন বছরের মধ্যে পশ্চিমবাংলায় আমরা খাদ্যে স্বাবলম্বী হব, কিন্তু সেচমন্ত্রী তাঁর উদ্বোধনী ভাষণে যা বললেন তাতে আমরা নিরুৎসাহ বোধ করছি। আজকে আমি বিশেষ সমালোচনার দিকে যাব না। আজকে যে শান্ত পরিবেশ যা রয়েছে তাকে নষ্ট করতে চাই না, তবে আমি মন্ত্রিমহাশয়ের সামনে কয়েকটি গঠনমূলক কনস্ট্রাকটিভ প্রোগ্রাম পেশ করতে চাই। মন্ত্রিমহাশয় যদি অনুগ্রহ করে কৃষি মন্ত্রিমহাশয়ের সংগে যোগাযোগ করে যদি এই পরিকল্পনা গ্রহণ করেন তাহলে আমরা অনেক বিষয়ে খাদ্যে স্বাবলম্বী হব। পশ্চিমবাংলায় বড় এবং মাঝারি বহু কলকারখানা আছে, সেই কলকারখানায় তারা বহু লাখ লাখ গ্যালন জল, তাদের ব্যবহৃত জল তারা নষ্ট করে। আজকে সেই সমস্ত ব্যাবহৃত জল নিয়ে যদি সরকার এগিয়ে আসেন, মিলের কর্তৃপক্ষ এবং সরকার এবং স্থানীয় কৃষকদের চেষ্টায় যদি আপনারা ক্ষুদ্র ক্ষুদ্র সেচের ব্যবস্থা করেন, সেই জল থেকে বহু জমি চাষ হতে পারে। ভবিষ্যতে যখন পশ্চিমবাংলা সরকার কোন কোন কারখানার লাইসেন্স দেবেন, মঞ্জুরী দেবেন, সেই সময় তাদের কন্ডিশান করে দেবেন যে এই কারখানা সংলগ্ন যে জমি আছে সে জমিতে তোমাদের ব্যবহৃত জল দিতে হবে। আমি মন্ত্রিমহাশয়কে জানাচ্ছি যে আগেকার সরকার এই কয়েকটা কারখানা থেকে ক্ষুদ্র ক্ষুদ্র সেচের পরিকল্পনা গ্রহণ করেছিলেন। সেই অঞ্চলে যেখানে একটা ফসলও হত না কিন্তু আজকে সেখানে তিনটি ফসলই হচ্ছে। আরেকটি কথা মন্ত্রিমহাশয়ের কাছে বলতে চাই যে ব্যান্ডেল বিদ্যুৎ কারখানায় যে জলাধার আছে, সেই জলাধারে প্রচুর জল আছে। এই জলাধারের সংলগ্ন জায়গায় বহু একর জমি আছে, আজকে সেই ব্যান্ডেল তাপ-বিদ্যুৎ কর্তৃপক্ষের সহিত আপনারা যোগাযোগ করে সেই জলাধার থেকে যদি আপনারা সেই অঞ্চলের জমিতে জল সরবরাহ করেন তাহলে সেই অঞ্চলে একটা কেন তিনটি ফসল হতে পারে। আমি এটা আপনাদের সামনে রাখতে চাই। আজকে আমি আরেকটি কথা বলি যে বহু জায়গায় ডি. ভি. সি. খালের সম্প্রসারণ দরকার—হয়ত সামান্য একটু খাল কেটে দিলে সেখানে জল গিয়ে বহু ফসল হতে পারে। ডি. ভি. সি. খাল যা আছে সেই নেভিগেশান খালের দুই ধারে দুটো পাড় আছে। একটা পাড় দিয়ে রাস্তা আছে আরেকটা পাড় এর কোন কাজে লাগে না। সেই পাড়েতে যদি আপনারা কোন ফলের গাছ লাগান কিম্বা শস্যের চাষ করেন বা অন্যান্য চাষের ব্যবস্থা করেন সেই দীর্ঘ যে খাল সেই খাল থেকেও আপনারা প্রচুর ফসল সংগ্রহ করতে পারেন। আজকে বহু জায়গায় আমরা দেখতে পাচ্ছি যে যদি গ্রামে গ্রামে বেশী করে পাম্পিং মেসিন দেন তাহলে বহু জায়গায় আরও সেচের ব্যাবস্থা ভাল হতে পারে। আমি জানি দিল্লী রোডই বলুন বা বিভিন্ন রাস্তার দুই ধারে বহু জল থাকে। কিন্তু সেই এলাকায় কোন পাম্পিং মেসিন না থাকার জন্য সেই জলটাকে সরবরাহ করা যায় না। সেজন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব যাতে পাম্পিং মেসিন কৃষকদের বেশী করে দেওয়া যায় তার ব্যবস্থা করবেন।

[4-10—4-20 p.m.]

আমি আর কয়েকটি কথা বলতে চাচ্ছি—আমাদের কৃষি মন্ত্রী আগে বলেছিলেন যে দেড় হাজার গভীর নলকূপ রয়েছে তার মধ্যে ৮০০টি গভীর নলকূপ চালু আছে এবং ৭০০টি গভীর নলকূপ চালু হয় নি। সেটা যদি সত্বর চালু করার ব্যবস্থা করেন তাহলে প্রায় চার হাজার একর জমিতে তিনটি ফসল হতে পারে -তিনি যেন এদিকে নজর দেন। হারিটবেরি অঞ্চলে আমার কনস্টিটিউয়েন্সিতে—সেখানে স্লুইস গেট ভেঙ্গে গেছে, যদি সামান্য খরচ করে এই স্লুইস গেটের বন্দোবস্ত করতে পারেন তাহলে চাষের সুবিধা হতে পারে। আর গোস্বামী, মানিপাড়ার অন্তর্গত কাঞ্চনান গ্রাম হইতে হারিত অঞ্চলে ব্যাতা গ্রাম পর্যন্ত যদি জল নিষ্কাসনের ব্যবস্থা করেন তাহলে হাজার হাজার বিঘা জমিতে ফসল হতে পারে। আর একটা কথা বলছি [illegible]

কেন্দ্রে একটা রসভরা খাল আছে, সেই খালের যদি সংস্কার করেন, তাহলে সেখানে উন্নতি হতে পারে এবং ডানকুনি বেসিনের যদি সংস্কার করেন তাহলে ঐ অঞ্চলের অনেক উন্নতি হবে, এই কথা বলে আমি এই ব্যয়-বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবানেশ্বর মাইতিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যুক্তফ্রন্ট সরকারের পক্ষ থেকে মাননীয় সেচমন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবী উপস্থাপিত করেছেন আমি তাকে সর্বান্তঃকরণে সমর্থন করছি। আমি সর্বপ্রথম মাননীয় সেচমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি এই কারণে যে তিনি তাঁর উদ্বোধনী ভাষণে একটা বাস্তব দৃষ্টিভঙ্গির পরিচয় দিয়েছেন। তিনি বলেছেন আমাদের দেশের যদি উৎপাদন বৃদ্ধি করতে হয় তাহলে কেবলমাত্র বীজ বা সার দিলেই হবে না—আর একটি উপায় হচ্ছে আমাদের সেচের সুব্যবস্থা করা। গত ১৯ বছর ধরে আমরা লক্ষ্য করে দেখেছি যে সেচ বিভাগের বহু অর্থ ব্যয় হয়েছে কিন্তু সেচের কোন সুব্যবস্থা হয় নি। এখনও বাংলাদেশের কৃষককে মৌসুমী বায়ুর উপর নির্ভর করতে হয় যার ফলে কোন কোন বছর আমরা দেখি যে ফসল বাড়ে, আবার কোন কোন বছর দেখি ফসল কমে। তাই আজকে যদি ফসলের উৎপাদন বৃদ্ধি করতে হয়, যদি বাংলাদেশের খাদ্যসমস্যার সমাধান করতে হয় তাহলে আমাদের একমাত্র উপায় হচ্ছে দেশে জল সেচের সুব্যবস্থা করা। আমরা ১৯৪৭ সালে লক্ষ্য করে দেখেছি যে বাংলাদেশে কেবলমাত্র ৩ লক্ষ একর জমিতে চাষ হোত তার পর ১৯৬০ সালে লক্ষ্য করে দেখলাম কেবলমাত্র ১২ লক্ষ একর জমিতে চাষ হয়েছে, আজকে ১৯৬৭ সালে লক্ষ্য করে দেখছি মাত্র ১৪ লক্ষ একর জমিতে চাষ হচ্ছে। জল সেচের এই যে ক্রমোন্নতি এটা খুব ধীর গতিতে চলছে, আরও দ্রুত গতিতে জল সেচের সুব্যবস্থা করতে হবে। বাংলাদেশে এখনও ১ কোটি ৩৪ লক্ষ একর জমি রয়েছে, তার অন্তত ৫০ ভাগ জমিকে আমাদের সেচের আওতায় আনতে হবে এবং তা যদি আনতে হয় তাহলে আমাদের একই সঙ্গে বড় বড় পরিকল্পনা এবং ছোট ছোট মাঝারী সেচ পরিকল্পনাকে রূপায়িত করতে হবে। আমার নিজস্ব বক্তব্য যে বড় বড় পরিকল্পনার চেয়ে ক্ষুদ্র ক্ষুদ্র সেচ পরিকল্পনাকে অগ্রাধিকার দেওয়া দরকার। আমি সেই জন্য তিনটি প্রস্তাব রাখছি ছোট ছোট পরিকল্পনার উপর। প্রথমতঃ, আমরা পূর্বকালে দেখেছি যে বাংলাদেশের ভূস্বামীগণ মাঠে সুচারুভাবে ফসল উৎপাদনের জন্য অনেক পুষ্করিণী খনন করে-ছিলেন, সেই সমস্ত পুষ্করিণী আজকে সংস্কার এবং মেরামতের অভাবে ভরাট হয়ে গেছে। আমার সরকারের কাছে আবেদন যে সেই সমস্ত পুষ্করিণীগুলিকে একোয়ার করে সেগুলি থেকে জল সেচের সুব্যবস্থা করা হোক্। দ্বিতীয়তঃ আমাদের বাংলাদেশে এমন অনেক ছোট ছোট নদী ও খাল রয়েছে যেগুলি মজে গেছে। এই সমস্ত মজা নদী এবং ছোট ছোট খাল-গুলিকে সামান্য অর্থ দিয়ে সংস্কার করতে হবে। সেই সমস্ত খাল ও নদী যদি সংস্কার করা হয় তাহলে তার দ্বারা শুধুমাত্র জল সেচের সুব্যবস্থা হবে তা নয়, সেই সমস্ত ছোট ছোট সংস্কার করা খাল ও নদী দিয়ে যে সমস্ত জায়গায় জল জমে থাকে সেই রুদ্ধ জল নিষ্কাসনের ব্যবস্থাও হবে। একই সঙ্গে জলসেচ ও নিষ্কাসনের ব্যবস্থা হবে। তৃতীয়তঃ আমাদের দেশে অনেক জায়গা রয়েছে যেখানে পাম্পিং মেসিনের সাহায্যে বড় বড় নদী থেকে জল নিয়ে জল সেচের সুব্যবস্থা করা যেতে পারে। সেচমন্ত্রীর কাছে আমার বিনীত আবেদন যে আমাদের বড় বড় পরিকল্পনার প্রয়োজন রয়েছে, কিন্তু বড় বড় পরিকল্পনা কার্যকরী করে উঠতে বছরের পর বছর লেগে যায় এবং অনেক অর্থের প্রয়োজন হয়। কিন্তু ততদিন মানুষ তো না খেয়ে বেঁচে থাকতে পারে না। সেইজন্য ছোট ছোট এবং মাঝারী পরিকল্পনার উপর আমাদের বেশী গুরুত্ব আরোপ করতে হবে। তার পর সেচমন্ত্রী মহোদয়ের কাছে আমার আর দু-একটা বক্তব্য রাখছি যে আমাদের দেশে আমরা ১৯ বছর লক্ষ্য করে দেখেছি কোন কোন অঞ্চলে কোন সেচ পরিকল্পনা গ্রহণ করা হয়েছে, কিন্তু সেই সমস্ত জায়গায় কোন আঞ্চলিক কমিটি গঠন করা হয় নি। আমার ভগবানপুর থানায় ইটাবেড়িয়া ও কলাবেড়িয়া খাল যখন খনন করা হয়েছিল তখন সেই খাল খননকল্পে লক্ষ লক্ষ টাকা খরচ হয়েছে, কিন্তু পরিকল্পনাসম্মত কাজ হয় নি; বহু অর্থের অপচয় হয়েছে। তাই আমার প্রস্তাব যে যেখানে যখন কোন খাল খনন হবে বা অন্য কোনরূপ সেচ পরিকল্পনা গ্রহণ করা হবে তখন সেই অঞ্চলের বিশিষ্ট ব্যক্তিদের নিয়ে একটা যেন কমিটি গঠন করা হয় এবং সেই কমিটি যেন এই সমস্ত কার্য তত্ত্বাবধান করেন। তার পর আর একটা প্রস্তাব আমি সেচ মন্ত্রীমহোদয়ের কাছে রাখছি যে আমাদের দেশে যে সমস্ত

মাইনর ইরিগেসন স্কীমের কাজ হয় তাতে ৫৫ পারসেণ্ট দেশবাসীকে দিতে হয় এবং ৪৫ পারসেণ্ট সরকারকে দিতে হয়, আমি যুক্তফ্রণ্ট সরকারের কাছে আবেদন করবো যে দেশবাসীকে যেন কোন রকম কনট্রিবিউসন দিতে না হয় সেদিকে মাননীয় মন্ত্রিমহোদয় যেন একটু দৃষ্টি দেন। তার পর আর একটা প্রস্তাব আমার রয়েছে, আমরা লক্ষ্য করে দেখেছি যে সেচ বিভাগের সঙ্গে কৃষি বিভাগের একটা কনফ্লিক্ট রয়েছে। আমার হয়তো ভুল হতে পারে কিন্তু আমার ব্যক্তিগত ধারণা, আমি অফিসে অফিসে ঘুরে দেখেছি যে কৃষি বিভাগ এবং সেচ বিভাগের মধ্যে কোন কো-অর্ডিনেসন নেই। আজকে দেশে সত্যিকারের যদি অধিক ফসল উৎপাদন করতে হয় তাহলে সেচ বিভাগ এবং কৃষি বিভাগের মধ্যে কো-অর্ডিনেসন দরকার এবং সেই কো-অর্ডিনেসন যদি হয় তাহলে দেশের উৎপাদন বৃদ্ধি পাবে এবং যে কঠোর পরীক্ষার দিন আসছে তার আমরা তাহলে মোকাবিলা করতে পারবো। সর্বশেষে আমি সেচ মন্ত্রীমহোদয় এবং সেচ বিভাগের কর্মচারীদের অভিনন্দন জানাবো, কারণ এই চার মাসের মধ্যে সেচ বিভাগের মন্ত্রিমহোদয় এবং সেচ বিভাগের চীফ ইঞ্জিনীয়ার থেকে সুরু করে সুপারিনটেনডিং ইঞ্জিনীয়ার, এক্‌জিকিউটিভ ইঞ্জিনীয়ার, অ্যাসিস্টেন্ট ইঞ্জিনীয়ার ও সেকশনাল অফিসার প্রমুখ ব্যক্তিরা যে উৎসাহ উদ্দীপনা এবং উদ্যম নিয়ে যুক্তফ্রণ্ট সরকারের প্রচেষ্টাকে জয়যুক্ত করবার জন্য তৎপর হয়েছেন তার জন্য তাঁদের প্রশংসা না করে আমরা থাকতে পারি না। পরিশেষে আমি পুনরায় সেচমন্ত্রীর এই বাজেট বরাদ্দের দাবীকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅমলেন্দু বাগচী: স্পীকার, স্যার, আমাদের মাননীয় সেচমন্ত্রী মহাশয় যে গ্রান্ট এখানে উপস্থিত করেছেন তার সম্বন্ধে আমি আপনার মাধ্যমে কিছু বলতে চাই। আমাদের বাংলাদেশের আজকে সবচেয়ে বড় সমস্যা হচ্ছে খাদ্য সমস্যা যা একমাত্র সেচের উপর নির্ভর করে। সেচ ছাড়া আমরা বাংলাদেশের খাদ্যসমস্যার সমাধান করতে পারব না। এটা আমরা সকলে ভালভাবে জানি যে, ভাগীরথীর সংস্কার না হলে পশ্চিমবঙ্গের কোন নদী সংস্কার সমাধান বা সেচের কোন সমাধান হতে পারে না। কারণ পশ্চিমবঙ্গের সমস্ত নদী ভাগীরথীতে এসে পড়েছে এবং ভাগীরথী সেই জল নিয়ে বঙ্গোপসাগরে পতিত করছে। বাংলাদেশকে যদি বন্যার হাত থকে রক্ষা করতে হয় তাহলে ভাগীরথীর সংস্কার প্রথমে প্রয়োজন। সেইজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীকে আমার নির্বাচন কেন্দ্র নবগ্রাম এবং জিয়াগঞ্জ থানার কতকগুলি সমস্যার কথা জানাতে চাই। আমাদের নবগ্রাম থানায় দুটি বড় বিল আছে, একটা হল বিল তেলকার, আর একটা হল বিল বসিয়া। এই বিল তেলকারে ২০ হাজার একর জমি চাষ হয়। সেই ২০ হাজার একর জমি পাঁচ বছর অন্তর যে বার খরা হয় সে বছর চাষী ধান পায় না এবং প্রতি চার বছর বন্যায় সেখানে জমি ডুবে যায়। নবগ্রাম থানার লালবাগ মহকুমা একমাত্র সারপ্লাস থানা। এবং সেই থানা থেকে গোটা লালবাগ মহকুমার খাদ্য সরবরাহ হয়ে থাকে। আমরা জানি যে, আজ পর্যন্ত সেই বিল তেলকার বিলের জমিগুলিকে বন্যার হাত থেকে রক্ষা করবার জন্য কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হয় নি। ইতিমধ্যে আমাদের মাননীয় সেচমন্ত্রী একদিন বলেছিলেন যে, হরিণঘাটায় আমাদের যে রিভার এক্সপেরিমেন্ট হচ্ছে সেখানে এ সম্বন্ধে আমরা এক্সপেরিমেন্ট করছি এবং কতদূর কি করতে পারা যায় পরে সে সম্বন্ধে বিবেচনা করব। কিন্তু সে তো ভবিষ্যতের কথা। এই কুড়ি হাজার একর জমিতে যদি আজকে খাদ্য ফলাতে পারা যায় তাহলে তার জন্য একটা আশু কিছু গ্রহণ করা প্রয়োজন।

[4-20—4-30 p.m.]

সেই হিসাবে আমি আমাদের সেচমন্ত্রীকে বলতে চাই, সেখানে একটা ডিস্ট্রিক্ট বোর্ডের পুরানো খাল আছে। সেই খালটা যদি সংস্কার করে সরকার কর্তৃক যে নূতন খাল হয়েছে সে খালের সঙ্গে মেশানো যায় এবং তাতে যদি একটা স্লুইচ গেটের ব্যবস্থা করা যায় তবে ভাগীরথী ব্যাক ওয়াটার সেই এলাকায় ঢুকতে পারবে না এবং ভাগীরথী ব্যাক ওয়াটার ঢুকতে না পেলে ৬০ হাজার বিঘা জমিতে যথেষ্ট পরিমাণে ফসল ফলতে পারে। আর একটি বিল আছে যেটাকে বিল বঁশড়িয়া বলা হয় সেটা বন্যায় প্রতি বৎসর ডুবে যায় এবং সে বন্যার হাত থেকে রক্ষা করবার জন্য আমাদের একটা প্ল্যান-প্রোগ্রাম নেওয়া বিশেষ প্রয়োজন। আমি আশা

করব সেচমন্ত্রী মহাশয় এ সম্বন্ধে ব্যবস্থা করবেন এবং যাতে সত্বর সে বিলের সংস্কার হয় ও বন্যার হাত থেকে রক্ষা করা যায় সে সম্বন্ধে চেষ্টা করবেন। আর একটা কথা হচ্ছে দ্বারকা এবং ব্রাহ্মণীর জল এই বিল বর্শাড়িয়াতে প্লাবিত করছে এবং কাঁতলার নিকটে যেখানে দ্বারকা এবং ব্রাহ্মণীর জলে এসে পড়েছে সেটা একটা প্রদীপের মত এবং সে জল প্রবাহিত হয়ে না যাওয়াতে প্রতি বৎসর বন্যার সৃষ্টি হচ্ছে। জিয়াগঞ্জ থানার আজিমগঞ্জ যে বড় নগর বিনোদের খাল বলে ভাগীরথী থেকে একটা খাল সেটা আজিমগঞ্জের ভিতর দিয়া, নবগ্রাম থানার ভেতর দিয়ে, বিল তেলকারের ভেতর দিয়ে ভাগীরথীতে পতিত হয়েছে, সেটা রানী ভবানী খাস করছিলেন, সে খাল পঙ্ক উদ্ধারের অভাবে মজে গেছে এবং সে খাল যদি খনন করা হয় তা হলে আমার মনে হয় যে ডেফিসিট এরিয়া জিয়াগঞ্জ থানা এবং লালবাগ মহকুমা নিশ্চয়ই উপকৃত হবে। এবং আশা করব, সেচমন্ত্রী সেদিকে দৃষ্টি দিয়ে যাতে এ সমস্যার সমাধান হয় তার জন্য যথেষ্ট চেষ্টা করবেন। আর নবগ্রাম থানার অন্য যেসব এলাকা সেগুলি সমস্ত উঁচু জমি সেটা চাষ করতে গেলে যদিও খাদ্যমন্ত্রীর ব্যাপার, তবু আমি সেচমন্ত্রীকে বলতে চাই যে, তিনি যেন ডীপ টিউবওয়েলের ব্যবস্থা করে খাদ্যশস্য হয় তার দিকে দৃষ্টি দেবেন। একথা মনে করিয়ে দিতে চাই, ভাগীরথী পুনর্জীবিত না হলে পশ্চিমবঙ্গের উন্নতি হতে পারে না। ফরাক্কার কাজ সত্বর সমাধান যাতে হয় ও আমরা খাদ্যে স্বাবলম্বী যাতে হতে পারি তার জন্য আমাদের আত্ম-নিয়োগ করা দরকার, এই বলে আমি শেষ করছি।

শ্রীকামাক্ষ্যা দাস মহাপাত্র: মাননীয় স্পীকার মহাশয়, আজকে সেচমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ উপস্থিত করেছেন তাকে সমর্থন করতে গিয়ে যেকথা বলতে চাই যে, ২০ বৎসরের কংগ্রেস শাসনের ইতিহাস সেটা সমগ্র জাতির কাছে লজ্জার ইতিহাস। একথা ভাবতেও লজ্জা লাগে যে, ২০ বৎসর পরেও আজকে ভারতবর্ষকে একমুঠো অন্নের জন্য মার্কিন সাম্রাজ্যবাদীর তাঁবেদার করতে হয় এবং এর অভিশাপস্বরূপ আজ আমাদের স্বাধীনতা ও সার্বভৌম্য বিপন্ন। আপনারা জানেন এই সমস্যার সমাধান করা যেতে পারত, যদি ভারতবর্ষে এবং বাংলাদেশে কৃষি জমিতে বৈজ্ঞানিক প্রথায় চাষের ব্যবস্থা করা, জলসেচ ও জলনিকাশের ব্যবস্থা করা, তাহলে ভারতবর্ষে ঘাটতি পূরণই নয়, ভারতবর্ষকে উদ্বৃত্তে পরিণত করা যেত। পশ্চিম বাংলার দিকে যদি লক্ষ্য করি তাহলে দেখব, পশ্চিম বাংলায় প্রায় ১ কোটি ২০ লক্ষ কৃষি জমিতে স্বাধীনতার ২০ বৎসর পরেও মাত্র ১৩-১৪ লক্ষ একর জমিতে জলসেচের ব্যবস্থা করেছেন কংগ্রেস সরকার। যেখানে ইংরাজ আমলে তারা তিন লক্ষ একর জমিতে জলসেচের ব্যবস্থা করে গেছেন। আমরা জানি যে তিনটা পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কোটি কোটি টাকা খরচ করার পরও পশ্চিম বাংলায় এখনও ১ কোটি ২০ লক্ষ একর জমি অনাবাদী পড়ে আছে। আপনি জানেন আজকে যে বাজেট ব্যয়বরাদ্দ উপস্থিত করেছেন এর আগে বিদায় নেবার আগে কংগ্রেস সরকার যে বাজেট তৈরি করেছিলেন তা যদি তুলনামূলকভাবে আলোচনা করি তাহলে দেখব বিদায় নেবার আগে যে বাজেট তাঁরা তৈরি করেছিলেন সেটা পুরানো পদ্ধতি অনুসারে তৈয়ারি করেছিলেন। আমরা দেখেছি তাঁরা তাদের বাজেটে ৩ কোটি ৮০ লক্ষ টাকা সেচ খাতে রেখেছিলেন। এই সরকার তাকে বাড়িয়ে ৬ কোটি টাকা করেছেন এবং সেচমন্ত্রী বললেন, আরও ২ কোটি টাকা চেয়েছিলেন পান নি। বিভিন্ন ক্ষেত্রে যে টারগেট রেখেছিলেন তা যদি বিচার করি তাহলে দেখব, সেচ ক্ষেত্রে তাঁর টারগেট ছিল ৭৭ হাজার ৮৫০ একর জমিতে। ১৯৬৭-৬৮ সালে সেচব্যবস্থা করতে পারবেন। বর্তমান বাজেটে এর পরিমাণ নূতন ১১,৬,৬২৬। নিকাশী ব্যবস্থার টারগেট ছিল ৩১ হাজার ৩০০। বর্তমান বাজেটে দাঁড়াচ্ছে ৬৮ হাজার ৭ শত ৬০ একর। বন্যা নিয়ন্ত্রণের টারগেট ছিল ৫ হাজার ২ শত ৭০ একর। নূতন ব্যবস্থায় হল ১৪ হাজার ৯ শত একর। টোটাল হল ১,১৪,৪২০, নূতন ২,০০,৬৫০। আমি আপনার সামনে যে কথা বলতে চাই সেটা হচ্ছে যে, এঁরা বিদায় নেবার পর পশ্চিম বাংলার মানুষ মহাপাপ থেকে বেঁচেছে। গত ৪ মাসে সেচ-বিভাগ যে কৃতিত্ব দেখিয়েছেন সেটা গত ২০ বৎসরের ইতিহাসে সারা ভারতবর্ষের কংগ্রেস সরকার দেখাতে পারেন নি। আমি জানি তাঁরা যে হিসাব দিয়েছিলেন তাতে মার্চ, এপ্রিল, মে জুনএ টার্গেট রেখেছিলেন ১৯ হাজার একর জমিতে জলসেচের ব্যবস্থা করবেন। কিন্তু ইতিমধ্যে ৫০ হাজার একর জমিতে জলসেচের ব্যবস্থা করেছেন, ৬ হাজার ইতিমধ্যে বেনিফিট পাবে এবং

বাকিটা ৬৮ সালে হবে। যে জমিতে জল পাওয়া যাচ্ছে না আগামী বছরে পাওয়া যাবে। এই প্রসঙ্গে আমি দৃষ্টি আকর্ষণ করছি যে বর্তমান বাজেটে প্রধান বৈশিষ্ট্য হল সারা পশ্চিম বাংলার জন্য একটা নেটওয়র্ক তৈরি করে এ বাজেট তৈরি হয়েছে। তিনি আমাদের কাছে বলেছেন কেন্দ্রীয় সরকার পশ্চিম বাংলার ন্যায্য দাবিকে অস্বীকার করেছেন। আমি সভার দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, কেন্দ্রীয় সরকারের নির্দেশক্রমে ১১ লক্ষ একর ধানী জমিকে পাটের জমিতে পরিণত করতে হয়েছে। পশ্চিম বাংলার ন্যায়সঙ্গত দাবি হচ্ছে যে, ১১ লক্ষ একর ধানী জমিকে পাটের জমিতে পরিণত করায় সেখান থেকে যে ধান-চাল পাওয়া যেতে পারত সে পরিমাণ খাদ্য আমাদের দেওয়া অথবা ১১ লক্ষ একর জমিতে ইনটেনসিভ কাল্টিভেশনের মাধ্যমে তৈরি করে সেখানে সে অনুসার সার এবং জলের জন্য টাকা দেওয়া। আমরা জানি কেন্দ্রীয় সরকার আজও সে টাকা দেন নি। এই প্রসঙ্গে কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের নূতন দাবি উপস্থিত করা উচিত যে, পশ্চিম বাংলায় যে ১১ লক্ষ একর জমিকে পাটের জমিতে পরিণত করা হয়েছে সে জমির নিয়ন্ত্রণ পরিচালন ব্যবস্থা পশ্চিম বাংলায় নয়, পশ্চিম বাংলার ভৌগোলিক সীমার মধ্যে হলেও এ জমি পশ্চিম বাংলার বাইরে। তাই আমরা দাবি করব আন্দামান দ্বীপপুঞ্জ ভারত সরকারের ছেড়ে দেওয়া উচিত। আমরা জানি, সেখানে সারা বৎসর বৃষ্টি হয় এবং সেখানে অল্প খরচে জলসেচ ব্যবস্থা করা যায়। তাছাড়া দণ্ডকারণ্য হয়েছে উদ্বাস্তু সমস্যার সমাধানের জন্য সেখানে পূর্ব বাংলা থেকে আগত উদ্বাস্তুদের পাঠানো হয়েছে। আমরা জানি পূর্ব বাংলার মানুষ নদী-নালার দেশের লোক, দণ্ডকারণ্যে বৃষ্টি এত কম হয় যে, সেখানে তাদের পাঠিয়ে দিয়ে এ সমস্যার সমাধান করা যাবে না। অন্যদিকে আন্দামানে সারা বৎসর বৃষ্টি হয় এবং সেখানে কৃষির সুযোগ-সুবিধা আছে। সে আন্দামান যদি আমরা পেতে পারি তাহলে আমরা খাদ্য সমস্যার সমাধান করতে পারব এবং উদ্বাস্তু সমস্যার সমাধান করতে পারব। এই কথা বলে সেচখাতে ব্যয়বরাদ্দ সমর্থন করছি।

[4-30—4-40 p.m.]

শ্রীত্রিলোকেশ মিশ্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সেচবিভাগের ব্যয়বরাদ্দ সম্বন্ধে কিছু বলতে গিয়ে আমি সুন্দরবনের বাঁধ ও জলনিকাশ সম্বন্ধে কিছু বলতে চাই। যে সমস্যা অর্থ-মন্ত্রীর বাজেটে কোন উল্লেখ ছিল না, যা আজ আমাদের সেচমন্ত্রী মহাশয় সুন্দরবনের সমস্যার কথা স্পষ্ট করে বলেছেন সেজন্য আমি তাঁকে আন্তরিকভাবে ধন্যবাদ জানাই। আমি বিশেষ করে সুন্দরবনের কথা বলতে চাই। সুন্দরবনের সমস্যা খুঁটিয়ে ভাবতে গেলে শুধু মেজর ইরিগেশন স্কীমের কথা চিন্তা করলে চলবে না, মাইনর ইরিগেশন স্কীমের কথাও বিশেষ করে চিন্তা করত হবে। কিছুক্ষণ আগে সরকার পক্ষের একজন সদস্য তিনি যে সাজেশন দিয়ে গেছেন সেইটা উল্লেখ করে আমি বলছি। আমাদের যখন এখানে বিরাট খাদ্যসমস্যা রয়েছে তখন সেই সমস্যা মেটাতে গেলে কৃষির উন্নতির দিকে নজর দেওয়া প্রয়োজন। কৃষির উন্নতি করতে গেলে যেসমস্ত জিনিস দরকার তার মধ্যে সেচই হচ্ছে সবচেয়ে বড় ইম্পর্ট্যান্ট ফ্যাক্টর। শুধু সেচবিভাগ নয়, খাদ্যবিভাগ, সেচবিভাগ এবং কৃষিবিভাগের মধ্যে একটা কো-অর্ডিনেশন থাকা দরকার। তিনটি বিভাগেই সমবেত চেষ্টা এবং সমবেত ব্যয়বরাদ্দ থাকবে। এই সমবেত চেষ্টায় আমরা কৃষি উন্নতি ভালভাবে করতে পারব। আমাদের দেশ কৃষিপ্রধান দেশ। আমাদের দেশের প্রায় ৭০ ভাগ লোকই কৃষির উপর নির্ভরশীল এবং কৃষিই হচ্ছে আমাদের একমাত্র জাতীয় সম্পদ। কাজেই এই অবস্থায় যদি আমরা সেচের ব্যবস্থা ভাল করে উন্নত করতে না পারি তাহলে আমরা খাদ্যসমস্যার সমাধান কখনই করতে পারব না। সুন্দরবনের বাঁধের কথা বলতে গিয়ে আমি বলব যে, এটা একটা বিরাট সমস্যা। সেখানে বিরাট আয়তনের বাঁধ রয়েছে। আমি বলব যেসব জায়গায় নদীর স্রোত খুব বেশি এবং সহজেই নদীর বাঁধ ভেঙে যায় সেসব জায়গায় যদি ব্লক করে ড্যাম করা যায়, তাহলে মনে হয় এই খাদ্যসমস্যার সমাধান হতে পারে। আর একটি কথা হচ্ছে যে টাকা বাঁধের পিছনে খরচ করা হয় সেই টাকা যদি বাঁধে গিয়ে পৌঁছাত তাহলে আমার মনে হয় বাঁধসমস্যা থাকত না। আমরা দেখেছি একটা বাঁধের পিছনে যে টাকা ব্যয়বরাদ্দ করা হয়, সেখানে এক্জিকিউটিভ ইঞ্জিনীয়ার থেকে আরম্ভ করে নিচের দফাদার

পর্যন্ত যেভাবে টাকাটা তছনছ হয়—যার ফলে খুব কম মাটিই বাঁধে গিয়ে পড়ে। সেই মাটি গিয়ে আসলে যদি বাঁধে পড়ত তাহলে এত সমস্যা আমাদের থাকত না। কাজেই আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব এদিকে যেন দৃষ্টি দেন। এই বিভাগের ঊর্ধ্বতন কর্মচারী থেকে নিম্নতম কর্মচারী পর্যন্ত প্রত্যেকেই টাকার ভাগ নিয়ে থাকে। সেইজন্য আমি বলছি এদিকে নজর দেওয়া দরকার। আমি সাগরদ্বীপ সম্বন্ধে একটি কথা বলব। নরহরিপুর মন্দিরতলার একটি ব্রক পিচিং আর ব্রক পাইলিংয়ের ব্যবস্থা করা হয়েছিল। সেখানে সিমেন্ট, ইট, চুন, বালি ইত্যাদি সমস্ত কিছু গিয়েছিল। কিন্তু কন্ট্রাক্টর ঝগড়া করে পালিয়ে যাওয়ায় সমস্ত স্কীমটাই নষ্ট হয়ে গেল। এখন সে সম্বন্ধে কোর্টে কেস চলছে। এই সমস্ত জিনিসগুলি যদি সুষ্ঠুভাবে করা হয় তাহলে খাদ্যসমস্যার সমাধান হবে। নরহরিপুরের কাছে মহিষাবাড়ি বলে একটি জায়গা রয়েছে। সেখানকার ভূমি খুব উর্বর। সেখানে প্রচুর ফসল ফলানো যায়। সেখানে ৮-১০ লক্ষ একর জমি পড়ে আছে, চাষ হচ্ছে না। সেখানে যদি আমরা স্লুইস গেট করতে পারি তাহলে অনেক বেশি ফসল ফলানো যাবে। নদীর বাঁধ কাটাতে গেলে পারমিশনের দরকার হয়, কারণ তখন জমিতে অনেক জল বেশি হয়ে যায়। সেজন্য আমি মনে করি আমরা যদি সরকারের উপর সব সময় নির্ভর না করে থাকি তাহলে অনেক সমস্যার সমাধান হতে পারে। যেমন কোথাও নদীর বাঁধ ভেঙে গেছে সেখানে যদি গ্রামের লোকেরা মিলে সেই বাঁধে মাটি ফেলি তাহলে আর সরকারের দিকে তাকিয়ে থাকতে হয় না। কারণ আমরা অনেক সময় দেখেছি টেলিগ্রাম করলে আগে ডিপার্টমেন্টে যাবে তারপর সেখান থেকে মন্ত্রী দেখবেন এবং তারপরে সেটার কাজ হবে। তাহলে কাদের ক্ষতি হল? সেজন্য আমি বলছি আমাদের অধিক কর্মঠ হতে হবে এবং আমাদের এগিয়ে এসে কাজ করতে হবে। জলনিকাশের ব্যবস্থা খুব সংকট অবস্থায় রয়েছে। একটি হচ্ছে নারায়ণপুরে অঞ্চলে গণেশনগর ও আর একটি হচ্ছে বাড়াখালি অঞ্চলে রাজনগরে। এই দুটি অঞ্চলে স্লুইস গেট করা হবে বলে জমি অ্যাকোয়ার করা হয়েছে এবং সেখানে ল্যান্ড ভ্যালু দেওয়া হয়েছে। এখানে সমস্ত কাজ কমপ্লিট রয়েছে অথচ ৫-৬ বছর ধরে পড়ে আছে। সেজন্য তাঁকে সেদিকে নজর দিতে অনুরোধ করব। সেখানে দুটো স্লুইস গেট যদি বসানো হয় তাহলে সেখানকার লোকেরা খুব উপকৃত হবে। এই স্লুইস গেটের কথা বলতে গেলে এই কথার বলা দরকার যে, এর মধ্যে বড় সিস্টেম যেগুলি সেগুলিতে অনেক টাকা খরচ হয়, কাজেই সেই স্লুইসের দরকার নেই। নদীর বাঁধে যখন বেশি ভাঙন আসে তখন সেই বড় স্লুইসের জন্য বেশি খরচ করতে হয়। সেজন্য আমরা ছোট ছোট বাঁধ দিয়ে যদি সেখানে ড্রেনেজ সিস্টেম করতে পারি তাহলে কম খরচে চাষ হতে পারে। আবার নদীর বাঁধ অন্যদিকে সেখানে যদি পুরোপুরি ভেঙে যায় তাহলে সেখানে আমরা বড় স্লুইস সহজেই দিতে পারি। তাই আমি সেচমন্ত্রীকে বিশেষভাবে অনুরোধ করব সুন্দরবনের জলনিকাশীর ব্যবস্থার দিকে একটু নজর দিন। আমরা যদি সরকারকে সহযোগিতা করি এবং কর্মঠ হই তাহলে সুন্দরবনের ভিতর থেকে কৃষির যথেষ্ট উন্নতি করতে পারি। জমিদারির কথা বলতে গিয়ে আমি একথা মনে করি যে, জমিদারির প্রতি বিরাট আকর্ষণ আছে একথা আমি বলছি না। কিন্তু জমিদাররা যখন করতেন তখন নিজেদের ইন্টারেস্টে তাঁরা কাজটা খুব ভাল করতেন।

কিন্তু জমিদাররা যা করত তাদের নিজেদের ইন্টারেস্ট কাজটা ভাল করে করত বলে মনে হয়। এই বাঁধগুলোর কাজ তাদের নিজেদের লিমিটেড লোক দিয়ে করাত বা কোন বাঁধ ভেঙে গেলে তাড়াতাড়ি সেখানে লোক পাঠিয়ে মাটি ফেলে দিত, সুতরাং কাজটা সেখানে তাড়াতাড়ি হত। সরকারকে ঠিক আপন করে আমরা ভাবতে পারছি না, যার ফলে এই সমস্যা দেখা দিচ্ছে। সরকার থেকে টাকা বরাদ্দ হয়ে আছে কিন্তু সেই টাকাগুলো আসলে বাঁধের ক্ষেত্রে ঠিক কাজগুলো হয় না, জমিদাররা যতই অন্যায় করুক না কেন বাঁধগুলো সংস্কারের ক্ষেত্রে দেখেছি সুষ্ঠুভাবে সম্পন্ন করত। আমি আর একটি কথা বলতে চাই যে, মাইনর ইরিগেশন স্কীমের উপর বিশেষ জোর দেওয়া দরকার। কারণ আমাদের ১০০ বছর আগের কথা বলছি তখন থেকে মেজর ইরিগেশন স্কীমের উপর জোর দওয়া হয়েছে, মাইনর ইরিগেশন স্কীমের উপর

জোর দেওয়া হয় নি। কিন্তু দেখা গেছে ইন্ডিয়ান ইরিগেশন কমিশন ১৯০১ সালে বলছেন মাইনর ইরিগেশন স্কীমের উপর জোর দেওয়া হোক এবং ১৯২৬ সালে রয়েল কমিশন অফ এগ্রিকালচার একটা সাজেশন দিচ্ছেন তার ফাইন্ডিংসে রয়েছে

Construction, reservation and improvement of the minor works have in the past not received attention of the Government which was justified and which could be done to promote the development of the minor works.

তাই আমি মনে করি যে, কৃষিখাতে সেচের জন্য যে টাকা বরাদ্দ আছে সেটা কৃষিখাতে না রেখে যদি সেচবিভাগে সম্পূর্ণ আনা যায় এবং সেচ ও কৃষির টাকা এক জায়গায় এনে সম্মিলিতভাবে চেষ্টা করা যায় তাহলে সেচের উন্নতি আমরা করতে পারব। তাই আমি বলি সুন্দরবনে বিশেষ করে পরিকল্পনা যেটা রয়েছে সেই পরিকল্পনার ক্ষেত্রে যদি মাইনর ওয়ার্কের ক্ষেত্রে যদি লক্ষ্য দেওয়া যায় তাহলে সুবিধা হবে। যেমন সর্ট ইনিসিয়াল

outlay and the works may be executed in a short period.

খুব কম টাকা খরচ হবে, বিদেশ থেকে যন্ত্রপাতি আনতে হবে না, টেকনিসিয়ান আনতে হবে না, ফরেন এক্সচেঞ্জের গোলমাল নেই। যার জন্য আমরা লোকাল রিসোর্সেস দ্বারা তাড়াতাড়ি খুব কম খরচে মাইনর ওয়ার্কস করতে পারব, ইমিডিয়েটলি আফটার কমপ্লিশন অন ওয়ার্ক এবং তাড়াতাড়ি কাজ পাব। এবং ইউজ অফ লোকাল রিসোর্সেস অ্যান্ড ইকুইপমেন্ট যেটা ব্যবহার করতে গিয়ে আমাদের বাহিরে থেকে যন্ত্রপাতি আনতে হবে না। আমরা নদী পরিকল্পনা করতে যাচ্ছি কিন্তু দেখা যাচ্ছে অধিকাংশ নদী বৃষ্টির জল পরিপুষ্ট। নদীতে যদি জল না থাকে তাহলে আমরা কি পরিকল্পনা নিতে পারি? আমার মনে হয় যেসব জায়গায় এইসমস্ত নদী বৃষ্টির জলে পরিপুষ্ট সেসব জায়গায় কোন পরিকল্পনা করা যাবে না, তাই আমি বলব যে মাইনর ইরিগেশন স্কীম যেখানে কম টাকায় লোকাল রিসোর্সেস দ্বারা করতে পারা যায় সেটা সেখানে তাড়াতাড়ি করা উচিত। এসব বিষয়ে বিদেশী টেকনিসিয়ান ফরেন এক্সচেঞ্জের কোন গোলমাল নেই। আমাদের সুন্দরবন এলাকায় দেখেছি অনেক জমিদারের বড় বড় পুকুর রয়েছে সেগুলো খনন করে যদি জল সঞ্চয়ের ব্যবস্থা করা যায় তাহলে পুকুরের চারিদিকে যে বিল বা ঝিল আছে সেগুলো ভাল করে খুঁড়ে বাঁধ তৈরি করে যদি জল আটকানো যায় তাহলে সমস্যার সমাধান হতে পারে। আর একটি কথা বলতে চাই, সাগর এলাকায় যেখানে গঙ্গাসাগর মেলা হয় সেখানে কিছুদিন আগে ডি এম গিয়েছিলেন, তাঁর সংগে আমার দেখা হয়েছিল। আপনারা নাকি ডিপ টিউবওয়েল স্কীমটা নাকি বন্ধ করে দিয়েছেন, পুরানো জিনিসকে রিপেয়ার করতে বলছেন? ডি এম একটা সাজেশন আপনাদের কাছে বোধহয় পাঠিয়েছেন, সেটা হচ্ছে এই যে, গঙ্গাসাগর মেলা আসছে, সেখানে কোন পানীয় জলের ব্যবস্থা নেই, একটা টিউবওয়েল বসানোর সাজেশন তিনি দিয়েছেন। আমি সেচমন্ত্রীকে বলব সেটাতে শুধু মেলার উপকার হবে তা নয়, সেচের উপকারও হবে। আমি সর্বশেষে এই অনুরোধ জানাব সুন্দরবনের সম্বন্ধে। এখানে বারে বারে বলা হয়েছে এবং আমাদের ফ্রেজারগঞ্জ থেকে একটা টেলিগ্রাম এসেছে সেচমন্ত্রীর কাছে যে, সেখানকার নদীর বাঁধ ভেঙে গেছে, সরকার থেকে যদিও সেখানে কিছু সাহায্য গেছে কিন্তু সেই সাহায্য পর্যাপ্ত হচ্ছে না। অর্থমন্ত্রীর বাজেটে সুন্দরবনের যা উল্লেখ ছিল না সেচমন্ত্রীর ভাষণে সেই সুন্দরবনের সমস্যাকে স্পষ্ট করে উপস্থিত করার জন্য তাঁকে ধন্যবার জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-40—4-50 p.m.]

শ্রীসিদ্ধেশ্বর মণ্ডল: মাননীয় অধ্যক্ষ মহাশয় আজ মাননীয় সেচমন্ত্রী যে বাজেট এখানে উপস্থিত করেছেন তাকে সমর্থন করতে গিয়ে আমি দু-একটা কথা বলতে চাই। এই দপ্তরের মূল উদ্দেশ্য ছিল বন্যা নিয়ন্ত্রণ করা এবং সেচের সুষ্ঠু ব্যবস্থা করা কিন্তু এই কুড়ি বছর কেটে গেছে এর মধ্যে তিনটি পরিকল্পনার কাজ শেষ হয়ে গেছে এবং চতুর্থ পরিকল্পনা আরম্ভ হয়েছে কিন্তু এখনও যদি আমরা উত্তর বাংলার দিকে তাকাই তাহলে কি দেখব বন্যা নিয়ন্ত্রিত হয়েছে? এখনও আমরা এই কুড়ি বছরের কংগ্রেস রাজত্বের পর দেখব যে, উত্তর বাংলা বন্যায় ভেসে যাচ্ছে। অন্যান্য জায়গার অবস্থা সেইরূপ, যেমন পুরুলিয়া, বীরভূম এবং মালদা, বাঁকুড়ায় খরা হয়েছে

—কেউ হয়ত কংগ্রেসী সদস্য বলতে পারেন যে, আমরা কি খরা করেছি মহাশয়? খরা করতে হয় না, আপনারা তো একটা সাধারণ কথা জানেন যে, রাজার পাপে রাজ্য নষ্ট, প্রজায় কষ্ট পায় আর গিন্নীর পাপে গৃহ নষ্ট লক্ষ্মী ছেড়ে যায়। তাই আমি বলছি—কংগ্রেসী দুঃশাসনের রাজত্বের অবসান হয়েছে। আজকে যুক্তফ্রন্ট সরকারের সেচমন্ত্রী মাত্র চার মাস কার্যভার গ্রহণ করেছেন। এর মধ্যে তিনি যেসমস্ত ব্যবস্থা করেছেন সেই সমস্ত কাজ তিনি করে চলেছেন। তাতে আশা করা যায় অদূরভবিষ্যতে পূর্বের থেকে কিছু বেশি জমিতে আমরা সেচের ব্যবস্থা করতে পারব এবং বন্যা নিয়ন্ত্রণের ব্যাপারেও কিছু কিছু ব্যবস্থা করতে পারব। তিনি যে মাস্টার প্ল্যানের কথা বলেছেন, সেই মাস্টার প্ল্যান উত্তরবঙ্গে করবার কথা ছিল। কিন্তু কংগ্রেসীরা পনের-কুড়ি বৎসর ধরে মাস্টার প্ল্যান মাস্টার প্ল্যান বলে চিৎকার করেছিলেন, যেকথা বিশ্বনাথ-বাবু বলেছিলেন কুড়ি কোটি টাকা হলে হতে পারে। বর্তমানে কুড়ি কোটি টাকা হলে প্ল্যানের কাজ আরম্ভ করা যেতে পারে। আমি তাঁকে বলব, মাস্টার প্ল্যানের জন্য চেষ্টাও তিনি করুন এবং উত্তরবঙ্গে বন্যা নিয়ন্ত্রণের ব্যবস্থা করুন।

আর একটা কথা বলব—উত্তরবঙ্গে যে কিছু কাজ কংগ্রেসী মন্ত্রী করেছিলেন, তার নজির হচ্ছে ঐ করতোয়া ব্রীজ। সেটা হয়েছিল ভূতপূর্ব মন্ত্রী খগেন্দ্রনাথ দাশগুপ্ত মহাশয়ের এলাকায়, তাঁরা নির্বাচকমণ্ডলীকে সন্তুষ্ট করবার জন্য। আপনি স্যার শুনলে আশ্চর্য হয়ে যাবেন যে, এই করতোয়া ব্রীজের নিচে দিয়ে একবিন্দু জলও যায় না, তা সম্পূর্ণ নষ্ট হয়ে গেছে। এটা ছিল একেবারে অবৈজ্ঞানিক ও অবাস্তব, এর ইতিহাস এর আগে একবার বলেছি। তাঁর কীর্তির কথা বলে শেষ করা যায় না।

তারপর আমি বীরভূম জেলার একটা কথা বলতে চাই। আমাদের এই নূতন মন্ত্রী ক্ষমতায় আসার পরে সেখানে হীরাসোল ব্রীজ (?) করা হয়েছে। ঐ হীরাসোল ব্রীজের পরিকল্পনা ৫-৭ বছর আগে হয়। তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার মধ্যে করবার কথা ছিল। তখন আমাদের বর্তমান মুখ্যমন্ত্রী অজয়কুমার মুখার্জি মহাশয় ইরিগেশন মিনিস্টার ছিলেন। তিনি ওটা করবার চেষ্টা করেছিলেন। কিন্তু নানা কারণে তখন ওটা হয় নাই। তার কারণ হচ্ছে আমাদের এলাকার মধ্যে কংগ্রেসপ্রার্থী হেরে গিয়েছিল বলে তা হয় নাই। কিছু কিছু সার্ভের কাজ প্রথম আরম্ভ করা হয়েছিল, তারপর তা বাদ দেওয়া হয়েছিল। যা হোক যুক্তফ্রন্ট সরকারের মন্ত্রী বিশ্বনাথবাবুকে বলব বীরভূম জেলায় এই ব্রীজ তৈরির কাজ যাতে শীঘ্র আরম্ভ হয় তার চেষ্টা করবেন। বীরভূম ক্ষুদ্র জেলা হলেও যথেষ্ট পরিমাণ ধান-চাল খাদ্যশস্য আমরা দিয়েছি এবং এখনও দিয়ে চলেছি। বীরভূম জেলার কৃষক ও চাষীরা কোনদিন খাদ্য ও ধান-চাল দিতে কার্পণ্য করেন নাই। কিন্তু এখানে কোনরকম সেচের ব্যবস্থা আজও হয় নাই—কুড়ি বছরের কংগ্রেসী শাসনে। তাই এখন তার ব্যবস্থা করা দরকার, আমাদের যুক্তফ্রন্ট সরকারের রাজত্বে সবদিক দিয়ে ব্যবস্থা করে তা করা উচিত।

আর একটা সাজেসশন আমি এখানে রাখছি। বীরভূমে একটা সম্ভাবনা আছে, আমি বিশ্বনাথবাবুকে বলি নাই, হেমন্তবাবুকে বলেছিলাম। আমাদের ভারত সরকারের জিওলজি-ক্যাল সার্ভে অফ ইণ্ডিয়া বেটা আছে, তার মধ্যে অনেকগুলি শাখা আছে, কোল মাইন এলাকায় বোরিংএর কাজও একটা শাখা করে থাকে। সেই বোরিং করবার সময় দেখা যায় বহুলাংশে অনেক জলের সন্ধান পাওয়া গেছে। বীরভূমের খয়রাসোল থানায় এমন একটা জায়গার সন্ধান পাওয়া গেছে যেখান থেকে সব সময় জল বেরোয়। জিওলজিক্যাল সার্ভের লোকেরা তাদের সেই বোরিং পাইপ তুলে নিয়েছে। আমি সরকারকে বলব এই যে বোরেনিয়াল সোর্সেস অব্ ওয়াটার —এটাকে কাজে লাগানো যায় কি না সেদিকে খাদ্যমন্ত্রী যদি একটু দৃষ্টি রাখেন; তিনি এ বিষয় চিন্তা করে দেখবেন ভারত সরকারের সঙ্গে যোগসাজস করে কোন ব্যবস্থা করা যায় কিনা।

আর একটা বিষয় দামোদর নদী যেটা সমুদ্রের সঙ্গে গিয়ে মিশেছে। হাওড়া জেলায় পলি পড়ে ভরাট হয়ে গেছে এই দামোদর। সেটাকে কেটে গভীর করে নেভিগেশনের ব্যবস্থা তাড়া-তাড়ি করতে পারলে অনেক সুবিধা হয়। এই কথা বলে আমি এই বাজেট বরাদ্দকে সমর্থন করছি।

Shri Pijush Kanti Mukherjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রত্যক্ষ চাষী নয়, এমন যাঁরা চাষ সম্বন্ধে চিন্তা করেন, তাঁদের অধিকাংশের ধারণা যে চাষের উন্নতি করতে হলে সিডস, ম্যানিওর অ্যান্ড বেটার ইমপ্লিমেন্টস দরকার। কিন্তু জল ছাড়া যে চাষের কোন প্রশ্ন উঠতে পারে না, সেটা প্রত্যক্ষ যারা নিজের হাতে চাষ না করেন, তাঁদের অধিকাংশের সেই ধারণা নেই। এ বিষয় অবশ্য বিশ্বনাথবাবুর সঙ্গে আমি একমত যে, আমাদের দেশে টোয়েন্টি-ফাইভ পারসেন্ট প্রোডাকশন ইজিলি বাড়ানো যায়, শুধু জল যদি সময়মত সাপ্লাই করা যায়। নূতন ধরনের কোনপ্রকার কাল্টিভেশন না করেও শুধু জল যদি বাড়ানো যায় তাহলে চাষও বাড়ে। এই সেচব্যবস্থার মধ্যে কিছু জটিলতা আছে। এই যে সেচের মাইনর ইরিগেশন, স্মল ইরিগেশন, মেজর ইরিগেশন, রিভার ভ্যালী প্রোজেক্ট – কিছুটা এগ্রিকালচার বিভাগের, আর কিছুটা ইরিগেশন বিভাগের। এই এগ্রিকালচার বিভাগ যে ইরিগেশন কাজ কিছু কিছু করে, তা আবার এক্সপার্ট টেকনিক্যাল ওপিনিয়নএর জন্য ইরিগেশন ডিপার্টমেন্টে পাঠানো হয়। কিন্তু আমরা জানি এগ্রিকালচার ইরিগেশন এই বিভিন্ন বিভাগের মধ্যে কোন সমন্বয় নাই। ব্যক্তিগত ঝগড়া ইত্যাদি থাকার ফলে অনেক স্কীম এক্সিকিউটেড হয় না, আটকে যায়। আমার মনে হয় জল যেভাবেই জমিতে দেওয়া হোক না কেন—সেটা মাইনর হোক, মেজর হোক বা স্মল ইরিগেশনই হোক, সেটা একটা বিভাগের মধ্যে আনা উচিত। তা না হলে নিজেদের মধ্যে দ্বন্দ্বের জন্য চাষ ক্ষতিগ্রস্ত হবে, জলসেচও ঠিকমত হবে না। মাননীয় স্পীকার মহাশয়, আমাদের সেচমন্ত্রী যেভাবে বলে গেলেন তাতে মনে হয় তিনি অন্ধকারে হাতড়ে বেড়াচ্ছেন। কারণ সেচ করতে হলে পরে প্রথমে বাংলাদেশের পোটেনসিয়েলিটির চিত্র কি আছে তা দেখতে হবে। সেই সামগ্রিক চিত্র তাঁর কাছে আছে কি? তা নেই। অ্যাভেলেবল ওয়াটার রিসোর্সেস যা আছে বিভিন্ন জেলার মধ্যে তা জোনাল বেসিসএ যদি ভাগ করে দেওয়া যায় এবং কোন্ জোনে ওয়াটার রিসোর্সেস কি আছে নদীতে, আন্ডারগ্রাউন্ড রিসোর্সেস কি আছে এবং সেটা কিভাবে ট্যাপ করা যেতে পারে যার দ্বারা সেই জলগুলি জমিতে সেচের আওতায় আনা যায়, সেইরকম যদি কোন রিসোর্সেসএর সার্ভে না থাকে, তাহলে এইরকমভাবে আন্দাজে কাজ করলে বাস্তবিক কোন কাজের কিছুই হবে না।

[4-50—5 p.m.]

দুটো নদীতে বাঁধ দিলাম, ৫০০ টিউবওয়েল করলাম, দু' হাজার ট্যাঙ্ক পরিষ্কার করলাম, এইভাবে কোন ফল হবে না। ফল স্থায়ীভাবে সেখানেই হবে যদি একটা থর চিত্র থাকে। বাংলাদেশের বিভিন্ন এলাকায়, বিভিন্ন জেলায়, বিভিন্ন অংশে এইভাবে জল আসে এবং সেই জলকে সর্বাপেক্ষা কম খরচে এইভাবে ইউজ করা যায় এবং তার ফলে একটা সুষ্ঠু পরিকল্পনা করা যায়। তাছাড়াও বিভাগীয় গোলমাল আছে। আজকে একর ফুট হিসাবে জল দিয়ে বর্ধমান জেলায় যে চাষ হবে একর ফুট হিসাবে তত জলে জলপাইগুড়ি কোচবিহার জেলায় কখনই সে চাষ হবে না। কারণ সেখানে আঁটালো মাটি, সেখানকার মাটি পোরাস অর্থাৎ পারফোরেট করে জল চলে যায়। সুতরাং বিভিন্ন এলাকার বিভিন্ন ধরনের জমির উপর নির্ভর করে এবং অ্যাভেবিলিটি অফ ওয়াটারের উপর নির্ভর করে এই ধরনের সেচ পরিকল্পনা করা দরকার। উত্তরবঙ্গে যেমন বৃষ্টি হলে জমির উপর যদি এক ফুটও জল দাঁড়ায় তাহলেও ২৪ ঘণ্টা সেই জল থাকে না যদি ক্রমাগত বৃষ্টি না হয়। বারিপাত যদি প্রচুর হয় তাহলেও চাষীরা জল পায় না। আবার হঠাৎ যখন বৃষ্টি হয় তখন আবার বন্যায় ভেঙ্গেচুরে সব চলে যায়। এখন হয়ত বন্যা হচ্ছে আবার হয়ত দেখা যাবে ১৫ দিন পরে টনটনে শুকনো, সমস্ত আবাদ নষ্ট হয়ে গিয়েছে। কাজেই সম্পূর্ণ ছবি যদি একটা তুলে ধরা না যায় তাহলে এটা কখনই সম্ভব নয়। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব এ বিষয়ে তিনি যেন বিশেষভাবে চিন্তা করেন। মাননীয় স্পীকার মহাশয়, উত্তরবঙ্গে কতকগুলি ছোট পরিকল্পনার সুযোগ-সুবিধা আছে, কতকগুলি ফাউন্টেন আছে, বিশেষ করে বর্ষাকালে বা সমস্ত বছর ধরে কিছু কিছু জল সেখানে পাওয়া যায় এবং বর্ষাকালে বেশি পরিমাণে জল আসে। ছোট নদী বা ঝরা যাকে বলে সেগুলিকে সামান্য খরচে বাঁধ দিয়ে সেই জল যদি জমিতে নিয়ে যাওয়া যায় যেটা এককালে ঐ এলাকার লোকেরা নিজেরা করত তাহলে তাদের প্রচুর ফসল হয়। যখন বড় বড় জোতদার ছিল তখন

১০-১৫ জন জোতদার মিলে নিজেরা চাঁদা তুলে সেই এলাকায় বাঁধ দিয়ে যাকে জ্যাম্বো ইরিগেশন স্কীম বলে সেটা করে তার সেই জল জমির উপর নিয়ে যেত এবং তাতে প্রচুর ফসল হত। কিন্তু আজকে জমি টুকরো টুকরো হয়ে যাওয়ার ফলে, জমিদার জোতদার উচ্ছেদ হয়ে যাওয়ার ফলে আজকে ছোট ছোট করে চাঁদার টাকা তোলা সম্ভব হয় না বা যাদের জমি তারা নিজেরা উদ্যোগী হয়ে যে করবে সেটা সম্ভব হচ্ছে না। এটা সম্ভব হচ্ছে না বলেই যে জমিতে ১০-১৫ বছর আগে ভাল ফসল হত সেই জমিতে ফসল হচ্ছে না। কারণ সেই জমিতে জল পাচ্ছে না, ইরিগেশন সোর্সগুলি নষ্ট হয়ে গিয়েছে। উত্তরবঙ্গে ইরিগেশন দেওয়ার ব্যবস্থা তার নিজস্ব ধরনেণর। দামোদর এলাকায় যেখানে একর প্রতি ইরিগেশন খরচ ৫।৭ হাজার টাকা শত, হাজার টাকা পড়ছে সেখানে উত্তরবঙ্গে একরপ্রতি ইরিগেশন খরচ ৬০-৭০ টাকায় হয়ে যায় এবং এর অর্ধেক খরচেও চাষীরা তার নিজের জমিতে জল দেওয়ার ব্যবস্থা করত। মাননীয় স্পীকার মহাশয়, এ ছাড়াও উত্তরবঙ্গে সিল্টিংএর ফলে বহু নদীতে সমস্যা দেখা দিয়েছে, বহু নদীতে প্রতি বছর দু'পাড়ে ভাঙ্গন দেখা দিচ্ছে। রায়ডাক (১), রায়ডাক (২), কালজানি, গদাধর, তোরসা প্রভৃতি বহু নদী দু'পাড় ভেঙ্গে বহু জমি নষ্ট হয়ে গিয়েছে এবং শুধু তাই নয়, উত্তরবঙ্গের জমির স্লোপ বেশি থাকার ফলে জোরে স্রোত যায় এবং এর ফলে কোন কোন এলাকায় জমির উর্বরাশক্তি নষ্ট হয়ে যায় এবং ভূমিক্ষয় হয়ে যায়। ঐ জলগুলি অযথা ভূমিক্ষয় করে দিচ্ছে অথচ ঐ জল দিয়ে আরও নিচের জায়গা কাল্টিভেশন করা যেত সেটা সম্ভব হচ্ছে না। অথচ ঐ এলাকায় সামান্য চেষ্টা করলে ওগুলিকে প্রোটেকশন দেওয়া যায় এবং ঐ জলটাকে আরও দক্ষিণদিকে যে জায়গায় ইরিগেশন কম সেই জায়গায় ঐ জল নিয়ে গিয়ে যদি ইরিগেশন দেওয়া যায় তাহলে একদিকে যেমন ভূমি সংরক্ষণ হয় তেমনি আর একদিকে ঐ একই খরচে ভূমিকে কাল্টিভেবল করা যায়। তাতে একর প্রতি ৩০ থেকে ৪০ টাকার বেশি খরচ হয় না। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলব এগুলি থরোলি সার্ভে করা দরকার। বহু ধারণা বা জ্ঞান না থাকলে এগুলি হাফ হার্টেডলি করা সম্ভব হবে কিন্তু হোল হার্টেডলি করা সম্ভব হবে না এবং খাদ্যসমস্যার সমাধান করাও কখনও সমাধান হবে না।

শ্রীআবদুল হক: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের উপস্থাপিত বায়-বরাদ্দকে সর্বান্তঃকরণে সমর্থন করে আমি কিছু বক্তব্য এই বিধানসভার কক্ষে রাখতে চাই। একথা সর্ববাদীসম্মত যে এদেশে খাদ্যসংকট অত্যন্ত ভয়াবহ। এই খাদ্যসংকটের অন্যতম কারণ হচ্ছে সেচব্যবস্থা এখানে উন্নত পর্যায়ের নয় বলে। এই সেচ ব্যবস্থা অনুন্নত হওয়ার জন্য দায়ী হচ্ছে বিগত কংগ্রেস সরকার। বিগত কংগ্রেস সরকার যদি উপযুক্ত ব্যবস্থা করতেন তাহলে সেচের এহেন শোচনীয় অবস্থা হত না এবং খাদ্য সমস্যাটাকে যদি সরকার বড় করে দেখতেন তাহলে সেচের প্রতি যথাযথ মনোযোগ দিতেন। খাদ্যসমস্যা সমাধানের জন্য সেচ যে একান্ত প্রয়োজন সেই প্রয়োজনীয়তা সরকার তখন বড় একটা উপলব্ধি করেন নি। বিগত তিনটি পরিকল্পনায় ১৫ বছরের মধ্যে কংগ্রেস সরকার সেচের জন্য যা খরচ করেছেন সেই খরচের পরিমাণ ৪ হাজার কোটি টাকারও উর্দ্ধে। কিন্তু এত টাকা খরচ করার পরও শতকরা মাত্র ৩০ ভাগ জমিতে সেচের জল পায়, শতকরা ৭০-৮০ ভাগ জমি সেচের জল পায় না। যেখানে অন্ধ্রপ্রদেশে শতকরা ৯৩ ভাগ জমি সেচের জল পায়, যেখানে পাঞ্জাব শতকরা ৭২ ভাগ জমি সেচের জল পায়, মাদ্রাজে শতকরা ৯২ ভাগ জমি সেচের জল পায় সেখানে বাংলাদেশে এত টাকা খরচ করার পরও মাত্র ৩০ ভাগের বেশি জমি সেচের জল পায় না। যদি উদাসীনতা না থাকত তাহলে নিশ্চয় কংগ্রেস সরকার এইদিকে নজর দিতেন। তাছাড়া আর একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে ফরাক্কা ব্যারেজ পরিকল্পনা। সেই ফরাক্কা ব্যারেজ পরিকল্পনার উপর নির্ভর করছে দেশের অর্থনৈতিক কাঠামো, সেই ফরাক্কা ব্যারেজের উপর নির্ভর করছে দেশের ব্যবসা-বাণিজ্য, দেশের জলপথের উন্নতি এবং সেই ফরাক্কা ব্যারেজের উপর নির্ভর করছে কীর্তিনাশা পদ্মার সেই করাল কবল থেকে লক্ষ লক্ষ নরনারীর গৃহ সংরক্ষণ, অথচ সেই ফরাক্কা ব্যারেজ কংগ্রেস সরকার দ্বারা অবহেলিত হচ্ছে, কেন্দ্রীয় সরকার এর প্রতি যথাযথ নজর দিচ্ছেন না। তার কারণ হচ্ছে খাড়া বড়ি থোড়, থোড় বড়ি খাড়া—যে বায়বরাদ্দ কেন্দ্রীয় সরকার ফরাক্কার জন্য করছেন তার মধ্যে যে অগ্রগতি দেখা গেছে ফরাক্কার কাজে তাতে সেই রকমের বড় একটা উন্নতি দেখা যায় নি।

কেন্দ্রীয় সরকার ঘোষণা করেছেন যে, ১৯৭১ সালের ভেতর সেই পরিকল্পনাকে আমরা সম্পূর্ণ বাস্তবে রূপ দিতে পারব, কিন্তু কেন্দ্রীয় সরকার আজ যেভাবে চলছে তাতে করে ১৯৮১ সালের মধ্যে সেটা পরিপূর্ণ হবে বলে আমার মনে হয় না। আমি তাই পশ্চিমবঙ্গের সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, ওটার উপর আমাদের অনেক কিছু নির্ভর করছে। দামোদর নদের আটটি বাঁধ দেবার কথা বলা হয়েছিল কিন্তু সেই আটটি বাঁধের ভেতরে কংগ্রেস সরকার মাত্র ৪টি বাঁধ এই কুড়ি বছরের ভেতরে করতে পেরেছেন। সেই বাঁধ পরিকল্পনা রূপায়িত করতে যে ৫৪ কোটি টাকা খরচের কথা বলা হয়েছিল যে, এর বেশি খরচ হতে পারে না। সেখানে এক বছরের মধ্যে কংগ্রেস সরকার ১২৯ কোটি টাকা খরচ করে ফেলেছেন অথচ সেখানে মাত্র ৪টি বাঁধ তৈরি হয়েছে।

সেই বাঁধগুলি যদি বাকিগুলি দেওয়া না হয় তাহলে কলকাতা বন্দরের যে নাভিশ্বাস হতে চলেছে সেটা আরও ভয়াবহ হবে। সেদিকে কেন্দ্রীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ আমাদের পশ্চিম বাংলার সেচমন্ত্রী করেছেন। তারপরে আমি মুর্শিদাবাদ জেলার কথা নিয়ে একটু বলতে চাই। আমার পূর্বে বিরোধীপক্ষের কংগ্রেসী সদস্য মাননীয় বাগচী মহাশয় কিছু গঠনমূলক কথা বলেছেন। মুর্শিদাবাদ জেলার যে বিলগুলির কথা তিনি বলেছেন মাননীয় সেচমন্ত্রী তা নোট করেছেন। মুর্শিদাবাদ জেলা খাদ্যে ঘাটতি জেলা—বর্ধমান-বাঁকুড়ার উপর আমাদের নির্ভর করতে হয়, যদি সেই কটি বিলের সংস্কার করা হয় তাহলে ৪০ হাজার একর জমিতে ফসল উৎপাদননর ব্যবস্থা হতে পারবে এবং তাহলে মুর্শিদাবাদ জেলাকে অন্যান্য জেলার উপর নির্ভর করতে হবে না। এই বলে আমি মাননীয় সেচমন্ত্রীর ব্যয়বরাদ্দ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5—5-10 p.m.]

Dr. Gopal Das Nag:

স্পীকার মহাশয়, এই বাজেট আলোচনা করতে উঠে আমি সরকারের প্রশাসনের যে বিভিন্ন বিভাগ তার মধ্যে সবচেয়ে অবহেলিত যে বিভাগ অর্থাৎ স্বায়ত্তশাসনবিভাগ তার সম্বন্ধে আলোচনা করব। তার পূর্বে আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলতে চাই, এই আলোচনায় মন্ত্রিমহাশয়ের স্তুতিবাদ করব না, নিন্দাবাদও করব না। তিনি উল্লেখযোগ্য কিছুই করেন নি, যার জন্য প্রশস্তির বা নিন্দার কিছু থাকতে পারে না। মন্ত্রিমহাশয়ের তথ্যে একটা ভুল আছে; আমি সেটার সংশোধন করে দিতে চাই। পশ্চিমবঙ্গের মিউনিসিপ্যালিটির সংখ্যা তিনি ৮৭ বলেছেন। আমার কাছে রিপোর্ট আছে, বলবন্তরাও মেটা কমিটি অথবা অজিতপ্রসাদ জৈন কমিটির রিপোর্ট আছে তাতে দেখা যায় ১-৪-৬৫ পর্যন্ত পশ্চিমবঙ্গে মিউনিসিপ্যালিটির সংখ্যা ছিল ৮৬—নব ব্যারাকপুর হলে সংখ্যা দাঁড়ায় ৮৭, কিন্তু তার পরবর্তিকালে হাওড়া এবং বালীকে নিয়ে কর্পোরেশন করা হয়েছে। সুতরাং মূল সংখ্যা ৮৭ থেকে দুই বাদ দিয়ে পশ্চিমবঙ্গে এখন পৌরসভা ৮৫। কমপক্ষে এতে এখন ৭০-৮০ লক্ষ লোক বাস করে এবং সবগুলি মিলিয়ে রেভেনিউ ইনকাম প্রায় দেড় কোটি টাকা। এর অ্যাডমিনিস্ট্রেশনএর ভার যাদের উপব তারাও আমরা যেমন নির্বাচিত হয়ে এখানে এসেছি সেইভাবে নির্বাচিত হয়ে ওখানে যান—বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট, ১৯৩২, অনুসারে। আজ সবচেয়ে বড় সমস্যা র‍্যাপিড ইন্ডাস্ট্রিয়ালাইজেশনএব সঙ্গে সঙ্গে র‍্যাপিড আরবানাইজেশন। ১৯৩১ সালে পশ্চিমবঙ্গে শহরে যে মানুষ বাস করত তা ক্রমে ক্রমে দ্রুত বেড়েই চলেছে। এই কয় বছরের মধ্যে ৯·৪ পারসেন্ট বৃদ্ধি ঘটেছে শহরে বাস করা মানুষের সংখ্যার। ভারতবর্ষের মধ্যে একমাত্র মহারাষ্ট্র ছাড়া এরকম বৃদ্ধি আর কোন প্রদেশে হয় নি। এটা সর্ববাদীসম্মত ধ্রুব সত্য যে, ইন্ডাস্ট্রিয়ালাইজেশন যখন একটা আন্ডার ডেভেলপড কান্ট্রিতে হতে থাকে, তখন—

in the wake of industrialisation a tendency towards rapid uirbanisation.
হওয়া স্বাভাবিক।

জনসংখ্যা দ্রুত বৃদ্ধির ফলে পৌর সমস্যা বৃদ্ধি পাওয়া স্বাভাবিক। সুতরাং এখানেও সেই প্রশ্ন দেখা দিয়েছে। সঙ্গে সঙ্গে রিফিউজি [illegible] সম্বন্ধে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তাহলে সমস্যাটা কি দাঁড়াল? পশ্চিম বাংলায় যে পৌরশাসন

ব্যবস্থা ইংরাজী শাসনকালে প্রবর্তিত হয়েছিল তার কাছে আমরা কতটা আশা করব? তার এমন কিছু পোটেনসিয়ালিটি ছিল না, তার এমন কিছু জীবনীশক্তি ইংরাজ শাসকবৃন্দ দেন নি যাতে তারা স্বীয় শক্তি বা সামর্থ্য প্রচলিত ব্যবস্থার মাধ্যমে বর্ধিত দায়-দায়িত্ব বহন করবার কাজে সুষ্ঠুভাবে নিয়োগ করে সফল হতে পারে। সুতরাং যে সার্ভিস ব্যবস্থা ছিল সেটা জনসংখ্যা বৃদ্ধির ফলে ভেঙ্গে পড়ল। স্বভাবতই যেসমস্ত মানুষ এলেন গ্রাম থেকে, পূর্ব পাকিস্তান থেকে, তাদের সাইকোলজিক্যালি তাদের যে মেন্টাল সেট আপ পশ্চিমবাংলার পৌরশাসন অঞ্চলে যে ধরণের সাইকোলজিক্যাল সেট আপ তার সঙ্গে মানিয়ে নিতে পারল না। আমরা নিশ্চয় আশা করব না যেসমস্ত গ্রামের মানুষ বা যেসমস্ত উদ্বাস্তু ভায়েরা এলেন তারা যথোপযুক্ত কর দিতে পারবেন পৌরসভার মধ্যে প্রাণশক্তি সঞ্জীবিত করার জন্য। কিন্তু তাদের সেবার দায়িত্ব নিতে হল। এই পরিপ্রেক্ষিতে একটা নিদারুণ অর্থসংকট দেখা দিল—আজকে আমি বলছি না যে, গত চার মাসে দেখা দিল—এই নিদারুণ অর্থসংকট গত ২০ বছরে দেখা দিল ধীরে ধীরে। এই যে অর্থসংকট ক্রমে উঠল যখন মিনিমাম ওয়েজ অ্যাওয়ার্ড হল ১৯৫৮ সালে। ১৯৫৮ সালে যখন অ্যাওয়ার্ড হল সেই অ্যাওয়ার্ড পশ্চিম বাংলার কোন পৌরসভা মানতে পারলেন না বা মানতে সক্ষম হলেন না বা মানা তাঁদের পক্ষে সম্ভব ছিল না। তখনকার পশ্চিম বাংলা সরকার স্বর্গত ডাঃ বিধানচন্দ্র রায়ের নেতৃত্বে স্বীকার করলেন যে, বর্তমান পশ্চিম বাংলার পৌরসভাগুলির অর্থনৈতিক সামর্থ নাই যে, তারা এই বিপুল ব্যয়ভার বহন করে। পশ্চিম বাংলা সরকার এগিয়ে এলেন স্বতঃপ্রবৃত্ত হয়ে যে বর্ধিত ব্যয়—এই ব্যয়ের ২-৩ 'অংশ আমরা বহন করব'। সেই অনুযায়ী নোটিফিকেশন হল, দুর্ভাগ্য পশ্চিম বাংলার শহরের মানুষদের, দেখা গেল সেই নোটিফিকেশন ব্যুরোক্র্যাসির যন্ত্রের ভিতর থেকে যখন বেরিয়ে এল, দেখা গেল তার মধ্যে এক বিরাট ফাঁকি। অনুদান ⅔ অংশ নয়, অনুদান ½এরও কম, ১ বাই ৪·৫ অর্থাৎ অর্ধেকেরও কম। ক্রমশ ক্রমশ এই মিনিমাম ওয়েজ অ্যাওয়ার্ডের এফেক্ট দিতে দিতে বর্ধিত ব্যয়ের পরিমাণ এসে দাঁড়াল ৪৫ টাকা মাথাপিছু এবং সরকারের অনুদান রয়ে গেল সেই পুরাতন ৯ টাকা। সেই প্রতিশ্রুত অনুদান ২।৩ সেই অনুদান আজকে এসে দাঁড়িয়েছে ½এরও কম। এই পরিপ্রেক্ষিতে আর একটি প্রশ্নের আমাদের চিন্তা করতে হবে যে জনসাধারণ দেশের সামাজিক এবং অর্থনৈতিক যে ধরনের অর্থনৈতিক পরিস্থিতির মধ্যে বর্ধিত হোক কিছু কিছু উন্নতি লক্ষ্য করেছে। মানুষের আশা এবং অ্যাসপিরেশন ফর মোর অ্যামিনিটিজ বেড়েছে। সুতরাং আজকে মোর ডিম্যান্ড ফর মোর অ্যামিনিটিজ স্বাভাবিক কারণে পৌরসভার উপরে এসে পড়েছে। এই যে মূল্য বৃদ্ধি এটাও পৌর শাসনব্যবস্থার উপর এসে পড়েছে, মেনটিনান্স কস্ট ও ডেভেলপমেন্ট কস্টও বহুগুণ বৃদ্ধি পেয়েছে। আমি যতদূর স্ট্যাটিসটিকস ১৯৬৪ সাল থেকে পেয়েছি তা দেখে আমার মনে হয়েছে আনুমানিক মাথাপিছু ১৪ থেকে ১৫ টাকা। অতি মাঝারি শ্রেণী পৌরসভা ব্যয় করছে প্রতি বছর—তার এগেনস্টএ এই পৌরসভাগুলি মাথাপিছু আয় ৫ থেকে ৬ টাকার বেশি নয়। এর ফলে আমরা দেখতে পেলাম ১৯৫৮ সাল থেকে একদিকে যেমন লায়াবিলিটির মাত্রা বেড়ে যাচ্ছে আর একদিকে পৌরসভার রিজার্ভ যা ছিল—এমন কি ডেপ্রিসিয়েশন ফান্ডেও টান পড়েছে। স্ট্যাটুটরি পেমেন্টস সম্ভব হচ্ছে না। প্রভিডেন্ট ফান্ডএ পৌরসভার কন্ট্রিবিউশন দেওয়া যাচ্ছে না। ভয়াবহ অর্থনৈতিক বিপর্যয়ের মুখে পৌরশাসন ব্যবস্থা ভেঙে পড়তে বসেছে। দুঃখের কথা যে, আজও পশ্চিম বাংলার পৌরসভা আইনের সংস্কার করা গেল না।

[5-10—5-20 p.m.]

অস্বাভাবিক মূল্যবৃদ্ধির ফলে দেশের অর্থনৈতিক স্ট্রাকচার ক্রমশ ভেঙ্গে পড়তে লাগল, পৌরসভাগুলির প্রায় দেউলিয়া অবস্থা, তার একটা ইমপ্যাক্ট পৌরসভার কর্মচারীদের উপর পড়ল যার সংখ্যা পশ্চিম বাংলায় বর্তমানে আনুমানিক ২৫ হাজার। এই ২৫ হাজার মানুষ স্বভাবত অসন্তুষ্ট হলেন তাঁদের দাবি পৌরসভার মেটানো সম্ভব নয়। মোটামুটি সরকারী খাতে আমরা দেখেছি এখানে মন্ত্রিমহাশয় বলেছেন যে, ১৪ লক্ষ ২০ হাজার টাকা তিনি মঞ্জুর করেছেন মিনিমাম ওয়েজেস খাতে। তাঁকে আমি স্মরণ করিয়ে দিতে চাচ্ছি যে, মিনিমাম ওয়েজেস খাতে ব্যয় করতে হচ্ছে পৌরসভাগুলিকে ৬৪ লক্ষ টাকা। এর মধ্যে ১৪

লক্ষ টাকা যদি সরকার দেন তাহলে টু-থার্ড হয় না। আমি আগেই বলেছি জানুয়ারী মাস থেকে পৌরসভার ব্যয় বেড়েছে মাথাপিছু ১৩·৭৫ পয়সা তার এগেনস্টে মন্ত্রিমহাশয় একটা পয়সাও দেন নি। এই যে রিপোর্টের কথা আমি উল্লেখ করলাম সেটা পড়ে শোনাবার সময় আমার নেই—আমি এ বিষয়ে ও'র দৃষ্টি আকর্ষণ করছি অনুগ্রহ করে পড়ে দেখুন মোটর ভেহিকল ট্যাক্স ও এন্টারটেনমেন্ট ট্যাক্স পৌরসভার প্রাপ্য—কমপক্ষে একটা শেয়ার নিশ্চয় পাবে। বসবার আগে একটা কথা মন্ত্রিমহাশয় এবং সরকারী পক্ষের সদস্যদের বলব যে, রাজনৈতিক দৃষ্টিভঙ্গি দিয়ে পৌরসভার সমস্যা বিচার করবার বস্তু নয়, আমি অনুরোধ করব তাঁদের যে সোসিও ইকনমিক ভিউ থেকে এটা বিচার করুন সমগ্র বাংলার শহরবাসী মানুষের প্রয়োজনের দিক থেকে এটা বিচার করুন। এবং যে মিউনিসিপ্যাল কর্মচারীরা দিবারাত্র শহরের মানুষের সেবা করেন তাঁদের প্রয়োজনের দিক থেকে বিচার করুন তাহলে দেখবেন যে, যে ব্যয়বরাদ্দ এসেছে তা অত্যন্ত কম এবং পৌরসভাগুলিকে যদি স্বাধীন ভারতের যে ভারতবর্ষ সমাজতন্ত্র প্রতিষ্ঠার স্বপ্ন দেখে, আশা রাখে, তার সত্য সত্যই উপযুক্ত যন্ত্র করে তুলতে চান তাহলে এর পিছনে অধিকতর অনুদান দিতে হবে যাতে এর মধ্যে জীবনীশক্তি সঞ্চারিত হয়। কাজেই এই বাজেটের যতক্ষণ পর্যন্ত না সেই সংস্থান করা যায় ততক্ষণ পর্যন্ত এই গ্রান্টকে মঞ্জুর করতে পারি না—এই কথা বলে আমি বক্তব্য শেষ করছি।

[illegible] মজুমদার: স্পীকার মহাশয়, গত ২০ বছর ধরে আমরা একটা পালা গান শুনে আসছিলাম। আকাশে যখন বৃষ্টি হয় তখন গাঁয়ের লোক বলে আকাশ যখন পালে। শস্য যখন ভাল হয় তখন ও'রা আগাগোড়া বলে এসেছেন যে আমাদের এই পরিকল্পনার জন্য দেশ সমৃদ্ধশালী হয়েছে। যখন আকাশ নিষ্করুণ হয়, যখন প্রচণ্ড তাপ হয়, খরা হয়, বন্যা হয়, তখন বলে কি করব ভগবান যদি মারে। আজ বিংশ শতাব্দীর সপ্তম দশকে দাঁড়িয়ে শুনতে হয়েছে যে আকাশের দিকে তাকাবার কথা। আকাশ না করলে কিছুই হবে না—অথচ আমাদের যে বাস্তুকার আছে, আমাদের দেশে যা পরিকল্পনা নেবার ক্ষমতা আছে তাতে আকাশ যদি নিষ্করুণ হয় মাটির তলা থেকে জল টেনে সেচের ব্যবস্থা হতে পারে। আজকে আমাদের সেচ মন্ত্রিমহাশয় যে ভাষণ দিলেন সেই ভাষণে নূতন সুর লক্ষ্য করলাম, লক্ষ্য করলাম আজ বিংশ শতাব্দীর মাঝখানে দাঁড়িয়ে যে সুর আমরা চাই সেই সুব আমরা পেলাম। আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি এবং এই তিন মাসের মধ্যে তাঁর ডিপার্টমেন্ট বিভিন্ন জায়গায় ডিজাইন বলুন সার্ভে সার্কেল বলুন, চীফ ইঞ্জিনীয়াব বলুন, সেক্রেটারী বলুন, সেখানে কাজ নিয়ে গেছি সম্পূর্ণ সহযোগিতা পেয়েছি তার জন্য আমি তাঁদের অভিনন্দন জানাচ্ছি। আমি গোটা কয়েক কথা এখানে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবার জন্য রাখছি। একটা হোল হুগলি জেলার হরিপাল, দাউদপুর, সিংগুর ধনেখালি প্রভৃতি অঞ্চলে প্রচুর ভেরী, স্লুইসগেট রয়েছে। সেগুলি সংস্কার না হবার জন্য হাজার হাজার একর জমির ফসলের ক্ষতি হচ্ছে এ বিষয়ে যখন আমরা ইরিগেশন ডিপার্টমেন্টে যাই তখন শুনতে পাই যে এটা স্টেট অ্যাকুইজিশনের হাতে আছে, তার ব্যাপারে কতখানি কি করা যায় আমি জানি না। মাঝে মাঝে হয়তো ওভারসিয়ার যায় কিন্তু কিছুই কাজ হয় না। আমি মনে করি যে অভিজ্ঞ এবং বিশেষজ্ঞ এই ইরিগেশন ব্যাপারে যাঁরা আছে স্টেট অ্যাকুইজিশনের হাতে যে পুরানো জমিদারী ভেড়ী বাঁধ এবং স্লুইস গেটগুলি আছে সেগুলি সম্পূর্ণ এ'দের তত্ত্বাবধানে আসা দরকার। অবিলম্বে এইরকম আইন করা দরকার। দ্বিতীয় আমি বলতে চাই গ্রামীণ গৈ—অর্থাৎ ছোট ছোট ফিলড চ্যানেল যাকে বলা হয় সেই ব্যাপারে আমরা জানি সেটা নাকি এগ্রিকালচার ডিপার্টমেন্টের হাতে, অথচ ইরিগেশন কমান্ড এরিয়ায় জল প্রচুর অপচয় হচ্ছে, পাশ দিয়ে জল চলে যাচ্ছে কিন্তু জমিগুলি জল পাচ্ছে না—আর ডি ভি সি-র যে আইন আছে তাতে ছোট ছোট ফিলড চ্যানেল করার ব্যবস্থা রয়েছে। কিন্তু সেই আইন কার্যে পরিণত করার ব্যাপারে একবার বি ডি ও-র কাছে যেতে হবে—সেখান থেকে ইরিগেশনে যেতে হবে। ইরিগেশনে ওখানকার স্থানীয় চীফ ইঞ্জিনীয়ার আছে তার কাছ থেকে উপর থেকে নিয়ে গিয়ে সেখান থেকে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের কাছে গিয়ে তাব পরে কাজ হতে পারে। আমার কাছে গত তিন মাসের মধ্যে ২০০ দরখাস্ত আছে যে মুখের জমিগুলি জল পাচ্ছে, কিন্তু পেছনের ৫-৬-৭ শত একর জমি আছে যেগুলি জল পাচ্ছে না, তাদের প্রথমে হয়তো বুঝিয়ে সুঝিয়ে কাটানো গেল পরের বার আটকে দিলেন। ফিলড চ্যানেলের ব্যাপারে ডি ভি সি আইন নূতন করে করা

দরকার—যাতে নূতন আর একটা আইন করা যায় তার ব্যবস্থা যেন মন্ত্রিমহাশয় করেন, তাহলে বহু চাষী আজকে সত্যিকারের লাভবান হয়, দেশের ফসলও অনেক বাড়ে। আর একটা এলাকার কথা আমি বলবো সেটা শুধু আমার এলাকা নয়, সেটা বর্ধমান এবং হুগলিরও এলাকা—সেটা হচ্ছে জলনিকাশ পরিকল্পনার জন্য অনেক দিন আগে বন্যা নিয়ন্ত্রণ কমিটি যেটা এসেছিলেন তাঁরা সুপারিশ করেছেন যে কুন্তি বেসিন স্কীম। এই স্কীম যদি না হয় তাহলে ৫০ বর্গমাইল চাষযোগ্য এলাকা জলের তলায় থাকবে। তার মধ্যে জল নিকাশের সু-ব্যবস্থা নেই এবং এবারে আমরা আশংকা করছি যে ডি ভি সি-র যে জল রয়েছে—আকাশ যেরকম নামছে তাতে আবার এই সমগ্র এলাকা জলে ডুবে থাকবে। আমি একটা প্রশ্ন করেছিলাম তার লিখিত উত্তর পেয়েছি—মুখ্য বাস্তুকারের নির্দেশ অনুযায়ী আরও বিশদ অনুসন্ধানের জন্য ঘিয়া কুন্তী বেসিন জল নিকাশী স্কীমের পূর্ণবিন্যাসের ব্যবস্থা হয়েছে। এই বর্ষার সময় সার্ভে করে যদি আগামী বছরের মধ্যে এটা করেন তাহলে ভাল হয়। আমার ধারনা তখন ৭০-৭২ লক্ষ টাকা মঞ্জুরের জন্য বলেছিলেন যে এর জন্য লাগবে। এটা হলে ৫০ বর্গমাইল এলাকা আর জলের তলায় থাকবে না এবং আরও বহু আছে, আমি উদাহরণ দিচ্ছি, আরও কয়েকটি প্রকল্প যেটা ওখানকার স্থানীয় ইঞ্জিনীয়াররা নিয়েছেন ঘিয়া কুন্তী প্রকল্প যদি পরিপূর্ণভাবে সফলকাম না হয় তাহলে কিছুই হবে না। সেই জন্য আমি মন্ত্রিমহাশয়কে বিশেষ করে অনুরোধ করবো যে, এই জলনিকাশের পরিকল্পনাটা যেন তাঁরা করেন। অন্তত এবার সার্ভে করে সামনের বছর যাতে কুন্তীকে আরও বেশী চওড়া করে প্রসারিত করা যায় যাতে জল নিকাশের আরও সুব্যবস্থা হতে পারে সেদিকে যেন তিনি নজর দেন। আমাদের কয়েকটি থানার চাষী এমন কি দুটো জেলার চাষী তাহলে তাঁর কাছে কৃতজ্ঞ থাকবে। আমি আর অন্য কিছু বলবো না—আমি আশা করবো যে মাননীয় সেচমন্ত্রী যে বরাদ্দ এখানে উত্থাপিত করেছেন তা সকলে সম্পূর্ণভাবে সমর্থন করবেন।

[5-20—5-30 p.m.]

শ্রীভূদেবচন্দ্র মণ্ডল: শ্রদ্ধেয় সভাপতি মহাশয়, আমি এর পূর্বে বাজেটের সাধারণ আলোচনায় অংশগ্রহণ করি নি। আজকের এই আলোচনা বাজেটের অবশ্য অংশীভূত এবং অত্যন্ত গুরুত্বপূর্ণ। একথা অনস্বীকার্য যে আমাদের বাংলাদেশ খাদ্যে ঘাটতি দেশ এবং এই ঘাটতি পূরণ করতে হলে সেচের যে গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে তা নিয়ে বিভিন্ন বক্তা আলোচনা করে গেছেন। কেন এই সেচ গুরুত্বপূর্ণ সে বিষয় যদি বিশেষভাবে চিন্তা করে দেখি তাহলে দেখবো আমাদের বাংলাদেশের চাষীদের দারিদ্রের মূল কারণ হচ্ছে তারা বৎসরে মাত্র ছয় মাস কাজ পায়, বাকি সময় বেকার অবস্থায় থাকতে হয়। অতএব জলসেচ-এর সু-ব্যবস্থা হলে দুটা ফসল অনায়াসে ফলাতে পারবে যদি তারা মূলধন পায়। এখন আমরা দুটা দিকই দেখছি শুধু সেচ পরিকল্পনার মাধ্যমে খাদ্য উৎপাদন বৃদ্ধি করতে পাচ্ছি তা নয়, আমাদের গ্রামের কৃষকদের দারিদ্র দূর করতে সেচ পরিকল্পনা বিশেষভাবে সহায়ক। আমাদের বাংলাদেশে যেসমস্ত সেচ পরিকল্পনা রয়েছে সেগুলো যদি একটু অনুসন্ধান করে দেখি তাহলে দেখবো বিভিন্ন জেলায় বিভিন্ন রকমের সেচ পরিকল্পনা রয়েছে। যেমন আমি বাঁকুড়ার কথা বলতে পারি, সেখানে বহু পুকুর আছে যেগুলি সম্বন্ধে খাদ্যমন্ত্রী বলেছিলেন এগুলি আমাদের সম্পদ, এগুলি যদি সংস্কার করতে পারি তাহলে অনেক ফসল ফলাব। সেখানে যেসমস্ত বাঁধ আছে তার একটা দিকে বাঁধ দেওয়া, সেগুলি যদি সংস্কার করতে পারি তাহলে সেচের দিক থেকে অনেক উপকার হবে। খাদ্যমন্ত্রী মহাশয় লিফট ইরিগেশন সম্বন্ধে ভূয়সী প্রশংসা করে গেছেন। বাঁকুড়া জেলার মাঝ দিয়ে দারকেশ্বর নদ প্রবাহিত। তার পার্শ্ববর্তী যেসমস্ত জমি আছে সেগুলি আকাশমুখী। সেখানে যদি লিফট ইরিগেশানের ব্যবস্থা করা যায় তাহলে হাজার হাজার বিঘা সেচ পেতে পারে। তাছাড়া আমাদের এখানে যে খাল রয়েছে সেগুলিকে যদি টি আর-এর মাধ্যমে সংস্কার করা হয় এবং বাঁধ দেওয়া হয় তাহলে তা দিয়ে আমাদের সেচ হবে। এই প্রকারের সেচ পরিকল্পনা কার্যে পরিণত করবার জন্য বহু দরখাস্ত ব্লকে ব্লকে জমা হয়ে আছে। আমি এবার মন্ত্রী মহাশয়কে নিজের কনস্টিটিউশন-এর কথা বলছি। বিষ্ণুপুর ব্লক-এ ১৮টা ডিপ টিউবওয়েল (গভীর নলকূপ) স্থাপন করা হয়েছে। সেখানে বৈদ্যুতিকরণ অপারেটার নিযুক্ত হয়েছে, কিন্তু আজ পর্যন্ত চালু করা হয় নি, যার ফলে চাষীরা জল পাচ্ছে না। সেচমন্ত্রী কার্যভার গ্রহণ করার পর বলেছিলেন যদি আমি সেচযোগ্য এলাকায়

জল না দিতে পারি তাহলে পদত্যাগ করবো, আমি আশা করি সেচমন্ত্রী তাঁর একথা মনে রাখবেন। সেদিন তাঁর ভাষণে আমি চমৎকৃত হয়েছিলাম, কিন্তু যত দিন যাচ্ছে ততই হতাশ হয়ে পড়ছি। এই কথা বলেই আমি শেষ করছি।

শ্রীদাশরথি তাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের জলদেবতার সেচমন্ত্রী তিনি যেমন মিষ্টি কথায় ভাষণ দিলেন এবং যেহেতু আজ জল সম্বন্ধে আলোচনা তাই আপনার হাউসেও খুব জেলো হয়ে গেছে। নদীমাতৃক বাংলাদেশে আজ পর্যন্ত আমরা ভালভাবে সেচব্যবস্থা করতে পারিনি এটা আমাদের সকলের পক্ষে লজ্জার বিষয়। আমাদের বর্তমান সেচমন্ত্রী খুব উৎসাহী কর্মবীর, সেজন্য তিনি প্রতিজ্ঞা করেছেন জল যদি দিতে না পারি পদত্যাগ করবো। তাতে তিনি ... দৃঢ় মনোভাবের পরিচয় দিয়েছেন। কিন্তু তিনি করবেন কি? আগেকার যে ভুলগুলি আছে তার মাসুল তো দিতে হবে। আমি বর্ধমান জেলার লোক হিসাবে বলবো যে ডিভি সি-র ফলে দামোদরকে সংস্কার করার নামে সংহার করা হয়েছে। আমাদের নূতন সেচমন্ত্রী সেসব ভালভাবে অনুধাবন করুন। এমনভাবে সংহার করা হয়েছে যে দামোদরে গত বৎসর নৌকা চলে নি, একেবারে হাহাকার, ড্যামের জল ছিল না। এবারও অবস্থা তাই। সমস্ত না হলেও ৮টা ড্যাম বাড়াবার কথা, ৫টায় শেষ হয়েছে। অতএব কি করে তার সমস্যার সমাধান করা যায়। দামোদরের পুরান শবদেহ নিয়ে তিনি চেষ্টা করেছেন তার কিছু ভাল করবার, তিনি ভাগ দেখালেন ইলেকট্রিসিটির ভাগ, সেন্ট্রাল অ্যান্ড বিহারের, ফরেস্ট নিয়েছে বিহার, বাংলা নিয়েছে সেচ। আর একটা সবচেয়ে বাংলার প্রয়োজনে সে ড্যামে মাছ ছাড়া হয়েছিল তার কি হলো? আমরা যখন ডি ভি সি দেখতে গিয়েছিলাম তখন দেখেছিলাম মাছের ছানা ছাড়া হয়েছে। এখন তারা নিশ্চয়ই সং... হয়েছে, কিন্তু তার দর্শন পাওয়া যাচ্ছে না। কোথায় গেল সেসব? খাদ্য সমস্যার সর্বপ্রথম তার পরেই মাছ। সেচ হচ্ছে খাদ্য উৎপাদনের রাস্তা। খাদ্য সমস্যাকে সাময়িকভাবে দেখতে হবে। অতএব সে জায়গায় সেন্ট্রাল গভর্নমেন্ট বা যেখান থেকে হোক টাকা জোগাড় করতে হবে এবং তার মধ্যে যেন অপচয় না হয় দেখতে হবে। মাছ খাতে ডি ভি সি-এর একটা বড় আয় হয়। ড্যামগুলোতে আমরা দেখেছি ক্ষুদ্র হলেও সে জায়গায় যেসমস্ত অতিথি নিবাস আছে সেখানে দেখেছি দুপুরে অতিথি গেলে জল নেই। এগুলি বিশেষভাবে দেখা উচিত। আর যে বিরাট বাঁধ আছে অজগর সাপের মত নেভিগিয়েবল চ্যানেল সে জায়গায় কি হয়েছে এবং সেটা নিয়ে আ... কি করবো?

[5-30—5-40 p.m.]

ডি ভি সি সেখানে বিলিতি পানার চাষ করবেন এবং মশকের সিড স্টোর করবেন কিনা সেটা আমরা জানতে চাই। দামোদর পরিকল্পনায় লোকেদের সুবিধা পরিবেশনের কথা ছিল। কিন্তু যারা পুরোপুরি বানে ডুবে মরল সে জায়গা মরুভূমি প্রায়। বিশেষ করে আমার অঞ্চলের কথা বার বার বলে এসেছি। সেখানে পাশ দিয়ে নদী বয়ে যাচ্ছে, অথচ সে জায়গায় জল নেই। সেখানে হঠাৎ ঠিক করা হল যে ডিপ টিউবওয়েল করা হবে। এক লক্ষ টাকা করে খরচ করে এক একটি ডিপ টিউবওয়েল করা হল। ১৫০টির মতন প্রায় হয়ে গেছে। এইভাবে প্রায় দেড় কোটি টাকা সেখানে নষ্ট হয়ে যাচ্ছে। আমরা বার বার বলেছিলাম দুর্গাপুরের বিপরীত দিকে নদীর ধারে ধারে যদি কাটা ক্যানেল করা যায় উঁচু নিচু জায়গার জন্য খরচ একটু হবে বটে কিন্তু তাতে স্থায়ীভাবে সে সমস্যার সমাধান করা যাবে। তাছাড়া সেচ ব্যবস্থা আগেকার মত খানিকটা জগা-খিচুড়ি থাকছে। ডিপ টিউবওয়েলের জন্য সেটা লিফ্ট ইরিগেশান সেটার দায়িত্ব খাদ্যমন্ত্রী ডঃ ঘোষের, আবার ইলেকট্রিসিটি চার্জের দায়িত্ব দেখছি সুশীল ধাড়ার। এ এক অদ্ভুত ব্যাপার। কাজেই আমি বলছি সেচের ব্যবস্থা এক করুন। এ যে দেখছি মেথর মুদ্দাফরাশের ব্যাপার। মেথরের ডিউটি হচ্ছে জীবন্ত লোকের ময়লা সাফ করা। কিন্তু মরা লোক যদি সেই জায়গায় পায়খানা করে মরে তাহলে মেথর ছোঁবে না, কারণ তার জুরিসডিকশানের বাহিরে। মুদ্দাফরাশ সে মড়া ফেলবে। কিন্তু যে পায়খানা করে মরেছে সে মেথর মুদ্দাফরাশ তাকে ছোবে না। দুই জুরিসডিকশানের বাহিরে। তখন বামুন কায়েত, মুসলমানদের দিয়ে ফেলাতে হবে—এ ছাড়া আর কোন গতি নেই। অতএব খাদ্য সমস্যা সমাধানের জন্য সেচ ব্যবস্থার উপর যদি ঠিক ঠিকভাবে গুরুত্ব দেন তাহলে যেসমস্ত গোলমেলে ব্যাপার আছে সেগুলিকে আগে ঠিক করুন। তিন বছর ধরে যেগুলি পড়ে আছে তার ব্যবস্থা করুন।

বর্ধমানে যে ডিপ টিউবওয়েলের ব্যবস্থা আছে তার ভাল ব্যবস্থা যাতে হয় তার ব্যবস্থা করুন। আমি সেজন্য সেচমন্ত্রীকে বলছি আপনাকে সেচের ব্যবস্থা করতে হবে। কোলিয়ারী অঞ্চলে নীচে থেকে জল তোলার ব্যবস্থা আপনাকেই করতে হবে। ইলেকট্রিক যেখানে সেখানে দিচ্ছেন, গ্রামে গ্রামে আলো জ্বালাচ্ছেন। যে লোক সাধারণ সভ্য ছিল এখন তারা অত্যন্ত সভ্য হয়ে গেছে। আজকে পাখা ঘুরছে, আলো জ্বলছে। কিন্তু সেচের ব্যবস্থায়, কৃষির ব্যাপারে আসল কাজের কাজ নেই। আপনি সমস্ত বিদ্যুৎ জল সেচনের কাজে লাগান, সেটায় সবচেয়ে বাহাদুরী হবে। দুর্গাপুরের বুক চিরে ক্যানেল আসছে অথচ সেখানকার লোকেরা ফ্যাল ফ্যাল করে চেয়ে আছে, জল পায় নি। সে জায়গায় জলের ব্যবস্থা কেন হয় নি? সেখানে লিফট ইরিগেশান টিউবওয়েল করে সেচের ব্যবস্থা করা হোক। আপনারা বলছেন টাকা পান না। কিন্তু আমি আমার এলাকার কথা বলছি যে ছয় বছর হয়ে গেল অথচ সেখানে আজ পর্যন্ত ট্যাক্স আদারের প্রচেষ্টা হয় নি। এতদিন পরে আজকে নোটিশ এসেছে। আমরা বলেছিলাম যে এক্সপেরিমেন্টের জন্য প্রথম তিন বছর তাদের খাজনা রেহাই দেওয়া হোক। তারপরে যতটা জল পেয়েছে সেটার ট্যাক্স আদায় করুন এবং প্রতি বছর তাদের নোটিশ দিয়ে ট্যাক্স নোট দিন। কিন্তু তাদের একেবারে দেনাতে পাহাড় করে রেখেছেন। আগেকার সরকার তাদের তাগাদা করেন নি। কিন্তু আপনারা করুন। কিন্তু আপনারা যদি তাদের লিফট ইরিগেশান কিম্বা ডিপ টিউবওয়েলে সত্যিকারে জল দেন তাহলে তাদের কাছ থেকে একটা ট্যাক্স আদায় হতে পারে এবং সে জায়গায় তারা উৎসাহ পাবে এবং সেটা সকলের পক্ষেই কল্যাণকর হবে। আজকে সে জায়গার লোকেরা জলের জন্য হাহাকার করছে এবং তারা বলছে পাম্প করে আমাদের জল দাও। অস্বাভাবিক রেট না করে একটা সামঞ্জস্যপূর্ণ রেট করে তাদের আপনারা জল যাতে দিতে পারেন সেদিকে দৃষ্টি দিন। আজকে চারিদিকে যে অবস্থা হয়েছে তাতে করে শুধু আকাশের জলের উপর নির্ভর করতে হচ্ছে। আজকে বৈজ্ঞানিক উপায়ে কিভাবে মেঘ দিয়ে জল আনা সম্ভব হবে তার ব্যবস্থা করা উচিত। অন্য কথা চুলোয় যাক, অ্যাফরেস্ট্রেশানের কথা তো আছেই। অতএব ঝাড়-ফুঁক, টোটকা-টুটকি ইত্যাদি যা কিছু আছে তাই দিয়ে সেচমন্ত্রীকে জল দিতে হবে, এটার দিকে লক্ষ্য রেখে ব্যবস্থা করা উচিত। শুধু জল দেওয়া বা সেচ দেওয়াই সেচ মন্ত্রীর কাজ নয়, জলকে কমানো এবং ঠিকমত পরিবেশন করাও সেচমন্ত্রীর কাজ। আজকে বিংশ শতাব্দীর বৈজ্ঞানিকরা অদ্ভুত কায়দায় চাঁদ ধরতে যাচ্ছেন। কিন্তু পাকা চুলকে স্থায়ীভাবে কাঁচা করার ব্যবস্থা আজ পর্যন্ত বৈজ্ঞানিকরা করতে পারলেন না। আমরা দেখতে পাচ্ছি উত্তরবঙ্গের তোষরা ইত্যাদি নদীগুলো যে ভাসিয়ে দিয়ে যাচ্ছে, তাতে ত্রাণ মন্ত্রী নিশীথবাবুই কি করবেন আর খাদ্যমন্ত্রী ডঃ ঘোষই কি করবেন—এতে কিছু করার উপায় নেই। বিংশ শতাব্দীর বিজ্ঞান ঐ জলটাকে কোন রকমে তুলে এনে যেখানে একেবারে মরুভূমি সদৃশ সেখানে কিছু করা যায় কিনা তার ব্যবস্থা করা হোক। আমি সম্প্রতি মেদিনীপুরে গিয়েছিলাম। সেখানে একটি মেশিন দেখে এলাম। সেতো আপনাদেরই জায়গা, কি হল তার ব্যবস্থা? সে জায়গায় এটা হলে ৪ লক্ষ মণ চাল হত। শুধু আমেরিকা, রাশিয়ার কাছে গেলেই হবে না। আপনারা যেমন করে পারুন টাকা ধার করেই হোক আর যে-কোন উপায়েই হোক, যা করবেন তা করতেই হবে। শুধু কম টাকা পেয়েছি কি করে হবে এ বললে চলবে না। আমি সেইজন্য বলেছিলাম পুলিশ যদি পেটাতে না পারে তাহলে তাদের ভূমি সেনার মধ্যে আনুন। তাই আমার বক্তব্য হচ্ছে আজ যা উদ্বৃত্ত আছে তা চাষে লাগান এটাই হচ্ছে সবচেয়ে বড় কথা। সেইজন্য আমি এইদিকে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং আমি তাঁকে অনুরোধ করছি তিনি সেচের ব্যবস্থা করুন। **এই কথা বলে আমি শেষ করছি।**

শ্রীরজনীকান্ত দলুই: মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সেচমন্ত্রী আজকে আমাদের কাছে যে ব্যয়বরাদ্দ রেখেছেন তার পরিপ্রেক্ষিতে আমি আমার কয়েকটি কনস্ট্রাকটিভ সাজেসন্স রাখতে চাই। আমি প্রথমে সেচমন্ত্রীর ডিপার্টমেন্টের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করবো। আজকে ইরিগেশন ডিপার্টমেন্টের অ্যাডমিনিস্ট্রেশনের মধ্যে অত্যান্ত দুর্নীতি দেখা দিয়েছে। কনট্রাকটার থেকে আরম্ভ করে ওভারশিয়ার পর্যন্ত প্রত্যেকেই দুর্নীতিগ্রস্থ। আমি সেচমন্ত্রীকে অনুরোধ করবো যে, যেসমস্ত দুর্নীতি আছে সেই সম্পর্কে তিনি যেন সচেতন হন এবং দূর করার চেষ্টা করেন। দ্বিতীয় কথা হচ্ছে যে লেবার কো-অপারেটিভের মাধ্যমে যদি কাজ করানো যায় তাহলে ভাল কাজ হবে এবং ইরিগেশনের জন্য যে চেষ্টা চলছে এবং মাননীয় মন্ত্রিমহাশয় যেসমস্ত বক্তৃতা

রেখেছেন তার পরিপ্রেক্ষিতে ইরিগেশন ভাল হবে যদি লেবার ডিপার্টমেন্টেব মাধ্যমে করা যায়। স্পেশাল ওয়ার্ক দিয়ে কনট্রাকটার পোশা হচ্ছে অর্থাৎ স্পেশাল ওয়ার্ক যাতে না দেওয়া হয় সেদিকে দেখতে হবে। আমি দেখেছি যে যখন বর্ষা এসে যায় তখন কনট্রাকটাররা কাজ করেন, সেই সময় নদীর বাঁধ বাঁধা হয় বা বর্ষার আগে এইসমস্ত কাজ আরম্ভ করা হয়, ফলে দেখা যায় কাজ ভাল হয় না, টাকা ঠিকই খরচ হয়, এই বিষয়ে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা কথা বলছি যে, স্লুইস থেকে ইনটারন্যাল ক্যানেল যেগুলো বেরোচ্ছে সেইগুলো নো ম্যানস ল্যান্ড হয়ে গেছে, সেইগুলো ইরিগেশনে নিতে হবে এবং সেইগুলো নো ম্যানস ল্যান্ড যাতে না হয় ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রেভিনিউ-এর মাধ্যমে সেইগুলো চেষ্টা করতে হবে। সেই খালগুলো দেখা যায় যে ব্যক্তিগত সম্পত্তিতে রূপান্তরিত হয়ে যাচ্ছে। আমরা দেখেছি যে ডিপ ড্রেনেজ সিস্টেম-এর কথা মাননীয় মন্ত্রিমহাশয় বলে গেছেন ১৯৬৩ সালে যখন সেচমন্ত্রী ছিলেন শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়, তখন ১১ই মার্চ এই বিধানসভায় ঘাটাল সম্বন্ধে তিনি যেকথা বলেছিলেন সেই কথা বর্তমান সেচমন্ত্রীর দৃষ্টিতে আনছি। তিনি বলেছিলেন যে, ঘাটাল-এ বন্যা অত্যন্ত জটিল ব্যাপার, সেখানে শিলাবতি, রূপনারায়ণ, দারকেশ্বর, কংশাবতি ইত্যাদি নদীগুলোর জটিলতা আছে, কাজেই এই বিষয়ে ভাল করে অনুসন্ধান না করে ভাল করে কাজ হাত দিতে পারছি না। কিন্তু এখনও সেচ বিভাগ ভাল করে কোন তথ্য দিতে পারছেন না। পরে তিনি বলেছিলেন যে জমিদারদের খালগুলি ইরিগেশনে নেওয়ার বিষয়ে চেষ্টা করা হচ্ছে কিন্তু এখনও পর্যন্ত সেই খালগুলো ইরিগেশন-এর আওতায় আনা হয় নি। ফলে দেখা যাচ্ছে একদল লোক জমিদারদের কাছ থেকে সেই সমস্ত খালগুলো বন্দোবস্ত নিয়ে সেইগুলো পূরণ করে জমি করে ফেলছে। এর ফলে ক্যানেল অনেক নষ্ট হয়ে যাচ্ছে। মেদিনীপুরের কথা বিশেষ কিছু আমি বলতে চাই না, কেন না যিনি পূর্বতন সেচমন্ত্রী ছিলেন তিনি মেদিনীপুরের লোক এবং যিনি নূতন সেচমন্ত্রী তিনিও মেদিনীপুরের লোক। কিন্তু মেদিনীপুরের এই সাবডিভিশনগুলি যেমন ঝাড়গ্রাম, মেদিনীপুর সদর, উত্তর এবং দক্ষিণ এবং ঘাটাল এইগুলো অত্যন্ত নেগলেকটেড। আমি দেখেছি যে তমলুকেই বেশী কাজ হয়েছে। এইগুলো অবশ্য হবে না বলে মাননীয় মন্ত্রিমহাশয় আমাদের কাছে বলেছেন যে আমি এইবারে কমিশন ডেকে মাস্টার প্ল্যান করে কাজ করবো। আমার একটা অনুরোধ যে মেদিনীপুরের এম এল এ-দের নিয়ে একটা কমিটি করে তাঁদের রেফারেন্স অনুযায়ী একটা স্কীম তৈরী করুন। মন্ত্রিমহাশয় অবশ্য বলেছেন রূপনারায়ণ নদীর কথা, আমি সে সম্বন্ধে বলতে গিয়ে বলছি যে রূপনারায়ণকে এখন পূর্ণ সংস্কারের দরকার হয়ে পড়েছে। সেখানে সেতু ইত্যাদির জন্য নদীর চর ভরাট হয়ে গেছে, ফলে রামনগর, ঘাটাল প্রভৃতি স্থানে লঞ্চ চলাচল করতে পারছে না, বাণিজ্যে বিপর্যয় দেখা দিয়েছে, লক্ষ লক্ষ একর জমি নষ্ট হয়ে যাচ্ছে, ফসল হচ্ছে না এবং মৎস্য জন্মাচ্ছে না, যার ফলে মৎস্যজীবীরা খুব বিপদে পড়েছে। এটাই আমার সাজেসান্স যে ড্রেজার দিয়ে যদি রূপনারায়ণকে গভীর করা যায় তাহলে ভাল কাজ হবে। ডাঃ রায় ১৯৬১ সালে যখন রূপনারায়ণ সেতুর উদ্বোধন করতে গিয়েছিলেন তখন তিনি বলেছিলেন যে, দামোদরের জল যাতে প্রচুর পরিমাণে রূপনারায়ণে আসে তার ব্যবস্থা করতে হবে, ড্রেনেজ করে মাটি ও বালি নদী থেকে তুলে ফেলতে হবে, সেতু হলেই সরকারের দায়িত্ব শেষ হবে না। সেচ মন্ত্রী শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায় তখন বলেছিলেন যে নদীর গতি নিরিক্ষণের জন্য ১১ লক্ষ ৭০ হাজার টাকা দেওয়া হবে, রূপনারায়ণ সম্পর্কে সরকারের যে অবহেলা আছে সে সম্বন্ধে মনে করবার কোন কারণ নেই। সেই জন্য মাননীয় সেচ মন্ত্রীকে বলবো যে তিনি যেন রূপনারায়ণ নদী সম্বন্ধে একটু যেন সচেষ্ট হন এবং অন্যান্য যেকথা বললাম যে ঘাটালের ড্রেনেজ সিস্টেম এবং মেদিনীপুরের অন্যান্য অঞ্চলে যেমন ঝাড়গ্রাম প্রভৃতি স্থানে যাতে সেচ প্রকল্প ভাল হয় তার জন্য চেষ্টা করবেন।

[5-40—5-50 p.m.]

Shri Fakir Chandra Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের যে ক্যানেল আছে তার পূর্ণ সুযোগসুবিধা ফ্যাসিলিটি যদি সেচের জন্য পেতে হয় তাহলে আমাদের যে ইরিগেশন অ্যাক্ট, ভিলেজ চ্যানেল অ্যাক্ট ইত্যাদি আছে তা বদলাতে হবে। এই ভিলেজ চ্যানেলের দায়িত্ব আমাদের সরকারকে নিতে হবে। তা না হলে এই ডিপার্টমেন্ট ট্যাঙ্ক ইমপ্রুভমেন্ট বলে যে একটা ডিপার্টমেন্ট আছে, আমি সাজেস্ট করি এই

ডিপার্টমেন্ট-এর যে ট্যাঙ্ক ইমপ্রুভমেন্ট ডিপার্টমেন্ট আছে তা সেচের অধীনে আনা হোক। আমার পূর্ববর্তী বক্তা দাশরথীবাবু বলেছেন যেখানে সেচের কোন ব্যবস্থা নাই, ইলেকট্রিসিটির সাহায্যে হোক, পাম্পের সাহায্যে হোক বা ডিপ টিউবওয়েল-এর সাহায্যে হোক এই সমস্তই একই মন্ত্রীর অধীনে আনা দরকার।

আমার এলাকার কথা বলি—সেখানে তৃতীয় পরিকল্পনা কালে ১নং, ২নং ডিস্ট্রিক্ট এক্সটেনশন প্রপোজাল গৃহীত হয়েছিল, পূর্বতন সেচমন্ত্রী টাকা পাঠিয়েছিলেন কাজ আরম্ভের জন্য, কিন্তু সেই টাকা ফেরত নেওয়া হয় এই বলে যে, ডি ভি সি এই কাজ করবেন, পশ্চিমবঙ্গ সরকার এই কাজ করবেন, এ নিয়ে মতান্তর চলছিল, মতান্তর শেষ হয়ে গেছে। সেই এক নম্বর, দু-নম্বর ডিস্ট্রিক্ট এক্সটেনশান কাজ এখনো শেষ হল না। কাজ নাকি এগিয়েছে। মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো এই কাজ যেন হেলড আপ না হয়। পানাগড় মিলিটারী বেসের মধ্য দিয়ে এই ক্যানেলের পরিকল্পনা করা হয়েছিল। সে কাজ আরম্ভও হয়েছিল, জমি অ্যাকোয়ার করা হয়, খানিকটা খাল কাটাও হয়েছিল। একজন কম্যান্ডার ঐ ক্যানেল কাটার পক্ষে ছিলেন, পরে আর একজন কম্যান্ডার এসে তাতে আপত্তি করলেন যে এটা হবে না। আমি সেচমন্ত্রীকে অনুরোধ করবো মিলিটারী ডিপার্টমেন্টের সঙ্গে এই ব্যাপারটা নিয়ে তিনি একটু বোঝাপড়া করুন এবং ক্যানেলটা যাতে কাটা হয় তার ব্যবস্থা করুন।

তারপর বর্ধমান-আসানসোলের মধ্যে পারা বলে একটা স্টেশন আছে, তার কাছে রেললাইনের নীচে দিয়ে একটা কালভার্ট করবার কথা আছে। সেই কালভার্টটি হলে ওখানকার বহু জমিতে জল পায়। তার জন্য খাল কাটা হয়ে রয়েছে। রেললাইনের নীচ দিয়ে কালভার্ট কবে কাটা হবে তা আজ পর্যন্ত জানা যাচ্ছে না। আমি সেচমন্ত্রীকে অনুরোধ করবো তিনি রেলওয়ে ডিপার্টমেন্টের সঙ্গে যোগাযোগ করে যাতে এই কালভার্ট শীঘ্র কাটা হয় তার ব্যবস্থা করুন।

আমার এক পাশের বন্ধু একটি জল নিকাশের কথা বলেছিলেন—নদীয়া জেলার চাকদহ থানায় অনেকগুলি বিল আছে, সেই বিলগুলির জল নিকাশী ব্যবস্থা হচ্ছে, ডাঙ্গার উপর দিয়ে খাল কেটে। তাতে সবগুলি বিলের জল নিকাশ সম্ভব হবে না। স্বাভাবিক জলের গতি যেদিক দিয়ে আসে সেদিক দিয়ে যদি খাল কাটা হয়, তাহলে বহু জমি উদ্ধার হয় এবং বহু জমিতে সেচও পেতে পাবে।

আর একটি কথা, দামোদর এমব্যাঙ্কমেন্ট। দামোদর তো মরে গেল, দামোদর পরিকল্পনার ফলে, বাঁধ কেটে দেওয়ার ফলে দামোদর শেষ হয়ে গেল। দামোদর বাঁধ তো আর হবে না। ৬০ থেকে ৭০ মাইল এমব্যাঙ্কমেন্ট আছে। সেই এমব্যাঙ্কমেন্ট যদি রাস্তা হিসেবে ব্যবহার করতে দেওয়া হয়, তাহলে বহু লোকের যাতায়াতের কষ্ট দূর হয়। এই এমব্যাঙ্কমেন্ট-এর পাশে বহু জমি পড়ে আছে। সেই জমি কখনো কখনো এক বৎসর লীজ দেওয়া হয় এবং কখনো কখনো তা দেওয়াও হয় না, পতিত পড়ে থাকে, এই পতিত জমি যদি দীর্ঘমেয়াদী লীজ দেওয়া যায় তাহলে প্রচুর ফসল পাওয়া যায় এবং বহু ভূমিহীন কৃষকও জমি পেতে পারে।

এই কয়টি কথা বলে আমি এই ব্যয়বরাদ্দের প্রস্তাবকে সমর্থন করছি।

Shri Hare Krishna Das:

মাননীয় সভাপতি মহাশয়, আজকে সেচমন্ত্রীর ব্যয়বরাদ্দের আলোচনায় যোগদান করে আমি প্রথমে আমার এলাকা সম্বন্ধে কিছু বলতে চাই। আমি ইতিপূর্বে এই হাউসে বলেছি যে বলাগড় থানা এলাকা বরাবরই একটা ডেফিসিট এলাকা। এই বলাগড় থানায় যদি উপযুক্ত পরিমাণ সেচ ব্যবস্থা না করা হয় তাহলে কোনদিন বলাগড় থানায় লোকের খাদ্যশস্যের অভাব দূর হবে না। কাজেই বিগত কংগ্রেসী সরকার এই বলাগড় থানাকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করার জন্য কয়েকটি ডিপ টিউবওয়েল বসিয়েছিলেন। সেই ডিপ টিউবওয়েল-এর মধ্যে অন্তত অর্ধেকগুলো আজও চালু অবস্থায় নেই। কোনটাতে বিদ্যুৎ সরবরাহের কোন ব্যবস্থা করা হয় নি, কোনটিতে বিদ্যুৎ সরবরাহের সমস্ত ব্যবস্থা হওয়া সত্ত্বেও সেখানে আজও সেইসব গভীর নলকূপগুলি চালানর কোন রকম ব্যবস্থা করা হয় নি। যাই হোক, এই বলাগড় থানা সম্বন্ধে মোটামুটি আমি একটি পরিসংখ্যান দিচ্ছি। বলাগড়ে বর্তমানে লোকসংখ্যা হচ্ছে দু লক্ষের উপর এবং এই থানায় আবাদি জমি হচ্ছে ৩৬,৯৪০ একর। এর থেকে হিসাব করলে দেখা যায় যে ওখানকার লোকের মাথাপিছু প্রায় এক বিঘার কিছু বেশী জমি প্রত্যেকের ভাগে পড়ে। এই অবস্থায় আমি সেচমন্ত্রী মহাশয়ের

নিকট কিছু সাজেসশান রাখছি। তিনি যেন এই বলাগড় থানা এলাকা যাতে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হতে পারে তার জন্য সেখানে ডিপ টিউবওয়েল যেগুলি বসানো হয়েছে, সেগুলি চালু করবার জন্য অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করেন এবং অধিকাংশ ডিপ টিউবওয়েল যেগুলি চালু হয়েছে, সেগুলির ভিতর আমি খবর নিয়ে জেনেছি যে সেখানে যেসব অপারেটর দেওয়া হয়েছে, সেইসব অপারেটরদের ডিউটি আট ঘণ্টার মধ্যে বাঁধা আছে। যদি চাষীরা সেখানে জল চায়, অর্থাৎ তাদের যে জলের প্রয়োজন, সেই জল নিয়মিত তারা পাচ্ছে না।

[5-50—6 p.m.]

সেখানে আরো অপারেটর দেয়ার বন্দোবস্ত করা উচিত যাতে ডবল সিফটে অন্তত চাষের জল পেতে পারে। এই হচ্ছে ডিপ টিউবওয়েলগুলি সম্বন্ধে আমার কথা। আর একটা কথা আমি বলতে চাই, মাঝারী সেচের ব্যবস্থা করার জন্য আমি একটা সাজেশন দিচ্ছি সেটা ডি ভি সি মেন ক্যানেল থেকে গোপালপুর থেকে চণ্ডিগাছা পর্যন্ত সাব ক্যানেল কেটে দিয়ে এবং ঐ সাব ক্যানেলটা কুন্তি, বেথুয়া ও বেহুলা নদীর সঙ্গে যোগ করে দিলে ঐ তিনটি অঞ্চলে সব সময় জল থাকবে এবং তাতে ২৫।৩০ হাজার একর জমিতে তিনটি ফসল হতে পারে। অবশ্য ঐ তিনটি নদীর ভাগীরথীতে যাতে জলগুলি না যায় সেজন্য ঐ নদীর মুখে লক গেট দেয়া একান্ত প্রয়োজন। ঐ নদীগুলিতে বর্ষার সময় যখন জল জমে সেই জল ধরে রাখবার জন্য লক গেট দিয়ে মাঝে মাঝে জল দেয়ার ব্যবস্থা করলে ২৫।৩০ হাজার একর জমি তিন ফসলী জমিতে রূপান্তরিত হতে পারে। আর একটা কথা হচ্ছে এই আমার এলাকায় বর্ধমানের কালনা এলাকায় দেবল বিল বলে একটা বিল আছে, ঐ বিলটা ইছাপুর এবং বারাসাত মৌজায় অবস্থিত। ঐ বিলের আশেপাশে দুটি মৌজায় প্রায় দু হাজার বিঘা জমি আছে। ঐ বিলটা শুকনো কালে শুকিয়ে যায় এবং বর্ষাকালে জল থাকে যার ফলে ঐ জমিগুলি আবাদের অযোগ্য হয়ে থাকে। সেজন্য আমার অনুরোধ হচ্ছে এই যে, যদি ঐ ২,২০০ বিঘার মত জমিতে একটা ক্যানেল কেটে ঐ ক্যানেল বেহুলা নদীর সাথে যোগ করে দেন তাহলে বর্ষার জল ঐ বিলে জমলে ঐ জলটা বর্ষা-কালে ড্রেনেজ হয়ে বেরিয়ে যাবে এবং শুকনো কালেও সেচের ব্যবস্থা হবে যার ফলে ঐ দু হাজার বিঘা জমিতে ভাল ফসল উৎপন্ন হবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীরবীন মণ্ডলঃ মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সেচমন্ত্রী মহাশয় সেচ খাতে যে ব্যয়বরাদ্দ ধার্য করেছেন আমি তা সমর্থন করছি। আমি এই ব্যয়বরাদ্দকে সমর্থন করতে উঠে কয়েকটি কথা আপনার মাধ্যমে আমি সেচমন্ত্রীর বিবেচনায় আনতে চাই, সেগুলি হচ্ছে এই যে আমাদের দেশ বাস্তবে কৃষিপ্রধান দেশ, এই দেশে কৃষির উন্নতি করতে গেলে সর্বাগ্রে প্রয়োজন চাষীর হাতে জমি দেয়া, তাদের হাতে বীজ, সার এবং তাদের জমিতে সেচের জল পৌঁছে দেয়া। আমাদের এই বাংলাদেশে বিশেষ করে সুন্দরবন অঞ্চলের কথা আমি বলবো যে সেখানে জলনিকাশের খুব অসুবিধা, সেখানে সেচের ব্যবস্থা নেই এবং জল বের করারও ব্যবস্থা নেই, যার ফলে প্রত্যেক বছর হাজার হাজার বিঘা জমি পাকা ধান অতিবৃষ্টি হওয়ার ফলে জল নিকাশের অভাবে নষ্ট হয়ে যায় এবং অনাবৃষ্টির সময় সেখানে জল দেয়ার ব্যবস্থা নেই বলে চাষ হয় না। আমি সেজন্য বলতে চাই অবিলম্বে সুন্দরবন অঞ্চলে সরকার যেন একটা স্থায়ী জল নিকাশের ব্যবস্থা করেন। দ্বিতীয় কথা হচ্ছে ছোট ছোট নদী, শাখা নদী, খাড়ি, এসচুয়ারী যাকে বলে যেগুলি দ্বীপের মধ্যে ঢুকেছে সেগুলিকে যদি বেঁধে দেয়া হয় তাহলে তার দুপাশে যে বাঁধ মেরামত করতে হয় সেই খরচ কমে যায় এবং সেই সরু সরু খালকে স্থায়ীভাবে জলাধার হিসাবে ব্যবহার করে আশেপাশে সুন্দরবনে চাষের উন্নতি করা যায় এবং তাতে ফসলও বাড়ে। বহু আবাদযোগ্য জমি সুন্দরবনে পড়ে আছে, সেই জমিগুলিকে এই খাড়ি নদীর দুপাশে যা আছে যদি চাষীদের মধ্যে বিনা পয়সায় বিলি বন্দোবস্ত করে দেয়া যায় তাহলে চাষীরা সেই জমিগুলি পেয়ে এই খালগুলিকে জলাধার হিসাবে ব্যবহার করে যেমন চাষ করতে পারে তেমন এতে মাছ চাষ করে সরকারের একটা নির্দিষ্ট আয় আসতে পারে। সেজন্য সুন্দরবনের এই ছোট ছোট খাড়ি নদীগুলিকে যেগুলি বিভিন্ন দ্বীপের মধ্যে গেছে সেগুলিকে যদি বেঁধে দেয়া হয় তাহলে সরকারের বাঁধ মেরামতের খরচ কমে যাবে চাষীর হাতে জমি আসবে—সেই জমিতে চাষ করার জন্য তারা সেচের জল পাবে এবং এতে মাছ চাষ হতে পারবে, এজন্য আমি এদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। দ্বিতীয় কথা হচ্ছে সুন্দরবন অঞ্চলে বাঁধ মেরামতে প্রচুর অসুবিধা, প্রায় প্রত্যেক বছরই বাঁধ ভাঙে। এর মূল কারণ

হচ্ছে স্থায়ী জল নিকাশের কোন বন্দোবস্ত নেই। অন্য একজন সদস্য বলেছেন সুন্দরবনের সমস্যা হচ্ছে স্থায়ী জলনিকাশের সমস্যা, যার জন্য বর্ষার সময়, চাষের সময়, অতিবৃষ্টির সময় প্রত্যেক বছর বড় বড় মোটা বাঁধগুলি কাটতে হয়। গ্রামীণ কথায় এগুলিকে গই বলে। এইরকম বড় বড় বাঁধগুলি প্রত্যেক বছর কাটার ফলে এগুলির মাটি আলগা থাকে, ফলে তাড়াতাড়ি বাঁধগুলি ভেঙ্গে যায়। আমরা বহুবার সুন্দরবনের এই জলনিকাশের ব্যাপারে সরকারের দৃষ্টি আকর্ষণ করেছি কিন্তু তিনটি পরিকল্পনা চলে গেল, চতুর্থ পরিকল্পনা আসছে অথচ সুন্দরবন অঞ্চলে স্থায়ীভাবে কোন জলনিকাশের ব্যবস্থা হল না। সুন্দরবন অঞ্চলে স্থায়ীভাবে জলনিকাশের জন্য স্লুইস গেট বা হিউম পাইপ যাতে স্থায়ীভাবে বসিয়ে জল নিকাশের ব্যবস্থা করা যায় সেটা যেন অনতিবিলম্বে করা হয়। যখন অতিবৃষ্টি হয় তখন জল জমে চাষীর পাকা ধান নষ্ট করে দেয় অথবা ভরা কোটালের সময় নোনা জল জমিতে ঢুকে ধান নষ্ট করে দেয়, এটা সুন্দরবনের একটা স্থায়ী সমস্যা। আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের এদিকে দৃষ্টি আকর্ষণ করছি। তৃতীয় কথা হচ্ছে যেটা আমি আগেই বলেছি যে ছোট ছোট খাড়ি নদীগুলিকে বাঁধ দিয়ে বেঁধে সেগুলিকে জলাধার হিসাবে ব্যবহার করার ব্যবস্থা করা এবং সুন্দরবন অঞ্চলে সার, বীজ এগুলি যাতে চাষীদের কাছে পৌঁছায় তার জন্য আমি কৃষি বিভাগের দৃষ্টি আকর্ষণ করছি। আর আমার সর্বশেষ কথা হল সেচ বিভাগ আর কৃষি বিভাগ একত্রিত হওয়া দরকার, কারণ এই দুটো বিভাগ একটার সঙ্গে আর একটা অঙ্গাঙ্গীভাবে জড়িত। এই কথা বলে সেচমন্ত্রী যে ব্যয়বরাদ্দ এনেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশিরোমণি প্রসাদঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ মাননীয় সেচমন্ত্রীমহাশয় যে ব্যয়বরাদ্দের দাবী এখানে পেশ করেছেন সেটা আমি সমর্থন করতে পারছি না। আপনি জানেন যে ইংরাজীতে একটা প্রবাদ আছে unlucky thirteen not so sweet at fourteen.

মানে ভাগ্যহীন ত্রয়োদশ নহে সে মধুর চতুর্দশ। এই চতুর্দশ বাম মন্ত্রীসভা যেভাবে গঠিত হয়েছে তাতে আমার বিশ্বাস এটা শীঘ্রই নষ্ট হয়ে যাবে। দ্বিতীয় কথা হচ্ছে সেদিন একটা বক্তৃতায় আমাদের ডঃ গণি সাহেব ন্যাশন্যাল মেডিক্যাল কলেজের অফিসারের বিরুদ্ধে স্বজনপোষণ নীতির কথা বলেছিলেন, আমিও তাই আজ পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রীর স্বজনপোষণ নীতির একটি চিত্র আপনার সামনে তুলে ধরছি, সেটা হচ্ছে মুখ্যমন্ত্রী হলেন আমাদের অজয়বাবু আর তাঁর ভাই হলেন বিশ্বনাথবাবু এবং ১৬ কলায় পূর্ণ হত যদি গীতা মুখার্জীকে নেয়া হত। সে সম্বন্ধে আমি আর বলতে চাই না, আমি শুধু এখানে কয়েকটি সাজেশন আপনার মাধ্যমে রাখতে চাই।

[6—6-10 p.m.]

এটা হচ্ছে আমাদের এলাকার পশ্চিম প্রান্তে যে জলাভূমি আছে সে সম্পর্কে। সেখানে বার মাস জল ঢুকে থাকে—সেখানে যদি একটা লিফট ইরিগেশন-এ জল তুলে ফেলে দেওয়া হয় তাহলে হজার বিঘা জমি উদ্ধার হয়ে অনেক ফসলের ব্যবস্থা হবে। আর একটা সাজেশান আমি দিচ্ছি। ব্রাহ্মণী নদী তীরে মধ্যপুর যে গ্রাম আছে সেখানে যদি একটা স্লুইস গেট-এর মাধ্যমে জল নিষ্কাশনের ব্যবস্থা হয় তাহলে ভাল সেচের ব্যবস্থা হবে।

তৃতীয় কথা বলছি এই যে আমাদের নলহাটি সাঁঝোয়া থানায় বালছা বিল আছে, তার জল আশেপাশের জমিতে ঢুকে হাজার হাজার বিঘা জমির ফসল নষ্ট হয়। সে সম্বন্ধে একটা ব্যবস্থা করুন যাতে ফসল এইভাবে নষ্ট না হয়। জলকর ধার্য করা সম্পর্কে মন্ত্রিমহাশয়ের কাছে আমার আবেদন যেখানে জল পেল না সেখানে ট্যাক্স ধার্য হওয়া উচিত নয়। যাতে প্রকৃত সেচপ্রাপ্ত জমিতে ট্যাক্স ধার্য হয় সেজন্য সাজেশান রাখছি। আর একটা কমিটি গঠন করুন যেখানে থাকবেন আমাদের কৃষি সম্প্রসারণাধিকার ক্যানাল বিভাগের অফিসার, গ্রামাধ্যক্ষ, গ্রামের বর্ধিষ্ণু চাষী ইত্যাদি। এটা যেন তারা লক্ষ্য রাখেন যে যারা সেচ পায়নি তারা জলকর থেকে রেহাই পায়। এই আমার বক্তব্য।

Shri Amulya Ratan Mahata:

স্পীকার মহোদয়, আজ মাননীয় সেচমন্ত্রী যে ব্যয়বরাদ্দ এনেছেন তাকে আমি সমর্থন জানাচ্ছি। ওঁর বক্তব্যের মধ্যে যা পেলাম তাতে মনে হল সেচের ব্যাপারে কিছু উন্নতি আমরা করতে পারব,

কিন্তু সঙ্গে সঙ্গে যে টাকার অঙ্ক বললেন সেই টাকার সঙ্কুলান কি করে হবে এই সব কাজ কবে শেষ হবে তা জানতে পারলাম না। বৃহৎ পরিকল্পনা নেওয়া যায় কিনা এবং সেজন্য যে টাকার দরকার তার কোন সুরাহা হবে জানতে পারলে ভাল হত। যাই হোক—আমার বাড়ির পাশ দিয়ে কতকগুলি ক্যানেল যাচ্ছে, তার মধ্যে কতকগুলির ক্ষেত্রে কিছু অসুবিধা আছে, সেগুলি আমি মন্ত্রিমহাশয়কে জানাতে চাই। সেগুলি হচ্ছে এই যে দেখতে পাচ্ছি, যে অনেকদিন আগে থেকে সেইসমস্ত পরিকল্পনা নেওয়া হচ্ছে, কিন্তু তাতে এখনও সমস্ত জমি যার উপর দিয়ে ক্যানেল যাবে সেগুলি ঠিকঠিকভাবে সরকার নেন নি, এর ফলে ঠিকাদারদের কাজ ব্যাহত হচ্ছে। আরও দেখতে পাচ্ছি একই সরকারের মধ্যে বন বিভাগের সঙ্গে গোলমাল হচ্ছে—সেখানে যদি ঠিকাদাররা কুয়া খুঁড়তে যায় তাতে তারা বাধা পাচ্ছেন, এমন কি এ নিয়ে মামলা পর্যন্ত হচ্ছে। এইরকম ধরনের যেসমস্ত ব্যাপার হচ্ছে, উপরোক্ত ক্যানেলগুলিতে আরও দেখতে পাচ্ছি যে, কতকগুলি ভাল জমির উপর দিয়ে নেওয়া হচ্ছে—যদি ১০০ গজ দূরে দিয়ে যায় তাহলে সেই জমিগুলি বাদ পড়ে যাবে এবং অনুর্বর জমির উপর দিয়ে যাবে। এতে কারও অসুবিধার মধ্যে কাউকে পড়তে হবে না। এই সমস্ত বিষয়ে যদি মেদিনীপুরের সাবডিভিশন্যাল ফরেস্ট-এর যিনি অফিসার আছেন তার সঙ্গে আলোচনা করা হয় তাহলে এই সমস্ত অসুবিধাগুলি দূর হতে পারে। উপরোক্ত কাজের যে সমস্ত গতি তা এত আস্তে আস্তে হচ্ছে তাতে জনসাধারণের খুব অসুবিধায় পড়তে হচ্ছে। সেজন্য ঐসব জায়গায় ছোট ছোট সেচ পরিকল্পনার দিকে ওনাদের দৃষ্টি আকর্ষণ করছি। বড় পরিকল্পনা করতে গিয়ে যে সময় আমাদের যাবে তার মধ্যে আমাদের দেশ কোথায় গিয়ে দাঁড়াবে। আমরা ইতিমধ্যে শালবনীতে পারাং খাল বেঁধেছি, তাতে এই বছরে বরো ধান হাজার বিঘাতে লাগিয়েছি। এটা ১,৫০০ বিঘা পর্যন্ত হতে পারত। এখানে ফসল খুব ভাল হয়েছে, এই দুঃসময়ে যে পরিমাণ ফসল এখানে উঠেছে তাতে সকলেরই ছোট ছোট পরিকল্পনাতে খুব আশান্বিত হয়েছেন। এখানে আরও কতকগুলি ছোট ছোট খাল আছে সেগুলি যদি দৃষ্টি দেওয়া যায় তাহলে খুব সুবিধা হবে। এবং এখানে আরও কতকগুলি ঝরনা আছে সেগুলিতে গরমের দিনে জল থাকে না, এগুলির যদি ব্যবস্থা করা হয় তাহলে বরো ধান উৎপন্ন হতে পারে। তারপরে রামগড়ে এইরকম একটা বড় বাঁধ আছে, নামসুরের বাঁধ, প্রায় ১৫০ বিঘার উপরে কিন্তু সেটা একেবারে মজে গেছে। ওখানে পূর্বে আখ, আলু ইত্যাদি রবিশস্য চাষ হত। এখন খুব কম জায়গায় হচ্ছে, এগুলিকে নিয়ে যদি সরকার সংস্কার করেন তাহলে অত্যন্ত ভাল হয়। পূর্বে এগুলি মৌজাদার সংস্কার করতেন কিন্তু এখন আর সংস্কার হচ্ছে না। তাই আমি অনুরোধ করব যে ছোট ছোট সেচ পরিকল্পনা যদি নেওয়া হয় তাহলে আপাতত খুবই উপকারে আসবে। এই কয়টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

[6-10—6-20 p.m.]

শ্রীকানাই সাহা: মাননীয় স্পীকার মহাশয়, আজকে মাননীয় মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দ এনেছেন তার আলোচনায় অংশগ্রহণ করতে গিয়ে আমি আমার কিছু বক্তব্য আপনার মাধ্যমে সভার কাছে রাখতে চাই। আজকে মাননীয় সদস্যগণ যেরকমভাবে বলছেন তাতে মনে হয় যে আজকে বিশেষ গালাগালি করার অভাব আছে, গালাগালি আর কেউ যখন দিচ্ছেন না তখন একটু গালা-গালি হোক এই ভাব প্রকাশ করছেন। তবে আজকে গালাগালির দিন নয়, এই ভেবে আমি বলছি যে জলের যে অবস্থা, মানুষের যে জলের চাহিদা মানুষ কি রকমভাবে জল চাচ্ছে, তার জন্য ক্যানেলের মন্ত্রিমহাশয় আগে বললেন যে আমি জল যত তাড়াতাড়ি পারি দেবার চেষ্টা করবো। আমার বীরভূম জেলায় বাড়ী, ময়ূরাক্ষীর কল্যাণে বীরভূম জেলায় এ বছর রাজ্যসরকারকে অধিক ধান দিতে পেরেছি। সেই জন্য আমি মন্ত্রিমহোদয়ের কাছে দাবী করবো যে বীরভূম জেলায় যে ময়ূরাক্ষী ক্যানেল কাটা হয়েছে তার ছোট ছোট অসংখ্য ড্রেনেজ ক্যানেল পরিকল্পনা নিশ্চয় তাঁদের ফাইলে আছে—আমি ইঞ্জিনীয়ারের কাছে গিয়ে দেখেছি সেই সব বড় বড় প্রকল্প নেওয়ার পূর্বে যদি এই ছোট ছোট ড্রেনেজ ক্যানেলগুলি তাড়াতাড়ি করে দেওয়া যায়, যেগুলি অল্প খরচে হবে, তাহলে দেখা যাবে অনেক জমি সেখানে চাষ হবে এবং সেচের প্রসার লাভ করলে খাদ্যের উৎপাদনও বাড়বে। তাছাড়া আমাদের বীরভূম জেলার মধ্যে লাঙ্গলহাটা বলে একটা বিল আছে, তার জল নিকাশের ব্যবস্থা করতে পারলে দুই-আড়াই হাজার বিঘা জমি উদ্ধার হবে

এবং সেখানে প্রচুর ফসল উৎপন্ন হতে পারবে। তাছাড়া আর একটা ক্যানেলের এস্টিমেট তাঁর কাছে এসেছে সেটা হচ্ছে অমাদের ময়ূরাক্ষী ক্যানেলের অন্তর্গত ৭এ/এম ডি বি সি, ময়ূরাক্ষী দারাকা ড্রেনেজ স্কীম—এতে ৫০ হাজার একর জমিতে চাষ হতে পারে। শুধু তাই নয়, জল পেলে সেই এলকায় দু-তিনটি ফসল হতে পারে এবং সবজী প্রচুর পরিমাণে সেখানে উৎপন্ন হয়। ময়ূরাক্ষী নদীতে যখন বাঁধ হয় নি তখন তার দুই দিক প্লাবিত হয়ে প্রচুর শাকসবজীর চাষ সেখানে হয়েছে এবং এখনও হতে পারে। এ প্রসঙ্গে আমি আর একটা কথা বলতে চাই যে রাজ্য ব্যাপী যেরকমভাবে খাদ্যের অভাব সেই অভাব যদি দূর করতে হয় তাহলে সেচ পরিকল্পনার জন্য আমাদের যে সম্পূর্ণ সহযোগিতা চাচ্ছেন দেখা যাচ্ছে সেই সহযোগিতা আমাদের কাছ থেকে তাঁরা পেতে পারবেন এবং সেই সহযোগিতা পেলে আমার মনে হয় সেচের কাজ ভাল ভাবে হবে এবং পরিকল্পনাগুলি ভাল ভাবে হতে পারবে। কেন না, এর আগে আমি দেখেছি যখন কংগ্রেসের পরিকল্পনা এসেছে সেই পরিকল্পনায় সেচের কাজ হলেও ভাল কাজ হলেও বিরোধী পক্ষ থেকে বামপন্থী দল থেকে সেই পরিকল্পনার ভালমন্দ বিবেচনা না করে তারা কৃষি আন্দোলন করে, ক্যানেল করের আন্দোলন করে ক্যানেল কর বন্ধ করে নানারকমভাবে বাধা দিয়েছে। আমি এটুকু বলতে পারি যে সেইরকম কোন বাধা সৃষ্টি করবো না, আপনাদের ক্যানেলের কাছে সহযোগিতা চালিয়ে যাবো।

ডাঃ শৈলেন দাসঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাঝে মাঝে তাপ সৃষ্টির চেষ্টা হলেও মোটের উপর নিরুত্তাপ এবং নিরুদ্বিঘ্ন পরিবেশের মধ্যে আমাদের অধিবেশন কেটে যাচ্ছে, শান্তিপূর্ণ সহ-অবস্থানের আবহাওয়া সর্বত্র বিরাজ করছে। স্যার, একথা আপনাকে বলি যে গোপনে আপনার অলক্ষ্যে বিরোধী পক্ষ এবং সরকারী পক্ষের মধ্যে তাম্বুলের আদানপ্রদানও হয়েছে এবং আমরা দুঃখ করেছি প্রীতিপূর্ণ কৌতুকের মধ্যে—যা হোক আমার খুব ভাল লাগছে আজকে এই অবস্থার মধ্যে এখন প্রধান আলোচনায় আমি যাচ্ছি। সেচ বিভাগের ব্যয়বরাদ্দের প্রস্তাব সামনে রেখে যে প্রারম্ভিক বক্তৃতা মাননীয় সেচ মন্ত্রী বিশ্বনাথবাবু আমাদের সামনে রেখেছেন, তাতে এই কথা বলতে পারি যে গভীর এবং ব্যাপক একটা দৃষ্টি সামনে রেখে সমস্ত বিষয়টাকে তিনি বিবেচনা করে দেখেছেন। স্বভাবত সেই কারণে তাঁর চিন্তা এবং তাঁর বক্তব্য এবং তার সঙ্গে বাজেটকে উপস্থিত করার মধ্যে একটি প্রনিধানযোগ্য বিষয়বস্তু রয়েছে। স্বভাবত তাঁর সমস্ত বক্তৃতার মধ্যে বাংলাদেশের সেচ সমস্যাকে তুলে ধরে তা সমাধান করার জন্য একটা সুদূরপ্রসারী দৃষ্টি রয়েছে। সেই দৃষ্টি সামনে রেখে আমি মাত্র কয়েকটি বিষয় তাঁর সামনে তুলে ধরার চেষ্টা করবো আপনার মাধ্যমে। বলা বাহুল্য স্বল্প সময়ের মধ্যে বিস্তৃত আলোচনার কোন অবকাশ নেই এবং প্রয়োজনও নেই। শুধু মাত্র দু-একটা বিষয়ে আমার আলোচনাকে নিবন্ধ রাখবো—সেটা হচ্ছে এই ড্রেনেজ স্কীমের অন্তর্গত দুটো ড্রেনেজ স্কীম একটা বাগজোলা খাল আর একটা হচ্ছে নোহাই ড্রেনেজ স্কীম, এর একটা বিরাট অংশ রাজারহাট থানা এবং বারাসত থানার মধ্য দিয়ে প্রবাহিত হচ্ছে। যেটা বাগজোলা খাল বলে প্রচলিত সেটা আজ থেকে কয়েক বছর আগে সম্পন্ন হয়েছে এবং সেটা কলকাতার পার্শ্ববর্তী উপকণ্ঠ এলাকায় জল নিকাশের ব্যবস্থাকে বাঁচিয়ে রেখেছে। কিন্তু এ প্রসঙ্গে একটা কথা মাননীয় সেচ মন্ত্রীর কাছে রাখতে চাচ্ছি যে কয়েক বছর আগে সেটার কাজ হলেও এখন সেটার অনেক জায়গায় ভর্তি হয়ে যাবার একটা আশঙ্কা দেখা দিয়েছে। শুধু খাল কাটলেই তো হবে না সেগুলি কি করে জীবন্ত প্রাণবন্ত রাখা যায় সেদিকেও লক্ষ্য রাখতে হবে। আমি এ সম্পর্কে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। ঐ বাগজোলা খাল সম্পর্কে আর দুটো বিষয় আমি তাঁর কাছে বলবো সেটা হচ্ছে এটা সকলেই জানেন এবং সেচমন্ত্রী মহাশয় খুব পরিষ্কারভাবে উল্লেখ করেছেন যে চব্বিশপরগনা জেলার একটা বৃহৎ অংশ হচ্ছে ঘাটতি এলাকা, স্বভাবত সেখানে যে সেচের ব্যবস্থাগুলি রয়েছে, যে জল নিকাশের ব্যবস্থাগুলি রয়েছে সেগুলিকে সেচ পরিকল্পনার অন্তর্ভুক্ত কিছু কিছু করা যায় কিনা তার জন্য তাঁর একটা চেষ্টা আছে এবং তাঁর কাছ থেকেও একটা ইঙ্গিত পেয়েছি। এই যে বাগজোলা খাল প্রবাহিত হয়েছে এটার যে অংশ পাথরঘাটার মধ্যে তার চারিপাশে বহু গ্রাম রয়েছে যেখানে বোরো ধানের চাষ হয় এবং সেখানে যদি সামান্য জল দেওয়া হয় তাহলে সেখানে কৃষকদের পক্ষে বছরের নির্দিষ্ট সময়ে বোরো ধানের চাষ করা সম্ভব হয় এবং কৃষকদের ঘরেও কিছু ধান জমা হতে পারে। এবারে আমি বাগজোলা খাল সম্পর্কে

আর একটা বিষয়ে বলবো, সেটা হচ্ছে বছরের একটা নির্দিষ্ট সময়ে সাধারণত বর্ষার প্রারম্ভে সমস্ত খালটা ভর্তি হয়ে যায় কচুরিপানায়। সেই জল নিকাশের সঙ্গে সঙ্গে দুর্ভাগ্যবশত মাঝে মাঝে মানুষও সেই খালের মধ্য দিয়ে নিকাশ হয়ে যায়। তার কারণ হচ্ছে খাল যখন সমস্ত পানায় ভর্তি হয়ে রয়েছে সেখানে পারাপার করা গ্রামের মানুষের পক্ষে অসম্ভব হয়ে পড়ে —কচুরিপানা ভেদ করে মাঝে মাঝে সেখানে ছোট ছোট নৌকা ডুবে যায়, মানুষ ডুবে যায়, সাঁতার যারা জানে না তাদের পক্ষে বিপদের সৃষ্টি হয়। সেই জন্য আমি মাননীয় সেচমন্ত্রীর কাছে আবেদন রাখছি, বিশেষ করে বাগজোলা খালের উপর পারাপারের একটা ব্যবস্থা করুন এবং কচুরিপানা জন্মগ্রহণ করার সঙ্গে সঙ্গে সেগুলি দূরীভূত করার ব্যবস্থা করুন—এ সম্পর্কে আমার কতকগুলি প্রস্তাব আছে সেগুলি সময়ান্তরে তাঁর সঙ্গে আলোচনা করবো।

[6-20—6-30 p.m.]

এবার আমি নয়া খাল সম্পর্কে বলছি। এই নয়া খাল একটা গুরুত্বপূর্ণ পরিকল্পনা। আপনারা সকলে জানেন যে এই খালটির দ্বারা প্রায় ৮০ বর্গমাইল এলাকা থেকে জল নিকাশ করার ব্যবস্থা আছে। এই নয়া খাল যদি কাটা হয় এই খাল-এ দেখা গেছে বাড়তি বিল যেখানে ৮০ বর্গমাইল এলাকা রয়েছে সেখানে ৫০ বর্গমাইল সব সময় ডুবে যায়, এই অংশে কোন চাষ করতে পারা যাচ্ছে না, এখন এই নয়া খাল যদি কার্যকরী করতে পারি তাহলে ৮০ বর্গমাইলে চাষ হবে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় এর মধ্যেই লে জমি সম্পর্কে স্পেকুলেশন হচ্ছে এবং এই স্পেকুলেশন-এর ফলাফল কি সেটা মন্ত্রিমহাশয়ের নিশ্চয়ই জানা আছে। সেজন্য এখন থেকে তাঁকে সাবধান হতে বলছি। ২নং কথা হচ্ছে খালটা ২-৩টি নির্দিষ্ট জায়গায় যদি শাখা খাল কেটে দেওয়া যায় এবং সেখানে যদি স্লুইস গেটের ব্যবস্থা করা যায় তাহলে আরও কয়েক হাজার বিঘা জমিতে চাষ করা যেতে পারে। যেখানে তিন বৎসর ধরে কোন চাষ হচ্ছে না সেখানে এটা করা দরকার এবং এদিকে তার দৃষ্টি আকর্ষণ করছি। এই খালের একটা অংশ যে জায়গা দিয়ে প্রবাহিত কমুডাঙ্গা এবং ভাতিয়ান্দায় সেখানে উদ্বাস্তুরা নূতন করে বাসা বেঁধেছে। আবার সেই খাল কাটার ফলে নূতন ভাবে উদ্বাস্তু হচ্ছে। তাদের পুনর্বাসনের ব্যবস্থা সম্পর্কে সেচমন্ত্রী যেন ত্বরান্বিত করেন, এই কথা বলে শেষ করছি।

শ্রীনিত্যানন্দ ভুঁইয়াঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেচমন্ত্রী মহাশয় সংশয় ও দ্বিধাগ্রস্ত মনে ব্যয়বরাদ্দ উপস্থিত করেছেন সে প্রসঙ্গে আলোচনা করতে গিয়ে একটুখানি সন্দেহ জেগেছে। আজকে সেচমন্ত্রী, আমার মনে হয় পূর্বতন সেচমন্ত্রী যেভাবে তাঁর সেচ পরিকল্পনার কথা ও'রই ভাষায় জল ছেঁচা মন্ত্রীতে পরিণত হয়েছিলেন আজকে সন্দেহ দেখে মনে হচ্ছে তিনিও কিছু দিন পরে জল ছেঁচা মন্ত্রীতে পরিণত হবেন। নদীমাতৃক বাংলাদেশে এত বিভিন্ন পরিকল্পনা আছে যার স্বার্থক রূপায়ণের জন্য সামান্য অর্থ দিয়ে কিছু হতে পারে না। তিনি দীর্ঘমেয়াদী পরিকল্পনা চেয়েছেন এবং তা দিয়ে বাংলাদেশের কৃষি সমস্যা সমাধান করবার জন্য সেচ পরিকল্পনা আরও ব্যাপকভাবে গ্রহণ করার চেষ্টা করছেন। সেদিক থেকে আমি কয়েকটি কনস্ট্রাক-টিভ সাজেশান রাখবো। নিম্ন দামোদর পরিকল্পনা সম্বন্ধে বলেছেন এবং বলেছেন যে আমি তাকে কার্যে রূপায়ণ করবো। ১৯৫২ সালে নিম্ন দামোদর পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল কিন্তু দুর্মুখেরা বলে যে তৎকালীন সেচমন্ত্রী সে টাকা কংসাবতীতে খরচ করার ফলে নিম্ন দামোদর পরিকল্পনা স্বার্থক হয় নি। সেদিক থেকে সেচমন্ত্রী যদি নিম্ন দামোদর পরিকল্পনা সম্বন্ধে বিশেষ দৃষ্টি দেন তাহলে সেই এলাকার লক্ষ লক্ষ বিঘা জমি চাষের আওতায় আসতে পারে, সে সম্বন্ধে কোন সন্দেহ নেই। আর একটা কথা বলবো, হাওড়া ড্রেনেজ স্কীম সম্বন্ধে। এই হাওড়া ড্রেনেজের পচা খালের জল বালি, জগাছা, সাঁকরাইল, ডমজুর ইত্যাদি জায়গার মধ্য দিয়ে যাচ্ছে। এই পচা জলে কোন চাষ হয় না। সমস্ত ক্ষতিগ্রস্ত করে দিচ্ছে। সেচমন্ত্রীকে অনুরোধ করবো এই খালের পলি অপসারণ করে মাটি কেটে গঙ্গানদীর সঙ্গে যদি কিছু অর্থ খরচ করে যোগাযোগ করেন তাহলে সেচ ব্যবস্থা হতে পারে। এটা সেচ বিভাগের কনসার্ন। আমি এটার দিকে বিশেষ দৃষ্টি দিতে অনুরোধ করছি বড়জোলা ড্রেনেজ স্কীম আছে, সেখানে লক গেট জল ছাড়তে গেলে সেখানে দুই মাস সময় লাগে। উলুবেড়িয়া সাব-ডিভিশন-এর এস ডি ও-কে ফোন করলে তিনি বলেন আমতায় যেতে, কারণ নাকি আমতায় ওভারসিয়ার-এর অফিস। আবার

আমতা থেকে স্যাংশান নিয়ে এসে তবে ওভারসিয়ারকে দিতে হবে, তবে তিনি সেটা কার্যকরী করবেন। আমি মাননীয় সেচমন্ত্রীকে এই সমস্যার কাজ ত্বরান্বিত করার জন্য অনুরোধ করব। এই ড্রেনেজ স্কীম-এ চাষের সময় বৃষ্টি হলেই যে জলনিকাশের দরকার আছে সেখানে আমতায় যে ওভারসিয়ারের যে সার্কল সেটা হাওড়ার সদর সাব-ডিভিশন-এর সঙ্গে মিলিয়ে দেওয়া হচ্ছে। দ্বিতীয় উলুবেড়িয়ার সঙ্গে এই এনবার্কমেন্ট একত্র করে কাজ রূপায়িত করা যায়। আর একটা এনবার্কমেন্ট হাওড়া থেকে শিবপুর থেকে আরম্ভ করে বাউড়িয়া এবং তীরবর্তী এলাকা যে রয়েছে সেই সকল এলাকায় বড় বড় শিল্প এবং হাসপাতাল আছে। সেই তীরবর্তী এলাকার ভাঙ্গন দিনের পর দিন এগিয়ে যাচ্ছে। তৎকালীন সেচমন্ত্রী মহাশয় বলেছিলেন যে আমরা একে রক্ষা করব, আজকে আমি বলব যে অবিলম্বে যদি ভাঙ্গন রোধের চেষ্টা না করেন তাহলে বিস্তীর্ণ এলাকায় ইন্ডাস্ট্রিয়াল বেল্ট যে রয়েছে তাকে রক্ষা করা যাবে না। আমি সেচ মন্ত্রি-মহাশয়কে বিশেষভাবে নজর দেবার জন্য অনুরোধ করব। এই এলাকার ভাঙ্গন যদি রোধ করা যায় এবং জলসেচের ব্যবস্থা করা যায় তাহলে প্রভূত উন্নতি হবে। এইসব এলাকার সংস্কার নিয়ে বা দাবী নিয়ে যখন বিভিন্ন ডিপার্টমেন্ট-এর কাছে যাই তখন ইরিগেশন ডিপার্টমেন্ট বলে যে এটা আমাদের ডিপার্টমেন্ট-এর নয় যে

You better go to State Acquisition Department

আবার স্টেট অ্যাকুইজিশন ডিপার্টরেন্ট-এ যখন যাই তখন তারা বলে এটা সিভিল ইরিগেশান ডিপার্টমেন্ট-এর। এইভাবে বিভিন্ন খাল কোনটা কোন ডিপার্টমেন্ট-এর আন্ডার-এ তার জন্য একটা রেসপেকটিভ চার্ট থাকে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট-এর বাংলোয় অর সিভিল ইঞ্জিনীয়ার-এর অফিসে অর ডিস্ট্রিক্ট এগ্রিকালচার ডিপার্টমেন্টে যে কোনটা কার ডিপার্টমেন্ট-এ পড়ে এবং কোন-খালটা কোথায় কোন ডিপার্টমেন্ট-এর আন্ডারে তাহলে অনেক সুবিধা হয়। হাওড়া জেলার মহেশ্বরী-সরস্বতী খালের সংস্কার করলে কৃষি সেচের উন্নতি করা যাবে। আমার সময় আর নেই, আমি এইটুকু বলেই বক্তব্য শেষ করছি।

[6-30—6-40 p.m.]

শ্রীপশুপতি মুখোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সেচমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ উপস্থিত করেছেন সেই সম্বন্ধে বলতে গিয়ে আমি কয়েকটা কথা বলতে চাই। হাওড়া জেলার দুইটা সাব-ডিভিশন হয়েছে, একটা হল হাওড়া সদর সাব-ডিভিশন আর একটা হল হাওড়া উলুবেড়িয়া সাব-ডিভিশন। আমি এই দুটা সাব-ডিভিশন-এর কথা বলছি। এই দুইটা সাব-ডিভিশন-এর মধ্যে একটা লোয়ার দামোদর ডিভিশন আর একটা হল আপার দামোদর ডিভিশন। আমি সেই আপার দামোদর ডিভিশন-এর কথা বলছি। সেখানে লক্ষ লক্ষ জমি ভেকেট পড়ে আছে, সেখানে কেদুয়া খাল আছে। অধ্যক্ষ মহাশয়, যদি কেউ মোটরে করে যান তাহলে তাদের আড়াই ঘণ্টা তিন ঘণ্টা পরেই সেই অঞ্চল দেখতে পাবেন। এটা দেখলে বুঝতে পারবেন যে হাওড়া যে আজকে ডেফিসিট এলাকা সে ডেফিসিট এলাকা থাকবে না যদি সেখানে পরিকল্পনা নেওয়া হয়।

সেজন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে তিনি যেন একবার গিয়ে কেঁদুয়া খাল দেখে আসেন। শ্যামপুকুর থেকে সেই খালটির জন্য একটি স্কীম ছিল। এগ্রি-কালচারাল অফিসাররা এসে মেপেও গিয়েছিলেন কিন্তু আজ পর্যন্ত কাটা হল না। ওর সংলগ্ন ৪।৫টি ডিপ চ্যানেল করবার জন্য মেপে গিয়েছিলেন অথচ ডিপ চ্যানেল হয় নি। এই সমস্ত ডিপ চ্যানেলগুলি কেন হয় নি? আজকে কানা দামোদর সিফটেড আপ হয়ে গেছে, সেখান দিয়ে জলটা যাবে না। কাজেই ডিপ চ্যানেল করে সেখানে যদি লক গেট বসানো যায় তাহলে খুব ভাল হতে পারে। এই কানা দামোদরের সঙ্গে ডিপ চ্যানেল তৈরী হলে জলটা দামোদর দিয়ে এসে ডিপ চ্যানেলে প্রবেশ করবে এবং তার ফলে ঐসব এলাকায় ডবল ক্রপিং হবে এবং দামোদরের এসকাপেড রোধ করা যাবে। মুন্সীরহাট এলাকায় নীলকুটি বাঁধ আছে। বর্তমান মুখ্যমন্ত্রী তিনি যখন সেচমন্ত্রী ছিলেন তিনি তখন দেখে এসেছিলেন এবং নীলকুটি বাঁধের সঙ্গে একটা লক গেট করার জন্য এস্যুরেন্স দিয়ে এসেছিলেন। কিন্তু আজ পর্যন্ত হল না। নীলকুঠি, মুন্সীরহাট, জগৎবল্লভপুর থানার ভেতরও লোয়ার দামোদর ডিভিশনের ভিতর

এবং আর একটু এগিয়ে গেলেই রাজাপুর ক্যানেল ড্রেনেজ পড়বে। রাজাপুর ড্রেনটিকে রিমডেল করতে হবে। এবং ড্রেনেজ যেসমস্ত লিকেজ আছে সেগুলিকে বন্ধ করে যদি ইরিগেশন পারপাসে কাজে লাগান যায় তাহলে রাজাপুর ড্রেনেজ এলাকায় যেসমস্ত জমি আছে সে সমস্ত জমিতে খুব ভাল ফসল হতে পারে। এই মাঠের জল ড্রেন দিয়ে অনেক বেরিয়ে যায়। একে যদি ডিপ চ্যানেল করে ইরিগেশন পারপাসে ধরে রাখা যায় তাহলে এবাউট ৭০।৮০ হাজার বিঘা জমিতে ডবল ক্রপিং হতে পারে। সেজন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব আপনি যদি একবার মোটরে করে ঘুরে আসেন তাহলে প্রকৃত অবস্থা কি সেটা আপনি বুঝতে পারবেন। ডোমজুড়ের পাশে সরস্বতী খাল এবং তার একটু পরেই কেঁদুয়া খাল আছে। এই সরস্বতী খালকে যদি ডিপ চ্যানেল করা যায় তাহলে ওখান থেকে অনেক ফসল পাওয়া যেতে পারে। এজন্য ইরিগেশান এগ্রিকালচারাল অফিসার সেখানে গিয়েছিলেন এবং সে সমস্ত ফাইলও বোধ হয় এখনও আছে। কাজেই আমি অনুরোধ করব ওখানে যদি একটা স্লুইস গেট করতে পারেন তাহলে খুব ভাল হয়। এতে রাজাপুর ড্রেনেজের খুব উপকার হবে। আমার মনে হয় হাওড়া ডিস্ট্রিক্ট যে ডেফিসিট ডিস্ট্রিক্ট বলে পরিচিত আছে তা আর থাকবে না, যদি এই স্কীমটা কার্যকরী করা যায় এবং সমস্ত জমিতে সুষ্ঠুভাবে আবাদ হবে। লোকের দুঃখের অনেক লাঘব হবে। সেজন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে এই অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীরাজনারায়ণ কুণ্ডু: মাননীয় স্পীকার, স্যার, আজকে আমাদের দেশ খাদ্যসংকটের দিকে যাচ্ছে। এর প্রতিকারের প্রধান উপায় হচ্ছে দেশে যেখানে যেমন জমি আছে সেই জমিতে কিভাবে জল সেচনের ব্যবস্থা করা যায় তার ব্যবস্থা করা। এর জন্য বহু রকমারী সেচ ব্যবস্থার কথা আমরা জানি। কাজেই সেগুলি যাতে কার্যকরী করা হয় সেদিকে আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের কাছে কয়েকটি কথা জানিয়ে যেতে চাই। আমাদের দেশে যেসমস্ত ক্যানেল আছে সেই সমস্ত ক্যানেল থেকে আমরা প্রভূত উপকার পেয়েছি এবং দেশের লোক সেইসমস্ত ক্যানেল থেকে আরো বেশী উপকার পাবার জন্য আগ্রহান্বিত। সেজন্য আমি মন্ত্রিমহাশয়ের নিকট নিবেদন করবো যে এই ক্যানেলগুলিকে যাতে আরো বিস্তৃতভাবে বাড়াতে পারেন তার চেষ্টা করুন। আমি এই প্রসঙ্গে আরো একটি কথা বলব। আমাদের দেশে যেসমস্ত ক্যানেল কাটা হয়েছে তাতে আমরা দেখি যে চাষীদের সমূহ অসুবিধা হয় পারাপারের জন্য। কারণ, অতি দূরদূরান্ত থেকে গরুর গাড়ি পেরোবার যে পুলগুলি করা হয়েছে তাতে তাদের হয় না, বহু দূর ঘুরে তাদের আসতে হয়। সেই জন্য আমি অনুরোধ করবো এই ক্যানেলগুলির মধ্যে যেখানে যেখানে আবশ্যক সেখানে যেন সামান্য কংক্রিটের ছোট ছোট পুল করে দেওয়া হয়। আমি এর পরে ডিপ-টিউবওয়েল সম্বন্ধে কিছু বলতে চাই। আমি শুনেছি ডিপ-টিউবওয়েল স্কীম নাকি পরিত্যাগ করা হয়েছে। কিন্তু আমি ভেবে পাই না যদিও খরচ সাপেক্ষ তবুও মনে করি যেখানে ক্যানেল যাওয়া সম্ভব নয় এইরকম জায়গায় সেখানে ডিপ টিউবওয়েল ছাড়া জলসেচের অন্য কি উপায় থাকতে পারে। সেই জন্য আমি গভর্নমেন্টকে নিবেদন করবো যে তাঁদের এই বণিক মনোবৃত্তি ত্যাগ করে এই ডিপ টিউবওয়েল নিশ্চয়ই করা আবশ্যক যাতে চাষীরা জল পায় এবং দেশে অধিক খাদ্য শস্য উৎপাদন হয়। আর একটা কথা উল্লেখ করছি সেটা হচ্ছে শ্যালো টিউবওয়েল সম্বন্ধে। আমরা গ্রামাঞ্চলের লোক আমরা দেখেছি যে ছোট ছোট চাষীরা নিজেদের জমির এক কোণে নিজেদের চেষ্টায় অত্যন্ত অল্প গভীরতার টিউবওয়েল বসিয়ে তারা যে-কোন সময়ে তাদের আবশ্যক মত জলসেচ করেছে এবং প্রচুর পরিমাণে আলু ফলিয়েছে, যদিও ধানের পক্ষে সম্ভব কি না জানি না, তবুও নিশ্চয়ই আমি মনে করি যে আলুর জন্য এই টিউবওয়েল দ্বারা যে উপকার তারা পেয়েছে তাকে উৎসাহ দেবার জন্য শ্যালো টিউবওয়েলের জন্য কিছু সাবসিডি যদি দেওয়া হয় তাহলে প্রভূত উপকার হবে। এই সঙ্গে লিফট ইরিগেশনের কথা বলি। যে সমস্ত নদী বয়ে যাচ্ছে সেখান থেকে বড় বড় পাম্প-এর সাহায্যে লিফট ইরিগেশনের যদি ব্যবস্থা করা যায় তাহলে পার্শ্ববর্তী বহু জমির সেচের ব্যবস্থা হতে পারে। চাষীদের এই ব্যাপারে প্রচণ্ড আগ্রহ দেখেছি, তারা যদি এগ্রিকালচার ফার্ম থেকে যদি বহু কষ্টে একটা পাম্প নিয়ে যেতে পেরেছে সংগ্রহ করে তহালে অন্য এলাকার লোকেরা আর একটা পাম্প নিয়ে যাবার জন্য কি ব্যাকুলতা প্রকাশ করেছেন এই অভিজ্ঞতা আমার আছে। সেই জন্য আমি বিশেষভাবে নিবেদন করছি যে,

ইরিগেশনের জন্য লিফট পাম্প-এর ব্যবস্থা করা উচিত। বহু ডি ভি সি ক্যানেল দুর্গাপুর থেকে বয়ে যাচ্ছে, কিন্তু সেই জল আমরা কোন কাজে লাগাচ্ছি না, সেই জন্য আমি বিশেষভাবে অনুরোধ করবো যে সেই ক্যানলের দুদিকে যদি মোটা মোটা পাইপ দিয়ে দেওয়া হয় তাহলে সেই ক্যানেল-এর জন্য আপনিই এইসমস্ত জমিতে জল আসবে এবং তার দ্বারা প্রভূত উপকার হবে, গত বছরের এই অভিজ্ঞতা আমাদের আছে। আমরা যদি কোনরকমে ডিভি সি কর্তৃপক্ষের পার্মিশন নিয়ে এই সমস্ত পাইপ নিজেদের চেষ্টায় যেখানে যেখানে ফসলের কিছু উপকার হয়েছে, সেখানে যদি বসাতে পারি তাহলে উপকার হবে। ক্যানেল স্লুইস গেটের আবশ্যকতা আছে, স্লুইস গেট ক্যানেলে আছে কিন্তু অনেক জায়গায় দেখা যায় চাষীরা টিন দিয়ে বাঁধ দিয়ে দেয় এবং ঐ বাঁধ দেওয়ার জন্য মুস্কিল হয় যে নিচের স্তরের জমি আটক হয়ে যায়। আমি জানি স্লুইস গেট বসানোর যথেষ্ট অসুবিধা আছে কিন্তু সরকার পক্ষ থেকে বিবেচনা মত যদি স্লুইস গেট বসানো হয় তাহলে তারাই আবার সেই গেট খুলে দিলে নিম্নস্তরের জল যথাসময়ে অন্য যারা আছে তারা পেতে পারে। কিন্তু তা না করলে এই গ্রামবাসীরা নিজেদের ইচ্ছামত টিন দিয়ে রাতারাতি যদি বন্ধ করে দেয় তাহলে নিচের স্তরের জমিতে জল পাবার অসুবিধা হয়। আমাদের গ্রামের দিকে লোকেরা তাদের নিজেদের চেষ্টায় ক্যানেল থেকে সরু নালা কেটে নিয়ে গেছে কিন্তু আমরা দেখেছি বোধ হয় আধ মাইলের উপর রাস্তায় যাদের পার্শ্ববর্তী জমি, তাদের বুঝিয়ে বলে দু হাত চওড়া এইরকম নালা কেটে নিয়ে গিয়ে অন্য জমিতে জল দেওয়ার চেষ্টা করেছে কিন্তু মাঝখানে হয়তো দু-একজন লোকের এই সৎ প্রচেষ্টায় আপত্তি থাকায় এই কাজ ব্যাহত হয়েছে। এই বিষয়ে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো যে আইনের পরিবর্তন করে যদি কিছু ব্যবস্থা করা যায়. তা যেন তিনি করেন।

[6-40—6-50 p.m.]

Shri Somnath Lahiri:

মাননীয় স্পীকার মহাশয়, আমি একটু সংক্ষেপে আগে সেরে নিচ্ছি। কারণ আমার বলার বিশেষ কিছু দরকার নাই। বিশ্বনাথবাবু অনেক সময় নেবেন. আমার বায়বরাদ্দ সম্বন্ধে একমাত্র আলোচনা করেছেন গোপাল দাস বাবু। আমি গোপাল দাস বাবুর সঙ্গে একমত যে মিউনিসিপ্যাল আইনের যে জবনীশক্তি ছিল, তা প্রায় আজ নষ্ট হয়ে এসেছে অর্থাৎ মিউনিসিপ্যালিটিগুলি সেই আইন প্রয়োগ করে জনসাধারণের কোন প্রয়োজন সাধন করতে পারে নি এবং নিজেদের সমস্যার সমাধানও করতে পারে নি। এই অবস্থায় এসে তারা পেঁাছেচে সে বিষয় কোন সন্দেহ নাই। মিউনিসিপ্যালিটিগুলির কাছে সবচেয়ে বড় সমস্যা হচ্ছে টাকার। তাদের কর্মচারীদের দুরবস্থার কথা আমরা জানি। আর অর্থাভাবে লোকের উপকার তারা যথাযথভাবে করতে পারে নি —তা-ও আমি বুঝি। এখন মুসকিল হচ্ছে সরকারের অর্থসঙ্গতিও খুব সীমাবন্ধ। কাজেই এই অর্থ সঙ্গতির ব্যাপারে আমরা কি করতে পারি না পারি সে বিষয়ে চিন্তা না করে [illegible] মাগ্‌গী ভাতার কতটা রিলিফ দিতে পারি সেই ব্যাপারটা নিয়ে আমরা ফাইন্যান্স ডিপার্টমেন্ট-এর সঙ্গে আলোচনা করছি। আমি আশা করি কিছুটা রিলিফ তাদের দিতে পারবো। এটা অবশ্য ঠিক যে কতটা পেলে তদের সুবিধা হয়, আমরা ততটা তাঁদের দিতে পারবো বলে মনে হয় না। তবে কিছুটা দিতে পারবো বলে আমরা চেষ্টা করছি। মিউনিসিপ্যালিটির অর্থসঙ্গতি বাড়ানোর জন্য সরকারী নিজস্ব তহবিল থেকে টাকা দেওয়া খুবই কঠিন। কারণ আপনারা দেখেছেন সরকারী খরচ যেভাবে বেড়েছে. তাদের সেই অনুপাতে অর্থসঙ্গতি বাড়ানোর উপায় তারা বের করতে পারেনি। কাজেই মিউনিসিপ্যালিটিগুলিকে ডিয়ারনেস দেওয়ার ব্যাপারে কত কি টাকা নূতন করে ধার্য করতে পারবো তা এখনই বলা সম্ভব নয়। তবে এইটুকু বলতে পারি মিউনিসিপ্যাল ফেডারেশনের সঙ্গে গোপালদাসবাবু প্রভৃতির সঙ্গে ইতিপূর্বে আলাপ করেছিলাম। সেখানে বক্তব্যটা আমার এই ছিল তাঁদের কাছে যে সরকারের অর্থসঙ্গতিতে হাত না দিয়ে অথচ এমন কোন সঙ্গতির উপায় যদি থাকে যাহা প্রয়োগ করলে মিউনিসিপ্যালগুলি কিছু পরিমাণ তাদের সমস্যার সমাধান করতে পারে—সেই ধরনের কোন ব্যবস্থা সম্বন্ধে মিউনিসিপ্যালিটিগুলিকে ক্ষমতা দেওয়ার কথা আমরা চিন্তা করতে প্রস্তুত আছি, সে সম্বন্ধে আলোচনা প্রসঙ্গে তাঁরা অনেকগুলি সাজেশান করেছেন, আমরাও কতকগুলি সাজেসান করেছি এবং অন্য আরো কতকগুলি সাজেশানও এসেছে। আমরা সেগুলি বিচার বিবেচনা করে দেখছি, এ সেসানে না হলেও

পরে আমরা মিউনিসিপ্যালিটিগুলিকে কিছু কিছু নূতন অর্থসঙ্গতি করে নেওয়ার ব্যবস্থা নিজেরা যাতে করতে পারে সেই প্রস্তাব দিতে পারবো বলে আমি আশা করছি। এর চেয়ে বেশী বলা এখন সম্ভব নয়।

তারপরে হলো কর্পোরেশন। কর্পোরেশনকে আমরা যা দেই, যদি কর্পোরেশানকে তা দিতে না হতো তাহলে সম্ভবত মিউনিসিপ্যালিটিগুলির অনেক উপকার হতো। কর্পোরেশনকে যা আমরা মোট দেই, সেই পরিমাণ যদি মিউনিসিপ্যালিটিগুলি পেত তাহলে, তারা বে'চে যেত। কিন্তু দুর্ভাগ্যক্রমে বর্তমানে কর্পোরেশনের অবস্থা দাঁড়িয়েছে মস্ত বড় ড্রেন...রিসোর্সেস।। তবে কর্পোরেশনের যে সমস্যা নাই তা আমি বলি না, তাদের যে অর্থ কৃচ্ছ্রতা নাই তা বলি না, তাদের যে প্রয়োজন নাই তা বলি না, কিন্তু তাদের প্রয়োজনের কোন সীমা নাই, এই হচ্ছে মুস্কিল। ধরুন সরকার কর্পোরেশনকে কি দিয়েছে লোন হিসেবে ১৯৬৬-৬৭ সাল পর্যন্ত গভর্নমেন্টের আউটস্ট্যান্ডিং পাওনা আছে এক কোটি ৬২ লক্ষ টাকা—সরকার কর্পোরেশনকে যা লোন দিয়েছে, তা আদায় হয় নি, তার পরিমাণ হচ্ছে এই, তাছাড়া ১৯৬৬-৬৭ সালে তাকে যে গ্র্যান্ট দেওয়া হয়েছে তার পরিমাণ এক কোটি ১৩ লক্ষ টাকা, এই হলো লোন আর গ্র্যান্ট। যা তাকে দেওয়া হয়েছে লোন হিসেবে, সেই টাকা যে কবে আমরা ফিরে পাব জানি না। এছাড়া গত বছর কর্পোরেশন কনসলিডেটেড রেট বাড়াবার জন্য যে প্রস্তাব করে গভর্নমেন্ট তা স্যাংশন করেছেন। তাতে কর্পোরেশনের রেকারিং ইনকাম বেড়েছে ৭৩ লক্ষ ৭ হাজার টাকা, তারপরে এই বছর আবার ফার্দার কনসলিডেটেড রেট বাড়াবার অনুমতি দিয়েছি। তাতে অধিক আরো ১৬ লক্ষ টাকার আমদানী বাড়বে। একুনে দু বৎসরে ৮৯ লক্ষ টাকা বার্ষিক আমদানী করবার ব্যবস্থা আমরা করেছি।

এছাড়াও এনক্রোচমেন্ট ফি স্যাংশান করে দেওয়া হয়েছে, তাতেও প্রায় ৮ লক্ষ টাকা পাবে। একুনে দু-বছরে ৯৭ লক্ষ টাকা, রাউন্ড ফিগার-এ প্রায় এক কোটি টাকা বৃদ্ধির ব্যবস্থা সরকার করেছেন। তাছাড়া বিল্ডিং স্যাংশান ফি ইনক্রিজ করবার কথা বলেছিলেন। তা নিয়ে তারা যদি গভর্নমেন্টের কাছে আসেন তাহলে সে সম্বন্ধে তাঁরা অনুমতি দেবেন বলে চিন্তা করছেন। তা যদি হয়, তখন আরও ৮ লক্ষ টাকা আন্দাজ বার্ষিক পাবে। সুতরাং একত্রে প্রায় তিন কোটি টাকার গ্র্যান্ট অ্যান্ড লোন—তার উপরে বার্ষিক এক কোটি বেশী টাকার আমদানী বৃদ্ধি করবার ব্যবস্থা দুই বৎসরের মধ্যে হয়েছে। তারপরেও যদি কর্পোরেশন টাকার জন্য আমাদের কাছে আসেন বা চিঠি লেখেন যে আপনারা যদি টাকা না দেন, তাহলে আমরা কর্মচারীদের মাইনে দিতে পারবো না। তাদের প্রতি মাসের মাইনার টাকা দিতে পারবো না, তাহলে এখানে আর বলার কি আছে। আমি বুঝি তাদের ডিফিকালটিজ আছে। কিন্তু যেখানে কর্পোরেশনের ১৩-১৪ কোটি টাকা বার্ষিক আয়, সেখানে যদি কর্পোরেশন তার কর্মচারীদের প্রতি মাসে মাইনা দেবার এইরকম একটা পজিশান-এ আসে, আমাদের কাছে চিঠির পর চিঠি দিতে থাকেন যে আপনারা যদি আরও টাকা আমাদের না দেন, তাহলে কর্পোরেশনের কর্মচারীদের আমরা টাকা দিতে পারবো না। অলরেডি দাবী জানিয়েছেন এক কোটি ১৩ লক্ষ টাকার, তার মধ্যে খানিকটা রেকারিং ও খানিকটা এককালীন দান, এই টাকা তাদের দিতে হবে, তা না হলে সব অচল হয়ে যাবে। গভর্নমেন্টের পক্ষে, তার সীমাবদ্ধ সঙ্গতি নিয়ে তাদের আরও বেশী সাহায্য করতে পারবো বলা কঠিন। তা সত্ত্বেও অর্থ মন্ত্রীমহাশয় জানিয়েছেন তাঁর বাজেট স্পিচে যে লোকাল বডিস, কর্পোরেশান ইনক্লুডেড, গভর্নমেন্ট যে ডিয়ারনেস অ্যালাউয়েন্স বাড়ালেন, তার হারে পৌঁছাতে হলে তাদের কিছু অংশ দেবার কথা গভর্নমেন্ট চিন্তা করছেন। অর্থাৎ আরও কিছু টাকা গভর্নমেন্টকে তাদের দিতে হবে। তারপরেও যদি কর্পোরেশন এসে দাঁড়ায় গভর্নমেন্টের দরজায়, যে তোমরা কিছু টাকা আমাদের দাও, তা না হলে মাইনে দিতে পারবো না, তাহলে আমাকে বাধ্য হয়ে বলতে হয় আমাদের আর কিছু করবার উপায় নেই। তা সত্ত্বেও কর্পোরেশনকে বলবো তারা যেসমস্ত দাবী মাঝে মাঝে করেন, সেই দাবীর মধ্যে মৌলিকত্ব বিশেষ কিছু নেই। তাদের দাবী হচ্ছে গভর্নমেন্টের অর্থসঙ্গতি তাদেরকে দিয়ে দিই তাতে কি লাভ? এখন আমি এই কথা বলতে পারি কর্পোরেশন থেকে যদি এমন কোন প্রস্তাব আসে যে গভর্নমেন্টের আর্থিক রিসোর্স-এর গায়ে হাত না দিয়ে, তারা অন্য কোন নূতন রিসোর্স যদি বার করতে পারেন, তাহলে

সরকার সে সম্বন্ধে অনুমতি দেবার কথা বিবেচনা করতে নিশ্চয়ই প্রস্তুত থাকবেন। মিউনিসিপ্যালিটিকে বলেছি গভর্নমেন্টের আর্থিক রিসোর্স-এ হাত না দিয়ে, ইন্ডিপেনডেন্ট সোর্স অফ রিসোর্সেস দেখানো সম্ভব হলে আমরা অনুমতি দেবো। আমি কর্পোরেশন সম্বন্ধেও সে কথা বলতে পারি যে গভর্নমেন্টের যে সমস্ত রিসোর্সেস আছে, তাতে হাত না দিয়ে তারা যদি অন্য কোন নূতন রিসোর্সেস-এর কথা চিন্তা করতে পারেন, তা আমাদের এই হাউসের সামনে উপস্থিত করে বিবেচনা করে দেখা হবে যে সেটা মঞ্জুরী করা যায় কিনা। কিন্তু সেই বটমলেস পিট-এ অনবরত অর্থ সরবরাহ করে যাবো, সেই পরিমাণ টাকা দেবার ক্ষমতা বর্তমান সরকারের নেই। সাধ্য থাকলে নিশ্চয়ই সরকার সাহায্য করতেন। এই হল যা আলোচনা হয়েছে, সেই সম্পর্কে আমার বিভাগের বক্তব্য আপনাদের সামনে রাখলাম। আশা করি আপনারা আমার এই গ্র্যান্ট মঞ্জুর করবেন। আমি সমস্ত কাটমোশানগুলির বিরোধীতা করছি, অপোজ করছি।

[6-50—7 p.m.]

শ্রীবিশ্বনাথ মুখার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যত্নের সংগে সমস্ত আলোচনা নোট করেছি। তার মানে এই নয় যে সমস্ত আলোচনার এখানে আমি উত্তর দিতে চাইছি এবং তার কোন প্রয়োজন আছে বলেও সদস্যরা নিশ্চয়ই মনে করেন না। আমি যত্নের সংগে নোট করেছি এই জন্য, যাতে প্রত্যেকটি যত্নের সংগে বিবেচনা করে দেখতে পারি। আমি আরো কি করে আমার আর্থিক সংগতি বাড়াতে পারি তার চেষ্টা করবো এবং যেটুকু আর্থিক সংগতি আছে তার মধ্যে টেনেটুনে যাতে কতকগুলি স্কীম ঢুকান যায় তার চেষ্টা করবো। আমি প্রথমেই করজোড়ে বিনয়ের সংগে আপনাদের নিবেদন করবো যে আপনারা দয়া করে এই স্মল ইরিগেশন আর মেজোর ইরিগেশনের ঝগড়ায় যাবেন না। এটা সত্যই খুব একটা গুরুতর প্যাচ। আমি দিল্লীতে গিয়ে সম্মেলনে দেখলাম প্রধানমন্ত্রী বলছেন যে স্মল ইরিগেশনের খুব দরকার, কৃষিমন্ত্রী বলছেন স্মল ইরিগেশনের খুব দরকার। আমি ঝগড়া বারন করছি এই জন্য যে স্মল ইরিগেশন খুব দরকার, মেজোর ইরিগেশন খুব দরকার, মিডিয়াম ইরিগেশন খুব দরকার, কারণ ইরিগেশনত আপনার আমার ইচ্ছার উপর নির্ভর করে না। কোন জায়গায় কি রকম ভাবে বৃষ্টি হয়, কোন জায়গায় কি রকম ভাবে জল পাওয়া যায় তার উপর নির্ভর করে স্মল ইরিগেশনের দরকার আছে, না মেজোর ইরিগেশনের দরকার আছে, নাকি সেখানে ড্রেনেজের দরকার আছে, নাকি সেখানে সাব সয়েল ওয়াটার সাপ্লাই বেশী করবার উপর জোর দিতে হবে এটা বৈজ্ঞানিক কথা, এটা সাধারণ কৃষকের অভিজ্ঞতার কথা, এতে ঝগড়া করাটা কি খুব ভাল? যেমন এখানে কেউ কেউ ক্ষুদ্রের উপর জোর দিতে বললেন, তাঁরা কিন্তু বৃহতের সুযোগ নিচ্ছেন। কেউ কেউ ক্ষুদ্র ক্ষুদ্র চ্যানেল কাটতে বললেন কোথায়, দামোদর উপত্যকা পরিকল্পনায় যে জল দেওয়া হচ্ছে অথবা ময়ূরাক্ষী পরিকল্পনায় যে জল দেওয়া হচ্ছে অথবা কংসাবতীতে যে জল যাওয়ার কথা, সুতরাং তাঁরা ত বৃহতের সুযোগ পাচ্ছেন বলেই ক্ষুদ্র চাইছেন কিন্তু যেখানে সেই বৃহৎ নেই সেখানেত সে কথা উঠে না। আমি তাই একটা কথা আপনাদের বলবো আমি যে ক্ষুদ্র পরিকল্পনা করেছি যেটা আমি নিতে পারবো কি না বুঝতে পারছি না সেটা হচ্ছে খুব অল্প টাকা ধার্য ছিল মাইনর ইরিগেশনের জন্য। ঐ লাল বইতে আমি তার উপর এক কোটি টাকা ধার্য করেছি এবং যতগুলি স্কীমের কথা বললাম, প্রায় ১২৫টি স্কীম, তার প্রায় সব কটা, সামান্য কয়েকটা মিডিয়াম আছে, মেজোর আদৌ নেই, সব স্কীমই হচ্ছে মাইনর স্কীম। কিন্তু টাকা না পেলে কি করবো এই প্রশ্নই আপনাদের কাছে রাখছি। আপনারা অনেকেই বললেন যে ড্রেনেজের ব্যবস্থা করে দিন, লক্ষ লক্ষ একর জমি উঠবে। ড্রেনেজের জন্য অতি সামান্য টাকা বরাদ্দ ছিল আমি তার উপর কিছু টাকা বাড়াবার চেষ্টা করেছিলাম, এখন হয় সেটা আমাকে ত্যাগ করতে হবে, না হয় মাইনর ইরিগেশন আমাকে ত্যাগ করতে হবে এই সমস্যার মধ্যে আমি পড়েছি। তবে সেন্ট্রাল গভর্নমেন্টের উপর আমরা চাপ দিচ্ছি যাতে কোনটাই ত্যাগ করতে না হয়। কিন্তু এটা জানিয়ে রাখি যে প্ল্যানিং কমিশন থেকে যে আলোচনা করতে এসেছিলেন তাঁরা সাফ বলে দিয়ে গিয়েছেন যে ড্রেনেজের জন্য আর ফ্লাড প্রিভেনশনের জন্য আর এক পয়সাও বাড়াবার দরকার নেই। আমি তাঁদের সেই রেকমেন্ডেশন গ্রহণ করিনি এবং সেন্ট্রাল গভর্নমেন্টের কাছ থেকে যদি আমি মাইনর ইরিগেশনের টাকা পাই কৃষি বিভাগের মারফত তাহলে ড্রেনেজ এবং ফ্লাড প্রিভেনশন এবং মাইনর ইরিগেশন আমি করবো। আপনারা যাঁরা ভারতবর্ষের বিভিন্ন রাজ্য ঘুরেছেন, সেচ সম্বন্ধে যাঁরা পড়াশুনা করেছেন তাঁরা ত জানেনই,

পড়াশ্না না করেও যাঁদের বিভিন্ন রাজ্য ঘোরার অভিজ্ঞতা আছে তাঁরা জানেন আজ আমরা অন্ধ্র থেকে চাল চাচ্ছি, সেই অন্ধ্রে চাল কোথা থেকে আসছে। প্রধানত চারটি ডেলটা জেলা থেকে, কৃষ্ণা, ওয়েস্ট গোদাবরী, ইস্ট গোদাবরী, গ্নটুর এবং প্রানো হায়দ্রাবাদ খাম্মাম এবং আরো দ্-একটা জেলা এই থেকে সমস্ত উদ্বৃত্ত ধান তাদের হচ্ছে এবং যদি কেউ সেই সব জায়গা ঘ্রে দেখেন তাহলে দেখবেন তার কোন কারণ নেই, বর্ষার অবস্থা আমাদের চেয়েও খারাপ, তার একমাত্র কারণ হচ্ছে আজ থেকে বহ্ বছর প্র্বে, ৪০-৫০ বছর প্র্বে স্যার আর্থার কটন, যিনি একজন বড় ইঞ্জিনীয়ার ছিলেন, অন্ধ্রে একটা দ্র্ভিক্ষ হয়েছিল সেই দ্র্ভিক্ষের সময় টেস্ট রিলিফের কথা উঠে, সেই সময় তিনি গভর্নারকে পারস্য়েড করেন যে তুমি লোক দাও কাজ করবার জন্য আমি সেই কাজ দিয়ে নদী পরিকল্পনা করবো। তিনি তখন কৃষ্ণার উপর এবং গোদাবরীর উপর যে ব্যারেজ করেন, যে খাল কাটেন সেটা পরে পরে সম্প্রসারিত করে এই চারটি জেলাকে সাপ্লাই করছে এবং আমি শ্নেছি সেই আর্থার কটন বাংলাদেশে এসেছিলেন এবং তিনি ঐ ফারাক্কা ব্যারেজ পরিকল্পনা করবার পরামর্শ দিয়েছিলেন আজ থেকে ৫০ বছর প্র্বে এবং তিনি এখানে কতকগ্লি মেজোর প্রজেক্ট করতে চেয়েছিলেন। তখনকার এখানে যিনি ইংরাজ গভর্নার ছিলেন তিনি তাঁকে এখান থেকে ভাগিয়ে দিয়েছিলেন এই জন্য যে, এই লোকটি এসেছে এবারে জ্বালিয়ে খাবে, নানারকম পরিকল্পনার কথা বলবে। সেজন্য তিনি তাঁকে বলেন

you get out of this province, এটা একটা

most astonishing thing. He had a planning almost exactly at very near that place—a plan of Barrage.

ব্যারাজ করতে তিনি চেয়েছিলেন। যাই হোক, কথা হচ্ছে এই যে বড় পরিকল্পনার স্যোগ হচ্ছে সেখানে জল ধরে রাখতে পারে। ধর্ন আজকে এখানে বহ্ সদস্য আমাকে বলেছেন যে ডি ভি সি-র জল এখনও চ্যানেলে এসে পেঁাছয় নি কিন্তু আমি তাঁদের অ্যাসিয়োর করতে পারি বৃষ্টি নেই তব্ও জল দিতে পারবো। প্রতিদিন আমি বৃষ্টির খবর নিচ্ছি যে কত ইঞ্চি বৃষ্টি পড়ছে। বৃষ্টি বাংলাদেশের উত্তরবঙ্গে খ্ব বেশী পড়ছে, পশ্চিমবঙ্গের অনেক জেলাতে পড়ছে না, খ্বই অস্বিধার অবস্থা কিন্তু ডি ভি সি-র ব্যারাজে, ড্যামে এখনও যে জল আছে তাতে আমি বলতে পারি একট্ কম হলেও কালটিভেশন ইজ অ্যাসিয়োর্ড। আমি সে কথা কি বলতে পারি বাঁকুড়াকে, আমি সেকথা কি বলতে পারি মালদহকে, আমি সে কথা কি বলতে পারি পশ্চিম দিনাজপ্রকে? পারি না। স্তরাং এটা ব্ঝবার দরকার। যাঁরা ক্ষ্দ্র পরিকল্পনার কথা বলছেন সেখানে ক্ষ্দ্র পরিকল্পনার খ্ব দরকার কিন্তু বৃষ্টি হলে অথবা জল থাকলে ক্ষ্দ্র পরিকল্পনার খ্বই ম্ল্য আছে। কিন্তু বড় পরিকল্পনার ম্ল্য এখানে যে সে জল ধরে রাখতে পারে, স্টোর করতে পারে এবং একই সঙ্গে বেশী জল হলে বন্যা নিয়ন্ত্রণও করতে পারবে এবং কম জল হলে আগে থেকে ধরে রাখা জল কিছ্টা ব্যবহার করতে পারবে, একেবারে শ্কো যাবে না। স্তরাং বড় পরিকল্পনার দরকার আছে, ক্ষ্দ্র পরিকল্পনার দরকার আছে, মাইনর ইরিগেশনের দরকার আছে, মিডিয়াম ইরিগেশনের দরকার আছে এবং বহ্ জায়গা আছে যেখানে এসব কিছ্ করা যায় না সেখানে স্যালো টিউবওয়েল হোক, ডিপ টিউবওয়েল হোক কিছ্ একটা করতে হবে। তাছাড়া লিফট ইরিগেশনের প্রশ্ন আছে। অবশ্য আমিও আগে জানতাম না যে ইরিগেশনের এত ফ্যাকড়া আছে। আমার কাছে শত শত লোক এসেছেন ডিপ টিউবওয়েল, লিফট ইরিগেশন, প্কুর কাটা ইত্যাদি ব্যাপার নিয়ে, আমি তাঁদের বিনীতভাবে বলেছি যে, ওগ্লি আমার দপ্তরের নয়, কিন্তু তা হলেও বহ্ পিটিশন আমি পাঠিয়ে দিয়েছি এগ্রিকালচার ডিপার্টমেন্টের কাছে। এগ্রিকালচার কমিশনারের সঙ্গে এবং সিভিল ডিপার্টমেন্টের যিনি চিফ ইঞ্জিনীয়ার আছেন তাঁর সঙ্গে প্রত্যক্ষ যোগাযোগ করে অসংখ্য স্কীম আমার ডিপার্টমেন্ট থেকে রেকমেন্ড করে, আলোচনা করে এগ্রিকালচার ডিপার্টমেন্টের কাছে পাঠিয়ে দিয়েছি এবং সেগ্লি করিয়ে দিয়েছি। এটা ঠিক যে কিছ্টা কো-অর্ডিনেশনের অভাব আছে, তার জন্য কি করা যায় আমরা চেষ্টা করবো। আর একজন মাননীয় সদস্য বলেছেন যে আপনি ত মশায় অন্ধকারে হাতড়াচ্ছেন, ওয়াটার রিসোর্সেস কি তা আপনি জানেন না। আমি তাঁকে বিনীতভাবে বলবো যে আমি একট্খানি আলো পাচ্ছি, আপনি আর আমাকে অন্ধকারের মধ্যে ফেলবেন না, কারণ আপনি আমার বক্তৃতা শ্নেন নি, তাতে আমি বলেছি যে অন্যতম আমার কাজ হচ্ছে ওয়াটার রিসোর্সেস-এর একটা টোটাল পিকচার পাওয়া এবং তার জন্য সার্ভে পিকচার প্রায় কমপ্লিট হয়ে এসেছে, সাব সয়েল ওয়াটার সম্বন্ধে সন্ধান

চলছে। আর যেসমস্ত সাজেশন দিয়েছেন সেই সমস্ত সাজেশনের সবেরই প্রতি আমার নজর রেখেছি, যথা শীঘ্র সম্ভব আমি চেষ্টা করবো। আর এই নদীতে বা খালেতে বিশেষ করে বাঁধ বেঁধে বেঁধে আটকে দেওয়া এই যে ব্যাপার চলছে এটা কি করে বন্ধ করা যায় সেটা ভাবা দরকার। এটা প্রতিবাদ করার প্রয়োজন বলে আমি মনে করি। প্রাক্তন সেচমন্ত্রীকে নিয়ে এখানে টানাটানি হচ্ছে, আবার তাঁর সংগে আমাকে নিয়েও টানাটানি হচ্ছিল যেহেতু আমি তাঁর ভাই। তিনি খুসী হতেন যদি আমি তাঁর ভাই না হয়ে আর একজন হতাম। কিন্তু সেটা ত হওয়া সম্ভবপর নয়। যিনি বললেন তিনি রাজনীতিতে কোন প্রকারে প্রবেশ করার বহু পূর্বে আমি রাজনীতিতে ঢুকেছি, তিনি হয়ত জানেন না যে তিনি কংগ্রেস, আমি কমিউনিস্ট, সুতরাং ভাই হলেও তাঁর দয়াতে আমি মন্ত্রী হইনি, আমাকে আমার পার্টি মন্ত্রী করেছেন। কিন্তু তবুও আমি মনে করি অন্যায় বললে সেই অন্যায়ের প্রতিবাদ করা উচিত। আমি আজকে তাকে জিজ্ঞাসা করেছিলাম একথা কি সত্য যে কেদুয়া খাল এবং আমতা পরিকল্পনার টাকা বা নিম্ন দামোদরের টাকা তুমি কংসাবতীতে দিয়েছো? তিনি বললেন ড্যাম লাই, জঘন্য মিথ্যা। আমি তার ভায়োলেন্স দেখে অবাক হয়ে গেলাম, জঘন্য মিথ্যা না হলে অজয় মুখার্জী কখনও এইরকম জঘন্য মিথ্যা বলে চিৎকার করতেন না। সুতরাং যারা একথা বলেছিলেন আমি তদের বলছি এই জঘন্য মিথ্যা আপনারা প্রচার করবেন না।

[7—7-8 p.m.]

এরকম জঘন্য প্রচার করবেন না। নিম্ন দামোদর পরিকল্পনা তখন হয় নি, অনেক পরে হয়েছে। তা কার্যকরী করা সম্পর্কে কংসাবতীর কোন সম্পর্ক নেই। কংসাবতী কমপ্লিটেড হয় নি, তবে নিম্ন দামোদর পরিকল্পনা হাতে নেবার চেষ্টা করছি। যেভাবে অর্থসামর্থ্য পাওয়া যাবে সেই অনুসারে হবে। অন্যান্য যেসব সাজেশান দিয়েছেন তা সাধ্যমত কার্যকরী করার চেষ্টা করব।

আর একটি নিবেদন করব। আপনারা নীতিগতভাবে মানেন কিনা যে সেচ ভারতবর্ষের সমস্ত রাজ্যের—বিশেষ করে চার-পাঁচটি রাজ্য বাদ দিয়ে সমস্ত রাজ্যে জরুরী প্রয়োজন। যদি তা মানেন তাহলে কেন্দ্রীয় সরকার যেভাবে অর্থবিভাগ করেছেন তাতে তারা সেচকে যেভাবে অবহেলা করেছেন এটাও স্বীকার করবেন। আমি দুটো সম্মেলনে গিয়ে প্রধানমন্ত্রীর সংগে ইন্টারভিউ করে, অন্যান্য মন্ত্রীদের সংগে ইন্টারভিউ করে আমি যা বুঝেছি তাতে সত্যিই সেচকে তারা অত্যন্ত অবহেলা করেছেন। অন্যান্য কংগ্রেস সীমিত রাজ্যের মন্ত্রীরাও এক বাক্যে প্রতিবাদ করেছেন—বলেছেন আমরা ডুবে যাব, আপনারা যদি মোরারজী দেশাই-এর থিসিস না বদলান আমরা ডুবে যাব। একটার পর একটা কংগ্রেস-শাসিত রাজ্যের মন্ত্রীরা উঠে দাঁড়িয়ে এক বাক্যে বলেছেন আমাদের দেশ ডুবে যাবে যদি সেচের জন্য সর্বাধিক নজর দেওয়া না হয়। মোরারজী দেশাই বলেছেন—আমি ডেফিসিট ফাইন্যান্স কবব না যখন অজস্র নোট ছাপিয়েছিলাম তখন করে নাওনি কেন? আমাকে একথা শুনতে হয়েছে পশ্চিম বাংলায় যখন অজস্র নোট ছাপিয়ে টাকা দিয়েছিলাম তখন কেন সেচের ব্যবস্থা করে নাওনি? একজন কংগ্রেসী মন্ত্রী বললেন—ডেফিসিট ফাইন্যান্স করা হোক তার জন্য যে ক্ষতি হবে তার চেয়ে ফুড প্রোডাকশান যা হবে তাতে অনেক বেশি লাভ হবে। আমি ওসবের মধ্যে নেই, সে বুঝবেন তারা। আমি একথা বলতে চাই যেভাবে অর্থবিভাগ করা হয়েছে সেটা বদলান দরকার এবং পশ্চিমবঙ্গকে যেভাবে অবহেলা করা হয়েছে তা মেনে নিতে আমরা প্রস্তুত নই এবং কেন্দ্রীয় সরকারকে আমাদের রাজ্যে ক্ষুদ্র, মাঝারি এবং বৃহৎ এই তিন রকমের সেচ পরিকল্পনার জন্য আরও দরাজ হাতে টাকা দিতে হবে। চাল, গমের কথায় আসুন। কই প্রতিশ্রুত চাল, গম তো আসছে না। জগজীবনরাম বললেন হ্যাঁ, গম তোমরা পাবে। পাঞ্জাব থেকে যে কুড়ি হাজার টন গম দিল তিনি বললেন ওটা তোমাদের ৭৫ হাজার টনের মধ্যে, বললাম আপনি গ্যারান্টি করছেন সাপ্লাই? বললেন—কিভাবে করব, বলতে পারি না। চাল এক মাসের পাওনা, এ মাস পূরণ করবেন? না—দিতে পারব না, এ মাসে চাল বরাদ্দ বাড়ছে না। লজ্জা করে। আমি জানি না কংগ্রেস রাজত্ব যখন ছিল তখন যারা খাদ্যমন্ত্রী ছিলেন তাদের কিরকম লাগত। এই ভিক্ষাবৃত্তি আমরা চাই না। আমরা কেন্দ্রীয় সরকারকে বলেছি তোমরা চাল, গম দেওয়া বন্ধ কর, পাঁচ বছরের জন্য সেচের টাকা দাও—পাঁচ বছরে নিতান্ত যদি অনাবৃষ্টি সাংঘাতিক রকম না ঘটে আমরা তোমাদের কাছে খাদ্য ভিক্ষা চাইব না।

and that will benefit our State and the whole country.

এই বলে আমি আমার বক্তব্য শেষ করব যে, আপনারা উভয়পক্ষ পশ্চিমবঙ্গের স্বার্থে, ভারতবর্ষের জাতীয় স্বার্থে, কেন্দ্রীয় সরকারের পলিসি পরিবর্তনের জন্য প্রয়োজনীয় চাপ দেবেন।

এই বলে আমি আমার বক্তব্য শেষ করবো যে, আপনারা উভয় পক্ষ—এপক্ষ এবং ওপক্ষ, পশ্চিমবাংলার স্বার্থে এবং ভারতবর্ষের জাতীয় স্বার্থে কেন্দ্রীয় সরকারের এই নীতিকে পরিবর্তন করবার জন্য প্রয়োজনীয় চাপ দেবেন। আমিও ক্রমাগত চাপ দিয়ে যাবো। আপনারা আমাকে সব দিক থেকে সাহায্য করবেন যাতে সেচ ব্যবস্থা ত্বরান্বিত করা যায় এবং দুর্ভিক্ষের হাত থেকে আমাদের দেশকে বাঁচানো যায়। এই বলে আমার মঞ্জুরি আপনাদের কাছে রাখছি এবং আশা করছি আপনারা সাগ্রহে অনুমতি দেবেন।

Mr. Speaker: I put all the cut motions under Grant No. 33 to vote.

The motion of Shri Sachindra Mohon Nandy that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shrimati Abha Maiti that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Probhakar Pal that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Satyanarayan Mitra that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Dr. Ranjit Ghosh Chowdhury that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Abdul Latif that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Sushil Kumar Paul that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Bankim Chandra Sasmal that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Maharaja Bose that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Pramatha Nath Dhibar that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shrimati Purabi Mukhopadhyay that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Azizur Rahaman that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Puranjoy Paramanik that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Satyanarayan Banerjee that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Gopika Ranjan Mitra that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Baidyanath Banerjee that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Amalendu Kumar Bagchi that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Brindaban Chattopadhyay that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Biswanath Mukherjee that a sum of Rs. 13,56,50,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 33, Major Head: 42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), was then put and agreed to.

Mr. Speaker: I put all the cut motions under Grant No. 48 to vote.

The motion of Shri Panchanan Sinha Ray that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Joy Narayan Sharma that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shrimati Nurunnesa Sattar that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Biswanath Mukherjee that a sum of Rs. 3,16,55,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 48, Major Head: 98—Capital Outlay on Multipurpose River Schemes—Damodar Valley Project, was then put and agreed to.

Mr. Speaker: I put all the cut motions under Grant No. 43 to vote.

The motion of Shri Sushil Kumar Paul that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Dr. Gopal Das Nag that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Golokesh Bhattacharjee that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Narayan Chandra Chaudhuri that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Panchanan Sinha Ray that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Joynarayan Sharma that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shrimati Nurunnesa Sattar that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Pramatha Nath Dhibar that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Somnath Lahiri that a sum of Rs. 1,66,48,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 43, Major Head: 71—Miscellaneous—Contributions, was then put and agreed to.

Mr. Speaker: The House stands adjourned till 1 p.m. on Monday, the 17th July, 1967.

Adjournment

The House was accordingly adjourned at 7-08 p.m. till 1 p.m. on Monday, the 17th July, 1967, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 17th July 1967, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri Bejoy Kumar Banerjee) in the Chair, 16 Ministers and 222 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1—1-10 p.m.]

The Tramways Advisory Committee

***170.** (Admitted question No. *742.) **Shri Saila Kumar Mukherjee:** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether in the Tramways Advisory Committee there are Government representatives. If so, their names and designation;

(b) how many meetings were held of the said Committee between March and June, 1967;

(c) whether the Government representatives made any reference to the Minister about Tramway Company's decision (1) to raise fares, (2) inability to pay salaries of staff unless fare raised;

(d) (i) what correspondence has passed between the Company and the Government from March to date, and (ii) whether the Minister will kindly lay before the House such correspondence, if any; and

(e) whether the Government consulted the Law Commission about the promulgation of the latest ordinance amending the Tramways Act?

Shri Jyoti Basu: (a) Yes. (i) Shri J. L. Kundu, Financial Commissioner, West Bengal. (ii) Shri S. M. Murshed, Dy. Transport Commissioner, West Bengal.

(b) Two meetings.

(c)(1) At a meeting held on 22nd February, 1967, there was some discussion regarding the question of increasing of fares. The representatives of the Government opposed the increase of fares but the decision of the majority of the members, namely, the two representatives of the Company and the Chairman of the Committee, was that in the 2nd Class there should be a uniform fare of 10 p. There was no decision by the Advisory Committee to increase fares in the 1st Class. The Transport Minister at that time was Shri S. K. Mukherjee and the Government representatives were Shri S. M. Bhattacharjee and Shri J. L. Kundu. I do not know whether the latter made any report in this matter to the then Transport Minister.

(c)(2) The alleged inability of the Company to pay wages of the staff was not mentioned in any meeting of the Committee.

(d) Relevant correspondence are placed before the House.

(e) No

Shri Saila Kumar Mukherjee: Will you please place the entire correspondence before the House?

Shri Jyoti Basu: I think it is available in the library. Acording to the reply, it is placed in the library.

Shri Saila Kumar Mukherjee: With reference to (e), the matter was once referred to the Law Commission. Has he taken the view of the Law Commission presided over by Mr. Justice Chakravorty in this matter?

Shri Jyoti Basu: I am sorry because of lack of time we did not consult the Law Commission. But we did take the opinion of the former Advocate-General and the present Advocate-General as also of Shri Saila Kumar Mukherjee and such other lawyer friends.

Shri Saila Kumar Mukherjee: The entire matter was considered by the Law Commission which was presided over by Mr. Justice Chakravorty. Discussion was held on 1951. So, will you please be able to keep that in view whether it requires any change?

Shri Jyoti Basu: I am sure that will be taken into account.

শ্রীবিশ্বনাথ দাস ঘোষ: এই অ্যাডভাইসরি কমিটিতে কোন বেসরকারী প্রতিনিধি ছিল কিনা—থাকলে তাদের নাম কি?

শ্রীজ্যোতি বসু: বেসরকারী প্রতিনিধি কেউ নেই কোম্পানীর লোক ছাড়া।

Provident Fund Scheme in Government-sponsored Primary Schools

***171.** (Admitted question No. *277.) **Dr. Pratap Chandra Chunder:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) if it is a fact that Provident Fund Scheme has not yet been introduced in all aided primary schools;

(b) if so, what are the reasons and when the schemes will cover all aided primary schools;

(c) if it is a fact that accounts of Provident Fund deducted from teachers of Government-sponsored free primary schools are not given to them; and

(d) if so, what are the reasons?

Shri Jyoti Bhusan Bhattacharya: (a) Yes.

(b) Several aided primary schools under private management in the municipal areas have not introduced the Provident Fund Scheme. With the introduction of the free and compulsory primary education in the municipal areas. the aided primary schools would come under the management of the municipal authorities and the teachers of such schools would be entitled to the benefit of Provident Fund.

(c) and (d) Accounts of provident fund deducted from the salaries of teachers of Government sponsored free primary schools in rural areas are to be given to the individual teacher by the District School Boards. As for the municipal areas attempts are being made to expedite the supply of Provident Fund accounts to the teacher concerned.

ডঃ গোপিকারঞ্জন মিত্র: মিউনিসিপ্যাল এলাকায় যেখানে কম্পালসারি ফ্রি এডুকেশন আছে সেখানে কিছু কিছু প্রাইমারি স্কুল প্রভিডেন্ট ফান্ড করছে না তাদের সম্বন্ধে কোন ব্যবস্থা কি করছেন?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: আমি ইতিপূর্বে এই সভায় জানিয়েছি যে, প্রাথমিক শিক্ষা সম্পর্কে একটা নূতন আইন এই বিধানসভায় শীঘ্রই আনব, সেই সময় এই সমস্ত প্রশ্নগুলি নিয়ে আলোচনা এবং বিবেচনা করার প্রয়োজন হবে এবং এই প্রভিডেন্ট ফান্ড সম্পর্কে যাঁরা কর্তৃপক্ষ তাঁদের সঙ্গে আমাদের ব্যবস্থা করতে হবে—এখনই আমি এটার জবাব দিতে পারছি না।

শ্রীপ্রমথনাথ ধীবর: মিউনিসিপ্যাল এরিয়ায় যে প্রাইমারি স্কুলগুলি রয়েছে তারা এখনও পর্যন্ত সরকারী এড পাচ্ছে না তাদের সম্বন্ধে কিছু চিন্তা করবেন কিনা?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: আমরা সব সম্পর্কে চিন্তা করছি—এগুলি সম্পর্কেও চিন্তা নিশ্চয় করতে হচ্ছে।

শ্রীবিশ্বনাথ দাস ঘোষ: ঐ প্রভিডেন্ট ফান্ডের টাকা জমা না দেওয়া সত্ত্বেও তাদের সাহায্য দেওয়া হয়েছিল। ডি আই অব স্কুলস তাদের সাহায্য দেবার সময় তাদের প্রভিডেন্ট ফান্ডের টাকা কেটে নেবার জন্য নোটিস দিয়েছিলেন কিনা?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: এ তথ্য আমার কাছে এখনই নেই।

শ্রীসত্যব্রত ভট্টাচার্য: মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, রুর‍্যাল এরিয়ায় প্রাইমারি এডুকেশনের আন্ডারএ যেসমস্ত শিক্ষক কাজ করেন তাঁদের অনেক দিন থেকে প্রভিডেন্ট ফান্ড ইত্যাদির বন্দোবস্ত হয়েছে এবং সেরকমভাবে কাজ হচ্ছে কিন্তু মিউনিসিপ্যালিটির মধ্যে যেখানে কম্পাল-সারি এডুকেশন হয় নি, সেইসমস্ত জায়গাকে যদি আপনারা ভবিষ্যতে যে পরিকল্পনা গ্রহণ করবেন, তা করে তাঁদের প্রভিডেন্ট ফান্ডের মধ্যে আনবেন, তাহলে এঁদের কি রেট্রোসপেকটিভ এফেক্টে দেবেন?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: এটা বিবেচনা করার সময় সিদ্ধান্ত করতে হবে এখনও যেখানে করি নি সেখানে আমি এখনই কিছু ঘোষণা করতে পারছি না।

শ্রীঅমৃতেন্দু মুখার্জি: প্রাইমারি স্কুলের শিক্ষকরা যাঁরা প্রভিডেন্ট ফান্ড কাটায় সে টাকা কোন্ অ্যাকাউন্টে থাকে এবং সেই অ্যাকাউন্ট কে অপারেট করেন, মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: আমি (সি) ও (ডি)-র উত্তরে জানিয়েছি যে, গ্রামাঞ্চলে যে গভর্নমেন্ট স্পনসর্ড প্রাইমারি স্কুল তাদের শিক্ষকদের প্রভিডেন্ট ফান্ডের ব্যাপারে সেটা জেলা স্কুল বোর্ডের কর্তৃত্বাধীনে—তাঁরা এটা পরিচালনা করেন এবং তার হিসাব তাঁদের দেবার কথা প্রত্যেকটি শিক্ষকের কাছে।

[1-10—1-20 p.m.]

Aid to Secondary Schools in near-famine areas of Bankura

***172.** (Admitted question No. *424.) **Shri Cuiram Maji:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state what measures, if any, are going to be taken for giving aid (special) to the Secondary Schools (Government and non-Government) of the drought and near-famine areas of Bankura district (i.e., Gangajalghati, Saltora, Mejia and Barjora Blocks of that district), as they are going to be closed for stringent conditions?

Shri Jyoti Bhusan Bhattacharya: The Education Department and the Relief Department are considering the problem of educational institutions in the areas affected by drought.

Grants-in-aid for the first six months of 1967-68 have been released in advance to aided High and Higher Secondary Schools in the districts of Bankura and Purulia.

Allotments have also been placed at the disposal of the District Inspectors/Inspectresses of Schools of these two districts for payment of increased

salary to the teachers of aided Junior High Schools/Junior Madrasah for the first four months of 1967-68. Further allotments for two months more for this purpose are being released.

শ্রীজয়নাল আবেদীন: এই যে ইনক্রিজ্‌ড স্যালারি দেবার কথা বললেন, এটা কি হারে দেবেন বলতে পারবেন কি?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: এখন বলতে পারছি না, ফাইল দেখে বলতে গেলে সময় লাগবে।

শ্রীশম্ভুচরণ ঘোষ: মাননীয় মন্ত্রিমহাশয় বিবৃতিতে বলেছেন, খরা ত্রাণ এলাকায় মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রদের সাহায্যের ব্যবস্থা করা হয়েছে সরকার থেকে। এখন সেকেন্ডারি স্কুল থেকে যেসমস্ত ছাত্ররা পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে যারা কলেজে ভর্তি হতে চাচ্ছে তাদের কি সরকার থেকে সাহায্য দেবার কথা চিন্তা করা হচ্ছে কি?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: মূল প্রশ্ন যদি লক্ষ্য করেন তাহলে দেখবেন যে, ছাত্রদের সম্বন্ধে প্রশ্ন ছিল না, প্রশ্ন ছিল বিদ্যালয় সম্বন্ধে বিদ্যালয়গুলি যাতে কাজ চালাতে পারে তার জন্য তাদের অগ্রিম টাকা তারা যাতে পেতে পারে সেই ব্যবস্থা আমরা করেছি। আপনি যা প্রশ্ন করেছেন তাতে বলব যে, স্কুল মিলগুলি যাতে খরাপীড়িত এলাকায় পৌঁছানো যায় তার জন্য ভারত সরকার অথবা বিভিন্ন যে আন্তর্জাতিক প্রতিষ্ঠান আছে তাদের সঙ্গে আলাপ-আলোচনা করছি।

শ্রীপ্রমথনাথ ধীবর: যেসমস্ত হোস্টেল রয়েছে সে হোস্টেলগুলিতে ঠিকমত চাল সরবরাহ না করার জন্য ছাত্রদের অসুবিধা হচ্ছে এবং তাদের বাইরে থেকে বেশি দামে চাল কিনতে হচ্ছে এবং তার জন্য তাদের বেশি খরচ পড়ছে এ সম্বন্ধে এডুকেশন ডিপার্টমেন্ট কোন ব্যবস্থার কথা চিন্তা করছেন কিনা?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: এরূপ কোন সংবাদ শিক্ষা দপ্তরের কাছে এলে আমরা এগুলি খাদ্য দপ্তরের কাছে পাঠাই এবং চাল সরবরাহের প্রশ্ন খাদ্যমন্ত্রীকে করার জন্য অনুরোধ করছি।

শ্রীপান্নালাল মাঝি: আপনি কি জানেন যেসমস্ত জায়গা খরা বলে ডিক্লেয়ার্ড হয়েছে সেসমস্ত খরাপীড়িত এলাকার জন্য এসব করা হবে কিনা?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: আমার কাছে বাঁকুড়া, পুরুলিয়া দুটি জেলার বিদ্যালয়ের কর্তৃপক্ষ, শিক্ষক জানিয়েছিলেন যে, এই দুটো জেলায় বিদ্যালয়গুলির এই এই অসুবিধা হচ্ছে এবং তার বিশেষ বন্দোবস্ত করা হয়েছে তবে অনুরূপ অবস্থা অন্য কোন জেলায় হয়ে থাকলে এবং আমার কাছে উপস্থিত হলে নিশ্চয়ই অনুরূপ ব্যবস্থা করা হবে।

শ্রীশ্রীপদ ভট্টাচার্য: আপনার কাছে এরূপ কোন রিপোর্ট এসেছে কিনা যে, চালের অভাবে স্কুল-কলেজের হোস্টেল বন্ধ হয়ে যাচ্ছে।

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: এইরূপ কোন রিপোর্ট আসে নি।

Shrimati Shakila Khatun: Will the Hon'ble Minister be pleased state why are the schools mentioned in the question going to be closed down?

Shri Jyoti Bhusan Bhattacharya: The question was—what measures are going to be taken for giving aid to the Secondary Schools of drought and near-famine areas, etc., as they are going to be closed for stringent conditions. The question itself gave the answer to your question.

শ্রীজয়নাল আবেদীন: ড্রট অ্যাফেক্টেড ডিস্ট্রিক্ট বাঁকুড়া এবং পুরুলিয়া সম্বন্ধে তিনি ব্যবস্থা করেছেন কিন্তু মালদহ, পশ্চিম দিনাজপুর জেলায় অনুরূপভাবে ড্রট অ্যাফেক্টেড হয়েছে সেখানকার স্কুলগুলি সম্বন্ধে কোন অসুবিধার কথা জানেন কিনা?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: ঐ দুটো জেলার বিদ্যালয় বন্ধ হয়ে যাচ্ছে এরূপ কোন রিপ্রেজেন্টেশন আমার কাছে আসে নি।

শ্রীমহম্মদ ইসরাইল: ঐ অঞ্চলে স্কুলের ছাত্রদের মাইনা মাফ করার কথা ভাবছেন কিনা?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: এই যে বিদ্যালয়গুলির কথা হচ্ছে এগুলি হচ্ছে সব সেকেন্ডারি স্কুল। সরকার এদের ব্যয়নির্বাহের জন্য সাহায্য দেয়। সরকার এদের আদেশ করতে পাবেন না যে, আপনারা ছাত্রদের কাছ থেকে বেতন নেবেন না, তবে এরূপ অনুরোধ এসেছে বলে ত্রাণ বিভাগের সঙ্গে আমরা আলোচনা করছি।

Education Department and the Relief Department are considering the problems of educational institutions being in the areas affected by drought.

অর্থাৎ ত্রাণদপ্তর থেকে তাদের খাতে যে অর্থ বরাদ্দ আছে তা থেকে স্কুলগুলিকে সাহায্য করা যায় কিনা যাতে তারা বেতন নেওয়া মকুব রাখতে পারে।

শ্রীমহম্মদ ইসরাইল: দুটি জেলা ছাড়া অন্য যেখানে এরূপ হয়েছে সেখানকার সম্বন্ধে চিন্তা করছেন কিনা?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: অনুরূপ অবস্থা হলে ব্যবস্থা গ্রহণ করা হবে।

শ্রীজগন্নাথ কোলে: বাঁকুড়া জেলার খরার জন্য এমন অবস্থা হয়েছে যে, সেখানে ছাত্ররা মাইনা দিতে পাচ্ছে না এবং অনেকের মাইনে বাকি আছে। ডিসেম্বর বা জানুয়ারিতে ধান ওঠার পর তারা সে ধান বিক্রি করে টাকা দিতে পারবে কিন্তু মাইনা না দিলে ছাত্ররা পরীক্ষায় বসতে পারবে না এরূপ কোন নির্দেশ স্কুলে দেওয়া হবে কিনা যাতে খরাপীড়িত অঞ্চলের ছাত্ররা মাইনা না দিয়েও তাদের পরীক্ষা দিতে দেওয়া হবে?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: আমি আপনাদের বলেছি এ সমস্যা নিয়ে আমরা ত্রাণ দপ্তরের সঙ্গে আলোচনা করছি যাতে তাদের বকেয়া বেতনের টাকা দেওয়া যেতে পারে। তবে আপনার পরামর্শ নিশ্চয়ই বিবেচনা করা হবে।

Dearness allowance to primary teachers

***173.** (Admitted question No. *448.)

শ্রীবয়লা মুরমু: (ক) শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ইহা কি সত্য যে সাম্প্রতিক সরকারী প্রেসনোটে বলা হইয়াছে যে প্রাথমিক শিক্ষকরা ২৫ টাকা মহার্ঘ-ভাতা পাইতেছিলেন বর্তমানে ৪৩ টাকা করা হইল?

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) বর্তমানে যে সকল প্রাথমিক শিক্ষক মাসিক ২৮ টাকা হিসাবে মহার্ঘভাতা পাইতেছে তাহারা কত টাকা করিয়া মহার্ঘভাতা পাইবেন ; এবং

(২) কোন্ শ্রেণীর প্রাথমিক শিক্ষকগণ মাসিক ২৫ টাকা হারে মহার্ঘভাতা এ যাবৎ পাইতেছিলেন?

Shri Jyoti Bhusan Bhattacharya: Sir, I would request you to hold the question over for the next rotational day.

Mr. Speaker: The question is held over.

Bus routes in North Bengal State Transport Corporation

***174.** (Admitted question No. *455.)

শ্রীঅরুণকুমার মৈত্র: স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশন বর্তমানে কোন্ কোন্ পথে দৈনিক কতগুলি বাস চালাইতেছেন;

(খ) উক্ত কোন্ কোন্ পথে বাসের সংখ্যার তুলনায় যাত্রীসংখ্যা অত্যধিক লক্ষিত হয়, এবং

(গ) ঐ সকল পথে অবিলম্বে অধিকসংখ্যক বাস চালাইবার প্রস্তাব আছে কিনা?

Shri Jyoti Basu:

(ক) উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশন বর্তমানে কোন্ কোন্ শ্রেণীর কতগুলি বাস চালাইতেছে তাহার একটি তালিকা লাইব্রেরীর টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) উপরোক্ত কোন রুটে বাসের সংখ্যার তুলনায় যাত্রীসংখ্যা অত্যধিক। তাহার কোন বিবরণ আমাদের নিকট নাই।

(গ) প্রশ্ন উঠে না।

[1-20—1-30 p.m.]

Shri Saila Kumar Mukherjee: Will the Hon'ble Minister be pleased to consider any scheme of expansion of the North Bengal State Transport Corporation and increase its strength within a reasonable time?

Shri Jyoti Basu: I have had a preliminary discussion with the authorities of the North Bengal State Transport Corporation and I learn that they have already got a scheme for expansion. But how much that expansion will be and in what direction, in which routes, that I am unable to say at the moment because I have called another meeting to be held later on with a reorganised body with whom I shall have a discussion.

ডাঃ জয়নাল আবেদীন: মাননীয় পরিবহণ মন্ত্রিমহোদয় (খ) প্রশ্নের উত্তরে বলেছেন যে, এটা ওনার জানা নেই। তাহলে কি উনি বলতে চাচ্ছেন যে বাসে ওভারক্রাউডিং হচ্ছে এই সম্বন্ধে কোন অভিযোগ দপ্তরে এসে পৌঁছায় নি ?

শ্রীজ্যোতি বসু: আমার কাছে সেরকম কোন বিবরণ নেই। ট্রান্সপোর্ট অথরিটির কাছে আছে কিনা নর্থ বেঙ্গল সম্বন্ধে, আমি এখন বলতে পারব না। যদি মাননীয় সদস্যদের এইরকম কোন খবর জানা থাকে, আমায় দিলে নিশ্চয়ই বিবেচনা করে দেখব।

শ্রীকৃষ্ণকুমার শুক্লা: মাননীয় মন্ত্রিমহাশয় (খ)-এর উত্তরে বলেছেন যে, ও'র জানা নেই। ও'র জানা নেই বলে (গ) এর উত্তরে বলেছেন প্রশ্ন ওঠে না। বলা হচ্ছে সেখানে পরিবহণের পর অত্যধিক চাপ সৃষ্টি হচ্ছে, এ সম্বন্ধে দয়া করে তিনি কি খোঁজ নেবেন ?

শ্রীজ্যোতি বসু: আমি নিশ্চয়ই খোঁজ নেব।

Proposal for Primary Schools in Midnapore district in the Fourth Five-Year Plan

***175.** (Admitted question No. *480.)

শ্রীসুধীর চন্দ্র দাস: শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কতগুলি প্রাথমিক বিদ্যালয় মেদিনীপুর জেলার বিভিন্ন মহকুমায় হইবে ;

(খ) ইহা কি সত্য যে ঐ প্রস্তাবিত প্রাথমিক বিদ্যালয়গুলির জন্য শিক্ষক নিয়োগের প্যানেল বাতিল করা হইয়াছে ; এবং

(গ) '(খ)' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে নূতন প্যানেলের কি ব্যবস্থা হইতেছে ?

Mr. Speaker: The question is held over.

Payment of salaries to Secondary School teachers

***176.** (Admitted question No. *482.)

শ্রীসমরেন্দ্রনাথ ওঝা: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী সাহায্যপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকগণ যাহাতে নিয়মিতভাবে পুরা বেতন পাইতে পারেন, তাহার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন ;

(খ) সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়গুলিতে অগ্রিম সাহায্যদানের এবং বর্তমান সাহায্যদানের ব্যবস্থা আরও ত্বরান্বিত করিবার ব্যবস্থা হইতেছে কি; এবং

(গ) যে বিদ্যালয়গুলি বর্তমানে লাম্প গ্রান্ট পাইয়া থাকে তাহাদের সম্পর্কে এই উদ্দেশ্যে কি ব্যবস্থা লওয়া হইতেছে?

Shri Jyoti Bhusan Bhattacharya:

(ক), (খ) ও (গ) মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকগণ নিয়মিতভাবে বেতন পান না বলিয়া তাঁহাদের অসুবিধা হয়, সরকার ইহা অবগত আছেন। অনুদান মঞ্জুর করার সমগ্র বিষয়টি পর্যালোচনা করা হইতেছে। ইতিমধ্যে বর্তমান নিয়ম অনুযায়ী সরকারী সাহায্য দান ত্বরান্বিত করার ব্যবস্থা হইতেছে।

শ্রীবিশ্বনাথ দাস ঘোষ: ১৯৬৬ সালে যেসমস্ত স্কুলগুলি নতুন মঞ্জুরী পেয়েছে তাদের সাহায্যের কোন কথা চিন্তা করছেন কি?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: এটা আমরা চিন্তা করছি, এর বেশি কিছু বলতে পারব না। আমি বলেছি যে এখন সমস্ত ব্যাপারটি পর্যালোচনা করা হচ্ছে।

শ্রীহারাধন রায়: আপনি কি জানাবেন, যেসমস্ত সাহায্যপ্রাপ্ত স্কুলে কম মাইনে দিয়ে পুরো মাইনে দেওয়ার রসিদ দেওয়া হয়, এইরকম কোন খবর পেয়েছেন কি?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: আমি এরকম কথা শুনেছি।

শ্রীহারাধন রায়: যেসমস্ত স্কুলে এই সমস্ত ব্যাপার হচ্ছে সেই সমস্ত স্কুল সম্পর্কে আপনি কি ব্যবস্থা করছেন?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: আমি তো আগেই বলেছি সমগ্র বিষয়টি পর্যালোচনা করা হচ্ছে। আমি আপনার অনুমতি নিয়ে এই সভায় সকলকে অবহিত হতে অনুরোধ করব যে, সমস্ত বিষয়টি খুব জটিল এবং বহুদিন ধরে ক্রমে ক্রমে বিষয়টি আরও জটিলতর হয়েছে। যেসমস্ত বিদ্যালয়ে এই রকম কাণ্ড ঘটে তার একটি কারণ হচ্ছে এই, যদি শিক্ষকদের কাছ থেকে লিখিয়ে না নেওয়া হয় তাহলে সমস্ত মঞ্জুরী বন্ধ হয়ে যাবার বিপদ আছে। বাস্তব কথা হচ্ছে এই যে, শিক্ষকরা এটাকে আরও ঘোরতর বিপদ বলে মনে করেন। তার ফলে সকলের কাছে এটা জটিল প্রশ্ন হয়ে দাঁড়িয়েছে। সেজন্য সমস্ত ব্যাপারটি পর্যালোচনা করা হচ্ছে এবং গ্রান্ট-ইন-এডের যেসমস্ত নিয়ম আছে সেই নিয়মগুলি শিক্ষা প্রতিষ্ঠানগুলির সঙ্গে বসে শিক্ষক প্রতিনিধিদের সঙ্গে বসে এবং শিক্ষা দপ্তর ও অন্যান্য শিক্ষানুরাগী যাঁরা আছেন তাঁদের সঙ্গে বসে যাতে একটা সুস্থ সঙ্গত ব্যবস্থা যত দ্রুত সম্ভব করা যায় তার জন্য চেষ্টা করছি।

শ্রীবঙ্কিমচন্দ্র শাসমল: যেসমস্ত স্কুল জুনিয়র থেকে হাই স্কুলে পরিণত হয়েছে—জুনিয়র হিসাবে যে গ্র্যান্ট তাঁরা পেতেন হাই স্কুল হওয়ার জন্য তাঁদের গ্র্যান্ট বন্ধ হয়ে গেছে। সুতরাং অন্তত জুনিয়র হাই স্কুল হিসাবে যে গ্র্যান্ট তাঁরা পেতেন সেইটুকুও দেবার বন্দোবস্ত তাঁদের করবেন কি?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: আমরা যে অবস্থায় পেয়েছি তাতে ঐসব অসঙ্গতি আছে। সেই-সমস্ত অসঙ্গতি যদি এখনই দূর করতে পারতাম এবং প্রয়োজনীয় খরচ বহন করবার কথা ঘোষণা করতে পারতাম তাহলে আমি খুশি হতাম। তবে আমি বলছি এই আবেদনটি যতদূর সম্ভব বিবেচনা করা হচ্ছে।

Free and Compulsory Primary Education in Municipal towns

***177.** (Admitted question No. *530.) **Dr. Gopal Das Nag:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether Free and Compulsory Primary Education has been introduced in all the municipal towns of West Bengal;

(b) if not, the reasons therefor; and

(c) what steps have been taken during the last three months to introduce Free and Compulsory Primary Education in urban areas and when it will be possible for the Government to introduce Free and Compulsory Primary Education in every municipal town of the State?

Mr. Speaker: The question is held over.

Issue of Bus permits before and after the election of 1967

***178.** (Admitted question No. *576.)

শ্রীদেবেন দাশঃ স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৬৬-৬৭ সালে প্রাক্-নির্বাচন ও নির্বাচনোত্তর কালের কয়েক দিনে যে কয়েক শ' প্রাইভেট বাসকে বিভিন্ন রুটে চালাবার পারমিট বিগত সরকার দিয়েছিলেন, সে সম্পর্কে মুখ্যমন্ত্রীর উপদেষ্টা শ্রী আর গুপ্ত তদন্ত করেছেন ; এবং

(খ) সত্য হলে, ঐ তদন্তের রিপোর্ট এই সভার নিকট রাখার কথা সরকার চিন্তা করছেন কিনা?

Shri Jyoti Basu:

(ক) ও (খ) হ্যাঁ।

Shri Saila Kumar Mukherjee: Will the Hon'ble Minister say when he expects to lay the report before the House?

Shri Jyoti Basu: I have already received the report and it is receiving our attention. I think by the end of this month we shall be able to inform the members of this House.

শ্রীরবীন মুখার্জি: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, নির্বাচনী তহবিলে মোটা টাকা দিয়ে এই সমস্ত পারমিট দেওয়া হয়েছিল কিনা?

Mr. Speaker: The question does not arise.

ডাঃ জয়নাল আবেদিন: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, শ্রী আর, গুপ্ত তিনি এককভাবে তদন্ত করেছেন, না তাঁর সঙ্গে আর কেউ ছিলেন?

শ্রীজ্যোতি বসু: না, উনি এককভাবে করেছেন।

Governing body of Shri Chaitanya College at Habra

***179.** (Admitted question No. *597.)

ডাঃ সাধনকুমার সেন: শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাবড়া শ্রীচৈতন্য স্পনসর্ড কলেজটির বর্তমান পরিচালকমণ্ডলী (গভর্নিং বডি) কবে গঠিত হইয়াছিল ; এবং

(খ) উক্ত কলেজের নূতন পরিচালকমণ্ডলী নির্বাচনের জন্য সরকার কোন সিদ্ধান্ত করিয়াছেন কি?

Craft teachers in Senior Basic Schools

***180.** (Admitted question No. *633.)

শ্রীপরেশচন্দ্র গোস্বামী: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সিনিয়র বেসিক স্কুলগুলিতে কতজন শিল্প-শিক্ষক এবং শিল্প-শিক্ষিকা বর্তমানে কার্যরত আছেন ;

(খ) তাঁহাদের বর্তমান বেতনের ও ভাতা প্রভৃতির হার কি ; এবং

(গ) নূতন সরকারী ঘোষিত দুর্মূল্য ভাতা ও বেতনহারের সুবিধা তাঁরা পাইবেন কি না?

Mr. Speaker: The questions are held over.

Compulsory Free Primary Education

***181.** (Admitted question No. *653.)

শ্রীকালিপদ মণ্ডল: শিক্ষাবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে (১) শহরাঞ্চলে এবং (২) গ্রামাঞ্চলে শতকরা কত ভাগ ছেলেমেয়ে বাধ্যতামূলক অবৈতনিক প্রাথমিক শিক্ষার সুযোগ পাইতেছে; এবং

(খ) কতদিনের মধ্যে সর্বত্র বাধ্যতামূলক অবৈতনিক প্রাথমিক শিক্ষা ব্যবস্থা চালু হইবে বলিয়া আশা করা যায়?

Shri Jyoti Bhusan Bhattacharya:

(ক) পশ্চিমবঙ্গে ৬ হইতে ১১ বৎসর বয়স্ক ছেলেমেয়েদের মোট সংখ্যা শহরাঞ্চলে আনুমানিক ১০·৭২ লক্ষ এবং গ্রামাঞ্চলে আনুমানিক ৩৯·৮৮ লক্ষ। ইহার মধ্যে প্রাথমিক বিদ্যালয়ে পাঠরত ছাত্রছাত্রীর সংখ্যা শহরাঞ্চলে ৭·৫৮ লক্ষ অর্থাৎ শতকরা ৭০·৭ ভাগ এবং গ্রামাঞ্চলে ৩৩·৫৯ লক্ষ অর্থাৎ শতকরা ৮৪·২ ভাগ।

গ্রামঞ্চলে প্রাথমিক শিক্ষা সর্বত্রই অবৈতনিক এবং পুরুলিয়া ছাড়া অন্যান্য সকল জেলাতেই ১৯৩০ সনের গ্রামীণ প্রাথমিক শিক্ষা আইনের বিধানমতে আবশ্যিক বলিয়া ঘোষণা করা হইয়াছে। পুরুলিয়া জেলায় এই আইন সম্প্রতি চালু করা হইয়াছে; এখানেও প্রাথমিক শিক্ষা আবশ্যিক বলিয়া ঘোষণা করার ব্যবস্থা হইতেছে।

শহরাঞ্চলে অবৈতনিক বিদ্যালয়ের পাশাপাশি বেতনগ্রাহী বিদ্যালয়েও ছাত্রছাত্রী পড়িতেছে। এ যাবৎ শহরাঞ্চলের ১২টি পৌর এলাকায় প্রাথমিক শিক্ষা অবৈতনিক ও আবশ্যিকরূপে চালু করিবার জন্য ১৯৬০ সনের শহরাঞ্চলে প্রাথমিক শিক্ষা আইন অনুসারে ঘোষণা করা হইয়াছে।

(খ) আশা করা যায়, চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনা কালের মধ্যে ইহা সম্ভব হইবে।

শ্রীপ্রমথনাথ ধীবর: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, ১৯৬৩ সালের কম্পালসারি আইন যা শহরাঞ্চলে ও মিউনিসিপ্যাল এরিয়ার বাধ্যতামূলক করা হয়েছে, তা এখনও কার্যকরী করা হয় নি?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: সব জায়গায় তা কার্যকরী হয় নাই।

ডাঃ গোপিকারঞ্জন মিত্র: মন্ত্রিমহাশয় কি জানাবেন, যেসব শহরাঞ্চলে এটা কার্যকরী করা হয়েছে সেখানে এখনও প্রাইমারি শিক্ষার জন্য বহু লোককে বহু বেতন দিতে হচ্ছে?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: এইরকম অভিযোগ শুনেছি।

ডাঃ গোপিকারঞ্জন মিত্র: যেসব স্কুল এখন পর্যন্ত বেতন নিচ্ছে, তাদের সম্বন্ধে কি করবেন বলে ঠিক করেছেন?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: প্রাথমিক শিক্ষা সম্পর্কে যে একটা সামগ্রিক আইন আনবার ব্যবস্থা করছি, এইসব সমস্যা সমাধানের জন্য তার মধ্যে যথাযুক্ত বিহিত করবার বন্দোবস্ত থাকবে।

[1-30—1-40 p.m.]

শ্রীহারাধন রায়: যারা গ্রামাঞ্চলে দিনমজুরী করে খায় তাদের ছেলেমেয়েরা স্কুলে যেতে পারে শৈশব থেকেই পরিশ্রম করে যায় তারা যাতে অবৈতনিক স্কুলে পড়তে পারে এবং নূতনভাবে জীবনযাপন করতে পারে, সে সম্বন্ধে মন্ত্রিমহাশয়ের কোন পরিকল্পনা আছে কি?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: এই সমস্যা সম্পর্কে আমরা অবহিত আছি। আমরা দেখেছি এই সমস্যা রয়েছে। শুধু এইটুকু নয়, শিশুরা প্রাথমিক বিদ্যালয়ে আসবে যেহেতু পিতামাতারা তাদের কাজ করতে বাধ্য করে তাই শুধু নয়—এমন ভয়াবহ ঘটনাও আছে যে, পুষ্টিকর খাদ্যের অভাবে শিশুরা এমন দুর্বল হয়ে পড়ে যে, তাদের পক্ষে বিদ্যালয়ে এসে পড়াশুনা করা সম্ভব নয়। এমন ঘটনাও আছে—গ্রামাঞ্চলে বালিকারা বিদ্যালয়ে আসবে তাদের সে পরিধেয় বস্ত্রও নাই। আর এও লক্ষ্য করেছি, কিছু জায়গায় কিছু দ্বিপ্রাহরিক আহারের ব্যবস্থা করা হয়েছে। সেখানে পিতামাতার তরফ থেকে শিশুদের বিদ্যালয়ে পাঠাবার আগ্রহ বেড়েছে এবং শিশুর আগ্রহ বেড়েছে

বিদ্যালয়ে আসবার। এ সমস্যা শুধুমাত্র শিক্ষার সমস্যা নয়, এটা সামাজিক সমস্যা, অর্থনৈতিক সমস্যা এবং গ্রামীণ অর্থনীতির এক জটিল সমস্যা। আমাদের যে সাধ্য আছে, সম্বল আছে তা সমস্ত একত্রিত করে এই সমস্যার সমাধানের জন্য আমরা আত্মনিয়োগ করতে পারব বলে আশা করছি। এর বেশি আর কিছু এখন বলতে পারব না।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ এই যে মন্ত্রিমহাশয় বললেন, ১২টা শহরাঞ্চলে প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক এবং অবৈতনিক করা হয়েছে সেই ১২টি শহর এলাকার নাম বলতে মন্ত্রিমহাশয় পারবেন কি?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্যঃ খড়দহ, জঙ্গীপুর, আসানসোল, নিউ ব্যারাকপুর, আলিপুরদুয়ার, কোচবিহার, কাটোয়া, টাকি, শ্রীরামপুর, শান্তিপুর, বিষ্ণুপুর এবং আরামবাগ।

ডাঃ গোপালদাস নাগঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি এই প্রাথমিক শিক্ষার দায়িত্ব পৌরসভার উপর আসার পরে নূতন সমস্যা সৃষ্টি হয়েছে যে বিদ্যালয়গুলি নেওয়া হয়েছে তার সারভিস কন্ডিশন কতকগুলি ছিল যার দ্বারা মাষ্টার মহাশয়দের চাকরি গভর্নড হত পৌরসভার নিজস্ব একটি নিয়ম বা সার্ভিস কন্ডিশন আছে এখন যে শিক্ষকরা পৌরসভার অধীনে এলেন তাঁরা কোন সার্ভিস কন্ডিশন বা রুলস দ্বারা পরিচালিত হবেন এবং তাঁদের বেতনহার কোন্ আইন অনুযায়ী কতটুকু দেবেন?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্যঃ অবশ্য যতক্ষণ না নিয়ম পরিবর্তিত হচ্ছে ততক্ষণ পর্যন্ত মিউনিসিপ্যালিটির অধীনে শিক্ষকতা করলে পর সেই মিউনিসিপ্যালিটির সারভিস কন্ডিশন অনুসারে তাঁকে চলতে হবে। কিন্তু আমি আগেই বলেছি প্রাথমিক শিক্ষা শহরের এবং গ্রামের একটা সার্বিক আইন বা কম্প্রিহেনসিভ অ্যাক্ট করবার জন্য এই সভাকে অনুরোধ জানাব আগামী অধিবেশনে তাতে সর্বস্তরের প্রাথমিক শিক্ষকরা যাতে একই রকম সারভিস রুলস, একই রকম সারভিস কন্ডিশনস, একই রকম বেনিফিট ইত্যাদি নিয়ে চলতে পারে, তাদের অধিকার যাতে রক্ষিত হয়—সেদিকে আমরা লক্ষ্য রাখব।

ডাঃ গোপালদাস নাগঃ আপনি বললেন যে, মিউনিসিপ্যাল আইন অনুযায়ী তাঁদের বেতনহার নির্ধারিত হবে, সারভিস কন্ডিশন গভর্নড হবে, সেখানে সরকার যে সাবসিডি দেন ও মিনিমাম ওয়েজেস অ্যাওয়ার্ড যা প্রাপ, সেই অনুযাযী কি তাঁদেব বেতনহার দেবেন, না, সরকার প্রচলিত আইনানুসারে দেবেন?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্যঃ এটা পর্যালোচনার বিষয়। তবে এ সম্বন্ধে নোটিস দিলে সমস্ত তথ্য এখানে উপস্থিত করতে পারব।

[1-40—1-50 p.m.]

শ্রীকৃষ্ণকুমার শুক্লাঃ মাননীয় মন্ত্রিমহাশয় এইমাত্র বললেন যে মিউনিসিপ্যালিটির সারভিস কন্ডিশন রুল অনুযায়ী তাঁরা গভর্নড হবেন এবং বেতনের হার সম্পর্কে বলেছেন যে, সাবসিডি এখন পর্যালোচনার বিষয়। উনি একটু পরিষ্কার করে বলুন মিউনিসিপ্যালিটির সারভিস কন্ডিশন রুল অনুযায়ী যে টাকা তাঁদের প্রাপ্য, সেই দেয় অংশ সরকার পক্ষের, সেই টাকাটা উনি দেবেন কিনা?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্যঃ এটা খুব পরিষ্কার কথা, আমি বলেছি, যতক্ষণ পর্যন্ত না নিয়ম-কানুন পরিবর্তিত হচ্ছে, ততক্ষণ পর্যন্ত মিউনিসিপ্যালিটির সারভিস টার্মস অ্যান্ড কন্ডিশনস অনুযায়ী তাঁরা সেখানে কাজ করবেন। সাবসিডি সম্বন্ধে যদি জানতে চান, তাহলে নোটিস দেবেন, আমি সমস্ত তথ্য সংগ্রহ করে জানাব।

শ্রীকৃষ্ণকুমার শুক্লাঃ মিঃ স্পীকার, স্যার, উনি হ্যাঁ বলবেন কি না বলবেন? একটা তো বলতে হবে!

শ্রীসত্যব্রত ভট্টাচার্যঃ মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, আপনি এই যে সমস্ত জিনিসগুলো বিবেচনা করছেন, তার মধ্যে রুরাল এরিয়া দীর্ঘকাল ধরে যে স্ট্যাগনেশন ও ওয়েস্টেজ হয়ে আছে, সেটার সম্বন্ধে চিন্তা করবেন কিনা?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: সর্বত্র, সর্বস্তরে সব রকম স্ট্যাগনেশন এবং ওয়েস্টেজ সম্বন্ধে আমাদের সরকার নজর দিচ্ছেন। আপনি কি নির্দিষ্ট কোন স্ট্যাগনেশন বা ওয়েস্টেজএর কথা বলছেন? নির্দিষ্ট যদি কিছু বলেন তাহলে জবাব দেওয়া সম্ভব হয়।

শ্রীসত্যব্রত ভট্টাচার্য: এখন প্রশ্নোত্তরের সময় এটা বলা যায় না। আপনি যদি বলেন, পরে আপনার কাছে গিয়ে বলতে পারি স্ট্যাগনেশন কি করে হয়।

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: আচ্ছা, পরে আমার কাছে আসবেন।

শ্রীহারাধন রায়: বিভিন্ন গ্রামে স্কুল না থাকার দরুন সেখানে অবৈতনিক বাধ্যতামূলক শিক্ষা চালু হয় নি, সেখানে স্কুলগুলি তৈরি করে অবৈতনিক শিক্ষা যাতে চালু হয় সেই সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: আমি এই সভায় অল্প কয়েকদিন আগে শিক্ষার ব্যয়বরাদ্দ আলোচনার সময় বলেছিলাম যে, আমাদের প্রাথমিক শিক্ষার ব্যবস্থার ব্যাপারে অনেক গ্রামে প্রাথমিক শিক্ষর ব্যবস্থা নাই। এই সম্পর্কে খুব দ্রুত এক বছর, দু বছরের মধ্যেই যাতে বিদ্যালয় স্থাপন করতে পারি তার জন্য চেষ্টা করছি। কিন্তু সব রকম সংখ্যা দিয়ে যদি আমাকে উত্তর দিতে হয় যে কোন কোন গ্রামে বিদ্যালয় স্থাপন করা হবে বা কতদিনে কবে তার ব্যবস্থা করা হবে তাহলে নোটিস প্রয়োজন হবে।

শ্রীকৃপাসিন্ধু সাহা: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই যে ১২টা স্কীম গ্রহণ করা হয়েছে শহরাঞ্চলে ও গ্রামাঞ্চলে তাতে কয়টি স্কুল আছে এবং তার ছাত্রছাত্রীর সংখ্যা কত?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: নোটিস চাই।।

শ্রীমহারাজা বোস: মাননীয় মন্ত্রিমহোদয় কি অবগত আছেন, যখন প্রাথমিক শিক্ষার বিদ্যালয় মিউনিসিপ্যাল এলাকা এবং রুরাল এলাকায় চালু করা হচ্ছে তখন অনেক স্কুল মাইনে নিয়ে স্কুল খোলা হয়েছে? সরকার কি সেই সব স্কুলে সাবসিডি এইড দিচ্ছেন?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: আমি বলেছিলাম শহরাঞ্চলে অবৈতনিক বিদ্যালয়ের পাশাপাশি যেসকল বেতন-দায়ী স্কুলে ছাত্র-ছাত্রী পড়ছে, সেখানে সরকার সাহায্য দেন। আপনি রুরাল এরিয়া সম্বন্ধে জানতে চাচ্ছেন, এ সম্বন্ধে আমার কাছে তথ্য নেই, আপনি যদি নোটিস দেন, তাহলে পরে বলব।

শ্রীহারাধন মণ্ডল: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এমন বহু গ্রাম আছে যেখানে তারা স্কুলগৃহ সম্পূর্ণ করতে পারছে না এবং তারা সরকারী সাহায্যের জন্য বার বার অনুরোধ জানিয়েছেন, সেই সব জায়গায় যাতে স্কুলগৃহ সম্পূর্ণ হয়ে উঠে সরকারী খরচে সে সম্বন্ধে সরকার অবিলম্বে ব্যবস্থা অবলম্বন করছেন কিনা?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: আমি আরও একটু বেশি জানি, শুধু যেখানে গৃহনির্মাণ হচ্ছিল তা নয় যে গৃহ নির্মাণ হয়েছিল সেই গৃহ ধুয়ে-মুছে সাফ হয়ে গিয়েছে। সরকারের ব্যয়-বরাদ্দের যে বিভিন্ন খাত আছে তাতে প্রাথমিক বিদ্যালয়ের গৃহ সংস্কার বাবদ বা পুনর্নির্মাণের জন্য এমন কোন বরাদ্দ নেই যার দ্বারা একে সাহায্য করা যায়। কাজেই সমস্ত সমস্যাটাই আমাদের ভাবতে হচ্ছে এবং বিভিন্ন জায়গায় আমরা এও দেখেছি এমন সব অঞ্চল রয়েছে, এমন সব পশ্চাদপদ এলাকা রয়েছে যেখানে এই আনুকূল্যের উপর নির্ভর করে প্রাথমিক শিক্ষাকে যদি বহাল রাখতে হয় তাহলে আমরা কোনদিনই করতে পারব না, এই সব সম্পর্কে আমরা বিবেচনা করছি। অবিলম্বে কি করা যায়, কতখানি করা যায়, তা আজকে এখনই বলতে পারছি না।

শ্রীহারাধন মণ্ডল: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এখনও সব গ্রামে প্রাইমারি স্কুল গড়ে উঠে নি এবং কিছু কিছু ডিস্ট্রিক্টে এ বছরে কোটা দিয়েছিলেন এবং অনেক স্কুল যেগুলি চলছে অথচ গভর্নমেন্টের, বোর্ডের রেকগনিশন পায় নি তাদের আশা ছিল যে, এবারে তারা

রেকগনিশন পাবে কিন্তু আমরা ডিস্ট্রিক্ট বোর্ডের কাছ থেকে জানতে পারলাম যে, এখান থেকে টেলিগ্রাম করে ডিস্ট্রিক্টের সেই সব কোটা উইথড্র করে নেওয়া হয়েছে, একথা সত্য কিনা?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: না, একথা সত্য নয়। এখান থেকে টেলিগ্রাম যেটা করা হয়েছিল সেটা হচ্ছে এই স্কুল এবং নিয়োগগুলিকে মুলতুবী রাখা হোক কারণ বিভিন্ন জায়গা থেকে নানারকম দুর্নীতির অভিযোগ আমাদের কাছে এসেছিল। আমরা সমস্ত ব্যাপারটা পর্যালোচনা করার জন্য কিছুদিনের জন্য আমরা এ নিয়োগগুলিকে মুলতুবী রেখেছিলাম এবং আমরা বিভিন্ন জায়গা থেকে যেরকম অভিযোগ এসেছে তার ভিত্তিতে যেসব জায়গায় মুলতুবী রাখা হয়েছিল তার অনেক জায়গাতেই পুনরায় আদেশ দিয়েছি সেই সব মুলতুবী ফিরিয়ে নিয়ে সেখানে যাতে স্কুল হয় এবং যাতে শিক্ষকদের পুনর্নিয়োগ হয়। কিন্তু আবার আমরা শুনছি এর মধ্যে নানারকম গোলযোগ হচ্ছে। প্রাথমিক শিক্ষার যে প্রশাসন ব্যবস্থা সেই প্রশাসন ব্যবস্থার মধ্যে এমন গলদ আছে, এমন দুর্নীতির ফাঁক আছে, যার মধ্য দিয়ে এই সমস্ত অভিযোগগুলির মীমাংসা করা যাচ্ছে না। তারই জন্য আমরা নূতন আইন আনতে চাই যাতে প্রাথমিক শিক্ষাব্যবস্থা জনসাধারণের পক্ষে কল্যাণকর এবং যথার্থ হয়।

শ্রীহারাধন মণ্ডল: মাননীয় মন্ত্রিমহাশয় এইমাত্র বললেন যে, নানা দুর্নীতির কথা উঠেছে এবং কতকগুলি স্কুলকে উনি নাকি আবার আদেশ দিয়েছেন রেকগনিশন দেওয়ার জন্য। আমি জিজ্ঞাসা করছি কতগুলি স্কুলকে কি বেসিসে, কার উপর ভিত্তি করে তাদের দুর্নীতিমুক্ত মনে করে রেকগনিশন দেওয়া হয়েছে এবং কোন্‌গুলিকে দুর্নীতিপরায়ণ বলে মনে করছেন এবং কিসের ভিত্তিতে মনে করছেন?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার উত্তরটা ঠিক হয়ত উনি খেয়াল করেন নি। কোন বিশেষ স্কুলের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ এসেছে সেকথা বলি নি। আমার বক্তব্য ছিল এই যে নিয়োগ করা হচ্ছে এবং এই যে নূতন স্কুলের স্যাংশন দেওয়া হচ্ছে এর বিরুদ্ধে অভিযোগ এসেছে, আমরা তদন্ত করছি, সার্ভে করছি। তার ভিতরে দেখা গিয়েছে যেখানে যথার্থ বিদ্যালয়ের প্রয়োজন আছে সেখানে আমরা সেগুলিকে অনুমোদন দিয়েছি। এখনও সমস্ত রিপোর্ট সব জেলা থকে আমাদের কাছে এসে পেঁছয় নি। যেখান থেকে রিপোর্ট এসে পেঁছয় নি সেখানে এখনও মুলতুবী অবস্থায় রয়েছে। কোন বিদ্যালয়কে দেওয়া হয়েছিল, কি ভিত্তিতে দেওয়া হয়েছিল এই প্রশ্ন যদি করেন তাহলে নোটিস দিলে আমি সমস্ত তথ্য পেশ করব।

শ্রীশৈলকুমার মুখার্জি: মাননীয় মন্ত্রিমহাশয় (ক) প্রশ্নের উত্তরে শহরাঞ্চলে বাধ্যতামূলক অবৈতনিক প্রাথমিক শিক্ষা কতদিনের মধ্যে চালু করবেন একটা কথা দিয়েছেন। আমি প্রশ্ন করছি আপনারা যে শহরাঞ্চলে আরবান প্রাইমারি এডুকেশন অ্যাক্ট অনুসারে বাধ্যতামূলক শিক্ষা প্রসারের জন্য সমস্ত মিউনিসিপ্যালিটিকে লিখেছিলেন আপনি কি বলতে পারবেন কতগুলি মিউনিসিপ্যালিটি সরকারের এই আরবান প্রাইমারি এডুকেশন এ্যাক্ট অনুসারে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু করতে সমস্ত বা কি প্রণালীতে করবে সে সম্বন্ধে আপনাদের উত্তর দিয়েছে?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: এ তথ্য এক্ষণি আমি বলতে পারছি না, তবে ১২টি জায়গায় চালু হয়েছে সেটা আমি জানিয়েছি। কতকগুলি প্রস্তাব আমাদের ডাইরেকটরেটে আলোচনা হচ্ছে, পর্যালোচনা হচ্ছে, আর কতকগুলি আছে যেগুলি এডুকেশন ডিপার্টমেন্টের মধ্যে আলোচনা হচ্ছে, পর্যালোচনা হচ্ছে, সেগুলি বিভিন্ন স্তরে আছে। আপনি সমস্ত তথ্যের জন্য যদি নোটিশ দেন তাহলে আমি সেটা বলতে পারবো।

শ্রীশৈলকুমার মুখার্জী: আজ ৯০টি মিউনিসিপ্যালিটির মধ্যে প্রাথমিক বিদ্যালয় যতগুলি আছে সেগুলি সম্বন্ধে আপনি সর্বাঙ্গীন অনুসন্ধান করছেন, তার ভিত্তিতে বিদ্যালয় দিয়েছেন, না আর্বান প্রাইমারি এডুকেশন অ্যাক্ট অনুসারে যদি মত না দেয় তাহলে কি করবেন না, আপনাদের নীতি কি?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: আগামী সেসনে যদি আপনারা নূতন আইন অনুমোদন করলে তাহলে একটা নূতন পরিস্থিতি হবে। কিন্তু আজ পর্যন্ত ক্ষেত্র যেখানে তৈরী রয়েছে, যেখানে

তারা প্রস্তুত রয়েছে, হিসাবপত্র যা করা দরকার তা করেছে এইরকম অবস্থা যেখানে আছে সেখানে আমরা এটাকে ঠেকিয়ে রাখতে চাই না, যতদিন নূতন আইন চালু না হয়। পুরাতন আইনে যদি কিছু প্রাথমিক বিদ্যালয় তাঁরা চালু করতে পারেন তাহলে আমরা তাঁদের সাহায্য করবো।

শ্রীশৈলকুমার মুখার্জী: তাহলে আপনাদের পলিসি হচ্ছে যখন ১২টি রাজী হয়েছে পুরাতন আইনের মধ্যে তখন অন্যান্য মিউনিসিপ্যালিটিগুলিতেও ত্বরান্বিত করবার জন্য আপনারা চেষ্টা করবেন কি?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: করবো।

শ্রীসুশীলকুমার পাল: মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, কলকাতা কর্পোরেশনের যেসমস্ত প্রাইমারী স্কুল আছে তা নিশ্চয়ই পর্যাপ্ত নয় এটা জেনেও তার কোন ব্যবস্থা করছেন কিনা এবং প্রাইমারী স্কুল যেগুলি চালু আছে সেগুলিকে সরকারী নিয়ন্ত্রণাধীনে চালান যায় কিনা বলে ভাবছেন কিনা?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: কলকাতার জটিল সমস্যা সম্পর্কে আমরা অবহিত আছি। আমরা খুব বড় পরিকল্পনা এখনি সুরু করে দিয়ে তাড়াতাড়ি এটা করে ফেলবো পরে সে অবস্থা হয়ত আমাদের হবে কিন্তু আপাততঃ আমরা যেটা করছি সেটা হচ্ছে কলকাতায় প্রত্যেকটি ওয়ার্ড থেকে আমরা কিছু সংবাদ নিয়ে আসছি সেখানে বিদ্যালয় করবার মত অবস্থা আছে কিনা। বিশেষ করে আমরা জানি বস্তি এলাকায়, যেখানে ইন্ডাস্ট্রিয়াল স্লাম এরিয়া সেই স্লাম এরিয়াতে এই সমস্যা খুব জটিল এবং খুব কঠিন। কারণ স্থানাভাবে সেখানে নূতন বিদ্যালয় গৃহনির্মাণ করা বা নূতন বিদ্যালয় গৃহ সংগ্রহ করা ভাড়া দিয়ে তাতে অনেক পয়সার দরকার। আমরা আপাততঃ এটার ভিত্তিতে অগ্রসর হচ্ছি যে কলকাতা কার্পোরেশনের অধীনে ১০০টি ওয়ার্ডের ভিত্তিতে আমরা এটা ঠিক করেছি ১০০টি বিদ্যালয়ের একটি পরিকল্পনা আগামী কয়েক মাসের মধ্যে আমবা চালু করতে পারবো। এই যে কলকাতা কর্পোরেশনে যে বিদ্যালয়গুলি আছে সেগুলি অতিরিক্ত আর কলকাতা কর্পোরেশনের সঙ্গে যে বিদ্যালয়গুলি রয়েছে সেগুলি সম্পর্কে কি করা হবে সেটা নিশ্চয়ই কর্পোরেশনের সঙ্গে আলাপ আলোচনা না করে আমরা এ সম্বন্ধে কিছু বলতে পারি না। আমরা শীঘ্রই তাঁদের সঙ্গে এই প্রস্তাব নিয়ে আলাপ-আলোচনা করবো। কিন্তু আপাতত খুব দ্রুত অন্তত প্রত্যেকটি ওয়ার্ডে একটা করে এই ভিত্তিতে—এই ভিত্তি এমন নয় যে প্রত্যেকটি ওয়ার্ডে একটা করতে হবে, এমন ওয়ার্ড আছে যেখানে নূতন প্রাথমিক বিদ্যালয় করার প্রয়োজনীয়তা নেই, আবার এমন ওয়ার্ড আছে যেখানে প্রাথমিক বিদ্যালয়ের প্রয়োজনীয়তা খুব বেশী আছে, সেখানে আগে করা হবে, প্রয়োজন হলে একটা ওয়ার্ডে দু-তিনটি বিদ্যালয় হতে পারে, এই জিনিসগুলি আমরা এখনও পর্যালোচনা করছি। আগামী কিছুদিনের মধ্যে আমরা হয়ত কয়েকটি বিদ্যালয় সুরু করতে পারবো।

শ্রীকানাই পাল: মাননীয় মন্ত্রিমহাশয় প্রশ্নোত্তরে যে রিপোর্ট প্লেস করেছেন তাতে তিনি জানিয়েছেন যে ১২টি মিউনিসিপ্যালিটিতে অবৈতনিক প্রাথমিক শিক্ষা প্রবর্তিত হয়েছে এবং তার মধ্যে তিনি শান্তিপুর মিউনিসিপ্যালিটির কথাও উল্লেখ করেছেন। আমি এ সম্পর্কে তাঁর কাছ থেকে জানতে চাই যে সাধারণভাবে সমস্ত ছাত্রকে যে অবৈতনিক প্রাথমিক শিক্ষা দেওয়ার কথা সরকার চিন্তা করছেন সেগুলি কি সেইভাবে চালু হয়েছে, না আংশিকভাবে মিউনিসিপ্যালিটির অধীনে যে দু-চারটি স্কুল ছিল তিনি সেই সম্পর্কে উত্তর দিয়েছেন?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: আমি এইমাত্র বললাম যে ১২টি এলাকায় চালু হয়েছে এই কথার মধ্যে অনেক ফাঁক আছে। বাস্তব অবস্থায় এটা অনেক মিউনিসিপ্যালিটিতে সত্যি যে যেসমস্ত শিশুদের বিদ্যালয়ে যাওয়া উচিত তারা সকলেই যায় এটা কিন্তু সত্য নয় এবং যার জন্য যদিও আবশ্যিক আইন গ্রহণ করা হয়েছে তাহলেও সেই আইন কার্যতঃ প্রয়োগ করা যাচ্ছে না এবং তার দ্বারা শাস্তি বিধানের কোন ব্যবস্থা করা যাচ্ছে না এবং পর্যাপ্ত বিদ্যালয়ও নেই এটা আমরা জানি।

[1-50—2 p.m.]

শ্রীকানাই পাল: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা খুব অন্যায় যে, শিক্ষাকর নিয়ে সামগ্রিকভাবে

যে অবৈতনিক প্রাথমিক শিক্ষা চালু করার কথা ছিল এবং শান্তিপুর মিউনিসিপ্যালিটি এই সিদ্ধান্ত নিয়েছিলেন কিন্তু সেই সিদ্ধান্ত যে কার্যকরী হয় নি, এটা যে ভুল সেটা কি তিনি জানেন যে. রিপোর্টটা পেশ করা হয়েছে?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: না, এটা আমার জানা নেই। তবে আপনি যদি আমাকে বলেন, তাহলে আমি খোঁজ নিয়ে জানাতে পারব।

শ্রীমহঃ ইসরায়েল: আমাদের নতুন স্কুল সম্বন্ধে মাননীয় মন্ত্রিমহাশয় একবার বললেন যে. অনেক অভিযোগ পাবার জন্য নূতন স্কুলগুলো স্যাংশন করার ব্যাপারে মুলতুবী রেখেছিলেন। তারপর বললেন, কিছু কিছু মুলতুবী আদেশ প্রত্যাহার করে নিয়েছি। তারপর আবার বললেন যে, সমস্ত বিষয়টা পর্যালোচনা করে দেখছি এবং ইনকোয়ারি করছি। কোন্‌টা কি ব্যাপার আমরা তো জিনিসটা ঠিক বুঝতে পারলাম না এবং এই সভার সামনে ক্লিয়ার হল না। আমার মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে প্রশ্ন হচ্ছে যে, গ্রামাঞ্চলে নতুন স্কুল স্থাপনের ব্যাপারে তাঁর সিদ্ধান্তটা কি? যে মুলতুবী উনি রেখেছেন সেই আদেশটা কি এখন আছে না উনি সেই স্কুলগুলি নূতন করে করবার কথা ভাবছেন বা কিভাবে উনি তদন্ত করবেন না করবেন আমাদের খুলে বলুন?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: এটা বুঝতে অসুবিধা হয়ে থাকলে আমি দুঃখিত। কিন্তু কথাটা খুব সহজ কথা। অভিযোগ এসেছে নানা জায়গা থেকে। তারপর এই নির্বাচনের কিছুদিন আগে থেকে কতগুলি বিদ্যালয় মঞ্জুর করা হল অনেকগুলি প্রাথমিক শিক্ষকের চাকরির ব্যবস্থা করে দেওয়া হল। এর মধ্য দিয়ে যাঁরা নির্বাচনে এক বিশেষ পক্ষের হয়ে কাজ করেছিলেন এবং যাঁরা নির্বাচনে বিশেষ ভার নিয়েছিলেন, তাঁদেরই ব্যবস্থা করা হচ্ছে এবং নির্বাচনের সময় তাদের এই ধরণের প্রসাদ বণ্টনের প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল সেটাকে কার্যকরী করা হয়েছিল। আমরা যখন এই অভিযোগগুলি পেতে থাকি—এই অভিযোগও আসে যে যেখানে বিদ্যালয় নেই যখন প্রথম সার্ভে করা হয়েছিল ১৯৬২ সালের আগে তখন ১৯৬২ সালে এসব বন্ধ করে দেওয়া হয়েছিল। নির্বাচনেব কয়েকদিন আগে আবার মঞ্জুর করা হল। সেই যে সার্ভে রিপোর্ট সেটা অনেকদিন আগের ইতিমধ্যে হয়ত ঘটনা ঘটেছে যে. যদি বা কোন জায়গায় বিদ্যালয় ছিল সেটা এখন নেই, কিন্তু সরকার এখন তাকে মঞ্জুরী দিচ্ছে। এই অভিযোগগুলি আসার ফলে এবং খুবই ব্যাপকভাবে আসার ফলে আমরা বলি এই যে মঞ্জুরী আদেশ তাকে মুলতুবী রাখি। তারপর আমরা জেলা বিদ্যালয় পরিদর্শক এবং যারা ডিস্ট্রিক্ট ইন্সপেক্টেস তাঁদের এক সম্মেলনে আমরা ডাকি তাঁদের কাছে বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা হয় এবং তাঁদের বক্তব্য ও বিপোর্ট আমরা জানতে চাই। তারা জানান যে, ঐরকম ক্ষেত্র আছে যে যদিও যেখানে বিদ্যালয় নেই, সেখানে বিদ্যালয় মঞ্জুরী হচ্ছে এইরকম ঘটনা আছে তাঁদের আমরা নির্দেশ দিই যে, আপনারা নিজেদের এলাকায় যান এবং সেখানে আবার সার্ভে করুন করে স্ট্রিক্টলি অ্যাকর্ডিং টু রুলস নিয়ম অনুসারে যে মঞ্জুরী প্রাপ্য সেটার আপনারা একটা হিসাব পাঠান যে কোন্ কোন্‌গুলি মঞ্জুরী হওয়া উচিত। কোন্ কোন্ জায়গায় নূতন শিক্ষক নিয়োগ করা উচিত। তাঁরা সেই বিপোর্টগুলি পাঠাতে থাকেন, একটির পর একটি আসতে থাকে. সব জায়গা থেকে রিপোর্ট আসে নি। রিপোর্ট আসার সঙ্গে সঙ্গে তাদেব বলে দেওয়া হয় যে, আপনারা ঐ রিপোর্টের মধ্যে যেগুলিকে প্রায়োরিটি বলছেন যে, এটা এক্ষুনি করা দরকার, সেগুলিকে এখুনি আপনারা ব্যবস্থা করুন যাতে সেখানে বিদ্যালয় হয়, ফলে মঞ্জুরী পায় যাতে শিক্ষকেব নিয়োগ হয় এই হচ্ছে ব্যাপারটা। কাজেই মুলতুবী আদেশ সব প্রত্যাহার করে নেওয়া হয়েছে ঢালাওভাবে সকলকে বলা হয়েছে যা খুশি করবার জন্য এটাও যেমন ঠিক নয় তেমনি একথাও ঠিক নয় যেসব জায়গায় বন্ধ করে রাখা হয়েছে এটাও ঠিক নয়। এই ব্যাপারটা একটা প্রসেসের মধ্যে চলছে। এই প্রসেস হয়ত আর কিছুদিনের মধ্যে ঠিক হবে।

শ্রীকৃষ্ণকুমার শুক্লা: অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার এই মাত্র ১৮১ নম্বর প্রশ্নের উত্তরে আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী যে উত্তর দিয়েছেন সেই উত্তর চ্যালেঞ্জ করেছেন সরকারপক্ষীয় একজন সদস্য মাননীয় কানাই পাল এবং তিনি সমস্ত দায়িত্ব নিয়ে বলেছেন যে শান্তিপুর মিউনিসিপ্যালিটি সম্বন্ধে উনি যে তথ্য পরিবেশন করেছেন সে তথ্য ভুল এবং তাঁর এই ভুল তথ্য হাউসে পরিবেশিত হয়েছে আমি অনুরোধ করব আপনার কাছে আপনি আজকে যে উত্তর ১৮১ নম্বর

সম্বন্ধে দেওয়া হয়েছে তা আমাদের হাউসের প্রসিডিংস থেকে এক্সপাঞ্জ করিয়ে দিন কেননা উনি হাউসকে মিসলিড করবার জন্য ভুল তথ্য পরিবেশন করেছেন এবং সরকারপক্ষ এম-এল-এ তা চ্যালেঞ্জ করেছেন।

Mr. Speaker: There is nothing to be expunged in the statement. I will not allow any more discussion about this. Because there is no point in your point of order.

Shri Krishna Kumar Shukla: Sir, I would like to say trat the honourable member has just now said that the Minister has made a wrong statement.

Mr. Speaker: I will not enter into controversy over this

শ্রীশ্রীপদ ভট্টাচার্য: স্যার এটা যদি এক্সপাঞ্জ না হয় আপনার হুকুম অনুসারে তাহলে Let him say that the statement made by Shri Pal is incorrect.

Mr. Speaker: He will not say this because I have already called the next question.

Scale of pay for superannuated and re-employed primary teachers

***182.** (Admitted question No. *278.) **Dr. Pratap Chandra Chunder:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether the present Government has fixed a different scale of pay and benefits for superannuated and re-employed primary teachers; and

(b) if the answer be in the affirmative what are the reasons?

Shri Jyoti Bhusan Bhattacharya: (a) No.

(b) Does not arise.

শ্রীআবদুস সত্তার: এই সুপারঅ্যানুয়েটেড টীচার যারা, ৬০ বছর পরে যাদের আরও ৫ বছর দেওয়ার নিয়ম আছে এবং এদের এক্সটেনসান পিরিয়ডটা তাদের গ্রাচুয়িটির ব্যাপারে কাউন্ট করা হয় কি না?

শ্রীজ্যোতি ভূষণ ভট্টাচার্য: অধ্যক্ষ মহাশয়, এখানে একটু পার্থক্য আছে, বর্তমান ব্যবস্থায় যেটা আছে সেটা এক্সটেনসান নয় সেটা হচ্ছে রিএমপ্লয়মেন্ট এবং রিএমপ্লয়মেন্ট হলে এই ধরণের কোন বেনিফিট পাওয়া যায় না। আমরা একটা প্রস্তাব বিবেচনা করছি, যাতে এটা রিএমপ্লয়মেন্ট না হয়ে এক্সটেনসান হয়। যদি তারা সুপার এ্যানুয়েশানের পর কাজে যদি তারা থাকেন তাহলে সেই কার্যকালের জন্য তাদের যে বেতন বৃদ্ধি হওয়া উচিত বা গ্রাচুয়িটির পরিমাণ বাড়া পেনশনের হিসাবে যে বাকী টাকা আসা উচিত সেগুলি যাতে হয় সেই প্রস্তাব আমরা বিবেচনা করছি।

শ্রীআবদুস সত্তার: যদিও প্রশ্নটা রিএমপ্লয়মেন্ট আছে তাহলেও মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি না যে মূল বোর্ডে একটা এক্সটেনসান হিসাবে তাদের চাকরিটা বহাল রাখা হয়?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: আমি তো বললাম আমার যা জানা আছে, তা হচ্ছে এই আসল বোধ হয় ঘটনাটা এই যে রিএমপ্লয়মেন্ট এবং এক্সটেনসান এই দুটো শব্দের মধ্যে এই যে সূক্ষ্ম পার্থক্য অথচ শিক্ষকদের পক্ষে সেটা খুব গুরুতর। সেই পার্থক্য সম্বন্ধে আমরা সকলে বোধ হয় খুব ওয়াকিবহাল নই। তার জন্য বলছেন এক্সটেনশান কিন্তু কার্যত করছেন রিএমপ্লয়মেন্ট এই রকম ঘটনা হয়ত হয়ে থাকতে পারে। আমি এটা খোঁজ নিয়ে দেখব।

শ্রীআবদুস সত্তার: আমি নিজে স্কুল বোর্ডের প্রেসিডেন্ট ছিলাম এবং এদের যে এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে, আফটার সুপারঅ্যানুয়েশন সেটা একসটেনসান হিসাবে দেওয়া হয়েছে নট রিএমপ্লয়মেন্ট।

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: মাননীয় সদস্য কি বলছেন যে এক্সটেনসান হিসাবে দেওয়া হয়েছিল তার তাৎপর্য্য হচ্ছে এই যে শিক্ষকদের প্রতি বছর তার পরে বেতন বৃদ্ধি ঘটেছিল এবং তাদের গ্রাচুয়িটি পেনশান ইত্যাদির ব্যাপারে সেগুলি হিসাবে নেওয়া হয়েছে—এটা যদি বলেন তাহলে খুব সুখের কথা। কোন জায়গায় এই রকম থাকলে ভাল।

শ্রীআবদুস সত্তার: যাদের এক্সটেনসন দেওয়া হয়েছে—তারা আফটার দি পিরিয়ড অফ সুপার অ্যানুয়েশান—তার আগে যে সুবিধা পেতেন সেটা তারা পান নি এবং অন্যান্য ফেসিলিটিসও পান নি, উপরকার অর্ডার অনুসারে এটা জানেন কি?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: ওটা বোধ হয় রিএমপ্লয়মেন্ট ছিল এক্সটেনসন নয়।

ডাঃ জয়নাল আবেদিন: মন্ত্রিমহাশয় কি বলবেন যে যুক্তফ্রন্ট সরকার এই পলিসি অব সুপারএ্যানুয়েসন, এক্সটেনসন এন্ড রিএমপ্লয়মেন্ট—এটা সমর্থন করেন কিনা?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: আপনার প্রশ্নটা ঠিক বুঝতে পারছি না—পলিসি অব সুপার-অ্যানুয়েশন, এক্সটেনশন ইত্যাদি বলতে কি বুঝাচ্ছেন।

মিঃ স্পীকার: আপনাকে কিছু বলতে হবে না—এটা পলিসির ব্যাপার।

ডাঃ জয়নাল আবেদিন: আমি একথা বলছি প্রাইমারী শিক্ষকদের ক্ষেত্রে যদি সুপার-এ্যানুয়েটেড কিংবা সার্ভিস টাইম এক্সটেন্ড করেন, তাহলে তাতে যারা নূতন চাকুরী পেতে পারতেন তাদের পথ আটক করা হচ্ছে না কি?

(উত্তর নাই)

Mr. Speaker: Question hour is over.

STARRED QUESTIONS

(to which answers were laid on the table)

Pension Scheme for the School teachers

***183.** (Admitted question No. *483.)

শ্রীসমরেন্দ্রনাথ ওঝা: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্কুল শিক্ষকদের পেন্সন সম্বন্ধে যে ব্যবস্থা করা হইতেছে তাহার বিবরণ কি; এবং

(খ) এই ব্যবস্থা কখন ও কিভাবে চালু করা হইতেছে?

The Minister for Education:

(ক) নূতন কনট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড-কাম-পেনশন প্রকল্প অনুসারে সাহায্য প্রাপ্ত প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকগণ এবং সাহায্য প্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়ের অশিক্ষক কর্মীগণ নিম্নলিখিত সুবিধা পাইবেন:—

(1) Contributory Provident Fund—Employer's share 6¼ per cent. of pay. Employee's share 6¼ per cent. of pay.

(2) Pension (for service of ten years and above)—1/120 of the average of the last three years' pay for each completed year's service. Maximum ¼th of pay.

(3) Retiring and gratuity (for service of five to nine years)—half month's pay for each completed year of service.

(4) Death gratuity by (for service of five to twenty years)—quarter of one month's pay for each completed year of service subject to a minimum of Rs. 500.

(5) Family pension—(for five years) for death after twenty years' service.—On a prescribed scale ranging from Rs. 20 to Rs. 75 per month.

(খ) এই সম্বন্ধে নির্দেশ ও নিয়মাবলী বাহির করিবার ব্যবস্থা করা হইতেছে।

Permits for Bus routes in Calcutta

***184.** (Admitted question No. *532.) **Dr. Gopal Das Nag:** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) how many temporary permits in different Bus routes of Calcutta area were issued during the period from 1st December, 1966, to 31st January, 1967;

(b) how many temporary permits have been renewed so far;

(c) how many new permits have been issued during the period from 1st March, 1967 to 28th June, 1967; and

(d) whether all the permit holders have placed buses in the respective routes?

The Minister for Home (Transport): (a) Sisty-one temporary permits were issued in different bus routes as below:

10 temporary permits—Route 34A & B (Shyambazar—Bonhooghly).

4 temporary permits—Taratalla Esplanade.

47 temporary permits—In other routes outside the city limits, viz., Routes 93, 91, 30, 30A, 30C, 76, 92, 78, 89 and 89A (Lakshmikantapur to Dholarhat) and Kachuberia to Gangasagar and Namkhana to Frazerganj.

Besides these 61 temporary permits, 110 temporary permits were issued for 2 days for Gangasagar Mela and 219 temporary permits were also issued for temporary needs varying from 1 to 4 days for marriage, picnic and touring purposes.

(b) fifty-nine temporary permits have since been granted afresh, which may be classed as renewal.

(c) Six new temporary permits have been allotted in route 93 in the last week of May, 1967. No new permanent permits has been issued.

(d) Yes.

School mothers

***185.** (Admitted question No. *598.)

ডাঃ সাধনকুমার সেনঃ শিক্ষাবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রাথমিক বিদ্যালয়গুলিতে বর্তমানে যে গুরুমাগণ (স্কুল মাদার) নিযুক্ত আছেন, তাঁহারা শিক্ষয়িত্রীর ক্যাটাগরিতে পড়েন কি; এবং

(খ) তাঁহাদের বেতনের হার বৃদ্ধি করার কোন সরকারী প্রস্তাব আছে কি না?

The Minister for Education:

(ক) না।

(খ) হ্যাঁ।

Irregular payment of salaries to primary teachers

***186.** (Admitted question No. *280.) **Dr. Pratap Chandra Chunder:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) if it is a fact that primary teachers are not getting their salaries regularly; and

(b) if so, what are the reasons for such irregular payment?

The Minister for Education: (a) The District School Boards have been authorised to send money orders for the payment of primary school teachers well in advance before the end of the month. In most cases the teachers are paid regularly. Nevertheless complaints have been received from time to time that delay occurred in some cases.

(b) On enquiries being made into the causes of late payment in some cases it was found that delay in preparation of bills and postal delays were the reasons in most cases.

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Distribution of Khas and vested lands

68. (Admitted question No. 165.) **Shri Syama Prasad Barman:** Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—

(a) the area of khas and vested lands in the hands of Government for distribution districtwise;

(b) the composition of the Committees appointed for distribution of these lands to the landless agriculturists;

(c) quantity and areas of lands which have been distributed by such Committees; and

(d) number of cases of lawlessness, if any, arising from and in connection with the distribution of lands by such Committees?

The Minister for Land and Land Revenue: (a) A statement showing the districtwise figures is enclosed.

(b) and (c) There are now no Committees for the distribution of lands. Subject to the overall control of the Collector and the Subdivisional Officer the J.L.R.O. in charge of each Land Reforms Circle is responsible for the distribution of vested and khas lands in consultation with (a) Adhyakhyas and members of Gram Panchayats, (b) representatives of local organisations (if any) of peasants and agricultural workers, (c) the Anchal Pradhan, and (d) the local M.L.A. or his representative.

Recently a Subdivisional Land Reforms Committee and Thana Land Reforms Committees, each with appropriate officers and representatives of all the political parties, have been set up in the Siliguri Subdivision of the Darjeeling district.

The normal work of distribution for 1374 B.S. is in progress. The total area distributed so far is 152,253.88 acres.

(d) Does not arise.

Statement referred to in reply to item (a) of the question No. 68

Serial No.	Name of the districts.	Area of khas and vested lands in the hands of Government for distribution.
1	2	3
1.	Bankura	7,701·03
2.	Birbhum	5,015·85
3.	Burdwan	7,841·74
4.	Cooch Behar	42,257·21
5.	Darjeeling	27,301·48
6.	Hooghly	3,532·20
7.	Howrah	581·48
8.	Jalpaiguri	67,654·00
9.	Malda	38,273·96
10.	Midnapore	87,813·00
11.	Murshidabad	6,018·57
12.	Nadia	6,088·77
13.	Purulia	3·08
14.	24-Parganas	25,450·00
15.	West Dinajpore	31,077·00

Biprapur-Ilahipur Road, Hooghly

69. (Admitted question No. 319.)

শ্রীঅমলেশচন্দ্র মজুমদার: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলার নালিকুল-ইলাহিপুর পাকা রাস্তাটির বিপ্রপুর-ইলাহিপুর অংশের কাজ এ বছরে শেষ হইবে কি না;

(খ) ইহা কি সত্য এই রাস্তাটির জন্য প্রয়োজনীয় জমি দখলের কাজ এখনও শেষ হয় নাই;

(গ) ইহা সত্য হইলে ঐ দখল শেষ না হইবার কারণ কি;

(ঘ) এই রাস্তার স্কীম কোন্ সালে গ্রহণ করা হইয়াছে এবং এ জন্য কত টাকা বরাদ্দ করা হইয়াছিল ও এ পর্যন্ত কত টাকা খরচ হইয়াছে; এবং

(ঙ) ১৯৬৭ সালের মধ্যে রাস্তা তৈয়ারীর কাজ শেষ করিবার জন্য কোন ব্যবস্থা করা হইয়াছে কি ?

The Minister for Public Works (Roads):

(ক) না।

(খ) হ্যাঁ।

(গ) সাধারণতঃ জমি দখল পাওয়া সময়সাপেক্ষ ব্যাপার।

(ঘ) ১৯৬৬ সালে ৫,০০,০০০ টাকা বরাদ্দ হইয়াছে এবং এই পর্যন্ত ২,৭৬,১৭৮ টাকা খরচ হইয়াছে।

(ঙ) যথাসম্ভব কাজটি ত্বরান্বিত করা হইতেছে।

Eviction of Bargadars

70. (Admitted question No. 353.)

শ্রীঅপূর্বলাল মজুমদার: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

(ক) ভাগচাষীদের জমি থেকে উচ্ছেদ বন্ধ করার নীতি হিসাবে সরকার গ্রহণ করিয়াছেন কি; এবং

(খ) নীতি হিসাবে স্বীকৃত হইয়া থাকিলে সে নীতি কবে কার্যকরী করা হবে?

The Minister for Land and Land Revenue:

(ক) ও (খ) আলোচ্য সময়ে সমস্ত উচ্ছেদ বে-আইনী। ভাগচাষীদের জমি হইতে বে-আইনী ও জবরদস্তি উচ্ছেদ বন্ধ করা সরকার নীতি হিসাবে গ্রহণ করিয়াছেন এবং তাহা কার্যকরী করার জন্য প্রয়োজনীয় নির্দেশ দিয়াছেন।

Bridge at Temuhanighat at Nandanpur Anchal, Midnapore

71. (Admitted question No. 342.)

শ্রীরজনীকান্ত দলুই: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মেদিনীপুর জেলার দাসপুর থানার অন্তর্গত ৪নং নন্দনপুর অঞ্চলে তেমুহানিঘাটের উপর একটি সেতু নির্মাণের জন্য গত ১৯এ জানুয়ারী ১৯৬৫, তারিখে মাননীয় মুখ্যমন্ত্রী ও মাননীয় পূর্তমন্ত্রী মহোদয়ের নিকট একটি দরখাস্ত গ্রামবাসীগণের তরফ হইতে আসিয়াছিল; এবং

(খ) সত্য হইলে, এই সেতু সম্বন্ধে কি কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে?

The Minister for Public Works (Roads):

(ক) ঐ সময়ে মাননীয় পূর্তমন্ত্রী মহোদয়ের কাছে লিখিত একটি দরখাস্ত গ্রামবাসীগণের তরফ হইতে আসিয়াছিল।

(খ) অর্থাভাবে ঐ সেতু নির্মাণ সম্পর্কে বিবেচনা করা সম্ভবপর হইতেছে না।

Vested land in police-stations of Murshidabad district

72. (Admitted question No. 383.)

শ্রীঅমলেন্দুলাল রায়: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার কোন্ থানায় সরকারে ন্যস্ত কত জমি আছে;

(খ) কোন্ থানায় কত জমি সরকারী নিয়ম মত প্রাপক চাষীদের বণ্টন করিয়া দেওয়া হইয়াছে; এবং

(গ) মুর্শিদাবাদ জেলার কোন্ থানায় কত বাস্তুজমি চাষীদের মধ্যে বণ্টন করিয়া দেওয়া হইয়াছে?

The Minister for Land and Land Revenue:

(ক), (খ) ও (গ) একটি বিবরণী সংযোজিত হইল।

Statement referred to in reply to clause (ক), খ) and (গ) of unstarred question No. 72

জেলা		থানার নাম		সরকারে ন্যস্ত জমির পরিমাণ	চাষীদের বণ্টন করিয়া দেওয়া জমির পরিমাণ	বাস্তুজমি চাষীদের মধ্যে বণ্টন করিয়া দেওয়ার পরিমাণ।
মুর্শিদাবাদ	..	বহরমপুর	..	১,৫৭৬ ৬৫ শতক	৩৮২ ৩০ শতক	..
		হরিহরপাড়া	..	৯৮৭.০৪ ,,	২৯৫.১৭ ,,	..
		বেলডাঙ্গা	..	১,৮৮১ ৭১ ,,	২৯৫.৫৯ ,,	..
		নওদা	..	১,৬১৫ ৩৯ ,,	১৯৭.৪১ ,,	..
		ডোমকল	..	৩,৪৯৩ ৫৭ ,,	২৩৬.৮৫ ,,	..
		জলাঙ্গী	..	১,৭৯২.৭৮ ,,	১৩১.০০ ,,	..
		মুর্শিদাবাদ	.	৭৯৫.২১ ,,	২৩৮ ৭৬ ,,	..
		রাণীনগর	..	২,৩৬০ ০১ ,,	১৪৭.৪০ ,,	..
		জিয়াগঞ্জ	.	৩১৯.৮৫ ,,	৮৮.৬২ ,,	..
		নবগ্রাম	..	৩,৫১০ ৯০ ,,	৪০৮ ৯১ ,,	..
		ভগবানগোলা		৩,১৯১.৬৪ ,,	৬ ০০ ,,	..
		লালগোলা	..	১,০৮০ ৫৫ ,,	..	..
		কান্দী	.	৩,১২০ ৫৮ ,,	১৯৬.৮১ ,,	..
		খড়গ্রাম	..	১,৩৩৫.২২ ,,	১১০.৫৩ ,,	..
		ভরতপুর	.	২,৬৩৮.৮৫ ,,	৪০.৩০ ,,	..
		বড়ঞা	.	১,৭৯৪ ৪০ ,,	৪০.০৬ ,,	..
		সাগরদীঘি	..	১,৮৭৯ ৮৮ ,,	৩৬৪.০০ ,,	২.৫৩ শতক
		রঘুনাথগঞ্জ	..	১,৯০৩.১৪ ,,	৬৪১ ৪৬ ,,	..
		ফরাক্কা	..	১,৭১৪.৪৮ ,,	৮৮৮.৯০ ,,	..
		সমসেরগঞ্জ	..	১,০৭৪.৩০ ,,	২২.৫১ ,,	..
		সূতী	.	২,৪৮৯ ৩৯ ,,	৪৩৪.৩১ ,,	..
				৪০,৫৬৪.৫৪ শতক	৫,১৬৬.৬৯ শতক	২.৫৩ শতক

Rural water supply position in Suti police-station, Murshidabad

73. (Admitted question No. 429.)

শ্রীশীষ মহম্মদ: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার সুতী থানায় (১) কতগুলি টিউবওয়েল আছে, ও (২) তাহার মধ্যে কতগুলি অচল হইয়া আছে;

(খ) এই কথা কি সত্য যে সুতী থানার পানীয় জলের অভাব হইয়াছে; এবং

(গ) সত্য হইলে, এ সম্পর্কে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

The Minister for Health:

(ক) (১) রুর‍্যাল ওয়াটার সাপ্লাই প্রোগ্রাম-এর অধীনে ২০০টি টিউবওয়েল আছে।

(২) ৭৪টি।

(খ) প্রতি ৪০০ জনে একটি করিয়া টিউবওয়েল ও প্রতি গ্রামে অন্ততঃ একটি করিয়া নলকূপ স্থাপনের প্রচলিত নীতি অনুযায়ী উক্ত সুতী থানায় জলসরবরাহ ব্যবস্থা প্রয়োজনের তুলনায় যথেষ্ট নয়।

(গ) প্রতি বৎসর আর, ডবলিউ, এস, প্রোগ্রাম-এর অধীনে বরাদ্দকৃত অর্থের পরিমাণ সাপেক্ষে প্রতি ৪০০ জনে একটি ও প্রতি গ্রামে অন্তত একটি করিয়া জলউৎস স্থাপন বা অকেজো জলউৎস পুনঃস্থাপনের নীতি অনুযায়ী কাজ গ্রহণ করা হইয়া থাকে। বর্তমান বৎসরে অর্থাৎ ১৯৬৭-৬৮ সালে মুর্শিদাবাদ জেলাশাসকের নিকট ১ লক্ষ টাকা ঐ বাবদ দেওয়া হইয়াছে। উক্ত সুতী থানায় প্রয়োজনানুগ জলউৎস স্থাপনের কাজ কতদূর অগ্রসর হইয়াছে তাহা এখনও জেলাশাসকের নিকট জানা যায় নাই।

এতদ্ব্যতীত বর্তমান বৎসরে সমগ্র মুর্শিদাবাদ জেলার জন্য আরও কিঞ্চিদধিক ১,১৪,০০০ টাকা গ্রাম অঞ্চলে জল সরবরাহের জন্য মঞ্জুর করিবার সিদ্ধান্ত করা হইয়াছে। এই বরাদ্দ হইতে সুতী থানায় কি করা হইল তাহা জেলাশাসক স্থানীয় ডিস্ট্রিক্ট ফুড এ্যান্ড রিলিফ এ্যাড্‌ভাইসরি কমিটির সহিত পরামর্শক্রমে স্থির করিবেন।

Allotment of land to the Jawans killed or wounded during Indo-China and Indo-Pak conflicts

74. (Admitted question No. 437.)

শ্রীমহম্মদ আবদুল বারি: মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে (১) চীন-ভারত এবং (২) পাক্-ভারত সীমান্ত সংঘর্ষের সময় নিহত জোয়ানদিগের পরিবারগুলিকে এবং আহত জোয়ানকে বিনামূল্যে জমি দিবার পরিকল্পনা পশ্চিমবঙ্গ সরকারের আছে?

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) জেলাওয়ারী কয়জন এরূপ জমি পাওয়ার আবেদন করিয়াছেন, এবং

(২) কয়জন অদ্যাবধি জমি পাইয়াছেন?

The Chief Minister:

(ক) (১) এবং (২)—হ্যাঁ। ৬,০০০ একর জমি জোয়ানদিগের যোগ্য পরিবারবর্গকে দিবার জন্য সংরক্ষিত রাখা হইয়াছে।

(খ) (১)

(অ) বর্ধমান	—	৮	জন
(আ) ২৪-পরগনা	—	৬	”
(ই) পশ্চিম দিনাজপুর	—	৭	”
(ঈ) কুচবিহার	—		
(উ) মালদহ	—	৩	”
(ঊ) দার্জিলিং	—	২৭	”
(ঋ) জলপাইগুড়ি	—	৩	”
(৯) মেদিনীপুর	—	১	”
		৫৫	জন

(২)

(অ) বর্ধমান	—	৮	জন
(আ) ২৪-পরগনা	—	৫	”
(ই) পশ্চিম দিনাজপুর	—	৭	”
(ঈ) কুচবিহার	—		
(উ) মালদহ	—	৩	”
(ঊ) দার্জিলিং	—	[illegible]	”
(ঋ) জলপাইগুড়ি	-		”
(৯) মেদিনীপুর	—	১	”
		২৪	জন

Nimtita Railway Station-Suti Thana Road, Murshidabad

75. (Admitted question No. 461.)

শ্রীশীষ মহম্মদ: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার সুতী থানার নিমতিতা রেল ষ্টেশন হইতে সুতী থানা পর্যন্ত যে পিচ রাস্তাটি সরকার নির্মাণ করিবার পরিকল্পনা গ্রহণ করিয়াছিলেন তাহা সম্পূর্ণ হইয়াছে কি; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'না' হয় তবে মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি যে কেন এই রাস্তাটির নির্মাণ কার্য সম্পূর্ণ হইল না ?

The Minister for Public Works (Roads):

(ক) হ্যাঁ, ৪র্থ মাইলের ৪০০ ফুট ছাড়া।

(খ) জমি দখল না পাওয়ার জন্য ঐ ৪০০ ফুটের নির্মাণ কার্য শেষ হয় নাই।

Fair wages for Biri Labourers in Jangipur subdivision

76. (Admitted question No. 462.)

শ্রীশীষ মহম্মদ : শ্রমবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর মহকুমায় প্রায় ৫০ হাজার বিড়ি শ্রমিক তাহাদের ন্যায্য মজুরী না পাওয়ায় বিড়ি কোম্পানীদের বিরুদ্ধে আন্দোলন গড়িয়া তুলিতেছেন তাহা সরকার জানেন কি;

(২) যদি (১) প্রশ্নের উত্তর হ্যাঁ হয় তবে সরকার বিড়ি শ্রমিকদের ন্যায্য মজুরী প্রাপ্তির জন্য কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন;

(৩) বিড়ি শ্রমিকদের ন্যায্য মজুরী নির্ধারণের জন্য সরকার কোন 'নিম্নতম মজুরী নির্ধারণ বোর্ড' গঠন করার চিন্তা করিয়াছেন; এবং

(৪) যদি (৩) প্রশ্নের উত্তর হ্যাঁ হয় তবে কতদিনের মধ্যে 'বোর্ড' শ্রমিকদের নিম্নতম মজুরী নির্ধারণ করিয়া দিবেন ?

The Minister for Labour:

(১) হ্যাঁ।

(২) ঔরঙ্গাবাদে বিড়ি ব্যবসায়ী সংস্থা ও বিড়ি মুন্সী ইউনিয়নের মধ্যে দ্বিপাক্ষিক চুক্তির ফলে বিড়ি শ্রমিকদের মজুরী বৃদ্ধি পাইয়াছে।

(৩) বিড়ি শ্রমিকদের নিম্নতম মজুরী পুনর্নির্ধারণ করিবার জন্য দুইটি 'নিম্নতম মজুরী কমিটি' ইতিপূর্বেই গঠিত হইয়াছে। একটি মুর্শিদাবাদ জেলার সুতী, সামসেরগঞ্জ ও ফারাক্কা এলাকার বিড়ি শ্রমিকদের জন্য ও অন্যটি রাজ্যের অন্যান্য স্থানের বিড়ি শ্রমিকদের জন্য।

(৪) কমিটি দুইটির সুপারিশ অনুযায়ী বিড়ি শ্রমিকদের নিম্নতম মজুরী পুনর্নির্ধারণ করা হইবে। কমিটিগুলি যাহাতে তাহাদের সুপারিশ সত্বর পেশ করেন তাহার জন্য কমিটি দুইটিকে অনুরোধ করা হইয়াছে।

Metalling of roads in Kalna and Purbasthali police-stations, Burdwan

77. (Admitted question No. 467.)

শ্রীপরেশচন্দ্র গোস্বামী : পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার নাদনঘাট কেন্দ্রের, কালনা ও পূর্বস্থলী থানার কোনও রাস্তা পাকা করবার সিদ্ধান্ত হয়েছে কিনা;

(খ) সিদ্ধান্ত হয়ে থাকলে কোন্ কোন্ রাস্তা সিদ্ধান্তের অন্তর্ভুক্ত হয়েছে;

(গ) কোন্ রাস্তার কাজ প্রথম ধরা হবে; এবং

(ঘ) কতদিনে কাজ আরম্ভ হতে পারে ?

The Minister for Public Works (Roads):

(ক) চতুর্থ পরিকল্পনা এখনও চূড়ান্তরূপে পরিগ্রহ করে নাই। সুতরাং বর্তমানে কিছু বলা সম্ভবপর নহে।

(খ), (গ) এবং (ঘ) প্রশ্ন উঠে না।

Kalimpong Government High School for boys

78. (Admitted question No. 470.) **Shri Krishna Bahadur Gurung:** Will the Minister-in-charge of Education Department be pleased to state—

(a) if it is a fact that Kalimpong Government High School for boys is going without any Headmaster or Assistant Headmaster for more than two years; and

(b) if so, the reasons therefor and what steps the Government has taken in this regard?

The Minister for Education: (a) The post of Headmaster, Kalimpong Government High School, remained vacant for nearly two years from 28th June, 1965 to 18th June, 1967. A new Headmaster joined this School in 19th June, 1967. The post of Assistant Headmaster has been recently created and is being filled up in consultation with the Public Service Commission, West Bengal.

(b) The process of selection through Public Service Commission has taken time.

Kalimpong-Relli Bridge Road, Darjeeling

79. (Admitted question No. 474.) **Shri Krishna Bahadur Gurung:** (a) Will the Minister-in-charge of the Public Works Department be pleased to state if it is a fact that the construction of the P.W.D. Road from Kalimpong to Relli Bridge (Kalimpong Subdivision—Darjeeling) started about six years back?

(b) If the answer to (a) be in the affirmative will the Minister be pleased to state—

(i) whether the said construction work has not been completed;

(ii) if not, the reasons therefor; and

(iii) by which time that said construction work is expected to be completed?

The Minister for Public Works: (a) Yes.

(b) (i) Construction of 4½ miles completed. Remaining 1½ miles not yet taken up.

(ii) The original estimate provided for construction of 4½ miles. Due to some change in alignment during actual execution and after detailed survey, the total length of the road to be constructed comes to 6 miles. As there was no provision in the original estimate for this additional length of 1½ miles, sanction of Government of India is being sought for the additional cost involved being financed from the Central Road Fund.

(iii) Within a year from the date of receipt of sanction from Government of India.

Gana Committee and Food Relief Committee

80. (Admitted question No. 528.)

শ্রীযতীন্দ্রমোহন রায়ঃ স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গণকমিটি ও খাদ্য ত্রাণ কমিটিগুলি কিভাবে গঠিত হইয়াছে;

(খ) কমিটিগুলিতে নির্বাচিত জনপ্রতিনিধি অর্থাৎ গ্রামসভার সদস্য, অধ্যক্ষ, অঞ্চল পঞ্চায়েতের সদস্য, আঞ্চলিক পরিষদের সদস্য এবং জেলা পরিষদের সদস্যগণকে লওয়া হইয়াছে কি; এবং

(গ) গণকমিটিগুলি সরকারের নির্দেশে পরিচালিত হয় কি?

The Minister for Home (General Administration):

(ক), (খ) ও (গ) কোনও গণকমিটি সরকার কর্তৃক গঠিত হয় নাই। খাদ্য ও ত্রাণ কমিটিগুলি নিম্নলিখিতভাবে গঠিত হইয়াছেঃ—

জেলা খাদ্য ও ত্রাণ কমিটি

(১) জেলাস্থিত প্রত্যেক রাজনৈতিক দলভুক্ত একজন প্রতিনিধি;

(২) জেলাস্থিত প্রত্যেক রাজনৈতিক দলভুক্ত একজন এম, এল, এ, অথবা এম, এল, সি;

(৩) জেলাশাসক, মহকুমা শাসকগণ, ত্রাণকার্য্যের ভারপ্রাপ্ত জেলা আধিকারিক এবং খাদ্য কর্পোরেশনের জেলা ম্যানেজার।

মহকুমা খাদ্য ও ত্রাণ কমিটি

(১) মহকুমাস্থিত এম, এল, এ, এবং এম, এল, সি-গণ (কোনও এম, পি, থাকিলে তিনিও আমন্ত্রিত হইবেন)।

(২) মহকুমাস্থিত প্রত্যেক রাজনৈতিক দলভুক্ত একজন প্রতিনিধি।

(৩) মহকুমাশাসক এবং মহকুমা খাদ্য ও সরবরাহ নিয়ামক।

(৪) জেলা খাদ্য ও ত্রাণ কমিটি কর্তৃক নির্বাচিত পাঁচজন প্রতিনিধি।

ব্লক খাদ্য ও ত্রাণ কমিটি

(১) ব্লকস্থিত এম, এল, এ, ও এম, এল, সি-গণ।

(২) ব্লকস্থিত প্রত্যেক রাজনৈতিক দলভুক্ত একজন প্রতিনিধি।

(৩) ব্লক ডেভেলপমেন্ট অফিসার।

(৪) মহকুমা খাদ্য ও ত্রাণ কমিটি কর্তৃক নির্বাচিত পাঁচজন প্রতিনিধি।

অঞ্চল খাদ্য ও ত্রাণ কমিটি

(১) অঞ্চল প্রধান।

(২) অঞ্চলস্থিত প্রত্যেক রাজনৈতিক দলভুক্ত একজন প্রতিনিধি।

(৩) ব্লক খাদ্য ও ত্রাণ কমিটি কর্তৃক নির্বাচিত পাঁচজন প্রতিনিধি।

Reservation of vacancies for Scheduled Castes and Scheduled Tribes

81. (Admitted question No. 540.) **Shri Tenzing Wangdi:** Will the Minister-in-charge of the Tribal Welfare Department be pleased to state with reference to a new item published in page 82 of the English edition of "West Bengal", dated Saturday, the 13th May, 1967, under the caption "Reservation of vacancies for Scheduled Castes and Scheduled Tribes"—when the West Bengal Government took the decisions mentioned therein and at what level the decisions were taken?

The Minister for Tribal Welfare: The decision was taken by the Cabinet on 10th January, 1967.

Appointment of Commissioners

82. (Admitted question No. 567.)

শ্রীকানাই ভৌমিক: স্বরাষ্ট্র (সাধারণ শাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কমিশনার নিয়োগ করার জন্য ভারত সরকারের অনুমোদন কি প্রয়োজন হয়;

(খ) প্রয়োজন হইলে কেন্দ্রীয় সরকারের অনুমোদন বর্তমান কমিশনারদের নিয়োগের ক্ষেত্রে পাওয়া গিয়েছিল কি না; এবং

(গ) বর্তমানে যে সমস্ত কমিশনার আছেন তাঁদের নিয়োগ কি সিনিওরিটি-এর ভিত্তিতে করা হয়েছে ?

The Minister for Home (General Administration):

(ক) না।

(খ) এ প্রশ্ন উঠে না।

(গ) যোগ্যতা এবং সিনিওরিটি উভয়ের ভিত্তিতে নিয়োগ করা হইয়াছে।

Boarding, lodging and book grants to Adibasi students

83. (Admitted question No. 571.)

শ্রীবুধনচন্দ্র টুডু : আদিবাসী-মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আদিবাসী ছাত্র-ছাত্রীদের (সাঁওতাল) বোর্ডিং ও লজিং বাবদ যে অনুদান সরকার হইতে দেওয়া হয় তাহা বছরের প্রথম থেকে দেওয়ার ব্যাপারে সরকার কিছু চিন্তা করছেন কি; এবং

(খ) বুক গ্র্যান্ট বাবদ শ্রেণী অনুযায়ী প্রতি ছাত্রকে কি পরিমাণ টাকা সাহায্য দেওয়া হয় ?

The Minister for Tribal Welfare:

(ক) বৎসরের প্রথম অর্থাৎ জানুয়ারী মাস থেকেই দেওয়া হয়।

(খ)—

		টাকা
৫ম হইতে ৭ম শ্রেণী	...	১৫
৮ম ও ৯ম শ্রেণী	...	২০
১০ম ও ১১শ শ্রেণী	...	৩০

Grant to Adibasi student

84. (Admitted question No. 573.)

শ্রীবুধনচন্দ্র টুডু : আদিবাসী-মঙ্গল বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিদ্যালয়ে অধ্যয়নরত আদিবাসী ছাত্র-ছাত্রীদের সকলকেই কি সরকারী অনুদান দেওয়া হয়;

(খ) বিভিন্ন শ্রেণীতে অধ্যয়নরত প্রতি আদিবাসী ছাত্রছাত্রী প্রতি বৎসরে কি পরিমাণ টাকা সাহায্য পাইতে পারে; এবং

(গ) মেধাবী আদিবাসী ছাত্রছাত্রীদের জন্য স্পেশাল কোন গ্রাণ্টের ব্যবস্থা আছে কি ?

The Minister for Tribal Welfare:

(ক) একই শ্রেণীতে দুই বৎসরের বেশী না থাকিলে মাধ্যমিক বিদ্যালয়ে অধ্যয়নরত সকল আদিবাসী ছাত্রকেই বিদ্যালয়ের বেতন ও অন্যান্য আবশ্যিক ফি বাবদ সরকারী অনুদান দেওয়া হয়।

(খ) একটি বিবরণী এতৎসহ পেশ করা হইল।

(গ) হ্যাঁ।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 84

(১) বিদ্যালয়ের বেতন ও অন্যান্য আবশ্যিক ফি।

(২) পুস্তক ক্রয়ের জন্য অনুদান ঃ—

		টাকা
৫ম হইতে সপ্তম শ্রেণী	...	১৫
৮ম ও ৯ম শ্রেণী	...	২০
১০ম ও ১১শ শ্রেণী		৩০
অথবা, বিশেষ বৃত্তি	...	১০০
অথবা, ছাত্রাবাসের ব্যয় নির্বাহের জন্য অনুদান—		
সহরাঞ্চলে	...	২৭০
গ্রামাঞ্চলে	...	২২০

(১-৮-৬৭ তারিখ হইতে এই হার বৃদ্ধি করিয়া ৩৫০ টাকা ও ৩০০ টাকা করা হইতেছে।)

(৩) স্কুল ফাইনাল ও হায়ার সেকেন্ডারী পরীক্ষার্থীর পরীক্ষার ফি।

(৪) ৯ম, ১০ম ও ১১শ শ্রেণীর আদিবসাী ছাত্রছাত্রীগণ বিশেষ কোচিং ব্যবস্থারও সুযোগ পায়।

Ahmedpur Sugar Mill

85. (Admitted question No. 594.)

শ্রীশিরোমণি প্রসাদ ঃ বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি আহমদপুর সুগার মিলটি পুনঃ পরিচালনার কথা চিন্তা করিতেছেন; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে কি নাগাদ ঐ মিলটি চালু হইবে ?

The Minister for Commerce and Industries:

(ক) হ্যাঁ।

(খ) সঠিক বলা সম্ভব নয়।

Adjournment Motion

[2—2-10 p.m.]

Mr. Speaker: I have received notice of an adjournment motion from Shri Maharaja Bose on the subject of stopping of railway trains between Calcutta, Bongaon and Habra on the 14th and 15th July causing suffering to two lakhs of people.

I regret very much that I have withheld consent.

Calling Attention to Matter of Urgent Public Importance

Mr. Speaker: The Minister-in-charge of the Home (Police) Department will please make a statement on the subject of alleged 'Gherao' of Kharagpur police-station led by Shri Narayan Choubey, M.L.A., and subsequent suspension of the Thana Officer on the 9th July, 1967, called attention by Shri Abdus Sattar on the 12th July, 1967.

Shri Ajoy Kumar Mukhopadhyay: Mr. Speaker, Sir, in reply to the Calling Attention motion by Shri Abdus Sattar, M.L.A., regarding 'Gherao' of Kharagpur police-station led by Shri Narayan Choubey, M.L.A., I want to make the following statement:—

On 9th July, 1967 Narayan Choubey, M.L.A., and a Sub-Inspector of Police of Kharagpur (Local) Thana were reported to have been involved in mutual altercation and even assault over disconnection to telephone in the

midst of a talk. The complaint of Shri Choubey was recorded in the General Diary by the Officer-in-charge of the Thana in presence of the S.D.O., Sadar, South, who happened to be present there. Then a crowd of about 2,000 people demanded the immediate suspension of the Sub-Inspector of Police and tried to assault him. On receipt of this information the District Magistrate and the Superintendent of Police rushed to the spot from Midnapore. The Sub-Inspector of Police is reported to have admitted having assaulted Shri Choubey under grave and sudden provocation and in retaliation and expressed his regret. Even then some members of the crowd threw brickbats at him and the Thana, broke some flower pots and a stool and damaged a fire bucket stand. Two cases have been started, one against Shri Choubey under sections 448/353/290/504, I.P.C., and the other against Shri Choubey and others under sections 147/149/337/353/290/504/426, I.P.C.

Investigation of both the cases is proceeding. It is not a fact that the Second Officer of the Thana was suspended on 9th July, 1967.

Mr. Speaker: I have received five notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Alleged assault on Dr. Ranen Sen, M.P. and Shri Narayan Choubey, M.L.A., in Babuisole Colliery and arrest of Shri A. P. Jha, Director of Babuisole Colliery—from Dr. Gopika Ranjan Mitra.

(2) Gherao of a member of Food and Relief Committee of Block No. 2 of Tamluk by hoarders—from Shrimati Geeta Mukhopadhyay.

(3) Death of two students in 'Gowal Beria Junior Basic School' in the district of Howrah—from Shri Kalipada Mandal.

(4) Alleged murder of a 'Jotedar' of village Gobindapur, police-station Joynagar, district 24-Parganas—from Shri Provash Roy.

(5) Murder of Kartick Barman, a Kisan Sabha worker of village Balasunder, police-station Falakata, district Jalpaiguri—from Shri Monoranjan Hazra.

I have selected the notice of Dr. Gopika Ranjan Mitra on the subject of alleged assault on Dr. Ranen Sen, M.P., and Shri Naryan Choubey, M.L.A., in Babuisole Colliery and arrest of Shri A. P. Jha, Director of Babuisole Colliery.

The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Shri Ajoy Kumar Mukhopadhyay: A statement will be made on the 20th July, 1967.

Messages

Secretary (Shri P. Roy): Sir, I beg to report that messages have been received from the West Bengal Legislative Council, namely:—

(1)

"Message

The West Bengal Legislative Council at its meeting held on the 12th July, 1967, agreed to the Calcutta National Medical College and Hospital Bill, 1967, without any amendment.

PRATAP GUHA RAY,
Chairman,
West Bengal Legislative Council."

Calcutta,
The 13th July, 1967.

(2)

"Message

The West Bengal Legislative Council at its meeting held on the 14th July, 1967, agreed to the Calcutta Tramways Company (Taking over of Management) Bill, 1967, without any amendment.

PRATAP GUHA RAY,
Chairman,
West Bengal Legislative Council."

Calcutta,
The 14th July, 1967.

DEMANDS FOR GRANTS

DEMAND FOR GRANT NO. 20

TOTAL DEMAND RS. 16,87,68,000

Major Head: 29—Medical

Shri Nani Bhattacharya: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 11,62,14,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 20, Major Head: 29—Medical.

DEMAND FOR GRANT NO. 21

TOTAL DEMAND RS. 9,31,68,000

Major Head: 30—Public Health

Shri Nani Bhattacharya: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 6,40,70,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 21, Major Head: 30—Public Health.

স্যার, এ প্রসঙ্গে এই ব্যয়-বরাদ্দ পেশ করে মঞ্জুরীর আশায় আমি দু-একটা কথা এই হাউসের সামনে রাখতে চাই। মেডিক্যাল খাতে আপনারা শুনেছেন যে ১৬ কোটি ২৭ লক্ষ ৬৮ হাজার টাকার বরাদ্দ আমরা পেশ করেছি। এবং পাবলিক হেল্থে ৯ কোটি ৩১ লক্ষ ৫৯ হাজার টাকার বরাদ্দ আমরা এখানে পেশ করেছি। এ ছাড়াও পাবলিক ওয়ার্কস ও অন্যান্য খাতে স্বাস্থ্য সংক্রান্ত বিষয়ে যে বরাদ্দ ধরা হয়েছে সেগুলি যদি হিসাবের মধ্যে নিই তাহলে মোট বরাদ্দ দাঁড়াচ্ছে ২৮ কোটি ৫১ লক্ষ ৮৭ হাজার, অর্থাৎ গত বছরের তুলনায় প্রায় ৬ কোটি টাকা বেশী। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অবশ্য গত বছরের তুলনায় এই ৬ কোটি টাকা বেশী যখন বলছি এবারে আমরা ধরেছি তখন আত্মসন্তুষ্টির নিশ্চয় কোন স্কোপ নেই—যেহেতু গত বারের চেয়ে বেশী ধরা হয়েছে, সুতরাং খুশীর কোন কারণ আছে—এটা অন্তত আমি ব্যক্তিগত-ভাবে বা স্বাস্থ্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী হিসাবে আমি মনে করি না। কারণ বাংলাদেশের জনস্বাস্থ্য সংক্রান্ত যে সমস্যা সেই সমস্যা এতো ব্যাপক এবং জটিল যাতে করে আমি মনে করি যে আমাদের অর্থ-বরাদ্দ যদি আরও প্রচুর বাড়িয়ে ধরা হয় তাহলে যত তাড়াতাড়ি সে সমস্যার সমাধান করা সম্ভব হতে পারে—তাও সম্ভবপর নয়। তাছাড়া অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আজকে শুধু রোগকে রোগ হিসাবে দেখলেই তো চলবে না, জনস্বাস্থ্যকে আলাদাভাবে এমনকি তাদের চিকিৎসার দিককে আলাদাভাবে যদি আমরা বিচার করি তাহলে নিশ্চয় সেখানে ভুল করা হবে। আমরা রোগের বিভিন্ন জায়গা ঘুরে এবং বিভিন্ন হাসপাতালের চিত্র দেখে আমাদের যে ধারণা হয়েছে তাতে একথা নিসংশয়ে বলতে পারি যে আমাদের পাবলিক হেল্থ-এর আর একটা দিক আছে সেটা হচ্ছে সোসীও-ইকনমিক দিক, অর্থাৎ দরিদ্র পুষ্টিহীনতা আমাদের বস্তী জীবনের যে দুর্ভাগ্য এবং দুর্ভোগ সেগুলিকে যদি আমরা দূর করতে না পারি—

সেগুলির বিরুদ্ধে সংগ্রাম চালিয়ে তার সমাধানের দিকে যদি এগোতে না পারি তাহলে যতই আমরা জনস্বাস্থ্য সংক্রান্ত ব্যাপারে ব্যয়-বরাদ্দ মঞ্জুর করি না কেন বা চিকিৎসা খাতে ব্যয়-বরাদ্দ মঞ্জুর করি না কেন—আমরা দেখবো রোগ আবার ফিরে ফিরে আসছে—ঐ গাছের গোড়ার থেকে আগায় জল ঢালার মত নিষ্ফল প্রয়াসে তা পরিণত হচ্ছে।

[2-10—2-20 p.m.]

এ অবস্থার কথা আপনার মাধ্যমে হাউসের কাছে রাখছি এবং আমি মনে করি সামাজিক আমূল পরিবর্তন ছাড়া সামাজিক বিপ্লব ছাড়া স্বার্থক জনস্বাস্থ্য কর্মসূচী, স্বার্থক রূপায়ণ হতে পারে না। এদিকে হাউসের প্রত্যেক সদস্যের দৃষ্টি আকর্ষণ করি। আমরা যে ব্যয়-বরাদ্দ রেখেছি তা খুব সীমাবদ্ধ—প্রয়োজনের দিকে নজর রেখে একথা বলতে পারা যায়, এ ব্যয়-বরাদ্দের মধ্য দিয়া কি আমাদের পলিসি হবে সে সম্বন্ধে কয়েকটা কথা বলতে চাই, আমরা সিদ্ধান্ত করেছি আউটডোর সার্ভিস যাতে আরো বাড়াতে পারি তার উপর জোর দেব। আউটডোর ট্রিটমেণ্ট-এর সুযোগ যাতে দিতে পারি তার জন্য আমরা সিদ্ধান্ত করেছি কলকাতার কয়েকটা হাসপাতালে সন্ধ্যার দিকে আউটডোর খোলা। যে ব্যয়বরাদ্দ আপনাদের কাছে পেশ করেছি তার মধ্যে ঐ বরাদ্দ রাখা হয়েছে যাতে করে সান্ধ্যকালীন আউটডোর খুলতে পারি। আজ এটা শুধু কলকাতার সমস্যা নয়, আমরা দেখেছি রুগীর ভীড় জেলা হাসপাতালে আউটডোরগুলিতে আছে। যে সমস্ত জায়গা এখন বিকালে আউটডোর খোলা হয় নি এ সমস্ত জায়গায় আউটডোর খোলার ব্যবস্থা গ্রহণ করেছি এবং সে আউটডোর-এর উপর জোর দেবার কথা বলেছি, আউটডোর-এ চিকিৎসার উন্নতি করার কথা যখন ভাবছি তেমনি মাথা পিছু যে ব্যয়বরাদ্দ ধরা আছে তার চেয়ে বেশী বরাদ্দ বাড়াবার চেষ্টা করছি এবং যে ঔষধ দিচ্ছি তার চেয়ে ভাল ঔষধ দেবার কথা চিন্তা করছি এবং সেভাবে বরাদ্দ ধরা আছে। আউটডোর প্রসারকল্পে আরো কয়েকটা জিনিস মনে করছি, বিকালের দিকে যেসমস্ত জায়গায় সান্ধ্য আউটডোর খুলতে পারছি না সে-সকল জায়গায় যদি ইভিনিং পে ক্লিনিক খুলি তাহলে বিশেষজ্ঞদের চিকিৎসার সুযোগ সাধারণ মানুষ পাচ্ছে এবং কিছু পয়সা খরচ করে মধ্যবিত্তরা বিশেষজ্ঞদের দ্বারা চিকিৎসিত হবার সুযোগ পাচ্ছে। এভাবে আউটডোর-এর চাপ লাঘব করতে পারি। যেসমস্ত জায়গায় ফ্যামিলি প্ল্যানিং ক্লিনিকস আছে, বিশেষ করে শহরাঞ্চলে আর্বান ক্লিনিক আছে—যেসমস্ত জায়গায় আমরা আউটডোর ক্লিনিক করতে পারি তাহলে মায়েরা, সন্তানেরা সেসমস্ত ক্লিনিক থেকে ভাল চিকিৎসা পেতে পারে, এই সিদ্ধান্ত আমরা গ্রহণ করেছি। এছাড়া আর একটা আমরা ঠিক করেছি বিভিন্ন জায়গায় যতদূর সম্ভব ডায়গোনেসিস সেন্টার খোলা এবং ফ্রি ডায়গোনেসিস যাতে জায়গায় জায়গায় করতে পারি এরূপ ধরনের সুযোগ সৃষ্টি করা। আমরা আউটডোর-এর প্রসার ঘটাতে চাই, এ পর্যন্ত দেড় কোটি লোক আউটডোর-এ চিকিৎসিত হন। আমরা আশা করতে পারি সামনের বছরে জনসংখ্যার অনর্ধক যাতে আউটডোর-এ চিকিৎসার সুযোগ পান সে ব্যবস্থা আমরা করবো। ঔষধের একটু উন্নতি করবার চেষ্টা করছি। এখন মাথাপিছু ৮ থেকে ১২ পয়সা খরচ করা হয়। এটা আমরা আরো বাড়াবার চেষ্টা করছি, এর জন্য ৯০ লক্ষ টাকার মত খরচ হবে। আমরা দেখছি এটা কি করা যায়, যেমন আউটডোর চিকিৎসার প্রসার তেমনি চিকিৎসার উন্নতিবিধান এটার উপর আমরা জোর বা এমফ্যাসিস দেবো। এই কথাটাই নিবেদন করছি। এ ছাড়া বর্তমানে যে সমস্ত বেড আছে সে বেডের সংখ্যা কি করবো না করবো পরে আসছি। কিন্তু হাসপাতালে যে সমস্ত বেড আছে সে শয্যা যাতে অধিকতর রুগীর পরি-চর্যার ব্যবস্থা করতে পারে সেজন্য কতকগুলি ব্যবস্থা গ্রহণ করবার কথা চেষ্টা করছি। যেমন ধরুন কনভেলিসেন্স পিরিয়ড-এ রুগী ভাল হয়ে গেল তখন একটু নজর রেখে যাতে কোন কমপ্লিকেসান দেখা না দেয় এরূপ একটা নজর রাখার ব্যবস্থা করা যায় তার জন্য ততক্ষণ পর্যন্ত তিনি শয্যায় থাকেন সে অবস্থা লক্ষ্য করছি। সেজন্য আমরা সিদ্ধান্ত নিয়েছি বিভিন্ন হাসপাতালে কনভেলিসেন্স ওয়ার্ড বা কনভেলিসেন্স ব্লক খুলবো। যারা জন-স্বাস্থ্যের সঙ্গে জড়িত আছেন সেই ডাক্তার এবং নার্সের উপর এর ফলে চাপ খানিকটা কমতে পারে। এবং রোগীর শয্যার উপর চাপ কমতে পারে। এ ছাড়া আর একটা ব্যবস্থা গ্রহণ করবো সেটা হচ্ছে আমরা লক্ষ্য করেছি ইনভেসটিগেসান-এর যে পিরিয়ড সে সময় যদি কমাতে পারি তাহলে অনেক উপকার হয়। আমরা দেখেছি একটা ইনভেসটিগেসান-এ রুগী ভর্তি হবার পর সেখানে ২।৩ মাস পর্যন্ত সময় লেগে যায়। সে সময় যাতে কমাতে পারি তার জন্য

আমরা একটা হাই পাওয়ার কমিটি নিয়োগের সিদ্ধান্ত করেছি। সেভাবে বর্তমানে যে শয্যার সংখ্যা আছে তার ম্যাক্‌সিমাম ইউটিলাইজেসান-এর উপর আমরা নজর দিতে চাই। এটা আমাদের অন্যতম পলিসির অঙ্গ। এর পর রুগীর খাদ্যের অবস্থা। আপনারা সকলে জানেন আজকে দ্রব্যমূল্য যেভাবে বৃদ্ধি পাচ্ছে তাতে করে আমরা লক্ষ্য করছি মফস্বলের জন্য ১·৫০, কলকাতার জন্য ২·০০ এবং পি, জি, ও টি বি হাসপাতালের জন্য ২·৫০। আমি মনে করি এটা খুবই কম। সেজন্য আমরা ঠিক করেছি যাতে আরো পয়সা বাড়ান যায় সে সম্বন্ধে অর্থ দপ্তরের সঙ্গে কথা কইছি এবং খুব তাড়াতাড়ি এ বরাদ্দ বাড়বে ৪ থেকে ৬ আনা, অনেক রুগী এখানে চিকিৎসার জন্য আসেন তাদের অবজারভেসান-এর জন্য থাকতে হয় অথচ খাদ্য বরাদ্দ করতে পারি। এটা রাফ হিসাব করলে ৭০।৭৫ লক্ষর মত খরচ হবে, এ সম্বন্ধে সিদ্ধান্ত যত শীঘ্র সম্ভব গ্রহণ করবো। এ ছাড়া আর একটা বিষয় লক্ষ্য করছি মফস্বল থেকে অনেক রুগী এখানে চিকিৎসার জন্য আসেন তাদের অবজারভেসান-এর জন্য থাকতে হয় অথচ কোন জায়গায় তাদের থাকার ব্যবস্থা নেই। যারা ক্যানসার ট্রিটমেণ্ট-এর জন্য আসেন বা কোন দুরারোগ্য ট্রিটমেণ্ট-এর জন্য আসেন আউটডোর ট্রিটমেণ্ট নেবেন তাদের থাকবার কোন ব্যবস্থা নেই তাদের জন্য রিসেপ্সান বা ওয়েটিংহল করা যায় কিনা এ বিষয় বিচার-বিবেচনা করে দেখছি এবং যদি তাড়াতাড়ি এরূপ কোন বাড়ী পাওয়া যায় সেটা দেখছি বা আবাসিক ব্যবস্থা এ বৎসরের মধ্যে করবার চিন্তা করছি।

[2-20—2-30 p.m.]

এ ছাড়া আমি শয্যা-সংখ্যা সম্বন্ধে কিছু বলতে চাই। এটা এই বাজেট বরাদ্দের মধ্যেই ধরা আছে। আমি এ্যানটিসিপেট করেছিলাম যে কত শয্যা আমরা এই বছর বাড়াতে পারব, তাতে আনুমানিক হিসাব করে দেখা যাচ্ছে ১৩০০ মত শয্যা বাড়াতে পারব। ১৩০০ শয্যা যদি বাড়াতে নাও পারি তাহলে অন্ততঃ ১০০০ শয্যা বাড়াতে পারবই এবং এটা বাড়ার জন্য আমরা সর্বশক্তি নিয়োগ করব। কলকাতা এবং মফঃস্বলের বিভিন্ন জায়গায় শয্যা-সংখ্যা সম্বন্ধে এবারে ডিস্ট্রিক্ট যেসমস্ত মহকুমা হাসপাতাল আছে সেগুলিকে আপগ্রেডিং-এর ব্যবস্থা হবে। মাননীয় সদস্যরা জানেন যে, ৬৬ ভাগ হাসপাতাল এই সদর মহকুমা এলাকায় হয়েছে, আবার অনেক জায়গায় হয়নি। বাকি যে জায়গাগুলিতে হয়নি সেগুলি সম্বন্ধে আমরা সিদ্ধান্ত নিয়েছি যে সেখানে অবিলম্বে খুলতে হবে এবং এতকাল যেসমস্ত জায়গায় স্থান নির্বাচন করার পক্ষে বিরোধ ছিল সেগুলি মিটিয়ে ফেলেছি। যাহোক, আমরা সিদ্ধান্ত গ্রহণ করেছি যাতে সেখানে হাসপাতাল নির্মাণের কাজ, জমির আনুসঙ্গিক কাজ অবিলম্বে সুরু করতে পারি এবং মহকুমা হাসপাতালগুলিতে যেখানে শয্যা-সংখ্যা ৬৮টি আছে সেখানে শয্যা-সংখ্যা বাড়িয়ে ১০০টি করতে পারব কিনা এটা আমরা বিবেচনা করে দেখছি এবং যা আছে ফেজড্‌ প্রোগ্রামের মধ্যে পড়বে। যেসমস্ত জায়গায় ৬৮টি শয্যাসংখ্যা আছে সেই সমস্ত জায়গায় আমরা শয্যা-সংখ্যা বাড়িয়ে ১০০টি করব। আর যেখানে ৬৮টি শয্যাবিশিষ্ট হাসপাতালও খোলা হয়নি, যেখানে ৬৮টি শয্যা-সংখ্যাবিশিষ্ট হাসপাতাল খুলব, এইভাবে পরিকল্পনা নিয়ে আমরা এগোব ঠিক করেছি। ৬৮টি শয্যা সংখ্যাবিশিষ্ট যে জেলা হাসপাতাল আছে সেগুলির শয্যা সংখ্যা বাড়িয়ে ১০০টিতে পরিণত করবার জন্য আমরা সাব্যস্ত করছি এবং কতকগুলি জায়গায় ২০০ শয্যাবিশিষ্ট হাসপাতাল পরিণত করবার স্কীম নিয়েছি। আমরা এখন সব জায়গায় তো পারব না, সেই জন্য ধীরে ধীরে টারগেট রেখে এগোচ্ছি। স্বাস্থ্য সম্বন্ধে একটি প্রশ্নের উত্তরে আমি বলেছি যে ২০, বছরের মধ্যে অনেক ব্লকে ৬।৭।৮টি এবং দু-একটি ব্লকে এমনকি ৯টি পর্যন্ত স্বাস্থ্য কেন্দ্র আছে, আবার ঠিক অন্য দিকে দেখা যাচ্ছে ২৭টি ব্লকে আদৌ কোন হাসপাতাল নেই। সেই জন্য আমি বলছি রাজনৈতিক প্রশ্ন নয়, সমদর্শীতার প্রশ্নে, ন্যায় বিচারের ভিত্তিতে যে ২৭টি ব্লকে আদৌ কোন হাসপাতাল নেই সেখানে আগে স্বাস্থ্য কেন্দ্র খোলার অগ্রাধিকার পাওয়া উচিত এবং সেই ভাবেই অগ্রাধিকার দিয়েছি। এই ২৭টি ব্লকের মধ্যে যেখানে জমি সংক্রান্ত বিরোধ চলেছে সেগুলিকে আমরা তাড়াতাড়ি দূর করবার চেষ্টা করছি এবং জমি সংক্রান্ত ব্যাপারে সেখানে আদেশ দিয়েছি এবং ধীরে ধীরে কাজ সুরু করবার ব্যবস্থা করেছি। এ ছাড়া অনেক সময় মফঃস্বলের রোগীদের কলকাতায় আসতে হয় চিকিৎসার জন্য এবং মফঃস্বলে হয়ত রোগীদের পূর্ণাঙ্গ চিকিৎসা হল না, সেই জন্য বিশেষ করে কলকাতায় এসে আবার নতুন

করে ভর্তি হতে হয়, আবার ওয়েটিং লিস্টে নাম লেখাতে হয়। সেই জন্য আমি মনে করি মাননীয় স্পীকার মহাশয়, সেখানে রেফারাল হাসপাতাল থাকা উচিত, যেমন জেলা হাসপাতাল-গুলির ক্ষেত্রে কিছু রেফারাল হাসপাতাল থাকে। অর্থাৎ যদি স্বাস্থ্য কেন্দ্রগুলিতে ভাল চিকিৎসার ব্যবস্থা না হয়, রোগমুক্তি না ঘটে তাহলে জেলা হাসপাতালে ট্রান্সফার করার ব্যবস্থা আছে এবং অনেক জায়গায় না থাকলেও আমরা তরান্বিত করার চেষ্টা করছি। জেলা থেকে যদি কোন রোগী বিভিন্ন বিশেষজ্ঞ দ্বারা চিকিৎসিত হবার পরেও দেখা যায় যে রোগ মুক্ত হচ্ছে না, তখন সেই রোগীকে কোথায় পাঠাতে হবে সেই ব্যবস্থা থাকা উচিত এবং সেই জন্য আমরা যত তাড়াতাড়ি সম্ভব রেফারাল হাসপাতালের কথা ভাবছি। কল্যাণীতে একটি এবং উত্তরবঙ্গের জলপাইগুড়ি জেলাতে একটি করে রেফারেল হাসপাতালের কথা ভাবছি এবং এর জন্য আমরা অতি দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করেছি। কলকাতা হাসপাতালের ব্যাপারে আমরা লক্ষ্য করেছি যে ট্রান্সফার্ড হতে গেলে অসুবিধা হতে পারে। সেই জন্য ওখানকার ডাইরেকটোরেটে রাখলে রোগী ভর্তি হতে পারে। কিন্তু এই ধরনের রেফারেল হাসপাতাল মফঃস্বলে কিছু নেই, বলে আমরা প্রথমে কল্যাণীতে এবং পরবর্তীকালে কিছুদিনের মধ্যে উত্তরবঙ্গের জলপাইগুড়িতে করবার কথা ভাবছি। এ ছাড়া আরও আমরা লেপ্রোসি সার্ভিস কিছুটা উন্নত করবার চেষ্টা করছি। এবং আমরা মনে করি যে আঞ্চলিক ভিত্তিতে ডায়গনোষ্টিক এবং পাবলিক হেল্থ-রিজিওন্যাল ল্যাবরেটারিজ করতে পারি তাহলে কলকাতার উপর চাপ ততটা আসবে না। সেই হিসাবে উত্তরবঙ্গে, বর্ধমান এবং কল্যাণীতে সেই ধরনের রিজিওন্যাল ল্যাবরেটারিজ প্রতিষ্ঠা করবার পরিকল্পনা গ্রহণ করেছি এবং সে সম্বন্ধে দ্রুত যাতে সেই পরিকল্পনা কাজে রূপায়িত হতে পারে তার জন্য আমরা বিশেষজ্ঞদের সঙ্গে আলাপ আলোচনা করছি। এ ছাড়া মাননীয় স্পীকার মহাশয় আমরা দেখেছি যে যেসমস্ত হাসপাতাল জনসাধারণের উদ্যোগে গড়ে উঠেছে, আমি সেটাকে অভিনন্দন করি যে এই ধরনের হাসপাতাল উদ্যোগী হয়ে গড়ে উঠুক কিন্তু আমি লক্ষ্য করছি যে যত বছর যাচ্ছে সরকারের অনুদান সেই সমস্ত হাসপাতালগুলিতে বেড়ে যাচ্ছে এবং বাড়িয়ে দিতে হচ্ছে এবং সেই ক্ষেত্রে আমি মনে করি আরও যে তাদের যে ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডি রয়েছে তাতে সরকারের প্রতিনিধি আরও বাড়ানো দরকার এবং সেখানে পরিচালন ব্যবস্থায় যাতে সরকারের বক্তব্য কিছুটা রাখা যায় সেই ধরনের বন্দোবস্ত থাকা দরকার এবং এই সম্বন্ধে আমরা কিছু অভিযোগ পেয়েছি ঐ ধরনের ভলান্টারী ইনষ্টিটিউশন সম্বন্ধে সেইগুলো ঠিক ঠিক ভাবে পরিচালিত হচ্ছে না, জনসাধারণের সেবার বদলে ব্যক্তিগত ব্যবসায়ী প্রতিষ্ঠানে পরিণত হচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে, সেই অভিযোগ আমি অনুসন্ধান করবো। যদি সেই ধরনের অব্যবস্থা থেকে থাকে তাহলে সেটা অনুসন্ধানের পর ব্যবস্থা হচ্ছে, শুধু সেখানে তাদের শাস্তি দিয়ে নিস্কৃতি পাওয়া নয়, সেখানকার রোগীদের চিকিৎসা সংক্রান্ত ব্যাপার কি হবে সেইগুলো আমাদের ভাবতে হবে। সেই জন্য আমরা সেই ধরনের হাসপাতালগুলির পরিচালনার ক্ষেত্রে সরকারের পার্টিসিপেশন, সরকারের প্রতিনিধিদের অংশগ্রহণ আর একটু বাড়াতে হবে, যে কথা আমি আগে বললাম। তাদের নিয়ন্ত্রণ ক্ষমতা সরকারকে আর একটু বেশী করে প্রয়োগ করতে হবে, ভলান্টারি ইনষ্টিটিউশনকে বজায় রেখে আমাদের এগোতে হবে। মাননীয় স্পীকার মহাশয়, এই কথা আলোচিত হয়েছে প্রশ্নোত্তরের সময় যে, আমরা লক্ষ্য করেছি যে আমাদের এখানে সরকারী ডাক্তারের সংখ্যা খুব কম। এবং আমরা এবার প্রি-মেডিকেল কোর্সে ছাত্র ভর্তির সংখ্যা বাড়িয়েছি। আগে ১৭৮টি ছিল ন্যাশন্যাল মেডিকেল কলেজে, এখন সেটা সরকারী নিয়ন্ত্রিত কলেজ, সেখানে আসন সংখ্যা বাড়িয়ে ২০০টি করছি এবং অন্য জায়গায় মেডিকেল কলেজে, আর, জি, কর মেডিকেল কলেজে, এবং নিলরতন মেডিকেল কলেজে, প্রতিটি জায়গায়—যেখানে ১২৫টি আসন ছিল, সেখানে ১০টি করে আসন বাড়িয়ে ১৩৫টি করে আসন করেছি। মাননীয় স্পীকার মহাশয় এই কথা আগে বলা হয়েছে বাঁকুড়ায় যেমন সেখানে আমরা বাড়াইনি তেমনি অন্যদিকে নতুন ৫০টি ছাত্রকে যাতে জলপাইগুড়িতে প্রি-মেডিক্যাল পড়বার সেখানে ব্যবস্থা করেছি এবং আগামীকাল উত্তরবঙ্গ ইউনিভার্সিটির ভাইসচান্সেলার, জলপাইগুড়ি কলেজের প্রিন্সিপ্যাল, কলকাতা ইউনিভার্সিটির ভাইস-চ্যান্সেলার, এডুকেশন ডিপার্টমেন্টের সেক্রেটারী, মিনিষ্টার এবং স্বাস্থ্য দপ্তরের মিনিষ্টার এবং সেক্রেটারী সকলের একটা বৈঠক আছে। সেখানে এটা করতে গেলে কি কি করা দরকার, সেই আনুষঙ্গিক বিষয়গুলি অলোচনা করে ঠিক করবো।

[2-30—2-40 p.m.]

তাহলে তারা কোথায় পড়বে? সেই ব্যাপার যা এখন আমাদের ভেবে দেখতে হচ্ছে। তখন কলকাতার বিভিন্ন মেডিকেল কলেজে সেই ছাত্রদের আমরা যাতে ভর্তি করে নিতে পারি—সেইরকম সুযোগ থাকা দরকার। এই সম্পর্কে কলকাতা ইউনিভার্সিটির সঙ্গে আলাপ-আলোচনা, পরামর্শ করে নেওয়ার দরকার আছে, আমি মনে করি। আমি আশাকরি মেডিকেল কলেজ স্থাপন সংক্রান্ত যে প্রশ্ন উঠেছে এই ব্যাপারে মতভেদ দীর্ঘকাল ধরে চলে আসছে। তার মীমাংসা যত তাড়াতাড়ি সম্ভব আমরা করে ফেলবো। আমি বলেছিলাম, জুলাই মাসের মধ্যে মীমাংসা করে ফেলতে পারবো—তার অক্ষমতা আমি স্বীকার করছি। একটা ব্যাপারের কথা এল। জলপাইগুড়ি, মালদহ, পশ্চিম দিনাজপুর জেলার প্রতিনিধিদের সঙ্গে এই সম্পর্কে আলাপ করে নেব, ভেবেছিলাম, সেই আলাপ আমি তাঁদের সঙ্গে করে উঠতে পারিনি—যার জন্য মেডিকেল কলেজ স্থাপনের স্থান নির্বাচনের ব্যাপারে আমরা কোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করতে পারিনি। আমি হাউসের সভ্যদের এই মর্মে ভরসা দিতে পারি যে অতি শীঘ্র এই জুলাই মাসের মধ্যে যদি সম্ভব না হয়, তাহলে আগষ্ট মাসের প্রথম নাগাদ এই স্থান নির্বাচন কমপ্লিট করে ফেলবো, সেটা জলপাইগুড়িই হোক, বা শিলিগুড়িই হোক, যেখানে হোক আমরা এর চূড়ান্ত করে ফেলবো। বিষয়টি আর আমি ঝুলিয়ে রাখতে চাচ্ছি না। কারো প্রতি কোন ইঙ্গিত না করে আমি বলতে পারি—আমরা দেখেছি যখন কোন বিষয় ঝুলে থাকে—তা সংশ্লিষ্ট রাজনৈতিক দল যাঁরা ক্ষমতায় থাকেন, তাঁরা সেটাকে অস্ত্র হিসেবে ব্যবহার করেন। শিলিগুড়িকে বলবেন তোমাদের ওখানে করবো, আমাদের ভোট দেও, জলপাইগুড়িকে বলবেন তোমাদের ওখানে করবো, আমাদের ভোট দেও। এইভাবে অতীতে রাজনৈতিক অস্ত্র হিসেবে ব্যবহার করা হয়েছে। তার দৃষ্টান্ত আছে লালবাগ। কাজেই এই ব্যাপারে আমরা সেরকম কোন সুযোগ কাউকে দিতে চাই না। আসল দিক হচ্ছে আমি মনে করি যুক্তফ্রন্ট সরকারের একজন ভারপ্রাপ্ত মন্ত্রী হিসেবে আমি মনে করি যে মেডিকেল কলেজের ইভেন ডিস্ট্রিবিউশন হওয়া দরকার সঙ্গে সঙ্গে এও বলবো, এটা উত্তরবঙ্গের দীর্ঘকালের প্রশ্ন এবং দীর্ঘকাল ধরে এই টালবাহানা চলে আসছে; আমি তার ছেদ টানতে চাই চিরতরে। ওখান থেকে ২৮ মাইল দক্ষিণে হবে, না, ১০ মাইল পূর্বে হবে সে নিয়ে মতবিরোধ আর ঝুলিয়ে রাখা চলে না। সেখানে দশের স্বার্থে ও দলের স্বার্থের দিকে তাকিয়ে সমস্ত সংশ্লিষ্ট মহলকে অনুরোধ করবো মেডিকেল কলেজ যাতে সত্বর উত্তরবঙ্গে স্থাপন করা সম্ভব হয়, সেই জন্য সব রকম সহযোগিতার হাত তাঁরা বাড়াবেন।

মাননীয় স্পীকার মহাশয়, এর পরে আমি নিজেদের ঘরোয়া ব্যাপারে চলে আসছি। সেটা হচ্ছে এই আমরা দেখতে পাচ্ছি যে মফঃস্বলে এবং কাটমোশনের মধ্যেও সেগুলি লক্ষ্য করেছি, তাছাড়া কমপ্লেইন্টসও পাচ্ছি আমি দুটো জেলা বাদ দিয়ে সমস্ত জেলায় ঘুরেছি, সব হেল্‌থ সেন্টারে না যেতে পারলেও অনেকগুলিতে গিয়েছি, আমি দেখেছি যেখানে ডাক্তার যাচ্ছে না, ডাক্তারের অভাব আছে, নার্সের অভাব আছে, স্যাংসান যা আছে তা নাই। এইটুকু বলতে চাচ্ছি ডাক্তারদের মধ্যে আশংকা আছে, অনেকে বলেছেন মফঃস্বলে না হয় গেলাম, তার পর তো আর আপনারা আমাদের দিকে তাকান না! যাঁদের ধরার লোক আছে, তাঁরা বরাবর কলকাতার বা তার আশে-পাশে থেকে যাচ্ছেন ভাল হাসপাতালে। আর যাদের তদ্বির করবার লোক নাই, তাঁরা মফঃস্বলে অবহেলিত থেকে যাচ্ছেন। তার ফলে সাধারণভাবে অনেক ডাক্তারের মধ্যে এই আশংকা দেখা দিয়েছে, যার ফলে তাঁরা বাইরে যেতে চান না। আমি তাঁদের সকলের উদ্দেশ্যে বলছি—সরকারী ডাক্তারই বলুন, সরকারের বাইরে যে ডাক্তার আছেন, পরে হয়ত তাঁরা সরকারী ডাক্তার হতে পারেন, রুরাল সার্ভিস অব্লিগেটরি করবো, আবশ্যিক করবো, বাধ্যতামূলকভাবে করবো। তবে সেখানে নির্দিষ্ট সময় করে দেব তিন বছর কি চার বছর কাজ করতে হবে, রুর‍্যাল হেলথ সেন্টার-এ, সাবসিডিয়ারী বা প্রাইমারী হেলথ সেন্টার-এ; মফঃস্বলের হাসপাতালে হোক বা জেলা হাসপাতালে হোক সেটা আবশিক করতে হবে সেখানে।

সেখানে আমি অনুরোধ করবো এখানকার সমবেত সদস্যদের কারও প্রতি ইংগিত না করে বা বাইরের কোন প্রতিষ্ঠাবান ব্যক্তির প্রতি ইংগিত না করে, তাঁরা যেন এ বিষয় কোন রকম তদ্বির ও তদারক না করেন। আমি এই জন্য বলছি যে ট্রান্সফার করা উচিত। যদি তিন বছর অন্তর

অন্তর ট্রান্সফার চাল্ করবার ব্যবস্থা করতে পারি তাহলে সেক্ষেত্রে, আজকে মেডিকেল সার্ভিস, যে অনেক ডিটোরিওরেট করেছে, এটা দ্ঃখের কথা ; আমি বলতে চাই যে, সেই ডিটোরিওরেসন থেকে কিছ্টা পরিমাণ আমরা তুলতে পারবো।

আমার মনে হয় যে র্রাল সার্ভিসকে আবশ্যিক করতে হবে, সেই সম্পর্কে সিম্ধান্ত নিয়েছি। ঠিক তেমনি পোষ্ট গ্রাজ্যেট ট্রেনিং-এর ক্ষেত্রেও এটা করলে, তবে স্যোগ মিলবে। পাবলিক সার্ভিস কমিশনের সঙ্গে কথাবার্তা বলেছি, প্রমোসন ইত্যাদি সম্পর্কে র্লস ও আইন পরিবর্তন করবার জন্য বলেছি। আমি এই কথা বলেছি যে বেসিক প্রমোশন, ও সিলেকশন গ্রেডের ক্ষেত্রে, এই র্রাল সার্ভিসকে আবশ্যিক বলে যেন স্বীকার করে নেন, এবং সেইভাবে প্রসিড করেন। সেই ধরনের ব্যবস্থা আমরা করতে যাচ্ছি এবং আমি আশা করি যদি সেইভাবে করতে পারি, তাহলে আমার নিজের বিশ্বাস, যে মফঃস্বলে ডাক্তারের অভাব আজকে যে রকমভাবে আছে, তার কিছ্টা অভাব মিটবে। আজকে আপনারা জানেন যে প্রায় পাঁচশোর মত ডাক্তার আমাদের কম আছে। সরকারী ও বে-সরকারী হাসপাতালে ডাক্তারের প্রয়োজনের তুলনায় কম আছে। আবার ডিষ্ট্রিবিউসনও ইভিন নয়। অর্থাৎ ঠিক মত ডিষ্ট্রিবিউসন হয় না। কলিকাতা এবং তার আশেপাশে ডাক্তারের অভাব বিশেষ কিছ্ নেই, কিন্তু মফঃস্বলে ডাক্তারের অভাব খ্ব বেশী। অভাব যা আছে, সেটা দেখে, যদি ঠিকমত ডিষ্ট্রিবিউট করতে হয়, তাহলে সে বিষয়, আবশ্যিক র্রাল সার্ভিসের যে স্কীম করা হয়েছে, তা আপনাদের কাছে নিয়ে আসবো, এবং আশাকরি তাতে, আপনাদের অভিনন্দন পাবো ও সকলের সমর্থন পাবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর পরে আমি এইটা বলতে চাই যে ডাক্তারদের জন্য আমরা ডিউটি আওয়ার্স ফিক্সড করে দেবো। আমরা দেখতে পাচ্ছি, যেমন ধর্ন আমাদের সরকারী সার্ভিসে ডিউটি আওয়ার্স ফিক্সড আছে, ঠিক তেমনি সব ডাক্তারের জন্যও ডিউটি আওয়ার্স ফিক্সড থাকা দরকার। আমরা ঠিক করেছি হাসপাতালে ডাক্তারদের সার্ভিসের ক্ষেত্রে ডিউটি আওয়ার্স ফিক্সড করবো। অবশ্য সেটা কিভাবে করবো, বা না করবো তা বিশেষজ্ঞের ব্যাপার, সেটা আলাপ-আলোচনা করে ঠিক করছি—যাতে করে ডাক্তারদের কাছ থেকে মেক্সিমাম সারভিস পেতে পারি তার জন্য তাদের সেই সব স্যোগ-স্বিধা দিতে হবে।

তার পর ডাক্তারদের ট্রেনিং এর জন্য রিফ্রেসার্স কোর্স চাল্ করে তাদের মেমাবী রিফ্রেশ করে নিয়ে, কলকাতার বাইরে মফঃস্বলে গিয়ে কাজ করতে পারেন তার ব্যবস্থা আছে। কলকাতার ডাক্তারবা এখানে এই স্যোগ পান। কিন্তু কলকাতার ডাক্তাররা বাইরে মফঃস্বলে গেলে, সেখানে সেই স্যোগ তাঁরা পান না। কলকাতায় থাকলে, তাঁরা অনেক বিষয় স্যোগ পান। মফঃস্বলে থাকলে ডাক্তাররা সে স্যোগ পান না। স্তরাং আমরা ঠিক করেছি যে, মফঃস্বলে ডাক্তারদের জন্যও যাতে রিফ্রেসার্স কোর্স-এর ট্রেনিং দেওয়ার ব্যবস্থা করতে পারা যায়, অর্থাৎ তারাও যাতে আপ-ট্-ডেট থাকতে পারে, সেই ব্যবস্থা আমরা করতে চাই। অন্য দিকে নার্সের অভাব আমরা দেখছি। সেই জন্য আমি এটা ঠিক করেছি, যে এ পর্যন্ত জেলা হাসপাতালগ্লিতে নার্সদের জন্য অকজিলারি ট্রেনিং-এর ব্যবস্থা যা আছে, সেখানে আমরা আরও একটা ধাপ এগিয়ে যেতে চাই। হাসপাতালের নার্সদের জন্য যাতে অকজিলারী নার্সিং ট্রেনিং-এর ব্যবস্থা হয়, সেই ধরনের সিম্ধান্ত গ্রহণ করা হয়েছে। সেই সিম্ধান্ত অন্সারে তাদের এ্যাকোমোডেসন ইত্যাদি ব্যাপারে আমরা চেষ্টা করছি। আর একটা কথা প্রাসঙ্গিক বলি—আমি লক্ষ্য করেছি যে সেটা পলিসিগত জায়গায় এসে দাঁড়ায়। সেটা হচ্ছে এই যে আমাদের যে সমস্ত ঘর বাড়ী, অট্টালিকা প্রভৃতিতে যে পরিমাণ খরচা হয়, তা, অ্যাকচুয়াল সার্ভিস-এর পিছনে আমরা তুলনাম্লকভাবে দেখেছি, সেই ধরনের খরচ করতে পারি না। আমার নিজের ইচ্ছা, অবশ্য অনেক আধ্নিক র্চিবান আছেন, যাঁদের নজর মার্কিন, ইংলণ্ডের দিকে পড়ে আছে, যাঁদের মন তাঁদের দিকে ঝ্কে রয়েছে, তাঁদের কি বিশ্বাস জানি না; আমি দরিদ্র দেশের দরিদ্র মান্ষের দিকে তাকিয়ে দেখছি, আমি দরিদ্র মান্ষের কথা জানি তারা একট্ সার্ভিস পেলে খ্সী হয়। সেদিকে তাকিয়ে অট্টালিকা, ইমারত-এর খরচ যাতে কমাতে পারি, তার চেষ্টা করছি। সেই টাকা বাচাতে পারলে, ঐ টাকা এ্যাকচুয়াল সার্ভিসে লাগাতে পারবো, অর্থাৎ বেড বৃদ্ধির ব্যাপারে হোক বা ঔষধ দেওয়ার ব্যাপারে হোক কিম্বা রিলিফ দেওয়ার ব্যাপারে হোক সেই টাকাটা খরচ করতে পারবো। এই দৃষ্টিভঙ্গী নিয়ে আমরা কাজ

করতে চাচ্ছি, যেমন ধরুন ট্রেনিং সেন্টারে, ক্যাম্পে একোমোডেসানের কথা ভাবছি, লো কস্ট স্ট্রাকচার যাতে হতে পারে, সেই ধরনের চেষ্টা আমরা করছি।

[2-40—2-50 p.m.]

মাননীয় স্পীকার মহাশয়, এছাড়া আমি আর একটা জিনিসের কথা বলতে চাই সেটা হচ্ছে টি, বি, রোগ সম্বন্ধে আমি অন্যান্য সমস্ত রোগ সম্বন্ধে বলছি না, পরে এ সম্বন্ধে যখন আলোচনা উঠবে তখন আমাকে হয়ত কিছু এ সম্বন্ধে জবাব দিতে হবে। টি, বি, রোগ আমাদের দেশে খুব সাংঘাতিকভাবে বেড়ে যাচ্ছে। টি, বি,-র প্রকোপ আমাদের দেশে এত বেড়ে যাচ্ছে যে বলার কথা নয়। আমি ঠিক হিসাব জানি না তবে সরকারী হিসাব অনুযায়ী ১;২ পার্সেন্ট বেড়ে গিয়েছে কিন্তু বাস্তবে বোধ হল আরো বেড়ে যাচ্ছে। আমাদের দেশে ম্যাল নিউট্রিশন যে পরিমাণে বাড়ছে এবং যে পরিমাণে আবর্জনা বা এই রকম ধরনের অপরিচ্ছন্ন পরিবেশ আমাদের দেশে আছে তার ফলে নানা কারণে টি, বি,-র প্রকোপ বেড়ে যাচ্ছে এবং সেই প্রকোপ বাড়ার জন্য যেমন ডোমিসিলিয়ারি ট্রিটমেন্টের উপর জোর দেওয়ার ব্যবস্থা করা হয়েছে ঠিক তেমনি আমরা দেখাতে পাচ্ছি বিভিন্ন যে সমস্ত টি, বি, হাসপাতাল রয়েছে, ধুবুলিয়া বলুন, কাঁচড়াপাড়া বলুন বা অন্যান্য হাসপাতাল বলুন সেখানে যারা আর কোন দিন ভাল হবে না সেই রকমের কিছু রোগী আছে সেই হতভাগ্য রোগীদের কি হবে, আমরা তাদের জন্য অন্ততঃ একটা হোমের ব্যবস্থা করতে চেয়েছি এবং ইতিমধ্যে আমরা বেসরকারী যে রাণাঘাটের টি, বি, হাসপাতাল আছে সেই রকম একটা প্রতিষ্ঠানের সংগে কথাবার্তা বলে আমরা তাদের দায়িত্ব নিতে চাচ্ছি এবং সেই টি, বি, রোগী যারা ইনকিয়োরেবেল তাদের পরিচর্যার জন্য যে খরচ খরচার দরকার তা অনুদার আকারে আমরা তাদের দেবো বলে ঠিক করেছি। আপনারা জানেন যে ১০০টি টি, বি, শয্যা বাড়াবার আমরা ব্যবস্থা করেছি। আপনারা বরাদ্দের মধ্যে দেখতে পাবেন যে আমরা সেজন্য ৩ লক্ষ টাকা বাজেটে ধরেছি। আমরা জানি যে এই ১০০টি বেড বাড়িয়েও কিছু হবে না যেভাবে টি, বি, রোগীর সংখ্যা বেড়ে যাচ্ছে। সুতরাং এটাকে যেমন সামাজিক দিক থেকে, অর্থনৈতিক দিক থেকে ধরতে হবে ঠিক তেমনি আমাদের যে সমস্ত বেড অকুপায়েড থাকছে সেটাও ধরতে হবে, সেখানে যাতে বেড বাড়াতে পারা যায় সেদিকেও দেখতে হবে। আমরা দেখেছি যে অনেক ডিসচার্জড পেসেণ্ট এবং সমস্ত পেসেণ্টের শতকরা ২০ ভাগের মত হবে তারা, তারা রোগ মুক্তির পরেও হাসপাতাল ছেড়ে যেতে চাচ্ছে না। যাবেই বা কোথায়? প্রথমতঃ টি, বি, সম্পর্কে ত সাধারণ মানুষের মনে একটা আতঙ্ক আছে, রোগ মুক্তির পরেও সেই আতঙ্ক থেকে যায় ফলে সে বাড়ীতে আশ্রয় পায় না এবং পাড়া প্রতিবেশীও তাদের আশ্রয় দিতে চায় না এই অবস্থা আমরা লক্ষ্য করেছি। সুতরাং সে সম্পর্কে প্রবল জনমত বাংলাদেশে গড়ে তোলা দরকার যে টি, বি, রোগ মুক্তির পর সেটা বিপজ্জনক নয়, সমাজের কোলে তাকে স্থান দিতে পারা যায়। সেজন্য তাদের যাতে তার আত্মীয় স্বজনরা তাকে স্থান দিতে পারে বা সমাজ তাকে স্থান দিতে পারে সেই রকম একটা মত গড়ে তোল দরকার। ঠিক তেমনি তাদের রিহ্যাবিলিটেশনের ব্যাপারে আরও কিছু যদি গড়ে তোলা যেত তাহলে সেটা আরও ভাল হতো। কিন্তু আর্থিক সীমাবদ্ধতার জন্য আমরা সেটা পারিনি। আমরা রিলিফ ডিপার্টমেণ্টের সঙ্গে আলাপ-আলোচনা করে যাতে তাদের অন্ততঃ ২৫০ টাকা করে রিলিফ দিতে পারা যায় সেই ধরণের সিদ্ধান্ত নিয়েছি। মাঝখানে এইরকম একটা সিদ্ধান্ত হয়েছিল, তারপর দীর্ঘকাল সেটা চাপা পড়েছিল, আবার সেই প্রস্তাবকে রেস্টোর করে আমরা সেই সিদ্ধান্ত নিচ্ছি। ধুবুলিয়া সম্বন্ধে আমরা অর্থ-দপ্তরের মঞ্জুরী পেয়েছি, কাঁচড়াপাড়া সম্বন্ধে আমরা আশা করছি দু'চার দিনের মধ্যেই তাদের মঞ্জুরী পাবো। কাঁচড়াপাড়া, ধুবুলিয়া, অন্যান্য টি, বি, হাসপাতালের রোগীদের সম্পর্কে নানা রকমের অভাব অভিযোগের কথা এসেছে। আমি এই প্রসঙ্গে বলতে চাই সেই অভাব অভিযোগের ব্যাপারগুলি আমরা দেখবো এবং সহানুভূতির সঙ্গে সেগুলি বিবেচনা করবো। টি, বি, যেমন ঠিক তেমনি ক্যান্সারও একটা মারাত্মক রোগ আকারে দেখা দিচ্ছে এবং এর সংখ্যাও বেড়ে যাচ্ছে। মাননীয় স্পীকার মহাশয়, আমি আশা করি আপনি বিশ্বাস করবেন যে এই সাড়ে তিন মাস বা চার মাসের মধ্যে টি, বি, রোগীর ভীড়, ক্যান্সারের ভীড় এবং মাথা খারাপ হয়ে গিয়েছে সেই রকম ধরণের রোগীর ভীড় আমাকে নিত্যনৈমিত্তিক পাগল করে

তুলেছে। আমি যেখানে থাকি সেখানে যেমন তারা ভীড় করছে ঠিক তেমনি রাইটার্স বিল্ডিংয়েও ভীড় করছে। তাদের কোন ব্যবস্থা করতে পারিনি। আজকে পাগলের সংখ্যা বেড়েছে, সমাজের যে রোগ সেই রোগকে আমরা সারাতে পারিনি, সেখানে সমাজের আমূল রূপান্তর আনতে পারিনি। দারিদ্র মানুষের নার্ভের উপর আঘাত করছে, সামাজিক জটিলতা আজকে বেড়ে গিয়েছে, সেখানে মানুষ তাল ফেলে চলতে পারছে না ফলে উদ্ভ্রান্ত হয়ে পড়েছে সেই অবস্থা আজকে আমরা লক্ষ্য করছি। সমাজ যে কোথায় যাচ্ছে এইগুলি হচ্ছে তার সংকেত, কিভাবে মানুষের আর্থিক দুর্গতি বেড়ে যাচ্ছে এগুলি হচ্ছে তার সংকেত। অথচ কোন কিছু করে উঠতে পারা যাচ্ছে না। ক্যান্সারের জন্য তবুও আমরা ৪১টি শয্যা সংখ্যা মেডিক্যাল কলেজে বাড়াবার চেষ্টা করছি, ঠিক তেমনি সেই শয্যা আরো যাতে কোথাও বাড়াতে পারি তার জন্য চেষ্টা করছি। একবার ভাবছিলাম উত্তরবঙ্গের যে সব ক্যান্সার রোগী তাদের জন্য কি করবো, এমন কি বাইরে থেকে যাকে বলে থেরাপি বা ডিপথেরাপি এই রকম নানা ধরণের চিকিৎসার ব্যবস্থা বাইরে থেকেও করা যায় সেগুলি করানর সুযোগও তাদের জন্য অবাধ করতে পারা যায়নি। কি করবে তারা জানি না, সেই রকম ধরণের কোন ডিপ এক্স-রে মেশিন ইমিডিয়েটলি উত্তরবঙ্গের কোন হাসপাতালে পাঠাতে পারবো কিনা যেখানে অন্ততঃ কিছু চিকিৎসার ব্যবস্থা করা যাবে সে সম্বন্ধে বিশেষজ্ঞদের সঙ্গে আলাপ-আলোচনা করছি। এগুলি করতে পারলে খুবই খুসী হতাম এবং হাউসের সমস্ত সদস্যরাও খুসী হতেন যদি জায়গায় জায়গায় সেই ধরণের ক্যান্সার প্রতিষেধক ব্যবস্থা, ক্যান্সার রোগ নিরাময়ের ব্যবস্থা আমরা করতে পারতাম। মাননীয় স্পীকার মহাশয়, আমি প্রায় আমার বক্তব্য শেষ করে এনেছি, আমি আর দু'-একটা কথা বলতে চাই সেটা হচ্ছে এই যে বিভিন্ন জায়গা থেকে বিভিন্ন হাসপাতালের রোগী সম্পর্কে আমি কমপ্লেন পেয়েছি। আমি একথা বলতে চাই যে দুর্নীতি কোথাও কোথাও এমন একটা জায়গায় এসে গেছে যে ডাক্তারদের উপর আক্রমণ হয়েছে আবার কোথাও এমন কমপ্লেন পেয়েছি যে নার্স এবং ডাক্তারদের কাছ থেকে রোগীরা এবং পাবলিক ঠিকমত ব্যবহার পাচ্ছে না। এই রকম নানা ধরণের কমপ্লেন আমি পেয়েছি। আমি খালি একটা কথা বলতে চাই আপনারা যুক্তফ্রন্ট সরকারের ১৮ দফা কর্মসূচীর কথা জানেন, সেই কর্মসূচীর অন্যতম অঙ্গ হচ্ছে দুর্নীতির উৎসাদন। দুর্নীতির পুরোপুরি উৎসাদন নিশ্চয়ই হবে না যতক্ষণ পর্যন্ত বড়লোকদের দাপট এই সমাজের মধ্যে আছে। যতক্ষণ তারা মনে করে যে টাকাই একমাত্র ব্যাপার, তার কাছে কিছুই নাই এবং সেই টাকা আছে বলে যখন তারা দাপিয়ে বলে বেড়ায় যে আমার টাকা আছে আমি কাকে পরোয়া করি সেই সমাজে নিশ্চয়ই দুর্নীতির উৎসাদন সমূলে ঘটবে না। কিন্তু সেই দুর্নীতি দমনের পথে আমরা অনেক দূর এগুতে পারি যদি সমবেত চেষ্টা থাকে, যদি কোথায় ধরতে হবে দুর্নীতিকে সেই জায়গাটা আমরা বুঝে নিতে পারি। সেজন্য এখানকার সদস্যদের কাছে এবং সকলের কাছে আমি অনুরোধ করছি যে যদি কোথাও দুর্নীতির খবর আপনাদের থাকে, দুর্নীতির কর্মপ্লিট তথ্য থাকে তাহলে সেগুলি আমাকে দেবেন আমি সেই দুর্নীতি দূর করবার জন্য সর্বরকম চেষ্টা করবো। সেই দুর্নীতির সঙ্গে জড়িত যে কেউ হোক না কেন, সে দপ্তরের মাথার লোক থেকে আরম্ভ করে দলের লোক পর্যন্ত যদি কেউ দুর্নীতির সঙ্গে জড়িত থাকে তা যদি প্রমাণিত হয় তাহলে আমরা তার উপযুক্ত শাস্তি দেবো একথা আপনাদের বলছি। (এ ভয়েস ফ্রম দি অপজিশন:—বামপন্থী দলের লোক হলেও শাস্তি দেবেন ?)। বামপন্থীরা যদি থাকে তাই হবে, যে কেউ দুর্নীতির সঙ্গে জড়িত থাক না কেন তার উপযুক্ত শাস্তির ব্যবস্থা হবে। আমি ব্ল্যাকশিপস্‌দের কথা বলছি, সব জায়গাতে আমি দেখেছি এই রকম অবস্থা চলেছে। সেই ব্ল্যাকশিপসদের কোন জাত নেই, কোন দল নেই। সেই ব্ল্যাকশিপসদের যাতে কেউ আশ্রয় না দেন তার জন্য আমি সকলকে অনুরোধ করছি এবং ইণ্ডিয়ান মেডিক্যাল এ্যাসোসিয়েশনের কাছেও আমি এই আবেদন রাখছি যে তাঁরাও যেন এই সমস্ত ব্ল্যাক শিপসদের কোন আশ্রয় না দেন এবং কঠোর মনোভাব যেন তাদের সম্বন্ধে তাঁরা অবলম্বন করেন। মাননীয় স্পীকার মহাশয়, এই সঙ্গে সঙ্গে আমি এটা বলতে চাই যে অনেক জায়গাতে আজকে হাসপাতালের ভিতর এই সমস্ত ব্যাপারে পাবলিক এ্যাজিটেশন চলতে আরম্ভ করেছে। আমরা বলছি যে এই ব্যাপারে অবিলম্বে কতকগুলি ব্যবস্থা গ্রহণ করতে চলেছি সেজন্য পাবলিক যেন নিজের হাতে আইন না নেন। এর প্রতিকার করতে হবে, দুর্নীতি ধরতে হবে, সমস্ত কথা ঠিকই কিন্তু, সেই সঙ্গে সঙ্গে

আজকে প্রবল উৎসাহ যেমন বেড়েছে তেমনি সেই উৎসাহের আতিশয্যের দরুন আমরা অনেক জায়গায় লক্ষ্য করেছি কিছু কিছু মাত্রারিক্ত এ্যাজিটেশন বেড়ে যাচ্ছে, হাসপাতালের শান্তি বিঘ্নিত করছে। আমি সেই জন্য সকলের কাছে অনুরোধ করছি এইগুলি যেন না হয়।

[2-50—3 p.m.]

আমি আগেই বলেছি আমাদের উক্ত দুর্নীতি উচ্ছেদের ব্যাপারে উদ্যোগী হতে হবে তা নয়, হাসপাতাল পরিচালনার ব্যবস্থার উন্নতির সঙ্গে সঙ্গে আঞ্চলিক স্বাস্থ্য পরিষদের মাধ্যম পাব্লিক পার্টিসিপেসন-এর ব্যবস্থা করে পাব্লিক হেল্থ-এর উন্নতি এনসিওর যাতে করা যায়, জন-স্বাস্থ্য সম্বন্ধে যাতে উন্নতি করা যায় তার ব্যবস্থা করতে হবে। আমাদের সমস্যা কি এবং সমস্যা সমাধানের যে কার্যক্রম তার যথার্থ রূপায়ণে এবং সেই সঙ্গে সঙ্গে হাসপাতাল পরিচালনা ব্যবস্থার উন্নতিবিধান এবং সেই পথে বাধাস্বরূপ নানা প্রকার দুর্নীতির যে রন্ধ্র আছে সেগুলি বন্ধ করে দেওয়ার যে কাজ তা করতে হবে এবং সেজন্য আমরা সিদ্ধান্ত করেছি হেল্থ কাউন্সিল বা আঞ্চলিক স্বাস্থ্য পরিষদ গড়ে তুলব হাসপাতাল পরিচালনা ব্যবস্থা তার সঙ্গে যুক্ত থাকবে। আমি মনে করি সরকারী এবং বে-সরকারী প্রতিনিধিদের দ্বারা যদি স্বাস্থ্য পরিষদ গড়ে উঠে তাহলে হাসপাতাল পরিচালনা ব্যবস্থার কিছু উন্নতি হবে এবং আঞ্চলিক জনস্বাস্থ্য সংক্রান্ত যে সমস্যা রয়েছে তাঁরা সমবেতভাবে তা দূর করবার দিকে এগুতে পারবেন। এখানে কারা থাকবেন সরকারী বিভাগের কে থাকবেন, বে-সরকারীর মধ্যে কারা থাকবেন সে সম্বন্ধে আমরা কিছু আলাপ-আলোচনা করেছি তার আইনগত দিকটা আলাপ-আলোচনা করেছি। যদি কেউ মনে করেন অহেতুক ইন্টারফিয়ারেন্স হচ্ছে হাসপাতাল পরিচালনার ক্ষেত্রে বা সরকারী ব্যবস্থার ক্ষেত্রে অথবা ইন্টারফিয়ারেন্স না হলেও যাতে ইন্টারফিয়ারেন্স বলে কেউ মনে না করেন তাই আইনজ্ঞদের সঙ্গে পরামর্শ করে যত তাড়াতাড়ি সম্ভব সিদ্ধান্ত নিচ্ছি। এই পরিকল্পনার একটা আলাদা এ্যাডভাইসরি কমিটি বিভিন্ন জায়গায় যা আছে তার থেকে আলাদা এ্যাডভাইসরি কমিটি—কারণ তাদের আইনসঙ্গত কোন ক্ষমতা নেই—করা হবে এবং যাতে স্বাস্থ্য পরিষদের হাতে কিছু আইন-সঙ্গত ক্ষমতা থাকে তার ব্যবস্থা করছি।

এর পরে জনস্বাস্থ্য সংক্রান্ত ব্যাপারে পাব্লিক হেল্থ সম্পর্কে কিছু বলছি। আমি মনে করি গোড়াতে যে ভূমিকা আমি করেছিলাম তা পুনরাবৃত্তি করার দরকার নেই। আমি মনে করি পাব্লিক হেল্থকে মেডিক্যাল ব্যবস্থা থেকে চিন্তা করলে চলবে না আইসোলেটেড ওয়েতে এর যে সামাজিক এবং অর্থনৈতিক দিক আছে তার পটভূমিকায় একে চিন্তা করতে হবে। দারিদ্র যদি দূর করতে পারি, মানুষের আর্থিক অনটনের যদি সুরাহা করতে পারি তাহলে অনেক অপুষ্টিজনিত বা ম্যাল-নিউট্রিশনজনিত কেস হতে পারবে না। তেমনি জলের যদি ব্যবস্থা করতে পারি তাহলে কলেরা মহামারী আকারে দেখা দেবে না এটা গ্যারান্টি দিয়ে বলা যায়। তেমনি অপরিচ্ছন্ন পরিবেশ যদি দূর করতে পারি, যদি বস্তীজীবনের অন্ধকারময় পরিবেশ থেকে মানুষকে মুক্ত করতে পারি তাহলে প্রতিষেধকমূলক ব্যবস্থা অনেক কম করলে চলতে পারে। সেই যে সামাজিক ইলস অর্থনৈতিক ইলস তাকে দূর করার কথা আগেই বলেছি, তার পুনরাবৃত্তি করতে চাই না। আমি কেবল বলতে চাই পাবলিক হেল্থ-এর এই যে দিক সেখানে ইমিউনিজেশান ওয়ার্ক আরও ভালভাবে করতে হবে হেল্থ কনসাসনেস যাতে সাধারণ মানুষের মধ্যে জাগাতে পারি হেলথ কনসেসান যাতে সাধারণ মানুষের মধ্যে সঞ্চার করতে পারি সেদিকে জোর দেওয়া উচিৎ। আমরা দেখেছি সোস্যাল হেলথ-এর ব্যাপারটা এখন কাগজে পরিণত হয়েছে সেখানে হেলথ এডুকেসান-এর উপর জোর দিতে চাই। তেমনি ফ্যামিলি প্ল্যানিং-এর জন্য হেলথ-এর উপর জোর দিতে হবে বা সবাইকে ইন্টেগ্রেটেড ওয়েতে চালাতে হবে। সেই সঙ্গে সঙ্গে হেলথ সেন্টার-এর মধ্য দিয়ে বিভিন্ন ধরনের পাবলিক হেলথ সংক্রান্ত কাজ এবং ফ্যামিলি প্ল্যানিং সেন্টার-এর কাজ স্কুল হেল্থ-এর কাজের উপরও জোর দিতে হবে। ফ্যামিলি প্ল্যানিং কথাটা এখন চারিদিকে খুব উঠছে। এ সম্বন্ধে দু-একটা কথা বলা দরকার। আমি জানি কেন্দ্রীয় সরকার এর উপর খুব জোর দিয়েছেন। এর পিছনে যে অর্থনৈতিক তথ্য জোর করে প্রচার করা হচ্ছে তা আমি জানি। ওয়ার্লড হেলথ অরগানিজেসান-এর পক্ষ থেকে এবং বিশেষ করে সাম্রাজ্যবাদী দেশগুলি একটা রটনা করতে আরম্ভ করেছেন যে অনগ্রসর দেশ-গুলিতে জনসংখ্যা একটা সমস্যা।

আমরা এই কথা বলতে চাচ্ছি যে ম্যালথাসের যে ভূত সেই সমস্ত সাম্রাজ্যবাদীদের অনুচরদের ঘাড়ে থাকতে পারে, যারা সমাজকে স্থবির হিসাবে দেখতে চান তাদের ঘাড়ের উপর চেপে বসতে পারে। আমি একথা পরিস্কারভাবে বলতে চাই লোক সংখ্যার সমস্যা শুধু সংখ্যা দিয়ে বিচার করলে চলবে না। লোকসংখ্যার সমস্যা অর্থনৈতিক এবং সামাজিক পটভূমিতে বিচার করতে হবে। এবং তা যদি আমরা না করি তাহলে লোকসংখ্যা গত যে সমস্যা সেই সমস্যার সমাধানের পথে যতই আমরা হৈ-হুল্লোর করি না কেন যতই ফ্যামিলি প্ল্যানিং-এর প্রোগ্রামকে আমরা ঢাক-ঢোল দিয়ে প্রচার করি না কেন লুপের প্রচারে যতই আমরা মাতামাতি করি না কেন আমরা ফ্যামিলি প্ল্যান বা কন্ট্রোল ফ্যামিলির জায়গাতে পৌঁছতে পারবো না, এটা আমি মনে করি। আমি মনে করি এটা সেই অর্থনৈতিক তত্ত্বের যে ভূত আছে সেই ভূতকে আমি ঝেড়ে ফেলতে বলছি—বলে বলেছি যে হ্যাঁ, পপুলেসানকে কন্ট্রোল করা দরকার, নিশ্চয় পপুলেসানকে কন্ট্রোল করা দরকার। মায়ের স্বাস্থ্যের দিকে তাকিয়ে কন্ট্রোল করা দরকার। সন্তানের স্বাস্থ্যের দিকে তাকিয়ে কন্ট্রোল করা দরকার এবং সেদিকে দৃষ্টিভঙ্গী যেন আমাদের থাকে। আমি দেখছি বড়লোকের ঘরে তো ফ্যামিলি প্ল্যানিং-এর প্রশ্ন এত বড় করে দেখা দেয় না, তাঁদের তো সন্তান সংখ্যা সীমাবদ্ধ দেখছি। যদি অগ্রসরশীল যে সমস্ত দেশ আছে তাদের দিকে আমরা তাকাই সেখানে পপুলেসান তো খুব প্রবলেম হয়ে দেখা দিয়েছে বলে মনে হয় না, সেখানে তো ফ্যামিলি প্ল্যানিং-এর প্রবলেমকে জোর দিয়ে দেখা হচ্ছে না। আজকে এটাও ঠিক কথা, আমাদের দেশে কৃষি ফলনকে আরো বাড়ানো যায়, আমাদের দেশে শিল্পের প্রসারের পথকে আরো উন্মুক্ত করে দেওয়া যায়, ব্যবসা-বাণিজ্যের সুযোগ যখন আমাদের দেশে আছে তখন লোকসংখ্যা লোক গণনায় ভিত্তির উপর যদি আমরা বিচার করি এবং সমস্ত প্রবলেমকে সেইভাবে দেখি তাহলে বিকৃত সিদ্ধান্তে পৌঁছাবো বলে আমি মনে করি। আমি মনে করি না যে যাঁরা ম্যালথাসের তথ্য প্রচার করছেন তাঁদের কথা কিন্তু আমি মনে করি না একথাও যে আমরা আমাদের কৃষি ফলনের শেষ মাথায় দাঁড়িয়েছি বা আমরা আমাদের শিল্প বা ব্যবসা-বাণিজ্যের শেষ প্রান্তে এসে দাঁড়িয়েছি। আর কোন প্রসার হতে পারে না সুতরাং জনসংখ্যা কমাও, জনসংখ্যা কমাও, এছাড়া আর আমাদের কোন গতি নেই একথা আমি কখনই মনে করি না। কিন্তু তা সত্ত্বেও আমি মনে করি যে এই তত্ত্বকে বাদ দিলেও পপুলেশান কন্ট্রোল করার প্রয়োজন আছে এবং তার উপর যথেষ্ট গুরুত্ব দিতে হবে। কিন্তু সেখানে আমাদের প্রোগ্রাম যেন এমন হয় যাতে আমরা আসল জায়গায় পৌঁছাতে পারি এবং তার ব্যবস্থা করতে হবে। তাই যে প্রচার সে প্রচার আমাদের করতে হবে। আমাদের মধ্যে সোশ্যাল ষ্টিকমা এবং আরও অনেক কারণ আছে যার ফলে আমরা লক্ষ্য করেছি যে ফ্যামিলি প্ল্যানিং প্রোগ্রামগুলিকে আমরা সেভাবে এগিয়ে নিয়ে যেতে পারিনি, সুতরাং সে দিকটাও আমাদের দেখতে হবে এবং দেখে মাস প্রচার করতে হবে। সেখানে আমরা কিছু ইনসেনটিভের ব্যবস্থা করেছি, যাঁরা স্টেরিলাইজেসানে সম্মত হবেন তাঁদের জন্য কিছু অর্থ বরাদ্দ আমরা করেছি এবং সেইভাবে আমরা লক্ষ্য করছি এতেও আমরা কিছুটা এগিয়ে নিয়ে যেতে পারবো। অন্য দিকে ফ্যামিলি প্ল্যানিং সংক্রান্ত যে প্রোগ্রাম, জনস্বাস্থ্য সংক্রান্ত যে প্রোগ্রাম সেই প্রোগ্রামকে ইনটিগ্রেটেড পরিকল্পনার মধ্যে দিয়ে কার্যকরী করে তোলবার কথা ভাবছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর পর আমি দু-একটি কথা বলতে চাই, যাঁরা ষ্টাফ তাঁদের সম্বন্ধে। আমি মনে করি সাধারণভাবে সরকারী কর্মচারীদের সম্বন্ধে যে কথা বলা হয়েছে তা আপনারা জানেন। পে কমিটির কথাও আপনারা সকলে শুনেছেন, কিন্তু সব ব্যাপারে পে কমিটি পর্যন্ত যেতে আমি চাচ্ছি না। আমি মনে করি স্বাস্থ্য দপ্তরের এমন কিছু কিছু স্তরের কর্মচারী আছেন, এমন কতকগুলি ক্যাডার আছে যাদের তার আগেই কিছু করে দেওয়া উচিৎ। তারপর পে কমিটি যা বিচার বিবেচনা করবেন তা করবেন। আনট্রেন্ড নার্স তাদের সম্বন্ধে কিছু করা উচিত বলে আমি মনে করি। সে সম্বন্ধেও কথাবার্তা চলছে। তাদের সম্বন্ধে কিছু এ্যালাউন্সের ব্যাপারও আছে। বেসিক হেলপ ওয়ার্কার বলে একটা নতুন ক্যাডার সৃষ্টি করা হয়েছে তাদেরকে যাতে আমরা আর একটু বিন্যাস করে দিতে পারি—যেমন 'এ' এবং 'বি' ক্যাটিগরীতে ভাগ করে দিতে পারি সেইভাবে কিছু কথাবার্তা আমরা অর্থ দপ্তরের সঙ্গে চালাচ্ছি। আমি মনে করি এরকম কিছু কিছু ক্যাডার আছে যাদের উন্নতি বিধানের প্রশ্ন পে কমিটি পর্যন্ত বিলম্বিত হওয়া উচিত নয়। পে কমিটির সুপারিশের উপর নির্ভর করা উচিত নয়। যাদের উপর আমি মনে করি কিছু কিছু অবিচার করা হয়েছে। ঠিক তেমনি

ট্রপিক্যাল স্কুল অব মেডিসিন যাঁরা রিসার্চ করেন তাঁদের আর কোন প্রাইভেট প্রাকটিসের সুযোগ-সুবিধা নেই, তাঁদের সম্বন্ধেও আমরা কিছু ভাবছি। সেনট্রাল গভর্নমেণ্টে যেমন নন-প্রাকটিসিং এ্যালাউন্স দিয়ে রেখে দেওয়া হয় সেই রকম ধরনের দেবার কথা আমরাও চিন্তা করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর বেশি সময় নিলাম না। আমি আমার বক্তার এখানে উপসংহার টেনে আমি আশা করব আমি যে বাজেট বরাদ্দ পেশ করেছি, তা সকলের অকুণ্ঠ সমর্থন পাবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

[3—3-25 p.m.]

Mr. Speaker: Cut motion No. 34 of Grant No. 20 is out of order. The rest are in order and taken as moved.

All the cut motions under Grant No. 21 are in order and taken as moved.

The following cut motions were taken as moved on the Demand for Grant No. 20:

Shri Dhirendra Narjinarai: That the demand be reduced to Re. 1.

Shri Amalendu Kumar Bagchi: That the demand be reduced to Re. 1.

Shri Ahmad Hossain Mondal: That the demand be reduced to Re. 1.

Dr. Ranjit Ghosh Chowdhury: That the demand be reduced to Re. 1.

Dr. Indrajit Roy: That the demand be reduced to Re. 1.

Dr. Gopal Das Nag: That the demand be reduced to Re. 1.

Shri Byomkes Majumdar: That the demand be reduced to Re. 1.

Shri Nitya Nanda Bhuniya: That the demand be reduced to Re. 1.

Shri Maharaja Bose: That the demand be reduced to Re. 1.

Shri Hare Krishna Das: That the demand be reduced to Re. 1.

Shri Benoy Kumar Chattopadhyay: That the demand be reduced to Re. 1.

Shri Suvendu Roy: That the demand be reduced to Re. 1.

Shri Trilokesh Misra: That the demand be reduced to Re. 1.

Shri Paresh Chandra Goswami: That the demand be reduced to Re. 1.

Shri Satyanarayan Banerjee: That the demand be reduced to Re. 1.

Shri Narayan Chandra Chaudhuri: That the demand be reduced to Re. 1.

Shri Sachindra Mohan Nandy: That the demand be reduced to Re. 1.

Shri Khagendra Nath Das Gupta: That the demand be reduced to Re. 1.

Shrimati Abha Maiti: That the demand be reduced to Re. 1.

Shri Azizur Rahman: That the demand be reduced by Rs. 100.

Shri Abdus Sattar: That the demand be reduced by Rs. 100.

Shri Jatindra Mohan Roy: That the demand be reduced by Rs. 100.

Shri Brindaban Chattopadhyay: That the demand be reduced by Rs. 100.

Shri Puranjoy Pramanik: That the demand be reduced by Rs. 100.

Shri Pramatha Nath Dhibar: That the demand be reduced by Rs. 100.

Shri Sripati Sinha: That the demand be reduced by Rs. 100.

Dr. Gopika Ranjan Mitra: That the demand be reduced by Rs. 100.

Dr. Ranjit Ghosh Chowdhury: That the demand be reduced by Rs. 100.

Shri Haradhan Mondal: That the demand be reduced by Rs. 100.

Shri Raj Narayan Kundu: That the demand be reduced by Rs. 100.

Shrimati Sudha Rani Dutta: That the demand be reduced by Rs. 100.

Shri Benoy Kumar Chattopadhyay: That the demand be reduced by Rs. 100.

Shri Krishna Bahadur Gurung: That the demand be reduced by Rs. 100.

The following cut motions were taken as moved on the Demand for Grant No. 21:

Dr. Indrajit Roy: That the demand be reduced to Re. 1.

Shri Amalendu Kumar Bagchi: That the demand be reduced to Re. 1.

Dr. Ahmad Hossain Mondal: That the demand be reduced to Re. 1.

Dr. Ranjit Ghosh Chowdhury: That the demand be reduced to Re. 1.

Dr. Gopal Das Nag: That the demand be reduced to Re. 1.

Shri Haradhan Mondal: That the demand be reduced to Re. 1.

Shri Raj Narayan Kundu: That the demand be reduced to Re. 1.

Shrimati Sudharani Dutta: That the demand be reduced to Re. 1.

Shrimati Biva Mitra: That the demand be reduced to Re. 1.

Shri Benoy Kumar Chattopadhyay: That the demand be reduced to Re. 1.

Shri Prasenjit Barman: That the demand be reduced to Re. 1.

Shri Maharaja Bose: That the demand be reduced to Re. 1.

Shri Rajani Kanta Doloi: That the demand be reduced to Re. 1.

Shri Pramatha Nath Dhibar: That the demand be reduced to Re. 1.

Shri Jatindra Mohon Roy: That the demand be reduced to Re. 1.

Shri Syama Prasad Barman: That the demand be reduced to Re. 1.

Shri Khagendra Nath Das Gupta: That the demand be reduced to Re. 1.

Shrimati Abha Maiti: That the demand be reduced to Re. 1.

Shri Brindaban Chattopadhyay: That the demand be reduced to Re. 1.

Shri Satyanarayan Banerjee: That the demand be reduced by Rs. 100.

Shri Baidya Nath Banerjee: That the demand be reduced by Rs. 100.

Dr. Gopika Ranjan Mitra: That the demand be reduced by Rs. 100.

Shri Azizur Rahman: That the demand be reduced by Rs. 100.

Shri Puranjoy Pramanik: That the demand be reduced by Rs. 100.

Shri Abdus Sattar: That the demand be reduced by Rs. 100.

Shri Bankim Chandra Sasmal: That the demand be reduced by Rs. 100.

Shri Paresh Chandra Goswami: That the demand be reduced by Rs. 100.

Shri Sripati Sinha: That the demand be reduced by Rs. 100.

Shri Krishna Bahadur Gurung: That the demand be reduced by Rs. 100.

(At this stage the House was adjourned for 20 minutes)

(*After Adjournment*)

[3-25—3-35 p.m.]

শ্রীজগন্নাথ কোলেঃ আমাদের মন্ত্রিমহোদয় তো এক ঘণ্টা নিলেন তার পরে যে টাইম কি করে হবে আমি বুঝতে পারছি না। প্রত্যেক দিন যদি সাড়ে সাতটা করে হয় তাহলে কি করে চলবে, আমরা সাড়ে ছয়টা পর্যন্ত করতে চাই। তাহলে ওঁদের সময় একটু কাটতে হবে।

মিঃ স্পীকারঃ আমি তো মন্ত্রিমহাশয়কে গোড়া থেকে বলছি যে একটু দয়া করুন আমার দিকে—যা হোক আমি যতটা পারছি করছি—আপনাদের সঙ্গে আমাকেও বাদ দেবেন না। আমি খুব সুখে বসে নেই।

ডাঃ জয়নাল আবেদিনঃ মিঃ স্পীকার, স্যার, আজকে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবী এখানে উপস্থাপিত করেছেন আমি তার বিরোধীতা করছি। আমি বিরোধীতা করছি এই জন্য যে আমাদের ধারণা ছিল যে জনস্বাস্থ্য এবং চিকিৎসার মত একটা গুরুত্বপূর্ণ বিষয়ে রাজনীতির আমদানি থাকবে না, সেখানে দলবাজী হবে না। মাননীয় স্বাস্থ্য মন্ত্রিমহাশয়, তাঁর প্রারম্ভিক ভাষণের অবতারণায় সোস্যাল ইকনমিক প্রবলেমের কথা বলে যে তথ্য তুলে ধরেছেন এবং বার বার তিন চার বার সেই সমস্যা সমাধানের যে ইঙ্গিত করেছেন আমি নকশালবাড়ি দেখেছি—

আমার কিছ কিছু সময় ভয় হয় বুঝি বা স্বাস্থ্য, জনস্বাস্থ্য এবং চিকিৎসার যে ত্রুটি আছে যে সমস্যা আছে, যে অভাব আছে তার সমাধান মাননীয় মন্ত্রিমহোদয় যুক্তফ্রন্ট সরিকের বড় তাঁবেদার হিসাবে—তাদের হাবিলদার হিসাবে নকশালবাড়ির প্রসঙ্গ তুলে ধরতে চান। আমরা জানি যে চিকিৎসার অভাব আছে জনস্বাস্থ্যের ত্রুটি আছে। মাননীয় মন্ত্রিমহোদয় যে দৃষ্টিভঙ্গী দিয়ে দেখেন ২৭টা ব্লকে প্রাইমারী হেলথ সেন্টার তৈরী হয় নি, মাননীয় মন্ত্রিমহোদয় যে দৃষ্টিভঙ্গী দিয়ে দেখেন যে কলকাতার হাসপাতালের আউট ডোরে ভিড় হয়, মাননীয় স্বাস্থ্য মন্ত্রিমহোদয় যেমন দেখেন শয্যার অপ্রতুলতা আছে, চিকিৎসকরা গ্রামাঞ্চলে যেতে চান না এই সমস্যাগুলি উনি যে দৃষ্টিভঙ্গীতে দেখেন সেই দৃষ্টিতে আমরাও দেখে তার সমাধান ব্যাপারে চিন্তা করি। মাননীয় মন্ত্রিমহোদয় যে সমাধান এবং যে বিচার রেখেছেন সেই বিচার সম্পূর্ণ রাজনৈতিক বিচার সোসিও-ইকনমিক প্রবলেমের যে ইঙ্গিত তিনি দিয়েছেন তা নয়, যে রাজনৈতিক দাওয়াই তিনি প্রয়োগ করতে চেয়েছেন, যে রাজনৈতিক দৃষ্টিভঙ্গী দিয়ে এটাকে কলুসিত করতে চেয়েছেন আমি শুধু তার প্রতিবাদ করি এবং সেইজন্য আমি এই ব্যয়বরাদ্দের বিরোধীতা করছি। আজকে মাননীয় স্বাস্থ্য মন্ত্রিমহোদয় একথা বললেন না, যখন দেশ স্বাধীন হয় কংগ্রেসের কর্তৃত্বে এবং নেতৃত্বে, তখন এই পশ্চিমবাংলায় একটিও স্বাস্থ্যকেন্দ্র ছিল না। বাংলাদেশের অধিকাংশ মানুষ যারা পল্লীগ্রামে বাস করে তাদের জন্য চিকিৎসা ব্যবস্থার ত্রুটি ছিল, তাদের দিকে দৃষ্টি পর্যন্ত কেউ দেয়নি এই দীর্ঘ দিন এই ত্রুটি সংশোধন করে ক্রমান্বয়ে আমাদের সীমিত অর্থসংগতির মাধ্যমে আজকে ৭৫০টার মত স্বাস্থ্যকেন্দ্র আমরা করতে পেরেছি। এই স্বীকৃতি যদি তিনি দিতেন তাহলে ভাল হোত। আজকে যে ২৭টি ব্লকে স্বাস্থ্যমন্ত্রী প্রতিশ্রুতি দিলেন কংগ্রেসের নেতৃত্বাধীনে যে নীতি অনুসৃত হচ্ছিল তার পরিপূরক হিসাবে তিনি যে প্রতিশ্রুতি দিয়েছেন শুধু সেই প্রতিশ্রুতি যদি তিনি পালন করতে পারেন তাহলে আমরা অনেকটা আশা করবো যে তিনি হয়তো কিছু করলেন রাজনীতিকে বাদ দিয়ে মাননীয় স্বাস্থ্য মন্ত্রিমহোদয় বলেছেন যে দেড় কোটির মত মানুষ আউটডোর চিকিৎসাধীনে এসেছে। পশ্চিমবাংলার লোকসংখ্যা যদি আমরা মোটামুটি চার কোটিও ধরি তাহলে অর্ধেকের উপর মানুষ আজ আউটডোর চিকিৎসার সুবিধা পাচ্ছে না। একথা তাঁরই স্বীকৃতি এবং তিনি আশা করেন যে এর উপর তিনি বাড়াতে পারবেন। পলি ক্লিনিক করে, সান্ধ্য ক্লিনিক করে, আউটডোরের সিট বাড়িয়ে ৫০ লক্ষের মত মানুষকে এর আওতায় আনতে পারবেন বলে তিনি আশা করছেন। মাননীয় মন্ত্রিমহাশয়কে স্মরণ করিয়ে দিচ্ছি—পলি ক্লিনিক, সান্ধ্য ক্লিনিক এবং অতিরিক্ত সিফটে যে চিকিৎসার ব্যবস্থা যেটা যুক্তফ্রন্ট সরকারের নূতন কিছুই নয়, এর আগের বৎসরগুলির যদি স্বাস্থ্য খাতে ব্যয়বরাদ্দের কথা আমরা চিন্তা করি এবং যে যে বিষয়ে ব্যয় হোত তা যদি আমরা চিন্তা করি তাহলে মাননীয় স্বাস্থ্য মন্ত্রিমহোদয় আজকে যে সমস্ত প্রোগ্রামের কথা বলেছেন সেগুলি কংগ্রেস সরকারেরই অনুসৃত নীতি তার পরিপূরক এবং উত্তর সাধক হিসাবে তিনি এগুলি সম্পূর্ণ করতে পারলেও আমরা তাঁর কাছে কৃতজ্ঞ থাকবো। তিনি নূতন কিছু সংযোজন করতে পারেন নি। আমি তাঁকে শুধু একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই যে তিনি যে এক্স-রে প্রভৃতির গবেষণার কথা বললেন এখন যে পরিমাণ রোগী এই আউট ডোরগুলিতে আসে তার জন্য এক্স-রে এবং বিভিন্ন ইনভেস্টিগেশনের জন্য যে টেকনিসিয়ান দরকার বোধ করি তার এখনও অপ্রতুলতা আছে। একটা রোগী যদি এক্স-রে করতে চায় তাহলে ২০-২৫ দিন বাদে তাকে ডেট দেওয়া হয়। যদি অতিরিক্ত ব্যবস্থা করতে হয় তাহলে অতিরিক্ত টেকনিসিয়ান এবং সাজসরঞ্জামের ব্যবস্থা তাঁকে করতে হবে। শুধু একথা চিন্তা করলেই হবে না যে আমরা সিফট পলি ক্লিনিক বাড়িয়ে দিলাম, আউটডোরের সংখ্যা বাড়িয়ে দিলাম, অতিরিক্ত সীট বাড়িয়ে দিলাম তাতে হবে না। এর জন্য যে টেকনিসিয়ান এবং যন্ত্রপাতি দরকার সেই যন্ত্রপাতি, টেকনিসিয়ান মেডিক্যাল পারসোন্যাল প্যারামেডিক্যাল পারসোন্যাল যেগুলি দরকার তার সংস্থান করতে হবে। প্যারামেডিক্যাল পারসোন্যাল সম্বন্ধে তিনি কিছু ইঙ্গিত দিয়েছেন বলে তাঁর প্রারম্ভিক ভাষণে আমরা কিছু তো পাই নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যুক্তফ্রন্ট সরকারের কাছে জনতা যেরকম আশা করে বিরোধীপক্ষ হিসাবে আমরা আশা করেছিলাম যে তিনি এমন কিছু তথ্য আমাদের দেবেন, এমন কিছু সন্ধান আমাদের দেবেন যার ফলে এই প্রতিশ্রুতি দেশের মানুষ পাবে যে বাংলাদেশের যেসমস্ত অঞ্চলে চিকিৎসার অবহেলা আছে, সেই সমস্ত অবহেলা, সেই সমস্ত ত্রুটি দূর করার জন্য তিনি এগিয়ে আসবেন। কিন্তু তা দেখি নি। তিনি উত্তর বঙ্গ সম্বন্ধে যে কথা বলে গেছেন মেডিক্যাল কলেজের কথা এবং আর আর যে গবেষণা কেন্দ্রের

কথা বলে গেছেন তার মাধ্যমে বোধ করি তিনি জলপাইগুড়ির নির্বাচিত প্রতিনিধি হিসাবে তাঁর অনিচ্ছাকৃত পক্ষপাতিত্ব তাঁকে দুষ্ট করেছে। যে মেডিক্যাল কলেজ হবে, যে ক্যানসার এবং টি বি ক্লিনিক হবে তা সবই জলপাইগুলিতে হবে সব কিছু জলপাইগুড়িতে কেন্দ্রীভূত করার প্রবণতা তাঁর মধ্যে দেখেছি। এই যে পক্ষপাতিত্বমূলক দোষ, এর আমি তীব্র প্রতিবাদ করছি। আমি এখানে স্মরণ করিয়ে দিচ্ছি উত্তর বঙ্গ বলতে শুধু জলপাইগুড়িকে বুঝায় না, উত্তরবঙ্গ বলতে আরও কয়েকটি জেলা আছে যার উন্নয়ন জলপাইগুড়ির উন্নয়নের সঙ্গে সমতালে হওয়া বাঞ্ছনীয়। আমি রবীন্দ্রনাথের ভাষায় বলতে চাই যে সমস্ত শরীরকে বঞ্চিত করে দেহের রক্ত সঞ্চালন স্বাস্থ্যের লক্ষণ নয়। এক কালে বিদেশী শাসকদের চক্রান্তে সব কিছু কেন্দ্রীভূত যেমন হয়েছিল কলকাতা এবং মহানগরীতে—অনুরূপভাবে আজকে এই শাসন ব্যবস্থার যদি সব কিছু আপনারা আবার রাজনৈতিক দৃষ্টিভঙ্গি দিয়ে কেন্দ্রীভূত করতে চান তাহলে বোধ করি আপনাদের সর্বনাশের পথ খুলে রাখবেন, এটাই আমি আপনাদের হুঁসিয়ার করে দিতে চাই।

[3-35—3-45 p.m.]

মাননীয় স্বাস্থ্য মন্ত্রিমহাশয় যেকথা উল্লখ করেছেন দুর্নীতি সম্বন্ধে এবং বার-বার তিনি তার উপর জোর দিয়ে দিয়েছেন। আমি তাঁকে স্মরণ করিয়ে দিচ্ছি জল সরবরাহের মত গুরুত্বপূর্ণ ব্যাপার—ওয়াটার সাপ্লাই—এটা কেউ অস্বীকার করতে পারবে না। সাধারণ নাগরিক হিসাবে প্রত্যেকের অধিকার আছে পরিশ্রুত জল পাওয়া। এই জল সরবরাহ নির্বাচিত প্রতিষ্ঠান জেলা পরিষদ, আঞ্চলিক পরিষদ ইত্যাদির উপর দায়িত্ব ছিল, কিন্তু আজকে নিজেদের স্বার্থ চরিতার্থ হচ্ছে না বলে আপনারা এ অধিকার বাতিল করবার প্রস্তাব করেছেন। আপনারা যে কমিটি করেছেন সে কমিটির রাজনৈতিক প্রতিনিধি হিসাবে আপনার দলগত লোকেরা যেতে পারবে, জনসাধারণের প্রতিনিধিরা যাতে যেতে না পারে তার ব্যবস্থা করছেন। আপনারা জেলা, মহকুমা ও ব্লক ভিত্তিতে হেলথ কাউন্সিল করার চিন্তা করছেন। এর সঙ্গে প্যারালাল হিসাবে একটা তুলনা দিতে চাই, যুক্তফ্রন্টের যে ফুড রিলিফ কমিটি হয়েছে তাতে দেখছি রিলিফ-এর নামে রাজনৈতিক দলবাজী হচ্ছে, মানুষের অসহায় অবস্থার সুযোগ নিয়ে রাজনৈতিক স্বার্থ চরিতার্থতার চেষ্টা হচ্ছে। হেলথ কমিটি করার যে প্রস্তাব দিয়েছেন আমরা বিশ্বাস করি এর দ্বারা আপনার দলবাজী করার ঝোক আছে। হেলথ কমিটির নাম করে আপনারা যেখানে নির্বাচনের মাধ্যমে যেতে পারেন নি সেখানে এগুলি কুক্ষিগত করার এক অপচেষ্টা করছেন। কি বাধা ছিল জেলা পরিষদ, আঞ্চলিক পরিষদের মাধ্যমে হেলথ কমিটির ব্যবস্থার কথা। নির্বাচনে যাদের জনসাধারণ ভোট দিয়েছে তাদের বাদ দিয়ে আপনারা যেমন ফুড অ্যান্ড রিলিফ কমিটিতে দলবাজী করেছেন সে রকম একটা অশুভ ইঙ্গিত দেখছি যে হেলথ কমিটির মাধ্যমে ওয়াটার সাপ্লাইর ব্যবস্থা করা এবং জেলা পরিষদের হাত থেকে তুলে নেওয়া। আমি অনুরোধ করবো জনস্বাস্থ্য ব্যবস্থায় রাজনীতির আমদানী করবেন না। স্বাভাবিক ভাবে মানুষ যাদের উপর আস্থা রেখেছে তাদের দিয়ে ভাল কাজ হতে পারে। আমি আপনার কাছে দুর্নীতি সম্বন্ধে দুইটা কথা বলবো। সাম্প্রতিককালে আপনি বহরমপুর হাসপাতাল পরিদর্শন করেছেন। আপনার কাছে এ অভিযোগ লিখিতভাবে রাখা হয়েছিল যে, সেখানে আপনার দলের আর-এস-পি কর্মীরা ডাক্তারদের হুকুম করেছে অমুককে অ্যাডমিট করো এবং যে করছেন না সে ডাক্তারকে ঘেরাও করা হয়েছিল। তার কোন প্রতিকার করেন নি। আপনি মফঃস্বল সার্ভিসকে অবলিগেটরি করবেন বলে বলেছেন। আই ডি হসপিট্যাল-এ নিহার পাল বলে একজন ডাক্তার ছিলেন সে ভদ্রলোককে প্রেসিডেন্সী থেকে ডিউরিং জানুয়ারী ট্রান্সফার করা হয় আই ডি হসপিট্যাল-এ। আপনার সম্মতি নিয়ে তাকে বদলি করা হয়েছে, মেডিক্যাল কলেজ-এ, ছয় মাসের মধ্যে তাকে পর পর বদলি করার কারণ কি? এটা আপনার সততার অভিনয় হয়েছে, কিন্তু আপনার আন্তরিকতার অভাব আছে এবং দুর্নীতি যদি কোথাও সৃষ্টি হয়ে থাকে তাহলে সেটা আপনার দপ্তরে ও কলমে ও সরকারের প্রবণতায় আছে। এবার আমি ইন্ডি-জেনাস সিস্টেম অফ মেডিসিন সম্বন্ধে আপনি কোন কথা বলেন নি বলে ২-১টা কথা বলবো। কিছুদিন আগে আয়ুর্বেদ বিল পাশ করেছেন। ভারতের এই প্রাচীন শস্ত্রুত শাস্ত্রের গবেষণার দরকার আছে। কিন্তু আপনি সে সম্বন্ধে আপনার প্রারম্ভিক ভাষণে কোন তথ্য উপস্থিত করেন নি। শুধু আয়ুর্বেদ নয়—ইউনানি সিস্টেম, যোগ সিস্টেম অব মেডিসিন-এর সরকারের অনুদান

পাওয়া উচিত বলে আমি মনে করি। আর একটা কথা স্বাস্থ্য মন্ত্রীর বক্তৃতা শুনে মনে হচ্ছে ব্যক্তিগতভাবে কিম্বা নীতিগতভাবে ফ্যামিলি প্ল্যানিং-এর উপর তার কোন বিশ্বাস নেই। ফেডারেল স্ট্রাকচার অঙ্গ রাজ্য হিসাবে আমাদের যেটুকুন কর্তব্য সেটা কেন্দ্রের নির্দেশে করে যেতে চাই। তিনি গোড়ায় বলেছেন সোলিড ইকনমিক প্রবলেম বাংলাদেশের জনসংখ্যা সমস্ত ভারতবর্ষের তুলনায় বেশী। অর্থাৎ ১০ বৎসরের মধ্যে এক কোটির উপর জনসংখ্যা বেড়েছে। এছাড়া বাইরের চাপ আছে, অজন্মা আছে, কৃষি ফেল করছে, ইরিগেশন ব্যবস্থা ডেভালপ করতে পারে নি। বড় লোকেরা ফ্যামিলি প্ল্যানিং-এর কথা চিন্তা করেন না সত্য। তিনি মানফুল সাহেবের কথা বলেছেন, কিন্তু যাদের পরিবার যত দরিদ্র সন্তানসন্ততি দেখবেন তাদের তত অধিক এটা আমরা অবজারভেশান করে দেখেছি। এটার যদি আজ বিরোধীতা করেন তাহলে এর অর্থ হচ্ছে এই যে, বর্ধিত মানুষ তাদের আপনাদের রাজনৈতিক হাতিয়ার হিসাবে কাজে লাগাবেন বলে ফ্যামিলি প্ল্যানিং-এর বিরোধীতা করছেন। ফ্যামিলি প্ল্যানিং-এর যদি কোথাও প্রয়োজনীয়তা থাকে তাহলে সেটা ভারতবর্ষে আছে এবং বাংলাদেশেও আছে। এটা শুধু সোসিও-ইকনমিক প্রবলেম নয়, সমস্ত শাসন ব্যবস্থা সামাজিক অর্থনৈতিক ব্যবস্থা এর সঙ্গে জড়িত। টি বি সম্বন্ধে একটা কথা বলবো। আপনি যখন পশ্চিম দিনাজপুর ভিজিট করতে যান তখন আপনার সামনে দাবী রেখেছিলাম যে এখানে টি বি হাসপাতালের সুযোগ-সুবিধা আছে। রেফারেন-সিয়াল হাসপাতাল একটা কল্যাণীতে আছে আর একটা জলপাইগুড়িতে নিশ্চয়ই হবে। সে হিসাবে বলতে চাই জনসংখ্যার ১·৫ এই টি বি এফেকটেড পিপুলের মধ্যে ২৫ পার্সেণ্ট ওপেন টি বি যারা স্পুটাম ব্যাসিলাই থ্রো করে। এই টি বি হাসপাতাল জেলাভিত্তিক হওয়া উচিত এবং সেরূপ একটা প্রোগ্রাম নেওয়া উচিত। আমি বলবো এগুলি কেন্দ্রভূত না করে প্রত্যেক জেলাতে একটা করে টি বি ক্লিনিকের ব্যবস্থা করুন। এক্ষেত্রে ওয়েস্ট দিনাজপুর-এর দাবী আগেই রাখা হয়েছে। এই বলে শেষ করছি।

[3-45—3-55 p.m.]

ডাঃ নারায়ণচন্দ্র রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, স্বাস্থ্যমন্ত্রীর ব্যয়বরাদ্দ সমর্থন করতে উঠে আমি আমার বক্তব্য সংক্ষিপ্তভাবে কয়েকটা দিকে রাখবো। অতি প্রাঞ্জল ভাষায় বিস্তারিতভাবে একটা নীতির কিভাবে দৃষ্টিভঙ্গী হওয়া উচিত সেটা তিনি রেখেছেন, আমি আপনার মাধ্যমে ৪-৫টা জিনিস আপনাকে ভেবে দেখতে বলবো। প্রথম হচ্ছে যে এই পট ভূমিকায় বাংলাদেশের স্বাস্থ্য দপ্তর পরিচালিত হচ্ছে তার জন্য যতটা অর্থের প্রয়োজন তার সিকির সিকিও আমরা যোগাড় করতে পারবো না, দিতে পারবো না।

সুতরাং অর্থকৃচ্ছতার মধ্যে ব্যয় সংকোচ করে আমাদের মূল কাজগুলি করতে হবে এটাই হচ্ছে সবচেয়ে বড় কথা। দ্বিতীয় কথা হচ্ছে এই যে, স্বাস্থ্য সমস্যার মধ্যে যে দ্বিমুখী গতি আছে সেই গতির কথা অনুমান করে আমাদের কর্মপদ্ধতি সাজাতে হবে। এর মধ্যে প্রথমটি হচ্ছে বাংলাদেশ তথা সারা ভারতবর্ষের বিভিন্ন জায়গায় বিভিন্ন রেটে যে চিকিৎসক, নার্স এবং যাঁরা উঁচু দরেব শিক্ষা লাভ করে বায়সাপেক্ষ চিকিৎসা যাঁরা করেন তাঁদের গতি এবং কনসেনট্রেশান শহরের দিকে যে হয় এবং হচ্ছে দুটো রাজনৈতিক বক্তৃতা দিয়ে ডিসেনট্রালাইজেশান করে তাঁদের গ্রামের দিকে পাঠানো যাবে না। এই ট্রেন্ড টু দি সিটি, ডাক্তার, নার্স এবং উঁচু দরের চিকিৎসার ব্যবস্থা কনসেনট্রেসান টাউনেই হতে পারে, গ্রামে হতে পারে না। সেই জন্য আগে টাউনের কথা এবং তারপরে সাবসিডিয়্যারি টাউনস-এর কথা ভাবতে হবে এবং এই ট্রেন্ড রোগীরা ছুটছে শহরের দিকে, ডাক্তাররা রুজিরোজগারের জন্য ছুটছে শহরের দিকে, এই সমস্ত কথা মনে রেখে আমাদের নীতিগুলি ভাবতে হবে। আর একটি বড় জিনিস যেটা কলকাতা শহরের মানুষের চোখে পড়ে সেটা হচ্ছে কলকাতা, হাওড়া এবং আরো কতকগুলি ইন্ডাস্ট্রিয়াল এরিয়ার মুখের ছবি সম্পূর্ণ বদলে গেছে। এগুলি এখন কর্মাস্লিটাল এক একটি ইন্ডাস্ট্রিয়াল টাউন। এই সমস্ত ইন্ডাস্ট্রিয়াল এরিয়ায় যে টাইপের অ্যাকসিডেন্ট এবং ইনসিডেন্ট হচ্ছে তাতে করে আগেকার পটভূমিকায় যে ধরনের ছক ছাপানো ছিল হাসপাতালগুলির চিকিৎসার ক্ষেত্রে, এখন তার সিস্টেমগুলির আমূল পরিবর্তনের কথা না ভাবলে আধুনিক সভ্যতার সঙ্গে হাসপাতালগুলি পা রাখতে পারবে না। যেখানে প্রতি ঘণ্টায় ১০০ জনের হাত, পা, মাথা ভাঙ্গছে সেখানে আমরা একটি অ্যাকসিডেন্টের জন্য ক্যাজুয়ালটি হাসপাতাল করেছি। অথচ কলকাতা শহরের ৩০ মাইলের মধ্যে যদি কোন

বড় অ্যাকসিডেন্ট হয় তাহলে তার গতি হচ্ছে কনসেনট্রেশান টুওয়ার্ডস ক্যালকাটা এবং কলকাতায় এলে সেটার গতি হচ্ছে টুওয়ার্ডস মেডিক্যাল কলেজ। ভাল লাগুক বা না লাগুক বাহিরে থেকে এলেই জানবেন মেডিক্যাল কলেজের দিকে যাচ্ছে। নীলরতন সরকার এবং আর জি কর, ন্যাশনাল কলেজ ভবিষ্যতে হয়ত একদিন ওয়েল প্রোভাইডেড হবে, কিন্তু তবুও লোকে সেই মেডিকাল কলেজকেই জানবে। সুতরাং এই সমস্যাটাকে আমাদের জানতে হবে। এই সমস্ত ইন্ডাস্ট্রিয়াল অ্যাকসিডেন্টস, ট্রাফিক অ্যাকসিডেন্টস, ভেহিকুলার অ্যাকসিডেন্টস গত ১০ বছরের মধ্যে দারুনভাবে বেড়ে গেছে। আজকাল একেবারে পাশাপাশি গাড়ি চলছে এবং তার মধ্যে দিয়ে আবার রিক্সা চলছে। সেই জন্য আজ যদি অ্যাকসিডেন্ট হসপিট্যাল না করেন তাহলে ভীষণ অসুবিধা ভোগ করতে হবে। কারো হয়ত পা ভেঙ্গেছে অর্থোপেডিক ডিপার্টমেন্টে তার স্থান নেই এবং আবার হয়ত কারো হিপ-জয়েন্ট ফ্রাকচার হয়েছে তাকেও পুনরায় সেই হাসপাতালে পাঠিয়ে দেওয়া হচ্ছে। সেই জন্য আমাদের এই কথা নিশ্চয়ই ভাবতে হবে যে হাসপাতালে স্থান নেই এবং এর জন্য আমরা দোষ দিতে পারছি না। সেই জন্য আমি এই কথা বলতে চাই যে আমাদের এদিকটায় একটু সঠিক পদক্ষেপে এগোতে হবে যাতে আমরা এই সমস্যার সমাধান করতে পারি। ক্যাজুয়ালটি ব্লকের উপর ডাঃ রায়ের আমল থেকে একটু জোর পড়েছিল। আমরা জানি সেটায় একটু ভাববার কারণ আছে। এর জন্য প্রচুর টাকার দরকার। ক্যাজুয়ালটি হসপিট্যালে এক্স-রে থাকা চাই যদি ইমিডিয়েট এমারজেন্সী রিলিফ দিতে হয়। এছাড়া কার্ডিওলজি থাকা চাই, এক্স-রে থাকা চাই এবং অন্যান্য ব্লাড ট্রান্সপারেন্ট থাকা চাই এবং এই সমস্ত জিনিস রেডি না থাকলে মানুষকে হঠাৎ ঘটনার কোন মোকাবিলা করা যায় না। সেই জন্য ক্যাজুয়েলটি হাসপাতাল সেটা এমন একটা আপ টু ডেট ওয়েল ম্যানেজড, টেকনিক্যালি এবং পার্সোন্যালি হওয়া উচিত যেটা এখানে সত্যিকারের এই শহরের প্রবলেমের সঙ্গে মোকাবিলা করতে পারে। আমরা এই ক্যাজুয়ালটি হাসপাতাল সম্বন্ধে শম্ভুনাথকে নিয়ে অনেকদিন ধরে বলে এসেছিলাম যে এখানে ক্যাজুয়ালটি হাসপাতালের কতকগুলো বুনিয়াদ করা হয়েছে, কতকগুলো বেড আছে শুনেছি—আমাদের মোটে ক্যাজুয়েলটি হাসপাতাল এবং ক্যাজুয়েলটি সিট হিসাবে মেডিক্যাল কলেজে ২০০টি, এন আর এস-এ ১৫০টি, তবে তুলসীরাম জয়শ্রীরাম সেখানে হয়তো ১৫০টি হতে পারে কবে হবে জানি না, শম্ভুনাথ-এ ২০০টি হবে, কবে হবে জানি না, আর জি কর-এ ক্যাজুয়ালটি ব্লক হবার কথা আছে, কবে হবে তা জানি না। আমাদের কলকাতা শহরে ছড়ানো এবং অন্যান্য জায়গায় যদি ২০০টি করে হয়ও এবং তার যদি একটা সেন্ট্রাল ডিস্ট্রিবিউশন থাকে, হয়তো কোন রুগী মেডিক্যাল কলেজে এসে পড়লো, বেড নেই চলে গেল জয়সওয়ালে, সেখানে যদি বেড না থাকে শম্ভুনাথে পাঠানো যেতে পারে, এই সেন্ট্রালাইজেশানটা যদি ইন অ্যাডিশন টু দি ক্যাজুয়েলটি ব্লক হয়, যদিও সেটা ডিসপার্চ ইন দি হোল টাউন, তা যদি হয় তাহলে কলকাতার প্রবলেম-এর খানিকটা মোকাবিলা করা যায়। এই কলকাতা শহরে মাথা ভাঙ্গা, পা ভাঙ্গা এটা আজকের দিনে প্রাত্যহিক ব্যাপার। ট্রামে ঝুলতে ঝুলতে যায়, বাসে ঝুলতে ঝুলতে যায়, পা-টা রেখে বাড়ি চলে গেল, কোমরটা ভেঙ্গে গেল, এটা রোজের ঘটনা যা দেখতে পাচ্ছি। হাসপাতালে পাঠিয়ে দিচ্ছে আবার ফেরত আসছে, সুতরাং আজকে ডাক্তার হিসাবে এটাই আমার সবচেয়ে বড় করে বলা দরকার। তবু টি বি-র কোন আশ্রয় আছে হয়তো সেটা পরে আর একটু করাতে পারবো, কিন্তু অ্যাকসিডেন্ট আজকের ঘটনা আজকেই চিকিৎসা চাই। এটা যদি সহজ এবং সঠিক রাস্তায় মোকাবিলা না করা যায় তাহলে শহরের প্রবলেম সমাধান হবে না। আমার বক্তব্য আর দীর্ঘ করবো না, তবে আমার বক্তব্য হচ্ছে এই ক্যাজুয়েলটি বেডগুলিকে যত তাড়াতাড়ি করতে পারেন করে ফেলুন। এটা সম্বন্ধে আমার একটা আবেদন আছে যে সেগুলোকে সেন্ট্রালাইজ করুন এবং সেন্ট্রালাইজেশান করে আমার অতীত দিনের একটা আবেদন ছিল যে মেটার্নিটি কেস-এ সেন্ট্রালাইজ হওয়া চাই, কারণ একটা ডেলিভারী কেস হাসপাতালে এসে পড়লো কিন্তু বেড নেই, সঙ্গে সঙ্গে তাকে পাঠিয়ে দিতে পারবে, হয়তো একটা অপারেশন কেস অপারেশন হয়ে যাবার পর অন্য হাসপাতালে রিকভারী হিসাবে পাঠিয়ে দিতে পারবো। আমরা এই একজিস্টিং বেড পাওয়ার নিয়ে আমরা ইউটিলিটি দিতে পারবো। আমি আর একটা কথা বলবো যে, ডাঃ জয়নাল আবেদিন বললেন যে বাংলাদেশে যেসমস্ত টি বি কেস ওপন এবং ইনফেকটিভ। , তাদের যদি ভর্তি করার কোন কল্পনা করতে হয়—আজকে টাকা নেই, চারিধারে হয় সেখানে হাসপাতাল করে করতে হয়, কারণ একবার ডাঃ রায়-এর আমলে ১৯৫২ সালে কথা উঠেছিল যে কাঁচড়াপাড়ার মত মিলিটারী ব্যারাকের

মত টেম্পরারী শেড করে রাখা যায় কিনা। তারপর তাদের নন-ইনফেকটিভ করে সরিয়ে দেওয়া হবে, সেই রকম করা যায় কিনা সেটা ও'রা পরে বিবেচনা করবেন, কিন্তু এখন যা আছে সেইগুলোর মধ্যে আমাদের এটা বড় করে জোর দেওয়া উচিত। এক হচ্ছে ডোমিসিলিয়ারী ট্রিটমেন্ট করে মানুষেরা হয়রানী না হয়ে নিশ্চিতভাবে যাতে পায় যেটা হাসপাতালের বিরুদ্ধে একটা অভিযোগ আছে যে বেরিয়ে আসার পর আর যে অসুধটা পাবেই সেটা সব সময় হয়ে ওঠে না, এই গ্যারান্টি এবং ফুল প্রুফ অর্গানাইজেশান, মানুষ সেখান থেকে বেরিয়ে আসার পর যাতে বাইরে থেকে চিকিৎসা পেতে পারে এবং দরকার হলে সেটা যে ডোমিসিলিয়ারী ট্রিটমেন্ট ছিল, ডাক্তার যাতে টি বি কেস দেখতে পারে এবং অসুধটা সম্বন্ধে একটা নিশ্চয়তা যদি পাওয়া যায় তাহলে কিছুটা সমস্যার সমাধান হতে পারে। আমরা পাবলিসিটি দিতে পারি যে এখান থেকে রোগীরা সেরে গেছে এবং যারা নুতন অসুস্থ লোক আছে তাদের স্থান করে দিতে পারি। তা না হলে বাংলা-দেশে আমাদের এই সরকারের হোক বা আমাদের পরের সরকারেরই হোক এমন পয়সা কারোর হবে না যাতে চারিধারে নুতন টি বি হাসপাতাল করতে পারবে। এই ডোমিসিলিয়ারী লাইন অফ ট্রিটমেন্ট সেটাকে এখানে টি বি হাসপাতালেও বটে এবং অন্য আউটডোরেও বটে গ্যারান্টিড মেডি-সিন এবং গ্যারেন্টিড গুড সার্ভিস যদি দিতে পারি তাহলে আমাদের জনতার সংগে যেখানে মোকা-বিলা হয়, কন্টাক্ট হয়, সেখানে তাদের খুসী করতে পারবো এবং সত্যই স্বীকার করবে যে এই সরকারের আমলে আমরা একটা নুতন জিনিস পেয়েছি।

Dr. Copal Das Nag: Mr. Speaker, Sir, I have fully appreciated the sentiments expressed by our Hon'ble Health Minister. I am also of the same opinion with him in many respects. But I beg to inform him that I differ from him in some respects. Before coming to the problem itself I would give this friendly warning to our Hon'ble Health Minister in whose sincerity and honesty I have firm faith that in administering health services and medical relief programme he must not give preference to his sentiments over reasoning and various recommendations which we have with us from the experts. I also beg to remind him that in West Bengal public health today is in a dynamic state. It is true that its progress was not uniform in last 20 years. But it is equally true that it was hampered from natural handicaps like limited finance, population and illiteracy of the people and to this may be added the more pressing demands created by national emergency and lately by our chronic shortage of food associated with malnutrition, as has been referred to by the Hon'ble Health Minister. Even so we must not disregard that during the last 20 years the Government of West Bengal undertook bold policies of far-reaching effect, I mean the policy of rural health service thorugh primary health centres. This is an experiment which has made the whole world inquisitive of its results. If we succeed and succeed we must in this venture, then I am sure we will be able to set an example probably unparalleled in the history of medical relief and public health. Sir, I simply refer to this because I expect our Hon'ble Health Minister will say a few words in due appreciation of the achievements of the predecessors in office. Now about the problem I would like to remind our Hon'ble Health Minister about the present concept of health. The present concept of health is that we must have a unified whole. Preventive, curative and social aspects are its principal components. Now what we have seen in West Bengal is that its integration is present in the district and in the primary health centres. Unfortunately for reasons unknown to me the intermediate levels have been left out. I expect our Hon'ble Health Minister will take up the matter on the line I would suggest and will say what steps he proposes to take for the integration of health services in the intermediate levels. In that respect he has failed us and so his budget has also failed us. Secondly, what is the object of any health service? It must be to offer protection to every individual from epidemic and infectious diseases, as also to make available to all citizens the wonders of medical science, no matter where he resides and what society he belongs to. In this context I beg to remind the Hon'ble Health

Minister that man is the creator of all the troubles so far as the health problems and diseases are concerned. It is man who builds up the slums which ruin the sanitation of the society. It is man who creates environments where delinquents thrive. It is man who creates conditions for the spread of diseases. So our target of attack must be man himself.

[3-55—4-5 p.m.]

From the speech of the Hon'ble Health Minister I have this impression, I stand for correction, Sir, that he tries to deal with the effect of the environment on the man. But the correct conception is this—Sir, we must deal with the effect of the man on the environment and that is why man must be attacked first and for which he needs to be educated. He must assume the responsibility. We must create that sense in him from which he may participate in our health programmes. We must not forget that the man pollutes the air, man pollutes water and it is the man himself who spoils the mental horizon of the society. So, Sir, any health programme must be so met that our principle of this attack will be man himself nor this system or that as we see from our political angle of vision.

Sir, another thing I would like to remind the Hon'ble Health Minister is that prevention is still considered to be the best method in medical science as in other places also. But, Sir, unfortunately I have heard from the Health Minister that our present budget shows a swing towards the other side ignoring the fact that much higher dividend would have yielded had he devoted the same amount on curative purposes. Perhaps he had forgotten the spectacular achievement of the nation through Malaria Eradication Scheme. I would be very happy if the Hon'ble Health Minister can satisfy me that by spending similar sum for Malaria Eradication Scheme we could have created such circumstances by which we could have cured all other diseases. Another thing I would like to point out to our Hon'ble Health Minister is that prevalence and distribution of diseases have considerably altered during the last 20 years. Of course, this happens pari passu with the change in our socio-economic structure. Malaria is more or less non-existent. Similarly, tuberculosis and V.D. are being tackled on national basis. Kala-ajar has declined and similarly decline is noticed in cases of cholera, dysentery and enteric fever. Crude death rate has fallen sharply and average expectation of life has increased. But, Sir, alarming increase in the incidence of many other diseases are noticed by the medical profession. I mean virus infection about which I do not want to say now as it will take a lot of time. I would like to mention only about two diseases—filaria and leprosy. I would have been glad had there been any mention of filaria in the speech of our Health Minister. Perhaps he knows that after eradication of malaria from the soil of West Bengal all the financial assistance rendered by the West Bengal Government for anti-malaria measure in the towns of West Bengal have been stopped. As a result we see unabated growth of mosquito and particularly of the Culex variety which carries filaria germ. It is the worst enemy of mankind. We find incidence of filaria in urban areas—particularly in the industrial belt about which my friend, Dr. Narayan Roy has kindly mentioned, has alarmingly increased, I would have been glad to hear what Government contemplates to prevent the increased incidence of filaria. We have heard about a pilot project in some parts of Midnapore which was undertaken by the last Government. But I do not know the fate of the project. But how long we can confine to this pilot project. This may be the problem of Bengal itself only. So the Government of West Bengal must come forward with necessary financial assistance through an organised programme for immediate eradication of filaria. An immediate eradication of filaria is necessary at least to check the incidence of Filaria by taking anti-mosquito measures in Calcutta and in industrial areas. Similarly, Sir, take the case of leprosy. Dr. Narayan Roy and Shri Joynal Abedin have

mentioned about the open cases of tuberculosis which we call infective stages. There are cases of leprosy. There are two types of cases—infective and non-infective. A few years back there was perhaps a small survey or rather a sample survey by Kustha Ashram in the urban areas of Hooghly district, and I have heard from them that they were rather surprised to notice an alarming increase in incidence of leprosy cases amongst the school-going students. I am also of the same opinion with the Hon'ble Minister that this is a result of our present social economic system. Anyway, we are to protect the healthy persons from infective cases of leprosy and that can only be possible if we make adequate arrangement for the segregation. It is only possible if the Government can make more beds for the leprosy patients. So far I understand there are only 15 beds at present for segregation. This is definitely quite inadequate for our purpose. It will be very good if the Government can make proper arrangement for their cure, and at least to protect the society from such infective cases I would suggest immediate segregation of such persons who will be found at the infective stage by the experts.

Now, Sir, another thing that I would like to mention is about the potable water supply. In the rural areas formerly our idea was to provide 1½ inch diameter tubewell for a population of 400. In fact, from the experience I can say that the yield from such tubewell can be at the most 150 gallons. So I would request the Hon'ble Health Minister to change the original basis and to make one tubewell per hundred of population in the rural areas and there must be at least one stand-by for two such localities so that if there is a wreakage, if there is delay in repair, the people do not suffer from the dearth of potable water supply.

Coming to the medical relief side, rather curative side on which our Hon'ble Minister has given much emphasis, I would like to say that my general impression after hearing him is this that fixed ideas and the political sentiment of our Hon'ble Minister have ruined our health programme. What is his object? He wants decongestion of the Calcutta hospitals. He wants to create more receptive measures in Calcutta hospitals. That means he is attracting more people from outside to come to Calcutta for better treatment, but the whole idea is this, Sir, that his opinion is based on certain wrong informations. The persons who crowd in the Calcutta Outdoor Departments do not belong to Calcutta itself. At least 60 per cent of such patients come from outside Calcutta, say even from a distance of Burdwan or Asansol or Midnapore. So what will be the correct attitude? If we want decongestion we must give those amenities, those expert skill, those implements which are available in Calcutta Medical Colleges to Midnapore District Hospital, to Hooghly District Hospital, to Burdwan District Hospital, and that is how we can only decongest Calcutta and we can maintain the standard. Hon'ble Minister must not forget that at present there is no dearth of hospital beds. If the report published by the Government is correct, at present in West Bengal we have got one bed for 1,154. The recommendation of the Mudaliar Committee was at least one bed for 1,000. We have almost reached the target, and so far as the doctors are concerned, we have got one doctor for 1,894. Mudaliar Committee suggested it should be at least one per thousand. There is no dearth of doctor. There is no dearth of hospital. The only difficulty is this—doctors are not well distributed, beds are not well distributed. So I feel concentration must not be in Calcutta hospitals. We must not consolidate Calcutta hospitals but we must distribute the amenities which are created We must distribute the benefit which we can give at the disposal of the people of West Bengal. Decentralisation is the correct attitude. You must upgrade the subdivisional hospitals and link the hospitals with the teaching institutions. All these things have been recommended clearly by Dr. Mudaliar in his report. I would request the Minister to go through that report.

Finally, I would urge upon our Health Minister that the funds should be properly utilised for the betterment of rural health.

Sir, I cannot support the budget.

[4-5—4-15 p.m.]

শ্রীসাধনকুমার সেনঃ মিঃ স্পীকার, স্যার, মাননীয় স্বাস্থ্য মন্ত্রিমহাশয় যে বায়বরাদ্দ পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি এবং তিনি যে সমাজ সচেতন বক্তৃতা করেছেন তার জন্য একজন চিকিৎসক হিসাবে তাঁকে আমি অভিনন্দন জানাচ্ছি। আমি আশ্চর্য হয়ে গেলাম শুনে আমাদের বিরোধী পক্ষ থেকে বলা হয়েছে যে পরিবেশের যে প্রতিক্রিয়া মানুষের উপর ঘটে এবং পরিবেশ যে মানুষের সমস্ত রোগের মূলে রয়েছে সেটা নাকি ভুল তথ্য। কিন্তু আমি জানি যে শুধু সমাজতান্ত্রিক দেশে নয়, মার্কিন দেশের মত সাম্রাজ্যবাদী দেশের চিকিৎসকরাও আজকে স্বীকার করেন যে সামাজিক, অর্থনৈতিক ভিত্তির উপর দাঁড়িয়ে মানুষের অসুখ করে এবং মানুষকে নিরাময় করতে হলে সেই ভিত্তিকে কখনও অস্বীকার করা চলে না। আমার পূর্বে যিনি বললেন তিনি বললেন যে মানুষের জন্য সব কিছু সুতরাং মানুষের দিকে দৃষ্টি দিতে হবে। আমরা মনে করি মানুষকে পরিবেশ থেকে কখনও বিচ্ছিন্ন করা যায় না। অর্থাৎ সমাজের একটা বিশেষ উৎপাদন ব্যবস্থা থাকে এবং সেই উৎপাদন ব্যবস্থার সাথে মানুষের একটা সম্পর্ক থাকে এবং সেই সম্পর্কের উপর ভিত্তি করে মানুষের সমস্ত চেতনা, সব কিছু গড়ে উঠে। সুতরাং যে কোন জনস্বাস্থ্য মন্ত্রীকে যদি বাস্তবিকই এই বিষয়ে কোন দৃঢ় পদক্ষেপ নিতে হয় তাহলে তাঁকে সমাজ সচেতন হিসাবে অগ্রসর হতে হবে এবং আমাদের যুক্তফ্রন্ট সরকারের স্বাস্থ্যমন্ত্রী যে সেই চেতনার পরিচয় দিয়েছেন সেজন্য আমি নিশ্চয়ই তাঁকে অভিনন্দন জানাবো। যাই হোক, একথা আমার প্রধান কথা নয়, যে কথা আমি বলতে চাই সেটা হচ্ছে পল্লীবাংলার কথা, যেখানে আজো সমস্ত দরিদ্র জনগণের অশিক্ষা আর কুসংস্কারের সাথে সহ অবস্থান করে চলেছে ব্যাধি আর অকাল মৃত্যু। তাই তারা আজো রোগে ধারন করে কবজ, তাবিজ। যমরাজের এই যে লীলা ক্ষেত্র পল্লীবাংলা, তার যে স্বাস্থ্যের অবস্থা তার দিকে কংগ্রেস সরকার গত ২০ বছর কোন দৃষ্টি দিন নি। তাঁরা শুধু একটি মাত্র অজুহাত দেখিয়েছেন যে সত্যিকারের ডাক্তার নাকি গ্রামে যেতে চান না, সেজন্য নাকি পল্লীবাংলার স্বাস্থ্য উন্নত করা যায় নি। কিন্তু একজনের উপর এক জন স্বাস্থ্যমন্ত্রী এসেছেন কেউই কখনও ডাক্তারদের ডেকে জিজ্ঞাসা করেন নি যে কেন তাঁরা বাংলা দেশের গ্রামে যেতে চান না, কি তাঁদের অসুবিধা। আমি অভিনন্দন জানাই আমাদের স্বাস্থ্যমন্ত্রীকে এই জন্য যে তিনি কমপালসারি রুর‍্যাল হেলথ সার্ভিসেস-এর কথা বলেছেন। কিন্তু তার সংগে সংগে দু-একটি কথা বলতে চাই যে আজকে আমাদের স্বাস্থ্যমন্ত্রীকে বুঝতে হবে কেন বাংলাদেশের তরুণ চিকিৎসকরা গ্রামে যেতে চান না। তার প্রধান কারণ এই নয় যে, তাঁদের আয় কম হয়। কলকাতায় বহু ডাক্তার আছেন যাঁরা পল্লীগ্রামের স্বাস্থ্যকেন্দ্রের ডাক্তারদের যে মাইনে স্বাস্থ্যমন্ত্রী করে দিয়েছেন তার চেয়েও কম পান কিন্তু তা সত্ত্বেও তাঁরা পল্লীগ্রামে যেতে চান না এই কারণে যে, যে চিকিৎসা বিজ্ঞান তাঁরা কলকাতায় শিখেছেন সেই চিকিৎসা বিজ্ঞানের প্রয়োগের কোন ক্ষেত্র ঐ প্রাইমারি হেলথ সেন্টারগুলিতে নেই, সেখানে সাজ সরঞ্জাম নেই, কোন ঔষধপত্র নেই, সেখানে ক্লিনিক্যাল পরীক্ষার কোন ব্যবস্থা নেই, সেখানে নার্স নেই এবং সর্বোপরি তাঁদের সহ-যোগী বন্ধু নেই যাঁদের সংগে তাঁরা পরামর্শ করতে পারেন। আজকে প্রাইমারী হেলথ সেন্টার-গুলির প্রধান সমস্যা হচ্ছে প্রাইমারী হেলথ সেন্টারগুলিকে ওয়েল ইকুইপট করতে হবে এটা যদি করতে পারেন তাহলে নিশ্চয়ই তরুণ চিকিৎসকরা সেখানে যাবেন। তার সাথে সাথে যে কথা স্বাস্থ্যমন্ত্রী বলেছেন বাস্তবিকই ডাক্তারদের মধ্যে দুটো শ্রেণী তৈরী হয়েছে। একটা শ্রেণী হচ্ছে ধনীর দুলালরা, যাঁরা স্বাস্থ্য দপ্তরের বড় বড় অফিসারদের তোষণ করতে পারেন না তাঁদের সম্পর্ক রয়েছে। তারা চিরকাল কলকাতায় থেকে যান, বিলেত যাবার সুযোগ পান বড় ডিগ্রি নিয়ে তাঁরাই স্বাস্থ্যদপ্তরে সুযোগ পান। কিন্তু আর এক দল রয়েছেন যাঁরা সত্যিকারের সমাজ সচেতক, যাঁরা সত্যিকারের দেশকে ভালবাসেন কিন্তু তাঁরা চিরকাল গ্রামে অবহেলিত হয়ে পড়ে থাকেন সেদিক থেকে আজ স্বাস্থ্যমন্ত্রী যা ঘোষণা করেছেন সেই ঘোষণাকে আমি স্বাগত জানাই এবং তার সাথে সাথে আমি এই দাবী করি তিনি যত বড় ডাক্তারই হোন না কেন এই হেলথ সার্ভিস-এ কমপালসারী করতে হবে যে তাঁকে একবার না একবার গ্রামে গিয়ে তাঁর অভিজ্ঞতা জানাতেই হবে, তাঁকে একটা সুনির্দিষ্ট সময় গ্রামে অবশ্যই থাকতে হবে। এবং তা না হলে কোন

স্বাস্থ্য দপ্তরের উচ্চ পদে তাঁকে উঠতে দেওয়া হবে না। তার সাথে সাথে রুর‍্যাল এলাওয়েন্স বলে একটা অ্যালাওয়েন্স প্রবর্তন করা দরকার যেটা গ্রামে গেলে একটা সত্যিকারের ইনসেনটিভ হবে এবং সেটার সত্যিকারের প্রয়োজনীয় এবং তার সাথে এই রুর‍্যাল লেথ সার্ভিস যখন থাকবে, তাকে একটা উচ্চ গুণ হিসাবে স্বীকৃতি দিতে হবে। তাহলে নিশ্চয়ই বহু তরুন শিক্ষক পাওয়া যাবে এবং ডাক্তারও পাওয়া যাবে। এই দিকে কংগ্রেসী শাসকরা তাকান নি এবং বোঝেন নি বলে গ্রামে ডাক্তার পাওয়া যায় নি। আমি আর একটা প্রশ্ন এর সাথে তুলছি। যেটার দাবী উঠেছে যে গ্রামে যে আন-রেজিস্টার্ড মেডিক্যাল প্র্যাকটিশনার আছে তাঁদের সকলকে রেজিস্টার্ড করে দিতে হবে। স্পীকার মহাশয়, আমি এই কথাই বলতে চাই, তাঁরা সেই আন-রেজিস্টার্ড মেডিক্যাল প্র্যাকটিশনাররা গ্রামের স্বার্থে তাঁদের যে অবদান আছে তাকে আমি শ্রদ্ধা করি তাকে আমি স্বীকার করি এবং তাঁদের শর্ট কোর্স ট্রেনিং দিয়ে সেইসব মেডিক্যাল অ্যাসিসট্যান্টদের চাকরীর সুবিধা দেওয়া উচিত। তাতে তাঁরাও উপকৃত হবেন এবং সঙ্গে সঙ্গে বাংলাদেশের গ্রামের অনেক উপকার হবে। কিন্তু যদি তাঁদের ডাক্তার খেতাব দিয়ে গ্রামের জনসাধারণের ভার ছেড়ে দেওয়া হয়, আমি মনে করি তাহলে পল্লীবাংলার প্রতি অত্যন্ত অবিচার করা হবে। জীবনের দাম আছে। শহরের মানুষের জীবনের যেমন দাম আছে তেমনি গ্রামের মানুষের জীবনেরও দাম আছে। শহরের মানুষের জীবন শুধু বড় বড় কোয়ালিফায়েড ডক্টরদের হাতে থাকবে আর গ্রামের মানুষের দায়ীত্ব আন-রেজিস্টার্ড মেডিক্যাল প্র্যাকটিশনার্সদের হাতে থাকবে এই ডাবল স্ট্যান্ডার্ড কোন প্রগতিশীল সরকার সমর্থন করতে পারে না তাই আমিও পারি না। এবং সেজন্য বলছি যে, এই ব্যাপারে আমাদের একটা বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী নিয়ে এগুতে হবে এবং যেন কোন সাময়িক এবং রাজনৈতিক কোন চিন্তাধারার দ্বারা জনসাধারণের বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গীর পরিবর্তন যেন আমরা না করি। এটা আমাদের হৃদয়বান স্বাস্থ্যমন্ত্রীকে চিন্তা করতে অনুরোধ করছি। প্রত্যেকটি ব্লকে একটি করে হেলথ সেন্টার থাকবে। যে সিদ্ধান্ত হয়েছে আমি তাকে স্বাগত জানাই এবং তা যাতে ওয়েল ইকুইপড হয় তার জন্য আবেদন জানাই। সাথে সাথে এ কথাও বলি, গ্রামাঞ্চলে যেসমস্ত কোয়ালিফাইড মেডিক্যাল প্র্যাকটিশনাররা আছেন তাঁদেরও অনারারী সার্ভিস এই সমস্ত হেলথ সার্ভিস-এ নেওয়া উচিত এবং তা যদি নেওয়া হয় নিশ্চয়ই অনেক ডাক্তার এগিয়ে আসবেন এবং ডাক্তারদের যে অভাব আছে সেই অভাব অনেকটা তার দ্বারা পূরণ হতে পারে। এই উপলক্ষে একটি জায়গার নাম আমি বলতে পারি, জনবহুল যে খড়্গপুর শহর তাতে আজ পর্যন্ত একটিও স্বাস্থ্যকেন্দ্র নেই, একটি হাসপাতাল নেই, আমি জানি না কেন কংগ্রেসী বন্ধুরা করতে চান নি! কিন্তু আমি আশা করি আমাদের যুক্তফ্রন্ট সরকারের যে স্বাস্থ্য মন্ত্রী তিনি তা নিশ্চয় করার ব্যবস্থা করবেন। তার সাথে আর একটা সমস্যা আমি তুলছি যে সেন্ট্রাল মেডিক্যাল স্টোর্স-এর উপর সমস্ত ঔষধ কেনা, বা সাজ সরঞ্জাম কেনার দায়ীত্ব এবং বিতরণের দায়ীত্ব রয়েছে তার ফলে মফঃস্বল থেকে যেসব ঔষধ তাঁরা চেয়ে পাঠান, যা ইন্ডেন্ট করেন, সেই ইন্ডেন্ট-এর মেডিসিন গিয়ে পেঁছুতে প্রায় এক মাসেরও বেশী সময় লেগে যায়। কাজেই আমার প্রস্তাব হচ্ছে, যে একে বিকেন্দ্রীকরণ করতে হবে, প্রত্যেকটি মহকুমায় অন্ততঃ একটি করে মেডিক্যাল স্টোর করতে হবে। বাজেট অনুযায়ী তাঁরা ঔষধ কিনবেন এবং তাঁরা ঔষধ বিতরণের দায়ীত্ব নেবেন, তাহলে তাড়াতাড়ি করে প্রয়োজনীয় ঔষধ এবং সাজ-সরঞ্জাম স্বাস্থ্যকেন্দ্রে গিয়ে পেঁছুবে। এবং তাতে স্বাস্থ্য বিভাগের উন্নতি হবে বলে আমি মনে করি।

[4-15—4-25 p.m.]

আমি এই সাথে আরও একটি বিষয় বলতে চাই সেটা হচ্ছে কলকাতা শহরে দুই হাসপাতালে যে আফটারনুন পে ক্লিনিক হয়েছে তাকে আরও বিস্তৃত করা উচিত। এবং বিস্তৃত করে প্রত্যেকটি হাসপাতালে যাতে আফটারনুন পে ক্লিনিক হয় তার ব্যবস্থা করা উচিত। সাথে সাথে যে ডায়গোনস্টিক ক্লিনিক-এর কথা বলেছেন স্বাস্থ্যমন্ত্রী, আমি বলি কলকাতায় প্রত্যেকটি অঞ্চলে ভাল করে কতকগুলি আউটডোর-এর ব্যবস্থা করা উচিত এবং সেই ব্যবস্থা করলে পরে একটা হাসপাতালে যে প্রচুর রুগীর ভীড় হয় সেটা অনেকাংশে কমতে পারে। আমি আরেকটি কথা বলতে চাই সেটা হচ্ছে স্বাস্থ্য বিভাগে যাঁরা সবচেয়ে অবহেলিত হয়ে আছে সেই জুনিয়ার হাউস স্টাফ এবং ক্লাস ফোর এমপ্লয়ী এবং নার্স তারা সবচেয়ে অবহেলিত হয়ে আছে। তাদের যথাযোগ্য মর্যাদা এবং তাদের যথাযোগ্য ব্যবস্থা আজও হয় নি এবং আমি মনে করি সবচেয়ে বেশী করে

বলা দরকার নার্সদের কথা—আমার যা অভিজ্ঞতা তাতে দেখেছি এদের উপরে সবচেয়ে বেশী পরিশ্রম পড়ে এবং এদের উপরে রোগীর ভালমন্দ অনেকাংশে নির্ভর করে এবং সুখী নার্স যদি ওয়ার্ড-এ না থাকে সেখানে রোগীর যত্ন হতে পারে না। আমার ধারণা দিস ইজ হোয়ার উই হ্যাভ বিন মোস্ট আনফেয়ার এবং সে ব্যাপারে আমাদের স্বাস্থ্যমন্ত্রী আশা করি নিশ্চয়ই নার্সদের এবং চতুর্থ গ্রেডের এমপ্লয়ীদের এবং জুনিয়ার হাউস স্টাফদের ব্যাপারে বেশী করে দৃষ্টি দেবেন। আমি বলতে চাই একজন স্বাস্থ্যমন্ত্রী পরে আরেকজন স্বাস্থ্যমন্ত্রী এসেছে কিন্তু আমরা দেখেছি তাঁদের বেশী বেশী করে কলকাতার উপরেই দৃষ্টি বেশী পড়ে। নিশ্চয়ই কলকাতার উপরে দৃষ্টি দিতে হবে, জনবহুল শহর এখানে একটা বিশিষ্ট পরিবেশ রয়েছে সুতরাং চিকিৎসার বিশেষ ব্যবস্থা এবং গবেষণা নিশ্চয়ই বেশী করে হবে। কিন্তু তা সত্ত্বেও যদি আজকে পল্লীবাংলার স্বাস্থ্যকেন্দ্রগুলির উন্নতি না করা যায় তাহলে পরে শুধু যে পল্লীবাংলার মানুষ রুগ্ন হয়ে থাকবে তা নয়, সারা বাংলাদেশের খাদ্য যারা উৎপাদন করে সেই মানুষগুলি যদি অসুস্থ হয়ে পড়ে তাহলে সারা বাংলাদেশই রুগ্ন হয়ে থাকবে এবং তার মাঝখানে সুষ্ঠু কলকাতা গড়ে তোলা সম্ভব নয়। এবং সারা বাংলাদেশের হাজার হাজার মানুষ যদি কলকাতায় চিকিৎসার জন্য আসতে থাকে তাহলে কলকাতায় ভাল চিকিৎসার ব্যবস্থা হতে পারে না এবং তখন কলকাতার নাগরিকরা আরও বেশী করে অসুস্থ হয়ে পড়বেন। তাই বিকেন্দ্রীকরণের দিকে দৃষ্টি রেখে প্রত্যেকটি মহকুমা হাসপাতাল এবং ব্লক হাসপাতালগুলি যাতে শক্তিশালী করা যায় তার ব্যবস্থা করতে হবে। এবং এই ব্যবস্থা করতে পারলে নিশ্চয়ই বাংলাদেশের স্বাস্থ্য ফিরে যাবে। আজ স্বাধীনতার পরে বিশ বছর চলে গিয়েছে কিন্তু কোন স্বাস্থ্যমন্ত্রী পল্লীবাংলার দিকে বেশী নজর দেন নি। আজকে বেশী করে দৃষ্টি দেবার সময় এসেছে এবং আমরা আশা করি এই সরকার দৃষ্টি দেবেন। আজকে পল্লীবাংলাতে যে স্বাস্থ্যকেন্দ্রগুলি রয়েছে তা শুধু নামেই রয়েছে। এই স্বাস্থ্য কেন্দ্রগুলিকে প্রকৃত স্বাস্থ্যকেন্দ্রগুলিতে পরিণত করতে হবে। সেজন্য যে স্বাস্থ্যকেন্দ্রগুলি রয়েছে তা যদি আরও সমৃদ্ধ করা যায় সেগুলিকে যদি আরও বেটার ইকুইপ করা যায় এবং সেগুলি থেকে যদি রোগীরা প্রকৃত চিকিৎসা পান তাহলে কলকাতার ভীড় কমে যাবে এবং সুস্থ বাংলা গড়ে উঠবে। আমি শেষ করার আগে বলতে চাই যে রাইটার্স বিল্ডিংস-এ বহু স্বাস্থ্যমন্ত্রী এসেছেন এবং চলে গেছেন, কিন্তু পল্লী মায়ের দিকে তাকাবার ফুরসুত হয় নি। আমরা আশা করি যে আমাদের এই সমাজ সচেতন স্বাস্থ্যমন্ত্রী নিশ্চয়ই সেদিকে তাকাবেন এবং আমরা তার সঙ্গে সহযোগিতা করব। শুধু যাঁরা বড় বড় ডিগ্রী নিয়ে ঐ হাসপাতালগুলির মাথায় বসে রয়েছে তাদের পরামর্শ না নিয়ে আমি স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করবো সমাজ সচেতন অসংখ্য তরুণ ডাক্তার রয়েছেন যাঁরা আজ আপনাদের সাথে সহযোগিতা করার জন্য প্রস্তুত রয়েছেন তাঁরা ত্যাগ স্বীকার কবতে প্রস্তুত রয়েছেন তাঁদের পরামর্শ নিন, তাহলে সুস্থ বাংলা গড়ে উঠবে এই আশা নিয়ে আমি এই ব্যয়বরাদ্দকে সমর্থন করছি।

শ্রীসন্তোষকুমার রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, ডাঃ সাধন সেন বললেন যে দীর্ঘ বিশ বছর ধরে পল্লীবাংলার স্বাস্থ্যকে কংগ্রেস উপেক্ষা করেছে। আমাদের এই দরিদ্র দেশে একথা ঠিক যে অনেক লোকের হয়তো চিকিৎসার ব্যবস্থা এখনও হয় নি। আমাদের পল্লীবাংলার বহু মানুষকে এখনও নন রেজিস্টার্ড ডাক্তারদের উপর নির্ভর করতে হয়। সেইজন্য আমাদের দেশে হাচিকিৎসায় বা অর্ধ চিকিৎসায় বহু লোক আমাদের সমাজের ভার স্বরূপ হয়ে গেছে। কিন্ত স্বাধীনতার পর থেকে স্বাস্থ্য বিভাগের যে উন্নতি হয় নি একথা ঠিক নয়। আমরা যদি গত ১৯ বছরের কথা হিসাব করি তাহলে দেখবো যে বাংলাদেশে চিকিৎসাকেন্দ্র এবং হাসপাতালের শয্যা সংখ্যা অনেকগুণ বেড়ে গেছে। প্রয়োজনের তুলনায় হয়তো এটা অতি নগণ্য। আজকেও হাস-পাতালে ভর্তি হবার জন্য যাঁরা আসেন তাঁদের ½ অংশেকেও হাসপাতালে ভর্তি করার সুযোগ দেওয়া যায় না। আমরা দেখেছি যে গত বিশ বছরে আমাদের দেশে ম্যালেরিয়া নির্মূল হয়েছে মহামারীর প্রকোপ কমেছে, মৃত্যুর হার অনেক কমে গেছে। কিন্তু এখনও আমাদের দেশে যে পল্লী স্বাস্থ্যকেন্দ্রগুলি আছে তার বহু জায়গায় স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হলেও সেখানে ডাক্তারের ব্যবস্থা করা সম্ভব হয় নি। আমাদের কুচবিহার জেলায় এইরকম স্বাস্থ্যকেন্দ্র আছে যে দীর্ঘ দিন ধরে সেই স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নেই, ডাক্তারহীন স্বাস্থ্যকেন্দ্রগুলি আজকে গ্রামের মানুষের কাছে পরিহাসের বিষয় হয়ে উঠেছে। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রি-মহাশয়ের কাছে জানাবো তিনি যাতে শীঘ্র এই স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ডাক্তারের ব্যবস্থা করেন।

মাননীয় মন্ত্রিমহোদয়, এখানে ওয়েস্ট বেঙ্গল মেডিক্যাল সার্ভিস-এ রুর‍্যাল সার্ভিস কমপাল[illegible]রি করবার যে প্রস্তাব রেখেছেন তার জন্য আমি তাঁকে আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি। [illegible] ঠিক যে আমাদের দেশে মেডিক্যাল গ্র্যাজুয়েটেরা পল্লী অঞ্চলে কাজ করতে চান না। সুতরাং এই কমপালসারি তিন বছর বা চার বছর কাজ করবার যে পরিকল্পনা নিয়েছেন এতে [illegible] পল্লী স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার পাওয়া যাবে। কিন্তু এতেও সম্পূর্ণ সমস্যা মিটবে না। কারণ তিন চার বছর পর তাদের শহরের দিকে ফিরিয়ে আনতেই হবে। আমার বক্তব্য যে আজকে মেডিক্যাল গ্র্যাজুয়েটস যাঁরা গ্রামাঞ্চলে যেতে চান না তার প্রধান কারণ এর আগে যে কথা ডাঃ সেন বলেছেন, যে পারিপার্শ্বিক অবস্থা অনুকূল নয়—তাদের পরিবারের ছেলেমেয়েদের লেখাপড়া [illegible] ব্যবস্থা পল্লীঅঞ্চলে নেই। আমাদের পল্লীঅঞ্চলের ডাক্তারদের চাকুরীর সর্ত লোভনীয় করবার জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে এই নিবেদন করবো যে তিনি যেন একটা স্পেশ্যাল রুর‍্যাল এলাউয়েন্স এই সমস্ত ডাক্তারদের জন্য ব্যবস্থা করেন—যে চাকুরীর লোভনীয় সর্তে তাঁরা পল্লীঅঞ্চলে কাজ করতে যাবেন।

4 25—4-35 p.m.]

আজকে স্পেশালাইজড ট্রেনিং সম্বন্ধে যে কথা বলেছেন পল্লীঅঞ্চলে না কাজ করলে স্পেশালাইজড ট্রেনিংয়ের সুযোগ দেবেন না, এর জন্য আমি তাঁকে ধন্যবাদ দিচ্ছি। কিন্তু তার সঙ্গে আর একটা বক্তব্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্য মন্ত্রিমহাশয়ের কাছে রাখতে চাই যে, আমাদের যেসমস্ত স্পেশ্যালিস্ট ডাক্তার যাঁদের নিয়োগ করছেন তাঁদের চাকুরীর একটা শর্ত করা হোক যে জেলা হাসপাতাল বা মহকুমা হাসপাতালে ৩-৪ বছর পরে চাকুরী করতে হবে সেই শর্ত যেন স্পেশ্যালিস্ট ডাক্তারদের সম্বন্ধে রাখা হয়। আমাদের জেলা বা মহকুমার বিভিন্ন জায়গায় আমাদের যাঁরা জনসাধারণ তাঁরা স্পেশ্যালিস্ট ডাক্তারদের সুযোগ পাচ্ছেন না তার সুযোগ নিতে তাঁদের কলকাতা বা বড় কোন জায়গায় চলে আসতে হয়। সুতরাং তাঁদের চাকুরীর শর্ত যদি এটা রাখেন তাহলে আমাদের মহকুমা বা শহরাঞ্চলের লোক এর সুযোগ আরও বেশী পাবেন। তার সঙ্গে সঙ্গে আমরা একথা জানি যে কথা মাননীয় মন্ত্রিমহাশয় এখানে উল্লেখ করেছেন যে, আউট ডোর সার্ভিসকে সম্প্রসারণ করবার জন্য তিনি চেষ্টা করছেন। আমরা জানি যে আমাদের দেশের হাসপাতালে যে চিকিৎসার ব্যবস্থা রয়েছে তা অত্যন্ত অপর্যাপ্ত। আমি এর আগে বলেছি যে ½ অংশ লোকেরও চিকিৎসার ব্যবস্থা করা যায় না। মোদালিয়ার কমিশনের রিপোর্টে একথা ছিল যে আমাদের দেশের রোগীদের শতকরা ৭৫ ভাগ রোগীকে আউট ডোর সার্ভিসে চিকিৎসা ব্যবস্থা করা সম্ভব। সুতরাং আজকে মাননীয় মন্ত্রিমহাশয় যে আউট ডোর সার্ভিসের কথা বলেছেন—এই আউট ডোর সার্ভিস যাতে মহকুমা এবং পল্লী হেলথ সেন্টারগুলিতে উপযুক্ত সাজ-সরঞ্জাম, ঔষধপত্র দিয়ে উপযুক্তভাবে সম্প্রসারণ করেন সেই জন্য তাঁর কাছে আমি নিবেদন রাখছি। আপনারা জানেন যে আমাদের পল্লী বাংলায় অনেক নন-রেজিস্টার্ড ডাক্তার আছেন যাঁদের চিকিৎসা বিজ্ঞানের উপর জ্ঞান আছে। সুতরাং আমাদের মন্ত্রিমহাশয় যদি তাঁদের থেকে যাঁদের উপযুক্ত বলে বিবেচনা করবেন তাঁদের চাকুরীতে গ্রহণ করে ডাক্তারদের সহকারী হিসাবে তাঁদের নিয়োগ করেন তাহলে আউট ডোর সার্ভিসের আরও বেশী সুযোগ দেশের লোকেরা পাবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় মাননীয় মন্ত্রিমহাশয় উত্তরবঙ্গে মেডিক্যাল কলেজ স্থাপনের কথা উল্লখ করেছেন। আজকে এই প্রসঙ্গে কুচবিহারের এক বিশেষ দাবীর কথা আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে নিবেদন করছি। তৃতীয় পরিকল্পনাকালে আমাদের স্বর্গত মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় উত্তরবঙ্গে মেডিক্যাল কলেজ স্থাপনের সংকল্প নিয়ে তৃতীয় পরিকল্পনার ঠিক মাঝামাঝি সময়ে কুচবিহার পরিদর্শন করে কুচবিহার প্যালেসকে উপযুক্ত বিবেচনা করে কুচবিহারের মহারাজার কাছ থেকে সেই প্যালেস কেনবার ব্যবস্থা করেন। কিন্তু তৃতীয় পরিকল্পনায় এই প্রকল্প বাবদ কোন অর্থ বরাদ্দ না হবার জন্য ডাঃ রায়ের সেই সংকল্প ধামাচাপা পড়ে গিয়েছিল। তার পর ১৯৬২ সনের পর থেকে কুচবিহারের মানুষ দলমত নির্বিশেষে বার বার পশ্চিমবঙ্গ সরকারের কাছে এই দাবী উত্থাপন করেছেন যে এটা করা হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি স্বাস্থ্য মন্ত্রী এবং সমস্ত মন্ত্রীসভাকে কুচবিহারের এই বিশেষ দাবীর প্রতি একটা বিশেষ দৃষ্টিভঙ্গী নিয়ে বিচার করতে বলছি। আপনি জানেন যে কুচবিহারের মানুষ তারা অনেক সম্ভাবনা এবং বিরাট ভবিষ্যতের দিকে তাকিয়ে সেই গণতান্ত্রিক মানুষ আন্দোলন করে এই রাজ্য সরকারের যে চক্রান্ত ছিল তার থেকে বেরিয়ে এসে কুচবিহারকে পশ্চিমবঙ্গের অন্তর্ভুক্ত করেছে। এই

অন্তর্ভুক্তির সময় কুচবিহারের মানুষের উন্নয়নকল্পে এক কোটি টাকা যেটা কুচবিহার রাজসরকারে মজুত ছিল সেই টাকা পশ্চিমবঙ্গ সরকারের তহবিলে অন্তর্ভুক্ত হয়েছে। এখনও অর্ধেকের বেশী টাকা খরচ না হয়ে পশ্চিমবঙ্গ রাজস্ব তহবিলে আছে। কুচবিহারের জনসাধারণের জন্য কোন বিশেষ প্রকল্প শিক্ষাই হোক, স্বাস্থ্যই হোক, কৃষিতেই হোক কোন প্রকল্পের কাজ হয় নি। দীর্ঘদিন ধরে মানুষের মনে ক্ষোভ জমা আছে। আজকে সেইজন্য আপনার মাধ্যমে আমি স্বাস্থ্যমন্ত্রীকে জানাতে চাই যে কুচবিহারকে এই প্রকল্প থেকে বঞ্চিত করবেন না। কুচবিহারের মানুষকে যদি এই প্রকল্প থেকে বঞ্চিত করেন তাহলে কুচবিহারের মানুষ একটা বিপর্যয় সৃষ্টি করবে—এই কথা বলে উত্তরবঙ্গের কুচবিহারে মেডিক্যাল কলেজ স্থাপনের কথা না থাকার জন্য আমি এই বাজেট বরাদ্দের বিরোধীতা করছি।

ডাঃ সুনীলকুমার মিত্র: অধ্যক্ষ মহাশয়, যুক্তফ্রন্টের তরফ থেকে আমাদের স্বাস্থ্যমন্ত্রী যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন আমি তাকে সমর্থন করতে গিয়ে ২-৪টা কথা বলবো। দীর্ঘ বিশ বৎসর ধরে কংগ্রেসের রাজত্ব আমাদের উপর দিয়ে চলে গেছে। এই ২০ বৎসরে ২০০ কোটি টাকার উপর পশ্চিমবাংলায় জনস্বাস্থ্যে খরচ করা হয়েছে। ডাঃ গোপালদাস নাগ, সন্তোষ রায় ইত্যাদি যা বলে গেলেন জনস্বাস্থ্যের উন্নতি হয়েছে, মৃত্যুর হার কমেছে, লোকের আয়ু বেড়েছে ইত্যাদি। আমার বক্তব্য হল যে শুধু কাগজেকলমে দেখলেই হবে না টাকার অঙ্কের তুলনায় জনসাধারণের স্বাস্থ্যের উন্নতি হয় নি। পশ্চিমবাংলায় যে কোন দিক থেকে দেখলে দেখা যাবে মৃত্যুর হার কমার সঙ্গে সঙ্গে এমন একটা রোগের হার বৃদ্ধি পেয়েছে যাতে আমাদের চিন্তা করতে হচ্ছে। এখানে আমি যক্ষ্মা রোগের কথা বলছি। গত সরকারের সময় একটা বেসরকারী স্ট্যাটিসটিকস্ থেকে বলছি,

Every tenth-man in Calcutta is suffering from Tuberculosis.

আমরা ম্যালেরিয়া দেশ থেকে উৎখাত করতে পেরেছি কিন্তু সঙ্গে সঙ্গে যক্ষ্মা, কলেরা, বসন্ত, মহামারী রূপে বছরের পর বছর আমাদের প্রাণনাশ করছে। এ সবের প্রতিরোধের ব্যবস্থার জন্য অনুরোধ করবো। শ্রীমতী পূরবী মুখোপাধ্যায় বলেছিলেন যে আমরা এই সরকারকে প্রচুর সম্পদ দিয়ে গেছি যথা স্কুল, কলেজ, হাসপাতাল প্রভৃতি, একটা কথা আমার মনে হচ্ছে এক কান কাটা গ্রামের বাইরে দিয়ে যায়, দু কানকাটা গ্রামের ভেতর দিয়ে যায়। এরকম দাম্ভিক উক্তি কি করে তাঁরা হাউসে করেন জানি না। মেডিক্যাল কলেজ হাসপাতালের সমস্যা সম্বন্ধে বলবো। এর দুটো সমস্যা, এক হল ছাত্র ভর্তি সমস্যা আর দ্বিতীয় হল রোগী ভর্তি সমস্যা। ছাত্র ভর্তি করতে গিয়ে প্রথম যেটা দরকার সেটা হচ্ছে এডুকেশনাল কোয়ালিফিকেশন। কিন্তু আমরা এতদিন দেখেছি যে কারুর ভাইপো, ভাগনে ইত্যাদি হলেই হয়ে যায়।

ডাঃ গোপাল দাস নাগ:

Sir, he is giving incorrect fact.

মেডিক্যাল কলেজে শিলেকশান কমিটি তুলে দেওয়া হয়েছে।

Mr. Speaker: Please allow him to speak.

ডাঃ সুনীলকুমার মিত্র: আউট ডোর-এ বিরাট ভীড় হয়, আউট ডোর-এ ভীড় কমাবার জন্য, আফটারনুন পে ক্লিনিক প্রতিষ্ঠা করার কথা মন্ত্রিমহাশয় বলেছেন। এটা যাতে তাড়াতাড়ি করা হয় তার জন্য মন্ত্রিমহাশয়কে বলবো, এই যে সন্ধ্যাকালীন জেনারেল আউট ডোর এটা যদি তাড়াতাড়ি করা যায় তাহলে সাধারণ গরীব মধ্যবিত্তের উপকার হবে। সন্তোষবাবু বলে গেলেন মুদালিয়ার কমিশনের রিপোর্টের কথা। আমরাও জানি আউট ডোর-এ যে সমস্ত রোগী আসে তার শতকরা ৭৫ জন রোগীকে ভাল করে ট্রিটমেন্ট করা উচিত। কিন্তু আমরা তা করি না। হাসপাতালে যেখানে শতকরা ২৫টা রোগী ভর্তি করা দরকার সেখানে ২-৩টা ভর্তি হয়। সেজন্য যাতে সমস্ত জায়গায় হাসপাতাল প্রতিষ্ঠা করে বেড-এর সংখ্যা বাড়ান যায় সেদিকে লক্ষ্য রাখতে হবে। গরীব লোকের ছেলেপুলে ও মা-বোনদের স্বাস্থ্যের দিকে বিশেষভাবে লক্ষ্য দিতে হবে। তাদের স্বাস্থ্য ক্রমশঃ খারাপ হচ্ছে সে বিষয় সন্দেহ নেই। সেজন্য আমরা প্রধান কারণ লক্ষ্য করে দেখেছি পুষ্টির অভাব। এই পুষ্টিকর খাবার ঔষধ রোগী দেখার সঙ্গে সঙ্গে যাতে দিতে পারি সেদিকে লক্ষ্য রাখা দরকার। মেডিক্যাল ট্রিটমেন্ট সম্বন্ধে বিশেষভাবে জোর দিতে চাই।

[4-35—4-45 p.m.]

কারণ আমরা জানি মেডিক্যাল ট্রিটমেন্ট যদি ভালভাবে কাজে লাগাতে পারি তাহলে শতকরা ৫০ পার্সেন্ট রোগী ভাল হয়ে যাবে ও আজ মেডিক্যাল ট্রিটমেন্ট সম্বন্ধে জনসাধারণকে সচেতন করতে হবে এবং তার জন্য ছোট বড় ক্লাব, স্কুল-কলেজের শিক্ষক, ডাক্তার, ইত্যাদি নিয়ে যদি ক্লাস সিস্টেমে জনসাধারণের মাধ্যমে প্রচার করতে পারি তাহলে উপকার হবে। গ্রামের হেলথ সেন্টার সম্বন্ধে একটা কথা বলবো। হেলথ সেন্টারের একটা আইন আছে যে একটা ব্লকে একটা প্রাইমারী হেলথ সেন্টার, দুইটা সাবসিডিয়ারী হেলথ সেন্টার হবে। আমার এলাকায় পাশাপাশি তিনটা হেলথ সেন্টার হওয়ায় যে ব্লকে ১৪টা অঞ্চল আছে তার ২৫-২৬ মাইলের মধ্যে ভাতুড়া ইউনিয়ানে একটা হেলথ সেন্টার দেবার জন্য কথা হয়েছিল কিন্তু আজ পর্যন্ত হয় নি—কারণ আইনের বাধা আছে। এই আইনের বাধা শিথিল করে যাতে এখানে একটা হেলথ সেন্টার করা যায় সে দিকে মন্ত্রিমহাশয় দৃষ্টি দেবেন। রুর‍্যাল ওয়াটার সাপ্লাই স্কীম সম্বন্ধে বলা হয়েছে যে এটা পলেটিক্যাল চালে চালান হচ্ছে। কিন্তু আমি একথা প্রমাণ করতে পারি যে পলেটিকস কোন সময় করা হয়েছে। অপোজিসানরা যতই বলুন না কেন গত সরকারের আমলে তাদের বাড়ির সামনে কি একটিও সরকারী টিউবওয়েল প্রতিষ্ঠিত হয় নি। ও'রা বলেছেন গত চার মাসের মধ্যে টিউবওয়েল কিছুই করতে পারেন নি। কিন্তু আমি প্রশ্ন করবো একমাত্র হাওড়া জেলায় প্রায় এক হাজার টিউবওয়েল ওদের আমলে অকেজো হয়ে পড়ে আছে। সর্বশেষে আমি বলবো প্রশাসনিক ব্যবস্থাকে নূতন-ভাবে রূপ দেবার জন্য স্বাস্থ্যমন্ত্রী যে ব্যয়বরাদ্দ করেছেন তাকে সর্বান্তকরণে সমর্থন করছি।

শ্রীগোলকেশ ভট্টাচার্য: মাননীয় স্পীকার মহাশয়, স্বাস্থ্য বিভাগের বিশ বৎসরের কংগ্রেস সরকারের অবদানের কথা উল্লেখ না করে স্বাস্থ্যমন্ত্রী প্রাঞ্জল ভাষায় যেসব কথা এখানে উল্লেখ করেছেন এবং যেসব রংগীন স্বপ্ন এখানে রেখেছেন সে সম্বন্ধে কয়েকটা কথা বলতে চাই। গত ৭ই মে নৈহাটি এলাকায় তিনি সারাদিন থেকে এসে বলেছিলেন যে "সেখানকার সাধারণ মানুষের চিকিৎসার অভাব আছে, কাঁচড়াপাড়া থেকে আরম্ভ করে ব্যারাকপুর পর্যন্ত বিরাট এলাকা যেখানে কোন হাসপাতালের ব্যবস্থা নেই। সেখানে সাধারণ নাগরিক ও মজদুরদের কোন চিকিৎসার ব্যবস্থা করা যায় কিনা সেটা তিনি দেখবেন।" ব্যারাকপুর সাবডিভিশন-এর মধ্যে একটা হাসপাতাল আছে ব্যারাকপুরে, তাতে মাত্র ১২টা বেড আছে। আর একটা হাসপাতাল নৈহাটি অঞ্চল থেকে যেতে গেলে পারঘাটা পেরিয়ে যেতে হয় চিনপুরায়। সেখানে পার হতে হলে চর পড়ার কারণে অনেক সময় অর্ধেক গিয়ে আর নৌকা যায় না। অধিক রাত্রিতে নৌকা চলে না। লঞ্চের যে ব্যবস্থা সে অপ্রচুর। এই চার মাসের মধ্যে এমন ঘটনাও হয়েছে যে ৩-৪টা ক্ষেত্রে নৌকার মধ্যেই বাচ্চা হয়ে পড়েছে। আমাদের মন্ত্রিমহাশয় বলে এসেছিলেন যে অতি অল্প সময়ের মধ্যে স্থান নির্ধারণ করে হাসপাতালের ব্যবস্থা করে দেবেন। মুখ্যমন্ত্রী এবং উপ-মুখ্যমন্ত্রী দলের লোকের লড়াইয়ের জন্য সেখানে আজও স্থান নির্ধারণ হয় নি—অথচ মন্ত্রি-মহাশয় বলেছেন দলাদলির কারণে হাসপাতাল তৈরী আটকে থাকবে না। গত নির্বাচনের যিনি লেফট কমিউনিস্ট পার্টির নির্বাচিত সদস্য ছিলেন এই বিধানসভায়, তার ব্যক্তিগত স্বার্থের জন্য তাঁর স্ত্রীর মেটারনিটির স্বার্থের জন্য তিনি এখানে হাসপাতাল হতে দেন নি। আজকে তিনি দলীয় স্বার্থের বিষয় প্রচার করছেন এবং বিভিন্ন জায়গায় লড়াই করাচ্ছেন ও নানান রকমের কথা বলে উপ-মুখ্যমন্ত্রীর কাছে লোক এনে প্রস্তাবিত হাসপাতাল তৈরী ভণ্ডুল করবার চেষ্টা করছেন। মাননীয় মন্ত্রী একটু আগে বললেন যে দলীয় স্বার্থের দিকে তাকাবো না, দলীয় স্বার্থের কথা শুনবো না। কিন্তু তিনি সম্পূর্ণ দলীয় স্বার্থের দিকে তাকিয়ে আজকে হাসপাতালের স্থান নির্ণয় করতে পারছেন না। এত বড় একটি শিল্পাঞ্চলে যেখানে ১০ লক্ষ লোকের বাস সেখানে নর্থ ব্যারাকপুরে মাত্র ১২টি বেডের হাসপাতাল আছে। কল্যাণীতে ৫০০টি বেডের ব্যবস্থা করা ছিল সেখানে ৫০টি বেড চালু হয়েছে। অত্যন্ত দুঃখের কথা যদিও ৫০টি বেডের হাস-পাতাল চালু হয়েছে, কিন্তু সেখানে অ্যাম্বুলেন্সের ব্যবস্থা নেই, টেলিফোনের ব্যবস্থা নেই। আমাদের স্বাস্থ্যমন্ত্রী গত ৭ই মে তাখে সেখানে গিয়েছিলেন এবং আমরা খবর পেয়েছি তিনি বলে এসেছেন যে ১৫ দিনের ভেতর টেলিফোনের ব্যবস্থা করে দেব। কিন্তু ৭ তারিখ থেকে আরম্ভ করে এতদিন কেটে গেল এখনও পর্যন্ত অ্যাম্বুলেন্স ও টেলিফোনের ব্যবস্থা করতে

পারেন নি। হাসপাতাল বাড়ি তৈরির কাজ আগে থেকেই হয়ে আছে এবং ডাক্তারের ব্যবস্থাও হয়ে আছে এবং আজকে স্বাস্থ্যমন্ত্রী যে প্রাঞ্জল ভাষায় তাঁর বক্তব্য রেখেছেন এবং আশ্বাস পাওয়া গেল, তার জন্য আমি তাঁকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। নৈহাটি অঞ্চলের সাধারণ মানুষ আজকে দুঃখকষ্টে দুর্দশাগ্রস্ত। সেখানে হাসপাতাল ও মেটারনিটির ব্যবস্থা নেই। এই অবস্থা আজকে সেখানকার সাধারণ মানুষকে ভোগ করতে হচ্ছে। আমি আশা করব যে আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় সেদিকে সতর্ক দৃষ্টি দেবেন। দলীয় স্বার্থের ঊর্ধ্বে উঠে ও থেকে আজকে সেখানকার লোকের সুব্যবস্থা করুন, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকৃপাসিন্ধু সাহা : মাননীয় স্পীকার মহাশয়, আজকে যুক্তফ্রন্ট সরকারের স্বাস্থ্যমন্ত্রী যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন আমি তা পুরোপুরি ভাবে সমর্থন করছি। স্পীকার স্যার, আমরা জানি কোন রমণী যদি কোন সংক্রামক রোগে আক্রান্ত অবস্থায় সন্তান প্রসব করেন তাহলে সেই সন্তান বিকলাঙ্গ হয়। আমাদের কংগ্রেস সরকার বিশ বছরে যেসমস্ত পরিকল্পনা গ্রহণ করেছেন তা দুর্নীতিগ্রস্ত এবং পরিকল্পনার পরি উড়ে গেছে, আর কল্পনাগুলি হাবুডুবু খাচ্ছে। তারই ফলে আজকে বাংলাদেশে শোচনীয় অবস্থা সৃষ্টি হয়েছে। আজকে বাংলাদেশের চিকিৎসার ক্ষেত্রে যে দুরবস্থা দেখা দিয়েছে তার জন্য দায়ী হচ্ছে আমাদের বিরোধী দলের নেতারা এবং কর্মীরা। আমরা জানি যুক্তরাষ্ট্রে ১৪১ জন লোকসংখ্যার ভিত্তিতে একটি বেড থাকে, সেখানে আমাদের বাংলাদেশে ১,১৬৬ জনের অনুপাতে একটি করে বেড থাকে এবং ডাক্তার যেসমস্ত আউট ডোর রোগীদের হাসপাতালে ভর্তি হওয়ার জন্য সুপারিশ করেন তার এক চতুর্থাংশ মাত্র ভর্তি হতে পারে। আমরা জানি শতকরা ৭৫ জন রোগী আউট ডোরে চিকিৎসিত হলে হয়ত ভাল হয়ে যাবার সম্ভাবনা আছে, কিন্তু সেখানে দেখি মাত্র শতকরা ৫ জন রোগী এর সুযোগ সুবিধা পায়। কাজে কাজেই আমি স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করব সেই সমস্ত সুযোগ সুবিধা যাতে পাওয়া যায় তার ব্যবস্থা করবেন। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার কাছে আরও কয়েকটি দৃষ্টান্ত রাখছি দুর্নীতি সম্বন্ধে। দুর্নীতির কথা শুনলেই অনেক কংগ্রেসী বন্ধুরা ভাঁতকে উঠবেন।

[4-45—4-55 p.m.]

আমরা জানি না ডাঃ বি বি সরকার কবে কৃপার পাত্র ছিলেন, হয়তো খগেনবাবুর মত কোন মন্ত্রীর পাত্র ছিলেন। যেমন খগেনবাবুর ছেলে এক আত্মীয়কে পুনর্বাসন দিয়ে দিয়েছিলেন ন্যাশনাল মেডিক্যাল কলেজ-এ। ডাঃ বি বি সরকার হচ্ছেন অ্যাসিসট্যান্ট ডাইরেকটর অফ হেলথ সার্ভিস এবং আগের সরকার ও'র জন্য ডাইরেকটরেট অফ ড্রাগ কণ্ট্রোল খুলেছিলেন এবং ডাঃ সরকার হলেন এর জন্য ডাইরেকটর। এর জন্য শুধু বাড়িভাড়া বাবদ ৬ হাজার টাকা খরচ করা হয়েছিল, কার কৃপায় হলেন জানি না। শুধু তাই নয়, এই দুর্নীতি কিভাবে ছড়িয়ে পড়েছে দেখুন, তাঁর পি-এ যিনি ৪০০ টাকা পান, তিনি কিভাবে তাঁর বিবাহে গ্রেট ইস্টার্ন হোটেলে ডিনার দিলেন মাত্র ১০০ জনকে খাওয়াবার জন্য। আমরা বুঝতে পারছি না একজন সাধারণ মানুষ যিনি ৪০০ টাকা মাইনের চাকরী করেন তিনি কিভাবে এইরকম ডিনারের ব্যবস্থা করতে পারেন। তা ছাড়া ড্রাগ কন্ট্রোলে তিনি যাওয়ায় হয়তো কিছুটা উন্নতি হবে কিন্তু আমরা দেখলাম উন্নতির চেয়ে অবনতি ম্যাক্সিমাম হয়েছে। ডাঃ সরকার এই ড্রাগ কন্ট্রোলের ডিরেকটর অন্য দিকে ফার্মের প্রেসিডেন্ট, আমরা মনে করি তিনি এই প্রেসিডেন্ট হওয়ায় সমস্ত ঔষধ ব্যবসায়ীদের সুযোগ সুবিধা দেওয়া হয়েছে যার ফলে আজকে ওষুধের মান অনেক নীচে নেবে গেছে। আরও কতকগুলি অভিযোগ আপনার কাছে রাখছি সেইগুলো হচ্ছে যে আজকে গ্রামাঞ্চলে হেলথ সেন্টারগুলোর কথা যদি চিন্তা করেন তাহলে দেখবেন সেখানে আজকে অধিকাংশ ক্ষেত্রে দেখা যায় যে সেখানে ডাক্তার বা নার্স নেই। আমি একটা ঘটনার কথা বলছি—ধনেখালি হেলথ সেন্টার-এর কথা বলছি, গত মাসে ভান্ডারহাটিতে একজনকে ফায়ার করা হয়েছিল সেই রোগীকে সাড়ে ছয়টার সময় ওখানে আনা হয়েছিল এবং ডাক্তার, নার্স অ্যাটেন্ড না করার জন্য তার রক্তক্ষয়ের জন্য আড়াইটা-তিনটার সময় তার মৃত্যু হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয় বাংলাদেশের যেখানে এই অবস্থা হাসপাতালে আমি আপনার কাছে অনুরোধ রাখছি একটা বৃহৎ শ্রেণী যার সংখ্যা হয়তো ২৫ হাজার, আমার সঙ্গে স্বাস্থ্যমন্ত্রী একমত হবেন, সেই ২৫ হাজার ডাক্তার-এর সংখ্যা, যারা নন-রেজিস্টার্ড ডাক্তার যাঁরা বাংলাদেশে গত ৫ বছর ধরে সংগ্রাম করে চলেছে, যাঁদের কথা স্বাস্থ্যমন্ত্রী গত শনিবার ইউনিভার্সিটি ইনস্টিটিউট হল-এ স্বীকার করেছেন যে তাদের ব্যাপারে একটা বিবেচনা করার প্রশ্ন

আছে, কারণ আমরা দেখেছি হোমিওপ্যাথি, আয়ুর্বেদ ডাক্তার তাঁদের যদি রেজিস্ট্রেশন দেওয়ার ব্যবস্থা হতে পারে তাহলে এঁদের কেন রেজিস্ট্রেশান দেওয়া হবে না। তাছাড়া আমরা জেলা হাসপাতালের কথা জানি এবং বিশেষ করে হুগলী জেলা, ইমামবাড়া হাসপাতাল সম্বন্ধে জানি এবং মাননীয় স্বাস্থ্যমন্ত্রীও জানেন যে গত কয়েকদিন আগে তিনি সেখানে গিয়েছিলেন, সেই হাসপাতালে সামান্য বৃষ্টি হলে রোগীদের সমস্ত বাইরে গিয়ে দাঁড়াতে হয় তিনি তা দেখে এসেছেন। সেই হাসপাতালে কয়েক বছর যাবৎ এক্স-রে মেসিন একটা পড়েছিল, কিন্তু ডাক্তার না পাওয়ার জন্য সেটা বন্ধ হয়েছিল। সম্প্রতি যদিও ডাক্তার দেওয়া হয়েছে কিন্তু তার সেই কোয়ালিফিকেশন নেই। তাছাড়া আর একটি হাসপাতাল এ জি হসপিট্যাল হুগলিতে অবস্থিত আমাদের নূতন হাসপাতাল সম্প্রসারণের জন্য আমি মনে করি পৃথক রাখার কোন চেষ্টা নেই। কলেরা টাইফয়েড-এর যেসমস্ত রোগী রয়েছে, সেইগুলো বন্ধ করে দিয়ে শুধু একটা আই ডি হাসপাতালের আলাদা পরিকল্পনা করা উচিত এবং সেখানে ইলেকট্রিসিটি করা উচিত। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Dr. Sashi Bhusan Chaudhury: Mr. Speaker, Sir, I am not a medical practitioner. I have also no presumption either to speak as an expert on health and medical matters. In opposing this budget I am simply anxious to take this opportunity of emphasising the need of establishing a medical college at Burdwan. Sir, I am informed that a few years back there was a proposal for establishing a college of the type at Burdwan. I actually do not know why and how this came and ran into difficulties. We are really upset by the indifferent way in which this particular matter has been treated in the budget, and I do not think it has been referred to at all in the budget and if it has not been referred to in the budget, I am quite sure it will bring a disappointment to the people of Burdwan. It is necessary that a medical college be established and arrangements be on the way for establishment of a college of this type. There is a great deal of enthusiasm among the students to enter into medical colleges of Burdwan and in the neighbouring areas so that there may be more or less good opportunities for medical relief in that area. Sir, it is admitted that the doctor population ratio is far from satisfactory in our State. It is also admitted that owing to the few medical colleges which are already existing now, we cannot extend medical education to a large number of students, and admissions have been slashed down owing to the ill intake capacity of the medical colleges. We know there are only five medical colleges. If you work on the other ratio, viz., that there will be one medical college for every five million people, then in West Bengal we can really think that there will be at least 8 medical colleges in the State of West Bengal. We have only five medical colleges of which four are under State management and one is managed by a Society. Now, Sir, the problem is that if you want to establish a medical college at Burdwan, we shall have to look to the facilities that are available for the establishment of such a medical college. I think I can really put before you some facts about the medical facilities available at the town of Burdwan so that it may be easy for the Government to establish a medical college in that town. Now the Bijoychand Medical College and Hospital is a hospital which had been established fifty years back and it is rendering great help and medical service to the people at large. There are 550 indoor beds. We also know that Burdwan is a very important centre for education or training of the nurses and there is a Nurse Institute which has been sponsored by the Government of West Bengal, and in Burdwan we have as many as 250 nurses. Therefore, think of the attendant of medical college or the hospital at Burdwan. We have as many as 900 patients and 23 doctors and there are some honorary physicians too. So, with 23 doctors as many as 900 patients and 250 nurses, I believe that is a good point to start with if at all we are serious in establishing a medical college there. Now in the town itself, Sir, it is worth nothing that there are as many as 152 medical practitioners in a population of about 1 lakh people. We have many competent medical practitioners and

also many highly qualified men in other respects who can do the part-time teaching in the college. Therefore, we can think that there is a good ground for establishing a medical college at Burdwan. The University of Burdwan which may be approached for establishing a medical college is also taking steps for early implementation of the proposal and the University Authorities have already approached the Government of India for financial assistance and they have been assured of such financial assistance as is necessary for the establishment of a medical college provided the State share their own quota of assistance. The matter is now rather at this stage that if only the State Government comes forward with their share of financial assistance the University is prepared to start the medical college, at least, the pre-clinical course, with effect from this year.

[4-55—5-5 p.m.]

There is also another particular point about this—the problem of placing medical education under State control entirely, or should we make experiment by establishing medical colleges under University's control? You will perhaps find in many of the cities of India medical colleges have been established under the control of the University. But here in West Bengal we have all these 4 medical colleges under the control of the State Government. It is an educational problem—whether or not we should just try this experiment of establishing medical colleges absolutely under the control of the University. This particular point also hinges round a very interesting controversy which has been really raised in today's discussion by Dr. Nag—the relation between man and his environments. If the medical colleges are entirely under the University there is greatest scope of disipline. It is no doubt that man is the master of his destiny and his own environment is created by his own enterprise. That man really is not the master of his destiny is a wrong approach and it is like putting the cart before the horse. For the sake of a new re-orientation in medical studies we should make an experiment by starting a medical college, particularly at Burdwan, under the control of the University. And if the State Government comes forward with their share of financial assistance, we can assure you that this medical college will be one of the very finest institutions of our country. I again request our Health Minister to pay immediate attention to the proposal which will really be a source of great encouragement to the people of Burdwan. If it is not accepted, I can say with very great regret that we will be cruelly and cruelly disappointed.

শ্রীজগদানন্দ রায়ঃ মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী আজকে আমাদের সামনে যে ব্যয়বরাদ্দের দাবী উত্থাপন করেছেন, তা আমি সমর্থন করছি। মাননীয় মন্ত্রিমহাশয় সারা পশ্চিমবঙ্গে চিকিৎসা এবং জনস্বাস্থ্য বিষয় উল্লেখ করেছেন। তবুও আমি উত্তরবঙ্গের কয়েকটি বিষয়ের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি তাঁর প্রারম্ভিক বক্তৃতায় অনেক কিছু বিষয় তুলে ধরেছেন। আমি বিশেষ করে উত্তরবঙ্গের চিকিৎসা ক্ষেত্রের কথা বলবো। উত্তরবঙ্গের লোক সেখানে খুব কমই চিকিৎসার সুযোগ-সুবিধা পায়। বিশেষ করে মেডিক্যাল কলেজে, উত্তর-বঙ্গের যেসমস্ত ছাত্রছাত্রীরা চিকিৎসার বিভাগীয় শিক্ষা নিতে আসেন, তাঁরা নানা কারণে সুযোগ খুব কমই পান এবং আমি এও দেখেছি যে অন্যান্য জেলায় যে জেলাভিত্তিক সিট রিজার্ভ রাখা হয়, তাতেও ছাত্রছাত্রীর সংখ্যা হিসাবে খুব নগণ্য। আজকে অত্যন্ত আনন্দের কথা, যে দীর্ঘদিন ধরে উত্তরবঙ্গে মেডিক্যাল কলেজ প্রতিষ্ঠিত হবে বলে ডাঃ রায়ের যে পরিকল্পনা ছিল, তা যে কোন কারণেই হোক কার্যে পরিণত করা সম্ভব হয় নি, আজ এই ব্যাপারে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় চার-পাঁচটা জেলা নিয়ে আলোচনা করেছেন, যদিও এটা একটা পথ, তাহলেও আমি মনে করি সেদিক দিয়ে তিনি সফলতা লাভ করেন নি। কারণ জেলায় জেলায় নানারকম তিক্ততা সৃষ্টি হয়েছে। আজকে যে আলোচনা হচ্ছে তাতে কোচবিহারের কথাও উঠেছে। অতীতের দিকে এই প্রস্তাব ছিল যে সেখানে মহারাজা তাঁর বাড়িটা দেবেন। সেই সম্পর্কে আমি এই কথা

এখানে বলতে চাই যে সেই পরিকল্পনা হয়ত পরিত্যাগ করা হয়েছে এবং মহারাজার কাছ থেকে সেই বাড়িটা পাওয়া যাবে কিনা সন্দেহ আছে।

কাজেই বিরোধী পক্ষ থেকে আর একটি কথা বলেছেন যে, যেহেতু উত্তরবঙ্গে তথা জলপাইগুড়ির লোক মন্ত্রিমহাশয় সেই জন্য তিনি পক্ষপাতিত্ব দেখাচ্ছেন, আমার প্রশ্ন তা নয়, কারণ দীর্ঘদিন ধরে জলপাইগুড়ি জেলায় একটা মেডিক্যাল স্কুল ছিল, নানা কারণে সেটাকে বন্ধ করে দেওয়া হয়, সেই স্কুলের ইকুইপমেন্টস, ঘরবাড়ি, আসবাবপত্র সব আছে আমি মনে করি যদি সেখানে করা হয় তাহলে অনেকখানি সরকারের পক্ষে সুবিধা হবে, জনসাধারণেরও সুবিধা হবে। আর একটা কথা হচ্ছে সেই মেডিক্যাল গ্র্যাজুয়েট যাঁরা হয়েছেন তাঁদের সম্বন্ধে অনেক জায়গা থেকে অনেক অভিযোগ আসে যে তাঁরা অধিকাংশ ক্ষেত্রে পশ্চাদপদ গ্রামে যেতে চান না এবং তাঁদের নানারকম অভাব, অসুবিধার কথাও বলেন। মাননীয় মন্ত্রিমহাশয় ডুয়ার্সের লোক, আমিও ডুয়ার্সের লোক, আমি সেইজন্য তাঁর কাছে প্রস্তাব করছি বিশেষ করে ডুয়ার্স অঞ্চলে, হিল অঞ্চলে যাবেন যাঁরা তাঁদের যে হিল অ্যালাউয়েন্স আছে সেই অ্যালাউয়েন্স দেওয়া হয়। প্রিভেনটিভ ট্রিটমেন্টের ব্যাপারে আমি একথা বলবো যে জনস্বাস্থ্যের খাতিরে পানীয় জলের যে সমস্যা আছে সেই সমস্যা থেকে, ঘনবসতিপূর্ণ জায়গা থেকে শহরাঞ্চলে নানা কারণে নানা রোগের প্রাদুর্ভাব ঘটে। তাই আমি মনে করি বিশেষ করে কলকাতা, হাওড়া এবং এইরকম অন্যান্য জেলায় যেসব বড় বড় শহর আছে সেইসব এলাকার লোকদের যাতে বাধ্যতামূলক কলেরা প্রতিষেধকের টিকা এবং ইঞ্জেকশন দেওয়ার ব্যবস্থা করা হয় সেদিকে যেন মন্ত্রিমহাশয় দৃষ্টি দেন। এছাড়া আমাদের জলপাইগুড়ি জেলায় এবারে যে বন্যা হয়ে গিয়েছে সে সম্বন্ধে, মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে এই কথা বলতে চাই যে, কয়েকটি গ্রাম সম্পূর্ণভাবে বিধ্বস্ত হয়ে গিয়েছে, ভেসে গিয়েছে। আপনি ডুয়ার্স অঞ্চলের লোক কাজেই আপনি জানেন যে উত্তরবঙ্গে বহু লোকের ঘরবাড়ি নষ্ট হয়ে গিয়েছে, সেখানে পানীয় জলের আগেই অভাব ছিল এখন আর সে কথা ভাবার কোন অর্থ হয় না। সেই ক্ষেত্রে আমি কয়েকটি জায়গার কথা বলছি ফালাকাটা থানার রায়চেংগা, কালীপুর, ভুটনীর ঘাট, জয়চাঁদপুর, গোকুলনগর, প্রাসাদনগর, মালসা গ্রাম, বসীরামপুর এবং বংশীধরপুর এই সব অঞ্চল একদম ভেসে গিয়েছে এবং ১০০ বাড়ি নষ্ট হয়ে গিয়েছে, ২০০ গরু মারা গিয়েছে এবং লোক রেল লাইনের ধারে বাস করছে। এখন যদিও কিছুটা জল কমেছে কিন্তু সেখানে পানীয় জলের আগে থেকেই কোন ব্যবস্থা নেই, আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে যত শীঘ্র সম্ভব পানীয় জলের জন্য প্রতি গ্রামে অন্তত দুটো টিউবওয়েল বসানোর ব্যবস্থা তিনি যেন করেন। ধুপগুড়ি থানাও বন্যা বিধ্বস্ত হয়েছে। ধুপগুড়ি থানার ধুপগুড়ি বৈরাতীগুড়ি উত্তর বরাগাড়ি, পূর্ব মাগুরমারী, নিরঞ্জন পাট, মল্লিক শোভা, পূর্ব মল্লিকপাড়া, ভাটিয়াপাড়া, পটকটারি, ঝাঘইকোনা, দক্ষিণ ডাঙ্গাপাড়া, দক্ষিণ খয়েরবাড়ি, দামবাড়ি, জোরাপানী, পুণ্ডিবাড়ি, ঝাড়শালবাড়ি, এইসব অঞ্চল ভীষণভাবে বিধ্বস্ত হয়ে গিয়েছে এবং নানারকম রোগের প্রাদুর্ভাব সেখানে ঘটেছে। সেদিক থেকে প্রিকসানারি অ্যাকশন নেওয়ার জন্য এখনি ডাক্তার, ওষুধপত্র পাঠিয়ে দেওয়া দরকার। সবচেয়ে বড় কথা হচ্ছে এইসব অঞ্চলে অতি শীঘ্র পানীয় জলের ব্যবস্থা করার জন্য প্রতি গ্রামে দুটি করে টিউবওয়েল করা দরকার। আর বিশেষ করে এইসব অঞ্চলে অসংখ্য গরু মারা গিয়েছে, ধুপগুড়ি অঞ্চলে দুজন লোক মারা গিয়েছে, ফলাকাটা অঞ্চলে একজন মহিলা ভেসে গিয়েছে, কাজেই নানা জায়গায় এইসব জিনিস মরে পচে ভীষণ দুর্গন্ধের সৃষ্টি হয়েছে। আমি পরশুদিন ওখান থেকে ফিরে এসেছি, কাজে কাজেই ঐসব অঞ্চলে যাতে অতি শীঘ্র ব্যবস্থা গ্রহণ করা হয় সেই দিকে দৃষ্টি আকর্ষণ করে এবং এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তৃতা শেষ করছি।

[5-5—5-15 p.m.]

ডাঃ রঞ্জিত ঘোষ চৌধুরী : মিঃ স্পীকার, স্যার, আমি আজকে এই স্বাস্থ্য খাতে আলোচনায় অংশগ্রহণ করতে গিয়ে প্রথমেই মন্ত্রিমহাশয়কে স্মরণ করিয়ে দিতে চাই প্রিভেনশন ইজ বেটার দ্যান কিয়োর। এই পুরানো কথা বলার উদ্দেশ্য হচ্ছে এই যে আমরা যদি গত দু বছরের বাজেট এবং এই বাজেট অ্যানালেসিস করি তাহলে দেখতে পাবো ১৯৬৫-৬৬ সালের বাজেট মেডিক্যাল খাতে ১২,৬৭,৭১,০০০ টাকা ধরা হয়েছে, পাবলিক হেলথে ধরা হয়েছিল ৪,৪১,৮১,০০০ টাকা।

কিন্তু ১৯৬৬-৬৭ সালের মেডিক্যালে যেখানে এক কোটি টাকা বাড়ান হয়েছে, পাবলিক হেলথ সেখানে বাড়ান হয়েছে ৩ কোটি টাকা। এবারে আমরা দেখছি সেই জায়গায় পাবলিক হেলথে কম বাড়ান হয়েছে, মেডিক্যালে বেশী বাড়ান হয়েছে। উনি বলেছেন সমদৃষ্টির কথা, আমি সেদিকে ও'র দৃষ্টি আকর্ষণ করে বলি বাংলাদেশের যে জনসংখ্যা তার ২০·৪ পার্সেন্ট হচ্ছে শহরের অধিবাসী, ৭৯·৬ পার্সেন্ট হচ্ছে গ্রামের অধিবাসী। সেই তুলনায় যে সমস্ত হাসপাতাল আছে সেই হাসপাতালের শয্যাসংখ্যা হচ্ছে শহরে ২১,৮৩৩ ; গ্রামে হল ১২,৪১৫। সুতরাং সমদৃষ্টি দিলে শয্যা সংখ্যা গ্রামাঞ্চলে আরো বেশী হওয়া উচিত। স্যার, আমরা জানি ভোর কমিটির রেকমেন্ডেশন নিশ্চয়ই পড়েছেন, যদিও সেটা পুরানো, তবুও তার থেকে একটা কথা শুনাবো সেটা হচ্ছে

Bhore Committee's recommendation: "No individual should fail to secure adequate medical care because of inability to pay for it."

সুতরাং আজকে সেকথা স্মরণ করিয়ে দিয়ে বলি বিগত সরকার যে বিকেন্দ্রীকরণের নীতি গ্রহণ করেছিলেন সেই বিকেন্দ্রীকরণের নীতিকে আপনারা যদি ফলো করেন, তাকে যদি আরো জোরদার করেন তাহলে বাংলাদেশের উপকার হবে। আপনি জানেন আজকে বাংলাদেশে হাজার হাজার প্রাইমারী হেলথ সেন্টার, সাবসিডিয়ারি হেলথ সেন্টার কংগ্রেস সরকার করে দিয়ে গিয়েছেন, আমি বলছি না যে সমস্ত পারফেক্ট, পারফেকশন কখনও হয় না, স্বামী বিবেকানন্দের কথায় বলতে গেলে বলতে হয়

Perfection means death, but our aim should be towards perfection.

আমি সেই কথাই উধৃত করে বলছি সেইসব জায়গায় যেসব ডাক্তার আছে, আমি এর আগেও বিধানসভায় বলেছিলাম, সেইসব ডাক্তাররা ডাক-তার অর্থাৎ পি অ্যান্ড টি ডিপার্টমেন্টের লোক, শুধু একটা ছাপ মেরে পাঠিয়ে দেন জেলা হাসপাতালে। যদি বাংলাদেশের গ্রামের মানুষকে প্রকৃতপক্ষে মেডিক্যাল ফেসিলিটি দিতে হয় তাহলে সেখানে যে দুটি জিনিসের দরকার, যে সম্বন্ধে ডাঃ নারায়ণ রায় দৃষ্টি আকর্ষণ করেছেন, তিনি স্পেশালি কলকাতার কথা বলেছেন আমি হেলথ সেন্টারের কথা বলছি যে সেই দুটির একটা হল অর্থোপিডিক অর্থাৎ হাড় ভাঙ্গার ব্যাপার আর একটা হল মেটারনিটি, আমি বিশেষ করে বলছি ডায়সর্থেসিয়া, ডিফিকাল্ট লেবার, আমি গাইনকোলজির কথা বলছি না, স্ত্রী রোগের কথা বলছি না, ডিফিকাল্ট লেবারের কথা বলছি। আমি হাড় ভাঙ্গার কথা বলছি এবং প্রসূতিরা যে কষ্ট পান তার কথা বলছি। একটা কথা বলেছেন যে ডাক্তার নাকি পাওয়া যায় না। ডাক্তার পাওয়া যাবে না যদি মাইনে না বাড়ান। তরুণ যেসব ডাক্তার আছেন তাঁদের ছেলেপুলে আছেন, তাঁদের ছেলেদের লেখাপড়ার ব্যাপার আছে, তাঁদের অন্যান্য সুখ-সুবিধার ব্যাপার আছে, তাই আমার কথা হচ্ছে যে সেখানে যখন আপনি বয়স ৫৫ থেকে ৫৮ করলেন তখন আইন করুন যে ৫৫ বছর বয়স হলেই কমপালসারি তোমাকে রুর‍্যাল হেলথ সেন্টারে যেতে হবে তোমার দীর্ঘ ৫৫ বছরের অভিজ্ঞতা নিয়ে, মোবাইল মাইক্রোশকোপ মোবাইল এক্স-রে, মোবালই এভরিথিং সহ, তাঁকে সেখানে পাঠিয়ে দিন, আপনি ডাক্তার পাবেন। অর্থাৎ যত বয়স বাড়বে, যত দুধ মেরে ক্ষীর হবে, কলকাতায় এসে ক্ষীর খাবো এ মনে করলে হবে না। মাননীয় স্বাস্থ্য মন্ত্রিমহাশয় বলেছেন হেলথ কাউন্সিলের কথা। খুব ভাল কথা কিন্তু তাঁকে আমি অনুরোধ করবো দয়া করে একে রিলিফ কমিটি বানাবেন না, যতগুলি রাজনৈতিক দল আছে তাঁদের প্রতিনিধি নিয়ে হেলথ কাউন্সিল করবেন না। যাঁরা রাজনীতির বাইরের লোক, যেমন কলেজের প্রিন্সিপ্যাল, স্কুলের হেড মাস্টার এবং যাঁরা স্থানীয় কৃতি চিকিৎসক তাঁদের নিয়ে আপনাকে হেলথ কাউন্সিল করতে হবে। এবারে কলকাতার হাসপাতালের কথা বলি। আর, জি, কর সম্বন্ধে আমি এই বিধানসভায় বার বার দৃষ্টি আকর্ষণ করেছি, আমি জানি যে ওটা খাল পাড় বলে অনেকেই নাক সিটকান, কিন্তু ডেলি অ্যাভারেজ কস্ট আপনি আর জি করের জন্য মাথাপিছু, বেড পিছু খরচ করেন ৯·৬৯, আর মেডিক্যাল-এর জন্য ১৯·৮ পয়সা। ফল কি পেয়েছেন, কেস ফ্যাটালিটি রেশিয়ো হচ্ছে আর জি করে ৬·৯ পার্সেন্ট, মেডিক্যালে ৭·৫ পার্সেন্ট আরো দেখুন বেড অকুপেন্সি ইন পার্সেন্টেজ আর জি করে হচ্ছে সেন্ট পার্সেন্ট, ক্যালকাটা মেডিক্যাল কলেজ হচ্ছে ৯৩·৫ পার্সেন্ট এবং অনেকের দক্ষিণ দিকে একটু ঝোক আছে সেই এস এস কে এম এ হাসপাতালে ৯৬ পার্সেন্ট। সুতরাং এর থেকে বুঝতে হবে যে আর জি কর

সম্বন্ধে আরো অনেক বেশী দৃষ্টি দেওয়া দরকার। আজকে আমি দাবী করছি আর জি করের একজন শুভানুধ্যায়ী হিসাবে আপনি মেডিক্যাল কলেজে মাথাপিছু যে খরচ করছেন আর জি করেও সেই খরচ আপনাকে দিতে হবে এবং আপনি ন্যাশন্যাল মেডিক্যাল কলেজ নিয়েছেন এখানেও ঐ হিসাবে প্রভিশন করতে হবে এবং তা কোথা থেকে পাবেন সেটাও চিন্তা করুন। রাজনৈতিক কারণে চাপে পড়ে হাবুডুবু খাবেন না। আর একটি কথা বলি স্যার, ফ্যামিলি প্ল্যানিং-এর কথা। আমার কোন কোন বন্ধু বলছিলেন যে মাননীয় ননীবাবু লোক ভাল। ওঁর পক্ষে এটা স্টীফ সাবজেক্ট কারণ উনি ব্যাচিলার, তবে স্যার, একটা জিনিস আমরা দেখেছি যে বিগত কংগ্রেস সরকার ১৯৬০ সালে যেখানে ৩৪·৪ ছিল বার্থ রেট পার ওয়ান থাউজ্যান্ড সেখানে দেখা গেল ৩৮·৭ পার্সেন্ট। একটু বেড়েছে, মোটামুটি ধরে নিতে পারি যা ছিল তাই আছে। এটা হাসির ব্যাপার নয়, এটা একটু গভীরভাবে চিন্তা করা দরকার। আজকে আপনি সরকার থেকে পরিবার পরিকল্পনার কথা প্রচার করুন আর নাই করুন, যারা অন্তত ইংরাজীর সেই কথাটা জানেন টু কাট দি কোর্ট অ্যাকরডিং টু ক্লথ, তারা ফ্যামিলি প্ল্যানিং করবেনই। সুতরাং সেখানে শিক্ষার অভাব আছে, এই যে গ্রামাঞ্চলে লক্ষ লক্ষ কোটি কোটি মানুষ সেখানে ফ্যামিলি প্ল্যানিং-এর প্রচার করুন। তা না হলে ফল কি দাঁড়াচ্ছে যারা ব্রেন অফ দি সোসাইটি তারা ছোট হয়ে যাচ্ছে। যারা মাস অফ দি সোসাইটি তারা বেড়ে যাচ্ছে। মাননীয় মন্ত্রিমহাশয়, ডাক্তার না হলে বুঝতে পারতেন, আমার মাননীয় ডাক্তার সদস্যরা জানবেন ওয়েস্ট বেঙ্গল স্টেটটা মাইক্রোসেফলিক-এর মত হয়ে যাবে এ বিষয়ে আমাদের খুব সজাগ থাকা দরকার। স্যার, আমি আর একটি কথা বলি সেটা হচ্ছে যে সব ডাক্তাররা সার্ভিসে আছেন তাঁদের মনের মধ্যে একটা ক্ষোভ আছে, তাঁরা চাইছেন যে ইউনিফর্ম সার্ভিস ক্যাডার হওয়া উচিত। হয় আপনি এই করুন, যারা নন-প্র্যাকটিসিং তাঁদের বেশী টাকা দিন, তা না হলে সবাইকে প্র্যাকটিস করতে দিন। কিছু একটা করুন। এই বিক্ষোভ নিয়ে ডাক্তার ভালভাবে রোগীর চিকিৎসা করতে পারে বলে আমি বিশ্বাস করি না। আর একটি কথা বলি এবং এটা সত্য কথা যা মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে,.আমাদের টাকা কম। আমি ওঁনাকে বলছি যে একটা জায়গা আছে সেখান থেকে আপনি কিছু টাকা পাবেন। সেটা হচ্ছে কলকাতা শহরে নার্সিং হোম-এ ক্লিনিকস ল্যাবরেটরি, এক্স-রে ক্লিনিকস প্রচুর আছে। আপনি জানেন নিশ্চয় ক্লিনিক্যাল এস্টাবলিশমেন্ট অ্যাক্ট অনুসারে বার্ষিক ৫০ থেকে ১০০ টাকা এদের রেজিস্ট্রেশন ফি দেবার কথা। অনেকেই ফাঁকি দিচ্ছেন, তাদের আপনি পাকড়ান তাতে কিছু টাকা আপনি পাবেন এবং সঙ্গে সঙ্গে আমি মনে করি এই যে ৫০ থেকে ১০০ টাকা তাঁরা যে টাকা রোজগার করেন তার তুলনায় অনেক কম এর রেটটা বাড়িয়ে দিন, এটাকে ৫০০ থেকে হাজার টাকা করুন। তাহলেও তাঁর গায় লাগবে না ও আমাদের স্বাস্থ্যনিবাস কিছু টাকা পাবেন। স্যার, আর একটা কথা সেটা হচ্ছে যারা নন-রেজিস্টার্ড তাদের আপনারা রেজিস্টার্ড করবেন কি করবেন না। আমি মনে করি মাননীয় সাধন সেন বন্ধু মহাশয় যে কথা বলেছেন তাঁকে সমর্থন করি, যে এঁদের অন্য কিছু করুন দয়া করে ডাক্তার করবেন না। এইরকম কথা আমরা কখনও শুনি নি যে ঠিকাদার ইঞ্জিনীয়ার হয়। এমন কথা শুনি নি যে কোর্টের টাউটরা উকিল হয়, সুতরাং যাঁরা কোয়াক আছেন তাঁরা কেন ডাক্তার হবেন না তা আমি বুঝতে পারি না ? তাঁদের একটা প্রভিশন বা কিছু করে দেওয়া দরকার, চার রকম প্যাথি আমার জানা আছে অনেকে বলছিলেন যে, অ্যালোপ্যাথি, হোমিওপ্যাথি, সিমপ্যাথি আর অ্যাপাথি। আমার অ্যাপাথি নেই এদের উপর সিমপ্যাথি আছে কিন্তু ডাক্তার আমি গড়তে দিতে পারি না। আর একটি কথা বলে শেষ করবো, একজন বন্ধু বলছিলেন বি বি সরকারের কথা, আমার সঙ্গে তার পরিচয় নেই, কিরকম দুর্নীতিপরায়ণ জানি না তবে কিছুদিন আগে সংবাদপত্রে দেখেছিলাম যে টালার ওখানে নাকি জাল ওষুধের কারখানা ছিল এবং বি বি সরকারের নেতৃত্বে তা ধরা পড়েছে। মাননীয় মন্ত্রিমহাশয় খুব উদ্বিগ্ন আছেন দেশে অনেক পাগল বেড়েছে, একথা আমি স্বীকার করি, আমার অনেক বন্ধু জানেন যে আমি ডাক্তারী করি, তা আমি গত চার মাসের মধ্যে আমি ১৯টি পাগল এবং একটি আধা পাগল পেয়েছি, সুতরাং পাগলের সংখ্যা বেড়েছে একথা আমি স্বীকার করছি এবং এই বাজেটের বিরোধীতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-15—5-25 p.m.]

শ্রীনিখিল দাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনস্বাস্থ্য এবং শিক্ষা খাতের ব্যয়বরাদ্দ মন্ত্রি-মহাশয় যেটা আমাদের সামনে রেখেছেন তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য সুরু করছি। আপনি

জানেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, মানুষ সামাজিক জীব, সামাজিক এবং অর্থনৈতিক পরিবেশের প্রভাব মানুষের জীবনে আছে, ব্যক্তির জীবনে আছে এবং সমাজ যে স্তরে থাকবে অর্থনৈতিক অবস্থা যে স্তরে থাকবে মানুষের জীবন সেভাবেই গড়ে উঠবে। আমরা যে সামাজিক স্তরে বা অর্থনৈতিক ব্যবস্থায় আছি, সেই ব্যবস্থায় একদিকে বড় যারা তারা বড় হচ্ছে আরেকদিকে সাধারণ মানুষ গরীব যারা তারা গরীব থেকে গরীব হচ্ছে। আজ এই যে অর্থনৈতিক সামাজিক ব্যবস্থা সেই ব্যবস্থায় দাঁড়িয়ে আমাদের জনস্বাস্থ্য বিভাগের বা চিকিৎসা বিভাগের যিনি মন্ত্রী তার সমস্ত পরিকল্পনাকে ঢেলে সাজতে হবে। আমি তার কাছে শুধু একটা আবেদন রাখব আপনার মাধ্যমে—সীমাবদ্ধ অবস্থা আমি জানি, সীমাবদ্ধ ক্ষমতা আমি জানি, কিন্তু তাঁর দৃষ্টিটা এদিকে যেন যায় সাধারণ মানুষ যারা গরীব মানুষ যারা, সমাজের নীচের তলায় যারা পড়ে আছে তাদের কাছে কি করে চিকিৎসা বিজ্ঞানের যে উন্নতি হয়েছে সেই উন্নতির সুযোগ-সুবিধা তাদের কাছে কি করে পৌঁছে দেওয়া যায়, আরও অধিকতরভাবে—সেভাবে যেন ঢেলে তার যে দপ্তর সেই দপ্তরের পরিকল্পনা তিনি সাজেন। এই কথা বলতে গিয়ে আমি একটি কথা বলে চাই যে আমাদের চিকিৎসা দপ্তরের অধীনে যে হাসপাতালগুলি আছে, আমাদের স্বাস্থ্য দপ্তর চিকিৎসা দপ্তরের অধীনে যে হেলথ সেন্টারগুলি আছে সেগুলিতে আমরা জানি আজ কিসের রাজত্ব চলছে। কলকাতার মেডিক্যাল কলেজগুলি আর হাসপাতালগুলি যদি দেখি সেখানে দেখব দুর্নীতির আখরাতে সেগুলি পরিণত ছিল আজও সেগুলি দুর্নীতি থেকে মুক্ত হয় নি। আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যবিভাগের মন্ত্রীর কাছে এই কথা আমি রাখতে চাই যে এই যে হাসপাতাল-গুলির সুযোগ-সুবিধা বড়লোক যাঁরা, টাকা যাঁদের আছে, পয়সা যাঁদের আছে পয়সা দিয়ে চিকিৎসা যাঁরা করাতে পারেন তাঁরা যেন এই সুযোগ না পান। এই সুযোগ যেন সাধারণ মানুষ যারা গরীব মানুষ, পয়সা যাদের নেই তারা যেন এই সুযোগটা পুরামাত্রায় পায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আজকে চিকিৎসা একটা ব্যবসায় এসে দাঁড়িয়েছে। টাকা আছে চিকিৎসা পাবেন, টাকা নেই চিকিৎসা পাবেন না। এই যে একটা অদ্ভুত লজ্জাকর ব্যবস্থা একটা স্বাধীন দেশে যে চিকিৎসা একটা ব্যবসায় এসে দাঁড়িয়েছে, মানুষের স্বাস্থ্য থাকবে কি না থাকবে তা একটা ব্যবসায় গিয়ে দাঁড়িয়েছে—সেখানে যদি কঠোর দৃষ্টি না রাখা যায় তাহলে যতই বক্তৃতা দিই না কেন, যতই ভাল ভাল কথা বলি না কেন আমরা চিকিৎসার ব্যবস্থাটাকে সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে পারব না। আপনি শুনেছেন যতবার নার্সিং হোম-এর কথা উঠেছে নার্সিং হোমগুলি একটা লাভজনক প্রতিষ্ঠানে দাঁড়িয়েছে, ব্যবসাজনক প্রতিষ্ঠানে দাঁড়িয়েছে। বড় বড় ডাক্তার যাঁরা, যাঁরা সরকারী দপ্তরের সাথে সংশ্লিষ্ট আছেন তাঁরা গোপনে সেই নার্সিং হোমগুলির সাথে জড়িয়ে আছেন এবং তাঁদের সহযোগিতায় সেগুলি ফুলে উঠছে। বড় লোকেরা সেই নার্সিং হোম-এর মাধ্যমে চিকিৎসা পেতে পারেন, কিন্তু সাধারণ মানুষ, যারা গরীব মানুষ যারা সেখানে যেতে পারে না তারা যেন হাসপাতালের চিকিৎসা ব্যবস্থার সুযোগ পায়। দুই নম্বর কথা বলব, মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্বাস্থ্য চিকিৎসা দপ্তর একটা অদ্ভুত জায়গা তাতে দুটি আমলাতন্ত্র আছে। একটি যাঁরা প্রশাসনিক ব্যবস্থা দেখেন, আর একটি যাঁরা ডাক্তারী চিকিৎসা ব্যবস্থা দেখেন। এই ডাক্তারী আমলাতন্ত্র যে আমাদের স্বাস্থ্য দপ্তরে আছে তা দুর্নীতিতে ভরা, বিশ বছরের দুর্নীতিতে তা ভরে উঠেছে। এবং ইংরেজ আমল থেকে তার মধ্যে দুর্নীতি জমে উঠেছে এবং এই আমলাতন্ত্র আজকে সমস্ত চিকিৎসা বিভাগকে আজ একে-বারে পঙ্গু করে রেখেছে। এই আমলাতন্ত্র দুর্নীতিকে যদি দূর করা না যায় তাহলে আমাদের স্বাস্থ্যমন্ত্রী মহাশয় এখানে যত ভাল কথাই বলুন তাকে কার্যকরী করা যাবে না। স্যার আপনি জানেন উপরের তলায় যে ডাক্তাররা বসে আছেন যাঁরা বড় বড় দপ্তরের জায়গা অধিকার করে বসে আছেন, মন্ত্রিমহাশয়ের ক্ষমতা নাই তাঁদের উপরে হুকুম দেওয়া। তাঁরা জানেন যে চাকুরী তাঁদের কাছে একটা তাসের ব্যাপার, তাঁদের কাছে চিকিৎসা করার যে জায়গা, তাঁদের ব্যবসার যে জায়গা সেই জায়গা তাঁদের রয়েছে। চাকুরীর মোহ তাঁদের নেই, তাঁদের চাকুরী করবার আকর্ষণ নেই, চাকুরীর জায়গাটা হচ্ছে একটা ধাপ তাঁর ব্যবসাটা জমিয়ে নেবার জন্য। তাই আজকে যে প্রশ্ন সমস্ত জায়গা থেকে উঠেছে—সরকারী দপ্তর বলুন আর হাসপাতাল-গুলি বলুন, শিক্ষার যে প্রতিষ্ঠান সেগুলি বলুন সেই জায়গাগুলিকে আমরা নন-প্র্যাকটিসিং করব কিনা এই প্রশ্নটা বড় হয়ে আজকে দেখা দিচ্ছে। আজ হাসপাতাল-গুলিকে যদি ঠিক ঠিকভাবে চালান প্রয়োজন যেভাবে দেখা দিয়েছে তাকে যদি সেই জায়গায়

নিতে চাই তাহলে ডাক্তারী আমলাতন্ত্র চিকিৎসা দপ্তর থেকে ভাঙ্গতে হবে এবং ডাক্তারী আমলাতন্ত্রের মধ্যে যে দুর্নীতি জমে উঠেছে সেই দুর্নীতিকে ভেঙ্গে ফেলতে হবে, তা না করলে চিকিৎসা দপ্তরের উন্নতি করা যাবে না।

আমি আপনার মাধ্যমে আরেকটি কথা রাখতে চাই, আপনি জানেন স্পুরিয়াস ড্রাগ আজকে বাজারে কিভাবে বের হচ্ছে। আমাদের ড্রাগ কন্ট্রোল-এর নতুন ডাইরেকটরেট হয়েছে তাকে আমরা অভিনন্দন জানাই। কিন্তু তার সাথে স্বাস্থ্যমন্ত্রীর কাছে একটি আবেদন রাখতে চাই এই দপ্তরকে আরও জোরদার করতে হবে, আরও শক্ত করতে হবে। ইন্সপেকটার যাঁরা আছেন তাঁদের সততা সম্পর্কে আমাদের পুরোপুরি জেনে নিতে হবে। কারণ তাঁরা বিভিন্ন ঔষধ তৈরীর যে কারখানা সেগুলি দেখেন এবং আমরা জানি ঔষধ যাঁরা তৈরী করেন তাঁরা বড় বড় রাঘববোয়াল আছেন তাঁরা টাকা দিয়ে মানুষকে কিনে নিতে পারেন। সেইজন্য আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন করবো এই দপ্তরকে আজকে ঠিকভাবে পুনর্গঠিত করে যাতে আমাদের ঔষধের জায়গায় এই ধরণের কোন ব্যবস্থা না হতে পারে তার চেষ্টা করুন। আর একটা কথা বলে আমি আমার বক্তৃতা শেষ করছি। নন-রেজিস্টার্ড চিকিৎসকদের সম্পর্কে নানা প্রশ্ন উঠেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বাংলাদেশে ৩০ হাজার নন-রেজিস্টার্ড চিকিৎসক রয়েছে যারা গ্রাম বাংলায় চিকিৎসা করেন। আমরা জানি তাঁরা হাতুড়ে ডাক্তার এবং আমরা এও জানি তাঁরা হাতুড়ে ডাক্তারী করতে করতে তারা একটা অভিজ্ঞতা লাভ করেছে এবং আমরা একথা জানি যে হিসাব গোপালদাসবাবু দিলেন যে ২ হাজার লোক পিছু একটা করে পাশ করা ডাক্তার আছেন। কিন্তু আমি বলবো সেই পাশ করা ডাক্তারদের যে সুবিধা সেটা শহরের মানুষ পায় কিন্তু গ্রামাঞ্চলের হিসাব যদি দেখি তাহলে দেখবো যে প্রতি ১০ থেকে ১৫ হাজার লোকের একটা করে ডাক্তার আছে। এই যে অ-পাশ করা চিকিৎসক তারাই গ্রামের কর্তা। একথা আমি বলতে চাই না যে গ্রামের দুর্ভাগা লোকেরা চিরকাল সেই অ-পাশ ডাক্তারদের চিকিৎসায় থাকবে। গত ২০-৩০ বছর ধরে এইসমস্ত চিকিৎসকরা গ্রামের মানুষকে সেবা করে এসেছে। তাদের কথা ভুললে চলবে না। তাদের কথা ভুললে অত্যন্ত অন্যায় হবে। সুতরাং আমি আপনার মাধ্যমে যেকথা মন্ত্রিমহাশয়ের কাছে রাখতে চাই সেটা হচ্ছে এই সমস্ত নন-রেজিস্টার্ড যেসব ডাক্তার গ্রামাঞ্চলে আছেন তাঁদের স্বীকৃতি দেওয়া প্রয়োজন, তাঁদের ট্রেনিং-এর একটা ব্যবস্থাকরুন, তাঁদের জন্য একটা কোর্স করুন, একটা পরীক্ষা নিন, কিন্তু তাঁদের যে কাজ সেই কাজটাকে যাতে কাজে লাগাতে পারি তার চেষ্টা সরকারের চিকিৎসক দপ্তরে করা উচিত। তা না হলে আমাদের গ্রামাঞ্চলের মানুষগুলোর যারা চিকিৎসা করছে তাদের সেই কাজ থেকে বঞ্চিত করা হবে এবং ৩০ হাজার মানুষ বেকার হয়ে পড়বে। আমরা জানি যে এন্টি কোয়াকারী অ্যাক্ট আছে সেই অ্যাক্ট অনুযায়ী এই চিকিৎসা করা দন্ডনীয়—কিন্তু কেউ সেই আইন মানে না। তাই আপনার মাধ্যমে আমি যে কথা বলেছি তা শেষ বারের মত বলতে চাচ্ছি যে, স্বাস্থ্য দপ্তর চিকিৎসা দপ্তরকে ঢেলে সাজাতে হবে—ডাক্তারী আমলাতন্ত্রকে দুর্নীতির হাত থেকে মুক্ত করতে হবে—তাহলে যে সীমাবদ্ধ অবস্থা সেই সীমাবদ্ধ অবস্থায় দাঁড়িয়ে মানুষের সামনে গরীব মানুরে কাছে চিকিৎসার সুযোগ আপনি পেঁছে দিতে পারবেন, মানুষ আপনাকে ধন্যবাদ জানাবে। শুধু কথা দিয়ে ধন্যবাদ নেবেন না, কাজ দিয়ে ধন্যবাদ নেবেন। এই কথা বলে এই বাজেট বরাদ্দকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তৃতা শেষ করছি।

[5-25—5-35 p.m.]

শ্রীমতিরঞ্জন তার: মাননীয় অধ্যক্ষ মহাশয় আমাদের স্বাস্থ্যমন্ত্রী যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন এই বিধানসভায় তার পরিপ্রেক্ষিতে আপনার মাধ্যমে আমি আমার কিছু বক্তব্য রাখতে চাই। সেই বক্তব্য রাখতে গিয়ে সর্বপ্রথমে আমার মনে পড়ে স্বাস্থ্যের কথা। সেই স্বাস্থ্যের কথায় এখন আসছি—আর সেই স্বাস্থ্যের দাবী এখন আলোচনা হচ্ছে। কিন্তু সেই আলোচনা করতে গিয়ে দেখা যাচ্ছে অনেকের বিশ বছরের রোগে ধরে ফেলেছে—বিশ বছরে কিছু হয় নি, কিছু হয় নি, কিছু হয় নি—এই বলে কিন্তু বিশ বছরে যে কিছু হয়েছে আমি দুটো সবচেয়ে বিশেষ প্রমাণ দিয়ে দিচ্ছি যে কালাজ্বর আর ম্যালেরিয়া—এই দুটো বাংলাদেশ থেকে চলে গেছে—এই কালান্তর কালাজ্বরের কল্যাণে লক্ষ লক্ষ লোক বাংলাদেশে মারা গেছে। তার পর ম্যালেরিয়ার কথা সকলে জানেন। এমন সুন্দর দুটো রোগ, যমের বেশ সুন্দর দুটো চর, তারা চলে গেছে বাংলাদেশ থেকে।

আজ আমাদের স্বাস্থ্যমন্ত্রী প্রত্যেক জেলায় ঘুরে ঘুরে সবগুলি হাসপাতাল দেখেছেন। আমি নিজে তা দেখেছি এবং তার কল্যাণে কিছুটা দুর্নীতির উপশম হয়েছে এর প্রমাণ আছে আমার কাছে। আমাদের কোচবিহার হাসপাতালের অনেক দুর্নীতি সেগুলি অনেক দূর হয়েছে বেশ করে আর সেখানে সেই জিনিস আমরা দেখতে পাই না এবং হাসপাতালগুলি এমন শোনা যায় না যে সেখানে রোগীদের কোন অসুবিধা হচ্ছে। তাই আমি বলবো যে প্রশংসার নিশ্চয় কিছু আছে। একথা বলতে গিয়ে আমি বলবো যে এই বলে বিশ বছর কিছু হয় নি এটা অসত্য কথা। পশ্চিম-বাংলায় হাসপাতালের অভাব ছিল রুর‍্যাল সাইডে আজ সেখানে প্রায় প্রত্যেক ইউনিয়নে ইউনিয়নে স্বাস্থ্যকেন্দ্র হয়েছে এবং তার দ্বারা বহু রোগীর উপকার হচ্ছে এতে কোন সন্দেহ নেই। তার পর নর্থ বেঙ্গল সম্বন্ধে আমি আগে বলবো যে এই নর্থ বেঙ্গলে মেডিক্যাল কলেজ স্থাপন হতে চলেছে। অনেকে হয়তো বলবেন যে কোচবিহারের লোক মেডিক্যাল কলেজের কথা বলছেন কেন - আমি কোচবিহার বাসী সত্য কথা—কিন্তু আমি এই মেডিক্যাল কলেজ সম্বন্ধে একটা কথা বলবো—কোচবিহারে মেডিক্যাল কলেজ স্থাপনের জন্য কেন বলছি—আমাদের সন্তোষ বায় মহাশয় এ সম্বন্ধে বলেছেন, আমি বলবো অন্য দৃষ্টিভঙ্গীতে—আমাদের পশ্চিমবাংলার উদ্বাস্তু অধ্যুষিত জেলা হোল সবচেয়ে বেশী আমাদের নদীয়া, তারপর চব্বিশপরগনা, তারপর কোচবিহার—যে কোচবিহারে ছয় লক্ষ লোক ছিল আজ সেই কোচবিহারে প্রায় ১৩ লক্ষ লোক—বাকী ৭ লক্ষ লোক কোথা থেকে এলো, তারা সম্পূর্ণ উদ্বাস্তু। এই উদ্বাস্তুদের কল্যাণে সেখানে গড়ে উঠেছে দিব্বি শহর। সেইজন্য আজ কোচবিহারের শিক্ষার প্রসার হচ্ছে কিন্তু শিক্ষার প্রসার হলেও কোচ-বিহার গরীব জেলা সেখানে অধিকাংশ গরীব মধ্যবিত্ত লোক আছে। তাদের নিজেদের চেষ্টায় আজ গড়ে উঠেছে তাদের ঘরদরজা যা কিছু। আজ তারা শিক্ষার অভাব বুঝতে পারছে যে আমার ছেলেটা পাশ করেছে আমি তাকে মেডিক্যাল কলেজে পড়াবো তা অনেকের ভাগ্যে জোটে না। তাই বলছি সেখানে যদি মেডিক্যাল কলেজ স্থাপিত হয় তাহলে ভাল হয়। কারণ সেখানে শিক্ষানৈতিক পুনর্বাসনের ব্যবস্থা হওয়া দরকার। অন্য দিকে আর একটা কথা বলছি যে, কোচ-বিহারে যদি মেডিক্যাল কলেজ স্থাপিত হয় তাহলে গোয়ালপাড়া ডিস্ট্রিক্ট, আসাম তারা এর ফেসিলিটি পাবে তার কারণ গোয়ালপাড়ার অধিকাংশ রোগী কোচবিহারে চিকিৎসা লাভ করে। তারপর জলপাইগুড়ি জেলার নিকটবর্তী স্বাস্থ্যমন্ত্রীর স্থান আলিপুর জংশন এবং তার সাথে সমস্ত টি গার্ডেনগুলি আছে আরও আছে যেখানে আমাদের তিব্বতী ভাইরা এসে স্থান নিয়েছে। তাই বলছি কোচবিহারে যদি মেডিক্যাল কলেজ স্থাপিত হয় তাহলে নানা দিক দিয়ে সুবিধা হবে এবং জাতীয় ইন্টিগ্রেশন রক্ষা পাবে। অনেকে বলবেন যে আসামের সুবিধা হবে তাতে আমাদের বেঙ্গলের কি—আমি বলবো যে সেখানে জাতীয় সংহতি রক্ষা পাবে। কাজেই কোচ-বিহারে মেডিক্যাল কলেজ স্থাপনের জন্য আমি স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি। আর একটা কথা—ক্যানসার রোগের কথা—আমি নিজে ডাক্তার—এখন দেখছি ক্রমান্বয়ে ক্যানসার বেড়ে চলেছে—ক্যানসার চিকিৎসা নর্থ বেঙ্গলের অধিকাংশ লোক করাতে পারে না, কারণ ক্যানসার চিকিৎসা করাতে গেলে আসতে হয় কলকাতায় এবং এখানে আসলে পর যে টাকা ব্যয় হয় তা দেওয়া তাদের পক্ষে সম্ভব নয়, তাই যাতে নর্থ বেঙ্গলে ক্যানসার ট্রিটমেন্টের ব্যবস্থা হয় সেইজন্য স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাবো। তারপর ওয়াটার সাপ্লাই সম্বন্ধে আমি বলবো- আমি সর্বপ্রথমে কোচবিহার টাউনের কথা বলবো—কোচবিহার টাউনে আজ পর্যন্ত ওয়াটার সাপ্লাই পুরোমাত্রায় হয় নি এবং আর্বান সাইডে তো মোটেই নয়, অথচ সেখানে ১৪টা কলোনী আছে সেখানে লোক বাস করে প্রায় ছয় হাজার। সেখানে জলের সুবিধা নেই, টিউবওয়েল-এর সুবিধা নেই একথা সকলেই জানেন—সেখানে যদি ওয়াটার সাপ্লাইয়ের বন্দোবস্ত করা হয়—সেই সাপ্লাই করতে গিয়ে দুই বছর যাবৎ আবার বন্ধ হয়ে আছে—সেখানে যদি জল সাপ্লাইয়ের বন্দোবস্ত করা হয় তাহলে সেখানকার লোক রোগের হাত থেকে রক্ষা পাবে। তাই স্বাস্থ্য মন্ত্রিমহাশয়কে বিশেষ-ভাবে কথাগুলি বলবো যে সর্বতোভাবে আপনার কথা যা বলেছেন তাতে আপনি অনেক পয়েন্টস্ সল্‌ভ্ করে দিয়েছেন সে পয়েন্টস্‌গুলো আমি বলে সময় নষ্ট করবো না। আপনারা ফ্যামিলি প্ল্যানিং সম্বন্ধে চিন্তা করছেন। ফ্যামিলি প্ল্যানিং সম্বন্ধে চিন্তা করতে গেলে আমাদের সর্ব-প্রথমে চিন্তা করতে হবে এই ফ্যামিলি প্ল্যানিং কোন জায়গায় প্রযোজ্য। এই ফ্যামিলি প্ল্যানিং সম্বন্ধে যদি গ্রামে যাই এবং গ্রামে যদি ফ্যামিলি প্ল্যানিং-এর কার্যকারিতা দেখাতে পারি তাহলে আমাদের দেশের উপকার হবে। যারা শিক্ষিত টাউন-এর লোক তারা ফ্যামিলি প্ল্যানিং সম্বন্ধে

চিন্তা করছে কিন্তু যারা গ্রামে থাকে তারা তা চিন্তা করছে না। ফ্যামিলি প্ল্যানিং-এর আওতায় যারা এসেছে তারা শিক্ষিত, তাদের সন্তানসন্ততি কম হবে এবং তারা বেশী মেরিটোরিয়াস হবে। কিন্তু যাদের কোন গরজ নেই তাদের কোন উন্নতি করতে গেলে অনেক বছরের প্রয়োজন কিন্তু তাতে দেশের সংহতি ও স্বাধীনতা নষ্ট হবে। ফ্যামিলি প্ল্যানিং যাতে গ্রামে গ্রামে ছড়িয়ে দিতে পারেন সেইদিকে দৃষ্টি দেবেন।

Shri Golam Mahiuddin: Mr. Speaker, Sir, there are many problems of health which faces our State, but I shall confine myself to only a few of them which appears to me to be pressing and urgent and to which I would like to draw the serious attention of the Hon'ble Minister. Representing as I do a rural area, I must speak on problems of rural health. Although it is claimed that a large number of primary and subsidiary health centres have been opened all throughout the State, very little is told as to how they are functioning and what amount of health care services are being made available to the rural population. Most of the health centres are terribly under-manned and the load of the multifarious responsibilities put on the shoulders of the medical personnel compared to the number of the personnel carrying the load is so disproportionate that the quantum and quality of the services rendered fall far short of the public demand. It is said that qualified medical men cannot be persuaded to go to work in those rural environments. This story is being repeated over and over again. But may I ask has the Government so long made any effort to enquire and find out the reason why? From my knowledge gained through my contact with young medical graduates, I am certain that the reason is not merely one of financial consideration, but is more intimately associated with his status and prospect—the facilities for work and the enormity of the problem he is called upon to face unaided. The suspicion that haunts the minds of the new entrants to the health services is that those who have none to influence their postings in big cities are forced to go to those health centres and once they go there, they have to face the prospect of "No return". The Government must do all that is in its power to remove these suspicions and enforce the rules of service ruthlessly without frown and favour.

[5-35—5-45 p.m.]

In this connection it is pertinent to point out that in the interest of real health a special health centre such as rural health cadre may have to be considered a necessity offering necessary instructions. At any rate this problem brooks no delay towards solution. At least there are instances where no services are being rendered at present but some arrangements for sanitation and public health and hygiene services must be started at least to educate the people in individual and community health care which will help in the control of preventable diseases rampant in these years. In conclusion I would draw the attention of Hon'ble Chief Minister in regard to a medical college at Burdwan for which the University of Burdwan has already approached the Government but no reply has yet been received.

শ্রীবিনয়কুমার চট্টোপাধ্যায়ঃ মিঃ স্পীকার, স্যার, স্বাস্থ্যমন্ত্রী তাঁর প্রারম্ভিক ভাষণে যে কথাগুলি বললেন সে সম্বন্ধে সব বিষয়ে আমি একমত না হলেও বেশীর ভাগ সম্বন্ধে আমি এক মত। আজ আমি প্রথমে তাঁকে ধন্যবাদ দেব কারণ রাণাঘাট সার্বডিভিসন টি বি অ্যাসোসিয়েশন থেকে যে সাজেসন দেওয়া হয়েছিল সেসব তিনি গ্রহণ করেছেন এবং সেটাকে কার্যকরী করার জন্য তিনি এই বাজেটে টাকা ধরেছেন। আজ টি বি সম্বন্ধে অনেকে অনেক রকম অভিমত এ হাউসএ দিয়েছেন। আমি বলতে চাই টি বি একটা নূতন প্রবলেম হয়ে আমাদের সামনে দেখা দিয়েছে। আমরা ৭।৮ বছর আগে মনে করেছিলাম টি বিকে খুব শীঘ্র আমরা আমাদের দেশ থেকে সরিয়ে দিতে পারব। কিন্ত আজ যে একটা প্রবলেম দেখা দিয়েছে সেটা সম্বন্ধে আমাদের চিন্তা করা বিশেষভাবে প্রয়োজন হয়ে পড়েছে। আমি স্বাস্থ্যমন্ত্রীকে বলবো যে

এই চিকিৎসার বড় ইম্পেডিমেন্টটি হচ্ছে ঠিক মতন ওষুধ না খাওয়ার জন্য এমন কতকগুলি রুগী হাসপাতালের বা হাসপাতালের বাইরে দেখা দিয়াছে যাদের ড্রাগ রেজিস্টেন্স তৈরী হয়ে গেছে, অর্থাৎ যাদের ব্যাসিলাইগুলো ড্রাগ ফাস্ট তাদের উপর ওষুধ আর কাজ করছে না। এই ড্রাগ ফাস্ট এত বেশী হয়েছে হাসপাতালে এবং হাসপাতালের বাইরে যার ফলে এ পেসেন্টগুলো অন্য পেসেন্টকে ইনফেকটেড করছে এবং তাদের উপর ওষুধ প্রয়োগ করতে গিয়ে তাদের উপর নানারকম চেষ্টা করে আমরা কিছু করতে পাচ্ছি না। এর ফলে টি বি যতই দেশ থেকে সরিয়ে দেবার চেষ্টা করি না কেন আমাদের কাছে নূতন একটা প্রবলেম হয়ে দেখা দিয়েছে। আজকে রাণাঘাট সাবডিভিশন টি বি এ্যাসোসিয়েসন বিশেষভাবে চেষ্টা করছে এবং কালকে আমরা কয়েকজন বিশেষজ্ঞ বসে আলোচনা করছিলাম যে কি করে এটাকে ইরাডিকেট করা যায়। আজকে তাঁকে ধন্যবাদ দিচ্ছি রাণাঘাট সাবডিভিসন টি বি এ্যাসোসিয়েসন-এর তরফ থেকে। কারণ তিনি আমাদের সাজেসন নিয়েছেন। আর একটা কথা রাখতে চাই। তিনি দুইটা ডিমান্ড অব গ্রান্টস দিয়েছেন একটা জনস্বাস্থ্য সম্বন্ধে আর একটা মেডিকেল সাইডএ। একটা অঙ্ক দেখতে পাচ্ছি তাতে দেখতে পাচ্ছি জনস্বাস্থ্য নয় কোটি সামথিং দিয়েছেন। আর একটি মেডিকেল সাইডএ ১৬ কোটি টাকা দিয়েছেন। এদুটো দেখে মনে করেছিলাম যে তিনি একটা নূতন দৃষ্টিভঙ্গী দিয়ে গ্রান্ট পেশ করবেন। উলটে পালটে পেশ করবেন এই রকম একটা ধারণা করেছিলাম। কিন্তু ডিমান্ড ফর গ্রান্ট দেখে সে ধারণাটা বদলে গেছে। তার কারণ হচ্ছে আজকে ম্যালেরিয়া দেশ থেকে সরে গেছে এবং তার ফলে জনস্বাস্থ্যের দিকে একটা খুব ভাল কাজ হয়েছে বলতে হবে। আমি এ্যাজ এ মেডিকেল প্রাকটিশনার হিসাবে বলছি এই ম্যালেরিয়া থেকে আমার সকালবেলার বাজার খরচ উঠতো। এই ম্যালেরিয়ার জন্য আমাদের কোটি কোটি টাকা খরচ হতো এবং ম্যালেরিয়া রোগের প্রাদুর্ভাবে এক একটি গ্রাম উজাড় হয়ে গেছে। কিন্তু এখন আমরা এটাকে একেবারে দেশ থেকে তাড়িয়ে দিয়েছি। কাজেই এই প্রিভেনটিভ সাইডের ফল খরচ করার ফলে আমরা চোখের সামনে দেখতে পাচ্ছি। সেইজন্য আমি স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করবো যে প্রিভেনটিভ সাইডটা খুব ভালভাবে চিন্তা করতে হবে এবং প্রিভেনটিভ সাইডের দিকে যদি আমরা এগিয়ে যেতে পারি তাহলে কিউরেটিভ সাইডেও অনেক কম খরচের মধ্যে ব্যবস্থা করতে পারব। আর একটি কথা হচ্ছে এই, উনি বললেন এই বছর ১,৩০০ বেড বাড়াবেনই না হলেও অন্ততঃ ১,০০০ বেড় নিশ্চয়ই বাড়াবেন। এই কথাটি আমাদের বড় নিরাশ করেছে। আমি ভেবেছিলাম উনি যদি ১,৩০০ বেডের ক্যালকুলেশান করে থাকেন তাহলে অন্ততঃ আরো ৫০০ বেড বাড়াতে পারতেন যদি ন্যাশন্যাল মেডিকেল কলেজকে ন্যাশনালাইজেশান না নিয়ে আসতেন। ন্যাশন্যাল মেডিকেল কলেজকে ন্যাশনালাইজেসান করে উনি ৪৫ লক্ষ টাকা খরচ করলেন। কিন্তু সেটা যদি এক বছর কিম্বা দু বছর পরে করতে পারতেন তাহলে আরো কিছু বেড বাড়াতে পারতেন। কিন্তু সেই যে ৭০০টি বেড কম খরচে চলছিল ওদিকে খরচ না করে উনি আরো ৫০০।৭০০ বেড বাড়াতে পারতেন এবং ন্যাশনালাইজ না করলেই পারতেন। তাই উনি বললেন যে ১,০০০।১,৩০০টি বেড নতুন করবেন এই কথায় আমি খুব আনন্দিত বোধ করতে পারি নি। তাই আমি বলব ঐ ইনসটিটিউসনটিকে চার বছর পরে ন্যাশনালাইজ করে নিন এবং ঐ টাকাটা ঘুরিয়ে নিয়ে এসে আরো কিছু বেড তৈরী করুন কিম্বা কুচবিহার আর জলপাইগুড়ির যে ঝগড়া আজকে এই এ্যাসেম্বলী হাউসে হল তা রক্ষা করবার জন্য দু জায়গায় দুটো নতুন করে কলেজ সেই ৪৫ লক্ষ টাকায় করে দিন। এটা যাতে উনি চেষ্টা করেন সেইজন্য আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি। ননী ভট্টাচার্য মহাশয় অত্যন্ত সৎ লোক সেইজন্য আমি তাঁকে অনুরোধ করছি তিনি এটা সম্বন্ধে যেন একটু চিন্তা করে দেখেন এবং তিনি চেষ্টা করলেই এই কুচবিহার এবং জলপাইগুড়ির ঝগড়া মিটিয়ে দিতে পারেন। আর একটি কথা বলব, ডাঃ গনি এই এ্যাসেম্বলী হাউসের মধ্যে খুব জোর গলায় বললেন যে ন্যাশন্যাল মেডিকেল কলেজ ন্যাশনালাইজ হবার পর না কি সব ফ্রি হয়ে গেছে। ফ্রি কিরকম হয়েছে সে সম্বন্ধে আমি একটি এক্‌জামপ্‌ল দিচ্ছি। আমি ডাঃ গণিকে অনুরোধ করব যে চিত্তরঞ্জন হসপিটাল কি অবস্থায় আছে সেটা একটু এনকোয়ারী করে দেখুন। সেখানে একটি পেসেন্টকে সিজারিয়ান করা হয়েছে। ডাঃ গনি জানেন যে সিজারিয়ান করার পর মরফিন, এ্যাট্রোফিন-এর প্রয়োজন হয়। কিন্তু মরফিন এ্যাট্রোফিন না থাকার জন্য পেসেন্ট পার্টি বার বার বলছেন যে

আমাদের লিখে দিন আমরা বাহিরে থেকে এনে দিচ্ছি এবং তাতে লাইফ্ সেভ করবে। কিন্তু হাউস সারজেনকে অর্ডার দেওয়া হয়েছে খবরদার—সেই হাউস সারজেন লিখে দিতে ভয় পেয়েছিল। তারপরে যেকোন ভাবেই হোক সেই পেসেন্টিকে সেভ করিয়ে দেওয়া হয়েছে। আর একটি কথা হচ্ছে, রাণাঘাট সাবডিভিসনে একটি হাসপাতাল বহুদিন ধরে হবার কথা ছিল। সেটা বোধহয় স্যাংসান হয়েছে। কাজেই সেটা যাতে স্যাংসান হয় তার জন্য ব্যবস্থা করুন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-45—5-55 p.m.]

শ্রীপ্রবোধ কুমার পুরকায়েৎ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী তাঁর ব্যয়বরাদ্দ পেশ করতে গিয়ে এখানে যে বিবরণী রেখেছেন তার মধ্যে থেকে মোটামুটিভাবে জনস্বাস্থ্য এবং মেডিকেলএ কিভাবে আমাদের যুক্তফ্রন্ট সরকার তাঁদের নীতিকে পরিচালনা করবেন তাঁর একটা ইঙ্গিত দিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মারফৎ তাঁর কাছে কয়েকটি বিষয় দৃষ্টি আকর্ষণ করতে চাই। এখনও পর্যন্ত আমাদের এই বাংলাদেশ যে বিরাট গ্রামবাংলা তার প্রয়োজনের অনুপাতে সুষ্ঠু চিকিৎসার জন্য পর্যাপ্ত পরিমাণে হাসপাতাল এখনও পর্যন্ত গড়ে তোলা যায় নি, সেই জন্য আমি তাঁর কাছে কয়েকটি বক্তব্য রাখতে চাই। এখন পর্যন্ত যে হাসপাতালগুলো আছে বা যেগুলো যুক্তফ্রন্ট সরকার যে নীতি অনুসরণ করছেন যে বিভিন্ন ব্লকে যেখানে হাসপাতাল এখনও নেই সেখানে একটি করে প্রাইমারী হেলথ সেন্টার এবং দুটি সাবসিডিয়ারি হেলথ সেন্টার খোলার জন্য সিদ্ধান্ত নিয়েছেন এবং সেই বিষয়ে আমি তাঁকে বলতে চাই যে প্রতিটি ব্লকে এইভাবে যদি হাসপাতাল গড়ে তোলা যায়, তাহলেও এখনও অনেক জায়গা থাকবে যেখানে সাধারণ মানুষ, গ্রামের মানুষ শহরের যোগাযোগ বিচ্ছিন্ন অবস্থায় দূর দূর এলাকায় পড়ে আছে, এইভাবে যদি হাসপাতালগুলো যদি গড়ে তোলা যায় তাহলে সুষ্ঠু-ভাবে চিকিৎসা ব্যবস্থা সাধারণ মানুষ গ্রহণ করতে পারবেন না, তাই আমি তাঁর কাছে অনুরোধ করবো যে আরও ব্যাপকভাবে বিভিন্ন বিক্ষিপ্ত যে এলাকাগুলো আছে সেখানে সীমাবদ্ধতা না রেখে আরও সেখানে প্রাইমারী হেলথ সেন্টার এবং সাবসিডিয়ারী হেলথ সেন্টার প্রতিষ্ঠা করবার নীতি যদি তিনি গ্রহণ করেন, এর ফলে দেখা যাবে যে হাসপাতালগুলো রয়েছে তার উপর যে চাপ আছে সেই চাপ অংশত অনেক কমে যাবে এবং গ্রামের সাধারণ মানুষের চিকিৎসার সুবিধা হবে। অপর দিকে দেখা যাচ্ছে যে হাসপাতালগুলো রয়েছে সেখানে ভাল ডাক্তার নেই, আমি সুন্দরবন এলাকা থেকে এসেছি, সেখানে প্রাইমারী হেলথ সেন্টার দু-তিনটি থানার উপর একটি করে আছে এবং সেখানকার চিকিৎসা ব্যবস্থার যে চিত্র, সেই চিত্র যদি মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি দেখেন তাহলে বুঝতে পারবেন, সেখানে মনে করা যাবে না যে সেখানে কোন চিকিৎসা ব্যবস্থা আছে। ডাক্তার কোন সময় থাকেন, কোন সময় থাকেন না, আবার ডাক্তার থাকলে ওষুধ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, যে হাসপাতালগুলি বর্তমানে আছে এবং যেগুলি তৈরী করতে যাচ্ছি, সেই সবগুলির চিকিৎসা সম্পর্কে যাতে সুনিয়ন্ত্রিত ব্যবস্থা, সুষ্ঠু ব্যবস্থা করা যায় সেদিকে তিনি দৃষ্টি দেবেন এবং অনেক হাসপাতাল আছে যেখানে রোগীদের প্রচুর ভীড় হয় এবং সেখানে রোগীরা কোথায় দাঁড়াবে বা বসবে তার এমন অনেক জায়গায় নেই, যেমন আমি নাম করতে পারি সুন্দরবন এলাকার জয়নগর প্রাইমারী হেলথ সেন্টারের, সেখানে এমন অব্যবস্থা, চিকিৎসার এমনই ব্যবস্থা যে রোগীরা সেখানে যায় না কোন সময়ে। এমনও প্রাইমারী হেলথ সেন্টার আছে যেখানে রোগীরা কোথায় গিয়ে রোদ বৃষ্টির সময় দাঁড়াবে বা বসবে তার কোন ব্যবস্থা নাই। এদিকে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

তারপর অপর দিকে রয়েছে ডাক্তারের অভাব। আমি মনে করি ডাক্তারদের উপযুক্ত পরিমাণ বেতন দেওয়া হয় না বলেই যাঁরা চিকিৎসক এই রকম সরকারী হাসপাতালে তাঁরা চিকিৎসার দায়িত্ব নিতে চান না। নিজেরা ব্যক্তিগতভাবে চিকিৎসা ব্যবসায় করেন, তাই আমি মনে করি এই সমস্ত চিকিৎসকদের উপযুক্ত বেতন দিয়ে তাঁদের কাজে লাগানোর ব্যবস্থা করা দরকার।

ডাঃ ইন্দ্রজিৎ রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের স্বাস্থ্যমন্ত্রী আজকে যে ব্যয়বরাদ্দ উপস্থিত করেছেন, সে সম্বন্ধে আলোচনা করতে গিয়ে আমি আপনার মাধ্যমে হাউসে কয়েকটি

বিষয়ের উল্লেখ করতে চাই। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী তাঁর প্রারম্ভিক ভাষণে বলেছেন দেশের সর্ববিষয় জনস্বাস্থ্যের ব্যাপারে যাতে সর্বাঙ্গীণ উন্নতি করতে পারেন, সেইভাবে তাঁরা পরিকল্পনা নিচ্ছেন। তিনি যদি সেইভাবে ডেভেলপমেন্ট করতে পারেন, তাহলে খুবই আনন্দের কথা। কিন্তু তিনি তাঁর বক্তৃতার মধ্যে হোমিওপ্যাথিক ও আয়ুর্বেদিক চিকিৎসা সম্বন্ধে কোন কথা বলেন নি। এ বিষয়ে আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি অনেক কিছু করবেন বলে উল্লেখ করেছেন। আমার মনে হয় তিনি উল্লেখ করতে ভুলে গেছেন যে বর্তমানে স্বাস্থ্য বিষয়ে বাংলাদেশের কি অবস্থা আছে এবং তারপর তিনি কি করতে চাচ্ছেন। পূর্বতন কংগ্রেসী সরকার জনস্বাস্থ্যের উন্নতির জন্য আজ পর্যন্ত কি করেছেন, তারপরে আমাদের কি করণীয় আছে পলিসি নিয়ে আমরা এই এই করতে চাচ্ছি একথা তিনি বলেন নি। অনেকে বলেছে গত কুড়ি বছরে কংগ্রেস সরকার বিশেষ করে পল্লীর জনস্বাস্থ্যের উন্নতির জন্য কিছু করেন নাই। আমি এক্ষেত্রে তাঁদের স্মরণ করিয়ে দিতে চাই যে তাঁরা ভুল তথ্য এখানে পরিবেশন করেছেন যে কংগ্রেস সরকার কিছু করেন নাই। কংগ্রেস সরকার কি করেছেন তার দু-একটি তথ্য এখানে রাখছি। আমরা দেখতে পাচ্ছি ১৯৪৮ সালে রুরাল হেলথ সেন্টার ছিল তিনটি এবং বিছানা ছিল ১২টি। সেখানে ১৯৬৩ সালে স্বাস্থ্যকেন্দ্র হয়েছে ৩৪টি, শয্যা সংখ্যা হয়েছে ৫,৩৪২টি। পানীয় জল সম্পর্কে কংগ্রেস সরকার ১৯৫৬ সাল থেকে ১৯৬৫ সাল পর্যন্ত গড়ে প্রতি বছর কংগ্রেস সরকার নূতন টিউবওয়েল সিঙ্ক করেছে ৩,১১৪টি এবং রিসিঙ্ক করেছে ৮৭৫টি। কুয়া করেছে ৩৯৫টি। এর থেকে বুঝতে পারা যায় কংগ্রেস সরকার কি রকম কাজ করেছেন। অথচ মাননীয় সদস্যরা বলেছেন কংগ্রেস সরকার কিছু করেন নাই। আবার কেউ কেউ বলেছেন কংগ্রেস সরকার কিছু কিছু কাজ করলেও তার দ্বারা লোকের উপকার হয় নি বা জনস্বাস্থ্যের উন্নতি হয় নি। জনস্বাস্থ্যের উন্নতি কি হয়েছে না হয়েছে সে সম্বন্ধে বিচার করতে গেলে দেখা যাবে আমাদের দেশের লোকের জীবনী শক্তি বা গড় পরমায়ু অনেক বেড়েছে। ১৯৩১ সালে গড় পরমায়ু ছিল ২৪ বৎসর, ১৯৬০ সালে সেটা বেড়ে দাঁড়িয়েছে ৩৮ বৎসর।

আর একটা ব্যাপারে ১৯৪৮ থেকে ১৯৬৬ সাল পর্যন্ত ফিগার নিয়ে দেখা যাবে ১৯৪৮ সালে মৃত্যু হার যা ছিল, ১৯৬৬ সালে তা কমতে কমতে অনেক নীচুতে নেমে এসেছে। কাজেই বিগত কংগ্রেস সরকারের আমলে কোন উন্নতি হয় নাই এটা বলা চলে না। নানা বিষয় বাজেট সম্বন্ধে আলোচনা করতে গিয়ে সদস্যরা আলোচনা করেছেন। আমি ঘাটাল মহকুমার চন্দ্রকোণা থানার সম্বন্ধে কয়েকটি বিষয়ের কথা বলবো ও মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো। ঘাটাল মহকুমায় প্রায় ৪ লক্ষ লোকের বাস, কিন্তু দুঃখের বিষয় সেখানে এখনো পর্যন্ত কোন মহকুমা স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করা সম্ভব হয় নাই। অবশ্য মন্ত্রিমহাশয় এখন বলছেন যে তার চেষ্টা হচ্ছে। আমি তার জন্য মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ দিচ্ছি। থানা স্বাস্থ্যকেন্দ্র চন্দ্রকোণা প্রাইমারী হেলথ সেন্টার চন্দ্রকোণা ব্লক ২, সেখানে মাত্র ৫০টি বেড, সেই বেডের সংখ্যা আরো বাড়ানো দরকার। কলকাতায় রোগীর চাপ কমাবার জন্য হাজারের উপর বেড বাড়াবেন বলেছেন। সেটা আনন্দের কথা। আমি অনুরোধ করবো মফঃস্বলে মহকুমায় জেলায় এবং থানায় প্রাইমারী হেলথ সেন্টারের বেড বাড়াবার জন্য মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[5-55—6-5 p.m.]

চন্দ্রকোণা প্রাইমারী হেলথ সেন্টারে কোন অপারেশন থিয়েটার নেই, যদিও সেখানে চার জন মেডিকেল অফিসার আছেন। সেখানে অপারেশন থিয়েটার না থাকার দরুন, অপারেশনের কাজ সুষ্ঠুভাবে পরিচালনা করায় খুব অসুবিধা হচ্ছে। জেলা চিকিৎসকরা ঠিক সময় অপারেশন করতে না পারায় অনেকের জীবন হানি হয়েছে, মৃত্যু ঘটেছে। এ বিষয় আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সেখানে বিল্ডিং হয়ে গিয়েছে, কিন্তু সেটা চালু করা হচ্ছে না। যাতে শীঘ্র সেটা চালু হয়, সেজন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আর একটি কথা আছে। পল্লীগ্রামে সবচেয়ে বেশী অভাব যেটা আমরা অনুভব করছি, সেটা হচ্ছে সেখানে ওষুধ পত্র নিয়মিতভাবে সরবরাহ করা হয় না। সেখানে ইনডোর এবং আউটডোরে রোগীকে চিকিৎসা করা হয়ে থাকে। সরকারী নিয়মে যে রেট আছে মাথা পিছু ওষুধ দেওয়ার, খোঁজ নিয়ে দেখেছি, তারচেয়ে অনেক কম, ½ বা ⅓ অংশ মাত্র ওষুধ দেওয়া হয়। তাতে

শোনা যায় যে, সেখানে তিন মাসের বেশী ওষুধ দেওয়া হয় নাই, খালি কোন রকমে ডাক্তাররা তাঁদের কাজ চালিয়ে যান। আমার বাড়ীর পাশে একটা হেলথ সেণ্টার আছে, সেখানকার একজন কম্পাউণ্ডার আমার কাছে এসে বলেন, আপনি একজন ডাক্তার আপনার কাছে নিশ্চয়ই সালফা পাইরাডিন, ডিস্টিলড ওয়াটার, সোডিবাইকারব আছে, আমাকে যদি কিছু ওষুধ দেন, তাহলে আমরা কাজ চালাই এই। সমস্ত অসুবিধাগুলি থেকে জনসাধারণ যেন উদ্ধার বা মুক্তি পায়, তার ব্যবস্থা করুন।

আমি আর একটা প্রস্তাব রাখছি ওষুধ প্রাপ্তির ব্যাপারে। ডাক্তাররা বলেন এখানে সেণ্ট্রাল মেডিকেল স্টোর বলে একটা জীব আছে, সেখানে ইনডেণ্ট পাঠালে ছয় মাস হইতে নয় মাস সময় লেগে যায়, প্রয়োজনের সময় ওষুধ ডেলিভারী পাওয়া যায় না, চিকিৎসা একেবারে বন্ধ থাকে। সেই জন্য আমার প্রস্তাব হচ্ছে মফঃস্বলে, প্রতি মহকুমায় যদি একটি করে মেডিকেল স্টোর রাখার ব্যবস্থা করেন, তাহলে তাড়াতাড়ি ওষুধ সরবরাহ করা যেতে পারে। ঘাটাল দাশপুর থানার স্বাস্থ্যকেন্দ্রের ঐ একই অবস্থা, সেখানে প্রায় চার মাস কোন ওষুধ নেই। এমন কি সেখানে তুলো, আয়োডিন পর্যন্ত নেই। এইসব অসুবিধা সেখানে যাতে তাড়াতাড়ি দূর হয় তার ব্যবস্থা করবেন। আমার সময় হয়ে যাওয়ায় এইখানে শেষ করছি।

শ্রীগিরিশ মাহাতো : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি স্বাস্থ্যমন্ত্রীর ব্যয়বরাদ্দ সমর্থন করতে গিয়ে কয়েকটি বিষয়ের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হচ্ছে এর পূর্বে যে কংগ্রেস সরকার ছিলেন, তাঁদের সমস্ত কাজ কেবল কাগজে কলমে করা হত। সেই জন্য কাগজে কলমে যে সমস্ত ডাক্তার বা কর্মচারী আছেন, তাঁরা কেবল তাঁদের গদিতে বসে আছেন, তাঁদের আসল কাজের প্রতি কোন ভ্রূক্ষেপ নাই। সেই জন্য আমি প্রথমে আপনার দৃষ্টি আকর্ষণ করছি, ঐ যাঁরা কাগজে কলমে ডাক্তারী করে আসছেন এবং অফিসে কাগজে কলমের বাবু যাঁরা আছেন, সেদিকে একটু দৃষ্টি দেবেন, যাতে ঐ ধারাটা তাঁরা পরিবর্তন করেন।

এখন আমরা দেখছি সেই কংগ্রেসের সব দালাল যারা ডাক্তারের সংগে ওষুধপত্র ভাগাভাগি করে তারা এখনও কোন কোন ডাক্তারের সংগে যোগাযোগ করে এটা আমি লক্ষ্য করেছি। আমি কয়েকটি ঘটনা এখানে উল্লেখ করে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি সেদিকে আকর্ষণ করছি। কালকে আমার গ্রামের কাছে একটা গ্রামে জমিজমা নিয়ে খুন হওয়ার মত ঘটনা ঘটে। তাতে সকলের ধারণা হল যে লোকটি মারা যাবে। আমি পুরুলিয়ার ডি এম ও-র সঙ্গে দেখা করলাম এবং তাঁকে বললাম যে রোগীটিকে ৩০ মাইল দূর থেকে তাড়াতাড়ি আনতে হবে। ডি এম ও আমাকে বললেন যে চলুন আমার হাসপাতালের সার্জিকাল ওয়ার্ডটি দেখলে আপনি দেখতে পাবেন যে সেখানে মাত্র ১৮টি সিট আছে কিন্তু সেখানে আমি ৫৮টি রোগী রেখেছি, সেখানে আর পা রাখবার মতও জায়গা নাই, আপনি আবার ইমার্জেন্সি রোগী আনছেন, আমি তাকে রাখবো কোথায় ? আমি আবার এ্যাম্বুলেন্সের কথা তাঁকে বললাম, তিনি আবার দেখিয়ে দিলেন যে দেখুন আদরা থেকে ডাক এসেছে এক্ষুণি অ্যামবুলেন্স চাই, সেখানে অ্যামবুলেন্স চলে গিয়েছে এমার্জেন্সি রোগী আনতে, আপনি আবার অ্যামবুলেন্স চাচ্ছেন আমি অ্যামবুলেন্স কোথায় পাবো ? গোটা জেলায় একটা মাত্র এ্যামবুলেন্স, কাজেই আমি একটা এ্যামবুলেন্স কতদিকে দেবো। আপনি ত কলকাতায় যাচ্ছেন স্বাস্থ্য দপ্তরের কাছে আমার এ কথা বলবেন। এই কথা ডি এম ও আমাকে বললেন। একটা সার্জিক্যাল ওয়ার্ডে যেখানে মাত্র ১৮টি বেড আছে সেখানে ৫৮টি রোগী রাখা হয়েছে, সেখানে পা রাখবার জায়গা নেই। সেখানে যাতে আরো বেডের ব্যবস্থা করা হয় এবং জেলায় যাতে আরো বেশী এ্যামবুলেন্স দেওয়া হয় তার জন্য আমি স্বাস্থ্য-মন্ত্রীর দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করছি। আর একটা কথা হচ্ছে এই যে ব্লকে ব্লকে প্রাইমারী হেলথ সেন্টার হয়েছে কিন্তু আমরা যখন রোগী সেখানে নিয়ে আসি, আমাদের নিখিলবাবু যেমন বললেন, রোগী যখন ভর্তি করা হয় তখন ডাক্তার বলেন যে, ওষুধ নেই, তিনি লিখে দিলেন যে ওষুধ নিয়ে এসো। গরীব মানুষ সে ওষুধ আনবে কি করে কিন্তু ডাক্তার বুঝিয়ে দিচ্ছেন যে আমি লিখে লিখে ওষুধ পাচ্ছি না। যদিও ওষুধ আছে, ডাক্তার বলছেন যে এই ওষুধ দিলে ভাল হবে কিন্তু ওষুধের নাকি একটা চার্ট আছে সেই চার্টের বাইরে ডাক্তার ওষুধ দিতে পারে না। ডাক্তার চার্ট হিসাবে রোগীকে ওষুধ দেবে এ আবার কি নিয়ম ? এটাত আগেকার কংগ্রেসীদের নিয়ম, ইংরাজ আমলের নিয়ম, তাঁরা যে ধরা বাঁধা চার্ট করে দিয়েছেন তার বাইরে ডাক্তার ওষুধ

দিতে পারেন না। আমি তাই মন্ত্রিমহাশয়কে বলবো ডাক্তার যে রোগীর চিকিৎসা করবে তার জন্য চার্টের কি দরকার, যে ওষুধের প্রয়োজন হবে সেই ওষুধের ব্যবস্থা আমাদের স্বাস্থ্যমন্ত্রীকে করতে হবে, যে ওষুধের প্রয়োজন সেই ওষুধ যেন রোগীকে দিতে পারা যায়। আর একটা কথা হচ্ছে এই যে আমার গ্রামে বা আমার জেলাতে লেপারের সংখ্যা বেশী। আমার গ্রামে আমি একটা লেপার রোগী দেখতে গেলাম, আমি ডাক্তারকে বললাম যে লেপার সার্ভে করবার জন্য একটি লেপার কর্মচারী দরকার তার ব্যবস্থা করুন। মানবাজারের ডাক্তার লিখে দিলেন একটা কর্মচারীকে যে লেপার সার্ভে কর। এখন নাকি অঞ্চলে অঞ্চলে লেপার সার্ভে করার কর্মচারী রয়েছে তিনি অর্ডার দিয়ে দিলেন যে ৬ই মে থেকে আমার গ্রাম লেপার সার্ভে করবে। কিন্তু এক মাস হয়ে গেল কিছুই হয় নি। একদিন ডাক্তার আমাকে জিজ্ঞাসা করছেন তিরিশবাবু আপনার গ্রামে লেপার সার্ভে হয়েছে? আমি বললাম কেউত যায় নি। তিনি ত বললেন যে আমিত অর্ডার দিয়ে দিয়েছি, তিনি সেই কর্মচারীকে বললেন তুমি যাও নি কেন? সে বলল আমিত গিয়েছি। তখন ডাক্তার আমাকে বললেন আপনি বলছেন যায় নি আর ও বলছে গিয়েছে তখন আমি বললাম উনি যান নি। ডাক্তার তখন রিপোর্ট দিলেন সি এম ও-কে, সি এম ও তদন্ত করতে পাঠালেন এই মিথ্যা রিপোর্ট কেন। কর্মচারী বলছে আমি সার্ভে করেছি আর আমি এবং ডাক্তার বলছি যে না সে যায় নি। পরে যখন সে ধরা পড়ে গেল তখন সি এম ও-র কাছ থেকে ছুটি নিয়ে রেহাই নিল। এই যে কর্মচারী কাগজে কলমে চুরি করলো সি এম ও তার জন্য তাকে শাস্তি না দিয়ে ছুটি দিয়ে বাঁচালেন। এই যে দুর্নীতি এগুলি লক্ষ্য করতে আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। আর একটা কথা আমি বলছি যে আমাদের জেলায় পানীয় জলের খুব অভাব। পুরুলিয়া জেলায় কুয়া খুঁড়বার জন্য যে টাকা মঞ্জুর হয়েছিল সেটা কংগ্রেসের চোরাকারবারীরা খেয়ে নিয়েছে। সেজন্য আমি স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি তাড়াতাড়ি কুয়া খোঁড়বার ব্যবস্থা করে আমাদের পুরুলিয়া জেলাকে পানীয় জলের অভাব থেকে বাঁচান এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[6-5—6-15 p.m.]

ডাঃ মহম্মদ ফজলে হক: মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় স্বাস্থ্য মন্ত্রি-মহাশয় আমাদের সামনে যে স্বাস্থ্য খাতে ব্যয়বরাদ্দ রেখেছেন তার উপর এত-ক্ষণ যে আলাপ আলোচনা হল তা আমি মনোযোগ দিয়ে শুনেছি, বিশেষ করে সরকার পক্ষের বন্ধুরা এ বিষয়ে আলাপ আলোচনা করেছেন তা আমি মনোযোগ দিয়ে শুনেছি। একটু আগে নিখিলবাবু এবং অনেকেই অনেক কিছু বললেন তার মধ্যে আমি দেখতে পাচ্ছি দুটো জিনিষ ওদের ঘাড় থেকে কিছুতেই নেমে যাচ্ছে না—একটা হচ্ছে ২০ বছরের কথা, আর একটা হচ্ছে আমলাতন্ত্রের ভূত। এই দুটো ভুত যে ওঁদের ঘাড়ে চেপে বসেছে সেটা কিছুতেই ও'রা দূর করতে পারছেন না। যদিও ও'রা আমলাতন্ত্রের দোষ দিচ্ছেন তবুও আমরা শুনতে পাচ্ছি ওঁদের দলের প্রগতিশীল মন্ত্রী যাঁরা আছেন তাঁরা এখনও নিজের নিজের দপ্তরের আমলাদের কথায় ওঠেন বসেন। আমি এখানে বিশেষ কিছু কন্ট্রোভার্সির কথা আনতে চাই না তবে একথা বলতে চাই যে কথায় কথায় আমাদের কংগ্রেসের উপর দোষারোপ করা হয় যে ২০ বছরে কংগ্রেস কিছু করে নি। তর্কের খাতিরে ধরে নিলাম যে ২০ বছরে কংগ্রেস কিছু করে নি, তাহলেও কি এটা ধরে নিতে হবে যে বর্তমান যুক্তফ্রন্ট সরকারের কিছু করণীয় নেই বা কিছু করতে পারবেন না? নানা প্রকারের অভিযোগ আমাদের প্রতি করা হয় যে আমরা নানারকম ষড়যন্ত্র করছি,, আপনাদের কাজ করতে দিচ্ছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যুক্তফ্রন্ট সরকারকে জানিয়ে দিতে চাই যে ওঁনারা কি ভেবেছিলেন যে বিরোধীরা ওঁদের ফুল চন্দন দিয়ে স্বাগত জানাবে? ও'রা বিগত ২০ বছর ধরে যে ভূমিকা অবলম্বন করেছিলেন তা কি করে এত তাড়াতাড়ি ভুলে গেলেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বর্তমান যুক্তফ্রন্ট সরকারের অবগতির জন্য বলতে চাই যে কেন্দ্রীয় সরকারের অধীনে থেকে, এই সংবিধানের আওতায় থেকে কংগ্রেসী আমলাদের নিয়ে মাদ্রাজ সরকার কিভাবে তাঁদের প্রতিশ্রুত কর্মসূচী নিয়ে দুর্বার গতিতে এগিয়ে যাচ্ছেন সেদিকে একটু তাকান। আপনারা পারছেন না কেন? আপনারা তো কেবল কথায় কথায় ২০ বছরের তুলনা দিচ্ছেন এবং আমলাদের দোষ দিচ্ছেন।

যাই হোক আমি এই সব কন্ট্রোভার্সিয়াল কথার মধ্যে না গিয়ে কয়েকটি বিষয়ের প্রতি মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমরা যদি জনস্বাস্থ্যের বিষয়ে বিশেষভাবে পর্যালোচনা করি তাহলে দেখতে পাবো আমাদের প্রধানতঃ তিনটি সমস্যা। একটা হচ্ছে অপুষ্টিকর ব্যবস্থা, দ্বিতীয়টি হচ্ছে প্রতিষেধকমূলক সংক্রামক ব্যাধির প্রকোপ এবং তৃতীয় হচ্ছে আমাদের চিকিৎসা ব্যবস্থার অপ্রতুলতা। এই বিষয় বিস্তারিতভাবে আলোচনা করতে গেলে অনেকটা সময়সাপেক্ষ তাহলেও আমার নিজের ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে এই তিনটি বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্য-মন্ত্রীর বিশেষ করে দৃষ্টি আকর্ষণ করছি। এর মধ্যে একটি হল যক্ষা রোগের কথা, দ্বিতীয়টি হল ফাইলেরিয়া আর তৃতীয়টি হল যেটা কেউ উল্লেখ করেন নি এবং সরকার পক্ষ থেকেও সেটা উপেক্ষা করা হয়েছে সেটা হল হুক ওয়ার্ম ডিজিজ। যক্ষ্মা রোগ সম্বন্ধে আপনারা নিশ্চয়ই সকলেই জানেন যে এটা কত মারাত্মক এবং কত ভয়াবহ, বিশেষ করে আমি নিজে গ্রামে প্রাকটিস করতে গিয়ে এর ভয়াবহ রূপটা নূতন করে লক্ষ্য করেছি যে এটা কত মারাত্মক রোগ এবং কত মারাত্মকভাবে এটা গ্রামে ছড়িয়ে পড়েছে। যক্ষা সম্বন্ধে যত ব্যবস্থা আজকাল আছে এটাকে পরিবর্তন করে যদি আরো ব্যাপকতর ব্যবস্থা অবলম্বন করা না হয় তাহলে এর ফল খুব মারাত্মক হবে। সেজন্য আমার একটা প্রস্তাব হচ্ছে এই যে অন্ততঃ মোবাইল এক্স-রে ইউনিট করে গ্রামে গ্রামে গিয়ে এক্স-রে ব্যবস্থা করা চলতে পারে এবং যার সাহায্যে ইনফেকটেড পিউপিলকে আইডেনটিফাই করে তার চিকিৎসার ব্যবস্থা করা যেতে পারে। তা নাহলে এটা আরো মারাত্মকভাবে গ্রামে গ্রামে ছড়িয়ে পড়বে। এটা আমি গত দু বছর ধরে গ্রামে প্রাকটিস করে অনুভব করেছি। দ্বিতীয় কথা হচ্ছে ফাইলেরিয়া সম্বন্ধে। ফাইলেরিয়া সম্বন্ধে ডাক্তার গোপাল দাস নাগ সুন্দরভাবে বলেছেন যে জিনিসটা কত মারাত্মক। এটা একবার শরীরে ঢুকলে তার থেকে রেহাই পাওয়া যায় না। এটা এত মারাত্মক জিনিস যে শরীরে ঢোকার আগে পর্যন্ত এটাকে বাধা দেওয়া যায় কিন্তু শরীরে একবার ঢুকলে তার থেকে রেহাই পাওয়া যায় না। কাজেই এই প্রশ্নটাকে হেলা করা উচিত নয়, এটা আজ গ্রামে গ্রামে মারাত্মকভাবে ছড়িয়ে পড়ছে। মাননীয় মন্ত্রিমহাশয় যদি এই বিষয়ে আমাদের সংগে আলাপ আলোচনা করেন তাহলে বুঝতে পারবেন জিনিসটা কত মারাত্মক। তারপরে আমি যেটার উপর গুরুত্ব দিচ্ছি এবং যে জিনিসটা সরকারী রিপোর্টে উল্লেখ করা হচ্ছে না, কেন হচ্ছে না জানি না, সেটা হচ্ছে হুক ওয়ার্ম—এ্যানিমিয়া ডিজিজ। যাঁরা ডাক্তার সদস্য আছেন তাঁদের বুঝিয়ে বলার প্রয়োজন নেই যে এই জিনিসটা কত মারাত্মক কিন্তু যাঁরা ডাক্তার সদস্য নন তাঁদের অবগতির জন্য একটা কথা বলতে চাই যে এটা ক্রিমি জাতীয় জিনিস, এটা শরীরে ঢোকে রক্তের মাধ্যমে। যেমন ম্যালেরিয়া, ফাইলেরিয়া রক্তের মাধ্যমে ঢুকে এটা তেমনি রক্ত থেকে গিয়ে খাদ্যনালীতে বসবাস আরম্ভ করে, আর এর একমাত্র খাদ্য হচ্ছে মানুষের রক্ত। তাহলেই আপনারা কল্পনা করতে পারেন এটা কত মারাত্মক জিনিস। আমাদের গরীব দেশে যেখানে আমরা পুষ্টিকর খাদ্যের অভাবে এমনিতেই দুর্বল হয়ে পড়ছি সেখানে তার উপর যদি এটা যোগ হয় তাহলে আমাদের অবস্থা যে কত শোচনীয় হয়ে উঠবে সেটা একবার চিন্তা করে দেখবেন। এবং এর পুষ্টি সম্বন্ধে বলতে গেলে আরো বিস্তৃতভাবে বলতে হয়। আমলাদের সঙ্গে যদি আলাপ আলোচনা করেন বুঝতে পারবেন যে যক্ষ্মা যতটা জরুরী, ফাইলেরিয়া যতটা জরুরী, এটাও ততটা জরুরী। এর সংগে আরো অনেক প্রশ্ন আছে, যেমন ক্যান্সার, বসন্ত, কলেরা, বহু অসুখ আছে যার ওষুধ আমাদের দেশে খুঁজে পাওয়া যাচ্ছে না। এগুলি সম্বন্ধে আমার নিজের যা অভিজ্ঞতা আছে তা থেকে আমি সংক্ষেপে আপনার কাছে বললাম। কাগজে দেখলাম যে পশ্চিম বাংলায় আরো কয়েকটি মেডিকেল কলেজ খোলবার কথা প্রকাশ করা হয়েছে। মেডিকেল কলেজ খুলতে পারলে খুবই ভাল হয় এবং এটা খুবই সুখের কথা, তাতে দেশে আরও ভাল ডাক্তার পাওয়া যাবে। কিন্তু মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় এটা জানেন যে আর সব উচ্চ বিদ্যা শিক্ষার ক্ষেত্রে মেডিক্যাল বিদ্যা শিক্ষার অনেক তফাতে থাকে। এমনি আমরা শুনতে পাচ্ছি যে চালু মেডিকেল কলেজগুলির মধ্যে যথেষ্ট আধুনিক শিক্ষক এবং প্রয়োজনীয় সাজ-সরঞ্জামের অভাব আছে। সেখানে মেডিকেল কলেজের নামে কতকগুলি ইমারত তৈরী করলেই হবে না। আমাদের আধুনিক শিক্ষক এবং আধুনিক সাজ-সরঞ্জামের যথেষ্ট অভাব আছে, তার

প্রমাণ আমরা বাঁকুড়া মেডিকেল কলেজকে নিয়েছি, তাকে আমরা ইন্ডিয়ান মেডিকেল এ্যাসো-সিয়েশন-এর রিকগনাইজেশানের স্টান্ডার্ড-এ আনতে পারি নি। এই যখন আমাদের অবস্থা তখন আমরা লোকের কাছে বললাম যে আমাদের আরো ৪।৫টা মেডিকেল কলেজ খুলতে হবে। খুলতে হবে তা আমি স্বীকার করছি কিন্তু আমাদের যেখানে সংগতি নেই সেখানে এত তাড়া-তাড়ি আমরা এসবের কমিটমেন্ট করবো কেন। আজ ডাঃ বিধান চন্দ্র রায়ের আমল থেকে আমরা শুনে আসছি যে নর্থ বেঙ্গলএ একটা মেডিকেল কলেজ হবে, সেটা আজ কত দিনের কথা তবু সেটাকে আমরা আজও বাস্তবে রূপায়িত করতে পারলাম না, সেখানে বর্ধমানে করবো, কল্যাণীতে করবো, এসব কথা বলার স্বার্থকতা আমি বুঝতে পারি না, করতে পারলে তো খুবই ভাল কথা কিন্তু যেখানে আমাদের সামর্থ নেই, সঙ্গতি নেই, সেখানে এইসব সস্তা কথা বলে লোকের বাহবা নেবার পথ ছাড়া আর কি হতে পারে, তা আমি বুঝতে পারি না। আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের প্রতি কোন কটাক্ষপাত করছি না, তার প্রতি আমি কোন অবজ্ঞা করছি না, আমি শুধু বলছি এই জিনিসটাকে একটু বাস্তব দৃষ্টিভঙ্গী দিয়ে আনুন। এই প্রসঙ্গে আর একটা কথা এসে যায় যেহেতু সকলে বলেছেন, যে মেডিকেল কলেজটা কুচবিহার ডিস্ট্রিক্ট-এ হবার দাবী, এটা অবশ্য স্বাভাবিক দাবী কিন্তু কেন করতে যাচ্ছি সেটাও বিচার করা দরকার। আজ নর্থ বেঙ্গলের মধ্যে অনেক জেলা আছে তার মধ্যে সবচেয়ে অবহেলিত আমার বিচারে হচ্ছে কুচবিহার। কুচবিহার ডিসট্রিক্টকে আজ পর্যন্ত কোন কলকারখানা ইত্যাদি কোন বিষয়ে উন্নত করা হয় নি। জলপাইগুড়ি, শিলিগুড়ি ডিসট্রিক্টএ যথেষ্ট সাহায্য করা হয়েছে। যেখানে আমরা চাচ্ছি যে সমস্ত ডিসট্রিক্টএ আমরা সমানভাবে বণ্টন করে দেবো, সেখানে কুচবিহার দিনাজপুরের কথা কেন ভাবা হবে না? এই প্রসঙ্গে আর একটি কথা মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে জলপাইগুড়িতে উনি একটা প্রি-মেডিকেল ক্লাস করবার ব্যবস্থা করতে যাচ্ছেন। উনি শুধু জলপাইগুড়ির কথা কেন বললেন। এটা কেন কুচবিহারে হল না বা কেন দিনাজপুরে হবে না বা আর কোথায় হল না, জলপাইগুড়িতে কেন এই প্রস্তাবটা আনলেন। এটা কি প্রস্তুতির ভূমিকা যা তৈরী করে নিতে যাচ্ছেন যে জলপাইগুড়িকে সুযোগটা দেওয়া হবে। দিনাজপুরে, আলিপুরদুয়ারে বা আরও অন্য জায়গা রয়েছে, সেখানে করতে পারতেন কিন্তু তিনি জলপাইগুড়িকে কেন মনোনীত করলেন আমি ঠিক বুঝতে পারছি না। আর একটা কথা আমি বলবো পেপারে আমি দেখেছি যে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় কমিট করেছেন অবশ্য তা কতটা সত্য আমি জানি না যে কোয়াকারি অর্থাৎ হাতুড়েদের সম্বন্ধে। এ নিয়ে অনেকেরই দ্বিমত আছে যে আমরা এদের রেজিস্ট্রেশান দেব কিনা। যারা এই দিয়ে জীবিকা অর্জন করে আসছেন তাদের প্রতি আমার কোন অবজ্ঞা নেই, বরং তাঁদের প্রতি আমার পূর্ণ সমর্থন আছে কিন্তু এই রকম একটা গুরুত্বপূর্ণ বিষয়ে কিছু করার আগে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে ভাবতে বলি। এরা অনেকে আছেন যাদের কোন স্বীকৃতির প্রশ্ন ওঠে না, অনেকে আছেন যারা কোন কাছারীতে কাজ করেন কিন্তু তাদের তো উকিল বলে স্বীকৃতি দেবার প্রশ্ন আসে না, সেখানে আজ এদের বেলায় এত তোড়জোড় করা হচ্ছে কেন, যেখানে এমন জীবন মরণ সমস্যা। সেজন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে একটি প্রস্তাব রাখবো এই যে জটিল সমস্যা এটা অনেক দিন থেকে চলে আসছে কিন্তু কোন সমাধান হচ্ছে না। আমরা চাই যে এর একটা সমাধান হোক, তার জন্য আমি প্রস্তাব করবো যে আপনি এর সলিউশনএর জন্য একটা এনকোয়ারী কমিশন খুলুন, যে কমিশনে আপনার ডাইরেকটরের লোক থাকবে, বিধান সভার সদস্য থাকবেন, ইন্ডিয়ান মেডিকেল এ্যাসোসিয়েশনএর সদস্য এবং এছাড়া বাইরে থেকে কিছু লোক নিয়ে একটা কমিশন করুন, তারা এর মধ্যে যে সলিউশন দেবেন তার মাধ্যমে এর একটা সমাধান করে ফেলুন, যাতে এই নিয়ে আর কোন প্রশ্ন না ওঠে। এবং পশ্চিমবঙ্গের জনগণের স্বার্থে যাতে সকলের মঙ্গল হয় সেইভাবে আপনি আপনার কার্যসূচী গ্রহণ করুন আমরা নিশ্চয় মনে প্রাণে আপনাকে সমর্থন জানাবো।

[6-15—6-25 p.m.]

শ্রীঅনিলধর গুহ নিয়োগী: উপাধ্যক্ষ মহাশয়, স্বাস্থ্যমন্ত্রী আজ ব্যয়বরাদ্দের জন্য যেটা উনি রেখেছেন আমি সেটা সমর্থন করতে গিয়ে দু' চারটি কথা বলতে চাই। প্রথম কথা হচ্ছে এই আমি যে জেলা থেকে এসেছি মাননীয় উপাধ্যক্ষ মহাশয় ও স্বাস্থ্যমন্ত্রী জানেন যে

সেটা হচ্ছে ডেফিসিট এলাকা, সেখানে গ্রুটিকয়েক চা-বাগানের মালিক তারা সেখানে করে খাচ্ছে, সেখানে কোন রকম শিল্পের প্রসারতা নেই, এবং সেখানকার যে জমির অবস্থা সেই জমির উৎপাদন খুবই কম। সেখানে এমন কতগুলি জায়গা আছে যে এলাকায় আমি ব্যক্তিগতভাবে পানীয় জল সরবরাহ করা মোটেই সম্ভবপর নয়। সেখানকার জনসাধারণের আর্থিক অবস্থা খুবই খারাপ। যেমন আমি বলতে চাই বানারহাট এবং চামুর্চি এলাকা। আপনি জানেন যে আমাদের সরকার এই হাটগুলির মাধ্যমে অনেক রাজস্ব আদায় হয়, এবং হাটকে কেন্দ্র করেই সেখানকার জনসাধারণের রুজি রোজগার বিভিন্ন ধরণের তারা করে খায়, এবং সেই হাটকে কেন্দ্র করে বন্দর গড়ে উঠে। এই চামুর্চি এবং বানারহাট এই ডুয়ার্স অঞ্চলে যে বড় বড় হাটএর থেকে সরকারের অনেক টাকা আয় হয়। অথচ ২০ বছর যাবৎ কংগ্রেস রাজত্বে সেখানকার জনসাধারণ একটু পানীয় জলের ব্যবস্থা করতে পারে নি। তাই আবার স্বাস্থ্যমন্ত্রীর কাছে অনুরোধ রাখবো যে অন্ততঃপক্ষে সেখানকার জনসাধারণ বুঝুক যে আর কিছু দিতে না পারুক কিন্তু পানীয় জলের ব্যবস্থা এই যুক্তফ্রন্ট সরকার করেছে। আর দুই নম্বর কথা আমি বলতে চাই যে সেটা হচ্ছে যে কথা উঠেছে উত্তর বাংলায় কলেজ কোথায় হবে—কিন্তু আজকে এ কথা উঠার কোন যৌক্তিকতা নাই, তার কারণ আপনারা জানেন যে জলপাইগুড়ি এলাকায় জ্যাকসন মেডিকেল ইন্সটিটিউট ছিল সেটা পরবর্তীকালে কলেজ রূপে রূপ নেয়ে এইজন্য এটা বন্ধ করে দেওয়া হয়। এবং সেখানে এ্যাসেটস যা আছে, আপনারা অনেকে জানেন তা মোটেই কম নয়। আমাদের দেখা দরকার যে আমাদের আর্থিক অবস্থা যে রকম তারই পরিপ্রেক্ষিতে কোথায় করলে সরকারের অর্থের কিছু লাঘব হয় সেটা নজর দেওয়া দরকার। এবং কোন জায়গায় করলে উত্তর বাংলার সুবিধা হবে সেটাও দেখা দরকার। এদিক দিয়ে চিন্তা করলে আমার মনে হয় জলপাইগুড়ি হচ্ছে সবচেয়ে উপযুক্ত জায়গা।

আমি এই প্রসঙ্গে আরও দুই একটি কথা বলতে চাই সেটা হচ্ছে এই যে আমাদের স্বাস্থ্যমন্ত্রী জানেন যে জলপাইগুড়ি জেলাতে ব্লাড ব্যাঙ্কএর কোন অ্যারেঞ্জমেন্টএর ব্যবস্থা নাই। ওখানে অনেক ভাল ভাল ডাক্তার আছেন কিন্তু রক্তের অভাবে বিভিন্ন ধরণের সিরিয়াস কেস, সার্জিকাল কেস করা সম্ভব হয় না। এটার দিকে মন্ত্রিমহাশয় নিশ্চয়ই নজর দিবেন। আরেকটা কথা বলতে চাই যে খাদ্য সরবরাহ করা হয় বিভিন্ন হাসপাতালে, বিভিন্ন কনট্রাকটারের মারফৎ আমরা সরবরাহ করি। আমার মনে হয় সরকার যদি নিজেই দায়িত্ব নেন তাহলে আমার মনে হয় তাতে মূল্যের দিক থেকেও সস্তা হবে এবং ডায়েটএর কোয়ালিটিও ভাল হবে, সেদিকে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই কয়েকটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকানাই সাহা: মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমাদের যুক্তফ্রন্ট সরকারের স্বাস্থ্যমন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ এনেছেন, আমি তার বিরোধিতা করে একথা বলতে চাই, যে আমাদের দেশে রোগ সারানোর যে ব্যবস্থা তার চেয়ে রোগ যাতে না হয় তার ব্যবস্থা বেশী করে করা দরকার। রোগ বাড়ছে কি করে? পুষ্টিকর খাদ্যের অভাবে মানুষের স্বাস্থ্য ভেঙ্গে পড়ে এবং মানুষের স্বাস্থ্য যখন ভেঙ্গে পড়ে তখন নানারকম রোগের বাসা তার শরীরে এসে প্রবেশ করে। আর খাদ্যের সঙ্গে পানীয় জল—যদি বিশুদ্ধ পানীয় জল না পায় সেই দূষিত জলের মাধ্যমে রোগ বিস্তার করে। সেইজন্য আমাদের যেমন চিকিৎসার দিকে খুব জোর নজর হবে তেমনি তার প্রতিরোধের জন্য এ দিকেও খুব বেশী করে নজর রাখতে রোগ সেখানে হতে না পারে সে দিকে দৃষ্টি দিতে হবে। এই সঙ্গে আমি বলবো মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে এই প্রসঙ্গে যে এর জন্য পরিবার পরিকল্পনার একটা বিশেষ ভূমিকা আছে। কারণ অনেক সন্তান জন্মানো অথচ সেই সন্তানরা হয়তো পুষ্টিকর খাদ্যের অভাবে তাদের সেই রকম স্বাস্থ্য গড়ে উঠলো না কিংবা অত্যন্ত ঘন সন্তান জন্মানোর জন্য হোক বা যে কারণেই হোক বেশ স্বাস্থ্যবান সন্তান হোল না। তার ফলে সেই যে গোড়া থেকে একটা দুর্বল নড়বড়ে স্বাস্থ্য নিয়ে যে জন্মালো সেইজন্য তার স্বাস্থ্যের নানা রকম অবনতি ঘটে। একটা জিনিস যেমন আমাদের দেশ থেকে ম্যালেরিয়া দূর হয়েছে তেমনি আবার অন্য দিকে দেখেছি যে ক্যানসার ইত্যাদি দুরারোগ্য ব্যাধি প্রসার লাভ করেছে। এই সমস্ত রোগের জন্য বিশেষ পাড়াগাঁয়ের লোকের কথা আমি বলবো। তাঁদের এই টাউনের উপর এনে কলকাতার উপর এসে চিকিৎসা করাতে দারুণ কষ্টভোগ করতে হয়। এমন কি চিকিৎসার অভাবে মারাও যায়।

সেইজন্য সেই সমস্ত ব্যাধির চিকিৎসার জন্য প্রতি জেলাতে জেলাতে—অন্ততঃ কলকাতার হাসপাতালকে দু' তলার জায়গায় তিন তলা, চার তলা করে বাড়ানো হচ্ছে, সেটা একটু কমিয়ে অন্ততঃ জেলায় জেলায় একটা করে এই রকম হাসপাতাল যদি করা যায় যাতে সব রকম রোগের চিকিৎসা করা যেতে পারে, তাহলে ভাল হয়। আমরা দেখেছি যে সমস্ত জেলায় এই রকম হাসপাতাল ছিল না সেই সব জেলায় অন্তত সদর মহকুমায় হাসপাতাল হয়েছে—প্রতি ব্লকে বা থানায় হয়তো হয়ে ওঠে নি—কিন্তু জেলাতে জেলাতে হাসপাতাল করা হয়েছে সেই হাসপাতালে অনেক সময় ভাল ভাল ডাক্তার যারা অপারেসনের কাজ করতে পারেন, থাকেন কিন্তু অনেক সময় নানা অসুবিধার সৃষ্টি হয় বিশেষ করে ব্লাডের কথা। একজন মাননীয় সদস্য বললেন যে ব্লাডের জন্য খুব কষ্ট পেতে হয়, সেইজন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো যে প্রত্যেক জেলায় অন্ততঃ সদর হাসপাতালে যাতে একটা ব্লাড ব্যাংক তৈরী করতে পারা যায় সেদিকে যেন তিনি দৃষ্টি রাখেন এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[6-25—6-35 p.m.]

শ্রীআজিজ আলি মোল্লা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের স্বাস্থ্যমন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবী রেখেছেন এবং তাঁর বক্তব্য রেখেছেন তাকে পূর্ণ সমর্থন এবং অভিনন্দন জানাই। আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী পাড়াগাঁয়ের হেলথ সেন্টার সম্বন্ধে যে কথা বলেছেন সে প্রসংগে আমি একটা কথা বলতে চাই। পাড়াগাঁয়ের হেলথ সেন্টার সম্বন্ধে তিনি বলেছেন যে ২৭টি ব্লকে এখনও প্রাইমারী হেলথ সেন্টার নেই। আমি যে এলাকা থেকে প্রতিনিধিত্ব করছি সেই এলাকার দুটো ব্লক—সেখানে এখনও পর্যন্ত কোন প্রাইমারী হেলথ সেন্টার নেই। কেবলমাত্র একটা এ জি হাসপাতাল আছে, সেটা জনসাধারণের কাজেই আসে না। কেবলমাত্র থানার স্বার্থে এ জি হাসপাতালকে কাজে লাগানো হয়। আমি শুনেছিলাম তিন বছর আগে ভাংগড় থানার জামুরগাছি গ্রামে একটা প্রাইমারী হেলথ সেন্টারের জন্য একটা সাইট নেওয়া হয়েছিল, কিন্তু অংশীদারদের মধ্যে বিবাদ হওয়ায় হাইকোর্টে মামলা দায়ের হয়েছে এবং তিন বছর ধরে মামলা চলছে। আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন করি, যাতে তাড়াতাড়ি হয় মামলাটাকে হয় নিষ্পত্তি করা হোক, না হয়, নূতন কোন সাইট নিয়ে একটা প্রাইমারী হেলথ সেন্টারের ব্যবস্থা করা হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে পাড়াগাঁয়ে যে সমস্ত রোগীর চিকিৎসা হয় তাদের কি কি সমস্যার সম্মুখীন হতে হয়। আমি দু একটা কথা আপনার কাছে রাখছি। পাড়াগাঁয়ে যে সমস্ত রোগীর চিকিৎসা হয় এবং যে সমস্ত রোগীর হাসপাতালে সাহায্য নিতে হয় তাদের প্রথম সমস্যা হচ্ছে এই যে পাড়াগাঁ থেকে কলকাতা বা কোন জেলা হাসপাতালে পাঠানোর ট্রান্সপোর্ট এ্যারেঞ্জমেন্ট ফর দি পেসেন্টস সবচেয়ে বেশী অসুবিধা। সেইজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন রাখছি যাতে আমাদের পাড়াগাঁ থেকে কলকাতার হাসপাতালে রোগীদের আনার জন্য ট্রান্সপোর্টের একটা ব্যবস্থা করা যায়, বিশেষ করে ২।৩টা ব্লক মিলে একটা করে এ্যামবুলেন্সের ব্যবস্থা করুন, এটা হচ্ছে প্রথম সমস্যা। দ্বিতীয় সমস্যা, আমরা যে সমস্ত রোগীগুলিকে আউট ডোর বা ইমারজেন্সিতে পাঠাই সেই সব সমস্যা সম্বন্ধে আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন রাখছি আউট ডোরে যে সমস্ত পেসেন্ট পাঠানো হয় সেই সমস্ত পেসেন্টদের মধ্যে সাধারণ ফ্র্যাকচার কেসগুলির কথা আমি বলবো—এই ফ্র্যাকচার কেস যা আমাদের আউট ডোরে ট্রিটমেন্ট হয় তাতে সাধারণত প্রায় পাঁচ দিন লেগে যায় আমাদের পাড়াগাঁ থেকে এখানে আসতে। এক দিন প্রভিসন্যাল ডায়গনোসিসের জন্য, একদিন এক্স-রের জন্য, একটিন ডায়গনোসিস কনফারমেসনের জন্য, একদিন ট্রিটমেন্টের জন্য। আমাদের স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন করবো যাতে চার দিনের জায়গায় দু দিনের ব্যবস্থা করা যায়, তার ব্যবস্থা করুন। আর যে সমস্ত কেস ইমারজেন্সিতে ভর্তি করানো হয় যেমন এ্যাকিউট এ্যাবডোমেন কেস—অনেক সময় দেখা যায় ইমারজেন্সি সেগুলি রিজেক্ট করে দেয় বেড নেই বলে, এর প্রতিকারের জন্য আমি স্বাস্থ্যমন্ত্রীকে আবেদন করি। আর যে সমস্ত রোগী আমরা ভর্তি করি যার স্পেশ্যাল ইনভেষ্টিগেসন করতে হয় যেমন বেরিয়াম মিল্ক এক্স-রে বা পাইলোগ্রাফি যা জয়নাল আবেদীন সাহেব বলেছেন সে অনেকদিন দেরী লাগে, আমরা ১৯৬৬ সালে দেখেছি যে প্রায় তিন থেকে ছয় মাস সময় লাগতো একটা বেরিয়াম মিল্ক

এক্স-রে করার জন্য, আমরা এখন দেখছি সেটা দেড় থেকে দুই মাস সময় লাগে, এ বিষয়ে আপনার মাধ্যমে আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

আমি এন আর এস-এর জুনিয়র ভিজিটিং সার্জেন্ট-এর কথা বলবো। ১৯৪৮ সাল থেকে যে সমস্ত জুনিয়র ভিজিটিং ফিজিসিয়ান আছেন—যেমন জে আর চ্যাটার্জি. দিননাথ ব্যানার্জি. পাতকী ভট্টাচার্য্য, এদের আজ পর্যন্ত কোন রকম এ্যাপ্রোপ্রিয়েট টিচিং স্টাফ দেওয়া হয় নি। বিগত সরকারের কাছে আবেদন করা সত্বেও তাদের টিচিং স্টাফ দেওয়া হয় নি। সেজন্য আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য মন্ত্রীর কাছে আবেদন করছি এর একটা ব্যবস্থা করার জন্য। এই বলে আমি শেষ করছি।

Shri Krishna Bahadur Gurung: Mr. Speaker, Sir, I am sure the Hon'ble Health Minister and most of the honourable members of this House know well about the peculiar geographical conditions obtaining in the hill areas of this province. You all know that the hill tracts mostly barring the few areas covered by the tea gardens and interspersed with high ridges, deep ravines and turbulent streams and rivulets and jungles make it absolutely inaccessible during the rainy season. In the interior people are generally very poor and six medical reports have revealed that the incidence of tuberculosis in the hill areas is high and that has been attributed to two factors—one is undernourishment and the other is want of proper medical treatment for which reason Government had started establishing some Health Centres in the interior but not adequately. Even those which have been started have been running without doctor. I can cite one instance of one Primary Health Centre in Kalimpong subdivision 18 miles away from Kalimpong known as Samther. It was established about six years back and when I went over there I found it was being run by a Dai and a Compounder. I was told, a doctor with great difficulty was sent over there, but the doctor went over there and just staying for a week returned never to come back. The difficulty was about the communication The whole mistake that was done in the past was whenever a Primary Health Centre was started in the interior no thought was given to having connecting road, approach road, connecting with some main road that would facilitate the running of the Primary Health Centres properly. That was not done. Kalimpong is backward and the subdivision still requires some more Primary Health Centres, one particularly in the north-eastern sector touching Sikkim, Bhutan and just close to it, that area has been neglected for many years and that part requires one Primary Health Centre. I was told, when I went over there, that the C.M.O. or D.M.O. went over there to enquire about it and I do not know what has been done but that needs immediately one Primary Health Centre because people over there are suffering for want of medical treatment. The difficulty about that will continue if something is not done. I hope now the announcement that the Health Minister made that one Medical College will be established in North Bengal will remove this difficulty. But one thing is very unfortunate to hear today that there has been demands and counter demands from different districts about the establishment of the College. It is very unfortunate. In North Bengal there are five districts and we must keep into view the location of each district which has got Darjeeling starting from the north and it touches Jalpaiguri, Cooch Behar, Maldah and West Dinajpur over there. So I do not see any reason why particularly one hailing from one district should always claim that the college should be in that district. It should be central. Even now without a college the boys are coming down all the way to Calcutta to study medicine. Why should you murmur, why should you grumble about it when you are going to have a college in North Bengal?

Sir, I would appeal to the Hon'ble Minister that he should, in consultation with authorities and with non-official men who are interested in this

matter, decide a central place so that North Bengal people can derive benefit out of it.

[6-35—6-45 p.m.]

Next point is that almost all the subdivisions have got subdivisional hospitals, Government hospitals, but Kalimpong has no Government hospital. There is one hospital run by Scottish Mission. It is well known hospital. I had a talk with the missioneries. The difficulty there is that there are one or two beds and they do not get any money from Home. Moreover, due to Tibet trade falling they cannot get any money from the people over there. I would appeal to the Government, they should enquire into the running of this hospital and try to sanction some money to this hospital so that more beds could be provided there. This hospital would be quite helpful as a large hospital.

With these words, Sir, I resume my seat.

শ্রীঅমরেন্দ্রনাথ প্রধান: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ডাঃ নই—মানুষের বা গরুর—তবে কুড়ি বৎসরে কংগ্রেসী রাজত্বে আমি রোগী হয়ে গেছি ; তাই স্বাস্থ্য খাতে আমি বলতে উঠেছি। স্বাস্থ্যমন্ত্রী যে ব্যয়বরাদ্দ উপস্থিত করেছেন তাকে সমর্থন করছি। স্বাস্থ্য দপ্তরের যুক্তফ্রন্টের আমলে খুব ভাল হয়েছে তা নয়, তবে এটা ঠিক যে, যুক্তফ্রন্ট সরকারের আমলে স্বাস্থ্য দপ্তরের রোগ ধরা পড়েছে। আমি স্বাস্থ্যমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি এজন্য যে, ডাঃ রায়ের আমল থেকে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ নিয়ে বহু জল ঘোলা হয়েছে - তিস্তা, তোর্সা, মহানন্দা দিয়ে বহু ঘোলা জল বয়ে গেছে যে কোচবিহার, জলপাইগুড়ি না শিলিগুড়ি কোথায় মেডিকেল কলেজ হবে : কিন্তু আজ তিনি পরিষ্কার ঘোষণা করেছেন যে, কোচবিহার, জলপাইগুড়ি বা শিলিগুড়ি যেখানেই হোক অতি শীঘ্র মেডিক্যাল কলেজ এক জায়গায় হবেই। আপনারা জানেন, কিছুদিন আগে আমাদের বিধানসভার একজন প্রাক্তন সদস্য ও আমাদের সাথী শ্রীসুনীল দাশগুপ্ত পি জি হসপিট্যালএ মারা গেছেন গত ২৭এ জুন রাত দেড়টার সময়। ২৭এ মে তারিখে মুখ্যমন্ত্রীর সঙ্গে দার্জিলিং থেকে ফেরার সময় তিনি পাঙ্খাবাড়ীতে জীপ দুর্ঘটনায় আহত হন। আহত হবার পর তাঁকে শিলিগুড়ি হাসপাতালে ভর্তি করা হয়। কিন্তু ২০এ জুন তারিখে তাঁকে পি জি-তে নিয়ে এসে ডাঃ নুরুল ইসলামের অধীনে ভর্তি করা হয়। ২০এ জুন থেকে ২৬এ জুনের মধ্যে তিনি কোন ডিপার্টমেন্টএ যাবেন ঠিক হল না। কেউ বলছেন হাড় জোড়া লেগেছে অতএব শিলিগুড়ি থেকে আনবার কি দরকার ছিল। ছয় দিনের মধ্যে তাঁর কোন চিকিৎসা হল না—আজ ইফ নোবডিস বেবি, বিনা চিকিৎসায় পি জি-তে পড়ে রইলেন। ২৬এ জুন থেকে তাঁর নাক-মুখ দিয়ে রক্ত পড়তে আরম্ভ করল এবং বাড়ির লোকেরা ঐদিন ভিজিটিং আওয়ারের সময় এসে এ অবস্থার কথা জিজ্ঞাসা করায় তাঁদের বলা হল—কানে মার্কিউরোক্রোম দেওয়া হয়েছিল সেটাই মুখ দিয়ে বেরুচ্ছে। কিন্তু ঐদিনই ছ ঘণ্টা পর বাড়ির লোককে খবর দেওয়া হল রোগীর অবস্থা খারাপ। মরণের সময় মকরধ্বজের মত তার চিকিৎসা হল। রিপোর্ট দেখা হল। রিপোর্টে লেখা আছে হার্টের অবস্থা অত্যন্ত খারাপ, অ্যাবনরম্যাল ব্লাড সুগার ২৫০, যে ব্লাড সুগার থাকা উচিত ৮০ থেকে ১২০, এ অবস্থা জানা গেল শেষ মুহূর্তে যখন আর কিছুই করা গেল না।

শ্রীসুনীল দাশগুপ্তের মৃত্যু আমাদের এই কথা জানিয়ে গেছে যে, হাসপাতালে যে অবিচার অত্যাচার, অনাচার, কুচিকিৎসা কংগ্রেসী আমলে শুরু হয়েছিল তা আজও অব্যাহত আছে। সেইজন্য আমি স্বাস্থ্যমন্ত্রীকে এদিকে দৃষ্টি দিতে বলছি, কারণ সুনীল দাশগুপ্তের মত এমনি বহু প্রাণ অকালে সকলের অগোচরে ঝরে যাচ্ছে এই হাসপাতালগুলোর অচিকিৎসার জন্য। তাই আমরা বলছি যে, এই ব্যাপারে পূর্ণ তদন্ত হোক এবং যারা অপরাধী তাদের বিচার হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এই পি জি হাসপাতালের বাহিরে থেকে খুব নামডাক আছে এবং আমার শ্রদ্ধাও ছিল এর প্রতি। আমাদের এই প্রথম রোগী এবং এই বোধ হয় শেষ রোগী। এই বিল্ডিংটা দেখতে খুব ভাল লাগতে পারে কিন্তু এর ভিতরটা সবচেয়ে দুর্নীতিগ্রস্ত হয়ে আছে এবং ওখানে এখনও দুর্নীতি চলেছে। ওখানে ডাঃ মুরারীমোহন মুখার্জি এবং

ডাঃ এ কে বোসের লড়াই চলেছে। সেইজন্য ওখানকার ডাক্তাররা দুভাগে ভাগ হয়ে গেছে। এ ডাক্তারের যদি রোগী আসে অন্য ডাক্তারে দেখে না আবার অন্য ডাক্তারের রোগী এলে অপরে দেখে না এই অবস্থা পি জি হাসপাতালের ভিতর হয়েছে। রাজায় রাজায় যুদ্ধ হচ্ছে আর উলুখাগড়ার প্রাণ যাচ্ছে। তেমনি মুরারী মুখার্জি এবং এই এ কে বোসের লড়াইয়ের মাঝখানে পড়ে বেচারা সাধারণ রোগীরা বিপর্যস্ত হয়ে যাচ্ছে এবং অকালে প্রাণ হারাচ্ছে। কাজেই এর প্রতিকার হওয়া দরকার। ওখানে আলাদা ডায়েটের ব্যবস্থা আছে এবং রেট একটু বেশি। আমি জানি না এটা কি কারণে রাখা হয়েছে? আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব যে, প্রত্যেকটি হাসপাতালে একই রকমের ডায়েট চালু করার প্রয়োজন আছে। আমরা জানি আমাদের দেশে ডাক্তারের বড় অভাব। ৭৫০ জন ডাক্তার বিভিন্ন হাসপাতালে নেই। গ্রামে গ্রামে এখন বহু হাসপাতাল তৈরি হয়ে আছে। সেখানে আজকে ডাক্তার নেই, ডাক্তার কবে যাবে জানি না। কিন্তু ইতিমধ্যে যে বাড়িগুলি তৈরি হয়েছে সেগুলি হয়ত ভেঙে পড়বে, এই অবস্থা সৃষ্টি হয়েছে। আজকে শুধু যুক্তফ্রন্টের দোষ দিলে হবে না, কংগ্রেস আমলেই এই অবস্থা শুরু হয়েছিল। তখন ডাক্তার সৃষ্টি করা হয় নি। কাজেই এখন সেই ডাক্তার সৃষ্টির দিকে নজর দিতে হবে। আমার বক্তব্য শেষ করার আগে পুনরায় পি জি হাসপাতালে যে অনাচার সৃষ্টি হয়েছে এর কারণ কি সেটা মাননীয় মন্ত্রিমহোদয়ের কাছে জানতে চাই। পি জি হাসপাতালে ডাক্তারদের খুব বড় বড় টাইটেল আছে এবং খুব বড় বড় ডিগ্রী আছে। কিন্তু এইসব ডিগ্রিধারী ডাক্তারদের গায়ে যতদিন হাত দিতে না পারবেন ততদিন পর্যন্ত মানুষের চিকিৎসার কোন উন্নতি হবে না। তাই আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব যে, আপনি এই জিনিসগুলি বিচার করে দেখবেন, বিবেচনা করে দেখবেন। আপনি যদি এ জিনিস না করতে পারেন তাহলে স্বাস্থ্যবিভাগের কোন উন্নতি হবে না। শুধু বক্তৃতা দিয়ে কিছু হবে না, আপনি দয়া করে ঐদিকে অগ্রসর হন। এই কথা বলে আমি স্বাস্থ্য দপ্তরের অর্থ বরাদ্দকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকমলকান্তি গুহ: স্পীকার, স্যার, এই কথা আমি এর আগের দিনেও বলেছিলাম, আজকে আবার সেই কথা অমর রায় প্রধান বললেন। সুনীল দাশগুপ্তের মৃত্যু কি কারণে হয়েছে আপনি তদন্ত করবেন কিনা সেটা আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছ থেকে জানতে চাই।

ডাঃ বৃন্দাবনবিহারী বসু: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের স্বাস্থ্যমন্ত্রী যে সুচিন্তিত ও গঠনমূলক ভাষণ দিয়েছেন তার জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাই এবং পল্লী-অঞ্চলের স্বাস্থ্যবিভাগ পরিচালনা সম্বন্ধে তাঁর কাছে কয়েকটি সাজেসান রেখে দিয়ে আমি আমার বক্তব্য শেষ করব। প্রথমেই আমি প্রাইমারি হেলথ সেন্টার সম্বন্ধে কিছু বলতে চাই। সেখানে যে আট নয়া পয়সা করে পার প্রেসক্রিপশনে ওষুধ দেওয়া হয়, সেটা অত্যন্ত স্বল্প। কাজেই সেটা বাড়িয়ে অন্তত ১২ পয়সায় করা হোক। প্রাইমারি হেলথ সেন্টারের প্রয়োজন বেশি। সেখানে স্নেক ভেনম, অ্যান্টি-টিটেনাস সিরাম ইত্যাদি অত্যন্ত গুরুতর প্রয়োজনীয় ওষুধগুলি থাকে না। সেগুলি যাতে সব সময় থাকে তার জন্য আমি স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি। পল্লী-অঞ্চলের ব্লক হেলথ সেন্টারগুলি থেকে যেসমস্ত রোগীরা স্পেশাল ট্রিটমেন্টের জন্য শহরে আসে তাদের নানারকম অসুবিধা ভোগ করতে হয় এবং শহরের হাসপাতালগুলিতে অত্যন্ত ভিড় থাকার জন্য অধিকাংশ ক্ষেত্রেই তাদের চিকিৎসা করা সম্ভব হয় না। সেইজন্য দীর্ঘমেয়াদী যেসমস্ত পরিকল্পনা করেছেন সেগুলিকে কার্যকরী করার পূর্বে আমি কয়েকটি সাজেসন দিতে চাই। ব্লক হেলথ সেন্টারগুলিতে মোবাইল এক্স-রে এবং সপ্তাহে একদিন অন্তর এক একটি স্পেশালিস্ট সেখানে গিয়ে যাতে চিকিৎসা করেন তার জন্য যেন ব্যবস্থা করেন।

[6-45—6-55 p.m.]

সেইজন্য তাঁর যে সাজেশনস আছে দীর্ঘমেয়াদী যেসমস্ত পরিকল্পনা করেছেন সেইগুলো কার্যকরী করার জন্য আমি একটা সাজেশনস দিতে চাই যে অন্তত হেলথ সেন্টারগুলিতে মোবাইল এক্স-রে এবং সপ্তাহে একজন করে স্পেশালিস্ট সেই ব্লক হেলথ সেন্টারগুলিতে গিয়ে যদি চিকিৎসা করেন তাহলে কিছুটা ভাল হবে। কারণ তাঁর যে পরিকল্পনা

আরো তাকে কার্যকরী করতে দীর্ঘ সময় লেগে যাবে সেইজন্য ইতিমধ্যেই সাময়িকভাবে এক-একটি স্পেশ্যালিস্ট সপ্তাহে একদিন এই সমস্ত ব্লক হাসপাতালে গিয়ে যদি চিকিৎসা করেন সেই ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি। স্যার, টি বি রোগ জেলায় জেলায় ব্যাপকভাবে বৃদ্ধি পাচ্ছে এবং সরকার তার জন্য যথেষ্ট ওষুধ দিচ্ছেন, কিন্তু চিকিৎসার কোন কার্যকরী ব্যবস্থা হচ্ছে না। তার কারণ ওপেন কেসগুলি যেগুলি গ্রামে রয়েছে যারা পর্ণ কুটিরে বাস করে আমরা দেখেছি একটা ওপেন কেস সেখানে হয়ত রয়েছে—ছয় মাস বাদে দেখলাম আরও ৪টি নূতন সেখানে হয়ে গেল। কাজেই এই কেসগুলিকে সেগ্রিগেট করার জন্য আপনারা যখন হসপিটালাইজ করতে পারছেন না তখন অন্তত সেগ্রিগেট করার ব্যবস্থা রাখার দরকার ছিল, কারণ এইভাবে ব্যাপকভাবে যেরকম গ্রামে সংক্রমিত হয়ে যাচ্ছে তাকে রোধ করতে হলে অন্তত সেগ্রিগেশনের ব্যবস্থা আগে দরকার, তাদের বাসগৃহ এবং নিউট্রিশনের দরকার। আমরা দেখেছি সরকার যথেষ্ট ওষুধ দিলেন এবং সামান্য কিছু উন্নতি হওয়ার পর তাকে গ্রামে রোজগার করতে যেতে হল এবং সেখানে আবার নূতন করে ইনফেকটেড হয়ে গেল এবং এমনভাবে এক্সপোসড হয়ে গেল যে, গ্রামে আরও অনেকে ইনফেকটেড হয়ে গেল। সুতরাং রোগীগুলিকে চিকিৎসাধীন থাকাকালীন তাদের কিছু খাদ্যের ব্যবস্থা, বাসগৃহের ব্যবস্থা এবং সেগ্রিগেট করার ব্যবস্থা রাখা দরকার। আমি এখন হাওড়া জেনারেল হাসপাতালের কথা এখানে বলব। আপনি কিছুদিন পূর্বে সেই হাসপাতাল ভিজিট করেছেন এবং পুংখানুপুংখ-রূপে দেখবার হয়ত সুযোগ হয় নি। সেখানকার ক্লাস ফোর স্টাফদের জন্য আজ পর্যন্ত কোন কোয়ার্টার হয় নি, আউটডোর প্রতিদিন আড়াই থেকে তিন হাজার রোগী অ্যাটেন্ড করে, সেখানে তাদের বসবার জয়গা পর্যন্ত নেই এমন কি মলমূত্র ত্যাগ করার মত জায়গা পর্যন্ত নেই। সেখানকার ক্লাস ফোর কর্মচারীরা আপনার কাছে নানাভাবে অভিযোগ করেছে যে, তাদের বাসগৃহ নেই এবং কুড়ি বছর পর্যন্ত কাজ করার পরও আজ পর্যন্ত বহু কর্মচারীকে পার্মানেন্ট করা হয় নি, ওয়াশিং অ্যালাউন্স বলে যেটা দেওয়া হয় সেটা দেওয়া হয় নি। ফ্যামিলি প্ল্যানিং সেন্টারের জন্য কয়েকজন ফিমেল স্টাফ আছেন, আপনি শুনলে আশ্চর্য হবেন যে, তাদের বেতন মাসে ২০ টাকা। কাজেই ফ্যামিলি প্ল্যানিং সম্বন্ধে তাঁরা কিভাবে কাজ করবেন সেটা আপনি অনায়াসেই বুঝতে পারছেন। হাওড়া জেনারেল হাসপাতালে ই এস আই-র একটা এক্স-রে প্ল্যান্ট আছে, তাতে এখন গ্রামের রেফার্ড কেসগুলি হচ্ছে এবং শহরের অন্যান্যগুলি হচ্ছে। এর ফলে এক-একটি টি-বি রোগী এবং অন্যান্য আর্জেন্ট কেসগুলিকে ১৫ দিন থেকে ২০ দিন পর্যন্ত অপেক্ষা করতে হয় একটি কেস করাবার জন্য। সেজন্য আমি অনুরোধ করব হাওড়ায় যেন আর একটি এক্স-রে প্ল্যান্ট বসানো হয়। হাওড়া জেনারেল হাসপাতালের মধ্যে আর একটি অসুবিধা আছে যেটা আপনি যেদিন ভিজিট করলেন সেদিন সেটা আপনি লক্ষ্য করেছিলেন যে, টিউবারকিউলোসিস আউটডোরে প্রতিদিন অন্তত ১৫০টি টি-বি পেসেন্ট আউটডোরে অ্যাটেন্ড করে কিন্তু ১০ কি ১৫ জনের মত সেখানে বসবার জায়গা রয়েছে—এটাকে এক্সপানশন করা দরকার এবং অন্যান্য আউটডোরগুলির যাতে এক্সপানশন হয় তার জন্য বিশেষভাবে অনুরোধ করছি। স্যার, ডোমিসিলিয়ারি ট্রিটমেন্ট যতদিন আপনি টি বি পেসেন্টকে সেগ্রিগেট করতে না পারছেন অন্তত তাদের বৈজ্ঞানিক চিন্তাধারা বাড়াবার জন্য, তাদের অজ্ঞতা দূর করার জন্য প্রতিটি ব্লক হেল্‌থ সেন্টারে ডাক্তার রাখা দরকার যার ফলে গ্রামের টি বি রোগীদের অজ্ঞতা দূর করতে পারবেন এবং প্রচার করতে পারবেন যার ফলে সংক্রামতা বৃদ্ধি না পায় সেজন্য গ্রামের লোককেও সচেতন করতে পারবেন। স্যার, আর একটা কথা বলে আমি শেষ করব সেটি হচ্ছে নন-রেজিস্টার্ড মেডিক্যাল প্র্যাকটিশনারদের কথা। আপনি জানেন পল্লীঅঞ্চলে প্রায় প্রতিটি হাজার লোকের জন্য একজন নন-রেজিস্টার্ড মেডিক্যাল প্র্যাকটিশনার আছে হিসাব করলে দেখা যায়। তাঁরাও ইতিমধ্যে যথেষ্ট অভিজ্ঞতা সঞ্চয় করেছেন এবং তাঁদের উপরই গ্রামের লোককে নির্ভর করে থাকতে হয়, কারণ কোয়ালিফায়েড ডাক্তাররা গ্রামে আসতে চায় না। সেজন্য আমি অনুরোধ করব যে, এই সমস্ত ডাক্তারদের একটা শর্ট কোর্সের ব্যবস্থা করে একটা পরীক্ষা করে তাঁদের যদি স্বীকৃতি দেওয়া হয় এবং রেকগনিশনের ব্যবস্থা করা হয় তাহলে গ্রামাঞ্চলে ডাক্তারের সমস্যার অনেকটা সমাধান হবে। এই বলে এই ব্যয়-বরাদ্দকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ গোপিকারঞ্জন মিত্রঃ মিঃ স্পীকার, স্যার, আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যে বাজেট বরাদ্দ এনেছেন তার বিরোধিতা করতে উঠেছি এবং এই বিরোধিতা করতে গিয়ে আমি স্বাস্থ্যমন্ত্রীকে একটা পুরানো দিনের ঘটনা মনে করিয়ে দিতে চাইছি। সেটা ছিল ৬ই অক্টোবর ১৯৬৬ সাল। তাঁর মনে আছে কিনা জানি না। তিনি, আমি এবং ডাঃ গনি আমরা স্টেট অফ ইকনমি অন হেলথ সাবজেক্ট নিয়ে অল ইন্ডিয়া রেডিওতে একটা ডিবেট করেছিলেন এবং সেদিন আমি ছিলাম সরকারী দলে মুখপাত্র এবং তাঁরা সমালোচনা করছিলেন। সেদিন আমি ও'দের কাছে এই কথাই বলতে চেয়েছিলাম যে, সীমাবদ্ধতার মধ্যে কংগ্রেস যতদূর এগিয়ে গিয়েছে তা অনেকদূর প্রগতির পরিচায়ক। আজ সীমাবদ্ধতার কথা স্বাস্থ্যমন্ত্রী বলেছেন। তিনি যে সীমাবদ্ধতার কথা বলেছেন, সেই সীমাবদ্ধতার কথা বোঝাতে গিয়ে দু-তিনবার সামাজিক বিপ্লবের কথা বলেছেন এবং যে সীমাবদ্ধতার কথা তিনি বলেছেন সে হচ্ছে সংবিধানের মধ্যে নাকি তাঁর ক্ষমতা সীমাবদ্ধ আছে। কিন্তু আমি যে সীমাবদ্ধতার কথা বলেছিলাম যে ক্ষমতা ছিল আমাদের পিছনে যে ব্রিটিশ শাসন দুশো বছর, তার সীমাবদ্ধতা আমাদের দেশে যে দারিদ্র তার সীমাবদ্ধতা আমাদের দেশের যে অনগ্রসরতা তার সীমাবদ্ধতা, আমাদের দেশে এই মেডিক্যাল ছাত্র ও শিক্ষা —ডাক্তার তৈরী হবার যে ক্ষমতা ছিল তার · সীমাবদ্ধতা, ওষুধপত্র তৈরী হবার যে ক্ষমতা ছিল তার সীমাবদ্ধতা। আমি সেদিন তাঁদের দেখিয়েছিলাম যে এই সীমাবদ্ধতার মধ্যে কাজ করেও একদিন ছিল যখন বৃটিশ শাসনে দেশের সুদূর একপ্রান্ত থেকে কোন রোগীকে শহরে নিয়ে আসতে হয়েছিল। কংগ্রেস সরকার প্রথম জনস্বাস্থ্যের ভার নিয়ে যে চেষ্টা করেছিলেন সে ছিল এই শহরমুখী যে অভিযান তাকে পল্লীগ্রামের দিকে ছড়িয়ে দেবার। এই ছড়াবার পথে রুরাল হেল্‌থ সেন্টার তৈরি হয়েছে, এই ছড়াবার পথে যেসব সাবডিভিশনাল হসপিট্যালগুলি ছিল, সে হাসপাতালগুলি বাড়াবার প্রচেষ্টা হয়েছে, এই ছড়াবার পথে যেসব জেলা হাসপাতালগুলি ছিল সেখানে স্পেশ্যালি সারভিস দেওয়ার ব্যবস্থা হয়েছে। আমি জানি পথ আমাদের আরও বহুদূর কিন্তু যেটুকুন এগিয়েছিলাম আমি তার ফিগার তাঁদের কাছে তুলে ধরেছিলাম। আমাদের দেশে মেটারনিটি অ্যান্ড চাইল্ড ওয়েলফেয়ার সেন্টার আগে যেখানে ছিল ৩৭টা, আজ সেখানে হয়েছে ৩৫২টা। আগে রুরাল হেল্‌থ সেন্টার বলে কিছু ছিল না, কয়েকটি ডিস্ট্রিক্ট বোর্ড হসপিট্যাল ছিল, রুর‍্যাল হেলথ সেন্টার আজ আমাদের দেশে সাতশোর বেশি হয়েছে। এই যে হাসপাতাল হয়েছে আমাদের দেশে, একজন বন্ধু বললেন যে আমেরিকায় নাকি ১৬১ জনে একজন ডাক্তার ছিল, আমাদের দেশে এখনও ১১৬৫ জনে একজন। আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই, ১৯৪৭ সালে এই বাংলাদেশে ৫,৫০০ লোকের জন্য বেড ছিল একটি। হাসপাতালে নানাদিক্ থেকে যে প্রচেষ্টা চলেছে, সেই প্রচেষ্টার ফলে মুলগতভাবে আমরা যে কি লাভবান হয়েছি আমি তাঁর কাছে দেখিয়ে দিলাম। আমাদের বছরে হাজারে কুড়িজন করে মৃত্যু হত, সেই মৃত্যুহার এখন কমে দশজনে নেমে এসেছে। এখানে চাইল্ড মরটালিটি ছিল হাজারে ১৪০ জন, এখন সেখান থেকে ১০০ জনে নেমে এসেছে। এখানে অ্যাভারেজ স্প্যান অফ লাইফ ছিল মাত্র ২৭ বছর, সেখানে এখন বেড়ে হয়েছে ৩৮ বছর। সেদিন মাননীয় স্বাস্থ্যমন্ত্রী ছিলেন বিরুদ্ধ দলের প্রবক্তা, তিনি বলেছিলেন আমাকে যে হ্যাঁ কিছু কিছু প্রগতি হয়েছে তা আমরা মানি। কিন্তু আপনাদের যে বাজেট সেই বাজেট হচ্ছে নানা রকমের নন-প্রোডাকশন প্রোডাকশনএর কথা তুলেছিলেন। সোসিয়ালিজমএর কথা তুলেছিলেন। আমি তাঁকে আজ জিজ্ঞাসা করতে পারি তিনি যে বাজেট ব্যয়-বরাদ্দ আমাদের সামনে রেখেছেন এবং তিনি যে বক্তৃতা দিয়েছেন এ দুটোর মধ্যে তফাৎ আছে কিনা? আপনার এই বাজেট ব্যয়বরাদ্দে আমরা কি দেখছি? যা গত কুড়ি বছর ধরে হয়ে আসছে—তারই কোন কোন খাতে কিছু বেড়েছে মাত্র; কোন মূলগত পার্থক্য কি আপনি এই বাজেটের মধ্যে আনতে পেরেছেন? এই কথা আমি তাঁর কাছে দৃঢ়ভাবে জিজ্ঞাসা করতে চাই। আমি জিজ্ঞাসা করছি যদিও সোস্যালিস্ট ও ন্যাশনালাইজেশন অফ হেল্‌থ সার্ভিসেস আমাদেরও লক্ষ্য ছিল এবং আমি আশা করি আমাদের স্বাস্থ্যমন্ত্রীরও লক্ষ্য সেদিকে। সেদিক থেকে অন্য কোন ইঙ্গিত ও সংকেত তিনি এখানে রাখতে পেরেছেন কিনা? আপনি কি এই ধরনের কোন ব্যবস্থা করতে পারতেন না—এ তৈরির জন্য? এ আজকে কি অবস্থায় আছে? আজ দেখবেন শহরে ডাক্তার বসে আছে রোগীর প্রত্যাশায় আর গ্রামে রোগী বসে আছে ডাক্তারের

প্রত্যাশায়। আপনি এমন ব্যবস্থা কি করতে পারতেন না যে, এই সারা বাংলাদেশকে তিনটা জোনে ভাগ করে দেবার? কোন্ কোন্ জায়গায় কোন্ ডাক্তারকে বসতে দেবেন কি দেবেন না সে এক ধরনের ব্যবস্থা। কোন কোন জায়গায় হয়ত লাইসেন্স নিয়ে বসতে হবে, আবার কোন কোন জায়গায় ফ্রি—এইভাবে ব্যবস্থা করবার উপায় ছিল।

[6-55—7-5 p.m.]

যদি সেইভাবে ব্যবস্থা করতেন সেইভাবে ইঙ্গিত রাখতেন তাহলে আমি বলতাম যে ন্যাশনালাই-জেশন অফ হেল্থ সার্ভিস বলতে আমরা যা বুঝি সেদিকে পদক্ষেপ করছেন। কিন্তু এতো সেই স্টিরিওটাইপ্ড বাজেট আপনি নিয়ে এসেছেন। এ সম্বন্ধে আমাদের ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশন, বেঙ্গল ব্র্যাঞ্চ, যেসব রেকমেন্ডেশন রেখেছেন অত্যন্ত স্বল্পমেয়াদী পরিকল্পনার মাধ্যমে, আমি স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে বলব সেদিকে নজর দিন। এই বাংলাদেশে আঞ্চলিক ভেষজ পরিষদ গঠন করুন। বাংলাদেশে ওয়াটার সাপ্লাই স্কীম-এর জন্য মেডিক্যালম্যান ও বিশেষ পজিশনএর ব্যক্তিদের নিয়ে বোর্ড গঠন করুন। স্কুল হেল্থ বোর্ড তৈরি করবার জন্য শিক্ষক ডাক্তার ও স্বাস্থ্য বিশেষজ্ঞদের নিয়ে বোর্ড গঠন করুন এবং নূতন করে ভ্যাকসিনেশন ক্যাম্পেন গড়ে তুলুন। এদেশের বিভিন্ন সমাজকল্যাণমূলক প্রতিষ্ঠানগুলি চিরকাল সমাজসেবার কাজ করে আসছে, তাদের আরও উৎসাহ দিয়ে, ইনসেনটিভ দিয়ে, নূতনভাবে এইসব জনস্বাস্থ্যের কাজগুলি করবার চেষ্টা করুন। যদি সত্যি সত্যিই এই স্বাস্থ্য বরাদ্দকে কোন সামাজিক ও সুষ্ঠু পরিকল্পনার মাধ্যমে নিয়ে যেতে চান তাহলে সেইদিকে বা পথে দৃঢ় পদক্ষেপ দিন। শুধু বক্তব্য নয়, আপনার বাজেট বরাদ্দের মাধ্যমে এটা হওয়া উচিত ছিল। ডাঃ নারায়ণ রায় যে কথা বলেছেন যে, এখানে একটা এমারজেন্সি ক্যাজুয়ালটি হসপিট্যালকে কেন্দ্র করে একটা সেন্ট্রাল বোর্ড গঠন করা হোক, সেটা আমিও সাপোর্ট করি। ডাঃ ইন্দ্রজিৎ রায় যে কথা বলেছেন যে, আর একটা মেডিক্যাল কলেজ স্থাপন দরকার নর্থ বেঙ্গলে, একটা ইউনিভার্সিটির আন্ডারএ। একটা ইউনিভার্সিটির আন্ডারএ একটা মেডিকেল কলেজ স্থাপন করা দরকার আছে, আমি স্বীকার করি। কিন্তু এটা বর্ধমানে হোক, এই কথা বলি। এবং এর জন্য আর্থিক দিক থেকে আমি বলতে পারি ভারত সরকার আর একটা মেডিকেল কলেজ পশ্চিমবঙ্গে করবার জন্য প্রস্তুত আছেন। সেই মেডিক্যাল কলেজের আজ নূতন একটা মেডিক্যাল দিক খুলে যাচ্ছে। সেটা হচ্ছে ইন্ডাস্ট্রিয়াল মেডিসন, অকুপেশন এবং পিস্পোয়িয়ন। পশ্চিমবঙ্গে ইন্ডাস্ট্রিয়াল মেডিসিনএর উন্নতি আরও হওয়া দরকার তার আর্থিক এবং অন্যান্য দিক থেকে ভারত সরকারের সাহায্য আমরা পাব যদি বর্ধমান ইউনিভার্সিটির আন্ডারএ একটা মেডিক্যাল কলেজ করেন। আপনি মুখে যে কথা বলেন বাজেট বরাদ্দের ভিতর সেই ইঙ্গিত দিতে পারেন নি বলে আমি এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীননী ভট্টাচার্য: মাননীয় স্পীকার মহাশয় আমি খুব সংক্ষেপে এখানে বিভিন্ন বক্তা বিভিন্ন মাননীয় সদস্য যেসব কথা বলেছেন তার জবাব দেব। সংক্ষেপে এইজন্য বলছি যে অনেকে হয়ত ধৈর্য হারিয়ে ফেলতে পারেন সেইজন্য সংক্ষেপ করতে হচ্ছে। (এ ভয়েস—ঠিক বলেছেন।) আমি প্রথমে জয়নাল আবেদীন মহাশয় যে অভিযোগ করেছেন সে সম্বন্ধে দু-চারটে কথা বলতে চাই বিশেষ করে ফ্যামিলি প্ল্যানিং প্রোগ্রাম সম্বন্ধে। আমি আগেই বলেছি এবং এখনও বলছি যে জনসংখ্যা সম্বন্ধে যিনি বিশেষজ্ঞ বলতে পারা যায় ডেমোগ্র্যাফিক তিনি আমাদের ইউনিয়ন হেল্থ মিনিস্টার তাঁর সঙ্গে এই ব্যাপারে আমার কথা হয়েছিল। আমি শুধু এইটা বলতে চেয়েছি—একদিকে ম্যালথাস সাহেবের ভূতকে ঘাড় থেকে নামাতে হবে, তবেই ফ্যামিলি প্ল্যানিংএর প্রপার পারসপেকটিভ ধরতে পারব। টাকা প্রচুর—সেই টাকা যাতে অপব্যয় না হয়, সেটাও দেখতে হবে, তেমনি সেই টাকা সুব্যয় যাতে হয় সেটাও দেখতে হবে। সেইজন্য ফ্যামিলি প্ল্যানিং প্রোগ্রাম ও হেলথ সার্ভিস এবং মেটারনিটি অ্যান্ড চাইল্ড এগুলোকে একটা ইন্টিগ্রেটেড পরি-কল্পনার মধ্যে আনতে হবে। সে সম্বন্ধে তাঁর সঙ্গে কথাবার্তা হবে।

এরপরে এই সম্পর্কে আমি আর একটা কথা বলতে চাই। সেটা হচ্ছে বহরমপুর হাসপাতালে যেসমস্ত ব্যাপার ঘটে, তা নিয়ে জয়নাল আবেদীন মহাশয় একটা অসত্য কথা বলেছেন যে, আর এস পি-র লোকরা সেখানে রোগী ঢোকাতে পারছেন না বলে সেখানকার

ডাক্তারদের উপর তারা হামলা-টামলা করেছে। আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই যে, ওখানে যে সিটিজেনস্ কমিটি আছে তাতে আর এস পি-র বোধহয় বিশেষ কোন ব্যক্তি নেই এবং যিনি তার মাথা, তিনি হচ্ছেন শ্রদ্ধেয় শ্যামাপদ ভট্টাচার্য এবং ছোটবেলা থেকে জানি তিনি আছে এবং সবাই তাঁকে মানে।

[7-5—7-15 p.m.]

এবং সেই সিটিজেন্স কমিটি তাঁরাও উত্যক্ত হয়েছে এবং তাঁরা মনে করেন যে, সেই ডাক্তারের দোষ আছে। সুতরাং এ বিষয়ে অন্য কোন কিছুই আমরা করি নি কেবল ট্রান্সফার করার একটা অর্ডার দেওয়া হয়েছে মাত্র। সেটা আর এস পি-গত দলীয় কোন সংকীর্ণতার ব্যাপার কিছু নেই। এটা তাঁকে জানানোর জন্য বললাম। মাননীয় স্পীকার মহাশয় ডাক্তার নীহার পাল সম্বন্ধে একটা কথা উঠেছে, আমি তাঁকে জানিয়ে দিতে চাই আমার যতদূর মনে পড়ছে তাঁকে মেডিক্যাল কলেজে ট্রান্সফার করা হয়েছে। তিনি নন-প্র্যাকটিসিং পোস্ট থেকে প্র্যাকটিসিং পোস্টে যেতে চেয়েছিলেন বলে শুনলাম যে আই ডি হসপিট্যালে তাঁকে পাঠানো হয়, পরে দেখা গেল যে, মাত্র একটি বিষয়ে একজন অধ্যাপক পড়াবেন আর কোন বিষয় পড়াবার সুযোগ পাবেন না এটা বিবেচনা করে তাঁকে ইতিমধ্যে এখানে বলার আগেই মেডিক্যাল কলেজে ট্রান্সফার করা হয়েছে। সুতরাং ঘটনাগুলি কতখানি সত্য সেটা আশা করি আপনারা বুঝতে পারছেন। ডাঃ নারায়ণ রায়কে আমি বলি যে, কলকাতায় দুটো ক্যাজুয়ালিটি হাসপাতাল খোলা সাব্যস্ত হয়েছে, একটা শম্ভুনাথ পণ্ডিত হাসপাতাল প্রাঙ্গণে আর একটা আর জি কর হাসপাতাল সংলগ্ন এলাকায় এবং তাঁর আনুসঙ্গিক ব্যবস্থা আমরা গ্রহণ করেছি। তারপর ফাইলেরিয়া সম্বন্ধে আমরা একটা মজার জিনিস লক্ষ্য করলাম সেটা হচ্ছে গতবারের বাজেটে, ১৯৬৬-৬৭ সালের বাজেটে, প্রথমে ৫ লক্ষ টাকার বরাদ্দ ধরা ছিল তারপর সেটা রিভাইজড বাজেটে ১ লক্ষ টাকা হল। এটা কেন হল সেটা ঠিক পরিষ্কার বোঝা যাচ্ছে না। এবারে এ সম্বন্ধে তিন লক্ষ টাকা বরাদ্দ ধরেছি। এখানে ডাক্তার গোপালদাস নাগ ফাইলেরিয়া সম্বন্ধে অনেক কথাই বলেছেন, আমি তাঁকে জানাচ্ছি যে, আমরা ফাইলেরিয়া সম্বন্ধে বরাদ্দ ধরেছি এবং বিশেষজ্ঞদের সঙ্গে আলাপ করছি যে, ফাইলেরিয়া দু-তিন বছরের মধ্যে একটা সমস্যাতে পরিণত হচ্ছে এবং সেই সমস্যাকে কমব্যাট করতে হবে। আমার মনে হয় সবাই সেই বিষয়ে একমত হবেন এবং আমরা সেটা ধরছি। এর পরে নন-রেজিস্টার্ড প্র্যাকটিশনারদের সম্বন্ধে বলা হয়েছে, আমি বলেছি একথা যে এখন পর্যন্ত গ্রামের অনেক এলাকায় কোয়ালিফায়েড ডাক্তার নেই এবং আন-রেজিস্টার্ড মেডিক্যাল প্র্যাকটিশনার ভাল করুন আর খারাপই করুন সাধারণ লোক তাদের কাছে যাচ্ছে এবং তাদের সম্বন্ধে আমরা বিবেচনা করছি যে, এদের একটা ব্যবস্থা হওয়া উচিত, অন্তত আমি এটা নিজে মনে করছি। তারা পাকাপাকি ডাক্তার হিসাবে নাম লিখাবে, না হাফ-ডাক্তার হিসাবে নাম লিখাবে, না কি হবে সেটা বিশেষজ্ঞদের ব্যাপার, আমি বিশেষজ্ঞ নই। সুতরাং বিশেষজ্ঞদের উপব এটা ছড়ে দেওয়া উচিত বলে আমি মনে করি। ২নং হচ্ছে, এটা আমাদের আওতার মধ্যেও নেই। আপনারা জানেন ইন্ডিয়ান মেডিক্যাল কাউন্সিল অ্যাক্ট সেটা কেন্দ্রের ব্যাপার, আমরা সুপারিশ করার মালিক, সেইভাবে বিশেষজ্ঞদের সুপারিশ একবার কেন্দ্রের কাছে পাঠানো হয়েছিল, আবার বিশেষজ্ঞদের সুপারিশ যাতে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে পাঠাতে পারি সেটাও দেখব। নৈহাটি হাসপাতালের ব্যাপার নিয়ে গোলোকেশ ভট্টাচার্য মহাশয় একটু কটাক্ষ করেছেন। সেটা আমার দোষও নয়, আমি তো বলেছি জায়গা সংক্রান্ত বিরোধ ঝুলিয়ে রাখতে চাই না, আমি এর একটা ছেদ টানতে চাই এবং আমি চাই যে আপনারা সবাই দলমতনির্বিশেষে যেটা ভাল জায়গা হবে সেটা ঠিক করে দেবেন আমি কালকেই মঞ্জুর করিয়ে দেব। আমরা চাই নৈহাটিতে হাসপাতাল করতে। আমি একথা পরিষ্কার বলতে চাই আমরা কয়েকটা যায়গা দেখে এসেছি, সেই জায়গা সংক্রান্ত ব্যাপারে যে বিরোধ, ভাল কি মন্দ, সে ব্যাপারে আপনারা যদি বলেন যে তোমাদের সরকারের যে সাইট সিলেকশন কমিটি আছে তার উপর ছেড়ে দিচ্ছি, তার রায় আমরা মেনে নেব পরে আর সমালোচনা করব না তাহলে তাতেও আমি রাজী আছি। আমি নিজে চেয়েছিলাম এবং উদ্যোগী হয়ে আমি নিজেই গিয়েছিলাম নৈহাটিতে একটা হাসপাতাল হওয়ার দরকার আছে বলে এবং নৈহাটিতে আমাদের

পার্টি আর এস পি-র বিশেষ কেউ নেই সুতরাং দলীয় স্বার্থের দিকেও আমি তাকাই না। নর্থ বেঙ্গল মেডিক্যাল ব্যাপারে আমি আগেই বলেছি য পাকাপাকি জায়গা এখনও স্থির হয় নি তবে আমি এখনও মনে করি ২৮ মাইল উত্তরে হবে কি দক্ষিণে হবে কি পূর্বে হবে কি পশ্চিমে হবে এই নিয়ে জিনিসটাকে আর ঝুলিয়ে রাখা যায় না যেভাবে হোক এই মাসের মধ্যে সম্ভব না হলে আগস্ট মাসের সাত দিনের মধ্যে পারা যায় যদি তাহলে ১৫ দিন পিছিয়ে রাখা উচিত নয়, এসব সম্বন্ধে একটা সেটেল্ড করতে হবে। প্রি-মেডিক্যাল কোর্স খোলার ব্যাপারে আপনারা জানেন কালকেই কনফারেন্স আছে। অবশ্য কেউ কেউ সন্দেহ করেছেন প্রি-মেডিক্যাল কোর্সটা একটু সারেপটিসাসলি মেডিক্যাল কলেজ প্রতিষ্ঠার দিকে এগিয়ে যাচ্ছি সে সন্দেহ করতে পারেন কি করব বলুন, সন্দেহ করার উপর তো হাত নেই। এছাড়া আরও অনেক অনেক রকম কনস্ট্রাকটিভ সাজেশন দিয়েছেন, আমি সেগুলিকে যথারীতি বিচার করব, করে যেগুলি গ্রহণযাগ্য সেগুলি নিশ্চয়ই নেব। আর একটা কথা হল এই যে, আপনারা জানেন আমাদের যে সীমাবদ্ধতার মধ্যে কাজ করতে হচ্ছে সেকথা আমি আগেই বলেছি, সেই সীমাবদ্ধতাপ্রসঙ্গে ডাক্তার গোপিকাবিলাস মহাশয় অনেক কথা বলেছেন, আমি মনে করি সেই সীমাবদ্ধতা ভাঙ্গবার রাস্তা হচ্ছে ওটা। এছাড়া অন্যভাবে সীমাবদ্ধতা ভাঙ্গা যায় না। সীমাবদ্ধর রিসোর্সকে যতদূর পারা যায় যাতে ইউটিলাইজ আমরা করতে পারি সেদিকে আমরা নজর রেখে কোথায় জোর দেব সে সম্বন্ধে প্রারম্ভিক বক্তৃতায় আমি বলেছি, তার আর পুনরাবৃত্তি করতে চাই না। আর একটি কথা এই প্রসঙ্গে আমি বলছি সেটা হচ্ছে মাননীয় সুনীল দাশগুপ্ত মহাশয়ের মৃত্যু সংক্রান্ত ব্যাপার। আমি যেদিন এখানে উপস্থিত ছিলম না সেদিন মাননীয় কমল গুহ মহাশয় এখানে সেই ব্যাপারটা উল্লেখ করেছিলেন। যদি কোন দপ্তরের মন্ত্রী উপস্থিত না থাকেন এবং সেই দপ্তর সংক্রান্ত যদি কোন আলোচনা উঠে সেই আলোচনাগ যাতে সেই দপ্তরে পৌছানের ব্যবস্থা হয় তার একটা বন্দোবস্ত করতে হবে। তবে আমি এটা বলতে পারি যে, সুনীল দাশগুপ্ত মহাশয়কে কলকাতায় নিয়ে আসার গোড়াতে বোধহয আমি খানিকটা ছিলাম, কলকাতায় তাঁর চিকিৎসা যাতে ভালভাবে হয় তাব চেষ্টা আমি গোড়াতে করেছিলাম। তার সঙ্গে আমার কি ব্যক্তিগত সম্পর্ক আছে সেটা বাদ দিলাম, কিন্তু দুঃখজনক ঘটনা হচ্ছে এই যে, তিনি মারা গিয়েছেন। আমি যখনি মারা গিয়েছেন এই খবর পেলাম তখনই টেলিফোনে খবর নেবার চেষ্টা করলাম যে, কি হল। টেলিফোনে উত্তরে সব জিনিস তো ঠিক হয় না, তারপরে আমি কমলবাবুকে বলেছি আপনি একটা কমপ্লেন দিন, তিনি এরই মধ্যে হাউসে সেটা রেফার করেছেন বলে শুনলাম, আমরা নিশ্চয়ই এ সম্বন্ধে তদন্ত করব। অমরবাবু আজকে বললেন তদন্ত করবেন এবং এইভাবে অবহেলার দরুন তাঁর যে মৃত্যু হল এটার নিশ্চয়ই তদন্ত হওয়া দরকার। সুনীল দাশগুপ্ত মহাশয়কে ওখানকার ডাক্তার থেকে আরম্ভ করে সার্জেন সুপারিন্টেন্ডেন্ট, হাসপাতালের কর্তৃপক্ষ সকলেই জানেন যে, সুনীল দাশগুপ্ত মহাশয় একজন প্রেসাস কমরেড এবং মুরারীবাবু শিলিগুড়ি হাসপাতালে নিজে দেখে এসেছেন এবং তাঁর দেখার উপর নির্ভর করে শিলিগুড়ি থেকে কোচবিহারে পাঠাবার দরকার নেই, কলকাতায় তাঁকে পাঠানো দরকার ছিল এবং তারপর তিনি কলকাতায় আসেন। সমস্ত ব্যাপারটা আমি অনুসন্ধান করব এই প্রতিশ্রুতি দিচ্ছি। তারপর জল সরবরাহ সম্বন্ধে বলা হয়েছে, আমি বিভিন্ন জায়গায় জল সরবরাহ ব্যবস্থা সম্বন্ধে উত্তর দিতে গেলে অনেক সময় লেগে যাবে, তবে একথা বলছি যে খরা এলাকায় জল সরবরাহের কিছু ব্যবস্থা আমরা জরুরী ব্যবস্থা হিসাবে গ্রহণ করেছি। এই রিপোর্ট অনেকেই জানেন সেইজন্য প্রারম্ভিক বক্তৃতায় আমি আর বলতে চাই নি। তাছাড়া আমাদের একটা রিপোর্ট যেটা প্রচারিত হয়েছে বাজেট বিতর্কের সুবিধার জন্য সেটা প্রচারিত হয়েছে তার মধ্যেই এর উল্লেখ রয়েছে। এর পরে আয়ুর্বেদ সম্বন্ধে যেহেতু কোন নূতন পলিসির ইঙ্গিত দিতে পারছি না সেজন্য কিছু বলছি না, এখনও পর্যন্ত এ সম্বন্ধে সব কিছু ঠিক করে উঠতে পারি নি। আর আয়ুর্বেদ এবং হোমিওপ্যাথি একেবারে তলা থেকে যেসমস্ত জায়গায় হেল্‌থ সেন্টার নেই সেখানে কিছু করা যায় কিনা আমরা সে সম্বন্ধে কথাবার্তা বলছি এবং সে সম্বন্ধে শীঘ্রই একটা সিদ্ধান্ত নিতে যাচ্ছি। তাছাড়া মোটামুটি রিপোর্টের মধ্যে আপনারা দেখেছেন আয়ুর্বেদ এবং হোমিওপ্যাথি সংক্রান্ত ব্যাপারে আমরা কি বরাদ্দ ধরেছি এবং সেটা কিভাবে কার্যকরী করতে চাচ্ছি। মাননীয় স্পীকার মহাশয়, আমি আর বিশেষ বলতে চাই না,

প্রারম্ভিক বক্তৃতা লম্বা হওয়ার দরুন এখানে শেষ করছি। একটা কথা ভুলে গিয়েছি সেটা হচ্ছে লেপ্রসি সম্বন্ধে। লেপ্রসি সম্বন্ধে আমি রিপোর্ট দিয়েছি, সেখানে বলেছি গৌরীপুরে লেপ্রসি কলোনিতে আরও কিছু আসন বাড়াতে পারি কিনা সেটা আমরা দেখছি।

শ্রীপ্রমথনাথ ধীবর: মাননীয় মন্ত্রিমহাশয় এ সম্বন্ধে একটু বললে ভাল হয় সেটা হচ্ছে বহু হোমিওপ্যাথি ডাক্তার যাঁরা গ্রামাঞ্চলে প্র্যাকটিস করেন তাঁরা বহুদিন হল ফিস জমা দিয়েছেন অথচ আজ পর্যন্ত তাঁদের পরীক্ষা পর্যন্ত হল না। কেন?

শ্রীননী ভট্টাচার্য: প্রায় ১১ হাজারের মত দরখাস্ত পাওয়া গিয়েছে এবং তাঁদের অ্যাসো-সিয়েশনের তরফ থেকে রেজিস্ট্রির মেয়াদ বাড়ানোর জন্য বলা হয়েছে। আমরা মেয়াদ বাড়ানোর কথা ভাবছি, সুতরাং দেখা যাক কি করা যায়। এই সঙ্গে এইটুকু বলতে চাই যে, জন-স্বাস্থ্যকে আমরা আলাদাভাবে না দেখে তার যে সোসিও-ইকনমিক পটভূমিকা সেই পটভূমিকার মধ্যে যদি বিচার করি তাহলে জনস্বাস্থ্যকে আমরা নতুন জায়গায় দাঁড় করাতে পারব। এই বলে আমি আশা করব যে, ব্যয়-বরাদ্দের দাবি আপনাদের কাছে পেশ করেছি তা আপনারা সমর্থন করছেন।

Mr. Speaker: I put to vote all the cut motions moved on Grant No. 20 except No. 2 on which, I understand, division has been claimed.

The motion of Shri Amalendu Kumar Bagchi that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Ahmad Hossain Mondal that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Dr. Ranjit Ghosh Chowdhury that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Dr. Indrajit Roy that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Dr. Gopal Das Nag that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Byomkes Majumdar that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Nitya Nanda Bhuniya that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Maharaja Bose that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Hare Krishna Das that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Benoy Kumar Chattopadhyay that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Suvendu Roy that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Trilokesh Misra that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Paresh Chandra Goswami that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Satyanarayan Banerjee that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Narayan Chandra Chaudhuri that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Sachindra Mohon Nandy that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Khagendra Nath Das Gupta that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shrimati Abha Maiti that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Azizur Rahman that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Abdus Sattar that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Jatindra Mohan Roy that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Brindaban Chattopadhyay that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Puranjoy Pramanik that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Pramatha Nath Dhibar that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Sripati Sinha that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Gopika Ranjan Mitra that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Ranjit Ghosh Chowdhury that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Haradhan Mondal that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Raj Narayan Kundu that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shrimati Sudha Rani Dutta that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Benoy Kumar Chattopadhyay that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Krishna Bahadur Gurung that the demand be reduced by Rs. 100 was then put and lost.

[7-15—7-24 p.m.]

The motion of Shri Dhirendra Narjinarai that the demand of Rs. 11,62,14,000 for expenditure under Grant No. 20, Major Head: 29—Medical, be reduced to Re. 1, was then put and a division taken with the following result:

AYES—93

Abdul Gaffar, Shri Quazi
Abdul Latif, Shri
Abdullah, Shri S. M.
Abdus Sattar, Shri
Abul Barkat Atwal Ghani Khan Chaudhury, Shri
Ahmad Hossain Mondal, Shri
Azizur Rahaman, Shri
Bagchi, Shri Amalendu Kumar
Banerjee, Shri Mrityunjoy
Bauri, Shri Satish Chandra
Beri, Shri Dayaram
Bhattacharjee, Shri Golokesh
Bhattacharyya, Shri Sreepada

Bhuniya, Shri Nitya Nanda
Bishayee, Shri Paramananda
Bose, Shri Maharaja
Brahmachari, Shri Bholanath
Chalak, Shri Kali Kinkar
Chattopadhyay, Shri Benoy Kumar
Chattopadhyay, Shri Brindabon
Chaudhuri, Shri Narayan Chandra
Chaudhury, Dr. Sashi Bhusan
Chunder, Dr. Pratap Chandra
Das, Shri Makhan Lal
Dhibar, Shri Pramathanath
Dolai, Shri Rajani Kanta
Dutta, Shrimati Sudharani
Fazlur Rahaman, Shri S. M.
Ghatak, Shri Shibdas
Ghosh Choudhury, Dr. Ranjit
Goswami, Shri Paresh Chandra
Gurung, Shri Krishna Bahadur
Haldar, Shri Nalini Kanta
Halder, Shri Adhar Chandra
Hazra, Shri Santimoy
Jalan, Shri Iswardas
Jash, Shri Sristhidhar
Karam Hossain, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Kolay, Shri Jagannath
Kundu, Shri Rajnarayan
Lakra, Shri Denis
Maiti Shrimaiti Abha
Majumdar, Shri Byomkes
Mandal, Shri Prabhakar
Md. Fazle Hoque, Shri
Misra, Shri Sourindra Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Shri Dwijendranath
Mitra, Dr. Gopika Ranjan
Mitra, Shri Satyanarayan
Mohammad Sayeed Mia, Shri
Mohammed Israil, Shri
Mondal, Shri Girindra
Mondal, Shri Haradhan
Mondal, Shri Sudhir Kumar
Mukhapadhyay, Shrimati Purabi
Mukherjee, Shri Brajabilash
Mukherjee, Shri Saila Kumar
Mukhopadhyay, Shri Pasupati
Murmu, Shri Boila
Murmu, Shri Dashukaran
Nag, Dr. Gopal Das
Nahar, Shri Bijoy Singh
Nandy, Shri Sachindra Mohan
Nuran Nabi, Shri T. A.
Paul, Shri Balai Bhusan
Paul, Shri Sushil Kumar
Poddar, Shri Rajendra Kumar
Pradhan, Shri Trailokyanath

Pramanik, Shri Puranjoy
Prasad, Shri Shiromani
Roy, Shri Gonesh Prosad
Roy, Dr. Indrajit
Roy, Shri Krishnadas
Roy, Shri Santosh Kumar
Roy, Shri Suvendu
Saha, Shri Kanai (Bankura)
Saren, Shri Mangal Chandra
Sasmal, Shri Bankim Chandra
Sattar, Shrimati Nurunnesa
Sen Ishore, Shri Sankar
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsuddin Ahmed, Shri
Shukla, Shri Krishna Kumar
Sinha, Shri Debendra Nath
Sinha, Shri Sripati
Tar, Shri Mati Ranjan
Topna, Shri Anotoni
Upadhyay, Shri Mihir
Zainal Abedin, Dr.

NOES—129

Abdul Bari, Shri Md.
Abdul Haque, Shri
Abdul Latif, Shri Md.
Abdul Quiyom Molla, Shri
Amirali Molla, Dr.
Baksi, Shri Monoranjan
Bandopadhyay, Shri Amiya Bhusan
Bandopadhyay, Shri Khagendra Nath
Banerjee, Shri Subodh
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Basu, Shri Mukul
Bazle Ahmad Shri
Bera, Shri Sasabindu
Bhandari, Shri Netai
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharyya, Shri Jyoti Bhusan
Bhattacharya, Shri Nani
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhowmik, Shri Kanai
Biswas, Shri Ajit Kumar
Bose, Shri Brindaban Behari
Chakraborty, Shri Kshudiram
Chakraborty, Shri Sadhan Kumar
Chatterjee, Shri Hara Prasad
Choubey, Shri Narayan
Dakua, Shri Dinesh Chandra
Das, Shri Deben
Das, Shri Debendra Nath
Das, Shri Jagadish Chandra
Das, Shri Mahatab Chand
Das, Shri Nikhil

Das, Dr. Sailendra Nath
Das, Shri Sudhir Chandra
Das Gupta, Shri Bibhuti Bhusan
Das Mahapatra, Shri Kamakshyanandan
Dhara, Shri Sushil Kumar
Elias Razi, Shri Md.
Franklin, Shri L. H.
Gayen, Shri Prasanta Kumar
Ghose, Shri Kamakshya Charan
Ghose, Shri Sambhu Charan
Ghosh, Shri Krishna Pada
Ghosh, Dr. Prafulla Chandra
Golam Mahiuddin, Shri
Golam Yazdani, Dr.
Guha, Shri Bikesh Chandra
Guha, Shri Kamal Kanti
Guha Neogi, Shri Anildhar
Gurung, Shri Nandalal
Halder, Shri Krishna Chandra
Hazra, Shri Lalit
Hazra, Shri Monoranjan
Hicks, Shri Clifford
Jana, Shri Manindra Nath
Jaynal Abdin, Shri
Kar, Shri Dhananjoy
Karim Baksh, Dr. Mohammad
Konar, Shri Hare Krishna
Kundu, Shri Nishitha Nath
Lahiri, Shri Somnath
Mahato, Shri Amulya Ratan
Mahato, Shri Girish
Maity, Shri Baneswar
Majhi, Shri Gobardhan
Majhi, Shri Kandru
Maji, Shri Guiram
Maji, Shri Panna Lal
Majumdar, Shri Apurba Lal
Majumdar, Shri Dilip Kumar
Majumdar, Shri Harendra Nath
Majumder, Shri Jagannath
Malakar, Shri Ajoy
Mandal, Shri Kalipada
Mandal, Shri Kumud Ranjan
Mandal, Shri Rabin
Mitra, Shri Chandipada
Mitra, Shri Haridas
Mitra, Shrimati Ila
Mitra, Shri Sunil Kumar
Mondal, Shri Manindra Chandra
Mondal, Shri Sasanka Sekhar
Mondal, Shri Tinkari
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Jayati Prasanna
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Mukhopadhyay, Shri Ajoy Kumar

Mukhopadhyay, Shrimati Geeta
Murmu, Shri Nathaniel
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Sundar Kumar
Noney, Shri W. H.
Noronha, Shri Clifford
Nuhul Islam, Shri
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammed
Ojha, Shri Samarendra
Pahari, Shri Bibhuti
Pal, Shri Kanai
Panda, Shri Bhupal Chandra
Pramanick, Shri Gangadhar
Pramanik, Shri Radhikanath
Pramanik, Shri Rajani Kanta
Purkait, Shri Prabodh
Rai, Shri Deoprokash
Roy, Shri Amalendru Lal
Roy, Shri Haradhan
Roy, Shri Jagadananda
Roy, Shri Jyotish
Roy, Dr. Narayan Chandra
Roy, Shri Phakir Chandra
Roy, Shri Provash Chandra
Roy Barman, Shri Khiti Bhusan
Roy Prodhan, Shri Amarendra Nath
Saha, Shri Kripasindhu
Samanta, Shri Gouranga
Sanyal, Shri Mani
Sanyal, Dr. Nalinaksha
Sarkar, Shri Charu Mihir
Sarkar, Shri Nitaipada
Sen, Shri Jamini Ranjan
Sen, Shri Lakshmi Charan
Sen, Dr. Sadhan Kumar
Sen Gupta, Shri Niranjan
Sen Gupta, Shri Tarun Kumar
Shish Mahammad, Shri
Tah, Shri Dasarathi

The Ayes being 93 and the Noes 129, the motion was lost.

The motion of Shri Nani Bhattacharya that a sum of Rs. 11,62,14,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 20, Major Head: 29—Medical, was then put and agreed to.

Mr. Speaker: Now Grant No. 21. I now put to vote all the cut motions moved.

The motion of Dr. Indrajit Roy that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Amalendu Kumar Bagchi that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Ahmad Hossain Mondal that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Dr. Ranjit Ghosh Chowdhury that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Dr. Gopal Das Nag that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Haradhan Mondal that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Raj Narayan Kundu that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shrimati Sudharani Dutta that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shrimati Biva Mitra tthat the demand of to Re. 1, was then put and lost.

The motion of Shri Benoy Kumar Chattopadhyay that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Prasenjit Barman that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Maharaja Bose that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Rajani Kanta Doloi that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Pramatha Nath Dhibar that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Jatindra Mohon Roy that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Syama Prasad Barman that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Khagendra Nath Das Gupta that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shrimati Abha Maiti that thhe demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Brindaban Chattopadhyay that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Satyanarayan Banerjee that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Baidyanath Banerjee that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Gopika Ranjan Mitra that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Azizur Rahman that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Puranjoy Pramanik that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Abdus Sattar that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Bankim Chandra Sasmal that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The Motion of Shri Paresh Chandra Goswami that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Sripati Sinha that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Krishna Bahadur Gurung that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Nani Bhattacharya that a sum of Rs. 6,40,70,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 21, Major Head: 30—Public Health, was then put and a division taken with the following result:

AYES—129

Abdul Bari, Shri Md.
Abdul Haque, Shri
Abdul Latif, Shri Md.
Abdul Quiyom Molla, Shri
Amirali Molla, Dr.
Baksi, Shri Monoranjan
Bandopadhyay, Shri Amiya Bhusan
Bandopadhyay, Shri Khagendra Nath
Banerjee, Shri Subodh
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Basu, Shri Mukul
Bazle Ahmad Shri
Bera, Shri Sasabindu
Bhandari, Shri Netai
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharyya, Shri Jyoti Bhusan
Bhattacharya, Shri Nani
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhowmik, Shri Kanai
Biswas, Shri Ajit Kumar
Bose, Shri Brindaban Behari
Chakraborty, Shri Kshudiram
Chakraborty, Shri Sadhan Kumar
Chatterjee, Shri Hara Prasad
Choubey, Shri Narayan
Dakua, Shri Dinesh Chandra
Das, Shri Deben
Das, Shri Jagadish Chandra
Das, Shri Mahatab Chand
Das, Shri Nikhil
Das, Dr. Sailendra Nath
Das, Shri Sudhir Chandra
Das Gupta, Shri Bibhuti Bhusan
Das Mahapatra, Shri Kamakshyanandan
Dhara, Shri Sushil Kumar
Elias Razi, Shri Md.
Franklin, Shri L. H.
Gayen, Shri Prasanta Kumar
Ghose, Shri Kamakshya Charan
Ghose, Shri Sambhu Charan
Ghosh, Shri Krishna Pada

Ghosh, Dr. Prafulla Chandra
Golam Mahiuddin, Shri
Golam Yazdani, Dr.
Guha, Shri Bikesh Chandra
Guha, Shri Kamal Kanti
Guha Neogi, Shri Anildhar
Gurung, Shri Nandalal
Halder, Shri Krishna Chandra
Hazra, Shri Lalit
Hazra, Shri Monoranjan
Hicks, Shri Clifford
Jana, Shri Manindra Nath
Jaynal Abdin, Shri
Kar, Shri Dhananjoy
Karim Baksh, Dr. Mohammad
Konar, Shri Hare Krishna
Kundu, Shri Nishitha Nath
Lahiri, Shri Somnath
Mahato, Shri Amulya Ratan
Mahato, Shri Girish
Majhi, Shri Gobardhan
Majhi, Shri Kandru
Maji, Shri Guiram
Maji, Shri Panna Lal
Majumdar, Shri Apurba Lal
Majumdar, Shri Dilip Kumar
Majumdar, Shri Harendra Nath
Majumder, Shri Jagannath
Malakar, Shri Ajoy
Mandal, Shri Kalipada
Mandal, Shri Kumud Ranjan
Mandal, Shri Rabin
Mandal, Shri Siddheswar
Mitra, Shri Chandipada
Mitra, Shri Haridas
Mitra, Shrimati Ila
Mitra, Shri Sunil Kumar
Mondal, Shri Manindra Chandra
Mondal, Shri Sasanka Sekhar
Mondal, Shri Tinkari
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Jayati Prasanna
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Mukhopadhyay, Shri Ajoy Kumar
Mukhopadhyay, Shrimati Geeta
Murmu, Shri Nathaniel
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Sundar Kumar
Noney, Shri W. H.
Noronha, Shri Clifford
Nuhul Islam, Shri
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammed
Ojha, Shri Samarendra
Pahari, Shri Bibhuti
Pal, Shri Kanai

Panda, Shri Bhupal Chandra
Pramanick, Shri Gangadhar
Pramanik, Shri Radhikanath
Pramanik, Shri Rajani Kanta
Purkait, Shri Prabodh
Rai, Shri Deoprokash
Roy, Shri Amalendru Lal
Roy, Shri Haradhan
Roy, Shri Jagadananda
Roy, Shri Jyotish
Roy, Dr. Narayan Chandra
Roy, Shri Phakir Chandra
Roy, Shri Provash Chandra
Roy Barman, Shri Khiti Bhusan
Roy Prodhan, Shri Amarendra Nath
Saha, Shri Kripasindhu
Saha, Shri Madan Mohan
Samanta, Shri Gouranga
Sanyal, Shri Mani
Sanyal, Dr. Nalinaksha
Sarkar, Shri Charu Mihir
Sarkar, Shri Nitaipada
Sen, Shri Jamini Ranjan
Sen, Shri Lakshmi Charan
Sen, Dr. Sadhan Kumar
Sen Gupta, Shri Niranjan
Sen Gupta, Shri Tarun Kumar
Shish Mahammad, Shri
Tah, Shri Dasarathi

NOES—94

Abdul Gaffar, Shri Quazi
Abdul Latif, Shri
Abdullah, Shri S. M.
Abdus Sattar, Shri
Abul Barkat Atwal Ghani Khan Chaudhury, Shri
Ahmad Hossain Mondal, Shri
Azizur Rahaman, Shri
Bagchi, Shri Amalendu Kumar
Banerjee, Shri Mrityunjoy
Barman, Shri Syama Prasad
Bauri, Shri Satish Chandra
Beri, Shri Dayaram
Bhattacharjee, Shri Golokesh
Bhattacharyya, Shri Sreepada
Bhuniya, Shri Nitya Nanda
Bishayee, Shri Paramananda
Bose, Shri Maharaja
Brahmachari, Shri Bholanath
Chalak, Shri Kali Kinkar
Chattopadhyay, Shri Benoy Kumar
Chattopadhyay, Shri Brindabon
Chaudhuri, Shri Narayan Chandra
Chaudhury, Dr. Sashi Bhusan
Chunder, Dr. Pratap Chandra
Das, Shri Makhan Lal

Das Gupta, Shri Khagendra Nath
Dhibar, Shri Pramathanath
Dolai, Shri Rajani Kanta
Dutta, Shrimati Sudharani
Fazlur Rahaman, Shri S. M.
Ghatak, Shri Shibdas
Ghosh Choudhury, Dr. Ranjit
Goswami, Shri Paresh Chandra
Gurung, Shri Krishna Bahadur
Haldar, Shri Nalini Kanta
Halder, Shri Adhar Chandra
Hazra, Shri Santimoy
Jalan, Shri Iswardas
Jash, Shri Sristhidhar
Karam Hossain, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Kolay, Shri Jagannath
Kundu, Shri Rajnarayan
Lakra, Shri Denis
Mahato, Shri Ramkrishna
Maiti Shrimaiti Abha
Majumdar, Shri Byomkes
Mandal, Shri Prabhakar
Md. Fazle Hoque, Shri
Misra, Shri Sourindra Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Shri Dwijendranath
Mitra, Dr. Gopika Ranjan
Mitra, Shri Satyanarayan
Mohammad Sayeed Mia, Shri
Mohammed Israil, Shri
Mondal, Shri Girindra
Mondal, Shri Haradhan
Mondal, Shri Sudhir Kumar
Mukhapadhyay, Shrimati Purabi
Mukherjee, Shri Brajabilash
Mukherjee, Shri Saila Kumar
Mukhopadhyay, Shri Pasupati
Murmu, Shri Boila
Nag, Dr. Gopal Das
Nahar, Shri Bijoy Singh
Nandy, Shri Sachindra Mohan
Nuran Nabi, Shri T. A.
Paul, Shri Balai Bhusan
Paul, Shri Sushil Kumar
Poddar, Shri Rajendra Kumar
Pradhan, Shri Trailokyanath
Pramanik, Shri Puranjoy
Prasad, Shri Shiromani
Roy, Shri Gonesh Prosad
Roy, Dr. Indrajit
Roy, Shri Krishnadas
Roy, Shri Santosh Kumar
Roy, Shri Suvendu
Saha, Shri Kanai (Bankura)
Saren, Shri Mangal Chandra
Sasmal, Shri Bankim Chandra

Sattar, Shrimati Nurunnesa
Sen Ishore, Shri Sankar
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsuddin Ahmed, Shri
Shukla, Shri Krishna Kumar
Sinha, Shri Debendra Nath
Sinha, Shri Sripati
Tar, Shri Mati Ranjan
Topna, Shri Anotoni
Upadhyay, Shri Mihir
Zainal Abedin, Dr.

The Ayes being 129 and the Noes 94, the motion was carried.

Adjournment

The House was then adjourned at 7-24 p.m. till 1 p.m. on Tuesday, the 18th July, 1967, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta on Tuesday, the 18th July, 1967, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri) BEJOY KUMAR BANERIEE) in the Chair, 18 Ministers and 240 Members.

STARRED QUESTIONS TO WHICH ORAL ANSWERS WERE GIVEN.

[1—1-10 p.m.]

Murder, arson, etc., in Naxalbari, Khoribari and Phansidewa police-stations, Darjeeling

***99.** (Admitted question No. *159.) **Shri Arun Kumar Moitra:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state in respect of Naxalbari, Khoribari and Phansidewa police-stations in the Darjeeling district—

(a) the number of cases of (i) Forcible occupation of land, (ii) Looting of paddy and property, (iii) Murder, arson, kidnapping recorded in police-stations during the period 3rd March to 19th June, 1967;

(b) the number of cases where police protection was sought for prior to the abovementioned incidents; and

(c) in how many cases steps were taken by police to punish the offenders?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: (এ) (ক) ৫৮, (খ) ৩০, (গ) হত্যার অভিযোগে ২টি। অগ্নিসংযোগের কোন অভিযোগ নাই। অপহরণের অভিযোগ ১টি।

(বি) কোন ঘটনারই পূর্বে পুলিশের সাহায্য চাওয়া হয় নাই।

(সি) প্রত্যেকটি কেসেই পুলিশ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়াছে।

ডাঃ জয়নাল আবেদীন: মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কি জানাবেন (বি)-র উত্তরে বলেছেন কোন পুলিশ প্রোটেকশন চাওয়া হয় নি, এ সম্বন্ধে আমাদের যে তথ্য আছে তাতে বহু ক্ষেত্রে প্রোটেকশন চাওয়া হয়েছে এবং খরচ দেওয়া হয়েছে এ ঘটনা ঘটতে চলেছে এ সম্বন্ধে তিনি **ক্যাটিগরিক্যালি নো বলেছেন। এ সম্বন্ধে কিছু আলোকপাত করতে পারবেন কি?**

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: প্রশ্নটা ৩০এ মার্চ থেকে ২৯এ জুন পর্যন্ত ছিল।

শ্রীহরপ্রসাদ চট্টোপাধ্যায়: সরকারের ভেস্টেড জমি যা আছে তার মধ্যে কত জমি চা-বাগানের মালিকরা অধিকার করে আছে বলতে পারবেন কি?

Mr. Speaker: This question does not arise.

শ্রীনারায়ণ চৌধুরী: আপনি কি বলতে পারবেন প্রতিরোধ বাহিনীর হাতে কতজন কৃষক মারা গেছে?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: এ সময়ের মধ্যে কোন প্রতিরোধ বাহিনী ছিল না।

শ্রীনারায়ণ চৌধুরী: এর পর যখন গঠিত হল তখন কতজন কৃষক পুলিশ ও প্রতিরোধ বাহিনীর হাতে মারা গেছে?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: প্রশ্ন করলে বলতে পারব।

শ্রীমহম্মদ ইসরাইল: ফিফটি-এইট ফোরসিবল অকুপেশন অফ মেন, এটা কি সত্য যে, ছোট ছোট মালিকদের জমি ফোরসিবলি অকুপাই করা হয়েছে?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: হ্যাঁ।

ডাঃ গোপিকারঞ্জন মিত্র: পুলিশ যথাযথ ব্যবস্থা অবলম্বন করেছেন, সে সম্বন্ধে আলোক-পাত করবেন কি?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: এটা যে তারিখ পর্যন্ত দিয়েছে তার পর হলে বলতে পারব আপ-টু-ডেট হলে। এটা আপ-টু-ডেট নয়, ১৯এ জুন পর্যন্ত প্রশ্ন।

শ্রীগোপিকারঞ্জন মিত্র: আপনি কি বলবেন থার্ড মার্চ থেকে ১৯এ জুন পর্যন্ত যেসমস্ত ঘটনা ঘটেছিল তার সম্বন্ধে পুলিশ কি ব্যবস্থা অবলম্বন করেছে?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: পুলিশ যেখানে খবর পেয়েছে সেখানে তদন্ত করেছে, কিছু গ্রেপ্তার করেছে।

শ্রীপ্রমথনাথ ধীবর: আপনি কি জানাবেন, এই অঞ্চলে যাঁরা নেতৃত্ব দিচ্ছেন তাঁদের মধ্যে বড় জোতদার ক'জন আছেন?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: কেউ কেউ বড় জোতদার আছে।

শ্রীহারাধন মণ্ডল: তিনি জানেন কি না প্রতিরক্ষা বাহিনীর হাতে কতজন কৃষক মরেছে?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: পুলিশের রিপোর্টের মধ্যে কোন প্রতিরক্ষা বাহিনীর খবর ছিল না।

শ্রীহারাধন মণ্ডল: সেখানে যে প্রতিরোধ বাহিনী গড়ে উঠেছে সেটা কাদের দ্বারা গড়ে উঠেছে?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: সে খবর জানি না।

ডাঃ জয়নাল আবেদীন: পুলিশ যে ব্যবস্থা গ্রহণ করেছে সেটা ভারতীয় দণ্ডবিধির ধারা অনুসারে করেছে না কি কেবিনেটএর স্পেশ্যাল ইন্সট্রাকশনে করেছে।

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: দণ্ডবিধির ধারা অনুসারে।

শ্রীপ্রভাস রায়: যে প্রতিরোধ বাহিনী হয়েছে তার মধ্যে তারা জোতদার বাহিনী বলেই স্থানীয় হিসাবে কাজ করছেন কিনা?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: ১৯এ জুনের মধ্যে কোন খবর পাই নি।

শ্রীমহম্মদ ইসরাইল: এই পিরিয়ড-এর মধ্যে পুলিশকে কি নিষ্ক্রিয় করে রাখা হয়েছিল **একথা সত্য?**

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: না।

শ্রীহরেন্দ্রনাথ মজুমদার: ১৯এ জুনের মধ্যে কত লোক অ্যারেস্টেড হয়েছে এবং কতজন জামিনে আছে?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: বলতে পারব না।

শ্রীপ্রমথনাথ ধীবর: এটা যখন প্রথম শুরু হয়েছিল তখন কোন পুলিশ অ্যাকশন নেওয়া হয়েছিল কিনা?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: পুলিশ যখন খবর পেয়েছে যাকে পেয়েছে তাকে গ্রেপ্তার করেছে।

শ্রীআব্দুস সত্তার: পুলিশের প্রোটেকশন চেয়ে কৃষকরা কোন দরখাস্ত করেছিল কিনা এবং তারা কোন প্রোটেকশন পেয়েছিল কিনা?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: প্রশ্ন করলে জবাব দেব।

ডাঃ জয়নাল আবেদীন: আপনি বলেছেন ৫৮টা ক্ষেত্রে ফোর্সিবল অকুপেশন করে জমি জোর করে দখল করে নিয়েছে তাদের পুলিশ গিয়ে তাড়িয়ে দিয়েছে, এটা কি সত্য?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: ১৯এ জুন পর্যন্ত প্রশ্ন আছে।

শ্রীপ্রভাস রায়: পুলিশের গুলীতে কতজন কৃষক, মহিলা, পুরুষ ও শিশু মারা গেছে?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: জানি না।

"Gheraos" since 2nd March, 1967

***109.** (Admitted question No. *295.) **Shri Puranjoy Pramanik:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) how many cases of "Gheraos" of officers and managements by workers have occurred in different parts of West Bengal from 2nd March, 1967, up to date and durations thereof in each case;

(b) in how many cases Government intervention was sought by or on behalf of the persons confined for their release from confinement; and

(c) in how many cases prior notice was given by the workers before such actions were taken by them?

Shri Ajoy Kumar Mukhopadhyay: (a) From March, 1967 to the end of June, 1967 there were 413 cases of "gheraos" in the districts of West Bengal. In Calcutta and its suburbs there were 145 cases of "gheraos" during March, April and May, 1967. The duration of "gheraos" varied from one hour to six days.

(b) and (c) Information is not available.

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: এই ঘেরাওটা কি ইন্ডিয়ান পেনাল কোডএর ৩৪২ ধারা অনুসারে বে-আইনী না?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: এটা হাইকোর্টের বিচারাধীন আছে বলে বিশেষ কিছু বলতে পারব না।

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: আপনি কি জানাবেন, এই ঘেরাওটা আইনসঙ্গত কিনা?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: এটা আইনসঙ্গত কিনা হাইকোর্টে বিচারাধীন আছে।

Mr. Speaker: The matter is sub-judice. Further question will not be allowed.

Shri Abdus Sattar: Whether the Advocate-General has opined to the fact that "gherao" is an offence under the Indian Penal Code?

Shri Ajoy Kumar Mukhopadhyay: Whether "gherao" is an offence or not is a matter which is sub-judice under the High Court. I cannot answer now.

এ বিষয় আর বেশি কিছু বলতে পারব না।

[1-10—1-20 p.m.]

Mr. Speaker: Please don't force the Minister when he says that it is sub-judice. If the Hon'ble Minister says that it is sub-judice, how can I force him to say?

শ্রী শ্রীপদ ভট্টাচার্য: মাননীয় মন্ত্রিমহাশয় কি দয়া করে বলবেন, এই অ্যাডভোকেট-জেনারেল, ওয়েস্ট বেঙ্গল, তাঁর ওপিনিয়ন কি তিনি পেয়েছেন এই ঘেরাও সম্বন্ধে?

Mr. Speaker: He is not bound to answer that question. He is permitted under the rules.

Shri Abdus Sattar: Whether 'Gherao' is an offence or not according to the opinion of the Advocate-General?

(No reply)

শ্রীনারায়ণ চৌবে: প্রশ্নে আছে ওয়ার্কাসরা কবার ঘেরাও করেছে মালিকদের। মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন মালিকের গুন্ডারা ওয়ার্কাসদের কতবার ঘেরাও করেছে?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: নোটিস চাই।

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়: অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, স্যার, আমার পয়েন্ট অব প্রিভিলেজ হচ্ছে এই, আমাদের এখান থেকে জিজ্ঞাসা করা হয়েছে অ্যাডভোকেট-জেনারেলের ওপিনিয়ন কি ছিল। আপনি তাতে রুলিং দিচ্ছেন যে এটা সাব-জুডিস বলে বলা যাবে না। অ্যাডভোকেট-জেনারেল আমাদের সরকারের একজন কর্মচারী পর্যায়ের লোক। কাজেই তিনি তাঁর সরকারকে কি উপদেশ দিয়েছেন সেটা সাব-জুডিস ম্যাটারের মধ্যে পড়বে কেন?
It is the opinion of an officer and we have right to know the opinion of that officer and it cannot be part and parcel of that sub-judice.

শ্রীসোমনাথ লাহিড়ী: উনি বললেন আপনি তার রুলিং দিয়েছেন। আপনি রুলিং দিয়েছেন তার বিরুদ্ধে উনি পয়েন্ট অব প্রিভিলেজ তুলছেন। অতএব আমার বক্তব্য হচ্ছে এই যে স্পীকারের রুলিংএর বিরুদ্ধে কোন পয়েন্ট অব প্রিভিলেজ হয় না।

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়: পয়েন্ট অব প্রিভিলেজ রিকনসিডার করে সব সময় রুলিং রিকনসিডার করার জন্য বলার অধিকার যে কোন সদস্যেরই আছে।

শ্রীসোমনাথ লাহিড়ী: এইরকম কোন অধিকার আমাদের নিয়মে নেই। স্পীকারের কাছে তিনি নিবেদন করতে পারেন যে, আপনার রুলিং বিবেচনা করুন। কিন্তু পয়েন্ট অব প্রিভি-লেজ স্পীকারের রুলিংএর বিরুদ্ধে কোন আইনে হয়েছে আপনি দেখালে সুখী হব।

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আপনার রুলিং দিন। আমি এই সম্পর্কে আপনার রুলিং চাইছি। সাবজেক্ট ম্যাটার ঘেরাও, যেটা সাব-জুডিস বলে সমস্ত প্রশ্নটা সরকার পক্ষ এড়িয়ে যাচ্ছেন। আমাদের সাইডের সদস্যরা এই সম্পর্কে একটিমাত্র প্রশ্ন করেছিলেন। অ্যাডভোকেট-জেনারেলের ওপিনিয়ন সাব-জুডিস কি করে হবে? ঘেরাওয়ের প্রশ্নটা সাব-জুডিস হতে পারে। অ্যাডভোকেট-জেনারেল আমাদের একজন অফিসার সরকারের কাছে এবং তিনি এই সরকারের একজন কর্মচারী পর্যায়ের ব্যক্তি। কাজেই আমাদের একজন অফিসার হিসাবে তিনি তাঁর সরকারকে যে উপদেশ দিয়েছেন, যে লিগ্যাল ওপিনিয়ন দিয়েছেন, সেটার সম্পর্কে আমরা জিজ্ঞাসা করেছি। কাজেই কোর্টের বিষয়বস্তু এর ভিতর জিজ্ঞাসা করা হয় নি।

শ্রীজ্যোতি বসু: স্পীকার মহাশয়, আমি একটি কথা আপনাকে বলছি, এই বিষয়টি সম্বন্ধে আমি জানি না আপনি রুলিং দেবেন কিনা, যদি রুলিং দেন তার আগে আমার একটা নিবেদন আছে। সেটা হচ্ছে এই, শ্রীমতী পূরবী মুখার্জি, আমি ভেবেছিলাম তিনি এখানে বেশ কিছুদিন আছেন, কিছু নিয়মকানুন জানেন।

আমি যেটা বলছিলাম যে, নিয়ম হচ্ছে সাব-জুডিস কেসএ কোর্টে যদি কোন কিছু বিচারাধীন বিষয়বস্তু থাকে সেখানে আমাদের অফিসার হোক গভর্নর হোক বা মিনিস্টার হোক সেই ব্যাপার এখানে আলোচনা হতে পারে না, এই হচ্ছে নিয়ম এবং এর বাইরে আপনার কোন ক্ষমতা নেই রুলিং দেবার।

Mr. Speaker: I will not allow any discussion on this point of order or privilege.

শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্ত: আমি পরিষ্কার রুলিং চেয়েছি, যে ওপিনিয়ন অ্যাডভোকেট-জেনারেল দিয়েছেন সেই ওপিনিয়ন সাব-জুডিস কিনা, এই রুলিং আপনার কাছে চাইছি।

Mr. Speaker: On a point of privilege that is raised every honourable member has got the right to explain the privilege or to support that privilege. But I do not allow that supplementary question as to what the opinion of the Advocate-General is only because that question is not relevant for the purpose. So no supplementary was allowed. Secondly, when an Hon'ble Minister submits that this matter is sub-judice in a court of law beyond that I cannot allow any question to be put as supplementary unless I know what that case is and whether it has got any bearing with the present case or not. Therefore, I rule that it is out of order.

Shri Saila Kumar Mukherjee: Will the Hon'ble Minister be pleased to state in how many cases the Court has asked the police to take action against 'Gherao' and release the officers?

Shri Ajoy Kumar Mukhopadhyay: I want notice.

ডাঃ জয়নাল আবেদিন: মুখ্যমন্ত্রী কি বলবেন যে, '৬৭ সালের ২রা মার্চের পর ঘেরাও-এর প্রাদুর্ভাব ব্যাপকভাবে বেড়ে গেছে?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: আমি যেটা সংখ্যা দিয়েছি কিরকম বেড়েছে বলতে পারি না।

ডাঃ জয়নাল আবেদিন: মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে, আপনার মন্ত্রিসভার দায়িত্বশীল সদস্যরা এই ঘেরাওয়ের প্ররোচনা দিচ্ছেন?

Mr. Speaker: The question is not allowed.

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: না।

[1-20—1-30 p.m.]

River dacoity in Sundarban areas

***110.** (Admitted question No. *327.)

শ্রীগিরীন্দ্রনাথ মণ্ডল: স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত তিন বছরে সুন্দরবনের মধ্যে কতগুলি নৌ-ডাকাতি হইয়াছে এবং পাকিস্তানী জলদস্যুরা কতগুলি ভারতীয় নৌকা পাকিস্তানে টানিয়া লইয়া গিয়াছে;

(খ) পাকিস্তান সীমান্ত সুন্দরবনে জলদস্যুদের হাত হইতে গরীব ভারতীয় মাঝিদের রক্ষার জন্য কোন সুষ্ঠু ব্যবস্থা আছে কিনা; এবং

(গ) সুন্দরবনের রিজার্ভ ফরেস্টের মধ্যে পাহারা দিবার জন্য আদৌ কোন ভ্রাম্যমাণ পুলিশ লঞ্চ আছে কিনা?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: ১৯৬৪, ১৯৬৫ এবং ১৯৬৬ সালে মোট ৬টি নৌ-ডাকাতি হইয়াছে এবং ৫টি নৌকা পাকিস্তানীরা লইয়া গিয়াছে।

(খ) এবং (গ) হ্যাঁ।

শ্রীভোলানাথ ব্রহ্মচারী: মুখ্যমন্ত্রী মহাশয় কি অবগত আছেন, সুন্দরবন এলাকায় বাসন্তী থানার উপেন সরকারের মাছের নৌকায় ডাকাতি হবার পর পুলিশ মহলে ও বর্ডার আই-জি'র কাছে এই সম্পর্কে সাহায্য চাওয়া হয়েছিল?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: নোটিস দিলে বলতে পারব।

শ্রীভোলানাথ ব্রহ্মচারী: ঐ বাসন্তী থানার ও হেড়োভাঙ্গার অধিবাসীরা কি আপনাদের এই প্রতিশ্রুতি দিয়েছিল যে তাদের মাছের নৌকায় সশস্ত্র পুলিশ দিলে তারা পাকিস্তানী ডাকাতদের ধরিয়ে দেবে?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: নোটিস না পেলে এইরকম প্রশ্নের উত্তর দেওয়া যায় না।

শ্রীকৃষ্ণকুমার শুক্লা: মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় (ক) প্রশ্নের উত্তরে বলেছেন হ্যাঁ; তিনি কি দয়া করে জানিয়ে দেবেন কি সুষ্ঠু ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: সুন্দরবন এলাকায় নৌ-ডাকাতি হইতে সম্পত্তি রক্ষা করার জন্য নিম্নলিখিত স্থানগুলিতে বিশেষ ভ্রাম্যমাণ আরক্ষা শিবির স্থাপন করা হয়েছে, যথা (১) দেরিয়া, (২) গোপালপুর (থানা ক্যানিং), (৩) চরলখালি , (৪) ভারতগড় (বাসন্তী থানা), (৫) দউলবাড়ি, (৬) ভুবনেশ্বর, (৭) নলগড় (কুলতলি থানা), (৮) রাইদিঘি (মথুরাপুর থানা (৯) গোসাবা, (১০) সন্দেশখালি এবং হাসনাবাদ প্রভৃতি স্থানগুলিতে অপরাধ নিবারণকল্পে আরক্ষা বাহিনী মধ্যে মধ্যে নিযুক্ত করা হয়। ইহা ছাড়া উচ্চপদস্থ পুলিশ কর্মচারিগণ ও সুন্দরবন এলাকা পরিদর্শন করে থাকেন। অপরাধ নিবারক টহলদারী বাহিনী দ্বারা সুন্দরবন এলাকার নদীপথগুলিতে অনেক লঞ্চ ব্যবহার করা হয়। অপরাধ নিবারক টহলদারী কার্যের তত্ত্বাবধানের নিমিত্ত উচ্চপদস্থ পুলিশ কর্মচারিগণও সুন্দরবন এলাকা পরিদর্শন করে থাকেন।

শ্রীকৃষ্ণকুমার শুক্লা: এই ব্যবস্থা কবে থেকে গ্রহণ করা হয়েছে?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: তারিখ বলতে পারব না। তবে এখনও সেই ব্যবস্থা বলবৎ আছে।

শ্রীকৃষ্ণকুমার শুক্লা: মুখ্যমন্ত্রী জানাবেন কি, গত চার মাসের মধ্যে পাকিস্তানী জলদস্যুরা ভারতীয় নাগরিকদের কতবার আক্রমণ করেছে বা ডাকাতি করেছে?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: গত তিন বছরের মোট সংখ্যা তো আগেই বলেছি। গত চার মাসের সংখ্যা ভেঙ্গে ভেঙ্গে বলতে পারব না।

শ্রীনিতাইপদ সরকার: মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলবেন কি, ঐ ভোলানাথ ব্রহ্মচারী ও গিরীন্দ্রনাথ মণ্ডলের সঙ্গে পাকিস্তানী ডাকাতদের কোন যোগাযোগ আছে কিনা?

Mr. Speaker: This question is disallowed.

ডাঃ রঞ্জিত ঘোষচৌধুরী: ঐ যে পাকিস্তানী জলদস্যুরা এসেছিল তাদের পাকিস্তানী পতাকার সঙ্গে কাস্তে-হাতুড়ি মার্কা পতাকাও ছিল কিনা?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: তা জানা নাই।

শ্রীভোলানাথ ব্রহ্মচারী: মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, এই পাকিস্তানী জলদস্যুদের ধরিয়ে দেবার জন্য একটা সুস্পষ্ট প্রস্তাব বর্ডার আই জি ও পুলিশের কাছে দেওয়া হয়েছিল এই মর্মে যে, তাঁরা যদি সশস্ত্র পুলিশ দেন, তাহলে পাকিস্তানী ডাকাতদের ধরিয়ে দেওয়া যেতে পারে—এই সংবাদ আপনি রাখেন কি?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: এ সংবাদ আমার জানা নাই।

Seizure of fire arms in Indo-Pak conflict

***114.** (Admitted question No. *372.)

শ্রীআহমদ হোসেন মণ্ডল: স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত পাক-ভারত যুদ্ধের সময় পশ্চিমবঙ্গে সংখ্যালঘু মুসলমান নাগরিকগণের নিকট হইতে মোট কতগুলি বন্দুক সীজ করা হইয়াছিল;

(খ) অদ্যাবধি ঐরূপ সীজ করা বন্দুক কতগুলি ফেরত দেওয়া হইয়াছে এবং কতগুলি হয় নাই;

(গ) হাওড়া জেলার সংখ্যালঘু মুসলমান নাগরিকগণের নিকট হইতে কতগুলি বন্দুক সীজ করা হইয়াছিল; এবং

(ঘ) অদ্যাবধি ঐ জেলায় ঐরূপ সীজ করা বন্দুক কতগুলি ফেরত দেওয়া হইয়াছে এবং কতগুলি হয় নাই?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ (ক), (খ), (গ), (ঘ) প্রয়োজনীয় তথ্য সম্বলিত একটি বিবরণী সঙ্গে যুক্ত হইল।

Statement referred to in reply to clauses (ka), (kha), (ga) and (gha) of starred question No. 114.

জেলা	গত পাক-ভারত যুদ্ধের সময় পশ্চিমবংগে সংখ্যালঘু মুসলমান নাগরিকদের নিকট হইতে মোট কতগুলি বন্দুক সীজ করা হইয়াছিল?	অদ্যাবধি ঐরূপ সীজ করা বন্দুক	
		কতগুলি ফেরৎ দেওয়া হইয়াছে এবং	কতগুলি হয় নাই।
বাঁকুড়া	১৪৪	১৪৪	..
বীরভূম	৪	৪	.
বর্ধমান	৪৩	৪৩	.
কলিকাতা	একটিও না	..	..
কোচবিহার	৯১	৮৬	৫
দার্জিলিং	৪	..	৪
হুগলী	৬	৬	..
হাওড়া	৯০	৭৬	১৪
জলপাইগুড়ি	প্রয়োজনীয় তথ্য এখনও	পাওয়া যায় নাই।	
মালদা	২২	২১	১
মেদিনীপুর	১৫	১৫	.
মুর্শিদাবাদ	২	১	১
নদীয়া	একটিও না	..	..
পুরুলিয়া	৪৮	২৩	২৫
পশ্চিম দিনাজপুর ..	২০২	১৮১	২১
২৪ পরগনা	২০৭	১৩১	৭৬

শ্রীহারাধন রায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, পাক-ভারত যুদ্ধের সময়, তৎকালীন কংগ্রেস সরকার যাদের বন্দুক সীজ করেছিলেন, যেহেতু তারা মুসলিম, সেইজন্য তাদের বন্দুক সীজ করা হয়েছিল কিনা?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ সেটা পূর্ববর্তী মন্ত্রীরা বলতে পারবেন।

শ্রীআহমাদ হোসেন মণ্ডলঃ হাওড়া জেলায় যে ১৪টি বন্দুক ফেরৎ দিতে বাকি আছে, সেই ১৪টি বন্দুক ফেরত দেবার সম্পর্কে বর্তমান সরকার কি ব্যবস্থা অবলম্বন করেছেন, জানাবেন কি?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ কয়েকটি ক্ষেত্রে সরকারের কাছে অ্যাপীল আছে আর কয়েকটি অগ্রাহ্য হয়ে গিয়েছে। ঠিক কয়টি, কয়টি তা আমি বলতে পারব না।

শ্রীমহারাজা বোসঃ পশ্চিম দিনাজপুরে যে ২১টি বন্দুক ফেরত দেওয়া হয় নি, সেগুলি ফেরত দেওয়া সম্বন্ধে বর্তমান সরকার বিবেচনা করছেন কি?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ সেগুলি ফেরত দেওয়া হবে বলে আমার মনে হয় না।

শ্রীহারাধন রায়ঃ তৎকালীন কংগ্রেস সরকার যেভাবে সংখ্যালঘু সম্প্রদায় মুসলিমদের বন্দুক সীজ করেছিলেন, তাঁদের সেই দৃষ্টিভঙ্গি ঠিক ছিল কিনা এবং এ সম্বন্ধে মন্ত্রিমহাশয় একমত কিনা?

মিঃ স্পীকারঃ এই কোয়েশ্চেন অ্যারাইজ করে না।

শ্রীআবদুল লতিফঃ পুরুলিয়া জেলায় যে বন্দুকগুলি সীজ করা হয়েছে, সেগুলি ফেরত দেওয়া হচ্ছে না কেন?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ ওখানে ৩৮টি সীজ করা হয়েছিল, তার মধ্যে ২৩টি ফেরত দেওয়া হয়ে গিয়েছে, আর ১৫টি এখনও বাকি আছে।

শ্রীআহমদ হোসেন মণ্ডলঃ যুক্তফ্রন্ট সরকারের আমলে, গত মার্চ থেকে আজ অবধি সীজ করা বন্দুকের মধ্যে কতগুলি ফেরত দেওয়া হয়েছে?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ প্রশ্ন করলে জবাব দেব।

শ্রীশ্যামসুদ্দিন আহমেদঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, যে হুগলি জেলায় যে বন্দুকগুলি ফেরত দেওয়া হচ্ছে না, তা কেন হচ্ছে না?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ ওখানে কতকগুলি বন্দুক আগেই ফেরত দেওয়া হয়ে গিয়েছে। আর কতকগুলি সম্বন্ধে সরকার মনে করেছেন যে, এগুলি ফেরত দেওয়া উচিত নয়, তাই সেগুলি রেখে দিয়েছেন।

শ্রীশ্যামসুদ্দিন আহমেদঃ আর একবার এগুলি পুনর্বিবেচনা করে দেখবেন কি যে, এগুলি ফেরত দেওয়া যায় কিনা?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ দরখাস্ত করলে বিবেচনা করে দেখা যাবে।

ডাঃ নলিনাক্ষ সান্যালঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে, এগুলির মধ্যে অনেকগুলি অকেজো বন্দুক আছে এবং তা ফেরত দিলেও কাজে লাগবে না?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ আমার জানা নেই।

শ্রীশীশ মহাম্মাদঃ ইন্ডো-পাক সংঘর্ষের সময় মুসলিমদের যে বন্দুকগুলি সীজ করা হয়েছিল তা কি কারণের জন্য করা হয়েছিল মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ যাঁরা করেছিলেন তাঁরা এখন নেই, তাঁরা জানেন।

শ্রীপান্নালাল মাঝিঃ এই যে দেখছি হুগলিতে ৬টি এবং হাওড়া জেলায় ৯০টি বন্দুক সীজ করা হয়েছিল—হুগলি জেলাতে ঐ ৬টিই কি মুসলমানদের বন্দুক?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ হ্যাঁ। হুগলি জেলাতে ছয়টি ধরা হয়েছিল এবং ছয়টিই ফেরত দেওয়া হয়েছে।

[1-30—1-40 p.m.]

Actions for maintenance of peace

***127.** (Admitted question No. *297.)

শ্রীপুরঞ্জয় প্রামাণিকঃ স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে যুক্তফ্রন্ট সরকার গঠিত হওয়ার পর হইতে রাজ্যের বিভিন্ন স্থানে আইন ও শৃঙ্খলা রক্ষার জন্য সরকার অদ্যতক্ কোন্ কোন্ স্থানে কতবার কাঁদুনে গ্যাস প্রয়োগ ও গুলীচালনা করিতে বাধ্য হইয়াছেন; এবং

(খ) গুলীচালনার ফলে কোন্ কোন্ স্থানে কতজনের মৃত্যু হইয়াছে?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ (ক) ও (খ) এ সম্পর্কে একটি বিবরণী প্রদত্ত হইল।

*২৯৭ প্রশ্নের (ক) ও (খ) অংশের উত্তর।

১ স্থানের নাম	২ গুলি চালনা	৩ নিহতের সংখ্যা
কলিকাতা	৫টি ক্ষেত্রে	৯ জন
ভদ্রেশ্বর থানা	১টি ক্ষেত্রে	..
খাপা মাঠ পুকুর	১টি ক্ষেত্রে	..
শ্যামবাজার টি. ও. পি শান্তিপুর	১টি ক্ষেত্রে	১ জন
জোকাবার	১টি ক্ষেত্রে	..
বৈদ্যনাথঘাট	১টি ক্ষেত্রে	..
প্রসাদজোতি	১টি ক্ষেত্রে	১০ জন
রানাঘাট জি. আর. পি.	১টি ক্ষেত্রে	১ জন
রানাঘাট রেল ষ্টেশন প্ল্যাটফরম	১টি ক্ষেত্রে	২ জন

স্থানের নাম	কতবার কাঁদানে গ্যাস প্রযোগ করা হইয়াছে।
কলিকাতা	৭টি ক্ষেত্রে
শক্তিনগর, কোতোয়ালী থানা, নদীয়া	১টি ক্ষেত্রে
বড়গাছিয়া থানা, হাওড়া	১টি ক্ষেত্রে
রানাঘাট বেলওয়ে ষ্টেশন জি. আর. পি. শিয়ালদহ	১টি ক্ষেত্রে
আনন্দমার্গ আশ্রম, জয়পুর থানা, পুরুলিয়া	১টি ক্ষেত্রে

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যারা নিহত হয়েছে তার মধ্যে শিশু এবং নারী কতজন?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: শিশু ২ জন, নারী ৭ জন।

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, কিছুদিন আগে তাঁরা ঘোষণা করেছিলেন যে, যুক্তফ্রন্ট সরকারের আমলে কোন শিশু এবং নারী হত্যা হবে না, একথা ঠিক কিনা?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: কবে ঘোষণা করেছিলাম দেখাবেন কি?

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই যে কাঁদুনে গ্যাসের যে হিসাব দিয়েছেন সেটা সম্প্রতি কলকাতার ফুটবল ময়দানে যে কাঁদুনে গ্যাস ব্যবহার করা হয়েছিল সেটা এর সঙ্গে যুক্ত করা হয়েছে কিনা?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: সারা বাংলায় যেখনে যা হয়েছে তার হিসাব দেওয়া হয়েছে।

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, কোন্ কোন্ জায়গায় কাঁদুনে গ্যাস ব্যবহার করা হয়েছিল?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: কলকাতায় ৭টি ক্ষেত্রে শক্তিনগরে ১টি ক্ষেত্রে বড়গাছিয়ার একটি ক্ষেত্রে রানাঘাটে একটি ক্ষেত্রে আনন্দমার্গ আশ্রমে একটি ক্ষেত্রে মোট ১১টি ক্ষেত্রে।

ডাঃ গোপিকারঞ্জন মিত্র: মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন এই যে ২১টি জায়গায় গুলী চলল এর মধ্যে কতগুলিতে জুডিসিয়াল এনকোয়ারি হচ্ছে এবং কতগুলিতে ডিপার্টমেন্টাল এনকোয়ারি হচ্ছে?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: ২১টি নয়, ১৩টি।

ডাঃ গোপিকারঞ্জন মিত্র: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, গত মার্চ মাস থেকে জুনের শেষ পর্যন্ত কতজন আহত হয়েছে, কতজন গুলীতে মরেছে, কতবার টিয়ার গ্যাসিং হয়েছে এবং কতজন জেলে গিয়েছে?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: নূতন করে প্রশ্ন দিলে উত্তর দেব।

ডাঃ গোপিকারঞ্জন মিত্র: যেসব জায়গায় গুলী চালানো হয়েছে তার মধ্যে কতগুলি জুডিসিয়াল এনকোয়ারি এবং কতগুলি ডিপার্টমেন্টাল এনকোয়ারি হচ্ছে?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: আমার যতদূর স্মরণ আছে শান্তিপুরে একটি এবং কলকাতায় ২টি বিচার বিভাগীয় তদন্ত করা হচ্ছে।

শ্রীভূপাল পাণ্ডা: মাননীয় মন্ত্রিমহাশয় কি বলতে পারবেন, এই গুলীচালনা বা টিয়ার গ্যাসিংএর ক্ষেত্রে যুক্তফ্রন্ট সরকার বিরোধী পক্ষের কত জায়গায় ষড়যন্ত্রমূলক ক্রিয়াকলাপের জন্য গুলী চালিয়েছেন?

মিঃ স্পীকার: এই প্রশ্ন উঠে না।

ডাঃ গোপিকারঞ্জন মিত্র: মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন, কতগুলি ক্ষেত্রে জুডিসিয়াল এনকোয়ারি হচ্ছে, আমার প্রশ্ন হচ্ছে সবগুলির ক্ষেত্রে জুডিসিয়াল এনকোয়ারি হওয়াতে আপত্তির কি আছে?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: সবগুলি হওয়ার প্রয়োজন মনে করিনি।

ডঃ প্রতাপচন্দ্র চন্দ্র: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যেক্ষেত্রে গুলী চলেছিল সে সম্পর্কে সরকারের কোন প্রেস-নোট বেরিয়েছিল কিনা?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: আমি ঠিক বলতে পারব না, কারণ অনেকগুলি তো।

ডঃ প্রতাপচন্দ্র চন্দ্র: প্রেস-নোট বেরিয়েছিল কিনা, কারণ অনেক সময় সংবাদপত্রে অনেক রকমের খবর বের হয়। সেগুলি সম্পর্কে সরকার কি কোন প্রেস-নোট বের করেছিলেন?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: কতগুলি বেরিয়েছিল কিন্তু ঠিক কটা বেরিয়েছিল তা বলতে পারব না।

শ্রীপরেশচন্দ্র গোস্বামী: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, যে জায়গায় গুলী চলেছিল সেখানে সরকারের অনুমোদন ছিল কিনা?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: সরকারের অনুমোদন নিয়ে গুলী চালাতে হয় না, সেখানে দায়িত্বপূর্ণ পদে যেসব অফিসার থাকেন, তাঁরা গুলী চালাবার নির্দেশ দেন।

Price of bread in Calcutta

***36.** (Admitted quest.on No. *93.) **Dr. Pratap Chandra Chunder:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state--

(a) whether the Government has any information as to the fact that bread is being sold in Calcutta at prices 50 per cent. higher than that fixed by the Government; and

(b) if so, what steps have been taken by the Government for enforcing of the controlled rates?

Dr. Prafulla Chandra Ghosh: (a) There is at present a shortage of bread in Calcutta, with occasional charging of prices higher than the controlled prices Those blackmarket prices have, however, not been as high as 50 per cent. more than the controlled prices.

(b) In order to check the sales of bread at a price higher than the price fixed by the Government the police has been alerted and the Enforcement Branch is maintaining strict watch over the bread dealers so that action can be taken on the basis of definite evidence. Frequent visits have also been made by the officers of this department to many of the bakeries and different shops of the market places in Calcutta have also been checked by them. Lists of shops suspected of selling bread at higher prices have been prepared and after a discussion with the Associations of the Bakeries it has been

decided to stop supply of bread to those shops by the bakeries. The following additional steps have been taken:

(i) Instructions have been issued to display the list of prices of bread fixed by the Government by all the shops and selling centres.

(ii) Wide publicity has also been given through newspapers and printed pamphlets issued by the bakeries requesting the customers not to pay higher prices.

Instructions are also being issued to the Bakeries Associations enjoining that their member bakeries must keep daily accounts of the quantities of bread sold to various retailers, names and particulars of the retailers and the prices charged from them. The accounts must be kept in proper registers to be maintained by the agents or linesmen of the bakeries concerned.

ডঃ প্রতাপচন্দ্র চন্দ্রঃ যে স্টেপগুলি নেওয়ার কথা বললেন কতগুলি ক্ষেত্রে এইরকম স্টেপ নেওয়া হয়েছে?

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ কতগুলি ক্ষেত্রে নেওয়া হয়েছে সে ফিগার আমার এখানে নেই, এখন বলতে পারব না।

ডঃ প্রতাপচন্দ্র চন্দ্রঃ আপনি বললেন যে, কতকগুলি জায়গায় ঐ দোকানে রুটি দেওয়া হচ্ছে না যারা বেশি দামে বিক্রি করছিল, আমার প্রশ্ন হচ্ছে তার বিকল্প কোন ব্যবস্থা করা হচ্ছে কিনা যাতে সাধারণ লোক ঐ এলাকায় রুটি কিনতে পারে?

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ বিকল্প ব্যবস্থার কথা এখনও ঠিক করি নি, তবে সুবিধামত হলে করা যাবে।

শ্রীমহম্মদ ইসরাইলঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে দাম ৫০ পার্সেন্ট এত বাড়ে নি, কত বেড়েছে বলবেন কি?

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ তার একটা লিস্ট আছে এবং হানড্রেড অ্যান্ড থার্টিন গ্রাম প্লেন রুটি ১৭ পয়সা কোন কোন জায়গায় প্রাইস অব ব্রেড টু বি সোল্ড ২০ পয়সা। যেখানে যেখানে ধরতে পারা গিয়েছে ১১৩ গ্রাম স্লাইস যেটা ১৮ পয়সা তার জায়গায় ২০ পয়সা, ২২৬ গ্রাম প্লেন যার ৩২ পয়সা দাম ধরা হয়েছে সেখানে আদায় করেছে ৪০ পয়সা, ২২৬ গ্রাম স্লাইস ৩৪ পয়সার জায়গায় ৪০ পয়সা, ৪৫২ গ্রাম ৬৪ পয়সার জায়গায় ৮০ পয়সা, ৪৫২ গ্রাম ৬৮ পয়সার জায়গায় ৮০ পয়সা, যেসব জায়গায় এগুলি ধরা গিয়েছে তাদের সম্বন্ধে স্টেপ নেওয়া হচ্ছে।

শ্রীনারায়ণচন্দ্র চৌধুরীঃ কোন অ্যারেস্ট করা হয়েছে কি এর জন্য?

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ এই ফিগার এখন ঠিক বলতে পারছি না, এই ফিগার পুলিস মন্ত্রি-মহাশয় বলতে পারেন আমার কাছে এখনও খবর দেয় নি।

শ্রীকৃষ্ণকুমার শুক্লাঃ আপনি ফাইল দেখে যা বললেন তাতে মন্ত্রিমহাশয়ের কাছে আমি নিবেদন করব উনি নিজে পাঁউরুটি খান কিনা?

মিঃ স্পীকারঃ ওটা বাড়িতে গিয়ে জিজ্ঞাসা করবেন।

[1-10—1-50 p.m.]

Deep tubewell irrigation scheme

***39.** (Admitted question No. *121.) **Shri Prasenjit Barman:** (a) Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state whether the Government have suspended the deep tubewell irrigation scheme?

(b) If the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state—

(i) the reasons therefor, and

(ii) what alternative measures the Government propose to undertake for irrigating the agricultural lands of the State?

Dr. Prafulla Chandra Ghosh: (a) No. But no new deep tubewell will be drilled before all those sunk are fully energised.

(b) (i) Large number of tubewells have so far been drilled but it has not yet been possible to complete all of them in all respects. Accordingly, instead of drilling further tubewells Government have decided to concentrate on the work of completion of tubewells already sunk.

(ii) Work of energisation of tubewells already drilled is going apace and as more and more tubewells are brought into commission, availability of irrigation water from the tubewells will increase. Besides, the river lift irrigation scheme, tank improvement scheme, the minor and small irrigation scheme including the shallow tubewell scheme and the scheme for pump-sets are being continued to supply water for cultivation purpose.

শ্রীপ্রসেনজিৎ বর্মন: মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, এ পর্যন্ত পশ্চিম বাংলায় কটা ডিপ টিউবওয়েল সাঙ্ক করা হয়েছে এবং তার মধ্যে কতগুলি কার্যকরী হয়েছে?

Dr. Prafulla Chandra Ghosh: So far 1,543 tubewells have been drilled in different districts of West Bengal. Of them 840 have been energised and 351 completed in all respects. On the actual working deep tubewell scheme, it has been found that time-lag has occurred between drilling of tubewells, its energisation and the laying of deep tubewells.

শ্রীনিতাইপদ সরকার: কোচবিহার জেলায় এই টিউবওয়েলগুলি চালু না হওয়ার কারণ কি?

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ: ইলেকট্রিসিটি পাওয়া যায়নি বলে চালু করা সম্ভব হয়নি।

শ্রীপ্রসেনজিৎ বর্মন: কোচবিহার জেলায় কি কোন ডিপ টিউবওয়েল সাঙ্ক করা হয়েছে?

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ: এ প্রশ্ন থাকলে খোঁজখবর নিয়ে বলতে পারতাম।

শ্রীসন্তোষকুমর রায়: কোচবিহার জেলায় মঞ্জুরীকৃত টিউবওয়েলগুলি বসানোর কাজ বন্ধ করা হয়েছে কিনা?

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ: আমি তো আগেই বলেছি যে, যেসমস্ত টিউবওয়েল হয়েছে সেগুলি পুরোপুরি কার্যকরী না হওয়া পর্যন্ত নূতন টিউবওয়েল বসানো হবে না।

শ্রীমহারাজা বোস: পশ্চিম দিনাজপুর জেলায় মঞ্জুরীকৃত ৭৬টি টিউবওয়েল যা কার্যকরী করার জন্য আরম্ভ হয়েছিল, আপনি কি সেগুলি বন্ধ করার আদেশ দিয়েছিলেন?

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ: যে টিউবওয়েলগুলি ড্রিল্ড হয়ে গেছে তাকে বন্ধ করার নির্দেশ তো দিই নি, বরং সেগুলি যাতে তাড়াতাড়ি কার্যকরী হয় তার ব্যবস্থা করবার জন্য নির্দেশ দিয়েছি।

শ্রীশ্যামসুদ্দিন আমেদ: ডিপ টিউবওয়েলের সেচ ব্যবস্থা নীতিগতভাবে বর্তমান সরকার কি পরিত্যাগ করেছেন?

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ: নীতিগতভাবে কোন পরিত্যাগ করা হয় নি।

শ্রীহরপ্রসাদ চ্যাটার্জি: এই কথা কি ঠিক যে, এই বিগ চেম্বার টিউবওয়েলের যখন কন্ট্রাক্ট দেওয়া হয় তখন যুগোশ্লোভাকিয়া ও চেকোশ্লোভাকিয়ার একটি করে ফার্ম কোটেশন দিয়েছিল—তার মধ্যে যুগোশ্লোভাকিয়া ফার্মের হাই রেট বলে চেকোশ্লোভাকিয়া ফার্মকেই এই কাজের ভার কংগ্রেস সরকার দিয়েছিলেন?

মিঃ স্পীকার: এই সব কথা কি এখানে উঠবে?

শ্রীপ্রভাসচন্দ্র রায়: এই যে ইলেকট্রিসিটি পাওয়া যাবে না, এ অবস্থায় আমরা দেখছি বহু টিউবওয়েল পোঁতা হয়েছে। এ করার কারণটা কি? এবং ইলেকট্রিসিটি গ্যারান্টি না হওয়া সত্ত্বেও এগুলি করা হল কেন?

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ: এগুলি পূর্বতন সরকার করেছেন সুতরাং কি অবস্থায় তাঁরা করেছেন সেটা তাঁরা বলতে পারেন। আমি জবাব দিতে পারব না।

শ্রীপ্রভাসচন্দ্র রায়: ইলেকট্রিসিটি গ্যারান্টি না হওয়া সত্ত্বেও যে ডিপ টিউবওয়েলগুলি করা হল, এর দ্বারা সরকারের অযথা টাকা খরচ হল কিনা তা জানতে চাই।

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ: টাকা এখন আটক হয়ে আছে অবশ্য, অযথা খরচ করা হয়েছে কিনা তা বলতে পারব না। এখন ইলেকট্রিসিটি যদি পাওয়া যায় তাহলে কাজ আসবে।

ডঃ নলিনাক্ষ সান্যাল: মন্ত্রিমহাশয় বলবেন কি, এই এক একটি ডিপ টিউবওয়েল-এর খরচ অনুপাতে যে পরিমাণ জমিতে সেচ দেওয়ার আশা করা যায় তাতে পার একর বা বিঘা প্রতি কত বাৎসরিক খরচ হওয়ার হিসাব করা হইয়াছে এবং তাহাতে চাষীর ঘাড়ে ভবিষ্যতে কত ব্যয় পড়িতে পারে?

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ: এই হিসাবের মধ্যেও নানারকম মত হয়েছে। দেখা যায় সর্বোচ্চ খরচা একর প্রতি ১৪০ টাকা আর সর্বনিম্ন খরচা ৬০ টাকা। আমি মনে করি কোনটাই অদূরভবিষ্যতে আমাদের পশ্চিম বাংলার কৃষকদের দেওয়া সম্ভব নয় যদি সরকার না দেয় সে টাকা। কিন্তু আমাদের দেশে খাদ্য উৎপাদনের দিক দিয়ে বিচার করতে হলে পরের দেশে ভিক্ষা করার চাইতে এই খরচা করাও আমি মনে করি কোন কোন সময় উচিত।

শ্রীমতী পুরবী মুখোপাধ্যায়: আমাদের আন্ডারগ্রাউন্ড যে জলের সোর্স রয়েছে পশ্চিমবঙ্গের ক্ষেত্রে সেই আন্ডারগ্রাউন্ড সোর্স অফ ওয়াটারকে ফুললি ইউটিলাইজড করার জন্য ডীপ টিউবওয়েল স্কীম করা হয়েছিল—আপনি এই কোয়েশ্চেনএর উত্তরে সাসপেন্ডেড কথাটা বলছেন স্কীমএর ব্যাপারে। এটা কি অনুগ্রহ করে বুঝিয়ে দেবেন যে, আপনাদের অর্ডারটা কি।

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ: আমরা নতুন কোন টিউবওয়েল ড্রিল করব না যতটা পর্যন্ত ড্রিল করা হয়েছে, অ্যাকচুয়ালি সেগুলিকে এনারজাইস না করে—কারণ তাহলে পরে এগুলিও অর্ধেক হয়ে থাকবে সেগুলিও অর্ধেক হয়ে থাকবে। সেজন্য এইগুলিকে কার্যকরী করার পরে আবার নতুন করে কাজ হতে পারে।

শ্রীমতী পুরবী মুখোপাধ্যায়: যদি তাই হয় তাহলে যেগুলি এনার্জি পাবার সম্ভাবনা আছে এবং যেখানে এক একটা টিউবওয়েল থেকে যে একারেজ চাষ হবে তার চেয়ে বহু একর জমি যেখানে আনইরিগেটেড রয়েছে সেখানে আপনি সাসপেনশনএর অর্ডার কেন দিচ্ছেন—যেখানে এনার্জি আছে এবং আরও বেশি জমি আনইরিগেটেড আছে।

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ: এটা তো হাইপথেটিক্যাল কোয়েশ্চেন, যদি স্পেসিফিক কেস দেখাতে পারেন তাহলে বিবেচনা করব। আর দ্বিতীয় কথা সেখানে যদি অন্য মেথড অফ ইরিগেশন যদি কম খরচায় হয় তাহলে সেখানে অন্য মেথড অফ ইরিগেশন করা হবে।

শ্রীকৃষ্ণচন্দ্র হালদার: আপনি বললেন যে, ৩০০-র উপর টিউবওয়েল এক্ষুনি এনার্জাইস করা যাচ্ছে না সেগুলি কতদিনের মধ্যে সম্ভব সেটা কি জানাতে পারবেন?

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ: সঠিক বলা সম্ভব নয়।

[1-50—2 p.m.]

শ্রীপান্নালাল মাঝি: আমি মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাচ্ছি, যেসমস্ত ডিপ টিউবওয়েল-গুলি রয়েছে এবং এতদিন ধরে চালু করা যায় নি, নানা কারণে সেগুলি সম্পূর্ণরূপে ইলেক-ট্রিফায়েড করা পাইপ লাইনগুলি ইত্যাদি সব কিছু কমপ্লিট করতে কতদিন টাইম লাগবে?

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ: যত তাড়াতাড়ি সম্ভবপর করব, কিন্তু ঠিক নির্দিষ্ট সময় বলা শক্ত।

শ্রীপান্নালাল মাঝি: মন্ত্রিমহাশয় জানেন কিনা যে, কোন কোন জায়গায় টিউবওয়েগুলি চালু না হবার জন্য প্রায় দু আড়াই বছর ধরে পড়ে আছে, সেগুলি যদি আরও দেরি হয় যদি একটা নির্দিষ্ট টাইম ঠিক করে সেগুলি কার্যকরী করার ব্যবস্থা না হয় তাতে ক্ষতির পরিমাণ বেড়ে যাবে এবং এমন কি কোন কোন জায়গায় পাইপগুলি নষ্ট হয়ে যাবে?

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ: ক্ষতির পরিমাণ বেড়ে যাবে সে বিষয়ে কোন সন্দেহ নেই।

শ্রীবঙ্কিমচন্দ্র শাসমল: মন্ত্রিমহাশয় বলেছেন যে, কোন কেস দিলে বিচার করে দেখবেন—দাসপুর থানায় জলের কোন ব্যবস্থা নেই—সেখানে ৭টি ডিপ টিউবওয়েল বসাবার জন্য আগেকার সরকার স্থান ঠিক করেছিলেন দুটোতে এনারাইজ করা হয় নি—বসে রয়েছে ৭টা একসঙ্গে বসিয়ে এনার্জি দেবার ব্যবস্থা করবেন কি?

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ: সেটা চট করে কিছু বলতে পারি না, সমস্ত পরিকল্পনা দেখে এবং দাসপুর থানার লিফ্‌ট ইরিগেশন করা যায় কিনা দাসপুরের কোন কোন জায়গায় ভাল লিফ্‌ট ইরিগেশনের সুবিধা আছে তা যদি করা যায় তাহলে লিফ্‌ট ইরিগেশন ডিপ টিউবওয়েলের চেয়ে ভাল সুতরাং লিফ্‌ট ইরিগেশন করা হবে।

শ্রীমহম্মদ ইসরাইল: মন্ত্রিমহাশয় কি জানেন যে ডিপ টিউবওয়েলের জলে জমি নষ্ট হয়ে যাচ্ছে অনেক ক্ষেত্রে?

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ: কোন কোন জায়গায় টিউবওয়েলের জলে খুব বেশি পরিমাণ আয়রন থাকে এবং সেখানে সুপার ফসফেট সার দিলে প্রেসিপিটেড হয়ে যায় সেই রকমও আছে। যদি সেইরকম ব্যাপার হয় তাহলে অবশ্য ক্ষতি হয় জল দেখে নিতে হবে কি অবস্থায় আছে।

শ্রীমহম্মদ ইসরাইল: সেইসব ক্ষেত্রে কি মন্ত্রিমহাশয় এই ডিপ টিউবওয়েলগুলি বন্ধ করে দেবার কথা ভাবছেন?

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ: সেই সব ক্ষেত্রে জল কিভাবে কাজে লাগানো যায় সেকথা ভাবছি এবং প্রত্যেক জায়গায় টিউবওয়েলের জল পরীক্ষা করা উচিত। সে বিষয়ে আমি বিশেষভাবে নজর দেব।

শ্রীভোলানাথ ব্রহ্মচারী: মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় জানাবেন কি, যে সুন্দরবনকে শস্য-ভাণ্ডার বলা হয় সেই সুন্দরবনে ডিপ টিউবওয়েল করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা এবং থাকলে কবে থেকে আছে?

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ: সুন্দরবনের অধিকাংশ জায়গা লোনা এবং ডিপ টিউবওয়েল করতে হলে আমরা দেখেছি আমার নিজের আগের অভিজ্ঞতা আছে যে, সেখানে ৬০০ ফিটের বেশি ডিপ না করলে পর ভাল জল পাওয়া যায় না, তার জন্য বহু খরচ হবে সেটা ভাল হবে না সেখানকার জলকে ডিস্যালাইনেট করার জন্য কম খরচ হবে সেটা বিবেচনা করে দেখব।

শ্রীহরপ্রসাদ চ্যাটার্জি: মাননীয়া শ্রীমতী পূরবী মুখার্জি বললেন যে টিউবওয়েল যখন তৈরি হয় তখন আন্ডারগ্রাউন্ড সোর্স অব ওয়াটার সাপ্লাই ট্যাপ করার জন্য স্কীম নেওয়া

হয়েছিল—এটা কি পিরিনিয়াল সোরস অব ওয়াটার আন্ডার গ্রাউন্ডে যা আছে তা ট্যাপ করা সম্ভব হচ্ছে?

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ সেটা আমি বলতে পারি না, এক্সপার্টকে জিজ্ঞাসা করে আমি বলব।

Applied Nutrition Board

***80.** (Admitted question No. *119.)

শ্রীমহঃ আবদুল বারিঃ কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে ব্যবহারিক পুষ্টি পর্ষদ (অ্যাপ্লায়েড নিউট্রিশন বোর্ড) নামে একটি পর্ষদ গঠিত হইয়াছে;

(খ) সত্য হইলে (১) উক্ত পর্ষদের কর্তব্য কি কি; এবং (২) বর্তমান সময় অবধি উক্ত পর্ষদ কি কি কার্য করিয়াছেন;

(গ) উক্ত পর্ষদের জন্য বর্তমান অবধি সরকারী তহবিল হইতে কি কি খাতে কত টাকা খরচ হইয়াছে; এবং

(ঘ) উক্ত পর্ষদের কার্যকরী সমিতির সভ্যদের নাম ও পরিচয় কি?

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ (ক) হ্যাঁ, গঠিত হইয়াছিল তবে উক্ত পর্ষদ ১৯৬৭ সালের ১লা মে হইতে উঠাইয়া দেওয়া হইয়াছে।

(খ) (১) উক্ত পর্ষদের কর্তব্য ছিল ব্যবহারিক পুষ্টি পরিচালনা রূপায়ণের সহিত সংশ্লিষ্ট রাজ্যসরকারের বিভিন্ন বিভাগের মধ্যে সমন্বয় সাধন করা, পরিকল্পনার রূপায়ণের জন্য সাধারণ নীতি নির্ধারণ করা, মধ্যে মধ্যে পরিকল্পনার কাজের অগ্রগতি ও পরিকল্পনা রূপায়ণকালে উদ্ভূত সমস্যাগুলির পর্যালোচনা করা এবং সেই সম্বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করা।

(২) বর্তমান সময় পর্যন্ত উক্ত পর্ষদ নিম্নলিখিত কার্য করিয়াছেনঃ

(/) পরিকল্পনার অন্তর্ভুক্ত উন্নয়ন ব্লকগুলি ও প্রশিক্ষণ কেন্দ্রগুলির নির্বাচন

(/) বিস্তারিত পুষ্টি পরিকল্পনা প্রণয়ন এবং তাহার অনুমোদন,

(/) পরিকল্পনা রূপায়ণের সহিত সংশ্লিষ্ট বিভিন্ন বিভাগের মধ্যে সমন্বয়সাধন এবং পরিকল্পনার কাজের অগ্রগতি পর্যালোচনা এবং তৎসম্বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন।

(গ) উক্ত পর্ষদের জন্য ১৯৬৭ সালের ৩১এ মার্চ পর্যন্ত পর্ষদ অফিস ও তাহার পরিচালনা বাবত মোট ১,২৭,০৬০ টাকা খরচ হইয়াছে।

(ঘ) উক্ত পর্ষদের কার্যকরী সমিতির সভাগণের নাম ও পরিচয় নিম্নরূপ ছিল—

(/) শ্রীভূপতি মজুমদার—সভাপতি।

(/) শ্রীরণজিৎ ঘোষ, প্রাক্তন সচিব কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগ—সভ্য ও প্রশাসক।

(/) শ্রীবিনয়রঞ্জন গুপ্ত, প্রাক্তন সচিব, স্বাস্থ্য বিভাগ—সভ্য।

(।) শ্রীভূপেন্দ্রচন্দ্র গঙ্গোপাধ্যায়, প্রাক্তন সচিব, খাদ্য ও সরবরাহ বিভাগ—সভ্য।

(।/) ডঃ বীরেন্দ্রকুমার ভট্টাচার্য প্রাক্তন সচিব, পশুপালন ও মৎস্য বিভাগ—সভ্য।

(।/) শ্রীসুনীলকুমার বন্দ্যোপাধ্যায়, সচিব, উন্নয়ন ও পরিকল্পনা বিভাগ—সভ্য।

(।/) ডঃ ভবতোষ দত্ত, সচিব, শিক্ষাবিভাগ—সভ্য।

শ্রীমহম্মদ আবদুল বারিঃ উক্ত বোর্ড কোন সালে গঠিত হয়েছিল?

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ এটা আগের সরকার করেছিলেন আমার মনে নেই।

শ্রীমহম্মদ আবদুল বারি: উক্ত পরিষদের কার্যকরী সমিতির সভাগুলির নাম কি ছিল?

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ: চেয়ারম্যান শ্রীভূপতি মজুমদার এবং স্বাস্থ্যবিভাগ, কৃষিবিভাগ, শিক্ষাবিভাগ এই সমস্ত বিভাগের সেক্রেটারীরা ছিলেন।

শ্রীমহম্মদ আবদুল বারি: ভূপতি মজুমদারকে প্রোভাইড করার জনাই কি এই কমিটি গঠিত হয়েছিল?

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ: তা আমি জানি না।

শ্রীমহম্মদ আবদুল বারি: ভূপতি মজুমদারের বেতন কত ছিল?

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ: বেতন কত ছিল সেটা আমার ফাইলে নেই, নোটিস দিলে জানিয়ে দেব।

শ্রীমহম্মদ আবদুল বারি: ১৯৬৭ সালে ঐ পরিষদ তুলে দেওয়া হল তার কারণ কি?

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ: ১৯৬৭ সালের মে মাসে এটা তুলে দেওয়া হয়েছে তার কারণ আমি মনে করি, যেজন্য এই পরিষদ করা হয়েছিল তার দরকার নেই, বিভিন্ন বিভাগ একত্র হয়ে এই কাজ চালাতে পারে। ১ লক্ষ ২৭ হাজার টাকা—এত টাকা খরচ করার কোন প্রয়োজন নেই।

শ্রীমহম্মদ আবদুল বারি: মন্ত্রিমহাশয়ের কথা অনুসারে এটা কি ঠিক নয় যে, কিছু লোককে প্রোভাইড করার জন্য এই পরিষদ গঠিত হয়েছিল?

মিঃ স্পীকার: এসব কথা বলা ঠিক নয়।

ডঃ গোপিকারঞ্জন মিত্র: মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, এই পরিষদ গঠিত হয়েছিল সোয়াবিন থেকে একবারে দুধের পরিকল্পনা বাংলাদেশে চালু করবার প্রচেষ্টা তাতে চলছিল?

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ: আমাদের বাংলাদেশে এত পরিমাণ সোয়াবিন উৎপন্ন হয় না যাতে করে সোয়াবিন থেকে দুধের পরিকল্পনা করতে হতে পারে। অতএব এই পরিকল্পনার কথা চিন্তা করাই উচিত নয়।

ডঃ গোপিকারঞ্জন মিত্র: মাননীয় মন্ত্রিমহাশয় কি একথা চিন্তা করেন যে বাংলাদেশে একটা পুষ্টি পর্ষদ গঠন করার দরকার আছে?

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ: আমি তা মনে করি না, সরকারী বিভাগে এত এক্সপার্ট আছে যারা নিউট্রিশন সম্বন্ধে সমস্ত জ্ঞান বাংলা ভাষায় লিখে জনসাধারণকে দিতে পারে।

ডঃ গোপিকারঞ্জন মিত্র: এই বিষয়ে যে রিসার্চের দরকার আছে এবং আমাদের খাদ্যাভ্যাসের মধ্যে যে বহু পরিবর্তনের দরকার আছে একথা কি আপনি অস্বীকার করেন?

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ: একথা আমি সম্পূর্ণ অস্বীকার করি। পৃথিবীতে রিসার্চ করে যেসমস্ত তথ্য আবিষ্কৃত হয়েছে সেগুলিই আমরা কাজে লাগাতে পারছি না—আবার নূতন রিসার্চ করার কথা কি করে বলছেন?

STARRED QUESTIONS

(to which answers were laid on the table)

Distribution of cloths and blankets

***105.** (Admitted question No. *263.)

শ্রীবিভূতি পাহাড়ী: ত্রাণবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার এগরা থানায় দুইটি ব্লক ১৯৬৬-৬৭ সালে ত্রাণবিভাগ হইতে কত কাপড়, কম্বল ও প্যান্ট-ফ্রক বিলির জন্য প্রেরণ করা হইয়াছিল;

(খ) ঐগুলি কোন্ কোন্ সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের মাধ্যমে বিলি করার জন্য দেওয়া হইয়াছিল ; এবং

(গ) ঐ সমস্ত দ্রব্যাদির বিতরণের তালিকা পাওয়া গিয়াছে কি না?

The Minister for Relief:

(ক) ধুতি—৮২টি,
শাড়ী—৮২টি,
কম্বল—১১২টি,
প্যান্ট—৭৬টি,
সার্ট—৪৫টি,
ফ্রক—৪৩টি।

(খ) এগরা ১ ও ২নং ব্লক অফিসার। এগরা ১নং আঞ্চলিক পরিষদ এবং সবুজ সঙ্ঘ গ্রাম্য পাঠাগার, বাসুদেবপুর;

(গ) হ্যাঁ।

Scarcity of rice in Birbhum district

***107.** (Admitted question No. *281.) **Shri Syed Kazem Ali Meerja:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) whether the district of Birbhum which is surplus in rice is also suffering from scarcity;

(b) if so, what steps Government are taking to supply rice to the consumers of Birbhum district and bring down the prices of rice there which are ranging from Rs. 1.75 to Rs. 2 per kg.; and

(c) what are the reasons of present scarcity of rice in Birbhum?

The Minister for Food: (a) Government have received no report of scarcity conditions in the district of Birbhum as yet.

(b) Does not arise in relation to clause (a), Government have fixed the maximum price chargeable by retailers for rice in Birbhum district at Rs. 1.20 per Kg. Steps are being taken to enforce the controlled price.

(c) Does not arise.

Report on the cultivable lands and stock of paddy

***112.** (Admitted question No. *350.)

শ্রীঅজয় মালাকার: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারের নির্দেশমত কোন্ জেলায় কতজন ব্যক্তি কৃষি জমির হিসাবসহ ধান মজুতের হিসাব সরকারের নিকট দাখিল করিয়াছেন ;

(খ) যেসকল ব্যক্তি সরকারের নির্দেশমত কৃষি জমির হিসাবসহ মজুত ধান্যের হিসাব সরকারের নিকট দাখিল করেন না, সরকার তাহাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কি ; এবং

(গ) ব্যবস্থা গ্রহণ করা হইয়া থাকিলে কতজনের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

The Minister for Food:

(ক) এতৎসংলগ্ন বিবরণী দ্রষ্টব্য।

(খ) উক্ত হিসাব দাখিল না করিবার জন্য কিছু কিছু বৃহৎ উৎপাদকদের বিরুদ্ধে মামলা দায়ের করা হইয়াছে এবং কোন কোন ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তিদের গ্রেফতার করা হইয়াছে।

(গ) সর্বসমেত ১,৯৬৪টি মামলা বৃহৎ উৎপাদকদের বিরুদ্ধে দায়ের করা হইয়াছে এবং ১৪৮টি ক্ষেত্রে গ্রেফতার করা হইয়াছে।

District-wise statement showing the number of big producers who declared their stocks, etc., by 2nd May 1967, under the West Bengal Rice and Paddy (Declaration of Stocks by Producers) Order, 1967 and their declared surplus stocks.

Serial No.	District.	Number of producers who have declared their stocks, etc.	Total surplus declared in terms of Rice/Paddy.	Remarks.
			Qtls.	
1.	24-Parganas	1,579	2,887·	Rice.
2.	Burdwan	1,156	807·75	Rice.
3.	Darjeeling	222	122·00	Rice.
4.	Purulia	196	460·87	Rice.
5.	Bankura	327	254 00	Rice.
6.	Hooghly	267	350·45	Rice.
7.	Birbhum	825	3,795·00	Rice.
8.	Murshidabad	285	390·00	Rice.
9.	Nadia (excepting Tehata II Block) ..	269	(a) 22·50	Rice.
			(b) 25·00	Paddy.
10.	Howrah	188	171·00	Paddy
11.	West Dinajpur—			
	(i) Sadar	871	1,987·42	Paddy.
	(ii) Raiganj	715	47·65	Paddy
	(iii) Islampur ..	209	45·45	Paddy
		1,795	2,080·52	Paddy.
12.	Malda	778	124·25	Rice.
13.	Jalpaiguri (except Madarihat Block) ..	2,298	4,562·00	Rice.
14.	Midnapore	1,401	626·25	Rice.
15.	Cooch Behar	1,549	1,556·00	Rice.
		13,135	15,958·55	Rice.
		Producers.	2,276·52	Paddy

Execution of Haurgari-Houserdera Scheme

***113.** (Admitted question No. *365.) **Shri Prasenjit Barman:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) whether the Government would execute the Haurgari-Houserdera Scheme under Sadar subdivision of Cooch Behar district as joro bundh and boro bundh, or minor irrigation scheme; and

(b) when they would actually start the work?

The Minister for Agriculture: (a) Government is investigating the feasibility of execution of the scheme as a Minor Irrigation Project. The investigation is expected to be completed by December, 1967. The investigation will comprise of flood discharge observation during the rains and field survey after the rains.

(b) This can be considered only after the scheme is finalised. Finalisation of the scheme is expected in January, 1968.

Relief measures in drought-stricken areas

***115.** (Admitted question No. *445.) **Shri Maharaja Bose:** Will the Minister-in-charge of the Relief Department be pleased to state—

(a) the names of thanas and Anchals of the West Dinajpur seriously affected by drought and acute scarcity of foodgrains this year;

(b) relief measures so far taken by the Government in those areas (Anchal by Anchal); and

(c) the amount of money and foodgrains sanctioned for each Anchal as T.R. and G.R. up till now?

The Minister for Relief: (a), (b) and (c) Two statements—one regarding Raiganj and Balurghat and the other regarding Islampur subdivision are laid on the Library Table.

Price of rice in open market

***119.** (Admitted question No. *269.) **Shri Abdus Sattar:** Will the Minister-in-charge of the Food Department be pleased to state—

(a) the average price of medium and fine rice on June 15, 1966, on March 15, 1967, and on June 15, 1967, respectively in the open market in different district headquarters of West Bengal; and

(b) the percentage of increase month by month since March 15, 1967?

The Minister for Food: (a) All the varieties of rice are not sometimes available in the different markets of the State. The Food and Supplies Department therefore collects weekly data regarding the minimum and maximum retail prices of rice prevailing in the markets.

Particulars of minimum and maximum retail prices of rice in the markets at different district headquarters as on 15th June 1966, 15th March, 1967 and 15th June 1967 are shown in the enclosed statement No. I.

(b) Requisite information is furnished in the enclosed statement No. II.

Statement referred to in reply to clause (a) of starred question No. *119

STATEMENT No. I

Minimum and maximum retail prices of rice in the district headquarters of West Bengal

District headquarters.		Retail price of Rice in rupees per Kilogram					
		As on 15-6-66		As on 15-3-67.		As on 14-6-67.	
		Minimum.	Maximum.	Minimum.	Maximum.	Minimum.	Maximum.
1.	Burdwan ..	0·76	0·88	1·16	1·20	1·81	1·88
2	Birbhum ..	0·76	0·76	1·15	1·15	1·45	1·55
3.	Bankura ..	0·76	0·85	1·15	1·20	1·60	1·65
4.	Midnapur ..	1·10	1·20	1·05	1·16	1·52	1·60
5.	West Dinajpur ..	1·08	1·08	0·96	0·98	1·50	1 60
6.	Malda	1·47	1·47	1·50	1·56	2·95	3·00
7.	Cooch Behar ..	1·55	1·65	1·00	1·20	1·60	1·45
8.	Nadia	1·58	1·65	1·36	1·44	2·50	2·50
9.	Hooghly ..	1·85	1·90	1·30	1·40	1·90	1·90
10.	Howrah ..	2·25	2·30	1·35	1·40	1·90	2·00
11	Darjeeling ..	1·44	1·44	1·50	1·62	2·00	2·12
12.	24 Parganas ..	2·10	2·20	1·35	1·40	2·00	2·10
13,	Murshidabad ..	0·94	1·30	1·28	1·30	1·90	2 00
14.	Jalpaiguri ..	1·82	1·88	1·25	1·30	1·80	1·90
15.	Purulia	1·06	1·25	1·22	1·37	1·75	1·85

Statement referred to in reply to clause (b) of starred question No. *119

STATEMENT No. II

Minimum and maximum retail prices of Rice in the district headquarters of West Bengal during March to June 1967 together with percentage of increase or decrease month by month.

District Headquarters.	Retail prices of Rice in rupees per Kilogram.								Percentage of increase (+) or decrease (—).					
	As on 15-3-67.		As on 12-4-67.		As on 17-5-67.		As on 14-6-67.		Col. 4 over Col. 2.	Col. 5 over Col. 3.	Col. 6 over Col. 4.	Col. 7 over Col. 5.	Col. 8 over Col. 6.	Col. 9 over Col. 7.
	Minimum.	Maximum	Minimum.	Maximum.	Minimum.	Maximum.	Minimum.	Maximum.						
(1)	(2)	(3)	(4)	(5)	(6)	(7)	(8)	(9)	(10)	(11)	(12)	(13)	(14)	(15)
1. Burdwan	1·16	1·20	1·25	1·28	1·44	1·50	1·81	1·88	(+) 7·8	(+) 6·7	(+) 15·2	(+) 17·2	(+) 28·3	(+) 25·3
2. Birbhum	1·15	1·15	1·20	1·20	1·20	1·32	1·45	1·55	(+) 4·3	(+) 4·3	Steady	(+) 10·0	(+) 20·8	(+) 17·4
3. Bankura	1·15	1·20	1·25	1·28	1·50	1·60	1·60	1·65	(+) 8·7	(+) 6·7	(+) 20·0	(+) 25·0	(+) 6·7	(+) 3·1
4. Midnapur	1·05	1·16	1·12	1·25	1·28	1·40	1·53	1·60	(+) 6·7	(+) 7·8	(+) 14·2	(+) 12·0	(+) 18·8	(+) 14·3
5. West Dinajpur ..	0·96	0·98	1·05	1·10	1·20	1·25	1·60	1·60	(+) 9·4	(+) 11·2	(+) 14·3	(+) 13·6	(+) 25·0	(+) 28·0
6. Malda	1·50	1·56	1·50	1·56	1·55	1·60	2·95	3·00	Steady	Steady	(+) 3·3	(+) 2·6	(+) 90·3	(+) 87·5
7. Cooch Behar ..	1·00	1·20	1·00	1·15	1·20	1·30	1·60	1·45	Steady	(—) 4·2	(+) 20·0	(+) 13·0	(+) 33·3	(+) 11·5
8. Nadia	1·36	1·44	1·32	1·40	1·58	1·65	2·50	2·50	(—) 2·9	(—) 2·8	(+) 19·7	(+) 17·8	(+) 58·2	(+) 51·5
9. Hooghly .. .	1·30	1·40	1·37	1·40	1·60	1·75	1·90	1·90	(+) 5·4	Steady	(+) 16·8	(+) 25·0	(+) 18·8	(+) 8·6
10. Howrah .. .	1·35	1·40	1·38	1·68	1·80	1·85	1·90	2·00	(+) 2·2	(+) 20·0	(+) 30·4	(+) 10·1	(+) 5·5	(+) 8·1
11. Darjeeling .. .	1·50	1·62	1·40	1·62	1·68	1·75	2·00	2·12	(—) 6·7	Steady	(+) 20·0	(+) 8·0	(+) 19·0	(+) 21·1
12. 24-Parganas .	1·35	1·40	1·35	1·45	1·85	1·95	2·00	2·10	Steady	(+) 3·6	(+) 37·0	(+) 34·5	(+) 8·1	(+) 7·7
13. Murshidabad ..	1·28	1·30	1·30	1·33	1·55	1·60	1·90	2·00	(+) 1·6	(+) 2·3	(+) 19·2	(+) 20·3	(+) 22·6	(+) 25·0
14. Jalpaiguri . ..	1·25	1·30	1·12	1·25	1·40	1·46	1·80	1·90	(—) 10·4	(—) 3·9	(+) 25·0	(+) 16·8	(+) 28·6	(+) 30·1
15. Purulia	1·22	1·27	1·24	1·44	1·50	1·62	1·75	1·85	(+) 1·6	(+) 5·1	(+) 21·0	(+) 12·5	(+) 16·7	(+) 14·2

Price of rice in Burdwan

***121.** (Admitted question No. *296.)

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার বর্ধমান শহরে ও জামালপুর থানার জামালপুরে গত ১৯৬৫ সালের ১৫ই জুন ও ১৯৬৬ সালের ১৫ই জুন প্রতি কেজি চাউলের মূল্য কত ছিল;

(খ) বর্তমানে ১৯৬৭ সালের ১৫ই জুন উক্ত স্থানসমূহে প্রতি কেজি চাউলের মূল্য কত; এবং

(গ) ঐ এলাকায় চাউলের ঊর্ধ্বগতি রোধের জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

The Minister for Food:

(ক) গত ১৫-৬-৬৫ ও ১৫-৬-৬৬ তারিখে বর্ধমান ও জামালপুরের প্রতি কেজি চাউলের দর নিম্নরূপ ছিল।

	১৫-৬-৬৫		১৫-৬-৬৬	
	সর্বনিম্ন	সর্বোচ্চ	সর্বনিম্ন	সর্বোচ্চ
বর্ধমান	·৭৪	·৭৪	·৭৬	·৭৮
জামালপুর	·৭৪	·৭৪	·৭৬	·৭৮

(খ) গত ১৪-৬-৬৭ তারিখে প্রতি কেজি চাউলের মূল্য নিম্নরূপ ছিল।

	সর্বনিম্ন	সর্বোচ্চ
বর্ধমান	১·৮১	১·৮৮
জামালপুর	১·৮২	১·৮৮

(গ) চাউলের ঊর্ধ্বগতি রোধের জন্য নিম্নলিখিত ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে:—

(১) সংশোধিত রেশন ব্যবস্থার দ্বারা খাদ্যশস্য বণ্টন করা হইতেছে এবং খয়রাতি ও টেষ্ট রিলিফ কার্যও সুরু করা হইয়াছে।

(২) জেলায় জেলায় মজুত বিরোধী অভিযান চালু করা হইয়াছে।

(৩) অতিমুনাফাকারী ও মজুতদারগণের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

(৪) ধান ও চাউলের সর্বোচ্চ খুচরা দর বাঁধিয়া দেওয়া হইয়াছে।

Modified Rationing

***124.** (Admitted question No. *393.) **Shri Arun Kumar Moitra:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) the districts in West Bengal where foodgrains are being distributed through Modified Rationing in the month of June 1967;

(b) the quantity of foodgrains allotted to each ration card holder of different categories of Ration Cards at present; and

(c) the total number of persons covered by Modified Rationing at present?

The Minister for Food: (a) Foodgrains were distributed through Modified Rationing in the month of June, 1967, in all the districts of West Bengal.

(b) The scales are—(i) 500 grams of rice and 1 kg. wheat/wheat products in the hill subdivisions of Darjeeling district, (ii) A maximum of 1 kg. of wheat/wheat products in other areas. The actual scales and classes of deserving persons are to be determined by the Districts Officers in consultation with the local Food and Relief Committees with reference to wheat stocks available in the districts.

(c) The total number of persons served in Modified Rationing in the State during the week ending on 24th June, 1967 was 12,668,860.

Death due to starvation in Satyanarayanpur

***128.** (Admitted question No. *331.)

শ্রীগিরীন্দ্রনাথ মণ্ডল: ত্রাণবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, ২৪-পরগনা গোসাবা ব্লকের রাধানগর, বালী এবং গোসাবা অঞ্চলে নিদারুণ খরার জন্য লোক অনাহারে ও অর্ধাহারে আছে এবং গত ২১এ এপ্রিল তারিখে সত্যনারায়ণপুর মৌজার ঈশান ভুঁইয়া নামক একজন চাষী অনাহারে মারা গিয়াছে ;

(খ) গোসাবার এই তিনটি খরা অঞ্চলের দুর্গতদের সাহায্যের জন্য সরকার গত চার মাসে কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন ; এবং

(গ) (১) কোন্ অঞ্চলে কত টাকার জি-আর দেওয়া হইয়াছে, (২) কোন্ অঞ্চলে কত টাকা টি-আরের কাজ হইয়াছে, (৩) কোন্ অঞ্চলে কয়টি জরুরী নলকূপ মঞ্জুরী হইয়াছে ?

The Minister for Relief:

(ক) না।

(খ) দুর্গতদের সাহায্যের জন্য খয়রাতি সাহায্য ও সহায়ক কার্যের (টেস্ট রিলিফ) ব্যবস্থা করা হইয়াছে এবং প্রয়োজনমত কৃষি ঋণ ও পশু ক্রয় ঋণ দেওয়া হইতেছে। এই এলাকায় দুস্থ অধিবাসীদের খাজনা মকুব করিবার প্রস্তাব বিবেচনাধীন আছে এবং সরকারী ঋণ ইত্যাদি আদায়ের জন্য সার্টিফিকেট জারি করা বন্ধ করিয়া দেওয়া হইয়াছে। গত ছয় মাস যাবৎ এই এলাকায় আংশিক রেশন চালু করা হইয়াছে।

(গ) (১) বালী অঞ্চলে ২০,১৯৪ টাকা ও রাধানগর অঞ্চলে ১,৬৬৪ টাকা; (২) বালী অঞ্চলের জন্য ২১,৮১৯ টাকা, রাধানগর অঞ্চলের জন্য ১৩,১৫৮ টাকা ও গোসাবা অঞ্চলের জন্য ৩,৫১৩ টাকা টি আর খাতে মঞ্জুর করা হইয়াছে।

(৩) বালী অঞ্চলের জন্য একটি জরুরী নলকূপ মঞ্জুর করা হইয়াছে। এতদ্‌ভিন্ন পালপুর গোসাবায় ও সাধুপুর গোসাবায় একটি করিয়া নলকূপ খনন অনুমোদন করা হইয়াছে।

Reduction of rice in Statutory Rationing area

***131.** (Admitted question No. *395.) **Shri Arun Kumar Moitra:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) the reasons for reduction of rice to 250 gms. in the Statutory Rationing area of West Bengal;

(b) the quantity of rice saved per week through the cut in ration supplies; and

(c) when the cut in rice ration is expected to be restored?

The Minister for Food: (a) The rice quantum of ration has not been reduced to 250 grams in the Statutory Rationing areas. In fact the quantum of rice ration in the Statutory Rationing areas has been reduced by 250 grams per adult and by 125 grams per child per week. The quantum of wheat/wheat products has been correspondingly increased to maintain the full quota of foodgrains now supplied in the Statutory Rationing areas, i.e., 1,750 grams per adult per week and half the quantity per child per week. This measure has been necessary due to inadequacy of rice stock in the State and non-arrival of rice from Orissa in time.

(b) The quantity of rice saved per week through the cut in the rice quota of the weekly ration is about 1,900 tonnes for the whole of the Statutory Rationing areas.

(c) The cut in rice ration will be restored when the stock position of rice improves.

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Mayna Basin Scheme

86. (Admitted question No. 570.)

শ্রীকানাই ভৌমিক: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তমলুক মহকুমার ময়না থানার জলনিকাশীর জন্য ময়না বেসিন স্কীমটি গৃহীত হইয়াছে কি না;

(খ) যদি না হইয়া থাকে তাহা হইলে কারণ কি;

(গ) এই স্কীমটির জন্য কত টাকা বরাদ্দ করা হইয়াছে; এবং

(ঘ) এই স্কীমের কাজ কোন্ সাল হইতে আরম্ভ করা হইবে?

The Minister for Irrigation and Waterways:

(ক) এখনও গৃহীত হয় নাই।

(খ) ময়না বেসিন এলাকার জলনিকাশের সমস্যা বেশ জটিল। বিভিন্ন তথ্যাদি সংগ্রহ করিয়া ও প্রযুক্তিগত বিষয় বিবেচনা করিয়া সুষ্ঠু প্রকল্প প্রস্তুত করিতে সময় লাগিয়াছে। প্রকল্পটি পশ্চিমবঙ্গ বন্যা নিয়ন্ত্রণ পর্ষতের অধীনস্থ ষ্টেট টেকনিক্যাল কমিটি কর্তৃক অনুমোদনের জন্য পাঠান হইয়াছে।

(গ) এই স্কীমটি এখনও অনুমোদিত হয় নাই। এখনও পর্যন্ত কোন টাকা ধরা হয় নাই। অনুমোদিত করার পর টাকা ধরা হইবে।

(ঘ) প্রকল্পটির কাজ কোন্ সালে আরম্ভ করা হইবে বর্তমানে তাহা বলা সম্ভব নহে। তবে ষ্টেট টেকনিক্যাল কমিটি কর্তৃক প্রকল্পটি অনুমোদিত হইলে উহা যত শীঘ্র সম্ভব কার্যকরী করার জন্য অবশ্যই চেষ্টা করা হইবে। এই প্রসঙ্গে বলা যাইতে পারে যে ষ্টেট টেকনিক্যাল কমিটির অনুমোদন ত্বরান্বিত করা হইবে।

Tribal welfare in Midnapore district

87. (Admitted question No. 575.)

শ্রীবুধন চন্দ্র টুডু: আদিবাসী-মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় আদিবাসী-কল্যাণ বাবদ ১৯৬৭-৬৮ সালের জন্য কত টাকা বরাদ্দ করা হইয়াছে; এবং

(খ) ঐ বরাদ্দকৃত অর্থের মধ্যে কুয়ার জন্য, গৃহনির্মাণের জন্য এবং চাষের বলদ ক্রয় বাবদ কত টাকা বরাদ্দ হইয়াছে?

The Minister for Tribunal Welfare:

(ক) টাকা ১২,০০,০০০ (আনুমাণিক)।

(খ) কুয়ার জন্য টাকা ২১,০০০, চাষের বলদ ক্রয় বাবদ টাকা ১,০৮,০০০।

গৃহ নির্মাণের জন্য কোন অর্থ বরাদ্দ করা হয় নাই।

Proposal for establishment of a Health Centre in Habra Block

88. (Admitted question No. 599.)

ডাঃ সাধনকুমার সেন: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ২৪-পরগণা জেলার হাবড়া ২ নম্বর ব্লকে একটি স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের সরকারী প্রস্তাব আছে; এবং

(খ) সত্য হইলে, কত দিনের মধ্যে ঐ প্রস্তাবটি কার্যকরী হইবে ?

The Minister for Health:

(ক) উক্ত ব্লকে পুকুরকোনায় একটি উপ-স্বাস্থ্যকেন্দ্র বর্তমানে চালু আছে। আরও দুইটি—একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং আরেকটি উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

(খ) স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য উপযুক্ত ভূমি সংগ্রহের চেষ্টা চলিতেছে। ভূমি সংগ্রহ হইলে এ প্রস্তাবটি কার্যকরী হইবে অর্থাৎ স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হইবে।

Agriculture Farm in Ketugram police-station

89. (Admitted question No. 604.)

শ্রীপ্রভাকর মণ্ডল: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার অন্তর্গত কেতুগ্রাম থানার ১নং ও ২নং ব্লকে এগ্রিকালচার ফার্ম-এর জন্য সরকার কর্তৃক যে জমিগুলি দখল করা হইয়াছে সেই জমিগুলির দাম দেওয়া হইয়াছে কি না;

(খ) দেওয়া হইয়া থাকিলে তাহা কোন্ তারিখে দেওয়া হইয়াছে; এবং

(গ) যদি দেওয়া না হইয়া থাকে তাহা হইলে কোন্ তারিখে দেওয়া হইবে এবং এতদিন না দেওয়ার কারণ কি ?

The Minister for Land and Land Revenue:

(ক) না।

(খ) এখনও দেওয়া হয় নাই।

(গ) প্রাক্কলন মঞ্জুরী হয় নাই বলিয়াই টাকা দিতে বিলম্ব হইতেছে। অবিলম্বে মঞ্জুরীর ব্যবস্থা করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ করা হইয়াছে। যত শীঘ্র সম্ভব টাকা দেওয়ার জন্য সর্বপ্রকার ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

Deposit of sands in cultivable lands in Ketugram police-station

90. (Admitted question No. 607.)

শ্রীপ্রভাকর মণ্ডল: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কেতুগ্রাম থানার অন্তর্গত পালিটা, রসুই, নায়েংগা প্রভৃতি মৌজায় ১৩৬৩ ও ১৩৬৬ সালের বন্যায় কত একর কৃষি জমি বালিতে ভরাট হইয়া গিয়াছে; এবং

(খ) সেই সমস্ত জমি উদ্ধার করার ব্যবস্থা সরকার গ্রহণ করিয়াছেন কি না এবং ঐ সমস্ত জমির মালিকদের খাজনা রেহাই দেওয়া হইয়াছে কি না ?

The Minister for Land and Land Revenue:

(ক) পালিটা ও নায়েংগা মৌজায় মোট প্রায় ২১৫·৪৬ একর কৃষি জমি বালিতে ভরাট হইয়া গিয়াছে। রসুই মৌজার অতিসামান্য কৃষি জমি বালিতে ভরাট হইয়াছে।

(খ) নায়েংগা, পালিটা ও রসুই মৌজায় যে সকল রায়তের কৃষি জমি ভরাট হইয়া গিয়াছে তাঁহাদিগকে জমি উদ্ধার করিতে সাহায্য দিবার জন্য বিশেষ ঋণ দেওয়া হইয়াছে। ঐ সকল জমির খাজনা রেহাই দেওয়ার প্রস্তাব বিবেচনাধীন আছে।

Rural water supply

91. (Admitted question No. 657.) **Shri Phakir Chandra Roy:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if the sinking, maintenance, repair and the re-sinking of tubewells in rural areas have been transferred from the Zilla and Anchalik Parishads to the B.D.O.'s exclusively; and

(b) if so, whether the necessary instructions bringing the staff connected with rural water supply exclusively under the control of B.D.O.'s have been issued and dyarchy in the matter of control of the rural water supply staff in the rural areas has been ended?

The Minister for Health: (a) and (b) No. The State Government have, however, recently decided that the Public Health Engineering Directorate, instead of Zilla/Anchalik Parishads, will henceforth be entrusted with the work of construction and maintenance of water supply sources under the Rural Water Supply Scheme and the local Public Health Engineering repairing squads will work under the direct control of the Public Health Engineering Directorate.

Orders giving effect to the above decisions are under issue.

Papers published in West Bengal

92. (Admitted question No. 33.)

শ্রীমহম্মদ আবদুল বারিঃ তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে কোন্ কোন্ ভাষায় কয়টি (১) দৈনিক, (২) অর্ধ-সাপ্তাহিক, (৩) সাপ্তাহিক, (৪) পাক্ষিক, (৫) মাসিক পত্র-পত্রিকা আছে;

(খ) তাহাদের নাম কি এবং কোন্‌টির প্রচার সংখ্যা কত; এবং

(গ) গত তিন বৎসরে কোন্ বৎসর সরকার কোন্‌টিকে কত টাকার বিজ্ঞাপন দিয়াছেন?

The Minister for Information and Public Relations:

(ক) পশ্চিমবঙ্গে যে সমস্ত দৈনিক, অর্ধ-সাপ্তাহিক, সাপ্তাহিক, পাক্ষিক এবং মাসিক পত্র-পত্রিকা আছে তাহার হিসাব এবং তালিকা সংগ্রহের ব্যবস্থা রাজ্য সরকারের তথ্য ও জনসংযোগ বিভাগে নাই। এই দায়িত্ব কেন্দ্রীয় তথ্য এবং বেতার মন্ত্রকের রেজিস্ট্রার অফ নিউজ পেপারস্ কর্তৃপক্ষের।

উক্ত কর্তৃপক্ষের ১৯৬৬ সালের এপ্রিল মাসে প্রকাশিত বিবরণীর উপরে ভিত্তি করিয়া নিম্নে 'ক' তালিকা পেশ করা হইল।

(খ) পত্র-পত্রিকার নাম এবং উহাদের প্রচার সংখ্যা সম্পর্কে তথ্য রেজিস্ট্রার অফ নিউজ পেপারস্ কর্তৃক প্রকাশিত প্রেস ইন্ ইণ্ডিয়া (এপ্রিল, ১৯৬৬) পুস্তকে প্রকাশিত হইয়াছে। এই পুস্তকের কপি এসেম্বলীর গ্রন্থাগারে আছে।

(গ) একটি তালিকা 'গ' লাইব্রেরী টেবিলে পেশ করা হইল।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 92

তালিকা—'ক'

(১) **দৈনিক:**

ইংরাজি—৩
হিন্দী—২
বাংলা—৭
পাঞ্জাবী—২
উর্দ্দু—৬
তিব্বতী—১

(২) **অর্ধ-সাপ্তাহিক:**

ইংরাজি—১
বাংলা—১

(৩) **সাপ্তাহিক:**

ইংরাজি—৩৯
হিন্দী—২২
বাংলা—১১৬
পাঞ্জাবী—১
তেলেগু—১
উর্দ্দু—৩
নেপালী—১
দ্বিভাষিক ও বহুভাষী—১৬

(৪) **পাক্ষিক:**

ইংরাজি—৩৯
হিন্দী—১১
অসমিয়া—২
বাংলা—৫৯
ওড়িয়া—২
তেলেগু—১
উর্দ্দু—২
নেপালী—১
সাঁওতালী—১
দ্বিভাষিক—২

(৫) **মাসিক:**

অসমিয়া—১
ইংরাজি—১৩২
হিন্দী—৪৪
বাংলা—২১১
গুজরাটী—১
মারাঠী—১
ওড়িয়া—১
সংস্কৃত—২
তামিল—১
উর্দ্দু—৯
মৈথিলী—১
দ্বিভাষিক ও বহুভাষিক—৩৯

(উপরিলিখিত তালিকা সংকলনের সময় রেজিস্ট্রার অব নিউজ পেপার কর্তৃক প্রকাশিত 'প্রেস ইন ইন্ডিয়া (১৯৬৬)' পুস্তিকাটির সাহায্য গ্রহণ করা হইয়াছে।

Welfare Committees for the Scheduled Castes and Scheduled Tribes

93. (Admitted question No. 649.) **Shri Tenzing Wangdi:** Will the Minister-in-charge of the Tribal Welfare Department be pleased to state—

(a) whether Committees comprising representatives of Scheduled Caste and other backward classes at subdivisional and district levels have been formed;

(b) if so, whether such Committees have been formed separately for Scheduled Castes and Scheduled Tribes or jointly for such classes of people; and

(c) names and designations of members of the District Committees and Subdivisional Committees of each of the district of West Bengal where such Committees have been formed?

The Minister for Tribal Welfare: (a) The District Welfare Committees for the Scheduled Castes and the Scheduled Tribes have so far been formed for two districts, viz., Darjeeling and Cooch Behar. No such Committees at subdivisional level are formed.

(b) The Committees have been formed separately.

(c) May be seen in the annexure laid on the Library table.

[2—2-10 p.m.]

Calling Attention to matters of urgent public importance

Mr. Speaker: I have received thirteen notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Forcible occupation of piece of land belonging to the Congress Party at Islampur town in the district of West Dinajpur—from Shri Maharaja Bose;

(2) Illegal stopping of railway train, bus, truck, etc., in Calcutta-Bongaon Habra Road on the 14th and 15th July, 1967—from Shri Maharaja Bose;

(3) 'Gherao' of Mrs. Sen, wife of the Managing Director, Hindusthan Cables and President of the School Managing Committee by students at Rupnarayanpur, Chittaranjan—from Dr. Gopika Ranjan Mitra;

(4) Acute food crisis in the Sadar subdivision of Murshidabad district—from Shri Abdul Latif;

(5) Forcible occupation of about 250 bighas of land at Addirabad in the Sonarpur area in 24-Parganas—from Shri Abdus Sattar;

(6) Unprovoked assault by the goonda elements on a peaceful procession of jute workers led by AITUC and INTUC workers jointly on the 16th July, 1967 at Harinagar, 24-Parganas—from Shrimati Geeta Mukherjee;

(7) Indiscriminate arrest under P.D. Act in Murshidabad district—from Shri Mohammed Israil;

(8) Forcible occupation of about 250 bighas of land in Sonarpur areas in 24-Parganas—from Shri Kalipada Mondal;

(9) Formation of the Food Committee in Sankrail block of Howrah district by workers belonging to the C.P.I. (M)—from Shri Nityananda Bhuniya;

(10) Loss of foodgrains caused by the activities of the officer-in-charge, Khardah P.S.—from Shri Sadhan Kumar Chakrabarty;

(11) Malafides by local food committees of police-station Gosaba, district 24-Parganas—from Shri Girindra Nath Mondal;

(12) Suitable accommodation for poet Nazrul—from Shri Tinkori Mondal; and

(13) Alleged assault on peaceful strikers engaged in the manufacture of Biri at Bolepur on 17th July, 1967—from Shri Narayan Choubey.

I have selected the notice of Shri Sadhan Kumar Chakrabarty on the subject of loss of foodgrains caused by the activities of the officer-in-charge, Khardah police-station. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Dr. Prafulla Chandra Ghosh: Next Tuesday.

Presentation of Report of Public Accounts Committee (Special Report I)

Dr. Pratap Chandra Chunder: Sir, I beg to present the Report of the Public Accounts Committee, 1967-68 (Special Report I).

শ্রীআবদুল লতিফ: আমি চার দিন পর পর কলিং অ্যাটেনসান দিয়েছি। আপনি তা এক দিনও অ্যালাও করলেন না।

মিঃ স্পীকার: আমি যা বুঝেছি, তাই করেছি।

শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্ত: কালকে দুটো বিষয় আপনার দৃষ্টি আকর্ষণ করা হয়েছিল ভোটিংএর ব্যাপার নিয়ে। আপনি বলেছিলেন এ নিয়ে তদন্ত হবে। আমি সেটা সম্পর্কে জানতে চাই—কি হ'ল বিষয়ের মধ্যে একটা হ'ল ভোটিং যখন শেষ হ'ল তার আগে থেকেই আপনার একজন কর্মচারী এখানে কি নিয়ে নাড়াচাড়া করছিলেন, ভোটিং হতে যাবে তার আগে এ জিনিস আমরা কখনও দেখি নি। আর একটা হচ্ছে ওদিকের সিটের একজন মেম্বার নেই অথচ তার বাতি জ্বলে উঠলো। এটা রংফুল হ্যান্ডলিং হয়েছিল বলে মনে করি।

মিঃ স্পীকার: মাননীয় সদস্য খগেনবাবু যে কথা বলেছেন এটা কালকের ঘটনা। কালকে দুটো গ্রান্টে ভোট নেওয়া হয়, ভোট নেবার সময় আমাকে সদস্যরা বললেন একটা ভোট সেখানে লোক নেই অথচ ভোট উঠেছে, আর একটা অভিযোগ করলেন যে বাইরের কোন লোক ওখানে দাঁড়িয়েছিলেন যেটা উচিত নয়। ভোট ডিক্লেয়ার্ড করবার পর হাউস এ্যাডজোর্ন করে আমার চেম্বারে যখন গিয়েছিলাম তখন মাননীয় সদস্য প্রতাপবাবু এবং তারপরে মাননীয়া সদস্যা পূরবী মুখোপাধ্যায় আমার কাছে গিয়েছিলেন। আমি তাঁর পূর্বে আমাদের যারা মেকানিকস এই কার্যে আছে তাঁদের আমি ডেকে জিজ্ঞাসা করেছি কেন এরূপ ঘটনা হচ্ছে। তাঁরা তদন্ত বা একজামিন করে বললেন সব ঠিক আছে তবে নানা রকম তার ইত্যাদি দিয়ে একটা কিছু হতে পারে। আমি তারপর তাদের বললাম প্রায় দুই দিন হল এরূপ ঘটনা ঘটছে কিন্তু তারা বললেন আমাদের মেসিন ঠিক আছে। আমি বললাম আপনারা এনটায়ার ইউনিটটা ঐ টেবিলে বদলে দিন। আজকে ঐ টেবিলের এনটেয়ার ইউনিট বদলে দেওয়া হয়েছে। মেকানিক ভদ্রলোক ছিলেন এটা আমি এনকোয়ারি করেছি। তিনি ষ্টাফের মধ্যে একজন। ফাষ্ট টাইম ভোটের সময় তাঁকে বলা হয়েছিল যে তুমি ওখানে থেকে দেখবে যে ঠিকমত ভোট রেকর্ডেড হচ্ছে কিনা। তিনি ওখানে দাঁড়িয়েছিলেন এ্যাকরডিং টু দি ইন্সট্রাকশনস গিভিন বাই দি সেক্রেটারি আন্ডার মাই ডাইরেকশন। তিনি আর বিশেষ কিছু করেন নি। বোতাম টিপতে যদি ভুল হয় তা হলে তিনি সেটা দেখবেন এইটাই হল ঘটনা. এ সমস্ত স্টেপস নিয়েছি। ষ্টাফেরা ভোট হবার সময় ভেতরে দাঁড়িয়ে থাকেন ভোটিং-এ অংশ গ্রহণ করা তাদের কোন প্রয়োজন নাই। আমাদের মেকানিক দাঁড়িয়েছিলেন আমরা ষ্টেপ নিয়েছি যাতে এরূপ আর না হয়, আর যে লোকের ভোট হচ্ছে না রেকরডেড আমরা এ ভোট ধরে নেবো তিনি যদি বলেন যে আমি ভোট দিয়েছি তা হলে প্রসিডিংস-এ রেকর্ড করে নেব এ ছাড়া আর আমার কিছু করবার ছিল না। আপনারা জানেন বাজেটের সময় এত সাপ্লিমেন্টারি হয় না। ব্রিটিশ পার্লামেন্টেও এরূপ নজির নেই।

শ্রীপ্রমথ নাথ ধীবর: স্যার, বিস্নেস লিষ্টে দেখছি যে সিডিউলড কাষ্ট এবং সিডিউলড ট্রাইবস হেডটা গিলেটিনে দেওয়া হয়েছে এ সম্বন্ধে কোন আলোচনা হবে না। আমরা যাদের সম্বন্ধে এতদিন এত কথা বলে এসেছি বিশেষ করে জমি সংক্রান্ত ব্যাপারে ভূমিহীন কৃষকদের সম্বন্ধে বলে আসছি যে বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এবারে সম্ভব হলে যাতে পরের বারে আলোচনা করবার সুযোগ পাই সে সম্বন্ধে দৃষ্টি আকর্ষণ করছি।

মিঃ স্পীকার: বিস্নেস এডভাইসারী কমিটিতে দুই পক্ষের চীপ হুইপ থেকে এটা ঠিক করেছে, আমার কিছু বলার নেই।

DEMAND FOR GRANT No. 15

TOTAL DEMAND—Rs. 18,41,68,000

Major Head: 23—P›lice

[2-10—2-20 p.m.]

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের সুপারিশক্রমে আমি ১৯৬৭-৬৮ সালের জন্য পুলিশ খাতে প্রয়োজনীয় মোট ব্যয় বরাদ্দের মঞ্জুরী করার উদ্দেশ্যে ১৫নং গ্রান্টের অধীন "২৩নং পুলিশ" খাতে ১২ কোটি ৫৪ লক্ষ ৯ হাজার টাকা ব্যয় বরাদ্দের দাবী অনুমোদনের জন্য পেশ করছি। ভোট অন এ্যাকাউন্ট হিসাবে ইতিপূর্বে ৫ কোটি ৮৭ লক্ষ ৫৯ হাজার টাকা অনুমোদিত হয়েছে। ইতিপূর্বে গৃহীত ভোট অন এ্যাকাউন্ট ধরে ১৯৬৭-৬৮ সালের জন্য পুলিশ খাতে চূড়ান্ত বরাদ্দের পরিমাণ দাঁড়িয়েছে গ্রস ১৮,৪২,১৬,০০ টাকা। উক্ত বরাদ্দের মধ্যে প্রভাবিত (চার্জড) ব্যয় ৪৮,০০০ টাকা অন্তর্ভুক্ত আছে। ১৯৬৬-৬৭ সালে সংশোধিত বরাদ্দের হিসাবে অনুরূপ মোট ব্যয়ের পরিমাণ ছিল ১৫,০১,৩৪,০০০ টাকা। গত বৎসরের তুলনায় বর্তমান বৎসরে বরাদ্দ বৃদ্ধির প্রধান কারণগুলি হল—

(১) ১লা জানুয়ারী ১৯৬৭ থেকে মঞ্জুরীকৃত অতিরিক্ত দুর্মূল্য-ভাতা বাবদ— ৬৯,৭৭,০০০ টাকা।

(২) ১লা জানুয়ারী ১৯৬৭ থেকে মঞ্জুরীকৃত চিকিৎসা, বাড়ীভাড়া ও সন্তানদের শিক্ষার জন্য ভাতা বাবদ— ৫৯,৭৫,০০০ টাকা।

(৩) ১৯৬৬-৬৭ সালের শেষ দিকে পুলিশ বাহিনীর জন্য হ্রাসমূল্যে খাদ্য সামগ্রী বিক্রয়ের পরিকল্প প্রবর্তনের ফলে ক্ষতি বাবদ—৮৯,০০,০০০ টাকা।

(৪) ১লা মে ১৯৬৭ থেকে মঞ্জুরীকৃত অতিরিট দুর্মূল্যভাতা বাবদ—৭৮,৯২,০০০ টাকা।

মোট ২,৯৭,৪৪,০০০ টাকা।

৩। ১৯৬৭ সালের মার্চ মাসে বিধানসভায় উপস্থাপিত পুলিশ খাতে ১৭,৬৩,২৪,০০০ টাকার প্রথম আনুমানিক বাজেট অপেক্ষা বর্তমান চূড়ান্ত বাজেটে বৃদ্ধির পরিমাণ হল ৭৮,৯২,০০০ টাকা। এই ব্যয় বৃদ্ধির একমাত্র কারণ হল, এই বৎসরের ১লা মে থেকে মঞ্জুরীকৃত অতিরিক্ত দুর্মূল্যভাতা। অবশ্য প্রথম আনুমানিক বাজেট থেকে মোট ৪৮,০০,০০০ টাকা কর্ডনিং ব্যবস্থা শিথিল করার জন্য এবং কনটিনজেন্সী খাতে ব্যয় সঙ্কোচের দরুন বাঁচানো সম্ভব হয়েছে, যার ফলে চূড়ান্ত বাজেটে অতিরিক্ত ব্যয় দাঁড়িয়েছে ৭৮,৯২,০০০ টাকা।

৪। স্বাধীনতার পর থেকেই পুলিশ বাহিনীর কর্মীসংখ্যা ক্রমে ক্রমেই বৃদ্ধি করা হয়েছে। বঙ্গ বিভাগের পর এই রাজ্যের ১৩৪৯ মাইল দীর্ঘ ভারত-পাকিস্তান সীমান্ত রক্ষার বাড়তি দায়িত্ব পালনের জন্য গোড়াতেই বৃদ্ধি প্রয়োজন হয়। তারপর কুচবিহার ও চন্দননগর পশ্চিমবঙ্গের সংগে যুক্ত হওয়ায় এবং বিহারের কিছু অঞ্চল পশ্চিমবঙ্গে হস্তান্তরিত হওয়ায় পুলিশ বাহিনীর কর্মীসংখ্যা আরো বৃদ্ধি করা হয়। এছাড়া অন্যান্য কারণও অনেক আছে। যেমন কর্ডনিং ব্যবস্থা, অপরাধের মাত্রা বৃদ্ধি, আইন ও শৃঙ্খলার গুরুতর সমস্যা প্রভৃতি। এইভাবে দেখা যাচ্ছে ক্রমান্বয়ে পুলিশ বাহিনীর কর্মীসংখ্যা এবং পুলিশ খাতের ব্যয়ের মাত্রা যথেষ্ট বৃদ্ধি করা হয়েছে। ১৫ই আগস্ট ১৯৪৭, ১লা এপ্রিল ১৯৫২ এবং ১লা জানুয়ারী ১৯৬৭ তারিখে পুলিশ বাহিনীর কর্মীসংখ্যা কত ছিল তার বিবরণ দেওয়া হল।

	অনুমোদিত কর্মী সংখ্যা		
	১৫-৮-৪৭	১-৪-৫২	১-১-৬৭
ইনস্পেকটর ও তার চেয়ে উচ্চ পদের অফিসার	৪৫৭	৬৩৮	৯৩০
অন্যান্য পদ	২৯.৪০৭	৪৫,৪৯৫	৫৯,৬৫৬
মোট	২৯,৮৬৪	৪৬,১৩৩	৬০,৫৮৬

৫। (ক) ১৯৫২-৫৩ সালে এবং তারপর ১৯৬২-৬৩ সাল থেকে প্রতি বৎসরে পুলিশ খাতের নিট ব্যয় হল।

		টাকা
১৯৫২-৫৩	(প্রকৃত ব্যয়)	৫ কোটি ৭১ লক্ষ
১৯৬২-৬৩	,,	১০ কোটি ২৩ লক্ষ
১৯৬৩-৬৪	,,	১০ কোটি ৫৮ লক্ষ
১৯৬৪-৬৫	,,	১২ কোটি ৫৮ লক্ষ
১৯৬৫-৬৬	,,	১৩ কোটি ৪১ লক্ষ
১৯৬৬-৬৭	(আনুমানিক ব্যয়ের সংশোধিত হিসাব)	১৩ কোটি ৬০ লক্ষ

(খ) ১৯৬৭-৬৮ সালের জন্য চূড়ান্ত হিসাবে পুলিশ খাতে নীট ব্যয় ধরা হয়েছে ১৯ কোটি ৮৭ লক্ষ টাকা। গত পাঁচ বৎসরে এবং চলতি আর্থিক বৎসরে মোট রাজস্ব ব্যয়ের অনুপাতে পুলিশ খাতে ব্যয়ের শতকরা হিসাব হল—

		রাজস্ব ব্যয়ের শতকরা
১৯৬২-৬৩	(প্রকৃত ব্যয়)	৯·১
১৯৬৩-৬৪	,,	৯·০
১৯৬৪-৬৫	,,	৯·১
১৯৬৫-৬৬	,,	৮·১
১৯৬৬-৬৭	(সংশোধিত বাজেট)	৬·৯
১৯৬৭-৬৮	(চূড়ান্ত বাজেট)	৮·০

৬। (ক) আমাদের পুলিশ বাহিনীর খরচ এবং তাদের সংখ্যা সম্বন্ধে মোটামুটি পরিচয় দেবার পর আমি ১৯৬৬ সালে এবং বিগত পাঁচ বৎসরে এই রাজ্যের অপরাধ সংগঠন সম্পর্কিত অবস্থার প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। এতে দেখা যাবে যে গত পাঁচ বছরে অপরাধের সংখ্যা উত্তরোত্তর বেড়েছে। তার খতিয়ান দেওয়া হলো।

পুলিশগ্রাহ্য (কগনিজেবল) অপরাধের মোট সংখ্যা

১৯৬২	৭০,২২৭
১৯৬৩	৮২,৪৭৩
১৯৬৪	৮৯,৭৪৩
১৯৬৫	৯৪,৫৭৫
১৯৬৬	১,০০,৬৬১

(খ) ১৯৬২ ও ১৯৬৬ সালে সচরাচর যে ধরনের প্রধান অপরাধ সংঘটিত হয় সে সবের একটি তুলনামূলক তালিকা হলো।

	ডাকাতি	রাহাজানি	সিঁদেলচুরি	চুরি
১৯৬২	৭০৮	৬০৯	১০,৮২২	...২৭,১১১
১৯৬৬	৬৫১	৫২৫	১০,৯১৩	২৫,৩১২

৭। অপরাধ নিবারন এবং অপরাধীর সন্ধান এবং সমাজবিরোধীদের দমন করবার ব্যাপারে ্বলিশের গ্রুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। আমি বিশ্বাস করি আমাদের পুলিশ বাহিনী এই ্যাপারে তাদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সম্পূর্ণ সচেতন। জনজীবনের শান্তি ও নিরাপত্তা যাতে ্বঘ্নিত না হয় তার জন্য আমাদের পুলিশ বাহিনী সদা সচেষ্ট থাকবে। অতীতে অনুসৃত ্বলিশী কর্মপন্থা পুনর্বিবেচনার প্রয়োজন আজ দেখা দিয়েছে। উন্নততর সামাজিক পরিবেশ ্বষ্টি করার জন্য জনসাধারণ পুলিশের উপর অনেকাংশেই নির্ভরশীল। জনসেবার স্বার্থে ্বারো উন্নত আইনানুগতভাবে পুলিশ তাদের কর্তব্য পালন করবে। জনসাধারণের সহযোগিতা ্ব সৌভ্রাত্রমূলক সহায়তা নিয়ে পুলিশ উচ্চ মানের সমাজ শৃঙ্খলাবোধ এবং নিরুপদ্রব জন-্বীবন গড়ে তুলতে পারবে বলে আমি পূর্ণ আস্থাশীল। একথা একান্তভাবে সত্য যে গণ-্বহযোগিতার মাধ্যমেই গণতান্ত্রিক রাষ্ট্রের আদর্শ রূপায়ন সম্ভব।

৮। কোন কোন মহলের অভিযোগ যে আমরা পুলিশকে নিষ্ক্রিয় করে ফেলেছি। এর চেয়ে ্বসত্য আর কিছু হতে পারে না। রাষ্ট্র পরিচালনায় পুলিশের যে একটা গুরুত্বপূর্ণ নির্দিষ্ট ্বমিকা আছে সেটা আমরা সম্পূর্ণ উপলব্ধি করি। অপরাধ দমন এবং আইন ও শৃঙ্খলা ্বক্ষায় যে কোন রাষ্ট্রের পক্ষেই পুলিশ বাহিনীর প্রয়োজন অপরিহার্য। তবে আমরা যা চাই ্বা হলো এই যে পুলিশ এমনভাবে কাজ করবে যাতে করে জনসাধারণের সদিচ্ছাও বাস্তবে ্বপায়িত করা সম্ভব হয়। জনগনের গনতান্ত্রিক আন্দোলন কিম্বা আইনসংগত ট্রেড ইউনিয়ন ্বান্দোলনের অধিকারে পুলিশের হস্তক্ষেপ আমাদের উদ্দেশ্য নয়। কারণ আমরা গণতন্ত্রের ্বৌলনীতিগুলি প্রতিষ্ঠা করতে চাই। আমাদের এই অভিপ্রায় আমরা গোপন করতে চাই নি ্ববং সেই লক্ষ্য থেকেও বিচ্যুত হই নি।

৯। প্রসঙ্গত আমি দ্ব্যর্থহীন ভাষায় বলতে চাই যে রাজ্যের আইন ও শৃঙ্খলা রক্ষার ্বুরুত্ব সম্বন্ধে সরকার সম্পূর্ণ সচেতন এবং যেখানেই আইন শৃঙ্খলার বিপর্যয় ঘটবে সেখানেই ্বুলিশ তার উপযুক্ত শক্তি প্রয়োগ করে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনতে তৎপর হবে। কোন ্বকান ক্ষেত্রে হয়ত বা কিছু ত্রুটি ঘটে থাকতে পারে, কিন্তু এই ধরনের যেসব ত্রুটি বিচ্যুতির ্বটনা আমাদের নজরে এসেছে, সেগুলির প্রতিবিধানের ব্যবস্থা আমরা করেছি। জনসাধারনের ্বর্বস্তরের ক্রমবর্ধমান সহযোগিতা ও সদিচ্ছা নিয়ে এবং সংগঠনিক দক্ষতার সুউচ্চ মান ্বতিষ্ঠা করে পুলিশ আগামী দিনে আরও উৎসাহ এবং সততা ও ন্যায়পরায়ণতার সংগে জন-্বসবার কাজে আত্মনিয়োগ করার আশা পোষণ করে।

এই বলে আমি এই ব্যয় মঞ্জুরীর প্রস্তাব সভার বিবেচনার জন্য পেশ করছি।

2-20—2-30 p.m.]

Mr. Speaker: All the cut motions are in order and taken as moved.

The motion of Shri Satyanarayan Banerjee that the demand be reduced to Re. 1.

The motion of Shri Pijush Kanti Mukherjee that the demand be reduced to Re. 1.

The motion of Shri Byomkesh Majumdar that the demand be reduced to Re. 1.

The motion of Shri Trilokes Misra that the demand be reduced to Re. 1.

The motion of Dr. Gopal Das Nag that the demand be reduced to Re. 1.

The motion of Shri Sushil Kumar Paul that the demand be reduced to Re. 1.

The motion of Shri S. M. Abdullah that the demand be reduced to Re. 1.

The motion of Shri Nityananda Bhuniya that the demand be reduced to Re. 1.

The motion of Shri Sachindra Mohon Nandy that the demand be reduced to Re. 1.

The motion of Shri Santosh Kumar Roy that the demand be reduced to Re. 1.

The motion of Shri Probhakar Pal that the demand be reduced to Re. 1.

The motion of Shri Dwijendra Nath Mitra that the demand be reduced to Re. 1.

The motion of Shri Krishna Bahadur Gurung that the demand be reduced to Re. 1.

The motion of Shri Mihir Upadhyay that the demand be reduced to Re. 1.

The motion of Shri Pramatha Nath Dhibar that the demand be reduced to Re. 1.

The motion of Shrimati Abha Maiti that the demand be reduced to Re. 1.

The motion of Shri Narayan Chandra Chaudhuri that the demand be reduced to Re. 1.

The motion of Dr. Fazle Hoque that the demand be reduced to Re. 1.

The motion of Dr. Ranjit Ghosh Chowdhury that the demand be reduced to Re. 1.

The motion of Shri Maharaja Bose that the demand be reduced to Re. 1.

The motion of Shri Dashukaran Murmu that the demand be reduced to Re. 1.

The motion of Shri Jatindra Mohan Roy that the demand be reduced to Re. 1.

The motion of Shri Syama Prasad Barman that the demand be reduced to Re. 1.

The motion of Shri Dhirendra Narji Narai that the demand be reduced to Re. 1.

The motion of Shri Khagendra Nath Das Gupta that the demand be reduced to Re. 1.

The motion of Shri Arun Kumar Moitra that the demand be reduced to Re. 1.

The motion of Shri Siddhartha Shankar Ray that the demand be reduced to Re. 1.

The motion of Dr. Gopika Ranjan Mitra that the demand be reduced by Rs. 100.

The motion of Shri Paresh Chandra Goswami that the demand be reduced by Rs. 100.

The motion of Shri Tenzing Wangdi that the demand be reduced by Rs. 100.

The motion of Shri Puranjoy Paramanik that the demand be reduced by Rs. 100.

The motion of Shrimati Abha Maiti that the demand be reduced by Rs. 100.

The motion of Shri Amalendu Kumar Bagchi that the demand be reduced by Rs. 100.

শ্রীশঙ্করদাস ব্যানার্জী: মিঃ স্পীকার স্যার, আমি আজকে পুলিশের ব্যয়বরাদ্দ সম্বন্ধে দুটো-চারটে কথা বলতে চাই। আমি কোন প্রতিবাদ করবো না, সরকার যেভাবে চলছে সে সম্বন্ধে দু-চারটে কথা বলবো। দুটো-চারটে তথ্য দিয়ে এই বিধানসভার সামনে রাখবো। আমি আশা করবো আমার শ্রদ্ধেয় বন্ধু—মুখ্যমন্ত্রী মহাশয় তিনি আমার দীর্ঘকালের পরিচিত এবং তাঁকে আমি খুব সম্মান করি। তিনি সেই তথ্যগুলির সরাসরি জবাব দেবেন। আর আমি কিছু চাই না।

আমি জানি চতুর্দিক থেকে নানারকম প্রতিবাদ উঠেছে। যখন নূতন যুক্তফ্রন্ট সরকার এলেন তখন তাঁরা লোককে দুহাত তুলে আশ্বাস দিয়েছিলেন—প্রথম হচ্ছে তাঁরা বললেন আমরা দুর্নীতি দমন করবো, দ্বিতীয় বললেন যে খাদ্যের দাম আমরা কমাবো, চেষ্টা করবো কমাতে। কোনদিন অস্বীকার করেন নাই—এই স্টেটের খাদ্যাভাব হয়েছে। আমি এ সম্বন্ধে কোন মন্তব্য করতে চাই না। তবে তিন মাসের মধ্যে যে সমস্ত দুর্নীতি উঠে যাবে এ কথা আমরা কোনকালে বিশ্বাস করি নি। আমি বরাবর দেখেছি কংগ্রেস সরকারের আমলে দুর্নীতির কথা বলা হতো। আজ যাঁরা আমাদের সরকার গঠন করেছেন তাঁরা তখন দারুন চেঁচাতেন দুর্নীতি, দুর্নীতি। আমি বলতাম—এক হাতে তো আর তালি বাজে না। পুলিশ তো পান ওয়ালার কাছ থেকে ঘুষ খায় সকলে জানি। কতবার বলেছি—সেসব থাকবে, দুর্নীতি উঠবে না। ছোটখাট জিনিস নিয়ে প্রতিবাদ করে বিধানসভায় একটা মস্তবড় জিনিষ প্রমাণ করা যাবে, তা যাবে না। সরকার যতক্ষণ পর্যন্ত দুর্নীতি দমন করতে চেষ্টিত থাকবেন, ততক্ষণ আমরা বলবো সরকার তার কর্তব্য পালন করছেন।

দ্বিতীয়, খাদ্য সম্বন্ধেও কিছু তাঁরা করতে পারবেন না। আমি একদিনের জন্যও ভাবিনি খাদ্য সম্বন্ধে ও'রা কিছু করতে পারবেন। বাংলাদেশে খাবার নাই, নানা সমস্যার সম্মুখীন হয়েছে। ইলেকশনের সময় বিরোধী বন্ধুরা বলেছেন চালের দাম এত করে দেব। এইসব ইলেকশনের কথা, আমি জানতাম ও'রা পারবেন না। করতে পারবেন না। মাল তো ছিল না, দিতে পারবেন না। এখনো তাঁরা দিতে পারছেন না।

(এ ভয়েসঃ যতসব অবান্তর কথা বললেন!)

আমি আপনাদের কাছ থেকে সদুপদেশ চাই না, আর একটা কথা—তাঁরা বলেছিলেন—দেশে শান্তি প্রতিষ্ঠিত হবে। সেটাই আমার বলবার কথা। শুধু আপনারা শান্তি প্রতিষ্ঠা করতে পারেন নি তা নয়, যেভাবে আপনারা সরকার পরিচালনা করছেন তাতে শান্তি প্রতিষ্ঠিত হবার কোন আশা-ভরসা নাই। আজকে আমি শুনলাম মুখ্যমন্ত্রী মহাশয় বলছেন আমি পুলিশকে নিষ্ক্রিয় করি নাই। সে ইচ্ছাও আমার ছিল না। বোধ হয় সে ইচ্ছা তাঁর ছিল না বা অন্য কোন কোন মন্ত্রীর ছিল না। কিন্তু সকলের ইচ্ছা ছিল না—একথা কি করে আমরা বিশ্বাস করি, যখন আমরা দেখছি কাগজে? এটা অস্বীকার করতে পারবেন না। আর না হয় দাঁড়িয়ে বলুন—হ্যাঁ, আমরা বলেছি, বেশ করেছি। একথা যদি সাহস করে বলতে পারেন তাহলে আমার আর বলার কিছু নাই। পুলিশকে নির্দেশ দেওয়া হলো একথা পরিষ্কার ছাপার অক্ষরে আছে। কোন জায়গায় যদি মানুষ ঘেরাও করে, তাহলে আগে শ্রমমন্ত্রীকে জিজ্ঞাসা করবো যে আমরা যাব কিনা। তিনি ঠিক করে দেবেন পুলিশ যাবে কিনা! আমি তো এই ধরনের কথা কখনো শুনি নি! আমি জানতে চাই—পুলিশ কমিশনাররা কি অপদার্থ? আমি জানতে চাই তাহলে কি ইন্সপেক্টর জেনারেল অফ পুলিশ—অপদার্থ? ডি আই জি-রা কি অপদার্থ? হাজার হাজার টাকা বেতন দিয়ে তাঁদের রাখা হয়েছে। তাঁরা দীর্ঘদিন এই কাজ করছেন। কলিকাতা ও বাংলাদেশের শিল্পাঞ্চলে যেসব সমস্যা আছে—তা তাঁদের আছে। আজ শিল্পাঞ্চলে যে গোলমাল হয়—এটা নূতন কিছু নয়, শিল্পাঞ্চলে গোলমাল হয়, স্ট্রাইক হয়, মারামারি হয়, হাঙ্গামা হয়। কিন্তু আমি কোনকালে আজ পর্যন্ত কখনও ত শুনি নি যে, রাইটার্স বিল্ডিং থেকে শ্রমমন্ত্রী বুঝিয়ে দেবেন যে ঘেরাওটা ট্রেড ইউনিয়ন আইনের মধ্যে পড়ছে কিনা এবং পুলিশ সেখানে যাবে কিনা? এরকম অদ্ভুত কথা ত কখনও শুনি নি। কোন আইনের বলে তিনি এটা করছেন আমি জিজ্ঞাসা করতে চাই।

(নয়েজ অ্যান্ড ইন্টারাপশানস)

আমি তথ্যগুলি হাউসের সামনে ধরে দেবো, আমি যা বলছি তা ঠিক কিনা আপনারা বিচার করে দেখবেন। (নয়েজ অ্যান্ড ইন্টারাপশানস) শ্রমমন্ত্রী কোন আইনের বলে বলীয়ান হয়ে বললেন যে আগে আমাকে জিজ্ঞাসা করে, তবে পুলিশ কোথাও যাবে। কোন ইন্ডাস্ট্রিয়াল আইন বা ট্রেড ইউনিয়ন ল-তে লেখা আছে, যাতে শ্রমমন্ত্রী মহাশয় একথা বলতে পারেন? আমরা জানি, যদিও এই অর্ডার সম্পূর্ণ বে-আইনী, পুলিশ সেখানে নিষ্ক্রিয় হয়েছিল, তার সাক্ষাৎ প্রমাণ লোকে ঘণ্টার পর ঘণ্টা ঘেরাও হয়ে আবদ্ধ থেকেছে। তাঁরা পুলিশকে বার বার জানিয়েছেন, শুধু পুলিশকেই নয়, শ্রমমন্ত্রীকেও জানিয়েছেন, তাঁরা বলেছেন মশাই আমাদের ঘেরাও করে রেখেছেন ৭ ঘণ্টা ৮ ঘণ্টা ১০ ঘণ্টা, পুলিশ বাহিনী পাঠাও। পুলিশ বাহিনী সেখানে যায় নি। আমি জানতে চাই আমাদের শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রিমহাশয়ের মুখ থেকে যে পুলিশ যদি না গিয়ে থাকে তাহলে দুটো কারণে না গিয়েছে। প্রথম হচ্ছে সরকারের বা মন্ত্রিমহাশয়ের ইঙ্গিতে, আর তা না হলে তারা কর্তব্য কর্ম থেকে বিচ্যুত হয়েছে। কারণ, আমি যা সামান্য ফৌজদারী আইন জানি, পুলিশকে যদি খবর দেওয়া হয় বা তারা টেলিফোনে খবর পান, বা লোকমুখে খবর পান বা যে কোন উপায়ে খবর পান, যে রং-ফুল কনফাইনমেন্ট করে আমাদের আবদ্ধ করে রেখেছে ঘরের মধ্যে, আমরা বেরুতে পারছি না, পুলিশ বাহিনী তৎক্ষণাৎ সেখানে গিয়ে উপস্থিত হন এবং প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করে থাকে। কিন্তু বর্তমানে দেখা গিয়েছে চার-পাঁচটি ফ্যাক্টরীর ম্যানেজার, তাদের পাঁচ-ছয়শো বা হাজার লোক ঘেরাও করে আটকে রেখেছে, তারা প্রাণভয়ে কাতর, বেরুতে পারছে না, তাদের মারধর করতে চাচ্ছে, এই অবস্থায় যখন লোকে শ্রমমন্ত্রীকে টেলিফোনে জানিয়েছেন, সেখানে পুলিশ কিছু করে নি। (নয়েজ অ্যান্ড ইন্টারাপশানস) আমি মাননীয় সদস্যদের বলবো, আপনারা যদি আমাকে বলতে দেন তাহলে বলবো।

মিঃ স্পীকারঃ ও'রা কেন, আমিত রয়েছি, আপনাকে কে বলতে দেবেন না? আপনি বলুন।

শ্রীশঙ্করদাস ব্যানার্জীঃ মিঃ স্পীকার স্যার, আমার শরীর অসুস্থ একটু দুর্বল হয়ে পড়েছি।

মিঃ স্পীকারঃ কেউ কিছু বলবে না। আপনি বলুন।

শ্রীশঙ্করদাস ব্যানার্জীঃ আমি এই কথা বলবো, আপনি জানেন এবং মাননীয় সদস্য যাঁরা উপস্থিত আছেন তাঁরাও জানেন যে বহু শিল্পাঞ্চলে বহু কারখানায় মানুষকে ঘেরাও করে রেখে, তাদেরকে অমানুষিক যন্ত্রণা দেওয়া হয়েছে। আট, নয়, দশ ঘণ্টা ধরে রৌদ্রতে দাঁড় করিয়ে রাখা হয়েছে, মানুষ অজ্ঞান হয়ে পড়েছে, তখন পুলিশ সেখানে আট-নয়-দশ ঘণ্টা পরে গিয়ে সাহায্য করেছেন।

মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন দরখাস্তের পর দরখাস্ত পড়েছে চিফ প্রেসিডেন্সী ম্যাজিস্ট্রেটের কোর্টে, যে আমরা পুলিশকে জানিয়েছি, পুলিশ নিষ্ক্রিয়। আরো বলা হয়েছে যে, শ্রমমন্ত্রীকে জানান হয়েছে, তিনি শ্রমিকদের নিয়ে ব্যস্ত, জগতে তাঁর চোখে শ্রমিক ছাড়া আর কোন মানুষ আছে বলে তিনি জানেন না। (এ ভয়েসঃ ঠিকইত, তিনি যোগ্য মন্ত্রী।) হতে পারে তিনি যোগ্য মন্ত্রী আপনাদের মতে, কিন্তু আমার মতে নয়। (নয়েজ অ্যান্ড ইন্টারাপশানস) আজকে শঙ্করদাস ব্যানার্জী আমাকে জেলে যেতে হবে, আর ইলা দেবী বাইরে থেকে ট্রেড ইউনিয়ন করবেন, এটা হতে পারে না।

[2-30—2-40 p.m.]

এই নীতি আমাকে নূতন করে আইন পড়ে শিখতে হবে, আমি এই আইন কখনও শিখিনি। আমি একথা বলবো যে যখনি পি পি এম-এর কোর্টে দরখাস্ত হয়েছে তিনি তখনি বলেছেন যে এটা অন্যায় হয়েছে। তিনি পুলিশ পাঠিয়ে দিয়ে তাদের ওয়ারেন্ট দিয়ে ছাড়িয়ে এনেছেন। তাহলে কি চিফ প্রেসিডেন্সী ম্যাজিস্ট্রেট ভুল করেছেন? আপনারা যাঁদের ঐ বিচার আসনে বসিয়ে রেখেছেন তাঁদের বিচারে বলছে যে এই সমস্ত অন্যায়, অন্যায়ভাবে আটক করা হয়েছে, রংফুল কনসাইনমেন্ট। তাঁরা পুলিশ পাঠিয়ে ছাড়িয়ে আনছেন কেন? তাহলে দুটো কারণ আছে, একটা হচ্ছে হয় চিফ প্রেসিডেন্সী ম্যাজিস্ট্রেট তাঁর কর্তব্য থেকে বিচ্যুত হয়েছেন, কিম্বা চিফ প্রেসিজেন্সী ম্যাজিস্ট্রেটের অর্ডার যদি কারেক্ট হয় তাহলে এইভাবে

ঘেরাও করা লোকের অন্যায় হয়েছে। স্যার, আমি পরিষ্কার করে একটা কথা হাউসের সামনে **প্রথমেই বলবো আপনি নাকি আজকে প্রশ্নোত্তরকালে বলেছেন সাবজ্যুডিস, আমি তা একটা কথাও** বলবো না যেগুলি সাবজ্যুডিস। আমি জানি সেটা বলা আমার পক্ষে অন্যায় হবে। আমি জেনারেল প্রিন্সিপ্যালের কথা বলছি, জেনারেল প্রিন্সিপ্যাল অফ রংফুল কনসাইনমেন্ট। আজকে ধরুন শ্রমমন্ত্রী বলেছেন যে অনেক ক্ষেত্রে ম্যানেজমেন্ট বা এমপ্লয়াররা ন্যায্য দাবী দেন না। আমি শ্রমমন্ত্রীর সঙ্গে কোনরকম বাক বিতণ্ডা করতে চাই না, এমন যে ক্ষেত্র নেই সেকথাত আমি বলবো না, অনেক ক্ষেত্রে এইরকম জিনিস আছে। অনেক ক্ষেত্রে এইরকম জিনিস আছে যে যারা শ্রমিক তাদের ন্যায্য দাবী অনেক এমপ্লয়ার দেন না সেটা আমি মানি। সেত অনেক ক্ষেত্রেই হয়, জীবনে লোকে টাকা ধার করে জবাব দিচ্ছে এক পয়সাও ধারি না, তাহলেত তার বাড়ি গিয়ে চড়াও করে তার গলায় গামছা দিয়ে টাকা আদায়ের ভিত্তিত আমার জানা নেই। আজকে ইন্ডাস্ট্রিয়াল কোর্ট তৈরী হয়েছে, একথা নিশ্চয়ই আমি উইথ কনফিডেন্স বলতে পারি যে ইন্ডাস্ট্রিয়াল কোর্টের কাজ আমি দেখেছি, তাঁরা যতদূর শ্রমিকদের বাঁচিয়ে বিচার করতে পারেন করেন, তাতে কিছু দুঃখিত হবার কারণ নেই, বিরক্ত হবার কারণ নেই। তাঁরা বিচার করে বলেন যে, এটুকু শ্রমিকের পাওয়া উচিত। অ্যাওয়ার্ড হয়, অ্যাওয়ার্ডের টাকা না দিলে জেল হয়, কোথায় ও'রা দেখেছেন? হ্যাঁ অ্যাওয়ার্ড পেতে দেরী হতে পারে তার জন্য আইন বদলে দিন। আমিত বলেছি ইন্ডাস্ট্রিয়াল কোর্ট থেকে আর্টিকেল ২২৬ অফ দি কনস্টিটিউশন আমরা নিয়ে যেতে পারি, আর্টিকেল ২২৬-এর বিচার থেকে অ্যাপিল কোর্টে যেতে পারে, অ্যাপিল কোর্ট থেকে সুপ্রীম কোর্টে যায়। আমিত কখনও দেখিনি যে শ্রমিক যারা সুপ্রীম কোর্টে মামলা লড়তে যায় তারা অসহায়, তারা লোক দিতে পারে না। তারা লড়াই করতে পারে না একথা ত বলা চলে না। যাঁরা এ বিষয়ে ওয়াকিবহাল তাঁরা বলবেন যে যেভাবে ম্যানেজমেন্টের মামলা শোনা হয় সেই ভাবে শ্রমিকের মামলাও শোনা হয়, সুপ্রীম কোর্ট কখনও বিকৃত চোখে কিছু দেখেছেন বলে আমার জানা নেই। আমি একথা বলবো যতদিন হাইকোর্ট থাকবে, যতদিন সুপ্রীম কোর্ট থাকবে, যতদিন তাঁরা রায় দেবেন, আমরা গণতান্ত্রিক মতে চলতে চাই আমরা মাথা পেতে নেবো সেই রায়কে তাতে সেই অ্যাওয়ার্ড ভাল লাগুক ছাই না লাগুক, সেই জাজমেণ্ট ভাল লাগুক না লাগুক। কেন না আপনাদের যদি নিজের আদালতের উপর বিশ্বাস, আস্থা না থাকে তাহলে আপনারা আইন বদলে দিন কিন্তু বলবেন না যে আমরা গণতান্ত্রিক পথে চলতে চাই। আজকে আমি আমার শ্রদ্ধেয় বন্ধু অজয়বাবুকে এই কথা বলবো, আমি জানি না আজো উনি আমাকে বন্ধু মনে করেন কিনা, কিন্তু আমি যতদিন বেঁচে থাকবো ততদিন ও'কে বন্ধুই বলবো, দীর্ঘদিন আপনি সরকারের মন্ত্রী ছিলেন, আজকে যুক্তফ্রন্টের চীফ মিনিস্টার হয়েছেন বলে যে আপনার অভিজ্ঞতা চলে গিয়েছে সেকথা আমি বিশ্বাস করবো না। আমি জানি আপনি গভর্নমেণ্টে ছিলেন সামান্য দিন **আমি আপনার সঙ্গে কাজ করেছি, আপনি ত জানেন যে পুলিশকে হেয় করে, অপমানিত করে,** পুলিশের গলায় জুতোর মালা পরিয়ে, পুলিশের মাথায় গোবরের হাঁড়ি তুলে আপনি যদি মনে করেন যে আপনার গভর্নমেণ্ট ভাল চলবে তাহলে একথা আপনার সম্পূর্ণ ভুল। আমি আপনাকে অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি যে আপনি মুখ্যমন্ত্রী হয়ে আপনার এত অভিজ্ঞতা থাকা সত্ত্বেও এইসব জিনিস হতে দিচ্ছেন কেন? কার চাপে, কার ভয়ে, কার নির্দেশে আপনি আজ এইসমস্ত কাজের প্রতিবাদ করছেন না? আপনি আজ ঢাকা দিয়ে চলতে চেষ্টা করছেন।

(হট্টগোল)

অজয়বাবু, আমি আপনাকে একথা বলবো যে এইসমস্ত জিনিস আদালতে বা কমিশনে যাবে এটা আমি বলবো না, কিন্তু আপনি অস্বীকার করতে পারবেন না যে বেহালায় একটা কেলেঙ্কারী হয়েছে। আপনি যদি আজকে পুলিশ কনস্টেবলকে, পুলিশ কমিশনারকে হুকুম দেন যে গুলী কর, সে করতে বাধ্য। সে নিজের ইচ্ছায় গুলী করে না। আজ যদি বলেন লাঠি চার্জ কর পুলিশ করতে বাধ্য। কর্তৃপক্ষকে আপনারা যদি বলেন যে কাঁদুনে গ্যাস ছাড়ো তাহলে তারা তা করতে বাধ্য। আপনি তাকে সনাক্ত করে রেখে—সে যে বেচারী চা খেতে গিয়েছিল তাকে প্রত্যক্ষভাবে রাস্তায় অপমান, মারধর করেছে, কান ধরে উঠা-বসা করিয়েছে.........................

(এ ভয়েসঃ ওকথা ঠিক নয়।)

আপনি যে কথা ঠিক জানেন না সেকথা সম্বন্ধে বলবার অধিকার আপনার নেই। এর জবাব অজয়বাবু দেবেন। তিনি আজকে হোম ডিপার্টমেন্টের কর্তা, তাঁর কাছে প্রত্যেকটা খবর আসে. তিনি যদি বলেন যে না শঙ্করবাবু আমি মানি না তাহলে আমাকে তা মাথা পেতে মেনে নিতে হবে। আমি বলে দিচ্ছি শুনুন বেহালায় যে কান্ড হয় সেটা হয় ১৮ই মার্চ ১৯৬৭ তারিখে. এই বছরের ১৮ই মার্চ, কনস্টেবলটির নাম হরিপদ চক্রবর্তী অফ বরিষা আউট পোস্ট। আমার এত সময় নেই যে তার কেসের বিষয়টা বিশদভাবে বলবো। আমি জানতে চাই বেহালায় এই যে হরিপদ চক্রবর্তীকে নিয়ে যে ঘটনা ঘটলো তাতে আপনারা তাদের প্রটেকশন মোটেই দিলেন না. আপনারা পুলিশ বাহিনীকে প্রোটেকশন কিছু দিচ্ছেন না, আপনারা জনগণকে খুসী করার জন্য পুলিশ জুতো খায় খাক, মার খায় খাক, আপনারা ঢাকা দিতে চেষ্টা করছেন। এতে কি করে মুখ্যমন্ত্রী আশা করতে পারেন পুলিশ বাহিনী আপনাদের সার্ভ করবে উইথ লয়ালটি? আর একটি কেসের কথা আমি বলছি, শান্তিপুরে লরীতে একটা ছেলে চাপা পড়লো, এইরকম রোজ হচ্ছে, রোজই ত রাস্তায় অজস্র লোক চাপা পড়ছে, আপনি সরকারে বসে থাকলে লোক লরী চাপা পড়বে, কংগ্রেস বসলেও লোক লরী চাপা পড়বে, প্রেসিডেন্ট রুল হলেও লোক লরী চাপা পড়বে, লরী চাপা পড়া বন্ধ হবে না কিন্তু থানা জ্বালাবার কি কারণ, থানা অ্যাটাক করার কি কারণ? অমনি মন্ত্রীরা সেখানে চলে গেলেন, কাশীবাবু ত্রাণকর্তা সেজে তৎক্ষণাৎ বললেন হাই-কোর্টের জাজকে দিয়ে এনকোয়ারি করাবেন। হাইকোর্টের জাজের এখানে এনকোয়ারি করবার কি আছে? যদি একটা লোক চাপা পড়ে থাকে তাহলে চাপা পড়ার পর পুলিশের কর্তব্য তাকে অ্যারেস্ট করা, তারা যাকে মনে করবে, যাকে অ্যারেস্ট করা উচিত বলে মনে করবে তাকে তারা অ্যারেস্ট করবে। সংগে সংগে লাফিয়ে পড়ে হাইকোর্টের জাজকে দিয়ে কমিশন বসাবার কি কারণ আমি ত বুঝতে পারি না। স্যার, আমি একটা কথা এখানে বলে যাই, আমার সময় কম।

[2-40—2-50 p.m.]

রঞ্জিত দাস তিনি পুলিশ ১৭ই মে ১৯৬৭ তারিখে নিজের কাজ করতে গিয়েছিলেন। তাকে চলন্ত ট্রেনের কমপার্টমেন্ট থেকে ফেলে দেওয়া হয়েছে। কি প্রতিকার হল? চতুর্থ কেস ভাঙড় থানায় পারমিটের চাল আসছিল। চোরা চাল জনগণ ক্ষেপে গিয়ে নিশ্চয়ই ধরতে পারে। আমি বলব চোরা চাল যদি জনগণ ধরে থাকে তাহলে ঠিক কাজই তারা করেছে। স্যার, ভাঙড়ের পারমিট কভার্ড রাইস আসছিল। জনগণ কেড়ে নিল। জ্যোতির্ময় বসু মহাশয় এম পি সেখানে গিয়ে তিনি তার কর্তা হয়ে বসলেন। তারপর ডি এস পিরা কিছুই করতে পারলেন না। কি করবে? আপনি যদি বলেন পারমিট কভার্ড চাল তাহলে ১০টি পুলিশ আর ওদিকে ১০ হাজার লোক সেখানে তারা কি করবে? পুলিশে যদি জোর করে তখুনি আপনারা বলবেন যে পুলিশ একেবারে অত্যন্ত অন্যায় কাজ করেছে। কেন না, আপনাদের চোখে পুলিশ জীবনে ভাল কাজ করতে পারে না। আপনারা যখন রাজ্যে অধিষ্ঠিত ছিলেন না, তখনও বলেছেন এবং আজকে কাজের মাধ্যমে প্রমাণ করছেন যে এ পুলিশকে বিশ্বাস করা চলে না, এর বিচার জনগণের উপর দিয়ে দেওয়া হবে, জুতো মারা হবে, কান ধরা হবে এবং আপনারা সেটা অনুমোদন কি করে যে করেন তা দেখে আমি অবাক হয়ে যাই। হাওড়ায় যে ঘটনা ঘটেছে, স্যার, আমি সে সম্বন্ধে বলব না, কেন না হাইকোর্টের সংগে সাব-জুডিস। কিন্তু আমি জানত চাই হাওড়ায় যেই একটু গোলমাল হল —সেটা প্রায় সকলেই জানেন, হাইকোর্টে সাবজুডিস, কে অন্যায় করেছে তার বিচার হবে। সেখানে চলে গেলেন মন্ত্রিমহাশয়রা - হরেকৃষ্ণ কোঙার মহাশয় লাফাতে লাফাতে গেলেন। ডি আই জি, আই জি ও সুপারিনটেন্ডেন্ট অফ পুলিশ সেখানে গেলেন এবং ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট পর্যন্ত সেখানে গেলেন। তা সত্ত্বেও কোঙার মহাশয় গিয়ে উপস্থিত। তাহলে আমি বলব মন্ত্রীত্বটা ছেড়ে আই জি-র চাকুরীটা নিন। ৫০০ টাকার মন্ত্রীত্বটা নিয়ে কি করবেন? ২,৫০০ টাকা মাইনের আই জি-র চাকুরীটা নিন। (তুমুল হট্টগোল)

শ্রীমনোরঞ্জন হাজরা: অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে এই যে, এই সমস্ত ঘটনা কমিশনারের সামনে আছে এবং সেই সম্পর্কে হাউসে যদি কোন কথা বলা হয়, তাহলে কমিশনকে অসম্মান করা হয়। আমরা এই হাউসে কমিশনকে অসম্মান করতে রাজী নই। এই হচ্ছে আমার পয়েন্ট অফ অর্ডার।

মিঃ স্পীকারঃ কোন পেন্ডিং কেস, কিভাবে কোন জায়গায় আছে উনি সেটা এড়িয়ে আইনত বলছেন সে ক্ষমতা ও'র আছে।

শ্রীশঙ্করদাস ব্যানার্জীঃ স্যার, দ্বিতীয় কথা আমি বলতে চাই—এটা বিস্তৃত বিষয় বলতে অনেক সময় লাগবে, আমি ছোট করতে চেষ্টা করছি। নকশালবাড়ি নিয়ে আমি ২-৪টি কথা বলব। প্রথমতঃ নকশালবাড়ি নিয়ে আমাদের বিভ্রান্ত করা হয়েছে। কেন আমি বললাম বিভ্রান্ত করা হয়েছে?

প্রথমতঃ সরকারের তরফ থেকে বলা হল ল্যান্ড হাঙ্গার, জমি তাদের ন্যায্য প্রাপ্য পাওনা তারা পায়নি। অতএব তাদের ক্লেইম এস্টাবলিশ করবার জন্য তীর দরকার হল, ধনুক দরকার হল, বল্লম দরকার হল, যেন আজকে গভর্নমেন্ট উঠে গিয়েছে। আপনারা প্রথমে কিছু করলেন না ল্যান্ড হাঙ্গার, ল্যান্ড হাঙ্গার—পিছন থেকে ইঙ্গিত কি—ইঙ্গিত হচ্ছে যা করছে ঠিকই করছে। তারপরে এইভাবেই চলতে লাগল—তারপরে শোনা গেল তাঁরা একটা ঘাঁটি তৈরী করতে চান আউটসাইড ইন্ডিয়া, তখন সেটা বলা হল ট্রেজন। তারপরে পার্লিয়ামেন্ট-এর মেম্বাররা এলেন তারা গেলেন দেখতে, কি হল—তাদের যে উক্তি সেটা কাগজে বেড়িয়েছিল—তাদের মুখ্যমন্ত্রিমহাশয়ের সঙ্গে যে কি আলোচনা হল তা আমি জানি না, সেটা যদি মুখ্যমন্ত্রী এখানে দয়া করে বলেন তাহলে আমরা শুনতে পারব, আর যদি না বলেন তাহলে শুনতে পাব না। কিন্তু ত্রিবেদী বললেন এ ল্যান্ড হাঙ্গার-এর গল্প বোগাস তাঁরা বললেন যে বড় জোতদাররা ছোট জোতদারদের মারবার জন্য কমিউনিস্ট পার্টির সাহায্য নিয়ে তারা এই কান্ড করছেন। কাকে আমরা বিশ্বাস করব? আমি জিজ্ঞেস করতে চাই যারা গিয়েছিলেন পার্লিয়ামেন্ট-এর মেম্বাররা তারা অসত্য কথা বলছেন কিম্বা আপনাদের তরফ থেকে যা বলা হচ্ছে তা ঠিক নয়। কোনটাকে আমরা বিশ্বাস করব সেটা আপনি হাউসের সামনে পরিষ্কার করে বলবেন। আজকে আমরা মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছ থেকে জানতে চাই যে জনগণ কি কোন আপনাদের কাছ থেকে সাহায্য পাবেন—যারা শ্রমিক নন যারা আপনাদের সাপোর্টার নন, যারা কমিউনিস্ট পার্টির মেম্বার নন, তারা কি আপনাদের কাছ থেকে কিছু আশা করতে পারেন? অন্তত আমি আপনাকে বলতে পারি যখন আমার বাড়ি ঘেরাও করা হয়েছিল তখন আপনিও পুলিশ দিয়ে আমার বাড়ি ঘেরাও করে দিয়েছিলেন। সে কথা আমি স্বীকার করছি আপনি যথেষ্ট সাহায্য করেছিলেন আমার বাড়িতে দশ দিন পাহারা ছিল—সে প্রশ্ন উঠছে না। প্রশ্ন উঠছে যে আজকে বিভিন্ন শিল্পাঞ্চলে যেভাবে লোকের উপর অমানুষিক অত্যাচার করা হচ্ছে আপনারা কি বোঝেন না? মুখ্যমন্ত্রিমহাশয়কে আরেকটি কথা আমি বলব, শুধু যে আমি কমিউনিস্ট পার্টির বিরুদ্ধে বলছি তা নয়, আপনারা জানেন যে আসানসোল অঞ্চলে একজন শ্রমিক নেতাকে খুন করা হল। আপনি নিজে তারপরে আসানসোলে গিয়েছিলেন, আমার যতদূর মনে আছে আমি জিজ্ঞাসা করব আপনাকে যে why was there such an inordinate delay in starting investigation? পুলিশ ইনভেস্টিগেশন এত বিলম্বে করেছিল কেন? আপনারা কি জানেন না, আপনাদের অফিসাররা জানে না, আপনাদের কি লিগ্যাল অ্যাডভাইসার নাই যে পুলিশের এ সম্বন্ধে কর্তব্য কি? যে মুহূর্তে কগনিজেবল ক্রাইম হবে মার্ডার, আরসন, রেপ, লুটিং তাহলে কি কর্তব্য—পুলিশের কর্তব্য হচ্ছে ইনভেস্টিগেশন করা উইথ আটমোস্ট পসিবল এক্সপিডিশন। আট দিন ধরে পুলিশ নিষ্ক্রিয় হয়ে বসে রইল। আমি মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই এই হাউসের মধ্যে যে আপনি কি তদন্ত করে দেখেছেন যে পুলিশ কেন ইনভেস্টিগেশন আরম্ভ করেনি পত্রপাঠ, যে মুহূর্তে খবর পেল সেই মুহূর্তে কেন ইনভেস্টিগেশন করে নাই। এর একটা পরিষ্কার জবাব আমরা চাই।

[2-50—3 p.m.]

আর একটা আইনের প্রশ্ন আপনাদের জিজ্ঞাসা করবো—আমি জানতে চাই কোন আইনে লেখা আছে ইন্ডিয়ান পেন্যাল কোড, ক্রিমিন্যাল প্রসিডিওর কোড—না কোন আইনের বইয়ে যে আপনি ফতোয়া দিচ্ছেন রাইটার্স বিল্ডিংস থেকে বসে যে হ্যাঁ সারেন্ডার করলেই বেল দাও। আপনি বলবার কে, আপনাকে সেই অধিকার কে দিয়েছে। হতে পারেন আপনি মুখ্যমন্ত্রী হেড অফ দি একজিকিউটিভ হতে পারেন—মন্ত্রীমণ্ডলীর সঙ্গে যুক্ত করে সেই নির্দেশ দিয়েছেন কিন্তু আমি পরিষ্কার করে আপনাকে জিজ্ঞাসা করতে চাই এই হাউসের মধ্যে যে আপনাকে কে ক্ষমতা দিয়েছে—এই ক্ষমতা আপনার তো কোনদিন ছিল না। আপনি চোখের সামনে বসে বে-আইনী কাজ

করছেন একটার পর একটা। এবং আমি যদি আজ একথা না বলি তাহলে আমি আমার কর্তব্য থেকে বিচ্যুত হবো। আমি আপনাকে যতই সম্মান করি না কেন আপনি যেখানে অন্যায় করবেন আপনার যেখানে ত্রুটি দেখতে পাবো সেখানে আমি আপনাকে বলতে বাধ্য যে আপনি অন্যায় করছেন। নকশালবাড়িতে আপনি নির্দেশ দিয়েছিলেন যে আসবে তাকে বেল দিয়ে দেবে— তাহলে ম্যাজিস্ট্রেটরা নিষ্ক্রিয় মূর্খ—তারা কি বিচার করতে পারবে না। একটা কথা জিজ্ঞাসা করতে চাই সেটা হচ্ছে, আপনি আমাকে একটা নজীর দেখাতে পারেন কি, কি ইংরাজ আমলে, কি প্রাক্তন গভর্নমেন্টের আমলে কোন জায়গায় আপনি নজীর দেখাতে পারবেন না, আমি আপনাকে বলছি আপনি অ্যাডভোকেট জেনারেল শ্রীঅজিতকুমার দত্ত—তিনি বিখ্যাত ক্রিমিন্যাল ল-ইয়ার—তিনি এসে বলুন এই হাউসের মধ্যে দাঁড়িয়ে যে না, সরকারের অধিকার আছে বেল অর্ডার দেবার। রাইটার্স বিল্ডিংস থেকে কি নীতিতে হবে। তিনি এসে বলুন যে

'Gherao' is illegal to some extent and I am borrowing the language of your Advocate-General.

আমি জানি অজিত দত্ত মহাশয় রিটেন ওপিনিয়ন দিয়েছেন যে ঘেরাও ইজ ইললিগ্যাল। আমি বলতে চাই না তাঁর সঙ্গে আমার কি কথা হয়েছিল সেটা বলা অন্যায় হবে আমি জানি

In the course of his professional career not once, but many times in writing he said that 'Gherao' is illegal.

যে ঘেরাও ইজ ইললিগ্যাল—এই যদি আপনার অ্যাডভোকেট জেনারেলের অভিমত হয় তাহলে আমি মুখ্যমন্ত্রীকে বলতে চাই যে আপনি যদি ফেয়ার হতে চান টু দি হাউস

not to me, if you want to be fair to the House, send your Advocate-General, let him come and give his opinion on a very vexed question.

আমি এও বলছি আপনাদের তাঁকে ডাকবার সাহস নেই। আমি এই কথা বলে এই ত্রুটিবিচ্যুতি দেখিয়ে এই ব্যয়বরাদ্দের বিরোধীতা করছি।

শ্রীমতী গীতা মুখার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, যুক্তফ্রন্ট সরকারের পুলিশের বাজেট বরাদ্দ সমর্থন করতে গিয়ে আমি এই সরকারকে অভিনন্দন জানাই এই বলে যে সংবিধানের সীমাবদ্ধতার মধ্যে থেকেও আজ একটা নূতন কথা বলবার তাঁরা চেষ্টা করেছেন। সেই চেষ্টায় তাঁরা সফল হবেন কিনা তার পরীক্ষা এখনও শেষ হয়ে যায় নি কিন্তু সমগ্র ভারতবর্ষ তার প্রতি অধীর আগ্রহে অপেক্ষা করছে সেই পরীক্ষায় কি হবে। সেই পরীক্ষা হচ্ছে এই যে ইংরাজ আমলে ঠিক হয়ে গিয়েছিল যে পুলিশ থাকবে সেই পুলিশ জনসাধারণের বিপক্ষে এবং সম্পত্তিবান ভেস্টেড ইন্টারেস্ট যারা তাদের পক্ষে থাকবে। কংগ্রেস গভর্নমেন্ট আচরণের দ্বারা তাই করেছিলেন—আচরণের চেয়ে বড় সত্য আর কিছুই নেই। এই বিশ বছরে পুলিশ সংক্রান্ত ব্যাপারে সমগ্র জনসাধারণের মনের মধ্যে এই ধারনা সৃষ্টি হয়েছিল যে এ ছাড়া উপায় নেই, এ ছাড়া আর কোন উপায় আছে কিনা, সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে কোন সরকার এই চেষ্টা করবেন কিনা, যে দেশের অধিকাংশ যারা মুষ্টিমেয় শোষক নয়, যারা শোষিত জনতা তাদের পক্ষে ন্যায়ের পক্ষে সেই পুলিশকে এনে দাঁড় করানো যায় কিনা। সেই পরীক্ষার সামনে দাঁড়িয়ে আমি অভিনন্দন জানাই যুক্তফ্রন্ট সরকারকে যে বহু অসুবিধার মধ্যেও বহু চোখ রাঙ্গানীর মধ্যে, বহু হস্তক্ষেপের মধ্যেও তারা সেই প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। তাই দেখি যে আমার দক্ষিণ দিকে এবং আপনার বাম দিকে আজকে বসে আছে কি বিপুল উত্তেজনা এই ঘেরাও ব্যাপার নিয়ে যে, গেল গেল সব গেল—আইন শৃঙ্খলা গেল—১০ ঘন্টা থাকলে সব গেল, আইনশৃঙ্খলা গেল। কৈ কোনদিন তো দেখি নি তাঁদের পক্ষ থেকে যখন আসানসোলের ব্যাপারে তাঁরা এতো চীৎকার করেন—এখানে আমি কলিং অ্যাটেনশন করেছিলাম তার জবাবও এসেছিল—এই যে মালিকরা আসানসোলে একটা শ্রমিক মিছিলের উপর তাদের গুণ্ডা দিয়ে গুলী চালিয়ে খুন করলেন—কৈ সে বিষয়ে পুলিশ সঙ্গে সঙ্গে নড়তে পারলো না, এমন কি হোম ডিপার্টমেন্টের সেক্রেটারী তিনি ফোন করা সত্ত্বেও নিষ্ক্রিয়তা দেখলাম। ঘেরাও নিয়ে এতো ব্যাপার—তাঁরা বলছেন ল অ্যান্ড অর্ডার গেল গেল। আমি বলি একথা শুধু সম্পূর্ণ মিথ্যাই নয়, আমি শুধু স্মরণ করতে বলি গেল বছরের ফেব্রুয়ারী-মার্চ-এপ্রিল-এ যখন মুখ্যমন্ত্রী প্রফুল্ল সেন মহাশয় নদীয়া ডুবু ডুবু কৃষ্ণনগর ভেসে যায় ইত্যাদি স্টেটমেন্ট করেছিলেন কত লোক মারা গিয়েছিল ৬৫টার উপর, কত রাষ্ট্রীয় সম্পত্তি ক্ষতি হয়েছিল,

কি পরিস্থিতি ছিল কোথায় সিকিউরিটি—ছেলে বেরুলে কাল বাড়ি ফিরে আসবে কিনা—কলকাতা শহরে পর্যন্ত বলতে পারতো না—এই কি অবস্থা ছিল না? আজকে আমার একথা বলতে চোখ দিয়ে জল পড়ার মত হয় যে মেদিনীপুরের মত এলাকায় পর্যন্ত আমার নিজের কনস্টিটিউ-য়েন্সীতে আজকে পৌনে তিন টাকা চালের দাম উঠেছে, কেন্দ্রীয় সরকার আজকে গম-চাল দিচ্ছে না বলে, সমস্ত মানুষকে ধন্যবাদ যে এই দারুন পরিস্থিতিতে আমরা সত্যিই সে ব্যাপারে কিছুই করে উঠতে পারছি না এতো সত্ত্বেও আইনশৃংখলা রাখবার দায়িত্ব তাঁরা নিয়েছেন বলে আজকে এই পরিস্থিতি হচ্ছে না—ধন্যবাদ পশ্চিমবাংলার মানুষকে যাঁরা আইনশৃংখলা ও'দের চেয়ে ভাল করে বুঝেছেন। তাই তাঁরা আমাদের সহযোগিতা করছেন। নকশালবাড়ি, নকশালবাড়ি প্রতি দিন, প্রতি নিয়ত শুনছি—আমি বলবো নকশালবাড়িতে পুলিশ যখন তাদের অপারেশন আরম্ভ করেছে তখন দুই দিনের মধ্যে ঘটনাগুলির মীমাংসা হয়ে গেছে—এই পরিস্থিতির মধ্যে ও'রা চেয়েছিলেন যে পিটিয়ে দেওয়া যাক গোড়া থেকে—কিন্তু সেই রাস্তা নেওয়া হয় নি। আমাদের মন্ত্রিমহাশয়রা বুঝতে পেরেছিলেন যে এটা ভূমি সংক্রান্ত ব্যাপার এবং তাঁরা এটা বুঝতে পেরেছিলেন বলে সেখানে যারা সাধারণ কৃষক তাদের সংগে এক্সট্রিমিস্টদের বিচ্ছিন্ন করে-ছিলেন। তাদের উদ্দেশ্য ছিল লোককে পিটিয়ে দিয়ে ল অ্যান্ড অর্ডার রাখ। আজকে নাগাল্যান্ড এত দিন পরে আছে কেন—ট্রাইব্যাল কোয়েশ্চেন আদৌ তাঁরা বুঝতে পারেন নি। কেন কংগ্রেসী কেন্দ্রীয় সরকার আজ পর্যন্ত কোন মীমাংসা করতে পারলেন না। মাত্র চার মাসের মধ্যে এত বড় একটা জটিল সমস্যা—আজকে পলেটিক্যাল ইন্টারফেয়ারনেস যদি বলেন ল অ্যান্ড অর্ডার মূলত প্রশ্নটা বুঝায় এটা তাঁরা বুঝতে পেরেছেন।

[3—3-30 p.m.]

এ অবস্থার মধ্যে তা সত্ত্বেও আমাদের মুখ্যমন্ত্রীকে এই অবস্থাটা আপনার মাধ্যমে বিশেষ করে নিবেদন করতে চাই। যারা ল অ্যান্ড অর্ডার বলে চিন্তা করছেন তাদের উদ্দেশ্য এই নয় যে এখানে ল অ্যান্ড অর্ডার থাকুক। তাদের উদ্দেশ্য হল পশ্চিমবাংলায় এটা যারা নূতনভাবে চালাবার চেষ্টা করছেন তাদের কি হবে এটা থেকে সাবভার্ট করান যায়, বিচ্যুত করান যায় এটাই তাদের উদ্দেশ্য। কংগ্রেস থেকে বলা হয়েছে যে পুলিশকে আমরা নিষ্ক্রিয় করে রেখেছি কিন্তু আসলে আজ তারা কি চাইছেন? পুলিশ সম্বন্ধে নূতন ধরনের যে প্রচেষ্টা সেই প্রচেষ্টা এবং তার ব্যাপারে কি করে একটা বিশৃংখলা সৃষ্টি করা যায় তার চেষ্টা করা। আমি মুখ্যমন্ত্রিমহাশয়কে একটি কথা বলব যে, যুক্তফ্রন্ট সরকার যে নূতন দৃষ্টিভঙ্গী এবং কর্মসূচী ঘোষণা করেছেন যে পুলিশের দৃষ্টিভঙ্গীর পরিবর্তন সেটা তিনি দৃঢ়ভাবে মেনে চলুন। আই জি আপনার কাছে কি পেশ করেছেন, আপনি কি জানেন যে তিনি কে কে রায়, হোম ডিপার্টমেন্ট সেক্রেটারী, যাকে নিয়ে যাওয়া হয়েছে তার সংগে তিনি দৈনন্দিন পরামর্শ করেছেন, কেন্দ্রীয় সরকারের এখানে সি আই ডি ব্রাঞ্চ তারা রেগুলার রিপোর্ট দিচ্ছেন। আই জি-র সময় হয়ে এসেছে চলে যাবার, তাই আজ দেখছি যাদের উপর ল অ্যান্ড অর্ডার-এর ভার তারাই এইভাবে কাজ করে যাচ্ছেন। তারা নিজেদের ব্যাপারেই এত ব্যস্ত যে অন্যকে পরামর্শ দেবেন কি করে। আপনার কাছে কি করে তিনি রিপোর্ট করবেন যে পুলিশ এই কাজ করছে। পুলিশ অ্যাসোসিয়েশন হয়ে বলতে পারি যে নিশ্চিত সাধারণভাবে পুলিসের প্রতিনিধি নিয়ে তাদের তরফ থেকে যখন আসে তখন তাদের সে ঔদ্ধত্য প্রকাশ করবার কোন অধিকার নেই, তাদের উপর কোন ন্যায্য ব্যবস্থা নেওয়া হলে—হাওড়া-এর কথা সত্য, সেখানে বিন্দুমাত্র দুঃখ প্রকাশ করেন নি। এই যে পুলিশ অ্যাসোসিয়েশন-এর হয়ে যারা ওকালতী করবে সেই চক্রান্ত কংগ্রেস ভবনের চক্রান্ত। স্বরাষ্ট্র মন্ত্রী আলোচনা করবার যে ব্যবস্থা করেছেন তার চক্রান্ত। আমি মুখ্যমন্ত্রিমহাশয়কে নিবেদন করবো যে, আপনি বাংলাদেশের এক যুগ-সন্ধিক্ষণে বাংলাদেশের মুখ্যমন্ত্রী হয়েছেন আপনি ল অ্যান্ড অর্ডার-এর চীৎকার শুনে ঘাবড়ে যাবেন না, আপনি এর বিরুদ্ধে দৃঢ়ভাবে দাঁড়ান, যে পরীক্ষার সম্মুখীন আপনি হয়েছেন, আপনি তার বিরুদ্ধে দাঁড়ান, আপনি সেইসব পুলিশের বিরুদ্ধে দাঁড়ান। আমি জানি এটা পুলিশের দ্বারা সম্ভব নয়, কারণ সাধারণ পুলিশ চায় মানুষের সেবা করতে। আপনাদের বিরুদ্ধে সাবভার্ট করবার জন্য এদের পরামর্শ প্রতিনিয়ত পুলিশ যে করছে তার প্রতিরোধ করুন এবং কেন্দ্রীয় সরকার এই ব্যাপারে যে হস্তক্ষেপ করবার চেষ্টা করছেন তার আপত্তি করুন। কেন্দ্রীয় সরকার একটা নূতন আইন করবার চেষ্টা করছেন যে ইন্ডিয়ান ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি অ্যাক্ট বলে যাতে সারা ভারতবর্ষে সমস্ত কিছুই কলকারখানা কেন্দ্রীয় সরকারের তত্ত্বাবধানে থাকে। ইন্ডাস্ট্রিয়াল

সিকিউরিটির নামে তারা একটা ফোর্স করবেন বলে বলেছেন। আপনি এর বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানিয়েছেন বলে আপনাকে ধন্যবাদ। সারা ভারতবর্ষের পার্লিয়ামেন্ট-এর [illegible] এর প্রতিবাদ জানিয়েছেন, সুতরাং সেদিক থেকে তাদের সেজন্য ধন্যবাদ। কিন্তু এই অত্যাচারের বিরুদ্ধে দৃঢ়ভাবে দাঁড়ান, পুলিশের অ্যাটিচুড পরিবর্তন করবার যথেষ্ট সুযোগ আজ আছে, কিন্তু আমরা দেখছি এক এক জায়গায় পুলিশ দীর্ঘদিন থাকার ফলে ভেস্টেড ইন্টারেস্ট-এর সঙ্গে যোগ-সাজসের ফলে অনেক ক্ষেত্রে আমি দেখছি এই জিনিস ঘটছে। আমি বহু উদাহরণ দিতে পারি যে দারোগারা ভেস্টেড ইন্টারেস্ট-এর সঙ্গে যুক্ত আছেন এবং এর ফলে কি বিপদ হচ্ছে বিভিন্ন রকমের। কমন নলেজ, পাবলিক নলেজ এই অবস্থার সম্বন্ধে কি তাহা আপনি জানেন। আমি আপনাকে বলব যে আপনি সেই পুরান লিঙ্ক ভেঙ্গে ফেলে নূতনভাবে পরিবর্তন করুন. আপনি জানেন যে একজন এক জায়গায় বেশীদিন থাকলে কি ঘটে। তাই আমি বলব তাদের জায়গা ট্রান্সফার করুন এবং আজকে যে হস্তক্ষেপের চেষ্টা হচ্ছে তার বন্দোবস্ত করুন। এই উপলক্ষ্যে আমি বলতে চাই যে মনোরঞ্জনবাবু যিনি আমাদের এই হাউসের বহু পুরান মেম্বার. তিনি আপনার কাছে চিঠিও দিয়েছেন. তাঁকে নাকি আপনার এস ডি ও এই কথা বলেছেন যে. মুখ্যমন্ত্রীর কথা শোনবার দরকার নেই, আমরা শুনবো হিজ এক্সেলেন্সী-এর কথা। একজন সাধারণ অফিসার এত বড় কথা বলতে পারেন তার ব্যাপারে সাবভার্ট-এর চক্রান্ত তার বিরুদ্ধে হুঁসিয়ার থাকতে হবে। আমাদের একটা কাজ আছে, অনেক দিন আগে পুলিশ অ্যাসোসিয়েশন-এর তরফ থেকে আপনার কাছে মেমোরেন্ডাম দিয়েছিল যে তাদের ৩৫০ জনকে ১৯৫৫ সালে সাসপেন্ড করা হয়। সাধারণ পুলিশ কি করে ন্যায্য দাবীদাওয়া আদায় করতে গিয়েছিল অবশ্য সে নির্দেশ তাদের পরে দেওয়া হয়েছিল কিন্তু কংগ্রেস গভর্নমেন্ট সেই দাবীদাওয়া সম্পর্কে মতপ্রকাশ করেছিলেন এবং সে সম্পর্কে বিবেচনা করা হবে গেজেটে তাদের দাবীদাওয়া সম্পর্কে মতপ্রকাশ করা সত্ত্বেও পুলিশের বরখাস্ত অর্ডার জারী করেছিলেন, অথচ সেই পুলিশ অন ডিউটিতে তারা অনশন করেছিলেন এবং এইরূপ ব্যবস্থা তাদের বিরুদ্ধে গ্রহণ করা হয়েছিল। এই বিশেষ পুলিশদের বিরুদ্ধে যে অন্যায় ব্যাপার ঘটেছিল আপনি তার পরিবর্তন করুন। তা হলেই পুলিশ তারা বুঝতে পারবে যে অবস্থা কি। আপনারা ইতিমধ্যে পুলিশ বিভাগের ব্যয় বরাদ্দের দাবী বাড়িয়েছেন তাহা তারা বুঝতে পারছেন, কিন্তু তা সত্ত্বেও তারা দৃঢ়ভাবে বুঝতে পারবে এটা করলে যে আপনারা ন্যায় চান। আই জি-এর উপর যে সাবভার্ট-এর কথা বলা হয়েছে তার উপর নির্ভরশীল থাকতে হবে না। এই যারা চক্রান্ত করছেন যে প্রকৃত ল অ্যান্ড অর্ডার এস্টাব্লিশড করুন সেই ল অ্যান্ড অর্ডার, সেই জনসাধারণের আজকে প্রকৃত সহযোগিতা ছাড়া তা করা সম্ভব নয়। এই করলেই নূতনভাবে পুলিশের অভ্যুত্থান হবে এবং নূতন ফর্ম-এ তাদের কাজ করা সম্ভব হবে বলে আমি মনে করি। আজ যে চক্রান্ত সেই ল অ্যান্ড অর্ডার-এর ডিই-ভারশন-এর যে চীৎকার সেই চীৎকারকে প্রতিহত করবার জন্য আমি বলব। শেষে আমি ২/১টা কথা বলে শেষ করছি। পুলিশ ব্যাপারে খরচ হওয়া যে শুধু যে পুলিশ বাজেটে কমেছে তা নয়, আমাদের এ বিষয়ে অ্যাকচুয়াল অনেক কম খরচ হতে পারে। ফেব্রুয়ারী টু এপ্রিল মাস পর্যন্ত গত বৎসরে মধ্যপ্রদেশ, পাঞ্জাব, অন্ধ্রপ্রদেশ ও মহারাষ্ট্র ইত্যাদি বিভিন্ন অঞ্চল থেকে যে পুলিশ আনা হয়েছিল তার জন্য ১৪ লক্ষ টাকা তাদের দিতে হয়েছিল, সেই ফুড মুভমেন্টকে সাপ্রেসড করাবার জন্য। এইবার সে অবস্থা হবে না। আমি আর একটা কথা বলব। একটা খাত আছে রেলওয়ে পুলিশ বলে, সেই রেলওয়ে পুলিশ খাতে আমাদের গভর্নমেন্ট কেন এত টাকা দেবে তা আমি জানি না, রেলওয়ে এটা সেন্ট্রাল সাবজেক্ট। তাদের দুইটা উইংগস আছে একটা হল অর্ডার, আর একটা হল ক্রাইম। আমি আপনার ডিপার্টমেন্ট থেকে জানতে পেরেছি আমাদের নাকি ওরা অর্ডার দেন। ক্রাইম কেন্দ্রের হাতে, অর্ডার অর্থাৎ রেলওয়ে পুলিশ এর প্ল্যাটফর্ম-এ যে গন্ডগোল হয় তা হলে তার খরচ দেবে কেন্দ্রীয় এবং ভালব যদি চুরি যায় তাহলে তার খরচ দেব আমরা। এইভাবে বছরে ১১ থেকে ১২ লক্ষ টাকা আমরা কেন খরচ করব তা আমরা জানি না। আমি শেষ কথা বলে আপনাকে ধন্যবাদ জানাব যে এদের যে চক্রান্ত সেই চক্রান্তের বিরুদ্ধে পশ্চিমবাংলার এই যে যুগ সন্ধিক্ষণে আপনি মুখ্যমন্ত্রী এবং মন্ত্রীসভার মাথার উপর দাঁড়িয়ে আজকে এই নূতন জিনিস চালু করবার চেষ্টা করবেন এই বিশ্বাস আমি রাখি। সেই বিশ্বাস রেখে এই বাজেটের ব্যয়বরাদ্দের পরিপূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[At this stage the House adjourned for 20 minutes.]

(After adjournment)

[3-30—3-40 p.m.]

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: মাননীয় স্পীকার মহোদয়, আজ পুলিশ খাতে ব্যয়বরাদ্দের উপর আলোচনা করবার সুযোগ দেওয়ার জন্য আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আমি প্রথমেই বলে রাখছি যে পুলিশ বিভাগের পক্ষ নিয়ে আমার বক্তব্য উত্থাপন করছি না, দেশের শান্তি শৃংখলা ও প্রশাসনকে বর্তমান সরকার কোথায় নিয়ে গেছেন সে সম্বন্ধে ২/৪টি কথা বলবো। দেশে যে বর্তমানে বিশৃংখলা ও অরাজকতা সৃষ্টি করা হচ্ছে তার কারণ খুঁজতে গেলে দেখা যাবে যে তাঁদের সম্পূর্ণ সম্মতিতে এবং কোন কোন ক্ষেত্রে তাঁদের সহযোগিতার ইঙ্গিতেই এই জিনিসটা হচ্ছে। আগে পুলিশ যদি কোন জায়গায় হামলা করতেন তাহলে সাধারণ মানুষ নিরব নিষ্ক্রিয় দর্শক থাকতেন, কিন্তু এখন দেখতে পাচ্ছি সাধারণ মানুষ যদি কোন একক বা দলবদ্ধভাবে অন্যায় করেন তাহলে পুলিশ সাধারণ নিষ্ক্রিয় দর্শক হয়ে বসে থাকছেন। তার কারণ, বর্তমান যুক্তফ্রন্ট সরকার নাকি জনগণের সরকার। জনগণ যাই করুন তাই যদি ন্যায় বলে মেনে নেন তাহলে তার উপর বলার কিছু নেই। যদি এটাই সরকারের কাম্য হয় তাহলে পুলিশ বিভাগের পিছনে এত টাকা ব্যয় করার প্রয়োজনীয়তা আছে বলে আমি মনে করি না। কাজেই ঘাটতি বাজেটের পাট চুকে যায় এবং সেই টাকা আপনারা উন্নয়ন কাজে লাগাতে পারতেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই আমি আপনার মাধ্যমে বলব যতক্ষণ পুলিশ আছে ততক্ষণ তাদের কর্তব্যও আছে এবং যে কর্তব্যবোধের তামিলে দক্ষতা দেখাতে পারলে দায়িত্বপূর্ণ কাজে তাদের নিয়োগ করা হয়। সম্প্রতি হাওড়া ও রানাঘাটে যে ঘটনা ঘটে গেল তাতে দুজন দায়িত্বপূর্ণ পুলিশ অফিসারকে যেভাবে নিগৃহীত করা হয়েছে তার ফলে সমস্ত রাজ্যের পুলিশ বাহিনীর মনোবল যে ভেঙে গেছে সে বিষয়ে নিঃসন্দেহ। আমি বলতে চাই উত্তেজনার সময় মানুষের কোন হিতাহিত জ্ঞান থাকে না। তাঁরা এই তথ্য জানেন, সেই তথ্য জানা সত্ত্বেও মন্ত্রিমহাশয় নিজেদের বাহবা নেবার জন্য, জনগণকে সন্তুষ্ট করার জন্য তাঁরা দুজন পুলিশ অফিসারকে গ্রেপ্তার করার আদেশ দিলেন। এই আদেশ একমাত্র উর্ধতন পুলিশ কতৃপক্ষ দিতে পারেন। আজকে শুধু পুলিশ বিভাগই নয়, বিচার বিভাগেও হস্তক্ষেপ করতে যাচ্ছেন। আমি বলতে চাই না পুলিশ শুধু [illegible] পাতা। যদি তারা অন্যায় করে তাহলে নিশ্চয় তাদের শাস্তি দিতে হবে। কিন্তু বিচার বিভাগের মাধ্যমে তা দেওয়া উচিত। কারণ তাঁরা জানেন যাঁরা অন্যায় করেন সে পুলিশ বা জাঁদরেল অফিসারই হোক কারুর কাছে আইনের ফাঁক নেই। এবং বিচার বিভাগের মাধ্যমেই তাঁদের ফয়সালা হওয়া বাঞ্ছনীয়।

আমাদের শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী সম্প্রতি ১৮ই জুন তারিখে পুলিশ প্যারেড গ্রাউন্ডে বার্ষিক কুচকাওয়াজে কি বলেছেন? আমি যে কথা বলেছি তিনি সেই কথাই বলেছেন। কিন্তু কার্যে আমরা তা দেখতে পাচ্ছি না কেন? তাঁদেরই অন্য শরীক বাম কমিউনিস্ট নেতারা তাঁর দপ্তরে হস্তক্ষেপ করে দেশে অরাজকতা সৃষ্টি করছেন। তাতে পুলিশমন্ত্রী হয়ে কোন কিছু কি কর্তব্য নেই? তিনি কি কেবল ঠুঁটো জগন্নাথ হয়ে বসে থাকবেন?

পুলিশের সম্বন্ধে অনেক দুর্নীতির কথা বলা হয়। পুলিশকে নাকি পয়সা না দিলে কোন কাজ হয় না। কিন্তু সম্প্রতি এমন একটি ঘটনা ঘটে যাতে পুলিশকেও টেক্কা দিয়েছে। সেটা হচ্ছে এই, মার্ক্সবাদী কমিউনিস্ট দল। এই কলকাতা শহরে পার্ক স্ট্রীটে। পার্ক হোটেল নামে আমিন চাঁদ পেয়ারীলাল এক হোটেল খোলার আবেদন করেন। হোটেল খোলার আবেদন তৎকালীন কংগ্রেস সরকার নাকচ করেন। কারণ; পুলিশ রিপোর্ট তাঁর বিরুদ্ধে ছিল এবং কর্পোরেশনও তাঁর বিরুদ্ধে রিপোর্ট দিয়েছিলেন। কিন্তু সম্প্রতি জনৈক মন্ত্রী মহাশয়ের তদ্বিরে দুই লক্ষ টাকা পার্টি ফান্ডে পাওয়ায় হোটেল মালিক তাঁর লাইসেন্স পেয়েছেন বলে একটি সংবাদপত্রে বেরিয়েছে। কিন্তু এই কথা যদি অসত্য হয় তাহলে এখন পর্যন্ত কেন প্রতিবাদ বেরোয় নি। বরং আমরা দেখতে পাচ্ছি যে সেই সংবাদ পরিবেশিত হওয়ার পরে সেই ফাইল স্বরাষ্ট্র (পুলিশ) দপ্তর হইতে রহস্যজনকভাবে উধাও হয়েছে। আমরা জানতে পেরেছি যে, সেই ফাইল জ্যোতিবাবু দেখতে চেয়েছিলেন, তারপর সেই ফাইল আর দেখতে পাওয়া যাচ্ছে না।

দুর্নীতি সম্বন্ধে বলেন, যুক্তফ্রন্ট সরকার দুর্নীতিমুক্ত করবেন। এই কি দুর্নীতি মুক্ত করার নমুনা! আমি আপনার কাছে নিবেদন করতে চাই এবং আরও দেখাতে পারি যে বর্তমান বাম কমিউনিস্ট মন্ত্রীরা যে শুধু পুলিশ বিভাগেই নয়, বিচার বিভাগেও হস্তক্ষেপ করেছে, তার তথ্য আমার কাছে আছে। আমি বর্ধমান জেলার কথা বলছি, আমি জানি সেখানে একটা সরকারী ডাইরেকটিভ দিয়া ধান কয়েকজন বাম কমিউনিস্টরা লুঠ করে। তার ফলে কয়েকজনকে গ্রেপ্তার করা হয়, সেই গ্রেপ্তারের পর তাদের থানায় নিয়ে আসা হয়। তারপর পুলিশকে জামিন দিতে বলা হয় এবং মহকুমা শাসককে জোর করে জামিন দিতে বলা হয়। তাতে তিনি রাজী না হওয়ায় **জনৈক মন্ত্রী টেলিফোন করে অনুরোধ করেন, তখন মহকুমা শাসক জামিন দিতে বাধ্য হন। আমি** একজন আইনজীবী হিসাবে কোর্ট-এ উপস্থিত ছিলাম, আমি দেখেছি ম্যাজিস্ট্রেট-এর উপর **হস্তক্ষেপ করে কিভাবে তাদের মনোবল ভেঙ্গে দিচ্ছেন।**

আমি এই যুক্তফ্রন্ট সরকারের সরিকদের বলবো যে তাঁরা বিশ বছর ধরে কংগ্রেসের বিরুদ্ধে যা বলে আসছিলেন, এখন দেখতে পাচ্ছি মন্ত্রীত্বের গদীতে বসে সেইসমস্ত কাজই যুক্তিসহ মনে করতে আরম্ভ করেছেন। তারা এমন কি ঘাটতি বাজেটও পেশ করেছেন এবং ঘাটতি পূরণের জন্য নূতন ট্যাক্স ধার্য করার নূতন চক্রান্ত করেছেন। আমি বলবো একটা ব্যাপারে তাঁদের মত অবিচলিত আছে, সেটা হচ্ছে পুলিশের বিরোধীতা করা এবং সেটা এখনও করছেন। তাঁরা আগে ময়দানে বলতেন পুলিশ খুনী, ডাকাত, চোরের সহচর। আজও তাঁরা মন্ত্রীত্ব পেয়েও সেই মত পোষণ করেন। তার কারণ এই পুলিশকে হেয় করতে না পারলে তাদের রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধ হবে না। তাঁরা সমস্ত রাজ্যকে নকশাল-**বাড়িতে পরিণত করতে সক্ষম হবেন না। এটাই তাঁরা চাইছিলেন। আর একটা কথা বলতে চাই** যে, এই রাজ্যে যেসমস্ত রাজনৈতিক হত্যাকাণ্ড চলছে বাংলাদেশের বিভিন্ন জায়গায় যেটা স্বয়ং মুখ্যমন্ত্রী দিল্লীতে স্বীকার করেছেন। আমি জিজ্ঞাসা করতে চাই মুখ্যমন্ত্রীকে যে এইসব রাজনৈতিক হত্যাকাণ্ডে তিনি কোন কুকুর নিয়োগ করেন নি। কেন? কোন কুকুরের ভয়ে এই কুকুর নিয়োগ করেন নি, আমি তাঁর কাছে এটা জানতে চাই। এর জন্য সমগ্র রাজ্যে যে অরাজকতা **সৃষ্টি করছে তার দিকে কি দেখছেন? এবং তাঁরা আইন করে হামলা করে পুলিশকে নিষ্ক্রীয়** করবার ব্যবস্থা করেন নি? এইরকম পরোক্ষভাবে ওদিকে এগিয়ে চলেছে এবং জনগণ সচেতন হয়েছেন, তাঁরা বুঝতে পেরেছেন যে তাঁদের অরাজকতা সৃষ্টির উদ্দেশ্য কি এবং কোথায় এর উৎস। এই বলে বক্তব্য শেষ করছি।

[3-40—3-50 p.m.]

শ্রীকৃষ্ণপদ ঘোষ: মাননীয় স্পীকার মহাশয়, পুলিশ খাতের এই ব্যয় বরাদ্দকে সমর্থন করবার সময় আমি কয়েকটি কথা বলতে চাই। স্যার, এই ব্যয়বরাদ্দ সমর্থন করবার সাথে সাথে আপনার মাধ্যমে এই হাউসের সামনে কয়েকটি কথা বলতে চাই, বিরোধী দলের মাননীয় সদস্য শ্রীশঙ্করদাস বন্দ্যোপাধ্যায় আলোচনা করতে যেয়ে নীতির প্রশ্ন তুলেছেন। আমি সেই নীতির প্রশ্ন দিয়ে আমার বক্তব্য সুরু করতে চাই। বিশ বছরের অতীত নীতি আমাদের নীতি নয়। এটা পরিষ্কার এবং যুক্তফ্রন্ট সরকার গঠিত হবার সময় এই নীতি পরিষ্কারভাবে ঘোষণা করা হয়েছিল সেটা হচ্ছে

> The United Front will reorientate the executive and the police in a manner consistent with the democratic aspiration of the people.

অর্থাৎ যুক্তফ্রন্ট সরকারের কাছে সমস্যা এই নয় যে, মিল মালিকদের রক্ষা করা গেল কিনা, যুক্তফ্রন্ট সরকারের কাছে সমস্যা এই নয় যে, জোতদার জমিদারদের পুলিশ রক্ষা করছে কিনা। কারণ আমাদের মতে তারা যথেষ্ট শক্তিশালী। যুক্তফ্রন্ট সরকারের কাছে সমস্যা হচ্ছে এই মিল মালিক-দের আক্রমণের বিরুদ্ধে পুলিশ শ্রমিকদের রক্ষা করতে পারছে কিনা। জোতদার-জমিদারদের **আক্রমণের বিরুদ্ধে পুলিশ কৃষক জনতার সাহায্য করছে কিনা। এই দৃষ্টিভঙ্গী নিয়ে আমরা** পুলিশের কাজের বিচার করবো।

তারপর যে বহু বিতর্কিত প্রশ্ন নকশালবাড়ি—সেই সম্পর্কে আমি দু-একটি কথা বলতে চাই। আমরা এই কথা মনে করি—ঘটনার উৎপত্তি কি? পুলিশ? লুটতরাজ? না, ঘটনার উৎপত্তি **হচ্ছে বিশ বছরের ইতিহাস বা তারও আগে দেড়শো-দুশো বছরের ইতিহাস। জমি আবাদ করেছে**

চাষীরা, বাঘের মুখে দাড়িয়ে, সাপের মুখে দাঁড়িয়ে, বিপদের মুখে দাঁড়িয়ে—দরিদ্র কৃষকরা জমি আবাদ করছে। জমির মালিক, জোতদার এবং ১৯৫৪ সালের পরে সরকার যেটুকু আইন করেছেন তাকে ফাঁকি দিয়েছে ঐ জোতদার, মহাজন, জমিদার। সুতরাং কৃষকের নিশ্চয়ই গণতান্ত্রিক অধিকার আছে জমির উপর অধিকার রেখে চাষ করার। যে জমি জোতদাররা চুরি করে নিয়েছে, সেই জমি উদ্ধার করবার দায়িত্ব কৃষকদের, তাদের অধিকার আছেই। তার জন্য বিশ বছর আবেদন-নিবেদন করবার পরে আজ কৃষকরা এগিয়ে এসেছে তাদের অধিকার প্রতিষ্ঠা করবার জন্য, তাকে নিশ্চয়ই লুঠতরাজ বলা চলে না। এই পরিপ্রেক্ষিতে আমরা পুলিশের আচরণ আলোচনা করবো। ধরুন এটা ঠিক আন্দোলন পরিচালনার কাছে কিছু লোক তাকে বিপথে পরিচালনা করবার চেষ্টা করেছে। তার মানে এই নয়, কৃষকের ন্যায্য দাবী, ন্যায্য সংগ্রাম করবার কোন জাস্টিফিকেশন নাই। কি ঘটেছে? যখন প্রথম গুলী চললো, সাত জন রমণী নিহত, একজন শিশু নিহত, একজন পুরুষ নিহত হলো। সংবাদপত্রে একথা তো বেরোয় নাই যে কৃষকরা প্রথম তীরধনুক ছুড়েছিল? সেদিন কৃষকরা পুলিশকে হত্যা করতে গিয়েছিল? বেরিয়েছে, দুটি মিছিল বেরিয়েছিল—পুলিশকে আক্রমণ করবে। একথা কোন সংবাদপত্রে বেরোয় নাই। আমি একথা জানতে চাই পুলিশের গুলীচালনা সত্যসত্যই ন্যায্য হয়েছিল কিনা? আমি এই কথা জানতে চাই কেন এই বিষয়ে একটা বিচার বিভাগীয় তদন্ত হবে না? আমি একথা জানতে চাই যে, এর পরে পুলিশ যে কার্যক্রম করেছে, বিশেষ করে ১৩ই তারিখ থেকে সেই কার্যক্রমের কোন সঠিকতা আছে কিনা? আমরা শুনেছি নাটকের কাহিনীর মত। কৃষকরা নাকি মুক্ত অঞ্চল সৃষ্টি করতে চলেছে। কৃষকরা তীরধনুক নিয়ে আক্রমণ করতে চলেছে। আমি বলতে চাই সংবাদপত্রে যে ঘটনার সংবাদ প্রকাশিত হয়েছে ১৩ই জুলাই তারিখে, আমার যতদূর জানা আছে এবং আজও একজন লোকসভার সদস্য ঐ জায়গা ঘুরে এসে যে বিবৃতি দিয়েছেন, সে বিবৃতি হচ্ছে দু-হাজার, চার হাজার লোক জমায়েৎ হয়েছিল, যেটা বলা হচ্ছে, সেকথা সত্য নয়। পুলিশ ক্যাম্প আক্রমণ করবার প্রচেষ্টা করা হচ্ছে, বলা হয়েছে, সে কথাও সত্য নয়। সেখানে মাত্র চারশো, সাড়ে চারশো জন লোক জমায়েৎ হয়েছিল, এবং ঘেরাও করে তাদের ভিতর থেকে প্রায় তিনশো লোককে গ্রেপ্তার করা হয়েছে এবং পুলিশ সেখানে কৃষকদের উপর অকথ্যভাবে অত্যাচার চালিয়েছে এবং ফিজিক্যালী বা দৈহিক ভাবে তাদের উপর মারধর করা হয়েছে। আমি জানতে চাই, আমাদের সরকার যে জনদরদী নীতি ঘোষণা করেছিলেন, এইভাবে কি তার সমস্যা সমাধান হবে? (এ ভয়েসঃ কোয়েশ্চেন!) আজকে নিশ্চয়ই উল্লাস করতে পারেন বিরোধী দলের সদস্যরা। আমি এই কথা বলতে চাই, এইভাবে যদি এই ব্যাপারের নিষ্পত্তি ঘটাতে চান, তাহলে আমরা দেখবো যে দু'মাস, তিন মাসের মধ্যে শুধু নকশালবাড়ির কৃষক নয়, সারা বাংলাদেশের বিক্ষুব্ধ কৃষকরা যখন আপনাদের সামনে এসে দাঁড়াবে তখন আপনারা কি ব্যবস্থা করবেন? আমি বলতে চাই আজকে পুলিশী অ্যাকশন বা আক্রমণের দ্বারা এই সমস্যার সমাধান করা যাবে না। এখন আমাদের কর্তব্য কি? আমরাতো ঘোষণা করেছিলাম যে কৃষকদের জমি দিতে হবে। তাদের কতটা জমি দেওয়া হয়েছে? সাত, আট শো একরের বেশী জমি দেওয়া যায় নি। যেখানে কয়েক হাজার একর জমির সমস্যা, সেখানে ৭০, ৭৫ কিম্বা ৮০ একর জমি দিয়ে যদি মনে করি যে সমস্যা সমাধানের দিকে আমরা যাচ্ছি তাহলে ভুল করা হবে। আমি অত্যন্ত বিনীতভাবে বলতে চাই এর দ্বারা আমরা কোন সমস্যা সমাধানের দিকে যাচ্ছি না। সুতরাং নকশালবাড়ি ফাঁসীদেওয়ার ঘটনা পুলিশী নির্যাতনের দ্বারা সমাধান হবে না। তাই আমরা দাবী করি পুলিশ অ্যাকশন প্রত্যাহার করা হোক। আসুন কৃষককে জমি দেবার কাজে আমরা সচেষ্ট হয়ে অগ্রসর হই। (নয়েজ অ্যান্ড ইন্টারাপশনস।) মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে এই কথা বলতে চাই যে, আজকের এই ঘটনা এখানে দাঁড়িয়ে নেই। এখন কেন্দ্রীয় সরকারের ইন্টারফিয়ারে বা হস্তক্ষেপের ফলে ধীরে ধীরে শুধু নকশালবাড়িতেই নয়, নকশালবাড়িকে কেন্দ্র করে এটা সারা পশ্চিমবঙ্গে ছেয়ে যেতে পারে, যে ইঙ্গিত দেখা যাচ্ছে, আর্মস অ্যাক্ট প্রয়োগ করে। তাদের তীরধনুকের বিরুদ্ধে আর্মস অ্যাক্ট প্রয়োগ করেই তাঁরা ক্ষান্ত নন, বর্ডার সিকিউরিটি ফোর্স, যেটা হচ্ছে কেন্দ্রীয় সরকারের পুলিশ, তাকে প্রয়োগ করা হচ্ছে। শুধু তাই নয়, যাঁরা ঐদিকে বসে আছেন, তাঁদের বন্ধু জোতদাররা সংগঠিত হচ্ছে এবং তারা একজন কৃষককে হত্যা করেছেন। (এ ভয়েসঃ সম্পদ রায় কে?) জোতদার শ্রেণী হিসাবে নিশ্চয়ই তারা আপনাদের বন্ধু। স্পীকার স্যার, আমি এই কথা বলতে

চাই যে, সম্পদ রায়, ১৫ই জুন তারিখে ঐ ফরেস্ট কুজু—যারা এই দুজনকে হত্যা করেছে, পুলিশ কেন আজও তাদের গ্রেপ্তার করে নাই। তাই এই প্রশ্ন আসে।

[3-50—4 p.m.]

একটি কথা বলতে চাই, নকশালবাড়ি ছেড়ে যদি কলকাতার দিকে আসেন তাহলে দেখবেন সেখানে পুলিশ সমাজবিরোধীদের দমন করবে এই তো সরকারী নীতি—কিন্তু তা তাঁরা করছেন না। তারা ওয়াগন ব্রেকার, মদের দোকান ও অপ্রকাশ্য ভাটিখানা দিব্যি চালিয়ে যাচ্ছে, এ সমস্ত জেনেশুনেও পুলিশ তাতে কোন হস্তক্ষেপ করে না। আমি পাইকপাড়ার একটা ঘটনা বলি, সেখানে প্রকাশ্য দিবালোকে গুণ্ডাবাহিনী ফায়ার আর্মস, আগ্নেয় অস্ত্রশস্ত্র নিয়ে ঘুরে বেড়াচ্ছে এবং ব্যবহার করছে। কেন পুলিশ সেখানে নিষ্ক্রিয় একথা জানবার অধিকার নিশ্চয়ই আমাদের আছে। পুলিশকে যখন জনগণের বিরুদ্ধে আক্রমণ করার জন্য বলা হয় তখন তারা সক্রিয় হয়ে উঠে আর সমাজবিরোধী কায়েমী স্বার্থ জমিদার-জোতদার মহাজনদের বিরুদ্ধে যখন পুলিশকে নিয়োগ করতে বলা হয় তখন তারা নিষ্ক্রিয় ভূমিকা গ্রহণ করে, এই জায়গা থেকে আমাদের বিচার করতে হবে। স্যার, মে মাসের ২৮শে তারিখে কলকাতার একটা অঞ্চলে হিন্দু-মুসলমানের সাম্প্রদায়িক দাঙ্গা হল, আমি একথা বলতে পারি না যে পুলিশ সেখানে যায় নি, কিন্তু কি দেখলাম, না ঐ বেনিয়াপুকুর অঞ্চলে কিছু এস বি-র লোক, আই বি-র লোক, তারা সাম্প্রদায়িক দাঙ্গার উস্কানী দিচ্ছে এবং ওখানে যে পেট্রল পাম্প আছে গুণ্ডার দলকে সেখান থেকে পেট্রল নেবার কাজে সাহায্য করছে। আর একটি কথা, স্যার, আমি এখানে উল্লেখ করছি, এই হাউসে সেটা রেফার করা হয়েছে, ক্লাব ডিটেকটিভ এজেন্সীর একটা ঘটনা এটা। ক্লাব ডিটেকটিভ এজেন্সী এটা কি, এটা কি মার্কিন গ্যাংস্টারিজম? শ্রমিক আন্দোলন দমনের জন্য এটা কি আমাদের দেশে আমদানী করা হচ্ছে না? এটা কি সি আই এ? এর সম্পর্কে কেন পুলিশ এখনও আমাদের কোন খবরাখবর দিতে পারছে না? কেন সে সম্পর্কে আমাদের পুলিশ কোন বিহিত করতে পারছে না? আমি, স্যার, আর একটা কথা বলছি, রাণীগঞ্জ অঞ্চলে, আসানসোল অঞ্চলে হচ্ছে কি, সেখানে কার রাজত্ব চলছে? আমরা মনে করছি যে, সেখানে সম্পূর্ণভাবে মালিক এবং গুণ্ডা বাহিনীর রাজত্ব চলছে। কথাটা এই নয় যে, কে হত হল, কথাটা হচ্ছে এই যে আজকে একজন হত্যা হয়েছে কালকে আর একজন হত্যা হবে। কথা হচ্ছে এই যে, কেন সেখানে মালিকের রাজত্ব চলছে, তার প্রাইভেট আর্মস দিয়ে শ্রমিকদের উপর গুলী চালাচ্ছে একথা সত্য কিনা। আমি আর একটা কথা বলতে চাই এই কোলিয়ারি অঞ্চলে মালিকরা তাদের গুণ্ডা বাহিনীকে ফায়ার আর্মস সাপ্লাই করেছে এবং তার দ্বারা তারা শ্রমিক আন্দোলনের উপর আক্রমণ করেছে। স্যার, আর একটা কথা আমি বলতে চাই সেটা হচ্ছে খাদ্য সমস্যা সম্পর্কে। পুলিশ বাহিনীর যে বিহেবিয়ার, তারা যে ব্যবহার করছে সেটা আমি মনে করি বিরোধী দলের সমালোচনার মধ্যে একটা এলিমেন্ট অব ট্রুথ আছে সেটা হচ্ছে এই খাদ্যের ব্যাপারে যে দায়িত্ব যুক্তফ্রন্ট সরকারের বহন করা উচিত ছিল তা সঠিকভাবে তাঁরা করতে পারেন নি। যে প্রতিশ্রুতি আমরা জনগণের কাছে দিয়েছিলাম তা নিশ্চয়ই এখনও পালন করা যায় নি। সেক্ষেত্রে নির্দেশ ছিল কি না যাঁরা রিটার্ন দেন নি তাঁদের ভিতরে যাঁরা বৃহৎ জোতদার, জমিদার, যারা চোরাকারবারী, তাদের ধরতে হবে। কিন্তু পুলিশ বাহিনী বলছে যে, আমাদের হাতে আইন নেই, আমরা ধরবো কি করে। আমরা একথা বলতে চাই আইন যখন তাদের হাতে আসলো তখন কয়টা বড় জোতদারকে ধরা হয়েছে, কয়টা মহাজনকে, কয়টা চোরাকারবারীকে ধরা হয়েছে এইভাবে আমাদের বিচার করতে হবে। আমার শেষ কথা হচ্ছে এই যে, পুলিশ বাহিনী যে চক্রান্ত প্রতিক্রিয়াশীল শক্তির সাথে বিশেষ করে উর্ধতন অফিসার প্রতিক্রিয়াশীল শক্তির সংগে করছে যার দ্বারা কেন্দ্রীয় সরকারের শাসনকে ডেকে আনা যায় সেই শুভদিনের জন্য তারা অপেক্ষা করছে এই কথা বলে মাননীয় মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দ উপস্থাপিত করেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকৃষ্ণকুমার শুক্লা: মিঃ স্পীকার, স্যার, আমি পুলিশ খাতে ব্যয়বরাদ্দের বিরোধিতা করার আগে একটা কথা বলতে চাই। স্যার, ভগবানের কাছে প্রার্থনা করেছিলাম যে অজয়দা অসত্যবাদী একথা বলার যেন স্পর্ধা আমার না হয়, কিন্তু যুক্তফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী শ্রীঅজয় মুখোপাধ্যায় অসত্য কথা বলছেন, তিনি অসত্যবাদী। তিনি একটু আগে যখন ব্যয়বরাদ্দের

দাবি উপস্থাপিত করলেন তখন তিনি বললেন যে, পুলিসকে নিষ্ক্রিয় করা হয় নি। পশ্চিম বাংলার সাড়ে চার মাসের ইতিহাসে এর চেয়ে বড় অসত্য কথা যুক্তফ্রন্ট সরকারের কোন পার্টি কর্মীও বলতে পারবে না। এই সাড়ে চার মাসে জনজীবন দুর্বিষহ হয়েছে, মানুষের জীবনে দুর্দিন নেমে এসেছে, পুলিসের কাছে গিয়ে তারা কোন সাহায্য পায় নি। অথচ তাদের সমর্থনে অজয়দা বলেছেন, মুখ্যমন্ত্রী বলেছেন, তিনি নাকি পুলিসকে নিষ্ক্রিয় করে দেন নি। আমি কয়েকটি ঘটনা তুলে ধরে তাঁর কাছে নিবেদন করতে চাই এও যদি পুলিসকে নিষ্ক্রিয় করার প্রমাণ না হয় তাহলে আর নিষ্ক্রিয় করা হবে কি করে। আমার কেন্দ্র টিটাগড় কনস্টিটিউয়েন্সিতে এই যুক্তফ্রন্ট সরকার গদিতে আসীন হবার পর প্রথমে ১লা মে ছুটি দিলেন এবং সেই ১লা মের উৎসব উদ্যাপন করতে গিয়ে একটি কংগ্রেস অফিস ভেঙ্গে চুরমার করে দেওয়া হল যেখান থেকে গত নির্বাচনে কমিউনিস্ট পার্টির হাঁটু ভেঙ্গে দিয়েছিল। কিন্তু ঐ এলাকার কমিউনিস্ট পার্টি সমেত বিভিন্ন দলের বুকের উপর দিয়ে ওখানকার জনগণ তাদের রায় যখন লিখে দিলেন তখন ঐ কংগ্রেস পার্টির অফিস ভাঙ্গার জন্য ও'রা উঠেপড়ে লেগে গেলেন। পুলিশের কাছে ওখানকার কর্মীরা হন্যে দিয়েছেন, সমবেত হয়ে অনুরোধ করেছেন, কিন্তু পুলিস নড়ে নাই এবং পুলিস যখন দয়া করে এল তখন তাঁরা এসে কমিউনিস্ট পার্টিকে ডেকে বাড়ি গিয়ে লাল পতাকা গেড়ে ঐ জায়গা ওদের অধিকারে দিয়ে গেলেন। নিষ্ক্রিয় করে দেন নি? ও'রা বলছেন পুলিসকে নিষ্ক্রিয় করে দিই নি। ব্যারাকপুর মিউনিসিপ্যালিটির কমিশনার বিশ্বনাথ সেন ১৯এ মে প্রহৃত হলেন, থানায় রিপোর্ট করা হল, অনুরোধ-উপরোধ করা হল হাঁটাহাঁটি করা হল অজয় মুখার্জিকে বলা হল ১৩ দিন লেগেছে তদন্ত করতে। নিষ্ক্রিয় করে দেন নি? অজয় মুখার্জি পশ্চিম বাংলার স্বরাষ্ট্রমন্ত্রী বলে গেলেন তিনি নাকি পশ্চিম বাংলার পুলিসকে নিষ্ক্রিয় করে দেন নি। আমি তাঁর কাছে বিনীতভাবে নিবেদন করব, পুলিস যদি নিষ্ক্রিয় না থাকে, পশ্চিম বাংলার আই বি এবং এস বি সেকশন, পলিটিক্যাল ব্র্যাঞ্চকে যদি নিষ্ক্রিয় করে দেওয়া না হয়ে থাকে তাহলে চীনা দূতাবাসের প্রথম এবং থার্ড সেক্রেটারি ২০এ মে কলকাতায় এলেন কি করে? তাঁরা কলকাতায় এসে দমদম এরোড্রোমে নেমে সরাসরি গ্রেট ইস্টার্ন হোটেলে গিয়ে কোনরকমে জিনিসপত্র ফেলে দিয়ে তৎক্ষণাৎ দক্ষিণ কলকাতায় গণেশ ঘোষের বাড়ি গিয়ে উঠলেন এবং ওখান থেকে ফিরে এসে ন্যাশনাল বুক এজেন্সিতে নিশীথে বসেছেন, আলাপ করেছেন এবং গোপন তথ্যাদি সরবরাহ করা হয়েছে। আমি পশ্চিমবঙ্গের স্বরাষ্ট্রমন্ত্রী অজয় মুখার্জির কাছে দাবি করছি দেশের অখণ্ডতা, সার্বভৌমত্ব রক্ষার জন্য তিনি পশ্চিম বাংলার বিধানসভার কাছে পরিষ্কার বিবৃতি রাখুন ঐ ফার্স্ট এবং থার্ড সেক্রেটারি কলকাতার বুকে তাদের চক্রান্তের জাল ছড়িয়ে গণেশ ঘোষ, এম-পি'র সঙ্গে সাক্ষাৎ করে তাঁকে নিয়ে, আমি তাঁর অবগতির জন্য বলছি, ন্যাশনাল বুক এজেন্সীতে গিয়ে কমরেড অমর গাঙ্গুলী এবং কমরেড সুরেন দত্তের সঙ্গে যোগাযোগ করেছেন এবং এটা ২০এ থেকে ২৫এ পর্যন্ত এখানে হয়েছে এবং তারপরে এই চীনা কূটনীতিজ্ঞরা পশ্চিম বাংলার উত্তর সীমান্তে শিলিগুড়িতে গিয়েছেন, সেখানে বসেছেন, চক্রান্ত হয়েছে, ষড়যন্ত্র হয়েছে। স্বরাষ্ট্রমন্ত্রী অজয় মুখার্জি এই খবর রাখতেন না কারণ এস বি এবং আই বি-কে তিনি সম্পূর্ণ নিষ্ক্রিয় করে দিয়েছেন। ও'র উপমুখ্যমন্ত্রী জ্যোতি বসুর উপর নির্ভরশীল হয়ে তিনি পশ্চিম বাংলার সর্বনাশ ডেকে এনেছেন। সারাজীবনে অকৃতদার অজয়দা শেষ বয়সে উপমুখ্যমন্ত্রী জ্যোতি বসুর প্ররোচনায় তিনি গোটা বাংলাদেশকে বিকিয়ে দিয়েছেন।

[4—4-10 p.m.]

এখন ও'দের পায়ে পদলেহন করে সর্বনাশ করছেন। পুলিসের বায়বরাদ্দ কেন্দ্র করে আমি পশ্চিম বাংলার জননিরাপত্তা ও সার্বভৌমত্বের কথা তাঁকে জিজ্ঞাসা করছি। গত ২০এ তারিখ থেকে ২৫এ তারিখের মধ্যে যে দুজন চীনা কূটনীতিজ্ঞ পশ্চিম বাংলার বুকে জাল বিস্তার করেছেন সে সম্বন্ধে তিনি কি কোন সংবাদ রেখেছেন? তিনি তা রাখেন নি। তারপরেই জুন মাসের গোড়াতেই আরম্ভ হল নকশালবাড়ি—ঐ যে নকশালবাড়ির দালাল সরকারপক্ষ থেকে এইখানে দাঁড়িয়ে বলে গেলেন যে নকশালবাড়িতে যা ঘটেছে সারা বাংলাদেশে তা ঘটবে এবং তার নজির অজয়দাও জানেন যে ঐ মুখ্যমন্ত্রী হেড অফিসে বাদিবেলা

বোমা মারামারি দিয়ে আরম্ভ হয়েছে। আমরা জানি আজ পশ্চিমবাংলার বুকে একটিমাত্র রাজত্ব চলবে এবং সে রাজত্ব হচ্ছে গুণ্ডামির রাজত্ব, সন্ত্রাসের রাজত্ব এবং মানুষকে বাঁচতে না দেওয়ার রাজত্ব। অজয়দা অত্যন্ত সত্যবাদী লোক। ও'রই নেতৃত্বে একদিন মাতঙ্গিনী হাজরা স্বাধীনতার জন্য প্রাণ দিয়েছিলেন। এবং উনি একদিন মেদিনীপুরে নতুন সরকার প্রতিষ্ঠা করে পশ্চিম বাংলার জাতীয় আন্দোলনের দুরোধা নিয়েছিলেন এবং তখন সারা বাংলাদেশ তাঁকে শ্রদ্ধা করেছে। সেই অজয়দা আজকে বিধানসভায় দাঁড়িয়ে বলেছেন যে, পুলিসকে নিষ্ক্রিয় করি নাই। বরানগরে নির্বাচনের দিনে বেলা দুটার সময় বামপন্থী কম্যুনিস্ট পার্টির প্রতিদ্বন্দ্বী তাঁকে বুথ থেকে টেনে এনে রাস্তায় পিটেছে—গুণ্ডাদের হাতে তুলে দেওয়া হয়েছিল এবং সেই গুণ্ডারা তাঁকে আক্রমণ করে ডাস্টবিনে ফেলে দিয়ে চলে গিয়েছিল। পুলিস তাঁকে তুলতে যায় নি। খড়দায় পর পর তিন দিন বামপন্থী ও দক্ষিণপন্থী কমিউনিস্ট পার্টির মধ্যে মারামারি হয়েছে, খড়দা থানা মুভ করে নি, কাউকে অ্যারেস্ট করে নি। ঘটনাস্থলে গিয়ে শুনেছিলাম—অজয়দা আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে, পুলিসকে বলতে শুনেছি বাম এবং ডান উভয়েই আমার মালিক, অতএব আমি কার বিরুদ্ধে কি করব। পশ্চিম বাংলার পুলিসবাহিনীকে এইভাবে নিষ্ক্রিয় করে দিয়েছেন। এইমাত্র মাননীয়া সদস্যা শ্রীমতী গীতা মুখার্জি অত্যন্ত নাটকীয় ভঙ্গিতে হাত-পা ছুঁড়ে বক্তৃতা দিয়ে গেলেন। আমি অজয়দার কাছে অনুরোধ করছি শ্রীমতী গীতা মুখার্জি পশ্চিমবাংলার আই জি-র বিরুদ্ধে চার্জ লেভেল করেছেন। পশ্চিমবাংলার আই জি ষড়যন্ত্র করে বর্তমান সরকারকে বানচাল করে দেওয়ার ব্যাপার বর্তমান সরকারকে অত্যন্ত বিব্রত করে। আমি ভেবেছিলাম পশ্চিম বাংলার স্বরাষ্ট্রমন্ত্রী সাহস করে উঠে দাঁড়িয়ে বলবেন যে, যে অফিসারের এখানে এসে কৈফিয়ৎ দেবার স্কোপ নেই তাঁর সম্বন্ধে যেন কোন আলোচনা না হয়। আমি মনে করি মাননীয়া সদস্যা শ্রীমতী গীতা মুখার্জি যেকথা বলেছেন নিশ্চয়ই তার সত্যতা আছে বলে আমাদের মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী স্বীকার করেন। সরকারপক্ষের একজন সদস্যা যখন আই-জি'র বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করবার দাবি করেছেন তখন আমি স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ করছি যে, পশ্চিম বাংলার আই-জিকে কাঠগড়ায় দাঁড় করিয়ে প্রমাণ করুন যে, এর মধ্যে কোন্‌টা ঠিক আর কোন্‌টা বেঠিক। এই কথা বলে পশ্চিম বাংলার মানুষকে বিভ্রান্ত করা যাবে না এবং বিভ্রান্ত করার কোন স্কোপও এখানে নেই। পশ্চিম বাংলার এই আই-জি দিনকয়েক আগে স্বরাষ্ট্রমন্ত্রীকে যে শিক্ষা দিয়েছেন—আমি জানি স্বরাষ্ট্রমন্ত্রীর বুকে এখনও সেই বেদনা লেগে আছে। ইন্সপেক্টর ওয়াংদিকে ঐ চীনা রাষ্ট্রদূতের প্ররোচনায় প্রথম বলি হতে হয়েছিল নকশালবাড়ি এলাকায়। তাঁর মৃত্যুর পর উত্তর বাংলা সফর করতে গিয়ে পশ্চিম বাংলার এই যুক্তফ্রন্ট সরকারের অধুনা অতিবিপ্লবী স্বরাষ্ট্রমন্ত্রী বলেছিলেন উনি নাকি অত্যন্ত ভুল কাজ করেছেন। এবং ও'দেরই অন্যান্য সরিকরা বলছেন পুলিস হত্যাকারী, অত্যন্ত খারাপ কাজ করেছে। এই ভাল এবং খারাপের বিচার ওরা যুক্তফ্রন্টের ঘরে বসে করুন আমরা সে সম্বন্ধে কোন মতামত দিতে চাইছি না, কিন্তু আমরা বিনীতভাবে বলতে চাইছি যে এই পশ্চিম বাংলার আই জি পশ্চিম বাংলার স্বরাষ্ট্রমন্ত্রী যখন খোদ শিলিগুড়িতে উপস্থিত এই সময় পশ্চিম বাংলার আরক্ষা বিভাগের সর্বোচ্চ কর্তারূপে সেই মৃত ওয়াংদিকে এক হাজার টাকা পুরস্কার দিয়ে তাঁর বীরত্বের স্বীকৃতি দিয়েছেন। আই-জি এক হাজার টাকা দিয়ে তাঁকে পুরস্কার দিচ্ছেন ঠিক সেই সময় স্বরাষ্ট্রমন্ত্রী যিনি এই বিভিন্ন দল কর্তৃক বিভ্রান্ত বিভিন্ন দল কর্তৃক এমনভাবে নির্দেশিত যে কোন স্থির সিদ্ধান্ত গ্রহণ করতে পারছেন না—এই অস্থিরমস্তিষ্ক মুখ্যমন্ত্রী যখন কোন সিদ্ধান্ত গ্রহণ করতে পারছেন না, ঠিক সেই সময় এক হাজার টাকা পুরস্কার দিয়ে আই-জি প্রমাণ করে দিলেন ও'র চাইতে বেশি ধীশক্তি আছে পশ্চিম বাংলার আই-জির, ও'র চাইতে বেশি বিবেকশীল মানুষ তিনি—তাঁর সহকর্মীকে প্রোটেকশন দেবার কথা চিন্তা করেছেন। ঘেরাওয়ের কথা তুলব না। সেদিনকার ঘেরাওএর কথা তুলতে গিয়ে পশ্চিম বাংলার শ্রমমন্ত্রীর কাছে উত্তর আশা করেছিলাম কিন্তু তিনি সুচতুরভাবে আমাকে অ্যাভয়েড করে গিয়েছিলেন। আমি আজ ঘেরাওএর কথা এখানে তুলছি না। আমি পশ্চিম বাংলার পুলিসের কথা তুলে বলতে চাইছি যে কি-জাতীয় রাজ্য এই সাড়ে চার মাসে সৃষ্টি করেছেন এবং পশ্চিম বাংলার মানুষকে বেঁচে থাকবার জন্য কি পথ দেবেন দয়া করে এই বাজেটের মাধ্যমে বলে দেবেন। সাড়ে পাঁচ কোটি টাকা বেড়েছে এই খাতে—আবার

নিজেরাই বলছেন যে, পুলিশের কোন কাজ নাই, নিজেরাই বলেছেন য, শ্রমমন্ত্রী আদেশ না করলে পুলিস যাবে না, প্রচারমন্ত্রী আদেশ না করলে পুলিস যাবে না, বিভাগীয় মন্ত্রীরা আদেশ না করলে পুলিস যাবে না। এ তো স্যার, রাইটার্স বিল্ডিংস নয় মনে হচ্ছে যে, ওয়াছেল মোল্লার দোকান এক-একটা কাউন্টারএর এক-একটা মালিক এবং সেই মালিক রসিদ না কেটে দিলে মাল বিক্রি হবে না। অতএব নিজেরা সংযোগ স্থাপন করেও পশ্চিম বাংলার মানুষকে শান্তি ও শৃঙ্খলায় বাস করতে দিন দয়া করে। এই বাজেটের মাধ্যমে তাঁর কাছে শুধু এই অনুরোধ করতে চাইছি নিবেদন করতে চাইছি। ২০ বছরের কথা বারে বারে তোলার চেষ্টা হচ্ছে—বারে বারে বলা হয়েছে ২০ বছরে আমরা কি করেছি। আমরা বলতে চাইছি এই কুড়ি বছরে কারু দয়ায় বা দাক্ষিণ্যে এখানে আসি নি, অগ্নিপরীক্ষার মাধ্যমে দেশের মানুষের মত নিয়ে বিচার নিয়ে এখানে এসেছিলাম প্রত্যেক পাঁচ বছরের বিচার দেব প্রত্যেক পাঁচ বছরের কৈফিয়ৎ দেব এবং শেষ পাঁচ বছরে আমরা লেভী এবং প্রকিওরমেন্টএ মারা গেছি—লেভী ও প্রোকিওরমেন্ট আপনিও আনছেন দেখা যাক তার কি পরিণতি দাঁড়ায়। আজকে এই পুলিস বাজেটে আমার বক্তব্য রাখতে গিয়ে আমি বলি এখানে অত্যন্ত অসত্য কথা রেখে ভুল কথা রেখে ভুল বিবৃতি দিয়ে পশ্চিম বাংলার মানুষকে আর বিভ্রান্ত করা যাবে না। তার সব চাইতে বড় প্রমাণ স্যার ৮ই মার্চ নতুন বিধানসভায় আমরা সম্মিলিত হয়েছিলাম আপনার নিশ্চয়ই মনে আছে বাঁধ ভাঙ্গা স্রোতের মত একদল মানুষ বিধানসভার দ্বার পর্যন্ত এসেছিলেন এবং গগনবিদারী শ্লোগান দিয়েছিলেন 'অজয় মুখার্জি জিন্দাবাদ'—আমরা ভেবেছিলাম হয়ত এরা নতুন যুগের সূচনা করবে, যাদের অর্গানাইজড ওয়ার্কাররা সেদিন বাঁধ ভেঙ্গেছিল অজয় মুখার্জি জিন্দাবাদ বলে তারা আজকে মাও সে-তুং জিন্দাবাদ ভিয়েৎনাম চিৎকার করছেন—আজকে তাঁরা অজয় মুখার্জির নাম ভুলে গেছেন। এই সাড়ে চার মাসে এই তো রাজত্ব সৃষ্টি করেছেন। সুশীতল রায়চৌধুরীর ধাক্কায় আজকে এখানে দাঁড়িয়ে নকশালবাড়ির সুখ্যাতি গাইতে হচ্ছে—এখানে যদি সুখ্যাতি না গাওয়া হয় তাহলে সুশীতল রায়চৌধুরী কড়ায় গণ্ডায় বাহিরে হিসাব বুঝে নিবে। আজ দেশহিতৈষীর কাগজের মাধ্যমে তা পরিষ্কার করে বলে দেওয়া হয়েছে। আজকে তিন তিনটি বিভক্ত দলের এই যে কমিউনিস্ট পার্টি এই কমিউনিস্ট পার্টিকে সামলানোর জন্য পুলিসের বিশেষ দরকার আছে বলে আমি মনে করি। এবং এদের জন্য পুলিস রাখুন। যদি মনে করেন এই যুক্তফ্রন্ট সরকার যেমন ১৮ দফা কর্ম-সূচীতে এবং নানান বক্তৃতায় বলেছিলেন পুলিসের বিশেষ দরকার নাই, পুলিসের কোন ভূমিকা নাই। তাহলে আমাদের দেশের এই দুঃখকষ্টে ভরা মানুষ দুবেলা যারা পেট ভরে খেতে পায় না সেই গরিব মানুষের কষ্টার্জিত টাকা ১৮ কোটি টাকা পুলিস খাতে কেন বরাদ্দ করা হোল। তুলে দিন। ওঁরা যেমন কড়ায়-গণ্ডায় নিজেদের হিসাব নিজেরা করে নেয়, আমরা যদি বুঝতে পারি পশ্চিম বাংলায় পুলিস নেই, আইন নেই, বাঁচার কান ব্যবস্থা নেই, আমরাও স্যার ওঁদের পর্যায়ে নেমে আমাদের ব্যবস্থা আমরা স্বয়ং করে নেব—হয় চামড়া টেনে নেবে তা না হয় প্রাণ দিয়ে দেব, এ ছাড়া আর কেন ব্যবস্থা থাকবে না—এই কয়টি কথা বলে আমি পশ্চিম বাংলার স্বরাষ্ট্রমন্ত্রী যে দাবি উপস্থাপিত করেছেন সেই দাবিকে শুধু প্রত্যাখ্যানই করি না, আমি শুধু বলি যারা অরাজকতার সৃষ্টি করছেন যারা পশ্চিম বাংলার মানুষকে বেঁচে থাকবার পরিবেশ দিতে পারছেন না, তাঁদের হাতে স্যার, একটি পয়সাও নয়।

[4-10—4-20 p.m.]

শ্রীঅপূর্বলাল মজুমদার: মাননীয় স্পীকার মহোদয়, বিরোধীপক্ষ থেকে যে মূল সমালোচনা করা হয়েছে সেটা হল যে, পুলিসকে আমরা নিষ্ক্রিয় করে দিয়েছি এবং সেই নিষ্ক্রিয়তার জন্য আজকে বাজেটে কোন বরাদ্দ তাঁরা করতে রাজী নন। মিঃ স্পীকার স্যার আমি তো দেখছি যে বাংলাদেশের পুলিসের এক অংশ তারা খুব সক্রিয় এবং সেই সক্রিয়তার প্রমাণস্বরূপ আমি দু-একটা কথা এখানে উল্লেখ করতে চাচ্ছি। আমি দেখছি পুলিস অত্যন্ত সতর্কতার সহিত ক্ষিপ্রতার সঙ্গে রানাঘাটের জনতার উপর আক্রমণ চালিয়েছিল, সেখানে নিষ্ক্রিয়তার অভিযোগ আমাদের বিরোধী পক্ষের সদস্যরা নিশ্চয় দেবেন না। আমি অত্যন্ত

বেশি সক্রিয়ভাবে দেখতে পেলাম হাওড়া থানার মধ্যে জেলা ম্যাজিস্ট্রেট যিনি জেলার সর্বময় কর্তা তাঁকে মেরে ব্লিডিং ইঞ্জুরি করে দেওয়া হয়েছিল—আমি তাঁর পাশে থানার মধ্যে দাঁড়িয়েছিলাম, আমাকে লাঠিচার্জ করে আহত করা হয়েছিল। পুলিস নিষ্ক্রিয় নয়, পুলিসের এক শ্রেণী আছে যারা ঐ বিরোধীপক্ষের সঙ্গে যোগাযোগ রেখে পরিকল্পনা করছে এই যুক্তফ্রন্ট সরকারকে হাটিয়ে দিয়ে আবার আমলাতান্ত্রিক শাসনব্যবস্থা জোর করে জনতার উপর চাপিয়ে দিতে পারেন। পুলিসের মধ্যে এক শ্রেণীর পুলিস কর্মচারী আছেন যাঁরা বিভিন্ন সময়ে অত্যন্ত সক্রিয় ভূমিকা নিয়ে জন আন্দোলন দমন করতে চান এবং জনপ্রতিনিধির উপর বা জেলাশাসকের উপর লাঠিচালনা করতে এতটুকুও দ্বিধাবোধ করেন না। সুতরাং পুলিস একেবারে নিষ্ক্রিয় নন, পুলিসের মধ্যে একশ্রেণী অত্যন্ত সক্রিয় ভূমিকা গ্রহণ করেছে। আমরা দেখছি সেটা যে শুধু সাময়িক উত্তেজনার বশে তারা করে ফেলছে তা নয়, বিভিন্ন সময়ে বিশেষ করে হাওড়াতে দেখেছি একশ্রেণীর পুলিস অফিসার আছেন যাঁরা যুক্তফ্রন্টের দৃষ্টিভঙ্গীর সঙ্গে একমত হতে পারেন নি। আমাদের যে সরকার আমরা গঠন করে জনসাধারণের সহযোগিতা নিয়ে এতদিন ধরে যেভাবে চালিয়েছি তার খানিকটা পট পরিবর্তন করে গণতান্ত্রিক পন্থায় জনসাধারণের সঙ্গে সহযোগিতা করে আমরা যে দৃষ্টিভঙ্গি নিয়ে এগিয়ে যেতে চেয়েছি সেই দৃষ্টিভঙ্গির সঙ্গে যে প্রতিক্রিয়াশীল আমলাতান্ত্রিক যেসমস্ত পুলিস কর্মচারী একমত হতে পারেন নি। তাঁরা পলিটিক্যাল শ্লোগান তোলেন—সেদিন হাওড়াতে দেখেছি, আমি দাঁড়িয়েছিলাম এবং অন্যান্য জেলা ম্যাজিস্ট্রেট তাঁদের সামনে পুলিস দাঁড়িয়ে শ্লোগান তুলেছে যুক্তফ্রন্ট সরকার চলবে না, যুক্তফ্রন্ট সরকার নিপাত যাক, ধ্বংস হোক। কোথা থেকে পুলিস এতখানি উৎসাহ পায়, কোথা থেকে পুলিসের এতখানি সাহস আসে যে তারা পলিটিক্যাল শ্লোগান তুলে গভর্নমেন্টকে ধ্বংস করবার মত শ্লোগান সেখানে দিতে পারে, যদি বিরোধী পক্ষের কোন কোন নেতৃবর্গের সঙ্গে তাঁদের দৃষ্টিভঙ্গির মিল না থাকে, যদি গোপন আঁতাত না থাকে? তা যদি না থাকে তাহলে পুলিস কখনও পলিটিক্যাল শ্লোগান তুলতে পারে না। সেই শ্লোগান প্রকাশ্যে জেলা ম্যাজিস্ট্রেটের সামনে এস ডি ও-র সামনে আমাদের সামনে সেদিন যুক্তফ্রন্ট সরকারের বিরুদ্ধে পুলিস উত্থাপন করেছিল। আজকে একথা পরিষ্কার করে বলা দরকার যে, পুলিসের মধ্যে একশ্রেণীর লোক এখনও রয়েছে যারা যুক্তফ্রন্ট সরকারের সঙ্গে সহযোগিতা করতে চাচ্ছে না। একথা ঠিক আমরা যেখানে ডিহোর্ডিং করতে চাচ্ছি গ্রামে গ্রামে চাষীদের উচ্ছেদ বন্ধ করতে চাচ্ছি আমরা যেখানে যেখানে মালিকদের অত্যাচারের বিরুদ্ধে রুখে দাঁড়াতে চাচ্ছি গুণ্ডাদের বিরুদ্ধে আমরা রুখে দাঁড়াতে চাচ্ছি সেখানে পুলিসের ভূমিকা নিষ্ক্রিয়। কিন্তু জনতার আন্দোলনকে ধ্বংস করতে জনতার প্রতিনিধিকে আঘাত করতে প্রতিক্রিয়াশীল নীতিকে চালিয়ে যেতে যুক্তফ্রন্ট সরকারের বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত হতে পুলিস নিষ্ক্রিয়তার ভূমিকা গ্রহণ করে নি। বিভিন্ন জায়গায় পুলিসের মধ্যে আমরা দেখেছি—আমরা এ জিনিসটা চেয়েছিলাম যে, ডিহোর্ডিং-এর জন্য পুলিস এগিয়ে আসুক, উচ্ছেদ বন্ধ করবার জন্য পুলিস এগিয়ে আসুক, মালিকের অত্যাচারের বিরুদ্ধে পুলিস এগিয়ে আসুক। সেখানে পুলিস নিষ্ক্রিয়। কিন্তু যেখানে প্রতিক্রিয়াশীল নীতি সংশ্লিষ্ট, যেখানে যুক্তফ্রন্ট সরকারের বিরুদ্ধে সক্রিয়ভাবে ষড়যন্ত্রে লিপ্ত হবে সেখানে তারা অত্যন্ত উৎসাহে এগিয়ে এসেছে, সেখানে যুক্তফ্রন্ট সরকারের বিরুদ্ধে ষড়যন্ত্রে প্রকাশ্যে লিপ্ত হতে তারা দ্বিধাবোধ করছে না।

মাননীয় স্পীকার, স্যার, আমি আপনার নজরে অন্তত দু একটা কথা বিশেষ করে স্পেশ্যাল ব্রাঞ্চের যিনি বর্তমান কর্তা ডি সি এস বি এস গুপ্ত যিনি আগে সেন্ট্রাল ইনটেলিজেন্স ব্রাঞ্চ গোহাটিতে ছিলেন সেখান থেকে পি কে সেন পুলিস কমিশনার তাঁকে ভালবেসে ইনসিযেটিভ নিয়ে এখানে এনে বসিয়েছেন এস বি-র চার্জে তিনি কি করেছেন—আমি আজকে মুখ্যমন্ত্রীর কাছে নিশ্চয় জানতে চাইব যে, ১৫ই মার্চ মাস পর্যন্ত তিনি সব ফাইলগুলি নষ্ট করে ফেলেছেন কিনা সেই ফাইল নম্বর আমি দিয়ে দেব মুখ্যমন্ত্রীর কাছে—সেই ফাইলে ডেলি নোটস যেগুলি মেনটেন করা হয় গত ২০ বছর ধরে এস বি-র তরফ থেকে বিভিন্ন পলিটিক্যাল

অর্গানাইজেশন, ট্রেড ইউনিয়ন অর্গানাইজেশন, স্টুডেন্টস মুভমেন্ট, অ্যান্টি ন্যাশনাল কার্য-কলাপে যাঁরা লিপ্ত ছিলেন সে সম্পর্কে বিভিন্ন যেসমস্ত ফাইলস ডেলি নোটস ছিল যেগুলি আমাদের স্টেটের টাকায় ২০ বছর ধরে হিস্টোরিক্যাল ডকুমেন্টস হিসাবে গড়ে উঠেছিল, সেই-সব ডকুমেন্টগুলিকে তিনি পুড়িয়ে ফেলেছেন এবং ৩/১ প্রিটোরিয়া স্ট্রীটের সামনে সেই ফাইল-গুলি ডেলি নোটিসগুলি পুড়িয়ে ফেলেছেন। সেই ডেলি নোটস ফাইলগুলি আপনি আজকে চেয়ে পাঠান, পাবেন না। এস বি-র তরফ থেকে প্রতি বছর প্রতিদিন সেন্ট্রাল গভর্নমেন্ট, বেঙ্গল গভর্নমেন্ট, ডি আই জি আই বি-র কাছে এবং পুলিস কমিশনারের কাছে রিপোর্ট পাঠানো হত সেই ফাইলগুলি খুঁজে পাবেন না। কুড়ি বছরের পরিশ্রমলব্ধ যেসমস্ত ডেলি নোটস ১৯৪৭ সাল থেকে বাঁধাই করা ভলিউমে মেনটেন করা হত সেইসমস্ত ফাইলগুলি নোটসগুলি যুক্তফ্রন্ট সরকার গঠন হবার পর ১৫ই মার্চ পর্যন্ত সব তিনি পুড়িয়ে ফেলেছেন। এই যেসমস্ত বিভিন্ন ফাইলগুলি ছিল ১৬টা আলমারি কিনে বাকি নোটসগুলি তিনি পাচার করে দিয়েছেন ৯।১ গড়িয়াহাট রোডে। ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টকে যেসমস্ত চিঠি সেন্ট্রাল ব্যুরো থেকে দিত সেই সমস্ত কাগজপত্র তিনি এখান থেকে পাচার করে দিয়েছেন, তার জন্য ২০টি অফিসারের একটি টিম তিনি নিযুক্ত করেছিলেন। সেই ২০ জন অফিসারের সঙ্গে সক্রিয়ভাবে লিপ্ত ছিলেন। সবগুলির নাম আমি এখানে সময়ের অভাবে দিতে পারব না— শ্রীসাধন গুপ্ত, এস বি (১), বি কে সেনগুপ্ত, এস বি (২), ইন্সপেক্টর রাম চক্রবর্তী, সুধাংশু চক্রবর্তী, সুখময় ব্যানার্জি, বনমালী চ্যাটার্জি, শৈলেন সরকার, বাদল লাহিড়ী প্রভৃতি কুড়ি-জনের টিম করে এইভাবে ডেলি নোটগুলি তিনি পুড়িয়ে ফেলেছেন এবং সঙ্গে সঙ্গে ফাইলগুলিও পাচার করেছেন। এইভাবে ওয়েস্ট বেঙ্গল স্টেটের যেসব কাগজপত্র সেই কাগজ-পত্র তিনি ওখান পাঠিয়ে দিয়েছেন। এইসঙ্গে আমি আপনাদের বলি এতে স্টেটের কত সাংঘাতিক ক্ষতি হয়েছে।

[4-20—4-30 p.m.]

আমি দেখছি এ সম্পর্কে ডেলি নোটিস রাখা হত, কম্যুনাল ডিস্টারব্যান্স-এ অংশগ্রহণ করেছে তাদের রেকর্ড সেখানে ডেলি নোটএ রাখা হত। সেই ডেলি নোটিসগুলি না থাকার জন্য এখন তাদের বিরুদ্ধে অ্যাকশন নেওয়া হচ্ছে না। সেই ডেলি নোটিসগুলি পুড়িয়ে দেওয়া হয়েছে। মিঃ আবদুল মহিম কম্যুনাল ডিস্টারব্যান্সে অংশ গ্রহণ করার জন্য তার বিরুদ্ধে বহু কিছু রেকর্ডভুক্ত করা ছিল সেই ডেলি নোটিসগুলি পুড়ে গেছে। মহঃ ইদ্রিস, মহঃ মান্নান, তামিম আলি ইত্যাদি এদের সকলের নাম ডেলি নোটিসে রাখা ছিল। এখন তারা আবার ইন্দো-পাকিস্তান পাশপোর্টের জন্য হোম ডিপার্টমেন্টের কাছে দরখাস্ত পেশ করেছে। এগুলি এস বি-র কাছে গেল রেকর্ড করার জন্য। সেখানে কার্ড মেনটেন করা হয়। সেই কার্ডে দেখা গেল এদের নামে ডেলি নোটিসে এর যে বাঁধান খাতা রেকর্ডভুক্ত কবা আছে সেই সমস্ত কার্ড থেকে দেখা গেল এদেব নাম আছে কিন্তু সেই ডেলি নোটিস পুড়িয়ে ফেলা হয়েছে, ফাইল-গুলি পুড়িয়ে দেওয়া হয়েছে। সুতরাং ওদের নামের বিরুদ্ধে রেকর্ড আছে, কম্যুনাল ডিস্টারব্যান্সের রেকর্ড আছে কিন্তু সেসমস্ত রেকর্ড না থাকার জন্য পাসপোর্ট ডিপার্টমেন্টে কিছু করতে পারলেন না। হোম সেক্রেটারির তরফ থেকে সেই ফাইল নং দিতে পারি সেই ফাইলে তাঁরা দেখলেন কোন রেকর্ড নেই এবং তারা পাশপোর্ট পাবার সুযোগ-সুবিধা গ্রহণ করল। এইভাবে হাওড়া, কলকাতার মধ্যে যেসমস্ত কম্যুনাল মাইনডেড যাঁরা পাকিস্তানের সঙ্গে যুক্ত তাদের যেসমস্ত রেকর্ড মেনটেন করা হত কিন্তু সেসমস্ত রেকর্ড পুড়িয়ে ফেলেছেন। ডি সি, এস বি (১) এবং ডি সি, এস বি (২) আমি নিশ্চয়ই চাইব যে ডি সি, এস বি (১) ও (২), এ সি, অন্যান্য ইন্সপেক্টার ইত্যাদি যাঁরা এর সঙ্গে যুক্ত আছেন তাঁদের ইমিডিয়েটলি সেখান থেকে রিমুভ্যাল দরকার। আপনি স্বরাষ্ট্রমন্ত্রী হিসাবে নিশ্চয়ই যেসমস্ত ডেলি নোটিস চেয়ে পাঠাবেন। এগুলো আমাদের স্টেটের সম্পত্তি। সেই সম্পত্তি নিয়ে আমাদের এখানকার পিস মেনটেন করতে হয়, কম্যুনাল হারমনি মেনটেন করতে হয়, তাহলে যেসমস্ত রেকর্ডের দরকার হয়, অ্যান্টি-ন্যাশনাল অ্যাক্টিভিটির সঙ্গে যারা যুক্ত তাদের সেই রেকর্ডগুলো নষ্ট করেছে যেসমস্ত পুলিস অফিসার তাদের সাজা চাই, তাদের ইমিডিয়েট রিমুভ্যাল চাই। আমি বলতে চাই ইতিমধ্যে এস বি-র কাজ অনেক কমে গেছে। এস বি-র কাজ কমে গেলেও

তারা গভীর ষড়যন্ত্র চালাচ্ছে। সেই ষড়যন্ত্র হল যাদের যুক্তফ্রন্ট লীডারদের সংগে যোগাযোগ যোগাযোগ ন্যা করতে পারে। আর একটা ডিপার্টমেন্ট হচ্ছে টপ সিক্রেট। এই আমাদের সংগে যোগাযোগ না করতে পারে। আর একটা ডিপার্টমেন্ট হচ্ছে টপ সিক্রেট। এই টপ সিক্রেট ডিপার্টমেন্টের এতদিন ২০ বৎসর ধরে কাজ ছিল লেফট পার্টি অপজিসনকে ক্রাশ করতে হবে। কিভাবে সমস্ত গোপন তথ্য এই টপ সিক্রেট ডিপার্টমেন্টে ছিল। সেই টপ সিক্রেট ডিপার্টমেন্টকে বর্তমানে এনলার্জ করা হয়েছে। আমরা জানি এই টপ সিক্রেট ডিপার্ট-মেন্টের কাজ কমে গেছে। আমরা এখন সেইভাবে কোন অপোজিশন পার্টির বিরুদ্ধে এস বি-র লোক লাগাতে চাই না। তাঁরা তাঁদের ইডিওলজি নিয়ে ফ্লারিস করুন। কিন্তু সেই ডিপার্ট-মেন্টকে এনলার্জ করা হয়েছে, বহু অ্যাসিস্ট্যান্ট এবং অফিসার এই টপ সিক্রেট ডিপার্টমেন্টএ নিয়োগ করা হয়েছে। সেখানে টপ সিক্রেটএর বিভিন্ন সেকশনএ, তা ছাড়া আর একটা নূতন ডিপার্টমেন্ট খোলা হয়েছে স্টাফ সেকশন বলে এবং এই স্টাফ সেকশনএর একটি রুমের তলায় সকলকে আনা হয়েছে, তার দরজা নেই অফিসারএর মধ্যে। অন্য এস বি-র যারা এমপ্লয়ি অন্য কোন অফিসিয়াল কাজে সে ঘরে ঢুকতে পারবে না। কোন অফিসার সেই ঘরের মধ্যে ঢুকতে পারবে না। সেখানে দরজা বন্ধ করে কি কাজ হয় না হয় জানবার কারুর উপায় নেই। যে কয়েকজন অফিসার নিযুক্ত আছে সেখানে দেখছি একমাত্র ইন্সপেক্টর রাম চক্রবর্তীকে পারমিশন দেওয়া হয়েছে, তিনিও সি পি হয়েছেন। কিন্তু হওয়া সত্ত্বেও তাঁকে সেই ডিপার্টমেন্টের চার্জে রাখা হয়েছে, সেই টপ সিক্রেট ডিপার্টমেন্টের সেখান থেকে তাঁকে সরানো হয় নি। কিন্তু এইরকম ঘটনা হয় নি যে প্রমোশন দিয়ে অন্য জায়গায় ট্রান্সফার অন্য পজিশন দেওয়া সত্ত্বেও টপ সিক্রেট ডিপার্টমেন্টের ইনচার্জ হয়ে তিনি আছেন এবং এইভাবে গভীর ষড়যন্ত্রের সংগে তাঁরা যুক্ত হচ্ছেন। ডি সি, এস বি (১) ও (২) সম্পর্কে আমি বলছি। ইনি গৌহাটিতে ছিলেন। তিনি সেন্ট্রাল ব্যুরোতে চাকরি করে এসেছেন। তিনি সেন্ট্রালি মাইন্ডেড। পশ্চিম বাংলার এই যে প্রগতি-বাদী শক্তি একযোগে যুক্তফ্রন্ট সরকার গঠন করেছে তার সংগে তাঁর কোন সহানুভূতি নেই এবং আদর্শের সংগে তাঁর এতটুকু মিল নেই। তিনি মনে করেন চাকরি সেন্ট্রাল গভর্নমেন্ট ছাড়া কেউ বরখাস্ত করতে পারবে না। কাজেই সেই সিক্রেট সেকশন এবং টপ সেকশন করে সেখানে গভীর ষড়যন্ত্র করছেন এবং সমস্ত যোগাযোগ সেন্ট্রাল গভর্নমেন্টের সংগে করছেন। অর্থাৎ এখানে কি হচ্ছে না হচ্ছে সেগুলি পশ্চিমবঙ্গ সরকারের কাছে গোপন রেখে যুক্তফ্রন্ট সরকারের বিরুদ্ধে একটা গভীর ষড়যন্ত্রে লিপ্ত হচ্ছেন। সেজন্য আমি এদিকে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং এ সম্পর্কে আমার যে সাজেশন তা আপনার কাছে প্লেস করছি। অবিলম্বে এই সেকশনে যতজন অফিসার আছেন, সেই ডি সি, এস বি থেকে আরম্ভ করে এ সি, ইন্সপেক্টর ও অন্যান্য পুলিস অফিসার যত আছেন তাঁদের সবাইকে এই সেকশন থেকে সরিয়ে দেওয়া দরকার। এখানে যাঁরা আছেন তাঁদের কাজ কমে গেছে। টপ সেকশন, এস বি সেকশনের কাজ কমে গেছে। এত স্টাফের সেখানে দরকার নেই। সেই স্টাফের সংখ্যা সেখানে কমিয়ে ফেলতে হবে এবং তাঁদের কাজ সেখানে না থাকার জন্য এত লোক সেখানে মেনটেন করার দরকার নেই। তাছাড়া একটা ইনটেলিজেন্স ম্যানুয়াল, ম্যানুয়াল নিকরপোরেটিং সার্কুলার ইস্যু দি প্রেজেন্ট গভর্নমেন্ট তাঁদের কাছে দেওয়া উচিত যে প্রেজেন্ট গভর্নমেন্টের [illegible] কি এবং এস বি-রা সেইভাবে চলবেন এবং তাঁদের ঠিকভাবে ম্যানুয়াল তৈরি করবার নির্দেশ দেওয়ার প্রয়োজন আছে। এই সংগে সংগে আমি দেখছি এখানে কার্ড মেনটেন করা হচ্ছে। আমাদের সরকারের যে পলিসি অ্যানাউন্স করা হয়েছে তাতে কাউকে পলিটিক্যাল রিজনসএ চাকরি থেকে বরখাস্ত করা হবে না বা এনকোয়ারি যদি যায় তাহলে তার চাকরি পাওয়া এটা আজ এ বার না হয়, পলিটিক্যাল রিজনস মাস্ট নট স্ট্যান্ড অ্যাজ এ বার। কিন্তু তা সত্ত্বেও ডি সি এস বি, রিপোর্ট দিচ্ছে চাকরির বাধা সৃষ্টি করে পোস্ট-পলিটিক্যাল ক্যারেক্টার কেরিয়ার। এই প্রসংগে আমাদের যুক্তফ্রন্ট সরকারের নির্দেশ নেই, তা সত্ত্বেও এখনও যেসমস্ত সাসপেক্টস আইডেন্টিফিকেশন করেছেন বিভিন্ন জায়গায় পলিটিক্যাল পার্টির কার্যকলাপের সংগে লিপ্ত রয়েছে এখনও তাঁরা তাঁদের অফিস রেকর্ড মেনটেন করছেন। আমার বক্তব্য এখন সেই সমস্ত রেকর্ড মেনটেন করবার প্রয়োজন নেই। আর একটা কথা বলতে চাই, গত নির্বাচনে কংগ্রেসের বিরুদ্ধে যারা যুক্তফ্রন্টের হয়ে খেটেছে তাদের বিরুদ্ধে তারা রেকর্ড মেনটেন করে চলেছে। এই রেকর্ডের ফাইল নম্বর আমার কাছে

আছে। এই ফাইল নম্বর হচ্ছে এস ১১৫৩।৬৭।২। এইভাবে তারা এখনও যুক্তফ্রন্ট সরকারের বিরুদ্ধে যে ষড়যন্ত্র তাকে সক্রিয়ভাবে সমর্থন করছে এবং তারা কংগ্রেস পক্ষের লোকেদের সঙ্গে সহযোগিতা করে এই সরকারকে ছোট করার জন্যও জনসাধারণকে সরকারের বিরুদ্ধে উত্তেজিত করার জন্য বিভিন্ন রকম চক্রান্ত চালাচ্ছে। যেসমস্ত কর্মীরা আমাদের যুক্তফ্রন্টের হয়ে খেটেছিল তাদের হয়ে রেকর্ড মেনটেন করছে, যেসমস্ত ছাত্র, ট্রেড ইউনিয়ন কর্মী তাদের হয়ে রেকর্ড মেনটেন করছে। যাতে করে অল ইন্ডিয়া সার্ভিসে জয়েন না করতে পারে সেজন্য এখান থেকে রিপোর্ট দিল্লীতে পাঠান হচ্ছে। এইসমস্ত ভেঙে ফেলতে হবে। টপ সিক্রেট সেকশন, স্টাফ সেকশন খুব সক্রিয় যাতে যুক্তফ্রন্ট সরকারের সমস্ত পলিসি ভেঙে তছনছ করতে পারা যায়। আমাদের পুলিস কমিশনার তাঁকে নিয়ে এসেছেন। এই এস বি (১) সুধীনবাবুর বিরুদ্ধে আরও অনেক অভিযোগ আছে, সময় কম বলে আমি সব বলতে পারছি না। শুধু এটুকু বলছি এই পুলিস কমিশনারের বিরুদ্ধে অনেক অভিযোগ অনেক সময় করেছি। আমি এটুকু বলতে চাই যেসমস্ত পুলিস অফিসার দীর্ঘদিন ধরে কংগ্রেস রাজত্বে আমাদের বামপন্থী ডেমোক্রেটিক শক্তিকে ভাঙার চেষ্টা করে আসছিলেন তাঁদের সেখান থেকে সেই পোস্ট থেকে সরিয়ে দেওয়া উচিত। কারণ তাঁরা একটা ষড়যন্ত্র চালাচ্ছেন। আর একটা কথা হল এই ডি সি, এস বি, সম্বন্ধে। প্যাকিস্তানের স্পাই হিসাবে যে কেস সুনীল দাসের বিরুদ্ধে ছিল সেই কেসে অতুল্যবাবু জড়িত ছিলেন। এই ডি সি, এস বি, তার রেকর্ড সরিয়ে দিয়ে তাকে বাঁচিয়েছেন। এর পুরস্কারস্বরূপ সেই ডি সি, এস বি, এখনও সার্ভিসে রয়েছেন। অতুল্যবাবু যাতে জড়িয়ে না পড়েন তার জন্য তিনি সার্ভিস দিয়েছিলেন। এই ডি সি, এস বি, সম্পর্কে সতর্ক হওয়া উচিত। সেজন্য আমি মুখ্যমন্ত্রীকে নিবেদন করব এই সমস্ত প্রতিক্রিয়াশীল সেন্ট্রালী মাইন্ডেড অফিসার যাঁরা এখানে বসে কেন্দ্রের সঙ্গে গোপন ষড়যন্ত্রে লিপ্ত আছেন এবং আমাদের রেকর্ড নষ্ট করেছেন তাদের বিরুদ্ধে শক্তিশালী ব্যবস্থা গ্রহণ করা উচিত। এই কথা বলে আমি শেষ করছি।

[1-30 — 1-40 p.m.]

শ্রীমতী বিভা মিত্রঃ অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, আমার পয়েন্ট অব অর্ডার হচ্ছে এই, সুপানারের এইমাত্র যে সম্বন্ধে বললেন সুনীলবাবুর সঙ্গে জড়িত অতুল্যবাবুর নাম — কোর্ট থেকে সে কেসের বিচার হয়ে গেছে। কিন্তু তা সত্ত্বেও মাননীয় সদস্য এই হাউসের সামনে একটা ভুল উক্তি দিয়েছেন এবং মিথ্যা উক্তি দিয়েছেন এবং মিথ্যা উক্তি দিয়েছেন আমি বলব। স্পীকার মহাশয়, এই হাউসের সামনে আমি এই কথা বলে যেতে চাই কারণ আপনি একজন ল'ইয়ার, আপনি জানেন যে, সেই কেসটি কোর্ট থেকে ডিসমিস্ড হয়ে গেছে। তাই আমি আপনার মাধ্যমে এই হাউসের সামনে এই কথা রাখলাম।

শ্রীশান্তিগোপাল সেনঃ মাননীয় স্পীকার, স্যার, আমাদের পুলিস বিভাগের মন্ত্রিমহোদয় যে ব্যয়বরাদ্দের দাবি এখানে উত্থাপিত করেছেন আমি তার বিরোধিতা করছি। যে নীতি অনুসরণ করে বর্তমান মন্ত্রিমণ্ডলী এই পুলিস বিভাগ পরিচালনা করছেন তাতে করে পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা তথা জনসাধারণের শান্তি এবং নিরাপত্তা রক্ষার ক্ষেত্রে পুলিশের যে প্রয়োজন আছে তাঁরা এটা আদৌ অনুভব করছেন কিনা এ নিয়ে আমাদের মনে যথেষ্ট সন্দেহের উদ্রেক হয়েছে। স্যার এই মন্ত্রিসভার যাঁরা অংশীদার তাঁরা যখন বিরোধী দলে ছিলেন তখন বার বার তাঁদের বলতে শুনেছি যে, এই পুলিস বিভাগকে পূর্বতন মন্ত্রিমহাশয় গণতান্ত্রিক আন্দোলনকে কণ্ঠরোধ করবার জন্য নিজেদের হাতিয়ার হিসাবে ব্যবহার করে এসেছেন। তাই তাঁরা পুলিস বিভাগের কোন কাজ দেখতে পান নি একমাত্র দুর্নীতি ছাড়া। যুক্তফ্রন্ট সরকারের মন্ত্রিসভা গঠন করার পর থেকে তাই তাঁরা ঘোষণা করেছিলেন যে, সব বিভাগকে যত কম ব্যয়বরাদ্দ করা যাবে ততই নাকি জনসাধারণের পক্ষে মঙ্গল হবে। স্যার, তাঁরা আরও ভেবেছিলেন যে, জনসাধারণের কাছে প্রশংসার পাত্র হয়ে দাঁড়াবেন যদি এই বিভাগের ব্যয়বরাদ্দ সংকোচ করতে পারেন। তাই আমাদের মুখ্যমন্ত্রী সেদিন তাঁর বাজেট ভাষণের সময় তিনি বলেছেন যে, সরকারী কর্মচারীদের মাগ্‌গীভাতা, শিক্ষকদের মাগ্‌গীভাতা এবং প্রশাসনিক ক্ষেত্রে সকল স্তরের ব্যয়বরাদ্দ বৃদ্ধি করা হল, কিন্তু পুলিস খাতে একটি অংশে তিনি ৪৮ লক্ষ টাকা ব্যয়সংকোচ করলেন।

তার মানে হয়ত এই ছিল যে, এই খাতে যদি উনি ব্যয়সঙ্কোচ দেখাতে পারেন তাহলে জনসাধারণের প্রশংসা পাবেন। পুলিস বিভাগে যাঁরা কাজ করেন তাঁরাও যে সরকারী কর্মচারী এটা ঠিক কথা। কিন্তু তবু যেন তাঁরা একটা বড় স্বতন্ত্র গোষ্ঠী, এটা আমরা তাঁর বক্তৃতা থেকে বুঝতে পেরেছি। স্যার, এই নীতি অনুসৃত হওয়ার ফলে পুলিস বিভাগের তৎপরতা আজকে কোন পর্যায়ে এসে পৌঁছেছে সেটা বেশ সুস্পষ্ট হয়ে উঠেছে। এই নীতি হচ্ছে পুলিসকে পঙ্গু করে দেবার নীতি। এই নীতির ফলে পুলিসকে নিষ্ক্রিয় করে দিয়ে ও'দের কথায় গণতান্ত্রিক আন্দোলনকে আরও অগ্রগতির পথে এগিয়ে দেওয়া—ও'দের কথামত একে এক কথায় বলতে গেলে গণতান্ত্রিক বিপ্লবের পথকে নাকি প্রশস্ত করবে। জানি না গণতান্ত্রিক বিপ্লবের পথ প্রশস্ত করবে কিনা। যদি প্রশস্ত করে তাহলে নিশ্চয়ই তাঁকে অভিনন্দিত করব। কিন্তু এই নীতির ফলে যদি দেখা যায় যে, গণতান্ত্রিক বিপ্লবের পরিবর্তে বর্তমান বিপ্লবের ঘাঁটিগুলি শক্ত করা হচ্ছে তাহলে এই নীতির বিরোধিতা করা বাঞ্ছনীয়। আমি স্যার, বাংলাদেশের ঘটনাবলী উল্লেখ করব না। কারণ, আমার সময় খুব কম। তাই আমি আমার জেলার দু-একটি ঘটনার কথা এখানে উপস্থাপিত করতে চাই। এটা দিয়ে আপনি বুঝতে পারবেন যে, পুলিসের তৎপরতা আজকে কোন্ পর্যায়ে এসে পৌঁছেছে এবং তা জনসাধারণকে কোথায় নিয়ে যাচ্ছে। স্যার, যখন উনি এই নীতি ঘোষণা করলেন তখন আমার জেলায় আমি দেখেছি একশ্রেণীর লোক নরহত্যা, অনবরত লুঠতরাজ এবং হিংসামূলক, নাশকতামূলক কার্যে ব্যাপৃত হয়ে উঠেছে। আমি একটা ঘটনার উল্লেখ করছি, হবিবপুর থানায় মালদহ জেলার একটি গ্রামের ঘটনা। ঐ গ্রামে যারা বাস করে তারা সবাই উদ্বাস্তু, পূর্ব পাকিস্তান থেকে তার কুড়ি বছর আগে থেকে এসে ঐ গ্রামে শান্তিতে বসবাস করছে। একদিন দেখা গেল, তারা যখন চাষ-আবাদে বেরিয়ে গেছে তখন দিনের বেলা ৪০০-৫০০ জন লোক এসে সেই গ্রাম আক্রমণ করে, যারা বাধা দিতে যায় তাদের ভেতর পাঁচজনকে হত্যা করা হয় এবং বহু লোককে জখম করা হয়। শুধু তাই নয়, এদের ভেতর একজনকে এমনভাবে হত্যা করা হয় যে, তার স্ত্রীর সামনে তাকে উলঙ্গ করে কুড়ুল দিয়ে টুকরো টুকরো করে কাটা হয়। শুধু তাই নয়, সেই গ্রামের কিছু নারীর উপর পাশবিক অত্যাচারও করা হয়। এই আক্রমণকারীরা মোট ১৯০টি ঘর জ্বালিয়ে দেয়। এতেও তাদের জিঘাংসা চরিতার্থতা লাভ করে নি, ওরা তীর-ধনুক নিয়ে পাকিস্তানের সীমান্তবর্তী একটি এলাকায় উপস্থিত হয়, যেখানে সেই উদ্বাস্তু বাসিন্দারা ছিল। এদের উদ্দেশ্য ছিল সবাইকে কেটে সাফ করে দেওয়া। তখন বর্ডার সিকিউরিটি ফোর্স সেখান থেকে গুলী করে। এক-দু রাউন্ড গুলী নয়, ৪১ রাউন্ড গুলী করা হয়। তখন স্থানীয় পুলিস কোথায় ছিল? কেন এই গুলী হল? আমাদের মুখ্যমন্ত্রী নকশালপন্থী সম্বন্ধে ঘোষণা করেছেন, সেখানকার সমস্যা হচ্ছে ভূমিসমস্যা। অবশ্য উনি একথাও স্বীকার করেছেন যে, কিছুটা রাজনৈতিক সমস্যাও আছে। আমাদের এখানে ভূমিসমস্যা নেই। কারণ ওরা সবাই হচ্ছে গরীব। ওখানে বিত্তশালী বা দরিদ্রদের ভেতর কোন সংগ্রাম নেই, সবাই পথের ভিখারী, তবে কেন এখানে এইরকম নারকীয় ঘটনা সংঘটিত হল? এর জন্য জুডিসিয়াল এনকোয়ারি চাই। এই হত্যাকান্ড কারা করলেন, এর মূলে রাজনৈতিক অভিসন্ধি রয়েছে। আমরা জানি কাদের ইঙ্গিতে এই হত্যাকান্ড সংগঠিত হলো, এর জন্য জুডিসিয়াল এনকোয়ারী ডিমান্ড করছি মুখ্যমন্ত্রীর কাছে। শুধু তাই নয়, আজকে মালদহের অবস্থা যেন একটা লুঠের বাজারে পরিণত হয়েছে। আপনারা জানেন আমাদের জেলায় এই বছর দুর্ভিক্ষের কবলগ্রস্ত। আপনারা খাদ্য কমিটি করেছেন, খাদ্যের সুষম বণ্টনের জন্য, কিন্তু এই খাদ্য কমিটি কি করছে, এই খাদ্য কমিটির যারা সদস্য তাদের নেতৃত্বে ধান-চাল ধরবার নাম করে লুঠ হচ্ছে, আমি স্যার, কয়েকটি ঘটনার উল্লেখ করছি।

[4-40—4-50 p.m.]

গত ৫ই জুলাই বামনগোলা থানার পাওল গ্রামের সখীচরণ মন্ডলের বাড়ি খাদ্য কমিটির একজন সদস্যের নেতৃত্বে ঘেরাও করা হয়। তার বাড়িতে অবশ্য কিছু পাওয়া যায় না। তখন ওরা সবাই মিলে তার বাড়ির সমস্ত জিনিসপত্র লুঠপাট করে নিয়ে যায়। পুলিসের সাহায্য প্রার্থনা করেও কোন প্রতিকার পাওয়া যায় নি। এইরকমভাবে শুধু খাদ্য লুঠ হচ্ছে না। আগ্নেয়াস্ত্রও লুঠ হচ্ছে। বামনগোলা থানার ফরিদপুর গ্রামের কানাইলাল অধিকারীর বন্দুকটি ছিনিয়ে নেওয়া হয়েছে। তার কয়েকদিন বাদে তার বাড়িও লুঠ করা হয়েছে।

মালদহ আমের জন্য প্রসিদ্ধ এটা সকলেই জানেন। এই আমের উপর অনেক মধ্যবিত্ত, নিম্ন-মধ্যবিত্ত, গরিব শ্রেণী নির্ভরশীল। খাদ্য কমিটির লোকেরা সেখানে এক প্রস্তাব পাশ করল যে, মালদহ থেকে বাইরে কোন আম চালান দেওয়া চলবে না। আমি জানি না সরকার তাদের ইন্টার ডিস্ট্রিক্ট মুভমেন্ট বন্ধ করবার পারমিশন দিয়েছেন কিনা এবং তাঁদের সেই অধিকার আছে কিনা? গরিব চাষীরা হাইকোর্টে মামলা করে ম্যান্ডামাস রুল পেল। রুল পেয়ে আবার তারা বাইরে আম চালান দিতে লাগল। কিন্তু ওরা সেই আম লুঠ করে নেয়। চারশো মণ আম বোঝাই একটা নৌকা তারা লুঠ করে নিয়েছে। তাহলে কি এটা একটা লুঠের রাজ্যে পরিণত হল? সেই কারণে আমি এই বাজেট সমর্থন করতে পারি না।

শ্রীগঙ্গাধর প্রামাণিকঃ মাননীয় স্পীকার মহাশয়, এই যুক্তফ্রন্ট সরকারের পুলিস বাজেট সম্পর্কে কিছু প্রশ্ন আমি আমাদের পুলিশমন্ত্রীর কাছে রাখতে চাই। আমরা জানি, দেশের ভারী বোঝা মাথায় নিয়ে আমাদের এই যুক্তফ্রন্ট সরকার দেশের পরিচালনভার মাথায় নিয়েছেন, দেশশাসন শুরু করেছেন। দেশবাসী সবই তার নির্দেশে তাঁরা এই সরকার গঠন করেছেন। সরকার দেশের সমস্যাদি সমাধান করতে গিয়ে যখনই যা আইনকানুন করেন, তখন ঐ পক্ষ আঁৎকে ওঠেন—কি জানি কি একটা হবে! এখন মাননীয় সদস্য শত্রু তাঁর বক্তৃতায় বলেছেন মুখ্যমন্ত্রী মহাশয় নাকি জ্যোতিবাবুও তাঁর দলের মুখের দিকে চেয়ে নির্দেশ দেন।

(এ ভয়েসঃ খুব সত্যি কথা!)

আমি ওদের বলে দেব—ওরা সবাই জন্ডিস রোগাক্রান্ত হয়েছে। তাই তাঁরা চারিদিকে জ্যোতি-বাবু ও তাঁর দলকে দেখে বেড়াচ্ছেন। আর একটা কথা বলতে চাচ্ছি তাঁরা ঝোপের ভেতর ভূত দেখতে আরম্ভ করেছেন, এটা তাঁদের স্বভাবে দাঁড়িয়ে গেছে। কারণ তাদের পাপের বোঝা এত বেড়ে গেছে যে, জনমত ওদের ঐদিকে নিয়ে বসিয়েছে এবং আমাদের এইদিকে এনেছেন ও ১৪টি দলকে এক করেছেন। এই জনমত আমাদের সমস্ত দলের রাজনীতি তুলে রেখে, রাজ-নীতির উদ্দেশ্যসাধন করতে না দিয়ে বলেছেন ১৮ দফা কর্মসূচীর মাধ্যমে এই দেশের সেবা করতে। এরা যে জিনিসটা দেখে ভয় পায়—তা হচ্ছে জনমতের উপরকার কোটিংটা দেখে; জনমতের দিকে তাঁরা তাকা'ত ভয় পান। আমি এই মন্ত্রিমণ্ডলীকে বিশেষ করে পুলিসমন্ত্রীকে জানিয়ে দিতে চাই এই জনমত আমাদের বলেছেন সমস্ত পলিটিক্যাল মুভমেন্ট বন্ধ করে এই ১৮ দফা কর্মসূচী রূপায়ণের মাধ্যমে দেশকে শাসন করতে। এই ১৮ দফা কার্যসূচী যদি বাস্তবে রূপায়িত করতে হয়, তাহলে দেশে আইন ও শৃঙ্খলা রক্ষা করা বিশেষ প্রয়োজন। দেশে যদি আইন ও শৃঙ্খলা রক্ষা করতে পারা না যায়, তাহলে ঐ ১৮ দফার এক দফাও আপনি রূপায়িত করতে পারবেন না।

মিঃ স্পীকার, স্যার, মন্ত্রিমণ্ডলীর মধ্যে কোন কোন সদস্যের বিবেচনাহীন উক্তির জন্য জন-সাধারণ বিভ্রান্ত হয়ে নানারকম উচ্ছৃঙ্খল আচরণ করে থাকে। স্যার, তার একটা উদাহরণ হচ্ছে ঐ নকশালবাড়ির ঘটনা। নকশালবাড়ির ঘটনা সম্পর্কে ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রেভেনিউ মিনিস্টার ৩১-৩-৬৭ তারিখে বিধানসভায় তাঁর এক ভাষণে বলেছিলেন, বড় বড় জমির মালিকদের বিচ্ছিন্ন বা আইসোলেট করবার জন্য গভর্নমেন্ট সাধ্যমত চেষ্টা করবেন, সাহায্য করবেন। কেমন করে সাহায্য করবেন বলেছিলেন? যেমন শ্রমিকদের ঘটনা সম্পর্কে বলেছি—পুলিসকে আটকে রাখব। আমরা বলব বর্গাদার, তোমরা প্রতিরোধ কর। সেখানে গিয়ে দাঁড়াও। সেখানে জমির মালিক যদি বলে অন্যায় করা হচ্ছে, পুলিস তোমরা হটে যাও। বর্গাদার অন্যায় করে একথা আমরা বিশ্বাস করি না। আমরা এই বলেছি, এখানে এই ধরনের যে উক্তি সাধারণ কৃষকদের মধ্যে এই উচ্ছৃঙ্খলতা জাগিয়ে তুললেন, এর পরিণতি আজকে নকশালবাড়ি।

স্যার, আমি আরও বলতে চাই—তারপর যখন তাঁরা বিশৃঙ্খল আচরণ আরম্ভ করল, তাদের'ক কমিটি করে বলা হল—আমরা তোমাদের জমি, ভাগ করে দিচ্ছি। কিন্তু তখন জমি ভাগ করতে গেলে হবে কেন? তারা তো বিশৃঙ্খল আচরণ শুরু করে দিয়েছে। তখন মুখ্য-মন্ত্রী মহাশয় পুলিস পাঠিয়েছিলেন সেখানে, কিন্তু পুলিস নানা কারণে তাদের আক্রমণ করল না। তারপর সেখানে যখন এস এস পি, পি এস পি ও বাংলা কংগ্রেসের মাধ্যমে এই জনশক্তি

যখন বলল—এই বিশৃঙ্খলা বন্ধ করা দরকার, তখন সেখানে প্রতিরোধ বাহিনী গঠন করে তাদের বাধা দিল। এই পুলিস গেলে যারা বিশৃঙ্খল আচরণ করেছিল, তারা বিচ্ছিন্ন হয়ে গেল। পুলিস তাদের কাজ সমাধা করল। আমি তাই বলব এই সমস্ত বিশৃঙ্খল আচরণ যখন চলতে থাকে, তখন কিছু গুন্ডাশ্রেণীর লোক ঐ দলে যোগ দেয়। এই গুন্ডা প্রকৃতির লোকেদের কোন রাজনৈতিক আচরণ নেই, তারা এই সমস্ত বিশৃঙ্খল অবস্থার অ্যাডভান্টেজ নিয়ে নানারকম অত্যাচার করে যাতে কোন রাজনৈতিক উদ্দেশ্য সফল হয় না। গত ১৫ বছর পর্যন্ত রিফিউজি-দের নিয়ে যে পলিটিক্যাল ব্লান্ডার করা হয়েছে তাতে সেই রিফিউজি রিফিউজিই হয়ে রইল, তার আর প্রকৃত রিহ্যাবিলিটেশন হল না। এর জন্য কংগ্রেস পক্ষের লজ্জিত হওয়া উচিত। তাদের উপর পলিটিক্যাল প্ল্যাটফরম তৈরি করে দিয়ে তাদের দুঃখকষ্ট আরও বাড়িয়ে তুলেছেন, তাদের রিহ্যাবিলিটেশন কারও হয় নাই। তারা ল্যান্ডলেস কাল্টিভেটরস হয়ে রইল। এই যে লেবার আনরেস্ট, এই যে পেজান্ট আনরেস্ট, তাদের নিয়ে যে কাজ হচ্ছে, তাতে কি করে সমস্যার সমাধান হবে জানি না। তাদের বরাতে কি আছে তাও জানি না!

আপনি জানেন, একটু আগে আমাদের কেষ্ট ঘোষ মহাশয় বলেছেন যে, নর্থ ক্যালকাটায় কিছু কিছু আর্মস পাওয়া গিয়েছে এবং সেই আর্মস ব্যবহারও করা হয়েছে। আমরা জানি বাংলাদেশে কিছু কিছু আর্মস স্মাগলিং হয়েছে, পুলিসের কাছে এ সংবাদ আছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে বলব তাঁর যে ইনটেলিজেন্স ব্রাঞ্চ আছে, তাদের আরও সক্রিয় করে তুলুন। যেসমস্ত গুন্ডাদের এই সমস্ত আর্মস স্মাগলড হয়ে এসেছে, তার ব্যবহারের দ্বারা দেশে যাতে কোনরকম অরাজকতা সৃষ্টি না হতে পারে সেদিকে লক্ষ্য দিন।

[4-50 - 5 p.m.]

স্যার, পুলিসমন্ত্রীকে আমি আর একটা কথা বলব, যেসমস্ত অ্যান্টি-ন্যাশনাল অর্গানাইজেশন আছে যারা দেশে অ্যান্টি-ন্যাশনাল শ্লোগান দিয়ে দেশের লোককে বিভ্রান্ত করে আইন করে সেগুলিকে ব্যান করা উচিত। স্যার, আপনি জানেন সোনারপুর অঞ্চলে এক ধরনের লোক, তারা কোন দলের লোক আমি জানি না, তারা এইরকম অ্যান্টি-ন্যাশনাল শ্লোগান দিয়ে, যারা বড় বড় লাঠি হাতে করে, ঝান্ডা, ডান্ডা, ঠান্ডা এই হচ্ছে তাদের বুলি, এই সমস্ত বুলি দিয়ে নিরীহ কৃষকদের ক্ষেপিয়ে তুলে বলে তাদের দলভুক্ত হতে—এইরকম উচ্ছৃঙ্খলতা যদি হয় তাহলে দেশে শান্তি থাকবে না, দেশে জমি বণ্টন হলেও সেই জমিতে চাষ আবাদ হবে না। আমি তাই মন্ত্রিমণ্ডলীকে অনুরোধ করব দেশের শান্তি-শৃঙ্খলা রক্ষার জন্য তাঁরা যেন সচেতন হন। তা না হলে যে জনসাধারণ ওদের ওখানে বসিয়ে আমাদের এখানে বসিয়েছেন তাঁদের কাছে কৈফিয়ৎ দিতে হবে, সুস্পষ্ট কৈফিয়ৎ দিতে না পারলে তাঁরা আমাদেরও একদিন এখান থেকে টেনে ফেলে দেবেন। স্যার, সাংবিধানিক কাঠামোর মধ্যে ভূমি সংস্কার সম্ভব নয় বলে আমাদের কেউ কেউ উক্তি করেছেন। একদিন যে সিম্পোসিয়াম হয়েছে তাতে তাঁরা বলেছেন সাংবিধানিক কাঠামোর মধ্যে ভূমি সংস্কার সম্ভব নয়, বিপ্লব দিয়ে সম্ভব। স্যার, বিপ্লব দিয়ে কোন জিনিস গঠন করা যায় না, ভাঙ্গা যায়। স্যার, সেজন্য আমি বলব আমাদের উপ-মুখ্যমন্ত্রী শ্রীজ্যোতি বসুকে আমি আমার সমর্থন জানাব যে, তিনি ট্রাম কোম্পানীর বিরুদ্ধে সমস্ত বিরোধীপক্ষের সঙ্গে একসঙ্গে বসে এই সমস্যার সমাধান করতে পেরেছেন। ভারতবর্ষে ল্যান্ড রিফর্মস হোক এটা সকলেই চেয়েছিল, যাঁরা ল্যান্ডলেস কাল্টিভেটরস তারা ল্যান্ড পাক এটা সকলেরই ইচ্ছা। আমি সেজন্য ল্যান্ড রেভিনিউ মিনিস্টারকে বলব যে, তিনি বিরোধীপক্ষ এবং অন্যান্য পক্ষ সবার সঙ্গে বসে একটা আইন করুন, যাতে ল্যান্ডলেস কাল্টিভেটররা ল্যান্ড পায় তার একটা সুষ্ঠু ব্যবস্থা করুন। স্যার, আমি আপনার মাধ্যমে জানাতে চাই যে, ব্লিৎস পত্রিকার একটা উদ্ধৃত অংশে যাতে আমাদের ল্যান্ড রেভিনিউ মিনিস্টার যে উক্তি করেছেন তার জন্য আমি তাঁকে ধন্যবাদ দিচ্ছি।

"We might have committed mistakes and we may commit them in future, but that does not mean that foreign interested parties will make formulations for us to follow in India. We are capable of making our own assessment of the Indian situation and guiding our own movements." He said that "his party was one with the Chinese Communist

Party on the basic question relating to co-existence with imperialism. This did not mean that the Communist Party of China would be asked to come forward to guide Indian Communists on the Indian revolution. If the Communist Party of China assumes that role, it would be anti-Marxist." I thank him for a statement like this.

স্যার, তিনি চীনের এখানে দালালি সেটা সহ্য করেন নি। স্যার, আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একথা বলতে চাই যে, কংগ্রেসী আমলের কিছু অফিসার আছেন যাঁরা কংগ্রেসী মন্ত্রীদের মন রাখবার জন্য সুপারসিডেড হয়েছেন। আমি তাই মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব ফাইল দেখে তাদের প্রতি যাতে সুবিচার হয় সেটা যেন তিনি করেন। স্যার, কলকাতার আশেপাশে কি উচ্ছৃঙ্খলতা চলেছে সেটা আমি আপনার মাধ্যমে জানাব।

(1) Diary No. 146 of 2-7-1967 at Dum Dum P.S. intimidation to officers-in-charge—O.C. Behala and O.C. Dum Dum have been intimidated. (2) Case No. 58, dated 27-6-1967, accused persons could not be arrested owing to the threat of political leaders. (3) O.C. Behala, O.C. Titagarh, O.C. Budge Budge, O.C. Sonarpur, O.C. Dum Dum—intimidation (4) Diary No. 173, dated 28-6-1967 charged under 147/448/323, loot, attempt to murder and serious injury. (5) Dum Dum—18-6-1967—case No. 114, 8 houses were looted, arrested 24 persons.

স্যার, এই যেসমস্ত বিশৃঙ্খলা চলছে আমি আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীর কাছে জানাতে চাই যে, আমরা বিধানসভার সদস্যরা সকলেই শপথ গ্রহণ করেছি টু আপহোল্ড দি কনস্টিটিউশন অফ ইণ্ডিয়া। এই যে শপথ নিয়ে আমরা এখানে সরকার গঠন করেছি আমরা জানি সরকার গঠন করলেও কনস্টিটিউশনাল ইনটিমিডেশনএর জন্য যদি এখানে কাজ করা সম্ভব না হয় তাহলে তার জন্য বিপ্লব চাই, এই উক্তি কিছুতেই সমর্থিত হতে পারে না। কনস্টিটিউশনকে প্রোটেক্ট করব বলে শপথ নিয়ে বিশৃঙ্খলা সৃষ্টির নিদর্শন এটাকে এক কথায় বলা যায় বেসলেস মন্যাপিরটি। সাব বিপ্লবের কথা নিশ্চয় বলা যায় যদি সরকারপক্ষে না থাকা যায়। সরকার-পক্ষে থেকে সরকারের এগেনস্টে বিপ্লবের কথা বলতে পারি না। আমরা সরকার গঠন করেছি, আমাদের দেশের লোকের যে অভাব-অভিযোগ আমরা কনস্টিটিউশনালি তার প্রতিকার করব, বিপ্লব করতে পারি না, শৃঙ্খলা বজায় রেখে সমস্ত দিক দেখাশুনা করব এটাই আমার মুখ্য-মন্ত্রীর কাছে অনুরোধ।

শ্রীনারায়ণচন্দ্র চৌধুরীঃ মিঃ স্পীকার, স্যার, পুলিস খাতে ব্যয়বরাদ্দে বিরোধিতা করতে আমি উঠেছি কিন্তু আমাদের আর বিরোধিতা করতে হচ্ছে না, সরকারপক্ষই এই ব্যয়বরাদ্দের বিরোধিতা করছেন। প্রথমে যিনি এই ব্যয়বরাদ্দকে সমর্থন করতে উঠলেন শ্রীমতী গীতা মুখার্জি, যদিও তিনি রণরঙ্গিনী মূর্তি নিয়ে ব্যয়বরাদ্দকে সমর্থন করতে উঠলেন কিন্তু আমরা দেখলাম শেষ পর্যন্ত তিনি পুলিসের সমালোচনা ছাড়া এবং পুলিস বিভাগের নিষ্ক্রিয়তা ছাড়া আর কিছু বললেন না। তাঁকে দেখে এবং তাঁর বক্তৃতা শুনে আমার আর একদিনের কথা মনে পড়ল। আমার মনে আছে আজকে যিনি মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী তিনি তখন কংগ্রেসে ছিলেন, আমাদের বর্তমান স্বরাষ্ট্রমন্ত্রী যখন নন্দীগ্রামে এক সভায় বক্তৃতা দিচ্ছিলেন তখন সাইকেলে চড়ে আমাদের এই যে বিধানসভার সদস্য তাঁর বিরোধিতা করার জন্য এবং সেই সভা ভাঙ্গবার জন্য তিনি ডাব ইত্যাদি ছোঁড়বার জন্য একটা ব্রিগেড বাহিনী নিয়ে এসে হাজির হয়েছিলেন। আজকে আমরা দেখছি যে তেলে-জলে মিশে গেছে এবং ভাসুরের ব্যয়বরাদ্দ সমর্থন করছেন ভ্রাতৃবধূ। সেদিন ভাসুর-ভ্রাতৃবধূ সম্পর্ক যেটা ছিল সেই ভাসুর-ভ্রাতৃবধূ সম্পর্ক আজকে দেখছি পুলিসের সঙ্গে সরকারের হয়েছে। সব থেকে ভাল বক্তৃতা আমরা শুনলাম অপূর্ববাবুর মুখ থেকে। অপূর্ব তাঁর বাচনভঙ্গি, উত্তাল তরঙ্গমালা সমুদ্রবুকে টিপ করে পড়ছে অর্থাৎ তিনি আগাগোড়া বলে গেলেন যে, পুলিস নিষ্ক্রিয় নয়, পুলিস সক্রিয়। আমরা তো পুলিস নিষ্ক্রিয় একথা বলি নি, আমরা এই কথা বলেছি যে, পুলিসকে এই সরকার নিষ্ক্রিয় করার চেষ্টা করছেন, পুলিস সক্রিয় থাকার চেষ্টা করছে। পুলিস তার কর্তব্য যাতে করতে না পারে তার জন্য এই যুক্তফ্রন্ট বা অধুনা যাদের জনসাধারণ যুক্ত ফ্রড

বলতে আরম্ভ করেছে, সেই যুক্তফ্রন্ট সরকার চেষ্টা করছেন যাতে পুলিস কোনরকম আইন এবং শৃঙ্খলা রক্ষা করতে না পারে। প্রথমেই এই ব্যয়বরাদ্দের বিরোধিতা করে শ্রদ্ধেয় সদস্য শ্রীশঙ্করদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় মুখ্যমন্ত্রীর কাছে মন্ত্রিসভার বিরুদ্ধে কতকগুলি চার্জ এনেছেন। আমি মনে করি যে শঙ্করদাসবাবু যেটা বলেছেন সেটা যদিও সত্য কথা তবুও তিনি এই যে যুক্তফ্রন্ট মন্ত্রিসভা এর প্রতিভা আবিষ্কার করতে পারেন নি।

[5—5-10 p.m.]

আমি একটা কথা বলতে চাই যে, তাঁরা যে ব্যয়বরাদ্দের দাবি কেন উত্থাপিত করলেন সেইটা সব থেকে আশ্চর্য। আমাদের অপূর্ববাবু বলছেন পুলিস নিষ্ক্রিয় এবং তাদের বিরুদ্ধে লেগে গেছে। এই যদি হয়, যাঁরা সরকার চালাচ্ছেন তাঁদের বিরুদ্ধে পুলিস গভীর ষড়যন্ত্র লিপ্ত রয়েছে তাহলে তাঁরা কেন পুলিস খাতে ব্যয়বরাদ্দ সমর্থন করছেন? সেটা তাঁরাই গভীরভাবে চিন্তা করে দেখুন। আজকে যদি তাদেরকে উৎখাত করার চেষ্টা করেন তাহলে তারা কি করছেন সরকার গিয়ে—টপ সিক্রেট ডিপার্টমেন্ট হয়েছে আমি জিজ্ঞাসা করি টপ সিক্রেট ডিপার্ট-মেন্ট হল আর স্বরাষ্ট্রমন্ত্রী জানতে পারলেন না—আপনাদের এই উপ-মুখ্যমন্ত্রী যিনি কথায় কথায় ধমকে দিচ্ছেন পুলিস অফিসারদের তিনি কিছু জানতে পারলেন না এটা কি করে সম্ভব হল? অপূর্ববাবু বলেছেন হাওড়ায় আমাকে পর্যন্ত লাঠি খেতে হয়েছে। আমি মনে করি পুলিসের ঐ লাঠির ঘায়েই তাঁদের চৈতন্য বিলম্বে হলেও উদিত হয়েছে যে, যদি এইভাবে আমরা পুলিসের সঙ্গে দুর্ব্যবহার করি তাহলে আমাদের যে জনতার নাম দিয়েছি সেই জনতার একাংশ তাদেরই ঐ অর্থে পুষ্ট পুলিসের লাঠির ঘায় তাদেরই কাৎ হতে হবে? এটা তাঁরা বুঝতে পেরেছেন। যদি না বুঝতে পেরে থাকেন তাহলে আমি বলব যে, তাদের দুর্ভাগ্য। পুলিসের সম্পর্কে অনেকে অনেক কথা বলেছেন এবং তাঁরা বলেছেন যে, কোরাপশন দেশ থেকে উইড আউট করবেন। তাঁরা দুর্নীতি দূর করবেন। একটা গল্প শুনুন—পুলিস অফিসাররা বলেছে, "মশায় আমরা আগে দুই টাকা নিতাম এখন পাঁচ টাকা আমাদের রেট হয়ে গেছে, কারণ দুই টাকা আমার আর দুই টাকা পার্টি ফান্ডে দিতে হবে, আর এক টাকা দিতে হয় যারা ঐ লাল ঝাণ্ডা নিয়ে এসে হৈ-চৈ করে। আবার ৫ টাকাতেও হয় না। যাকে গল্পটা বললাম তাকে আবার ৩০ পয়সা দিয়ে চা খাওয়াতে হল। সুতরাং ৫ টাকা ৩০ পয়সা না হলে আমার কিছুতেই চলবে না। আগে যেখানে দুই টাকাতে হত। তারপর স্যার, আমি আর একটি গল্প বলি আপনি শুনুন। এই গল্পটা হচ্ছে এই যে, সম্প্রতি আমাদের বর্ধমান জেলায় একটা স্টেট বাসএর সঙ্গে প্রাইভেট লরির সংঘর্ষ হয়। তারপর স্টেট বাসএর লোকেরাও যায় আর প্রাইভেট বাসএর লোকেরাও যায়—থানার দারোগা বলে যে, মশায় আপনাদের যুক্তফ্রন্ট সরকারের সব কথা শুনেছি। আমার ৫০০ টাকা চাই, তা না হলে চলবে না। তারপরে প্রাইভেট লরির লোকেরা বলল যে, আমি না হয় অর্ধেকটা দিতে পারি কিন্তু স্টেট বাসএর লোকেরা কেমন করে দেবে, তাদের তো গভর্নমেন্ট অ্যাকাউন্ট থেকে দিতে হবে। তারপর শেষ পর্যন্ত শুনলাম যে রফা হয়ে গেল ১৫০ টাকা করে দিতে হবে তা না হলে কোনরকমে হবে না। এটা দশদিন আগের ঘটনা। আর এদিকে এ'রা কোরাপশন দূর করবেন বলছেন। আমি আর একটা কথা বলব যে, রবীন্দ্রনাথ বলেছিলেন যে, সবশুদ্ধ জগৎটাতে ভালটারই প্রাধান্য, খারাপ যদি তেতাল্লিশ, ভালর সংখ্যা সাতান্ন। আমি জানি না, রবীন্দ্রনাথ তেতাল্লিশ এই বাম কমিউনিস্ট দলকে লক্ষ্য করে বলেছিলেন কিনা। এই তেতাল্লিশ যদিও খারাপ হয়, সাতান্নটা ভাল আছে এটাই আমাদের ভরসা। এই ভরসাতেই আমরা এখনও বেঁচে আছি এবং পুলিস খাতে ব্যয়বরাদ্দের আমি বিরোধিতা করছি।

শ্রীনিখিল দাসঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পুলিস খাতে ব্যয়বরাদ্দ আমাদের সামনে স্বরাষ্ট্রমন্ত্রী রাখতে গিয়ে একটা কথা বলেছেন, সেটা হচ্ছে মূল কথা এবং মূল্যবান কথা। অর্থাৎ পুলিসের দৃষ্টিভঙ্গি পালটাতে হবে, পুলিস দপ্তরকে ঢেলে সাজাতে হবে। কারণ উন্নততর সমাজব্যবস্থা কায়েম করবার প্রতিশ্রুতি যুক্তফ্রন্ট সরকার দিয়েছেন সেই উন্নততর সমাজব্যবস্থা কায়েম করতে পুলিসকে অগ্রণী ভূমিকা গ্রহণ করতে হবে। এটাই হচ্ছে পুলিস বাজেটের মূল এবং মোদ্দা কথা। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে এ সম্পর্কে

দু-চারটি কথা বলতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ইংরাজ যেদিন আমাদের দেশে ছিল পরাধীন যেদিন আমরা ছিলাম পুলিসের বিরুদ্ধে সাধারণ মানুষের যে বিক্ষোভ, সাধারণ মানুষের যে ঘৃণা, সেই ঘৃণা ছিল শুধু একটামাত্র কারণে যে, আমাদের পরাধীন করে রাখবার জন্য ইংরাজ সরকার পুলিসকে ব্যবহার করত। পুলিসের লাঠি স্বাধীনতা আন্দোলন সেদিন যারা করত তাদের গায়ে গিয়ে পড়ত, তাই পুলিস ছিল সেদিন ঘৃণার বস্তু। ইংরাজ চলে গেল কংগ্রেসী শাসন ভারতবর্ষে বাংলাদেশে প্রতিষ্ঠিত হল—কংগ্রেসী শাসন প্রতিষ্ঠিত হবার পরে বাংলাদেশের সাধারণ মানুষের যে অভিজ্ঞতা সেই অভিজ্ঞতা হচ্ছে এই যে, পুলিস সে যুগে কায়েমী স্বার্থ যারা কারখানার মালিক যারা, যারা লুণ্ঠন করে, যারা মানুষকে শোষণ করে নিপীড়ন করে, যারা মানুষের রক্ত নিয়ে খেলা করে, সাধারণ মানুষের দারিদ্র্যকে নিয়ে খেলা করে সেই যে শাসকগোষ্ঠী তাদের স্বার্থ পুলিস রক্ষা করেছে। পুলিসের লাঠি পড়েছে তাদের উপর গুলী চলেছে, তাদের উপর যারা অন্যায়ের বিরুদ্ধে সংগ্রাম করছে। তাই কংগ্রেসী আমলে পশ্চিম বাংলার পুলিস ঘৃণার বস্তু ছিল। পুলিসের বিরুদ্ধে সাধারণ মানুষের বিক্ষোভ ছিল এবং পুলিসের ব্যয়বরাদ্দকে বার বার আমরা বিরোধিতা করেছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, দেশের সমাজব্যবস্থা অর্থনৈতিক ব্যবস্থার মাথার উপর যারা বসে আছে পুলিসকে চিরকাল তাদের স্বার্থ রক্ষার কাজে নিয়োজিত করা হয়। আজ ভারতবর্ষ বাংলাদেশে ধনতান্ত্রিক, অর্থনৈতিক ব্যবস্থা চলছে—ধনিকের রাজত্ব চলছে এবং ধনিকের যে স্বার্থ, শাসকগোষ্ঠীর যে স্বার্থ সেই স্বার্থ রক্ষার হাতিয়ার হিসাবে পুলিস বিভিন্ন রাজ্যে ব্যবহৃত হচ্ছে। বাংলাদেশে যুক্তফ্রন্ট সরকার গঠিত হয়েছে একথা ঠিক, কিন্তু বাংলাদেশে যে অর্থনৈতিক ব্যবস্থা, যে সমাজব্যবস্থা সেই ব্যবস্থা ধনতান্ত্রিক ব্যবস্থা। তাই কায়েমী স্বার্থ যারা মালিক কায়েমী স্বার্থ যাদের রয়েছে ধনতান্ত্রিক ব্যবস্থার মাথায় যারা বসে আছে তাদের যে স্বার্থ সেই স্বার্থ রক্ষা করবার কাজে আজও পুলিসকে অগ্রণী হতে দেখা যাচ্ছে। আপনার মাধ্যমে আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে রাখতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যুক্তফ্রন্ট সরকার পরিষ্কার বলেছে ব্যবস্থা ধনতান্ত্রিক আমরা জানি। কিন্তু মালিকের লোভ এবং লাভ মুনাফাখোরের লোভ এবং লাভ তাকে সীমিত করতে আমরা চেষ্টা করব দুর্নীতিকে কিছুটা স্তব্ধ করতে আমরা চেষ্টা করব। এবং এই জায়গায় আমরা আমাদের কাজে লাগাবার চেষ্টা করব। তাই তাঁরা প্রস্তাব করেছে গণতান্ত্রিক আন্দোলন অত্যাচারের বিরুদ্ধে নিপীড়নের বিরুদ্ধে শোষণের বিরুদ্ধে যেখানে হবে সেখানে পুলিস হস্তক্ষেপ করবে না।

[5-10—5-20 p.m.]

গাত্রজ্বালা কংগ্রেসী তরফে যাঁরা বসে আছেন তাঁদের তাতে হয়েছে। আমরা আশা করেছিলাম বিরোধীপক্ষে ও'রা গেছেন আজকে কায়েমী স্বার্থের দালাল হিসাবে তাঁরা ওদিকে চোখ দেবেন না। আজ তাঁরা চোখ দেবেন জোতদার জমিদার, কারখানার মালিক, যারা বছরের পর বছর ধরে বাংলাদেশের সাধারণ মানুষকে হত্যা করেছে দারিদ্র্যতে নিমজ্জিত করেছে তাদের পক্ষে দাঁড়িয়ে তাঁরা বক্তৃতা করবেন। আমরা দেখেছি বিরোধীপক্ষে ও'রা গেলে জনসাধারণের পক্ষে দু-চারটি কথা তাঁরা অন্তত বলবেন—ঘেরাওয়ের কথা তাঁরা উঠিয়েছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, কোথাও একটা ঘেরাও কি এইজন্য হয়েছে যে, কারখানার মালিক না মজুর চায়, কারখানার মজুর বলেছে আমাদের মাইনে ২৫০ টাকা করে দাও, ঘেরাও হয়েছে তিনটি মূল কারণে মজুর ছাঁটাই হয়ে যাচ্ছে, লে-অফ হয়ে যাচ্ছে, এবং সরকারী দপ্তরের যে বিভিন্ন রায় সেই রায়গুলি মালিক মানছে না, তার বিরুদ্ধে মজুররা ঘেরাও করেছে। যারা লুঠ করে যারা চিরকাল আইন ভাঙ্গছে আইন ভেঙ্গে মানুষকে হত্যা করছে যারা শ্রমিক ছাঁটাই করে তাদের মৃত্যুর কবলে ঠেলে দিচ্ছে সেই শ্রমিক যদি না খেতে পেয়ে মারা যায়, তাহলে কি মালিকের কোন বিচার হবে না? সেই ধারা আইনের কোথায় আছে? মজুতদাররা খাবার মজুত করে মানুষকে মৃত্যুর মুখে ঠেলে দিচ্ছে যার জন্য আজ মানুষ খেতে না পেয়ে পুরুলিয়া বাঁকুড়ায় মারা যাচ্ছে সেই সমস্ত হত্যাকারীদের বিরুদ্ধে মানুষ যদি বিক্ষোভ করে তাহলে এটা কি অন্যায় হবে? জোতদার মরবে, কারখানার মালিক মরবে, তার জন্য চোখের জল পড়বে, কিন্তু সেই মানুষকে যে মেরে ফেলছে তাদের জন্য তো এক ফোঁটা চোখের জল পড়ছে না। তাই এই ঘেরাওকে সরকার সমর্থন করেছে। পুলিস দপ্তর বিরুদ্ধে আমার বক্তব্য হচ্ছে যে, নূতন দৃষ্টিভঙ্গি পুলিস দপ্তর নিতে পারে নি—আজও

কায়েমী স্বার্থ রক্ষা করবার যে কাজ সেই কাজকে তাঁরা মুখ্য কাজ হিসাবে তাঁরা গ্রহণ করছেন। আমি মুখ্যমন্ত্রীর কাছে এই আবেদন জানাব যে, পুলিসের দৃষ্টিভঙ্গি বদলে দিতে হবে এবং পুলিস দপ্তরকে ঢেলে সাজতে হবে। যুক্তফ্রন্ট সরকারের যে দৃষ্টিভঙ্গি সেইটা তাদের কাছে চালিয়ে দিতে হবে। আইন-শৃঙ্খলার কথা উঠেছে—কেন্দ্র থেকে শুরু করে আমাদের পশ্চিম বাংলায় কংগ্রেসী যাঁরা আছেন তাঁরা এমন কি খবরের কাগজগুলো স্টেটসম্যান, আনন্দবাজার, বসুমতী, যুগান্তর যাই বলুন তাঁরা এমন একটা আবহাওয়া সৃষ্টি করে দিয়েছেন যে, বাংলা-দেশে আইন-শৃঙ্খলা বলতে যেন কিছু নেই। এটা অত্যন্ত অসত্য কথা। আইন-শৃঙ্খলা বাংলাদেশে যদি কেউ ভেঙ্গে থাকে তো কায়েমী স্বার্থের বাহক ধারক যারা তারা। তাদের স্বার্থে আঘাত লাগতে সুরু করেছে এবং সেই আঘাতের বিরুদ্ধে তারা গর্জে দাঁড়াচ্ছে। সাধারণ মানুষ সেটা স্তব্ধ করতে চাচ্ছে—তারা এগিয়ে আসছে, তাদের হাত আরও শক্ত করা দরকার। নকশালবাড়ি সম্পর্কে একটা কথা বলব—গরিব চাষী যে ৯-১০ জন মারা গেল তার জন্য তো এক ফোঁটা জল দেখলাম না। সেই গরিব মানুষগুলির জন্য আমরা বার বার দাবি করেছি এখানে দাঁড়িয়ে সরকারের কাছে যে, বিচারবিভাগীয় তদন্ত হোক, অপরাধী যে তার শাস্তি হোক, সে বিচার বিভাগীয় তদন্তে প্রমাণ হয়ে যাবে যে, এর মূল কারণ জমির ক্ষুধা ছিল, না, অন্য কিছু ছিল। জমির ক্ষুধার জন্য যে আন্দোলন গড়ে উঠেছিল সেই আন্দোলনকে কিছু মানুষ বিপথে পরিচালিত করতে পারে কিন্তু তা দিয়ে মূল আন্দোলনকে যদি আমরা অন্য আখ্যায় আখ্যায়িত করতে চাই তাহলে ভুল হবে এবং সেই আখ্যায় আখ্যায়িত করে জমির ক্ষুধার জন্য বিভিন্ন জায়গায় যে আন্দোলন গড়ে উঠেছে তাকে যদি সেইভাবে স্তব্ধ করার চেষ্টা করি তাহলে ঠিক হবে না। সেদিকে সরকারের খেয়াল নিশ্চয় আছে এবং সেই খেয়াল সরকার নিশ্চয় রাখবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আইনের প্রশ্ন উঠেছে—আমি শুধু একটা কথা বলে দিতে চাই যে, আইন প্রতি দেশে যুগে যুগে পালটায়। আমাদের দেশে আগে শ্রমিক-মালিক সম্পর্ক ছিল মাস্টার অ্যান্ড সার্ভেন্ট। আজকে ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্ট হয়েছে, মালিকের শক্তিকে খর্ব করে দেওয়া হয়েছে। আইন গড়ে উঠে সমাজের প্রয়োজনে। কোন আইন যদি এমন জায়গায় গিয়ে থাকে যে সে আইন মানুষের আশা-আকাঙ্ক্ষাকে পূর্ণ করতে পারছে না তাহলে সে আইন বদলানো প্রয়োজন। সমাজের অগ্রগতির সঙ্গে সঙ্গে আইন পাল্টানো দরকার, মানুষের প্রয়োজন অনুসারে আইন তৈরি হয় সমাজ বিজ্ঞান এই শিক্ষা আমাদের দিয়েছে। বিপ্লবের শব্দের আতঙ্কে যাঁরা আতঙ্কিত হয়ে উঠেন। উপাধ্যক্ষ মহাশয় বিপ্লবের অর্থ সরকার পরিবর্তন নয় তা যদি হত তাহলে বাংলাদেশের সরকার পরিবর্তন হয়েছে কিন্তু বাংলাদেশে বিপ্লব হয় নি -বিপ্লবের অর্থ অর্থনৈতিক অবস্থার পরিবর্তন সামাজিক অবস্থার পরিবর্তন। সরকার পরিবর্তন হলেই বিপ্লব হয় না। যদি অর্থনৈতিক সামাজিক অবস্থার পরিবর্তনের মাধ্যমে বিপ্লব আসে তাহলে সেই বিপ্লবকে রোধ করার ক্ষমতা কারও নেই সে কথাটা ওপক্ষের সদস্যদের কাছে তুলে ধরতে চাই। আর একটা কথা আপনার সামনে রাখব—ওঁরা তো অনেকদিন ক্ষমতায় ছিলেন ২০ বছর পুলিশ ওঁদের হাতে ছিল, পুলিশের লাঠি যত জোরে আমাদের গায়ে পড়েছে তত জোরে চোর-ডাকাতদের গায়ে তা পড়ে নি। চোর-ডাকাত যারা তারা বহালতবিয়তে ছিল, অসামাজিক জীব যারা তারা বহালতবিয়তে ছিল কিন্তু যারা খাদ্য আন্দোলন করতে যায় তাদের উপর লাঠি-গুলী চলে এটাই ছিল আগেকার নীতি। ভারত রক্ষা আইন ভারতকে রক্ষা করবার জন্য প্রয়োজন হয় না। ভারত রক্ষা আইন রাজনৈতিক জিঘাংসাকে চরিতার্থ করার জন্য তাঁরা চালু করেছিলেন এবং এদিকে যাঁরা বসে আছেন একজন সদস্যও বাকি আছেন কিনা জানি না যাঁরা ভারত রক্ষা আইনে গ্রেপ্তার হন নি। কিন্তু আমাদের সরকার রাজনৈতিক প্রতিহিংসার বশবর্তী হয়ে পুলিশকে ওদের বিরুদ্ধে লাগাবে না একথা আমি বিরোধীপক্ষকে বলতে পারি। তারপর এস বি আই বি-দের যে একটা কাজ ছিল রাজনৈতিক কর্মীদের উপর নজর রাখা সেটা যদি শেষ হয়ে থাকে তাহলে মজুত খাদ্য উদ্ধারের ব্যাপারে তাদের লাগিয়ে দিন। বাংলাদেশে খাদ্য আছে একথা অস্বীকার করবার উপায় নেই, তিন টাকা কেজি দিলে খাদ্য পাওয়া যায়। তখন মজুতদারদের গোলা থেকে কেন পুলিশ সে চাল বার করছে না, পি ডি অ্যাক্টএ কেন ৩০০ বেশি লোক আজও গ্রেপ্তার হয় না সেটা জানা দরকার। তাই পি ডি

অ্যাক্ট মজুতদার জোতদারদের উপর ব্যবহার করতে হবে। শেষ কথা বাহিরে যে সামাজিক ও অর্থনৈতিক অবস্থা তার সঙ্গে আমাদের দ্বন্দ্ব রয়েছে, আমাদের যুক্তফ্রন্টের কর্মসূচির দ্বন্দ্ব রয়েছে। আমরা ১৪টা দল এখানে সরকার গঠন করেছি কিন্তু এই পুলিশের বায়বরাদ্দ সমর্থন করতে গিয়ে মুখ্যমন্ত্রীর কাছে যিনি মন্ত্রিসভার মাথায় বসে আছেন যুক্তফ্রন্টের নেতা তিনি তাঁর দৃষ্টি স্পষ্ট রাখুন। বাইরের কথা নয়। খবরের কাগজের ঢক্কানিনাদে নয়, কংগ্রেস পক্ষের চক্রান্তে নয়, সেন্ট্রাল গভর্নমেন্টএর চক্রান্তে নয় দৃষ্টি ঠিক করুন যে, এ সরকার জনসাধারণের সরকার এবং জনসাধারণের স্বার্থ এই সরকার রক্ষা করবেন ও গরিব মানুষের পাশে এসে পুলিশ দাঁড়াবে এবং সেই পুলিশকে ঢেলে সাজাতে হবে এ আবেদন রেখে এ বাজেট সমর্থন করে শেষ করছি।

[5-20—5-30 p.m.]

শ্রীসত্যব্রত ভট্টাচার্য: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী সংবিধান অনুযায়ী এই পবিত্র কক্ষে পুলিশের বাজেট উত্থাপন করেছেন কিন্তু তাঁর নিজের সংবিধানবিরোধী কার্য সব সময় সেল্‌ফ কন্ট্রাডিক্টারী হুকুম পুলিশকে দিয়ে তিনি ঐ পক্ষের মর্যাদা ও গুরুদায়িত্ব নষ্ট করেছেন।

শ্রীঅমলেন্দুলাল রায়: অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, তিনি এখানে বললেন যে, মুখ্যমন্ত্রী সংবিধান বিরোধী কার্য করছেন এটা একটা অবান্তর মন্তব্য মুখামন্ত্রীর বিরুদ্ধে করেছেন।

শ্রীসত্যব্রত ভট্টাচার্য: আমি আপনার মাধ্যমে পুলিশমন্ত্রীকে বলতে চাই যে, বিভিন্ন মত ও আদর্শ নিয়ে যখন যুক্তফ্রন্ট গঠিত হল তখন এই পবিত্র কক্ষে মাননীয় রাজ্যপালের ভাষণকে সমর্থন করতে গিয়ে এর অন্যতম সদস্য লেফ্‌ট কমিউনিস্ট পার্টির ভূমিরাজস্ব মন্ত্রী কোঙার মহাশয় গান্ধারীর ভায়ের অভিনয় স্বর্গীয় অমৃতলালের প্রতিভা ম্লান করে দিয়ে যুক্তফ্রন্ট সরকারের নীতি ঘোষণা করলেন যে অতঃপর আমরা আইন করব, গণ-কমিটি করব। গণ-কমিটিকে ইমপ্লিমেন্ট করব এবং সেখানে পুলিশ কাজ করবে না। মুখ্যমন্ত্রীর সামনে এ নীতি যখন ঘোষণা করেছিলেন তখন তিনি ভয়ে এত জর্জরিত যে, তার প্রতিবিধান করলেন না। অতএব সংবিধান বিরোধী কার্য করছেন কিনা সে প্রশ্ন তিনি নিজেকে করুন। শ্রমিক দরদী শ্রমমন্ত্রী যুক্তফ্রন্টের নীতি ঘোষণা করলেন এবং ফ্রাঙ্কেনস্টাইন এর জন্ম দিয়ে জানালেন যে, এ ঘেরাও শ্রমিকদের বৈধ কার্য এবং পুলিশ সেখানে কোন সাহায্য করবে না। অতএব আমি বলতে চাই পুলিশের কার্য যখন কমে গেল তখন পুলিশের বাজেটের বরাদ্দ আপনার উপস্থিত করার কোন অধিকার নেই। যুক্তফ্রন্টের এ নীতি ঘোষিত হবার সঙ্গে সঙ্গে লেফ্‌ট কমিউনিস্ট পার্টি আর-এস-পির কতকগুলো কর্মীরা সমস্ত বাংলার বুকে তাণ্ডব নৃত্য আরম্ভ করল। লুঠতরাজ, গুণ্ডামি আরম্ভ করল। জিয়াগঞ্জ থানার অধীনে ১৮টা মুসলমান বসতিপূর্ণ একটা গ্রামে এস-এস-পি লীডারের ইঙ্গিতে সমস্ত ঘর পুড়িয়ে দেওয়া হল, খাদ্য মুরগি লুঠ করা হল, অগ্নিদাহ করা হল ৬০টি ঘরে। সে গ্রামের মধ্যস্থলে দুই পাশে ২টা পুষ্করিণী ছিল তার জল আনতে দেওয়া হল না। তাদের মধ্যে যারা নিজেদের আত্মরক্ষার জন্য সে ঘর থেকে বের হল তাদের কয়েকজনকে অগ্নিকুণ্ডের মধ্যে নিক্ষেপ করা হল। ফলে একটা মুসলিম মহিলা মারা গেল। তার স্বামী বহরমপুরের হাসপাতালে বর্তমানে কি অবস্থায় আছে জানা যায় নি। তার মেয়ে তার বাবার জানুর মধ্যে আশ্রয় নিয়ে গিয়েছিল, সে বাপকে অগ্নিগর্ভে ফেলা হল, তার আজ পর্যন্ত কোন পাত্তা নেই—বেঁচে আছে কিনা কেউ জানে না। বহরমপুর শহরে সেদিন সকালবেলা আর-এস-পি এবং লেফ্‌ট কমিউনিস্ট পার্টির কর্মীরা মাইকে ঘোষণা করার পর সাড়ে নয়টা থেকে লুঠতরাজ আরম্ভ হল এবং এর নাম করে সমস্ত কিছু লুণ্ঠিত হল। যাদের গুদামে বা দোকানে চাল-গম পাওয়া গেল না এরকম জায়গা থেকে ১৪ শত টিন সরিষার তৈল লুঠ করা হল এবং এক হাজারের উপর চিটাগুড় লুঠ করা হল এবং সাত-আট হাজার টাকা ক্যাশ লুঠ করা হল। যাদের গুদামে পাট রাখা ছিল তাদের তা পুড়িয়ে দেওয়া হল।

সেখানে অ্যাডিশনাল সুপারিন্টেন্ডেন্ট অফ পুলিশ এবং কনস্টেবল তারা সাক্ষী হয়ে তাকিয়ে থাকল। তার কারণ আপনি হুকুম দিয়েছিলেন গণ-কমিটি খাদ্যশস্য মজুমদারদের কাছ থেকে লুঠ করে এ কুরবে এবং পুলিশ তাকে সাহায্য করবে এবং বহরমপুরের বুকে লুঠতরাজ হল, চার ঘণ্টা পরেই হুকুম গিয়ে পোঁচাল পুলিশ কি অ্যাকশন নেবে, কৃষ্ণনগর থেকে দমকল গিয়ে হাজির কিন্তু সে সাক্ষী থাকল আপনার অর্ডার এবং সেই পুলিশ খাদ্য আন্দোলনের ফলে বেলডাঙ্গার ট্রেনে লুঠ হল এবং সঙ্গে সঙ্গে কাপড় এবং মণিহারি দোকান লুঠ হল, পুলিশের কোনপ্রকার সাহায্য তারা পেল না।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তাই আমি এই কথা বলতে চাই যে ফরাক্কায় এই সেদিন যখন ট্রেন লুঠ হল, তখন সেই ট্রেনের সমস্ত যাত্রীদের জিনিসপত্র লুঠ হয়ে গেল, এমন কি মহিলাদের পরিধেয় বস্ত্র পর্যন্ত তাদের কাছ থেকে ছিনিয়ে নেওয়া হল এবং তাদের লজ্জা নিবারণ করবার জন্য মাত্র সায়া-ব্লাউজ থাকল। এর পরেও কি পুলিশমন্ত্রী বলবেন যে, আইন-শৃংখলা রক্ষা করবার জন্য আপনাদের পুলিশ আছে? স্যার, নকশালবাড়ির কথা এখানে অনেক হয়ে গেছে। সে সম্বন্ধে আমি শুধু একটি কথা আপনাকে বলব।

[5-30—5-40 p.m.]

শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান: অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে এই উনি অনেকক্ষণ ধরে বক্তৃতা করছেন উনি কোন্ যাত্রার দল থেকে এসেছেন এটা দয়া করে জানাবেন কি?

মিঃ ডেপুটি স্পীকার: এ প্রশ্ন ওঠে না।

ডাঃ জয়নাল আবেদিন: অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, যখন একজন মাননীয় সদস্য বক্তৃতা করছেন তখন পয়েন্ট অফ ইনফরমেশনে আপনি বক্তৃতা থামাতে পারেন না, যদি পয়েন্ট অফ অর্ডার তোলেন তাহলে আপনি বক্তৃতা থামাবেন।

মিঃ ডেপুটি স্পীকার: আমি শুনেছি উনি পয়েন্ট অফ অর্ডার বলেছেন।

ডাঃ গোপিকারঞ্জন মিত্র: স্যার, আমরা বারে বারে লক্ষ্য করে দেখছি যে, যখনই আমাদের কোন সদস্য বক্তৃতা করছেন ঠিক সেই মুহূর্তে তখনই ওদিক থেকে পয়েন্ট অফ অর্ডার, পয়েন্ট অফ ইনফরমেশন বলে উঠে দাঁড়িয়েছেন। যতক্ষণ পর্যন্ত বিজনেস না শেষ হচ্ছে ততক্ষণ পর্যন্ত অন্য মেম্বারকে না উঠতে দেওয়ার ক্ষমতা স্পীকারের আছে। আমরা লক্ষ্য করে দেখছি আপনি সেই ক্ষমতা প্রয়োগ করছেন না।

শ্রীসত্যব্রত ভট্টাচার্য: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, নকশালবাড়ির কথা উঠেছে। সেখানে যে তাণ্ডবলীলা চলেছে সেটা দেখবার জন্য সর্বপ্রথমে আমাদের মাননীয় পুলিশমন্ত্রী শ্রদ্ধেয় অজয় মুখার্জি মহাশয় সেখানে গিয়েছিলেন এবং তা দেখে ক্ষণিকের জন্য ন্যায়নীতি অনুসরণ করে পুলিশকে তিনি হুকুম দিয়ে এসেছিলেন তার মোকাবিলা করবার জন্য। কিন্তু অন্য সরিকের মুখে এটা উঠতে এখানে এসে তিনি অর্ডার দিলেন যতক্ষণ পর্যন্ত মন্ত্রিমিশন সেখানে গিয়ে দেখে রিপোর্ট না দেন ততক্ষণ পর্যন্ত পুলিশ যেন কোন অ্যাকশন না নেয়। নকশালবাড়ির মত শত শত গ্রাম আজকে লুণ্ঠিত হচ্ছে। সেখানকার গ্রামের লুঠতরাজ দেখে, সমস্ত মহিলাদের উপর পাশবিক অত্যাচার দেখে তিনি যে ন্যায়নীতির সম্মুখীন হয়ে হুকুম দিয়ে এসেছিলেন এবং তাঁর ক্ষণিকের ভুলের জন্য তাঁরই হুকুমের সামনে সাতজন নিরীহ মহিলা ও তিনজন শিশুকে উপস্থাপিত করে তাদের জমির ক্ষুধা চিরকালের মত মিটিয়ে দিয়ে ও'র মুখে কালি নয়, আলকাতরা মাখিয়ে দিল ও'রই অন্য সরিকরা। এখানে প্রকাশ্য রাজপথে

আজকে তাঁরা বলছেন যে, খুনী অজয়ের বিচার চাই, খুনী অজয়ের পদত্যাগ চাই। মন্ত্রি-মিশন ফিরে আসবার পর ক্যাবিনেট মিটিংএ আলোচনা করবার জন্য ৪ঠা জুলাই ঠিক করলেন। ক্যাবিনেট মিটিংএ কি হয়েছিল তা আমরা জানি না। কিন্তু কাগজে আমরা যা দেখছি তা থেকে একটি উক্তি আমি এখানে পড়ে শোনাচ্ছি।

While meeting the press the Chief Minister, Mr. Ajoy Mukherjee, said that investigation may or may not lead to arrest of the extremists. Replying to the question he said that the police were given power to open as many camps as might be deemed necessary by them. These camps would go into action to prevent lawlessness.

স্টেটসম্যানএর ৬ তারিখে লিখেছে চীফ সেক্রেটারী মিঃ এম এম বাসু

Chief Secretary Mr. M. M. Basu, who was present at the Cabinet meeting and during the press briefing, in a rejoinder to the Chief Minister, said: "full powers to the Police subject to the guide lines provided by the Cabinet."

সুতরাং ল অ্যান্ড অর্ডার মেনটেন করবার জন্য পুলিশকে কোন ক্ষমতা দেন নি। উপ-মুখ্য-মন্ত্রী সেদিন রানাঘাটে গিয়ে প্রকাশ্য রাস্তার উপর হুকুম দিয়ে পুলিশের উপর শাস্তি বিধান করে এলেন। আপনি সেদিন হাওড়ায় গিয়ে রাজপথের উপর কনস্টিটিউশন বিরোধী যে অর্ডার দিয়ে এলেন, ম্যান লাইক এস-পি, সেখানকার দারোগাকে অফিসার-ইন-চার্জকে অ্যারেস্ট করবার এবং সাসপেন্ড করবার যে হুকুম দিয়ে এলেন, এটাই সংবিধানবিরোধী কাজ করেছেন। আপনি ডেসপারেটলি—

President of India discharges his chaprassi without framing charges against him and without giving him any opportunity to defend himself.

এইরকমভাবে করেছেন, আপনি সংবিধান বিরোধী কাজ করেছেন। "অপরাধী জানিল না কি দোষ তাহার, বিচার হইয়া গেল।" ২৬শে জুন এই সভাকক্ষে আসার জন্য যে কান্ড হয়েছিল জনতা চিৎকার করে বলেছিল, তাদের বাইরে নিয়ে আসুন—আপনি ল অ্যান্ড অর্ডার মেনটেন করতে পারেন নি। আপনি তখন অত্যন্ত ঘৃণাভাবে আমাদের কাছে বলতে উঠে-ছিলেন, আমরা আপনাদের পুলিশের সাহায্য দেব। অন্য কেউ না জানুন আপনি জানেন যে, আমরা কেউ পুলিশের রক্ষায় রক্ষিত হতে চাই নি। একসঙ্গে কাজ করেছেন, দীর্ঘদিন দেখেছেন তেমনি এখনও পুলিশের রক্ষায় রক্ষিত হতে চাই নি। এই সেজন্যকে আমরা দাবি করেছিলাম সদস্যদের এখানে আসার নিরাপত্তা যদি না থাকে তাহলে আপনি যে পবিত্র ভার নিয়েছেন এই বাংলাদেশের চার কোটি সত্তের লক্ষ লোকের নিরাপত্তার কথা আপনি বলতে পারলেন না যে, আমি এই চার কোটি সত্তের লক্ষ লোকের নিরাপত্তার ভার নিচ্ছি। আপনি বলেছিলেন যে, দেখি অন্য সরিকদের কাছে জিজ্ঞাসা করে। আপনি নিজেও কয়েকটি শ্লোগান দেন "বাংলাদেশের আর এক নাম ভিয়েৎনাম, ভিয়েৎনাম", লাল সেলাম, লাল সেলাম এবং এও শুনেছিলেন, "জ্যোতি কোঙার কা আব্বাজান মাও-সে-তুং লাল সেলাম"। কৃষ্ণবিহীন অর্জুন যেমন গাণ্ডীব পর্যন্ত তুলতে পারেন নি তেমনি আজকে আপনি গাঙেগয় হয়েছেন, আপনার কোন ক্ষমতা নেই। এতদিন গান্ধীবাদী ছিলেন, এখন জ্যোতিবাদী হয়েছেন।

[5-40—5-50 p.m.]

শ্রীসুধীরচন্দ্র দাস: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, পুলিশ বাজেট সমর্থন করতে উঠে আমি কয়েকটি কথা স্বরাষ্ট্র দপ্তর সম্পর্কে উল্লেখ করতে চাই। পশ্চিমবঙ্গ রাজ্য যে আজ বিপদসঙ্কুল অবস্থার ভেতর অতিক্রম করছে, তার ওপরে চীন এবং পাকিস্তান তাদের ফনা উদ্যত রেখেছে, সেই রাজ্যের নিরাপত্তা রক্ষা করবার জন্য স্বরাষ্ট্র বিভাগকে অধিকতর দৃঢ় সক্রিয় এবং নিরপেক্ষ হবার জন্য আজ বিশেষভাবে আবেদন জানাব। একদিকে নকসালবাড়ি—অন্যদিকে রাজ্যের অভ্যন্তরে কিছু বিছু বিশৃঙ্খলা সৃষ্টির চেষ্টা করা হচ্ছে। রাজনৈতিক গুন্ডামী ও হত্যাকান্ড হয়েছে, পুলিসের মনোবলকে ভেঙ্গে দেবার জন্য চেষ্টা চলেছে, পাকিস্তান ও চীনের

সীমান্তে যে পশ্চিমবঙ্গ রাজ্যের নকশালবাড়ি—একটা স্ট্র্যাটেজিক পয়েন্ট যেটা রয়েছে সেটা যে নকসালবাড়ির ভূমি-আন্দোলন নয়, সেটা যে একটা রাজনৈতিক আন্দোলন সেটা পরিস্ফুট হয়ে উঠেছে। একথা মুখ্যমন্ত্রী মহাশয় নিজে স্বীকার করেছেন এবং তদন্তের পরে এটা প্রমাণিত হয়েছে যে সেটা ভূমি-আন্দোলন নয়; তার পেছনে রাজনৈতিক আন্দোলনের একটি বিরাট গতি রয়ে গেছে। এই কথাটা বিশেষভাবে স্মরণ রেখে এবং বিশেষভাবে চিন্তা করে আমাদের কাজ করা উচিত। আমি ঘটনা জানতে পেরেছি—ভূমি সমস্যা যদি হতো ভূমিরাজস্ব মন্ত্রী গিয়েছিলেন, বিশ্বনাথবাবুও গিয়েছিলেন, মন্ত্রী মিশন গিয়েছিলেন, ভূমি দেবার নীতি তাঁরা ঘোষণা করে ছিলেন। তৎসত্ত্বেও এই আন্দোলন চলে, হিংসাত্মক কাজ চলেছিল। সেখানে প্রতিরোধ বাহিনী গড়ে উঠেছে। সেখানে বিশ্বনাথবাবু কি সেখানকার একটি সভায় বলেন নাই প্রতিরোধ বাহিনী গড়তে হবে? সেই প্রতিরোধ বাহিনী গড়ার জন্য কয়টি দল উচ্চকণ্ঠে ঘোষণা করেছিলেন যে এই প্রতিরোধ বাহিনী না হলে এই বিশৃঙ্খলা দমন করা যাবে না। তারা যে সাহসিকতার পরিচয় দিয়েছেন প্রতিরোধ গড়ে, অরাজকতা দমন করবার জন্য যে দৃঢ় পদক্ষেপ দিয়েছেন তাতে অনেকখানি শান্তির কারণ হয়েছে বলে অনেকখানি দুষ্টের দমন হয়েছে। আত্মরক্ষার পথে তারা এগিয়ে গেছে। সেজন্য আমরা আনন্দিত।

তারপর ঘেরাও—এই রাজনৈতিক পটভূমিকায় পশ্চিমবঙ্গের নিরাপত্তা রক্ষার জন্য কঠোর হস্তে স্বরাষ্ট্র বিভাগকে তার সমস্ত প্রকার বিশৃঙ্খলা ও অরাজকতা দমন করে যেতে হবে—যে কোন পার্টির লোকই হোক না কেন, এখানে পার্টির কোন প্রশ্নই নাই—আইন ও শৃঙ্খলা রক্ষা কোন দল বিশেষের বা শ্রেণীবিশেষের জন্য নয়, কোন সম্প্রদায় বিশেষের জন্যও নয়। আমি বার বার একথা বলেছি যে আইন ও শৃঙ্খলা ভঙ্গ করবে, হত্যাকান্ড করে যাবে, অরাজকতা সৃষ্টি করে যাবে তা সে যে কোন দলের লোকই হোক না কেন তাকে কঠোর হস্তে দমন করতে হবে, শাস্তি দিতে হবে। এই কথা আমি স্বরাষ্ট্র বিভাগকে বার বার অনুরোধ করে বলছি পশ্চিম-বঙ্গের নিরাপত্তা রক্ষা করবার জন্য।

ঘেরাও অনেক হয়েছে। আজকাল ঘেরাও একটি সংক্রামক ব্যাধির মত হয়েছে। [illegible] ক্রমাগত ছড়াচ্ছে। মুখ্যমন্ত্রী নিজে জানেন ভগবানপুর এলাকার একটি স্কুলে [illegible] একটা বালিকাকে কানমলে দিয়েছিল। তার জন্য সেই স্কুল একেবারে বন্ধ, খোলবার কোন উপায় নাই। ছেলেরা এসেছে, শিক্ষককে ঘেরাও করা হয়েছে। তাকে এখনো দন্ড [illegible] ব্যবস্থা করা যায় নি।

তার পর সেচ বিভাগে গিয়েছিলাম সকালবেলায় একটি [illegible]। তিনি [illegible] বড় অফিসার তিনি বললেন ননীবাবু ও [illegible] ডিপার্ট-মেন্টের কেবলমাত্র ছাঁটাই নয়, [illegible] গিয়েছিলেন তাতেই ঘেরাও। তারপর তিনি [illegible] ডেপুটি ডাইরেক্টরকে, তিনি যাবার পরে [illegible] পর্যন্ত ছিলেন। [illegible] এই ঘেরাও সংক্রামক ব্যাধি-রূপে দেখা দিয়েছে শুধু শ্রমিক অঞ্চলে নয় কলকাতা অঞ্চলে ও [illegible] সমস্ত বিভাগে এমন কি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যেও এই ঘেরাও [illegible]। এটা কঠোরভাবে দমন করবার জন্য আমি মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাই। [illegible] পত্রিকায় একটি বিভ্রান্তিকর সংবাদ প্রকাশিত হয়েছে, সেটা বলে আমার বক্তব্য শেষ করবো। এটা অত্যন্ত জরুরী ব্যাপার। সোনারপুরের ঘটনা সম্পর্কে, স্বাস্থ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে কাউকে বেআইনী কাজ করে দেওয়া হবে না। মুখ্যমন্ত্রীর সুস্পষ্ট নির্দেশ কোন রকমের জবরদখল চলবে না। জমির মালিক অথবা ভাগচাষী কিম্বা কোন কৃষকগোষ্ঠী, যেই হোন না কেন, কাউকেই বেআইনী কাজ করতে দেওয়া হবে না। মুখ্যমন্ত্রী এই রকম জানিয়েছেন বলে জানা গিয়েছে যে অনাবাদী জমি পড়ে থাকলে সরকারই সেই জমি ভূমিহীন চাষীদের মধ্যে বণ্টন করে দেবেন। এই জন্য সোনার

পুরে তিনটি ক্যাম্প কোর্ট বসান হয়েছে। এই ব্যাপারে কোন সংগঠন অথবা গোষ্ঠী নিজেদের হাতে আইন তুলে নিলে তা যেন বরদাস্ত করা না হয়। আজ সাংবাদিকরা মুখ্যমন্ত্রীকে সোনারপুর সম্পর্কে প্রশ্ন করলে শ্রী মুখোপাধ্যায় বলেন শুধু সোনারপুর নয়, সকল 'পুরের' ব্যাপারেই সরকারের নীতি এক। ভূমি বণ্টনের ব্যাপারে যা কিছু সরকারই করবেন। জোতদার বে-আইনীভাবে জমি দখল করলে কিম্বা চাষী বে-আইনীভাবে জবরদখল করলে সরকার তার বিরোধিতা করবেন। সরকারের নীতি আগেও এই ছিল, এখনও এই-ই আছে। মুখ্যমন্ত্রী মহাশয় এটা দেখে যেন সমর্থন করছেন বলে মনে হচ্ছে। যুগান্তর পত্রিকায় আর একটি সংবাদ বেরিয়েছে। হেড লাইন দেওয়া হয়েছে এই বলে যে সোনারপুর অঞ্চলে আড়াইশ বিঘা জমি জবরদখল। তারপর বলছেন সোনারপুর অঞ্চলের আড্ডির আবাদের প্রায় আড়াইশ বিঘা জমি থেকে আজ বর্গাদারদের উচ্ছেদ করে একদল লোক ঐ জমি দখল করেছে। জানা গেছে যে ঐ জমি হাইকোর্ট কর্তৃক নিযুক্ত রিসিভারের অনুমতি নিয়ে একদল চাষী ঐ জমি বেশ কিছুকাল যাবত চাষ করে আসছে। আজ সকালে একদল লোক গিয়ে তাদের কিষাণসভার সদস্য হতে বলে, এবং ঐ সভার সদস্য না হলে তারা ঐ জমি চাষ করতে পারবে না বলে তাদের জমি থেকে বের করে দেয়। উল্লেখযোগ্য যে গতকাল ভূমি ও ভূমিরাজস্ব মন্ত্রী শ্রীহরেকৃষ্ণ কোঙার ও সেচ মন্ত্রী শ্রীবিশ্বনাথ মুখার্জী সোনারপুরে কিছু জমি দখলের ব্যাপার সম্বন্ধে সরেজমিনে তদন্ত করতে যান। তাঁরা সেখানে বি ডি ও-র অফিসে স্থানীয় প্রশাসনিক ও পুলিশ অফিসারদের সঙ্গে এক সভায় মিলিত হন। এই সভায় শ্রীগদাধর নস্কর, এম এল এ, শ্রীপ্রভাস রায়, এম এল এ, শ্রীশিবদাস ভট্টাচার্য, শ্রীহরিদাস চক্রবর্তী প্রভৃতি উপস্থিত ছিলেন। সভায় এই সিদ্ধান্তগুলি হয়। (১) ক্যাম্প কোর্টের কাজ চলতে থাকবে। (২) জমির পুনর্বণ্টনের জন্য ভূমি ও ভূমিরাজস্ব মন্ত্রী জমি সংক্রান্ত কমিটি গঠন করবেন এবং সমগ্র এলাকায় আবার নূতন করে জরীপ করা হবে। (৩) সকল পতিত চাষের জমি চাষীদের দিয়ে চাষ করাতে হবে। (৪) যদি এ ধরনের জমি জবরদখল হয়, তাহলে পুলিশকে চাষীর পক্ষ নিতে হবে এবং কাউকে গ্রেপ্তার করা চলবে না। যদি জমির মালিক তার মালিকানা প্রমাণ করে তাহলেও পুলিশ মালিকের পক্ষ সমর্থন করবে না। (৫) যাতে এখানকার অবস্থা আর এক নকসালবাড়ী না হয় সেজন্যই মন্ত্রীরা এই ব্যবস্থা নিতে পুলিশকে পরামর্শ দিচ্ছেন।

প্রকাশ এই সিদ্ধান্ত হয়ে গেলে সরকারী অফিসারেরা বলেন যে মন্ত্রীদের এই সিদ্ধান্ত মুখ্যমন্ত্রী ও স্বরাষ্ট্র মন্ত্রীর নির্দেশের বিরুদ্ধে যাচ্ছে। কারণ মুখ্যমন্ত্রী বর্গাদার ও ভাগচাষীদের উচ্ছেদ এবং জবরদখল প্রতিরোধ করতে বলেছেন। আর, এই সিদ্ধান্ত অনুযায়ী কাজ করতে গেলে নিশ্চয়ই আদালতে হাজির হতে হবে। কিন্তু তখন নাকি উভয় মন্ত্রীই অফিসারদের এই সিদ্ধান্ত অনুযায়ী কাজ করতে বলেন এবং একজন মন্ত্রী মুখ্যমন্ত্রীর ঐ নির্দেশের সত্যতা চ্যালেঞ্জ করেন বলে জানা গিয়েছে। এরপর আজই আড্ডির আবাদে ঐ ঘটনা ঘটে।"

এই যে ঘটনা হয়েছে, আমি আশা করি মুখ্যমন্ত্রী মহাশয় তার জবাবে, এই বিভ্রান্তি দূর করে দেবেন।

[5-50—6 p.m.]

শ্রীহরপ্রসাদ চ্যাটার্জীঃ মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে একটা অনুরোধ সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়দের কাছে জানাতে চাই যে লাইফ ইন্সিওরেন্স কর্পোরেশনের কর্মচারীরা অটোমেশনের বিরুদ্ধে তাঁদের বক্তব্য জানাবার জন্য মন্ত্রিসভার কাছে আজ এখানে বিধান সভার গেটে উপস্থিত হয়েছে। আমি মন্ত্রিসভার কোন মন্ত্রীকে তাঁদের বক্তব্য শোনার জন্য অনুরোধ জানাচ্ছি।

মিঃ স্পীকারঃ মন্ত্রিমহাশয়রা এখানে আছেন তাঁরা শুনলেন।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ স্যার, যেহেতু উল্লিখিত দু'জন সদস্যই এখানে উপস্থিত নেই সেজন্য আমাকে বাধ্য হয়ে এই কথা উপস্থিত করতে হচ্ছে যে এই যে সংবাদ পরিবেশন করা হয়েছে যুগান্তরে এটা নিতান্তই বিকৃত। আমি দায়িত্ব নিয়ে একথা বলছি।

শ্রী এস এম আব্দুল্লাঃ মিঃ স্পীকার, স্যার, আজকে পুলিশ খাতে ব্যয়বরাদ্দের বিরোধিতা করতে উঠে আমি এই কথা বলতে চাই যে আপনারা সকলেই জানেন যে পুলিশের প্রথম কর্তব্য হচ্ছে দেশের শান্তি ও শৃঙ্খলা রক্ষা করা। কিন্তু দুঃখের বিষয় এই যে দীর্ঘ চার মাসের মধ্যে এই যুক্তফ্রন্ট সরকার যে নীতি গ্রহণ করেছেন, যেভাবে পুলিশকে পরিচালিত করছেন তাতে আমরা দেখতে পাচ্ছি শান্তির পরিবর্তে সারা বাংলা দেশে বিভীষিকার রাজ্য সৃষ্টি হয়েছে। মানুষের ধনসম্পত্তির নিরাপত্তার অভাব, নারী হত্যা থেকে আরম্ভ করে নারী ধর্ষণ সবই আজ চলছে প্রকাশ্য দিবালোকে, পুলিশ আজকে সেখানে নীরব দর্শক। কে শান্তির নামে আজকে বাংলা দেশের ঘরে ঘরে অশান্তি আনছে? এর জন্য দায়ী কে? বাংলাদেশে শান্তি এবং শৃঙ্খলা রক্ষার ভার যাঁরা গত চার মাসে নিয়েছেন সেই যুক্তফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী শ্রদ্ধেয় অজয়বাবুকে দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে আজকে বাংলাদেশে শান্তির পরিবর্তে অশান্তি এসেছে। আজকে সমস্ত দোষ কংগ্রেসের ঘাড়ে, পুলিশের ঘাড়ে চাপালে হবে না কারণ হাওড়ায় পুলিশ কাজ করতে গিয়েছে, হাওড়ার গোলমালে প্রাক্তন এম পি ইলিয়াস সাহেব যিনি কমিউনিস্ট পার্টির দলভুক্ত এবং যেহেতু তিনি এই গোলমালে জড়িত সেইজন্য সেখানে দারোগাকে বিনা বিচারে অ্যারেস্ট করা হয়েছে। রানাঘাটে থানা জ্বালিয়ে দেওয়া হয়েছে, টাকা লুঠ করা হয়েছে, সেখানে পুলিশ অ্যারেস্ট করতে গিয়েছে, পুলিশকে বাধা দিয়েছে। কোন নীতি এটা? এই যে ১৪টি দল নিয়ে যে ১৪টি নীতি এই নীতি হচ্ছে জগাখিচুড়ি নীতি এবং এটা সুষ্ঠু নীতি নয়। তাঁরা আজকে দিকে দিকে পুলিশের মধ্যে বিভ্রান্তির সৃষ্টি করছেন, মানুষের মধ্যে আজ অশান্তি দেখা দিয়েছে, আজ গুণ্ডারা প্রতিষ্ঠিত হতে চলেছে। আজকে আপনারা সকলেই জানেন যে ১৫ই জুলাই যুগান্তরে বেরিয়েছে শ্রী এস এম যোশী এবং দ্বিবেদী, পি এস পি এবং এস এস পি নেতা বলেছেন যে এই আন্দোলন ভূমি-আন্দোলন নয়, এই আন্দোলন জোতদারদের বিরুদ্ধে বর্গাদারদের আন্দোলন নয়, এটা সম্পূর্ণ রাজনৈতিক প্রণোদিত আন্দোলন। পি এস পি এবং এস এস পি এই যুক্তফ্রন্ট সরকারের শরিকদার কিন্তু তাঁদের নেতা বলছেন এই আন্দোলন রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত আন্দোলন, কৃষকের আন্দোলন নয়, বড় বড় জোতদারদের স্বার্থে আন্দোলন। কিন্তু আজ লেফ্‌ট কমিউনিস্ট পার্টি বলছেন যে এটা ভূমির ক্ষুধা। ভূমির ক্ষুধা যদি হবে তাহলে আমি জিজ্ঞাসা করতে চাই নারী, শিশু এবং পুরুষ মিলে যে নয় জনকে পুলিশ হত্যা করলো তার প্রতিকার কেন যুক্তফ্রন্ট সরকার করেন নি? কেন এনকোয়্যারি হয় নি? আমরা বিচার চাই, সকলের জন্য সমান বিচার হোক, সেখানে কমিউনিস্ট নয়, কংগ্রেস নয়, নীতিগত দিক দিয়ে, আদর্শের দিক দিয়ে সকলের প্রতি সমান বিচার চাই। তাঁরা যে সরকার গঠন করেছেন সেই সরকার আজকে নীরব কেন? অজয়বাবু বলেছেন এটা রাজনৈতিক ব্যাপার নয়, ভূমিসংস্কারের ব্যাপার। যদি এটা ভূমি সমস্যার সমাধানের ব্যাপার হয় তাহলে তাঁদেরই শরীকরা এর নিন্দা করছেন কেন? সুধীরবাবু, গঙ্গাধরবাবু বলছেন যে পুলিশ এখন তার কাজ করছে না। একটা পার্টির স্বার্থে বাংলাদেশের যুক্তফ্রন্ট সরকার আজ পরিচালিত। বাংলাদেশের যুক্তফ্রন্ট সরকার যদি তাঁদের ১৪ দফা নীতি মেনে চলতেন তাহলে নিশ্চয় তাঁরা চিরস্থায়ী হতেন এবং মানুষের আশীর্বাদ পেতেন। কিন্তু বাংলাদেশে যে নীতি চলছে তাতে দেখা যাচ্ছে এই সরকার গণতন্ত্রের নামে দেশে বিভ্রান্তি সৃষ্টি করছেন, গণতন্ত্রের কবর খুঁড়ছেন, গণতন্ত্রের নামে এখানে চীনা বিপ্লব আনছেন। আজকে অ্যান্টি ন্যাশনাল শ্লোগানের কথা বলা হয়েছে, এই অ্যান্টি ন্যাশনাল শ্লোগান—মাও সে তুং জিন্দাবাদ বলে কারা, তারা কংগ্রেসী নয় তারা যুক্তফ্রন্ট সরকারেরই একজন শরীকদার। আপনারা এটা সকলেই জানেন যে চীনে ভারতীয় এম্বাসী রঘুনাথনকে চীনারা কিভাবে অত্যাচার করেছে। তাঁকে তারা চড় মেরেছেন, লাথি মেরেছেন। এটা শুধু তাঁকে মারা নয়, এটা সারা ভারতবর্ষকে আঘাত করেছে। অথচ এই সেদিন আমাদের অ্যাসেমব্লীর গেটের সামনে লেফ্‌ট কমিউনিস্ট পার্টির লোক এসে মাও সে তুং জিন্দাবাদ এই কথা বলেছে। আমি ট্রেজারী বেঞ্চের কাছে অনুরোধ করছি এই যে যাঁরা অ্যান্টি ন্যাশনাল শ্লোগান দিচ্ছে, তাদের সম্বন্ধে তাঁরা যেন লক্ষ্য রাখেন। আমি খুব দুঃখের সঙ্গে এ কথা বলতে চাই যে আমাদের নিজেদের ঘরের দিকে আমাদের লক্ষ্য নেই। এই যে লেফ্‌ট কমিউনিস্ট পার্টি চীনের দালাল যারা এখানে বসে আছে তাদের বিরুদ্ধে কি নীতি নিয়েছেন সে সম্বন্ধে আমি যুক্তফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই? আর একটি কথা বলতে চাই বাংলাদেশে যে মুসলমানরা বাস করে সেই মাইনরিটি কমিউনিটি

সম্বন্ধে বহু আশ্বাস এই যুক্তফ্রন্ট সরকার দিয়েছেন, কিন্তু কার্যতঃ কি দেখছি, অজয়বাবু জানেন না তাঁর ইঙ্গিতে পুলিশ চালিত হচ্ছে না, যাদের ইঙ্গিতে চালিত হচ্ছে তারা হচ্ছে কমিউনিস্ট পার্টি, তারা পি এস পি, এস এস পি, ফঃ বঃ নয়। তাই আজ অজয়বাবুকে বলতে চাই যে যুক্তফ্রন্ট সরকারের মধ্যে সেই কমিউনিস্ট পার্টি রয়েছে, যখন রায়ট হয় শিখদের সংগে সেই সময়, এটা ৩১এ মার্চ কাগজে পাবলিশ হয়েছে, ২৯ বার অকারেন্স হয় সেখানে একজন ধরবাগানে মারা যায়, সেই মুসলমান লোকটার নাম হচ্ছে রওসান। কিভাবে তার উপর পুলিশ জুলুম অত্যাচার করেছে তার কথা কমিউনিস্ট কাগজে বেরিয়েছে, তা থেকে আমি এই লেখাটা পড়ে শোনাতে চাই। তার উর্দু আমি জানি না, ইংলিশ ট্রানশ্লেসনটা আমি অজয়বাবুকে শোনাতে চাই।

> Investigation demanded from the United Front Government into the serious incidents of police highhandedness and oppression at Dharbagan. Will the police behaviour remain as it had been in 1950 and 1964? This was the question which was being asked by Muslims of Dharbagan, Rajabagan and adjacent areas. On Wednesday, when disturbance broke out in connection with the Sikh procession and the Sikhs ran to take shelter in Muslim areas, the police followed by a great mob of rioters chased them upon their heels. In the Dharbagan area under the cover of police protection rioters looted a number of Muslim shops and the police remained idle. Besides brickbats, the rioters used soda water bottles freely. Instead of firing teargas shells upon the rioters the police opened them upon the Muslims. After this they also opened fire in which one Muslim, named Raushan, was killed. According to eye-witness the police treated Raushan so barbarously and savagely that compelled me to draw the attention of the United Front Government into the matter and to demand thorough investigation into it by the Government. When Raushan fell down at the police bullets it is said that the policemen caught him by his legs and dragged him 15 to 20 feet away from the spot where another policeman trampled his dead body under his feet. This is not an incident that can be easily forgotten by the United Front Government. The United Front Government should get the incident thoroughly investigated. Aabshar Daily, Friday, 31st March, 1967.

[6—6-10 p.m.]

আর একটা জিনিস আমি সভার সামনে তুলে ধরছি। আপনারা সবাই জানেন যে হজরত মহম্মদ ইসলামদের ধর্মগুরু। তাঁর জন্মদিনে অর্থাৎ গত ৩১এ জুন এই কমিউনিস্ট পার্টি পার্কসার্কাসে বস্তীর মধ্যে গিয়ে কিভাবে আক্রমণ করেছে সে সম্বন্ধে কিছু বক্তব্য আমি এখানে তুলে ধরতে চাই। এই বিষয়টি পয়গমে প্রকাশিত হয়েছে। ঐ পত্রিকায় লিখছে—"মুসলীম বস্তীর উপর হামলার নিন্দা" এতে আরো লিখছে—ধর্মগুরু হজরত মহম্মদের জন্ম দিবস গত ৩১এ জুন পার্কসার্কাস ময়দানে বিরাট একটি মুসলীম মজলিসে যে জনসমাবেশ ঘটে তাতে উক্ত কমিউনিস্ট পার্টির আক্রমণের প্রতিবাদে গত মঙ্গলবার মৌলানা আফজল কাদের উক্ত হামলার নিন্দা করেন। আমি এখানে আরো একটি ঘটনার কথা উল্লেখ করছি। গত কয়েকদিন আগে তাঁতিবাগানে যে রায়ট হল সেখানেও পুলিশ গুলি করেছে। তার ফলে ওখানকার দুজন মুসলমান মারা গেছে এবং ৭ জন মুসলমানকে অ্যারেস্ট করা হয়েছে। কিন্তু কোন হিন্দুকে অ্যারেস্ট করা হয় নি। সেই জন্য আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি যে বাংলা-দেশের মানুষ তাঁর উপর বিশ্বাস রাখে এবং আমারও অনুরোধ তিনি সেই বিশ্বাসের মূল্য দেবেন। আমরা তাঁকে পূজা করি। আজকে বাংলাদেশের ৪ কোটি হিন্দু-মুসলমান তাঁর দিকে তাকিয়ে আছে। আমরা আশা করবো তিনি যেন ন্যায়ের দণ্ড নিয়ে বিচার করেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীরাম চ্যাটার্জি: স্পীকার, স্যার, আমি এই পুলিশ বাজেটকে সমর্থন করে কয়েকটি কথা এখানে বলছি। আজকে আমরা দেখতে পাচ্ছি ওদিকে যাঁরা বসে আছেন তাঁরা এর বিরোধিতা করছেন। বিরোধিতা কেন করছেন? বাজেট আরো বাড়েনি বলে। আজকে ও'রা দেখছেন যে

"আমার বধুয়া আন বাড়ি যায় আমারি আঙিনা দিয়া।" ও'দের বধুয়া ছিলেন পুলিশ। অন্য বাড়ির দিকে যাচ্ছেন। অর্থাৎ অন্য লোকের কথা শুনছেন। তাই ও'দের বুক জ্বালা করছে। ও'রা স্যার, আগে ক'-এ কংগ্রেস করতেন, এখন 'ক'-এ কমিউনিস্ট করছেন না। আর ফাঁদার বোকা লোকদের ও'রা পুলিশ করেছেন। কংগ্রেস যে চালাক লোক, তাই তাঁরা নিজেদের গুছিয়ে নিতেন। আর বোকা লোকদের দিয়ে পুলিশকে ঠকাতেন। আমরা সেটা করি না। আর ঐ পুলিশদের দিয়ে জনসাধারণকে পেটাতেন। জনসাধারণ কি বলতে কংগ্রেস শ্যাম তুমি, আমাদের শুল, তোমাদের ভিটেয় চরবে ঘুঘু, তোমরা দেখবে সরষে ফুল। এখনও সরষে ফুল দেখেন নি—তাই সেই সরষে ফুল দেখার সময় এসেছে। তাই আজকে ও'রা ঐদিকে বসে টেবিল চাপড়াচ্ছেন। ওতে কিছু হবে না। মতের অমিল থাকতে পারে, কিন্তু এখানে সবাই ঠিক থাকবে। কিন্তু আমরা জানি, জোয়ারেতে কি ময়লা যায়—জোয়ারেতে যে ময়লা যায় সেটা আগে ডাস্টবিনে ফেলা হয়। সেই ময়লা এখান থেকে চলে গেছে ঐ ডাস্টবিনে। আমরা জানি ঐরকম ২।১টা ময়লা যাবে কি থাকবে তার জায়গা হয়ত এখন এখানে নেই। যাঁরা ওদের সমর্থন করবে তারা ডাস্টবিনের জঞ্জাল হয়ে চলে যাবে। কাজেই ঐ জঞ্জাল হয়ে চেষ্টা করলেও ভেঙে যাবে না। আর পুলিশকেও দোষ দেওয়া যায় না। কারণ, ১৯ বছরের যে অভ্যাস চালিয়ে যাচ্ছে সেটা তো একদিনে বদলানো যায় না, যদিও খানিকটা সংযত হয়েছে। আমরা দেখেছি ঐ পুলিশ নকশাল-বাড়ীতে নারী ও শিশুদের উপর গুলি চালিয়েছে। কিন্তু সেটা কিসের দোষ? সেটা অভ্যাসের দোষ। আগেই বললাম যে ১৯ বছরের অভ্যাস এখন তারা ছাড়তে পারে নি। হাওড়াতে বামপন্থীদের উপর যে পিটিয়েছে সেটাও তাদের অভ্যাসের দোষ। ঐ যে ভদ্রলোককে দেখা যাচ্ছে তাঁকেও এখন গ্রেপ্তার করে নি। কোন ভয় নেই। কারণ যার যা কাজ তিনি জানেন। তাই জন্য আজকে একটা কথাই আমরা বলি যে যুক্তফ্রন্ট মন্ত্রিসভা পুলিশকে বলে দুষ্কৃতকারীদের গ্রেপ্তার কর, আমরা জানি গ্রেপ্তার করা হবে। আজকে পুলিশ কেন কানু সান্যাল, জঙ্গল সাঁওতালকে খুঁজছে, কিন্তু ঐ যে ভদ্রলোক জোতদার সম্পত রায় তাকে ধরা হচ্ছে না কারণটা আমরা এপক্ষ হলেও মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করছি। যদি ধরা হয় সকলকেই ধরা হোক। বাদ কেউ না যায়। তা সে যে পক্ষেরই হোক। আমার আজ সময় নাই বলে আমি বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Joynarayan Sharma:

माननीय उपाध्यक्ष महोदय, आज हमारे सामने स्वराष्ट्र मंत्री महोदय ने जो पुलिस बजट रखा है, मैं उसकी बिरोधिता करता हूँ। मैं नही सारे पश्चिम बंगाल की आमजनता भी उसकी बिरोधिता करती है। उसका कारण यह है कि सारे बंगाल मे एक अराजकता की सृष्टि हो गई है। उसका नमूना आपके सामने इधर से और सरकारी बेंच की तरफ से आदरणीय मेम्बरों ने रखा है और बहुत सी दलीलें जो दी गई है, उससे प्रमाणित हो जाता है कि वास्तव में इस पश्चिम बगाल मे केबल चार महीने के दौरान में जो अराजकता फैल गई है वैसी अराजकता २० बर्ष के कांग्रेसी शासन मे कभी भी नही हुई थी। इन्हीं चार महीनों में जो अराजकता आरम्भ हुई है, उसका हद हो गया है, उसकी एक सीमा हो गई है। आप जानते हैं कि जब किसी चीज का हद हो जाता है, तो वह चीज समाप्त हो जाती है। पाप का घड़ा जब भर जाता है, तब वह फूट जाता है। इसी तरह से इस सरकार का भी अन्त होनेवाला है। जिस तरह से एलेक्शन के दौरान में हमारे मुख्य मंत्री महोदय या उनकी सरकार के अन्यान्य लोग जहाँ जहाँ गये वहाँ वहाँ आमजनता से एक बड़ी शान्ति और निष्ठा की बात उनलोगों ने कही थी। लम्बी लम्बी बातें बनाकर उनको कहा था—आम जनता से वादा किया था कि हम जब पावर में आयेंगे तब आपलोगों के जितने दुख-दर्द हैं उसको अवश्य दूर कर देंगे। आगर हमारे हाथ में सत्ता आ जायगी तो देश के लोग सुखी कर दिए जायेंगे।

लेकिन इस वादे का नमूना हमारे सामने उल्टा ही आ रहा है। उसका एक नमूना मैं आपके सामने रखना चाहता हूँ। आसनसोल महकमा में जिस तरह से अराजकता आरम्भ हुई है, इस एलेक्शन के बाद, चार महीने में ,उससे वहाँ की आमजनता मजदूर त्रस्त हो गए हैं। हमेशा भय का आतंक फैला रहता है। सेन्ट रेले फैक्टरी के एक मजदूर को निर्दयता के साथ मारा गया। उसकी स्त्री, बच्चे के समाने उस मजदूर को काट काट कर मारा गया। उसका सारा इतिहास आपके सामने है। दूसरा खून पी० एस० पी० नेता का किया गया। श्री बनारसी प्रसाद झा जो भूतपूर्व यहाँ के सदस्य थे, उनको किस तरह से निर्दयता के साथ मारा गया, यह भी नमूना आपके सामने है। हमारे मुख्य मंत्री महोदय ने आश्वासन दिया था कि आसनसोल महकमा मे वे खुद जांयगे और इसकी इन्क्वायरी करेंगे। न जाने भगवान की क्या कृपा हुई, क्यों नही गए, मुझे मालूम नही।

मै जानता हूँ कि उनकी सरकार में, उनके बगल में एक बाघ बैठ गया है। जो बाघ उनको कही निकलने नही देता है। उनको घेराव करके रखा है। यहाँ तक कि जब हमारे मुख्य मंत्री महोदय दिल्ली जाते है तो यह बाघ उनको अकेला नही छोडता। कोई न कोई बहाना बनाकर वह भी दिल्ली पहुँच जाता है। उस बाघ के कारण ये कुछ भी कर नहीं पाते। जो करना भी चाहते है, उसे करने नही दिया जाता। मै जानता हूँ कि श्री अजय बाबू एक सच्चे और इमान्दार व्यक्ति है। मै इनकी इज्जत करता हूँ। लेकिन करे क्या? फँस गए राम, कसाई के चक्कर में। फिरभी मै उनसे अनुरोध करूँगा कि सचमुच अगर आप जनता को सुखी करना चाहते है तो आप खुद आसनसोल जाइए और इन्क्वायरी कीजिए। इससे वहाँ की जनता को सन्तोष होगा।

[6-10—6-20 p.m.]

आपलोगों ने जनता को बड़े बडे प्रलोभन दिए थे। बडे बडे वादे किए थे। उसे अब पूरा क्यों नही करते? आपलोगो ने वादा किया था कि खाद्य समस्या को पूरा कर देंगे, किसी को भूखा नही रहने देंगे। कांग्रेसी सरकार के २० वर्ष के शासन में कभी ऐसी परिस्थिति नही आई थी, जैसी आज ४ महीने मे यहाँ आ गई है। ३ रु०, ३$\frac{१}{२}$ रु० किलो भी चावल का कही नामोनिशान नही है। चारो तरफ अन्न के लिए हाहाकार मचा हुआ है। भूतपूर्व सरकार के अन्तर्गत मडीफाइड राशनिग के अन्तर्गत लोगो को बहुत राहत मिलती रही है। लेकिन इस सरकार के शासनकाल मे दो सप्ताह-तीन सप्ताह मे कभी एक सौ ग्राम कभी दो सौ ग्राम, कभी पांच सौ ग्राम मिल जाता है। आमजनता इस खाद्य व्यवस्था मे अत्यन्त संकट में है। जब काग्रेस सरकार यहाँ थी, तब आज के सरकारी बेंच पर बैठने वाले बिरोधी दल में थे और तब कहा करते थे कि पांच सौ ग्राम एक केजी मे एक इन्सान का भूख कैसे मिटेगा? उपाध्यक्ष महोदय, मैं आपके माध्यम से निवेदन करना चाहता हूँ कहाँ गया इनका वह दिमाग? कहाँ गया इनका विचार? आज के सरकारी मेम्बरो का दिमाग क्या बदल गया? क्या शासन लेने के लिए ही आमजनता से वादा किया था कि हमलोग दुख-दर्द दूर कर देंगे? जब वादा किया था तो मुकर क्यो जा रहे है? जनता को खाद्य-कपड़ा देने के नाम पर धोखा क्यों दे रहे है?

अब तो आमजनता का राज्य हो गया है, पुलिस की जगह पर जन-गण ही काम करेगी तो फिर पुलिस मद में रुपया क्यों माँग रहे है? अगर पुलिस को निष्क्रिय ही बना

देना है तो पुलिस मद में रुपया लेकर क्या करेंगे? सल्मनपुर थाने के अन्तर्गत खून हुआ १३ ता०, जून को। मगर तीन महीना हो गया पुलिस ने कोई रिपोर्ट नहीं दी। पुलिस को डायरी देने पर वह डायरी नहीं ली। उस खून को छिपाने की कोशिश की गई। उसके बाद जब हमने टेलिफोन किया, एम०, पी०, साहब को तब इन्क्वायरी हुई। तो आज पुलिस की यह हालत हो गई है। मुख्य मंत्री महोदय ने कहा था कि पुलिस की प्रधानता अब नहीं रहेगी। अब आमजनता का राज्य हो गया है। इसलिए पुलिस को शायद निष्क्रिय किया जा रहा है। जब आमजनता ही यहाँ की सारी व्यवस्था अपने हाथ में रखेंगी तो फिर पुलिस को हटा दीजिए। उसके लिए पैसा क्यों माँग रहे हैं? अगर इस मद के लिए रुपया चाहिए तो फिर पुलिस को निष्क्रिय क्यों करते हे? पुलिस को जब्द क्यों करते हे? अगर कही खून हो जाय तो पुलिस नहीं जायगी, कहीं डकैती हो जाय तो पुलिस नही जायगी तो फिर पुलिस की क्या जरूरत और उसके मद में रुपया पास करने की क्या जरूरत? आसनसोल महकमा में कम से कम ९–१० हत्यायें हुईं, लेकिन एक भी हत्यारा पकड़ा नही गया। शिकायत करने पर भी पुलिस ने इन्क्वायरी नही की। सारे देश के मनुष्य का जीवन रहस्यमय हो गया है, जीवन दुर्लभ हो गया हें। इसलिए आमजनता भी और मैं भी इस बजट का विरोध करता हूँ। जब पुलिस काम नहीं करेंगी, जनता आतंकित जीवन बिताएगी तो फिर पुलिस के लिए पैसे की क्या आवश्यकता? या तो पुलिस के लिए पैसा लीजिये तो पुलिस को सक्रिय कीजिए और उसे काम करने दीजिए। पुलिस को हुकुम दीजिए कि वह जहाँ भी मर्डर हो--जहाँ भी खून हो, जहाँ भी डकैती हो, वहाँ पर तुरन्त पहुँचे।

मैं जानता हूँ, मुख्य मंत्री ऐसा करने में असमर्थ है। क्योंकि उनकी सरकार में कुछ लोग ऐसे है, जो पुलिस को निष्क्रिय करके सारे देश में अराजकता की शृष्टि करना चाहते हं। सारे देश में अशान्त बातावरण फैलाना चाहते हं इसलिए पुलिस को सक्रिय नही होने देना चाहते है। माननीय उपाध्यक्ष महोदय, मै आपके माध्यम से मुख्य मंत्री से कहना चाहता हूँ कि सारे देश में नकशलबाड़ी का नकशा न फैलने दीजिये। जब से आपने पुलिस को पावर दिया है तब से उसने अराजकता को रोक दिया है और अब शान्ति भी हो रही है। मुझे आशा है, वहाँ पूरी शान्ति हो जायगी क्योंकि पुलिस के हाथ में पावर है। लेकिन पावर नहीं देंगे तो अराजकता की शृष्टि होगी और सारे बंगाल में नकशलबाड़ी आरम्भ हो जायगा। उधर के कुछ भाई चाहते भी हैं कि यहाँ ऐसा हो। इधर से मूर्ति शान्त रखें। उनका उद्देश्य यह है कि सारा बंगाल नकशलबाड़ी हो जाय। नकशलबाड़ी को लेकर चीन माऊ का आवाज लगाया जाता है। भारत भूमि में माउत्सेतुंग का नारा लगाया जाता है। इसको यहाँ की जनता कभी भी बरदास्त नहीं करेगी। यहाँ की जनता जो लोग ऐसा करते हैं, उनको यहाँ से बाहर निकाल देगी।

इतना कहकर मै इस बजट का बिरोध करता हूँ।

শ্রীকুমুদরঞ্জন মণ্ডল: মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমাদের পুলিশ মন্ত্রী মহোদয় যে বাজেট উপস্থিত করেছেন আমি তাকে সমর্থন জানাচ্ছি এবং আমি মনে করি যে শুধু আমি সমর্থন করবো না এই বাজেট সমর্থন করবেন আমাদের সমস্ত হাউস এবং সমর্থন করবেন পশ্চিমবাংলার সমস্ত জনসাধারণ। তার কারণ সাধারণ মানুষ গত ২০ বছরের কংগ্রেসের শাসনের ফলে পুলিশের কাছ থেকে যে অত্যাচার পেয়েছে তার জন্য তাঁরা আজকে একে পূর্ণ সমর্থন জানাবেন।

স্কুলের ছাত্ররা, আপনি জানেন কেরোসিন তেল চাইতে গিয়ে গুলি খেয়েছেন, খাদ্য চাইতে গিয়ে গুলি খেয়েছেন, গুলি খেয়েছেন কোনরকম গণতান্ত্রিক আন্দোলন, গণতান্ত্রিক দাবী-দাওয়া নিয়ে যখনই তাঁরা এগিয়ে এসেছেন তখন তাঁরা গুলি খেয়েছেন। সুতরাং বাজেটে অর্থ বাড়ানো হয় নি তার জন্য ও'দের আপত্তি থাকতে পারে কিন্তু জনসাধারণ নিশ্চয় আজকে এই বাজেটকে সমর্থন করবেন। যাই হোক মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমি বিশেষ কয়েকটি ঘটনার কথা রাখবো। এই ২০ বছর পুলিশের চাকরি করে পুলিশের কর্মচারীরা যে সম্পত্তি, গাড়ী তারা করেছে, যে টাকা তারা করেছে সেই টাকা এবং সম্পত্তির একটা তদন্তের দাবী আমি মন্ত্রিমহাশয়ের কাছে রাখছি। আমি আরো রাখছি যে তারা এই যে সম্পত্তি, গাড়ী ঘোড়া এবং টাকা করেছে তাদের সঙ্গে সরকারের কিছু সদস্য এবং কিছু মন্ত্রী নিশ্চয় জড়িয়ে আছেন নতুবা তারা এটা করতে পারতেন না। আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আপনার মাধ্যমে এই অনুরোধ রাখছি যে তিনি যেন একটা তদন্ত করেন এবং শুধু সেই কর্মচারী নয় তাদের সাথে যে সকল সদস্য এবং মন্ত্রিমহাশয় জড়িয়ে আছেন তাঁদের যেন ঠিক মত শাস্তির ব্যবস্থা হয়। ২ নম্বর, মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন, প্রাক্তন রাষ্ট্রমন্ত্রী শ্রীআশু ঘোষের ব্যাপারটা। তিনি কংগ্রেসের আমলে একবার গ্রেপ্তার হয়েছিলেন কয়েকটা অভিযোগে কিন্তু সেটা ধামাচাপা পড়ে গেছে। সেটা কেন হল আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে তার তদন্তের দাবী করছি এবং আরো জানা গেছে সেই শ্রীআশু ঘোষ মহাশয়ের বাড়ীতে আমাদের যে ৫ জন এখান থেকে স্লিপ খেয়ে ওদিকে গেছেন সেই ৫ জন ওখানে আছেন। মাননীয় মন্ত্রিমহাশয় কি একটু তদন্ত করবেন, কেন তাঁকে গ্রেপ্তার করার পরেও সেই জিনিষটা ধামাচাপা রইল। তারপর ৩ নম্বর, মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে স্টিফেন হাউস সম্পর্কে একটা হৈ চৈ পূর্বে অনেক হয়েছিল কিন্তু এখন আর কোন সাড়াশব্দ নেই, সেটা ধামাচাপা পড়ে আছে। কারণ কি—কারণ হচ্ছে ও'দের বঙ্গেশ্বর অতুল্যবাবু এবং তাঁর একজন শ্রেষ্ঠ চেলা বদুবাবু এর সঙ্গে জড়িত আছেন। সেইজন্য সেই হৈ চৈ হবার পর সেটা ধামাচাপা পড়ে গেল। আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আপনার মাধ্যমে রাখছি যে এ সম্বন্ধে অভিযোগের ফাইল এখনও রাইটার্স বিল্ডিংস-এ আছে এবং সেটা খোঁজ খবর নিয়ে আপনি একটু তদন্ত করবেন এবং কবে ব্যাপারটা কি হল আমাদের পরে একটু জানিয়ে দেবেন। তারপর শেষে আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করবো। আজকে নকশালবাড়ি এবং সম্পৎ রায় সম্বন্ধে একটা কথা উঠেছে—আমি জানি শুধু আমি নয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ও স্বীকার করেছেন যে সেখানে সেই কৃষি আন্দোলন বা জমি আন্দোলনের পরিবর্তে সেখানে রাজনৈতিক আন্দোলন নিশ্চয় কিছুটা হচ্ছে। কিন্তু সেই পুলিশের নিশ্চয়তার সুযোগ নিয়ে সেখানে যে রাজনৈতিক পরিস্থিতি হয়েছে উগ্রপন্থীদের মাধ্যমে তার জন্য সেখানে জনসাধারণের মনে সন্ত্রাশের সৃষ্টি হয়েছে, মুখ্যমন্ত্রী নিজে তা স্বীকার করেছেন। সেই সন্ত্রাশ দূরীকরণের জন্য সেখানে জনসাধারণের মাঝখানে একটা সংঘবদ্ধ শক্তি গঠন করার প্রয়োজন ছিল। সেই সংঘবদ্ধ শক্তিকে যিনি পরিচালনা করছিলেন তিনি হচ্ছেন সম্পৎ রায়, সুতরাং সেখানে রামবাবু যে বললেন সম্পৎ রায়কে গ্রেপ্তার করা হয় নি কেন? সেখানে আমি বলবো এই উগ্রপন্থীদের বিরুদ্ধে যিনি আন্দোলন পরিচালনা করছেন তাঁকে গ্রেপ্তারের কোন প্রশ্ন নেই, কারণ তিনি অভিনন্দনযোগ্য। এই বলে আমি বাজেটকে সমর্থন করছি।

[6-20—6-30 p.m.]

শ্রীজয়নাল আবেদীন: স্যার, এ হাউসের যিনি সদস্য নন যিনি নিজেকে ডিফেন্ড করতে পারেন না তাঁর বিরুদ্ধে অভিযোগ উত্থাপন করা আমাদের রীতিবিরুদ্ধ।

মিঃ ডেপুটি স্পীকার: এরূপ আগে অনেক হয়েছে।

শ্রীমাখনলাল দাস: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মুখ্যমন্ত্রী পুলিশের যে বাজেট এখানে রেখেছেন তার সম্বন্ধে প্রতিবাদ করতে উঠে কিছু বলছি। বাংলাদেশের বিভিন্ন জেলা থেকে যে-সমস্ত বর্ণনা আসছে তাতে যুক্তফ্রন্ট সরকার শান্তিশৃঙ্খলা কিভাবে বজায় রেখেছেন তার চিত্র পরিস্ফুট হয়ে উঠেছে। তিনি বললেন জনজীবনে শান্তি ও নিরাপত্তা যাতে বিঘ্নিত না হয় তার

জন্য পুলিশ সক্রিয় হবে, কিন্তু যেসব চিত্র মাননীয় সদস্যরা দিলেন তা থেকে বোঝা গেল না যে বাংলাদেশে কোথায় শান্তিশৃঙ্খলা বজায় আছে। আমাদের মেদিনীপুর জেলা যেটা মুখ্যমন্ত্রীর জন্মস্থান সেখানকার কয়েকটা জায়গার খবর দিচ্ছি। আনন্দপুর, নারাণগড়, গড়বেতা, দ্রোবরা এসব জায়গার খবর দিচ্ছি। আনন্দপুরে ৫-৬টা দোকানে লুঠ হল পুলিশকে খবর দিলে তারা গেল না, নারাণগড়ে খুন হয়েছে তার এখনও পর্যন্ত কোন কিছু হচ্ছে না, গড়বেতায় লুঠতরাজ ও দ্রোবরায় অরাজকতা চলছে। এসব জায়গায় পুলিশ নিষ্ক্রিয় হয়ে আছে। এর উদ্দেশ্য কি? ভারতবর্ষে বহুদিনের ইতিহাস দেখলে দেখা যায় সবসময় সব জায়গায় শান্তি রক্ষা করার জন্য পুলিশের দরকার হয়েছিল। সভ্যতা ও সমাজজীবনে বাঁচাবার জন্য পুলিশের দরকার, কিন্তু আজকে পুলিশকে নিষ্ক্রিয় করবার জন্য ইচ্ছাকৃতভাবে এসব করা হচ্ছে। আমি এ বিষয় তাঁর যারা নিকটবর্তী দল সে দলের লোকেরা যা বলেছে তাই বলছি। এস এস পি-র চেয়ারম্যান এস এম জোসী বলেছেন,

today called upon the Democratic Socialist Party not to become silent spectators to goondaism the Left Communist Party have let loose in Naxalbari.

এসব কথা তাঁর মুখ দিয়ে বলেছেন।

The challenge of terrorism and adventure of the extremists in Naxalbari was all the more greater as the disturbance in West Bengal is on a common border with Pakistan and Nepal.

তাঁরা তর্ক তুলেছেন সেণ্টার থেকে কেন আমাদের এখানে পার্লিয়ামেন্ট-এর মেম্বাররা আসবেন তার কারণ হল তাঁরা এলে যে চিত্র দেশের সামনে উৎঘাটিত করবেন সেটা তাঁদের পক্ষে কলঙ্কের ও লজ্জার কারণ হবে, কারণ তাঁরা যে কার্য করেছেন সেটা ভাল কার্য করেন নি। তারপর দ্বিবেদী এবং সমর গুহ, বলেছেন

But although there is no evidence of direct Chinese interference in the Naxalbari, portraits and slogans of Mao-tse-tung were found in plenty in Naxalbari, he said. The main question involved in the Naxalbari was not agrarian unrest but the Marxist Communists determine to create a pocket in sensitive border from which they could expand and carry out their design. Mr. Dwivedi stated that what was actually involved in Naxalbari was not the land hunger of the local people. He said that the sole aim of the CPI (Marxist) in joining the United Front Government was to utilise the authority, prestige and power of the State Government to undermine the democratic process and nourish underground bosses. Mr. Dwivedi has stated this after his tour of West Bengal.

এভাবে পাঁচদিন তারা ভ্রমণ করে এলেন এবং নিজেদের চোখে দেখে এসেছেন যে একটা চক্রান্ত চলছে—চীনের সঙ্গে যোগসাজসে চক্রান্ত চলছে এ চক্রান্ত তারা অস্বীকার করতে পারেন না। দেখা যাচ্ছে ও'দের দলের লোক যে পুলিশ অফিসার তার বিবৃতি হচ্ছে মিঃ

A. B. Mukherjee told reporters that some extremist leaders were reported to have contacted the pro-Peking Communist in Nepal.

নেপালের থ্রু দিয়ে চীনের সঙ্গে যোগাযোগ আছে এর উদ্দেশ্য কি, আজ বাংলাদেশকে ধরা হয়েছে কেন? বাংলাদেশে একটা প্রত্যন্ত প্রদেশ, এর কাছেই নকশালবাড়ি বেছে নেওয়া হয়েছে। বাংলাদেশ শিল্প-কৃষির ক্ষেত্রে একটা বিপর্যয় আনবার চেষ্টা হচ্ছে। চাষের সময় তাঁরা এ গোলমাল করছেন যাতে কৃষক ও জোতদারদের ভেতরে একটা দ্বন্দ্ব বাধে, যাতে চাষ না হয় সে চেষ্টা করছেন। এ দেশকে তারা চিরকাল খাদ্যে ঘাটতি রাখতে চান, বিশ্বনাথ মুখার্জী বলেছেন—বাংলাদেশকে অভুক্ত রেখে আমরা দেশে আগুন জ্বালাতে চাই। যুদ্ধের সময় শিল্পের ক্ষেত্রে অর্ডন্যান্স ফ্যাক্টরী ও ডকে তারা ধর্মঘট করিয়েছেন এবং সমস্ত শ্রমিক শ্রেণীকে বিভ্রান্ত করিয়েছেন যাতে যুদ্ধের প্রস্তুতিতে বিঘ্ন ঘটে। চীন ও পাকিস্থান এই গোলমালের সুযোগ নিতে পারে তার জন্য চেষ্টা করছেন। এই উদ্দেশ্য ব্যাহত করবার জন্য বাংলাদেশের জনসাধারণ নিশ্চয়ই প্রস্তুত

হচ্ছে। তাই বলবো মুখ্যমন্ত্রী যদি দেশের কল্যাণ চান তাহলে যারা দেশের শত্রুর হাতকে শক্তিশালী করার জন্য কৃষি ও শিল্পের ক্ষেত্রে ঝগড়া বাধাচ্ছেন, সে শত্রুকে তিনি দমন করুন। চক্রান্ত জালে ছিন্ন করিয়া তিনি দেশকে বিপদমুক্ত করুন। এই কথা বলে বাজেটের বিরোধীতা করছি।

শ্রীবজলে আমেদঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই হাউসে পুলিশ বাজেট সম্বন্ধে আলোচনা করতে গিয়ে বিরোধী পক্ষ যা বলেছেন এবং বিরোধীতা যে করেছেন তাতে আমার মনে হয় তাদের একটা বিশেষ কারণ আছে। সেই কারণটা যদি আমরা দেখি তা হলে আমরা দেখব যে পূর্বতন সরকার তাদের কিভাবে কাজে লাগিয়েছিলেন। আমরা দেখেছি যে পূর্বতন সরকার জনসাধারণের গণতান্ত্রিক দাবী দমন করবার জন্য পুলিশ নিয়োগ করেছিলেন। নিজেদের ব্যক্তিগত এবং সমষ্টিগত ও দলগত স্বার্থরক্ষা করবার জন্য পুলিশকে নিয়োজিত করেছিলেন। যেসমস্ত গণতান্ত্রিত আন্দোলন দমন করবার জন্য তারা এইরকম করেছিলেন, তার উদাহরণস্বরূপ বলা গেলেও আমি শুধু খাদ্য আন্দোলনের সময় কি ঘটেছিল সে সম্বন্ধে বলবো, খাদ্য আন্দোলনের সময় নুরুল ইসলাম, আনন্দ হাইত প্রভৃতি ছাত্রদের উপর গুলী চালিয়ে এই আন্দোলনকে স্তব্ধ করবার জন্য পুলিশকে দিয়ে, চাষী আন্দোলনের সময় আমরা দেখেছি যে পুলিশকে দিয়ে বীরভূম জেলার সিউড়ী অঞ্চলে চাষীদের উপর অত্যাচার চালিয়েছিলেন।

[6-30—6-40 p.m.]

অধ্যক্ষ মহোদয়, আমি আপনাকে কয়েকটি উদাহরণ না দিয়ে পারছি না। বর্গাদার আন্দোলনের সময় যেসমস্ত বর্গাদার অথবা কৃষি মজুর আন্দোলনে নেমেছিল তখন এই কংগ্রেসের সৃষ্টি বর্গাদার আইনে তাদের দমন করবার জন্য তাঁরা পুলিশ বিভাগকে এমনভাবে নিয়োজিত করেছিলেন যা বলতে আমার অত্যন্ত লজ্জা হচ্ছে যে, তাঁরা সেখানকার নারীদের মাথার চুল ধরে টেনে এনে উলংগ করে দিয়ে পেটে বেটন প্রবেশ করিয়ে দিয়েছেন। কংগ্রেসীরা এইভাবে বর্গাদার আইনে তাদের নির্লজ্জ ভাবে দমন করবার জন্য চেষ্টা করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার সামনে আরো একটি কথা বলতে পারি যে, খাদ্য আন্দোলনের সময় দ্বিতীয় জালিয়ানওয়ালাবাগের সৃষ্টি করেছিলেন আমাদের রাজভবনের পাশে, নিশ্চয়ই আপনার সেটা স্মরণে আছে। এক সময় এই খাদ্য আন্দোলন দমন করবার জন্য দু-পাশ থেকে পুলিশ সাজিয়ে দিয়ে স্বনামধন্য পূর্বতন মুখ্যমন্ত্রী ডাঃ বিধান রায় জালিয়ানওয়ালাবাগ সৃষ্টি করেছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই এইসমস্ত কথা ভুলে যান নি। আন্দোলনকে দমন করবার জন্য পুলিশের মধ্যে দিয়ে লোকেদের উপর অকথ্য নির্যাতন করিয়েছেন। আরো উদাহরণ দিতে গেলে নিশ্চয়ই অনেক লম্বা হয়ে যাবে। আমি একটি কথা বলতে চাই, ও'রা বিরোধীতা করছেন এই জন্য নয় যে, একমাত্র বিরোধীদল তাই বিরোধীতা করার জন্য দাঁড়িয়েছেন। আসল কারণ হচ্ছে ও'দের কায়েমী স্বার্থে, দলীয় স্বার্থে আঘাত পড়েছে। এতদিন জনসাধারণকে শাসন করে যে বিরাট অর্থশালী হয়েছেন, জনসাধারণ আন্দোলন করে যদি তাদের দাবী আদায় করতে যায় তখন আপনারা সেই দাবী আদায়ের পথে বাধা সৃষ্টি করবার জন্য পুলিশ বিভাগকে নিয়োজিত করেছিলেন এবং এখন সেই লোভের পথে বাধা পাওয়ার জন্য ও'রা বিরোধীতা করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুলিশকে আমরা আগে কি দেখে এসেছি, আর আজকে আমরা কি দেখছি? যুক্তফ্রন্ট সরকার গঠিত হবার পর আমরা ১৮ দফা কর্মসূচীর কথা ঘোষণা করেছিলাম। এটা ঘোষণার সময় আমরা এই কথা বলেছিলাম যে জনসাধারণের গণতান্ত্রিক আন্দোলনকে কোন সময়ই দাবিয়ে দেব না। পুলিশকে আমরা এমনভাবে ব্যবহার করবো যাতে জনসাধারণের গণতান্ত্রিক আন্দোলন দিন দিন এগিয়ে যেতে পারে এবং তারই ভিত্তিতে আজকে নানারকম আন্দোলন হচ্ছে। পুলিশ এখন পর্যন্ত যে আচরণ করছে তা যে আমরা একান্তভাবে সমর্থন করি, তা করি না। আমরা দেখেছি এখানকার যিনি পুলিশের সর্বেসর্বা ব্যক্তি, তাঁর সংগে কেন্দ্রীয় সরকারের অনেক বড় বড় পুলিশ অফিসাররা আলোচনা করেন এবং তা নিয়ে পরামর্শ ইত্যাদি দিচ্ছেন। বর্তমান যুক্তফ্রন্ট সরকার খাদ্য সংগ্রহের ব্যাপারে যে নীতি নিয়েছেন তাতে দেখা যাচ্ছে যেসমস্ত বড় বড় জোতদার, মজুতদার—যাদের পিলার বলা হয়, তারা আজকে সারা পশ্চিমবাংলায় ছড়িয়ে রয়েছে, তাদের বাড়ি থেকে খাদ্য উদ্ধার করতে ব্যর্থ হয়েছেন পুলিশ। খাদ্য উদ্ধার করবার জন্য বর্তমান সরকার যে নীতি ঘোষণা করেছেন যে জোতদার এবং বড় বড় হোর্ডারদের

পি ডি অ্যাক্টে ধরবার জন্য, পুলিশ সেখানে নিরুৎসাহ ও নিষ্ক্রিয়তার ভাব দেখিয়েছেন। কিন্তু নকশালবাড়ি সম্পর্কে দেখছি যে, সেখানকার আন্দোলনকে দমন করবার জন্য রাতারাতি একসঙ্গে তিন-চারশো লোককে গ্রেপ্তার করে ফেললো। এতে অনেক নিরীহ লোক আছে, অনেক নির্দোষ লোক আছে। আমরা এই কথা বলছি না যে, আইন ব্রেক হয়ে যাক কিম্বা আইনশৃঙ্খলা দেশে ভেঙ্গে পড়ুক। আমরা নিশ্চয়ই চাই দেশে আইনশৃঙ্খলা কায়েম হয়ে থাকুক। কিন্তু আমি বলবো আইনশৃঙ্খলার নামে সরকারের যে আদেশ, সেই আদেশ অপব্যবহার করে কিছু নিরীহ লোকের উপর জুলুম করে তাদের আটক করে রাখা হয়েছে, এটার আমি বিরোধীতা করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য হচ্ছে এই যে আমরা যখন গদি পাই তখন ঘোষণা করেছিলাম যে, জনসাধারণের গণতান্ত্রিক আন্দোলনকে সব সময় উৎসাহিত করবো, সেই কথা আমি এখন বিভাগীয় মন্ত্রীকে স্মরণ করিয়ে দিতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকার পুলিশ নীতি যা ঘোষণা করেছেন এবং তা যদি আমরা আমাদের দেশে রূপায়িত করতে যাই তাহলে তাতে আমাদের একটু বাধা আছে এবং ইচ্ছা করলেই আমরা গণতান্ত্রিক আন্দোলনকে উৎসাহিত করবার জন্য পুলিশের সাহায্য পেতে পারবো না, তার পথে বিরাট বাধা হচ্ছে পুলিশ কোড। আমরা মনে করি এবং যুক্তফ্রন্ট সরকার মনে করেন যে জনসাধারণের গণতান্ত্রিক আন্দোলনকে উৎসাহিত করা হবে। যদি যুক্তফ্রন্ট সরকার তাই মনে করেন তা হলে তাঁরা যে প্রতিশ্রুতি দিয়েছেন সেটা অবশ্যই রাখতে হবে এবং তার সঙ্গে এই কথা চিন্তা করতে হবে, যে পুলিশ কোড তৈরী হয়েছে তা ব্রিটিশ আমলের। কাজেই সেই পুলিশ কোড-এর ভিতর দিয়ে নূতন দৃষ্টিভঙ্গীতে সেই পথে আমরা এগিয়ে যেতে পারবো না। কাজেই পুলিশ কোড পরিবর্তন করা চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এখানে যে এখন শাসন পক্ষে ইন্ডিয়ান পেনাল কোড আছে, যদি অপরাধীকে শাস্তি দিতে চাই তাহলে সেই ইন্ডিয়ান পেনাল কোড অনুযায়ী আমাদের দিতে হয়। কিন্তু সেই পেনাল কোড এখানকার সৃষ্টি নয়, কংগ্রেস সরকার সৃষ্টি করেন নি, সেটা ব্রিটিশ গভর্নমেন্ট এর দ্বারা সৃষ্টি হয়েছে, তাদের সময় সৃষ্টি হয়েছে, কিন্তু সেই আইন কংগ্রেসের সময়ও চালু ছিল, তাঁরা এই আইনকে চালু রেখেছিলেন প্রধানত ব্রিটিশ-এর এই শোষণমূলক নীতি নিয়ে। এঁদের এই শাসন ব্যবস্থার পরিবর্তন আমি মনে করি একান্ত প্রয়োজন। আমি মনে করি ইন্ডিয়ান পেনাল কোড-এর পরিবর্তন করা দরকার, কিন্তু সেখনে আমাদের ক্ষমতা নেই, কেন্দ্রীয় সরকারের হাতে রয়েছে। এটা করা যায় কিনা, এই দাবি জানিয়ে এবং পুলিশ কোড-এর পরিবর্তন চেয়ে এই ব্যয়বরাদ্দ সমর্থন করে আমার বক্তব্য শেষ করিছ।

শ্রীশুভেন্দু রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনেকক্ষণ ধরে জনদরদী যুক্তফ্রন্ট সরকারের সভাদের শুকনো কান্না শোনা গেল। জনদরদের পাসে আমরা এই দীর্ঘ চার মাস ধরে তাঁদের বিভিন্ন কাজ দেখতে পাচ্ছি। আমরা একদিকে দেখতে পাচ্ছি গণ কমিটির নামে লুঠতরাজ, অন্য দিকে দেখছি ঘেরাও-এর নামে গুন্ডামী। ঘেরাও, আমরা যারা শ্রমিক আন্দোলনের সঙ্গে জড়িত, আগেও দেখেছি ঘেরাও। কিন্তু আজকে যে দরদ উথলে উঠছে শ্রমিকদের আন্দোলনে, তা গুন্ডামী ছাড়া আর কিছু নয়। ঘেরাও আমরা বহুদিন আগে দেখেছি, কিন্তু আজকে যা দেখছি তা রাজনৈতিক কারণে, রাজনৈতিক প্রয়োজনে, এই ঘেরাও ব্যবহৃত হচ্ছে। আজকে আমরা দেখছি একটি রাজনৈতিক দল যার ছয় আনা অংশীদার, মার্কসবাদী কমিউনিস্ট পার্টি, যাঁদের রাজনৈতিক প্রয়োজনে বিভিন্ন রাজনৈতিক দলকে কোনঠাসা করার জন্য খুনজখম, লুঠতরাজ সব কিছু করে যাচ্ছেন। শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী স্বীকার করেছেন যে, অরাজকতা শুধু আজ নকশালবাড়িতেই হয় নি, সারা বাংলাদেশে আজকে অরাজকতা হচ্ছে। আজকে সিকিউরিটি বলে মানুষের কিছু নেই, সেফটি বলে কিছু নেই। আজকে পুলিশকে ফোন করলে বলে পুলিশ অফিসার পরিষ্কার জানিয়েছেন যে আমাদের কিছু করার নেই, তাঁরা পরিষ্কার জানিয়ে দেন আমাদেরই সিকিউরিটি নেই, আপনাদের কি সিকিউরিটি রাখবো। আজকে এই কথা উর্ধতন পুলিশ অফিসার পরিষ্কার ভাবে ফোন-এর জবাবে বলেছেন। তবু অরাজকতা দেশে দেখা দেয় নি। আজকে কয়েকটি ঘটনার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। যে যুক্তফ্রন্ট সরকার গড়ে ওঠার পর আমি নোয়াপাড়া কনস্টিটিউয়েন্সীর কতকগুলি ঘটনা তুলে ধরতে চাই। সেখানে নিকুঞ্জ ভৌমিকের বাড়ি লুঠ হয়েছে, শম্ভু ঘোষের বাড়ি লুঠ হয়েছে। রাহুতা অঞ্চল ইউনিয়ন-এ বাসুদেবপুর গ্রামে বহু

কৃষকের বাড়ি লুঠ হয়েছে এবং পুলিশ অফিসার সেখানে উপস্থিত ছিলেন এবং পুলিশ অফিসারের উপস্থিতিতে বহু কৃষকের বাড়ি থেকে ধান-চাল সীজ করে নিয়ে আসা হয়েছে, কিন্তু পুলিশ অফিসার কোন রসিদ দেন নি।

[6-40—6-50 p.m.]

পুলিশ অফিসারের উপস্থিতিতে বহু কৃষকের বাড়ি থেকে ধান-চাল সীজ করে নিয়ে এসেছে। যখন পুলিশের কাছে তার রসিদ চাওয়া হলো, তখন তিনি বললেন—রসিদ আমি দিতে পারবো না, গণকমিটি রসিদ দেবে। এই গণকমিটি সম্পর্কে খাদ্যমন্ত্রী শ্রদ্ধেয় ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষের একটা বিবৃতি দেখছিলাম তাতে তিনি বলেছিলেন গণকমিটি আমি মানি না, পুলিশ আছে, আমার খাদ্য বিভাগ আছে—গভর্নমেন্ট আছে। কিন্তু আজকে এই গণকমিটি পুলিশ অফিসার সহ গ্রামে গ্রামে গিয়ে আজ হামলা করছে। তারা যে এইসব কাজ করছে এটা যুক্তফ্রন্ট সরকারের কোন্ আইনের কোন ধারায় আছে সেটাই আমার জিজ্ঞাস্য? আজকে আমাদের নোয়াপাড়া অঞ্চলে যে খুন হয়ে গেল, আজ পর্যন্ত ১৮টি আসামীর মধ্যে মাত্র ৯ জন ধরা পড়েছে। বাকি সব আসামীরা ঐ অঞ্চলেই ঘোরাফেরা করে বেড়াচ্ছে। পুলিশকে জানান সত্ত্বেও তাঁরা বলছেন—আমরা নিরুপায়, যে কারখানায় তারা কাজ করতো, সেখানে আজও কাজ করছে। রামজী হচ্ছে সেই আসামীর নাম। সে প্রতিদিন কারখানায় কাজ করতে যাচ্ছে। পুলিশকে ধরতে বললে তাঁরা বলেন আমরা অপারগ। আমরা কোন ইন্টারফিয়ারেন্স করতে পারি না। কার স্বার্থে তারা এইসব পথ দেখাচ্ছেন? পুলিশ অফিসারের সামনে খুনজখম করা হয়, অকথ্য অত্যাচার করা হয়। পুলিশ অফিসার মহকুমা হাকিম সেখানে উপস্থিত, তিনি একজনকে প্রতিশ্রুতি দেন তোমার ভয় নাই তুমি নেমে এসো। সে নেমে আসার সাথে সাথে লোহার ডান্ডা দিয়ে তার মাথা ফাটিয়ে দেওয়া হয়। গুন্ডা বলে তাদের ধাবড়ো দেওয়া- নিরীহ শ্রমিক, সাধারণ মানুষ রাজনীতির নামে এইসব করা হচ্ছে।

আজকে মুখ্যমন্ত্রীর কাছে একটা কথা জিজ্ঞাসা করতে চাই—যুক্তফ্রন্ট সরকারের নামে চতুর্দিকে যে জয়ঢাক তারা পেটাচ্ছে, আজ সেই মানুষ বলছে—এ যুক্তফ্রন্ট নয়, এ যুক্তফ্রড, এই বলে কি তারা আপনাদের আশীর্বাদ জানাচ্ছে?

শ্রীগোবর্ধন মাঝিঃ মাননীয় স্পীকার মহাশয়, আজকে স্বরাষ্ট্রমন্ত্রী এই পুলিশ খাতে যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তা আমি সর্বান্তকরণে সমর্থন করে মুখ্যমন্ত্রীর কাছে দু-একটা বিষয় আমার বক্তব্য রাখতে চাই।

আমার পুরুলিয়া জেলাতে পুলিশ দু-একটা ক্ষেত্রে ব্যতীত বড় জোতদার ও মজুতদারদের কাছ থেকে টাকাপয়সা নিয়ে তাদের রেহাই দিচ্ছেন এবং ছোটখাট চাষী ব্যবসায়ীদের উপর নির্মম ভাবে অত্যাচার করছে। আমি উদাহরণস্বরূপ আপনার কাছে একটি পরিচয় দেই। মানবাজার থানায় দামদা গ্রামের আপলু মাইতি পুরুলিয়ার একজন খুব নামী জোতদার, মজুতদার মহাজন ও একজন বিরাট পুঁজিপতি, তার ঘরে হাজার হাজার মণ ধান জমা আছে। কিন্তু পুলিশ তার কাছ থেকে মোটা টাকা নিয়ে তাকে রেহাই দিয়েছে, এক কেজি ধানও তার কাছ থেকে নেওয়া হয় নাই বা তাকে পি ডি অ্যাক্ট-এ ধরা হয় নাই। এইরকম বড় বড় জোতদার, মজুতদার মহাজনদের রেহাই দেওয়া হচ্ছে, আর ছোটখাট চাষীকে নিরপরাধ ব্যক্তিকে বিনা কারণে পি ডি অ্যাক্ট-এ ধরে যদি চালান দেওয়া হয়, তাহলে সাধারণ মানুষের জীবনে আর কতটুকু শান্তি আসতে পারে? এইরকম ছোটখাটো বহু চাষী আছে, যাদের উপর অত্যাচার হচ্ছে। আমি আর একটা পরিচয় দিই। আমাদের বরবাজার থানাতে, সিন্দরী গ্রামে তরুণী সেন মোদক বলে এক ব্যক্তি পুলিশকে টাকা না দেওয়ার জন্য তাকে পি ডি অ্যাক্টে চালান দেওয়া হয়েছে। তার কোন অপরাধ নেই। পুলিশ এবং কংগ্রেসী ভাবাপন্ন ব্যক্তিগণ একটা ষড়যন্ত্র করে, তাদের চক্রান্তে সাধারণ চাষী ও ব্যবসাদারগণকে মিথ্যা অপরাধে ধরে পুলিশ চালান দিচ্ছেন। তারপর আর একটা ঘটনার পরিচয় দিই, ঐ বরাবাজার থানায় ধারগ্রাম কেন্দ্রে আর এন ফোর্স পুলিশ, একজন বধু মাহাতো নামক এক ব্যক্তির বাড়িতে থাকত, তার ঘর ভাড়া কিছু টাকা বাকি ছিল, সেই টাকা সে নিতে সেখানে যায়, তখন তাকে ধরে, তার উপর বেদম মারধর করা হয়। তারপর সে নিজে আমার কাছে এসে এই ঘটনার কথা জানায়, আমি তখন নিজে ঐ বিষয়টি তদন্ত করে জেলা ম্যাজিস্ট্রেটের কাছে খবর দিই কিন্তু

আজ পর্যন্ত সেই মারধরের কোন প্রতিকার হয় নি। আমি এ বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, আশা করি তিনি এর প্রতিকার করবেন। এই ব্যয়বরাদ্দের দাবী সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমহারাজা বোস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এতক্ষণ ধরে এই হাউসে ওদিকের অনেক বন্ধুদের অনেকরকম কথা শুনেছি এবং শুনে খুব সুখী হলাম যে, মাননীয় সদস্য শ্রীঅপূর্বলাল মজুমদার মহাশয় বললেন যে, গত শনিবার দিন বনগাঁ লাইনে ট্রেন-বাস ইত্যাদি যানবাহন যা বন্ধ করে দেওয়া হয়, তা বামপন্থী কমিউনিস্ট মার্কসিস্টদের কারসাজি, তারা এর জন্য দায়ী। সেটা তিনি ওপেনলি বলেছেন। গীতা মুখার্জীও এ সম্বন্ধে অনেক কিছু বলেছেন। তিনি বলেছেন যে, সরকারী কর্মচারী ও পুলিশ কর্মচারীদের যোগসাজসে বর্তমান গভর্নমেন্টকে ধ্বংস করতে চাচ্ছে। তারা ঘুষ নিচ্ছেন, তাদের বিরুদ্ধে তিনি অনেক কিছু বললেন। আমি তার বিরোধীতা করতে চাই না। কিন্তু তাঁরা যেভাবে আজকে এইসমস্ত ঘটনার কথা উল্লেখ করে বললেন, তাতে মনে হল অপূর্বলাল মজুমদার মহাশয় ও গীতা মুখার্জী, দুজনেই ডাইরেকটর জেনারেল অফ সেন্ট্রাল ইন্টেলিজেন্স ডিপার্টমেন্টে চাকরী পেয়েছেন, তা না হলে এইসমস্ত খবর তাঁরা কোথা থেকে পেলেন? জানি না অজয়বাবু তাঁদের এইভাবে অ্যাপয়েন্টমেন্ট করেছেন কিনা? তাঁদের উচিত আজকের এই পুলিশী বাজেটের বিরোধীতা করা। বড় বড় পুলিশ অফিসারদের মাইনা বৃদ্ধি করে যে ব্যয়বরাদ্দের দাবী এখানে উপস্থিত করা হয়েছে নিশ্চয়ই তাঁর বিরোধীতা করে তাদের মাইনা, ভাতা ও অন্যান্য টাকাকড়ি পয়সা সব বন্ধ করে দেবেন। তা যদি তাঁরা করেন, তবেই বুঝবো তাঁরা ঠিক কথা বলেছেন, আর তা না হলে বলবো তাঁরা মিথ্যা ভাওতার কথা বলেছেন।

[6-50—7 p.m.]

স্যার, আমি এখানে আজকে তাদেরই জিনিস কয়েকটি উদাহরণ দিয়ে দেখিয়ে দেব যে, হাওড়া থানার অফিসারকে সাসপেন্ড করা সম্পর্কে মাননীয় হাইকোর্টে গতকাল সরকার যে অ্যাপীল করেছেন, সেই অ্যাপীল তারা ডিসমিস করে দিয়েছেন। এখান থেকে অ্যাপীল করা হয়েছিল, তাকে সাসপেন্ড করার জন্য কিন্তু মহামান্য হাইকোর্ট সেটাকে বাতিল করে দেওয়ায় প্রমাণ পাচ্ছে যে, দেশে আইন-শৃংখলা মেনে নেওয়ার মত এখনও মহাধিকরণ রয়েছেন। দ্বিতীয় জিনিস হচ্ছে এই যে ইটিন্ডাতে ডাক্তার বদরুজোকে পি ডি অ্যাক্টে অ্যারেস্ট করা হয়েছিল ১৫ তারিখে। সেখানে বাম কমিউনিস্ট দল থানা ঘেরাও করে বি ডি ও-কে ইনফ্লুয়েন্স করে, দারোগাকে ইন-ফ্লুয়েন্স করে আজ সেই পি ডি অ্যাক্টের আসামীকে সেখান থেকে বের করে নিয়ে যাওয়া হয়েছে। একটু আগে মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয় বলেছেন যে, ৩২১ জন পি ডি অ্যাক্টে অ্যারেস্ট করা হয়েছে। আমি নিজে জানি পশ্চিম দিনাজপুর জেলায় বর্ডার এলাকায় কংগ্রেস সরকার যে সমস্ত গুন্ডা, স্মাগলার, চোরা চালানকারীদের পি ডি অ্যাক্টে ধরে রেখেছিলেন এই সরকার হাতে ক্ষমতা পেয়ে তাদের দলীয় স্বার্থে তাদের মধ্যে ১০ জনকে গত মার্চ মাসের ১৪ই তারিখে রিলিজ করে দিয়েছেন। তাদের বিরুদ্ধে পুলিশ যেসমস্ত কেস নিয়ে এসেছিল, সেগুলিকে ফেরত দেওয়া হয়েছে। তাদের দ্বারা, পাকিস্তান এবং ওদিকে রাজনৈতিক ধুরন্ধরদের দ্বারা পশ্চিম দিনাজপুরে এ পর্যন্ত ১০০টি লুণ্ঠন এই তিন মাসের মধ্যে যেটা সবচেয়ে হায়েস্ট রেকর্ড, আমি চ্যালেঞ্জের সংগে বলছি, কোনদিন যা হয় নি তা এই মার্চ মাস থেকে জুন মাস পর্যন্ত হয়েছে। সেখানে অগ্নিকান্ড বা নরহত্যা, চুরি, ডাকাতি যারা ধরতে গিয়েছে, তাদের গুলী করে হত্যা করেছে। সেখান থেকে ১০০০টি গরুমহিষ চুরি, লুণ্ঠন করে নিয়ে গিয়েছে, বহু শিশুকে হত্যা করেছে, বহু মাইনরিটি ছাত্রদের ধরে বেঁধে নদীর জলে চুবিয়েছে। পুলিশ যখন ধরতে গিয়েছে, তখন সেই পুলিশকে ওভার পাওয়ার করে তাকে ট্রান্সফার করা হয়েছে। এইরকম অরাজকতার ঘটনা আমার কাছে অনেক আছে। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে জানাব যে, মুখ্য-মন্ত্রী তাঁর ডান দিকে নিয়েছেন ভাই লক্ষণকে, আর বামদিকে নিয়েছেন বামা কমিউনিস্ট জ্যোতি-বাবুর দলকে আর পিছনে নিয়েছেন ওই ঘেরাওমন্ত্রী। তাদের নিয়ে তিনি যেভাবে চলছেন তাতে তাঁর নিজস্ব সত্তা ধ্বংস হয়ে গিয়েছে বলে আমি মনে করি। গণশক্তি বলে বাম কমিউনিস্ট

পার্টির কাগজ আজকে বলছে যে মুখ্যমন্ত্রী এবং খাদ্যমন্ত্রী পুলিশ, বড় বড় অফিসার এবং জোতদারদের সঙ্গে এক সঙ্গে মিশে আজ যুক্তফ্রন্ট সরকারের খাদ্যনীতিকে চরম ব্যর্থতার পর্যায়ে এনেছেন এবং তার জন্য আজকে খাদ্য শেষ হয়ে গিয়েছে এবং জিনিসের দাম বেড়ে গিয়েছে। শুধু তাই নয়, তাঁদের বৃদ্ধ অপদার্থ বলেছেন এবং শেষ দিকে কি বলেছেন শুনুন—অবশেষে জনগণের কাছে আমাদের আবেদন যে দলে দলে মিছিল করে খাদ্য এবং পুলিশমন্ত্রীর কাছে কৈফিয়ত দাবী করা হোক যে, কেন তাঁরা এইরকম কাজ করছেন। তাঁরা অপদার্থ তাঁদের অপসারণ করা হোক। আমি জানতে চাই প্রমোদ দাশগুপ্ত হাওড়ার মিটিং-এ যে বললেন মুখ্যমন্ত্রীকে অপসারণ করা হোক পুলিশ সেই রিপোর্ট মুখ্যমন্ত্রীর কাছে পাঠিয়েছিলেন সেই সময় খবরের কাগজের রিপোর্টাররা জিজ্ঞাসা করেন এটা কি আপনি জানেন? উনি বললেন যে, তিনি এখানে নেই। এই পার্টি তাঁদের বলেছেন অপদার্থ, তাঁদের কেমন করে শায়েস্তা করতে হবে সেকথা তিনি ওপেনলি খবরের কাগজে বলেছেন এবং নিশীথনাথ কুন্ডু, কুন্ডুর মুন্ডু ধ্বংস করা হোক সেকথা তাঁরা বলেছেন। এই নিয়ে আপনারা ঘর করছেন—যার সঙ্গে মজে মন কিবা হাড়ী কিবা ডোম। আজ আমি জিজ্ঞাসা করছি

it is very easy to set the ball rolling but it is not very easy to restrict the ball.

আজকে বাংলাদেশের চারিদিকে মুখ্যমন্ত্রী বিপ্লবী অজয় মুখার্জীর নামে যা করা হচ্ছে, আজকে বন্দেমাতরম্ ধ্বনি পর্যন্ত বন্ধ করে দিয়েছেন বিপ্লবী অজয় মুখার্জীর সামনে। মিটিং-এ বন্দেমাতরম্ ধ্বনি দিয়ে বিপ্লব করে তিনি দেশকে স্বাধীন করেছিলেন, আজ লাল সেলামের গুঁতোর চোটে এঁরা সেই বন্দেমাতরম ভুলে গেছেন। স্যার, আমার কাছে বহু ঘটনা আছে, পশ্চিম দিনাজপুর জেলায়, মুখ্যমন্ত্রী নিজে স্বীকার করেছেন, ছয়টি সরকারী ধানের গাড়ি ধান নিয়ে যাচ্ছিল, চাল নিয়ে যাচ্ছিল সরকারী গুদামে, সেখানে তা লুট করা হয়েছে পশ্চিম দিনাজপুরের ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এটা বলেছেন। মালদহে লোকের টাকা পয়সা, মেয়েদের গহনা কেড়ে নেওয়া হয়েছে ১৯এ মে তারিখে। ত্রাণ মন্ত্রী শুনলেন যে চিনি হ্যাজ বিন লুটেড কিন্তু তিনি বললেন ইট ইজ সিলি দ্যাট চিনি হ্যাজ বিন লুটেড।

what chini will be bought by the hungry people?

আমি বললাম যে নকশালবাড়িতে তাদের এনারকাইজ করার জন্য এই কমিউনিস্ট পার্টি চিনি লুট করেছে, চাল লুঠ করেছে। আমি মাননীয় স্পীকার মহাশয়ের মাধ্যমে আর দুটি কথা বলে আমার বক্তব্য শেষ করব। আজকে যারা লেভির ধান সম্পূর্ণরূপে সরকারকে দিয়ে দিয়েছে তাদেরও পি ডি অ্যাক্টে অ্যারেস্ট করা হয়েছে। এই কথা বলে এই বাজেটের বিরোধীতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীনুরুল ইসলাম: অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, দিনাজপুর, মালদহ জেলা দুর্ভিক্ষ এলাকা এটা আপনারা সকলেই জানেন। আমরা দিনাজপুরে পার্মিট দিয়ে যখন ধান আনতে পাঠাই তখন ঐ ভদ্রলোক গুন্ডাদের সংগঠিত করে আমাদের কালিয়াচকে বহু ধান লুঠ করিয়েছে আর আজকে যুক্তফ্রন্ট সরকারের মধ্যে ঐ ভদ্রলোক বলছেন তাঁরা ধান লুঠপাট করিয়েছেন। তিনি ঐ গুন্ডা দলের সর্দার।

Mr. Speaker: That is no point of order.

শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ যুক্তফ্রন্ট সরকারের স্বরাষ্ট্রমন্ত্রী পুলিশ খাতে যে ব্যয়বরাদ্দ আমাদের এখানে উপস্থাপিত করেছেন আমি তাকে পরিপূর্ণভাবে সমর্থন করছি। এই বাজেটের আলোচনা কালে কংগ্রেস বেঞ্চ থেকে এই বাজেট সেসনে একটা কথাই তাঁরা শুধু উচ্চারণ করেছেন তা হল আইনশৃঙ্খলার কথা, ল অ্যান্ড অর্ডারের কথা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে প্রারম্ভিক বক্তৃতায় মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী দেখিয়েছেন যে কংগ্রেস আমলে একটানা রাজত্বের ১৯৬২ সালে, যত ক্রাইম ঘটেছিল তার চেয়ে ১৯৬৬ সালে ৩৬ হাজার বেশী ক্রাইম সংঘটিত হয়েছে এই প্রতিক্রিয়াশীল কংগ্রেসের আমলে। অথচ কংগ্রেসী সদস্যরা নিজেরাই জানেন যে, এই যে রাহাজানি, নরহত্যা, ছিনতাই, এই সমস্ত যা সংঘটিত হয়েছে তাদের আমলেই চার বছরের মধ্যে ৩৬ হাজার বেশী সংঘটিত হয়েছে। কিন্তু তাঁরা যুক্তফ্রন্ট সরকারকে অভিযুক্ত করছেন যে তাঁরা নাকি আইনশৃঙ্খলা বজায় রাখতে পারছেন না। আমি দু-একটি

উপমা, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে কংগ্রেসী বন্ধুদের দিতে চাই। মাননীয় সদস্য বন্ধুরা বোধ হয় শুনেছেন এবং জানেনও যে গত ১০ বছর ধরে বেলঘরিয়ার বুকে এই কংগ্রেসী নেতাদের নেতৃত্বে গুণ্ডাবাহিনীর যে অকথ্য নির্যাতন, নরহত্যা, রাহাজানি, ছিনতাই, চালিয়ে গিয়েছে তা চালিয়ে গিয়েছে তদানীন্তন শ্রমমন্ত্রিমহাশয়ের প্রত্যক্ষ নির্দেশে এবং সেই শ্রমমন্ত্রী বিজয় সিং নাহার আজকে উপস্থিত ছিলেন।

[7—7-10 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শুনলে আপনারা অবাক হয়ে যাবেন যে, ১৯৬২ সালে ঐ বিজয় সিং নাহার বেলঘরিয়ার সভামঞ্চে দাঁড়িয়ে মাইক থেকে গুণ্ডাদের আহ্বান করে কমিউনিস্ট পার্টির অফিস জ্বালিয়ে দিয়েছে। অথচ এই সমস্ত কংগ্রেস নেতারা বলছেন জনসাধারণের সম্পত্তি রক্ষার কথা। টেক্সম্যাকো ইউনিয়নের অফিস এরা জ্বালিয়ে দিয়েছে, সেখানকার টেবিলচেয়ারে আগুন ধরিয়ে দিয়েছে এবং মোহিনী মিলের ওয়ার্কার্স ইউ-নিয়নের অফিসও জ্বালিয়ে দিয়েছে। হাজার হাজার শ্রমিক ও জনসাধারণের রক্তে গড়া যে ইউ-নিয়ন অফিস তা এরা গুণ্ডাবাহিনীর দ্বারা ফ্যাসিস্ট ঠ্যাঙাড়ে বাহিনীর দ্বারা জ্বালিয়ে দিয়ে-ছিল। এরা বেলঘরিয়ার বুকে আইনশৃঙ্খলা ভঙ্গ করে নি শুধু, সেখানে জঙ্গলের আইন প্রতিষ্ঠিত করেছিল। সেখানে রাস্তা দিয়ে চলাফেরা করার স্বাধীনতা নারীদের পর্যন্ত ছিল না। সেখানে এরা যে কিরকম ত্রাসের রাজত্ব চালিয়েছিল তার দুটো উপমা আমি এখানে দিচ্ছি। এই বেলঘরিয়ার কংগ্রেসী গুণ্ডাবাহিনীর সর্দার ইনু মিত্র তাকে যখন পুলিশ গ্রেপ্তার করে পি ডি-তে তখন তদানীন্তন মুখ্যমন্ত্রী প্রফুল্ল সেন নিজে তিন দিনের মধ্যে তাকে জেল থেকে ছাড়িয়ে আনেন। এটা অত্যন্ত লজ্জা ও ঘৃণার কথা। বাংলাদেশের জনসাধারণ আজকে এসব কথা শুনে অট্টহাসি হাসবে। স্যার, আপনি আরো আশ্চর্য হয়ে যাবেন যে, এরা শুধু বেল-ঘরিয়াতেই নয়, দুর্গাপুর, আসানসোল এবং বাংলাদেশের প্রতি জায়গায় শুধু ঠ্যাঙাড়ে বাহিনী সৃষ্টি করে নি, পুলিশ এবং গুণ্ডা বাহিনী একযোগে জনসাধারণের উপর অত্যাচার চালিয়েছে। স্যার, এইসমস্ত কংগ্রেসী নেতাদের কথা শুনলে বাংলাদেশের জনসাধারণ লজ্জায় মুখ ঢেকে নেয়। তবুও এখনও এরা আবার ল অ্যান্ড অর্ডার-এর কথা বলছেন। দস্যু রত্নাকর যেমন রাম নাম বলে পার পেয়েছিল, তেমনি এরাও আজকে ল অ্যান্ড অর্ডার-এর কথা তুলে পার পেতে চায় বাংলাদেশের জনসাধারণের কাছ থেকে। অধ্যক্ষ মহাশয়, বাংলাদেশের জনসাধারণ সকলেই জানেন যে এরা পার পাবে না। সেই জন্য আজকে এরা মেজরিটি থেকে মাইনরিটিতে পরিণত হয়েছে। স্যার, ওদের ল অ্যান্ড অর্ডার-এর কথা শুনে দেশের লোকে আজকে হাসে এবং আমা-দেরও হাসি পায়। আপনার মাধ্যমে আমাদের মুখ্যমন্ত্রীর কাছে পুলিশ বিভাগের কাজ সম্বন্ধে কয়েকটি কথা আমি নিবেদন করতে চাই। গত দেড় মাস আগে যুক্তফ্রন্টের তিন জন এম এল এ এবং ব্যারাকপুর মহকুমার প্রতিনিধিদের নিয়ে আপনাদের কাছে একথা মেমোর্যান্ডাম উপস্থিত করেছিলাম, যার মধ্যে লেখা ছিল শ্রমিক কার্ত্তিক দত্তকে যারা হত্যা করেছেন, শ্রমিক অমূল্য সেনকে যারা হত্যা করেছে সেই সমস্ত হত্যাকারীরা আজও গ্রেপ্তার হয় নি। আমরা মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করেছিলাম যে, কংগ্রেসী আমলে তাদের গ্রেপ্তার করা হয় নি। কংগ্রেসী আমলে পুলিশ যেমন সেই গুণ্ডাদের সঙ্গে নিয়ে গুণ্ডাদের সেই খাঁকি পোশাক পড়িয়ে সেই গুণ্ডাগির বিরুদ্ধে যারা প্রতিরোধ আন্দোলন করত তাদের উপরে অত্যাচার করেছে, উৎপীড়ন টেনে এনেছিল, আজকেও সেই মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করেছিলাম সেই গুণ্ডারা কি আজও নিষ্কৃতি পাবে? তারা কি আজও ধরা পরবে না। আমি আজকের এই বিধানসভায় আমি নিশ্চয়ই জানি মুখ্য-মন্ত্রী হয়ত সে বিষয়ে তদন্ত করছেন, কিন্তু আমি জিজ্ঞাসা করব সেই মেমোরেন্ডাম সম্বন্ধে মুখ্যমন্ত্রী কি ব্যবস্থা গ্রহণ করলেন আজকের এই বিধানসভায় তিনি তা বলবেন।

অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বলতে চাই গত কয়েকদিন ধরে খরদহর এক কংগ্রেস নেতার ঘরে যখন জনতা জানে যে চাল এবং আটা লুকিয়ে রেখেছিল তখন খরদহর জনসাধারণ পুলিশকে খবর দেয়, পুলিশ জনসাধারণের কথা শোনে না। পুলিশ তার ঘর সার্চ করতে রাজী হয় না। তারপরে অ্যাডিশন্যাল এস পি-র কাছে খরদহর জনসাধারণ এই কথা জানায় তখন তাঁর নির্দেশে পুলিশ সেই বাড়ি সার্চ করে—আপনি শুনলে স্যার অবাক হবেন যে জলের মধ্যে থেকে, পায়খানার মধ্যে থেকে, চৌকির নীচ থেকে এবং বিভিন্ন জায়গা থেকে চাল এবং আটা

বেড় হয়। অথচ তাঁর বিরুদ্ধে পুলিশ কোন সক্রিয় ব্যবস্থা অবলম্বন করে না। শুধু কি তাই, রাত্রি তিনটার সময় পুলিশ সেখান থেকে উইথড্র হয়ে যায় এবং জনসাধারণের দাবীর পরে আবার ভোরবেলায় পুলিশ এসে সেই বাড়ি অবরোধ করে।

অধ্যক্ষ মহাশয়, আমি আরও দুই একটি কথা আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে নিবেদন করতে চাই। আমাদের এখানে যে খাদ্যনীতি ঘোষিত হয়েছিল এবং আমাদের মন্ত্রীসভা যে সিদ্ধান্ত করেছিল সেই সমস্ত সিদ্ধান্ত এবং ডিহোরডিং করার জন্য পুলিশের সহযোগীতায় বিভিন্ন বাড়িতে গিয়ে যখন ডিহোর্ডিং করে সেই সময় পুলিশ সেইসমস্ত নেতাদের গ্রেপ্তার করছে, বিভিন্ন বাড়িতে গিয়ে যখন ডিহোর্ডিং করে সেই সময় পুলিশ তো সেইসমস্ত জোতদার এবং মজুতদারকে পুলিশ গ্রেপ্তার করে না। আর সেই পুলিশ সেই সমস্ত নেতাদের গ্রেপ্তার করছে, লুঠের জন্য তাদের বিরুদ্ধে মামলা দায়ের করেছে, যেমন নরেন চৌধুরীর বিরুদ্ধে করেছে। সন্দেশ-খালিতে, রনগাঁতে এবং বিভিন্ন জায়গায় পুলিশ আজকে খাদ্যদ্রব্যের ন্যায্য দাম যেটা স্থির করে দেওয়া হয়েছে মন্ত্রীসভার পক্ষ থেকে তাই যখন চালু করতে যাচ্ছে এবং ডিহোর্ডিং করার জন্য পুলিশের সহযোগিতায় যখন ডিহোর্ডিং করতে যাচ্ছে, তখন পুলিশ সহযোগিতা করছে না। বরং লুঠের দায়ে, রাহাজানির দায়ে জননেতাদের গ্রেপ্তার করছে এবং মামলা দায়ের করছে। সেদিন জয়নগর থানায় ভাগচাষী সুধন্য কয়ালকে তার জমি রক্ষা করার জন্য যখন গিয়েছিল তখন জোতদার আন-লাইসেন্সড গান দিয়ে গুলী করে হত্যা করে এবং আমাদের চব্বিশপরগনা পুলিশ বিভাগের পক্ষ থেকে মাত্র একজনকে গ্রেপ্তার করা হয়েছে।

আমি আরেকটি কথা মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাব যে ২৪-পরগনার পুলিশের যিনি অধিকর্তা জনসাধারণ মনে করে তিনি কংগ্রেসের সঙ্গে শলাপরামর্শ করে দমনপীড়ন চালাবার চেষ্টা করছে। আমি আবেদন করব যে, আপনি এ বিষয়ে বিবেচনা করবেন। আমি এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[7-10—7-20 p.m.]

শ্রীআনেদ হোসেন মণ্ডল: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের হাউসে পশ্চিমবাংলা ক্যাবিনেটের স্ববাষ্ট্র মন্ত্রী তাঁর পুলিশ খাতে যে ব্যয়বরাদ্দের দাবী করেছেন সেই ব্যয়বরাদ্দের দাবীর বিরোধীতা করতে গিয়ে আমি প্রথমেই তাঁকে অভিনন্দন জানাবো আপনার মাধ্যমে এই কারণে নয় যে, তিনি ৪৮ লক্ষ টাকা পুলিশ খাতে ব্যয়বরাদ্দ কমাচ্ছেন বলে। তাঁর বিভাগের এবং তাঁর বরাদ্দের দাবীতে হিসাবের কারচুপির জন্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ৪৮ লক্ষ টাকা কমানো হচ্ছে পুলিশ খাতে কিন্তু আমরা সকলেই জানি কিছুদিন আগে বর্ডার সিকিউরিটি ফোর্স বলে যে বিরাট পুলিশ বাহিনী ছিল যেটা স্টেট সাবজেক্ট ছিল এবং স্টেট এক্সচেকার থেকে পশ্চিমবাংলার ট্রেজারী থেকে সেখানে তাদের বেতন দেওয়া হোত--ও'রা সেন্ট্রাল গভর্নমেন্ট গবর্ণমেন্ট করেন—কিন্তু এই সমস্ত ব্যয় কিছুদিন আগে আমরা সেন্ট্রাল গভর্নমেন্টের ঘাড়ে চাপিয়ে দিয়েছি এবং সেটা তাঁরা গ্রহণ করেছেন। সেই হিসাবের কোন উল্লেখ মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর ব্যয়বরাদ্দের মধ্যে নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা সকলেই জানি এবং আপনিও জানেন গত সেসনে চার মাসের জন্য যুক্তফ্রন্ট সরকার যে ব্যয়বরাদ্দের দাবী করেছিলেন তখন বলা হয়েছিল বিশেষ করে আমাদের পশ্চিমবাংলা সরকারের মাননীয় অর্থমন্ত্রী বলেছিলেন যে আমাদের এই বাজেট তদানীন্তন বাজেট, এই বাজেটে আমাদের ১৮ দফা কর্মসূচীর প্রতিফলন হয় নি। কারণ এই বাজেট কংগ্রেস সরকারের আমলে করে যাওয়া হয়েছে। কাজেই আমাদের নীতির প্রতিফলন হবে, যখন আমরা নুতন বাজেট হাউসের সামনে আপনাদের কাছে রাখবো। মাননীয় মধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এবং আমরাও সকলে জানি যে আমরা নিশ্চয় অধীর আগ্রহে অপেক্ষা করেছিলাম সেই বাজেটের জন্য, যে বাজেটে

তাঁদের ১৮ দফা কর্মসূচী এবং সরকারী প্রতিফলন হবে বলে বলেছিলেন। অবশেষে পর্বতের মূষিক প্রসবের মত এই পুলিশ বাজেট আমাদের সামনে পেশ হোল এবং আমরা দেখলাম এ মূষিক ইন্দুর নয়, আরসোলা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আরসোলা দেশী হোলে কথা ছিল না—এই আরসোলা আবার চীনা। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি হয়তো আমার সঙ্গে একমত হবেন এই যে পুলিশ বাজেট রাখা হয়েছে—আমি সমগ্র বাজেট সম্বন্ধে বলবো না—আজকে যে বরাদ্দের দাবী আমাদের সামনে করা হয়েছে সেই বরাদ্দ সম্বন্ধে কেবলমাত্র বলবো যে এই বাজেটে আমরা চৈনিক রেড গার্ডের ইঙ্গিত পাচ্ছি। এর জন্য আমরা বলেছিলাম এ আরসোলা দেশী আরসোলা নয়, এ আরসোলা চীনা আরসোলা। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার কাছে এখানে আলোচনান্তে আমাদের বন্ধু মাননীয় সদস্য নকশালবাড়ি সম্বন্ধে আলোচনা করে গেলেন। আমি সুদূর দার্জিলিং জেলায় যাব না, আপনার হাউসের আসেপাশে ২৬এ জুন তারিখে যেদিন আমাদের এই হাউস প্রথম ওপেন হোল, সেদিন নকশালবাড়ির যে প্রতিচ্ছবি আমরা চারটি গেটে দেখেছি আপনিও দেখেছেন, আপনার চোখের সামনে—মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর চোখের সামনে পুলিশের নাকের ডগায় এবং আমাদের সকলের সামনে চারটি গেটে যে রেডগার্ডিজম চলছিল নকশালবাড়ির প্রতিচ্ছবি হিসাবে সেদিন এখানে এসে তা দেখেছিলাম এবং আপনার কাছে রিপোর্ট করেছিলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার স্মরণ আছে সেই রেডগার্ডিজমের উপলক্ষ ছিল যুক্তফ্রন্ট দল হতে নাকি যেসমস্ত এম এল এ ফ্লোর ক্রস করে বিরোধী দলের দিকে এসেছেন তাদের শায়েস্তা করা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এবং আমরা সকলেই জানি পার্লামেন্টারী প্র্যাকটিসে নজীর আছে ফ্লোর ক্রস করা—শুধু আমাদের এখানে নয়, পার্লামেন্টারী ডেমোক্রেসীর যারা জনক সেই ইংল্যান্ডেও নজীর আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন মাত্র কিছুদিন আগে হরিয়ানায় যখন নূতন নির্বাচনের পর কয়েকজন কংগ্রেসী এম এল এ দল ভেঙ্গে অপর দিকে গেল তখন ভারতবর্ষের সবগুলি নন-কংগ্রেসী পার্টি তাঁদের অভিনন্দন জানালো, তখন কিন্তু ময়দানে সুপার ক্যাবিনেটের মিটিং হোল না, তাদের চামড়া খুলে দাও বলে বক্তৃতা হোল না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন কিছুদিন আগে উত্তরপ্রদেশের বিধানসভায় যখন আজকে যাঁকে সর্বভারতীয় নেতা বলে স্বীকার করছেন সেই চরণ সিং যখন কংগ্রেস দল ত্যাগ করে সাঙ্গপাঙ্গ নিয়ে বিরোধী দলের দিকে ভিড়েছিলেন তখন কিন্তু ভারতবর্ষের নন-কংগ্রেসী সমস্ত দল আজকে যারা ১৪টি শরিক সেজে এখানে বসে আছে তাঁদের সকলের দিল্লীতে এবং অন্যান্য জায়গায় অভিনন্দন জানিয়েছিল, তখন কিন্তু ময়দানে সুপার ক্যাবিনেটের মিটিং হয়ে বক্তৃতা হোল না যে তার ছাল ছাড়িয়ে দাও। কারণ পার্লামেন্টারী প্র্যাকটিসের এ জিনিসের নজীর নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, হরিয়ানা এবং যুক্তপ্রদেশের কথা আমি ছেড়ে দিলাম। আমাদের এই হাউসে নজীর রয়েছে ফ্লোর ক্রস করার। ওদিকের লোক যারা আজকে ওদিক গুলজার করে বসে রয়েছেন তাঁদের মধ্যেই। গত সেসনে আপনি স্যার, সদস্য ছিলেন এই হাউসে—বাংলা কংগ্রেস যখন গঠিত হোল আজকে যিনি ওঁদের মধ্যমণি মুখ্যমন্ত্রী সেজে বসে আছেন তিনি কংগ্রেসের টিকিটে নির্বাচিত হওয়া সত্ত্বেও তাঁরা সকলে মিলে বিরোধী দলে গিয়ে ভিড়ে গেলেন তার জন্য তো ময়দানে সুপার ক্যাবিনেটের মিটিং হয় নি বা ছাল ছাড়িয়ে দেবার জন্য কোন বক্তৃতা হয় নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গত সেসনের কথা ছেড়ে দিলাম, আমাদের এই সেসনে নজীর আছে মাত্র কিছুদিন আগে আপনি জানেন এবং আমরা কাগজে দেখেছি ফরওয়ার্ড ব্লকের দল থেকে মাননীয় সদস্য শ্রীকৃপাসিন্ধু সা মহাশয় দল ভেঙ্গে ফরওয়ার্ড ব্লক দল মার্কসিস্ট দলে চলে গেলেন। তখন কিন্তু ময়দানে সুপার ক্যাবিনেটের মিটিং হোল না, তদানীন্তন যিনি কনভেনার স্বরাষ্ট্র মন্ত্রী সেখানে তার ছাল ছাড়িয়ে দাও বলে কোন বক্তৃতা হোল না। আমার আশঙ্কা হয় তখন বোধ হয় সেম সাইডের ভয় ছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে রেডগার্ডিজম এই রেডগার্ডিজমের উৎসাহ দেওয়ার হচ্ছে পুলিশকে নিষ্ক্রিয় করে এর উদাহরণ আমি দিলাম ২৬-৬-৬৭ তারিখে বিধান সভার চারটি গেটে আমরা তা দেখেছি। স্যার, দেওয়ালের লিখন কেউ খন্ডন করতে পারবে না। আমি আপনার মাধ্যমে ওঁদের সাবধান করে দিতে চাই যে, দেওয়ালের লিখন খন্ডন করবার চেষ্টা করবেন না। কারণ ইতিহাসের পুনরাবৃত্তি আরম্ভ হয়ে গেছে। আমরা ২৭এ জুন তারিখে এখানে দেখেছি উগ্রপন্থীরা নকশালবাড়ির বিরাট দল সাড়ে পাঁচটার সময় কাস্তে হাতুড়ি তারা লাল ঝান্ডা নিয়ে এখানে মিছিল করে বক্তৃতা করেছে—হাউস তখন শেষ

হয়ে গিয়েছিল, তারা ওখানে ধ্বনি দিচ্ছে যুক্তফ্রন্টের মন্ত্রীরা পালিয়েছে, যুক্তফ্রন্ট নিপাত যাক। তার কিছুদিন পর আমরা দেখেছি যে ও'দের কাগজ 'দেশহিতৈষী'র অফিস অ্যাটাক হোল—কারা করলেন? ঐ রেড গার্ডেরা। তাই স্যার, ও'দের আমি সাবধান করে দিতে চাই যে, আগুন নিয়ে খেলা করবেন না, কারণ তাতে নিজেরাই পুড়বেন, নিজেদের বাড়ি পুড়বে। তাই এই যে রেড-গার্ডিজম এই রেডগার্ডিজমের ইঙ্গিত এই পুলিশ বাজেটে দেখেছি বলে আমি সর্বতোভাবে এর বিরোধীতা করছি।

শ্রীকৃপাসিন্ধু সাঃ অন এ পয়েন্ট অব পারসোন্যাল এক্সপ্ল্যানেশন স্যার, শ্রীআমেদ হোসেন মণ্ডল অত্যন্ত নির্লজ্জ মিথ্যা কথা বলে গেলেন যে, আমি নাকি মার্কসিস্ট ফরওয়ার্ড ব্লকে চলে গেছি। আমি জানি ও'রা এইভাবে মিথ্যা কথা সব সময় বলে থাকেন। আমি ও'কে জানাতে চাই যে আমি এখনও ফরওয়ার্ড ব্লকের সদস্য, আমি মার্কসিস্ট ফরওয়ার্ড ব্লকের সদস্য নয়। আজ তিনি এই হাউসের মধ্যে বলেছেন বলে পার পেয়ে গেলেন—যদি বাইরে বলতেন তাহলে জনসাধারণ তার ছাল ছাড়িয়ে দিতো।

শ্রীআমেদ হোসেন মণ্ডলঃ স্যার, আমি কাগজের কথা বলেছি, কাগজে একথা বেরিয়েছে।

[7-20—7-30 p.m.]

শ্রীরাম চট্টোপাধ্যায়ঃ তিনি কবে এলেন আর কবে গেলেন তা আমরা কেউ জানি না। উনি পাকিস্তানের চর, ডি আই রুল-এ গ্রেপ্তার হয়েছিলেন। (নয়েজ।)

মিঃ স্পীকারঃ পাকিস্তানের চর বলতে পারবেন না। (নয়েজ।)

শ্রীনিখিল দাসঃ আমরা লক্ষ্য করেছি ও'রা যখন চীনের চর বলেছিলেন তখন আপনি আপত্তি করেন নি। এখন পাকিস্তানের চর বললে আপত্তি করছেন কেন? (নয়েজ।)

শ্রীজ্যোতি বসুঃ উনি যে কথা বলেছেন সেটা প্রত্যাহার করে নেওয়া উচিত। আপনি এটা এক্সপাঞ্জ করবেন। এ জিনিস এখানে বলা যায় না।

মিঃ স্পীকারঃ আমি আগেই বলেছি এসব হয় না।

শ্রীনিখিল দাসঃ এখানে এ সব কথা বলা উচিত নয়। একথা আমরা জানি, কিন্তু বিরোধী পক্ষ থেকে বার বার বলা হয়েছে চীনের চর।

Mr. Speaker: If there is any reflection to honourable members, to any-one of them of any party, I shall expunge it from the proceedings.

শ্রীশৈলকুমার মুখার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই বাজেট অধিবেশনের শেষ স্তরে আমি দীর্ঘ দশ বছরের অভিজ্ঞতা থেকে জানি এই দিনটি সমস্ত বাজেট অধিবেশনের মধ্যে সর্বাপেক্ষা উত্তেজনা ও আলোচনা সৃষ্টি করে। এই দিনটি বিরোধীদলের সরকারী সমস্ত নীতির সমালোচনার শ্রেষ্ঠ অবলম্বন। কিন্তু আজ আমি বিস্ময়ের সঙ্গে যখন সরকারপক্ষের সদস্যদের উক্তি শুনছিলাম তখন সেই উক্তিগুলি আমাকে বিস্মিত ও স্তম্ভিত করেছে। মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর গভর্নমেন্টের পার্টির এই উক্তির মাধ্যমে দেশবাসীর কাছে তিনি কি নীতি প্রচার করতে চান জানি না। তাঁর বহু সদস্য পুলিশের শ্রেষ্ঠ উপানন্দ মুখার্জীর বিরুদ্ধে জঘন্য সমস্ত উক্তি করেছেন। শ্রীঅপূর্বলাল মজুমদার ষড়যন্ত্রের অভিযোগ করেছেন। আমরা এতে আপত্তি করছি না। মাননীয় সুধীন দাস মহাশয় বহু নীতির সম্বন্ধে নিন্দা করেছেন। শ্রীকৃষ্ণকুমার ঘোষ পুলিশের সমাজবিরোধী আন্দোলন দমনে ব্যর্থতার দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করেছেন।

সুতরাং আজকে শুধু বিরোধী দলের আলোচনার মধ্যে সমালোচনা সীমাবদ্ধ নয়। এটা একটা নূতন নজীর এবং আপনি আশা করি এটা লক্ষ্য করবেন। আমাদের প্রথম বক্তব্য ১৮ কোটি ৪৮ লক্ষ টাকার যে পুলিশ বাজেট সেই বাজেট সম্বন্ধে যখন প্রথম ভোট অন অ্যাকাউন্ট অর্থমন্ত্রী বাজেট উপস্থিত করেন সেসময় বলেছিলেন আমরা চিন্তা করে যখন পূর্ণ বাজেট হবে তখন কি পরিবর্তন করা যায় সেটা দেখব। ও'রা যখন এদিকে ছিলেন তখন চিরদিন একমাত্র সমালোচনা পুলিশের বিরুদ্ধে শুনেছি, পুলিশের জন্য বহু নিন্দিত কংগ্রেস সরকার অত্যন্ত অর্থ ব্যয় করেন এবং পুলিশ বাজেটের টাকা কমিয়ে দিয়ে জনকল্যাণমূলক কাজ করা উচিত। তাই আমরা যুক্তফ্রন্ট সরকারের কাছ থেকে আশা করেছিলাম ১৮ কোটি টাকা বাজেটের একটা বিরাট অংশ ও'রা চার মাসের চিন্তার পর দেখে এই টাকা জনকল্যাণমূলক কাজে দেবেন। সুতরাং আজ যে বাজেট আলোচনা হচ্ছে সেই বাজেট বহু নিন্দিত কংগ্রেস সরকারের বাজেটের পূর্ণ আলোচনা হচ্ছে। মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তাঁর প্রারম্ভিক ভাষণে যে নীতির কথা বলেছেন সে নীতির কথার উপর আমি বলব আমি তাঁর সঙ্গে একমত। তিনি তাঁর উপসংহারে বলেছেন সমস্ত পুলিশ বাজেটের উদ্দেশ্য পুলিশের উচিত জনসাধারণের সহযোগিতা করা ও জনসাধারণের কল্যাণের কাজে লাগান—এ বিষয় দ্বিমত নেই। কিন্তু আজকে চার মাসের কতকগুলি অভিজ্ঞতার কথা আমি হাউসে রাখব যে কথার উল্লেখ অনেক সদস্য করেছেন। আজ দেশবাসী বিভ্রান্ত হচ্ছে ফোরটিনথ্ পার্টি সরকার, নিশ্চয় কোয়ালিশন সরকার এবং আপনি প্রকাশ করেছেন ক্যাবিনেট-এ নানা মত থাকলে আমরা সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ করি কিন্তু দেশবাসীর কাছে বিভিন্ন দল, বিভিন্ন নেতা, বিভিন্ন মন্ত্রী যে প্রশ্নের বিরোধী উক্তি করছেন তা থেকেই আইন-শৃঙ্খলা, শান্তি, নিরাপত্তা, রক্ষা, দেশের কল্যাণের কাজ এবং যে নূতন আদর্শ আপনারা নিয়েছেন সে পথ সুগম করবে। আমি এ বিষয়ে দু-একটা দৃষ্টান্ত দেবো, মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে উপ-মুখ্যমন্ত্রীর দু-একটা বিষয় মতপার্থক্যের কথা সংবাদপত্রে প্রকাশিত হয়েছে। আজকে সর্বাপেক্ষা আশ্চর্য একটা খবর বেরিয়েছে শুনুন—

it was stated that the officials present at the meeting told the Ministers that these directives would go against the Chief Minister's instructions asking for the prevention of bargadars for eviction and forcible occupation of land as well and moreover legal dispute would arise. The Ministers, however, were stated to have insisted on these directives and expressed doubt if the Chief Minister had at all issued such instructions.

আমি তার সঙ্গে একমত নই, কিন্তু জানি সোনারপুরে ২৫০ বিঘা জমি নিয়ে দুই মন্ত্রী, সেচ মন্ত্রী ও ভূমিরাজস্ব মন্ত্রী, সেখানে যে সংঘর্ষ হয়েছিল এ সংবাদ সংবাদপত্রে প্রকাশিত হয়েছে। ইট ওয়াজ স্টেটেড পুলিশের সঙ্গে একটা সুব্যবস্থা করেছিলেন যাতে শান্তিপূর্ণ ভূমি বণ্টন হতে পারে। সেখানে এরকম পরস্পর বিরোধী উক্তি এক জায়গায় নয়, বহু জায়গায় হয়েছে। আমি আপনার কাছে নিবেদন করছি যুক্তফ্রন্ট সরকারের বিভিন্ন মন্ত্রীমণ্ডলী, রাজনৈতিক দল তাঁদের দেশের বাইরে কর্মপন্থা করবার অধিকার আছে কিন্তু তাতে দেশবাসী বিভ্রান্ত হবে এবং শান্তি শৃঙ্খলা রক্ষা করা পুলিশের পক্ষে অসম্ভব হবে।

[7-30—7-40 p.m.]

শ্রীপ্রশান্তকুমার গায়েন: অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, আমার পয়েন্ট অফ অর্ডারটা হচ্ছে এই, একটু আগে আমাদের একজন মাননীয় সদস্য যখন পড়ছিলেন তখন এখান থেকে মাননীয়া গীতা মুখার্জী বাংলা কাগজের উদ্ধৃতি থেকে বললেন যে মাননীয় দুজন মন্ত্রীর নামে কথা উঠেছে। শ্রীবিশ্বনাথ মুখার্জী এবং শ্রীহরেকৃষ্ণ কোঙার তাঁরা তখন কেউ উপস্থিত ছিলেন না এবং তাঁরা থাকাকালীন সেটার আপত্তি করেছিলেন এই হাউসে সেটা মিথ্যা কথা। কিন্তু সেই রিপোর্টের আবার ইংরাজী ভারসানটা এখানে পড়া হচ্ছে। কাজেই সেটার প্রোপ্রাইটি সম্বন্ধে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীশৈলকুমার মুখার্জী: স্যার, আজকে এখানে পুলিশ বাজেট সম্বন্ধে আলোচনা করা হচ্ছে। কালকে যখন শ্রমিকরা এখানে এসেছিলেন তখন সেখানে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় একটি বক্তৃতা

দিয়েছিলেন এবং মাননীয় উপ-মুখ্যমন্ত্রী মহাশয় এখানে উপস্থিত ছিলেন। তিনি বলেছিলেন **কংগ্রেসী আমলে পুলিশরা শ্রমিকদের ডাণ্ডাপেটা করত। আমি আপনার কথা স্বীকার করছি,** তাতে কোন আপত্তি নেই। মালিক পক্ষ আয় বলে ডাকতো, আর পুলিশ সেখানে হাজির হত। পুলিশ আসলে কুত্তা। মালিকপক্ষ মাংসের খণ্ড নয়, হাড়ের খণ্ড ছড়িয়ে দিত বলে পুলিশরা ছুটে সেখানে যেত। আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে চার মাস আগে পুলিশ বিভাগের প্রতি এই উক্তি করেছিলেন একজন মন্ত্রী উপ-মুখ্যমন্ত্রিমহাশয়ের সামনে।

শ্রীনিখিল দাস: এটার ডকুমেন্ট কি আছে? এটার ডকুমেন্ট যদি থাকে তাহলে টেবলে প্লেশ করুন।

(তুমুল হট্টগোল)

Mr. Speaker: Every member has the right to enquire about the document.

শ্রীনিখিল দাস: অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, উনি যদি এমনি বলতেন যে শ্রমমন্ত্রী এই কথা বলেছেন তাহলে আমি পয়েন্ট অফ অর্ডার তুলতাম না। কোন্ কাগজ থেকে পড়ে বলছেন if it is a document, it must be laid on the table.

আদারওয়াইজ এই কথাটা এক্সপাঞ্জ করে দেওয়া হোক।

Shri Saila Kumar Mukherjee: It is not an incorrect statement. I have noted down what has exactly been stated.

সুতরাং আজকে আমি এখানে ২-৪টি কথা বলছি, আপনারা সেটা বিবেচনা করে দেখুন। আপনাদের চার মাস হল সরকার গঠিত হয়েছে, আমরা কিছু বলছি না। ল অ্যান্ড অর্ডারের কথা বললেই আপনাদের একটু এলার্জি হয়।

Shri Nani Bhattacharya: Sir, I rise on a point of order.

(Noise and interruptions)

Mr. Speaker: I have allowed him to rise on a point of order. He will be finishing within one minute.

Shri Byomkesh Majumdar: Mr. Speaker, Sir, if we have no right to speak here if our honourable members sitting on this side have no opportunity to say, then the Ministers and their party may say that and we will walk out.

এই হচ্ছে আমার বক্তব্য।

Mr. Speaker: Nobody has prevented Shri Mukherjee from speaking. So long as I am here, I will do my duty. Don't worry about that. Please allow the Hon'ble Minister to speak. He has raised a point of order.

শ্রীননী ভট্টাচার্য: অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, আমার পয়েন্ট অফ অর্ডারটা হচ্ছে এই যে, মাননীয় সদস্য কি কাগজ থেকে কোট করলেন তা তিনি নিজে জানেন এবং ওভাবে করা চলে না এটা আপনি জানেন। যদি কোট করতে হয় তাহলে তার কপি আপনার ওখানে লে করতে হবে এবং তিনি জিস্ট করেন নি, তিনি শুধু পড়লেন। হি ওয়াজ যাস্ট কোটিং—নট জিস্ট। সুতরাং সেজন্য আমি অনুরোধ করবো যে এটা বিধিবহির্ভূত হয়েছে, এক্সপাঞ্জ করে দেয়া হোক।

Mr. Speaker: He just referred to a document. He said that he noted down the entire gist and he referred to the gist only.

Shri Saila Kumar Mukherjee: Similarly, not only the Congress side, only day before yesterday several leftist members of the Parliament, excluding, of course, the Communist Party, have issued a general statement in the press drawing attention of the Hon'ble Chief Minister about the serious

situation regarding security position and law and order position in West Bengal. They are definitely of opinion that if this is not checked in time Bengal may be in danger.

সেই রকম মিঃ ইয়াসিন এবং মিঃ দ্বিবেদী তাঁরা এসে আপনাদের কাছে বলেছিলেন

It is not an agrarian movement, it is a political movement.

আবার ইন্দ্রজিৎ গুপ্ত আজকে বললেন, ইট ইজ্ অ্যান অ্যাগ্রারিয়ান মুভমেন্ট, আমরা বিভ্রান্ত হয়ে যাচ্ছি। সুতরাং বহুবার আমরা নকশালবাড়ির কথা বলেছি। এই চার মাসে যদি সংবাদ-পত্রের পাতা খুলে দেখেন, যদি নির্ভীক ভাবে নিরপেক্ষ ভাবে বিচার করেন তাহলে দেখবেন একটা দিন একটি সংবাদপত্রেও খুঁজে পাবেন না যে নানারকম আইনশৃংখলা ভঙ্গের কাহিনী কি গ্রামে, কি শহরে, এমনদিন যাবে না যে পাবেন না যেমন ট্রেন হেলড আপ, থানা অ্যাটাক, রাহাজানি, বাংলা কথায় ছিনতাই বলে, স্যার, এটা একটা ব্যবসা হয়ে গেছে, অ্যাটাক, লুট, আর্সন, রেপ, অ্যান্ড মোলেশস্টেশন অফ উওম্যান, গুন্ডাইজম, এটা নিত্যনৈমিত্তিক ব্যাপার। আমি বলছি যে, আমাদের সময় এটা ছিল না। আপনারা ভাল করছেন, এই চার মাসে অনেক ভাল করেছেন। আজ অপূর্ববাবু যেটা বললেন যে এটা একেবারে বিস্ময়কর, তাহলে আমি বলবো যে পুলিশ চার মাসে একেবারে রসাতলে গেছে, আপনাদের কন্ডেমনেশন কি করে হবে। আপনারা নিজেরা বলেছেন কেন্দ্রীয় মন্ত্রীর কাছে যে, ল অ্যান্ড অর্ডার নিশ্চয়ই খারাপ হয়েছে, গিভ মি ফুড, আই উইল গিভ ইউ ল অ্যান্ড অর্ডার। আপনি বলেছেন যদি খাদ্য দেন, আমি ল অ্যান্ড অর্ডার মেন্টেইন করবো। সুতরাং ল অ্যান্ড অর্ডার রক্ষা হচ্ছে না এই খাদ্য ব্যবস্থার জন্য। এই চার মাসের খাদ্যাবস্থার জন্য কে দায়ী, আজকে এটাই তর্কের বিষয়বস্তু নয়। সুতরাং শেষকালে আপনাদের কাছে বিনীত নিবেদন এটাই যে, যে সরকারই হোক, সেই সরকারের নিশ্চয়ই পুলিশের প্রয়োজন আছে। পুলিশ উঠিয়ে দিয়েছে এমন একটি দেশ সারা পৃথিবীর কোথায়ও পাবেন না। তবে সেই পুলিশের নীতি বদলান।

Police must be a friend of the people but police must be a terror to the anti-socials, criminals and anti-nationals.

যদি তা না করতে পারেন তাহলে দেশ চলবে না।

শ্রীবিশ্বনাথ মুখার্জি: মাননীয় স্পীকার মহাশয়, আমার কোন ব্যক্তিগত এক্সপ্ল্যানেশন দেবার অধিকার আছে কি? আমি যখন এখানে ছিলাম না, তখন আমার সম্বন্ধে কিছু বলা হয়েছিল। শ্রীমতী গীতা দেবী এখানে তখন উপস্থিত ছিলেন, তিনি তার উত্তরে যা বলেছেন তাতে যদি আপনি সন্তুষ্ট হয়ে থাকেন, তাহলে আমার আর কিছু বলবার নাই।

[7-40—7-50 p.m.]

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই দীর্ঘ কয়েক ঘণ্টা ধরে আমি ভাল করে মনোযোগ দিয়ে সমস্ত আলোচনা শুনেছি। পুলিশ বাজেট বিতর্ক খুব তুমুল হবে—এটা চিরকাল হয়ে থাকে। এখনই যেটা মাননীয় শৈলবাবু বললেন, আরো অনেকে কতকগুলি ঘটনার কথা উল্লেখ করেছেন যেটা আমার কানে এইমাত্র এলো আজকে। কাজেই সেগুলি সম্বন্ধে এখনই কিছু বলা সম্ভব নয় তদন্ত না করে। অনেকে আবার কয়েকটি ঘটনার কথা বলেছেন, পুলিশের ব্যাপারে, বেহালার কথা, শান্তিপুরের কথা, জিয়াগঞ্জের কথা। এই কেসগুলি সব বিচারাধীন আছে। কাজেই এগুলি সম্বন্ধে আমি কিছু বলতে পারছি না। আমাদের মাননীয় সদস্য শ্রীশঙ্করদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় নকশালবাড়ির কথা বলেছেন, আরো অনেকে বলেছেন। সেটা হলো আমি যেসব বিবৃতি ইতিমধ্যে দিয়েছি তার থেকে নূতন আর কিছু বলার আমার নাই। এটা ওখানে কৃষিসমস্যা নিয়ে প্রথমে উদ্ভব হয়। এখন সেখানে দুইই আছে এখন কৃষি সমস্যাও আছে, রাজনৈতিক সমস্যাও আছে। উগ্র মস্তিষ্কের কয়েকজন লোক মিলে তাঁরা মনে করছেন ফ্রি জোন একটা সেখানে তৈরী করবেন, মুক্ত এলাকা তৈরী করবেন। কাজেই এও আছে। আমি তাই জিনিসটাকে দুই ভাগে ভাগ করে দেখেছি—জমির জন্য যাঁরা কৃষক আন্দোলন করেছেন, জমি তাঁরা পান নি। ভূমিহীন কৃষক যারা, তারা যাতে ওখানে কৃষি জমি পান সেজন্য আমরা ব্যবস্থা করেছি, তাতে আমি সেখানে ল্যান্ড রেভিনিউ ডিপার্টমেন্টের বড় বড় অফিসারদের

পাঠিয়েছি। সেখানে আমরা কমিটি করে দিচ্ছি—সব দলের লোক নিয়ে। কেউ যদি তাতে যোগ না দেন তার জন্য দুঃখিত। বিভিন্ন দলের নেতাদের নিয়ে একটা মহকুমা ভিত্তিক কমিটি এবং চারটি থানায়, থানা ভিত্তিতে চারটি কমিটি করে দিচ্ছি—সেইসব সরকারী জমি যা বিলি করা হয় নাই কাউকে, ভেস্টেড ল্যান্ড বাড়তি জমি পড়ে আছে, পতিত জমি, এগুলি তাড়াতাড়ি বিলি করে দেও, যাতে চাষের সময় কৃষকরা চাষ করতে পারে। এটা আমরা করেছি। আবার যাঁরা উগ্রপন্থী সেখানে রয়েছে তাদের দমন করবার জন্য আমরা যথাযথ ব্যবস্থা অবলম্বন করেছি। আপনারা জানেন প্রায় এক হাজার পুলিশ ওখানে পাঠান হয়েছে, বিভিন্ন জায়গায় সেখানে ক্যাম্প করেছি। এর আগে আমি ঘোষণা করেছি আমরা নিশ্চয়ই এইরকম আন্দোলনকে দমন করবো। আমি ইংরেজীতে কথাটা ব্যবহার করেছি—

we shall crush this movement.

এ বিষয় সরকার দৃঢ়প্রতিজ্ঞ। কাজেই এ বিষয় নূতন করে বলার কিছু নাই।

আসানসোলে শ্রমিক নেতা নিহত হবার ব্যাপারে তদন্ত হতে এত দেরী হল কেন একথা শঙ্করদাসবাবু বলেছিলেন। আমি প্রথমে এটা পুলিশের হাতে দেই, তার পরে ইন্টালিজেন্স ব্র্যাঞ্চ-এর কাছে পাঠিয়েছিলাম, তারপর সি আই ডি-র কাছে পাঠিয়েছি। সেখান থেকে পুলিশ এসে তদন্ত করবার পরে আসামীদের গ্রেপ্তার করা হয়েছে। তাই একটু দেরী হয়েছে। তিনি বলেছেন আমি সকলকে জামিন দিয়ে দেব। একথা তিনি বললেন কি করে? কি অধিকার আপনাদের আছে? আমি তাঁর উত্তরে এইটুকু জানাতে পারি সে অধিকার আমাদের নাই। আমি বলেছি জামিন চাইলে আমরা বিরোধীতা করবো না। কোর্ট জামিন দেন তো দেবে, সেটা তাঁদের ইচ্ছাধীন।

শ্রীমতী গীতা মুখার্জী আই জি-র সম্বন্ধে যা বলেছেন—আই জি কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করছেন—এটা আমি জানি না এবং তা বিশ্বাসও করি না। তিনি আর একটা কথা যা বলেছেন, তিনি আপনাকে ঠিকমত পরামর্শ দিচ্ছেন কিনা? আমি যখনই যে পরামর্শ চেয়েছি, সব জায়গা থেকে পরামর্শ ঠিক ঠিক ভাবে পেয়েছি।

তারপর হাওড়া হাটের ব্যাপারে মাননীয় সদস্য পুরঞ্জয় প্রামাণিক মহাশয় বলেছেন যে, মন্ত্রীরা গিয়ে দুজন পুলিশকে গ্রেপ্তার করবার জন্য হুকুম দিয়েছেন। কথাটা সত্য নয়। দুজন নয়, একজন এবং এস পি হুকুম দিয়েছিলেন ও সি-কে গ্রেপ্তার করবার জন্য। মন্ত্রীবা কেউ হুকুম দেন নি। চীনেব বৈদেশিক বিভাগের কোন লোক এসে ঘুরেটুরে গিয়েছেন, এই খবর ও'রা রাখেন এবং আমাকে বলেছেন, আপনারা এইসমস্ত খবর রাখেন না। আমরা কিছু কিছু এই খবর রাখি এবং এইসব খবর দিল্লীর সরকারও রাখেন। তবে কিছু করতে হলে তাঁরাই করতেন এবং আমরাও প্রয়োজন হলে করবো।

একজন মাননীয় সদস্য বলেছেন যে আই জি ঐ যে আমাদের পুলিশ অফিসার যারা গিয়েছেন, মিঃ ওয়াংদি, তাঁকে এক হাজার টাকা পুরস্কার দিয়ে আমাদের মুখ্যমন্ত্রিমহাশয় ও পুলিশ মন্ত্রী মহাশয়ের উপর টেক্কা দিয়েছেন। এ কথা সঠিক নয়। আমার নির্দেশেই এটা হয়েছে। এইসব ক্ষেত্রে গভর্নমেন্ট পুরষ্কার দিয়ে থাকেন।

শ্রীসত্যপ্রসাদ ভট্টাচার্জী মহাশয় বলেছেন—অজয়বাবু একরকম বললেন, আর তাঁর চিফ সেক্রেটারী আর একরকম রিপোর্ট দিলেন—ফুল পাওয়ার্স টু দি পুলিশ বলা হয়েছিল। তিনি বললেন সাবজেক্ট টু গাইড লাইন। এ কথাটা ঠিকই। সাবজেক্ট টু গাইড লাইন আমিও না বলেছিলাম, আমার উপর টেক্কা দিয়ে তিনি বলেন নি। যেটা আনএনিমাস রেজোলিউশন অফ দি ক্যাবিনেট, তারই সারমর্ম তিনি জানিয়েছিলেন।

সুধীরবাবু ও শৈলবাবু এই যে দুই মন্ত্রীর বক্তৃতার কথা বললেন, তাঁরা এ সম্বন্ধে খবরের কাগজে প্রতিবাদ জানিয়েছেন। তার সবটা পড়বো না, আসলে মন্ত্রীশ্বয় মুখ্যমন্ত্রীর বিরোধী কোন নির্দেশ দেন নি। তাঁরা শুধু বলেছিলেন মুখ্যমন্ত্রী চান না যে হাজার হাজার বিঘা জমি অনাবাদী হয়ে পড়ে থাকবে, যখন দেশে খাদ্যাভাব এত তীব্র। এই কথাই তাঁরা বলেছিলেন। খবরের কাগজওয়ালারা তাঁদের নিজেদের রং-টং ফলিয়েছেন ওখানে।

মাননীয় সদস্য মহারাজ বসু মহাশয় বললেন যে, "বন্দেমাতরম্" বন্ধ করে দিয়েছেন। আমি বলি তা বন্ধ হয় নি। এটা যদি বুঝতে চান তাহলে তিনি গেটের বাইরে গিয়ে হাজারখানেক "বন্দেমাতরম্" বলুন, কেউ তাঁকে বারণ করবেন না।

[7-50—8 p.m.]

আমি ব্যক্তিগত কোন প্রশ্নের জবাব দেব না বলে মনে করেছিলাম। কিন্তু আমাদের পক্ষে আর কোন বক্তা তখন বাকী ছিল না। এমন সময় শ্রীআহাম্মদ হোসেন মণ্ডল বললেন যে অজয়বাবু তো 'ফ্লোর ক্রস' করেছিলেন, কাজেই এখন যে পাঁচ জন 'ফ্লোর ক্রস' করেছেন 'দে আর জাস্টিফায়েড', অজয়বাবুকে অনুসরণ করেছেন। কথাটা ঠিক নয়। এখন সবে নির্বাচন হয়ে গিয়েছে, তারপর ফ্লোর ক্রস করেছেন। তার মানে সেখানকার নির্বাচকমণ্ডলী তাঁকে যে নির্দেশ দিয়ে পাঠিয়েছিলেন তার বিরুদ্ধাচরণ করেছেন। আমার বেলায় তা নয়। আমরা তখন পদত্যাগ করলে নির্বাচনের আর কোন সুযোগ ছিল না সাধারণ নির্বাচন পর্যন্ত। তার মাঝে আর কোন নির্বাচন হবে না এটা ইলেকশন কমিশন বলে দিয়েছিলেন, না হলে আমরা অনায়াসে পদত্যাগ করতাম। আমি যে ভয়ে পদত্যাগ করিনি একথা বোধ হয় আমাকে কেউ বলবেন না। তা যদি বলেন তাহলে তাঁরা দয়া করে তমলুক নির্বাচন কেন্দ্রে ভোটের ফলাফল দেখবেন আর আরামবাগের ভোটের ফলাফলও দেখবেন—দেখে তারপর বলবেন। মাননীয় সদস্য শৈলবাবু বলেছেন যে, পুলিশ বাজেটে তাঁরা যেরকম ব্যয় করতেন তা নিয়ে বিরোধীরা সমালোচনা করতেন কিন্তু আজকে বিরোধীরাও সরকারপক্ষে গিয়ে তো সেইরকম ব্যয় করছেন। কথাটা ঠিক, কিন্তু এখন আমরা কমাই কি করে তাঁরা বাড়িয়ে দিয়ে গেছেন, আমরা কোনটা কমাবো—মাইনে কমাবো না ভাতা কমাবো? আমাদের সেটা বলে দিন, আমরা কমাতে পারি। বরং যত জিনিসের দাম বেড়ে যাচ্ছে আমাদের ভাতা কিছু বাড়াতে হয়েছে। তবুও আমরা কর্ডন তুলে দিয়ে এবং কন্টিনজেন্সী থেকে কিছু কমিয়ে ৪৮ লক্ষ টাকা কমাতে বলেছি। শৈলবাবু বলেছেন আমি আমাদের মাননীয়া প্রধানমন্ত্রীকে বলেছি যে, খাদ্য দাও, শান্তি রক্ষা করবো। কথাটা আধা সত্য। আধা সত্য এই হিসাবে যে, আমি বলেছিলাম যখন তাঁরা নকশালবাড়ির কথা তুলেছিলেন যে নকশালবাড়ির চেয়েও বহুগুণ অশান্তি এবং অরাজকতা হবে যদি বাংলাব্যাপী দুর্ভিক্ষ লেগে যায়। প্রায় দুর্ভিক্ষ চলছে, তবুও লোকে শান্তিতে আছে তার কারণ লোকে এই যুক্তফ্রন্ট সরকারকে এত বেশী ভালবাসে যে এইরকম অবস্থা যদি কংগ্রেসী সরকারের আমলে হতো তাহলে জেলায় জেলায় আগুন ধরে যেতো। আমি প্রধানমন্ত্রীকে এই কথাই বলেছিলাম যে, আপনার কংগ্রেসী মন্ত্রীমণ্ডলী আজ যদি থাকতো তাহলে বাংলার জেলায় জেলায় আগুন ধরে যেতো। এখনও ধরেনি তার কারণ তারা এই যুক্তফ্রন্ট সরকারকে ভালবাসে এবং তারা জানে যে আজকে এই খাদ্যাবস্থার জন্য এই ফ্রন্ট দায়ী নয়, সবে চলে গিয়েছেন যে কংগ্রেস সরকার তাঁরাই দায়ী। তাই লোকে চুপ করে আছে, তবুও এখানে সেখানে কিছু ধান চাল লুঠের কথা, রেল আটকাবার কথা এই সবগুলি জানিয়ে আমি তাঁকে বলেছিলাম যে আপনি যদি খাদ্য না দিতে পারেন আমাদের, তাহলে অশান্তি আরো বাড়তে পারে। আর আমি বিশেষ কিছু বলবো না, আমি শুধু বলতে চাই যেকথা আমার বক্তৃতায় বলেছি যে আমরা আর কিছু করতে না পারি, তিন-চার মাসে এমন কিছু করবারও নেই, শাসনের দৃষ্টিভঙ্গী পরিবর্তন করার চেষ্টা করছি এবং পুলিশ তার একটা বড় অঙ্গ। কাজেই আগে যেটা ছিল পুলিশ মাত্রই একটা ভীতির জিনিস ছিল, ইংরাজ আমলে ছিল, কংগ্রেস আমলেও তা চলেছিল, আমরা সেটা পরিবর্তন করার চেষ্টা করছি। পুলিশের ব্যবহার যেন এমন হয় যাতে লোকে মনে করতে পারে যে পুলিশ আমাদের বন্ধু, আমাদের উপর জুলুম অত্যাচার করতে পুলিশ আসবে না এবং লোকের গণতান্ত্রিক অধিকার যেখানে সেখানে যখন তখন গিয়ে আগের মত বাধা দেবে না। তা সে শ্রমিক-কৃষক কিংবা অপরকার ক্ষেত্রে হোক। এইভাবে পুলিশকে আমরা সমস্ত ঢেলে সাজাবার জন্য পরিবর্তন কবার চেষ্টা করছি এবং আমি বিশ্বাস করি যে আমরা তা পারবো এবং সেই অবস্থা হবে। পুলিশের উপর আমার পরিপূর্ণ আস্থা আছে। অনেকে অনেক রকম অনাস্থার কথা বললেন, এটা তাঁরা তাঁদের অতীত ইতিহাস নিয়ে বলেছেন। কিন্তু অদূর ভবিষ্যতে তাঁদেরও মত পরিবর্তন করতে হবে বলে আমি বিশ্বাস করি। এই কথা বলে আমি সমস্ত কাট 'মোশনে'র বিরোধীতা করে আমার প্রস্তাব সমর্থন করার জন্য অনুরোধ করছি।

Mr. Speaker: I put to vote all the cut motions that have been moved.

All the cut motions were then put together and a division taken with the following result:—

AYES—115

Abdul Gaffar, Shri Quazi
Abdul Latif, Shri
Abdullah, Shri S. M.
Abdus Sattar, Shri
Abul Barkat Atawal Ghani Khan Chaudhury, Shri
Ahmad Hossain Mondal, Shri
Azizur Rahaman, Shri
Bagchi, Shri Amalendu Kumar
Banerjee, Shri Mrityunjoy
Banerji, Shri Sankar Das
Barman, Shri Prasenjit
Barman, Shri Syama Prasad
Bauri, Shri Nepal
Bauri, Shri Satish Chandra
Beri, Shri Dayaram
Bhagat, Shri Budhu
Bhattacharjee, Shri Golokesh
Bhattacharya, Shri Bijoy Krishna
Bhattacharyya, Shri Sreepada
Bhuniya, Shri Nitya Nanda
Bishayee, Shri Paramananda
Bose, Shri Maharaja
Brahmachari, Shri Bholanath
Chalak, Shri Kali Kinkar
Chatterjee, Shri Arun
Chattopadhyay, Shri Benoy Kumar
Chattopadhyay, Shri Brindabon
Chaudhuri, Shri Narayan Chandra
Choudhury, Dr. Sashi Bhusan
Chunder, Dr. Pratap Chandra
Das, Shri Ambika Charan
Das, Shri Hare Krishna
Das, Shri Makhan Lal
Das Gupta, Shri Khagendra Nath
Dey, Shri Gobinda Chandra
Dhibar, Shri Pramathanath
Dolai, Shri Rajani Kanta
Dutta, Shrimati Sudharani
Fazlur Rahaman, Shri S. M.
Ghatak, Shri Shibdas
Ghosh, Shri Nitaipada
Ghosh Choudhury, Dr. Ranjit
Goswami, Shri Paresh Chandra
Gurung, Shri Krishna Bahadur
Haldar, Shri Nalini Kanta
Halder, Shri Adhar Chandra
Hazra, Shri Santimoy
Jalan, Shri Iswardas
Jash, Shri Sristhidhar
Karam Hossain, Shri
Kazim Ali Meerza, Shri Syed

Kolay, Shri Jagannath
Kundu, Shri Rajnarayan
Lakra, Shri Denis
Mahato, Shri Ramkrishna
Maiti, Shrimati Abha
Maji, Shri Binode Behari
Majumdar, Shri Byomkes
Mandal, Shri Bhudeb Chandra
Mandal, Shri Prabhakar
Md. Fazle Hoque, Shri
Misra, Shri Sourindra Mohan
Misra, Shri Trilokes
Mitra, Shrimati Biva
Mitra, Shri Dwijendranath
Mitra, Dr. Gopika Ranjan
Mitra, Shri Satyanarayan
Mohammad Sayeed Mia, Shri
Mohammed Israil, Shri
Mondal, Shri Haradhan
Mondal, Shri Sudhir Kumar
Mukherjee, Shri Brajabilash
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukhopadhyay, Shri Pasupati
Murmu, Shri Boila
Murmu, Shri Dashukaran
Nahar, Shri Bijoy Singh
Nandy, Shri Sachindra Mohan
Nuran Nabi, Shri T. A.
Paik, Shri Bimal
Paul, Shri Balai Bhusan
Paul, Shri Sushil Kumar
Poddar, Shri Rajendra Kumar
Pradhan, Shri Trailokyanath
Pramanik, Shri Puranjoy
Prasad, Shri Shiromani
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shri Gonesh Prosad
Roy, Dr. Indrajit
Roy, Shri Jatindra Mohan
Roy, Shri Krishnadas
Roy, Shri Santi Mohan
Roy, Shri Santosh Kumar
Roy, Shri Suvendu
Saha, Shri Kanai (Bankura)
Saren, Shri Mangal Chandra
Sasmal, Shri Bankim Chandra
Sattar, Shrimati Nurunnesa
Sen Ishore, Shri Sankar
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsuddin Ahmed, Shri
Sharma, Shri Joynarayan
Shukla, Shri Krishna Kumar
Sinha, Shri Debendra Nath
Sinha, Shri Sripati
Shigh Deo, Shri Shankar Narayan

Sinha Roy, Shri Panchanan
Tar, Shri Mati Ranjan
Topna, Shri Anotoni
Trivedi, Shri Goalbadan
Tudu, Shri Budhan Chandra
Upadhyay, Shri Mihir
Zainal Abedin, Dr.

NOES—133

Abdul Bari, Shri Md.
Abdul Haque, Shri
Abdul Latif, Shri Md.
Abdul Quiyom Molla, Shri
Baksi, Shri Manoranjan
Bandopadhyay, Shri Amiya Bhusan
Banerjee, Shri Subodh
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Basu, Shri Mukul
Bazle Ahmed, Shri
Bera, Shri Sasabindu
Bhandari, Shri Netai
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharya, Shri Jyoti Bhusan
Bhattacharya, Shri Nani
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhowmik, Shri Kanai
Biswas, Shri Ajit Kumar
Bose, Shri Brindaban Behari
Chakraborty, Shri Kshudiram
Chakraborty, Shri Sadhan Kumar
Chatterjee, Shri Hara Prasad
Chatterjee, Shri Ram
Choubey, Shri Narayan
Dakua, Shri Dinesh Chandra
Das, Shri Debendra Nath
Das, Shri Jagadish Chandra
Das, Shri Mahatab Chand
Das, Shri Nikhil
Das, Dr. Sailendra Nath
Das, Shri Sudhir Chandra
Das Ghose, Shri Biswanath
Das Gupta, Shri Bibhuti Bhusan
Das Mahapatra, Shri Kamakshyanandan
Dhara, Shri Sushil Kumar
Elias Razi, Shri Md.
Franklin, Shri L. H.
Gayen, Shri Prasanta Kumar
Ghose, Shri Kamakshya Charan
Ghose, Shri Sambhu Charan
Ghosh, Shri Krishna Pada
Ghosh, Dr. Prafulla Chandra
Golam Mahiuddin, Shri
Golam Yazdani, Dr.
Guha, Shri Bikesh Chandra
Guha, Shri Kamal Kanti

Guha Neogi, Shri Anildhar
Gurung, Shri Nandalal
Haldar, Shri Hrishikesh
Halder, Shri Krishna Chandra
Hazra, Shri Lalit
Hazra, Shri Monoranjan
Hicks, Shri Clifford
Jana, Shri Manindra Nath
Jaynal Abdin, Shri
Kar, Shri Dhananjoy
Karim Baksh, Dr. Mohammad
Konar, Shri Hare Krishna
Kundu, Shri Nishitha Nath
Lahiri, Shri Somnath
Mahato, Shri Amulya Ratan
Mahato, Shri Girish
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Gobardhan
Majhi, Shri Kandru
Maji, Shri Guiram
Maji, Shri Panna Lal
Majumdar, Shri Amalesh Chandra
Majumdar, Shri Apurba Lal
Majumdar, Shri Dilip Kumar
Majumdar, Shri Harendra Nath
Majumder, Shri Jagannath
Mal, Shri Pagal Chandra
Malakar, Shri Ajoy
Mandal, Shri Kalipada
Mandal, Shri Kumud Ranjan
Mandal, Shri Rabin
Mitra, Shri Chandipada
Mitra, Shri Haridas
Mitra, Shrimati Ila
Mitra, Shri Sunil Kumar
Mondal, Shri Manindra Chandra
Mondal, Shri Sasanka Sekhar
Mondal, Shri Tinkari
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Jayati Prasanna
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Mukhopadhyay, Shri Ajoy Kumar
Mukhopadhyay, Shrimati Geeta
Murmu, Shri Nathaniel
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Sundar Kumar
Noney, Shri W. H.
Noronha, Shri Clifford
Nuhul Islam, Shri
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammed
Ojha, Shri Samarendra
Pahari, Shri Bibhuti
Pal, Shri Kanai
Panda, Shri Bhupal Chandra
Pramanick, Shri Gangadhar

Pramanik, Shri Radhikanath
Pramanik, Shri Rajani Kanta
Purkait, Shri Prabodh
Rai, Shri Deoprokash
Roy, Shri Amalendru Lal
Roy, Shri Haradhan
Roy, Shri Jagadananda
Roy, Shri Jyotish
Roy, Dr. Narayan Chandra
Roy Shri Phakir Chandra
Roy, Shri Provash Chandra
Roy Barman, Shri Khiti Bhusan
Roy Prodhan, Shri Amarendra Nath
Saha, Shri Kripasindhu
Samanta, Shri Gouranga
Sanyal, Shri Mani
Sanyal, Dr. Nalinaksha
Sarkar, Shri Charu Mihir
Sarkar, Shri Nitaipada
Sarkar, Shri Sasthidas
Sen, Shri Jamini Ranjan
Sen, Shri Lakshmi Charan
Sen, Dr. Sadhan Kumar
Sen Gupta, Shri Niranjan
Sen Gupta, Shri Tarun Kumar
Shahedullah, Shri Syed
Shish Mahammad, Shri
Tah, Shri Dasarathi

The Ayes being 115 and the Noes 133, the motions were lost.

The motion of Shri Satyanarayan Banerjee that the demand be reduced to Re. 1 was then put and lost on a division with the result: Ayes 115, Noes 133.

The motion of Shri Pijush Kanti Mukherjee that the demand be reduced to Re. 1 was then put and lost on a division with the result: Ayes 115, Noes 133.

The motion of Shri Byomkesh Majumdar that the demand be reduced to Re. 1 was then put and lost on a division with the result: Ayes 115, Noes 133.

The motion of Shri Trilokes Misra that the demand be reduced to Re. 1 was then put and lost on a division with the result: Ayes 115, Noes 133.

The motion of Dr. Gopal Das Nag that the demand be reduced to Re. 1 was then put and lost on a division with the result: Ayes 115, Noes 133.

The motion of Shri Sushil Kumar Paul that the demand be reduced to Re. 1 was then put and lost on a division with the result: Ayes 115, Noes 133.

The motion of Shri S. M. Abdullah that the demand be reduced to Re. 1 was then put and lost on a division with the result: Ayes 115, Noes 133.

The motion of Shri Nityananda Bhuniya that the demand be reduced to Re. 1 was then put and lost on a division with the result: Ayes 115, Noes 133.

The motion of Shri Sachindra Mohon Nandy that the demand be reduced to Re. 1 was then put and lost on a division with the result: Ayes 115, Noes 133.

The motion of Shri Santosh Kumar Ray that the demand be reduced to Re. 1 was then put and lost on a division with the result: Ayes 115, Noes 133.

The motion of Shri Probhakar Pal that the demand be reduced to Re. 1 was then put and lost on a division with the result: Ayes 115, Noes 133.

The motion of Shri Dwijendra Nath Mitra that the demand be reduced to Re. 1 was then put and lost on a division with the result: Ayes 115, Noes 133.

The motion of Shri Krishna Bahadur Gurung that the demand be reduced to Re. 1 was then put and lost on a division with the result: Ayes 115, Noes 133.

The motion of Shri Mihir Upadhyay that the demand be reduced to Re. 1 was then put and lost on a division with the result: Ayes 115, Noes 133.

The motion of Shri Pramatha Nath Dhibar that the demand be reduced to Re. 1 was then put and lost on a division with the result: Ayes 115, Noes 133.

The motion of Shrimati Abha Maiti that the demand be reduced to Re. 1 was then put and lost on a division with the result: Ayes 115, Noes 133.

The motion of Shri Narayan Chandra Chaudhuri that the demand be reduced to Re. 1 was then put and lost on a division with the result: Ayes 115, Noes 133.

The motion of Dr. Fazle Hoque that the demand be reduced to Re. 1 was then put and lost on a division with the result: Ayes 115, Noes 133.

The motion of Dr. Ranjit Ghosh Chowdhury that the demand be reduced to Re. 1 was then put and lost on a division with the result: Ayes 115, Noes 133.

The motion of Shri Maharaja Bose that the demand be reduced to Re. 1 was then put and lost on a division with the result: Ayes 115, Noes 133.

The motion of Shri Dashu Karan Murmu that the demand be reduced to Re. 1 was then put and lost on a division with the result: Ayes 115, Noes 133.

The motion of Shri Jatindra Mohun Roy that the demand be reduced to Re. 1 was then put and lost on a division with the result: Ayes 115, Noes 133.

The motion of Shri Syama Prasad Barman that the demand be reduced to Re. 1 was then put and lost on a division with the result: Ayes 115, Noes 133.

The motion of Shri Dhirendra Narji Narai that the demand be reduced to Re. 1 was then put and lost on a division with the result: Ayes 115, Noes 133.

The motion of Shri Khagendra Nath Das Gupta that the demand be reduced to Re. 1 was then put and lost on a division with the result: Ayes 115, Noes 133.

The motion of Shri Arun Kumar Moitra that the demand be reduced to Re. 1 was then put and lost on a division with the result: Ayes 115, Noes 133.

The motion of Shri Siddhartha Shankar Ray that the demand be reduced to Re. 1 was then put and lost on a division with the result: Ayes 115, Noes 133.

The motion of Dr. Gopika Ranjan Mitra that the demand be reduced by Rs. 100 was then put and lost on a division with the result: Ayes 115, Noes 133.

The motion of Shri Paresh Chandra Goswami that the demand be reduced by Rs. 100 was then put and lost on a division with the result: Ayes 115, Noes 133.

The motion of Shri Tenzing Wangdi that the demand be reduced by Rs. 100 was then put and lost on a division with the result: Ayes 115, Noes 133.

The motion of Shri Puranjoy Paramanik that the demand be reduced by Rs. 100 was then put and lost on a division with the result: Ayes 115, Noes 133.

The motion of Shrimati Abha Maiti that the demand be reduced by Rs. 100 was then put and lost on a division with the result: Ayes 115, Noes 133.

The motion of Shri Amalendu Kumar Bagchi that the demand be reduced by Rs. 100 was then put and lost on a division with the result: Ayes 115, Noes 133.

The motion of Shri Ajoy Kumar Mukhopadhyay that a sum of Rs. 12,54,09,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 15, Major Head: 23—Police, was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 8 p.m. till 1 p.m. on Wednesday the 19th July 1967, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 19th July, 1967, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri Bejoy Kumar Banerjee) in the Chair, 18 Ministers and 248 Members.

STARRED QUESTIONS

to which oral answers were given

[1—1-10 p.m.]

Expenses on new fittings in the Ministers' rooms

***135.** (Admitted question No. *291.)

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, রাইটার্স বিল্ডিংস-এ মাননীয় মন্ত্রীদের কক্ষগুলি হইতে শীতাতপ-নিয়ন্ত্রিত যন্ত্রগুলি তুলিয়া লওয়ার উক্ত কক্ষগুলিতে পাখা, জানালা ও কক্ষের মেরামতের জন্য সম্প্রতি কোন্ মন্ত্রীর কক্ষের জন্য কত টাকা খরচ হইয়াছে?

Shri Hemanta Kumar Basu:

প্রত্যেকটি কক্ষের জন্য গড়ে ২,০৫৮ টাকা খরচ হইয়াছে।

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, যে টাকা পেমেন্ট করা হয়েছে তাছাড়া কত টাকার আউটস্ট্যান্ডিং বিল পড়ে আছে?

শ্রীহেমন্তকুমার বসু: এটা নোটিশ দিলে বলতে পারবো।

শ্রীনারায়ণ চৌধুরী: মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, গ্রীষ্মকালে এই ঘরগুলিতে বরফ রাখার জন্য কত টাকা খরচ হয়েছে?

শ্রীহেমন্তকুমার বসু: নোটিশ দিলে বলতে পারবো।

শ্রীপ্রমথনাথ ধীবর: মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, বিভিন্ন ঘরের জন্য বিভিন্ন রকম খরচ হোল কেন?

শ্রীহেমন্তকুমার বসু: এক ধরনের খরচ সব জায়গায় হবে কি করে? বিভিন্ন জায়গায় বিভিন্ন রকমে আছে—এটা মেরামতের নিয়ম অনুসারে হয়েছে, কারও একটা জানালা, কারও দুটো জানালা, কোথায়ও একটা পাখা, কোথায়ও দুটো পাখা, এইজন্য হয়েছে।

Total acreage of land vested in this State

***187.** (Admitted question No. *271.) **Shri Abdus Sattar:** Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—

(a) the total acreage of land vested in the State of West Bengal up till now;

(b) the area of the vested land settled on a permanent basis in 1374 B.S. up till now with the peasants having no land in different districts of West Bengal; and

(c) the area of the vested land settled on a temporary basis in 1374 B.S. up till now?

Shri Hare Krishna Konar: (a) 19,84,065.31 acres.

(b) 119.91 acres of homestead land has been settled in Jalpaiguri district on a permanent basis.

(c) 1,54,191.832 acres. Distribution of land is still continuing.

শ্রীআবদুস সাত্তার: এ প্রশ্নের টোট্যাল একারেজ অফ ল্যান্ড ভেস্টেড ইন দি স্টেট গভর্নমেন্ট। এই যে অ্যাসারটেন করেছেন—এই অ্যাসারটেনমেন্ট, ফ্রম দি সেটেলমেন্ট রেকর্ড অর এনি আদার রেকর্ড?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: সেটেলমেন্ট রেকর্ড ছাড়া পাওয়া যাবে কিসে?

শ্রীআবদুস সাত্তার: মন্ত্রিমহাশয় জানেন কি যে, অনেকের জমি সেটেলমেন্টে রেকর্ড হয়েছে মোর দ্যান ৭৫ বিঘাস অব ল্যান্ড অথচ ভেস্টেড হয় নি?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: অনেক জমি বেনামী হয়েছে এটা তো জানা কথা।

শ্রীআবদুস সাত্তার: এক একজন ইন্ডিভিজুয়ালের নামে মোর দ্যান ৭৫ বিঘাস অব ল্যান্ড সেটেলমেন্ট রেকর্ড হয়েছে অথচ ভেস্টেড হয় নি এ রকম জানেন কি?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: এটা আমার জানা নেই, আপনি যদি জানান তাহলে বাধিত হব।

শ্রীআবদুস সাত্তার: বি প্রশ্নে আপনি পার্মানেন্ট সেটেলমেনন্টর কথা বলেছেন, কি রেটে সেটা বন্দোবস্ত করেছেন?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: এটা নোটিশ দিলে বলতে পারবো। তবে সম্প্রতি আমি নির্দেশ দিয়েছি এখন যা বাস্তু জমি বন্দোবস্ত হচ্ছে বিনা সেলামীতে তা হচ্ছে।

শ্রীআবদুস সাত্তার: আপনি যে পার্মানেন্ট বেসিসে বন্দোবস্ত করেছেন, কি হারে বন্দোবস্ত করলেন হোয়েদার ইউ আর টেকিং রেন্ট অর নট। এ সম্বন্ধে কিছুই জানেন না?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: নোটিশ দিলে বলতে পারবো।

শ্রীমহম্মদ ইসরাইল: এই যে আপনি বললেন হোমস্টেড ল্যান্ডগুলি পার্মানেন্ট বেসিসে করেছেন চাষের জমিগুলি কি পার্মানেন্ট করার কোন পরিকল্পনা আছে?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: বারে বারে এই অ্যাসেম্বলীতে ঘোষণা করা হয়েছে যে সামনের বছর থেকে যাতে পার্মানেন্টলি ডিস্ট্রিবিউট করা যায় তার জন্য এখন থেকে প্রচেষ্টা করা হচ্ছে।

ডাঃ গোপিকারঞ্জন মিত্র: মন্ত্রিমহাশয় কি বলবেন এই যে সেটেলমেন্ট করা হচ্ছে এই সেটেলমেন্ট করার আগে তার কোন প্রি-কন্ডিসন দেওয়া হচ্ছে কিনা?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: সেটেলমেন্ট করার আগে যা আছে, যারা এলিজিবল ক্যাটাগরী অর্থাৎ যাদের জমি নেই বা দু-একরের কম জমি, নিজের হাতে লাঙ্গল চাষ করছে এবং তার মধ্যে সেডিউলড কাস্ট এবং ট্রাইবস—এদের অগ্রাধিকার দেওয়া হবে।

ডাঃ গোপিকারঞ্জন মিত্র: এই এলিজিবিলিটির ব্যাপারে এইরকম ধরনের কোন কন্ডিসন আছে কিনা যে কৃষক সমিতির সভ্য হতে হবে?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: এটা অবান্তর কথা।

শ্রীপীযুষকান্তি মুখার্জি: এই যে পার্মানেন্ট কথাটা বললেন—এটা কি ডিক্সনারী গত অর্থে কোন সার্টেন টাইম অফ লিজ সার্টেন পিরিয়ডের জন্য কি লিজ দেবেন?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: আমি বলেছি যে সামনের বছর থেকে করা হবে এবং তার সমস্ত প্ল্যান এবং রুলস আমরা তৈরী করছি—কিছু ফাইনালাইজড হয় নি।

শ্রীপীযূষকান্তি মুখার্জি: পার্মানেন্টের অর্থটা আমি জানতে চাই?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: স্থায়ীভাবে বলতে কি মিন করবো হোয়েদার দ্যাট উইল বি ফর নাইনটি নাইন ইয়ার্স লিজ অথবা অর্থাৎ রায়তী স্বত্ব দিয়ে দেওয়া ইত্যাদি এগুলি আলোচনা করে ঠিক করতে হবে।

শ্রীপরেশচন্দ্র গোস্বামী: মন্ত্রিমহাশয় কি জানেন যে, কালনা এলাকায় গতবারে যাদের জমি দেওয়া হয়েছিল এবং এবার যারা চাষ করেছেন তাদের সেই জমি থেকে ছাড়িয়ে দেওয়া হচ্ছে?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: কালনাতে হয়েছে কিনা জানি না, তবে আমার সাধারণ নির্দেশ আছে যে এর আগে অনেক ইন-এলিজিবল পার্সনদের দেওয়া হয়েছে—জোতদারের লোককে দেওয়া হয়েছে আমি শুধু বলেছি গতবারে যাদের দেওয়া হয়েছে তাদের বিরুদ্ধে যদি অভিযোগ থাকে তাহলে জে এল আর ও সেগুলি পুনর্বিবেচনা করে আমাদের নূতন সার্কুলার অনুসারে বিলি করবেন।

[1-10—1-20 p.m.]

শ্রী শ্রীপদ ভট্টাচার্য: আপনি কি বলবেন সরকারের কি নীতি কতদিন হলে আগে বন্দোবস্ত হবার পর নেবেন?

মিঃ স্পীকার: এই কোশ্চেনটা এরাইজ করে না, আপনি প্রপারলি কোশ্চেন করুন।

শ্রীপ্রমথনাথ ধীবর: জোতদারের লোক বলতে কি বোঝেন?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: যেমন আপনি নিজে।

শ্রীমহম্মদ ইসরাইল: অন এ পয়েন্ট অফ অর্ডার, মন্ত্রিমহাশয় বলবেন যেমন আপনি জোতদারের লোক একথা কি বলা ঠিক হল?

মিঃ স্পীকার: আমি জানি না তিনি জোতদার কিনা।

ডাঃ রঞ্জিত ঘোষ চৌধুরী: আপনি কি জানাবেন আপনার পিতা, ভ্রাতা এবং আপনি নিজে জোতদারের লোক?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: আমি জোতদারের লোক কেন, আমি একটা ছোটখাট জোতদার, আমার ২২ বিঘা জমি আছে ভাগে চাষ করাই।

শ্রীপ্রমথনাথ ধীবর: অন পারসোন্যাল এক্সপ্লানেশান, উনি বললেন আমি জোতদারের লোক আমি জানাতে চাই, আমার এক ছটাকও জমি নেই।

শ্রীহরেকৃষ্ণ কোঙার: তিনি জিজ্ঞাসা করেছিলেন জোতদারের লোক কাকে বলে আমি বলেছি জোতদারের এজেন্ট।

শ্রীমতী পূরবী মুখার্জি: অন এ পয়েন্ট অফ অর্ডার, মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রী প্রশ্ন উত্তরে জোতদারের লোক কথাটা ব্যবহার করেছিলেন তাই আমাদের পক্ষের সদস্যরা জানতে চেয়েছেন জোতদারের লোক বলতে আপনি কি বোঝেন এবং তার উত্তরে বলেছেন একজন ইন্ডিভিজুয়াল সদস্যকে যেমন আপনি জোতদারের লোক—এটা কি ঠিক জবাব দেওয়া হচ্ছে এবং এভাবে কি তিনি তার উত্তর দেবেন? আমি জানতে চাই কোশ্চেন আওয়ারের সুযোগ নিয়ে মন্ত্রিমহাশয়ের এরূপ জবাব দেওয়া সমীচিন হয়েছে কিনা? আপনি বললেন জোতদার কাকে বলে জানি না, জমি জায়গার ব্যাপার। আমি জানতে চাই জোতদারের লোক বলতে কাকে মিন করছেন, কোন ইন্ডিভিজুয়ালকে নিশ্চয়ই নয়। এ সম্পর্কে এরূপ লাইট হার্টেড উত্তর না দেওয়া হয় সেজন্য অনুরোধ করছি।

মিঃ স্পীকার: আপনি যা বলেছেন এরূপ কথা না বলাই ভাল। এবং কোনরকম কাউকে কটাক্ষ করে বলা উচিত নয়। এরকম লাইট হার্টেড ভবিষ্যতে আশা করি বলবেন না।

শ্রীহারানচন্দ্র মণ্ডল: যেসমস্ত ভেস্টেড ল্যান্ড রয়েছে তাতে যে সমস্ত অকৃষক জমি চাষবাস না করে, যে সমস্ত জমিতে ব্যবসা বাণিজ্য করছে, সে সমস্ত জমি সম্পর্কে কি করবেন?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: অনেক জমি জোতদার দখল করে আছে, তবে বাড়িঘর করে আছে কিনা জানি না।

শ্রীআবদুল লতিফ:...জমি বিলির ব্যাপারে সিডিউল কাস্ট ও সিডিউল ট্রাইবসদের অগ্রাধিকার দেবেন বলেছেন কিন্তু লাঙ্গল বা গরু না থাকলেও জমি পাবে?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: যাদের জমি নেই বা দুই একরের কম জমি নিজের হাতে চাষ করে লাঙ্গল দিয়ে, এরূপ লোকেদের দেওয়া হবে। অনেকে লাঙ্গল ভাড়া করে চাষ করে, অর্থাৎ লাঙ্গল না থাকলেও ইন এলিজিবল হবে না যদি সে নিজের হাতে চাষ করে।

শ্রীআবদুল লতিফ: গরু বা লাঙ্গল না থাকলেও এরূপ বর্গাদারকে কি অগ্রাধিকার দেওয়া হবে?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: ক্ষেত মজুরদের দেওয়া হবে।

শ্রীকানাই ভৌমিক: ১৯ লক্ষ ৮৪ হাজার একরের মধ্যে এক লক্ষ ৫৪ হাজার বিলি হয়েছে বাকি জমি কি অবস্থায় আছে?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: এর আগে প্রশ্নের উত্তরে বলেছিলাম মাত্র ৪ লক্ষ একরের মত কৃষি জমি বাকি হচ্ছে অকৃষি বা বন ইত্যাদি। ৪ লক্ষ একরের মধ্যে একটা মোটা অংশ বিভিন্ন কোর্টের দ্বারা আটক আছে তার পরিমাণ বলতে পারবো না, কোর্টের দ্বারা আটক আছে ১ লক্ষ ৮ হাজার একর। তার মধ্যেও কিছু আছে। চার লক্ষ যেটা আইনত ভেস্ট করতো তার মধ্যে কতটা আছে সেটা সঠিক বলা মুস্কিল। অতএব ৩ লক্ষ একরের মত আছে এর মধ্যে বিলি যেটা হয়েছে ১ লক্ষ ৫০ হাজার একর সেটাই কন্টিনিউ করছে তবে এ মাসের পর দেখা যাবে এ ফিগার আরো বেড়ে গেছে। আর পার্টলি ভেস্টিং যেটা সেটা সম্বন্ধে আমার এনকোয়ারী করতে হবে।

শ্রীপরেশচন্দ্র গোস্বামী: যে জমি ভেস্ট হয়েছে তার ভেতর দিয়ে কোন সরকারের রাস্তা, কারখানা বা পাবলিক ইনস্টিটিউশন-এর কাজে সে জমি ব্যবহার করা হয়েছে কিনা?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: নোটিশ চাই।

Amta Basin Drainage Scheme

***188.** (Admitted question No. *406.)

শ্রীনিতাই ভাণ্ডারী: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৫৬ সালে স্লুইস ও লকগেট সমেত যে আমতা বেসিন ড্রেনেজ স্কীম প্রস্তুত হইয়াছিল তাহা পরিবর্তন করিয়া কেন খোলা খাল কাটা হইল;

(খ) ইহা কি সত্য যে, এই খোলা খাল কাদুয়ার মাঠের জল নিকাশ সমস্যার সমাধান করিতে পারে নাই;

(গ) সত্য হইলে, উক্ত মাঠের জলনিকাশ সমস্যার সমাধানের জন্য সেচ বিভাগ কি খালের মুখে স্লুইস ও লকগেট নির্মাণের কোন স্কীম করিয়াছে; এবং

(ঘ) যদি '(গ)' প্রশ্নের উত্তর হাঁ হয়, তবে কতদিনে তাহা কার্যে রূপান্তরিক হইবে?

Shri Biswanath Mukherjee:

(ক) ব্যয় সংকোচের উদ্দেশ্যে পরিকল্পনাটি পুনর্বিবেচনা করিয়া দেখা যায় যে স্লুইস ও লক গেট না করিয়াও খোলা খাল কাটা হইলে বিল এলাকার আংশিক উপকার হইবে। উপরোক্ত কারণের জনাই খালটি খোলা অবস্থাতেই কাটা হইয়াছিল।

(খ) আংশিক সত্য, কারণ কেদুয়া মাঠের জমি নীচু হওয়ায় পুরো মাঠটির জলনিষ্কাশন সম্ভব নয়। সেইজন্যই কেদুয়া বিল নিম্ন দামোদর পরিকল্পনার অন্তর্ভুক্ত করা হইয়াছে।

(গ) স্লুইস ও লক গেটের প্রশ্ন পরিকল্পনা হইতে সম্পূর্ণ বাদ দেওয়া হয় নাই। কেবলমাত্র স্থগিত রাখা হইয়াছে। নূতন করিয়া অনুসন্ধান করিয়া প্রাক্‌কলন ইত্যাদি প্রস্তুত করিবার ব্যবস্থা করা হইতেছে।

(ঘ) আশা করা যায় প্রাক্‌কলন ইত্যাদি এই বৎসরের মধ্যেই প্রস্তুত হইবে এবং তাহা স্টেট টেকনিক্যাল কমিটি কর্তৃক অনুমোদিত হইলে প্রয়োজনীয় অর্থ সংস্থানের চেষ্টা করা হইবে।

শ্রীহারানচন্দ্র মণ্ডল: আপনি কি জানেন স্লুইস অ্যান্ড লক গেট নির্মাণের জন্য ইংরাজ আমলে ১০০ বিঘা জমি একোয়ার করা হয়েছিল?

শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়: হ্যাঁ, হয়েছিল।

শ্রীহারানচন্দ্র মণ্ডল: সে জমি কি অবস্থায় আছে?

শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়: কেঁদুয়া খাল সংস্কারের কথা যখন হয় তখন সেটা একোয়ার করার নোটিশ দেওয়া হয় কিন্তু লক গেটে স্লুইস করবার প্ল্যানটা যখন ড্রাফ্‌ট হল তখন সেটা আর পারসু করা হয় না ১০০ বিঘার মধ্যে ৩৬ বিঘা দেওয়া হয়।

[1-20—1-30 p.m.]

শ্রীনিতাই ভাণ্ডারী: এটা কি ঠিক যে জগবন্ধু সরকার, যিনি জমি লিজ আউট নিয়ে জমির উপর একটা চালকল নির্মাণ করেছেন এবং পজেশান ছেড়ে দেবার জন্য যখন তাঁকে নোটিশ করা হয় তখন তাঁর আপত্তি করার ফলে এই স্লুইস এবং লক গেট বাদ দেওয়া হয়েছে?

শ্রীবিশ্বনাথ মুখার্জি: হতে পারে, আমি জানি না।

শ্রীশৈলকুমার মুখার্জী: মাননীয় মন্ত্রিমহাশয় সেদিন প্রশ্নোত্তরের সময় বলেছিলেন যে, সমস্ত আমতা বেসিন ড্রেনেজ স্কীমটি নিম্ন দামোদর পরিকল্পনার অন্তর্ভুক্ত করা হচ্ছে। এই আমতা বেসিনটি কি লোয়ার দামোদর স্কীমের ভিতর অন্তর্ভুক্ত?

শ্রীবিশ্বনাথ মুখার্জী: এই লোয়ার দামোদর স্কীমটিকে খুব বড় করে করা হচ্ছে এবং এই আমতা বেসিন সেকশন্যাল স্কীমটিও এর ভিতর আছে। সেজন্য লোয়ার দামোদর ড্রেনেজ স্কীমটি টোটালী বড় করে করা হচ্ছে কারণ আমতা স্কীমের জল নিকাশের ব্যবস্থা পরীক্ষা করে দেখা গেছে যে একটি স্কীমের দ্বারা হবে না। স্লুইসগেট করলেও হচ্ছে না, আর লক গেট করলেও হচ্ছে না। যদি বাঁধ দিয়ে খানিকটা জল ডাইভার্ট করে দেওয়া যায় এবং সেখানে যদি একটা রেগুলেটার বসানো যায় তাহলে আংশিক ভাবে হতে পারে। কিন্তু তাতেও সমাধা হচ্ছে না। সেই জন্য খানিকটা লোয়ার দামোদর স্কীমের ভিতর করা হচ্ছে।

শ্রীশৈলকুমার মুখার্জী: মন্ত্রিমহাশয় বললেন যে, ওটা লোয়ার দামোদর স্কীমের ভিতর অন্তর্ভুক্ত। কিন্তু ইন্ডিপেণ্ডেন্টলি টেক আপ করা যাবে কিনা এটা কি মন্ত্রিমহাশয় বলতে পারবেন?

শ্রীবিশ্বনাথ মুখার্জী: আমি ওটা টেক আপ করেছি।

Re-excavation of Panipera Drainage Khal

***189.** (Admitted question No. *425.) **Shri Makhan Lal Das:** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) if the work of re-excavation of Panipera Drainage Khal for the purpose of drainage out excess water of the Contai basin has been completed; and

(b) if not, how long it will take to complete the work?

Shri Biswanath Mukherjee: (a) The work of re-excavation of Panipia Khal (not Panipera as stated in the question) has not yet been completed.

(b) The work is expected to be completed before the monsoon of 1968.

শ্রীপঞ্চানন সিংহ রায়ঃ মাননীয় মন্ত্রিমহোদয় কি জানেন যে এই কাজ দেরি হওয়ার ফলে প্রচুর জমি জলমগ্ন হচ্ছে এবং একে ত্বরান্বিত করার কোন সম্ভাবনা আছে কি?

শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ আপনি ১৯৬৭ সালের বর্ষায় এই প্রশ্ন করছেন। আমি আপনাকে এইটুকু বলতে পারি যে ১৯৬৮ সালের শুখনার সময় ওটা কমপ্লিট হয়ে যাবে। আপনি কি এর চেয়েও তাড়াতাড়ি আশা করছেন।

শ্রীপঞ্চানন সিংহ রায়ঃ সেক্ষেত্রে মাননীয় মন্ত্রিমহাশয় কি ড্রেনেজের বিকল্প কোন পরিকল্পনা নেবেন, যাতে করে মেসিন দ্বারা জল ড্রেনেজ আউট করে অন্য জায়গায় বের করে দেয়া যায়?

শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ আমি আবার বলছি যে আপনি ১৯৬৭ সালে বর্ষার সময় আলোচনা করছেন। এবং আমি বলছি বর্ষার পরেই এটা কমপ্লিট করা হবে। এই স্কীম অনুসারে যেসব জায়গা বেনিফিটেড হওয়ার কথা আছে সেগুলি হবে। একমাত্র ক্যানেল, জাংসন এলাকার ওয়ার্ক বাকি থাকবে। সেটা পরে হবে। আর বাকিটা হয়ে যাবে। মোটামুটি ড্রেনেজের ব্যাপারটা কমপ্লিট হয়ে যাবে। সুতরাং নেক্সট মনসুন নাগাদ বেনিফিট পাওয়া যাবে। আমরা এই মনসুনে এখানে দাঁড়িয়ে একথা বলছি, কাজেই নেক্সট মনসুনের আগেই ইরিগেশন ডিপার্টমেন্ট বেনিফিট দেওয়ার জন্য চেষ্টা করছেন।

শ্রীপঞ্চানন সিংহ রায়ঃ আমার প্রশ্ন হচ্ছে ১৯৬৭ সালের মনসুনেই ওখানকার অনেক জমিই জলমগ্ন হয়ে যাবে, যেহেতু কাজটা করতে দেরি হচ্ছে। কাজেই এই বর্ষায় ড্রেনেজ আউটের কোন বিকল্প পরিকল্পনা নেবেন কি?

শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ আমার কাছে এইরকম কোন রিপ্রেজেনটেশন আসে নি এখনও পর্যন্ত। আপাতত সে স্কীম নেই। তবে বর্ষার মধ্যে কি করা যায় এমন কোন স্কীম যদি দেন তাহলে আমি নিশ্চয়ই পরীক্ষা করে দেখবো।

শ্রীসুধীরচন্দ্র দাসঃ প্রশ্নটা ছিল যে পানীপেয়ী ড্রেনেজের বেশি জল বের করে দেবার ব্যবস্থা শেষ হয়ে গেছে কিনা। পানীপেয়ী খালটা কাটা হয়ে গেছে। কিন্তু কাঁথি মেদিনীপুর রাস্তা এবং দিঘা রাস্তায় যে নূতন পুল হয়েছে তার দুপাশে বড় বাঁধের দ্বারা অবরুদ্ধ হয়ে আছে। কাজেই সেটা বাঁধের পূর্বে তুলে দেবার ব্যবস্থা না হলে জলনিকাশ হবে না। পানীপেয়ী খালটির জল নিকাশী ব্যবস্থা এই বছরে হয়ে যেতে পারে যদি তিনটি বাঁধকে রিমুভ করে দেওয়া হয়, এই ব্যবস্থা মন্ত্রিমহাশয় করবেন কি?

শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ মাননীয় সদস্যরা কালকে এটা আমার দৃষ্টিতে এনেছিলেন। সেইজন্য আমি মাননীয় সদস্যদের এই কথা বলছি যে আজকে আপনারা ওটা লিখে আমায় দেবেন, আমি নিশ্চয়ই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবো।

Beneficiary of Murshidabad Estate Trust

***190.** (Admitted question No. *433.)

শ্রীআবদুল হকঃ বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মুর্শিদাবাদ এস্টেট ট্রাস্টের উপসত্ত্বভোগীরা (বেনিফিসিয়ারী) ঠিকমত টাকা পাইতেছেন না;

(খ) সত্য হইলে তাহার কারণ কি; এবং

(গ) উক্ত ট্রাস্টের উপসত্ত্বভোগীদের নাম কি এবং কোন্‌জন অদ্যাবধি কত টাকা পাইয়াছেন?

Shri Amar Prasad Chakrabarty:

(ক) মুর্শিদাবাদ ট্রাস্ট এস্টেটের উপসত্বভোগীরা ঠিকমত টাকা পাইতেছেন না ইহা সম্পূর্ণ সত্য নহে। ১৮৯১ সালের মুর্শিদাবাদ আইন অনুযায়ী ভারত সরকারের নিকট হইতে অ্যানুইটি বাবদ প্রাপ্য ২,৩০,০০০ টাকা হইতে ১৯৬৩ সালের মুর্শিদাবাদ আইন অনুযায়ী সর্বাগ্রে নবাব বাহাদুরকে তাহার নির্দিষ্ট ভাতা দেওয়া হইতেছে। অপরাপর উপস্বত্বভোগীদিগকে টাকা দেওয়া কিছুদিন যাবৎ বন্ধ আছে।

(খ) ১৯৬৩ সালের মুর্শিদাবাদ আইনে উপসত্বভোগীদিগকে যে টাকা দেওয়ার ব্যবস্থা আছে নবাব বাহাদুর ব্যতীত অন্যান্যদের সেই টাকা দেওয়া সম্ভব হয় নাই। কারণ মুর্শিদাবাদ ট্রাস্ট এস্টেটের আয় পর্যাপ্ত নহে।

(গ) উপসত্বভোগীদিগের নাম এবং চলতি বৎসরের ১৪ই জুলাই অবধি কাহাকে কত টাকা দেওয়া হইয়াছে তাহার একটি তালিকা উত্তরের সহিত সংযোজিত হইল।

Payments made to the beneficiaries from 1-6-65 to 14-7-67

Name of beneficiaries	Payments		Remarks.
	Out of income	Out of capital.	
	Rs.	Rs.	
1. Nawab Bahadur of Murshidabad	1,99,706 .81	6,00,000	Paid in terms of sub-section 1 of section [illegible]urshidabad Estate (Trust) Act, 1963 as amended.
	**1,47,000 .00	2,13,392	Paid in terms of the West Bengal Ordinance No. XX of 1966.
	3,48,706 .81	8,13,392	
2. Sahibzada Dilar Jah Syed F. Ali Meerza	3,377 .98		
3. Sahibzada Kaiwan Jah Syed Kazim Ali Meerza	3,377 .96		
4. Sahibzada Jamshed Jah Syed Iman Ali Meerza	3,059 96		
5. Sahibzada Mussafar Jah Syed Sajid Ali Meerza.	2,781 76		
6. Sahibzadi Hasmatunnisa Begum	843 .76		
7. Sahibzadi Shakeel Ara Begum	804 .00		
8. Sahibzadi Jamal Ara Begum	782 39		Amount of Rs. 21 .61 to her account is lying undrawn.
9. Sahibzadi Quamar Jahan Hussan Ara Begum.	Nil		Pakistani citizen. Amount of Rs. 804 credited to her account but not paid.
10. Sahibzadi Anjuman Ara Safia Bano Begum.	Nil		Pakistani citizen. Amount of Rs. 804 credited to her account but not paid.

** From September, 1965 deduction at the rate of Rs 3,773 per month is being made from the monthly allowance of Rs. 7,006 for Income Tax liabilities. The total amount of monthly allowance from September 1965 to May 1967 is Rs. 1,47,000 out of which Rs. 79,233 was deducted at the rate of Rs. 3,773 per month and the balance amounting to Rs. 67,767 was paid to the Nawab Bahadur.

ডাঃ রঞ্জিৎ ঘোষ চৌধুরী: আমার বক্তব্য হচ্ছে যে যখন প্রশ্নটার জবাব দিতে এত সময় লাগে, এত স্টেটমেন্ট আছে তখন এটাকে স্টারর্ড না করে আন-স্টারর্ড করে দিলে চলতো না?

মিঃ স্পীকার: অন্য সময় বলবেন।

Forcible occupation of lands by the extremists of Naxalbari, Kharibari and Phansidewa

***191.** (Admitted question No. *458.)

শ্রীঅজয় মালাকার: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) নকশালবাড়ী, খড়িবাড়ী ও ফাঁসিদেওয়া অঞ্চলে উগ্রপন্থীরা কতজন লোকের জমি জোরপূর্বক দখল করিয়াছে;

(খ) জোরপূর্বক দখলীকৃত জমির পরিমাণ কত;

(গ) কোন ভেস্টেড ল্যান্ড দখল করিয়া থাকিলে, তাহার পরিমাণ কত;

(ঘ) উগ্রপন্থীরা জোরপূর্বক যাহাদের জমি দখল করিয়াছে—তাহারা কত জমির মালিক এবং

(ঙ) উগ্রপন্থীদের হাত হইতে ঐ জমি উদ্ধার করিয়া জমির মালিককে জমি দখল দেওয়ার জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

Shri Hare Krishna Konar:

(ক) ৪২ জনের।

(খ), (গ) ও (ঘ) পূর্ণ বিবরণ সংগ্রহ করিতে পারা যায় নাই।

(ঙ) থানা ও মহকুমা কমিটি মারফত এ বিষয়ে ব্যবস্থা অবলম্বন করা হইতেছে।

শ্রীহরপ্রসাদ চ্যাটার্জি: সরকারের ন্যস্ত জমির কত জমি জোতদার এবং কত জমি চা বাগানের মালিকরা বেআইনীভাবে দখল করে রেখেছেন?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: এটা এইভাবে বলা মুস্কিল আছে। তবে আমি এইটুকু বলতে পারি যে, ঐ এলাকায় ১৭ হাজার একর জমি সরকারের হাতে আইনত ভেস্ট করেছি। তার মধ্যে ১০ হাজার একর মত চাষের জমি বলে রেকর্ডেড আছে। তবে তার মধ্যে সাড়ে ছয় হাজার একরের মত বাৎসরিক বন্দোবস্ত দেওয়া আছে। এক হাজার ২০০ একর মত জমি এক্স-মিলিটারী পারসোনালদের দেওয়া হয়েছে, বাকি জমি যে কি অবস্থায় আছে, ১০ হাজার একরের মধ্যে, এটা খুঁজে বার করতে হবে।

তার মধ্যে দু'শ হাজার একরের মত চাষের জমির কেবল রেকর্ড আছে, তার মধ্যে সাড়ে ছয় হাজার একরের মত জমি ঐ বার্ষিক বন্দোবস্ত দেওয়া হয়েছে বারোশো একরের মত জমি—সেগুলি এক্স-মিলিটারী পার্সনদের দেওয়া হয়েছে। বাকি জমি যে কি অবস্থায় আছে—ঐ দশ হাজার একরের মধ্যে, তা খুঁজে বের করতে হবে। ঐ যে সাড়ে ছয় হাজার একর ল্যান্ড ভেস্ট করেছে তার এলিজিবল পার্সনকে দেওয়া হয়েছে কি হয় নাই এই নিয়ে অভিযোগ আছে। ওখানে যে থানা ও মহকুমা কমিটি করা হয়েছে তাঁরা সমস্ত বিষয় বিচার-বিবেচনা করে তাদের সুপারিশ জানালে সরকার সেই সুপারিশ বিবেচনা করে সেইমত কাজ করবেন।

[1-30—1-40 p.m.]

Shri Ajoy Malakar:

কতজন জমির মালিককে জমি ফেরত দেওয়া হয়েছে বলতে পারেন?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: আগেই বলেছি ৪২ জনের কাছ থেকে অভিযোগ পাওয়া গেছে। তা এনকোয়ারী করে আমাদের সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। কারণ সেই অভিযোগগুলি সঠিক কিনা, সেই জমি ভেস্টেড ল্যান্ড কিনা, কার দখলে ছিল সব দেখতে হবে। এখন পর্যন্ত কাউকে ফেরত দেওয়া হয় নি, সবই তদন্ত অবস্থায় আছে।

Shri S. M. Fazlur Rahman:

কারা তদন্ত করছেন?

Shri Hare Krishna Konar:

এরা থানায় অভিযোগ করেছে জমির চরিত্রটা কি—সেগুলি সম্বন্ধে থানা ও মহকুমা ল্যান্ড কমিটি করা হয়েছে। এরা অ্যাডভাইসরি কমিটি। মূলতঃ সরকারী অফিসারদেরই তদন্ত করতে হবে, থানায় অভিযোগ গিয়েছে, নিশ্চয়ই এটা ক্রিমিন্যাল কেসের ব্যাপার। জমিগুলির চরিত্র কি—কি ব্যাপার, কোন ডিসপিউট আছে কিনা—এ সবই ঐ অ্যাডভাইসরি কমিটি আলোচনা করেছেন, কিন্তু আসন অথরিটি হচ্ছে গভর্নমেন্ট অফিসারেরা।

Shri S. M. Fazlur Rahman:

এই জবর দখলটা ক্রিমিন্যাল কেস বলে আপনারা গণ্য করেন কিনা?

Shri Hare Krishna Konar:

সেটা তো বললাম ঐ ক্রিমিন্যাল কেস-এর ব্যাপার বলেই তো অ্যারেস্ট হয়েছে, থানায় অভিযোগ আছে।

Shri S. M. Fazlur Rahman:

যেগুলি থানায় অভিযোগ পাওয়া গেছে তার প্রতিবিধানের জন্য পুলিশ স্টেপ নিয়েছে? তার বিচার হবে কি?

Shri Hare Krishna Konar:

প্রশ্ন হচ্ছে জমি ফেরৎ নিয়ে—জমি ফেরৎ দেওয়া হয়েছে কিনা? মালিকরা থানায় যে ডায়েরী করেছে তাতে ক্রিমিন্যাল কেস হবে, সেইভাবে বিচার হবে। যতক্ষণ না কোর্টে বিচার করা হচ্ছে, এই কমিটি তার মধ্যে সব ব্যবস্থা করে ফেলতে পারে।

Shri S. M. Fazlur Rahman:

আগে বিচারে এনে তারপর তদন্তের ফলাফলের উপর কাজ করা হবে, না, তদন্ত করে পরে বিচার করে কাজ করা হবে?

Shri Hare Krishna Konar:

দুটো এক নয়, পরস্পরের উপর নির্ভরশীল।

Shri Krishnapada Ghosh:

মন্ত্রিমহাশয় বলবেন কি যদি অনুসন্ধান করে দেখা যায় যে এই জমি হচ্ছে ভেস্টেড জমি বা বেনামী জমি, তাহলে কৃষকদের মধ্যে সেগুলি বিলি করে দেওয়া হবে কিনা?

Shri Hare Krishna Konar:

হলে তো নিশ্চয়ই দিয়ে দেওয়া হবে।

Shri Haradhan Mondal:

মন্ত্রিমহাশয় বললেন তদন্ত করা হচ্ছে, তিনি সেদিন সোনারপুরে যেকথা বলে এসেছেন, কৃষকরা সব পতিত জমি চাষ করবে, পুলিশ কারো বিরুদ্ধে কোন স্টেপ নেবে না, এখানেও কি সেইরকম নির্দেশ দিয়েছেন?

Shri Hare Krishna Konar:

মাননীয় সদস্য সোনারপুর সম্বন্ধে যে কথা বললেন তা সম্পূর্ণ অসত্য।

Shri Abdus Sattar:

(ক) উত্তরে বললেন ৪২ জন। আর গতকাল মুখ্যমন্ত্রী বললেন প্রশ্নোত্তরে যে মার্চ থেকে জুন মাস পর্যন্ত ফোর্সিবিল অকুপেশন অফ ল্যান্ড হয়েছে ৫৮টা। এর কোনটা সত্য?

Shri Hare Krishna Konar:

জেলা কর্তৃপক্ষ যে রিপোর্ট পাঠিয়েছে আমি তার ভিত্তিতে বলছি।

Shri Amalendra Lal Roy:

মন্ত্রিমহাশয় জানেন কি নকশালবাড়ি, খড়িবাড়ি ও ফাঁসিদেওয়া অঞ্চলে যেসমস্ত জমি সরকারের হাতে বর্তেছে তার মধ্যে বহু জমির সেটেলমেন্ট রেকর্ডের কোন প্রমাণ পাওয়া যাচ্ছে না?

Shri Hare Krishna Konar:

এইরকম অভিযোগই তো আমার কানে এসেছে। সেইজন্য কমিটিগুলি করে আরো ভালো করে বিচার বিবেচনা করছি।

Shri Panna Lal Majhi:

মন্ত্রিমহাশয় জানাবেন কি, যেসমস্ত জমি জোরপূর্বক দখল করা হয়েছে বলে বলা হচ্ছে তা সম্পূর্ণ ভেস্টেড ল্যান্ড, জোতদাররা বেআইনীভাবে দখল করে রেখেছিল, সেই জমি কৃষকরা দখল করে চাষ করছে?

Shri Hare Krishna Konar:

তা কি করে বলবো? এগুলি সব তদন্ত করা হচ্ছে।

Shri Haradhan Mandal:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে আমরা নাকি অসত্য কথা বলেছি। মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, গতকাল যুগান্তর পত্রিকায় যে সংবাদটি প্রকাশিত হয়েছিল, সেটা অসত্য না, মুখ্যমন্ত্রী মহাশয় যেটা বলেছিলেন, সেটা অসত্য?

Shri Hare Krishna Konar:

মুখ্যমন্ত্রী মহাশয় গতকালই বলে দিয়েছেন যে সংবাদপত্রে সব সময় সকল কথা সত্য বেরোয় না।

Shri Pramatha Nath Dhibar:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যারা জবরদখল করে রেখেছে তাদের মধ্যে কোন জোতদার আছে কিনা?

Shri Hare Krishna Konar:

আমি কি করে বলবো, সবইত তদন্তের অধীনে।

Shri Shamsuddin Ahmed:

যেসমস্ত উদ্বাস্তু ভুল করে ভেস্টেড ল্যান্ড-এ জমি খরিদ করে বসে আছেন, তাদের বন্দোবস্ত দেবার জন্য তাদের কেসগুলি বিবেচনা করা হবে কিনা?

Shri Hare Krishna Konar:

এই প্রশ্ন থেকে এ প্রশ্ন ওঠে না। আমার সঙ্গে দেখা করবেন, আমি এ সম্বন্ধে আলোচনা করবো।

Shri Shamsuddin Ahmed:

যেসমস্ত জমি লেজিটিমেট রাইট অনুসারে, আইন মত অধিকারী, যা জোর করে দখল করা হয়েছে, তাদের সেই সম্পত্তি ফেরত দেওয়া হবে কিনা?

Shri Hare Krishna Konar:

এটা প্রশ্নের কি আছে। এটা ত সাধারণ কথা।

Shri Shamsuddin Ahmed:

আপনিওত একজন সাধারণের লোক, আপনি সাধারণভাবে উত্তরটা দিন না! হ্যাঁ, কি না, বলুন? আমি জানতে চাচ্ছি তাদের জমি ফেরত দেওয়া হবে কিনা? আপনি হ্যাঁ, কি না, বলুন?

Shri Hare Krishna Konar:

এত একটা সাধারণ কথা।

Shri Shamsuddin Ahmed:

আপনি যেহেতু সাধারণ মন্ত্রী, সেইজন্য সবকিছু সাধারণ দেখছেন।

Shri Hare Krishna Konar:

গভর্নমেন্টের হাতে থাকলে, গভর্নমেন্টই ফেরত দেবেন। আর অন্য যার হাতে আছে, সে ফেরত না দিলে আইনগত যে ব্যবস্থা আছে তাই প্রয়োগ করা হবে।

Shri Amalendra Lal Roy:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, নকশালবাড়ি, খড়িবাড়ি, ফাঁসীদেওয়া প্রভৃতি এইসমস্ত অঞ্চলে যেসব জমি সরকারের হাতে বর্তেছে, অথচ তার সন্ধান পাওয়া যাচ্ছে না সেটেলমেন্ট রেকর্ড-এ, সেইরকম বহু জমি জোতদারের পজেশনে আছে, সেখানে তারা জোর-জবরদস্তি করে চাষ করছে, এবং সেই ফসল তারা তাদের ঘরে নিয়ে গিয়ে তুলছে, সে সম্বন্ধে আপনি কি ব্যবস্থা গ্রহণ করছেন?

Shri Hare Krishna Konar:

আমি ত পূর্বেই উত্তর দিয়েছি, এরকম বহু অভিযোগ আছে এবং সে সম্বন্ধে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা হয়েছে। ওখানকার তিনটা এলাকায় চারটি অনুসন্ধান কমিটি গঠন করা হয়েছে তাঁরা এ সম্বন্ধে বিবেচনা করছেন।

Shrimati Purabi Mukhopadhyay:

এখানে কোয়েশ্চেনটায় আছে যে কয়েক জন উগ্রপন্থী, তারা জমি দখল করে বসে আছেন। এই উগ্রপন্থী কারা?

Shri Hare Krishna Konar:

যিনি প্রশ্ন করেছেন, তিনিই বলতে পারবেন।

Shrimati Purabi Mukhopadhyay:

তাহলে আপনি কি ভিত্তিতে জবাব দিয়েছেন?

Shri Hare Krishna Konar:

উনি যে ভাবে প্রশ্ন করেছেন সেইভাবে আমি জবাব দিয়েছি। উনি ভেগ করে যেমন প্রশ্ন করেছেন, সেইভাবে উত্তর দিয়েছি। আমি বলেছি ৪২ জনের অভিযোগ পাওয়া গিয়েছে।

Shrimati Purabi Mukhopadhyay:

মিঃ স্পীকার, স্যার, উনি যদি বলেন যে এই কোয়েশ্চনটা ভেগ, তাহলে সেই প্রশ্ন বাতিল হয়ে যায়।

Mr. Speaker: You are going beside the point.

Eviction of persons for excavation of Panipia Canal

***192.** (Admitted question No. *481.)

শ্রীসুধীরচন্দ্র দাশ: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) কাঁথি বেসিন পরিকল্পনার অন্তর্ভুক্ত পানিপিয়া খাল খননের জন্য গত দু বছর যে সকল বাস্তু উচ্ছেদ হইয়াছে উহাদের প্রাপ্য ক্ষতিপূরণের টাকাসমূহ মিটান হইয়াছে কি না;

(খ) ক্ষতিপূরণের সমূহ টাকা মিটান না হইয়া থাকিলে ঐ সকল ব্যক্তির ক্ষতিপূরণের টাকা এখনও কত বাকী আছে; এবং

(গ) ঐ বাকী টাকা কতদিনের মধ্যে মিটান সম্ভব হইবে?

Shri Hare Krishna Konar:

(ক) সম্পূর্ণ ক্ষতিপূরণ তিনটি কেসে মোট ১৪,৫৭৫ টাকা দেওয়া হইয়াছে। বাকি ছয়টি কেসে গৃহাদির মূল্যের আনুমানিক ৮০ ভাগ মোট ৯৭,৪২৪ টাকা এ পর্যন্ত দেওয়া হইয়াছে।

(খ) গৃহাদির মূল্যের বাকি শতকরা ২০ ভাগ এবং বাস্তু ও বাস্তু সংলগ্ন জমির ক্ষতিপূরণ বাবদ মোট আনুমানিক ২,৪০,২৫৭ টাকা এখনও দিতে হবে।

(গ) সঠিক সময় বলা সম্ভব নয়। তবে যত শীঘ্র সম্ভব ক্ষতিপূরণের বাকি টাকা দেওয়ার চেষ্টা হইতেছে।

[1-40—1-50 p.m.]

শ্রীসুধীরচন্দ্র দাস: ক্ষতিপূরণের বরাদ্দ যখন মোটামুটি একটা ঠিক করা হয়েছে তখন কেন এত বিলম্ব হচ্ছে, যেখানে দু-বছর আগে তাদের বাস্তু উচ্ছেদ হয়ে গিয়েছে?

শ্রীহরেকৃষ্ণ কোনার: মাননীয় সদস্যের এই প্রশ্নের ঠিক উত্তর দেওয়া একটু মুশকিল আছে। তবে আপনি জানেন দু-বছর আগে ১৯৬৫-৬৬ সালে দখল নেওয়া হয়েছে, সরকারী শাসনযন্ত্র যেভাবে চলে সেইভাবে এতটা টাকা দেওয়া হয়েছে। দেরীটা আছে তবে আমরা চেষ্টা করছি ত্বরান্বিত করবার জন্য।

Unauthorised occupants of Government lands at Rasakhaohat in West Dinajpur

***193.** (Admitted question No. *504.) **Shri Syama Prasad Barman:** Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—

(a) the number of cases filed under the West Bengal Public Land (Eviction of Unauthorised Occupants) Act of 1962 against unauthorised occupants of Government Lands at the Rasakhaohat, P.S. Karandighi in the district of West Dinajpur;

(b) the number of cases in which order for eviction has been passed;

(c) whether the persons against whom eviction order has been passed are still in occupation of the lands evicted from by the order of the court; and

(d) if so, the reasons for not taking possession of the Khas lands thus evicted from by order of the Court?

Shri Hare Krishna Konar:

(a) 30.

(b) 17.

(c) and (d) Orders of eviction were executed on 2nd May 1967 but the unauthorised occupants re-occupied the land. Necessary steps are being taken to recover possession.

শ্রীশ্যামাপ্রসাদ বর্মন: মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, উনি বলেছেন নেসেসারি স্টেপস, কি স্টেপস নেওয়া হচ্ছে?

শ্রীহরেকৃষ্ণ কোনার: নির্দিষ্ট স্টেপসের কথা আমি এখানে বলতে পারবো না। আমাকে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট যা জানিয়েছেন সেটা হচ্ছে এই ১-৫-৬৭ তারিখে দখল নেওয়া হয়েছিল, তারপরে আবার কয়েকজন ঘর তুলেছিল, সেগুলি ভেঙে দেওয়া হয়েছিল, তারপরে ওরা আবার দখল করেছে, স্বভাবতঃই আবার সেগুলি দখল নেবার চেষ্টা হচ্ছে।

শ্রীশ্যামাপ্রসাদ বর্মন: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন, যে সেখানে কোন মাননীয় মন্ত্রি-মহাশয় গিয়ে যারা এভিকটেড হয়েছিল তাদের পুনরায় ঘর তৈরী করার জন্য বলেছেন?

শ্রীহরেকৃষ্ণ কোনার: আমি জানি না।

শ্রীআবদুস সাত্তার: মাননীয় মন্ত্রিমহাশয় এই যে দখলের কথা বললেন এই দখল সিমবলি-ক্যাল, না অ্যাকচুয়্যাল?

শ্রীহরেকৃষ্ণ কোনার: না, ঘর পর্যন্ত ভেঙ্গে দেওয়া হয়েছিল।

Some unauthorised occupants who were asked to vacate the lands violated the order of the S.D.O. In pursuance of the S.D.O.'s order huts were demolished with the help of the police.

অতএব সিমবলিক্যাল নয়।

ডাঃ রাধাকৃষ্ণ সিংহ: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই ঘরগুলি ডিমলিস করার পর আবার নূতন করে সেখানে ঘর তৈরী করা হচ্ছে, সেগুলি এক দিনে তৈরী হয় নি, তখন গভর্নমেন্ট থেকে কোন স্টেপস নেওয়া হয়নি কেন?

শ্রীহরেকৃষ্ণ কোনার: এইগুলি হাটের জায়গা, হাটেতে এরা গিয়ে বসেছিল। ডিটেলস আমার কাছে রিপোর্ট নেই, তবে এগুলি সব নন-এগ্রিকালচারাল ল্যান্ড এবং যারা বসেছে নন-এগ্রিকাল-চারাল পারপাসেই বসেছে, ওরা যখন ঘর করে তখন সেই ঘর ভেঙ্গে দেওয়া হয়েছিল, আবার তুলেছে।

শ্রীশ্যামাপ্রসাদ বর্মন: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই যে হাটে যারা ঘর করেছে, যাদের এভিক্ট করা হয়েছে, তারা ডোয়েলিং পারপাসে সেখানে ঘর করেছে এবং বসবাস করছে?

শ্রীহরেকৃষ্ণ কোনার: এই রিপোর্ট থেকে সবটা পরিষ্কার নয়, কিন্তু এটুকু বোঝা যাচ্ছে যে, নন-এগ্রিকালচারাল ল্যান্ড নন এগ্রিকালচারাল পারপাসে ওরা স্ট্রাকচার তুলেছিল। এ সম্বন্ধে আমি ডিটেলস রিপোর্ট আগে জানতাম না, কোশ্চেনের উত্তরে জানতে পারলাম। আমি বিস্তারিত রিপোর্ট সংগ্রহ করবো।

শ্রীশ্যামাপ্রসাদ বর্মন: বাস্তু তৈরী করাটা সেটা এগ্রিকালচারাল ল্যান্ডে হয়, না নন-এগ্রি-কালচারাল ল্যান্ডের উপর হয়?

শ্রীহরেকৃষ্ণ কোনার: দু জায়গায় হতে পারে। এগ্রিকালচারাল ল্যান্ড বলে রেকর্ডেড কিন্তু সেখানে ঘর তোলে, আবার নন এগ্রিকালচারাল ল্যান্ড যেটা সেখানেও হয়।

শ্রীশ্যামাপ্রসাদ বর্মন: হাটে কেউ যদি ঘর করে এবং সেখানে বসবাস করে তাহলে হাটের জমির অভাব হয় এবং সেখানে হাট বসবার পক্ষে অসুবিধা হয় এটা কি স্বীকার করেন?

শ্রীহরেকৃষ্ণ কোনার: অসুবিধা হয়েছে বলেই ওদের তুলে দেওয়া হয়েছে। তা যদি না হতো, ভূমিহীন গরীব লোক যদি সরকারের খাস জমিতে বসতো তাহলে জোর করে তাড়ান হতো কিনা তা নির্দিষ্ট ভাবে বিবেচনা করতে হতো।

Vested lands in Khejuri P.S.

***194.** (Admitted question No. *523.)

শ্রীবিমল পাইক: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) খেজুরী থানায় কত জমি সরকারে ন্যস্ত হইয়াছে;

(খ) ঐ ন্যস্ত জমির মধ্যে কি পরিমাণ কৃষি জমি ও কি পরিমাণ অকৃষি জমি; ১৯৬৭ সালে ঐ জমি নূতন বন্দোবস্ত দেওয়া হইয়াছে কি না;

(গ) যদি '(খ)' প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে কি পরিমাণ জমি বন্দোবস্ত দেওয়া হইয়াছে এবং

(ঘ) ১৯৬৭ সালের ১০ই জ়ুন পর্যন্ত খেজুরী থানায় এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট অনুযায়ী সরকার কর্তৃক জমি দখলের বিরুদ্ধে কতগুলি মামলা দায়ের হইয়াছে?

Shri Hare Krishna Konar:

(ক) ২,২০০ একর।

(খ) ১,৫৪২ একর কৃষিজমি এবং ৬৫৮ একর অকৃষি জমি।
হ্যাঁ।

(গ) ৭৬৫ একর।

(ঘ) ১৭৯।

শ্রীবিমল পাইক: এই ভেস্টেড ল্যান্ডের মধ্যে কত জমি দখল নেওয়া হয়েছে?

শ্রীহরেকৃষ্ণ কোনার: দখল নেওয়া হয়েছে, ধরুন, ভেস্টেড জমি হচ্ছে ২,২০০ একর, তার মধ্যে চাষের জমি হচ্ছে ১,৫৪৩ একর। ওর মধ্যে ১৮৯ মামলা আছে সেই মামলাতে মোট ৬৯৬ একর জড়িত আছে যার দখল নেওয়া যায় নি। রিপোর্ট থেকে মনে হচ্ছে বাকি কৃষি জমির দখল নেওয়া হয়েছে, হয়ত দু-দশ একর তফাত থাকতে পারে। নন-এগ্রিকালচারাল ল্যান্ডে আমি ঠিক বলতে পারবো না।

শ্রীবিমল পাইক: ভেস্টেড ল্যান্ডের মধ্যে কোন ডিগ্রীওয়ালা জমির হিসাব আছে, না তাকে বাদ দিয়ে?

শ্রীহরেকৃষ্ণ কোনার: ভেস্টেড ল্যান্ডটা যেটা আইনত সরকারের হাতে এসেছে সেটাই হল ভেস্টেড ল্যান্ড। এর মধ্যে ৬৯৬ একর মামলায় জড়িত আছে বলে এর পজেশন আমাদের হাতে নেই।

Drainage Scheme for Potaspur P.S., Midnapore

***195.** (Admitted question No. *562.)

শ্রীবাগেশ্বর মাইতি: (ক) সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মেদিনীপুর জেলার পটাশপুর থানার বার চৌকা বেসিন এলাকার জল নিষ্কাশনের কোন পরিকল্পনা করা হইয়াছে কি না?

(খ) যদি '(ক)' প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ঐ পরিকল্পনার জন্য কত অর্থ বরাদ্দ হইয়াছে;

(২) পরিকল্পনার কাজ আরম্ভ হইয়াছে কিনা; এবং

(৩) কাজ আরম্ভ না হইয়া থাকিলে, কতদিনের মধ্যে ঐ কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায়?

Shri Biswanath Mukherjee:

(ক) একটি প্রকল্প পরীক্ষাধীন আছে।

(খ) (১) প্রকল্পটির আনুমানিক বায় ২২·০৬ লক্ষ টাকা। ১৯৬৭-৬৮ সালের বায়বরাদ্দে এই প্রকল্পের জন্য কোন অর্থ বরাদ্দ হয় নাই। স্টেট টেকনিক্যাল কমিটি অনুমোদন করিলে অর্থ বরাদ্দর চেষ্টা করা যাইবে।

(২) না।

(৩) এখনই বলা সম্ভবপর নহে।

[1-50—2 p.m.]

Proposal for construction of roads in Katwa Subdivision of Burdwan district

***196.** (Admitted question No. 626.)

শ্রীসুবোধ চৌধুরী: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার কাটোয়া মহকুমাতে কতগুলি এবং কোথায় কোথায় রাস্তা নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে;

(খ) এই রাস্তাগুলি নির্মাণের প্রস্তাব কতদিন হইল গৃহীত হইয়াছে, এবং

(গ) কোন্ রাস্তার কাজ কতদিন হইল সুরু হইয়াছে?

শ্রীহেমন্তকুমার বসু: নিম্নলিখিত ১৬টি রাস্তা নির্মাণের পরিকল্পনা করা হইয়াছে। রাস্তাগুলির নাম (১) বর্ধমান-কাটোয়া, (২) পূর্বস্থলী-কাটোয়া, (৩) কাটোয়া-চতুগ্রাম বামজীবনপুর, (৪) মন্তেশ্বর রায়না, (৫) নূতন হাট-মুন্সিপুর (৬) মঙ্গলকোট থানা হইতে নূতন হাট মুন্সিপুর (৭) কৈচর নন্দীগ্রাম সিউরী, (৮) কাটোয়া পলিতা চুন্নী খরিয়া (৯) পূর্বস্থলী কাটোয়া রাস্তা হইতে আধুলী রেলওয়ে স্টেশন পর্যন্ত, (১০) কাটোয়া পানিহাট রোড (১১) পূর্বস্থলী বাজার হইতে সিটি হসপিটাল রোড। (১২) কাশমনী হাট হইতে নূতন হাট শ্রীখন্ড (১৩) পাটালী বাজার হইতে কালনা কাটোয়া রোড (১৪) কাটোয়া চতুগ্রাম বামজীবনপুর রাস্তা হইতে কাটোয়া শহর (১৫) উদ্ধারণপুর সিউড়ী মোরগ্রাম রাস্তা এবং (১৬) পূর্বস্থলী বাজার হইতে পূর্বস্থলী কাটোয়া রোড।

শ্রীসুবোধ চৌধুরী: আমার আর একটি প্রশ্ন ছিল কোন কোন রাস্তার কাজ শুরু হয়েছে? সে সম্বন্ধে আপনি কি বলছেন?

শ্রীহেমন্তকুমার বসু: যে কটি রাস্তার কাজ শেষ হয়েছে তার কথা বলছি। (১) বর্ধমান-কাটোয়া। (২) পূর্বস্থলী-কাটোয়া। (৩) নূতন হাট-মুরতীপুর। (৪) মঙ্গলকোট থানা-নূতন হাট-মুরতীপুর। (৫) বাসুদেব বাজার হইতে কালনা-কাটোয়া রোড। (৬) উদ্ধারণপুর-সিউড়ী-মোরগ্রাম। (৭) পূর্বস্থলী বাজার হইতে পূর্বস্থলী কাটোয়া রোড।

ডঃ প্রতাপচন্দ্র চন্দ্র: কাজ কতদিন শুরু হয়েছে এবং কাজ কতদিন শেষ হয়েছে এ সম্পর্কে স্পষ্ট করে কিছু বলবেন কি?

শ্রীহেমন্তকুমার বসু: এই রাস্তাগুলি আমার পূর্বতন মন্ত্রীর আমলে হয়েছে। যেগুলির কথা বললাম সেগুলির কাজ হয়েছে। বাকিগুলি অর্থাভাবের জন্য হয় নি।

ডঃ প্রতাপচন্দ্র চন্দ্র: তাহলে আপনার আমলে কতগুলি রাস্তার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে?

শ্রীহেমন্তকুমার বসু: সেগুলি এখন গ্রহণ করা হয় নি। চতুর্থ পরিকল্পনাকালে গ্রহণ করা হবে। আমরা কত টাকা এতে খরচা করতে পারব সেটা পরে ঠিক হবে।

শ্রীনারায়ণচন্দ্র চৌধুরী: মন্ত্রিমহাশয় কি জানাবেন পূর্বস্থলী রাস্তা থেকে যেটা পাটলুবাজার পর্যন্ত গিয়েছে ওটা কাটোয়া মহকুমায় পড়ে না কালনা মহকুমায় পড়ে?

শ্রীহেমন্তকুমার বসু: কাটোয়া-কালনা দুটোতেই পড়ে।

শ্রীসুবোধ চৌধুরী: আপনার এখানে আছে— কইচোর, নন্দীগ্রাম, সিংগধী রাস্তা এটা কতদিন আগে স্যাংশান হয়েছে?

শ্রীহেমন্তকুমার বসু: এটা আমি জানি না। চতুর্থ পরিকল্পনাকালে যেরকম টাকা পাব, সেইমত রাস্তা তৈরীর পরিকল্পনা কার্যকরী করব। বহু রাস্তার কথা আমার কাছে এসেছে।

শ্রীসুবোধ চৌধুরী: আপনি যখন রাস্তার নাম পড়ে গেলেন তখন বললেন—এটা মঞ্জুর হয়েছে। কতদিন আগে মঞ্জুর হয়েছে বলতে পারেন কি?

শ্রীহেমন্তকুমার বসু: সেটা বলতে পারছি না। নোটিশ দিলে বলতে পারব।

শ্রীসুবোধ চৌধুরী: এখন বলতে পারবেন কি?

শ্রীহেমন্তকুমার বসু: না, এখন বলতে পারছি না।

Irrigation Scheme in Howrah district

***197.** (Admitted question No. *631.)

শ্রীপান্নালাল মাঝি: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার উদয়নারায়ণপুর থানা ও আমতা থানায় চাষের জমিতে সেচের কোন ব্যবস্থা আছে কি না;

(খ) বিশেষ করিয়া দামোদরের পশ্চিম অঞ্চলে সেচের কি ব্যবস্থা আছে; এবং

(গ) নিম্ন দামোদর সংস্কারের কি ব্যবস্থা হইতেছে?

Shri Biswanath Mukherjee:

(ক) সেচ ও জলপথ বিভাগ হইতে সেরকম কোন ব্যবস্থা নাই। তবে কৃষিবিভাগ নিম্নলিখিত কয়েকটি ব্যবস্থা করিয়াছে—

(১) উদয়নারায়ণপুর থানায় আজ পর্যন্ত মোট ১০টি গভীর নলকূপ বসানো হইয়াছে এবং সেগুলিতে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা করা হইতেছে।

(২) ইহা ছাড়া দুইটি রিভার লিফট ইরিগেশন স্কীম ঐ থানাতে চালু করা হইতেছে এবং আগামী বৎসরের মাঝামাঝি সময় কাজ সম্পূর্ণ হইবে।

(৩) আমতা থানায় একটি রিভার পাম্প স্কীম চালু করা হইতেছে এবং ইহা আগামী বৎসরের মঝামাঝি সময় শেষ করা সম্ভব হইতে পারে।

(খ) সেচ ও জলপথ বিভাগ হইতে কোন ব্যবস্থা নাই। তবে কৃষিবিভাগে কয়েকটি প্রকল্প পরীক্ষাধীনে আছে।

(গ) ইহার জন্য সেচ ও জলপথ বিভাগ একটি পরিকল্পনার খসড়া প্রস্তুত করিয়াছে এবং এই পরিকল্পনার কার্যকারীতা সম্পর্কে পরীক্ষা ও বিবেচনা করা হইতেছে। ইহার জন্য কৃষি বিভাগেও কয়েকটি প্রকল্প পরীক্ষাধীনে আছে।

Shri Panna Lal Maji:

সেচ ও জলপথ বিভাগ এখানে কোন স্কীম করেন নি বলছেন। মন্ত্রিমহাশয় কি জানেন উদয়নারায়ণ থানা, আমতা থানা নয়, বর্ধমানের কোহানা থেকে মন্তেশ্বরী পর্যন্ত সমস্ত এলাকায় সেচ ও জলপথ বিভাগ দামোদর সংস্কারের ব্যবস্থা না করে তাহলে ওখানে সেচের কোন ব্যবস্থা হবে না?

Shri Biswanath Mukherjee:

আপনি কি পশ্চিমাঞ্চলের জন্য বলছেন? নিম্ন দামোদর পরিকল্পনা যা আমরা করছি তাছাড়া বাকি এগ্রিকালচার ডিপার্টমেন্ট-এর লোকেরা কাজ করছেন।

Shri Panna Lal Maji:

আপনি নিম্ন দামোদর বলতে কোন্‌টা বোঝাচ্ছেন?

Shri Biswanath Mukherjee:

যেটা বাগনানের পাশ দিয়ে গেছে সেটা নিম্ন দামোদর।

Shri Panna Lal Maji:

উলুবেড়িয়া খালের উপর দিয়ে যেটা গেছে সেটাকে নিম্ন দামোদর বলে সেটা সংস্কারের কোন স্কীম আছে কিনা সেটাই আমি জানতে চাই।

Shri Biswanath Mukherjee:

সেটা নিম্ন দামোদর নয়, যাই হউক বিভিন্ন জায়গায় বিভিন্ন নাম থাকতে পারে—আমি তো বলেছি যে, দামোদরের পশ্চিম দিকে এলাকাতে আমাদের কোন স্কীম নাই। কৃষি বিভাগের কতকগুলি স্কীম নিয়েছে। আর আমরা ৮ কোটি টাকা খরচ করে নিম্ন দামোদর একটা পরিকল্পনা করেছি সেটাই বিবেচনাধীন রয়েছে। আমি আরও জানিয়ে দিচ্ছি যে যদিও এই স্কীমটা আট কোটি টাকার স্কীম। আমি ১৯৬৭-৬৮ সালে এক লক্ষ টাকা বরাদ্দ করেছি—কতকগুলি ইন-ভেস্টিগেশন-এর জন্য, আর ফোর্থ প্ল্যান-এ দুই কোটি টাকার মত রাখার কথা ছিল এখনও ফাইন্যালাইজড হয়নি, টেকনিক্যাল কমিটিতে এই স্কীমটা মিটিং-এ আলোচনা হয়েছে এবং সেই টেকনিক্যাল কমিটির সিদ্ধান্ত অনুসারে কয়েকটি বিষয় মডেল স্টাডি করে দেখা হচ্ছে, এই সিদ্ধান্ত হয়েছে প্রায় দুই বছর আগে। এটা হলে অনেকখানি এরিয়া বেনিফিটেড হবে। স্টেট ফ্লাড কমিটির টেকনিক্যাল কমিটির ক্লিয়ারেন্স পেলে পর সেন্ট্রাল গভর্নমেন্ট-এর ক্লিয়ারেন্স নিতে হবে এবং সি পি ডবলিউ ডি-ও ক্লিয়ারেন্স নিতে হবে এবং প্ল্যানিং কমিশনেরও ক্লিয়ারেন্স নিতে হবে তারপরে আমি স্কীমটা কার্যকরী করতে পারব। আমি চেষ্টা করব খুব তাড়াতাড়ি করবার জন্য।

Dr. Ranjit Ghosh Choudhuri:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, বিগত কংগ্রেস সরকার নিম্ন দামোদন সংস্কারের যে পরিক-পনা গ্রহণ করেছিলেন এটা কি সেই পরিকল্পনা না তারই কোন মডিফায়েড পরিকল্পনা না, নতুন কোন পরিকল্পনা?

Shri Biswanath Mukherjee:

এটা আগেরই পরিকল্পনা।

Dr. Ranjit Ghosh Choudhuri:

মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে, এটা তার দাদার আমলে গৃহীত হয়েছিল?

Shri Biswanath Mukherjee:

তা আমি বলতে পারব না, তবে নোটিশ দিলে খোঁজ করে দেখব।

Shri Puranjoy Pramanik:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, এই নিম্ন দামোদর পারকল্পনার জন্য বর্ধমান জেলার কাছে যে জলাধার নির্মাণ পরিকল্পনা কেন্দ্রীয় সরকারের কাছে গিয়েছিল সেটা এখন কি অবস্থায় আছে।

Shri Biswanath Mukherjee:

আমি এখন বলতে পারব না, নোটিশ দিলে বলতে পারব।

Point of Order

Dr. Nalinaksha Sanyal: On a point of order. I am repeatedly finding that on account of a large number of supplementaries, questions printed for the day's answers are being shut out. I have repeatedly given question No. 200 on this account. On a previous day this question was similarly guillotined. May I request you, Sir, can you exercise your powers under the present rules to see that questions are not shut out and that this question will again be reprinted as postponed question and not completely ruled out and kept out of the order paper?

Mr. Speaker: I am very much thankful to you and I am as anxious as you are to see that all questions are taken up in one day. But, unfortunately, a number of supplementaries are put forward by honourable members, and I find it difficult to put a stop to this. We have just finished nearabout 10 questions. I shall certainly see that members do not have this disadvantage in future provided I have got powers provided in the rules. I will look into the rules and if I can help the honourable member in giving a priority to this question I will certainly give that.

শ্রীমতী পূরবী মুখার্জি: অন এ পয়েন্ট অব প্রিভিলেজ স্যার, প্রত্যেক দিন কোয়েশ্চেন আওয়ারে দেখা যাচ্ছে যে আমাদের বহু কোয়েশ্চেন হাউসে আসছে না, আপনার রুলে এগুলি লেড অন দি টেবল হয়ে যাচ্ছে। তাই অনুরোধ করবো যেটা অপোজিশন সাইডের কোয়েশ্চেন আছে যখন আপনি এগুলি প্রায়োরিটি ঠিক করেন তখন অপোজিশনের কোয়েশ্চনগুলিকে যদি আগের দিকে রাখেন তাহলে ভাল হয়; কারণ গভর্নমেন্ট সাইডের কোয়েশ্চেন থাকলে তারা মন্ত্রীদের ঘরে গিয়ে জেনে আসতে পারেন উত্তর কিন্তু অপোজিশনের পক্ষে তা সম্ভব নয়, এবং আমার মনে হয় এই কনভেনসনটা করতে পারলে ভাল হয়।

শ্রীসোমনাথ লাহিড়ী: স্যার, উনি যা বলেছেন নিয়মে তা পারমিট করে না, নিয়ম আছে যে কোয়েশ্চেন যত আগে রিসিভ হবে—ডেট অব রিসিট হিসাবে তার প্রায়োরিটি সাব্যস্ত হবে—এখানে পোজিশন অপোজিশন কোন রকম তফাৎ করবার কায়দা নেই এবং তা উচিতও নয়।

শ্রীমতী পূরবী মুখার্জি: আমরা দেখতে পাচ্ছি যে সমস্ত কোয়েশ্চেন লেড অন দি টেবিল বলে পরিশিষ্টের মধ্যে দেওয়া হয় এইরকম লম্বা তালিকা মন্ত্রিমহাশয়রা বডি অব কোয়েশ্চেন-এ রিপ্লাই দিচ্ছেন দাঁড়িয়ে—তাতে হাউসের অনেক সময় চলে যাচ্ছে—আমি মনে করি আমাদের প্রসিডিওরটা ভুল হচ্ছে। কারণ চিরকাল যদি কোয়েশ্চেনের উত্তর লম্বা থাকে মন্ত্রিমহাশয়রা সেটাকে পরিশিষ্ট হিসাবে টেবিলে দিয়ে দেন—আপনি দেখবেন এখানকার কোয়েশ্চেন যেগুলি রিটন ওর‍্যাল আনসার হয় না—সেগুলি লেড অন দি টেবল বলা হচ্ছে। আমি দেখিয়ে দিতে পারি সেগুলি রিটন রিপ্লাই, রিটন রিপ্লাই। পরিশিষ্টে সমস্ত ছাপিয়ে দিতে হয়, সেগুলি লেড অন দি টেবল বলা হচ্ছে। আর এখানে ওর‍্যাল অ্যানসারে ১৫টি স্কীমের নাম বলা হচ্ছে—এই ধরনের যদি আপনি নির্দেশ দেন তাহলে আমি মনে করি আমাদের সাইডের প্রশ্নগুলি উঠতে পারে।

মিঃ স্পীকার: ঠিক আছে, আমি এমন নির্দেশ দেবো যে আপনাদের কারও কিছু বলবার থাকবে না—পয়েন্টটা হচ্ছে যখন সাপ্লিমেন্টারী হবে তখন আপনারা আমাকে একটু সাহায্য করবেন।

ডঃ প্রতাপচন্দ্র চন্দ্র: আপনি যে নির্দেশের কথা বললেন যদি মন্ত্রিমহাশয়রা দয়া করে সাপ্লিমেন্টারীর সময় সরাসরি উত্তরগুলি পরিষ্কার করে বলেন তাহলে বাকি সাপ্লিমেন্টারিগুলি হয় না—সেই নির্দেশ দিয়ে দিলে আমরা বেঁচে যাই।

মিঃ স্পীকার: আমি তো আর মাস্টার মহাশয় নই, আমার নির্দেশ কেন ওনারা শুনবেন?

STARRED QUESTIONS TO WHICH ANSWERS WERE LAID ON THE TABLE

Court Sub-Inspectors in Muffasil Courts

***198.** (Admitted question No. *635.)

আবদুল কায়েম মোল্লা: বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মফঃস্বল ফৌজদারী আদালতে সরকার পক্ষে মকদ্দমা পরিচালনা করিবার জন্য কোর্ট সাব-ইন্সপেক্টর-এর পরিবর্তে পেনাল ল'ইয়ার গ্রহণ করিবার সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, এই পেনাল ল'ইয়ার-এর নিয়োগ কিভাবে হইতেছে?

The Minister for Judicial:

(ক) না। যখন মকদ্দমার জটিলতার জন্য কোর্ট সাব-ইন্সপেক্টরগণের দ্বারা মকদ্দমা পরিচালনা সম্ভব হয় না তখনই তালিকাভুক্ত আইনজীবিদের (প্যানেল ল-ইয়ারস) নিয়োগ করা হয়।

(খ) প্রশ্ন উঠে না। উপরি-উক্ত অবস্থায় জিলা শাসকের সুপারিশ অনুযায়ী তালিকাভুক্ত আইনজীবিদের (Panel Lawyers) নিয়োগ করা হয়।

Appointment of legal adviser to the Board of Wakf

***199.** (Admitted question No. *684.) **Shri Golam Mohiuddin:** Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) if it is a fact that recently a legal adviser to the Board of wakf has been appointed;

(b) if so, whether there was any advertisement for the said post; and

(c) the manner in which his predecessor's service was terminated—whether by superannuation or by serving premature notice to him to quit?

The Minister for Judicial: Yes, one Janab Abdus Salam, Barrister-at-Law, has been recently appointed to be the Legal Adviser of the Commissioner of Wakfs.

No. advertisement was made for the said post.

The services of the predecessor Legal Adviser, Janab Md. Ayub, an Advocate, were terminated by a letter by the Commissioner of Wakfs dated 3-5-67 relieving Janab Md. Ayub of the post of Legal Adviser with immediate effect in the best interest of the Wakf Estates. The post of Legal Adviser of the Commissioner of Wakfs is not a whole-time one, it is a part-time one, on a fixed honorarium of Rs. 200 per month, which is like a retainer, and he is entitled to further fees as may be fixed by the Commissioner for appearance in the cases briefed for. So, the employment of the Legal Adviser being in the nature of an employment of a retained lawyer, no question of superannuation of the Legal Adviser arises.

Navigable canal of D. V. C.

***200.** (Admitted question No. *697.) **Dr. Nalinaksha Sanyal:** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) whether the navigable canal for the D.V.C. is or has been utilised for inland water transport at present and in the past;

(b) if not, the reasons for the same;

(c) what is the estimated expenditure for maintenance of the navigability of D.V.C. canal;

(d) what has been the additional capital expenditure incurred for making the D.V.C. canal suitable for navigation by powercrafts;

(e) what is the estimated income from toll or rates to be obtained from users of the canal for navigation;

(f) what are the nature and volume of traffic anticipated for transport by watercraft over D.V.C. navigable canal; and

(g) whether the State Government has or is likely to have any financial burden imposed on it on account of the (i) capital and (ii) maintenance expenses for the D.V.C. navigable canal?

The Minister for Irrigation: (a) In October 1963, Fraser & Co. utilised the navigation canal of the D.V.C. on a trial basis, and in February 1966, Messrs. Hindusthan Shipping Co., as the D.V.C.'s appointed operator utilised the canal for transport of some heavy lift cargo. Since then, there has been no commercial transport by the D.V.C.'s navigation canal.

(b) The Hindusthan Shipping Co. who is under contract with the D.V.C. has apparently failed to establish a regular commercial service.

(c) Rupees seven to eight lakhs annually.

(d) The Canal was designed and constructed as irrigation-cum-navigation Canal. As such, there was no question of additional expenditure being incurred to make the canal suitable for navigation.

(e) It was estimated initially that the canal could carry twenty lakhs tons cargo per year upon its full development and with a levy of Rs. 1.50 paise per ton as toll, the canal might be self-paying or even yield some profit after about ten years or so. Since the Canal could not be operated commercially this expectation was belied.

(f) In 1958 the DVC Navigation Advisory Committee estimated that 50 per cent. of this traffic, would be coal transported from Raniganj Coal Field and the remaining 10 lakh tons would be contributed by Agricultural products, construction materials, industrial products etc. Conditions have undergone material change since then. At present coal is not counted on, but Durgapur having developed as a big Industrial Centre alternative traffic is possible. At the present time, no fair estimate of the nature and volume of traffic is possible without actual operation of the canal for a number of years.

(g) All expenditure on navigation, whether capital or revenue are allocable to the three perticipating Governments including West Bengal Government in accordance with the allocation provisions of the DVC Act, 1948. The West Bengal Government have, naturally, to bear their share of expenditure.

Lift Irrigation Scheme at Bangaon subdivision

***201.** (Admitted question No. *719.) **Shri Apurba Lal Majumdar:** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) whether Government is aware of the scope of lift irrigation at Bangaon subdivision, particularly within the jurisdiction of Bagdah and Bangaon police-stations; and

(b) if so, what action, if any, has so far been taken in this regard?

The Minister for Irrigation: (a) Government is fully aware of the scope of lift irrigation at Bongaon, 24-Parganas.

(b) Three lift irrigation installation have been set up, viz., two in Bongaon and one in Bagdah police-station.

Lands brought under irrigation

***202.** (Admitted question No. *743.)

শ্রীপ্রমথনাথ ধীবর: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৪৭ সালের পর হইতে ১৯৬৭ সালের মার্চ মাস পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকার কত একর জমিতে সেচের ব্যবস্থা করেছিলেন; এবং

(খ) ১৯৬৭ সালের মার্চ মাস হতে সরকার আজ পর্যন্ত কত একর জমিতে নূতনভাবে সেচের ব্যবস্থা করেছেন?

The Minister for Irrigation and Waterways:

(ক) ১৯৪৭ সালের পর হইতে ১৯৬৭ সালের মার্চ মাস পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকারের সেচ ও জলপথ বিভাগ প্রায় ১৩,৯৭,০০০ একর জমিতে সেচের ব্যবস্থা করেছিলেন, এছাড়া পশ্চিমবঙ্গ সরকারের কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগও কিছু জমিতে সেচের ব্যবস্থা করেছিলেন। সে হিসাব এখানে ধরা হয় নাই।

(খ) ১৯৬৭ সালের মার্চ মাস হতে আজ পর্যন্ত (জুলাই-এর প্রথম সপ্তাহ অর্থাৎ প্রায় চার মাসে) সেচ ও জলপথ বিভাগ প্রায় ৬৬,০০০ একর জমিতে নূতনভাবে সেচের ব্যবস্থা করেছেন। কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগ নূতনভাবে যে জমিতে সেচের ব্যবস্থা করেছেন সে হিসাব এখানে ধরা হয় নাই।

Lands vested in the State in Cooch Behar

***203.** (Admitted question No. *736.)

শ্রীসন্তোষকুমার রায়: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলায় এ পর্যন্ত কত জমি সরকারে বর্তাইয়াছে;

(খ) উক্ত জমির মধ্যে কত জমি সরকার দখল লইয়াছেন;

(গ) বাকি জমি কত দিনের মধ্যে দখল লওয়া হইবে;

(ঘ) দখলিকৃত জমির (ভেস্টেড ল্যান্ড) কতটা ১৯৬৭ সালের ফেব্রুয়ারী মাস পর্যন্ত চাষীদের মধ্যে বণ্টন করা হইয়াছে এবং কত জমি মার্চ মাস হইতে জুন মাস অবধি বণ্টন করা হইয়াছে; এবং

(ঙ) কাহাদের মধ্যে এই জমি বণ্টন করা হইয়াছে?

The Minister for Land and Land Revenue:

(ক) ৫৪,০১৮,৩৮ একর জমি সরকারে বর্তাইয়াছে।

(খ) ৪৮,৮৭৮,৩৭ একর জমি সরকার দখল লইয়াছেন।

(গ) সঠিক সময় নির্ধারণ সম্ভব নয়।

(ঘ) ৫৯২৬·৬০ একর কৃষি জমি ১৯৬৭ সালের ফেব্রুয়ারী মাস পর্যন্ত বণ্টন করা হইয়াছিল। মার্চ হইতে ৬৪৫৭·২৯ একর জমি বণ্টন করা হইয়াছে।

(ঙ) ভূমিহীন ও স্বল্প জমির মালিক প্রকৃত কৃষকদের মধ্যে এই জমি বণ্টন করা হইয়াছে।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Construction of a bridge over Muriganga on the Shrirampur-Nabadwip Road

94. (Admitted question No. 463.)

শ্রীপরেশচন্দ্র গোস্বামী: পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বর্ধমান জেলার পূর্বস্থলী ১নং ব্লকের অন্তর্গত উত্তর শ্রীরামপুর থেকে যে আধ মাইল পথটি নবদ্বীপ সহরের সঙ্গে যুক্ত হয়েছে তার মধ্যে মুড়িগঙ্গার উপর ছোট একটি পাকা ব্রীজের যে পরিকল্পনা ছিল তাহার কাজ কতদূর অগ্রসর হইয়াছে?

The Minister for Public Works (Roads):

এইরূপ কোন পরিকল্পনা ছিল না বা আপাততঃ নেই।

Non-hillmen educational officers in the hill areas of Darjeeling

95. (Admitted question No. 469.) **Shri Krishna Bahadur Gurung** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) the number of non-hillmen officers in each cadre of Educational Inspecting line in the hill areas of district of Darjeeling and the total strength of each cadre;

(b) how many of these officers have passed the Nepali Language Examination meant for Government officers; and

(c) whether to pass the Nepali Language Examination is compulsory for such officers.

The Minister for Education: (a)

Name of cadre	No. of hillmen officers	No. of non-hillmen officers	Total strength
(1) District Inspector of Schools in the W.B.E.S. ..	Nil	1	1
(2) Additional District Inspector of Schools in the W. B. E. S.	Nil	1	1
(3) Assistant Inspector of Schools in the S. E. S. ..	1	Nil	1
(4) Deputy Assistant Inspector of Schools in the S. E. S.	2	2	4
(5) Sub-Inspector of Schools in S. E. S... ..	2	Nil	2

(b) None; some of them, however, know and speak Nepali.

(c) No, it is not compulsory.

Raid of houses at Subhasnagar, South Dum Dum

96. (Admitted question No. 507.) **Shri T. A. Nuran Nabi:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) if it is a fact that on 17th June, 1967, at dead of night a few persons raided several houses at Subhasnagar, South Dum Dum;

(b) if so, whether the police intervened in time;

(c) if not, the reasons thereof; and

(d) how many persons have been arrested so far?

The Minister for Home (Police):

(a) হাঁ।

(b) হাঁ।

(c) প্রশ্ন উঠে না।

(d) ২৪ জন।

Establishment of a Health Centre at P.S. Kusmundi, West Dinajpur

97. (Admitted question No. 563.)

শ্রীযতীন্দ্রমোহন রায়: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পশ্চিম দিনাজপুর জেলার কুশমণ্ডী থানায় ৮নং অঞ্চল মালগাঁ-এ এক সার্বসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য বহু পূর্বেই প্রয়োজনীয় জমি সংগ্রহ করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, ঐ স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের কাজ কত দিনের মধ্যে আরম্ভ হইবে?

The Minister for Health:

(ক) সত্য নহে।

(খ) প্রশ্ন উঠে না।

Bridge over the Tangon river on Ushaharan Road, West Dinajpur

98. (Admitted question No. 564.)

শ্রীযতীন্দ্রমোহন রায়: পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিম দিনাজপুর জেলার কুশমণ্ডী থানার উষাহরণ রাস্তায় টাংগন নদীর রামপুরঘাটের উপর সেতু নির্মাণের যে পরিকল্পনা ছিল তাহা কতদিনে রূপায়িত হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Public Works (Roads):

এরকম কোন পরিকল্পনা অ পাততঃ সরকারের বিবেচনাধীন নাই।

Certain Roads in the Fourth Plan, Midnapore

99. (Admitted question No. 568.)

শ্রীকানাই ভৌমিক: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার নিম্নলিখিত রাস্তাগুলি ৪র্থ পরিকল্পনায় গ্রহণ করার সিদ্ধান্ত করা হইয়াছে কিনা—

(১) রঘুনাথবাড়ী হইতে আড়ংকিয়ারাণা (ভায়া প্রজাবাড়);

(২) তমলুক হইতে পুরুষঘাট;

(৩) তমলুক হইতে টাংরাখালি;

(৪) রাধামণী হইতে নিকাসী; এবং

(খ) এই রাস্তাগুলির জন্য কোন টাকা বরাদ্দ করা হইয়াছে কি এবং বরাদ্দ হইয়া থাকিলে টাকার পরিমাণ কত?

The Minister for Public Works (Roads):

(ক) ৪র্থ পরিকল্পনা চূড়ান্তরূপ পরিগ্রহ করে নাই, সুতরাং উক্ত পরিকল্পনায় রাস্তাগুলির অন্তর্ভুক্তি সম্বন্ধে বর্তমানে কিছু বলা সম্ভবপর নয়।

(খ) প্রশ্ন উঠে না।

State Advisory Committee for Scheduled Castes

100. (Admitted question No. 650.) **Shri Tenzing Wangdi:** Will the Minister-in-charge of the Tribal Welfare Department be pleased to state—

(a) if the State Advisory Committee for Scheduled Castes has been reconstituted; and

(b) if so, when and what are the names and designations of the members of the Committee?

The Minister for Tribal Welfare: (a) Yes.

(b) On the 14th July, 1967, a list of names is enclosed herewith.

Statement referred to in reply to clause (b) of unstarred question No. 100.

1. The Minister for Tribal Welfare, Chairman, Ex-officio.

2. The Member, Board of Revenue and Secretary, Tribal Welfare Department, Member, Ex-officio.

3. The Deputy Secretary, Tribal Welfare Department, Secretary, Ex-officio.

4. Shri Amarendra Nath Roy Prodhan, M.L.A.

5. Shri Jagadananda Roy, M.L.A.

6. Shri Shyama Prasad Barman, M.L.A.

7. Shri Sudhir Kumar Mondal, M.L.A.

8. Shri Nitaipada Sarkar, M.L.A.

9. Shri Apurba Lal Majumdar, M.L.A.

10. Shri Prabodh Purkait, M.L.A.

11. Shri Hrishikesh Haldar, M.L.A.

12. Shri Madan Saha, M.L.A.

13. Shrimati Nanda Rani Dal, M.L.A.

14. Shri Satis Bauri, M.L.A.

15. Shri Guiram Majhi, M.L.A.

16. Shri Tinkari Mondal, M.L.A.

17. Shri Pramathanath Dhibar, M.L.A.

18. Shri Siddeswar Mandal, M.L.A.

19. Shri Gangadhar Pramanick, M.L.A.

20. Dr. Pashupati Mandal, Member of Parliament from the Scheduled Caste Constituency in West Bengal.

21. One Member from West Bengal in the Central Advisory Board for Harijan Welfare.

22. One Member of the West Bengal Social Welfare Advisory Board.

23. Kumar Promodendra Narayan, Cooch Behar.

24. Shri B. K. S. Gahatraj, Darjeeling.

25. Shri Sakti Ranjan Bose of Harijan Sevak Sangha, 12D Sankar Ghosh Lane, Calcutta-6.

26. Shri Sanbahadur Darnal of All India Nepali Scheduled Caste Association, Kalimpong.

27. Swami Lokeswarananda of Ramakrishna Mission Ashram, Narendrapur.

Bolpur-Rajgaon Road, Birbhum

101. (Admitted question No. 658.) **Shri Satyanarayan Banerjee:** Will the Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state—

(a) if it is a fact that there is a proposal pending with the Government for improving the Bolpur-Rajgaon Road (section between Sainthia and Ahmadpur) within Sainthia P.S. in Birbhum district; and

(b) if so, when the construction work will begin?

The Minister for Public Works (Roads): (a) Yes.

(b) Construction of the road will depend upon its inclusion in the Fourth Plan, the finalisation of which will yet take some time.

Spinning Mill at Birbhum

102. (Admitted question No. 661.)

শ্রীসত্যনারায়ণ ব্যানার্জী: বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বীরভূম জেলায় একটি স্পিনিং মিল সংস্থাপনের জন্য লাইসেন্স দেওয়া হইয়াছে;

(খ) সত্য হইলে কাহাকে এবং কখন দেওয়া হইয়াছে;

(গ) ঐ স্পিনিং মিল কোথায় সংস্থাপিত হইবে এবং কবে নাগাদ তাহা চালু হবার সম্ভাবনা; এবং

(ঘ) সরকারের তরফ হইতে ঐ মিলের কোন শেয়ার কেনা হইয়াছে কিনা বা কেনার কোন পরিকল্পনা আছে কি না?

The Minister for Commerce and Industries:

(ক) হ্যাঁ, দেওয়া হইয়াছে।

(খ) সত্য। ৬ই এপ্রিল, ১৯৬২ তারিখে শ্রী এন সি রায়কে দেওয়া হইয়াছে। পরে ময়ূরাক্ষী কটন মিলকে ট্রান্সফার করা হইয়াছে।

(গ) ঐ স্পিনিং মিলটি সিউড়ির নিকট পাঁচরা নামক স্থানে নির্মিত হইতেছে। আনুমাণিক ডিসেম্বর, ১৯৬৭ হইতে চালু হইবার সম্ভাবনা।

(ঘ) হ্যাঁ, কেনা হইয়াছে।

Exemption of taxes in drought areas

103. (Admitted question No. 674.)

শ্রীগুইরাম মাঝি: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে (১) খরা এলাকায় এ বছরের খাজনা মকুব করা হইয়াছে ও (২) এ এলাকায় তহশীলদারগণ খাজনা আদায় বাবদ যা কমিশন পেতেন তা পাচ্ছেন না; এবং

(খ) সত্য হইলে তাহাদের (তহশীলদারগণের) জন্য এ বছর বিশেষ কোন সাহায্যের কথা সরকার বাহাদুর চিন্তা করিতেছেন কি না?

The Minister for Land and Land Revenue:

(ক) (১) ১৩৭৩ সালের খাজনাও সেস মকুব করার সিদ্ধান্ত করা হইয়াছে এবং তাহা জিলা সমাহর্তাকে জানান হইয়াছে।

(২) হ্যাঁ।

(খ) এই সমস্ত বিষয় বিবেচনা করিয়া তহশীলদারগণের মাসিক ভাতা ৭ টাকা করিয়া বৃদ্ধি করা হইয়াছে।

Sinking of Tubewells through Local Development in Jamalpur P.S., Burdwan

104. (Admitted question No. 310.)

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার জামালপুর থানার স্থানীয় উন্নয়ন (লোকাল ডেভেলপমেন্ট) পরিকল্পনার মাধ্যমে ১৯৬২ সাল হইতে ১৯৬৭ সালের মে মাস পর্যন্ত মোট কয়টি নলকূপ কোন্ কোন্ স্থানে বসান হইয়াছে;

(খ) ঐ নলকূপগুলির কয়টি বর্তমানে অকেজো অবস্থায় আছে: এবং

(গ) উক্ত অকেজো নলকূপগুলির সংস্কারের কি ব্যবস্থা হইয়াছে?

The Minister for Agriculture:

(ক) মোট ১৮০টি। লাইব্রেরী টেবিলে উপস্থাপিত তালিকায় স্থানের নাম উল্লেখ আছে।

(খ) ১টি।

(গ) জামালপুর উন্নয়ন সংস্থার মিস্ত্রি (ফিটার মেকানিক) মেরামতের কাজ করিতেছেন।

[2—2-10 p.m.]

Calling Attention to matters of urgent public importance

Mr. Speaker: I have received six notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Acute food scarcity in Sadar Subdivision of Murshidabad district —from Shri Abdul Latif;

(2) Violent attacks on many persons, both male and female, of Gayeshpur Colony on the 9th July, 1967—from Shri Amritendu Mukherjee;

(3) Attack on a procession of Congress workers—from Dr. Zainal Abedin;

(4) Theft of fish from the State-owned fishery at Kanchrapara—from Shri Kalipada Mondal;

(5) Dispute on the right of cultivation in village Gobindpur, P.S. Joynagar, district 24-Parganas—from Shri Kalipada Mondal; and

(6) Heinous attack on the dispensary of one Dr. Kali Mohan Das near the junction of Tollygunge Road and Charu Avenue on 16th July, 1967—from Shri Mani Sanyal.

I have selected the notice of Shri Kalipada Mondal on the subject of dispute on the right of cultivation in village Gobindapur, P.S. Joynagar, district 24-Parganas. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Shri Ajoy Kumar Mukhopadhyay: On the 26th July, 1967.

Bolpur-Rajgaon Road, Birbhum

101. (Admitted question No. 658.) **Shri Satyanarayan Banerjee:** Will the Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state—

(a) if it is a fact that there is a proposal pending with the Government for improving the Bolpur-Rajgaon Road (section between Sainthia and Ahmadpur) within Sainthia P.S. in Birbhum district; and

(b) if so, when the construction work will begin?

The Minister for Public Works (Roads): (a) Yes.

(b) Construction of the road will depend upon its inclusion in the Fourth Plan, the finalisation of which will yet take some time.

Spinning Mill at Birbhum

102. (Admitted question No. 661.)

শ্রীসত্যনারায়ণ ব্যানার্জী: বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বীরভূম জেলায় একটি স্পিনিং মিল সংস্থাপনের জন্য লাইসেন্স দেওয়া হইয়াছে;

(খ) সত্য হইলে কাহাকে এবং কখন দেওয়া হইয়াছে;

(গ) ঐ স্পিনিং মিল কোথায় সংস্থাপিত হইবে এবং কবে নাগাদ তাহা চালু হবার সম্ভাবনা; এবং

(ঘ) সরকারের তরফ হইতে ঐ মিলের কোন শেয়ার কেনা হইয়াছে কিনা বা কেনার কোন পরিকল্পনা আছে কি না?

The Minister for Commerce and Industries:

(ক) হ্যাঁ, দেওয়া হইয়াছে।

(খ) সত্য। ৬ই এপ্রিল, ১৯৬২ তারিখে শ্রী এন সি রায়কে দেওয়া হইয়াছে। পরে ময়ূরাক্ষী কটন মিলকে ট্রান্সফার করা হইয়াছে।

(গ) ঐ স্পিনিং মিলটি সিউড়ির নিকট পাঁচরা নামক স্থানে নির্মিত হইতেছে। আনুমাণিক ডিসেম্বর, ১৯৬৭ হইতে চালু হইবার সম্ভাবনা।

(ঘ) হ্যাঁ, কেনা হইয়াছে।

Exemption of taxes in drought areas

103. (Admitted question No. 674.)

শ্রীগুইরাম মাঝি: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে (১) খরা এলাকায় এ বছরের খাজনা মকুব করা হইয়াছে ও (২) এ এলাকায় তহশীলদারগণ খাজনা আদায় বাবদ যা কমিশন পেতেন তা পাচ্ছেন না; এবং

(খ) সত্য হইলে তাহাদের (তহশীলদারগণের) জন্য এ বছর বিশেষ কোন সাহায্যের কথা সরকার বাহাদুর চিন্তা করিতেছেন কি না?

এই প্রসঙ্গে কয়েকটি রাজ্যে প্রশাসনিক ব্যয়ের সহিত জাতীয় সংগঠনমূলক ব্যয়ের একটি তুলনামূলক পরিসংখ্যান উপস্থাপিত করিতে চাইঃ—

		সাধারণ শাসন ব্যয় মোট ব্যয়ের শতাংশ	জাতীয় সংগঠন মূলক খাতে ব্যয় মোট ব্যয়ের শতাংশ	উভয়ের অনুপাত
বিহার	১৯৬৫-৬৬ ..	৩.৫	৫৮.৬	১ : ১৭
	১৯৬৬-৬৭ ..	৩.৭	৫৭.১	১ : ১৫
উত্তর প্রদেশ	১৯৬৫-৬৬ ..	৫.২	৬৩.৯	১ : ১২
	১৯৬৬-৬৭ ..	৪.৪	৫৮	১ : ১৩
মাদ্রাজ	১৯৬৫-৬৬ ..	৭ ৭	৫৪.৯	১ : ১৩
	১৯৬৬-৬৭ ..	৫.২	৫৯.৩	১ : ১১
মহারাষ্ট্র	১৯৬৫-৬৬ ..	৪•৮	৫০.৭	১ : ১১
	১৯৬৬-৬৭ ..	৪.৬	৫৪.১	১ : ১২
গুজরাট	১৯৬৫-৬৬ ..	৩.৮	৫৪.৯	১ : ১৪
	১৯৬৬-৬৭ ..	২.৯	৫৪.৩	১ : ১৮
পশ্চিমবংগ	১৯৬৫-৬৬ ..	২.৭	৫৩.১	১ : ২0
	১৯৬৬-৬৭ ..	৩.0	৫৫.৯	১ : ১৯
	১৯৬৭-৬৮ .. (বাজেট)	৩.৮	৬৪.৩	১ : ১৭

উপরোক্ত পরিসংখ্যান হইতে স্পষ্টই প্রতীয়মান হইবে আমাদের রাজ্যে প্রশাসনিক খাতে ব্যয়ের সহিত জাতীয় সংগঠনমূলক খাতে ব্যয়ের অনুপাত অন্যান্য রাজ্যের তুলনায় অধিকতর সুসমঞ্জস। বরং জাতীয় সংগঠনমূলক খাতে আমাদের সঙ্গতির তুলনায় আমরা অপেক্ষাকৃত অধিক ব্যয়-ভারের দায়ীত্ব গ্রহণ করিয়াছি। কেবলমাত্র ব্যয় সঙ্কোচের উদ্দেশ্যেই কর্মচারীদিগকে যথোপযুক্ত মাহিনা ও সুযোগ-সুবিধা হইতে বঞ্চিত রাখিয়া প্রশাসনিক খাতে ব্যয় কম দেখানো সুষ্ঠু শাসন ব্যবস্থার কাম্য নহে। দক্ষ, সৎ, পরিশ্রমী, সন্তুষ্ট ও অনুরক্ত কর্মীবাহিনী গঠন করিতে হইলে উপযুক্ত মাহিনা, ভাতা ও সুযোগ-সুবিধা অবশ্য প্রদান করিতে হইবে। এইদিকে সরকার উদার মনোভাবের সহিত সজাগ দৃষ্টি রাখিয়াছেন।

[2-10—2-20 p.m.]

সরকারী কর্মচারীদিগের জন্য, বিশেষ করিয়া নিম্নবেতনভুক কর্মচারীদিগের জন্য বেতন, ভাতা ও সুযোগ-সুবিধা বৃদ্ধির ব্যাপারে সরকার সর্বদাই সহানুভূতিশীল। ১৯৬১ সালে পে কমিটির সুপারিশের ভিত্তিতে সর্বশ্রেণীর কর্মচারীদিগের বেতনের ক্রম (স্কেল) জীবনযাত্রার ব্যয় সূচীর সহিত রাখিয়া বর্ধিত করা হইয়াছিল। ১৯৬৪ সালে ৩০০ টাকা ও তন্নিম্ন মাহিনার কর্মচারীদিগকে ৫ টাকা হইতে ১০ টাকা হারে মহার্ঘ্যভাতা প্রদান করা হইয়াছিল। ১৯৬৫ সালে উহা ১০ হইতে ৪৩ টাকা হারে বর্ধিত করা হইয়াছিল এবং ১,০০০ টাকা পর্যন্ত বেতনভোগি-দিগকে ইহার আওতায় আনা হইয়াছিল। ১৯৬৬ সালে মহার্ঘ্যভাতা ১৫ হইতে ৫০ টাকা হারে বর্ধিত করা হইয়াছিল। বর্তমান সরকার ১৯৬৭ সালের ১লা মে হইতে এই ভাতা ৪৮ হইতে

৮০ হারে বর্ধিত করিয়াছেন। কেন্দ্রীয় সরকারের হারে এই ভাতা দেওয়ার ইচ্ছা থাকা সত্ত্বেও আমাদিগের আর্থিক সঙ্গতিতে ইহা সম্ভব হয় নাই। তথাপি সর্বনিম্ন বেতনভোগীদিগকে আমরা কেন্দ্রীয় সরকার অপেক্ষা কিছুটা বেশী হারে মহার্ঘ ভাতা দিতেছি। ইহা ছাড়া, চিকিৎসা ভাতা, শিক্ষা-ভাতা, বাড়ীভাড়া ভাতা সম্প্রসারিত করা হইয়াছে। পেন্সনের হার বৃদ্ধি করা হইয়াছে এবং পারিবারিক পেন্সনের প্রবর্তন করা হইয়াছে। ইহা সত্য যে, বর্তমান দুর্দিনে আমরা কর্মচারীদিগের জন্য প্রয়োজনানুরূপ বর্ধিত হারে ভাতা ও সুযোগ-সুবিধা দিতে পারি নাই। কিন্তু আমাদের আর্থিক সঙ্গতি অত্যন্ত সীমিত। আড়াই লক্ষাধিক কর্মচারীদের জন্য যে বিপুল পরিমাণ অর্থের প্রয়োজন তাহা মিটাইবার সামর্থ্য আমাদের নাই। এই বিষয়ে কেন্দ্রীয় সরকারের সাহায্য প্রাপ্তিরও আশা নাই। সরকারী কর্মচারী ছাড়া, অন্যান্য ক্ষেত্রে, যেমন শিক্ষকদের ক্ষেত্রেও প্রচুর অর্থের প্রয়োজন। ইঁহাদের অবস্থার উন্নতির জন্য আমাদের আন্তরিক ইচ্ছা থাকা সত্ত্বেও প্রয়োজনানুরূপ সঙ্গতির অভাবে আমরা তাহা পূর্ণ করিতে পারি নাই।

সাধারণ প্রশাসন খাতে সমালোচনার একটি প্রধান বিষয় হইল শাসন-যন্ত্রে দুর্নীতি। অধ্যক্ষ মহাশয়, আমাদিগকে বিপুল সংখ্যক—আড়াই লক্ষাধিক-কর্মচারী লইয়া কাজ করিতে হয়। ইঁহাদের সকলেই সৎ এবং সুদক্ষ হইবেন ইহা দাবী করা বোধ হয় যুক্তিসঙ্গত হইবে না। স্বভাবতই এই বিপুল সংখ্যক কর্মচারীদের মধ্যে সৎ অসৎ প্রকৃতির ভেদ এবং যোগ্যতা ও দক্ষতার প্রভেদ থাকিবে। দুর্নীতিপরায়ণ কর্মচারীদের উপর নজর রাখা, তাহাদের খুঁজিয়া বাহির করা ও দুর্নীতিমূলক কাজের জন্য প্রয়োজনীয় শাস্তিবিধানের ব্যবস্থা অবলম্বন করার জন্য ১৯৪৭ সালে এই রাজ্যে দুর্নীতি-দমন বিভাগ স্থাপিত হয়। ১৯৬৫ সালের জানুয়ার মাস পর্যন্ত এই বিভাগটি সুষ্ঠুভাবে ইহার কার্য সম্পাদন করিয়া আসিয়াছে। ১৯৬৫ সালের ফেব্রুয়ারী মাসে এই দুর্নীতিদমন বিভাগটিকে কেন্দ্রীয় ভিজিলেন্স কমিশনের ছাঁচে পুনর্গঠিত করিয়া একটি ভিজিলেন্স কমিশন গঠিত হইয়াছে। একজন অবসরপ্রাপ্ত সুদক্ষ আই, সি, এস, অফিসার-এর অধীনে এই কমিশন ব্যস্ত হইয়াছে। এই কমিশনকে সম্পূর্ণ স্বাধীনভাবে কার্য করিবার অবাধ ক্ষমতা দেওয়া হইয়াছে। সরকারী কর্মচারীদের বিরুদ্ধে প্রতিটি দুর্নীতিমূলক অভিযোগ এই কমিশন পুংখানুপুংখরূপে তদন্ত করেন। তদন্তের ফলে প্রয়োজনীয় প্রমানাদি সংগৃহীত হইলে, সংশ্লিষ্ট কর্মচারীর বিরুদ্ধে হয় আদালতে অভিযোগ দায়ের করা হয় অথবা বিভাগীয় তদন্তের ব্যবস্থা করা হয় এবং যথাবিধি শাস্তি প্রদান করা হয়। ভিজিলেন্স কমিশন গঠিত হইবার বহু পূর্ব হইতেই বিভাগীয় তদন্ত পরিচালনা করিবার জন্য দুইজন অবসরপ্রাপ্ত জেলা জজকে তদন্তকারী অফিসার হিসাবে নিযুক্ত করা হইয়াছে। ইঁহারা বর্তমানে ভিজিলেন্স কমিশনের অধীনে কমিশনার ফর ডিপার্টমেন্টাল এনকোয়ারিজরূপে কার্য করিতেছেন। ভিজিলেন্স কমিশনের ১৯৬৫ সালের রিপোর্ট বিধানমণ্ডলীর গত অধিবেশনে পেশ করা হইয়াছিল এবং ১৯৬৬ সালের রিপোর্টটি যথাসম্ভব শীঘ্র বিধানমণ্ডলীর সম্মুখে পেশ করা হইবে। গত কয়েক বৎসরে নিম্নোক্ত সংখ্যক কর্মচারীর বিরুদ্ধে তদন্ত করা হইয়াছে এবং শাস্তিবিধান করা হইয়াছে:—

		কতগুলি তদন্ত করা হইয়াছে	কতগুলি আদালতে প্রেরিত হইয়াছে	আদালত কতগুলিতে শাস্তি দিয়াছেন	কতগুলি বিভাগীয় তদন্ত হইয়াছে	বিভাগীয় তদন্তে কতগুলিতে শাস্তি দেওয়া হইয়াছে
১৯৬৪	..	৭২২	১	..	৩৮	১৭
১৯৬৫	..	১,৩৩২	২	২	৭৮	৬৫
১৯৬৬	..	১,৪৫৬	২০	২০	৭৭	৭৭

বর্তমান সরকার দুর্নীতি নিরোধ ব্যাপারে দৃঢ়তর নীতি গ্রহণ করিয়াছেন। ভিজিলেন্স কমিশনকে অধিকতর শক্তিশালী করা হইয়াছে এবং ইহা তৎপরতার সহিত কার্য করিতেছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকারী কর্মচারীদের মধ্যে দুর্নীতি সম্বন্ধে সাধারণ্যে প্রায়শঃ কিছুটা অতিরঞ্জিত ধারণা পোষণ করা হয়। ভিজিলেন্স কমিশন তাঁহাদের ১৯৬৫-৬৬ সালের রিপোর্টে মন্তব্য করিয়াছেন যে সরকারী কর্মচারীদের মধ্যে দুর্নীতি, সাধারণে যেরূপ ধারণা করা হয়, সেইরূপ ব্যাপক নহে। কেবলমাত্র বেনামী ও অনামী অভিযোগ পত্রের সংখ্যা দ্বারা দুর্নীতির ব্যাপ্তির বিচার করা যায় না। প্রাপ্ত অভিযোগগুলির মধ্যে শতকরা ৯০ ভাগেরও বেশী বেনামী ও অনামী, এবং ছদ্মনামের সুযোগে ব্যক্তিগত প্রতিহিংসা চরিতার্থ করিবার উদ্দেশ্যে কিংবা চরিত্রে কলঙ্ক কালিমা লেপন করিবার অন্যায়ভাবে সুযোগ-সুবিধা আদায়ের উদ্দেশ্যে কর্মচারীদের বিরুদ্ধে অতি তুচ্ছ কিংবা জঘন্য অভিযোগ আনা হয়। ১৯৬৫-৬৬ সালে কমিশন ১১৭৫টি অভিযোগ পাইয়াছিলেন—ঐগুলি ২৭৮ জন গেজেটেড ও ১০২২ জন নন-গেজেটেড কর্মচারীর বিরুদ্ধে। ঐ অভিযোগগুলির শতকরা ৪৫ ভাগ হয় অতি অস্পষ্ট ও তুচ্ছ অভিযোগপূর্ণ অথবা কমিশনের এক্তিয়ার বহির্ভূত ব্যাপারে। যাহা হউক প্রাপ্ত অভিযোগগুলির তদন্তের ফলে, ২টি ক্ষেত্রে আদালত কর্তৃক এবং ৬৫টি ক্ষেত্রে বিভাগীয় তদন্তে শাস্তি বিধান করা হইয়াছে।

১৯৬৬-৬৭ সালের রিপোর্টে কমিশন মন্তব্য করিয়াছেন যে অধিকাংশ সরকারী কর্মচারীই সৎ। ঐ বৎসর কমিশন মোট ১৫৫৭টি অভিযোগ প্রাপ্ত হইয়াছিলেন। উহাদের মধ্যে ৫২৭টি হয় অতি অস্পষ্ট ও তুচ্ছ অভিযোগপূর্ণ অথবা কমিশনের এক্তিয়ার বহির্ভূত এবং সেই কারণে তদন্তের অযোগ্য। বাকি ১০৩০টি অভিযোগ ৪৯ জন গেজেটেড ও ৫৩৭ জন নন-গেজেটেড কর্মচারীদের বিরুদ্ধে। যাহা হউক প্রাপ্ত অভিযোগগুলির তদন্তের ফলে ২০টি ক্ষেত্রে আদালত কর্তৃক এবং ৭৭টি ক্ষেত্রে বিভাগীয় তদন্তে শাস্তিবিধান করা হইয়াছে।

দুর্নীতির উৎসগুলি যাহাতে রুদ্ধ করা যায় সেই উদ্দেশ্যে কমিশন কতকগুলি ব্যবস্থা অবলম্বনের সুপারিশ করিয়াছিলেন,—যথা—

(১) যে সমস্ত অফিসে পারমিট বা লাইসেন্স ইত্যাদি প্রদান করা হয়, সেখানকার নোটিশ বোর্ডে প্রকাশ্যভাবে পারমিট বা লাইসেন্স প্রদানের নিয়মাবলী, পদ্ধতি, তালিকা, নির্ধারিত ফি, প্রদানকারী অফিসারের নাম ইত্যাদি জ্ঞাতব্য বিষয় জনসাধারণের অবগতির জন্য বিজ্ঞাপিত করিতে হইবে।

(২) রেজিস্ট্রেশন অফিসগুলিতে নিয়মিতভাবে ঊর্ধ্বতন অফিসার কর্তৃক পরিদর্শনের ব্যবস্থা করিতে হইবে।

(৩) যে সকল অফিসে লাইসেন্স, পারমিট, লোন ইত্যাদি দেওয়া হয় অথবা সাজ-সরঞ্জাম ও প্রয়োজনীয় দ্রব্যাদি স্থানীয়ভাবে ক্রয় করা হয়, সেগুলিতে নিযুক্ত কর্মচারীদিগকে প্রতি তিন বৎসর অন্তর বদলী করিতে হইবে।

(৪) দুর্নীতির অভিযোগে শাস্তিপ্রাপ্ত বরখাস্ত কর্মচারীদের সম্বন্ধে বক্তব্য সংবাদপত্রে বিজ্ঞাপিত করিতে হইবে।

এই সুপারিশগুলি সম্বন্ধে যথাযোগ্য নির্দেশ জারি করা হইয়াছে।

প্রসঙ্গতঃ, আমি প্রশাসনিক সংস্কার সম্বন্ধে দু-একটি কথা বলিতে চাই। আমাদের বর্তমান শাসনযন্ত্রটি বহুলাংশে বর্তমান যুগের প্রয়োজনের উপযোগী নহে এবং বিভিন্ন ক্ষেত্রে বর্তমান দ্রুত অগ্রগতির সহিত সমতা রাখিয়া চলিতে পারিতেছে না। ইহার বহুস্থানে বক্রতা, Bottleneck সংকীর্ণতা ও শিথিলতা রহিয়াছে যাহার ফলে প্রয়োজনীয় অগ্রগতি ব্যাহত হইতেছে। শাসনযন্ত্রটি সংস্কার করিয়া উহাকে যুগোপযোগী ও দ্রুতগতিসম্পন্ন করিবার বিষয় সরকার চিন্তা করিতেছেন। এই উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকার একটি উচ্চ ক্ষমতাবিশিষ্ট প্রশাসনিক সংস্কার কমিশন বসাইয়াছেন। কেন্দ্রের সহিত রাজ্যগুলির সম্বন্ধ, রাজ্যগুলির প্রশাসন ব্যবস্থা, জেলাগুলির প্রশাসন ব্যবস্থা, কৃষি সংক্রান্ত প্রশাসন, অর্থনৈতিক প্রশাসন, জনসাধারণের অভাব অভিযোগ দূরীকরণ সংক্রান্ত ব্যবস্থা ইত্যাদি বিষয়—এই কমিশনের

বিবেচ্য বিষয়গুলির অন্তর্ভুক্ত করা হইয়াছে। বিভিন্ন বিষয়ে কমিশন অনেকগুলি স্টাডি টিম গঠন করিয়াছেন, ঐ টিমগুলি রাজ্যসরকারের সহযোগিতায় কার্য করিতেছেন। জনসাধারণের অভাব অভিযোগ প্রতিকার বিষয়ে কমিশন তাঁহাদের রিপোর্ট পেশ করিয়াছেন। ইহাতে তাঁহারা লোকপাল ও লোকায়ুক্ত নামে দুটি সংস্থা গঠনের সুপারিশ করিয়াছেন। কেন্দ্রীয় সরকার এবং রাজ্যসরকার এই সুপারিশগুলি পরীক্ষা করিতেছেন। অপরাপর বিষয়ে কমিশনের সুপারিশ পাওয়ার পর প্রয়োজনীয় সংস্কারসাধন করা হইবে। প্রশাসনিক সংস্কার সংক্রান্ত বিষয়ে শিক্ষা দিবার জন্য কেন্দ্রীয় সরকার দুইটি ট্রেনিং কোর্স খুলিয়াছেন। উহাতে রাজ্যসরকারের কিছু কিছু অফিসারদিগের ট্রেনিং-এর ব্যবস্থা করা হইয়াছে।

[2-20—2-30 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আইনশৃঙ্খলা পরিস্থিতি ও খাদ্য সমস্যা সম্বন্ধে আমি দু-একটি কথা বলিতে চাই। এ কথা সর্বজনবিদিত যে পশ্চিমবঙ্গ তাহার সৃষ্টির সময় হইতেই বহুমুখী সমস্যার ভারে জর্জরিত। উদ্বাস্তু সমস্যা, জনসংখ্যার চাপ, ভূমি সমস্যা, বেকার সমস্যা ইত্যাদির সহিত অর্থনৈতিক সমস্যা ও খাদ্যসমস্যা জড়িত হইয়া অত্যন্ত জটিল পরিস্থিতি উদ্ভূত হইয়াছে। এই পটভূমিকায় আইন ও শৃঙ্খলা পরিস্থিতি স্বভাবতই জটিল হইবে। এই সমস্যা একদিনেই উদ্ভূত হয় নাই। ইহা দীর্ঘ দিনের পুঞ্জীভূত নিষ্ক্রিয়তা ও অযোগ্যতার ফল। গত কয়েক বৎসর হইতেই বর্তমান সরকার গঠিত হইবার বহু পূর্বেই এই সমস্যাগুলি, বিশেষ করিয়া অর্থনৈতিক সমস্যা ক্রমশঃ জটিল হইতে জটিলতর হইয়া উঠিতেছিল। গত বৎসরও রাজ্যের বহু স্থানে জনসাধারণের রোষাগ্নি প্রজ্জ্বলিত হইয়াছিল এবং তাহার ফলে আইন ও শৃঙ্খলা পরিস্থিতি গুরুতর আকার ধারণ করিয়াছিল এবং তদানীন্তন সরকারকে দমন নীতির আশ্রয় গ্রহণ করিতে হইয়াছিল। বর্তমান সরকার দমন নীতিতে আদৌ বিশ্বাসী নন। ইহা জনসাধারণের প্রতিনিধিত্বমূলক সরকার, জনগনের সেবাই ইহার আদর্শ। জনমানসের মুক্তি ও প্রসার তাঁহারা ঘটাইয়াছেন। তাই রাজ্যের সর্বত্র জনগণের মধ্যে বিপুল উৎসাহ ও উদ্দীপনার সৃষ্টি হইয়াছে। সরকারও যেমন সর্ব বিষয় জনগণের ঘনিষ্ঠ সহযোগিতা কামনা করিতেছেন, জনগণও তেমনি তাঁহাদের অকুণ্ঠ সহযোগিতার হস্ত প্রসারিত করিতেছেন। রাজ্যব্যাপী এই বিপুল জাগরণের ফলে এবং উৎসাহ ও উদ্দীপনার আতিশয্যে কোথাও কোথাও কিছু পরিমাণে শান্তি ও শৃঙ্খলা বিঘ্নিত হইয়াছে সত্য, কিন্তু ইহাও সত্য যে এই বিঘ্নের মূলে রহিয়াছে দীর্ঘদিনের অন্যায় ও কায়েমী স্বার্থ। এই বিঘ্ন সাময়িক মাত্র। জনগণ ক্রমশঃ তাঁহাদের অধিকার সম্বন্ধে সচেতন হইয়া উঠিয়াছেন এবং আশা ও আনন্দের সঙ্গে লক্ষ্য করা যাইতেছে যে তাঁহারা শান্তিপূর্ণ সমাজব্যবস্থা রক্ষার ব্যাপারে তাঁহাদের দায়িত্ব উপলব্ধি করিতেছেন। বহু ক্ষেত্রে জনসাধারণ শৃঙ্খলা রক্ষা করিতে আগাইয়া আসিয়াছেন। এই সব ক্ষেত্রে সরকারকে ক্ষমতা প্রয়োগরূপ অপ্রিয় কার্য করিতে হয় নাই। বর্তমান সরকারের এই উদার নীতি ও মানবিক দৃষ্টিভঙ্গীর ফলে ইহা অতীব জনপ্রিয়তা লাভ করিয়াছে। জনগণ খাদ্যাভাব ও অন্যান্য ক্লেশ সহ্য করিয়াও সর্বত্র সরকারকে সমর্থন করিতেছেন। যে কয়েকটি স্থানে বিক্ষিপ্ত অশান্তি ঘটিয়াছে তাহা দমন করিবার জন্য সরকার জনগণের সহযোগিতায় ন্যূনতম ক্ষমতা প্রয়োগ করিতেছেন। যদিও আমরা আশা পোষণ করি যে অবিলম্বে বিঘ্নিত স্থানগুলিতে শান্তি ও শৃঙ্খলা প্রবর্তিত হইবে, তথাপি গুরুতর খাদ্য পরিস্থিতির জন্য কিছু কিছু অশান্তি ঘটা অসম্ভব নহে।

খাদ্য সমস্যাই বর্তমান সর্বাপেক্ষা জরুরী সমস্যা একথা সকলেই জানেন। আমরা কেন্দ্রের নিকট হইতে প্রয়োজনানুরূপ খাদ্য সাহায্য পাইতেছি না। গত দুই বৎসর অজন্মার ফলে, কেন্দ্রের পক্ষে রাজ্যগুলির চাহিদা সম্পূর্ণভাবে মিটানো সম্ভব নহে। অতএব জনগণের সহযোগিতায় আমরা ক্লেশ বরণ করিয়া এই সমস্যা সহ্য করিব। অধিক শস্য উৎপাদনের জন্য বিবিধ প্রকল্প সরকার গ্রহণ করিয়াছেন। আমি আশা করি জনগণের সহযোগিতায় এইগুলি সফল করিয়া তুলিতে পারিব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পূর্বেই বলিয়াছি আমাদের রাষ্ট্র কল্যাণমূলক রাষ্ট্র। সরকারের বিভিন্ন বিভাগে বিভিন্ন দিকে জনকল্যাণ কার্য অনুষ্ঠিত হইতেছে। এইগুলি সম্বন্ধে আমি আর বেশি কিছু বলিতে চাহি না। মাননীয় সদস্যদিগের

বক্তব্য আমি মনোযোগ সহকারে শুনিতে চাই এবং যথাযথ সেগুলির উত্তর দিতে চেষ্টা করিব। এই কথা কয়টি বলিয়া, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অনুরোধ করিতেছি যে সাধারণ প্রশাসন খাতের উত্থাপিত ব্যয় বরাদ্দটি মঞ্জুরীকৃত হউক।

Demand for Grant No. 11

Total Demand—Rs. 64,42,000

Major Head: 18—Parliament, State/Union Territory Legislature

Shri Somnath Lahiri: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 43,73,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 11, Major Head: 18—Parliament, State/Union Territory Legislature.

(Rs. 20,69,000 has already been voted on account)

শ্রীসোমনাথ লাহিড়ী: স্যার, এ সম্বন্ধে বক্তৃতা করার দরকার আছে বলে মনে করি না, এটা হচ্ছে আমাদের অ্যাসেমব্লী এবং কাউনসিল-এর সদস্যদের মাইনে এবং ভাতা এবং অ্যাসেমব্লী এবং কাউন্সিল-এর স্টাফদের মাইনে এবং ভাতা, এ ছাড়া ইলেকশনের খরচ, এই তিনটি খরচ একভাবে হয় তার উপর বিশেষ কিছু বলা সভ্যদের কাছে দরকার নেই। আমি এটা উপস্থিত করে এর বেশী সময় নষ্ট করতে চাই না।

Demand for Grant No. 39

Total Demand—Rs. 2,12,17,000

Major Heads: 65—Pensions and other Retirement Benefits and

120—Payments of Commuted Value of Pensions

Shri Jyoti Basu: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 1,41,45,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 39, Major Heads: 65—Pensions and other Retirement Benefits and 120—Payments of Commuted Value of Pensions.

(Rs. 70,72,000 has already been voted on account)

এই গ্র্যান্ট-এর বিষয় আমারও বিশেষ কিছু বলবার নেই, এটা সবাই জানেন যে পেন্সন এবং গ্র্যাচুইটি সরকারী কর্মচারীদের দেওয়া হয়ে থাকে, আমি বাজেট যখন এখান পেশ করি তখন একটা কথা সেখানে বলেছিলাম যে যাঁরা পেনসন পান তাঁরা বেশ কিছুদিন ধরে এই আবেদন সরকারের কাছে করছেন, নির্বাচনের আগে তাঁরা অনেকে বোধ হয় তদানিন্তন সরকার যাঁরা ছিলেন তাঁদের কাছেও আবেদন করেছিলেন এবং আমরা যাঁরা বিরোধী দলে ছিলাম, তাঁরা আমাদের কাছেও এসেছিলেন তাঁদের একটা সমিতি আছে, সর্বভারতীয় সমিতি; এখানেও আছে এবং আমি যখন বাজেট এখানে পেশ করি তখন তাঁদের বিষয় বিশেষভাবে চিন্তা করে দেখি, কারণ এই দাবি আমরা সমর্থন করেছিলাম আগেও এবং এখনও করছি। আমরা এটা জানি যে ইয়রোপ, বিলাত বা অন্য জায়গায় সেখানে সামাজিক ব্যবস্থা অন্যরকম আমাদের এখানকার থেকে এবং তাঁরা তাঁদের সন্তানদের সঙ্গে থাকেন না, বেশীর ভাগ আলাদা হয়ে থাকেন। আমাদের এখানে ঠিক সেই অবস্থা নয়, কিন্তু আমাদের এখানে অর্থনৈতিক সঙ্কট যা দেখা দিয়েছে এবং এখানকার সামাজিক অবস্থা যা হচ্ছে ক্রমশঃ তাতে ও'দের বিষয় ঠিক ঐ ভাবে চিন্তা না করলেও সময় এসেছে যখন বার বার এই সমস্ত মাইনে এবং মাগ্গীভাতা বাড়াবার কথা ভাবি তখন ও'দের বিষয় আমাদের চিন্তা করা উচিৎ। এটুকু বলে আমি আজ'ক আপনাদেব এই ঘোষণা করতে পাবি যে আমাদের যা সঙ্গতি আছে, এটা বিচার করে এইভাবে এখন ঠিক করেছি যে এ'দের আমরা ভাতা কিছু বাড়িয়ে দেবো। অবশ্য এটা দুভাগ আছে, ১৯৬১ সালের আগে যারা অবসর গ্রহণ করেছেন, যাঁরা পেন্সন পাচ্ছেন এবং ১৯৬১ সালের পর যাঁরা অবসর গ্রহণ

করেছেন, এটার অর্থ হচ্ছে অনেক সদস্য হয়তো জানেন যে ১৯৬১ সালের পর তাঁদের মাগ্গী-ভাতা যা পেতেন সেটা মার্জ হয়ে গেছে বেতনের সঙ্গে, সেই জন্য তাঁরা একটু বেশী পেন্সন পাচ্ছেন। সেই হিসাব ধরলে ১৯৬৯ সালের আগে যেহেতু তাঁদের সেই মার্জ হয়নি সেই জন্য তাঁরা একটু কম হারে পেন্সন পান, সেই জন্য আমরা এইভাবে হিসাব সমস্ত দেখে ঠিক করেছি যাঁরা নাকি ৫০ টাকা পর্যন্ত পান তাঁদের ১৫ টাকা বাড়বে, যাঁরা ৫১ টাকা থেকে ১০০ টাকা পান সেখানেও ১৫ টাকা করবো আর ১০১ টাকা থেকে ২৫০ টাকা পর্যন্ত ১৭·৫০ টাকা, ২৫১ টাকা থেকে ৩৭৫ টাকা পর্যন্ত ও'রা কিছু পেতেন না আগে, এবার ও'দের বাড়িয়ে করা হয়েছে ২৭ টাকা ৫০ পয়সা। এটাই ঘোষণা করেছি তবে ১৯৬১ সালের আগের যাঁরা, আর ঠিক সেই অনুযায়ী একই বেতন যাঁরা পান বিভিন্ন স্তরে, তাঁদের আমি ৫০ টাকা অবধি, ১৯৬১ সনের পরের কথা বলছি, ১২·৫ টাকা, একশো টাকা অবধিও তাই, আর ১০১ টাকা থেকে ২৫০ টাকা অবধি যাঁরা পেন্সন পান, তাঁদের ১৫ টাকা আমি দেব। এই আমরা ঠিক করেছি। এতে প্রায় ৩০ লক্ষ টাকা আমাদের খরচ হবে। এইটুকুই আমি নূতন কথা আপনাদের কাছে বলতে পারি।

Shrimati Purabi Mukhopadhyay:

এর মধ্যে পলিটিক্যাল পেনসনাররাও আছেন ?

Shri Jyoti Basu:

পলিটিক্যাল পেনসনারস্ আলাদা, সেটা এর মধ্যে নাই। আমি আশা করি এই বাজেট আপনারা অনুমোদন করবেন।

Mr. Speaker: Cut Motion No. 2 under Grant No. 11 is out of order.

All the cut motions under Grant Nos. 12 and 39 are in order and taken as moved.

Shri Mihir Upadhyay: That the demand be reduced to Re. 1.

Shri Byomkes Majumdar: That the demand be reduced to Re. 1.

Shri Satyanarayan Banerjee: That the demand be reduced to Re. 1.

Shri Dwijendra Nath Mitra: That the demand be reduced to Re. 1.

Shri Pijus Kanti Mukherjee: That the demand be reduced to Re. 1.

Shri Nitya Nanda Bhuniya: That the demand be reduced to Re. 1.

Dr. Gopika Ranjan Mitra: That the demand be reduced to Re. 1.

Shri Abdus Sattar: That the demand be reduced to Re. 1.

Shri Pramatha Nath Dhibar: That the demand be reduced to Re. 1.

Shrimati Purabi Mukhopadhyay: That the demand be reduced to Re. 1.

Shri Sachindra Mohan Nandy: That the demand be reduced to Re. 1.

Shri Narayan Chandra Chaudhuri: That the demand be reduced to Re. 1.

Shri Arun Kumar Moitra: That the demand be reduced to Re. 1.

Shri Syama Prasad Barman: That the demand be reduced to Re. 1.

Shri Dashu Koron Murmu: That the demand be reduced to Re. 1

Shri Boila Murmu: That the demand be reduced to Re. 1.

Shri Bankim Chandra Sasmal: That the demand be reduced to Re. 1.

Shri Santosh Kumar Roy: That the demand be reduced to Re. 1.

Dr. Ranjit Ghosh Chowdhuri: That the demand be reduced to Re. 1.

Shri Mrityunjoy Banerjee: That the demand be reduced to Re. 1.

Shrimati Nurunnessa Sattar: That the demand be reduced to Re. 1.

Shri Sankar Sen Ishore: That the demand be reduced to Re. 1.

Shri Panchanan Sinha Ray: That the demand be reduced to Re. 1.

Shri Joy Narayan Sharma: That the demand be reduced to Re. 1.

Shrimati Nurunness Sattar: That the demand be reduced to Re. 1.

[2-30—2-40 p.m.]

Dr. Pratap Chandra Chunder:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী সাধারণ প্রশাসনিক খাতে যে ব্যয়-বরাদ্দ উপস্থিত করেছেন, তার সমর্থনের জন্য তিনি আমাদের আহ্বান জানিয়েছেন। কিন্তু আমরা তা সমর্থন করতে পারছি না, তার কারণ কোথায় কি মাগ্গীভাতা বাড়লো, কোথায় কি পেনসন বাড়লো, বাড়ানোর নিশ্চয়ই প্রয়োজনীয়তা আছে, সামগ্রিকভাবে দেখলে সেটার উপর প্রশাসনের সব কিছু নির্ভর করে না। উনি বলেছেন শাষণযন্ত্র পুরাতন, তা বদল করা দরকার। সে বিষয় নিশ্চয়ই আমরা একমত হবো। কেমনভাবে কোন্ পদ্ধতিতে একই শাসনযন্ত্র পরিচালিত হচ্ছে সেই দিক থেকে যদি লক্ষ্য করা যায়, তাহলে দেখতে পাবেন যেমন মহাভারতের দ্রৌপদীর ছিল পঞ্চ স্বামী তেমনি এই পশ্চিমবঙ্গের সরকারী কর্মচারীদের হচ্ছে ১৪ স্বামী। তাঁরা এই দ্ব্যর্থক অবস্থার মধ্যে পড়েছেন। তার ফলে কার যে তাঁরা মনোরঞ্জন করবেন তা তাঁরা বুঝতে পারছেন না। এই ১৪টি দলের প্রতিনিধিরা মাঝে মাঝে গিয়ে ডিষ্ট্রীক্ট ম্যাজিষ্ট্রেট থেকে আরম্ভ করে সাধারণ যে কর্মচারী আছে তাঁদের উপর এক হাত করে নিয়ে আসছেন। তাদের প্রত্যেক দলই নিজেদের সুবিধার জন্য এগিয়ে যাচ্ছেন। তার ফলে এই সমস্ত অরাজক অবস্থা চারিদিকে দেখতে পাচ্ছি। তার মধ্যে দিয়ে সরকারী কর্মচারীরা সব সময় স্থির করতে পারছেন না, কার মনোরঞ্জন তাঁরা করবেন। এই রকম অনাচার শুধু সরকারী কর্মচারীদের মধ্যে দেখছি তা নয়, মন্ত্রিসভার সদস্যদের মধ্যেও দেখা যাচ্ছে যেমন সেচমন্ত্রী দিল্লীতে গিয়ে খাদ্যের কথা বলছেন, মুখ্যমন্ত্রীকে বাদ দিয়ে উপমুখ্যমন্ত্রী বা পরিবহনমন্ত্রী কতকগুলি দাবী করছেন। এই রকম অনাচার অব্যবস্থা যদি চলে, তাহলে কোথায় কি মাগ্গীভাতা বাড়লো, বা কিছু সুযোগ-সুবিধা করে দিলেন, তাতে সরকারী প্রশাসন যন্ত্র ঠিক মত চলতে পাবে না। এই সরকারের প্রশাসন যন্ত্র তাদের দলীয় স্বার্থে আজ ব্যবহার করা হচ্ছে। আমার কাছে একটি কাগজ আছে, লাল রং-এ ছাপা হয়েছে কাস্তে হাতুড়ি তারা, আর সাদা পিঠে আছে ঐ সাঁকরাইল ব্লক ডেভলপমেণ্ট অফিসের রবার ষ্ট্যাম্প, একজনের নাম রয়েছে ৩ কেজি দেবে ইত্যাদি। এই দিক থেকে দেখতে পাচ্ছি সরকারী সংস্থার সুযোগ নিয়ে কাস্তে হাতুড়ি তারার খানিকটা প্রচারের ব্যবস্থা এবং এর মধ্য দিয়ে নিজেদের লোকদের ৩ কেজি দিবে এই রকম সুবিধা-সুযোগ করে দেওয়ার এক চমৎকার ব্যবস্থা আমরা লক্ষ্য করতে পারছি। এটা জাল কিনা সেটা মন্ত্রিমহাশয় তদন্ত করে দেখবেন। আমি মুখ্যমন্ত্রীর কাছে এটা উপস্থিত করবো। আরো এই রকম কাজ— অনেক আছে।

তারপর দেখছি মন্ত্রীদের আচরণবিধি করবার ব্যবস্থা হচ্ছে। কিন্তু সরকারী কর্মচারীদের আচরণবিধি বাতিল হয়ে যাচ্ছে। তার ফলে উর্ধ্বতন কর্মচারীদের আর কেউ মানতে চায় না। কথায় কথায় ঘেরাও, চতুর্থশ্রেণীর কর্মচারীদের দ্বারা মাননীয় অর্থমন্ত্রীও ঘেরাও হয়েছিলেন। এই ঘেরাও করে তাদের দাবী-দাওয়া অর্থমন্ত্রীর কাছ থেকে আদায় করে নিয়েছেন। শুধু তাই নয়—এটা বিভিন্ন সংস্থার কর্মচারীদের মধ্যেও দেখা যাচ্ছে। তাঁরা এই দলীয় স্বার্থ বজায় রাখবার জন্য কথায় কথায় এই রকম হামলা করবার জন্য এগিয়ে আসছে। আমি জানি সম্প্রতি কর্মচারী ফেডারেশনের সচিব শচীন বসুকে ফুড ডিপার্টমেণ্টের কর্মচারীরা ঘেরাও করে। তার সঙ্গে যে মহিলা কর্মী ছিলেন, তাঁর উপরও হামলা করা হয়েছিল। এবিষয়ে চেষ্টা করেও তাঁরা কোন প্রতিকার পান নাই।

এই রকম অবস্থা যদি চলতে থাকে তাহলে কি করে মুখ্যমন্ত্রিমহাশয় আশা করেন তাঁর প্রশাসন যন্ত্র ভাল হয়ে উঠবে? আজকের দিনের কথা হচ্ছে কর্মচারীদের মধ্যে, কার পিছনে কোন দাদা আছেন। দাদার জোরে কর্মচারীরা লড়েন। তাঁর পিছনে যদি নিশীথ দাদা থাকেন, অর্থাৎ নিশীথনাথ কুণ্ডু মহাশয়, তাহলে তিনি বেশী দূর এগাতে পারবেন না। তবে তাঁর পিছনে যদি জ্যোতিদা থাকেন তাহলে তিনি বুক ফুলিয়ে হাঁটতে পারবেন। আমার কাছে সম্প্রতি একটা সংবাদ এসেছে, ঐ পুরানো পি, জি, হাসপাতালের একজন নার্সিং [illegible] ওখান থেকে বদলি করবার জন্য ব্যবস্থা করা হল, সঙ্গে সঙ্গে তিনি নাকি চলে গেলেন সুপার [illegible] কাছে এবং তিনি তাঁর বক্তব্য জানালেন সেখানে, তখন সুপার ক্যাবিনেটের হুকুমে

সেই ট্রেনিং নার্সকে আবার পুরাতন জায়গায় বহাল করা হল। কারণ তিনি নাকি সেখানে ইউনিয়ন গঠন করে চলেছেন। এমন কি হাসপাতালেরও এই রকম অবস্থা। ধুবুলিয়ার কয়েকজন হাসপাতালের কর্মচারী আমার কাছে এসে আমার সঙ্গে দেখা করেছিলেন এবং তাদের সেখানে দুরবস্থার কথা জানান। তাঁরা মন্ত্রিমহাশয়ের কাছে গিয়েও বলেছেন, তাদের ঘেরাও করা হচ্ছে, তাদের মারধর করবার জন্য ভয় দেখান হচ্ছে, অথচ সরকারের তরফ থেকে তাদের নিরাপত্তার কোন রকম আশ্বাস দেওয়া হচ্ছে না। এই ধরনের অবস্থা যদি চলতে থাকে তাহলে আবার প্রশ্ন করতে হয় যে, কি করে তাঁরা মনে করেন তাঁদের এই শাসনযন্ত্রের কাঠামো ঠিকভাবে পরিচালিত হবে? অবশ্য কর্মচারীদের হাতে রাখবার জন্য তাদের মাগ্গিভাতা বৃদ্ধি করা হচ্ছে। এর জন্য নিশ্চয়ই আমি প্রশংসা করবো। বর্তমানে যে রকম দুর্মূল্যের বাজার হয়েছে, তাতে মাগ্গিভাতা আরও বাড়াতে পারলে নিশ্চয় ভাল হতো। কিন্তু যে দাবী করা হচ্ছে, তাতে মনে হয় যেন তাঁরা মাগ্গিভাতা বৃদ্ধি করে তাঁদের কর্মচারীদের অনেক সুবিধা করে দিলেন। তা ঠিক নয়। ও'র কথাটা সত্য নয়। কারণ, ঐ যে একটা মোটা লাল বই দেখছেন, যেটা আমাদের কাছে মার্চ মাসে দেওয়া হয়েছিল, তার ৮৩ পৃষ্ঠায় যা আছে, তা লক্ষ্য করলে দেখতে পাবেন, প্রাক্তন কংগ্রেস সরকার এবং তাঁর অর্থমন্ত্রী শৈল মুখার্জী মহাশয়, ২৮ লক্ষ ৮৮ হাজার টাকা বাড়তি ডি এ-র জন্য রেখেছিলেন, এবং তারপরে আরও ৪৬ লক্ষ টাকা বাড়ান হয়েছে এবং তা কি করে বাড়ান সম্ভব হল, সে কথা আমি আগেই উল্লেখ করেছি। আর একটা ব্যাপার, আমি সংক্ষেপে বলি, নীচের তলায় যাঁরা আছেন, তাঁদের জন্য ১৮ টাকা বাড়ান হল, আর মাঝখানে যাঁরা আছেন, তাঁদের ক্ষেত্রে বাড়ান হল ১৫ টাকা করে, আর যাঁরা উপর তলার কর্মচারী, এক হাজার টাকা থেকে ২,৫০০ টাকা করে যাঁরা মাইনে পান, তাঁদের ক্ষেত্রে বাড়ান হল ২০ টাকা করে। এর ফলে ও'দের ঐ বশংবদ কর্মচারী যাঁরা আছেন, তাঁরা ময়দানে মিটিং করে ঘোষণা করলেন এই ধরনের বৃদ্ধি শুধু বৈষম্যমূলক নয়, এটা সম্পূর্ণ নীতি বিরুদ্ধ। এটা কোন নীতি অনুসরণ করে চলেছে, সেটা বোঝা যায় না। কিন্তু এই যে মাগ্গি-ভাতা বৃদ্ধির ব্যবস্থা করেছেন, এতে কোন গৌরব আছে বলে আমি মনে করি না। কারণ যে-ভাবে গত কয়েক মাসের মধ্যে খাদ্যশস্য ও অন্যান্য নিত্যপ্রয়োজনীয় জিনিষের দাম বেড়ে গিয়েছে, কোন কোন ক্ষেত্রে শতকরা ৩৪ ভাগেরও বেশী বেড়ে গিয়েছে, বহু জায়গায় আরও বেশী বেড়েছে, এই অবস্থায় এই যে মাগ্গিভাতা বৃদ্ধি করা হয়েছে তাতে বিশেষ কোন সুবিধা হবে না, হাজার ভাগের এক ভাগ কর্মচারীদের উপকারে আসবে বলে আমার মনে হয় না। মুখ্যমন্ত্রিমহাশয় ব্যয় সংকোচের কথা বলেছেন। আমরা দেখতে পেলাম না মন্ত্রীদের ক্ষেত্রে ব্যয়সংকোচ কি করা হয়েছে? ঐ লাল বইতে দেখলাম ১২ লক্ষ, ৬২ হাজার টাকা নাকি তাঁদের জন্য ব্যয় হত, সেটা কমানো হয়েছে। কিন্তু রিভাইজড্ এষ্টিমেট সেটা লক্ষ্য করা গেলো না। অবশ্য এটা সত্য যে মন্ত্রীরা মাইনে কম নিচ্ছেন। কিন্তু তাঁদের সর্বমোট বেতন কমেনি। সেদিক থেকে সরকারের ব্যয় সংকোচ হল না, বরং মাগ্গিভাতা বাড়ানর জন্য ব্যয় বৃদ্ধি হয়ে গেলো।

[2-40—2-50 p.m.]

মুখ্যমন্ত্রী গড়ে যেভাবে ব্যয় বৃদ্ধি হয়েছে দেখিয়েছেন এইভাবে বৃদ্ধি হলে কিন্তু অন্য দিক দিয়ে ব্যয় সংকোচের কোন লক্ষণ আমরা দেখতে পেলাম না। আজকে এই কর্মচারীদের নিয়ে কাজ চালান নিশ্চয়ই খুব প্রয়োজন, তাদের মনে উৎসাহ সৃষ্টি করতে হবে এবং কর্মে তাদের দক্ষতা দেখানোর ব্যাপারে সুযোগ দেওয়া ইত্যাদি ব্যাপারে কাজ করতে হবে কিন্ত আমরা দেখছি দলের সঙ্গে যারা লেগে আছে তাদের সুবিধা হবে এবং যারা ঐ দলের সঙ্গে লেগে থাকবে না তাদের সুবিধা হবে না। আমরা জানি যে ষ্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের বহু কর্মীকে ছাঁটাই করে দেওয়া হচ্ছে, কেন? না তারা যুক্তফ্রন্ট দলের সমর্থক ইউনিয়নগুলির দখলে নয় বা তাদের সঙ্গে মিলে কাজ করতে চায় না। আজকে এই অবস্থা যদি চলে তাহলে দেশের প্রশাসন ব্যবস্থা ক্রমশঃ ভেঙ্গে যাবে এবং প্রশাসন ব্যবস্থা সাধারণতঃ রাজনীতির উর্দ্ধে থাকবে এটা যে কোনও গণতান্ত্রিক দেশের প্রধান নিয়ম। কিন্ত সেই নিয়ম যদি ভেঙ্গে দেওয়া হয় তাহলে আমরা এখানে কিছুতেই গণতন্ত্রকে রক্ষা করতে পারবো না। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বার বার করে বলেছেন যে আইন-শৃঙ্খলা কিছু

কিছু বিঘ্নিত হচ্ছে। খুব ভাল কথা, তিনি তবু স্বীকার করেছেন। কিন্তু কালকে তিনি আবার বলেছেন অরাজকতা এখানে বিশেষ কিছু নেই। তাঁর দৃষ্টি এখন বোধহয় খুব প্রখর নয় তা না হলে তিনি দেখতেন ২৬ তারিখে এই বিধানসভার চারিদিকে যারা এসে হাজির হয়েছিল তারা মুখ্যমন্ত্রী মহাশয়ের কয়েক গজ দূরে এই বিধানসভার সদস্যদের লাঞ্ছিত করেছিল, বিধান পরিষদের উপাধ্যক্ষকে লাঞ্ছিত করেছিল, তারা কেউ এখানে খাদ্যের দাবী নিয়ে উপস্থিত হয়নি। কাজেই তিনি যে খাদ্যের দাবীর কথা বলেছেন যে খাদ্যের ব্যাপার নিয়ে বাংলাদেশে নানা রকম অশান্তি দেখা দিচ্ছে, এখানে তাঁর কয়েক গজ দূরে যে ঘটনা ঘটেছিল সে সম্পর্কে যদি তিনি কারণ জানতেন তাহলে তিনি এই ধরনের কথা বলতেন না। আজকে কাগজের শিরনামায় দেখলাম মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন বাংলাদেশে অরাজকতা কোথায়, এটা যদি কংগ্রেস আমল হতো তাহলে আগুন জ্বলতো। এটা ত খানিকটা সত্যি কথাই যে যারা আগুন জ্বালাবে, ট্রাম বাস পুড়াবে তারা ওদের হাতে হাত মিলিয়ে বসে আছে। মুখ্যমন্ত্রী মহাশয় বোধহয় খবর রাখেন না মালদহের ডালরা বলে একটা জায়গায় আমি নিজে গিয়ে দেখেছি যে উদ্বাস্তুদের ১৩৬টি বাড়ী পুড়ে গিয়েছে এবং সেখানে ৪ জনকে কুঠার দিয়ে জীবন্ত কেটে মারা হয়েছে। আমি সেখানে গিয়েছি তাদের বিধবারা মাটিতে লুটিয়ে পড়ে তারস্বরে চীৎকার করে বলছে যে এর কি বিচার কিছু নেই। আমি সেখানকার জেলা কর্তৃপক্ষের সঙ্গে দেখা করেছি কিন্তু জেলা কর্তৃপক্ষ যার বিরুদ্ধে চার বার দরখাস্ত চলে গিয়েছে ওখান থেকে বদলী করে দেবার জন্য, তিনি কি করবেন। সেই অঞ্চলের প্রতিনিধিরা আমার সঙ্গে দেখা করেছিলেন কিন্তু আজ পর্যন্ত তারা নিয়মিত সরকারী সাহায্য পাচ্ছে না। তারপর সেই আমিনাবাজারে সেই ভদ্রলোকের সঙ্গে দেখা করতে গেলাম, তিনি হাসপাতালে আপাদমস্তক পোড়া অব্যবস্থায় রয়েছেন. সেখানকার সংখ্যালঘু সম্প্রদায়ের ৫৬টি বাড়ী পুড়িয়ে দেওয়া হয়েছে। এই ভদ্রলোক এবং তাঁর স্ত্রী ও আরো কয়েকজনকে জ্বলন্ত আগুনে নিক্ষেপ করা হয়েছিল, তাঁরা পুড়ে মারা গিয়েছেন এবং তিনি আহত অবস্থায় হাসপাতালে পড়ে আছেন। আগুন জ্বলছে, আগুন জ্বলবে, মুখ্যমন্ত্রী এ আগুন নিভাতে পারবেন না। তিনি যদি মনে করেন যে এই হিংস্র চীনাপন্থীদের উপর নির্ভর করে তাঁর মুখ্যমন্ত্রীত্ব বজায় রাখবেন তাহলে, আমার একটা ইংরাজী ছড়া মনে পড়ে গেল সেটা তঁকে স্মরণ করিয়ে দিচ্ছি। সেই ছড়াটি হচ্ছে:

There was a young lady of Niger
Who smiled as she rode on a tiger;
They came back from the ride with the lady inside
And the smile on the face of the tiger.

কাজেই smile on the face of the tiger inside আমরা দেখতে পাবো এবং ঐ পথে যাবার জন্য মুখ্যমন্ত্রীকে তৈরী হয়ে থাকতে হবে তাঁর এই অদূরদর্শীতার জন্য। তাই তিনি যে বরাদ্দ পেশ করেছেন আমি কিছুতেই এই ব্যয় বরাদ্দ সমর্থন করতে পারছি না।

Shri Ajoy Malakar:

মিঃ স্পীকার, স্যার, মাননীয় মুখ্যমন্ত্রীর এই ব্যয়-বরাদ্দ সমর্থন করতে গিয়ে আমি কয়েকটি কথা আপনার মারফত বলতে চাই। দুর্নীতিগ্রস্ত জনস্বার্থবিরোধী বর্তমান এই মাথাভারি শাসন ব্যবস্থার আমূল পরিবর্তন না হলে আমরা এই শাসন ব্যবস্থা নিয়ে জনসাধারণের কোন কল্যাণ করতে পারবো না। সেজন্য আমি প্রথমেই আমাদের যুক্তফ্রণ্ট সরকারের কাছে নিবেদন রাখবো যে বর্তমান এই শাসন ব্যবস্থার আমূল পরিবর্তন করতে হবে এবং শাসন ব্যবস্থাতে কিভাবে জনসাধারণের সক্রিয় সাহায্য এবং সহযোগিতা পাওয়া যায় সেদিকে আমাদের দৃষ্টি দিতে হবে। একথা স্বীকার করতে হবে যে আজকে শাসনযন্ত্রের যে দুর্নীতি, অফিসারদের মধ্যে যে স্বেচ্ছাচারিতা চলছে তা দূর করার জন্য আমাদের এই যুক্তফ্রণ্ট সরকার চার মাসের মধ্যে এমন কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করেননি যা দিয়ে আমরা বলতে পারি যে আমাদের সরকার প্রচেষ্টা চালাচ্ছেন। সেজন্য আমি যুক্তফ্রণ্ট সরকারের কাছে নিবেদন করবো যে আর

কালবিলম্ব না করে যাতে এই অফিসারদের স্বেচ্ছাচারিতা বন্ধ হয়, যাতে শাসনযন্ত্রের এই দুর্নীতি বন্ধ হয়, তার জন্য তাঁরা যেন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করেন। আমরা যদি শাসনযন্ত্রে এই ত্রুটিগুলির কারণ অনুসন্ধান করি তাহলে আমরা মোটামুটি চারটি জিনিস দেখতে পাই। প্রথম হচ্ছে বর্তমান শাসনযন্ত্রের বিরুদ্ধে জনসাধারণের যে অভিযোগ আছে সেই অভিযোগ জানা এবং সেই অভিযোগের প্রতিকার করার কোন ব্যবস্থা নেই। শাসনযন্ত্রে যে দুর্নীতি আছে সেই দুর্নীতির বিরুদ্ধে ব্যাপক কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করার কোন ব্যবস্থা নেই। জনসাধারণের সাহায্য এবং সহযোগিতা ছাড়া আমরা দেখতে পাচ্ছি মন্ত্রিমণ্ডলী বেশীর ভাগ ক্ষেত্রে হায়ার অফিসার-দের উপর নির্ভর করছেন। আমরা দেখতে পাচ্ছি নিম্নতম যে সব কর্মচারী আছে এবং উর্ধ্বতন যে সব কর্মচারী আছে তাদের মধ্যে একটা বিরাট আর্থিক বৈষম্য। এই আর্থিক বৈষম্য থাকার ফলে আমরা দেখতে পাচ্ছি সাধারণ যে সমস্ত কর্মচারী তারা সক্রিয় হয়ে কাজ করছে না এবং তাদের কাজের মধ্যে যে কর্তব্যপরায়ণতা সেটা নেই। আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে কয়েকটি প্রস্তাব রাখছি, যদি আজকে শাসনযন্ত্র পরিবর্তন করতে চাই তাহলে কতকগুলি জিনিস আমাদের করতে হবে। আমি মনে করি প্রত্যেকটি সরকারী কর্মচারীকে নিয়োগ করবার পূর্বে সততা এবং নিষ্ঠার সঙ্গে কাজ করবার শপথ গ্রহণ করান উচিত, এটা হবে তার উপরে একটা নৈতিক চাপ। দ্বিতীয় কথা হচ্ছে জনসাধারণের যে অভিযোগ আছে সেই অভিযোগ জানার জন্য এবং তার প্রতিকার করার জন্য এ পর্যন্ত কোন সংস্থা নেই তাই আমি মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করবো তিনি এমন একটি সংস্থা করুন, প্রতি জেলায় এবং মহকুমায় একজন ফার্স্ট ক্লাস ম্যাজিষ্ট্রেটের উপর ভার দিন আলাদাভাবে যে তার কাছে দেশের মানুষ অভিযোগ করলে সেই অভিযোগের প্রতিকার তিনি করতে পারবেন। যদি তা না হয় তাহলে দেশের মানুষ যে অভিযোগ করবে সেই অভিযোগের কোন প্রতিকার হবে না, অভিযোগ কার কাছে করবে তা তারা বুঝতে পারবে না। এটার দিকে মানুষকে একটা নির্দিষ্ট পথ এখন থেকে বলে দিতে হবে। আর একটা জিনিস, দুর্নীতি বন্ধ করার জন্য যে এ্যান্টি কোরাপশন ডিপার্টমেণ্ট আছে, যে এনফোর্সমেণ্ট ডিপার্টমেণ্ট আছে, যে ভিজিলেন্স কমিশন আছে, কেবলমাত্র এই কয়েকটি ডিপার্টমেণ্ট বা এই কয়েকটি কমিশন দিয়ে দেশের দুর্নীতি বন্ধ করা যাবে না, দুর্নীতি বন্ধ করতে হলে জনসাধারণের সক্রিয় সাহায্য এবং সহযোগিতা গ্রহণ করা দরকার। তাই আমি মনে করি জনসাধারণের প্রতিনিধিদের নিয়ে প্রতি জেলায় এবং মহকুমায় বেসরকারীভাবে এ্যাডমিনিস্ট্রেটিভ এ্যাডভাইসরি কমিটি গঠন করা উচিত এবং এ্যাডমিনিস্ট্রেটিভ এ্যাডভাইসার কমিটির কাছে কোন অভিযোগ এলে প্রথম তারা সেই অভিযোগগুলির তদন্ত করবে এবং তদন্ত করে তারা যদি অভিযোগ সত্য বলে মনে করেন তাহলে তা তারা সরকারকে জানাবেন এবং সরকার তার উপযুক্ত ডিপার্টমেন্টের মারফত সেগুলিকে তদন্ত করবেন। এই এ্যাডমিনিস্ট্রেটিভ এ্যাডভাইসরি কমিটি প্রত্যেকটি জেলা এবং মহকুমাতে সরকারী এবং বে-সরকারী লোকদের নিয়ে গঠন করা উচিত। এ ছাড়া আর একটা জিনিষ আমরা দেখে এসেছি গত ২০ বছর ধরে যে সমস্ত অফিসাররা দুর্নীতি করে, যে সমস্ত অফিসাররা স্বেচ্ছাচারিতা করে কংগ্রেস সরকার তাদের প্রমোশন দিয়ে এসেছেন কিন্তু এবারে সৎ এবং দক্ষ লোকদের প্রমোশন দেবার কথা মুখ্যমন্ত্রী বলেছেন। এ পর্যন্ত তা হয়েছে কিনা সন্দেহ আছে।

[2-50—3-20 p.m.]

তাই আমি মনে করি যে সমস্ত অফিসারদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ থাকবে, তাদের প্রমোশন দেওয়া উচিত হবে না এবং দুর্নীতির ব্যাপক প্রচার দরকার। এর জন্য অফিসে ও পাব্লিক প্লেস-এ বড় বড় পোস্টার টাঙ্গান দরকার। বর্তমানে আমরা সমাজতান্ত্রিক সমাজব্যবস্থা প্রবর্তন করতে চাই। কিন্তু আমরা দেখছি বর্তমান সরকারী কর্মচারীদের মধ্যে বিরাট আর্থিক বৈষম্য আছে। সেই আর্থিক বৈষম্য দূরীকরণে কেন্দ্রীয় সরকার বলুন বা বিভিন্ন রাজ্যসরকার বলুন কার্যকরী নীতি গ্রহণ করেন নি। আমরা যদি সমাজতান্ত্রিক সমাজ ব্যবস্থা প্রবর্তন করতে চাই, তাহলে আজকে যে বিরাট আর্থিক বৈষাম আছে তাকে কমিয়ে আনতে হবে। বৈষাম দূর করতে হবে এবং কমপক্ষে প্রত্যেকটি কর্মচারীকে ১৫০ টাকা বেতন দিতে হবে।

মাননীয় স্পীকার মহাশয়, আমার পূর্ববর্তী বক্তা ডঃ প্রতাপচন্দ্র চন্দ্র অনেক কথা বলেছেন তিনি বলেছেন আমরা নাকি দলীয় স্বার্থে শাসনযন্ত্রকে ব্যবহার করছি। ঠিক সংগে সংগে আর একটা জিনিষ দেখিয়েছেন যে, কাগজে কাস্তে হাতুড়ি তারা ছাপ মারা। মাননীয় স্পীকার মহাশয়, যদি আপনি ঐ স্ট্যাম্প মারা কাগজটা দেখতেন, তাহলে দেখতেন ঐটি হচ্ছে একটি হ্যান্ড-বিলের অংশ। সেই হ্যান্ড-বিলটিকে কোন এক ভদ্রলোক চিরকুট হিসাবে ব্যবহার করে ছিলেন মাত্র। কিন্তু ডঃ প্রতাপচন্দ্র চন্দ্র প্রকৃত তথ্য না রেখে হাতুড়ির অংশটা দেখিয়ে আমাদের বিভ্রান্ত করবার চেষ্টা করছেন। আমি ঐটি দেখেছি জানি বলেই বলছি, সম্পূর্ণ অসত্য কথা উনি বলেছেন। আসলে ওটা হ্যান্ড-বিলের একটি অংশমাত্র।

(গোলমাল।)

আপনারা যে কেউ দেখলে দেখতে পারবেন ওটা হ্যান্ড বিলের একটা অংশ মাত্র। দলীয় স্বার্থে বিভ্রান্ত করার চেষ্টা করছেন। আমার জেলার এক ম্যাজিস্ট্রেটের কথা মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে বলব। তিনি কে? তিনি ছিলেন গ্রেগরী গোমেজ। তিনি মেদিনীপুরের ডি-এম, হয়ে গিয়েছিলেন। এখন ছুটিতে আছেন। তিনি ছিলেন প্রাক্তন মুখ্যমন্ত্রী প্রফুল্লচন্দ্র সেন মহাশয়ের পোষ্যপুত্র। তার কাজ আমরা দেখেছি, হাজার হাজার টাকা পারিকের কাছ থেকে ঘুষ নিয়েছেন এবং সেই ঘুষের বিরুদ্ধে শুধু বামপন্থীরা আন্দোলন করেন নি, কংগ্রেসীরা পর্যন্ত দরবার করেছিল মুখ্যমন্ত্রী প্রফুল্ল সেনের কাছে, কিন্তু তখনও দেখেছি তিনি কংগ্রেসীদের পর্যন্ত পাত্তা দেন নি, বলেছেন, "গোমেস যা করছেন—ঠিক করছেন।" আমরা অনুসন্ধান করে দেখেছি, গোমেস আর, টি, এ, থেকে যে হাজার হাজার টাকা ঘুষ নিয়েছিলেন তার একটা বৃহৎ অংশ প্রাক্তন মুখ্যমন্ত্রী প্রফুল্লচন্দ্র সেনের হাতে দিতেন, কংগ্রেস তহবিলে দিতেন। তাই আমরা একথা বলতে পারি আজও অনেক এস-ডি-ও আছেন, ডি-এম আছেন, অফিসার্স আছেন—যারা হাজার হাজার টাকা নিয়ে সেই টাকা কংগ্রেসকে দিয়ে সাহায্য করছেন। আমি সেজন্য......

(গোলমাল)

Shrimati Biva Mitra: On a point of order, Sir,

মাননীয় সদস্য শ্রীঅজয় মালাকার বললেন, গোমেস সাহেব হাজার হাজার টাকা আর, টি, এ থেকে ঘুষ নিয়ে প্রাক্তন মুখ্যমন্ত্রী প্রফুল্লচন্দ্র সেনকে দিয়েছেন। হাউসে যাঁরা উপস্থিত থাকেন না—যে সমস্ত অফিসার, বা প্রাক্তন মন্ত্রী বা যে সমস্ত লোক তাদের সম্বন্ধে কোন অসত্য কথা উত্থাপন করলে তারা কোন প্রোটেকসান নিতে পারেন না।

মিঃ স্পীকারঃ (শ্রীগোলকেশ ভট্টাচার্যকে) আমি বলে দিচ্ছি স্ট্রেট কথা, আপনি ঐভাবে কথা বলবেন না।

Don't think by the threat of any body I would take other steps. I take strong exception to the way you are addressing the Chair.

Shrimati Biva Mitra:

স্যার, আমি আপনার কাছে বলি এই সমস্ত অসত্য সংবাদ এখানে না বলে বাহিরে গিয়ে বললে তাহলে তার যথার্থ প্রমাণ হতে পারে। আমি বলছি পূর্বতন মুখ্যমন্ত্রীর নামে যদি এই রকম কোন সংবাদ থাকে তাহলে যদি তাঁর সৎসাহস থাকে বাহিরে গিয়ে বলুন।

মিঃ স্পীকারঃ প্লিজ আপনি এখুন বসুন। আপনি পয়েন্ট অফ অর্ডার যেটা রেজ করেছেন তা হচ্ছে যে এই সভায় যিনি উপস্থিত নেই তাদেরকে কটাক্ষ্য করা উচিত নয় সেটা অত্যন্ত অন্যায় বলে মনে করি এবং ভবিষ্যতে এই রকম যেন না হয়। যদি প্রমাণাদি না থাকে তথ্য না থাকে একজন অনুপস্থিত তিনি মুখ্যমন্ত্রী হউন আর যেই হউন, একজন অফিসার তিনি এখানে আসতে পারেন না, কিন্তু তার অফিসিয়াল ক্যাপাসিটিতে এই হাউস যে কোন জিনিষ ডিসকাসন করতে পারে এগেনস্ট এনি অফিসার কনডাক্ট, কিন্তু প্রাক্তন মুখ্যমন্ত্রী সম্বন্ধে যে কথা এখানে উঠেছে সেই কথা বলা উচিত হয়নি। এই জিনিষ কেন উনি বলেছেন আমি

জানিনা। যাইহোক সেটা করা অন্যায়। আমি এখানে বার বার দেখেছি ওর চেয়ে বেশী অবজেকসানেবল জিনিষ হচ্ছে। এবং এক এক সময় এই সব অনারেবল মেম্বারস্ তাদের আচরণ এবং যেভাবে তারা কথা বলেন চীৎকার করেন—আমি এ-পক্ষ ও-পক্ষ জানিনা, এই জিনিষ যদি এখানে চলে তাহলে এই হাউসের ডিগনিটি থাকতে পারে না। আমাকে আপনারা দলের কথা বলবেন না, আমি কোন দলের লোক নই। সুতরাং আই নো কি করে চেয়ার-এর ডিগনিটি রাখতে হয়। কিন্তু পয়েণ্ট ইজ দিস। আমি আপনাদের কাছে অ্যাপিল করছি যা আপনারা বলছেন শুনেছি।

Shri Ajoy Malakar:

স্যার, আমার কথা এখন কমপ্লিট হয়নি।

মিঃ স্পীকারঃ আপনার আর কোন পয়েণ্ট অফ অর্ডার নাই, আপনার পার্সোনাল এক্সপ্লেনেসান দিয়েছেন আমি শুনেছি। সুতরাং যা বলবার কমপ্লিট হয়ে গেছে।

[At this stage the House was adjourned for 20 minutes.]

[After adjournment]

[3-20—3-30 p.m.]

শ্রীকালিপদ ভৌমিকঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী আমাদের এই বিধান-সভায় প্রশাসনিক খাতে যে ব্যয়বরাদ্দ উপস্থাপিত করেছেন আমি সেই ব্যয়বরাদ্দ মঞ্জুরীর বিরোধিতা করছি। বিরোধিতা করছি কেন—সেই কেন-র উত্তর সম্বন্ধে মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমার বক্তব্য এই হাউসের নিকট রাখছি। আজ চার-পাঁচ মাস হল যুক্তফ্রন্ট সরকার গঠিত হয়েছে—এই চার-পাঁচ মাসের মধ্যে বাংলাদেশের সর্বলোক জানে যে প্রশাসনিক খাতে ব্যয়ের যে মুখ্য উদ্দেশ্য দেশের শান্তি-শৃংখলা রক্ষা—সেই শান্তিশৃংখলা যে আজ কতদূর অবনতি হয়েছে একথা বাংলার প্রতিটি জনসাধারণ জানতে পেরেছে এবং এই কয়েক মাসে এই শান্তি-শৃঙ্খলার অবনতির কারণ কি সে সম্বন্ধে আমি একটা একটা করে আপনার মাধ্যমে এই সভায় রাখছি। প্রথমত আমরা দেখলাম গত খাদ্য আন্দোলনের নামে বসিরহাট, বনগ্রাম, শান্তিপুর, কৃষ্ণনগর অনেক স্থানে লুঠতরাজ, দাঙ্গাহাঙ্গামা সরকারী অফিস পোড়ানো প্রভৃতি অনেক ঘটনা ঘটে গেল। এই সব ঘটনার জন্য বহু মোকদ্দমা স্থাপিত হল, অনেকগুলি মোকদ্দমার ফাইন্যাল রিপোর্ট দাখিল হল—অনেকগুলি মোকদ্দমার আপাতদৃষ্টিতে প্রমাণ পাবার জন্য চার্জসীট দাখিল হল কিন্তু আমরা দেখলাম যে সেইসমস্ত মোকদ্দমা যুক্ত-ফ্রন্ট সরকার গঠিত হবার পর থেকে তার বিচার না হয়ে সেগুলি তুলে নেওয়া হল। এতে কি দাঁড়াল—তাদের উৎসাহ বৃদ্ধি হল এবং সেই দৃষ্টান্ত জনসাধারণকে অন্যায় কার্যে উৎসাহিত করেছে। তারপর আমরা দেখলাম যে, শ্রমিক আন্দোলনের নামে ঘেরাও এসে আবির্ভাব হল। আমি দীর্ঘ ৪০ বৎসর আইনের ব্যবসা করে আমার যতটুকু অভিজ্ঞতা হয়েছে তাতে এই ঘেরাও আন্দোলনকে আইনসংগত বলা চলে না। ঘেরাও করে কোন ব্যক্তির গতিবিধি নিয়ন্ত্রিত করলে দণ্ডবিধি আইনের ৩৪২ ধারায় অপরাধ হয়, এবং পাঁচ বা ততোধিক লোক ঐ কার্যে অংশ গ্রহণ করলে ১৪৩ ধারায় অপরাধ হয় এবং উভয় ধারায় পুলিস কগনিজেবল—পুলিসের গ্রহণযোগ্য অপরাধ। কিন্তু আমরা দেখছি এই সমস্ত অপরাধ ঘটছে আর পুলিশ সেখানে নিষ্ক্রিয় দর্শক হিসাবে ভূমিকা গ্রহণ করছে। আমরা দেখতে পাচ্ছি ম্যানডেটরী প্রভিশন অব ল ভায়োলেটেড হচ্ছে। সুতরাং এই যদি আইনের মর্যাদা হয় তাহলে শান্তিপ্রিয় জনসাধারণ যারা শান্তি চায় তারা আইনের মর্যাদা সম্বন্ধে সন্দিহান হয়ে পড়ে। তার পরে আমরা দেখতে পেলাম এই ঘেরাওয়ের পরে ১লা মে তারিখে আমাদের জেলখানায় যাদের তিন মাস কারাদণ্ড ভোগ করা বাকি ছিল সেই সমস্ত কয়েদীদের খালাস দেওয়া হল—হাইকোর্টে জজ কোর্টের বিচারে যাদের সাজা হয়েছিল গুরুতর অপরাধে সেই সমস্ত অপরাধীদের তিন মাস জেল খাটতে বাকি থাকলে তাদের মুক্তি দেওয়া হলে এই সমস্ত লোকের মনে উৎসাহ বর্ধন করা হয়েছে বলে আমি মনে করি। এবং এই সমস্ত দৃষ্টান্ত অন্যান্যদের মনে প্রতিক্রিয়ারূপে দেখা দেয়। তাই এই কয় মাসের মধ্যে আমরা দেখতে পাই হাওড়ার ঘটনা, রানাঘাটের ঘটনা, শান্তিপুরের ঘটনা,

আর রেলের দুর্ঘটনা প্রতিনিয়ত প্রতিদিনই রেলে ডাকাতি, লুঠতরাজ, প্রতারণা প্রভৃতি লেগেই আছে—এই সমস্ত যদি শান্তি রক্ষার নমুনা হয় তাহলে মুখ্যমন্ত্রীর সঙ্গে আমি একমত হতে পারি যে, তাহলে বাংলাদেশে শান্তি বিরাজ করছে। এই সমস্ত ঘটনা দেখলে আমরা সহজেই বুঝতে পারি যে, বাংলাদেশে শান্তিশৃঙ্খলা বিরাজ করছে না। সুতরাং আমি মনে করি, এই কয় মাসের মধ্যে যেসমস্ত ঘটনা আমরা দেখেছি অনেক সময় বলা হয় যে, খাদ্যের জন্য অনেক অপরাধ বেড়ে গেছে, খাদ্যের জন্য ধান লুঠ হচ্ছে, ট্রেনে দুর্ঘটনা ঘটছে ইত্যাদি অনেক যুক্তি দেখানো হয়—কিন্তু এই যুক্তিকে কোন অবস্থায় বিশ্বাস করা যায় না। যারা বুভুক্ষু, যাদের পেটে অন্ন নেই, তাদের কণ্ঠস্বর ক্ষীণ দুর্বল যারা লড়তে পারে না, তারা লুণ্ঠন করবে, রেলে চুরি-ডাকাতি করবে এ কোন অবস্থায় সম্ভব হয় না, সুতরাং আমার দৃঢ় ধারণা এই কয়েক মাসের শাসনে বাংলাদেশের শান্তিশৃঙ্খলা, বাংলাদেশে আইনের মর্যাদা অত্যন্ত অবনতির দিকে গেছে—তাই আমি এই ব্যয়বরাদ্দের দাবি সমর্থন করতে পারছি না এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Niranjan Mukherjee:

স্পীকার, স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী প্রশাসনিক খাতে যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন আমি সেই ব্যয়বরাদ্দকে সমর্থন করে দু-একটা কথা বলতে চাই। পশ্চিমবঙ্গে বিশ বছরের কুশাসনের ফলে জনগণের যে কল্যাণ আশীর্বাদ নিয়ে সাধারণ মানুষের যে আশা-ভরসা এবং স্বপ্নকে সামনে নিয়ে যুক্তফ্রন্ট সরকার গঠিত হবার পর সাধারণ মানুষ যে সহযোগিতার মনোভাব নিয়ে এগিয়ে এসেছে আজ আমাদের এই যুক্তফ্রন্ট সরকারকে সেই সহযোগিতা এবং সেই আশীর্বাদকে আরও এগিয়ে নিয়ে যেতে হবে বাংলাদেশের কল্যাণ সাধনের জন্য। সেদিক দিয়ে আমাদের প্রশাসনিক কোন পর্যায়ে আমরা যদি একটু চিন্তা করে দেখি তাহলে দেখব এই প্রশাসনিক ব্যবস্থা ২০ বছরে একটা জট পাকিয়ে আছে সেগুলিকে ছাড়াতে যথেষ্ট সময় লাগবে। আমরা নিশ্চয় চার মাসে সেটাকে পুরো সংস্কার করতে পারি নি—কিন্তু সেদিকে আমাদের অগ্রসর হতে হবে এবং অগ্রসর হতে গিয়ে আমরা দেখতে পাচ্ছি যে, বিভিন্ন ক্ষেত্রে সমানভাবে তা কার্যকরী হচ্ছে না এবং আমার সাজেসন হচ্ছে যে, আমাদের এই ব্যাপারে প্রথম যে পদক্ষেপ আমাদের মন্ত্রিসভা গ্রহণ করেছিলেন নিজেদের বেতন কম নিয়ে সাধারণ মানুষের কল্যাণ সাধনের জন্য দেশের অর্থকে বাঁচানো এবং জনকল্যাণে সেটা ব্যয় করা সেই যে ভূমিকা সেই ভূমিকাকে আরও এগোনোর পথে আমার অনেকগুলি বাধা দেখতে পাচ্ছি। মাথাভারী শাসনব্যবস্থা যেটা পশ্চিমবঙ্গের আজকে একটা বিরাট সমস্যা হয়ে দাঁড়িয়েছে উপরতলার বড় বড় কর্মচারী এবং বিভিন্নভাবে যে ঊর্ধ্ব বেতন তাঁরা পান সেই অনুযায়ী তাঁদের কাছ থেকে সাধারণ মানুষ যে সার্ভিস আশা করেন তা কি আমরা পাই? আমরা দেখতে পাই যে সেটা হচ্ছে না—সেদিক দিয়ে আমার বক্তব্য হচ্ছে যে, কেন্দ্রীয় সরকার যেভাবে একটা অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস কমিশন গঠন করেছিলেন—যাকে দেশাই কমিশন বলা হয় সেই ধরনের একটা কমিশন এখানে গঠন করা উচিত। এবং সেই কমিশনের কাজ হবে আমাদের অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্ম করা—এই হল ১ নম্বর। ২নং হচ্ছে অ্যাডমিনিস্ট্রেশনে যাতে অর্থের সঙ্কুলান করা যায় এবং সেই অর্থ যাতে জনস্বার্থে এবং জনকল্যাণে ব্যয় করা যায় সেই ব্যাপারে একটা কমিশন গঠন করে দেশে সামগ্রিকভাবে কিভাবে কোথায় কোথায় অর্থ বাঁচানো যায় এবং কিভাবে শাসনব্যবস্থাকে সংস্কার করে একটা সুস্থ প্রগতিশীল শাসনব্যবস্থা কায়েম করা যায় যারা জনসাধারণের সাথে প্রত্যক্ষভাবে সংশ্লিষ্ট হয়ে কাজ করবে আমার বক্তব্য হচ্ছে সেইভাবে একটা কমিশন গঠন করা। তাছাড়া আমরা দেখতে পাই যে, এই চার মাসের মধ্যে আমাদের অভিজ্ঞতা অতীতে যেসমস্ত কোরাপশন দুর্নীতি বিভিন্ন ক্ষেত্রে ছিল তা আজও পর্যন্ত কোথায়ও কমে নি; মানুষের চেতনা বেড়েছে; সাধারণভাবে জনগণের স্বার্থে সরকারী কর্মচারী এবং সর্বস্তরে সরকারী দপ্তরে যে যোগাযোগ স্থাপন করা উচিত দ্রুত তালে তাল রেখে চলা দরকার ছিল সেটা হচ্ছে না। আমরা দখতে পাচ্ছি, বুড়ো শিবতলায় একটা সরকারী চালের গোডাউন আছে যেখানে রেশন রাখা হয়, আজকে এই খাদ্যসমস্যার দিনে আমরা দেখেছি ২০ বছর ধরে হাজার হাজার মণ চাল পাচার হচ্ছে, দিনের বেলায় কিছু সমাজবিরোধী লোক অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে প্রকাশ্য দিবালোকে পুলিসের সহযোগিতায় চাল পাচার করে নিয়ে যাচ্ছে।

[3-30—3-40 p.m.]

এই বিধানসভায় সেটা মেনশন করা হয়েছে। যুক্তফ্রন্ট সরকারের আমলে যেখান থেকে প্রকাশ্যে চাল পাচার করেচে, সাধারণ মানষ তারা সহযোগিতা করতে এসেছে, বারবার সরকারী দপ্তরে গণ-দরখাস্ত করা হয়েছে, কিন্তু অবস্থা হয়েছে এই যে, যারা বাধা দিতে এসেছে সে সমস্ত সাধারণ মানুষের উপর সমাজবিরোধীরা বোমা-পিস্তলের ভয় দেখিয়েছে। আজকে বলতে চাই সরকার অনেক দেরিতে হলেও তাঁরা দৃঢ়তা দেখাচ্ছেন। কংগ্রেস সরকার একদিনে দু হাজার রাজনৈতিক কর্মীকে জেলখানায় পুরেছিলেন আজকে যারা খাদ্য নিয়ে ছিনিমিনি খেলছে, সে সমস্ত সমাজবিরোধী লোকেরা প্রকাশ্য দিবা-লোকে বোমা, লাঠিসোঁটা নিয়ে চাল পাচার করছে। কেন তাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে না। আজকে সরকারের প্রশাসনিক ব্যবস্থার মধ্যে সরকার যে নীতি গ্রহণ করান সে নীতি কার্যকরী করার দিকে অনেক বাধা আছে। এ বিষয়ে একটা কথা না বলে পাচ্ছি না যে এ বিষয়ে বার বার খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি তাঁর কাছে সেই অঞ্চলের সাধারণ মানুষ দেখা করতে চেয়েছিলেন কিন্তু আমি জানি না খাদ্যের ব্যাপারে কি এমন ব্যস্ত ছিলেন যার জন্য তিনি তাদের সঙ্গে দেখা করতে পারেন নি। আমি বলব আমাদের দিকে যথেষ্ট ত্রুটি আছে আশা করি আমাদের মন্ত্রিসভা সে ত্রুটি বাদ দিয়ে সমাজবিরোধীদের বিরুদ্ধে এগিয়ে যাবেন এবং তাঁরা জনসাধারণের আশীর্বাদ পাবেন। নকশালবাড়ী, বেহালা ইত্যাদি সম্বন্ধে অনেক কথা বলেন। আমরা দেখতে পাচ্ছি এ বিষয়ে তাঁরা একটা কথা বলেন কিন্তু আর একটা কথা চেপে যান। আজকে যখন তাঁরা সমালোচনা করেন যে, পুলিশকে নিষ্ক্রিয় করে রাখা হয়েছে কিন্তু তাঁরা একথা বলেন না, যেসমস্ত দুর্নীতি হয়েছে তা কিভাবে দুর্নীতি দূর করতে হবে। বেহালার কথা বহুবার বলা হয়েছে কিন্তু আমি জিজ্ঞাসা কার এরূপ প্রত্যেকটা জায়গা আছে চোরাকারবারীরা ২০ বৎসর ধরে প্রশাসনযন্ত্রের মধ্যে এমনভাবে ছিল যে, কোরাপশনে তা ভর্তি ছিল। রিক্সা, ঠেলাগাড়ী এবং লরীর ঘুষ কত হবে তার জন্য থানায় থানায় নীলাম করা হয়। এভাবে যারা সমাজবিরোধী কাজে যুক্ত, দুর্নীতির সাথে যুক্ত, এ সমস্ত পুলিশবাহিনীর মধ্যে রয়েছেন তাদের খুঁজে বের করে দৃঢ়তার সঙ্গে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন করতে হবে। আমি বলব যদি দুর্নীতি উচ্ছেদ করতে হয় তাহলে প্রশাসন ব্যবস্থার মধ্যে যেসমস্ত দুর্নীতির কানুন রয়েছে সেগুলি পরিবর্তন করে আর দৃঢ়তার সঙ্গে কাজ করতে হবে। আমরা যখন দেখি একটা থানার ও-সি কিম্বা এস-ডি-ও আরও দৃঢ়তার সঙ্গে কাজ করতে হবে। আমরা যখন দেখি একটা থানার ও-সি কিম্বা এস-ডি-ও একজন এম-এল-এর সামনে প্রকাশ্যভাবে বলেন মুখ্যমন্ত্রীর আদেশ আমি মানতে বাধ্য নই। তখন অবাক হয়ে যাই। শ্রীরামপুরের এস-ডি-ও বিধানসভার সদস্য মনোরঞ্জন হাজরা মহাশয়কে একথা বলেছেন। তিনি গভর্নর? এভাবে কি একজন সরকারেব কর্মচারী উক্তি করতে পারেন? বেহালা থানায় একজন ও-সি এমন বিবৃতি দিচ্ছেন যাতে পুলিশবাহিনীকে হতাশাগ্রস্ত করে দিচ্ছেন। তিনি সংবাদপত্রে বিবৃতি দিয়েছেন এখন এভাবে আমরা দেখছি বিভিন্ন জায়গায় সরকারী কর্মচারী যাঁরা রয়েছেন, যাঁদের হাতে অনেক ক্ষমতা আছে সে ক্ষমতা নিয়ে তাঁরা সরকারের বিরুদ্ধে কথা বলছেন কিন্তু আজকে সরকারী পক্ষ থেকে দ্রুত এসমস্ত কর্মচারীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না, সরকারের কাছে আবেদন-নিবেদন নিয়ে গেলে এ সম্পর্কে ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে না। কংগ্রেস আমলে আমবা দেখেছি বৎসরের পর বৎসর লক্ষ লক্ষ টাকা রেখেছেন কিন্তু তা খরচ করেন নি। বেহালায় ডায়মন্ডহারবার রোডের সম্প্রসারণের কথা ছোটবেলা থেকে শুনে আসছি। গত আট বৎসর যাবৎ লক্ষ লক্ষ টাকা ডায়মন্ডহারবার রোড সম্প্রসারণের জন্য রাখা হয়েছে কিন্তু কিছু করা হচ্ছে না, যার ফলে সাধারণ মানুষের দুর্গতি বেড়ে যাচ্ছে। সুতরাং টাকা বাজেটে থাকলে হবে না এ কাজ করবার জন্য অগ্রসর হতে হবে এবং প্রশাসন যন্ত্রকে সম্প্রসারণ করা দরকার। ১৯৫৮, ৫৯, ৬০ সাল থেকে বিভিন্ন জায়গায় বিভিন্ন পরিকল্পনার নাম নিয়ে বহু জমি অ্যাকুইজিশনের নাম করে নোটিস করা হয়েছে আজ পর্যন্ত কিছুই হচ্ছে না। যার জন্য যারা জমির মালিক তারা বিক্রি করতে পারছে না, ঘরবাড়ি করতে পারছে না এবং তাদের যে পরিকল্পনা হাউসিং ডেভেলপমেন্ট সেটা কার্যকরী করতে পাচ্ছেন না। এভাবে সরকারের অধীনে বহু জমি বিভিন্ন জায়গায় পড়ে আছে এবং সে জমি দীর্ঘদিন যাবৎ জবরদখল হয়ে পড়ে আছে। আমি বলতে পারি বেহালা

থেকে সোদপুর মৌজায় যে জমি ১৯৬২ সালে সরকার কাল্টিভেশনের জন্য এক বৎসরের লিজ নিয়েছিলেন সে জমি ১ বৎসর হয়ে গেছে যাঁরা জবরদখল করেছিলেন এক দেড় হাজার টাকা দামে বিক্রি করে দিয়েছেন। জেলাশাসক, এস ডি ও এবং এস পি-কে বলা হল কিছুই হল না। এভাবে সরকারের জমি জবরদখল হয়ে গেছে ও যাচ্ছে। তারপর কালিঘাট-ফলতা যেটা ম্যাকলিয়ড কোম্পানীর ছিল সেটা জাতীয়করণ করবার পর পশ্চিমবঙ্গ সরকারের হাতে বহু মূল্যে জমি এসেছে। এখানকার পৌরসভা থেকে বার বার এটাকে রাস্তা হিসাবে ব্যবহার করবার জন্য দাবি করা হয়েছে কিন্তু আজও সে জমিকে সরকার কোন কাজে ব্যবহার করছেন না এবং যার ফলে মাড়োয়ারী ও বিভিন্ন ফাটকাবাজী ব্যবসায়ীরা সেটা নিয়ে ছিনিমিনি খেলছেন, বিক্রি করছেন ও জবরদখল করে বসে আছে। এই বিভিন্ন বিষয়ের প্রতি আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করলাম। যে আশা-আকাঙ্ক্ষা ও স্বপ্ন নিয়ে যুক্তফ্রন্ট সরকার গঠিত হয়েছে এ সরকার যদি দৃঢ়তার সঙ্গে এগিয়ে যায় তাহলে দেশের মানুষের আশাভরসাকে রূপ দিতে পারবে এই কথা বলে আমি বাজেটকে সমর্থন করছি।

শ্রী এস এম ফজলুর রহমান: অন এ পয়েণ্ট অফ অর্ডার, স্যার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে প্রশাসনিক খাতে ব্যয়বরাদ্দের বিরোধিতা করতে উঠে আমি আপনার মাধ্যমে বলতে চাই। কিছুক্ষণ আগে আমি দেখছিলাম যে, মাননীয়া সদস্যা শ্রীমতী বিভা মিত্র একটা পয়েন্ট অফ অর্ডার তুললে আপনি তার জবাব দিলেন কোনটা বৈধ, কোনটা অবৈধ এবং সেই অনুসারে আপনি আপনার কার্য পরিচালনা সুষ্ঠু করে নিলেন। কিন্তু আপনি বৈধ প্রশ্নের জবাব না দিতেন, যদি এরূপ আর কোন সদস্য আবার প্রশ্ন উত্থাপন করতেন এবং আপনি আপনার এক্তিয়ারের মধ্যে আছে তাতে যদি ব্যবস্থা করতেন এবং তা যদি কেউ না কানতো তাহলে কি আপনি আপনার সভার কার্য পরিচালনা করা সুষ্ঠুভাবে হত?

[3-40—3-50 p.m.]

তাহলে ইট উড হ্যাভ বিন টার্নড ইনটু পলিটিক্যাল ম্যাটারস, কোন কিছু হত না। সেইরকমভাবে এই পরিচালনার ব্যাপারে যে কথা সত্য তেমনি প্রশাসন ব্যাপারেও সেই কথা সত্য। কাজেই সেইদিকে লক্ষ্য রেখে আমি সংবিধান সতর্ক, আইন সতর্ক দৃষ্টিভঙ্গি নিয়ে দু-চারটি কথা আপনাকে বলতে চাই। মাননীয় সভাপাল মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন যে, ঐ আসনে বসবার পূর্বে যখন আপনি বিধানসভার প্রার্থী নির্বাচিত হয়েছিলেন তখন আপনাকে শপথ নিতে হয়েছিল, হলপ নিতে হয়েছিল। আবার যখন আপনি ক্যান্ডিডেট হয়ে নির্বাচনে জয়ী হয়ে সদস্য হলেন তখনও আপনাকে শপথ নিতে হয়েছিল। কাজেই শপথ গ্রহণ করার পর নির্বাচিত সদস্যদর মধ্যে সৌভাগ্যবান যাঁরা অর্থাৎ যাঁদের ভাগ্যে মন্ত্রিত্ব জুটেছে তাঁদেরকে আবার শপথ গ্রহণ করতে হয়েছে। এই শপথ তিনটির কথা সংবিধানে আছে। কাজেই এই সিডিউল ৩তে যে কয়েকটি কথা বলেছে তা আমি আপনার কাছে অকপটে উপস্থাপিত করতে চাই। সিডিউল ৩(বি)তে আপনি দেখবেন,

I will bear true faith and allegiance to the Constitution of India as by law established and I uphold the sovereignty and integrity.

এই কথা সেখানে বলা হয়েছে। সেখানে কি শপথ নিয়েছিলেন

that I will bear true faith and allegiance to the Constitution of India as by law established and I uphold the sovereignty and integrity of India and that I will faithfully discharge the duty upon which I am about to enter.

এই শপথ আপনাকে নিতে হয়েছিল। আবার আপনি যখন নির্বাচিত সদস্য হলেন তখন আপনাকে শপথ নিতে হয়েছিল। তাছাড়া আপনার উপর একটি বিরাট দায়িত্ব অর্পিত হল। আপনি বিধানসভায় প্রতিনিধি নির্বাচিত হয়ে জনসাধারণের কাছে যে কর্তব্য সম্পাদনের প্রতিশ্রুতি দিয়ে এসেছেন তা আপনি যথাযথভাবে প্রতিপালন করবেন এই দায়িত্ব আপনার হাতে অর্পিত হয়েছিল। এখন এই নির্বাচিত সদস্য হয়ে মন্ত্রিত্ব যখন লাভ করছেন তখন কি প্রতিশ্রুতি দিচ্ছেন, কি শপথ আপনাকে নিতে হচ্ছে, কি হলপ নিতে হচ্ছে সেটা সম্বন্ধে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আইটেম ৫তে বলা হয়েছে,

that I will bear true faith and allegiance to the Constitution of India as by law established, that I uphold sovereignty and integrity of India, that I will

faithfully and conscientiously discharge my duties as a Minister for the State and that I will do right to all manner of people in accordance with the Constitution and the law without fear of favour, affection or illwill.

এই ত্রিবিধ প্রথার শপথ মন্ত্রীদের নিতে হয়েছে। যদি এই ত্রিবিধ প্রথার শপথ নেওয়া হয়ে থাকে তাহলে সেই শপথ নেওয়ার মূলে একটি সত্য কথা আছে। আপনি জানেন ইংরাজী গ্রামারে ফার্স্ট পার্সনে স্যাল ইউজ হয় কিন্তু সেই স্যাল যখন উইল হয় তখন সেখানে একটা নিশ্চয়ই নৈতিক দায়িত্ব প্রতিপালনের প্রতিশ্রুতি দিয়ে করতে হবে যে, সে শপথ ভঙ্গ করতে পারব না, নিশ্চয়ই প্রতিপালিত করব, নিশ্চয় কাজ করব—এই শপথ গ্রহণ করতে হয়েছে। কাজেই এই দৃষ্টিভঙ্গি নিয়ে আমি আপনার কাছে সংবিধানের কথা বলছি। এই প্রশাসনে যদি দেখি যে সেই শপথ রক্ষিত হচ্ছে, সংবিধানের মর্যাদা রক্ষিত হচ্ছে, আইনের মর্যাদা রক্ষিত হচ্ছে তাহলে আমি বলব যে, মূল নীতির উপর ভিত্তি করে প্রশাসনিক কার্য পরিচালিত হচ্ছে সেটা ঠিকমত পরিচালিত করা হচ্ছে। কত টাকা ব্যয়বরাদ্দ হল, কি পদ্ধতি অবলম্বন করা দরকার কিভাবে নতুন করে প্রশাসন পরিচালিত হচ্ছে সেটা বড় কথা নয়—যদি তার মূল ভিত্তি নড়ে যায়, যদি মূল ভিত্তি ঠিক না থাকে। সেজন্য সভাপাল মহাশয়, কনস্টিটিউশনএর ১২র প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। কনস্টিটিউশনের আর্টিকেল ১২তে কি বলছে—আইন অনুসারে কনস্টিটিউশনের প্রতি যদি অ্যালিজিয়েন্স থাকে তাহলে কনস্টিটিউশনের নির্দেশ প্রতিপালন করতে হবে। যেসব একজিস্টিং ল প্রচলিত আছে এবং এই কনস্টিটিউশনের যেসব নির্দেশ দেওয়া আছে যদি সেই নির্দেশ বিরোধী হয় তাহলে

That will stand abrogated and that will be taken as void.

তাহলে যে আইন প্রচলিত আছে সেই আইন যদি সংবিধান বিরোধী হয় তাহলে অচল, অক্ষম, অকর্মণ্য হয়ে যাবে আর এমন আইন করতে পারবেন না। ঐ সংবিধানের যে মূলনীতির যে নির্দেশ তার বিরোধিতা করে এমন কোন কাজ মন্ত্রিমহাশয় করতে পারবেন না। এই কথা সংবিধানের আর্টিকল ১২এ নির্দেশ আছে। যে আইন এখন প্রচলিত আছে এবং সংবিধান যাকে সমর্থন করছে, সেই আইনের যদি মর্যাদা রক্ষা না করতে পারি, সেই আইনের কার্য রক্ষা করবার জন্য যে শপথ গ্রহণ করা হয়েছে সেই শপথ যদি প্রতিপালিত না হয় তাহলে সেই প্রশাসনকে কিভাবে কনস্টিটিউশনএর প্রতি সম্মান দেখাবার জন্য সমর্থন করতে পারি, এই প্রশাসনকে সমর্থন করতে পারি না। প্রশাসনের প্রতিটি ব্যয়বরাদ্দকে সমর্থন করতে পারি না বা সমর্থনের প্রশ্ন উঠে না। সেইজন্য কনস্টিটউশনএর আর্টিকল ২১, আর্টিকল ৩১এর প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আর্টিকল ১৪ সেখানে কি বলা হচ্ছে, সেখানে বলা হচ্ছে—আপনি জানেন প্রত্যেক লোক

equality before law. The State shall not deny to any person equality before the law or the equal protection of the laws within the territory of India.

তারপর ২১নংএ বলছে protection of life and personal liberty

সব রক্ষা করা হবে। ৩১নংএ কি বলা হচ্ছে কোন লোককে তার সম্পত্তি থেকে বঞ্চিত করা হবে না। এই কয়কটি কথা যদি আপনার কাছে তুলে ধরতে পারি এবং মাননীয় অধ্যক্ষ মহাশয় এটা যদি সংবিধান বিরোধী না হয় বা প্রচলিত আইনবিরোধী না হয় তাহলে নিশ্চয়ই জানব যে এই সংবিধান ঠিক বলছে। এই সংবিধানকে ঠিকমত রূপ দিতে গেলে যে প্রশাসন ব্যবস্থা তার সঙ্গে কনস্টিটিউশন এবং প্রিভেন্টিভ অঙ্গাঙ্গীভাবে জড়িত রয়েছে। আইনের দুটো দিক রয়েছে। আইনের দুটো দিক রয়েছে একটা দিক হচ্ছে প্রিভেন্টিভ, আর একটা দিক হচ্ছে কিউরেটিভ একটা প্রতিরোধ করে, আর একটা যদি কোন ঘটনা ঘটে যায়, তার প্রতিরোধ করে। সেইজন্য কতকগুলি ঘটনা ঘটবার পরে সংবিধানে নূতন করে অধিকার দেওয়া হয়েছে যাতে তারা যেন ক্ষতি করতে না পারে। ফৌজদারী কার্যবিধি আইনে দেখা যাচ্ছে, ১০৭, ১০৯, ১৪৪, ১৪৯, ১৫১ ধারায় করতে গেলে যে অধিকার কনস্টিটউশন দিয়েছে, সেই অধিকার প্রশাসনিক ব্যবস্থায় চালু রেখে কাজ করবার জন্য, সুযোগ-সুবিধা দেবার জন্য, সুস্থ, সবল, বলিষ্ঠ এবং জনস্বার্থ বিরোধী না হয় এই প্রশাসন করবার জন্য এই সংবিধানের মূল এবং প্রচলিত যে আইনগুলি, সেইগুলি চালু আছে, সেটা কার্যকরী করবার জন্য প্রশাসন ব্যবস্থা

এবং সেই প্রশাসনব্যবস্থা গণতান্ত্রিক, সাংবিধানিক এবং দেশের স্বাধীনতা, দেশের শান্তি শৃঙ্খলা প্রভৃতি রক্ষা করবার জন্য এটা প্রয়োগ করতে হবে।

[3-50—4 p.m.]

সে বিষয়ে প্রয়োগ করবার ব্যর্থতা যদি আসে, যদি সংবিধানকে অমান্য করে থাকে, যদি গণতন্ত্রকে অমান্য করে থাকে, তাহলে সেই সংবিধানকে, আমরা সেই সংবিধানিরোধী কাজকে, আইনবিরোধী কাজকে কোন ক্ষেত্রেই কোনপ্রকারে সমর্থন করতে পারি না এবং সেই প্রশাসনকেও আমরা কোন ক্ষেত্রে গ্রহণ করতে পারি না।

সংবিধানের কথা, সংবিধান স্বীকৃতমতে কি বলছেন? মাননীয় ভূমিরাজস্বমন্ত্রী কি বলছেন? তিনি ভূমি সংস্কার করবার সম্পর্কে কি কথা বলছেন? যে বর্তমানে যে সংবিধান আছে, সেই সংবিধানের কাঠামোর মধ্যে ভূমির ক্ষুধা মেটাবার আমার সাধ্য নাই, সামর্থ্য নাই স্বীকৃতমতে। আবার কি বলছেন? যে সেখানে মাননীয় অর্থমন্ত্রী অথচ উপ-মুখ্যমন্ত্রী তিনি বলছেন তিনি বাজেট বক্তৃতা দিতে গিয়ে বলছেন এই সংবিধানের কাঠামো যা আছে, বর্তমান সংবিধানে আমরা জনকল্যাণমূলক কার্য স্বাধীনভাবে করতে পারি না। আর কি বলছেন? তার সাথে সাথে আমাদের মাননীয় শ্রমমন্ত্রী বলছেন এই সংবিধানের মধ্যে আমরা শ্রমকল্যাণমূলক কোন কাজ স্বাধীন এবং পরিপূর্ণভাবে করতে পারি না, যেহেতু সংবিধান আমাদের অন্তরায় রয়েছে। তাহলে সভাপাল মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী, মাননীয় ভূমিরাজস্বমন্ত্রী, মাননীয় শ্রমমন্ত্রী তাঁরা সবাই স্বীকার করছেন এই সংবিধানের আওতায় কাজ করা, সংবিধানের কাঠামোর মধ্যে কাজ করা সম্ভব নয়। যদি সম্ভব না হয়ে থাকে, তাহলে কেন এই মন্ত্রিত্ব গ্রহণ করা, কেন শপথ গ্রহণ করা? তাহলে সভাপাল মহাশয়, আপনি স্মরণ রাখবেন যদি মনগড়া একথা হয়, প্রত্যয়হীন যদি হয়, তাহলে প্রশাসনের মধ্যে প্রত্যয়হীনতা, প্রশাসনের মধ্যে একটা একটা ফাঁক, একটা দুস্তর ব্যবধান থেকে যাচ্ছে না কি? যদি আদর্শ ঠিক না থাকে, সেই আদর্শ রূপায়ণের পথ পরিষ্কার করবার যে ব্যবস্থা, তার মধ্যে অবাঞ্ছিত বিচ্ছেদ দেখা যাচ্ছে না কি? যদি তাই হয়ে থাকে, তাহলে কাজ ও কথার মধ্যে একটা অনাত্মীয়তা দেখা যায় না কি? তা যদি হয়ে থাকে, তাহলে যে শপথ ভঙ্গ হয়। যে প্রতিশ্রুতি পালন করবার জন্য যে শক্তি এবং সাহস এবং যে আইনের বা সংবিধানের মর্যাদা রক্ষা করবার জন্য যে ব্যবস্থা অবলম্বনের জন্য যার নেতৃত্ব তাঁরা নিচ্ছেন যে মন্ত্রীমণ্ডলী, তাঁরা যদি দ্ব্যর্থহীন ভাষায় একথা বলে থাকেন, তাহলে ধরে নিতে হবে যে আজকে যে ব্যাপক অরাজকতা দেখা দিচ্ছে তার একটা বিশিষ্ট স্থান আছে। এই প্রশাসনকে জোর করে বার্ধক্য এনে দেওয়া হয়েছে। বার্ধক্য এনে দেওয়া হয়েছে এজন্য যে যেভাবে প্রশাসন চালু থাকে, নবযৌবনপ্রাপ্ত হয়, সবল সুঠাম থাকে এবং সক্রিয়ভাবে চলতে থাকে, সুস্থ অবস্থায় চলতে পারে, তাহলে তাদের যে যে সংবিধান যে অধিকার দেয় না, যে অধিকারের অভাবে তাঁরা কাজ করতে পারছেন না, সেই কাজ তাঁদের পূর্ণ হবে না, সেই ইচ্ছাও তাদের পূর্ণ হবে না এবং সেই ইচ্ছা পূর্ণ হবে না বলেই এই প্রশাসনকে দুর্বল করে দিয়ে একটা যষ্ঠি খাড়া করা হয়েছে—যাকে ইংরেজীতে বলে পিলগ্রিমস স্টাফ। গণতন্ত্র প্রচার হবে তাই একটা লাঠি দরকার। প্রশাসন দুর্বল হাঁটতে পারে না, তাঁদের ইচ্ছা পূর্ণ করতে পারে না—তাই লাঠিকে সম্বল করা। লাঠি কি? তা হয়েছে ওদের সেই বহুপ্রচারিত গণকমিটির এই লাঠি হচ্ছে দলীয় স্বার্থের জন্য, চক্রান্ত সিদ্ধির জন্য—সংবিধান যা বলে না আইন যা বলে না, তাহলে দেখা যাচ্ছে প্রশাসনব্যবস্থা একটা দুটা রূপ গ্রহণ করেছে। একটা হচ্ছে অন্তর্নিহিত সত্যের রূপ, যে রূপকে পরিগ্রহ করবার জন্য যে ব্যবস্থা অবলম্বন করা, তার জন্য প্রশাসনিক ব্যবস্থা। তাই তার উপর আছে তাঁদের ব্যর্থতা, অকর্মণ্যতা। আর একটা রূপ কি? যে সক্রিয় রূপ প্রশাসনকে বাই পাস করে দিয়ে একটা নূতন করে প্রশাসন সেই অপশাসনকে চালু করতে চাচ্ছেন তাঁদের ইচ্ছাকে পূর্ণ করবার জন্য। কারণ তাঁদের ইচ্ছা পূর্ণ করবার পথে সংবিধান অন্তরায় আছে, যে ইচ্ছা পূর্ণ করবার পথে আইন অন্তরায় আছে।

তারপর ভূমিবণ্টন ব্যবস্থায় দেখুন কি দেখা যাচ্ছে সেখানে? মাননীয় ভূমিরাজস্বমন্ত্রী তিনি বললেন আমরা ভূমির ক্ষুধা মেটাতে পারব না যদি সংবিধান সংশোধন না হয়। তাহলে

জনসাধারণের মধ্যে এই ভূমির ক্ষুধার উদ্রেক করা হল কেন? আজ তাদের মধ্যে ভূমিক্ষুধা উদ্রেক করে, সেই ক্ষুধা মেটাবার জন্য সেই ক্ষুধা কি ক্ষুধায় পরিণত হয়েছে? আজকে সেই ক্ষুধা হচ্ছে, নারীর নারীত্বকে গ্রাস করবার জন্য, সেই ক্ষুধা হচ্ছে শিশুকে হত্যা করবার ক্ষুধা, সেই ক্ষুধা নারী হত্যা করবার ক্ষুধা, সেই ক্ষুধা শান্তি-শৃংখলা গ্রাস করবার ক্ষুধা, সেই ক্ষুধা হচ্ছে ব্যক্তিস্বাধীনতাকে অপহরণ করবার ক্ষুধা, সেই ক্ষুধা হচ্ছে দেশের সার্বভৌমত্ব বিপন্ন করবার ক্ষুধা। সেইজন্য প্রচলিত আইনানুসারে ভূমি সংস্কার করবার যদি আপনাদের প্রয়োজন ছিল, আপনারা আইন করলেন না কেন? ঐ ল্যান্ড ডিস্ট্রিবিউশনএর জন্য নূতন ব্যবস্থা করলেন না কেন? কেন আপনারা আইনসঙ্গত পন্থায় আমাদের কাছে সেই আইন নিয়ে আসলেন না? নিয়ে আসুন সেই আইন, আমরা পাশ করে দিচ্ছি। সেই আইনে আপনারা কাজ করুন। আইন পাশ করব না সংবিধান মানব না, প্রচলিত আইন মানব না। নূতন আইন করে জবরদখলকে দখল বলে প্রমাণ করতে চাচ্ছেন। আগে বে-আইনী কাজ করে পরে তাকে আইনসিদ্ধ করতে চাচ্ছেন। সভাপাল মহাশয়, আপনি একজন প্রখ্যাত ব্যবহারজীবী। আপনি জানেন—doctrine of foctum valorem
বলে একটি কথা আছে। সেখানে যদি কোন কাজ বেআইনীভাবে করা হয়, পরে সেই কাজটাকে আইনবিরোধী ও সংবিধানবিরাধী কাজটাকে ঠিকমত আইনসিদ্ধ হয়েছে বলে গ্রহণ করে নেবার রীতি আছে।

কাজেই আজকে প্রশাসনিক খাতে যে ব্যয়বরাদ্দ ধরা হয়েছে, তাকে প্রশাসনবিরোধী, সংবিধানবিরোধী, গণতন্ত্রবিরোধী এবং প্রচলিত আইনবিরোধী বলে এই প্রশাসনের সমর্থনে একটা পয়সাও দিতে আমরা রাজী নই। আমি এ সম্বন্ধে যে দু-চারটি কথা বলে এর বিরোধিতা করছি, সেই বিরোধিতার মূল সুর হল কি? না, যেহেতু এই প্রশাসন গণতন্ত্রবিরোধী, সংবিধানবিরোধী—জনসাধারণের কল্যাণ এতে করতে পারবে না এই প্রশাসন, কাজেই এই প্রশাসনের সাথে আমরা নেই। সুতরাং এই ব্যয়বরাদ্দের দাবি আমরা সমর্থন করতে পারি না।

সভাপাল মহাশয়, ১৯৬৫ সালে মাননীয় জ্যোতি বসু যে কথা বলেছিলেন, সেই কথা কয়টি আমি অ্যাসেম্বলি প্রসিডিংস থেকে এখানে উদ্ধৃতি দিয়ে আমার বক্তব্য শেষ করব। তিনটা কথা তাঁর। মাননীয় উপমুখ্যমন্ত্রী আজকে ওদিকে গিয়েছেন, কিন্তু সেদিন ছিলেন বিরোধী দলনেতা। তাঁর কণ্ঠ রয়েছে ঐদিকে, কিন্তু সুর ভেসে আসছে আমাদের দিকে। সেই সুরের প্রতিধ্বনি করে আমি বলছি এবং প্রসিডিংস থেকে পড়ে শোনাচ্ছি। তিনি বলছেন কি? "এমন অবস্থা ১৭ বছর ধরে দেখছি--আজও পুরা সংসদীয় গণতন্ত্র আমাদের দেশে হয় নাই। কিন্তু সীমাবদ্ধ ক্ষমতা যেটুকু আছে, তাও আজ আক্রান্ত, গণতন্ত্র আক্রান্ত। যতটুকু সীমাবদ্ধ আমাদের অধিকার আছে সংবিধানে ও বিভিন্ন আইনে—তার সমস্ত কিছু আজ আক্রান্ত।"

আর তার সাথে তিনি কি বলছেন? "যে কংগ্রেস সরকার আজকে বেঁচে থাকবার জন্য বলছেন, এই সংবিধানের ১৪ ধারা ও ২১ ধারা যা আমি উল্লেখ করেছি তা আজ পদদলিত এবং পদদলিত বলে......।" তাই যদি পদদলিত হয়ে থাকে, সেই বিরোধী দলনেতা আজ এখানে উপস্থিত আছেন, তাঁর কণ্ঠ আছে, তাঁর সুর আছে, আমি তাঁর প্রতিধ্বনি করে বলছি—তিনি বলছেন তাঁর শেষ বক্তব্যে তিনি এই সাবধানবাণী সেখানে উচ্চারণ করেছেন এই বলে—
Government must remember that the people's patience is not limitless.

এটা তাঁর নিজের কথা নয়, আমাদের তৎকালীন রাষ্ট্রপতি ডক্টর রাধাকৃষ্ণ যে কথা বলেছেন, সেই কথা তিনি স্মরণ করিয়ে দিয়েছিলেন। আজ সংবিধানের কথা বলে, সংবিধানবিরোধী কথা বলে—এই যে প্রশাসনব্যবস্থা—সেই ব্যর্থ প্রশাসনের কথা বলে, তাঁর কথার পুনরুদ্ধৃতি করে আজকে আমি এই কথাই বলছি যে, —
People's patience is not limited.

তারপর মুখ্যমন্ত্রীও আছেন, তাঁকে একটি উপাখ্যানের কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। তিনি ব্রাহ্মণ মানুষ, তিনি নিশ্চয় জানেন হয়ত 'কথা সরিৎসার' বইখানা পড়ে থাকতে

পারেন। জীমূতবাহন চরিত্রের কথা সেই উপাখ্যানে তিনি পড়েছেন। কাশ্যপের দুই পত্নী ছিল, একজনের নাম কদ্রু, আর দ্বিতীয়জনের নাম বিনতা।

[4—4-10 p.m.]

মাননীয় সভাপাল মহাশয়, এক স্বামীর যদি দুই স্ত্রী থাকে তাহলে কি অবস্থার সৃষ্টি হয়? ভগবান যেন আপনাকে সেই বিপদে না ফেলেন। স্যার, এখানে কাশ্যপ হলেন পশ্চিমবঙ্গ সরকার আর সেই সরকারের মুখ্যমন্ত্রী হলেন একজন পত্নী, আর একজন পত্নী হলেন উপ-মুখ্যমন্ত্রী। এই দুই পত্নীর মধ্যে ঝগড়া বেঁধে গেল কিজন্য, না ঐ স্বামিত্বের ১৬ আনা স্বত্ব ভোগ করার জন্য একটি আর একটিকে হেয় প্রতিপন্ন করার জন্য ষড়যন্ত্রে লিপ্ত হল। এই দুজনের মধ্যে যিনি কদ্রু তিনি সবচেয়ে বেশি চালাক ছিলেন, তিনি করলেন কি, না তিনি বললেন, দেখ আজকে একটা আলোচনায় নামা যাক। এই আলোচনায় যদি আমাকে হটিয়ে দিতে পার তাহলে আমি তোমার দাসীত্ব গ্রহণ করব আর ১৬ আনা প্রভুত্ব তোমার স্বামীর উপর পড়বে। আর তুমি যদি জিততে না পার তাহলে তুমি আমার দাসীত্ব গ্রহণ করবে এবং ১৬ আনা প্রভুত্ব আমার স্বামীর উপর থাকবে। সভাপাল মহাশয়, তারপরে কদ্রু বললেন এই যে, সূর্যের রশ্মি আছে এই রশ্মি আমি যদি কৃষ্ণ বলি এবং তা যদি হয় তাহলে তুমি আমার দাসীত্ব গ্রহণ করবে, আর সূর্যের রশ্মি কৃষ্ণ না হয়ে যদি শুভ্রবর্ণ হয় তাহলে তুমি আমার দাসীত্ব গ্রহণ করব। বিনতা বললেন, তাই হোক। কিন্তু মাননীয় সভাপাল মহাশয়, প্রকৃত প্রস্তাবে সূর্যের রশ্মি শুভ্রবর্ণ। তখন কদ্রু করলেন কি, তাঁর যারা নাগপুত্র ছিল তাদের বললেন যে বিষ ফুৎকার কর, করে আচ্ছন্ন করে দাও এই শুভ্রবর্ণকে যাতে শুভ্রবর্ণটা কৃষ্ণবর্ণে পরিণত হয় এবং বিনতা যাতে বুঝতে না পারে যে, সূর্যের রশ্মি শুভ্রবর্ণ। তাই তাঁর নাগ-পুত্রেরা বিষ ফুৎকারে আচ্ছন্ন করে দিতে সূর্যের রশ্মি কৃষ্ণবর্ণ দেখা গেল। তখন বিনতা কদ্রুর দাসীত্ব গ্রহণ করলেন এবং ১৬ আনা স্বামীত্ব গ্রহণ করলেন কদ্রু। মাননীয় সভাপাল মহাশয়, আজকে কদ্রু এবং বিনতাকে আপনার কাছে ছেড়ে দিলাম, আপনি বিচার করে বলুন যার বিষ ফুৎকারে উজ্জ্বল সত্যকে আচ্ছন্ন করে কৃষ্ণ করে, কৃষ্ণ অভিসারে নিয়ে যাওয়ার জন্য যারা প্রশাসন ব্যবস্থাকে বিপথগামী করে তাকে সমর্থন করতে পারি কিনা। সেজন্য কোন প্রকারেই এই প্রশাসনিক ব্যয়বরাদ্দকে আমি সমর্থন করতে পারি না।

Shri Kanai Bhowmik:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি তো কথাসরিৎ সাগর শুনলেন, এবারে ওঁদের গত কুড়ি বছরের দুর্নীতি সাগরের কথা শুনুন। আমাদের ইউনাইটেড ফ্রন্ট গভর্নমেন্টের এই যে জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন বাজেট একে সমর্থন করতে গিয়ে একথা আমি বলতে চাই যে, কোন গভর্নমেন্ট সে তার আইনসভার মাধ্যমে বা কেবিনেটের মাধ্যমে যাই সিদ্ধান্ত নিক না কেন শাসনযন্ত্রের কার্যকারিতার উপর সত্যিকারের সেই আইন কার্যকরী হওয়া নির্ভর করছে। আমরা জানি আমাদের যুক্তফ্রন্ট সরকার যে শাসনযন্ত্র পেয়েছেন তা বৃটিশ আমলের তৈরি করা শাসনযন্ত্র এবং কংগ্রেস আমলের পুষ্ট শাসনযন্ত্র। যে শাসনযন্ত্র প্রথম থেকে আই সি এস, আই পি এস অফিসার দিয়ে তৈরি করা হয়েছে সেই সমস্ত অফিসার বৃটিশ টাইমে, বৃটিশ আমলে সাম্রাজ্যবাদী স্বার্থ রক্ষা করেছে, যে শাসনযন্ত্র কংগ্রেস আমলে একচেটিয়া পুঁজিপতি, বড় বড় জোতদার, জমিদার, বড় বড় চোরাকারবারী এবং বড় বড় মজুতদার ও গুণ্ডাদের সাহায্য করেছে সেই শাসনযন্ত্র নিয়ে যুক্তফ্রন্ট সরকারকে তার ১৮ দফা কর্মসূচী চালাতে হবে। আমাদের সরকার প্রথমেই এই সাধারণ শাসনযন্ত্রের যে বাজেট সে সম্পর্কে গুরুত্ব দিয়েছেন, মনোনিবেশ করেছেন, আমরা জানি যে, ১৯।২০ বছর ধরে এই শাসনযন্ত্রে কি ঘুন ধরেছে আমরা জানি এই ১৯।২০ বছর ধরে সমস্ত সরকারী যন্ত্রের মধ্যে ঘুষ, দুর্নীতি, পক্ষপাত, রন্ধ্রে রন্ধ্রে প্রবেশ করেছে। এজন্য গত চার মাসে আমাদের সরকার যেটুকু সিদ্ধান্ত করেছেন তা কার্যকরী করতে গিয়ে আমরা লক্ষ্য করেছি কত কঠিন সে কাজ। আমাদের সরকার সিদ্ধান্ত করেছেন বর্গাদার উচ্ছেদ বন্ধ করতে হবে, শ্রমিক স্বার্থকে রক্ষা করতে হবে কিন্তু আসলে দেখা যাচ্ছে এই শাসনযন্ত্র রক্ষা করছে কাদের, না জোতদারদের। আমি জানি নন্দী-গ্রামে ভাগচাষ বোর্ড অফিসাররা বর্গাদারদের বিরুদ্ধে জোতদারদের পক্ষ নিয়েছেন এবং বিভিন্ন

চাষীর ফাইল কোর্টে পাঠাচ্ছেন। আপনারা জানেন যে, আমাদের সরকার নীতি গ্রহণ করেছিলেন উদ্বৃত্ত ধান-চাল ধরে লোকের মধ্যে ন্যায্য দামে বিলি করা হবে। আপনারা জানেন যে, অনেক জোতদার এই সমস্ত ধান-চাল না দিয়ে বহাল তবিয়তে এখনও বুক ফুলিয়ে ঘুরে বেড়াচ্ছে, আমাদের শাসনযন্ত্র তাদের এখনও জব্দ করতে পারে নি, এখনও তাদের ধরে পিঠমোড়া দিয়ে জেলখানায় পুরতে পারে নি। আমরা জানি যে, আমদের শ্রমিকশ্রেণীর যেসমস্ত দাবিদাওয়া আছে সেই দাবিদাওয়া আদায় করার জন্য আমাদের সরকার নূতন নূতন নীতি গ্রহণ করেছেন। কিন্তু সেইসমস্ত শ্রমিকের বিরুদ্ধে এবং মালিকের পক্ষে শাসনযন্ত্র কিভাবে চলছে তাও আমরা লক্ষ্য করেছি। আমরা শুনেছি শ্রীরামপুরের এস ডি ও কিভাবে আমাদের সদস্যদের অপমান করেছেন। আপনারা লক্ষ্য করেছেন হাওড়াতে কিভাবে পুলিশ এম এল এ এবং প্রাক্তন এম পি-র উপর অত্যাচার করেছে। আপনারা জানেন খড়্গপুরে নির্বাচিত প্রতিনিধিদের ওখানকার ও-সি সেকেন্ড অফিসার কিভাবে অপমান করেছেন। এই যে শাসনযন্ত্র এই শাসনযন্ত্রকে যদি বদলানো না যায় তাহলে যুক্তফ্রন্ট সরকার যে নীতিই গ্রহণ করুন না কেন, যত ভাল সিদ্ধান্তই গ্রহণ করুন না কেন, তা জনসাধারণের মঙ্গলে কার্যকরী করা যাবে না। সেজন্য এই শাসনযন্ত্রের পরিবর্তন হওয়া দরকার। সেইজন্য আজকে ঘেরাও নিয়ে এত গোলমাল, সেজন্য আমাদের কংগ্রেস পক্ষের লোকেরা এত উত্তেজিত এবং সেইজন্য তাঁরা অত্যন্ত ব্যগ্র বাংলাদেশের ল' অ্যান্ড অর্ডারের কোশ্চেনে। আমি এখানে বলব যে, আমাদের যুক্তফ্রন্ট সরকার অত্যন্ত গর্বিত, আমরা অত্যন্ত গর্বিত যে বাংলাদেশের কথা এই চার মাসের মধ্যেই সারা ভারতবর্ষের নিউজপেপারে স্থান পেয়েছে, বাংলাদেশ সমস্ত ভারতবর্ষের মধ্যে একটা নূতন নির্দশন দেখিয়ে সমস্ত ভারত-বর্ষের কাগজে স্থান পেয়েছে, পার্লামেন্টে স্থান পেয়েছ।

What Bengal thinks today India thinks tomorrow.

একথা আজ বর্ণে বর্ণে সত্য হতে চলেছে। আমরা সেইজন গর্বিত, আমরা সেইজন্য আমাদের যুক্তফ্রন্ট সরকারকে অভিনন্দন জানাব। আমি সেই সঙ্গে বলব যে, আমাদের এই শাসনযন্ত্রকে ঢেলে সাজাতে হবে এবং ঢেলে সাজাতে হলে মূল তিনটি কথা মনে রাখতে হবে। মনে রাখতে হবে যে, জনসাধারণের সঙ্গে কি করে অ্যাডমিনিস্ট্রেশনের ঘনিষ্ঠ যোগসূত্র স্থাপন করা যায়, মনে রাখতে হবে অ্যাডমিনিস্ট্রেশনকে এমনভাবে করতে হবে যাতে সে সত্যিকারের জনসাধারণের প্রবলেম বুঝতে পারে, যাতে সত্যিকারের কৃষক, মজুর, মধ্যবিত্ত, মেহনতী মানুষের প্রবলেম বুঝতে পারে। তারপরে সেই প্রবলেম বুঝে সিদ্ধান্ত নিতে হবে যাতে করে সেই প্রবলেম সমাধান করা যায়। থার্ড পয়েন্ট হচ্ছে শুধু সেই সমাধানের সিদ্ধান্ত নিলেই হবে না। শাসন-যন্ত্রকে সেইভাবে বদলাতে হবে যাতে করে সিদ্ধান্ত জনস্বার্থে কার্যকরী হয়। সেইজন্য এই তিনটি মূল প্রস্তাবের উপর লক্ষ্য রেখে এই শাসনযন্ত্রকে পরিচালিত করার চেষ্টা আমরা করব।

We are riding on a hostile horse.

আমরা জানি যে, আমাদের এই যে শাসনযন্ত্রের মধ্যে যে টপ অফিসার রয়েছে, আই এ এস, আই পি এস এবং এর মধ্যে আমরা জানি আরও অনেক লোক আছে যারা গোপনে কংগ্রেসের সঙ্গে পরামর্শ করে, আমরা জানি এর মধ্যে অনেকে আছে যারা কেন্দ্রীয় মন্ত্রী চ্যবনের নির্দেশমত চলবার চেষ্টা করেন। আমরা জানি এখানে কেন্দ্রের যিনি প্রতিনিধি আছেন তিনি সর্বক্ষণ চেষ্টা করছেন যাতে আমাদের এখানে বিশৃঙ্খলা বাধিয়ে ইণ্টারভিন করতে পারেন, এই কথা খেয়াল রেখে আমাদের দ্রুত শাসনযন্ত্রের সংস্কার করতে হবে। তার জন্য প্রথম কথা হচ্ছে এই যে, রেডটেপিজম ভাঙ্গতে হবে, এই যে দপ্তরে দপ্তরে দীর্ঘদিন কাজ ফেলে রাখে, মাসের পর মাস ফেলে রাখে যার ফলে আমাদের জনসাধারণকে দুর্দশায় পড়তে হয় তা আপনারা সকলেই জানেন। কৃষকরা লোন চায় কিন্তু লোন যাবে তখন যখন কাজ শেষ হয়ে যায়, আলুর বীজ যায় যখন সময় চলে যায়, আমরা জানি যে প্রতিটি কাজ এর জন্য যথাসময় হয় না। এর কারণ হচ্ছে বৃটিশ সরকার এই অ্যাডমিনিস্ট্রেশন তৈরি করে গিয়েছে, তারাই এই সেক্রেটারিয়েট এবং ডাইরেক্টরেট সৃষ্টি করে গিয়েছে। কেন দুটি করে গিয়েছে ?

[4-10—4-20 p.m.]

কেন দুজন করেছেন? একজনকে দিয়ে যেখানে কাজ হতে পারত, সেখানে দুজন করেছেন। কারণ ভেবেছিলেন মন্ত্রী ঘুমাবেন, সেক্রেটারীরা প্ল্যান করবেন, আর ডিরেক্টররা তা কার্যকরী করবেন। আমাদের ভেবে দেখতে হবে, এই দুজনকে রাখার কোন সার্থকতা আছে কিনা? দেখতে হবে কত দ্রুত কাজ করা যায়। এই রেড টেপিজম এর মধ্যে অনেক কিছু আছে। আমাদের ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটএর উপরে ডিভিসনাল কমিশনার আছেন, তারপর রাইটার্স বিল্ডিংস। কোন কাজ আপনি করাতে চান তো যান, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট থেকে ডিভিশনাল কমিশনার, ডিভিশনাল কমিশনার থেকে রাইটার্স বিল্ডিংস। আবার রাইটার্স বিল্ডিংস থেকে ডিভিশনাল কমিশনার, ডিভিশনাল কমিশনার থেকে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট। এইরকমভাবে ডি এম থেকে ব্লক পর্যন্ত যেতে তার আর কার্যকারিতা থাকে না। এই ডিভিশনাল কমিশনারদের বিরাট বিরাট মাইনে এবং তাদের অফিসের কর্মচারীদের জন্য বহু টাকা খরচ হয়। কিন্তু এদের কাজ কি? এই ডিভিশনাল কমিশনার পদ অবিলম্বে উঠিয়ে দেওয়া দরকার। এই পদের কোন প্রয়োজন নেই। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটএর সঙ্গে সরাসরি যোগসূত্র হতে পারে এবং মন্ত্রি-দপ্তরের সঙ্গে সরাসরি যোগসূত্র হতে পারে এবং এখানে যেসব অফিসার আছেন—তাদের পাঠান ডিস্ট্রিক্টএ ডিস্ট্রিক্টএ, মহকুমায় মহকুমায়। যেখানে গিয়ে জনসাধারণের কি প্রবলেম বুঝুক, তার সমাধান দিক। শুধু আই সি এস, আই এ এস হয়ে এখানে বসে থাকলে হবে না। সঙ্গে সঙ্গে আমি আর একটা সাজেশন রাখতে চাই যে, একটা ডিপার্টমেন্টএর সঙ্গে আর একটা ডিপার্টমেন্ট, এক মিনিস্ট্রির সঙ্গে আর একটা মিনিস্ট্রির সংযোগসাধন ভালভাবে করা দরকার। ইরিগেশনএর ব্যাপারে ধরুন, ইরিগেশন এবং এগ্রিকালচারএর কো-অর্ডিনেশন দরকার। ডীপ টিউবওয়েল এক ডিপার্টমেন্ট, আর বিদ্যুৎ আর ডিপার্টমেন্ট লোন করবেন। কৃষি লোন এক ডিপার্টমেন্ট, আর কো-অপারেটিভ লোন আর একটা ডিপার্টমেন্ট। কাজেই এই সমস্ত বিভাগের একটা কো-অর্ডিনেশন দরকার। তাহলে এই সমস্ত জিনিস সুষ্ঠুভাবে হতে পারবে। আর একটা বিষয়ের ব্যাপারে আমি দৃষ্টি আকর্ষণ করতে চাই। এখন খরচের ব্যাপারে দুটো জিনিস আছে—প্রি-অডিট এবং পোস্ট-অডিট। এই দুটো জিনিস না রেখে আমরা মনে করি প্রি-অডিট সিস্টেম তুলে দেওয়া দরকার। কারণ যেখানে পোস্ট-অডিট আছে সেখানে কিছু হলে তার জন্য উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা যেতে পারে এবং তারপরে আমাদের সমগ্র দেশের জন্য একটা সেচ পরিকল্পনা দরকার যাতে টাকা ঠিকঠিকভাবে খরচ হতে পারে। সর্বশেষে আমি মনে করি, আমাদের শাসন সংস্কারের জন্য একটি হাই পাওয়ার কমিশন নিয়োগ করা দরকার। এই কমিশন শাসন সংস্কার সংক্রান্ত সমস্ত বিষয় আলোচনা করবে। আর আই এ এস, আই পি এস অফিসারদের অ্যাট অল রাখার প্রয়োজন আছে কিনা, তাদের টেক-নিক্যাল কোয়ালিফিকেশন না থাকা সত্ত্বেও তাদের বিভিন্ন বিভাগের সেক্রেটারী করে রাখার প্রয়োজন আছে কিনা, সে বিষয়ে আমাদের ভেবে দেখতে হবে। সবশেষে, ডবলিউ বি সি এস-দের সম্পর্কে একটা কথা বলে শেষ করব। ডবলিউ বি সি এস-দের ব্যাপার দাঁড়িয়েছে যে, তাঁরা মন্ত্রীদের কাছে যেতে পারেন না, তাঁদের কোন অ্যাসোসিয়েশন নেই। তাঁরা চীফ সেক্রেটারী পর্যন্ত যেতে পারেন। আমরা শুনেছি, তাঁদের অনেক অভিযোগ আছে। কিন্তু সে সম্পর্কে কোন ব্যবস্থা হয় নি। আশা করি, আমাদের মন্ত্রীরা এটা দেখবেন। সর্বশেষে আমি আমাদের শাসন সংস্কারের জন্য হাই পাওয়ার কমিশনএর নিয়োগের ব্যাপারে বিবেচনা করতে বলে এবং ব্যয়বরাদ্দ সমর্থন করে আমার বক্তৃতা শেষ করছি।

Shri Iswar Das Jalan: Mr. Speaker, Sir, while rising to speak on the motion for grant under the head "General Administration", I wish to say only a few words regarding matters which attract my attention and of others throughout the whole of India. The primary objective of any Government is preservation of law and order. Whatever my friends on the Treasury Benches may say, the question that law and order has been seriously affected in West Bengal is a matter for whole India's concern, not only the concern of the Central Government, but also the concern of all other Governments in India whether they are manned by Congress Ministry or by non-Congress

one. The question before us is that whether any Government which is not able to protect the life, property and liberty of its citizens, whether he is an employer or an employee, whether he is a rich man or a poor man or, whether he is a Brahmin or a Scheduled Caste, or whether he is a Hindu or a Sikh has a right to exist. It is the primary function of any Government that the life, property and liberty of the citizen should be protected. For the first time in the history of Indian Legislature we have heard the Labour Minister saying that it was no concern of his whether his action was legal or illegal and to say that the workers have got a legitimate right to do the gherao and that he did not care as to whether it was legal or illegal. When a Government does a thing the entire responsibility vests with the entire Ministry, not in with one Ministry alone. The unfortunate part of our present Ministry is that it is composed of 14 parties with different objectives absolutely divergent from one another. One is thinking of Maoist China, the other is thinking of Gandhi principles and the third is thinking of a third thing and there is no homogenity in the Ministry itself. Therefore, what we find today here is a system of government which is worth studying by students of political science and to find out as to whether ever in the history of democracy there has been a coalition in peace-time consisting of 14 parties with so many divergent objectives. That is the greatest weekness of this Ministry. Even when there are only two parties—for instance the Conservative Party and the Labour Party in U.K.—they do not form a coalition in peace time because their objectives are a little different. But where there are 14 parties with the Hon'ble Ajoy Kumar Mukherjee, as Chief Minister a wholly Gandhite, I believe, wedded to non-violence and truth, how can he combine with other parties, some of whose principal objective are untruth and violence? The parties have not changed their objectives. Outside this House and outside the Governmental machinery they are the same antagonistic parties following their own objectives. How are you going to run a Government like this? Are you going to run Government under a Communist type of democracy, or under the present Constitutional type of democracy? In times of war the only objective is how to prosecute the war and win it. There is no other objective and parties can unite. But in peace time the objective is the reconstruction of the whole structure of the society. And you cannot go on with this objective unless you define the principle which is to be observed. Unless you have an objective, economic and political, not a short term but a long term objective, you cannot run the Government as you wish to do. Therefore, what is happening today? Naxalbari, gherao, murder, train stopping, etc. If a doctor is unable to save a patient the doctor is to be assaulted. If the train is running late, not according to scheduled time the passengers will come in and take the head of the driver.

[4-20—4-30 p.m.]

This is the state of affairs which is continuing today. It is one thing for an Opposition party to say that you should break the law but it is another thing for a Minister to say that you should do it. Lot of things have been said about Naxalbari. I do not wish that I should crave your indulgence for going into those things again. But I find that the fundamental concept of a democratic form of Government is at stake. There is a super-cabinet. The Chief Minister is responsible to the Legislature. Chief Minister is responsible to the Legislature. Chief Minister has got his own Ministry. He chooses his Ministers but not in this case. In this case the Ministers are chosen by the parties concerned owing allegience not to the Chief Minister but to the parties concerned. All these cases are approved by the super-cabinet not responsible to the Legislature. What happens? Here is a Minister representing scheduled castes whose appointment aroused

a long controversy. He was sworn in after a long time. He was not given even a room to sit. He has not yet been given a portfolio and the controversy is going on from one section of the Ministry to the other section, and the other section tries to oppose this appointment. Can any self-respecting Minister accept this position and can any Ministry holding such divergent views continue?

Sir, my friend Shri Subodh Banerjee has made a name for himself. Whether it is a good name or a bad name I do not know. Whenever we criticise here on principle always he shall hold a class in that respect. In my view he is fit to suggest that hold a class only hereto but not for administration. When he comes to administration he has got to work under the limitations of the Constitution. Whenever he finds himself in an incomfortable position he says that first of all, that the past Congress Ministry has done this or that what could he do, or Centre has done this or that, and if that is not sufficient the Constitution is bad, and so unless and until the Constitution is changed he cannot do anything. I ask him, "Why do you accept the Ministry then? Go out of the Ministry, have a revolution, have the Constitution changed according to you liking and then you come back in order to work under a Constitution according to your desire." They have no faith in the Constitution. They have no right to stay on and, as I have already said, you are betraying the confidence which the people have reposed in you, and that is to come according to the law. We are not under a Maoist style of Constitution. We have a constitution and we have still a rule of law and courts are there to look to it. The Labour Minister was summoned the other day for contempt of court. That is the Constitution under which we are to work. Therefore we had also to work under this Constitution, the only thing that I can say is that unless and until there is a better method of working you have to abide by the Constitution. Sir, day in and day out we are hearing of democracy. How are you going to work? There is a limit. There is a ministerial responsibility and there is a secretarial responsibility. According to the principle of political science, there is a bifurcation of duties between a Minister and his secretary. If you condemn day in and day out your own officers, how can the officers work? You are thinking of China where every officer is a Communist. But it won't do here unless and until China is brought politically here. The political system and the economic system of China are quite different from the political system and the economic system in India and so long as we have a Constitutional democracy here we have got to work under it.

Thank you.

Shri Dasarathi Tah:

অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী মহাশয় আমাদের প্রশাসনিক শাসন যন্ত্রকে ঠিক রাখবার জন্য যে বরাদ্দ এনেছেন নিশ্চয় সেটাকে সমর্থন করতে হবে। একটা কথা বিশেষকরে ভেবেছি সেটা হোল এই যে, কাকের বাসায় কোকিল ডিম পেড়ে চলে গেছে। অর্থাৎ ২০ বছরের একনায়কত্বে এক দলীয় শাসনে যে অনাচার হয় সেই অনাচার দুর্নীতি এমন জমে আছে যে সরকারের যেসমস্ত কর্মচারী তাঁরা সেই সরকারকে অর্থাৎ কংগ্রেস সরকারকে এবং কর্তৃপক্ষকে সন্তুষ্ট করতে না পারলে তাঁদের প্রমোশন নেই, উন্নতি নেই, সুবিধা নেই। তাই অতীতে তাঁরা এটা করে এসেছেন একথা বলেছেন, ডাঃ প্রতাপচন্দ্র চন্দ্র মহাশয় যে বহু ভার্তিকায় বিপদ আছে, এটা যেমন এক দিক দিয়ে ঠিক, তেমন অন্য দিক দিয়ে সম্পদও আছে। সেটা হচ্ছে এই যে, বিভিন্ন রকম দলের পরিচালিত মিলিত সরকার যদি হয় তাহলে ঐ জায়গায় দলবাজী খুব বেশী চলতে পারে না সেখানে বাধা পাবে, অতএব ঠিক উপমা ডাঃ চন্দ্রের হয় নি, স্বামী বলতে সব সময় ভর্তা বা অন্য কিছু নাও হয়ে গোস্বামী ভূস্বামী ইত্যাদি যেমন স্বামী পর্যায়ে পড়ে সেই জায়গায় শত দলীয় যদি সরকার হয় তাহলে সেই স্বামীর দ্বারা অন্যায় কিছু কাজ হয় না, বরং আদর কিছু বেশী

হয়। যাহোক, এখন আমরা যা দেখছি বার বার একথা বলছি এবং বিনয়ের সঙ্গে যুক্তফ্রন্ট সরকারের তরফ থেকে আমি একথা স্বীকার করছি যে আমাদের শাসনযন্ত্রের উন্নতি বিশেষ হয় নি। নূতন বোতলে পুরাতন রসায়ন চলছে—কি করে হতে পারে? সেজন্য এটাকে সরল এবং সৎ করবার চেষ্টা হচ্ছে এটাই হচ্ছে সব চেয়ে বড় কথা। আর একটা আমাদের ত্রুটি আছে, আত্ম-সমালোচনা করতে হবে। যে সরকার আছেন কর্মচারী আছেন, কর্মচারী যাঁরাই থাকুক তাঁরা তো ইন্দ্রের শচীর মত। ইন্দ্রের পরিবর্তন হয় শচীর পরিবর্তন হয় না। ইন্দ্র যে আসনে গিয়ে বসে শচী তার বাঁয়ে বসে—এই দেখা যায়। কিন্তু শচী যদি দেখে ইন্দ্রের পরমায়ু এবং মনস্থির নেই, তাহলে সংকোচ বোধ করে কর্মঠ হয় না। সেইজন্য যুক্তফ্রন্ট সরকারের সবচেয়ে বেশী প্রয়োজন হচ্ছে কি করে তাঁদের সংঘবদ্ধতা থাকে এবং তাঁদের কাজের ধারা যাতে সুদৃঢ় হয় এবং এক থাকে সেদিকে বিশেষ দৃষ্টি রাখতে হবে এবং তা যদি রাখতে সক্ষম হয় এই যুক্তফ্রন্ট সরকার তাহলে ঠিকমত চলবে এবং সমস্ত সরকারী কর্মচারীরাও ঠিক পথে চলবেন। বহু দিনের আবর্জনা জমে আছে, আমরা বার বার বলি মাথাভারী অ্যাডমিনিস্ট্রেশন হয়ে আসছে, কিন্তু এক দিনে তার অবসান হয় না। গত বিশ বছরে যেগুলি আছে সেগুলিকে সরাতে হবে যেখানে কাজ নেই কেবল আসন শোভা করে বসে আছেন তাঁদের সে জায়গা থেকে সরিয়ে অন্য জায়গায় লাগাতে হবে। একজন বলেছেন ডিভিসন্যাল কমিশনারের কথা, খরচ বাঁচাবার দিক থেকে—অন্য দিক থেকে আমরা দেখি আমাদের বিধান পরিষদের কোন মূল্য আছে বলে মনে হয় না, বিধানসভা থাকলে যথেষ্ট। সেরকম বহু কিছু ব্যাপার আছে সেদিকে দৃষ্টি দেওয়া উচিত। বরাবর দেখা গেছে এক শ্রেণীর সরকারী কর্মচারী আর এক শ্রেণীর সরকারী কর্মচারীদের দ্বারা দিনের পর দিন নির্যাতিত হয়ে চলেছে, যুক্তফ্রন্ট সরকারকে বিশেষ করে সেদিকে নজর দিতে হবে সারা জীবন গেল ৮০ বছরেও তাদের প্রমোশন হোল না, কিছুই হোল না। অল্প বেতনের যাঁরা কর্মচারী, তাঁদের অন্তত তাঁদের জেলায় নিজেদের বাড়ির কাছাকাছি তাদের ট্রান্সফার হওয়া উচিত—এই সমস্ত জিনিস দিনের পর দিন পড়ে আছে, কিছু লোক মার খেয়ে যাচ্ছে এই হচ্ছে অবস্থা এবং বিভিন্ন ডিপার্টমেন্টে যেসব চাকুরীতে ভর্তি হয় দেখা গেল তম্বিরের গুনে এবং মামার গুনে সে জায়গায় একজনকে টপকে উপরে চলে যায় যার ফলে যাঁরা সত্যিকারের সৎ এবং কর্মঠ তাঁদের মন দমে যায় এবং শাসনযন্ত্র সেজন্য বিকল হয়। সেজন্য আমি বিশেষ করে অনুরোধ করি যুক্তফ্রন্ট সরকারের কাছে এবং মন্ত্রিমহাশয়কে একথা বলি যে শাসনযন্ত্রকে যদি সৎ করতে হয় তাহলে তাঁরা সক্রিয়ভাবে চেষ্টা করুন। এই যে সমস্ত অভিযোগ আছে এবং যাদের উপর অন্যায় হয়েছে সেগুলি সংশোধন করবার জন্য চেষ্টা করুন। আমরা শাসন ব্যবস্থায় কি দেখি—পল্লীঅঞ্চল থেকে আরম্ভ করলে ব্লক, যে সমস্ত উন্নয়ন ব্লক রয়েছে, তাদের কাজে আমরা সন্তুষ্ট নই এবং বিশেষ ভেবে দেখার দরকার হয়েছে যে ঐ ব্লক ডিপার্টমেন্টে যেসমস্ত বি ডি ও এবং তাঁদের কাজের যে কাঠামো তা রাখবেন কিনা। আমরা কেবল দেখি যে, তাঁদের কাজ নেই কেবল জীপ নিয়ে ঘুরে ঘুরে বেড়ায় এবং বিভিন্ন ছোটখাট ডিপার্টমেন্ট যা হয়েছে- আসল জায়গায় যেখানে জীপের দরকার—থানার হাতে জীপ থাকা দরকার যেখানে হত্যাকাণ্ড গোলমাল হচ্ছে সেখানে ছুটে যাবার জন্য তাঁদের কাছে ব্যবহারের জন্য জীপ নেই। জীপ আছে আবগারী বিভাগের কাছে বি ডি ও-র কাছে, তাঁরা কেবল জীপের ধুলো উড়িয়ে উড়িয়ে রাস্তাকে একেবারে ডোবা করে দিচ্ছেন। এটা আমরা বিশেষ করে দেখতে পাচ্ছি। আগের আমলে একথা বলেছিলাম যে অযথা এই জীপগুলো রাখা হয়েছে যার জন্য বহু অর্থ অপব্যয় হয়—চার পয়সার পান কিনতে আড়াই মাইল রাস্তা ঘুরে যাওয়া হয় কোথায় ভাল পান পাওয়া যায়—ভাল সিগারেট পাওয়া যায় এবং কিছু কিছু সরকারী কর্মচারী তাঁদের ছেলেমেয়েদের কলেজে দেবার ব্যবস্থা হয় ঐ জীপে করে এবং সে জায়গায় প্রমোদ উদ্যানে ভীড় করতে যাওয়া হয় এও আমরা দেখেছি। আমি বলতে চাই যে যদি বি ডি ও-র আন্ডারে জীপ থাকে তাহলে ভেবে দেখা উচিত যে সেই সেই এলাকায় যাঁরা এসেম্বলীর মেম্বার তাঁরাও বেতন পান, তাঁরাও যাতে এই জীপের সাহায্য পান কাজ করবার জন্য সেদিকে বিশেষভাবে যেন দৃষ্টি রাখা হয়—তবে আমার মনে হয় এটা উঠিয়ে দেওয়াই ভাল—ব্লক ডিপার্টমেন্ট এটাই আমি বিশেষ করে বলি।

[4-30—4-40 p.m.]

আর একটা কথা মুখ্যমন্ত্রীকে অনুরোধ করে বলছি, আমরা অনেকরকম আইন ভালোর জন্য করতে যাচ্ছি এবং তার জন্য ছেড়ে দিয়ে তেড়ে ধরলাম অর্থাৎ পি ডি অ্যাক্ট করলাম। এই উদ্দেশ্য নিয়ে যে দুর্নীতি দমন করতে হবে চোরাকারবারীদের ধরতে হবে। কিন্তু হল কি না লাঠি আনতে বাঁদর পালাল। সত্যকারের যারা অপরাধী চোরাকারবারীতে লিপ্ত যাদের সঙ্গে সরকারী কর্মচারীর দহরম মহরম হয়েছে তারা বহাল তবিয়তে থাকলেন। ধরা পড়ছেন কারা না সেই ৮০ বৎসরের বুড়ো হাবড়া যারা আইনের মার প্যাঁচে রিটার্ন দিতে পাচ্ছে না তাদেরই মতন ৩০০ লোককে অ্যারেস্ট করা হয়েছে। অথচ সেসমস্ত জায়গায় বাছা বাছা যেসমস্ত চোরাকর- বারীদের সঙ্গে সংযুক্ত রয়েছে তাদের কি করে আটকান যায় সে বিষয়ে চেষ্টা করুন। বিশেষ করে চাষের সময় যারা চাষী তাদের যদি অপরাধ হয় চাষ করবার পর অর্থাৎ পুজার পর আবার ধরুন। এদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং শাসনযন্ত্রকে কিভাবে উন্নত করা যায় সেদিকে দৃষ্টি দিন।

শ্রীআবদুস সত্তার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রশাসনিক খাতে যে ব্যয়বরাদ্দের দাবী মুখ্যমন্ত্রী রেখেছেন তার বিরোধীতা করে আমার বক্তব্য রাখছি। সাড়ে ৪ মাস পূর্বে যুক্তফ্রন্ট সরকার এ দেশের শাসনভার গ্রহণ করেছেন তাদের বিভিন্ন দল মাঠে লোকজন জমায়েত করে যে ১৮ দফা কর্মসূচী নিয়ে কার্যে অগ্রসর হয়েছিলেন তার কতটুকুন করতে পেরেছেন সেটাই বিচার্য বিষয় সরকারপক্ষের সভ্যরা এই ব্যয় বরাদ্দ সমর্থন করতে গিয়ে সমস্ত অফিসার আই সি এস, আই এ এস-দের দুর্নীতির কথা বলেছেন। তারা বলেছেন যে কংগ্রেস আমলে এসমস্ত অফিসারর দুর্নীতিগ্রস্থ ছিল এবং এখনও আছে। সুতরাং এখনও যে আছে অথচ তারা ব্যবস্থা অবলম্বন করতে পারেন নি। আমি তাদের সঙ্গে সুর মিলিয়ে বলছি আপনারা ভার নেবার পর যে অভি- যোগ অফিসারদের বিরুদ্ধে করেছেন সে সমস্ত অফিসারদের কেন রেখেছেন তা বুঝতে পাচ্ছি না। আপনি বলেছেন তারা ভাল সৎ অথচ আপনার সভ্যরা প্রত্যেকটি অফিসার-এর বিরুদ্ধে কথা বলছেন। সুতরাং আমি বলব প্রশাসনিক ব্যবস্থায় ঘুন ধরেছে। এই ঘুন ধরার কারণ হচ্ছে আপনারা যখন দেশের শাসনভার গ্রহণ করেছেন তারপর সত্যকারের সংবিধানের কথা না তুলে কি করে দেশের মধ্যে অরাজকতা আনা যাবে, কি করে দেশকে লুঠতরাজের রাজ্যে এগিয়ে নিয়ে নেওয়া যাবে সেভাবে ব্যবস্থা অবলম্বন করেছেন। বিশেষ করে ভূমিরাজস্ব মন্ত্রী বাইরে গিয়ে লোকজনকে উত্তেজিত করেছেন এবং তারা যাতে দেশের আইন এবং সংবিধান না মানেন সেভাবে বক্তৃতা দিয়েছেন। আপনি কি আশা করতে পারেন মন্ত্রীরা এভাবে দেশের মধ্যে উত্তেজনা সৃষ্টি করবেন। মন্ত্রী যদি বলেন জমি তোমরা জোর করে দখল করে নাও জমির মালিক কিছু করতে পারবে না, তাহলে কিরকম আইন চলবে দেখুন। এটা ঠিক যে কিছু কিছু ভাগীদারের কাছ থেকে জমির মালিকের জমি জোর করে দখল করে নিয়েছে। তাদের বাধা দেবার নিশ্চয়ই অধিকার আছে, কিন্তু আপনার মন্ত্রীরা বলছে সেখানে পুলিশ যাবে না। অথচ সংবিধান কিম্বা আই পি সি যা আছে সে আই পি সি অনুসারে যে অফেন্স করছে সে অফেন্ডারকে ধরছেন না। এভারে উত্তেজনার জন্য গরীব মানুষ ভাগচাষীদের মধ্যে সংঘর্ষ বাঁধছে। তাঁরা যদি দেশের আইন সংবিধান মেনে চলেন তাহলে এসব সংঘর্ষ হয় না। কিন্তু তারা শ্রেণী সংঘর্ষ বাঁধাবার জন্য এ কাজ করছেন এবং পার্টিবাজী করছেন। অন্যদিকে ঘেরাও মন্ত্রী বা লেবার মিনিষ্টার শ্রমিকদের উত্তেজিত করেছেন। এবং শ্রম ব্যবস্থাকে বানচাল করে দিয়েছেন। সেইজন্য আজকে মানুষ সন্দেহ প্রকাশ করছে যে আমাদের দেশের মধ্যে সভ্য শোভন সরকার আছে কি ? মুখ্যমন্ত্রী যখন গদীতে এলেন তখন আমরা ভাবলাম যে তিনি দেশকে ভালভাবে চালাবেন। দেশের লোক আশা করেছিল তাঁর কাছ থেকে কিছু পাবে। কিন্তু দেখা গেল তিনি আজকে মাউবাদীর হাতে পড়ে তাঁর অস্তিত্বকে বিলোপ করলেন। তাই আজকে দেশের লোক প্রশ্ন করে সত্যকারের মুখ্যমন্ত্রী কে—জ্যোতিবাবু, না অজয়বাবু। আজকে দেখা গেছে প্রত্যেক জায়গায় একই প্রশ্ন আছে। শান্তিশৃঙ্খলা ল অ্যান্ড অর্ডার এবং ডেমোক্রেসী ইজ অ্যাট স্টেক। ডেমোক্রেসীকে যদি রক্ষা না করতে পারি, ডেমো- ক্রেসীর মূল্য যদি না দিতে পারি মানুষের জীবনে যদি নিরাপত্তা বোধ না থাকে তাহলে আমরা

নকশালবাড়িতে তিনি শেষেরদিকে ব্যবস্থা অবলম্বন করছেন। কিন্তু আমি বলবো তাঁর দুর্বলতার কারণে নকশালবাড়িতে এত ঘটনা হয়েছে। তিনি প্রথম থেকে যদি ব্যবস্থা অবলম্বন করতেন, তাহলে এ হত না। বাম কমিউনিস্ট পার্টির এখন টনক নড়েছে যে, তাদের আর রক্তাক্ত বিপ্লব হল না। তাই Central Government having the Laws and Orders যেসমস্ত আইন করেছেন সেকশান ফোর অফ দি আরমস্ অ্যাক্ট, আপনার সংগে পরামর্শ করে সেন্ট্রাল গভর্নমেণ্ট করেছেন অথচ আপনাকে চ্যালেঞ্জ করা হচ্ছে, আপনি কেন পরামর্শ করেন নি। আজকে এ আইন করা হয়েছে দেশের শান্তিশৃংখলা রক্ষার জন্য। কেন না শান্তিশৃংখলা সবচেয়ে আগে প্রয়োজন। 12th July Statesman কাগজে একটা খবর বেরিয়েছিল যে এ নিয়ে আপনার সংগে তাদের মতবিরোধ হয়েছে

Differences in U.F. over Arms Ban Order. Mukherjee says he was consulted. Sharp differences of opinion have developed between the Chief Minister and most of his Cabinet colleagues over the Central Government Notification prohibiting carrying of bows, arrows and spears without licence within the Siliguri Subdivision of Darjeeling District. While the Chief Minister Mr. Ajoy Mukherjee believes that this cannot be construed as intervention by the Centre, his colleagues like Mr. Jyoti Basu, Mr. Biswanath Mukherjee, Mr. Subodh Banerjee and Mr. Bibhuti Das Gupta interpret it as intervention by the Union Government.

এইভাবে আপনাদের ডিফিকালটিস আরম্ভ হয়েছে এবং আপনাদেরই শরীকরা প্রথম থেকে শেষ পর্যন্ত ল অ্যান্ড অর্ডার মেন্টেন করতে পারছেন না। আপনাদের প্রশাসন ব্যবস্থা দুর্বল এই কথা পি এস পি, এস এস পি সদস্যরা বলেছেন। জুন মাসে পি এস পি সদস্য যেকথা বলেছিলেন সেটা স্টেটসম্যান পত্রিকায় বেরিয়েছে এবং সেটা থেকে আমি এখানে কিছুটা পড়ে শোনাচ্ছি।

The Standing Advisory Committee of the National Executive of the PSP, the constituent unit of the United Front Ministry in West Bengal in a lengthy Press Statement issued today, expressed alarm at the steadily deteriorating law and order situation in the State. In a strong indictment to the C.P.I. (M), another constituent unit of the United Front Government, the Committee observed that the Marxist Communists have made a mockery of team work and joint responsibility, the most glaring example of which was the concerted attack on Dr. P. C. Ghosh and the food policy adopted by the United Front Government.

এইভাবে দেখা যাচ্ছে এস এস পি-রা কন্ডেম করেছেন। সেইজন্য আমি বলব আপনি যে ভার নিয়েছেন, নাউ ইউ সুড কাম টু ইওর সেন্স। আপনারা দেশের শান্তি যেভাবে নষ্ট করেছেন তাতে আমার মনে হয় দেশ আজকে অরাজকতার মধ্যে যাচ্ছে। সেজন্য আমি আপনার কাছে অনুরোধ করবো যে আপনি কোন দিকে না তাকিয়ে দেশের শান্তির দিকে তাকিয়ে শক্ত হাতে দেশের শাসন ব্যবস্থা পরিচালনা করবেন আমি এ আশা করি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

[4-40—4-50 p.m.]

শ্রীজ্যোতি বসু: স্পীকার মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে মাননীয় সদস্যদের কাছে এই কথা জানাতে চাই যে, এইমাত্র একটি মেসেজ পেয়েছি সেটা হচ্ছে এই,

The President, Mr. Zakir Hussain, today gave his assent to the West Bengal Government's Calcutta Tramways Company (Taking Over of Management) Bill, 1967, which enabled the State Government to take over the management of the Company for a period of three years.

এবং এটা এই মাত্র আমাদের অফিসার এখানে পাঠিয়েছেন ম্যানেজমেন্ট টেক ওভার করার জন্য এবং তাঁর কাছ থেকে যে সংবাদ এসেছে সেটা আমি এখানে পড়ে শোনাচ্ছি,

Sir, I have the honour to report that I have, this day, at 4-30 p.m., taken over the control of the undertaking Calcutta Tramways Company in pursuance of the order issued by Government under sub-section (1) of section 3 of the Calcutta Tramways Company (Taking Over of Management) Act, 1967. S. M. Murshed.

এই হচ্ছে আমার বক্তব্য।

Dr. Mohammad Karim Baksh:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী মহাশয় আজ আমাদের সামনে জেনারেল অ্যাডমিনিস্ট্রেশনের যে বাজেট পেশ করেছেন তা আমি সমর্থন করতে গিয়ে কয়েকটি বক্তব্য এখানে রাখতে চাই। স্বাধীনতার পর আমাদের দেশে অন্য যাই হোক না কেন, নৈতিক চরিত্রের চরম অবনতি হয়েছে। এবং দেশ দুর্নীতিতে ছেয়ে গেছে। এর জন্য মানুষ আজকে অতিষ্ট হয়ে উঠেছে। এটা তিন মাসের ব্যাপার নয়। স্বাধীনতার পর ১৯ বছর ধরে কংগ্রেস যে রাষ্ট্র পরিচালনা করেছিলেন তার ফলে দেশে দুর্নীতি ও অনাচার এসেছে। বাজেটে দেখা যায় ব্রিটিশ যুগ থেকে বাজেট যে-ভাবে চলে আসছে এখনও সেইরূপ মাথাভারী বাজেট চলে আসছে। পিওন বা সম শ্রেণীর কর্মচারীর মাইনে সবচেয়ে কম—এটা খুব বেদনাদায়ক। অল্প বেতনভুক কর্মচারীর সংখ্যা খুব বেশী এই অল্প বেতনে তাদের সংসার চালাতে গিয়ে তারা হিমসিম খেয়ে যাচ্ছে সেজন্য সরকারী কাজ তারা ভালভাবে পরিচালনা করতে পারছে না। তাই আজ তাদের মধ্যে দুর্নীতি ঢুকেছে। প্রথম দিন অর্থমন্ত্রী মহাশয় বলেছেন যে, সরকারী কর্মচারীদের বেতন সম্বন্ধে বিবেচন করার জন্য বেতন কমিশন বসাবেন। এটা খুব আশার কথা। আমাদের মন্ত্রিগণ শপথ গ্রহণ করবার পর নিজের নিজের বেতন কমিয়ে নিয়েছেন, মুখ্যমন্ত্রী ৭০০ টাকা এবং অন্যান্য মন্ত্রীগণ ৫০০ টাকা করে। আমি আরও খুসী হব যদি আমাদের অনারেবল মেম্বার্সগণ তাঁদের বেতনের হার কিছু কমিয়ে নেন। যুক্তফ্রন্ট সরকার যে ১৮ দফা কর্মসূচী নিয়েছিলেন তার মধ্যে মাইনরিটিদের প্রতি সৎ ব্যবহার, সুবিচার এবং সমান অধিকার দেবার কথা বলেছেন, কিন্তু এখন পর্যন্ত সরকারী দপ্তরের সর্বস্তরে সেই সংবাদ পৌছান হয়েছে কিনা আমি বুঝতে পারছি না। আমার সঙ্গে যে কংগ্রেস প্রার্থী নির্বাচনে পরাজিত হয়েছিলেন তিনি ইলেকশন-এর প্রথম থেকে এবং ইলেকশন-এর পর পর্যন্ত নানাভাবে মাইনরিটিদের থ্রেটনিং দিয়ে যাচ্ছেন, ভয় দেখাচ্ছেন এবং নানাভাবে মুসলমান নেতাদের উপর অসভ্য অশ্লীল কথা প্রয়োগ করছেন। ইহার কোন প্রতিকার নাই, সেইজন্য মনে হয় সরকারী দপ্তরের সর্বস্তরে এখনও যুক্তফ্রন্ট সরকারের সে নির্দেশ যায় নাই। আমাদের মন্ত্রিমহাশয়গণের মধ্যে একজন বলেছিলেন খোল নোলচে পালটাতে হবে। এখন যে আইন আছে তার মধ্যে প্রতিকার পাওয়া সহজসাধ্য নয়। যুক্তফ্রন্ট সরকার সময় পাইলে এর পূর্ণ পরিচয় পাওয়া যাবে। যে কংগ্রেস সরকার দীর্ঘ বিশ বছর শাসনভার হাতে পেয়ে দেশের দুর্নীতির দিকে আদৌ লক্ষ্য করেন নি, কেবল প্রতিক্রিয়াশীল এবং যারা বড়লোক তাদের সাহায্য করে এসেছেন এবং এরই জন্য এইসমস্ত দুর্নীতি জমে উঠেছে মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মন্ত্রীমন্ডলীকে এই সমস্ত বিষয়ে সতর্ক হবার জন্য অনুরোধ জানাচ্ছি।

আমি এই প্রসঙ্গে আর একটি কথা না বলে পারছি না, আমাদের খাদ্যমন্ত্রী মহাশয় যে খাদ্য নীতি ঘোষণা করেছিলেন, সেই খাদ্য নীতি মন্ত্রিসভার সকলের সিদ্ধান্ত বলে আমরা মনে করি। কিন্তু সেই সম্পর্কে অ্যাসেম্বলীর ভিতর ও বাহিরে যেভাবে সমালোচনা হচ্ছে তাহা অত্যন্ত দুঃখের বিষয় এবং বেদনাদায়ক। সুতরাং এইভাবে সমালোচনা না করে আমরা যদি জোতদার ও মজুতদার যারা খাদ্য লুকিয়ে রেখেছে তাঁদের কাছ থেকে ঐ খাদ্য উদ্ধার করে সরকারের হাতে দিতে পারি এবং যত ব্ল্যাক মার্কেটিয়ার ও চোরাকারবারী আছে তাদের বিরুদ্ধে পি ডি অ্যাক্ট প্রয়োগ করা যায় এবং এতে পাবলিকের সহযোগিতা থাকে তাহলে নিশ্চয়ই দেশের বর্তমান সংকটময় খাদ্যাবস্থা একটি সাধারণ অবস্থার দিকে ফিরে আসবে এই বলে আমার বক্তব্য শেষ করছি।

[4-50—5 p.m.]

Shri Haradhan Mondal:

মননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয়, জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন-এর খাতে যে ব্যয় বরাদ্দের দাবী আমাদের সামনে উপস্থাপিত করেছেন আমি তার বিরোধিতা করছি। (ইন্টারাপশনস) বিরোধিতা করছি এই জন্য যে, এই জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন-এর ব্যাপারে তিনি বলেছেন যে, অ্যাডমিনিস্ট্রেশনকে বানচাল করবার জন্য তাঁরা কিভাবে উঠে পড়ে লেগেছেন। আজকে এই অ্যাডমিনিস্ট্রেশন-এর ব্যাপারে যখন ফুড পলিসি ডিক্লেয়ার করতে দেরী হচ্ছিল তখন একজন মাননীয় সদস্য বলেছিলেন যে তাঁরা তাঁদের খাদ্যনীতি এমনভাবে চিন্তা করে করবেন যে আর বারবার সেটা অ্যামেন্ড করতে হবে না। যদিও আমরা দেখতে পাচ্ছি যে বার আট নয়েক সেটা অ্যামেন্ড করা হয়েছে। কিন্তু বরই দুঃখের কথা সেই যে খাদ্যনীতি গৃহীত হয়েছিল, তখন সব দলের মন্ত্রিগণ সেটা দেখেশুনে, বিচার বিবেচনা করে সেই নীতি গ্রহণ করবার পরে আমাদের লেফ্‌ট সি পি আই জ্যোতিবাবু এবং হরেকৃষ্ণ কোনার মহাশয়, তাঁরা জেলায় জেলায় ঘুরে বেড়িয়েছিলেন ধান সংগ্রহ করবার জন্য। কিন্তু যখন তাঁরা দেখলেন যে গতিক খারাপ, তখন তাঁরা সেই খাদ্যনীতি পালটে দিলেন, রাতারাতি সেই লেফ্‌ট সি পি আই থেকে এক রেজোলিউশন পাশ করে নেওয়া হল যে, সেই খাদ্যনীতিতে অনেক ভুল আছে, সে খাদ্যনীতি ভুল। আমি বলবো সেই খাদ্যনীতি যখন সর্বসম্মতিক্রমে গৃহীত হয়, তারপর আর সেখানে কি করে ভুল হয়? আর যদি বুঝতে পারলেন যে খাদ্যনীতি ভুল হয়েছে, তাহলে সকলে মিলে তখনই তাড়াতাড়ি করে সেটা ঠিক করে নিতে পারতেন। তা না করে আপনারা চতুর্দিকে একটা অরাজকতা সৃষ্টি করলেন। তাঁরা বললেন যে, ডাঃ ঘোষের খাদ্যনীতিতে ভুল আছে, তার জন্যই আজ দেশের মধ্যে দুর্দশা এসেছে, অতএব একটা গণকমিটি করতে হবে, যাতে দেশের দুঃখদুর্দশা দূর হতে পারে। আমাদের ধারণা ছিল যে এই গণকমিটি সকল দলের লোক নিয়ে করা হবে। এই গণকমিটিতে কেরানী, ডাক্তার, মাস্টারমশাই প্রভৃতি সর্বস্তরের লোক থাকবে। কিন্তু তাঁরা কোন দলকে পাত্তা না দিয়ে, কতকগুলি লেফ্‌ট সি পি আই-এর উশৃংখল লোক, তারা নিজেরাই এই গণকমিটি করে বসলেন এবং তার লিস্ট এস পি, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট ও মন্ত্রীমণ্ডলীর কাছে দিয়ে দিলেন যে আমরা এদের নিয়ে গণ কমিটি করেছি। আগে আমরা দেখেছি যে পুলিশ চেক পোস্ট-এ ঘুষ নিতো। আর এই গণকমিটি, এরা করলো কি? প্রতি গ্রামে গ্রামে সাধারণ যান, গরুর গাড়ির জন্য পাঁচ টাকা রেট এবং সাইকেল ভ্যানের জন্য ১০ টাকা রেট হয়ে গেলো এবং ক্লাবের নাম করে সেই টাকা ঘুষ হিসাবে নিয়ে নিজেরা ভাগ-বাটোয়ার করতে লাগলো। এই যে অরাজকতা চলছে এর একমাত্র কারণ হলো ঐ গণকমিটি। তার ঠেলায় যে আমরা কে কোথায় যাবো তা আমরা ঠিক বুঝতে পারছি না। তাদের ঠেলায় চালের দাম তিন টাকা, সাড়ে তিন টাকায় উঠেছে। পুলিশকে খবর দিলে তারা বলেন—আমরা কি করবো। তাহলে আমাদের চাকরী থাকবে না, ল অ্যান্ড অর্ডার কোথাও আছে কিনা তা বুঝতে পারি না. ঐ গণ কমিটি ধ্বনি তুললেন—খাদ্যমন্ত্রী পদত্যাগ করুন, এই তো অবস্থা! নকশালবাড়ি সম্পর্কে সরকার যদি আইনসংগত ব্যবস্থা করতেন তাহলে ভাল হতো। লেফট সি পি আই কাউকে বিশ্বাস করে না কংগ্রেসকে তো করেই না। দলে থেকেও তারা দলের কথা মানবে না। লেফট সি পি আই এর সদস্য একজন এস এস পি সম্বন্ধে কটূক্তি করছেন। এই থেকে বোঝা যায় কি চলছে তাদের মধ্যে। তারাই দেশময় অরাজকতা সৃষ্টি করে চলেছে। কি অবস্থার মধ্যে যে গিয়ে আমরা পৌঁছেচি, তাতে ল অ্যান্ড অর্ডার আছে বলে আমরা মনে করছি না। কাল মুখ্যমন্ত্রী বললেন আগুন জ্বলতো—যদি আজকে দেশে কংগ্রেস রাজত্ব থাকতো, ঠিকই তারা গতবারে ফুড মুভমেন্ট করে দেশে আগুন জ্বালিয়েছিলেন। কংগ্রেস আমলে কেউ আগুন জ্বালালে শাস্তির হাত থেকে রেহাই পেত না। আর এদের আমলে যারা ডিসপেনসারীতে আগুন জ্বালিয়েছিল তাদের সেই মামলা উইথড্র করে নিলেন, তুলে নিলেন। এইভাবে ল অ্যান্ড অর্ডার চলতে পারবে? তাঁরা একটা সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি করেছেন। যাদের বিরুদ্ধে মামলা উঠিয়ে নেওয়া হয়েছে উইথড্র করে নেওয়া হচ্ছে, তারা আজ থানায় গিয়ে শাসিয়ে আসছে—সাবধান, নতুবা চাকরী থাকবে না। এইভাবে তাঁরা রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধ করছেন। আসানসোলে রেলের একজন মুসলমান ভদ্রলোক রেলওয়ে অ্যাকসিডেন্ট হয়ে মারা গেলে রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধ করবার

জন্য অ্যাকসিডেণ্ট্যাল কেসের সেই মৃতদেহ নিয়ে প্রসেশন করে সেই রেল অফিসে গিয়ে হাজির রেলের বড়কর্তা বললেন—দোষীকে নিশ্চয়ই সাজা দেব। আর কথা দিচ্ছি ও'র ছেলেপেলেকে চাকরী দেব। কিন্তু তাঁর কথা কে শোনে। সব আপত্তি অগ্রাহ্য করে সেই রেল ইয়ার্ডের মধ্যে সেই মৃতদেহ কবর দিয়ে চলে আসে। নিয়ম আছে পারসোন্যাল গ্রেভ ইয়ার্ড-এর বাইরে কমিউনিটি গ্রেভ ইয়ার্ড-এ কবর দেওয়া যায় না। অথচ লেফট সি পি আই, তারা এই রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধির জন্য ডি এস এস অফিস কম্পাউন্ড-এর সেই ইয়ার্ডের ভেতর কবর দিয়ে দিলেন তারপর তার স্ত্রী ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের কাছ থেকে পারমিশন নিয়ে ওখান থেকে মৃতদেহ তুলে নিয়ে নিয়মিতভাবে কবর দেয়। এই থেকে বুঝতে পারেন চারিদিকে কিরকম জোর জবরদস্তি চালানো হচ্ছে। সেই জন্য আমি বলছি লেফট সি পি আইরা এইভাবে দেশে নানারকম অশান্তি ও অরাজকতা সৃষ্টি করছে। ওরা ইললিটারেট মাসকে লোকজনদের বলেছিল চলো চাল দেব বি ডি ও-র অফিস এস ডি ও-র অফিস ঘেরাও করা যাক। এইভাবে তারা দেশের সাধারণ লোককে ভাঁওতা দিচ্ছে। আমি বলবো—তাদের যদি রাজত্ব এসে থাকে, জনসাধারণকে মিথ্যা ভাঁওতা না দিয়ে যাতে তাদের যথার্থ উপকার করতে পারেন সেই দিকে নজর দিন। আমি মুখ্যমন্ত্রীকে এই বিষয়ে সজাগ থাকতে অনুরোধ করবো।

[5—5-10 p.m.]

Shri Amalendra Lal Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, তবু ভাল এস এস ফজলুর রহমান সাহেবের মুখে খই ফুটতে আরম্ভ করেছে। তিনি যখন মন্ত্রী ছিলেন, তখন তিনি কি করেছেন সেটা তিনি নিশ্চয়ই ভাল করে জানেন। স্যার, এই সাধারণ মন্ত্রীদের সম্পর্কে আমাদের স্বর্গীয় দেবজ্যোতি বর্মণ মহাশয় বলেছিলেন এরা সবাই হচ্ছেন কাছিম, গুটি গুটি রাইটার্স বিল্ডিংসে যান, আর ডাঃ রায় তাদের চিৎ করে শুইয়ে রাখেন। তারপর বিকাল বেলা হলে আবার ডাঃ রায় তাদের উপুড় করে দেন, তাঁরা আবার গুটিগুটি রাইটার্স বিল্ডিংস থেকে বেরিয়ে বাড়ি ফিরে এসে স্ত্রীর আঁচলের তলায় বসে—কি কি তারা সেখানে করে এলেন তার বিবরণ দেন। এই তো তাদের তখন অবস্থা ছিল। মুখে এখন খৈ ফুটছে। ভাল কথা।

(হট্টগোল)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওদিক থেকে যেসব মাননীয় সদস্যরা আমাকে এইভাবে বাধা দিচ্ছেন আশা করি তাঁদের হাত থেকে আপনি আমাকে রক্ষা করবেন এবং আমার সময় যে এইভাবে নষ্ট করছে আমি আশা করবো যে আমাকে সেই সময় দেবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই গতকাল এখানে মাননীয় সদস্য কৃষ্ণকুমার শুক্লা যে বক্তব্য পেশ করেছেন অ্যাডমিনিস্ট্রেশনকে অ্যাটাক করে, সে সম্পর্কে। তিনি কালকে বলেছিলেন নকশালবাড়িতে কৃষকদের যে আন্দোলন হচ্ছে সেই আন্দোলন সুরু হয়েছিল সেদিন থেকে বা তার পরে থেকে যখন চীনা দূতাবাস থেকে, নয়াদিল্লী থেকে একজন চীনা কূটনীতিক শিলিগুড়িতে গিয়েছিলেন বা নকশালবাড়িতে গিয়েছিলেন তারপর। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে অমৃতবাজার কাগজে এম সি চাগলা পার্লামেন্টে কি বলেছেন সেটা বেরিয়েছে। এম এস চাগলা পার্লামেন্টের বুকে দাঁড়িয়ে বলেছেন কোন চীনা কুটনীতিক নকশালবাড়ি যায় নি এবং শিলিগুড়িতে যে গিয়েছিল সেকথা তিনি বলেন নি। তিনি বলেছেন কোন একজন চীনা কুটনীতিক কোলকাতা পর্যন্ত গিয়েছিলেন। এই ঘটনার উল্লেখ করে কালকে কৃষ্ণকুমার শুক্লা মহাশয় বলেছেন যে পুলিশকে নিষ্ক্রয় করে দেওয়া হয়েছে, সেজন্য আমাদের পুলিশ খবর রাখেনি যে দুইজন চীনা কুটনীতিক নকশালবাড়ি গিয়েছিল বা শিলিগুড়িতে গিয়েছিল। কিন্তু শুক্লা মহাশয় জানেন না এতদিন পর্যন্ত নজীর ছিল যে চীনা কুটনীতিককে নয়া দিল্লী ছেড়ে কোন জায়গায় যেতে হলে আগে কেন্দ্রীয় সরকারকে জানিয়ে তারপরে নয়াদিল্লী ত্যাগ করতে পারবে। সুতরাং এই আক্রমণ শুধু অ্যাডমিনিস্ট্রেশানের উপর নয়, এই আক্রমণ হচ্ছে নকশালবাড়ির গরীব চাষীদের বিরুদ্ধে। স্যার, আমি আপনাকে স্মরণ করিয়ে দেব চারু ভাণ্ডারী মহাশয়কে সকলে জানেন, তিনি বাম-পন্থী নন, তাঁর একটা বই আমাদের সকলের হাতে এসেছে, আশা করি গভর্নমেন্টের হাতে পৌঁচেছে,

তাতে তিনি পরিষ্কার করে বলেছেন যে, নকশালবাড়ির আন্দোলন ভূমির ক্ষুধা আন্দোলন এবং এতে শুধু নকশালবাড়ির কয়েক লক্ষ চাষীর কথাই বলেন নি, বাংলাদেশের ৭৫ লক্ষ ভাগচাষী, আধিয়ার এবং কৃষি মজুরের অভাব, দুঃখকষ্টের কাহিনী বর্ণনা করেছেন। আজকে এখানে কথা উঠেছে যে নকশালবাড়িতে যে আন্দোলন হচ্ছে সেখানে রাজনীতি জড়িত আছে। আমি জানি না সেখানে কি পার্টিবাজী আছে? আমি এটুকু শুধু জানি বাংলাদেশের ৭৫ লক্ষ কৃষক যাদের বিশ বছর ধরে বঞ্চনা করা হয়েছে, বিশ বছর ধরে তাদের অভাব অনটনের হাতে সপে দেওয়া হয়েছে, আজকে সেই গরীব আধিয়ার, কৃষি মজুর তাঁদের লড়াই এখানে আছে একথা তাঁরা ভুলে গেছেন এবং সেজন্য আজকে চেষ্টা হচ্ছে নকশালবাড়ি কৃষকদের এইভাবে খাটো করার এবং বলা হচ্ছে যে, চীনা কূটনীতিক সেখানে গিয়ে তাঁদের বলেছেন তারপর তাঁরা আন্দোলন করেছেন। এটা ড্যাম লাই যেটা শ্রীশুক্লা এখানে বলেছেন। স্যার, অ্যাডমিনিস্ট্রেশান আমরা চালাব, আমরা জানি যে অ্যাডমিনিস্ট্রেশনে কি দোষত্রুটি আছে। এখানে অনেস্ট অফিসার আছে, আমরা জানি এখানে ব্ল্যাক সিপ আছে, আমরা জানি কোন্ সব অফিসারকে প্রোমোশন দেওয়া হয়েছে। আমরা অ্যাডমিনিস্ট্রেশনকে ঢেলে সাজাতে পারবো কারণ নূতন আউট লুক নিয়ে আমরা চলার চেষ্টা করছি। এ বিষয়ে আমরা বরাবর ইউনাইটেড ফ্রন্ট গভর্নমেন্টের উপর, তার মুখ্যমন্ত্রীর উপর যাঁর হাতে এই দপ্তর দেওয়া হয়েছে তিনি নূতন আউট লুক নিয়ে আমাদের অ্যাডমিনিস্ট্রেশনকে ঢেলে সাজাবেন বলে আমাদের বিশ্বাস আছে, কিন্তু ঐ কাছিমের মত দলের কাছে বাংলাদেশের অ্যাডমিনিস্ট্রেশনে ল অ্যান্ড অর্ডার নেই একথা আমি শুনতে রাজী নই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সঙ্গে সঙ্গে আমি আপনাকে দায়িত্ব নিয়ে এই কথা বলবো বিধানসভার সদস্য হিসাবে যে আমাদের অ্যাডমিনিস্ট্রেশন যাতে অচল হয়ে যায়, আমাদের অ্যাডমিনিস্ট্রেশন-এর ভিতরে থেকে যাতে অচল করে দেওয়া যায় তার জন্য কৃষ্ণকুমার শুক্লা প্রমুখ ব্যক্তিরা কি চেষ্টা করছেন না? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পিকিং রেডিও থেকে যখন প্রচার করা হচ্ছে যে এখানে বিপ্লব হচ্ছে, এখানে মাও সেতুং-এর থিয়োরি অনুযায়ী কাজ করা হচ্ছে তখন এইসব কথা শুনে আমরা অবাক হয়ে যাচ্ছি কিন্তু তার চেয়েও বেশী অবাক হয়ে যাচ্ছি যে পিকিং রেডিয়োর ভাষ্যকারের সঙ্গে আমাদের ভারতবর্ষের স্বরাষ্ট্র মন্ত্রী চাবনের কথার কি করে মিল হয়ে যাচ্ছে। এক দিকে চাবন, আর এক দিকে পিকিং রেডিয়োর ভাষ্যকার দু-জনের কথার অদ্ভুত মিল। একদিকে কৃষ্ণকুমার শুক্লা আর একদিকে পিকিং রেডিয়োর ভাষ্যকার দু-জনের কথার মধ্যে কি অদ্ভুত মিল। নকশালবাড়ির ঐ কৃষকদের কি করে ধুলায় গুড়িয়ে দেওয়া যায়, তাদের আন্দোলনকে কি করে ভুল পথে পরিচালিত করা যায় তারই চেষ্টা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আপনার মাধ্যমে জিজ্ঞাসা করতে চাই কুয়েকদিন আগে, বোধ হয় ৬ই কি ৭ই জুলাই তারিখে পার্লামেন্টে স্বরাষ্ট্র মন্ত্রী চাবন নকশালবাড়ি সম্বন্ধে যে বিবৃতি দিয়েছিলেন সেই বিবৃতি, সেই রিপোর্ট তিনি কোথা থেকে পেলেন? আমাদের মন্ত্রীসভা, আমাদের দায়িত্বশীল সরকার বলছেন যে সিচুয়েশন ইজ ইমপ্রুভিং কিন্তু নকশালবাড়ি সম্বন্ধে স্বরাষ্ট্র মন্ত্রী চাবন পার্লামেণ্টে যে বক্তব্য রেখেছেন সেখানে তিনি বলেছেন

Naxalbari situation has not improved. The thing are as serious as they were and that local Maoism is rearing its ugly head.

এটা হচ্ছে ৭ই জুলাই তারিখের কাগজে বেরিয়েছে এবং ৬ই জুলাই তারিখে পার্লামেন্টে দাঁড়িয়ে তিনি এই কথা বলেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ফজলুর রহমান সাহেব কনস্টিটিউশনের কথা তুলেছেন, শাসনতন্ত্রের কথা তুলেছেন, আমি জানতে চাই আজকে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে আমাদের এই রাজ্যসরকারের কার্যকলাপের উপর এইভাবে যে হস্তক্ষেপের চেষ্টা করা হচ্ছে, পরোক্ষ ইন্টারভেনশনের চেষ্টা করা হচ্ছে এটা কিসের বলে করা হচ্ছে, সংবিধানের কোন ধারা বলে করা হচ্ছে? কনস্টিটিউশন সম্বন্ধে আমার যেটুকু কাণ্ডজ্ঞান আছে তাতে আমি বলছি আপনারা দেখান কনস্টিটিউশনের কোন ধারা বলে আজকে এইভাবে চাবন পার্লামেন্টের বুকে দাঁড়িয়ে আমাদের প্রভিন্সের ব্যাপার নিয়ে, আমাদের ইন্টারন্যাল ল অ্যান্ড অর্ডারের বিষয় নিয়ে তিনি কোন আইনের বলে শাসনতন্ত্রের কোন ধারা বলে আমাদের গভর্নমেন্টের রিপোর্টের উপর নির্ভর না করে তিনি নিজের সূত্র থেকে রিপোর্ট আনিয়ে সেই রিপোর্টের উপর দাঁড়িয়ে বাংলাদেশের আইন এবং শৃঙ্খলা সম্পর্কে মন্তব্য রাখেন? এত বড় ইরেসপনসিবল হোম মিনিস্টার যে দেশে

শাসন করে, মাননীয় স্পীকার মহাশয়, আমি অত্যন্ত বেদনার সঙ্গে এই কথা বলতে বাধ্য হ যে, এটা ন্যাসনাল ইন্টিগ্রেশনের রাস্তা নয়, এটা ইমোশন্যাল ইন্টিগ্রেশন, এটা আমরা জানি পলিটিক্যাল ইন্টারফেয়ারেন্স ছাড়া আর কিছু নয়। এই জিনিস করলে ভারতবর্ষের ঐ কিছুতেই টিকবে না, টুকরো টুকরো হয়ে যাবে এবং আপনারা চান ভারতবর্ষ টুকরো টুক হয়ে যাক এবং তারই জন্য স্বরাষ্ট্রমন্ত্রী আজকে পার্লামেন্টের বুকে দাঁড়িয়ে আমাদের সরকা বিরুদ্ধে এই অপপ্রচার করছেন। কোন অধিকারে তিনি এই কথা বলেন? স্যার, আপনি দেখেছে আজকের কাগজে বেরিয়েছে কালকে পার্লামেন্টে বিমল ঘোষের উপর যে হামলা হয়েছে সম্পর্কে কথা উঠেছে। আমি ব্যক্তিগতভাবে এইভাবে হামলার নিন্দা করি এবং আমি মনে হামলার দ্বারা কোন উদ্দেশ্য সাধিত হয় না। কিন্তু সাথে সাথে আমি মনে করি এই হামল নিয়ে যে রাজনীতি করা হচ্ছে সেটা অতীব গর্হিত কাজ ছাড়া আর কিছু নয়। বিমল ঘো সম্পর্কে পার্লামেন্টে যে আলোচনা হয়েছে তাতে স্বরাষ্ট্র মন্ত্রী বলেছেন খাদ্য নিয়ে স্ট্রাইপিং হয়ে ছিল কিনা? বিমল ঘোষ সম্পর্কে ফাস্ট ইনফরমেশন রিপোর্ট কি দিয়েছেন ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট সেন্ট্রালের কাছে সেটা আমরা জানতে চাই? এতদিনে স্ট্রিপিং নিয়ে কথা ওঠে কেন এই নিয়ে পার্লামেন্টে সোরগোল করছেন কেন? স্যার, আমরা জানতে চাই যে রিপোর্ট সেখানে গিয়েছে এবং তিনি বলেছেন যে আমি ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট-এর রিপোর্টের উপর দাঁড়িয়ে এই কথা বলছি। অবশ্য সঙ্গে সঙ্গে তিনি বলেছেন কনস্টিটিউশান অব ইন্ডিয়া চ্যাপটার টু আই রুলস সম্পর্কে

Constitution of India, Chapter II, Article 256 and Article 257.

কিন্তু সেটা কন্ডিশন্যাল অ্যাবসলিউট পাওয়ার নয়, সেই রকমের ডাইরেকশন দেবার মত অবস্থার উদ্ভব হয় নি। অতএব কনস্টিটিউশন-এর কোনও বিধানবলে চ্যবন এইরকম পলিটিক্যাল ইন্টারফেয়ারেন্স করতে পারেন না। নকশালবাড়ির প্রশ্ন সেটা যদি এগ্রিকালচার-এর প্রশ্ন হয় নকশালবাড়ির প্রশ্ন সেটা ল্যান্ড রিফর্মস-এর প্রশ্ন হয়, তাহলেও সেটাও দেখবেন স্টেট লিস্টস-এর মধ্যে। কোনটা ইউনিয়ন লিস্টস-এর মধ্যে নেই, কি কনকারেন্ট লিস্টস-এর মধ্যে নেই, আমাদের ক্ষমতার উপর হস্তক্ষেপ থামাতে হবে—সেই কথাই জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-10—5-20 p.m.]

Shri Paresh Chandra Goswami:

স্যার, আমি বলতে চাই অমলবাবু এখন যা বললেন এর দ্বারা হাউসকে মিসলিড করা হয়েছে। কারণ তিনি যেকথা বললেন যে কেন্দ্রের হস্তক্ষেপ আমাদের পশ্চিমবঙ্গে হয়েছে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে কেন্দ্রের হস্তক্ষেপ আমাদের পশ্চিমবঙ্গ সরকারের উপর হয় নি। মুখ্যমন্ত্রী মহাশয় নিশ্চয়ই সত্য রিপোর্ট দিয়েছেন। কাজেই পূর্বতন বক্তা যে রিপোর্ট দিলেন, সেটা সত্য কিনা আমি জানতে চাই।

Mr. Speaker:

উনি ওঁর কথা বলেছেন, মুখ্যমন্ত্রী মুখ্যমন্ত্রীর মত বলেছেন। ও'রা বুঝবেন।

Shrimati Purabi Mukhopadhyay:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সাধারণ শাসনখাতের ব্যয়বরাদ্দের মঞ্জুরীর দাবীর আমি বিরোধিতা করছি যেখানে শাসন নেই, অ্যাডমিনিস্ট্রেশন নেই, সেখানের জন্য অ্যাডমিনিস্ট্রেশন খাতে ব্যয় বরাদ্দ মঞ্জুর করতে আমরা অন্তত রাজী নই। আমার আগে যে বক্তা বলছিলেন, আমি পিকিং বেতারের ভাষ্যকার স্বয়ং এই হাউসে উপস্থিত হয়ে বক্তৃতা করছেন কিনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৬২ সালে যখন চীন ভারত আক্রমণ করেছিল, সেইসময় বামপন্থী কমিউনিস্ট পার্টির সঙ্গে আরও যেসব..............

(গোলমাল।)

যখন ৬২ সালে চীন ভারত আক্রমণ করেছিল তখন আজকের যাঁরা বামপন্থী কমিউনিস্ট তাদের সংগে তাঁরা চীনা আক্রমণকে "আক্রমণ" বলে অভিহিত করতে চান নি আর এস পি পার্টি তাঁদেরই একটি।

(প্রচণ্ড গণ্ডগোল।)

Shri Amarendra Nath Roy Pradhan:
অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, এর আগে ওপক্ষ থেকে যখন পয়েন্ট অফ অর্ডার উঠেছিল তখন আপনি বলেছিলেন যদি প্রমাণ না রেখে কারও উপর আক্রমণ চালান হয়, যা তিনি করছেন, তাহলে হাউসের অর্ডার-এর উপর খাপ খায় না। (শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ আমি কারও সম্পর্কে বলি নি। আর এস পি পার্টি সম্পর্কে বলেছি। ব্যক্তিগত আক্রমণ আমি কখনও করি না।)

Mr. Speaker:
উনি কারও উপর আক্রমণ করেন নি।

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলছিলাম, ১৯৬২ সালের চীনের ভারত আক্রমণকে যে বাম কমিউনিস্টরা সমর্থন করেছিলেন সেদিন তাদের একযোগে সমর্থন করেছিলেন—এস ইউ সি পার্টি, আর এস পি পার্টি এবং আর সি পি আই পার্টি। তাঁরাই আজকে যুক্তফ্রন্ট সরকারের অংশীদার। যুক্তফ্রন্ট সরকারের প্রতিটি কাজে তারাই আজকে প্রবল পক্ষ। ১৪টা পার্টি যা নিয়ে বামপন্থী সরকার যুক্তফ্রন্টের নামে গঠিত হয়েছে তার প্রবল পক্ষ হিসাবে বামপন্থী কমিউনিস্ট আর একটি আর এস পি।

Mr. Speaker: Please don't cast any reflection on any party. You say that they supported the Chinese aggression, but they are denying it.

Shri Nathaniel Murmu:
অন এ পয়েণ্ট অব অর্ডার স্যার, আমাদের মাননীয় সদস্য মিসেস মুখার্জি যে কথা বললেন, এটা অসত্য। আমি আর এস পি দলের সদস্য হিসাবে জানি যে চীন যখন ভারত আক্রমণ করেছিল, আমরা প্রকাশ্যে চীনকে আক্রমণকারী বলে নিন্দা করেছিলাম, বিধানসভাতেও করেছিলাম। তিনি এতবড় অসত্য কথা কি করে বললেন জানি না। আমি তাঁকে প্রত্যাহার করার জন্য অনুরোধ করছি।

Mr. Speaker: Please avoid that sort of remark.

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মে আই সাবমিট, আপনাকে স্পীকার হিসাবে ফাংশান করতে হয় উইদিন সার্টেন লিমিট অ্যান্ড উইদিন সার্টেন রুলস। এখানে পার্টি সম্পর্কে বলা কোন রুলতে অপরাধ নয়, বেআইনী নয়। আমি যেকথা বলছিলাম যে যাঁরা যুক্তফ্রন্ট সরকারে বসে আছেন সেইদিন তাদের মধ্যে কেউ কেউ চীনের আক্রমণকে সমর্থন করেছিলেন। তাঁরাই আজকে এখানে যুক্তফ্রন্ট সরকারে বসে..........................

(তুমুল হট্টগোল।)

Mr. Speaker: They have every right to deny your statement and they are denying the allegation you made that they supported the Chinese aggression.

Shri Siddheswar Mondal:
মাননীয় স্পীকার স্যার, মিসেস মুখার্জি যেকথা বলছেন সেটা সম্পূর্ণ অসত্য। কারণ আমি গতবারও এখানের সদস্য ছিলাম এবং ফরওয়ার্ড ব্লক-এর পক্ষ থেকে আমরা চীনকে আক্রমণকারী বলে বলেছি।

Mr. Speaker; You cannot say that when they are denying.

(Noise and interruptions)

Please obey the Chair. You must maintain order in this House.

Shri Monoranjan Hazra:

আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে এই যে, ১৯৬২ সালের ২০শে নভেম্বর এই হাউসে একটি প্রস্তাব পাশ হয়, সেই প্রস্তাবে এই হাউসের সকল সদস্য একসঙ্গে মতপ্রকাশ করেন, চীনের এবং ভারতের সঙ্গে যে সংঘর্ষ হয়েছিল সেই সম্পর্কে। আমি সেদিন হাউসে ছিলাম। সেই প্রস্তাবকে আমি সমর্থন করেছি। আজকে পূরবীদেবী এখানে যেকথা বললেন তা হচ্ছে সেদিনের হাউসের অবমাননা করা এবং অসত্য ভাষণ দেওয়া।

Mr. Speaker: You have got to withdraw the allegation you made since they are denying that Chinese aggression was supported by R.S.P. and other parties.

[5-20—5-30 p.m.]

শ্রীমতী পূরবী মুখার্জি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যে রুলিং দিয়েছেন পার্টি সম্পর্কে আমার উইথড্র করতে—আমি বিনা সর্তে তা উইথড্র করবো—কারণ আমার যা এখানে বলবার ছিল এতজন যখন উঠে ডিনাই করলেন যে চীনকে তাঁরা সেদিন সমর্থন করেন নি, তাতে আজকে এখানে এটা স্ট্যাবলিস্ট হোল এই বিধানসভায় যে হয় চীনের সঙ্গে তাঁদের যে সম্পর্ক আছে সেই সমস্ত কানেকশন আজকে ছিন্ন হোল না হয় ও'রা এখানে অসত্য কথা বলছেন—এখনও চীনের সঙ্গে ওনারা মিতালী করছেন—কোনটা ঠিক বলছেন বলে দিন।

(ভীষণ গোলমাল)

Mr. Speaker: Don't show your discomfiture. The Chair is strong enough to protect itself.

শ্রীমতী পূরবী মুখার্জি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি তাই বলছিলাম যে আজকে যুক্ত-ফ্রন্টের যারা অংশীদার সেই অংশীদাররা যখন........................

শ্রীনাথানিয়াল মুর্মু: অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ স্যার, মাননীয়া সদস্যা যে কথা বললেন উনি আন কণ্ডিসন্যালী উইথড্র করলেও উনি বলছেন উনি যা বলেছেন সেটা সত্য। আমি বলছি আর এস পি-র সদস্য হিসাবে যে এই বিধানসভায় সেদিন আমরা চীনকে অ্যাগ্রেসার বলে নিন্দা করেছিলাম। আপনি অ্যাসেম্বলীর প্রসিডিংস দেখুন তার প্রমাণ পাবেন। কাজেই আমি ও'র বিরুদ্ধে প্রিভিলেজ মোশন দিচ্ছি।

শ্রীমতী পূরবী মুখার্জি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি তাই বলছিলাম যারা আজকে যুক্ত-ফ্রন্টের মন্ত্রীসভায় বসেছেন যুক্তফ্রন্ট মন্ত্রীসভার পক্ষ থেকে তাঁরা প্রথম ময়দানের সভায় গিয়ে ১৮ দফা কর্মসূচী দিয়েছিলেন—ফিরে এসে ডাঃ ঘোষ বিধানসভায় দাঁড়িয়ে বলেছিলেন যে আমাদের মিলন প্রোগ্রামভিত্তিক আমাদের মিলন ফাংশন্যাল মিলন—তিনি বলেছিলেন আদর্শগত মিলন নয়, আজকে আমি আপনার কাছে একথা জিজ্ঞাসা করতে চাই প্রোগ্রামভিত্তিক মিলন যদি হয়ে থাকে যেখানে এই মন্ত্রীসভার অংশীদার স্বীকার করছে যে আদর্শগত মিলন পরস্পরের প্রতি পরস্পরের নেই—সেখানে একটা সুসংহত শাসন ব্যবস্থা কখনও চলতে পারে না এবং সেই শাসন ব্যবস্থায় আজকে বামপন্থী কমিউনিস্ট পার্টি যারা এখনও চীনের স্বার্থে কাজ করছেন এবং তাঁদের সঙ্গে অন্যান্য যেসমস্ত পার্টিরা সহযোগী রয়েছে সেই শাসনযন্ত্রকে তাঁরা সম্পূর্ণভাবে রাজনৈতিক উদ্দেশ্য ব্যবহার করছেন। এবং যে সমস্ত অফিসার যেসমস্ত কর্মচারী সেই রাজনৈতিক অভিসন্ধিতে সায় দিচ্ছেন না—কিংবা সেই অনুযায়ী যারা তাঁদের পদাঙ্ক অনুসরণ করতে চাচ্ছেন না তাঁদের ও'রা প্রকাশ্যভাবে জনসমক্ষে দাঁড়িয়ে অপমানিত, লাঞ্ছিত করেছেন। সেদিনকার কথা আমি বলবো—আমাদের এখনকার একজন মার্ক্সিস্ট কমিউনিস্ট পার্টির মন্ত্রী তিনি মুর্শিদাবাদে গিয়ে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের চাপরাসীকে দিয়ে মিটিংয়ে প্রিসাইড করিয়ে বক্তৃতা করে এসেছেন। যদি সাহস থাকে তিনি এখানে দাঁড়িয়ে বলুন সেই সভায় তিনি কি কি বলেছিলেন।

(ভীষণ গোলমাল)

আমি একথা বলতে চাই যারা চীনের স্বার্থে ১৯৬২ সালে পশ্চিমবঙ্গ এবং ভারতের বিভিন্ন জায়গায় যারা কাজ করেছিলেন আজকে পশ্চিমবঙ্গ মন্ত্রীসভায় বসে সমস্ত শাসনযন্ত্রকে তাঁরা নিজেদের স্বার্থে নিজেদের রাজনৈতিক প্রয়োজনে কাজে লাগাচ্ছেন সম্পূর্ণভাবে। এখানে অন্য যারা দল আছেন তারা কেউ নয়, আমি আমার কাটমোশনে বলেছি বামপন্থী কমিউনিস্টদের মধ্যে সবচেয়ে বড় পোর্টফলিওগুলিতে ভাগ করে দেওয়া হয়েছে—উদ্দেশ্য তাঁরা এখানে ইন্টেলিজেন্সিয়াকে হাত করবেন আর এক দিকে তাঁরা পেজেন্ট্রিকে হাত করবেন এবং সেদিক থেকে তাঁরা রাজনৈতিক প্রয়োজনে শাসন ব্যবস্থাকে কাজে লাগাচ্ছেন। আমি এই প্রসঙ্গে আপনার কাছে একথা বলতে চাই, দ্বিতীয়বার বিধানসভায় বসবার আগে একটা ময়নাপাখী পোষবার ইচ্ছা ছিল যে পাখীটিকে দুটো কথা শেখানোর প্রয়োজন ছিল একটা কথা হচ্ছে বিশ বছরের কংগ্রেসের অপশাসন আর একটা কথা ময়না পাখী বলবে কেন্দ্রীয় সরকার। আমি জানি বিশ বছরের কংগ্রেসী অপশাসন যাঁরা বলছেন আজকে তাঁরা বাংলা কংগ্রেসের মধ্যে এবং মাননীয় অজয় মুখার্জি মহাশয়ের মধ্যেও সেই বিশ বছরের জের এখনও ওখানে যারা রয়েছেন তাঁরাও তাঁদের ভাগীদার ছিলেন। কেন্দ্রের উপর বামপন্থী কমিউনিস্ট পার্টি এবং তাঁদের সহযোগিদের স্বাভাবিকভাবে রাগ হবে—কারণ তাঁরা মনে করেছেন, এখান থেকে কংগ্রেসকে সরিয়ে দিয়ে ক্ষমতা এবং রাষ্ট্রযন্ত্রকে তারা হাতে পেয়েছেন যদি কেন্দ্রীয় যন্ত্রকে তাঁরা পান তাহলে বামপন্থী কমিউনিস্টরা চীন এবং পাকিস্তানের সঙ্গে মিতালী করে সারা ভারতবর্ষকে চীনের হাতে তুলে দেবার যে চক্রান্ত করছে কেন্দ্রে বসে কংগ্রেসী সরকার সেই ব্যবস্থাকে বানচাল করে দিচ্ছে। তাই আজকে ক্ষুধার নামে, অন্নের নামে যে কোন দাবীতে সমস্ত মানুষের দৃষ্টিশক্তি ফিরিয়ে নিয়ে যাওয়া হচ্ছে কেন্দ্রের দিকে একমাত্র উদ্দেশ্য কেন্দ্রের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করা যাতে কেন্দ্রে কংগ্রেসের হাত থেকে শাসনযন্ত্র খসে পড়ে, তাহলে চীন এবং পাকিস্তানের সঙ্গে মিতালী করছেন যাঁরা এখানকার মন্ত্রীসভায় বসে এবং এই সভা-কক্ষে বসে এবং বাইরে দাঁড়িয়ে তাহলে তাদের ষোল কলা পূর্ণ হয়, তাদের উদ্দেশ্য সিদ্ধ হয়। আজকে তার জন্য তাঁরা সমস্ত শক্তি নিয়ে কেন্দ্রের বিরুদ্ধে লড়াই করবার জন্য অগ্রসর হতে ডাক দিচ্ছেন দেশের মানুষকে। আমি সেজন্য বলবো যে আজকে বামপন্থী কমিউনিস্ট মার্ক্সিস্ট কমিউনিস্টাদর স্বার্থে ঐ উপ-মুখ্যমন্ত্রীর পদ সৃষ্টি হয়েছে। কারণ মুখ্যমন্ত্রী স্বরাষ্ট্র মন্ত্রী থাকায় ঐ সমস্ত স্বরাষ্ট্র দপ্তরের ফাইল এবং সমস্ত রকমের সিক্রেট যা কিছু তা মুখ্যমন্ত্রী ছাড়া আর কারও হাতে যেতে পারে না। সেইজন্য ফাইলে অ্যাকসেস যাতে তাঁদের হাতে থাকে যাতে পবরাষ্ট্রের স্বার্থে তাঁরা যে কাজ করছেন সেই কাজ পূর্ণাঙ্গভাবে হয়, তার জন্যই আজ উপ-মুখ্যমন্ত্রীর পদ সৃষ্টি হয়েছে। আমি তাই একথা বলতে চাই—আমাদের কনস্টিটিউশনে উপ-মুখ্যমন্ত্রী পদের জন্য যখন কোনরকম ব্যবস্থা নেই যখন অর্থ মন্ত্রী হিসাবে তিনি এখানে কাজ করতে পারতেন তখন উপ-মুখ্যমন্ত্রীর পদ ঐ একই উদ্দেশ্য সিদ্ধ করবার জন্য সৃষ্ট হয়েছে। আজকে তাই আমরা দেখতে পাচ্ছি উপ-মুখ্যমন্ত্রী কিংবা তাঁর মার্ক্সিস্ট সহযোগিরা না চাইলে আজকে স্বয়ং মুখ্য-মন্ত্রিমহাশয় কোন কাজে হাত দিতে পারছেন না।

(ভীষণ গোলমাল)

আজকে তাই দেখা যাচ্ছে এই শাসনব্যবস্থায় এই মন্ত্রীসভায় যদি কেউ সুযোগ পেয়ে থাকে গ্রেটেস্ট অ্যাডভান্টেজ পেয়ে থাকে তা হচ্ছে মার্ক্সিস্ট কমিউনিস্ট পার্টি এবং তাঁদের সহযোগিরা। আমি শেষ করবার আগে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করবো দেশের স্বার্থে রাষ্ট্রের স্বার্থে যে আপনি রাষ্ট্রযন্ত্রকে এইভাবে বামকমিউনিস্টদের হাতে তুলে দিয়ে দেশের স্বার্থ রাষ্ট্রের স্বার্থকে বিসর্জন দিতে বসেছেন—আপনি পুনর্বিবেচনা করুন যে এই রাষ্ট্রযন্ত্রে তাদের কোন অধিকার থাকা উচিত কিনা এবং আপনার মন্ত্রীসভা থেকে এই বাম কমিউনিস্ট এবং তাঁদের সহযোগিদের বাদ দিয়ে যদি আপনি মন্ত্রীসভা করেন তাহলে বাংলাদেশের সকলে এবং আমরা আপনাকে সমর্থন করবো।

(ভীষণ গোলমাল)

[5-30—5-40 p.m.]

শ্রীবজলে আমেদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোন লোকের সামনে যদি একটা ভাঙ্গা তোপড়ান পিচের ড্রাম পড়ে থাকে তখন যেমন তাঁর কোন ভাবান্তর হয় না তেমনি আমাদের বিরোধী পক্ষকে সামনে রেখে বিতর্কে অংশ গ্রহণ করতে আমার কোন উৎসাহ ও ভাবান্তর হচ্ছে না। এঁরা আজ পর্যন্ত যা কিছু বলে গেছেন, তা হয় কোন মাউ বিড়ালের মত মাও মাও করা, আর তা যদি না হয় তাহলে আমাদের সরকার পক্ষকে অসভ্য গালাগালি করা এর প্রমাণ আপনার কাছেই আছে। আপনি গতকাল জনৈক মাননীয় বিরোধী সদস্যের বক্তৃতার অংশবিশেষ এক্সপাঞ্জ করতে বাধ্য হয়েছেন। তারও আগে কৃষ্ণকুমার শুক্লা ও আবদুস সত্তারের অশ্লীল বক্তৃতাও এক্সপাঞ্জ করতে, আপনি আদেশ দিয়েছেন। এরকম ধরনের গালাগালি যাঁরা একাধিকবার করেন তাঁদের সামনে কোন গঠনমূলক ও সমালোচনামূলক বক্তব্য রাখা আমি মনে করি সেটা যেন উলুবনে মুক্ত ছড়ানোর মতই হয়। এটা ঠিক যে আমাদের রাজ্যে বর্তমানে যে প্রশাসনিক বিভাগ আছে সেটা যদি দেখতে হয় তাহলে একটু পেছনে যাওয়া দরকার। কারণ যাঁরা বা যে দল সরকারের গদীতে থাকবেন তাঁদের দৃষ্টিভঙ্গী প্রতিফলিত হবে প্রশাসনিক বিভাগের কাজের মধ্য দিয়ে। আমরা যদি ২০ বৎসরের অতীত ইতিহাস দেখি যে অতীত সরকারের কি দৃষ্টিভঙ্গী ছিল, তাহলে দেখবো এই দৃষ্টিভঙ্গী ছিল শোষণ করাব সাম্রাজ্যবাদীদের তোষণ করার, অত্যাচার অবিচার করার, এক্সপ্লয়টেসান ও নেপোটিজমের এ ঘৃণ্য দৃষ্টান্ত বিশেষ। সুতরাং সেই অতীত দিনগুলিতে স্বজনপোষণ, সাম্রাজ্যবাদী মনোভাব ও ধনিকদের পৃষ্ঠপোষকতা ইত্যাদি যা অতীত সরকার করে আসছিলেন তা তাঁদের দৃষ্টিভঙ্গীর দ্বারা দেশ শাসনে প্রতিফলিত হয়ে আসছিল। ফলে যাঁরা প্রশাসনিক বিভাগের উচ্চপদের কর্মচারী ছিলেন এই সুযোগে কিছু কিছু স্বার্থপরতা তাঁদের মধ্যে এসেছিল। কারণ যাঁর আদেশে কাজ করতে হয় সেই আদেশকারী যদি গর্হিত কাজ করেন তাহলে সেই গর্হিত কাজ আদেশ পালনকারীও নিজের স্বার্থে করবে এবং এই রকমভাবে উচ্চপদস্থ কর্মচারিগণ ধীরে ধীরে নীতিহীন হয়ে পড়েছিলেন। ২০ বৎসর যাবৎ দুর্নীতিগ্রস্ত শাসকগোষ্ঠী এই প্রাকটিস করে, নিজেদের স্বার্থের সন্ধানে ঘুরে এমন অবস্থার সৃষ্টি করেছেন যে সমস্ত প্রশাসনিক ব্যবস্থাতেই দুর্নীতি দেখা দিয়েছে।

মাত্র ৩।৪ মাস পূর্বে যে সরকার জন্ম লাভ করেছে তার পক্ষে সমস্ত দুর্নীতি দূরীভূত করে একটা সুনীতির উপায় প্রশাসনিক ব্যবস্থা প্রতিষ্ঠিত করা মোটেই সম্ভব নয়। একথা অস্বীকার করবার উপায় নেই যে গত ২০ বৎসরের মধ্যে পূর্বতন কংগ্রেস সরকার সাম্রাজ্যবাদ—সিরাজদ্দৌলার গোলাম হোসেন সেজে অন্তরীক্ষের নির্দেশমত মাও মাও বলছেন এবং জনগণের মধ্যে একটা বিভ্রান্তির সৃষ্টি করেছেন। এই সুযোগে আমেরিকা-প্রভু সি. আই. এ এজেন্ট দিয়ে সারা ভারতবর্ষ ভরে দিয়েছেন।

সারা ভারতে এমন কোন সংস্থা নেই যেখানে সি. আই. এ-এর এজেন্ট নেই। চীন, পিকিং, রাশিয়া, মস্কো অমূলক। ঐ দেশগুলির সঙ্গে আমাদের কোন সর্বনাশা যোগাযোগ আছে একথা প্রমাণ করা যায় না। কিন্তু আমি একথা বলিষ্ঠ কণ্ঠে বলবো যে আমেরিকান-এর সঙ্গে ভারতের কংগ্রেস সরকারের ষড়যন্ত্রমূলক সর্বনাশা যোগাযোগ আছে। একথা ভারতের একটি শিশুও জানে। আপনি গ্রামাঞ্চলগুলিতে গেলে দেখবেন সেখানে সি. আই. এ-র এজেন্টরা কেমনভাবে ধান রুইতে হয় তা গ্রাম্য কৃষকগণকে দেখিয়ে দিচ্ছে। আমি বীরভূম জেলার কথা বলবো। লালমুখো আমেরিকানরা গ্রাম থেকে গ্রামান্তর ঘুরছে। আমাদের মা বোনেদের মা বোন বলছে এবং আমরা কেমনভাবে চলি না চলি, এক কথায় আমাদের জীবনযাত্রা প্রণালীর সহিত গভীরভাবে পরিচিত হতে চাইছে। জনগণের সহানুভূতি আমেরিকামুখী করতে এরা ব্রতী। এরা কেন্দ্র থেকে অনুমতি নিয়ে এসেছে, আমাদের রাজ্যসরকারের নয়। সি. আই. এ. ও এজেন্টগণ আমেরিকা থেকে এসে আমাদের ঘরে ঘরে ঘুরে বেড়াচ্ছে এটা দিল্লী সরকারের সিদ্ধান্ত—এক কথায় কংগ্রেসী সিদ্ধান্ত। আর ও'রা আমাদেরকে অর্থহীনভাবে অপবাদ দেওয়ার উদ্দেশ্যে মাও, মাও, বলছেন। এর চেয়ে নির্লজ্জ মার্কিন দালালী আর কি হতে পারে? আমি পূর্বেই বলেছি সরকারের দৃষ্টিভঙ্গী যা হবে সে দৃষ্টিভঙ্গী প্রশাসনিক বিভাগের কার্যের মধ্য দিয়ে প্রতিফলিত হবে।

২০ বৎসর যাবৎ যে স্বার্থপরতা, নীচতা, স্বজনপোষনতা, এই কংগ্রেসিগণ করে এসেছেন তার খানিকটা প্রভাব আমাদের প্রশাসনিক বিভাগের নিম্ন ও উচ্চপদস্থ কর্মচারীদের মধ্যে পড়ে থাকবে। একে নির্মূল করা প্রয়োজন। সেজন্য আমি বর্তমান জনপ্রিয় যুক্তফ্রণ্ট সরকার এবং মাননীয় মুখ্য-মন্ত্রীকে অনুরোধ করেছি যে প্রশাসনিক বিভাগকে সম্পূর্ণরূপে ঢেলে সাজুন এবং তাঁর দৃষ্টিভঙ্গী স্বচ্ছ করুক। আমি বার বার দৃষ্টিভঙ্গীর কথা বলছি, এই কারণে যে গত ১৮ বৎসরে বড় অফিসারদের মধ্যে একটা দুর্ভাগ্যজনক পার্টিশানই হয়েছে। এ'দের একটা বড় রকম দল সব সময় চেষ্টা করছেন যে, যারা উৎপীড়িত ও নিপীড়িত তাদের কিভাবে আরও নিপীড়িত করা যায় এবং তাঁরা সুষ্ঠুভাবেই তা করছেন। কাজেই এই পার্টিজান মনোভাব যে অফিসারদের মধ্যে আছে তা দূর করতে হবে তাঁদেরকে নিরপেক্ষ ও সহানুভূতিশীল করে তুলতে হবে। এটা নীতির কথা। সরকারের জনদরদী দৃষ্টিভঙ্গীর কথা। আমি কোন অফিসারকে ব্যক্তিগত-ভাবে দায়ী ও দোষী করি না এটা অতি সাধারণ ও সত্য কথা। আমি পরিশেষে এই দাবী মুখ্যমন্ত্রীর কাছে রাখতে চাই যে, তিনি যেন দৃষ্টিভঙ্গী নিরপেক্ষ ও স্বচ্ছ রাখেন এবং উচ্চপদস্থ অফিসারদের পার্টিসন মনোভাবটা দূর করতে সচেষ্ট হোন. এই কথা বলে আমি ব্যয়-বরাদ্দ সমর্থন করে বক্তব্য শেষ করছি।

Shri Abul Barkat Atawal Ghani Khan Chaudhury: Mr. Speaker, Sir, while opposing the present budget I desire to make some observations. The emergence of modern State where all organs of Government will work on a democratic standard depends on certain vital factors. Sociological factors and adjustments in social hierarchy created by political institutions are responsible for this democratic standard. In a democratic environment nobody envisages that there will be complete harmony in society. But certainly it envisages that there will be decorum of activities for reorientation pattern in society which is bound to occur due to technological development and scientific inventions. In a democratic environment social factors can never be static. They are bound to be dynamic. In a society where there is no democratic environment no amount of technological development and scientific inventions can make any impact on the society. Indoctrination completely incapacitates the generating capacity of the social forces.

[5-40—5-50 p.m.]

In a day like this social forces are bound to be static. I believe that nationalism is the beginning and democratisation of all aspects of our life including governmental apparatus is the end of all political upheavals in modern days. Independence gives us oneness. But we are never able to achieve democratisation in our governmental apparatus. This demands infusion of human touch in the administration. This is a significant role in moulding the masses of the people. Mr. Speaker, Sir, I believe the administration of our country is the product of democratic environment. But still in a period of critical transition thousands of men and women in this State dreamt and thought that United Front Government will try to democratise the Governmental apparatus and they will make significant contribution in strengthening and retaining the democratic institutions. They are talking about the people, they are championing the cause of the people. Democratic environment can never exist unless democratic institutions are replaced. The Communist Party, a constituent of the United Front Government, is trying to destroy the democratic institutions of this country. Never before in the living human memory the ring of anti-social activities played havoc in the State as they are playing today. Never before in the living memory of common men anti-social elements received the help of the ruling class to such an extent as they are receiving today. The whole administration is the silent spectator of this ugly episode. Sincerity of the administration has gone to the wind due to communistic interference. The United Front Government seems to have forgotten their mission. The Ministers of the United

Front Government are drunk in power. They seem to be concerned with the total failure in conducting the administration of this State. I think, Sir, it is a folly for any ruling class to utilise the Governmental machinery to further the party interest. Sir, I beg to remind the House about a quotation which a member of the House of Commons told years ago......"Forget Utopia remember Czechoslovakia." Mr. Speaker, Sir, people are impatient—they want relief from hunger, they want relief from miseries, they want democratisation of the administration. Sir, what we are noticing......we are noticing complete lawlessness all over the State, we are noticing denial of natural justice—we are noticing complete breakdown of rule of law without which democracy is meaningless.

শ্রীতিনকড়ি মণ্ডল: মাননীয় অধ্যক্ষ মহাশয় মাননীয় মুখ্যমন্ত্রীর উপস্থাপিত জেনারেল এডমিনিস্ট্রেসান-এর যে ব্যয়-বরাদ্দ তাকে সমর্থন করতে গিয়ে আমি এই সভার কাছে দু-একটা কথা রাখবো। আজকে আমাদের সর্বাগ্রে বিচার্য যে জেনারেল অ্যাডমিনিস্ট্রেসান ২০ বছর ধরে যে অবস্থায় ছিল সেই অবস্থাতেই আছে না ৪ মাসের মধ্যে কিছু উন্নতি হয়েছে। ২০ বছর ধরে এই জেনারেল অ্যাডমিনিস্ট্রেসান-এর মধ্যে যে জড়তা, যে শৈথিল্য ছিল এবং উৎকোচ গ্রহণ প্রভৃতি জিনিস ছিল আজও কি সেই সমস্ত জিনিস রয়েছে না তাদের উন্নতি হয়েছে, রাজকর্মচারী, গভর্নমেণ্ট অফিসারদের মধ্যে যে মনোভাব ছিল যে অবস্থা ছিল তার কিছু পরিবর্তন হয়েছে কিনা, আজকে সেইগুলোরও খুটিনাটি বিচার করতে হবে। স্যার আমি মনে করি গভর্নমেণ্ট অফিসারদের যে কিছু বেতন আমাদের সরকার বৃদ্ধি করেছেন তার জন্য বাংলাদেশের মানুষ, বাংলাদেশের স্বল্পবিত্ত মানুষ যুক্তফ্রণ্ট সরকারকে আশীর্বাদ করবে। সেখানে ঐ সমস্ত রাজকর্মচারী, গভর্নমেন্ট অফিসার-এর দ্বারা খানিকটা উদ্যম পাবে। আমি আরও একটি কথা বলতে চাই যে উৎকোচ গ্রহণ সম্পূর্ণ না গেলেও কিছুটা রয়েছে, সমস্ত যায়নি। কিন্তু অন্যান্য ক্ষেত্রে আমরা আজ যা দেখছি, আমাদের অ্যাডমিনিস্ট্রেশান একই অবস্থায় রয়েছে এবং এর পরিবর্তন প্রয়োজন। এর পরিবর্তন করতে গেলে, আমি মনে করি আজকে যে প্রোমোশান সিসটেম রয়েছে এটার আমূল পরিবর্তন করতে হবে। শুধু সিনিয়রিটির জন্য প্রোমোশান কারোর হবে না, প্রমোশান-এর মাপ কাঠি হবে তাদের এফিসিয়েন্সি, একই ধরনের লোক, এক সময় একজন লোক কাজ করছে প্রাণ দিয়ে দেশের কাজ করে গেল, তার ৫ বছর পরে যদিও তার প্রমোশান হলো কিন্তু আর একজন লোক যে ৫ বছর ধরে সমানভাবে ফাঁকি দিয়ে গেল, অথচ ৫ বছর পরে তারও সমান প্রোমোশন হয় তাহলে এই সমস্ত কর্মচারীদের কাছ থেকে দক্ষতা কিভাবে আশা করবো। যিনি সত্যিকারের কর্মী, যিনি প্রাণ দিয়ে দেশের কাজ করছেন, তিনি যদি পুরস্কার না পান, যিনি ফাঁকিবাজ যিনি দেশের কাজে ফাঁকি দিচ্ছেন—তাহলে আমরা কি করে এই সমস্ত লোকেদের কাছ থেকে ভাল কাজ আশা করতে পারি।

[5-50—6 p.m.]

কাজেই মিঃ স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি মুখ্যমন্ত্রীর কাছে নিবেদন করবো তিনি যেন এই প্রোমোশান সিসটেম-এর আমূল পরিবর্তন করেন। কোন সিনিয়ারিটি বেসিস নয়, কেবল দক্ষতার বেসিসে এফিসিয়েন্সি বেসিস যেন এর মাপকাঠি হয়।

আর একটি কথা বলতে বাধ্য হচ্ছি যে আজও দেশের মধ্যে অরাজকতা রয়েছে; সেই অরাজকতা কঠোর হস্তে দমন করতে হবে।

এই মাত্র আমার বন্ধু ধনঞ্জয় করের কাছে একটা টেলিগ্রাম এসেছে সেটা আমি এখানে পড়ে দিচ্ছি

Dhanapjoy Kar, care of Speaker, Assembly House, Calcutta. Gobinda Patra torturing us assulting with gun, authorities wired move Chief and Deputy Ministers for immediate action. Baikunta Bari and others, village Takayatpur.

এইভাবে যদি দুর্জন লোকেরা দেশের মধ্যে এই অবস্থা চালিয়ে থাকে এবং পুলিস সে সম্বন্ধে নিষ্ক্রিয় থাকে, তাহলে দেশের লোকের কি ল এ্যান্ড অর্ডার-এর উপর আস্থা থাকতে পারে? কাজেই বলছি যে কেউ অরাজকতা সৃষ্টি করুন না কেন, তিনি যে দলের লোক হোন না কেন এস, এস, পি, পি, এস, পি, কংগ্রেস হোন; কম্যুনিষ্ট হোন কোন বাদাবিচার না করে তাকে কঠোর-হস্তে দমন করতে হবে।

আজকে যে ঘেরাও অবস্থা হয়েছে, তাতে সাময়িকভাবে শ্রমিকরা উপকৃত হয়েছে ঠিকই; কিন্তু আমি মনে করি এই ঘেরাও-এর ফলে দেশের কলকারখানা বন্ধ হয়ে যাচ্ছে এবং মালিকরা নূতন নূতন কলকারখানা স্থাপন করতে দ্বিধাগ্রস্ত হচ্ছে। আমরা দেখতে পাচ্ছি বিহারের মুখ্যমন্ত্রী নূতন নূতন কলকারখানা স্থাপনের জন্য দেশের ব্যবসায়ী মহলকে আহ্বান করছেন। আমরা দেখছি কেরালার মুখ্যমন্ত্রী নাম্বুদ্রিপাদ দেশে কলকারখানা স্থাপন করবার জন্য শিল্পপতিদের আহ্বান জানিয়েছেন। আমি বুঝতে পারি না কেন আমাদের মুখ্যমন্ত্রী এদেশে নূতন নূতন শিল্প কারখানা স্থাপন করবার জন্য শিল্পপতিদের আহ্বান করতে পারেন না।

Shri Prasenjit Burman:

মাননীয় স্পীকার মহাশয়, আজ এই হাউসের সামনে সাধারণ প্রশাসন খাতে মাননীয় মুখ্যমন্ত্রি-মহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবী রেখেছেন, সেই দাবীকে আমি সমর্থন করতে পারছি না। গত ২০ বছরের কংগ্রেস শাসন একেবারে ত্রুটিশূণ্য ছিল তা বলি না। কিন্তু গত বিশ বছর ধরে কংগ্রেস এই দেশের মানুষের সার্বজনীন কল্যাণের জন্য যে গণতান্ত্রিক শাসন ব্যবস্থা সুপ্রতিষ্ঠিত করবার প্রচেষ্টা নিয়ে চলেছিলেন, সেই প্রচেষ্টা আজ এই সরকারের আমলে একেবারে বন্ধ হয়ে গেছে, বন্ধ হয়ে গেছে বললে হয়ত কম বলা হবে, প্রকৃতভাবে যদি বলতে হয়, তাহলে এই কথাই বলতে হবে যে আজকে আমাদের দেশে কোন গণতান্ত্রিক শাসন ব্যবস্থা বলতে কিছু নাই। আজকে বাংলাদেশের যে-কোন নিভৃত পল্লী থেকে সুরু করে যদি এই কলকাতার রাইটার্স বিল্ডিংসের দিকে দৃষ্টি নিক্ষেপ করা যায়, তাহলে এই সত্য কঠিন হয়ে ফুটে উঠবে, আজকে আপনারা যে-কোন পল্লীর যে-কোন কৃষকের জীবনের দিকে তাকিয়ে দেখুন যে কৃষক সেখানে এক ভয়াবহ ও দুর্দশাগ্রস্ত জীবন, দারিদ্র্য ও ঋণভারে জর্জরিত জীবন যাপন করে চলেছে। যে কৃষক সারাদিন হাড়ভাঙ্গা খাটুনি খাটছে সেই কৃষকদের কিভাবে খাদ্য অভিযানের নামে, এবং ভূমি বন্টনের নামে কিভাবে তাদের জীবনকে বিপর্যস্ত করে তোলা হয়েছে। আজকে কোন মানুষ এর আগে আমাদের দেশে বোধ হয় এমন অবস্থা কোন সময়ে হয় নাই, যখন মানুষ এত নিরাপত্তার অভাব বোধ করতে পারে।

আজকে সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ যদি তারা বিশেষ কোন দলের ছাপমারা না হন, বিশেষ কোন দলের প্রতি যদি তাদের সমর্থন না থাকে তাহলে তাদের নিগৃহীত করার চেষ্টা হচ্ছে। এই রকম চেষ্টা করা হচ্ছে এবং বিভ্রান্ত করা হচ্ছে আমাদের দেশে তফাসলীজাতি এবং উপজাতীয় সম্প্রদায়ের মানুষদের। আজকে নাকশালবাড়ী খাঁড়বাড়ী ফাঁসদেওয়ায় যে আন্দোলন সুরু হয়েছে সেই আন্দোলন তপশীলজাতী এবং উপজাতীয়দের অশিক্ষার সুযোগ নিয়ে অজ্ঞানতার সুযোগ নিয়ে তাদের একটা বিভ্রান্তিকর আন্দোলনের মধ্যে নিয়ে আনা হয়েছে। এই যুক্তফ্রন্ট সরকার যখন প্রতিষ্ঠিত হয় তখন তারা তাদের আঠার দফা কর্মসূচীতে এই তপশীলিজাতী এবং উপজাতীয়দের কল্যাণের একটা সূচী রেখেছিলেন। কিন্তু একজন তফাসলীমন্ত্রী নিয়োগের ব্যাপারে সারা দেশে যে রাজনৈতিক ঝড় তারা তুলেছেন সেই ঝড় ধুমায়িত থাকবে। তারা এই দেশে তপশীলিজাতি ও উপজাতির প্রত্যেকটি মানুষের মনকে হতাশায় ভরে তুলেছেন। গতকাল একটা প্রশ্নের লিখিত উত্তরে তপশীলী উপজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী বলেছেন, আমাদের এই দেশে পশ্চিমবাংলায় এ পর্যন্ত দুটি জেলায় সিডিউলড কাস্টস ওয়েলফেয়ার কমিটি গঠন করা হয়েছে. সেই দুটি জেলার মধ্যে একটা জেলা দার্জিলিং এবং আর একটা কুচবিহার। দার্জিলিং সম্বন্ধে আমি বলতে চাই না। কিন্তু কুচবিহার জেলায় যে কমিটি গঠিত হয়েছে সেটা বলব যে, সম্পূর্ণ অগণতান্ত্রিক উপায়ে গঠন করা হয়েছে। ঠিক যেমন ফুড এ্যাণ্ড রিলিফ কমিটি করা হয়েছিল। বিশেষ একটা কৌশল করে যাতে কংগ্রেসকে এক ঘরে করে রাখা যায় ঠিক সেই

রকমভাবে সিডিউলড কাস্টস ওয়েলফেয়ার কমিটি করা হয়েছে। সে কমিটি কার্যকরী হবে না কারণ সেই কমিটিতে যাদের সদস্য হিসাবে নেওয়া হয়েছে সেই জেলার মানুষ হিসাবে যতটুকু জানি তাতে তাদের এমন কোন পরিচয় আমরা পাই না যে, তপশীলিজাতি বা উপজাতির কল্যাণের জন্য তারা তেমনি মাথা ঘামিয়েছেন। কুচবিহার শহর থেকে যারা নির্বাচিত প্রতিনিধি তাদের সেই কমিটিতে নেওয়া হয়নি। ফলে মিটিং যখন হবে তখন দূরের যারা প্রতিনিধি তারা আসবেন না, আসতে চাইবেন না এবং কাজ ভাল হবে না। কুচবিহারে তপশীলিজাতি এবং উপজাতি সম্প্রদায়ের সংস্থা আছে। সেখানে অল ইন্ডিয়া ডিপ্রেসড ক্লাসেস লিগ আছে। তাদের কোন প্রতিনিধি নেওয়া হয়নি এবং সেখানকার ক্ষত্রিয় সোসাইটি যার প্রেসিডেন্ট সেখানকার মহারাজা বাহাদুর তারও কোন প্রতিনিধি নেওয়া হয়নি। কংগ্রেস দল থেকে একজন মাত্র নেওয়া হয়েছে। তিনি এম-এল-এ এবং জেলা পরিষদের চেয়ারম্যান দুই হিসাবেই থাকতে পারবেন। এইভাবে কমিটি করা হয়েছে। কাজেই তপশীলি জাতি এবং উপজাতি সম্প্রদায়ের মানুষ এই সরকারের উপর আস্থা রাখতে পারছে না।

সময় অনেক কম, সংক্ষেপে আর দু-একটা কথা বলে আমার বক্তব্য শেষ করব।

গণতন্ত্রকে যদি সুপ্রতিষ্ঠিত করতে হয় তাহলে বিচার বিভাগকে শাসন বিভাগ থেকে পৃথক করা দরকার। কিন্তু সাড়ে চার মাসের মধ্যেই এই সরকার সম্পূর্ণভাবে এই ব্যবস্থা অবলম্বন করতে পারবেন তা আমি বলি না। কিন্তু একটা সুস্পষ্ট নীতি তাঁরা এই সম্বন্ধে ঘোষণা করেন নি। এর ভেতর আমাদের পক্ষ থেকে বলা হয়েছে যে ভাগ চাষ ব্যাপারে এবং ল্যান্ড রিফর্মস এ্যাক্ট-এর সেকশান ৪ এবং ৭ আইন অনুযায়ী প্রি-এমশন কেসগুলো এক্সিকিউটিভ অফিসার, বা রেভিনিউ অফিসার-এর উপর না রেখে মুনসেফ কোর্টে বিচার করবার ব্যবস্থা হোক। তাহলে দেশের মানুষ সুবিচার পাবে। এক্সিকিউটিভ অফিসার-এর উপর থাকার ফলে এই সমস্ত কেস বছরের পর বছর ঘুরতে থাকে এবং অনেক বছর লাগে। ঠিক এই রকম-ভাবে বলা যায় ওয়েষ্ট বেঙ্গল প্রেমিসেস টেন্যান্সি এ্যাক্ট অনুযায়ী রেন্ট কন্ট্রোলের যে সমস্ত কেস সেগুলিকে বিচার বিভাগের হাতে তুলে দেওয়া দরকার। আর একটি বিষয়ের অবতারণা করেই আমি আমার বক্তব্য শেষ করবো সেটা হচ্ছে পেনসন কেসের ব্যয়-বরাদ্দের দাবীও আজকে পেশ করা হয়েছে এবং আমরা জানি যে অনেক পেনসন কেস বহুদিন ধরে পড়ে আছে এবং এই সমস্ত পেনসন কেস যাতে তাড়াতাড়ি করা যায় সে সম্বন্ধে ব্যবস্থা অবলম্বনের জন্য আমি সরকারের কাছে অনুরোধ রাখছি। আমি শুনেছি যে ফাইনান্স ডিপার্টমেণ্ট থেকে একটা সার্কুলার প্রত্যেক ডিপার্টমেণ্টকে দেওয়া হয়েছে যে স্পেশাল এই সমস্ত পেনসন কেস ডিল করার জন্য জন্য যেন একজন অফিসারকে নিয়োগ করা হয়। আমার কাছে যতদূর খবর আছে তাতে আমি বলতে পারি কোন ডিপার্টমেণ্ট এই রকম ধরনের অফিসার নিয়োগ করেনি। এই অফিসার যাতে নিয়োগ করা হয় সেই অনুরোধ রেখে এই বরাদ্দের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6—6-10 p.m.]

Shri Kanai Pal:

মাননীয় স্পীকার মহোদয় আমি আপনার মাধ্যমে নূতন কয়েকটি বিষয়ের প্রতি মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই এই ব্যয়-বরাদ্দ যে হাউসে এসেছে তাকে সমর্থন করতে গিয়ে। আমি প্রথমতঃ বলতে চাই যে কিছুদিন আগে খবরের কাগজে আমরা দেখেছি যে জেলা শাসক এবং পুলিশ সুপারিনটেনডেন্টদের রাজ্যপাল মহোদয় একটা বৈঠকে ডেকেছিলেন এবং সেখানে তিনি নাকি অনেক উপদেশ এবং নির্দেশ তাঁদের দিয়েছেন। আমি জানতে চাই মন্ত্রি-সভার পরামর্শক্রমে তিনি এই সভা ডেকেছিলেন, না তিনি স্বেচ্ছায় খুসীমত এই সভা ডেকে-ছিলেন? কারণ আমরা জানি যে সংবিধান অনুযায়ী মন্ত্রিসভার পরামর্শ মত তিনি কাজ করবেন কিন্তু মন্ত্রিসভার পরমর্শ না নিয়েই তিনি যদি এই কাজ করে থাকেন তাহলে সেক্ষেত্রে আমি একটা গুরুতর আশঙ্কার প্রতি আজকে মুখ্যমন্ত্রিমহাশয়ের দৃটি আকর্ষণ করছি সেটা

হচ্ছে এই যে যে দ্বৈতশাসন ব্যবস্থার অঙ্কুরের এখানে উদ্গম হচ্ছে এতে যে দেশের সংসদীয় গণতন্ত্রের মূলে কুঠারাঘাত করা হবে এই আশঙ্কা জানিয়ে এই বিষয়ের প্রতি মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। তারপরে আমি বলতে চাই যে আজকে ২০ বছর ধরে আমরা শুনে আসছি এটা নাকি কল্যাণরাষ্ট্র, এটা নাকি ধর্মনিরপেক্ষ রাষ্ট্র, সেকিউলার ষ্টেট, সেখানে আমরা দেখেছি যে ২০ বছর এই রাষ্ট্রের অধীনে যে সংখ্যালঘু সম্প্রদায় বাস করে তারা কার্যত দ্বিতীয় শ্রেণীর নাগরিকে পরিণত হয়েছে। আমরা কিছুদিন আগে দেখেছি যখন পাকিস্তানের সঙ্গে গোলমাল চলেছে তখন এই সংখ্যালঘুদের সকলকে ঠিক পঞ্চম বাহিনীর লোকদের মত দেখেছেন ঐ বিগত কংগ্রেস সরকার এবং তাদের কাছে যে আগ্নেয় অস্ত্র ছিল সেগুলি সমস্ত কেড়ে নেওয়া হয়েছিল। আমি আজো দেখছি আমার নদীয়া জেলা সীমান্ত জেলা, সেখানে যেমন প্রচুর উদ্বাস্তু আছে সেই সঙ্গে সঙ্গে প্রচুর সংখ্যালঘুও আছে এবং এই ২০ বছর ধরে উদ্বাস্তু সমস্যার সমাধান করার কথা, এই উভয়বিধ উদ্বাস্তুদের কথা, কংগ্রেস সরকার বলে এসেছেন কিন্তু আমরা দেখছি এই সমস্ত সংখ্যালঘু উদ্বাস্তু নিজেদের জমির সামনে গাছতলায় পড়ে রয়েছে, তারা তাদের জমির খাজনা, ট্যাক্স দিয়ে যাচ্ছে কিন্তু তারা সেই জমিতে অধিকার পাচ্ছে না। আজকে এই যে সমস্যা এই সমস্যার প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং সেই সঙ্গে সঙ্গে আমি বলতে চাই যে আমাদের এই সরকার যেন শিক্ষা, চাকরী, প্রতিটি ক্ষেত্রে যে বৈষম্য চলে আসছে তার অচিরে অবসান ঘটান। এই সঙ্গে সঙ্গে বলতে চাই যে আমাদের দেশে মানুষ সাধারণতঃ এই নীতি অনুসরই করে চলে যে আপনি আচরি ধর্ম পরেরে শিখায়। আজকে এই কংগ্রেসের বন্ধুরা ২০ বছর ধরে যে দুর্নীতি করে এসেছেন সেই কথা আজকে তাঁরা বলছেন এ যেন ভূতের মুখে রাম নাম ছাড়া এর থেকে আর অন্য কিছু বোঝা যাচ্ছে না। কংগ্রেস দল দলীয় স্বার্থে প্রশাসনিক ব্যবস্থা, প্রশাসনিক যন্ত্রকে বরাবর ব্যবহার করেছেন, স্বজনপোষণ, সেই সঙ্গে সঙ্গে সরকারী অর্থের অপচয় আর দলীয় স্বার্থে এ্যাডমিনিষ্ট্রেশনকে ব্যবহার করা এটাই ছিল কংগ্রেসের চিরাচরিত ব্যবস্থা। আর আজকে তাঁরা নর্দমার মধ্যে বাস করে পাঁকের গন্ধ শুঁকে শুঁকে তাঁদের সেনসেটিভনেস নষ্ট হয়ে গিয়েছে। আজকে এই সরকারের আমলে নূতন নীতি, নূতন হাওয়া বইছে তা তাঁরা এতটুকু অনুভব করতে পারছেন না, তাঁরা কেবল পাঁকের গন্ধ শুঁকে বেড়াচ্ছেন। আমি এই সঙ্গে সঙ্গে বলতে চাই যে আজকে তাঁরা চিৎকার সুরু করেছেন আইন আর শৃঙ্খলার। এতদিন চীৎকার করছিলেন ঐ চীন চীন বলে, আমাদের সকলকে গ্রেপ্তার করে-ছিলেন, আটক করে রেখেছিলেন বিনা বিচারে কিন্তু তাও ঠেকাতে পারেননি, এধার থেকে ওধারে ছিটকে চলে গিয়েছেন। তাই সঙ্গে সঙ্গে সুরু করেছেন নকসালবাড়ীর কথা। আজকে বিভিন্ন কাগজে ঐ একই কথা আমরা শুনছি, সকলেই আতঙ্কিত হয়ে উঠেছেন। আজকে নকসালবাড়ীর সঙ্গে সঙ্গে ঘেরাও এই দেখে ওঁদের আজকে মূর্চ্ছা যাবার উপক্রম হয়েছে। ওঁরা আইন শৃঙ্খলার কথা তুলেছেন কিন্তু ২০ বছর ওঁরা কিভাবে আইন-শৃঙ্খলা চালিয়ে এসেছেন সেটা আমরা দেখেছি। মানুষ খেতে চাইলে, খাওয়ার দাবী নিয়ে নির্বাচিত প্রতিনিধিদের নিয়ে সরকারের কাছে জানাতে গেলে লাঠি মেরে হত্যা করা হয়, গুলি করে হত্যা করা হয় এটা কোন দেশী আইন-শৃঙ্খলা? চাষী জমিদারের বিরুদ্ধে অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ করলে মজুর মালিককের অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ করলে, তাদের লুণ্ঠনের বিরুদ্ধে রুখে দাঁড়ালে পুলিশকে দিয়ে তাঁদের উপর লাঠি চালান হয়, গুলি চালান হয়, এটা কোন দেশী আইন-শৃঙ্খলার কথা? মালিক যখন এ্যায়োয়ার্ডের রায় মানছে না, মালিক যখন মজুরের দাবী মানছে না তখন তারা তার বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে অনোন্যপায় হয়ে ঘেরাও-এর পথ নিয়েছে, আন্দোলনের পথ নিয়েছে তখন আমরা দেখেছি এই পুলিশবাহিনী গিয়ে মালিকের পক্ষ নিয়ে দাঁড়িয়েছে। আমরা দেখেছি ইংরাজ আমলে পুলিশ যেমন শোষক দলের পক্ষে গিয়েছে তেমনি কংগ্রেসী রাজত্বে এই পুলিশকে শোষক মালিকের পক্ষে ব্যবহার করা হয়েছে, ২০ বছর ধরে ঐ শোষক উৎপীড়ক তাদের হাতের ক্রীড়নক হিসাবে পুলিশকে ব্যবহার করা হয়েছে। সেই জন্য আজকে পুলিশকে যাতে সত্যিকারের জনসাধারণের পক্ষে ব্যবহার করা যায় তারই চেষ্টা হচ্ছে তাই তাঁরা আতঙ্কিত হয়ে উঠেছেন। আজ আমি তাঁদের একথা বলবো যে আজকে আতঙ্কিত হয়ে পালাবার পথ নেই, আজকে এই সরকার প্রতিশ্রুতি দিয়েছেন যে জনসাধারণের স্বার্থে চলবেন, পুলিশ

বাহিনীকেও তাদের স্বার্থে চালাতে হবে। কিন্তু আমরা দেখছি পুলিশ সর্বত্র যেভাবে চলছিল আজকে সেইভাবে চলতে না পারাতে, শান্তিপুর, রাণাঘাট প্রভৃতি বিভিন্ন স্থানে এই বে-আইনী অন্যায় কাজের বিরুদ্ধে জনসাধারণ রায় দেওয়াতে এই সরকারের বিরুদ্ধে পুলিশের একটা মস্ত বড় অংশ জেহাদ ঘোষণা করেছে। সেই জন্য তারা আজকে চোরাকারবারীদের ধরে না, তারা চোরা চালান রুখবার চেষ্টা করছে না, তারা মজুত উদ্ধারের চেষ্টা করছে না, যারা মজুত উদ্ধার করতে যাচ্ছে যারা চোরা চালান বন্ধ করতে যাচ্ছে পুলিশ তাদের বিরুদ্ধে এ্যাকসন নিচ্ছে।

[6-10—6-20 p.m.]

ডাঃ রঞ্জিত ঘোষ চৌধুরী: মাননীয় স্পীকার স্যার, আমরা গত কয়েক বছর ধরে, আজকে যাঁরা সরকার পক্ষে আছেন, তাঁরা যখন বিরোধী পক্ষে ছিলেন, তখন একটি কথা শুনে বলেছি, এই যে শাসন এটা নাকি মাথাভারী শাসন। আমি আপনাকে দেখাচ্ছি ১৯৬০-৬১ সালে যেখানে ৪;৭ পার্সেন্ট মোট রেভিনিউ খাতে খরচ করা হবে সেটা ১৯৬৬-৬৭ সালে ৩% করা হয়েছিল, কিন্তু এবারে মুখ্যমন্ত্রী বললেন ৩·৮ পারসেন্ট করা হয়েছে। আমি জানিনা যে যুক্তফ্রন্টের ভাষায় এটাকে মাথাভারী বলে না মাথা মোটা বলে। মাননীয় সদস্য শ্রদ্ধেয় দাশরথী তা মহাশয় বলেছেন যে একটা প্রশাসন যদি ভাল করে চালাতে হয় তাহলে সংহতির প্রয়োজন। আমি তাঁকে সমর্থন করে বলি যে সংহতির প্রয়োজন আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কি সুন্দর সংহতি আছে আমি আপনাকে একটি কাগজ থেকে পড়ে শোনাচ্ছি, পরে নামটা বলবো, মন্ত্রী না করলে অনেকে দলে থাকবেন না এই আবদার মেনে নেওয়া কোন রাজনীতি নয়, সেটা চরম সুবিধাবাদ ছাড়া আর কিছুই নয়। এর দ্বারা সাময়িকভাবে দলীয় সংকট থেকে রেহাই পেলে, বাংলা কংগ্রেসের সাংগঠনিক অবস্থা এবং রাজনীতির পরিস্থিতি সাধারণ মানুষের কাছে প্রকট হয়ে উঠলে, বলছেন গণশক্তি, বলছেন উপমুখ্যমন্ত্রীর দলের কাগজ, মুখ্যমন্ত্রীর দলের বিরুদ্ধে। গতকাল হিন্দুস্থান ষ্ট্যান্ডার্ড কাগজে বলেছে

C.P.M. steps up against C.M., the cold war between the Chief Minister, Mr. Ajoy Mukherjee and the Marxist seems to have taken a sharper turn with the success of police operation in the Naxalbari area in the last few days. This is indicated by the reported serious differences of opinion that war expressed at Monday's Cabinet meeting when the Naxalbari question came up.

এই হলে এদের সংহতির উপরে, হরেকৃষ্ণ কোঙার মহাশয় গত ১৪-৬-৬৭ তারিখে ৬৪এ লোয়ার সার্কুলার রোডে, একটি সভাতে—প্রাদেশিক কৃষক সভা যার তিনি সম্পাদক সেখানে বললেন যে এই যে ধান-চালের দাম বাড়ানো হয়েছে যে চার কোটি টাকা বেশী দেওয়া হয়েছে এটা জোতদারদের দেওয়া হয়েছে। স্যার আমরা জানি চাষীদের সুবিধার জন্য তারা এই নীতি গ্রহণ করেছিলেন। আমরা পদে পদে দেখছি স্যার এই সংহতির অভাব। এটা শুনেছি যে ও'রা বাইরে সংহতি দেখাবার জন্য আমাদের বামপন্থী কমিউনিষ্ট বন্ধুরা নাকি ডঃ প্রফুল্ল ঘোষকে অনুরোধ করলেন যে তোমাকে "লাল সেলাম" বলতে হবে। উনি বললেন যে আমি এতদিন গান্ধীজীর সঙ্গে ছিলাম, আমি গান্ধীবাদ বিশ্বাস করি আমি "লাল সেলাম" বলতে পারবো না, তাহলে একটা কথা বলুন যে বাংলাদেশের মানুষ তোমরা বীট খাও, কারণ বীটও লাল, আমি জানিনা যে ডঃ ঘোষ এত বীট কোথায় পাবেন। কালকে বলেছিলেন যে এত সোয়াবিন বাংলাদেশে জন্মায় না যে তার দুধ বাংলাদেশের মানুষকে খাওয়ানো যায়। মাননীয় ভূপাল বোস—এই যে আমাদের সংহতির অভাব মন্ত্রিমণ্ডলীর সংহতির অভাবে সব থেকে সুবিধা করছেন বামপন্থী কম্যুনিষ্ট পার্টি, আমার কাছে একটি চিঠি আছে, তার থেকে একটু পড়ে শোনাচ্ছি, এটাতে ভূপাল বোস মহাশয়ের সই করা, তিনি কোন দলের আপনারা জানেন তিনি বলছেন ইন দিস.... ....

শ্রীনিখিল দাস: অন এ পার্ট অফ অর্ডার, চিঠি দেখে যদি উনি পড়েন

It must be placed on the table.

Dr. Ranjit Ghosh Chowdhury:

যদি উপাধ্যক্ষ মহাশয় আদেশ করেন তাহলে আমি তা মানতে বাধ্য তার কারণ উই বিলিভ ইন ডেমোক্র্যাসি। স্যার, এতে লেখা আছে।

In the U.F. Government CPI(M) form the largest single unit of whose undisputed leader is Shri Jyoti Basu. It is no use denying the fact that he commands the greatest respect in the U.F. Government, not only because he constitutes the largest single unit in the Government but because of the grasp of the machinery of the Government as a whole.

ডেপ্‌ন্টি স্পীকার: প্লিজ আপনি বস্‌ন। আপনি যে চিঠিটা পড়লেন সেই চিঠিটা যদি ভারবাটিম পড়ে থাকেন এবং ওটা যদি আমার কাছে দিয়ে যান তাহলে আমি সেটা এক্সামিন করে দেখব, অথারাইজ আপনি ঐটার যিস্ট বা সামারি আপনি পড়তে পারেন না।

Dr. Ranjit Ghosh Chowdhury:

আমি স্যার, প্‌রোটা পড়িনি, আমি শ্‌ধ্‌ পোর্সান পড়েছি। এটা আমি আপনার কাছে দিয়ে দেব।

তারপর স্যার, আমি কালনা মহকুমার ঘটনা বলতে চাই। সেখানে প্‌র্বস্থলী ১ নম্বর ব্লক অন্তর্গত কমিউনিষ্ট পার্টি মার্কসবাদী নেতা তিনি হচ্ছেন অঞ্চল প্রধান, তার নাম রেণ্‌পদ বন্দ্যোপাধ্যায়—তার বির্‌দ্ধে অভিযোগ হচ্ছে এই যে রিলিফের টাকা টিপসে জাল করে তিনি আত্মসাৎ করেছেন এবং তার জন্য তাকে ধরা হয়েছিল। স্যার, সেখানে এই অভিযোগ উঠেছে—আমার কাছে সংবাদ এসেছে এই যে মাননীয় মন্ত্রী হরেকৃষ্ণ কোঙার মহাশয় সেখানে প্রভাবান্বিত করে সেখানের স্থানীয় লোকদের দিয়ে এস-ডি-ও-কে ঘেরাও করে জোর করে ভয় দেখিয়ে তার বেল আদায় করা হয়েছে। এই রকম আরেকটি ঘটনা ঘটেছে—কালনা মহকুমার কুখ্যাত কালো-বাজারী সে নাকি মার্কসবাদী পান্ডা শ্রীভজহরি রায়—তার বির্‌দ্ধে ল্‌ঠ এবং চোরাকারবারের অভিযোগ এসেছিল সেখানে নাকি এই মাননীয় মন্ত্রিমহাশয় প্রভাবান্বিত করেছেন।

মাননীয় স্‌ধীরবাব্‌ আজও তিনি এই হাউসের সদস্য তিনি একবার বিরোধী পক্ষের সদস্য হিসাবে এই বিধানসভায় দাঁড়িয়ে বলেছিলেন যে খ্‌নে আসামী দিনেরবেলায় দাঁড়িয়ে থাকে ব্‌ক-ফ্‌লিয়ে থাকে—এই নাকি এডমিনিস্ট্রেশানের অবস্থা। স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় ম্‌খ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করি যে তিনি এই সরকারী দলের সদস্য আজও আছেন, স্‌ধীরবাব্‌ তাকে জিজ্ঞাসা করবেন যে এই অবস্থার কিছ্‌ উন্নতি ঘটেছে কিনা।

শ্রীয্‌ক্ত সোমনাথ লাহিড়ী মহাশয় খ্‌ব কালচরাল লোক বলে আমার ধারণা—তিনি একটি মন্তব্য করেছিলেন এই বিধানসভায় যে দ্‌র্বল যে হীনাচিত্ত মন্‌ষ্যত্বের শেষ চিহ্ন তার মনের ভিতর থেকে ম্‌ছে গিয়েছে সেই পড়ে যাওয়া শত্র্‌কে আঘাত করে। আমি জিজ্ঞাসা করতে চাই মাননীয় সোমনাথবাব্‌কে আপনার মাধ্যমে স্যার, যে মরে যাওয়া শত্র্‌র হাড় ভেঙ্গে দেয় তাদের পশ্‌ ছাড়া আর কিছ্‌ বলা যায় না। এরকম ঘটনাও এখানে ঘটেছে। স্যার, মাননীয় ম্‌খ্যমন্ত্রী বলেছেন যে খাদ্যসমস্যার সমাধান করতে পারলে তার নাকি এই বিশ্‌ঙ্খলা, অরাজকতার রাজত্বে শান্তি ফিরে আসবে। প্রশ্ন করতে পারি কি যে বিগত কুখ্যাত ম্‌খ্যমন্ত্রী শ্রীপ্রফ্‌ল্লচন্দ্র সেন মহাশয় বর্ধমান থেকে ১ই লক্ষ টন চাল সংগ্রহ করতে পেরেছিলেন সেখানে মাননীয় জ্যোতিবাব্‌, মাননীয় হরেকৃষ্ণবাব্‌ গিয়ে মাত্র ২১ হাজার টন সংগ্রহ করলেন কেন? তার কারণ কি এই যে ঐ কোণার গোষ্ঠীর গায়ে হাত পরে যাবে বলে—কেন সংগ্রীহিত হল না—এর জবার তাদের দিতে হবে।

স্যার, এই যে সরকারের প্রচার বিভাগ আছে তার ভিতরেও সেই একই ইনফিলট্রেসান, সেই কমিউনিষ্ট ইনফিলট্রেসান—একটি কাগজ হল পশ্চিমবঙ্গ সরকারী কাগজ—এতে অন্যেরা কি বলছেন বলে কতকগ্‌লি সম্পাদকীয় স্তম্ভের এখানে রেফারেন্স দেওয়া হয়। এখানে দেখবেন স্যার গণশক্তি কালান্তর ইত্যাদি কাগজ থেকে তুলে ধরা হয়েছে। আমি জিজ্ঞাসা করি এ ছাড়া

কি আর কাগজ নেই, যুগান্ত নেই, আনন্দবাজার নেই, স্টেটসম্যান নেই, অমৃতবাজার নেই। কেবল মাত্র ঐ দুটি কাগজের রেফারেন্স থাকবে—যাদের ট্রেডিসান আছে যাদের দেশের মানুষ বিশ্বাস করে সেই সমস্ত কাগজের রেফারেন্স এতে থাকে না।

[6-20—6-30 p.m.]

স্যার, ও'রা পি, ডি এ্যাক্ট করছেন—কিছুক্ষণ আগে মাননীয় স্পীকার মহাশয় বলেছেন যে এখানে যাদের জবাব দেবার সুবিধা নাই তাদের নাম না করাই উচিত সেজন্য আমি প্রমোদবাবুর নাম করছি না। আমি বলছি এই সমস্ত নেতারা যারা বর্ডার সিকিউরিটি ফোর্সের উদ্গীরণ করছেন কেন তাঁদের ধরা হবে না সেটা আমি জানতে চাই। আজ সরকারী কর্মচারীদের সম্বন্ধে আমার একটা গুরুত্বপূর্ণ সাজেসন আছে, আশাকরি মুখ্যমন্ত্রী সেটা গ্রহণ করবেন—সেটা হচ্ছে সরকারী কর্মচারীদের সম্বন্ধে অনেক কথা বলা হয়—আমি মুখ্যমন্ত্রীর কাছে বিনীতভাবে নিবেদন করবো যে আপনি চিন্তা করে দেখবেন যে তাদের সার্ভিস কনডাক্ট রুলস চেঞ্জ করতে পারেন কিনা। মুখ্যমন্ত্রিমহাশয় জানেন যে এই সার্ভিস কনডাক্ট রুলসে শুধু না লেখা আছে কোথায়ও হ্যাঁ লেখা নেই। যদি মানুষকে অবিরাম এই না-র ভিতর দিয়ে আপনারা চালান তাহলে তার কোনদিন পজেটিভ আউট লুক কোন দিন ডেভেলপ করবে না। আর একটা কথা বলি—আমরা জেনারেল এ্যাডমিনিষ্ট্রেসন নিয়ে আলোচনা করছি। আপনি জানেন যে সমস্ত বিভাগে জেনারেল এ্যাডমিনিষ্ট্রেসন থেকে ডেপুটেসন সার্ভিসে লোক পাঠানো হয় বিভিন্ন সময়ে বিভিন্ন বিভাগের উপর কমিশন বসেছে। আমি তাঁকে অনুরোধ করবো যে জেনারেল এ্যাড-মিনিষ্ট্রেসনের উপর একটা কমিশন বসান তাহলে শাসনব্যবস্থা সম্পূর্ণ হবে—আর একটা কথা আমি মুখ্যমন্ত্রীকে বলবো যে একদিন ছিল যখন আপনার মুখে হাসি, বুকে বল তেজে ভরা মন ছিল—কিন্তু আজ আপনার মুখে হাসি আছে বটে—কিন্তু বুকে বল বা সেই তেজে ভরা মন নেই—আর আপনাকে বলবো সেই পুরানো কথা যে অতি বড় হয়ো নাকো ঝড়ে পড়ে যাবে—অতি ছোট হোয়ো নাকো—কমিউনিষ্টরা মুড়িয়ে খাবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Golam Mohiuddin: Mr. Speaker, Sir, in supporting this grant I would like to point out that there are some officers, such as Divisional Commissioner of Jalpaiguri and Development Commissioner who have been in their posts for a pretty long time. I think it would be better in the interest of good administration that they be transferred to other posts. Also in the various secretarial departments there are many deputy secretaries, assistant secretaries and such like, who have been in their posts for a pretty long time and have not been out of Calcutta for years—more than 10 years in some cases. I think that they should be sent out to the districts and officers who are in the districts should get a chance to come to Calcutta. Otherwise there will be much heart-burning and such changes will be helpful for administration too.

Sir, the next point is that the minority community does not always get a fair deal. There are many officers who are markedly communal. The Government should pay special attention to this matter and take action against officers showing communal bias.

I think that there should also be a shake up in the police department as well.

Mr. Speaker, Sir, several senior civil servants were under orders of transfer before this ministry came into office. These orders were held in abeyance until the ministry took office and had the opportunity to take decisions. One officer, the Transport Commissioner, was hastily transferred as Chairman of the Public Service Commission before the ministry took office. May I ask why? The district officers are bewildered over the multiplicity of orders issued to them by the ministries, sometimes one contradicting

the other. All policy directions, particularly relating to law and order, should go out over the signature of the Chief Minister. He is also the Home Minister. Sir, the morale of the police has fallen low. It is because the present ministry has been prejudiced against the police. There is a strong feeling in the police rank and file that they have not been able to get a fair deal. They have been harrassed, humiliated and prosecuted. The police personnel are particularly bitter because in the case of Class 3 and Class 4 officers, the present ministry has been very sympathetic and considerate and have promised to concede many of their demands. It is not the police alone of all government servants that are corrupt, yet they have been singled out and even Ministers freely make allegations against them in their public speeches. It is essential to restore the morale of police force. They are the only trained and properly equipped body of Government servants to deal with the many law and order problems which are constantly occurring. If they become demoralised, bitter and disgruntled, the Government will have no other disciplined force left for enforcing the rule of law. There is a very strong feeling among the police rank and file at present.

শ্রীঅমলেশ মজুমদার: স্যার, আমার একটা কথা বলবার আছে—একটু আগে মাননীয় ডাঃ ঘোষ চৌধুরী একটা চিঠির ব্যাপার নিয়ে এখানে একটা সাসপেন্সের মধ্যে মাননীয় সভ্যদের ফেলে রাখলেন, আমি আপনার অবগতির জন্য জানাতে চাই যে তিনি ডাঃ ভূপাল বোসের বহু পুরাণো একটা স্টেটমেন্ট দেখিয়ে দিলেন..............

মিঃ ডেপুটি স্পীকার: মিঃ মজুমদার, আপনি বোধ হয় হাউসে ছিলেন না, কিছুক্ষণ আগে আমি রুলিং দিয়ে দিয়েছি—এই চিঠিটি আমি একজামিন করে দেখি তারপর ব্যবস্থা করবো এবং সেই অনুযায়ী কাজ হবে—আপনি বসুন।

[6-30—6-40 p.m.]

শ্রীবিমল পাইক: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রশাসনিক খাতে যে ব্যয়বরাদ্দ আমাদের মুখ্যমন্ত্রী উত্থাপন করেছেন আমি তার সম্পূর্ণ বিরোধীতা করছি এই কারণে যে, যখন দেশের বুক থেকে সমস্ত শাসন পুরা মুছে নিশ্চিহ্ন হয়ে গেছে তখন তার জন্য একটা পয়সা খরচ করা আমি যুক্তিসঙ্গত মনে করি না। একটা মানুষের জীবনে যখন তার শেষ দিন উপস্থিত হয় জীবনের কোন আশা আকাঙ্খা থাকে না, তখন যেমন সে মানুষের জন্য কিছু টাকা ব্যয় করা মুর্খতার লক্ষণ। তেমনি আমি মনে করি এ ব্যয়বরাদ্দ মঞ্জুর করা মুর্খতা হবে। আজকে এই সভাকক্ষে আমি বলতে চাই আমরা বিধানসভার সদস্য নির্বাচিত হয়ে এসেছি দেশের মঙ্গলের জন্য যে আইন করা দরকার তা করবো বলে এবং যে আইন কল্যাণের শুভ দিপ্তীতে উজ্জ্বল হয়ে উঠবে, সে আইন আমরা করবো। আমরা আইন করলাম চুরিডাকাতি করলে তার শাস্তি বিধান করতে হবে, কিন্তু আইন করলেই যে আমাদের কর্তব্য শেষ হয়ে গেল তা নয়, আইন করলেই চুরিডাকাতি বন্ধ হবে তা নয়, সে আইনকে কার্যে পরিণত ও রুপায়িত করতে হবে। একে রুপায়িত করবে যাঁরা যাদের উপর শাসনভার রয়েছে, আজকে সেখানে সেই শাসনব্যবস্থা যে বিফল হয়ে পড়েছে সে সম্বন্ধে সন্দেহ নেই। একথা অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে আজকে দেখলাম একজন লোক তার সঙ্গে ছিল মাত্র এক কেজি চাল- কাঁথিতে চাল পাওয়া যাচ্ছে না, রাস্তায় তার সে চাল লুঠ হল, কিন্তু পুলিশ তার কোন ব্যবস্থা করলো না। আমি কারুর প্রতি কোন ইঙ্গিত না করে বলছি বিধানসভায় সদস্যদের জন্য আইন করা আছে তারা এ সভার কক্ষে যথা ইচ্ছা বিচরণ করতে পারবেন। কিন্তু আমাদের এক বন্ধু বিদারণ চ্যাটার্জীকে কয়েকদিন আগে কয়েকজন গুণ্ডা মারধোর করেছিল, কাপড় খুলে নিয়েছিল কিন্তু পুলিশ নির্বাক ছিল। এ বিষয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করা হলে—পঞ্চানন সিং এবং আমি সেখানে ছিলাম তিনি বললেন আপনি কেন সেখানে গেলেন, কিন্তু তিনি যদি সেই পুলিশকে শাসন করতেন, পুলিশের কাছ থেকে এক্সপ্লানেশন কল করতেন তাহলে বুঝতাম কর্তব্য পালন করেছেন। তাঁর যে কর্তব্য সেদিন করা উচিত ছিল তা

তিনি করেন নি, তারপর দিন মৃত্যুঞ্জয় ব্যানার্জী মহাশয় এখানে কাঁধ ছেঁড়া জামা দেখিয়ে বললেন যে কয়েকজন গুণ্ডা তার উপর অত্যাচার করেছে কিন্তু মুখ্যমন্ত্রী সে নিয়ে কোন দৃষ্টি দিলেন না, এবং যে পুলিশ ছিল তার কাছ থেকে কোন এক্সপ্লানেশন চাইলেন না। আমি অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি মানুষের মনের মধ্যে শান্তি নেই, মানুষ রাত্রিতে ঘুমাতে কিসের আতঙ্কে ডুকরে ডুকরে কেঁদে উঠছে। মানুষ স্বস্তির নিঃশ্বাস ফেলতে পারছে না। এরূপ হয়েছে বাংলার অবস্থা, এ জিনিস দেখলে ডি এল রায়-র কথা মনে হয়, যেন সমস্ত বাংলা পঁচে গেছে তার গা দিয়ে যেন গন্ধ বেরচ্ছে। একজন লোক সে দুদিন খেতে পায় নি। তার ঘরে অনশনাক্লিষ্ট পত্নী তার বাড়িতে বুভুক্ষু সন্তান সে তাদের জন্য বাজার থেকে কিছু চাল কিনে আনবার পর রাস্তার গুণ্ডার দল সে চাল কেড়ে নিল। ফিরে এল মর্মন্তুদ ক্রন্দনধ্বনী নিয়ে যে সে তার স্ত্রী এবং বুভুক্ষু সন্তানকে খেতে দিতে পারলো না। আজকে যখন তখন ট্রেন আটক হচ্ছে হয়ত সে ট্রেনে আসছিল এমন মুমূর্ষু লোক দেখাবার জন্য কিন্তু সে পথিমধ্যেই মৃত্যুমুখে পতিত হল। হয়ত তার মধ্যে ছাত্র ছিল আসতে পারলো না, তার মনে কত আশা সে পরীক্ষা দিতে চলেছে পাশ করবে, চাকরী করবে। কিন্তু ট্রেন আটকা পড়ায় সে অত্যন্ত ব্যর্থাভরা মন নিয়ে বাড়ি ফিরে গেল। তাই এই কথা বলছি আজকে বাংলার মানুষের মধ্যে সুখস্বাচ্ছন্দ নেই, যেন আততায়ীদের পৈশাচিক উল্লাসে বাংলাদেশ ভরে উঠেছে। বাংলার বুকে যে শান্তি ছিল সে শান্তি আজ নেই, সে শান্তি যেন কে কেড়ে নিল এবং মানুষের মধ্যে একটা মর্মন্তুদ ক্রন্দনধ্বনি শোনা যাচ্ছে। আজকে তিনি বলেছেন দেশের বুকে কল্যাণ এনে দেবেন শান্তি এনে দেবেন কিন্তু তাঁর কাছে বলছি তিনি এর মধ্য দিয়ে কি শান্তি আনবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Clifford Hicks: Mr. Deputy Speaker, Sir, I support the demand placed before this House by the Hon'ble Chief Minister for General Administration. I not only support the demand but I shall also request that all members of this House on both sides understanding the importance of general administration would bring themselves to unanimously support the demand as well. In the life of any country is anything as important as the policies of general administration. General Administration creates an image in the minds of the people of each country as well as in the minds of foreigners who observes one another's countries. When we consider what has happened in India during these 20 years when we think of the image of the country that has been projected and the impression that has been created at home and abroad, then if must be realised by the yardstick of General Administration Policies that the Government of the Congress has been more than a failure. When we think that as conservative Indian people we were ourselves very much against migration but that now our people are willing to migrate for almost any kind of protext and this desire to migrate today has permeated every single community in this country. Over and above that there was a time when we enjoyed a tremendous respect as a nation in various countries of the world. Today it cannot be said that as Indians we are respected as we used to be at one time. Again, Sir, a foreign economist of some international repute described the administration at New Delhi as functioning anarchy. From 1900 to 1947 speeches were made and promises were given to the common man the masses and the multitudes of dumb millions of our country without voice or vote under the British Raj. These people looked up to freedom with the idea that they would be the principal concern of the general policies of the administration of the country—instead perhaps in these 20 years nobody has been so forgetten as the Indian who has no one to back him—no political support, no social status, no economic standing. These men all over India have been the most betrayed, the most forgotten in the day to day general administration policies of the former Government. Mr. Nehru in his autobiography once described the suffering of the villages in and around and his hometown. He said he had a new vision of India; but I am sorry that as years came and went—it is quite certain that the vision faded. Sir, the same

thing happened in West Bengal. That is why the P.S.P. leader in the Lok Sabha, Mr. Nath Pai best described that what we have been given as a Government of the mediocre, by the corrupt and for the helpless. Writers' Buildings if anything, Sir, represents the greatest area where law and order is to be restored. In the working of the Writers' Building there has been more lawlessness and disorder than perhaps most of us realise.

[6-40—6-50 p.m.]

Government officers have been allowed to do and to delay almost at their own sweet will all through these twenty years till today—we have reached a position where family nepotism, political nepotism, social nepotism, economic nepotism threatens to destroy democracy. We have heard a great deal from the other side of the House about the law and order. I repeat, Sir, law and order is not being destroyed outside so much as it will be destroyed if things in Writers' Buildings and all the Government offices are not brought back under some strict control of law and order. Democracy, Sir, is being buried in Writers' Buildings under files, and those files are being maintained according to rules and regulations and so-called political law and order. Again, Sir, the clerks are allowed to play a game of shuttle-cock. The files go back and forth very much the way the local trains move from Bandel to Howrah and Howrah to Bandel, with very little progress ever made. The officers perhaps have yet to discover that a road is not built, nor is a market opened or a hospital properly looked after by a few mysterious remarks made in a column on a sheet of paper. Again, Sir, with the Central Government itself, we have had a case of a simple Oriya domestic servant whose husband died. This woman to receive Rs. 1,600 from the Post Office had to move from office to office for three and a half years. Again, Sir, an Assistant Secretary at Writers' Buildings comes to his post in 1948 continues as the seniormost Assistant Secretary for 14 years, and not till 1962 is he made a Deputy Secretary, simply because he belongs to a minority group other than the Muslim minority. A point I would like to remind the Government about again and again is that there are other minorities as well in India—not only one. I do not deny protection or privilege or status to any minority, but I would like it to be understood that there are several minorities that look to the Government for protection and to safeguard it.

Again, Sir, in the Police Department it is a matter of tremendous pude that the Government of the United Front is trying to introduce a new police policy; that there will be mistakes there will be misunderstandings goes without saying. We must understand that the Congress Party never agreed and rightly so with the police policy of the British Government. We today feel ourselves in exactly the same position with regard to them as they felt at one time with regard to the British. It is a policy over which we must of necessity differ. The masters of the police and the victims of the police cannot possibly have the same police policy.

Again, Sir, I will read to you, if you give me a few moments, some of the serious injustices being committed in Writers' Buildings by the so-called upholders of law and order. Sergeants of all communities—Bengalees and Anglo-Indians have had then legitimate Special Pay withheld from them up to now from as far back as 1961. Orders have been issued which have resulted in great confusion and arguments between department and department, but the idea that there were common, simple, ordinary people waiting for then legitimate money did not occur at all to the senior officers as long as they received their own pay.

Again, Sir, there is a Sergeant. No complaint has been made against him. He has been allowed to continue as a Sergeant for 30 years. No promotion as Inspector and no record against him. The special pay would have been given in 1962, but there was an inordinate delay. The Home Department took 4 years to reply to the Calcutta Police and the Calcutta Police was not even concerned with giving a reminder to the Home Department.

Next, Sir, I would plead with the Government to watch all the operations of the municipalities and the Calcutta Corporation. The argument of autonomy cannot be used to betray public trust. On schools and hospitals the taxes every few years are increased on the ground of the land value in the prevailing market. I do not think there is any sense in taxing institutions that are not bought and sold overnight on the basis of land values. And, finally, to my own United Front Government I would say that as we go after this session into the tremendous business of day to day administration we will remember the faith that the common man has put in us and that is not anything to be betrayed.

শ্রীঅমলেশচন্দ্র মজুমদার: অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ, স্যার, একটু আগে ডাঃ রঞ্জিৎ ঘোষ চৌধুরী কংগ্রেস সভ্য, তিনি আপনার সামনে একটা চিঠির উদ্ধৃতি করেছেন। ডাঃ ভূপাল বোসের একটা চিঠি, এই কথা তিনি এখানে বলেছেন, আসলে বেশ কিছুদিন আগে বিভিন্ন সংবাদপত্রে ডাঃ ভূপাল বোস একটা স্টেটমেন্ট দিয়েছেন সেটা পাবলিশ হয়েছে। সেই স্টেটমেন্ট জনসেবকের অফিস থেকে পুরানো জিনিস, সেই ছাপানো কাগজ না পড়ে, সংবাদের উদ্ধৃতি না দেখিয়ে তিনি চিঠি হিসাবে এখানে পড়েছেন। এই ধরনের তিনি যে অপকৌশল করছেন তার তীব্র নিন্দা করছি। এই ধরনের করে আমাদের নিজেদের মধ্যে ফাটল ধরাবার চেষ্টা করতে পারলে না। এই কথা এখানে দৃঢ়ভাবে দাঁড়িয়ে বলে যাচ্ছি যে এস এস পি সারা ভারতের কংগ্রেসের বিরোধীতা করছে, কেন্দ্রেও তাঁরা কংগ্রেসকে ধ্বংস করতে চান। শুধু বাংলাদেশে নয়।

শ্রীননী ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দু-একটি সিদ্ধান্তের কথা ওখানে ঘোষণা করতে চাচ্ছি যে, ডাক্তারী শিক্ষণ সুবিধা প্রসারের জন্য এবং ডাক্তারের অভাব কিছুটা দূর করার জন্য আমরা দু-একটি সিদ্ধান্ত নিয়েছি। আমরা ৩০টি আরও অতিরিক্ত আসন ছাত্র ভর্তির জন্য প্রি-মেডিক্যাল কোর্স-এ বাড়িয়েছি। সেটা ক্যালকাটা মেডিক্যাল কলেজ, নিলরতন মেডিক্যাল কলেজ এবং আর জি কর মেডিক্যাল কলেজ, অর্থাৎ এই তিনটি কলেজে প্রত্যেকটি কলেজে ১০টি করে, সেটা যারা বন্ড দেবে যারা পাশ করার পর সরকারী চাকরী পাঁচ বছর করতে হবে। আমি এর পরে বলছি আমরা কি কি সুবিধা দেবো। এ ছাড়া ৫০টি ছাত্র যাতে প্রি-মেডিকাল কোর্স পড়তে পারে জলপাইগুড়িতে, সেই ধরনের ব্যবস্থা করার সিদ্ধান্ত নিয়েছি যাতে সামনের বার উত্তরবঙ্গে যখন মেডিক্যাল কলেজ-এ এম বি বি এস কোর্স চালু হবে, এটা ধরে নিয়ে করা হয়েছে, অবশ্য এখনও ঠিক হয় নি, এটার স্থান নির্বাচন শীঘ্র হবে, সেই ৫০টির মধ্যে সিট ভাগাভাগি এইরকম হবে, ১০টি সিট সেখানে রিজার্ভ রাখা হবে যারা বন্ড দেবেন সরকারকে। এই যে ৩০টি আগে বলেছিলাম কলকাতার ৩টি মেডিক্যাল কলেজ-এ এবং প্রি-মেডিক্যাল সেটি খোলা হচ্ছে উত্তরবঙ্গে সেখানে ১০টি সীট, এই ৪০টি সীট-এ যেসমস্ত ছাত্র বন্ড দেবেন যে পাঁচ বছর সরকারী কাজ করবেন বলে, তার বিনিময়ে ছাত্রদের ফ্রি-স্টুডেন্টশিপ দেওয়া হবে এবং প্রতি মাসে মাসিক ৫০ টাকা হিসাবে স্টাইপেন্ড দেওয়া হবে।

[6-50—7 p.m.]

এছাড়া উত্তরবঙ্গে প্রি-মেডিক্যাল কোর্স খোলার সিদ্ধান্ত হয়েছে। আরো দশটি রিজার্ভড সীট বাদ দিলে ২০টি সীটের মধ্যে প্রতিটা জেলার জন্য চারটি চারটি হিসেবে সীট রিজার্ভড বা সংরক্ষিত করা হচ্ছে চারটি সীট উপজাতি ও তফশীলীদের জন্য সংরক্ষণ করা হচ্ছে এবং বাকি ১৬টি সীট সব জেলার জন্য খোলা রাখা হচ্ছে।

এ ছাড়া ইংরেজীতে শতকরা ৪০ নম্বর না পাওয়ার দরুন অনেক ভাল ভাল ছেলে বাদ প ড় যাচ্ছে। তাই আমরা ঠিক করেছি যাঁরা ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি, ম্যাথামেটিক্স যদি কেউ পরীক্ষা দিয়ে থাকে—এই সাইন্স সাবজেক্টগুলিতে শতকরা ৬০ নম্বর বা তার বেশী পেয়ে থাকেন কোন ছেলে, তার ইংরেজীতে শতকরা ৪০ নম্বর যে পেতেই হবে সেটা তুলে দিচ্ছি, অর্থাৎ ইংরেজীর যে কড়াকড়ি ছিল, শতকরা ৪০ নম্বর বা তার বেশী পেতে হবে, তা আমরা ওয়েভ করে দিচ্ছি। এখন ইংরেজীতে শুধু পাশ করলেই হবে।

এছাড়া ন্যাশনাল মেডিক্যাল কলেজ, সেখানে আপনারা জানেন দু-শো আসন রাখা হয়েছে। আর একটি কথা, ন্যাশনাল মেডিক্যাল কলেজে ছাত্রদের কাছ থেকে যে বেতনে নেওয়া হয়ে থাকে, এ পর্যন্ত সেই বেতনহার আমরা কমিয়ে দিয়ে সরকারী মেডিক্যাল কলেজের প্রি-মেডিক্যাল কোস-এও মেডিক্যাল কোর্স-এ যে বেতনহার ঠিক আছে—তা এই সেসন থেকে চালু করবো।

Shri Byomkesh Majumdar:

পয়েন্ট অফ অর্ডার, স্যার, উনি যে পলিসি ডিসিসন এই হাউসের কাছে রেখেছেন, আমরা ঐ পলিসি ডিসিসন-এর একটা কপি পেতে চাই।

Shri Nani Bhattacharjee:

কালকে যাতে কাগজে এটা বেরিয়ে যায় প্রেসনোট আকারে বা বিজ্ঞাপন আকারে, তার ব্যবস্থা করছি। এছাড়া সকলের জন্য ইমিডিয়েটলি পারবো কিনা জানি না, আগে যেমন কোন কিছু হাউসে পেশ করার আগে এখানে লে করা হতো টেবিলে, এবং বিভিন্ন পলিটিক্যাল পার্টির কাছে পাঠিয়ে দিয়েছি, সেইভাবে সাইক্লোস্টাইল করে সকলকে পাঠিয়ে দেব।

Shri Bibhuti Pahari:

স্যার, ৪০ পার্সেন্ট-এর কম ইংরেজীতে যারা নম্বর পাবে তাদেরও ভর্তি করা হবে কয়েকদিন আগে মন্ত্রিমহাশয় একথা বলা সত্ত্বেও বিভিন্ন ছাত্র যারা ৪০ পার্সেন্ট-এর কম নম্বর পেয়েছে তারা বিভিন্ন মেডিক্যাল কলেজ-এ গিয়ে ফর্ম পাচ্ছে না। যদি একথা বলা হয় যে সার্কুলার পরে যাবে এবং তারা ফর্ম পাবে তাহলে মন্ত্রিমহাশয়কে একটা অনুরোধ করতে চাই, ভর্তির সময় বাড়িয়ে দেওয়া হক।

Shri Nani Bhattacharya:

এটা কাগজে বেরিয়ে যাচ্ছে। ৩১এ জুলাই পর্যন্ত টাইম দেওয়া হচ্ছে এবং এসব সংশোধনগুলি করা হচ্ছে।

Shri Sankar Sen Ishore:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায় সাধারণ প্রশাসন খাতে যে ব্যয়বরাদ্দ উপস্থাপিত করেছেন আমি তা সম্পূর্ণ বিরোধীতা করছি। কেন করছি? শুধু বিরোধী দলের সদস্য হিসাবে নয়, কতকগুলো মৌলিক নীতির উপর ভিত্তি করে আজকে আমি এই ব্যয়বরাদ্দের বিরোধীতা করছি। আমি সুস্পষ্ট জানি এই ব্যয়বরাদ্দের টাকা বাংলাদেশে একনায়কতন্ত্রের পথ প্রশস্ত করবে, এই ব্যয়বরাদ্দের টাকা গণতন্ত্রকে হত্যা করবে, এই ব্যয়বরাদ্দের টাকা কংগ্রেস সরকার জনসাধারণকে ক্ষমতা দেওয়ার জন্য যে ক্ষমতাকে বিকেন্দ্রীকরণ করেছিলেন সেই বিকেন্দ্রীত ক্ষমতা সঙ্কুচিত করবে। তখন সেই ব্যয়বরাদ্দ টাকাকে কোন গণতান্ত্রিক মানুষ সমর্থন করতে পারে না। সেইজন্য আমি এই ব্যয়বরাদ্দের তীব্র বিরোধীতা করছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আজকে আমি বলতে চাইছি এই কথা যে, আজকে যারা ডানদিকে ট্রেজারি বেঞ্চ আলোকিত করে বসে আছেন গত কুড়ি বছর ধরে বিরোধী দল হিসাবে যে কথা বলেছিলেন সেই বক্তব্যগুলো এবং আজকের বক্তব্য সেগুলো যদি পাশাপাশি রেখে তুলনামূলক বিচার করে দেখি তাহলে দেখব—তাঁদের এতদিনের কথার সঙ্গে আজকের দিনের কথার কোন সঙ্গতি নেই, তার মানে এতদিন জনসাধারণকে মিথ্যা ভাঁওতা দিয়ে ধোকা দিয়ে এসেছেন এবং আজকে তাঁরা সরকার পক্ষে বসেও সেই ভাঁওতা দিচ্ছেন। আজকে আমাদের মুখ্যমন্ত্রী তাঁর

প্রারম্ভিক ভাষণে অনেক সমস্যার কথা বলেছেন। তিনি উদ্বাস্তু সমস্যার কথা তুলে ধরেছেন খাদ্য সমস্যার কথা তুলে ধরেছেন, অর্থনৈতিক সমস্যার কথা বলেছেন, কিন্তু আমি মনে করি যুক্তফ্রন্টের সামনে সবচেয়ে বড় সমস্যা সেটা হলো গণতন্ত্রের সঙ্গে একনায়কতন্ত্রের সংঘাত। এই সমস্যা যুক্তফ্রন্ট সরকারের প্রশাসনযন্ত্রকে দুর্বল করে দিচ্ছে। পদে পদে বামপন্থী কমিউনিস্ট পার্টি এই যুক্তফ্রন্ট সরকারের সকল বিভাগকে পঙ্গু করে দিচ্ছে। আজকে তারা সারা বাংলাদেশকে নকশালবাড়ি সৃষ্টি করার জন্য তৈরী হচ্ছে এবং বামপন্থী কমিউনিস্ট পার্টি সম্ভবত কোথাও সংবিধানের সীমাবদ্ধতার মধ্যে কাজ করতে পারেন না। তার জন্য তারা মুক্ত অঞ্চল তৈরী করবার জন্য চেষ্টা করছেন। যেখানে আইনের বাঁধন থাকবে না, যেখানে সংবিধানের বাঁধন থাকবে না, যেখানে খেয়াল-খুসীমত তাদের রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করতে পারবেন, লুটতরাজ করতে পারবেন, কৃষককে ক্ষেপিয়ে দিয়ে লেলিয়ে দিয়ে কৃষি বিপ্লবের নামে অরাজকতা সৃষ্টি করতে পারবেন। সেইজন্য তারা বাংলাদেশে মুক্ত অঞ্চল বা ফ্রি জোন তৈরী করবার স্বপ্ন দেখছেন।

[7—7-10 p.m.]

আমি বাম কমিউনিস্ট ভাইদের হুসিয়ার করে দিতে চাই যে এই বাংলাদেশ জাতীয়তাবাদের মূর্ত প্রতীক যেটা নেতাজী সুভাষচন্দ্রের জন্মভূমি, যেটা রবীন্দ্রনাথের, যে দেশের অহিংসার পরম প্রতীক রামকৃষ্ণদেব জন্মগ্রহণ করেছেন সেই বাংলাদেশে হিংসার পথে, তাঁদের সেই মাও সে তুং এর পথে বিপ্লব সম্ভব নয়। বাংলাদেশের জাগ্রত মানুষ বাংলাদেশে যে গণতান্ত্রিক সংকট দেখা দেবে তাতে সেই হিংসার পথকে তারা প্রশ্রয় দেবে না, তাদের চামড়া তুলে দামামা বাজাবে এই কথা বলে আমি তাঁদের হুসিয়ার করে দিচ্ছি। এর পরে এই ভারতবর্ষের মধ্যে গান্ধীবাদী নেতা যাঁরা আছেন তাঁদের সম্বন্ধে ২-১টা কথা বলতে চাই। বাল্যকাল থেকে শ্রদ্ধেয় অজয়কুমার মুখোপাধ্যায়, ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ এবং পি এস পি-র নেতা নিশীথনাথ কুণ্ডু তাঁদের স্বার্থত্যাগ, দেশপ্রেমের কথা আমরা শুনে এসেছি কিন্তু আজকে আমরা কি দেখছি, না তাঁরা জেনেশুনে বাম কমিউনিস্ট দল এই যে মাও সে তুং-এর পথে সারা দেশে বিশৃঙ্খলার সৃষ্টি করছেন তা নীরবে সহ্য করছেন। তাঁরা সহ্য করছেন এজন্য যে, তাঁরা সেটাকে বাধা দিতে পারছেন না এজন্য যে তাঁরা মন্ত্রীত্ব ছাড়তে পারছেন না। মন্ত্রীত্বের লোভে তাদের আদর্শ বিসর্জন দিয়ে দেশ চুলোয় যাক, ধ্বংসের মুখে যাক, তথাপি যুক্তফ্রন্ট সরকারের মন্ত্রীত্বকে বাঁচিয়ে রাখতে হবে এরই জন্য আজকে তাঁরা নীরব, অসহায় এবং দুর্বল। আজকে আমি তাঁদের বলতে চাই যে তাঁদের উপর আমার যথেষ্ট শ্রদ্ধা আছে, তাঁরা দেশের মানুষের ভবিষ্যতের দিকে একটু চিন্তা করবেন কারণ এঁরা দেশকে ধ্বংসের মুখে ঠেলে দিচ্ছে। আর একটি কথা মাননীয় সভাপাল মহাশয়, আপনার মাধ্যমে বলতে চাই যে এই যুক্তফ্রন্ট সরকারের ৩-৪ মাস যে শাসন পরিচালনা আমরা দেখালাম তাতে আমাদের মনে হল যে, আমরা বাংলাদেশে বিংশ শতাব্দীতে বাস করি না, এদের শাসনকাল আমাদের আদিম যুগের কথা স্মরণ করিয়ে দেয়, বর্বর যুগের কথা স্মরণ করিয়ে দেয় যেখানে গায়ের জোরে সব কাজ চলে। সেজন্য আমরা দেখছি জবরদখল চলছে, এখানে আইনের শাসনের কোন কথা নেই; এই হচ্ছে বর্বর যুগের শাসনব্যবস্থা। এজন্য এখানে শান্তিশৃঙ্খলা বলে কিছু নেই, দেশের কল্যাণের কোন কথা নেই, তাই এই ব্যয়বরাদ্দকে কেউ বরদাস্ত করতে পারে না, সমর্থন করতে পারে না। সেজন্য আমি এর বিরোধীতা করছি।

শ্রীকমলকান্তি গুহ: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন বরাদ্দ খাতে আলোচনা করতে যেয়ে এখানে অনেক কথাই উঠেছে, আমি শুধু মুখ্যমন্ত্রীর কাছে কয়েকটি নিবেদন করতে চাই। যে জটিলতা পাকিয়ে আছে তাকে খোলবার আপনার চেষ্টা করা উচিত। যেমন ধরুন রায়গঞ্জ বালুরঘাট হেডকোয়াটার্সের কথা আপনি নিশ্চয় জানেন, সেখানে অনেকদিন ধরে এই গোলমাল চলছে। এখানে হেডকোয়াটার্সের বিল্ডিং অনেক উঠে আছে, সরকারী টাকা নষ্ট হচ্ছে, যদি মনে করেন একথা যে বালুরঘাটে এইসব হেডকোয়ার্টার রাখবো তাহলে আমি বলি রায়গঞ্জে ঐ বিরাট বিরাট বাড়িগুলিকে হয় হাই স্কুলের জন্য দিয়ে দিন, না হয় যারা উদ্বাস্তু তাদের কলোনী করে দিন। এই জটিলতা আপনি আর ঝুলিয়ে রাখবেন না। আর একটি কথা হচ্ছে এই আপনি জানেন উত্তরবঙ্গে মানুষের একটা দাবী বহুদিন ধরে আছে

সেটা হচ্ছে এই যে, মেকলীগঞ্জ এবং হলদিবাড়ি কোচবিহারের সদরের সাথে যোগাযোগ রাখতে পারে না, সেজন্য মেখলিগঞ্জ এবং হলদিবাড়িকে জলপাইগুড়ি জেলার সাথে যুক্ত করে দেয়া প্রয়োজন। সাথে সাথে সেইরকমভাবে আলীপুরদুয়ার, কুমারগঞ্জ থানাকে কোচবিহারের সঙ্গে যোগাযোগ করে দিলে জনসাধারণের সুবিধা হবে বলে আমরা মনে করি। এ সম্বন্ধে আপনাকে বিবেচনা করে দেখতে হবে। ৩নং কথা হচ্ছে, আমরা আগেও বলেছিলাম যখন বিরোধীপক্ষে ছিলাম, এখনও বলছি যে হাতী পুষে লাভ নেই, সেই হাতী আজকে পোষার কোন কারণ আছে কিনা সেটা আপনাকে আমাদের বলতে হবে, সেটা হচ্ছে ডিভিসনাল কমিশনারের পদ রেখে দেয়া হয়েছে। ইংরাজ আমলে এদের দিয়ে কতকগুলি কুকাজ করিয়ে নেয়ার জন্য রাজনৈতিক কারণে এগুলির সৃষ্টি হয়েছিল, আজকে আর তার প্রয়োজন নেই। যেমন উত্তরবঙ্গের সুরিটা সাহেবের কথা বলতে পারি, ঐ ভদ্রলোক ঘুমোতে যান মদ খেয়ে, সকালবেলায় মদ দিয়ে তিনি তাঁর দাঁত পরিষ্কার করেন, দাঁত ধোন, সেই লোককে রেখে আমাদের লাভ কি হচ্ছে? অথচ তাঁর পিছনে হাজার হাজার টাকা খরচ হয়ে যাচ্ছে, এই পদটিকে তুলে দিন। তরপরে আসুন মাথাভারী শাসন ব্যবস্থার কথা। টাকা আমাদের কমাতে হবে, এর থেকে টাকা কমিয়ে আপনি জনকল্যাণমূলক খাতে দিন, আমরা খুসী হব। টাকা কমাতে গেলে আজকে আপনাকে রাইটার্স বিল্ডিংস থেকে সুরু করতে হবে। আমি মনে করি যে সেক্রেটারীয়েট এবং ডিরেকটরেটের মধ্যে সেক্রেটারীয়েটকে তুলে দেয়ার প্রয়োজন আছে। কোন কাজ এদের দিয়ে হয় না, শুধু পলিসিগত ব্যাপারে এদের রেখেছেন। কিন্তু আমার মনে হয় উপযুক্ত লোককে যদি ডাইরেটরেটে দেন, ডাইরেকটর করেন তাহলে তাঁরাই পলিসি করতে পারবেন, কাজও করতে পারবেন এবং তাঁদের উপর থাকবেন আপনার ক্যাবিনেট এবং তার উপর থাকবে যুক্তফ্রন্ট সরকারের ১৮ দফা কার্যসূচি। এদিক দিয়ে টাকা আপনি বাঁচাতে পারবেন বলে আমি মনে করি। আর একটা কথা আমি আপনার কাছে রাখতে চাই, সেটা হচ্ছে এই যে কংগ্রেসের মধ্যে অনেক দুর্নীতি ছিল, তাঁদের পতনের কারণও ছিল অনেক কিন্তু একটা কারণ ছিল এই যে, জনসাধারণ বিক্ষুব্ধ হয়েছিল। মানুষ মনে করেছিল যে, স্বাধীনতার পরে আমাদের চারিদিকে যে বাঁধন, আমাদের চারিদিকে যে দুঃশাসন, আমাদের চারিদিকে যে কঠিন বেড়া আছে সেগুলি ভেঙ্গে যাবে, অচলায়তনের শেষ হবে কিন্তু কংগ্রেস সরকার বিশ বছরে সেই অচলায়তন ভাঙ্গতে পারেন নি, ইস্পাত কঠিন হয়ে গেছে। মানুষ আমলাতন্ত্রের কাছে বারে বারে মার খেয়েছে। সাধারণ মানুষ রেজিস্ট্রী অফিসে যদি যায় তাহলে টাকা না দিলে রেজিস্ট্রেশন হয় না। সাধারণ মানুষ সাপ্লাই অফিসে গেলে টাকা না দিলে কোন কাজ হয় না। সাধারণ মানুষ আজও যদি এস ডি ও অফিসে, ডি সি-র অফিসে, ম্যাজিস্ট্রেটের অফিসে যায় তাহলে ঘণ্টার পর ঘণ্টা তাদের দাঁড়িয়ে থাকতে হয়। এই অবস্থার কিন্তু এই চার মাসে কোন পরিবর্তন হয় নি। এটাকে পরিবর্তন করাতে হবে এবং এইসব কারণে আপনার কাজ ঠিক হচ্ছে কিনা সেটা আপনাকে দেখতে হবে। আপনি হয়ত জানেন না আপনি যে চিঠি লেখেন একটা দুস্থ লোককে সান্ত্বনা দিয়ে, সেই চিঠি এক মাসের আগে তার কাছে পৌঁছায় না। আপনি হয়ত সে খবর রাখেন না, রাইটার্স বিল্ডিংসের যে ডেসপ্যাচ সেকশন আছে একমাসের আগে সেখান থেকে সেই চিঠি যায় না। তাহলে আপনি দেখুন কি রকমভাবে সরষের মধ্যে ভূত ঢুকে আছে। সেগুলিকে আস্তে আস্তে আপনাকে ঠিক করে নিতে হবে এবং সেজন্য আমাদের তরফ থেকে মাননীয় সদস্যরা বলেছেন যে কমিশন একটা বসানো দরকার। আগে চিন্তাধারা, প্রতিক্রিয়াশীল নীতিকে তুলে দিয়ে নতুন চিন্তার সাথে নতুন কর্মসূচির সাথে সমস্ত সাধারণ শাসনযন্ত্রকে খাপ খাইয়ে নেয়া যায় কিনা সেজন্য একটা কমিশন আপনি করুন, ৬ মাসের মধ্যে সেই কমিশন আমাদের কাছে তার রিপোর্ট রাখুন, সেটা আলোচনা করে সেইভাবে আমাদের ঢেলে সাজাতে হবে। কিন্তু সবই যদি সেই অবস্থায় থাকে তাহলে আপনারা যতই উদ্দীপনা, দেশপ্রেম, আন্তরিকতা নিয়ে কথা বলুন সমস্তই বার বার আঘাত খেয়ে সেখান থেকে ফিরে আসবে। এবারে আমি রাইটার্স বিল্ডিংস থেকে বি ডিও-তে আসছি। এই বি ডি ও-র যে কি কাজ তা বি ডি ও-ই জানে না। আপনিও বোধ হয় জানেন না যে বি ডি ও-র কাজ কি। প্রকৃতপক্ষে তাঁর উদ্দেশ্য কি তা বি ডি ও জানে না, এস ডি ও সাহেব তাঁকে যে হুকুম দেন তিনি তাই করেন। এখান থেকে অফিসার গেল, তাঁকে বলা হচ্ছে ডাকবাংলোয় তুমি মুরগী নিয়ে থাক, তিনি তাই করছেন। তারপরে বন্যা হলে এস ডি ও বললেন গম নিয়ে যাও, তিনি গম নিয়ে যাচ্ছেন। আসলে কি

কাজের জন্য বি ডি ও আছে, সমাজ উন্নয়ন, কৃষকের উন্নয়ন সেটা কিন্তু হচ্ছে না। আর একটা জিনিস দেখুন গ্রামে অঞ্চলে অঞ্চল সেক্রেটারী আছেন, আবার সেখানে ফুড এবং রিলিফ কমিটি হয়েছে। অঞ্চলে এ'দের কথা অঞ্চল সেক্রেটারীরা শুনছেন না। অঞ্চল সেক্রেটারীরা বলছেন আমি তো প্রধানের লোক, আমাকে এ'দের কথা শুনলে চলবে কেন? অঞ্চলে আর একটা কমিটি রয়েছে কংগ্রেস সরকারের আমলে সেখানে রিলিফ কমিটি করে দেয়া হয়েছিল সেটাকে আপনি ভাঙ্গেন নি, সেটাকে না ভেঙ্গে ফুড এবং রিলিফ কমিটি রেখেছেন। সুবিধামত প্রধানরা সেই কমিটিতে গিয়ে কাজ করছে, আবার সুবিধামত দরকার হলে এই কমিটিও চালু করছেন, আবার সুবিধামত ফুড রিলিফ কমিটির কথা শুনছে। আমার বক্তব্য হচ্ছে এই যে, এই অঞ্চল সেক্রেটারী-দের দিয়ে যদি কাজ করাতে হয় তাহলে, একথা স্বীকার করতে হবে যে, গ্রামে আমাদের যে কৃষাণ বন্ধু আছে তারা এখনও ততখানি শিক্ষিত নয়, দেশকে তারা ভালবাসে, দেশকে তারা গড়ে তুলতে চায় আদর্শ নিয়ে চলতে চায়, কিন্তু কতকগুলি যে বাঁধাধরা কাজ করতে হয় তার জন্য কিছুটা শিক্ষার দরকার সেটা তাদের নেই, সেই কাজ করতে হলে সেক্রেটারীদের দিয়ে করাতে হবে।

[7-10—7-20 p.m.]

কিন্তু সেক্রেটারী কার লোক? সেটা এখনও ঠিক হয় নি। আমি বলব সেক্রেটারীদের সরাসরি সরকারী অধীনে নিয়ে আসুন। তাদের বেতন তারা যা চাইছে তাই করে দিন। তারা ডেপু-টেশন-এ এসে যে কথা বলেছে যে, তাদের অ্যাপয়েন্টমেন্ট দিচ্ছেন এস ডি ও, চাকুরি থেকে ছাড়িয়ে দিচ্ছেন এস ডি ও, কিন্তু তাদের প্রমোশন নেই পেনসন নেই, গ্র্যাচুইটি নেই। তাব চাকুরির কোন স্থিরতা নেই। তাদের বলা হচ্ছে, তুমি প্রধানদের কাছে যাও। সেইখানে আমার বক্তব্য হচ্ছে, আপনি সেক্রেটারীকে সরাসরি আপনাদের অধীনে নিয়ে আসুন, এনে তাকে কার্যকরী করুন। আর একটা কথা আমি বলতে চাই, সরকারী কর্মচারী সবাই খারাপ—একথা ঠিক নয়, অফিসাররা সবাই খারাপ, একথা ঠিক নয়। তাদের বাধ্য করা হয়েছিল বিশ বছর ঐ পথে চলতে। কিন্তু চলতে চলতে তারা সেই পথে অভ্যস্ত হয়ে গিয়েছে। এখন যদি তাদের নূতন দৃষ্টিভঙ্গী নিয়ে চালাতে হয়, তবে তাদের সেখান থেকে সরাতে হবে। রাইটার্স বিল্ডিং এবং বিভিন্ন জায়গায় সে সব অফিসাররা আছেন, ডেপুটি সেক্রেটারীরা আছেন, সেক্রেটারীরা আছেন—তাদের নিয়ে একটা চক্র গড়ে উঠেছে, ইচ্ছা করলেও তাঁরা সেখান থেকে আজ মুক্তি পাচ্ছেন না। তাঁরা হাবুডুবু খাচ্ছেন। সেইজন্য আমার মনে হয়, যদি তাঁদের নূতন জায়গায়, নূতন পরিবেশে ফেলে দিতে পারেন, তাহলে যুক্তফ্রণ্টের যে ১৮ দফা কর্মসূচি তা রূপায়িত করতে পারবেন। তা যদি না পারেন, তবে সেই পচা আবহাওয়া থেকে তাঁরা মুক্তি পাবেন না। সেইজন্য তাঁদের মঙ্গলের জন্য দেশের মঙ্গলের জন্য, শাসনযন্ত্রের মঙ্গলের জন্য তাঁদের সেখান থেকে বদলী করে দিন। এটা আমার কথা নয়, এটা যে করছেন প্রতিহিংসামূলক ব্যবস্থা হিসাবে তা নয়, তাঁদের বলুন, এটা করলে তোমাদের কাছে কাজ ভালভাবে পাওয়া যাবে না। তাদের বদলী করে দিয়ে নূতনভাবে ঢেলে সাজান। তাহলে ওরা যে কথা বলছে, ওরা যে উল্লাস প্রকাশ করছে, আর শকুনীরা যে আর্তনাদ করছে তাদের আহারের জন্য, মনে করছে গদী কবে পাব, তাদের মুখে ছাই দিয়ে এই শাসনযন্ত্র জোরদারভাবে চলবে—এই আশা নিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীযজ্ঞেশ্বর রায়ঃ আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে প্রস্তাব করছি মাননীয় কমলবাবু জলপাইগুড়ি জেলার ২-৪টি থানাকে কোচবিহারে দিতে চাচ্ছেন। কিন্তু আমি মনে করি আলিপুর দুয়ার এবং কুমারগঞ্জ থানা যদি কোচবিহারকে দেওয়া হয় সেটা খুবই অন্যায় করা হবে। আমি এই প্রস্তাব আদৌ সমর্থন করতে পারি না এবং মেখলীগঞ্জের লোকও অনায়াসে কোচবিহারের সাথে যোগাযোগ রাখতে পারে। কাজেই আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি যে, তিনি যেন এই প্রস্তাব গ্রহণ না করেন।

শ্রীকৃষ্ণদাস রায়ঃ মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় মুখ্যমন্ত্রী আজকে যে ব্যয়বরাদ্দ এই সভায় উপস্থিত করেছেন, সেই ব্যয়বরাদ্দের বিরোধীতা করতে গিয়ে আমি কয়েকটি বিষয় উল্লেখ করছি। তিনি বলেছেন দেশে উন্নত ধরনের আইন ও শৃঙ্খলা এবং সমাজব্যবস্থাকে সুষ্ঠুভাবে

রক্ষার জন্য তিনি এই শাসন ব্যবস্থাকে সুদৃঢ় করতে চান। কিন্তু চার মাসের যে ইতিহাস রয়েছে, তার একটি দৃষ্টান্ত নয়, হাজার হাজার দৃষ্টান্ত রয়েছে যে বর্তমানে দেশে আইন ও শৃঙ্খলা একেবারেই বিলুপ্ত। আমাদের ধারনা মাইট ইজ রাইট এই অবস্থাতে দেশ চলছে। এই অবস্থাতে প্রশাসনিক ব্যাপারে তার যে শৈথিল্য এসেছে তিনি যে প্রশাসনযন্ত্রকে যথেষ্ট সুবিধা করতে পারেন নি—একথা বলার মত যথেষ্ট আমাদের কাছে উদাহরণ রয়েছে। এই সম্বন্ধে কয়েকটি বিষয়ে তার দৃষ্টি আকর্ষণ করে আমার যে এলাকা আছে সেই এলাকার কিছু ঘটনার প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করব। আমাদের এলাকায় আজকে দিনের বেলায় মানুষ চলাফেরা করতে সাহস করে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে বিগত ২২-৬-৬৭ তারিখে যে চাল এবং ধান লুঠের জন্য যে টেলিগ্রাম করা হয়েছিল এবং বাম কমিউনিস্ট পার্টির লোকেরা ঐ ধান এবং চাল লুঠ করে সরকারে দেবেন বলে যে ব্যবস্থা করেছিলেন আজও পর্যন্ত সেইসমস্ত ব্যক্তিকে তারা ধরতে পারেন নি এবং তাদের শাস্তি দিতে পারেন নি। তারপর আমাদের এলাকাতে যে পর পর কয়েকটি দুর্ঘটনা হচ্ছে তার কাছে এই বিষয়ে অনেক তথ্য এবং টেলিগ্রাম পাঠান হয়েছিল কিন্তু আজ পর্যন্ত সেই সব বিষয়ে কোন প্রতিকার তিনি করতে পারেন নি। এ ছাড়া তাঁর কাছে কয়েকদিন আগে চাষবাস সংক্রান্ত ব্যাপারে বাম কমিউনিস্টদের লোকে যেসমস্ত মজুর এবং শ্রমিক আজকে দেশে চাষবাসে বাধা সৃষ্টি করছে সেই সমস্ত ঘটনার কথাও তাকে জানিয়ে আজ পর্যন্ত কোন প্রতিকার পাওয়া যায় নি। তাহলে দেখা যাচ্ছে যে সমস্ত দুর্দশার সম্মুখীন দেশবাসী হচ্ছে, দিনের পর দিন তারা যেভাবে যন্ত্রণা পাচ্ছে তার প্রশাসন সেই যন্ত্রণাকে দেশবাসীর মন থেকে মুক্ত করতে পারে নি। ইতিপূর্বে মাননীয় খাদ্যমন্ত্রী বলেছিলেন যে দেশের কৃষির উন্নতি করতে হবে, কিন্তু যদি দেশে দিনের পর দিন এইভাবে কৃষিকর্মে বাধাপ্রাপ্ত হয়, তাহলে চাষ বৃদ্ধি পাবে কি করে? এই অবস্থাতে আমার ধারনা যে দেশে শান্তি এবং শৃঙ্খলা পুরাদস্তুর ব্যাহত হয়েছে এবং তার ফলে মানুষের মনে নৈরাশ্যের ভাব দেখা দিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছু আগে সরকার পক্ষীয় একজন সদস্য বলেছিলেন যে মজুতদারদের এখন সরকারী অফিসাররা ধরতে পারেন নি, একথা ঠিক যে সরকারী কর্মচারীদের গাফিলতি আছে এবং আমি বলব যে, বহু দলের চাপে পড়েও তারা সমাজ-বিরোধী লোকেদের ব্যাপারে কোন কিছু করতে পারেন নি এবং আজকে যদি নিরপেক্ষভাবে সেই সমস্ত বিষয় তদন্ত করা যায় তাহলে তাতে কমিউনিস্ট পার্টির লোক তাতে বাংলা কংগ্রেসের লোক কোন লোকই আজ বাদ যাবেন বলে আমার মনে হয় না। এ সম্বন্ধে খাদ্যমন্ত্রীর কাছে একটা দরখাস্ত আমরা পাঠিয়েছিলাম, কিন্তু আজ পর্যন্ত সে সম্বন্ধে কোন বিহিত ব্যবস্থা হয় নি। আজকে সবং থানায় পি ডি অ্যাক্ট-এ যাদের ধরা হচ্ছে তাদের মধ্যে ১০-১২ বিঘার জমির মালিককে কেন ধরা হচ্ছে। আমি একথা নিশ্চিতভাবে বলতে পারি যে, প্রশাসন আজকে কলুষমুক্ত নয়। সেইজন্য আজকে এই প্রশাসনিক খাতের ব্যয়বরাদ্দ, সেটার আমি বিরোধীতা করছি।

[7-20—7-30 p.m.]

শ্রীশিবদাস ঘটক: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী আমাদের কল্যাণ রাষ্ট্রের সাধারণ শাসন খাতে যে ব্যয়বরাদ্দ এনেছেন সে সম্পর্কে আমি দু-চারটি কথা বলবো আজকে উনি কল্যাণের কথা বলেছেন, কিন্তু দুঃখের বিষয় এই যে সরকারী কর্মচারীদের সমস্যার কথা তিনি কোথায়ও উল্লেখ করেন নি এবং সেই সমস্যা সমাধানের জন্য তিনি কি করেছেন আমি তাও বুঝি নি। কিছুদিন আগে আমরা শুনেছিলাম যে, ১১ টাকা ১৮ টাকা ২৫ টাকা ডিয়ারনেস অ্যালাউন্স তাঁরা দিয়েছেন এই হাউসে আমরা আসার পর থেকে সরকারী কর্মচারীদের দুর্নীতির কথা, তাদের সম্বন্ধে অনেক কিছু আলোচনা হোল, একদিকে দেখছি কিছু নিরীহ সরকারী কর্মচারী তারা হয়েছেন বলির পাঁঠা, আর অন্য দিকে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী অজয়দা হয়েছেন বলির পাঁঠা। আমাদের কমলবাবু এখনই বলে গেলেন যে এই সরকারী কর্মচারীদের বিশ বছর ধরে যে বুলি শিখানো হয়েছে তা না বদলালে চলবে না। কিন্তু উনি ভুলে যাচ্ছেন যে এখন তাঁরা যে সরকার করেছেন তা কংগ্রেসের নামেই করেছেন কংগ্রেসের মুখ্যমন্ত্রী। এই বিশ বছরের মোটা সরিক অজয়দা কি বুলি সরকারী কর্মচারীদের শিখিয়ে এসেছেন সে কথা তাঁকে জিজ্ঞাসা করুন। কারণ ১৪ বছর তিনি যে বুলি শিখিয়েছেন আজকেও কর্মচারীদের সেই বুলিই শিখাবেন, নূতন

বুলি তো শিখাতে পারবেন না। ডাঃ ঘোষ আমাদের মুখ্যমন্ত্রী ছিলেন, তিনিও গোড়াতে সেই বুলি শিখিয়েছেন এখন মাঝে যদি কিছু জোড়াতালি দিতে চান সেই জোড়াতালিতে সরকারী কর্মচারীরা চলবে না। এখন আপনাদের সবথেকে বড় আপসোসের ব্যাপার হয়ে দাঁড়িয়েছে এই যে, তারা নিরপেক্ষভাবে কাজ করতে গেলে আপনাদের সেটা পছন্দ হচ্ছে না। আপনারা যদি এখন খোল নোলচে বদল করতে পারেন তাহলে তো ডাঃ ঘোষ আর অজয়বাবুকে বাদসাদ দিয়ে এই সরকারী কর্মচারীদের বাদ দিয়ে নূতন করে ঢেলে সাজতে হবে। আমার আগে এক ভদ্রলোক বললেন যে, আই এ এস, ডবলিউ বি সি এস, আই সি এস সব খারাপ—তাহলে ও'কে সরকারী কর্মচারী করে দিলে দেশের শাসন ব্যবস্থা ভাল হবে কিনা তা আমি বুঝতে পারছি না। আমি সবথেকে বড় কথা বলবো যে, সরকারী কর্মচারীরা আজকে কি সমস্যার সম্মুখীন হয়ে আছে। তাদের বাসগৃহ নেই, তাদের ছেলেপিলেদের পড়াশুনা করবার ব্যবস্থা নেই, তাদের হাসপাতালের ব্যবস্থা নেই। স্যার, ও'রা বোধ হয় ভাবছেন যে ও'রা ব্রিটিশ আমলের বাজেট পেশ করছেন। সরকারী কর্মচারীরা লন্ডন থেকে জাপান, জার্মানী থেকে এসেছেন—ও'রা যে ও'দের ভাইবোন, সে কথা ও'নারা ভুলে যাচ্ছেন। আজকে যদি দুর্নীতিপরায়ণ যদি কোন সরকারী কর্মচারী থাকেন তাহলে নিশ্চয় তাকে শায়েস্তার ব্যবস্থা করা হবে। স্যার, আমি একটা ছোট্ট কবিতা পড়বো— সরকারী কর্মচারীদের সম্বন্ধে, অজয়বাবু স্বামী মোদের প্রভু জ্যোতি বোস, কার কথা শুনবো বলুন কথায় কথায় রোস, দাদা বিশ্বনাথ সোমনাথ দুজনে মিলে যখন যেথায় খুশী যাচ্ছেন চলে। কমল কমল কথা কথায় কথায় বলে—হেথায় তোমার ঠাঁই নাই যাও চলে ঘরে। আমরা না খেয়ে পরে আছি হেথা পড়ে, চারিদিকে প্রভু মোদের লালদিঘীতে বাস, কংগ্রেস দেশের সেবক হউন জনম, জনম আশা। অজয়ের জয় হবে এসো কংগ্রেসে ফিরে আমরা হেথায় বসে আছি ধরবো তোমায় ঘিরে।

শ্রীগোলকেশ ভট্টাচার্য: স্পীকার স্যার, আজকে অ্যাডমিনিস্ট্রেশন বলতে পশ্চিমবাংলায় কিছু নেই, এটা পরিষ্কারভাবে আজকে আলোচনা হয়ে গেছে। তাই এই ব্যয়বরাদ্দের দাবীর আমি সম্পূর্ণ বিরোধীতা করছি। পশ্চিমবাংলায় বিশৃঙ্খলা এবং সন্ত্রাসের রাজত্ব যে চলছে এই ১৪টি পার্টির মধ্যে একটা পার্টি মার্কসিস্ট কমিউনিস্ট পার্টি তারা ঘরে এবং বাইরে যে সন্ত্রাসের রাজত্ব চালিয়ে যাচ্ছে সেটা পরিষ্কার করে আজকে পশ্চিমবঙ্গের প্রতিটি মানুষ বুঝতে পেরেছে এবং এটা পরিষ্কার হয়ে গেছে হাটেবাজারে, মাঠে, গাড়িতে, বাড়িতে সমস্ত জায়গায় যত কিছু লুট হচ্ছে গণকমিটির নাম দিয়ে এই মার্কসিস্ট কমিউনিস্ট পার্টি বিভিন্ন জায়গায় লুটতরাজ যে চালু করে দিয়েছে তা আজ সারা বাংলাদেশের মানুষ পরিষ্কার করে বুঝতে পারছে। এই কয়েক দিন আগে খাদ্য বাজেটে বিভিন্ন ভাবে বিভিন্ন সদস্যরা তা বলে গেছেন এবং সেদিন ওরা অনেক বড় বড় ধর্মের জ্ঞানের কথা এখানে বলে গেছেন। আমি স্যার, একটু শুধু আপনার কাছে পরিষ্কার করে বলবো এবং খাদ্যমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর কাছেও, যেটা তথ্যপূর্ণ জেটিয়া অঞ্চল থেকে একটা চিঠি মুখ্যমন্ত্রী এবং খাদ্যমন্ত্রীর কাছে সেখানকার স্থানীয় লোকেরা দিয়েছিলেন সেখানকার ডিলার তিনি নানারকমভাবে বেআইনীভাবে চুরিচামারি করে খাদ্য সরিয়ে নিয়ে যাচ্ছেন এবং বহু ফলস রেশন কার্ড আছে যার প্রমাণ আছে, এখানে আমি পরিষ্কার করে রেশন কার্ডের নম্বর দিয়ে বলে দিতে পারি যারা ঐ অঞ্চলে বাস করেন না, অন্য অঞ্চলে বাস করছেন এবং একই লোকের নামে বাংলাদেশের মধ্যে দুই জায়গায় রেশন কার্ড চালু আছে—তাদের কথা আমি বলছি এবং আমি পরিষ্কারভাবে আপনাকে জানিয়ে দিচ্ছি, মুখ্যমন্ত্রীকেও জানাচ্ছি যে এই জেটিয়া অঞ্চলের যিনি অঞ্চল প্রধান তাঁর দাদা ঐ অঞ্চলের গ্রামের অধ্যক্ষ এবং তাঁর নামে এই দোকান রয়েছে—জিতেন সরকার অঞ্চল প্রধান এবং তার ভাই সুধীর সরকার তিনি গ্রামের অধ্যক্ষ তাঁর নামে রেশন সপ আছে এবং সেই রেশন সপে এখনও পর্যন্ত ১৩৪ ইউনিট ফলস কার্ড চালু রয়েছে। একটা লোকের নামে দুটি রেশন কার্ড একটা হোল্ডিং একই নামে এবং তার বাবার নামও এক, তিনি মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির লোক আর একটা জিনিস আপনাকে জানাচ্ছি নেপাল হালদার নাম, যিনি গ্রামসভার সভ্য তিনি মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির সভ্য, তাঁর বাড়িতে একই নামে দুটো রেশন কার্ড চালু আছে, একটা ১৩ ইউনিটের পুরো আর দুটো হাফ ইউনিটের। এই আবেদন মুখ্যমন্ত্রী এবং খাদ্যমন্ত্রীর কাছে পাঠান হয়েছিল তার একনলেজমেণ্টটা আমার কাছে আছে কিন্তু দেখা গেছে যে দরখাস্ত করার পাঁচ দিনের মধ্যে তাকেই আবার দরখাস্ত দেখান

হয়েছে এবং বলা হয়েছে "আমার নামে দরখাস্ত করে কি করবে, এই দেখ আমার কাছে দরখাস্ত।" আজকে অ্যাডমিনিস্ট্রেশন যদি এই হয়ে থাকে যে সরকারের কাছে কোন কিছু গোপনভাবে পাঠালে তা যদি কে করেছে তাকে দেখান হয়, যে তার এগেইনস্ট-এ কমপ্লেইন করেছে তাকেই যদি সেই কাগজ দেখান হয়, সেই কমপ্লেন্যান্টকে যদি ধমকান দেওয়া যায়, খুন করবার জন্য ধমকানি দেওয়া হয়, তাহলে কি হবে? আজকে কি রাজত্ব চলছে তা সকলেই জানেন। স্যার, আপনি জানেন একজন গেজেটেট অফিসার যিনি নিজেকে গেজেটেড অফিসার বলে প্রকাশ করেন—গেজেটেড অফিসার শ্রীকালিদাস চক্রবর্তী তিনি কমিউনিস্ট পার্টির সমর্থক এবং কলকাতা শহরে প্রায় দুই বৎসর ধরে আছেন। তাঁর গ্রামের বাড়িতে ৯ ইউনিট-এর একটা কার্ড আছে এবং তিনি ওখান থেকেও রেশন তোলেন এবং কোলকাতার দোকান থেকেও রেশন তোলেন। এর আগের দিন আমি লুঠের কথা বলেছিলাম তখন সভার সভ্যরা হল্লা করেছিলেন এবং অসত্য তথ্য পরিবেশন করেছিলেন। তাঁরা বলেছিলেন যে, লুঠ করেছে কংগ্রেস সভ্য। আমি পরিষ্কারভাবে বলতে চাই যে জগদীশ দাস এবং ঐ অঞ্চলের অঞ্চল প্রধান শ্রীজিতেন সরকারের নেতৃত্বে ট্রেন লুঠ হয়েছিল। স্যার, উনি সেদিন বলেছিলেন যে কংগ্রেস দলের সমর্থকরা এটা করেছেন। স্যার, ঐ অঞ্চলের বাজার সমিতির সদস্য জিতেন সরকার এবং বাজার সমিতির দারোয়ান বাহাদুর বলে নাম, তারা লুঠের কেসে আসামী হয়েছিলেন। তারা সে নাম গোপন রেখেছিলেন এবং এখানে অসত্য তথ্য পরিবেশন করে কংগ্রেসকে দোষারোপ করে এই কথা বলেছিলেন। স্যার, আমি বলি এই অসত্য তথ্য ও কটূক্তি মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির পক্ষ থেকে করেছিলেন, যাদের কথা বলতে গেলে—সেই সব স্ক্যান্ডালার্স চরিত্রের লোকের কথা বলতে হয়। আপনি নিশ্চয়ই জানেন, যাদের এইরকম জঘন্য চরিত্র তাদের কথা উত্তর দিতে আমি চাই না। সোসিয়াল প্যারাসাইটদের জবাব দেওয়া প্রয়োজন বোধ আমি মনে করি না। এই কথা বলেই বাজেটের বিরোধীতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[7-30—7-40 p.m.]

শ্রীশ্যামসুন্দিন আমেদঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের মুখ্যমন্ত্রী যে ব্যয়বরাদ্দ দাবী উত্থাপন করেছেন আমি তার বিরোধীতা করছি। আমি আমাদের মুখ্যমন্ত্রী যিনি পুলিস দপ্তরের এবং সাধারণ প্রশাসন দপ্তরের মন্ত্রী শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ের প্রতি আমাদের দলের কোন আস্থা নেই। তবুও আমি আশা করেছিলাম একদিন যিনি গ্রামীণ মানুষের জীবনের সঙ্গে জড়িত ছিলেন সেই মানবদরদী কর্মী অজয় মুখোপাধ্যায় বুঝি আজও তাই আছেন, আমি তাঁর কাছে আপনার মাধ্যমে কিছু নিবেদন করতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে এক শ্রেণীর নারী আছে যারা নিজেদের হাতের কাঁকন রাখবার জন্য আয়নার দরকার হয়, আজকে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর আচরণ দেখে মনে হচ্ছে তিনি সেই পর্যায়ে পড়েন, মানে তিনি সেই কাঁকন দেখবার জন্য চোখের সামনে এনে আয়নার দরকার হয়েছে, কাল থেকে তিনি আজ পর্যন্ত জোর গলায় বলে এসেছেন যে এত দুঃখকষ্ট এবং এত অভাব থাকা সত্ত্বেও সমস্ত বাংলা দেশের মানুষ তার সরকারের প্রতি এতই ভালবাসায় মুগ্ধ যে কেউ আগুন লাগাচ্ছে না, কোন গণ্ডগোল করছে না, আমি তঁর কাছে নিবেদন করবো যে, তিনি যদি কিছুক্ষণের জন্য অপচয় হিসাবে মনে করে আমার সঙ্গে যান তাহলে আমি বাংলাদেশের নিভৃত অঞ্চলে তাঁকে নিয়ে যাব এবং সেখানে তিনি মুখ্যমন্ত্রী অজয়কুমার মুখোপাধ্যায় হিসাবে থাকবেন না, তিনি সেখানে থাকবেন মানুষ শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায় হিসাবে। তাঁর উপস্থিতিতে তাঁর সরকার সম্পর্কে সাধারণ গরীব এবং দুঃস্থ মানুষের কি ধারণা সেটা তিনি অনুগ্রহ করে জানবেন। তিনি যে পার্শ্বচর পরিবৃত তাঁকে পরিষ্কার চোখে দেখতে বাধা দিচ্ছেন, যে দিকে চোখ দিচ্ছেন চোখের মাঝখানে তাঁরা আছেন বলে তিনি কিছু দেখতে পাচ্ছেন না। তাঁর সব বিলীন হয়ে গেছে তাদের দ্রোখের কাছে। তিনি যদি এই কথা মনে করে থাকেন তাহলে চরম দুঃখের কথা হবে যে বাংলাদেশের মানুষের দুঃখকষ্ট জানবার জন্য মানুষ আগুন লাগাচ্ছে কিনা, লুঠপাট করছে কিনা তা জানতে হবে, আইন ভঙ্গ করছে কিনা তা জানতে হবে। এই যদি মানুষের দুঃখকষ্ট জানবার সপক্ষে হয়, তাহলে বাংলাদেশে আর যাই থাকুক একটা সুষ্ঠু প্রশাসনিক ব্যবস্থা নিশ্চয়ই নেই এবং বাংলা দেশের মানুষের উচ্চ আসনে বসে আছেন যিনি মুখ্যমন্ত্রী তিনি মানুষ নয় সাধারণ বুদ্ধিভ্রষ্ট হয়ে

এসেছেন, আমি বাংলাদেশের যুক্তফ্রন্ট সরকারের মার্ক্সবাদী দলগুলির প্রশংসা করি। প্রশংসা করি এই জন্য যে, তাঁরা যা বিশ্বাস করেন তা গোপন রাখেন না। যে আদর্শে তাঁরা বিশ্বাসী, গণতান্ত্রিক পদ্ধতির মধ্য দিয়ে শোষণমুক্ত সমাজ গঠন করা যায় না এবং যুক্তফ্রন্ট সরকারে এলে তাঁরা সেকথা বলতে দ্বিধা বোধ কবেন না। তাঁদের রাজনৈতিক প্লাটফর্ম-এ তাঁরা সেটা বলতে পারেন। তাঁদের আদর্শ মত বিশ্বাস করেন, তাঁরা আজকে গণতন্ত্রের সঙ্গে হাত মিলিয়েছেন এইজন্য গণতন্ত্রের নৌকায় উঠেছেন এইজন্য যে মাঝ দরিয়ায় ধাক্কা দিয়ে সকলকে ডুবিয়ে দেবেন এবং ডুবিয়ে দেবার পর তাঁরা সেই শাসনব্যবস্থা গ্রহণ করবেন। এই যে নীতি এই নীতিকে বিশ্বাস করা যায় না, সে কৌশল নিয়েই তাঁরা আজকে কাজ করছেন এবং এই ব্যবস্থা গ্রহণ করছেন। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানেন কার তিনি সারা পৃথিবী ব্যাপী কমিউনিস্ট আন্দোলন সম্পর্কে অভিজ্ঞ লোক এবং তাঁর কাছ থেকে কমিউনিস্ট আন্দোলনের স্বরূপ কি তাহা আমরা গ্রহণ করেছি। তিনি আমাদের দেখিয়েছেন যে গণতান্ত্রিক পন্থা এবং কমিউনিস্ট পন্থা এই দুই পন্থার মধ্যে গণতান্ত্রিক পন্থাই শ্রেষ্ঠ। তারই আড়ালে থেকে তাঁকে এইভাবে ব্যবহার করে মার্ক্সবাদী দলগুলির বাংলাদেশে কমিউনিস্ট আন্দোলনকে প্রতিষ্ঠা করবার জন্য এক একটা চক্রান্ত করে যাচ্ছেন এবং সুষ্ঠুভাবে কাজ করে যাচ্ছেন। আজকে তিনি মোহান্ধ হয়ে এইসব কিছু দেখতে পাচ্ছেন না। দ্বিতীয়ত আমাকে কি এই কথা মনে করতে হবে তিনি যে সমস্ত জীবনব্যাপী যে কমিউনিস্ট বিরোধী তথ্য আমাদের শিখিয়েছিলেন যে তথ্য তিনি পণ্ডিত বলে আজও স্বীকার করা হয়। আজও কি এটা স্বীকার করতে হবে যে, সে তথ্য ভুল? অথবা তিনি অস্বীকার করেন কি বে-কায়দায় পড়েছি বলে যে "টেনে টেনে ডুবছি ভাই—আমার কিছু করবার নাই"—এই কথা প্রকাশ্যে তাকে স্বীকার করতে হবে, আপনি চেয়ে দেখুন যে প্রশাসনিক ব্যবস্থা আছে তার পাশাপাশি আর একটা প্রশাসনিক ব্যবস্থা গড়ে উঠেছে। যার নাম দেওয়া হয়েছে গণকমিটি। এরা এইভাবে শাসনযন্ত্রের পাশাপাশি থেকে কি কাজ করতে চান? আমাদের রাষ্ট্রে যে প্রশাসন ব্যবস্থা আছে তার পাশাপাশি থেকে আর একটা বিকল্প ব্যবস্থা গ্রহণ করতে চান, স্যার, আপনি জানেন যে, ছোটখাট কাজে এরা সামনেই বহু পক্ষের দায়িত্ব এরা নিজেরা গ্রহণ করেছেন। এরা ধান, চাল সংগ্রহ করবার জন্য লোকের বাড়ি ঢুকেছে, ট্রাফিক পুলিশ কন্ট্রোল করছে এবং এইভাবে এরা নানানভাবে জনসাধারণের সহযোগীতা করবার চেষ্টা করছে। আপনি চেয়ে দেখুন এইসব লোক কারা, যারা জনসাধারণের সামনে সহযোগীতা দেবার জন্য এগিয়ে এসেছে, অন্য প্রচেষ্টাকে ব্যর্থ করে দেবার জন্য এরা চেষ্টা করেছে। আজ যে আপনার সরকার দুই লক্ষ টন চাল সংগ্রহ করতে চেয়েছিলেন বাংলাদেশের বিভিন্ন জেলা থেকে তার মাত্র শতকরা ৫ ভাগ তারা প্রোকিওরমেন্ট করতে পেরেছেন। এরাই নাকি বলেন যে আমাদের মত জনপ্রিয় সরকার আর নাই, তাঁদের জনপ্রিয় ব্যবস্থার মাধ্যমে আজকে বাংলাদেশের প্রোডাকশন-এর পাঁচ ভাগ মাত্র তাঁরা তুলতে পেরেছেন আজকে প্রকৃত অংশে এসে দেখুন কোথায় জনপ্রিয়তায় যারা আজকে সহযোগীতা করবার জন্য উপস্থিত হয়েছে, যারা বন্ধু সেজে আপনাদের প্রোগ্রামকে ব্যর্থ করে দিচ্ছে, লুঠতরাজ সৃষ্টি করছে বিভিন্ন ব্যবসায়ীদের যে চ্যানেল সেইসব বন্দোবস্ত করে দিচ্ছে তারা কারা? আজকে তারা এইভাবে নানান কাজে বাধ্য করছে এবং স্কেপ গোট করে তারা এইভাবে কাজ চালিয়ে যাচ্ছে।

[7-40—7-50 p.m.]

ধানচাল সংগ্রহে ব্যর্থ হবার জন্য স্কেপগোট খুঁজে আপনাকে বাধ্য করা হয়েছে পি ডি অ্যাক্ট প্রয়োগ করাতে। তাই আমি মানুষ অজয়কুমার মুখার্জীর কাছে এই কথা বলছি যে আপনি কোন নৈতিক অধিকার বলে বাংলাদেশের লোকের উপর পি ডি অ্যাক্ট প্রয়োগ করেন? আপনি ৬ই এপ্রিল তারিখে তৎকালীন সরকারের লেভি অর্ডারকে অ্যানালড করেছেন এবং ২৬এ এপ্রিল তারিখে প্রোকিওরমেণ্ট অর্ডার প্রোমালগেট করেছেন। অর্থাৎ ২০ দিন ধরে বাংলাদেশের ধানচালকে ডিসপোজাল করবার জন্য সরকারের কোন আইন ছিল না, কোন বিধিনিষেধ ছিল না। একজন মালিক তার সম্পত্তি যে কোন উপায়ে বাজারে বিক্রি করতে পারতো, কিন্তু আপনাবই নীতির ফলে বাংলাদেশের যারা উৎপাদক সেই কৃষক তার সমস্ত শস্য বিক্রী করার থেকে বঞ্চিত হয়েছে। এর জন্য দায়ী হচ্ছেন আপনি। আপনি সুযোগ দিয়েছেন সেই সুযোগ যদি কেউ গ্রহণ করে থাকে এবং আপনি যদি স্কেপগোট খুঁজে তাকে ধরতে চান তাহলে আমি বলব আইনের অপব্যবহার

করছেন। মানুষ হিসাবে আপনার অধিকার নেই তা করবার। কিন্তু আপনি সেই কাজই করছেন। আমি মানুষ অজয় মুখার্জীর কাছে বলছি যে এই ধরনের কাজ সরকার পক্ষ থেকে হচ্ছে কি না হচ্ছে এমনিভাবে একটি একটি করে দেখিয়ে দিতে পারি যে বাংলাদেশের মার্ক্সবাদী দলগুলি আপনারই শাসনব্যবস্থার পাশাপাশি পাল্টা ব্যবস্থা করছে। তারা আজকে আপনারই জনকল্যাণমূলক প্রচেষ্টাকে ব্যাহত করছে, স্যাবটেজ করছে। কিন্তু অত্যন্ত দুঃখের কথা হচ্ছে এই যে আপনি তাঁদেরই জয়গান গাইছেন এবং তাঁদেরকে জনসাধারণের সমর্থক বলে প্রমাণ করবার চেষ্টা করছেন। আমি বার বার আপনার কাছে আবেদন করছি যে আপনি সর্বাঙ্গীণ শুষ্ঠু শাসনব্যবস্থা গ্রহণ করুন এবং আপনি জনকল্যাণমূলক কাজে ব্রতী হোন তাতে আমাদের কোন আপত্তি নেই। কিন্তু আমাদের আপত্তি হচ্ছে সেইখানে যেখানে আপনি গণতান্ত্রিক ব্যবস্থাকে বিপর্যস্ত করবার জন্য পরোক্ষে সহযোগিতা করছেন এবং তাঁদেরই একনায়কত্ব প্রতিষ্ঠা করবার জন্য আপনি সবচেয়ে বেশি অগ্রণী হয়েছেন, যদিও আপনি মতামতের দিক থেকে তাঁদের বিরুদ্ধে ঘোরতর বিরোধী। এই কথা বলে আমি এই ব্যয়বরাদ্দের বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীজগদীশ দাস: অন এ পয়েন্ট অব পারসোন্যাল এক্সপ্লানেশন, স্যার, আমি এই হাউসের ভিতর ছিলাম না। আমি এখানে এসে শুনলাম ওপক্ষের সদস্য গোলকেশ ভট্টাচার্য আমার সম্পর্কে এই হাউসের সামনে কিছু কথা বলেছেন। আমি বলছি এটা সত্য নয়। উনি বলেছেন আমরা নাকি ধান-চাল লুঠ করেছি। আমি আপনাকে এই কথা বলছি উনি যে বিশেষ সুযোগ নিয়ে হাউসে যা বলেছেন তা সর্বৈব মিথ্যা। আমি তাঁকে চ্যালেঞ্জ করছি, তিনি এই হাউসের বাহিরে এসে এই কথা বলুন। আমি আপনাকে আরও বলছি, ঐ সদস্য ঐ অঞ্চলে যে নামে পরিচিত সেটা হচ্ছে ওয়াগন ব্রেকার এবং উনি অন্যান্য আরও জঘন্য কাজ করে থাকেন।

শ্রীগোলকেশ ভট্টাচার্য: মাননীয় স্পীকার, স্যার, আজকে আমাদের সামনে জগদীশ দাস মহাশয় যে তথ্য দিলেন ওয়াগন ব্রেকার বলে, বাংলাদেশের সর্বময় কর্তা মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে চ্যালেঞ্জ করে এই কথা আমি বলছি যে ওয়াগন ব্রেকিং বলে কোন ডায়েরী বা কেস আমার নামে দেখাতে পারবেন না। উনি এখানে অসত্য কথা বলেছেন। মুখ্যমন্ত্রী মহাশয়ের মাধ্যমে এটা এনকোয়ারি করা হোক। স্যার, ওয়াগন ব্রেকার বলে যে অসত্য কথা এখানে পরিবেশন করেছেন সেটাকে এক্সপাঞ্জ করা হোক। আমি বলছি স্যার, উনি নিজে এবং ওনার ভাই বারে বারে ওয়াগন ব্রেক করে থাকেন।

ডাঃ নলিনাক্ষ সান্যাল: মাননীয় অধ্যক্ষ মহাশয়, উত্তেজনার পরে পরিশ্রান্ত এই হাউসের কাছে কিছু মিষ্টি কথা বলা ছাড়া আর কিছু বোধহয় বলা চলে না। আমি আজকে এই দীর্ঘ আলোচনার সময় মনে মনে করছিলাম ৩০ বছর আগেকার কথা, যখন আমি ঐদিকে বসে ব্যয়-বরাদ্দের সম্পর্কে প্রশাসনিক ব্যয়বরাদ্দ সম্পর্কে নানা আলোচনায় আমরা তখন লিপ্ত হতাম, তখনকার উত্তেজনা ছিল একরকম, আজ হয়েছে অন্য রকম, কিন্তু এইদিকে বসে মনে হয়েছে সেই পুরানো কথা। এখন তার পুনরাবৃত্তি করতে যাচ্ছি। বহুদিন চলে গেল কিন্তু প্রশাসন দপ্তরের পরিবর্তন তো বেশি দেখতে পেলাম না। মাননীয় অধ্যক্ষ মহাশয় সেই একই কথা বার বার শুনে এসেছি মাথাভারি প্রশাসনে অর্থ অনর্থক খরচ হচ্ছে এবং তা কমানো দরকার। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় তাঁর প্রারম্ভিক ভাষণে নিজে স্বীকার করেছেন যে, কিভাবে বছরের পর বছর এই খাতে খরচ বেড়ে যাচ্ছে কিন্তু তিনি একটি কথা বলেন নি, শুধু এই খাতে যে খরচটা তিনি তাঁর দাবি হিসাবে দিচ্ছেন, তা ছাড়া আরও এর বাইরে খরচ আছে যা এই সাধারণ প্রশাসনিক ব্যয়বরাদ্দের মধ্যে পড়ে, সেটা এসেছে পি ডবলিউ ডি-র মধ্যে, সেটা এসেছে অন্য গ্র্যান্টএর ভেতর এবং আমি দেখছি এই ৫ বছরের মধ্যে ৩ কোটি ৫০ লক্ষ থেকে আরম্ভ করে ৬ কোটি ৭৮ লক্ষর কাছে পৌঁছে গেছে। যা হোক মুখ্যমন্ত্রী যখন সজাগ আছেন আমার খুব ভরসা হচ্ছে যে মাথাভারি খরচ কমাতে পারেন সেইজন্য প্রকৃতভাবে চেষ্টা করবেন। একটা কথা বুঝতে পারছি না কেন না বাজেটে যেসব অঙ্ক তার খুঁটিনাটি বুঝে ওঠা খুব একটা সুদক্ষ অ্যাকাউণ্ট্যান্ট ছাড়া কারও পক্ষে কঠিন। কারণ কয়েক কোটি টাকা পাঁচ জায়গায় ছড়ানো আছে, যোগ করলে একরকম দাঁড়ায়। তার মধ্যে কিছু আছে চার্জড, আবার কিছু আছে সাধারণভাবে ব্যয়বরাদ্দের দাবিতে। আমার হিসাবে আমি দেখলাম যে, আমাদের এই সভার জন্য আমাদের বন্ধু সোমনাথবাবু যে ব্যয়বরাদ্দ দাবি করেছেন এবং শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়

মহাশয় যেটা ব্যয়বরাদ্দ দাবি করেছেন তার মধ্যে দুটি অঙ্ক আছে যেটা আমি মনে করি ইচ্ছা করলে কমাতে পারেন। একটা হচ্ছে মিনিষ্টারদের জন্য যা ধরা হয়েছে তাতে এক লক্ষ চল্লিশ হাজার টাকা বেশি ধরা হয়েছে, কেন ধরা হল বুঝতে পারছি না। দেখলাম বিস্তৃত হিসাব যা কিছু আগেকার কংগ্রেসী আমলেই যা কিছু সৃষ্টি। মন্ত্রী, উপ-মন্ত্রী, রাষ্ট্রমন্ত্রী প্রভৃতি তা এখনও লেখা আছে। তা যদি হল তাহলে আমাদের চার মাস পরে আমার বন্ধু জ্যোতিবাবু কি হিসাব করে দেখলেন, কাটাকুটি কিছুই করতে পারেন নি, আটচল্লিশ লক্ষ টাকা বেশি খরচ করতে হল। যে কারণে তিনি বলেছেন যে, আমাদের কর্মচারীদের কিছু মাগ্‌গী ভাতা এবং অন্যান্য বাবত দিতে হচ্ছে তার জন্য, তা মেনে নিলাম, কিন্তু কমানোর রাস্তা কেন দেখলাম না। আমার বন্ধু কমলবাবু দু-চারটি কথা বলেছেন যে, নিশ্চয়ই কমানো যেত, আমার বলবার আগেই তিনি সেরে দিয়েছেন, তার সঙ্গে একটু যোগ করব, আমাদের বাংলাদেশে একটা সেকেন্ড চেম্বার, আপার হাউস রাখার দরকার কি? যদি আপনারা মনে করেন যে, এই সভা থেকে আইনানুগ বিল পাশ করা যাবে এবং আমাদের যে বিধান পরিষদ সেটাকে বাতিল করতে পারেন, এইভাবে ৬।৭ লক্ষ টাকা বাঁচতে পারে। আপনাদের আইনে এই ব্যবস্থা রয়েছে। গভর্নরএর জন্য অনেক অপব্যয় হচ্ছে, অবশ্য সেটা ক্ষমতার বাইরে, চার্জড রেভেনিউ। তবে চার্জড রেভেনিউ সম্বন্ধে আমাদের বক্তব্য কেন্দ্রেও পাঠাতে পারি, সেইগুলো আমরা কেন করি না জানি না।

[7-50—8 p.m.]

সেগুলি আমরা কেন করছি না জানি না। তবে আসল কথা বোধ হয় সেইখানে নয়—তিনি যেটা ইঙ্গিত করেছিলেন আমাদের যে ব্যুরোক্র্যাটিক সিস্টেম রাষ্ট্র পরিচালনার ব্যাপারে বিদ্যমান রয়েছে, তার আমূল পরিবর্তন করতে হবে। ধাপে ধাপে যে সেক্রেটারী, ডেপুটি সেক্রেটারী জয়েণ্ট সেক্রেটারী, সুপারিণ্টেণ্ডেণ্ট, সেকসন অফিসার ইত্যাদি রয়েছে চিঠিপত্র যায় যখন, এই সাত-আট দফা সিঁড়ি ভেঙ্গে উঠে, তারপরে মন্ত্রিমহাশয়ের কাছে পেঁছায়। এর কি কোন সরাসরি ব্যবস্থা হতে পারে না? একবার প্রধানমন্ত্রী জওহরলাল নেহরু চটেমটে বলছিলেন—এ সব পরিবর্তন কর। তারপর কি হল আর জানি না। যেমন তেমনই রয়েছে। বাংলাদেশেও দেখছি দশদিনের কমে একখানা চিঠি রাইটার্স বিল্ডিংস থেকে বেরোয় না। এই যদি অবস্থা দাঁড়ায় তাহলে সেই ধরনের অফিস পরিচালনার ব্যবস্থার সংস্কার আপনি কেন করবেন না?

আরও কথা আছে। সে হচ্ছে শুধু এই যে রাইটার্স বিল্ডিংসের কেরাণীকুল, অফিসার, এদের দোষ দিলে হবে না। যেসব আমরা বিভিন্ন খাতে ব্যয়বরাদ্দের ব্যবস্থা করি, বিভাগ বণ্টন করেছি, সেদিকেও দেখুন একই কাজের জন্য তিনটা-চারটা বিভাগ রয়েছে; ইরিগেশন ভেবে দেখুন, এক মন্ত্রী তিনি মাল্টি-পারপাস ডি ভি সিও দেখছেন, তাঁর ইরিগেশনএর দুই ভাগ—কমার্সিয়াল সাইড আর নন-কমার্সিয়াল সাইড। তারপর স্মল ইরিগেশনএ বিরাট একটা হোয়াক্স—এগ্রিকালচার ডিপার্টমেন্ট—তার আবার সিভিল ডিপার্টমেন্ট, সিভিলই বা কি, নন-সিভিলই বা কি—কিছু তো বুঝি না, আমরা বিভ্রান্ত হয়ে পড়ি। তেমনি আবার ইন্ডাস্ট্রি বড় ইন্ডাস্ট্রি, মাঝারি ইন্ডাস্ট্রি, কটেজ ইন্ডাস্ট্রি—এই চারটি ইন্ডাস্ট্রি ভাগে ভাগে দেখানো হচ্ছে। এর আবার ডাইরেক্টর অফ ইণ্ডাস্ট্রি। একজন জয়েণ্ট না, এ্যাডিশনাল ডাইরেক্টর অফ ইণ্ডাস্ট্রি। এদের তো কখনও মুখ দেখিনি। ইরিগেশনএর দুজন চীফ ইঞ্জিনীয়ার। একটু আগে আমাকে একজন বললেন—এর একজন চীফ ইঞ্জিনীয়ার নং ১, আর একজন চীফ ইঞ্জিনীয়ার নং ২। জেলা অফিসার একই ব্যক্তি। দুজন দুরকম হুকুম তাঁকে পাঠান। শুধু এই বিভাগে নয় পঞ্চায়েত বিভাগেও এই অবস্থা। সেখানে ডেভেলপমেণ্ট অফিসার একজন। তারপর বি ডি ও, তাঁর উপর আর একজন পঞ্চায়েৎ অফিসার, অ্যাসিস্ট্যান্ট পঞ্চায়েৎ অফিসার—আর একজনের পর্যবেক্ষকের অধীনে আছে। জেলা পরিষদ মিউনিসি-প্যালিটির জন্য একজন, আঞ্চলিক পরিষদের জন্য অন্য আর একজন। একটা বিভ্রান্তিকর অবস্থা চলছে। সম্পূর্ণ বাজেটে যে প্রশাসনিক ব্যয়বরাদ্দের হিসাব দেখছি—এটা নূতন করে ঢেলে সাজানো দরকার। এই সমস্ত অফিসারদের যে বিলিব্যবস্থা তাকে নূতন করে আপনি তৈরি করুন।

আর একটা কথা বলে আমি শেষ করব। আমার বন্ধু শৈলকুমার মুখোপাধ্যায় মহাশয় গতবার খুব দম্ভ করে বলেছিলেন, আমরা দেশে গণরাজ খুব বলছি—তাঁরা বললেন আমরা পঞ্চায়েৎরাজ করব। সমস্ত ভারতে পঞ্চায়েতরাজ প্রতিষ্ঠার জন্য আমার কংগ্রেসী বন্ধুরা বহু বছর মাথা খাটিয়ে এই পঞ্চায়েতরাজ বের করলেন। তার রূপ যে কি হচ্ছে, তা আমরা হাড়ে হাড়ে বুঝছি। এতে না আছে পঞ্চায়েত, না আছে রাজ। তাঁরা তো এই করেছেন! আমরা ভাবছি এই পঞ্চায়েত উঠিয়ে দিয়ে নূতন কিছু কাজে লাগাতে পারি কিনা! কিন্তু ইউনিয়ন বোর্ডএর সময় যে অফিসার ছিল যা কাজ হত, এখন টাকা খরচ এবং অফিসার নিয়োগ অনেক হয়েছে। কিন্তু জনহিতকর, জনকল্যাণকর কাজের ফিরিস্তি দেখা যায় না। গ্রামে গ্রামে সবাই বলে, "মশাই, টাকা-পয়সা নেই, অঞ্চল পরিষদ বা কি আর অঞ্চল প্রধানই বা কি? গ্রামসভার গ্রামাধ্যক্ষের ২০ টাকার মামলার প্রয়োজন কি? এই অবস্থা হয়ে দাঁড়িয়েছে মশাই। পঞ্চায়েত রাজকে ভেঙ্গে ভাল করে গড়ে তোলবার কথা ভেবে দেখুন।" আবার বিকেন্দ্রীকরণের এত উৎসাহ জেগেছিল যে গত বছর শিক্ষাক্ষেত্রেও ও'রা বিকেন্দ্রীকরণ চেয়েছিলেন এবং চেয়েছিলেন যে, এখানে প্রাইমারি স্কুল যাঁদের হাতে আছে তার মধ্যে মধ্যশিক্ষারও কিছু অংশ জুনিয়র স্কুলগুলো জেলা বোর্ডের হাতে দিতে চেয়েছিলেন। সাংঘাতিক কথা। শিক্ষাক্ষেত্রে যদি বাঙলাদেশে সর্বত্র একই রকম পদ্ধতি না থাকে তাহলে কি বিপর্যয় হবে না আপনারা বুঝতেই পারেন। এ ছাড়া কিছু জেলার যে পরিধি সেগুলো ভেঙ্গে আমাদের গড়তে হবে। আমার নদীয়া জেলার একটা অংশ আছে নদীয়া জেলা থেকে সেখানে পোঁছানো যায় না। মাঝখানে মুর্শিদাবাদ পড়ে। সেটা পার হয়ে তবে যেতে হয়। নদীয়া জেলার সেই অংশের যখন জেলা কর্ডন করেন তখন 'সসেমিরা' অবস্থা। তারা সেই কর্ডনের ফলে দ্বীপের মধ্যের মত আছে তাদের মালপত্র সেখান থেকে করিমপুর বাজারে আনতে গেলে জলঙ্গীর উপর দিয়ে আনতে হয়। তাঁরা বলেন, "যেতে দেব না ওদিক দিয়ে।" ওখানকার চাষীরা উৎপন্ন কলাই ইত্যাদি নদীয়ায় বিক্রি করতে পারল না। বললে, "মুর্শিদাবাদের ম্যাজিস্ট্রেট হুকুম দিয়ে দিয়েছেন মুর্শিদাবাদের মধ্য দিয়ে যেতে পারবে না।" এই যেসব ছিটমহল আছে—এগুলোর সম্বন্ধে একটা ব্যবস্থা করুন। করা না হলে প্রশাসন চলবে কি করে আমি বুঝতে পারি না। ডঃ প্রফুল্ল ঘোষ যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন এইটার এক্সচেঞ্জ সম্বন্ধে বিবেচনা করেছিলেন। জলঙ্গীর উত্তরদিকের একটা ছিটমহল নদীয়ার আছে সেটাকে দিয়ে এদিকে ২৪-পরগনার একটা অংশ নদীয়ায় দেওয়ার কথা তখন উঠেছিল। তারপরে কংগ্রেসী কর্তাদের যে কতরকম ফন্দী দেখুন। আমি একটা কথা বলে শেষ করব। কেউ কেউ কোড অফ কণ্ডাক্টএর কথা বলেছেন ওদিক থেকে। কোড অফ কণ্ডাক্ট মন্ত্রীদের জন্য বলেছেন যে, তাঁরা যেন পরস্পরবিরোধী কথাবার্তা কম বলেন। আবার হাউসএর মধ্যে যদি কোড অফ কন্ডাক্ট না হয়, তাহলে বাইরের লোক কোড অফ কন্ডাক্ট কি ফলো করবে সেটাও ভাবার কথা। আমি তাই বলি যে, আমাদের সকলেরই কোড অফ কন্ডাক্ট হওয়া দরকার। মন্ত্রীর, পার্টির মেম্বার এবং উভয় পক্ষের সদস্য—সকলের কোড অফ কন্ডাক্ট দরকার। আমার ভয় হয় কি জানেন—আমার কংগ্রেসী বন্ধুরা এইসব নানারকম কোড অফ কণ্ডাক্টএর কথা বলে বাইরে বাজার গরম করে নিজেরা খুব ও'ৎ পেতে বসে আছেন। সেই যেমন শকুনিরা থাকে মড়া নিয়ে কখন আমরা কাটাকাটি করব—সেই চেষ্টায় বসে আছেন। সে হবে না। সে গুড়ে বালি। আজকে দেখছি কয়েকজন দালাল ঘুরে বেড়াচ্ছে লবিতে। তারা আমাদের মেম্বারদের ডেকে ডেকে বলে, "এত টাকা দেব, মন্ত্রিত্ব দেব, চলে আয়, চলে আয়।" এপথে চলবে না। এ পথ আপনারা বন্ধ করুন। এপথে যদি যান তাহলে আপনাদের পতন অনিবার্য। কারও মৃতদেহ দেখতে পাবেন না। আপনারা সাবধান থাকবেন।

(Noise and interruptions.)

Mr. Speaker: Honourable Members, may I request you all to hold patience for another six minutes I appeal to all of you irrespective of any party to hold patience. Let us finish the business peacefully.

[8—8-10 p.m.]

ব্রহ্মচারী ভোলানাথঃ মিঃ স্পীকার, স্যার, আমার মত একজন ক্ষুদ্র সেবকের অধিকার রক্ষার জন্য আপনি যেভাবে হাত জোড় করে সকলের কাছে আবেদন জানিয়েছেন তার জন্য আপনার কাছে আমি কৃতজ্ঞতা জানাচ্ছি। শুধু তাই নয়, আপনি জানেন যে, আমি বেঁচে আছি সকলের আশীর্বাদ, শুভেচ্ছা এবং ভালবাসার জোরে এবং আমি এই হাউসে সকলের আশীর্বাদ, শুভেচ্ছা এবং ভালবাসা পেতে চাই। আমি প্রথমেই নিবেদন করতে চাই যে, আমি বর্ডার থেকে এসেছি, ওপারে পাকিস্তান এবং চীন চালনা ফোর্টে আছে। মিঃ স্পীকার, স্যার, ওধারের একজন বন্ধু সেদিন পয়েন্ট অব অর্ডারে আপনাকে বলেছিলেন যে, ব্রহ্মচারী ভোলানাথ কেন গামছা গলায় দিয়ে আসেন। আমি আপনার অবগতির জন্য জানাতে চাই যে, এটা গামছা নয়, এটা আমার চাদর। এটা বাংলাদেশের ব্রহ্মচারী ভোলানাথ ছাড়া আর কেউ সারা বছর এইভাবে ডোরাকাটা কালো চাদর ব্যবহার করে না। শুধু তাই নয়, বাংলার সন্তান ভারতবরেণ্য ডঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়, ডাঃ বিধানচন্দ্র রায় এই ডোরাকাটা কালো চাদর দেখে আমাকে বলতেন সুন্দরবনের বাঘ। মিঃ স্পীকার, স্যার, আমাদের মেদিনীপুরের সর্বাধিনায়ক, যাঁকে আমি জীবনভোর লিখেছি, আগে বলতাম মেদিনীপুরের সর্বাধিনায়ক সেচমন্ত্রী অজয় মুখার্জি, এখন লিখি মেদিনীপুরের সর্বাধিনায়ক মুখ্যমন্ত্রী পশ্চিমবঙ্গ। সেই সর্বাধিনায়ক শ্রদ্ধেয় অজয়বাবু কালকে পুলিশ বাজেটে বলেছেন কংগ্রেস রাজত্ব থাকলে প্রতি জেলায় আগুন জ্বলত। আমি এই কথা বলতে চাই যে, প্রতিটি জেলায় জনসাধারণ আগুন জ্বালত না, অজয়বাবুর দোসর যাঁরা তাঁরাই আগুন জ্বালাবার জন্য জনগণকে উদ্দীপ্ত করত। তার কারণ লাল সেলাম গণকমিটির দৌরাত্ম্য আমরা হাড়ে হাড়ে অনুভব করছি। আমি বর্ডার থেকে পিকিং শাসিত অঞ্চল থেকে এসেছি। আমার বন্ধু প্রভাস রায় বলেছেন, আজকে যুগান্তর কাগজে আছে, আপনারা দয়া করে শুনুন, ২৪-পরগণা জেলায় ভীষণ খাদ্যসংকট। ২৪-পরগণা জেলার খাদ্য রিলিফ কমিটির সদস্যগণ খাদ্যমন্ত্রীর কাছে একটা আবেদনপত্র মারফত তীব্র খাদ্যসংকটের কথা বলেছেন। চালের দর সেখানে তিন—সাড়ে তিন টাকা কেজি। প্রভাস রায় জানান যে, এই মাসের অবশিষ্ট দিনগুলির জন্য ২ হাজার টন গম সরবরাহ করা দরকার। আমি নিজে ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষকে কালকে টেলিফোন করেছি, আজকেও টেলিফোন করেছি যে, সীমান্ত সুন্দরবন অঞ্চলে ১০০—১২০ টাকা চালের মণ। ১৯৫২ সালে সুন্দরবন অঞ্চলে ৫০ টাকা যখন চালের মণ হয়েছিল, তখন রেণু চক্রবর্তী, ডঃ শ্যামাপ্রসাদ, সুন্দরবন প্রজামঙ্গল সমিতি এবং অরবিন্দ বোসের আবেদনে কিদোয়াই সাহেব কলকাতায় এসেছিলেন। কিদোয়াই সাহেব ১৯৫২ সালের ৯ই জুন এখানে আসেন, ১০ই জুন তিনি সুন্দরবনের হাসনাবাদ, সন্দেশখালি থানায় যান, সেখান থেকে ঘুরে এসে ১১ই জুন আমাদের সঙ্গে বৈঠক করেন। আমার সঙ্গে ছিলেন বাংলার সজীব বিশ্বকোষ হেমেন্দ্রপ্রসাদ ঘোষ, পি এস-পি'র চেয়ারম্যান সুরেশচন্দ্র বন্দোপাধ্যায়, যুগবাণীর সম্পাদক দেবজ্যোতি বর্মণ। আমরা তখন ৬ আনা সের চাল দাবি করেছিলাম, সেই ৬ আনা সের চাল তখন মঞ্জুর হয়েছিল সারা পশ্চিম বাংলার জন্য। স্যার, ১৯৫২ সালে সুন্দরবনে ৫০ টাকা চালের মণ হওয়ায় প্রভাস রায়, রেণু চক্রবর্তী সকলেই আন্দোলনে নেমেছিলেন, আজকে তাঁরা নামছেন না কেন? আজকে তাঁরা নামছেন না তাঁদের গদী রক্ষা করার জন্য। আজকে রাইট সি পি আই, লেফট সি পি আই গদী আঁকড়ে বসে আছেন—সেজন্য আন্দোলনে নামছেন না। আমরা দাবি করছি সুন্দরবন তথা সারা বাংলার জন্য ছয় আনা সের চাল দেওয়া হোক। ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জি বলেছিলেন যে, সুন্দরবনের মঙ্গলামঙ্গলের প্রশ্ন আমি সুন্দরবনের দিক থেকে বিচার করছি না। আমি সারা পশ্চিম বাংলার দিক থেকে বিচার করছি। সুন্দরবন যদি মরে যায় তাহলে পশ্চিম বাংলা ও বাঙ্গালী বাঁচবে কি করে? তাই সুন্দরবনকে নতুনভাবে গড়ে তোলার চেষ্টা না করলে পশ্চিমবঙ্গ ও বাঙ্গালী মস্ত ভুল করবে, এটা ডঃ শ্যামাপ্রসাদের উক্তি। আজকে আমার সীমান্ত সুন্দরবন অঞ্চলে ১২০ টাকা চালের মণ। সেখানকার মানুষ শাক-পাতা খেয়ে জীবন কাটাচ্ছে অথচ কমিউনিস্ট পার্টির বন্ধুগণ তাঁদের গদী রাখবার জন্য আন্দোলনে নামছেন না। আমি তাঁদের ডঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় তাঁর শেষ জীবনে যে বিবৃতি দিয়ে গিয়েছিলেন

সেটা স্মরণ করিয়ে দিতে চাই। সেটা হচ্ছে মানবতার জন্য, রাষ্ট্রের স্বার্থরক্ষার জন্য সুন্দরবন অঞ্চলের অবস্থাকে আরও খারাপের দিকে যেতে দেওয়া উচিত নয়। কারণ সুন্দরবন অঞ্চল ভারতীয় প্রজাতন্ত্রের দক্ষিণ-পূর্ব সীমান্তে অবস্থিত রাষ্ট্ররক্ষার ব্যবস্থা সুনিশ্চিত করার জন্য সীমান্তের অধিবাসীগণের মনোবল বজায় রাখা সর্বাধিক প্রয়োজন। সেজন্য সমগ্র পশ্চিম বাংলার স্বার্থে সুন্দরবন অঞ্চলের দুর্গত অধিবাসীদের অর্থনৈতিক পুনর্বাসনের ব্যবস্থা করা প্রয়োজন। আর একটা কথা বলে আমি আমার বক্তৃতা শেষ করছি, সেটা হচ্ছে, সেখানে গণ-কমিটির যে অধিবেশন হচ্ছে সেখানে রাইট সি পি আই-র হেমন্ত ঘোষাল, লেফ্‌ট সি পি আই-র. ....

(তুমুল হট্টগোল)

সেখানে গণ-কমিটির যে দৌরাত্ম্য চলছে........... ......

(তুমুল গোলমাল)

শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্ত: মাননীয় স্পীকার মহাশয়, আমি এইমাত্র এসে শুনতে পেলাম আমাদের ওপক্ষের মাননীয় সদস্য নলিনাক্ষ সান্যাল মহাশয় তাঁর বক্তৃতার শেষভাগে বলেছেন যে, কংগ্রেসের দালালরা লবিতে ঘুরে বেড়াচ্ছে তাঁদের সদস্যদের ভাঙ্গাবার জন্য। তাঁর মত একজন দায়িত্বজ্ঞানসম্পন্ন প্রাক্তন সদস্য যে এমন উক্তি করতে পারেন তাতে আশ্চর্য হয়ে যেতে হয়।

ডঃ নলিনাক্ষ সান্যাল: আমি প্রমাণ দেব।

শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্ত: স্যার, আমি বলতে চাই এই উক্তি এই সভার সদস্যদের পক্ষে অপমানকর, তাঁদের প্রতি এর স্বারা কটাক্ষ করা হয়েছে। আমি এর তীব্র প্রতিবাদ করি এবং আমি আপনাকে অনুরোধ করব যে এইরকম উক্তি ও'র বক্তৃতা থেকে এক্সপাঞ্জ করা হোক। কারণ এটা অপমানকর উক্তি।

Shri Saila Kumar Mukherjee: A similar utterance was made by a member in the Assam Legislative Assembly and the Speaker took serious note of it. That is an insult to the entire House. I would request you that you should personally make an inquiry into that when such a serious allegation is made.

Dr. Nalinaksha Sanyal: I am prepared to make the charge outside.

(Noise.)

Mr. Speaker: Honourable members, I am quite competent to manage the affairs of the House. Mr. Mukherjee, Dr. Das Gupta raised certain points. I will certainly make an inquiry into that but I will not allow any reflection to be made on any member of the House—either of this party or of that party. But I do not express any opinion now unless I see the record.

[8-10—8-20 p.m.]

Shri Apurba Lal Majumdar: Mr. Speaker, Sir,

যে অভিযোগ অপোজিশন লীডার করলেন এখানে মন্তব্য সম্পর্কে আমি আশা করেছিলাম ও'র কথা বলার পর আমাদের তরফ থেকে দু-এক কথা বলার থাকতে পারে, সেইটা শুনে আপনি আপনার মন্তব্য এখানে করবেন। তবু আপনার কাছে আমার এইটুকু বলার ইচ্ছা যে, যে ধরনের মন্তব্য উনি করেছেন, সেই সম্পর্কে যে, এটা কারুর জানার বাকি নেই, এটা বিভিন্ন সংবাদপত্রে বেরুচ্ছে যে, তাদের তরফ থেকে চক্রান্ত চলছে। কোন বিশেষ লোকের নাম করে বলা হয় নি।

Mr. Speaker: I will look into the matter. Don't be excited. I will not give ruling without giving a hearing to all parties.

Shri Nikhil Das: On a point of privilege, Sir,

আপনার অনুমতি নিয়ে যে কথা রাখতে চাই সেটা হচ্ছে বিরোধী দলের নেতা যে অভিযোগ করেছেন নলিনাক্ষবাবু বলেছেন কংগ্রেসের দালাল। এই হাউসের কোন মেম্মার নাম করেন নি এটা সবাই জানে বাংলাদেশে যে, কংগ্রেসের দালালরা টাকা নিয়ে ঘুরছে। এটা হাউসের প্রিভিলেজ নয়।

(Noise and interruptions.)

Shri Manoranjan Hazra:

মাননীয় স্পীকার মহাশয়, আমি বলতে চাই যে......

Dr. Ranjit Ghosh Chowdhury:

চীনের দালালের কথা শুনব না।

Mr. Speaker:

আপনারা দয়া করে চুপ করুন, আপনারা কি বাজেট পাশ করাতে দেবেন না, বাজেটকে ফল করাবেন

Is it your desire? When I have already said that I will look into the matter whether there has been any reflection made or not the matter ends there. I will not hear anybody. Hon'ble Chief Minister, please reply.

Shri Ajoy Kumar Mukhopadhyay:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, দীর্ঘ কয়েক ঘণ্টা ধরে এই আলোচনা আমি ধৈর্য ধরে শুনেছি। আমাদের বিরোধী দলের অন্যতম নেতা ডাঃ প্রতাপচন্দ্র চন্দ্র, তিনি বলেছিলেন যে, এ'রা প্রশাসনকে একেবারে ভেঙ্গে দিয়েছেন, কেননা সেদিন চতুর্থ শ্রেণীর কর্মচারীরা অর্থমন্ত্রীকে ঘেরাও করেছিল রাইটার্স বিল্ডিংসএ—তাঁদের কাছে এটা ঐরকমই ঠেকবে—কেননা চিরকাল এই চতুর্থ শ্রেণীর কর্মীরা তাদের মন্ত্রী তো মন্ত্রী কোন ওপরওয়ালা কর্মচারীদের কাছে ঘেঁষতে পারত না—তাদের একমাত্র উপায় ছিল রাস্তায় বেরিয়ে গিয়ে প্রসেশন করা, হল্লা করা। আমরা সেটা উল্টে দিয়েছি, আমরা এখন যে কেউ এখন মন্ত্রীদের কাছে অভিযোগ করলে তা শোনেন তিনি। তাই চতুর্থ শ্রেণীর কর্মীরা তারা যে অর্থমন্ত্রীর কাছে গিয়েছিলেন এবং এই সুযোগ পেয়েছিলেন এবং আমরা এই সুযোগ দিয়েছি তাতে আমরা গৌরববোধ করি, কিছু অন্যায় বোধ করি না। তিনি কোথা থেকে এক সুপার ক্যাবিনেট বের করেছেন, সেটা তাঁদের হয়ত থাকতে পারে—আমাদের কোন জানা নেই। আর তিনি বলেছেন যে, মন্ত্রীদের সর্বমোট খরচ কৈ কমল বলে দেখলাম না—অথচ এ'রা বলছেন কমিয়েছেন—কথাটা অর্ধ সত্য—অর্ধ সত্য এইজন্য যে, এখনও আমরা বিলটা আনতে পারি নি, যে বিলেতে মন্ত্রীদের বেতন আমরা যেটা সত্যি সত্যি নিচ্ছি সেটা সেই বিলেতে যতক্ষণ না পাশ হয় ততক্ষণ বাজেট থেকে ওটা বাদ দেওয়া যায় না—ও'রা যা নিতেন সেই রেটে ওটা ধরা আছে, পরে কমে যাবে। বিধানসভার চারদিকে ঘেরাও নিয়ে তিনি বলেছিলেন এটা তো খাদ্যের ঘেরাও নয়। তাঁরা যে শ্লোগান দিয়েছিলেন সেটা নিশ্চয়ই ও'দের কানে ঢুকেছে যে, পাঁচজন দলত্যাগ করে ঐদিকে গিয়েছেন তারই প্রতিবাদে গণবিক্ষোভ উঠেছিল, তাই বিধানসভার চারিপাশে লোকে এসেছিল। জনগণের সামনে দাঁড়াবার আর তো সাহস নাই আপনাদের, তাই তারা এসে বিক্ষোভ করে। কই আপনারা এসে অতবড় বিক্ষোভ করেন তো এইখানে আমাদের বিরুদ্ধে দেখি কি রকম আপনাদের ক্ষমতা। তিনি আর একটা বিষয় বলেছিলেন যে, একজন জেলাশাসককে পর পর চারবার বদলি করার জন্য পার্টি থেকে চাপ দেওয়া হয়েছিল—তিনি যে জেলাশাসকের কথা বলেছিলেন—তিনি কি জানেন যে, এখনও সেই জেলাশাসক বদলি হন নি—কাজেই চাপের উপর সরকার কাজ করে না। আর একজন সদস্য শ্রীঅজয় মালাকার বলেছেন যে, যাদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ থাকবে

তাদের প্রমোশন দেওয়া হবে না—তা হয় না, তাদের সাসপেনশন করা হয়, কেস দেখা হয়, যদি তাঁরা খালাস পান তবেই তাঁদের প্রমোশন দেওয়া হয়। শ্রীকালীপদ ভৌমিক ঘেরাওএর কথা বলেছেন—ঘেরাও নিয়ে অনেক আলোচনা হয়েছে—আমি আর এই বিষয়ে বেশি কথা বলতে চাই না।

[8-20—8-30 p.m.]

তিনি বলেছেন যে, জেল থেকে দীর্ঘমেয়াদী কয়েদী কয়েকজনকে তিন মাসের ছাড় দিয়ে খালাস দেওয়া হয়েছে—এতে তিনি অত্যন্ত দুঃখিত হয়েছেন। তাঁর জানা নেই যে, ইংরাজ আমলেও এইরকম ছাড় দেওয়া হত কোন কোন বিশেষ ঘটনায়। আমরা মনে করি ২০ বছরের কংগ্রেসী শাসন জনগণ যে উল্টে দিল সেই এমন একটা বিশেষ ঘটনায় সেই কয়েদীদের ছাড় দেওয়া উচিত তাই দিয়েছি। শ্রীনিরঞ্জন মুখার্জি বলেছেন যে, কেন্দ্রীয় সরকার যেমন অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস কমিশন করেছেন সেই রকম যেন আমরাও করি। তিনি হয়ত জানেন না কেন্দ্রীয় সরকারের এই যে কমিশন এটা সেন্টার এবং স্টেটের—স্টেটের বিষয়ে ও'রা দেখছেন—কাজেই আমাদের আলাদা করে দেখার এখন দরকার হবে না। আমাদের মাথাভারী অ্যাডমিনিস্ট্রেশনের কথা বলেছেন অবশ্য তাঁরা যত বেশি ভারী করেছেন আমরা এত তাড়াতাড়ি তা কি করে কমাবো? কিন্তু মাথাটা কিরকম ভারী তার হিসাবটা নিন। আমাদের যারা ১০০ থেকে ৩০০ টাকা মাইনে পান তাঁদের সংখ্যা হল ২২৫,৮৭৬, মোট কর্মচারীর শতকরা ৮৮·৫৬, ৩০১ থেকে ৫০০ তাঁদের সংখ্যা হল ৭৩১৭, ২:৯০ শতাংশ, ৫০১ থেকে ১০০০ তাঁদের সংখ্যা ৩১০১, ১:২১ শতাংশ, ১০০১ থেকে ১৫০০ তাঁদের সংখ্যা হল ৫২৫, ;২১ শতাংশ, ১৫০১ থেকে ২০০০ তাঁদের সংখ্যা হল ২০৯, ০·০৮ শতাংশ, ২০০১ থেকে ৩০০০ তাঁদের সংখ্যা হল ৫৩, ·০২ শতাংশ, ৩০০০ উপর ২৭ জন, ·০১ শতাংশ। কাজেই এটা খুব বেশি মাথাভারী নয় বলে আমি মনে করি।

আমাদের অর্থমন্ত্রী, শ্রমমন্ত্রী তাঁরা সংবিধান সম্বন্ধে উক্তি করেছিলেন তা নিয়ে বলা হয়েছে যে, তাঁরা যে শপথ নিয়েছিলেন তা ভঙ্গ করা হয়েছে—তা হয় নি। আর একজন সদস্য বলেছেন তাঁরা বাইরে গিয়ে আইনসভার সদস্যপদ ত্যাগ করে একথা বললেন না কেন—ও'দের হয়ত খবর রাখা উচিত যে, এই সংবিধান ১৬-১৭ বার সংশোধিত হয়েছে এবং যাঁরা সংশোধন করেছেন তাঁরা সব পার্লামেন্টের মেম্বার। পদত্যাগ করে তাঁরা তা সংশোধন করেন নি। কাজেই সংশোধনের প্রস্তাব যদি কেউ করেন, কেউ যদি সংবিধানের কোন দোষ-ত্রুটি দেখান তাহলে তা সংশোধন করবার জন্য বলার অধিকার তাঁর আছে—তাতে শপথ ভঙ্গ হয় না। শ্রী আই ডি জালান বলেছেন যে, ও'দের ১৪টা পার্টির ১৯ জন মন্ত্রী। কাজেই ও'দের হোমোজিনিটি নেই। আমরা যখন এই দল গঠন করি—নামটা হল ইউনাইটেড ফ্রন্ট—অনেকগুলি পার্টির ইউনাইটেড ফ্রন্ট এবং সেটা আমরা খবরের কাগজে স্পষ্ট করে বলে দিয়েছিলাম যে, আমাদের এই দলগুলির যে যার পৃথক পৃথক সত্তা থাকবে এবং যে যার দলের সম্প্রসারণ করার সুযোগ-সুবিধা থাকবে। এতগুলি দল যখন, তখন নিশ্চয় প্রত্যেক দলের কিছু না কিছু অন্তত সূক্ষ্মাতিসূক্ষ্ম আদর্শগত পার্থক্য আছে—তা না হলে দল হয় না। আমরা কতকগুলি বিষয়ে এক হয়ে যাতে দেশের সেবা করতে পারি সেটাই আমাদের ১৮ দফা কর্মসূচীতে বলেছিলাম এবং তাতে ছিল দেশের যেসব সাধারণ মঙ্গলের কাজ যেমন শিক্ষা, স্বাস্থ্য, খাদ্য ইত্যাদি ইত্যাদি সংগঠনমূলক কাজ সেটা সকল পার্টির কমন প্রোগ্রাম এবং সেই কমন প্রোগ্রাম আমরা করে যাব।

সিডিউল্ড কাস্ট মন্ত্রী সম্বন্ধে জালান সাহেব বলেছেন যে, আমরা যে সিডিউল্ড কাস্ট মন্ত্রী করেছি তাঁকে এখনও কোন পোর্টফোলিও দিই নি—কিন্তু তিনি মুখ্যমন্ত্রীর সহায়ক হিসাবে কাজ করছেন। এই রকম বহু রেকর্ড আছে, যে মিনিস্টার উইদাউট পোর্টফোলিও থাকেন এবং তাঁর অনেক গুরুদায়িত্বও থাকে—তিনি তাই করে যাচ্ছেন। মাননীয় সদস্য শ্রীআবদুস সাত্তার বলেছেন যে, মন্ত্রীরা নাকি বলেছেন জোর করে জমি দখল করলেও পুলিশ যাবে না—এই রকম কথা কোন মন্ত্রীই বলেন নি—কেননা যেটা কাগজে বেরিয়েছিল তাঁরা তার প্রতিবাদ

করেছেন। বরং আপনি বোধ হয় এই সভাতে এবং বাইরেও দেখেছেন এবং আমার একটা বিবৃতি প্রেসে বেরিয়েছিল তাতে দেখেছেন আমি বলেছি জোতদার হউন, কৃষক হউন, কেউ কারও জমি জবরদখল করতে পারবেন না, সরকার আইনসঙ্গতভাবে ব্যবস্থা করে দেবেন। মাননীয়া সদস্যা শ্রীমতী পূরবী মুখার্জি বলেছেন যে, বামপন্থী কমিউনিষ্ট পার্টিকে সব বড় বড় পোর্টফোলিও দেওয়া হল। তিনি কাকে বড় বলেন, কাকে ছোট বলেন জানি না। তিনজন তো বামপন্থী মন্ত্রী—তাহলে বাংলাদেশে কি তিনটির বেশি বড় পোর্টফোলিও নেই? তিনি দেখলে দেখতে পাবেন যে, অনেক পোর্টফোলিও আছে—কাউকে বেছে দেওয়া হয় নি, আমরা সবাই বসে স্থির করে পোর্টফোলিও ভাগ করেছি। তিনি আমার উপর একটু বেশি অনুকম্পা দেখিয়ে বলেছেন যে, আমি রাষ্ট্রযন্ত্র বামপন্থীদের হাতে তুলে দিয়েছি। কথাটা ঠিক নয়, এই কুড়ি বছর তাঁদের কুশাসনে জনগণ উত্যক্ত হয়ে ঐ রাষ্ট্রযন্ত্র ইউনাইটেড ফ্রন্টের হাতে তুলে দিয়েছেন এবং তার মধ্যে বামপন্থীরা সংখ্যাগরিষ্ঠ দল। মাননীয় সদস্য তিনকড়ি মণ্ডল মহাশয় বলেছেন যে, শুধু সিনিয়রিটির উপর যেন প্রমোশন না হয় এফিসিয়েন্সি দেখে যেন হয়। এটা ও'দের আমলেও ছিল, দীর্ঘদিন থেকে ইংরাজ আমলেও ছিল। এফিসিয়েন্সি আগে দেখা হয় তার পরে সিনিয়রিটি দেখা হয়। দুটো যদি থাকে তবে সিনিয়রিটির উপর প্রমোশন হয়। মাননীয় সদস্য শ্রীরণজিৎ ঘোষচৌধুরী আমাকে একটা হিসাব দেখিয়ে বললেন যে, কংগ্রেসের শেষ আমলে ১৯৬৬-৬৭ সালে সাধারণ শাসনের ব্যয় মোট ব্যয়ের শতকরা মাত্র ৩ শতাংশ ছিল, আমাদের এই বাজেটে সেটা ৩ ৮ হয়ে গেছে—কিন্তু তিনি আর একটা পাশের যে অংকটা বলেছিলাম সেটা বলতে ভুলে গেলেন—সেটা হল জাতীয় সংগঠনমূলক ব্যয় তাঁদের আমলে ছিল শতকরা ৫৫·৯—আমাদের আমলে হয়েছে শতকরা ৬৪·৩।

মাননীয় সদস্য কমল গুহ মহাশয় অনেকগুলি মূল্যবান প্রস্তাব দিয়েছেন যেগুলি ভেবে দেখার জিনিস এবং আমরা নিশ্চয় ভেবে দেখব। রিলিফ কমিটি যখন বাতিল হয়ে গেছে অঞ্চলকে তা জানানো হয় নি—সম্প্রতি জানানো হয়েছে। শ্রীশিবদাস ঘটক রেশন কার্ডের কথা বলেছেন। তিনি কাল যেগুলির কথা বলেছেন সেগুলিকে আমি তদন্তে দিয়েছি। এখন যা বললেন নিশ্চয় আমরা তার তদন্ত করব। মাননীয় নলিনাক্ষবাবু অনেক মূল্যবান প্রস্তাব দিয়েছেন সেগুলি আমরা ভেবে দেখব। আমি আর বেশি কিছু কথা বলব না। আমি কেবল অনুরোধ করব আমরা প্রশাসনের পরিবর্তন করার যে চেষ্টা করছি যেটা আমি ইতিপূর্বে বলেছি তার পুনরুক্তি করছি না। আমরা এটাকে নূতনভাবে ঢেলে সাজাবার চেষ্টা করছি। এখন আপনারা আপাতত আমার বরাদ্দ মঞ্জুর করুন। আমি সমস্ত ছাটাই প্রস্তাবগুলির বিরোধিতা করছি।

[8-30—8-40 p.m.]

শ্রীসোমনাথ লাহিড়ী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে বাজেট উপস্থিত করেছি তার কেউ বিরোধিতা করেন নি। একমাত্র সদস্য মাননীয় নলিনাক্ষবাবু কিছু বলেছেন যার জন্য মনে হয় আমাদের মাননীয় সদস্যদের নিজেদের ভাতা এবং মাহিনা, অ্যাসেম্বলি ও কাউন্সিল চালু থাকলে ভাতা মাহিনা পাওয়া যায়। এই দুই কারণে ইলেকশন হলে খরচ হবে এই তৃতীয় কারণে যেটা নিজেদের ব্যাপার জড়িত বলে কেউ এর সমালোচনা করেন নি। নলিনাক্ষবাবু যে সমালোচনা করে বলেছেন তাতে যা বুঝলাম, তিনি বলেছেন মন্ত্রীদের ভাতা এবং মাহিনা সম্পর্কে বিশেষ এইভাবে দেখা হয় নি কেন? তিনি ভুল করেছেন, মন্ত্রীদের মাহিনা আমার বাজেটের অন্তর্ভুক্ত নয়, তিনি আমার নাম করেছেন বটে, কিন্তু আমার প্রস্তাবটি বাজেট সম্পর্কে সমালোচনা করেন নি। আর একটা যা নলিনাক্ষবাবু উপস্থিত করেছেন যে, আমরা যদি বিধান পরিষদ তুলে দিতে পারি, সরকারের অনেক খরচ বাঁচে এবং এটা স্বভাবতঃ বাজেটে বাঁচবে, যেটা মুস্কিল হচ্ছে বিধানসভা তুলে দিতে হলে ⅔ অংশের সদস্যের রেজলিউশন পাশ হলে তবে তুলে দেওয়া যায়। আমি যতদূর জানি গভর্নমেন্টর পক্ষে টু-থার্ড মেজরিটি নেই। এখন যদি এমন হয় আমাদের বিরোধী পক্ষের সদস্যরা একমত হয়ে বলেন যে, বিধান পরিষদ তুলে দেওয়া হোক তাহলে আমাদের আপত্তি নেই। আমি জানি সংবিধান সম্বন্ধে সমালোচনা

করার অধিকার সকলেরই আছে। আমি জানি সংবিধান যখন তৈরি হয়েছিল—তখন গোড়ায় সে সংবিধান প্রণয়নের সঙ্গে আমি যুক্ত ছিলাম। বিধান পরিষদ জিনিসটা ঢোকানো হয়েছে জনমতের অভিব্যক্তি যাতে কিছুটা চেক করা যায়। অ্যাসেম্বলিতে মেজরিটি পেলে যাতে কায়েমী স্বার্থ বিভিন্ন বিষয় নাকচ করতে পারে সে কায়েমী স্বার্থকে রক্ষা করবার জন্য সংবিধানে বিধান পরিষদ এই ধারাটি করে রেখেছেন—এই ধারাটি লাগিয়ে দেওয়া হয়েছে। কায়েমী স্বার্থে সর্বপ্রকার সুবিধার জন্য একটা বিধান পরিষদ করে রেখেছেন। সেইজন্য আমি বলব কায়েমী স্বার্থের রক্ষক কংগ্রেস দল যদি বলেন বিধান পরিষদ তুলে দেওয়া হোক, যদি তাঁরা সে সাহস সঞ্চয় করতে পারেন তাহলে একসঙ্গে মিলে বিধান পরিষদ তুলে দিয়ে শুধু যে আমরা টাকা বাঁচাব তা নয়, কায়েমী স্বার্থকে ভেঙ্গে চুরমার করতে পারব।

সকলের শেষে আমার একটা ঘোষণা করার আছে যেটা আমি গোড়ায় বলতে ভুলে গিয়েছিলাম। আমাদের বিধানসভা এবং বিধান পরিষদের যাঁরা কর্মচারী তাঁরা আমাদের কাছে কয়েকদিন আগে একটা আবেদন করেছিলেন ওভারটাইম-অনারারিয়াম কিছু অতিরিক্ত দেবার জন্য। আমাদের মাননীয় স্পীকার মহাশয় তাঁদের সেই আবেদনকে সম্পূর্ণরূপে সমর্থন করে সরকারের কাছে পাঠিয়েছিলেন। আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি, আমাদের সরকার তাঁদের ওভারটাইম-অনারারিয়াম দিতে সম্মত হয়েছেন। যার ফলে প্রত্যেক বিধান মণ্ডলীর অধিবেশনের মরশুমে কর্মচারীরা কিছুটা অতিরিক্ত পাবেন। যেহেতু বিষয়টা আমার অন্তরগত সেইজন্য বিষয়টা আমায় উপস্থিত করতে হচ্ছে। আমাদের যা সাব্যস্ত হয়েছে তাতে কর্মচারীরা বর্তমানে যা পান তার চেয়ে প্রত্যেকটি বিধান মণ্ডলীর অধিবেশনের সময় কমপক্ষে চল্লিশ টাকা এবং বেশিপক্ষে পঁচাত্তর টাকা করে তাঁরা পাবেন এবং তাতে বার্ষিক বাইশ হাজার টাকা খরচ হবে। সরকার এ খরচ করতে রাজী হয়েছেন। এরপর আমার আর কিছু বলার দরকার নেই। আমার বরাদ্দের বিরুদ্ধে কোন ভোট হবে না, তার জন্য আপনাকে ধন্যবাদ দিচ্ছি। আমি আমার এই আবেদনটুকু জানিয়েই শেষ করছি।

শ্রীজ্যোতি বসু: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বাজেট সকলেই সমর্থন করেছেন, সুতরাং আমার কিছু বলার নেই।

Dr. Nalinaksha Sanyal: On a point of privilege, Sir,
মাননীয় অধ্যক্ষ মহাশয়, অবিলম্বে ভোট নেবার আগে আমার একটা নিবেদন আপনার কাছে আছে। আমাদের পক্ষের একজন সদস্য শ্রীজগৎপতি হাঁসদাকে সকাল থেকে পাওয়া যাচ্ছে না। পরে অনুসন্ধান করে জানলাম, কংগ্রেসের একজন দালাল আশু ঘোষ তাকে বন্দী করে তার বাড়িতে আটক করে রেখেছে। তার উদ্ধারের ব্যবস্থা করুন। এখানকার মাননীয় সদস্যদের যদি কেউ অন্যায়ভাবে আটকে রাখে বাইরে তাহলে সে অধিকার ক্ষুন্ন হয়। তাই আমি অনুরোধ করব আপনি নিশ্চয়ই একমত হবেন যে, যতক্ষণ পর্যন্ত জগৎপতি হাঁসদাকে উদ্ধার করা না হবে ততক্ষণ আমরা ভোট দিতে পারব না।

(গোলমাল)

Mr. Speaker: I cannot put the voting in abeyance for all time to come.

Dr. Nalinaksha Sanyal: The member has the right to vote. Unless he comes and votes, we cannot cast our vote. Anybody who prevents him will have to be apprehended. We are to release him.

Mr. Speaker: I will take proper steps. May I request you that at the last moment of taking votes could this be held over to make an enquiry at this stage or could you advise me to put it to vote and finish the business? We shall exercise our power. If any member has been put into custody or unlawfully detained anywhere, then the arms of law are strong enough to protect him.

[8-40—8-50 p.m.]

Mr. Speaker: Now Grant No. 12. I put to vote all the cut motions which have been moved.

All the cut motions were then put together and a division taken with the following result:—

NOES—130

Abdul Bari, Shri Md.
Abdul Haque, Shri
Abdul Latif, Shri Md.
Abdul Quiyom Molla, Shri
Amirali Molla, Dr.
Baksi, Shri Manoranjan
Bandopadhyay, Shri Amiya Bhusan
Banerjee, Shri Subodh
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Basu, Shri Mukul
Bazle Ahmad, Shri
Bera, Shri Sasabindu
Bhandari, Shri Netai
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharya, Shri Jyoti Bhusan
Bhattacharya, Shri Nani
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhowmik, Shri Kanai
Bose, Shri Brindaban Behari
Chakraborty, Shri Kshudiram
Chakraborty, Shri Sadhan Kumar
Chatterjee, Shri Hara Prasad
Choubey, Shri Narayan
Choudhury, Shri Subodh
Dakua, Shri Dinesh Chandra
Das, Shri Deben
Das, Shri Debendra Nath
Das, Shri Jagadish Chandra
Das, Shri Nikhil
Das, Dr. Sailendra Nath
Das, Shri Sudhir Chandra
Das Ghose, Shri Biswanath
Das Gupta, Shri Bibhuti Bhusan
Dhara, Shri Sushil Kumar
Elias Razi, Shri Md.
Franklin, Shri L. H.
Gayen, Shri Prasanta Kumar
Ghose, Shri Kamakshya Charan
Ghosh, Shri Krishna Pada
Ghosh, Dr. Prafulla Chandra
Golam Mahiuddin, Shri
Golam Yazdani, Dr.
Guha, Shri Bikesh Chandra
Guha, Shri Kamal Kanti
Gurung, Shri Nandalal
Haldar, Shri Hrishikesh
Halder, Shri Krishna Chandra

Hazra, Shri Lalit
Hazra, Shri Monoranjan
Hicks, Shri Clifford
Jaynal Abdin, Shri
Kar, Shri Dhananjoy
Karim Baksh, Dr. Mohammad
Konar, Shri Hare Krishna
Kundu, Shri Nishitha Nath
Lahiri, Shri Somnath
Mahato, Shri Amulya Ratan
Mahato, Shri Girish
Maity, Shri Baneswar
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Gobardhan
Majhi, Shri Kandru
Maji, Shri Guiram
Maji, Shri Panna Lal
Majumdar, Shri Amalesh Chandra
Majumdar, Shri Apurba Lal
Majumdar, Shri Dilip Kumar
Majumdar, Shri Harendra Nath
Majumder, Shri Jagannath
Malakar, Shri Ajoy
Mandal, Shri Kalipada
Mandal, Shri Kumud Ranjan
Mandal, Shri Rabin
Mandal, Shri Siddheswar
Mitra, Shri Haridas
Mitra, Shrimati Ila
Mitra, Shri Sunil Kumar
Mondal, Shri Manindra Chandra
Mondal, Shri Sasanka Sekhar
Mondal, Shri Tinkari
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Jayati Prasanna
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Mukhopadhyay, Shri Ajoy Kumar
Murmu, Shri Nathaniel
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Sundar Kumar
Noronha, Shri Clifford
Nuhul Islam, Shri
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammed
Ojha, Shri Samarendra
Pahari, Shri Bibhuti
Pal, Shri Kanai
Panda, Shri Bhupal Chandra
Pramanick, Shri Gangadhar
Pramanick, Shri Radhikanath
Pramanik, Shri Rajani Kanta
Purkait, Shri Prabodh
Ray, Shri Jajneswar
Roy, Shri Amalendru Lal
Roy, Shri Haradhan
Roy, Shri Jagadananda

Roy, Shri Jyotish
Roy, Dr. Narayan Chandra
Roy, Shri Phakir Chandra
Roy, Shri Provash Chandra
Roy Barman, Shri Khiti Bhusan
Roy Prodhan, Shri Amarendra Nath
Saha, Shri Kripasindhu
Saha, Shri Madan
Sajjad Hussain, Haji
Samanta, Shri Gouranga
Sanyal, Shri Mani
Sanyal, Dr. Nalinaksha
Sarkar, Shri Charu Mihir
Sarkar, Shri Nitaipada
Sarkar, Shri Sasthidas
Sen, Shri Jamini Ranjan
Sen, Shri Lakshmi Charan
Sen, Dr. Sadhan Kumar
Sen Gupta, Shri Niranjan
Sen Gupta, Shri Tarun Kumar
Shahedullah, Shri Syed
Shish Mahammad, Shri
Sinha, Dr. Radha Krishna
Tah, Shri Dasarathi

AYES—122

Abdul Gaffar, Shri Quasi
Abdul Latif, Shri
Abdullah, Shri S. M.
Abdus Sattar, Shri
Abul Barkat Atawal Ghani Khan Chaudhury, Shri
Ahmad Hossain Mondal, Shri
Azizur Rahaman, Shri
Bagchi, Shri Amalendu Kumar
Bandopadhyay, Shri Baidyanath
Banerjee, Shri Mrityunjoy
Banerji, Shri Sankar Das
Barman, Shri Prasenjit
Barman, Shri Syama Prasad
Bauri, Shri Nepal
Bauri, Shri Satish Chandra
Beri, Shri Dayaram
Bhagat, Shri Budhu
Bhattacharjee, Shri Golokesh
Bhattacharya, Shri Bijoy Krishna
Bhattacharyya, Shri Satyabrata
Bhattacharyya, Shri Sreepada
Bhuniya, Shri Nitya Nanda
Bishayee, Shri Paramananda
Bose, Shri Maharaja
Brahmachari, Shri Bholanath
Chalak, Shri Kali Kinkar
Chatterjee, Shri Arun
Chattopadhyay, Shri Benoy Kumar
Chattopadhyay, Shri Brindabon
Chaudhuri, Shri Narayan Chandra
Choudhury, Dr. Sashi Bhusan

Chunder, Dr. Pratap Chandra
Das, Shri Ambika Charan
Das, Shri Hare Krishna
Das, Shri Makhan Lal
Das Gupta, Shri Khagendra Nath
Dey, Shri Gobinda Chandra
Dhibar, Shri Pramathanath
Dolai, Shri Rajani Kanta
Dutta, Shrimati Sudharani
Fazlur Rahaman, Shri S. M.
Ghatak, Shri Shibdas
Ghosh, Shri Nitaipada
Ghosh Choudhury, Dr. Ranjit
Goswami, Shri Paresh Chandra
Gurung, Shri Krishna Bahadur
Haldar, Shri Nalini Kanta
Halder, Shri Adhar Chandra
Hazra, Shri Santimoy
Hemram, Shri Babulal
Jalan, Shri Iswardas
Jash, Shri Sristhidhar
Karam Hossain, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khalil Sayed, Shri
Kolay, Shri Jagannath
Kundu, Shri Rajnarayan
Lakra, Shri Denis
Mahato, Shri Ramkrishna
Maiti, Shrimati Abha
Maji, Shri Binode Behari
Majumdar, Shri Byomkes
Mandal, Shri Bhudeb Chandra
Mandal, Shri Prabhakar
Md. Fazle Hoque, Shri
Misra, Shri Sourindra Mohan
Misra, Shri Trilokes
Mitra, Shrimati Biva
Mitra, Shri Dwijendranath
Mitra, Dr. Gopika Ranjan
Mitra, Shri Satyanarayan
Mohammad Sayeed Mia, Shri
Mohammed Israil, Shri
Mondal, Shri Girindra
Mondal, Shri Haradhan
Mondal, Shri Sudhir Kumar
Mukhopadhyay, Shrimati Purabi
Mukherjee, Shri Brajabilash
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukhopadhyay, Shri Pasupati
Murmu, Shri Boila
Murmu, Shri Dashukaran
Nag, Dr. Gopal Das
Nahar, Shri Bijoy Singh
Nandy, Shri Sachindra Mohan
Nuran Nabi, Shri T. A.
Paik, Shri Bimal
Pal, Shri Probhakar

Paul, Shri Balai Bhusan
Paul, Shri Sushil Kumar
Poddar, Shri Rajendra Kumar
Pradhan, Shri Trailokyanath
Pramanik, Shri Puranjoy
Prasad, Shri Shiromani
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shri Gonesh Prosad
Roy, Dr. Indrajit
Roy, Shri Jatindra Mohan
Roy, Shri Krishnadas
Roy, Shri Santi Mohan
Roy, Shri Santosh Kumar
Roy, Shri Suvendu
Saha, Shri Kanai (Bankura)
Saha, Shri Kanai (Birbhum)
Saren, Shri Mangal Chandra
Sasmal, Shri Bankim Chandra
Sen Ishore, Shri Sankar
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsuddin Ahmed, Shri
Sharma, Shri Joynarayan
Sinha, Shri Debendra Nath
Sinha, Shri Sripati
Singh Deo, Shri Shankar Narayan
Sinha Roy, Shri Panchanan
Tar, Shri Mati Ranjan
Topna, Shri Anotoni
Trivedi, Shri Goalbadan
Tudu, Shri Budhan Chandra
Upadhyay, Shri Mihir
Zainal Abedin, Dr.

The Ayes being 122 and Noes 130, the motions were lost.

The motion of Shri Mihir Upadhyay that the demand be reduced to Re. 1 was then put and lost on division, with the result: Ayes 122, Noes 130.

The motion of Shri Byomkes Majumdar that the demand be reduced to Re 1 was then put and lost on division, with the result: Ayes 122, Noes 130.

The motion of Shri Satyanarayan Banerjee that the demand be reduced to Re. 1 was then put and lost on division, with the result: Ayes 122, Noes 130.

The motion of Shri Dwijendra Nath Mitra that the demand be reduced to Re. 1 was then put and lost on division, with the result: Ayes 122, Noes 130.

The motion of Shri Pijus Kanti Mukherjee that the demand be reduced to Re. 1 was then put and lost on division, with the result: Ayes 122, Noes 130.

The motion of Shri Nitya Nanda Bhuniya that the demand be reduced to Re. 1 was then put and lost on division, with the result: Ayes 122, Noes 130.

The motion of Dr. Gopika Ranjan Mitra that the demand be reduced to Re. 1 was then put and lost on division, with the result: Ayes 122, Noes 130.

The motion of Shri Abdus Sattar that the demand be reduced to Re. 1 was then put and lost on division, with the result: Ayes 122, Noes 130.

The motion of Shri Pramatha Nath Dhibar that the demand be reduced to Re. 1 was then put and lost on division, with the result: Ayes 122, Noes 130.

The motion of Shrimati Purabi Mukhopadhyay that the demand be reduced to Re. 1 was then put and lost on division, with the result: Ayes 122, Noes 130.

The motion of Shri Sachindra Mohan Nandy that the demand be reduced to Re. 1 was then put and lost on division, with the result: Ayes 122, Noes 130.

The motion of Shri Narayan Chandra Chaudhuri that the demand be reduced to Re. 1 was then put and lost on division, with the result: Ayes 122, Noes 130.

The motion of Shri Arun Kumar Moitra that the demand be reduced to Re. 1 was then put and lost on division, with the result: Ayes 122, Noes 130.

The motion of Shri Syama Prasad Barman that the demand be reduced to Re. 1 was then put and lost on division, with the result: Ayes 122, Noes 130.

The motion of Shri Dashu Koron Murmu that the demand be reduced to Re. 1 was then put and lost on division, with the result: Ayes 122, Noes 130.

The motion of Shri Boila Murmu that the demand be reduced to Re. 1 was then put and lost on division, with the result: Ayes 122, Noes 130. Noes 130.

The motion of Shri Bankim Chandra Sasmal that the demand be reduced to Re. 1 was then put and lost on division, with the result: Ayes 122, Noes 130.

The motion of Shri Santosh Kumar Roy that the deamnd be reduced to Re. 1 was then put and lost on division, with the result: Ayes 122, Noes 130.

The motion of Dr. Ranjit Ghosh Chowdhuri that the demand be reduced to Re 1 was then put and lost on division, with the result: Ayes 122, Noes 130.

The motion of Shri Mrityunjoy Banerjee that the demand be reduced to Re. 1 was then put and lost on division, with the result: Ayes 122, Noes 130

The motion of Shrimati Nurunnessa Sattar that the demand be reduced to Re. 1 was then put and lost on division, with the result· Ayes 122, Noes 130.

The motion of Shri Sankar Sen Ishore that the demand be reduced to Re. 1 was then put and lost on division, with the result. Ayes 122, Noes 130

The motion of Shri Ajoy Kumar Mukhopadhyay that a sum of Rs. 4,28,61,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 12, Major Head: 19—General Administration, was then put and a division taken with the following result:—

AYES—130

Abdul Bari, Shri Md.
Abdul Haque, Shri
Abdul Latif, Shri Md.
Abdul Quiyom Molla, Shri
Amirali Molla, Dr.
Baksi, Shri Manoranjan
Bandopadhyay, Shri Amiya Bhusan

Bandopadhyay, Shri Khagendra Nath
Banerjee, Shri Subodh
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Basu, Shri Mukul
Bazle Ahmad, Shri
Bera, Shri Sasabindu
Bhandari, Shri Netai
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharya, Shri Jyoti Bhusan
Bhattacharya, Shri Nani
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhowmik, Shri Kanai
Bose, Shri Brindaban Behari
Chakraborty, Shri Kshudiram
Chakraborty, Shri Sadhan Kumar
Chatterjee, Shri Hara Prasad
Choubey, Shri Narayan
Choudhury, Shri Subodh
Dakua, Shri Dinesh Chandra
Das, Shri Deben
Das, Shri Debendra Nath
Das, Shri Jagadish Chandra
Das, Shri Nikhil
Das, Dr. Sailendra Nath
Das, Shri Sudhir Chandra
Das Ghose, Shri Biswanath
Das Gupta, Shri Bibhuti Bhusan
Dhara, Shri Sushil Kumar
Elias Razi, Shri Md.
Gayen, Shri Prasanta Kumar
Ghose, Shri Kamakshya Charan
Ghosh, Shri Krishna Pada
Ghosh, Dr. Prafulla Chandra
Golam Mahiuddin, Shri
Golam Yazdani, Dr
Guha, Shri Bikesh Chandra
Guha, Shri Kamal Kanti
Gurung, Shri Nandlal
Haldar, Shri Hrishikesh
Halder, Shri Krishna Chandra
Hazra, Shri Lalit
Hazra, Shri Monoranjan
Hicks, Shri Clifford
Jaynal Abdin, Shri
Kar, Shri Dhananjoy
Karim Baksh, Dr. Mohammad
Konar, Shri Hare Krishna
Kundu, Shri Nishitha Nath
Lahiri, Shri Somnath
Mahato, Shri Amulya Ratan
Mahato, Shri Girish
Maity, Shri Baneswar
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Gobardhan
Majhi, Shri Kandru
Maji, Shri Guiram

Majumdar, Shri Amaresh Chandra
Maji, Shri Panna Lal
Majumdar, Shri Apurba Lal
Majumdar, Shri Dilip Kumar
Majumdar, Shri Harendra Nath
Majumder, Shri Jagannath
Malakar, Shri Ajoy
Mandal, Shri Kalipada
Mandal, Shri Kumud Ranjan
Mandal, Shri Rabin
Mandal, Shri Siddheswar
Mitra, Shri Haridas
Mitra, Shrimati Ila
Mitra, Shri Sunil Kumar
Mondal, Shri Manindra Chandra
Mondal, Shri Sasanka Sekhar
Mondal, Shri Tinkari
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Jayati Prasanna
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Mukhopadhyay, Shri Ajoy Kumar
Murmu, Shri Nathaniel
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Sundar Kumar
Noney, Shri W. H.
Noronha, Shri Clifford
Nuhul Islam, Shri
Obaidul Ghani, Dr Abu Asad Mohammed
Ojha, Shri Samarendra
Pahari, Shri Bibhuti
Pal, Shri Kanai
Panda, Shri Bhupal Chandra
Pramanick, Shri Gangadhar
Pramanick, Shri Radhikanath
Purkait, Shri Prabodh
Ray, Shri Jajneswar
Roy, Shri Amalendru Lal
Roy, Shri Haradhan
Roy, Shri Jagadananda
Roy, Shri Jyotish
Roy, Dr. Narayan Chandra
Roy, Shri Phakir Chandra
Roy, Shri Provash Chandra
Roy Barman, Shri Khiti Bhusan
Roy Prodhan, Shri Amarendra Nath
Saha, Shri Kripasindhu
Saha, Shri Madan
Sajjad Hussain, Haji
Samanta, Shri Gouranga
Sanyal, Shri Mani
Sanyal, Dr. Nalinaksha
Sarkar, Shri Charu Mihir
Sarkar, Shri Nitaipada
Sarkar, Shri Sasthidas
Sen, Shri Jamini Ranjan
Sen, Shri Lakshmi Charan

Sen, Dr. Sadhan Kumar
Sen Gupta, Shri Niranjan
Sen Gupta, Shri Tarun Kumar
Shahedullah, Shri Syed
Shish Mahammad, Shri
Sinha, Dr. Radha Krishna
Tah, Shri Dasarathi

NOES—122

Abdul Gaffar, Shri Quasi
Abdul Latif, Shri
Abdullah, Shri S. M.
Abdus Sattar, Shri
Abul Barkat Atawal Ghani Khan Chaudhury, Shri
Ahmad Hossain Mondal, Shri
Azizur Rahaman, Shri
Bagchi, Shri Amalendu Kumar
Bandopadhyay, Shri Baidyanath
Banerjee, Shri Mrityunjoy
Banerji, Shri Sankar Das
Barman, Shri Prasenjit
Barman, Shri Syama Prasad
Bauri, Shri Nepal
Bauri, Shri Satish Chandra
Beri, Shri Dayaram
Bhagat, Shri Budhu
Bhattacharjee, Shri Golokesh
Bhattacharya, Shri Bijoy Krishna
Bhattacharyya, Shri Satyabrata
Bhattacharyya, Shri Sreepada
Bhowmick, Shri Kalipada
Bhuniya, Shri Nitya Nanda
Bishayee, Shri Paramananda
Bose, Shri Maharaja
Brahmachari, Shri Bholanath
Chalak, Shri Kali Kinkar
Chatterjee, Shri Arun
Chattopadhyay, Shri Benoy Kumar
Chattopadhyay, Shri Brindabon
Chaudhuri, Shri Narayan Chandra
Choudhury, Dr. Sashi Bhusan
Chunder, Dr. Pratap Chandra
Das, Shri Ambika Charan
Das, Shri Hare Krishna
Das, Shri Makhan Lal
Majumdar, Shri Amalesh Chandra
Das Gupta, Shri Khagendra Nath
Dey, Shri Gobinda Chandra
Dhibar, Shri Pramathanath
Dolai, Shri Rajani Kanta
Dutta, Shrimati Sudharani
Fazlur Rahaman, Shri S. M.
Ghatak, Shri Shibdas
Ghosh, Shri Nitaipada
Ghosh Choudhury, Dr. Ranjit
Goswami, Shri Paresh Chandra
Gurung, Shri Krishna Bahadur

Haldar, Shri Nalini Kanta
Halder, Shri Adhar Chandra
Hazra, Shri Santimoy
Hemram, Shri Babulal
Jalan, Shri Iswardas
Jash, Shri Sristhidhar
Kazim Ali Meerza, Shri Syed
Khalil Sayed, Shri
Kolay, Shri Jagannath
Kundu, Shri Rajnarayan
Lakra, Shri Denis
Mahato, Shri Ramkrishna
Maiti, Shrimati Abha
Maji, Shri Ninode Behari
Majumdar, Shri Byomkes
Mandal, Shri Bhudeb Chandra
Mandal, Shri Prabhakar
Md. Fazle Hoque, Shri
Misra, Shri Sourindra Mohan
Misra, Shri Trilokes
Mitra, Shrimati Biva
Mitra, Shri Dwijendranath
Mitra, Dr. Gopika Ranjan
Mitra, Shri Satyanarayan
Mohammad Sayeed Mia, Shri
Mohammed Israil, Shri
Mondal, Shri Girindra
Mondal, Shri Haradhan
Mondal, Shri Sudhir Kumar
Mukhopadhyay, Shrimati Purabi
Mukherjee, Shri Brajabilash
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukhopadhyay, Shri Pasupati
Murmu, Shri Boila
Murmu, Shri Dashukaran
Nag, Dr. Gopal Das
Nahar, Shri Bijoy Singh
Nandy, Shri Sachindra Mohan
Nuran Nabi, Shri T. A.
Paik, Shri Bimal
Pal, Shri Probhakar
Paul, Shri Balai Bhusan
Paul, Shri Sushil Kumar
Poddar, Shri Rajendra Kumar
Pradhan, Shri Trailokyanath
Pramanik, Shri Puranjoy
Prasad, Shri Shiromani
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shri Gonesh Prosad
Roy, Dr. Indrajit
Roy, Shri Jatindra Mohan
Roy, Shri Krishnadas
Roy, Shri Santi Mohan
Roy, Shri Santosh Kumar
Roy, Shri Suvendu
Saha, Shri Kanai (Bankura)

Saha, Shri Kanai (Birbhum)
Saren, Shri Mangal Chandra
Sasmal, Shri Bankim Chandra
Sen Ishore, Shri Sankar
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsuddin Ahmed, Shri
Sharma, Shri Joynarayan
Sinha, Shri Debendra Nath
Sinha, Shri Sripati
Singh Deo, Shri Shankar Narayan
Sinha Roy, Shri Panchanan
Tar, Shri Mati Ranjan
Topna, Shri Anotoni
Trivedi, Shri Goalbadan
Tudu, Shri Budhan Chandra
Upadhyay, Shri Mihir
Zainal Abedin, Dr.

The Ayes being 130 and the Noes 122, the motion was carried.

The motion of Shri Somnath Lahiri that a sum of Rs. 43,73,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 11, Major Head: 18—Parliament, State/Union Territory Legislature was then put and agreed to.

Mr. Speaker: I now put all the cut motions under Grant No. 39 to vote. All the cut motions were then put and lost.

The motion of Shri Panchanan Sinha Ray that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Joy Narayan Sharma that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shrimati Nurunnessa Sattar that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Jyoti Basu that a sum of Rs. 1,41,45,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 39, Major Heads: 65—Pensions and other Retirement Benefits and 120—Payments of Commuted Value of Pensions, was then put and agreed to.

Mr. Speaker: The House stands adjourned till 1 p.m. tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 8-50 p.m. till 1 p.m. on Thursday, the 20th July, 1967, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 20th July, 1967, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri Bejoy Kumar Banerjee) in the Chair, 18 Ministers and 253 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

1—1-10 p.m.]

Bijoy Chand Hospital, Burdwan

***204.** (Admitted question No. *625.)

শ্রীসুবোধ চৌধুরী: স্বাস্থ্য বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান বিজয়চাঁদ হাসপাতালে গত এক বৎসরে গড়ে প্রতিদিন কতগুলি করিয়া রোগী ভর্তি ছিল;

(খ) উক্ত সময়ে ঐ হাসপাতালের বহির্বিভাগে গড়ে প্রতিদিন কতজন চিকিৎসিত হয়; এবং

(গ) হাসপাতালে ভর্তি রুগীদের দেখিবার জন্য কতজন ডাক্তার আছেন এবং বহির্বিভাগের জন্য কতজন ডাক্তার আছেন?

শ্রীননী ভট্টাচার্য: (ক) ৬৬০·৭৭ জন।

(খ) ৮৩৪·১০ জন।

(গ) অন্তর্বিভাগে ১৪ জন, বহির্বিভাগে ৫ জন।

ডঃ গোপীকারঞ্জন মিত্র: মাননীয় স্বাস্থ্যমন্ত্রী বলবেন কি ঐ হাসপাতালে বেডের সংখ্যা কত?

শ্রীননী ভট্টাচার্য: স্যাংসান্ড বেড সংখ্যা ৫৫০টি। কিন্তু এক্সট্রা কতকগুলি নিয়ে ঐ দাঁড়ায়।

শ্রীনিতাইপদ সরকার: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি ঐ হাসপাতালে বিকালে বহির্বিভাগে রোগী দেখবার কোন ব্যবস্থা আছে কিনা?

শ্রীননী ভট্টাচার্য: নোটিশ চাই।

শ্রীপ্রমথনাথ ধীবর: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি ঐ হাসপাতালের বেড সংখ্যা বাড়াবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

শ্রীননী ভট্টাচার্য: আমি এর আগে সাধারণভাবে বলেছি প্রায় এক হাজার বেড বৃদ্ধি করবেন বাংলাদেশের বিভিন্ন জায়গার হাসপাতালে। তখন কোন জায়গায় কত কি করবো তার এখন ঠিক পছন্দ করি নাই।

ডঃ রাধাকৃষ্ণ সিংহ: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে রোগীর সংখ্যা এবং যে ডাক্তারের সংখ্যা দেখালেন এতে কি রোগীরা সুচিকিৎসা পায় বলে আপনি মনে করেন?

শ্রীননী ভট্টাচার্য: এটা মতামতের ব্যাপার।

ডঃ রাধাকৃষ্ণ সিংহঃ আপনি আউটডোরের ও ইনডোরের রোগীর সংখ্যা বললেন তাতে আমার মনে হয় চিকিৎসা হিসেবে অত্যন্ত অকিঞ্চিৎকর। আমার মনে হয় বর্ধমান বিজয়চাঁদ হাসপাতাল ঐ অঞ্চলের সর্বশ্রেষ্ঠ হাসপাতাল; আপনি কি ঐ সম্বন্ধে খোঁজ নিয়ে দেখবেন যে রোগীরা সেখানে সুচিসিৎসা পায় কিনা?

শ্রীননী ভট্টাচার্যঃ প্রশ্নের প্রথম অংশটি হল মতামতের ব্যাপার; আর তার পরের সম্বন্ধে আমি খোঁজ নিয়ে নিশ্চয়ই দেখবো।

Subsidiary Health Centre at Kashitora (Bankura)

***205.** (Admitted question No. *675.)

শ্রীগুইরাম মাঝিঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বাঁকুড়া জেলার শালতোড়া থানার "কাশীতোড়া" গ্রামে সাবসিডিয়ারী হেল্থ সেন্টার খোলার একটি সরকারী প্রস্তাব ছিল; এবং

(খ) সত্য হইলে উক্ত হেল্থ সেন্টার খোলার কাজ কতদিনের মধ্যে আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

শ্রীননী ভট্টাচার্যঃ (ক) হ্যাঁ।

(খ) বর্তমানে স্বাস্থ্যকেন্দ্র স্থাপন সম্পর্কীয় নীতি অনুযায়ী প্রতিটি উন্নয়ন ব্লকে একটি করিয়া প্রাথমিক ও দুটি করিয়া উপস্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হইতেছে এবং যতদিন পর্যন্ত না প্রতি উন্নয়ন ব্লকে উপরোক্ত সংখ্যক স্বাস্থ্যকেন্দ্র প্রতিষ্ঠিত হইতেছে ততদিন কোন উন্নয়ন ব্লকেই অতিরিক্ত স্বাস্থ্যকেন্দ্র প্রতিষ্ঠা করা সম্ভব হইবে না বলিয়া সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে। শালতোড়া উন্নয়ন ব্লকে একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং গোগরা এবং হতুরিতে একটি করিয়া দুটি উপস্বাস্থ্যকেন্দ্র ইতিমধ্যেই স্থাপিত হইয়াছে। কাশীতোড়া গ্রামের প্রস্তাবিত উপস্বাস্থ্যকেন্দ্রটি শালতোড়া ব্লকের বরাদ্দের অতিরিক্ত এবং ঐ জন্য উহার প্রস্থাপন মুলতুবী আছে। কতদিনে ঐ স্বাস্থ্যকেন্দ্র খোলার কাজ আরম্ভ হইবে তাহা নিশ্চয় করিয়া বলা সম্ভব নয়।

ডাঃ গোলাম ইয়াজদানিঃ মাননীয় মন্ত্রিমহাশয় একটি নীতির কথা ঘোষণা করলেন যে একটি ব্লকে সাধারণভাবে একটি প্রাইমারী হেল্থ সেন্টার এবং দুটো সাবসিডিয়ারি হেল্থ সেন্টার না হওয়া পর্যন্ত অন্য কাজে হাত দেওয়া হবে না। বর্তমান সরকারের এই যে নীতি, এই নীতিকে কংগ্রেস গভর্নমেন্ট ফলো করেন নি? এই যে প্রস্তাবের কথা বলা হচ্ছে, এই প্রস্তাব কি সত্যই কোন দিন হয়েছিল?

শ্রীননী ভট্টাচার্যঃ আমি সাধারণভাবে কথাটা ব্যবহার করেছি। আর যে বিভাগে বা ব্লকে দুটো উপস্বাস্থ্যকেন্দ্র আছে, আর একটা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে, সেখানে আমরা আর তৃতীয় স্বাস্থ্যকেন্দ্র খুলছি না। এই নীতিটা ১৯৬২ সালের প্রথম থেকে অনুসৃত হয়ে আসছে। আমি আমাদের আর্থিক অবস্থার দিকে তাকিয়ে, যে সমস্ত ব্লকে আদৌ কোন স্বাস্থ্যকেন্দ্র নেই, সেখানে অগ্রাধিকার দিয়ে সেই জায়গায় স্বাস্থ্যকেন্দ্র খোলার উপর জোর দিচ্ছি। তারপর বাকী যা টাকা থাকলো, তা দিয়ে কোথায় কি করা যায় বিবেচনা করে দেখবো।

শ্রীনিতাইপদ সরকারঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যেসমস্ত ব্লকে প্রাইমারী বা সাবসিডিয়ারি হেল্থ সেন্টার নেই, সেখানে আগে স্বাস্থ্যকেন্দ্র খোলার ব্যবস্থা হবে।

আমার সাপ্লিমেন্টারি হচ্ছে এমন অনেক ব্লক আছে যেখানে সাবসিডিয়ারি হেল্থ সেন্টার-এর জমি সংগ্রহ করা সম্ভব হয়নি স্থানীয় ডোনেসনএর অভাবে, সেখানে গভর্নমেন্ট কি জমি অ্যাকোয়ার করে প্রাইমারী ও সাবসিডিয়ারি হেল্থ সেন্টার করবেন?

শ্রীননী ভট্টাচার্য: সে রকম জরুরী প্রয়োজন দেখা দিলে, বিবেচনা করা যেতে পারে। সরকার ইতিমধ্যেই সিদ্ধান্ত করেছেন যে তাঁরা নিজেরাই জমি অ্যাকোয়ার করে, সেই জমিতে প্রাইমারি ও সাবসিডিয়ারি হেল্থ সেন্টার খোলার প্রশ্ন বিবেচনা করবেন।

শ্রীবিভূতি পাহাড়ি: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, মেদিনীপুরে এগরা থানায় কেলেঘাই অঞ্চলের ব্লকে কোন প্রাইমারী হেল্থ সেন্টার নেই, সেখানে একটি প্রাইমারী হেল্থ সেন্টার স্থাপন করবার জন্য চেষ্টা করছেন কিনা?

Mr. Speaker: Your supplementary question is outside the scope of this question. It is only a simple question regarding one particular matter. It cannot affect the entire health administration.

শ্রীমহম্মদ ইসরাইল: মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, যে নীতির কথা আপনি বললেন যে প্রত্যেকটি ব্লকে একটি করে প্রাইমারী, ও দু'টি করে সাবসিডিয়ারি হেলথ সেন্টার খোলা হবে, এই নীতিটা কোনক্রমেই বদলাতে পারবেন কিনা?

শ্রীননী ভট্টাচার্য: আমি বলেছি সাধারণভাবে এই নীতির কথা। আমরা সাধারণভাবে এই নীতি সম্বন্ধে যে সিদ্ধান্ত নিয়েছি, তার ব্যতিক্রম নিশ্চয়ই হতে পারে। যে সমস্ত এলাকা অতি দুর্গম, অথচ একটি ব্লকে জনসংখ্যা অত্যন্ত বেশী আছে, সেখানে চিকিৎসার ব্যবস্থা করা জরুরী প্রয়োজন। সেইজন্য আমি বলেছি উত্তরে সাধারণভাবের কথাটা।

শ্রীমনোরঞ্জন হাজরা: মিঃ স্পীকার স্যার, মাননীয় মন্ত্রিমহাশয় একটু আগে বলেছেন যে যেখানে অলরেডি হেল্থ সেন্টার আছে, সে জায়গা ছেড়ে দিয়ে যে জায়গায় নেই সেখানে হেল্থ সেন্টার স্থাপন করা হবে। আমি প্রশ্ন করতে চাচ্ছি, এমন অনেক ব্লক আছে, যে ব্লকের এক অংশে তিনটা হাসপাতাল হয়ে গিয়েছে, আর, তার আর এক অংশে বিরাট এলাকা ফাঁকা পড়ে আছে, সেই ফাঁকা এলাকায় মন্ত্রিমহাশয় হেল্থ সেন্টার স্থাপন করবেন কিনা?

শ্রীননী ভট্টাচার্য: সেই সমস্ত ব্লকের দুর্ভাগ্য। তবে যদি সেখানে সে রকম জরুরী প্রশ্ন দেখা দেয়, তাহলে বিবেচনা করা যেতে পারে।

ডাঃ জয়নাল আবেদিন: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে কোন কোন ব্লকের দুর্ভাগ্যের জন্য তার এক সাইড-এ দু-তিনটা হেল্থ সেন্টার হয়েছে, আর তার আর একটা সাইড-এ কোন হেল্থ সেন্টার নেই। উনি কি দয়া করে বলবেন এই দুর্ভাগ্যের জন্য কারা দায়ী?

মিঃ স্পীকার: এইসব কোয়েশ্চেন হয় না, strictly according to the rules I disallow the question.

[1-10 - 1-20 p.m.]

শ্রীপান্নালাল মাঝি: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে ব্লকে প্রাইমারি স্বাস্থ্যকেন্দ্র হয়নি কিন্তু কতকগুলি উপস্বাস্থ্যকেন্দ্র হয়েছে সেই ব্লকে প্রাইমারি স্বাস্থ্যকেন্দ্র করা হবে কিনা?

মিঃ স্পীকার: এখানে জেনারেল অ্যাডমিনিস্ট্রেশনের কোশ্চেন আসছে কি করে, তবে মিনিস্টার যদি উত্তর দিতে চান তাহলে দিতে পারেন।

শ্রীননী ভট্টাচার্য: আমি বলছিলাম নীতির কথা, সেইজন্য এই প্রশ্নগুলি এসে গিয়েছে। যাই হোক আমি নিজে অনুসন্ধান করেছি এবং এর আগে বলেছি যে যেসমস্ত ব্লকে আদৌ কোন হেল্থ সেন্টার নেই সেখানে সেটা অগ্রাধিকার পাবে।

শ্রীনিতাইপদ সরকার: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যেসমস্ত সাবসিডিয়ারি হেলথ সেন্টারগুলি অনেকদিন আগে তৈরী হয়েছে কিন্তু ডাক্তারের অভাবে বা অন্য স্টাফের অভাবে সেগুলি চালু হয়নি, সেগুলি চালু হবে কিনা?

শ্রীননী ভট্টাচার্য: এর থেকে এ প্রশ্ন আসে না।

শ্রীরাম চ্যাটার্জি: মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি তারকেশ্বর হেল্‌থ সেন্টারের ক্লাস ফোর স্টাফ বৈদ্যুতিক আলো, পাখা ভোগ করে না, কিন্তু উপরতলার যাঁরা তাঁরা ভোগ করেন, এর পরে তারা ভোগ করতে পারবে কি?

মিঃ স্পীকার: রামবাবু, আপনি কোশ্চেন ঠিকই করেছেন কিন্তু এর সঙ্গে এটা খাপ খাচ্ছে না। আপনি আবার কোশ্চেন করুন উনি উত্তর দেবেন।

Advertisement in Muffasil Patrikas

***206.** (Admitted question No. *679.)

শ্রীঅমলেন্দ্রলাল রায়: তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মফঃস্বল পত্রিকাগুলিতে বিজ্ঞাপন দিবার জন্য সরকার কি কি বিষয় বিবেচনা করিয়া থাকেন;

(খ) বহরমপুর শহরের কোন্ কোন্ পত্রিকায় সরকারী বিজ্ঞাপন দেওয়া হয়;

(গ) এই পত্রিকাগুলির কোন্‌টির সার্কুলেশন সংখ্যা কত; এবং

(ঘ) এই পত্রিকাগুলি নিয়মিত প্রকাশিত হয় কি?

শ্রীসোমনাথ লাহিড়ী: (ক) প্রাক্তন সরকার বিজ্ঞাপন প্রচার করিবার মাধ্যমে নির্বাচন সম্পর্কে কোন নির্দিষ্ট নীতি অনুসরণ করিতেন না। সম্প্রতি বর্তমান সরকার এই সম্পর্কে একটি নীতি নির্ধারণের চেষ্টা করিতেছেন। ইতিমধ্যে সমস্ত দৈনিক সংবাদপত্রে বিজ্ঞাপন দিয়া রাজ্যের বিভিন্ন পত্র-পত্রিকা সম্পর্কে বিশদ বিবরণী সংগ্রহ করা হইয়াছে। উক্ত বিবরণীর উপর ভিত্তি করিয়া শীঘ্রই একটি মিডিয়াম তালিকা তৈয়ারি হইবে এবং তদনুসারে বিজ্ঞাপন প্রচার করা হইবে।

(খ) বহরমপুর সহর হইতে প্রকাশিত নিম্নলিখিত পাঁচটি পত্রপত্রিকাতে সরকারী বিজ্ঞাপন দেওয়া হইয়াছে: (১) জনমত, (২) মুর্শিদাবাদ পত্রিকা, (৩) পরিক্রমা, (৪) মুর্শিদাবাদ সমাচার ও (৫) বর্তিকা।

(গ) জনমত: ১৮২৫, মুর্শিদাবাদ পত্রিকা: ১৫৫০, পরিক্রমা: ১৪৭৪, মুর্শিদাবাদ সমাচার: ২৬০০, বর্তিকা: ১৭০।

(ঘ) জানা নাই।

শ্রীঅমলেন্দ্রলাল রায়: মাননীয় মন্ত্রিমহাশয় কি বললেন প্রাক্তন সরকারের বিজ্ঞাপন দেওয়া সম্পর্কে কোন নির্দিষ্ট নীতি ছিল না কিন্তু তিনি কি অবগত আছেন যে বিরোধী দলের যে সমস্ত পত্রিকা প্রাক্তন সরকারের বিরোধিতা করতেন সেই সমস্ত পত্রিকাকে বিজ্ঞাপন দেওয়া হতো না?

শ্রীসোমনাথ লাহিড়ী: এ সম্বন্ধে আমাদের কোন ব্যাপক তথ্য এখনও সংগ্রহ করা হয়নি তবে হয়ত সাধারণভাবে তিনি যা বলেছেন তা সত্য।

শ্রীঅমলেন্দ্রলাল রায়: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে এই বহরমপুর সহরে আরো সাপ্তাহিক পত্রিকা আছে যেগুলিকে বিজ্ঞাপন দেওয়া হয় না?

শ্রীসোমনাথ লাহিড়ী: খুব সম্ভব আছে।

শ্রীঅমলেন্দ্রলাল রায়: মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন তিনি সার্কুলেশনের যে সংখ্যা দিয়েছেন এই সংখ্যাটা কারেন্ট সার্কুলেশন, না ইতিপূর্বে কোন একটা বিশেষ সময়ের সার্কুলেশনের সংখ্যা?

শ্রীসোমনাথ লাহিড়ী: এই পত্রপত্রিকাগুলির প্রচার সংখ্যা মুর্শিদাবাদ সমাচার পত্রিকা বাদে ভারতবর্ষের প্রেস ইন ইন্ডিয়া, ১৯৬৬, পুস্তিকাখানি থেকে সংকলিত হয়েছে। মুর্শিদাবাদ সমাচার পত্রিকা প্রচার সংখ্যা জেলা শাসক দিয়েছে।

শ্রীঅমলেন্দ্রলাল রায়: মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন এই পত্রিকাগুলির মধ্যে অন্ততঃ দু'টি ঐ দলের বিশিষ্ট কংগ্রেস নেতাদের সম্পাদনায় প্রকাশিত হয়ে থাকে, তার মধ্যে একটি হচ্ছে পরিক্রমা, আর একটি হচ্ছে মুর্শিদাবাদ সমাচার, এই যে দু'টির প্রচার সংখ্যা দেওয়া হয়েছে এটা আদৌ সত্য নয়, এ সম্পর্কে তদন্ত করবেন কি?

শ্রীসোমনাথ লাহিড়ী: আগেই বলেছি সমস্ত পত্রপত্রিকা সম্বন্ধে কাগজে বিজ্ঞাপন দিয়ে তাদের দরখাস্ত করতে। বিভিন্ন যে আইটেম আছে সে সম্বন্ধে ইনফর্মেশন দিয়ে সেগুলি সংগ্রহ করা হচ্ছে, সংগ্রহের কাজ প্রায় শেষ হয়ে এসেছে। সেগুলি থেকে আমরা প্রচার সংখ্যা, তার ফ্রিকোয়েন্সি অব পাবলিকেশন, তার অন্যান্য যে সমস্ত খবর সেগুলি এক সঙ্গে করে বিবেচনা করে নীতি স্থির করবো। কাজেই এখনই আমার পক্ষে বলা সম্ভব নয় যে এছাড়া আর কতগুলি কাগজ আছে। কিন্তু যাতে বলতে পারি সেজন্য প্রয়োজনীয় তথ্য আমরা সংগ্রহ করছি, এখনও সেগুলি পরীক্ষা করে দেখা হয় নি।

শ্রীঅমলেশচন্দ্র মজুমদার: মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, কয়টি মফঃস্বল পত্রিকায় আগে যেগুলিতে বিজ্ঞাপন দেওয়া হতো কিন্তু সমালোচনার জন্য বিজ্ঞাপন দেওয়া বন্ধ করা হয়েছে? তার মধ্যে একটি পত্রিকার নাম আমি বলছি তারকেশ্বর থেকে পঞ্চায়েত পত্রিকা যার সার্কুলেশন হচ্ছে ৩ হাজার।

শ্রীসোমনাথ লাহিড়ী: আগে যে যে কাগজে বিজ্ঞাপন দেওয়া হতো বা এখনও দেওয়া হয়েছে তার প্রত্যেকখানাকে যে ভবিষ্যতে বিজ্ঞাপন দেওয়া হবে এমন কোন নিশ্চয়তা দেওয়া সম্ভব নয়। কাকে কাকে দেওয়া হবে সেটাই সাব্যস্ত করা হবে আমি যা আগে বললাম। মাননীয় সদস্য মহাশয় নিশ্চয়ই বুঝতে পারবেন যে এটা খুবই মুশকিল কারণ বাংলাদেশে প্রায় ১ হাজার খানা সাময়িক পত্রপত্রিকা আছে। এখন আমাদের যা অর্থসঙ্গতি তাতে আমরা খুব বেশী হলে ৫০।৬০ খানাকে দিতে পারি। কাজেই তার মধ্যে কাকে দেওয়া হবে, কাকে দেওয়া হবে না তা স্থির করতে স্বভাবতই সময় লাগবে। সেই জন্য আমরা এখনও স্থির করতে পারি নি।

শ্রীশ্রীপদ ভট্টাচার্য: মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন তাঁরা যে স্থির করছেন এটা কি ভিত্তিতে স্থির করছেন?

শ্রীসোমনাথ লাহিড়ী: সেই ভিত্তিটা স্থির করবার জন্যই আগে ইনফর্মেশনগুলি কালেক্ট করা হচ্ছে, ইনফর্মেশন কালেক্টেড হয়েছে সবে। সেগুলি পরীক্ষা করে দেখে একটা ভিত্তি আমরা স্থির করবো। ইতিমধ্যে আমরা একটা নীতি স্থির করেছি সেটা হচ্ছে অতীতে সংবাদপত্রে বিজ্ঞাপন দেওয়ার ব্যাপারে রাজনৈতিক মতামত দেখা হতো এবং সাধারণতঃ দৈনিক কাগজের ক্ষেত্রে আমরা অলরেডি এটা লক্ষ্য করেছি যে যেসমস্ত কাগজ বিরোধী পক্ষের সেই সমস্ত কাগজে হয় একেবারে বিজ্ঞাপন দেওয়া হতো না, অথবা দু'-একটা সেই রকম কাগজে মাঝে মাঝে বিজ্ঞাপন দেওয়া হতো। কংগ্রেস সমর্থক কাগজে বিজ্ঞাপন দেওয়া হতো এই হচ্ছে দৈনিক পত্রিকা সম্বন্ধে গত সরকারের নীতি। আমাদের সরকার দৈনিক পত্রিকা সম্বন্ধে সেই নীতি অলরেডি বদলে দিয়েছেন এবং বদলে দিয়ে স্থির করে দিয়েছেন যে কোন পত্রিকায় রাজনৈতিক মতামত বিবেচনার বিষয় হবে না। পত্রিকার অন্যান্য বিষয় সার্কুলেশন ইত্যাদি সমস্তটুকু বিচার-বিবেচনা করে এবং সরকারের অর্থসঙ্গতি দেখে দেওয়া হবে। এই নীতি সম্বন্ধে উল্লেখ করিনি এই কারণে যে এটা দৈনিক পত্রিকা সম্বন্ধে। দৈনিক পত্রিকা সম্বন্ধে নীতি আমাদের স্থির হয়ে গিয়েছে এবং সেই নীতি অনুসারে কাজ হচ্ছে। কিন্তু এখানে প্রশ্ন ছিল সাময়িক পত্র-পত্রিকা-গুলি সম্বন্ধে, সে সম্বন্ধে নীতি স্থির করা আরো কঠিন এই কারণে যে সংখ্যাটা এত বেশী এবং আমাদের দেওয়ার ক্ষমতা এত কম যে তার সম্বন্ধে অনেক ভেবেচিন্তে নীতি স্থির করতে হবে। আমরা এখনও স্থির সিদ্ধান্ত করতে পারি নি।

শ্রীআবদুস সাত্তার: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে সমস্ত পত্রিকার কথা তিনি বললেন মুর্শিদাবাদ জেলার আগেকার সরকার এই সমস্ত পত্রিকায় তাঁদের অ্যাডভার্টাইজমেন্ট দিতেন?

শ্রীসোমনাথ লাহিড়ী: আমিত বলেছি যে কয়টি কাগজের নাম দিয়েছি, পরিক্রমা, জনমত, মুর্শিদাবাদ পত্রিকা, মুর্শিদাবাদ সমাচার এবং বর্তিকা, এই কয়েকটি কাগজ মুর্শিদাবাদ জেলার ১৯৬৬-৬৭ সালে এদের বিজ্ঞাপন দেওয়া হয়েছে এবং আপনারা যদি চান আমি বলে দিতে পারি যে কোন কাগজে কত টাকা বিজ্ঞাপন দেওয়া হয়েছে। পরিক্রমায় দেওয়া হয়েছে ২৮০২·৯৫, জনমতে দেওয়া হয়েছে ১৩৬৮·৭৫, মুর্শিদাবাদ পত্রিকায় দেওয়া হয়েছে ৮৪৭·২০, বর্তিকায় দেওয়া হয়েছে ১০০, আর মুর্শিদাবাদ সমাচার পত্রিকায় দেওয়া হয়েছে ১৫ টাকা। এই হচ্ছে গত বছরের হিসাব। এবছরে এখনও পর্যন্ত কোন সাময়িক পত্রপত্রিকাকে বিজ্ঞাপন দেওয়া হয়নি এই কারণে যে আমরা এখনও নীতি স্থির করতে পারি নি, ডিটেলস্ তথ্য সংগ্রহ করা হলে নীতি স্থির হবে।

[1-20—1-30 p.m.]

Maternity Hospital at Ultadanga

***207.** (Admitted question No. *704.)

শ্রীমতী ইলা মিত্র: স্বাস্থ্য বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে হেল্থ সার্ভিসেস (ডেভালাপমেন্ট উইং) হইতে উল্টাডাঙ্গায় মেটার্নিটি হাসপাতালের জন্য গত ১৯৬৬ সালে ১৩ লক্ষ্য টাকা মঞ্জুর হইয়াছিল; এবং

(খ) সত্য হইলে উল্টাডাঙ্গায় মাতৃসদন নির্মাণের কাজ সুরু হইয়াছে কিনা এবং না হইলে কারণ কি?

শ্রীননী ভট্টাচার্য: (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

শ্রীমতী ইলা মিত্র: মাননীয় মন্ত্রিমহাশয় জানেন যে উল্টাডাঙ্গা একটি পশ্চাৎপদ এলাকা এবং সেখানে বস্তি এলাকায় মাতৃসদন না থাকার ফলে ইম্‌ম্যাচিওর ডেথ অত্যন্ত বেশী হয় বলে একটি মাতৃসদন তৈরী করার পরিকল্পনার কথা এখানে বহুবার বলেছি, আজকে আবার নতুন করে সেই পরিকল্পনার জন্য নতুন মন্ত্রিসভাকে অনুরোধ করে বলছি সেখানে ইম্‌ম্যাচিওর ডেথ-এর দিকে তাকিয়ে যাতে বস্তির মায়েরা সুযোগ পায় সে দিক থেকে একটি মাতৃসদন কববার পরিকল্পনা মন্ত্রিমহাশয় নেবেন কি?

শ্রীননী ভট্টাচার্য: এর আগে একটা প্রস্তাব এসেছিল, এ বছর কোন প্রস্তাব আসে নি। প্রস্তাবটি ডাঃ নারায়ণ রায় মহাশয় পাঠিয়েছিলেন। সেই প্রস্তাব পাবার পর দেখ গেল যে ঐ জায়গা অর্থাৎ যে জায়গা সম্বন্ধে তিনি বলেছিলেন, ৩৯ নং সিমলা স্ট্রীট, সেটা রতন পাল নামে এক ভদ্রমহিলার জমি। কিন্তু দেখা গিয়েছে সেটা বস্তি এবং সেখানে বস্তিবাসীদের উচ্ছেদ করার প্রশ্ন আছে এবং অন্য দিকে বড় বড় দোকান রাস্তার দিকে থাকার দরুন সেগুলি উচ্ছেদ করা সম্ভব হবে না বলে জানা গিয়েছে যার ফলে সেখানে এই ধরণের মেটারনিটি হোম করার পরিকল্পনা পরিত্যক্ত হয়েছে। আর সেটা ডাঃ নারায়ণ রায়কে এর আগে জানিয়ে দেওয়া হয়েছিল। এর পর আর কোন প্রস্তাব আসে নি।

শ্রীমতী ইলা মিত্র: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে স্থানের অসুবিধার জন্যই কি পরিকল্পনা বাতিল করতে হয়েছে?

শ্রীননী ভট্টাচার্য: স্থানটা প্রথম, স্থান পেলে নিশ্চয় সে সম্বন্ধে বিবেচনা করা যেতে পারে যে ঐ ধরনের মেটারনিটি হোম করা যেতে পারে কি না।

Water Supply in Tamluk Municipal area

***208.** (Admitted question No. *750.)

শ্রীঅজয় মালাকার: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তমলুক পৌর এলাকায় পাণীয় জল সরবরাহের জন্য সরকার কত টাকা ব্যয় করেছেন;

(খ) ইহা কি সত্য যে ঐ জল সরবরাহের দায়িত্ব স্থানীয় পৌর কর্তৃপক্ষ গ্রহণ করিতে রাজী হন নাই; এবং

(গ) সত্য হইলে ইহার কারণ কি?

শ্রীননী ভট্টাচার্য: (ক) ৩,১১,৭০২ টাকা।

(খ) হ্যাঁ।

(গ) তমলুক পৌরসভার আর্থিক অবস্থা ঐ জল সরবরাহ প্রকল্পের দায়িত্ব লইবার পক্ষে যথেষ্ট অনুকূল নহে বলিয়া উক্ত পৌর কর্তৃপক্ষ মত প্রকাশ করিয়াছেন।

শ্রীঅজয় মালাকার: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে একথা কি সত্য যে পৌর কর্তৃপক্ষ ঐ কন্ট্রাক্টরএর বিরুদ্ধে অভিযোগ করেছিলেন?

শ্রীননী ভট্টাচার্য: আমার কাছে অন্ততঃ সে অভিযোগ আসে নি।

শ্রীঅজয় মালাকার: একথা কি সত্য যে পৌর কতৃপক্ষ অভিযোগ করে রেজলিউশন আপনার দপ্তরে পাঠিয়েছিলেন?

শ্রীননী ভট্টাচার্য: এখানে আসে নি, নোটিশ দিলে জবাব দেব।

শ্রীঅজয় মালাকার: মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে, একথা কি সত্য যে ঐ টাকার মধ্যে ৮০ হাজার টাকা ঐ জল সরবরাহের জন্য ব্যয় না করে অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনীয়ারের কোয়ার্টার করা হয়েছে?

শ্রীননী ভট্টাচার্য: একম কোন খবর আমার জানা নেই। যদি মাননীয় সদস্যের জানা থাকে তিনি জানালে আমি অনুসন্ধান করে দেখবো।

শ্রীঅজয় মালাকার: মিস্টার স্পীকার, স্যার, আমি যে প্রশ্ন দিয়েছিলাম তাতে আমরা স্পেসিফিক উত্তর চেয়েছিলাম, তা উনি বলছেন না।

শ্রীননী ভট্টাচার্য: আমি আমার উত্তরে বলেছি যে পৌর কর্তৃপক্ষ তাদের আর্থিক অসামর্থ্যের কথা জানিয়েছেন এই মেনটেন্যান্সএর ব্যাপারে, ২৫ হাজার টাকার মত মেনটেন্যান্স কস্ট যেটা বহন করার ব্যাপারে তাদের অসামর্থ্য, সেজন্য তারা গ্রহণ করতে পারছেন না।

শ্রীঅজয় মালাকার: পৌর কর্তৃপক্ষ তাদের অসামর্থ্যের কথা জানিয়েছেন কোন্ তারিখে এবং তারা কিভাবে জানিয়েছেন বলতে পারেন?

শ্রীননী ভট্টাচার্য: নোটিশ দিলে বলতে পারব।

শ্রীপ্রমথনাথ ধীবর: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি পৌরসভা যখন এই পরিকল্পনা কার্যকরী করতে পারছে না তখন সরকার এই পরিকল্পনা গ্রহণ করবেন কি না?

শ্রীননী ভট্টাচার্য: পরিকল্পনা কার্যকরী হয়ে গিয়েছে এখন মিউনিসিপ্যালিটির টেক ওভার করার ব্যাপারে—তারা টেক ওভার করতে চাচ্ছেন না, যেহেতু ওটাকে মেনটেন করার মত আর্থিক সঙ্গতি নাই—এই কথা তাঁরা জানিয়েছেন।

শ্রীঅজয় মালাকার: মাননীয় মন্ত্রিমহাশয় কোন্ তথ্য থেকে বলছেন যে পৌর কর্তৃপক্ষ রাজী হন নি।

শ্রীননী ভট্টাচার্য: তাঁরা সেটা আমাদের জানিয়েছেন।

শ্রীতরুণকুমার সেনগুপ্ত: এখন কি পৌর অধিবাসীদের পানীয় জল সরবরাহ করা হচ্ছে?

শ্রীননী ভট্টাচার্য: এখন স্ট্রীট হাইড্রান্ট মারফত জল সরবরাহের ব্যবস্থা আছে।

শ্রীভবানী মুখার্জী: মন্ত্রিমহাশয় কি জানাবেন যে কোন পৌর কর্তৃপক্ষ যদি পানীয় জল সরবরাহের জন্য আগে থাকতে সম্মতি না জানান তাহলে সরকারী উদ্যোগে জল সরবরাহের জন্য স্কীম নেওয়া হয় কি না?

শ্রীননী ভট্টাচার্য: এ প্রশ্ন থেকে এটা আসে না।

শ্রীঅজয় মালাকার: মাননীয় মন্ত্রিমহাশয়কে যে সমস্ত কথা বললাম সে বিষয়ে তদন্ত করে দেখবেন কি?

শ্রীননী ভট্টাচার্য: মাননীয় সদস্য যদি লিখিতভাবে তথ্য দেন তাহলে আমি নিশ্চয়ই তদন্ত করে দেখব।

May Day at Calcutta

***209.** (Admitted question No. *752.) **Shri Narayan Chandra Chaudhuri:** Will the Minister-in-charge of the Information and Public Relation Department be pleased to state—

(a) if the meeting to celebrate the 'May Day' at Calcutta was organised by the State Government;

(b) if the answer to question (a) be in the affirmative—

(i) how much amount was spent for the purpose, and

(ii) from what head the said expenditure was incurred?

Shri Somnath Lahiri: (a) No. (b)(i) and (ii) Do not arise.

শ্রীনারায়ণচন্দ্র চৌধুরী: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এই সভার ছবি সরকারী প্রচার পত্রিকায় ছাপা হয়েছিল কি না?

শ্রীসোমনাথ লাহিড়ী: সরকারী প্রচার পত্রিকায় শুধু সরকারী ছবি বের হয় না বাংলাদেশে যে সমস্ত ঘটনা ঘটে তার অনেক বিষয়েই ছবি ছাপা হয়।

শ্রীঅমলেন্দুলাল রায়: মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে এই মে ডে সেলিব্রেশন যেটা হল, এই জিনিষটা কি এটা একটু বুঝিয়ে বলবেন কি?

শ্রীসোমনাথ লাহিড়ী: ১লা মে শ্রমিক শ্রেণীর একটা আন্তর্জাতিক সংহতি দিবস। সেই দিবস আমাদের সরকার এবং আগেকার সরকারও মোটের উপরে সমর্থন করতেন যে এই দিবস পালন করার জন্য শ্রমিক এবং কর্মচারীদের সুযোগ দেওয়া উচিত। সেই হিসাবে এবারে আমাদের সরকার ছুটি ঘোষণা করেছিলেন এবং বিভিন্ন প্রতিষ্ঠানকে অনুরোধ করেছিলেন যে তাঁরা যেন তাঁদের শ্রমিকদের ছুটি দেন যাতে তারা যেন সেই সংহতি দিবস পালন করতে পারেন। কিন্তু সরকার প্রত্যক্ষভাবে কোন আয়োজন করেন নি।

শ্রীঅমলেন্দুলাল রায়: মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে এই মে ডে সেলিব্রেট করার ব্যাপারে এই দেশে এক শ্রেণীর যথেষ্ট বিরোধিতা আছে—এবং যদি থাকে তারা কারা সেটা কি জানেন তিনি?

শ্রীসোমনাথ লাহিড়ী: সেটা বলা খুব কঠিন, মে ডে সেলিব্রেট করা সম্বন্ধে কার বিরোধিতা আছে কার নাই তা আমার পক্ষে বলা সম্ভব নয়।

শ্রীহরপ্রসাদ চ্যাটার্জী: কল্যাণীতে কংগ্রেস দলের একটি সভা কয়েক বছর আগে হয়েছিল তাতে যে খরচ হয়েছিল তার জন্য সরকার কত টাকা খরচ করেছিলেন সেটা কি আপনি জানেন?

শ্রীসোমনাথ লাহিড়ী: এ সম্বন্ধে আমরা তখনকার খবরের কাগজে পড়েছিলাম এবং সরকার অনেক টাকা খরচ করেছিলেন এই ব্যাপারে যার জন্য তখন সরকার ঐ খবর বেরোবার পর তা অস্বীকার করেন নি। এবং তখন সরকার বলেছিলেন যে উচিত কাজ তাঁরা করেছেন, দলীয় স্বার্থে সরকারী টাকা খরচ করা—এর বেশী আর কিছু আমি জানি না।

[1-30—1-40 p.m.]

শ্রীহরপ্রসাদ চ্যাটার্জী: আপনি এ বিষয়ে বর্তমানে অনুসন্ধান করে দেখবেন কি যে এইভাবে যদি টাকা পাওনা থাকে কংগ্রেস দলের কাছে তাহলে তা আদায় করার ব্যবস্থা করবেন কি?

শ্রীসোমনাথ লাহিড়ী: এই প্রশ্ন এর থেকে আসে না—দ্বিতীয়তঃ এই বিষয়ে অনুসন্ধান করা আমার দপ্তরের অন্তর্গত নয়।

ডাঃ গোপিকারঞ্জন মিত্র: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে এই মে দিবসে সরকার পক্ষ থেকে কোন সভার আয়োজন করা হয় নি, তার কারণ কি?

শ্রীসোমনাথ লাহিড়ী: তার কারণ সরকার প্রয়োজন মনে করেন নি।

ডাঃ গোপিকারঞ্জন মিত্র: সরকার কি তাহলে এই মে দিবস যা আন্তর্জাতিক দিবস সেটা কি বিশ্বাস করেন না?

শ্রীসোমনাথ লাহিড়ী: দিবসে বিশ্বাস বলে কোন কথা হয় না বলেই আমার ধারণা, কারণ দিবস একটা বিশ্বাসের বস্তু নয়, তবে এটা বিশ্বাস করি যে যেসমস্ত শ্রমিক কর্মচারী এটা তাঁদের আন্তর্জাতিক সংহতির চিহ্ন হিসাবে এই দিনটি পালন করতে চান তাঁদের সেই বিশ্বাসকে শ্রদ্ধা করা উচিত এবং সেই হিসাবে যাতে তাঁরা তা করবার সুযোগ পান সেদিকে সরকার যতটুকু সাহায্য করতে পারেন তা করা উচিত।

শ্রীনিখিল দাস: এই যে মে ডে সেলিব্রেসন সম্পর্কে মিটিং-এর কথা বলেছেন এবং তাতে ছবির কথা বলেছেন সেই মিটিং-এর। সেই মিটিং-এর যে ছবি উঠেছিল সেই মিটিং কারা ডেকেছিল এ খবর কি দিতে পারেন মন্ত্রিমহাশয়?

শ্রীসোমননাথ লাহিড়ী: কোন ছবির কথা উল্লেখ করছেন তা আমি জানি না, এই প্রশ্ন থেকে এটা ওঠে না, তবে আমার ধারণা যে বিভিন্ন কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন সংস্থা তাঁরা ঐক্যবদ্ধভাবে এই দিবসের অনুষ্ঠান করেছিলেন এবং সভা করেছিলেন এবং যেহেতু কলকাতা সহরের শ্রমিক কর্মচারী এবং নাগরিকদের জীবনের একটা উল্লেখযোগ্য ঘটনা, সেদিন সেই উল্লেখযোগ্য ঘটনা হিসাবে তার ছবি আমাদের কাগজে বেরিয়েছিল।

শ্রীনিখিল দাস: কেন্দ্রীয় শ্রমিক সংগঠন যেগুলি তাঁদের তরফ থেকে এই মিটিং ডাকা হয়েছিল এবং সেখানে স্বাভাবিকভাবে আমাদের যিনি শ্রমমন্ত্রী আছেন তাঁকে তারা আশা করবেন সেখানে গিয়ে বক্তৃতা করার—তাঁর ছবিটা হয়তো উঠেছিল এবং সেই ছবির কথাই বলছি।

শ্রীসোমনাথ লাহিড়ী: সেই ছবির কথা আমার মনে নেই, প্রত্যেক সপ্তাহে কাগজে ১০।১২টা করে ছবি উঠে। যদি প্রশ্ন থাকতো যে মে ডে অনুষ্ঠান সম্পর্কে আপনাদের কাগজে যে ছবি বেরিয়েছে সেই ছবি সম্পর্কে তা হলে আমি জবাব দিতে পারতাম—এখন আমার মনে নেই।

শ্রীপরেশচন্দ্র গোস্বামী: মন্ত্রিমহাশয় কি বলবেন যেসব প্রতিষ্ঠানের তরফ থেকে এই মে দিবস উদ্‌যাপিত করা হয়েছে—বিশেষ করে হরপ্রসাদবাবু এবং অমলবাবু তাঁরা কি ১৫ই অগাস্ট, স্বাধীনতা দিবস উদ্‌যাপন করেন?

শ্রীসোমনাথ লাহিড়ী: এটা এই প্রশ্নে উঠে না, এবং আমি জানি না।

ডাঃ গোপিকারঞ্জন মিত্র: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে এই মে দিবস উপলক্ষে সরকারের তরফ থেকে যে সরকারী বিল্ডিংসগুলি আছে তাতে কোন পতাকা উত্তোলনের কথা বলা হয়েছিল কি না?

শ্রীসোমনাথ লাহিড়ী: আমার জানা নেই।

Blocks without Health Centres in Howrah district

***210.** (Admitted question No. *756.)

শ্রী নিত্যানন্দ ভুঁইয়া: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) হাওড়া জেলার কোন্ কোন্ ব্লকে আজও প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করা সম্ভব হয় নাই; এবং

(খ) উক্ত জেলার শাঁখরাইল ব্লকে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের সরকারীভাবে কোনও ব্যবস্থা করা হইয়াছে কি?

শ্রীননী ভট্টাচার্য: (ক) বাগনান ২নং এবং শাঁকরাইল উন্নয়ন ব্লক।

(খ) শাঁখরাইল ব্লকে স্বাস্থ্যকেন্দ্রের পক্ষে প্রয়োজনীয় উপযুক্ত জমির অভাব রহিয়াছে। ঐ অঞ্চলে জমির মূল্যও অত্যন্ত বেশী। এতদিন পর্যন্ত ঐ উন্নয়ন ব্লকের জনসাধারণের নিকট হইতে ঐ ব্লকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের উদ্দেশ্যে জমি অথবা অর্থদানের কোন প্রস্তাব পাওয়া যায় নাই। সম্প্রতি ঐ স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য ৬.৭ বিঘা জমি দানের একটি প্রস্তাব পাওয়া গিয়াছে। একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য সাধারণতঃ ২০ বিঘা জমির প্রয়োজন হয়। শাঁখরাইল ব্লকে উপযুক্ত জমির অভাব থাকায় ২০ বিঘা হইতে কম পরিমাণ জমিতে ঐ ব্লকের স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করা সম্ভব কিনা তাহা বিবেচনা করা হইতেছে।

Mograhat A. C. Hospital

***211.** (Admitted question No. *794.)

ডাঃ জয়নাল আবেদিন: (ক) স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ইহা কি সত্য যে, ২৪-পরগণা জেলার মগরাহাট থানার অন্তর্গত "মগরাহাট এ-জি হাসপাতালটি" ভাঙিয়া পড়িয়া গিয়াছে?

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) বর্তমানে কোথায় উক্ত হাসপাতালের রোগীদের চিকিৎসা হইতেছে;

(২) ঐহাসপাতালটির জন্য নূতন গৃহ তৈয়ারী করার ব্যবস্থা করা হইয়াছে কিনা; এবং

(৩) ব্যবস্থা হইলে নূতন হাসপাতাল গৃহটি কোথায় স্থাপিত হইবে এবং কবে হইতে চালু হইবে?

শ্রীননী ভট্টাচার্য: (ক) হ্যাঁ।

(খ) (১) ঐ হাসপাতালের ১১ জন রোগীর মধ্যে আটজনের অসুখ খুবই সামান্য থাকায় তাঁহাদের হাসপাতাল হইতে ছুটি দেওয়া হয়। তিনদিন পরে আরও ৬ জনকে অ্যাম্বুলেন্সে করিয়া ডায়মন্ডহারবার মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়। বাকী পাঁচজনকেও হাসপাতাল হইতে ছুটি দেওয়া হয় এবং হাসপাতাল হইতে ঔষধ লইবার জন্য পরামর্শ দেওয়া হয়।

বর্তমানে অস্থায়ীভাবে একটি উপস্বাস্থ্যকেন্দ্র ঐ স্থানে চালু করা হইয়াছে এবং রোগীগণ উপস্বাস্থ্যকেন্দ্র হইতে চিকিৎসিত হইতেছেন।

(২) ও (৩) সরকারের বর্তমান অনুসৃত নীতি অনুযায়ী ঐ হাসপাতাল সংলগ্ন জমিতে একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনা গৃহীত হইয়াছে এবং ঐ উদ্দেশ্যে পূর্ত বিভাগ হইতে একটি প্রাক্কলন এস্টিমেট তৈয়ারী করানো হইয়াছে। এবং প্রস্তাবটি বিবেচনাধীন রহিয়াছে।

শ্রীকৃপাসিন্ধু সাহা: **ঐ যে হাসপাতালটা ভগ্নাবস্থায় ছিল ঐ হাসপাতাল কর্তৃপক্ষ সেটা কি** আপনাদের আগে জানিয়েছিল?

শ্রীননী ভট্টাচার্য: সেটা বলতে পারবো না।

ডাঃ জয়নাল আবেদিন: **মন্ত্রিমহাশয় জানাবেন কি ঐ হাসপাতালটা কত বেডের ছিল?**

শ্রীননী ভট্টাচার্য: ২০ শয্যা যুক্ত।

ডাঃ জয়নাল আবেদিন: **মন্ত্রিমহাশয় জানাবেন কি ঐ ব্লক কিংবা ঐ থানায় আর কোন হাসপাতাল** নেই—ঐ থানায় আর অন্য কোন হাসপাতাল করার পরিকল্পনা আছে কি না?

শ্রীননী ভট্টাচার্য: ঐ ব্লকে অন্ততঃ প্রাইমারী হেল্থ সেন্টার নেই, সেটা বুঝতে পারছি যখন আমরা সেই ব্লকে বা ঐ জায়গাতে প্রাইমারী হেল্থ সেন্টার করার কথা বলছি বা ওটা বিবেচনা করছি, এস্টিমেটও হয়ে গেছে যার কথা আমি বললাম।

ডাঃ জয়নাল আবেদিন: **ঐ থানাটা ডবল সিটেড কনস্টিটিউয়েন্সি, একটা** [illegible] **কথা** হোল—পাশের কনস্টিটিউয়েন্সিতে কোন প্রাইমারী বা [illegible] হেল্থ সেন্টার করার পরিকল্পনা আছে কি?

শ্রীননী ভট্টাচার্য: এর থেকে এ প্রশ্ন আসে না।

ডাঃ জয়নাল আবেদিন: **পাশের ব্লকে আছে কিনা জানাবেন কি?**

শ্রীননী ভট্টাচার্য: নোটীশ দিলে বলতে পারবো।

Lepers

***212.** (Admitted question No *857.) **Shri Arun Kumar Moitra:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state

(a) the Government statistics, if any, regarding the districtwise member of Lepers in West Bengal; and

(b) the number of Hospital beds for lepers in (i) Government Hospitals and (ii) Non-Government Hospitals and asylums?

Shri Nani Bhattacharya: (a) number of district-wise Leprosy patients is not available.

(b)(i) Government—737 and (ii) non-Government—1,710

শ্রীনারায়ণ চৌধুরী: **ডিস্ট্রিক্টওয়াইজ ফিগার যদি না থাকে স্টেটওয়াইজ ফিগার দিতে** পারবেন কি?

শ্রীননী ভট্টাচার্য: সরকারের তরফ থেকে ঐ রকম ডিস্ট্রিক্ট ওয়াইজ বা কোথায় কোন জেলায় এই ধরণের কিছু গভর্নমেন্টের পক্ষ থেকে এটা রাখা হয় না - এর আগে ১৯৫৫ সালে কন্ট্রোল অব লেপ্রসির জন্য যে কমিটি আছে সেই কমিটির পক্ষ থেকে একটা সার্ভে করা হয়, সেই সার্ভে রিপোর্টের পর আর ঐ রকম ধরণের কোন জোগাড়ের বা তথ্য সন্ধানের কোন ব্যবস্থা সরকার গ্রহণ করে নি।

[1-40—1-50 p.m.]

ডাঃ জয়নাল আবেদীনঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে কুষ্ঠরোগীদের সম্পর্কে যে হাসপাতাল এবং কুষ্ঠ নিবারণী সমিতি পশ্চিম বাংলায় যে সমীক্ষা করেছিলেন সেই সম্পর্কে তথ্য স্বাস্থ্যদপ্তরের আছে কি না?

শ্রীননী ভট্টাচার্যঃ আমি বলতে পারবো না। সরকারের কাছে উপস্থিত নেই।

শ্রীমোহম্মদ ইসাকঃ জেলা লেপ্রসি হাসপাতালে চিকিৎসার কোন ব্যবস্থা আছে কি না?

শ্রীননী ভট্টাচার্যঃ বিভিন্ন জেলায় কোথায় কি আছে সেটা বলতে পারি তবে প্রত্যেক সদর হাসপাতালে রোগীদের চিকিৎসার কোন ব্যবস্থা **নেই।**

শ্রীনিখিল দাসঃ কুষ্ঠ রোগীদের চিকিৎসার জন্য আলাদা কোন ব্যবস্থা আছে কি না?

শ্রীননী ভট্টাচার্যঃ সরকারী আছে যা বলছি, গৌরীপুর লেপ্রসি কলোনি সেখানে ৫০০টা রোগীর চিকিৎসা করা হয়। বেলিয়াঘাটা লেপ্রসি ভ্যাগ্রান্টস হোম সেখানে ২০০ জনের চিকিৎসা করা হয়, মেদিনীপুর সেন্ট্রাল জেল ৫টা, সিউড়ি জেল-এ ৩২টার ব্যবস্থা আছে।

শ্রীনিখিল দাসঃ মাননীয় মন্ত্রিমহাশয়ের উত্তর থেকে জানা গেল যে বিভিন্ন হাসপাতালে ৭৩৭টা বেড আছে, তাহলে এটা ত আলাদা। সরকারের হাসপাতালে কোন বেড আছে কি?

শ্রীননী ভট্টাচার্যঃ আমি বলতে পারছি না।

ডাঃ গোপিকারঞ্জন মিত্রঃ আসানসোল কোল মাইনস-এ বোর্ড অফ হেল্থ সেন্টার-এ লেপ্রসি হসপিটাল সেটা সরকারের নেওয়া সম্ভব হবে কি?

শ্রীননী ভট্টাচার্যঃ এখন বলা সম্ভব নয়, নোটিশ দিলে বলতে পারবো, আসানসোলে ২৪২টা রোগীর চিকিৎসার ব্যবস্থা আছে।

শ্রীতিনকড়ি মণ্ডলঃ দুঃস্থ কুষ্ঠ রোগীদের বিনা পয়সায় আলাদাভাবে রাখার প্রয়োজন বোধ করেন কি?

শ্রীননী ভট্টাচার্যঃ এই সম্পর্কে দুই রকম মত আছে, এ পর্যন্ত যে মত ছিল তাতে কুষ্ঠ-রোগীদের আলাদাভাবে রাখার পদ্ধতি ছিল, পরবর্তী কালে এ-মত পরিবর্তনের কথা উঠেছে বলে জানা গেছে, বিশেষজ্ঞরা এই মত জানিয়েছেন।

শ্রীতিনকড়ি মণ্ডলঃ এই পরিকল্পনা কতদিনের মধ্যে কার্যকরী করতে পারবেন?

শ্রীননী ভট্টাচার্যঃ আপনি কোন্ পরিকল্পনার কথা বলছেন।

ডাঃ রাধাকৃষ্ণ সিনহাঃ আপনি কি জানেন যে কতকগুলি স্টাডি সেন্টার খোলা হয়েছিল শ্রীকেতন স্টাডি সেন্টার, গান্ধী কুষ্ঠ সমিতি যে ছিল শান্তিনিকেতনের কাছে শ্রীনিকেতনে এইরূপ একটা স্টাডি সেন্টারএ বেশ কিছুসংখ্যক পেসেন্টএর ট্রিটমেন্টের ব্যবস্থা হয়, দেখা যাচ্ছে আগামী সেপ্টেম্বর থেকে সেটা উঠে যাবে, আমাদের যুক্তফ্রন্ট সরকার এই স্টাডি সেন্টারটা চালাবার কোন ব্যবস্থা করবেন কি?

শ্রীননী ভট্টাচার্যঃ নোটিশ দিলে বলতে পারবো।

ডাঃ গোলাম ইয়াজদানিঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন ডিস্ট্রিক্টওয়াইজ স্টাডি সেন্টার নেই, কিন্তু আমার প্রশ্ন হল যে কুষ্ঠরোগীদের যদি সুষ্ঠুভাবে চিকিৎসার ব্যবস্থা করা যায় এবং প্রিভেনশন করা যায় তাহলে এরূপ একটা স্ট্যাটিসটিক্স প্রয়োজন বা এরূপ কোন সার্ভের ব্যবস্থা করছেন কি না?

শ্রীননী ভট্টাচার্যঃ আমরা এবিষয়ে চিন্তা বা বিবেচনা করি নি।

Provident fund for labours of Monindra Cotton Mills and others

***213.** (Admitted question No. *886.)

শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৫ সাল পর্যন্ত মুর্শিদাবাদ জেলার মনীন্দ্র কটন মিল, বেঙ্গল টেক্সটাইল মিল ও রামনগর চিনি মিলে শ্রমিকদের প্রভিডেন্ট ফান্ডের কি পরিমাণ টাকা কমিশনারের হাতে জমা হয় নাই;

(খ) ইহার মধ্যে কি পরিমাণ টাকা আজ পর্যন্ত উদ্ধার করা হইয়াছে;

(গ) বাকী টাকা আদায়ের কি ব্যবস্থা করা হইয়াছে এবং কবে নাগাদ তাহা আদায় শেষ হইবে;

(ঘ) ইহা কি সত্য যে, এই সকল মিলে কোম্পানী তাহাদের নিজেদের দেয় টাকা তো দেয়ই নাই, এমন কি শ্রমিকদের প্রদত্ত অংশও তছরূপ করিয়া ফেলিয়াছে; এবং

(ঙ) সত্য হইলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

শ্রীসুবোধ ব্যানার্জীঃ (ক) ১৯৬৫ সাল পর্যন্ত মুর্শিদাবাদ জেলার মনীন্দ্র কটন মিল ও বেঙ্গল টেক্সটাইল মিলের শ্রমিকদের প্রভিডেন্ট ফান্ডের যথাক্রমে ১,৭৬,৪৪৭·০৮ টাকা ও ১,৮৮,৮০৪·৩৫ টাকা কমিশনারের হাতে জমা হয় নাই।

দি রামনগর কেন অ্যান্ড সুগার কোং লিমিটেড, পলাশী নদীয়া এক্সেমটেড এস্টাবলিশমেন্ট হওয়ার জন্য উহার ক্ষেত্রে কমিশনারের নিকট প্রভিডেন্ট ফান্ডের টাকা জমা দেওয়ার প্রশ্ন উঠে না।

(খ) ইহার মধ্যে মনীন্দ্র কটন মিলের বেলায় ৪৫,৭২৩·১০ টাকা ও বেঙ্গল টেক্সটাইল মিলের বেলায় ৪৭,৯১৩·৭৫ টাকা এ পর্যন্ত উদ্ধার করা হইয়াছে।

(গ) বাকী টাকা আদায়ের জন্য কয়েকটি সার্টিফিকেট মামলা দায়ের করা হইয়াছে। উক্ত মামলাগুলি এখনও বিচারাধীন রহিয়াছে। কবে নাগাদ উহাদের নিষ্পত্তি হইবে বলা সম্ভবপর নহে।

(ঘ) মনীন্দ্র কটন মিল ও বেঙ্গল টেক্সটাইল মিল তাঁহাদের নিজেদের দেয় টাকা জমা দেন নাই। শ্রমিকদের দেয় টাকা তাঁহাদের মজুরী হইতে ঐ কোম্পানীদ্বয় কাটিয়া লইয়াছেন অথচ তাহা আইন লঙ্ঘন করিয়া স্ট্যাটুটারী ফান্ডে জমা দেন নাই। দি রামনগর কেন অ্যান্ড সুগার কোং লিঃ এক্সেমশন এর সর্তানুযায়ী পশ্চিমবঙ্গের রিজিওনাল প্রভিডেন্ট ফান্ড কমিশনার-এর নিকট যথাযথভাবে মাসিক বিবরণী পেশ করিয়া আসিতেছেন। ঐ সংস্থা বোর্ড অফ ট্রাস্টিজের হাতে প্রভিডেন্ট ফান্ডের টাকাকড়ি হস্তান্তর করিয়াছেন ও লগ্নীর অবস্থা সেখানে সন্তোষজনক।

(ঙ) মনীন্দ্র কটন মিল ও বেঙ্গল টেক্সটাইল মিলের বিরুদ্ধে পুলিশের নিকট অভিযোগ জানাইয়া পশ্চিমবঙ্গের রিজিওনাল প্রভিডেন্ট ফান্ড কমিশনার ঐ সংস্থাদ্বয়ের বিরুদ্ধে শ্রমিকদের প্রদত্ত টাকা সম্পর্কে বিশ্বাসভঙ্গ ও তছরূপের দায়ে ভারতীয় দণ্ডবিধির ৪০৬।৪০৯ ধারানুযায়ী ব্যবস্থা অবলম্বনের জন্য অনুরোধ জানাইয়াছেন। এ সম্পর্কে পুলিশের তদন্ত এখনও শেষ হয় নাই। ভবিষ্যনিধি আইনের ১৪(২) ধারা অনুযায়ী মামলা রুজু করা হইয়াছে।

শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে বাকী টাকা আদায় করবার জন্য সার্টিফিকেট জারী করা হয়েছে, কতকগুলিক্ষেত্রে সার্টিফিকেট জারী করা হয়েছে এবং কতকগুলি ক্ষেত্রে মামলা দায়ের করা হয়েছে বলবেন কি?

শ্রীসুবোধ ব্যানার্জীঃ বেঙ্গল টেক্সটাইল মিলে ১৯৬৫ সালের ডিসেম্বর মাসের পর থেকে ৮টা প্রসিকিউশন কেস স্যাংশন করা হয়েছে এবং ৬টা রিকুইজিশন সার্টিফিকেট জারী করা হয়েছে যাতে করে ১ লক্ষ ৩ হাজার ২ শত ৬৮·১৪ টাকা আদায় করা যেতে পারে। সরকারী

তরফ থেকে এগ্‌লি অ্যাপ্রভ করে দেওয়া হয়েছে এবং রিজিওনাল প্রভিডেন্ট কমিশনারের কাছে পাঠিয়ে দেওয়া হয়েছে যাতে দ্রুত ব্যবস্থা করেন, মনীন্দ্র মিলস্‌ সম্পর্কে ১৯৬৬ সালের ডিসেম্বর পরের থেকে ৮টা প্রসিকিউশন কেস আদায় করা হয়েছে, ৫টা রিকুইজিশন সার্টিফিকেট জারী করা হয়েছে যাতে ৩১ হাজার ৫ শত ৬০ টাকা ৪০ নয়া পয়সা আদায় করবার ব্যবস্থা করা হচ্ছে।

শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে টাকা তছরূপ করা এবং বিশ্বাস-ভংগের জন্য ৪০৬ এবং ৪০৯ ধারা অনুসারে ব্যবস্থা অবলম্বনের জন্য জানান হয়েছে এটা কবে হয়েছে বলবেন কি?

শ্রীসুবোধ ব্যানার্জীঃ একজাক্ট ডেট বলতে পারবো না, তবে কিছুদিন হল হয়েছে।

শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ পুলিশের তরফ থেকে কোন ব্যবস্থা অবলম্বন করা হয় নি এই সম্পর্কে তদন্ত করে দেখবেন কি?

শ্রীসুবোধ ব্যানার্জীঃ মাননীয় সদস্যকে আমি আশ্বাস দিতে পারি যে তিনি চিঠি দিলেই আমি যত শীঘ্র সম্ভব অ্যাকশন নেব।

শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ এটা কি স্বীকার করেন যে লক্ষ লক্ষ টাকা যেটা শ্রমিকদের ৩টি মিলের ক্ষেত্রে আটক আছে সেই লক্ষ লক্ষ টাকা শ্রমিকদের উদ্ধার করে দেওয়া যাচ্ছে না সেই জন্য প্রভিডেন্ট ফান্ড আইনটা সম্পূর্ণভাবে ঢেলে সাজাবার ব্যবস্থা করা যায় কি না সেটা অনুভব করছেন?

শ্রীসুবোধ ব্যানার্জীঃ আমি মনে করি প্রভিডেন্ট ফান্ডএর আইন যেটা চালু আছে তাতে এ ধরনের গুরুতর ত্রুটি আছে এবং শাস্তির ব্যবস্থা যে আছে তাতে বহু বদ মালিককে শায়েস্তা করা যাচ্ছে না, এর ফলে আমি মনে করি যে এই আইনকে সংশোধন করার প্রয়োজন এবং পশ্চিম বঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারের কাছে লিখেছেন যাতে এই আইনকে সংশোধন করা যায় এবং এই ধরনের অন্যায় কাজগুলি মালিকেরা করতে না পারে তার জন্য যথাযথ ব্যবস্থা অবলম্বন করা হবে।

[1-50—2 p.m.]

শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ ঐ সময় বাংলাদেশে শ্রমমন্ত্রী কে ছিলেন এটা দয়া করে জানাবেন কি?

শ্রীসুবোধ ব্যানার্জীঃ এ প্রশ্ন করে লাভ নেই। আপনাদের দুটো জিনিস বোঝা দরকার। এই সময় শ্রমমন্ত্রী বোধ হয় বিজয়বাবু ছিলেন, সেটা আলাদা কথা। কিন্তু আপনারা এটা মনে রাখবেন যে আমার আমলে এই কাজ হচ্ছে এবং যেহেতু আইনগুলো এত ডিফেকটিভ, আউট-ডেটেড, ব্যাকডেটেড, আউটমোডেড যার জন্য আমার আপ্রাণ ইচ্ছা থাকলেও আমি কিছু করতে পারছি না।

শ্রীমহম্মদ ইসরাইলঃ বদ মালিক মানে কি?

শ্রীসুবোধ ব্যানার্জীঃ যাদের অনেক বেশি বেন্ট অফ মাইন্ড আছে—অর্থাৎ যে মালিক শ্রমিকদের কাছ থেকে টাকা কেটে নিয়ে জমা না দিয়ে নিজে গায়েব করে দেয় তাকেই বদ মালিক বলে।

ডাঃ গোপিকারঞ্জন মিত্রঃ আপনি কি বলবেন কিছুদিন আগে পি ডি অ্যাক্ট লাগাবার যে ব্যবস্থা করেছিলেন সে সম্বন্ধে তিনি কি চিন্তা করছেন?

Shri Subodh Banerjee: This question does not arise out of the present question.

শ্রীনিতাইপদ সরকারঃ রামনগর সুগার কেন ফ্যাক্টরী বোর্ড অফ ট্রাস্টিতে কতজন মেম্বার আছেন, তাঁদের নাম কি এবং কংগ্রেস দলের কেউ আছেন কি না?

শ্রীসুবোধ ব্যানার্জী: এই প্রভিডেন্ট ফান্ডের জন্য বোর্ড অফ ট্রাস্টিস হচ্ছেন কোম্পানী অ্যান্ড দি এমপ্লইজ—অর্থাৎ প্রভিডেন্ট ফান্ডের জন্য যাকে বলা হয় বেনিফিসিয়ারী সেই বেনিফিসিয়ারীর এটা নিজস্ব ঘরোয়া ব্যাপার। কাজেই সরকার এ সম্বন্ধে কোন তথ্য দিতে পারেন না।

শ্রীতিনকড়ি মন্ডল: শ্রমিকরা তাদের প্রাপ্য নির্দিষ্ট সময়ের মধ্যে যাতে পায় মালিকদের কাছ থেকে, তার জন্য সরকার কোন নূতন বিল আনছেন কিনা এবং যাতে নির্দিষ্ট সময়ের মধ্যে মালিক যদি না দেন তাহলে তারা প্রসিকিউটেড হবে এটা তারা বুঝতে পারবে কি না?

শ্রীসুবোধ ব্যানার্জী: মাননীয় সদস্য বোধ হয় আমার উত্তরটা শোনেন নি, প্রভিডেন্ট ফান্ড-এর যে আইন, এটা কেন্দ্রের আইন এবং এই আইন সংশোধন করার একমাত্র উপযুক্ত কর্তৃপক্ষ হচ্ছেন কেন্দ্রীয় সরকার। কিন্তু গত ২০ বছরে এই আইন সংশোধিত হয় নি। আমাদের এই রাজ্যে যুক্তফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর যুক্তফ্রন্ট সরকারের শ্রমদপ্তর এই আইন সংশোধন করার জন্য কেন্দ্রীয় সরকারকে বলেছেন এবং যা যা করলে এই ধরণের অন্যায় কাজ বন্ধ করা যেতে পারে সে সম্পর্কে সুপারিশ করেছেন। যদি কেন্দ্রীয় সরকার না করেন তাহলে নিঃসন্দেহে কনকারেন্ট লিস্ট অনুযায়ী রাজ্য সরকার বিল নিয়ে আসবেন। কিন্তু সেই বিল নিয়ে এলেও প্রেসিডেন্টের এসেন্ট ছাড়া তাকে আইনের রূপ দেওয়া যাবে না।

ডাঃ জয়নাল আবেদীন: কোন কোন বদ মালিক এই রকম প্রভিডেন্ট ফান্ডের টাকা নিয়ে বাংলার বাহিরে লগ্নী করেছেন? এবং এগুলি যাতে বাংলার বাহিরে না যায় তার জন্য তিনি কি চিন্তা করছেন?

শ্রীসুবোধ ব্যানার্জী: বদ মালিক বাংলার বাহিরে লগ্নী করছেন কি বাংলার মধ্যে লগ্নী করছেন এটা আমাদের দেখার বিষয় নয়। দেখার বিষয় হচ্ছে শ্রমিকদের টাকা মালিকদের হাতে এলে সেই টাকা নিরাপদে প্রভিডেন্ট ফান্ড কমিশনারের কাছে জমা পড়ছে কি না। এটা না হলে তার জন্য কঠোর শাস্তি দেওয়া দরকার।

UNSTARRED QUESTION

(to which written answers were laid on the table)

Procurement of rice and paddy

105. (Admitted question No. 82.) **Shrimati Purabi Mukhopadhyay:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) what is the total internal procurement of rice and paddy from 2nd March, 1967, till date;

(b) what is the total allotment of foodstuffs from the Central pool so far in 1967;

(c) whether the State Food Department is utilising the Enforcement Department to procure food and if so, in what form;

(d) whether it is a fact that in the district of Bankura, paddy and rice are being procured mainly through requisition;

(e) what is the basis of requisitioning;

(f) if it is a fact that the officers of the Government are entering the premises of cultivators, large or small, for a search without search warrants; and

(g) what is the number of such cases under police-stations of Taldangra and Simlapal in the district of Bankura?

. **The Minister for Food and Supplies:** (a) Total internal procurement by Food Corporation of India from 2nd March, 1967, to 22nd June, 1967—

Rice	Paddy	Total (In terms of rice)
29,451 M.T.	28,004 M.T.	48,147 M.T.

(b) Allotment of foodstuffs from Central pool—

Rice	Wheat	Milo
1,08,272 M.T. (Up to 28th June, 1967).	4,73,000 M.T. (Up to 28th June, 1967).	5,000 M.T. (Up to 28th June, 1967).

(c) No.

(d) No. About 5 per cent. of these foodgrains is procured through requisition.

(e) The stock which is considered surplus to the requirement of a producer after giving him due allowances for family consumption, seeds and other agricultural purposes, is requisitioned.

(f) Authorised Government officers can make such searches under the West Bengal Foodgrains (Requisitioning) Order, 1967, without search warrants as such powers have been given to them by the said order.

(g) Taldangra police-station—1, Simlapal police-station—15.

Husking Machines

106. (Admitted question No. 115.)

শ্রীমহঃ আবদুল বারিঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে জেলাওয়ারী কয়টি ধান ভাঙিবার জন্য হাস্কিং মেসিন আছে (লাইসেন্স-ধারী);

(খ) ইহা কি সত্য যে পশ্চিমবঙ্গে কিছু সংখ্যক লাইসেন্সবিহীন হাস্কিং মেসিন চলিতেছে; এবং

(গ) সত্য হইলে জেলাওয়ারী তাহার সংখ্যা কত?

The Minister for Food and Supplies:

(ক) এতৎসহ একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

(খ) হ্যাঁ।

(গ) উপরোক্ত বিবরণী দ্রষ্টব্য। এই সকল লাইসেন্সবিহীন হাস্কিং মেসিনগুলি [illegible] করে কি না জানা নেই।

Statement referred to in reply to clauses (Ka) and (Ga) of unstarred question No. 106.

Serial No.	Name of the district.	Number of licensed husking machines.	No. of unlicensed huskinr machines.
1.	Burdwan	728	95
2.	Hooghly	685	45
3.	Howrah	579	200
4.	24-Parganas	877	199
5.	Bankura	268	75
6.	Purulia	41	1
7.	Nadia	258	51
8.	Midnapore	1,704	975
9.	Murshidabad	235	63
10.	West Dinajpur	136	6
11.	Malda	48	1
12.	Jalpaiguri	68	25
13.	Darjeeling	23	14
14.	Cooch Behar	100	Nil
15.	Birbhum	337	46
	Total	6,087	1,796

Procurement of rice and supply of rice, wheat, etc. in rural areas

107. (Admitted question No. 137.) **Shri Hansadhwaj Dhara:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) what quantity of rice was procured last year during the period of March, April and May, 1966 and the quantity procured this year during the same period (month by month); and

(b) the quantities of wheat, wheat-products and rice given per capita per week under Modified Rationing in the rural area during the month of May, 1966 and the comparable quantity given during the month of May, 1967?

The Minister for Food and Supplies: (a) Quantities of rice procured in the month of March, April and May of 1966 as well as 1967 are shown below:—

	1966		
	Rice.	Paddy.	In terms of rice.
	(Figures in Metric Tonnes)		
March	60,116	1,01,114	1,27,525
April	34,747	14,827	44,632
May	19,562	9,836	26,119
Total ..	1,14,425	1,25,777	1,98,276

	1967		
	Rice.	Paddy.	In terms of rice.
	(Figures in Metric Tonnes)		
March	11,496	1,532	12,517
April	8,741	2,110	10,148
May	8,414	11,004	15,750
Total ..	28,651	14,646	38,415

(b) The scales for supply of rice and wheat/wheat products under Modified Rationing per adult per week in May, 1966 and May, 1967, are show below:—

	All the rural areas except the hill subdivisions of Darjeeling.			Hill subdivisions of Darjeeling.		
	Class of people.	Rice.	Wheat and wheat products.	Class of people.	Rice.	Wheat and wheat products.
	1	2	3	4	5	6
May, 1966 ..	A and B ..	500 gms. (at the maximum).	1,300 gms.	All	750 gms.	1,050 gms.
	C, D and E	Nil	500 gms.	..	..	..
May,	All	Nil	500 gms.	All	500 gms.	1 Kg

The scale for a child was half that for an adult. The actual quantity given per head was, however, determined by the District Officer according to the availability of stocks.

Procurement of Paddy

108. (Admitted question No. 152.) **Shri S. M. Fazlur Rahman:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state what quantity in terms of paddy was procured under the Food Procurement Scheme during the periods—

(a) from 1st January, 1967 to 28th February, 1967,

(b) from 1st January, 1966 to 28th February, 1966,

(c) from 1st March, 1967 to 15th June, 1967, and

(d) from 1st March, 1966 to 15th June, 1966?

The Minister for Food and Supplies: The requisite information is furnished below:—

Procurement in terms of paddy (in metric tonnes)

(a) From 1st January, 1967 to 28th February, 1967—63,650.

(b) From 1st January, 1966 to 28th February, 1966—3,94,934.

(c) From 1st March, 1967 to 15th June, 1967—67,998.

(d) From 1st March, 1966 to 15th June, 1966—3,05,989.

Production of rice in Midnapore district

109. (Admitted question No. 265.) **Shri Bimal Paik:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to lay on the table a statement showing, month by month, the quantity of rice produced in the district of Midnapore during the months of January, February, March, April and May in the year 1967 and that of the previous year during the months of January, February, March, April and May, 1966?

The Minister for Food and Supplies: It is presumed that the question relates to the processing of paddy. A statement showing production of rice (including broken rice) by Licensed Rice Mills and Husking Machines in the district of Midnapore, during each of the months from January to May in the years 1966 and 1967, is placed on the table.

No information regarding production of rice by Dhenkis is available.

Statement referred to in reply to unstarred question No. 109.

(Figures in tonnes)

Month.	Rice Mills.		Husking Machines.	
	1966	1967	1967	1966
January	13,328	3,927	8,338	6,150
February	19,235	5,430	10,090	7,444
March	17,755	4,615	9,934	6,505
April	7,936	2,388	6,489	4,880
May	3,977	1,250	4,800	3,428
Total ..	62,231	17,610	39,651	28,407

Procurement of Paddy in 24-Parganas district

110. (Admitted question No. 282.) **Shri Syed Kazem Ali Meerza:** Will the Minister-in-charge of the Food and Supplies Departmnt be pleased to state what quantity of paddy was procured in the district of 24-Parganas—

(i) from 1st January, 1966 to 28th February, 1966 and the corresponding period of 1967; and

(ii) from 1st March, 1966 to 15th June 1966 and the corresponding period of 1967?

The Minister for Food and Supplies: (i) and (ii) A statement showing the quantities of paddy procured during the particular period in question is placed herewith.

Statement referred to in reply to unstarred question No. 110.

(Figures in M. tonnes)

		1967 (By F.C.I.)	1966
(i) From 1st January to 28th February ..	January ..	..	647
	February ..	24	1,559
	Total ..	24	2,206
(ii) From 1st March to 15th June ..	March	31	1,432
	April	34	415
	May	114	4,235
	June	266	97
	Total ..	445	6,179

Procurement of rice in Burdwan district

111. (Admitted question No. 283.) **Shri Syed Kazem Ali Meerza:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state what quantities of rice has been procured monthwise in the district of Burdwan during the months of January, February, March, April and May, 1967 and the corresponding figures for the months from January to May, 1966?

The Minister for Food and Supplies: A statement showing the figures ı this connection is placed herewith.

Statement referred to in reply to unstarred question No 111.

(Figures in Metric Tonnes).

Burdwan district.	1967 (By F.C.I.)			1966		
	Rice.	Paddy.	In terms of rice.	Rice.	Paddy.	In terms of rice.
1	2	3	4	5	6	7
1. January ..	4,256	8	4,261	6,128	26,282	23,649
2. February ..	5,413	133	5,502	10,659	62,578	52,378
3. March	1,677	45	1,707	8,708	36,648	33,140
4. April	953	23	969	4,210	6,307	8,415
5. May	713	2,479	2,365	3,684	2,474	5,333
Total ..	13,012	2,688	14,804	33,389	1,34,289	1,22,915

Prices of rice in Domjur and Bally police-stations, Howrah

112. (Admitted question No. 373.)

আহমদ হোসেন মন্ডল: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন ক হাওড়া জেলার ডোমজুড় থানার সমগ্র এলাকায় ও বালী থানার গ্রাম এলাকায় খোলাবাজারে র্তমানে চাউলের খুচরা দাম কত ?

The Minister for Food and Supplies:

হাওড়া জেলার জন্য চাউলের সর্বোচ্চ খুচরা দর প্রতি কেজি ১ টাকা ৩৫ পয়সা আইনতঃ র্য করা হইয়াছে। তবে উহা কালোবাজারে কি দরে এই দুই থানায় বিক্রয় হইতেছে তাহা রকার সঠিক অবগত নহেন।

Modified Rationing in Malda district

113. (Admitted question No. 438.)

রাজেন্দ্র সিংহ সিংহী: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন ক—

(ক) মালদহ জেলার গ্রামাঞ্চলে বিশেষতঃ মানিকচক থানায় আংশিক রেশন দেবার কোন সিদ্ধান্ত হইয়াছে কি; এবং

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি কবে থেকে মাথাপিছু কি পরিমাণ চাল ও গম দেওয়া হইবে ?

The Minister for Food and Supplies:

(ক) মানিকচক থানার এলাকাসহ মালদহ জেলার গ্রামাঞ্চলে এই বৎসরের শুরু হইতেই আংশিক রেশন ব্যবস্থা চালু আছে। বর্তমান সরকার কেবল যতটা সম্ভব রেশনের পরিমাণ বাড়াবার সিদ্ধান্ত নিয়েছেন।

(খ) জ্বন মাসে মাথাপিছ্ব প্রাপ্ত বয়স্কের হিসাবে ৩০০ গ্রাম গম ও ৪৫০ গ্রাম কলাই দেওয়া হইতেছিল। ১০-৭-৬৭ তারিখ হইতে যে সপ্তাহ শ্বর্ হইয়াছে সেই সপ্তাহ হইতে বিভিন্ন শ্রেণীর লোকের মধ্যে নিম্নলিখিত হারে খাদ্যশস্য বিতরণ করা হইবে বলিয়া স্থির হইয়াছে :—

'ক' শ্রেণী	মাথাপিছ্ব প্রতি সপ্তাহে		১ কিলোগ্রাম।
'খ' ও 'গ' শ্রেণী	"	"	৭৫০ গ্রাম।
'ঘ' ও 'ঙ' শ্রেণী	"	"	৩০০ গ্রাম।

Supply of foodstuff in Asansol

114. (Admitted question No. 558.)

শ্রীতিনকড়ি মণ্ডল : খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অন্বগ্রহপ্বর্বক জানাইবেন কি আসানসোলের খনি অঞ্চলে এবং গ্রামাঞ্চলে নিয়মিত খাদ্যশস্য প্রেরণের গভর্নমেণ্ট কি ব্যবস্থা করিয়াছেন ?

The Minister for Food and Supplies:

আসানসোলের খনি অঞ্চলে এবং গ্রামাঞ্চলে সংশোধিত রেশন ব্যবস্থার মাধ্যমে নিয়মিত গম ও গমজাত দ্রব্য বিতরণ করা হইতেছে। গত মে ও জ্বন দ্বই মাসে এই এলাকার খনি অঞ্চলে ১,৮৬৩ মেঃ টন ও গ্রামাঞ্চলে ১,৮৮৩ মেঃ টন গম ও গমজাত দ্রব্য সংশোধিত রেশন ব্যবস্থার মাধ্যমে দেওয়া হইয়াছে।

Procurement of paddy and rice

115. (Admitted question No. 87.)

শ্রীস্বধীরচন্দ্র দাস : খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অন্বগ্রহ করে জানাবেন কি—

(ক) এই বছর এ পর্যন্ত কোন্ কোন্ মহকুমায় কত ধান্য ও চাউল সংগ্হীত হইয়াছে; এবং

(খ) খাদ্য সংগ্রহ ব্যাপারে এ বছর এ পর্যন্ত কোন্ কোন্ মহকুমায় কতগ্বলি কেস দায়ের করা হইয়াছে ?

The Minister for Food and Supplies:

(ক) বিভিন্ন মহকুমায় ১লা জান্বয়ারী, ১৯৬৭ হইতে ২৫এ জ্বন, ১৯৬৭ পর্যন্ত যে পরিমাণ ধান্য ও চাউল সংগ্হীত হইয়াছে তাহা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত বিবরণীর (স্টেটমেণ্ট—১) চতুর্থ কলমে দ্রষ্টব্য।

(খ) বিভিন্ন মহকুমায় কতগ্বলি কেস্ দায়ের করা হইয়াছে তাহা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত বিবরণী (স্টেটমেণ্ট—২)-তে দ্রষ্টব্য।

Retail prices of rice in deficit areas

116. (Admitted question No. 89.) **Shri Apurba Lal Majumdar:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to **state—**

(a) whether it is a fact that rice is selling at the rate of Rs. 2.75 to Rs. 3.25 per kilogram in different deficit areas;

(b) if so, what actions Government has taken to bring down the price level of rice, and

(c) whether Government contemplates to supply wheat and rice through modified ration shops?

The Minister for Food and Supplies: (a) Rice is not selling between Rs. 2.75 and Rs. 3.25 per kilogram in all deficit areas. A statement showing the names of thanas where rice sold between Rs. 2.75 and Rs. 3.25 per kilogram on 21st June, 1967 along with the maximum and minimum retail prices recorded on that day is placed on the Library Table.

(b) To bring down the price level of rice the following measures have been taken:—

(i) Distribution of wheat/wheat products and 25 per cent. of locally procured rice stocks has been undertaken in the deficit pockets of the surplus districts of Burdwan, Birbhum, Midnapore, West Dinajpur and Cooch Behar through Modified Rationing. In addition, stocks of rice and paddy dehoarded from small producers are also being lifted by and sold locally through Modified Ration Dealers at economic rates fixed by the District Officers.

(ii) Distribution of wheat/wheat products and the entire stocks of rice/paddy locally procured is being made in deficit districts to the consumers through Modified Rationing. In addition, stocks of rice and paddy dehoarded from small producers are also being lifted by and sold locally through Modified Ration Dealers at economic rates fixed by the District Officers. Distribution of milo has also been undertaken in the four drought affected districts of Bankura, Purulia, Malda and West Dinajpur for relief purposes.

(iii) Statutory price control on the retail sale of rice and paddy in areas where Statutory Rationing is not in force has been introduced with effect from 21st June, 1967. The maximum retail prices fixed under the West Bengal Anti-profiteering Act, 1958, are Rs. 1.20 and Re. 0.70 per kilogram for rice and paddy respectively in surplus areas and Rs. 1.35 and Re. 0.75 per kilogram for rice and paddy respectively in deficit areas.

(iv) De-hoarding operations have been intensified with the help of the local Food and Relief Committees.

(v) Orders have been issued for prosecution of Millers/Traders/Producers who have violated food laws.

(vi) Profiteers and hoaders are being rounded up under the Preventive Detention Act.

(c) Yes. Wheat and wheat-products are being distributed through Modified Ration Shops. In some districts rice is also being distributed through these shops.

Calling Attention to matters of urgent public importance

Mr. Speaker: The Minister-in-charge of the Irrigation and Waterways Department will please make a statement on the subject of removal of bundhs on the Pani Pia Canal under Contai Basin Scheme, called attention by Shri Sudhir Chandra Das and Shri Bibhuti Pahari on the 14th July, 1967.

শ্রীবিশ্বনাথ মুখাজী: পাণিপিয়া খাল কাঁথি শহরের নিকট কাঁথি-বেলদা রাস্তা দ্বারা বর্তমানে অবরুদ্ধ আছে. তাহার দু পার্শ্বে কতিপয় লোক বে-আইনীভাবে দখল করিয়া ছোট

ছোট দোকান দিয়াছে। তাহাদের জায়গা ছাড়িয়া দেওয়ার জন্য অনুরোধ করা হইয়াছিল। এ সম্বন্ধে শ্রীসুধীরচন্দ্র দাস এম-এল-এ, মহাশয়কে মৌখিক জানান হইয়াছিল এবং এ সম্বন্ধে তিনি সম্পূর্ণ অবগত আছেন। অনুরোধ সত্বেও যাহারা বে-আইনি দখল করিয়া উক্ত জায়গা ছাড়িয়া দেয় নাই তাহাদের বিরুদ্ধে যথাবিহিত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে। এই জমির দখল পাইলেই আংশিক অবরোধ মুক্ত করা হইবে কারণ বর্ষা আরম্ভ হওয়াতে পুরোপুরি অবরোধ মুক্ত করা সম্ভব হইবে না। বর্ষার পর সম্পূর্ণরূপে অবরোধ মুক্ত করার যথাবিহিত ব্যবস্থা করা হইবে। কাঁথি দীঘা রাস্তায় পুলের দু পার্শ্বে বর্তমানে বিশেষ কোন অবরোধ-কারি বাঁধ নাই এবং জল নিকাশের কোন অসুবিধা হইবে না। যাহাতে জল নিকাশের কোন অসুবিধা না হয় তাহার জন্য যথাবিহিত ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

Mr. Speaker: The Minister-in-charge of the Home (Police) Department will please make a statement on the subject of alleged assault on Dr. Ranen Sen, M.P. and Shri Narayan Choubey, M.L.A., in Babisole Colliery and arrest of Shri A. P. Jha, Director of Babisole Colliery, called attention by Dr. Gopika Ranjan Mitra on the 17th July, 1967.

Shri Ajoy Kumar Mukhopadhyay: Sir, in response to the Calling Attention Notice by Dr. Gopika Ranjan Mitra, M.L.A., regarding the alleged assault on Dr. Ranen Sen, M.P. and Shri Narayan Choubey, M.L.A. in Babisole Colliery I would like to make the following statement: Dr. Ranen Sen, M.P. and Shri Narayan Choubey, M.L.A., Shri Sunil Sen. Organising Secretary, Colliery Mazdoor Sabha and Shri Niranjan Dihidar of Asansol visited workers' quarters at Babisole Colliery under Ondal P.S. on 11th July, 1967 at about 11-30 hrs. to look into some grievances of the colliery workers. It is reported that a large number of chaprashis (guards employed by the management) arrived there armed with spears, lathis and other deadly weapons and wrongfully restrained and confined Dr. Ranen Sen and others of the party and also harassed them. They are also reported to have threatened Dr. Ranen Sen and others of the party with severe assault. Over this incident Ondal P.S. case No. 15, dated the 11th July, 1967 under section 147/148/341/342 I.P.C. was started. Five accused persons including Dr. A. P. Jha, Superintendent-cum-Director of the colliery have so far been arrested. The case is under investigation.

[2—2-35 p.m.]

Mr. Speaker: I have received five notices of Calling Attention on the following subjects, namely:

(1) Disturbance in police-station Debra, district Midnapore caused by person reported to belong to the Communist Party—from Shri T. A. Nuran Nabi;

(2) Acute scarcity of rice in deficit areas of West Bengal—from Shri Sudhir Chandra Bhandari;

(3) Presentation of Budget and Bills in English—from Shri Sudhir Chandra Bhandari;

(4) Alleged forcible detention of Shri Jagatpati Hansda, M.L.A.—from Shrimati Geeta Mukhopadhyay;

(5) Acute food scarcity in Daspur police-station—from Shri Bankim Chandra Sasmal.

I have selected the notice of Shrimati Geeta Mukhopadhyay on the subject of alleged forcible detention of Shri Jagatpati Hansda, M.L.A. The Hon'ble Minister-in-charge may please make a statement or give a date.

Shri Ajoy Kumar Mukhopadhyay: I am making the statement today.

On 19th July, 1967 at about 11-20 p.m., one Shri Kamal Ganguly, Secretary Bangla Congress Central District Committee, called at Beniapukur police-station and submitted a letter stating that one Shri Jagatpati Hansda, M.L.A., of Bangla Congress was missing since the evening of 18th July, 1967. It was also stated that the said Shri Hansda had been abducted by some Congressmen and kept confined either at P-63 or at P-64 Doctor Sundari Mohan Avenue—the residence of Shri Ashutosh Ghosh, M.L.C.

As this revealed a cognisable offence, a case under section 365 I.P.C., was started. Search warrants under section 100 Cr. P. C., were duly obtained from the Police Magistrate, Sealdah, and both the houses were searched in the early hours of this morning. During search, Shri Hansda was found inside flat No. 25 of premises No. P-64 Dr. Sundari Mohan Avenue. He was rescued and produced before the Police Magistrate, Sealdah. Shri Hansda was released on personal recognition of Rs. 100 to appear on call. Shri Ashutosh Ghosh, M.L.C., has been arrested. Shri Nepal Bouri, M.L.A., Shri Rabi Chaudhury and Shri Shyamal Bhttacharyya are wanted in this case but they have not been arrested.

(Noise and Interruptions)

ডাঃ নলিনাক্ষ সান্যাল: অন এ পয়েণ্ট অফ প্রিভিলেজ, স্যার, কালকে সন্ধ্যাবেলায় এই বিধানসভার কক্ষে এই রকম একটা অন্যায় আচরণের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করে একটা প্রিভিলেজ দাবী করেছিলাম এবং সেই প্রিভিলেজ দাবী করবার সময় কংগ্রেস পক্ষের নেতৃবৃন্দ সেই সম্পর্কে সন্দেহ প্রকাশ করেছিলেন। আপনি এই মাত্র প্রমাণ পেলেন যে আমার অভিযোগ অমূলক নয়। (নয়েজ এণ্ড ইণ্টারাপসান) তাই আবার আমি প্রিভিলেজ মোশন দিয়ে আপনাকে অনুরোধ করছি যে আজকে এ বিষয়ে পুনরুল্লেখ করতে আপনি আমাকে সাহায্য করুন যাতে বিধানসভার সদস্যদের সমস্ত সভায় উপস্থিত থাকবার জন্য তাঁদের স্বাধীনতা ও স্বাতন্ত্র্য বজায় থাকে, তার জন্য আমি আপনাকে অনুরোধ করছি যে এ বিষয়ে আপনি একটা উপযুক্ত তদন্ত করে তার সুব্যবস্থা করবার জন্য প্রিভিলেজ কমিটির কাছে এটা প্রেরণ করুন।

শ্রীনিখিল দাস: মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য ডাঃ নলিনাক্ষ সান্যাল মহাশয় আপনার কাছে যে প্রিভিলেজ মোশান্ মুভ করলেন অর্থাৎ মাননীয় সদস্য যাঁরা আছেন যেদিকেই থাকুন না কেন তাঁরা বিধানসভায় এসে বিধানসভার কার্যাবলীতে অংশ গ্রহণ করতে পারছেন না, তাদের জোর করে আটকে রাখা হচ্ছে এবং এর দ্বারা যে তাঁদের প্রিভিলেজ ভঙ্গ হচ্ছে বলে অভিযোগ করলেন একটা কলিং ঘ্যাটেনসনের উত্তরে আজ চীফ মিনিস্টারের কাছ থেকেও তার স্বীকৃতি শুনতে পেলাম এটা ব্রীচ্ অব্ প্রিভিলেজ। এই যে প্রস্তাব হয়েছে, উনি যে প্রস্তাব রেখেছেন, আমি তা সমর্থন করছি এবং সেটা প্রিভিলেজ কমিটিতে পাঠাবার জন্য অনুরোধ করছি। এ বিষয়ে একটা তদন্ত হোক এবং এটা তদন্তের ব্যাপার। এই তদন্তের ব্যাপার সম্পর্কে আপনি আমাদের আশ্বস্ত করে দিন যে এই ব্যাপার সম্পর্কে তদন্ত হবে। এ বিষয়ে পুরোপুরি তদন্ত হোক।

(At this stage the House was adjourned for half an hour.)

(After Adjournment.)

[2-35—2-45 p.m.]

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: স্যার, একটু আগেই আমাদের এই হাউসে যে ঘটনা ঘটলো, সেটা অত্যন্ত দুঃখজনক। আমরা এক একজন প্রায় এক এক লক্ষ লোকের প্রতিনিধি। সবাই মিলে ৪ কোটী লোকের প্রতিনিধি। আমাদের একটু ধৈর্য ধরে, শান্তভাবে যাতে এই হাউস চলে এটা বাঞ্ছনীয়। যা হয়েছে, তার জন্য আমি দুঃখিত।

শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্ত: মাননীয় স্পীকার মহোদয়, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী যা বললেন তাঁর সঙ্গে আমি একমত। এইভাবে, এই সভাগৃহে এই ঘটনা যাতে পুনরায় না ঘটে সেইটা আমাদের সকলকে দেখতে হবে। আমি মাননীয় স্পীকার মহাশয়কে অনুরোধ করি তিনি যেন সভার শৃঙ্খলা রক্ষা করেন।

Mr. Speaker: I thank both the Hon'ble Chief Minister and the Leader of the Opposition and I appeal to all sections of the House irrespective of the party to maintain the dignity and decorum of the House, I request honourable members of both the sides to maintain peace in this chamber. Unless we all co-operate there cannot be any smooth running of business. Let what has happened be a thing of the past and I hope that will not happen again.

শ্রীবিজয় সিং নাহার: স্পীকার মহোদয়, যে প্রস্তাব ডাঃ স্যান্যাল নিয়ে এসেছেন প্রিভিলেজ কমিটিতে দেবার জন্য, সে বিষয় আমরা কালকেও বলেছিলাম, আপনি অনুসন্ধান করুন যে যদি কোন অন্যায় হয়ে থাকে আপনি তার প্রতিকার করুন। আপনি এটা স্বীকার করেছিলেন। আজকে এখানে যে প্রিভিলেজ মোসান এসেছে তার জন্য তাঁকে ধন্যবাদ জ্ঞাপন করছি এবং এটাকে পূর্ণভাবে সমর্থন করি। এবং বিশ্বাস করি এটা তদন্ত হলে বেরোবে—চক্রান্ত করে একটা জিনিষ সাজিয়ে

(Noise and interruptions)

এই যে চক্রান্ত হয়েছে. আমি বিশ্বাস করি এটা প্রিভিলেজ কমিটিতে গেলে প্রমাণিত হবে কিভাবে দুস্কৃতকারীরা কাজ চালাচ্ছে এবং অপোজিশনকে অপদস্ত করার জন্য কাজ চালাচ্ছে।

(Noise and interruptions)

শ্রীজগৎপতি হাঁসদা: মাননীয় অধ্যক্ষ মহোদয়, গতকাল আমি বিধানসভায় উপস্থিত হতে পারিনি সেজন্য দুঃখিত। গত পরশু, ১৮ই জুলাই ১৯৬৭ তারিখ বেলা প্রায় সাড়ে চারটার সময় আমাকে কংগ্রেসের শ্রীশ্যামল ভট্টাচার্য চা খাবার আমন্ত্রণ জানালে, আমি তাহার সহিত সরল বিশ্বাসে ক্যালকাটা কাফেতে যাই। সেখানে চা-এর বদলে অন্য পানীয় খাওয়ায় আমি একটু অসুস্থ হয়ে পড়ি, এবং অসুস্থ অবস্থায় আমাকে ট্যাক্সিযোগে একটা বড় বাড়ীতে লইয়া যাওয়া হয়। এবং সেখানে শ্রীআশুতোষ ঘোষ এম, এল, সি; শ্রীনেপাল বাওড়ি, এম, এল, এ; ও রবি চৌধুরী আমাকে জোরপূর্বক উপরের তলায় লইয়া যান এবং একটা ঘরে আটক রাখেন। তাঁহারা আমাকে কংগ্রেস দলে যোগ দিবার জন্য নানা প্রলোভন দেখান, মন্ত্রী উপমন্ত্রী করা হইবে বলেন। প্রচুর টাকাও দিতে চাহেন। আমি আমাদের শ্রদ্ধেয় নেতা শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ের বিনা অনুমতিতে কিছুতেই দলত্যাগ করতে পারিব না বলায় ও কোন রকমে বাংলা কংগ্রেস অফিসের সঙ্গে যোগাযোগ করিতে চেষ্টা করিলে তাঁহারা আমাকে রাত্রে বন্ধ অবস্থায় ঘরে আটক করিয়া রাখেন। আজ ভোরে সাড়ে পাঁচটার সময় পুলিশ আসিয়া আমাকে ঐ বন্ধ ঘর হইতে উদ্ধার করে। এইরূপ আচরণের প্রতিকার ও ভবিষ্যতে সদস্য হিসাবে উপযুক্ত স্বাধীনতা রক্ষার সুব্যবস্থার জন্য আবেদন করিতেছি।

স্যার, গত ৯ই তারিখে শ্রীনেপাল বাউড়ী, রবি চৌধুরী এবং শ্যামল ভট্টাচার্য আমার বাড়ী পর্যন্ত ধাওয়া করেছিলেন সেবিষয় আমি দৃষ্টি আকর্ষণ করেছি এবং পরশুদিন এই ঘটনা ঘটেছে।

Mr. Speaker: I have heard the honourable members on the question of privilege raised by Dr. Nalinaksha Sanyal. I shall consider the matter. I reserve my ruling.

Mr. Das Gupta has sought my permission to make a reference.

শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্ত: মাননীয় স্পীকার মহোদয় আজকের সংবাদপত্রগুলিতে একটা খুব ইন্টারেস্টিং নিউজ বেরিয়েছে সেটা আমি আপনার কাছে পড়ে শুনাচ্ছি।

Dr. Nalinaksha Sanyal: On a point of order, Sir, under what rule you are allowing this sort of interference with the business of the House. Privilege of the Leader of the Opposition must be exercised with propriety. This privilege cannot be abused by the Leader of the Opposition.

Mr. Speaker: I am sorry, Dr. Sanyal, as the Leader of the Opposition he can make a statement.

Dr. Nalinaksha Sanyal: He cannot make a statement of that kind referring to a newspaper.

(Shri Khagendra Nath Das Gupta rose to speak).

(Noise and interruptions)

Shri Amalendra Lal Roy: Sir, what he is saying is a downright lie.

Mr. Speaker: Mr. Das Gupta, it is long statement. Please do not read the entire thing. Give it to me. I am passing it on to the Chief Minister.

(Shri Khagendra Nath Das Gupta rose to speak).

Mr. Speaker: Dr. Das Gupta, please give it to me. I shall pass it on to the Chief Minister. I cannot allow you to read the entire thing. It will take a long time.

শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্ত: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সংবাদপত্রে যা বেরিয়েছে তাতে এটুকু আমরা জানতে পারলাম যে ইউনাইটেড ফ্রন্টের বৃহত্তম শরিক সি, পি, আই (এম) তাদের দলের সম্পাদক আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীকে আক্রমণ করেছেন তাঁর প্রেস নোটের ভিতর দিয়ে। এই আক্রমণের বিষয় হচ্ছে এই যে ক্যাবিনেটে যে ডিসিশন হয়েছিল.........

মিঃ দাশগুপ্ত: এটা নিয়ে অনেক আলোচনা হয়েছে।

মিঃ স্পীকার: মিঃ দাশগুপ্ত, এটা নিয়ে অনেক আলোচনা হয়েছে।
You can very well mention but it is not a matter so important that you can disrupt the proceedings of the House.

শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্ত: মুখ্যমন্ত্রী দিল্লির কর্তাদের কথা শুনে এখানে ক্যাবিনেট ডিসিশন.. ..

Mr. Speaker: Please sit down. It is an abuse of the privilege. No, I will not allow you.

[2-45—2-55 p.m.]

DEMAND FOR GRANT No. 45

Total Demand Rs. 5,76,98,000

Major Head: 71—Miscellaneous—Irrecoverable Loans to displaced persons written off, 71—Miscellaneous—Expenditure on displaced persons, 109—Capital Outlay on Other Works—Expenditure on displaced persons, and Loans and Advances to displaced persons.

Shri Niranjan Sen Gupta: Mr. Speaker, Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 3,85,75,000 (Rupees three crores eighty five lakhs and seventy five thousand) only be granted to complete the sum necessary for expenditure under Grant No. 45—Major Head: "71—Miscellaneous—Irrecoverable Loan to displaced persons written off" "71—Miscellaneous—Expenditure on displaced persons" "109—Capital Outlay on other works—Expenditure on displaced persons", and "Loans and Advances by the State Governments—Loans and Advances to displaced persons". (A sum of Rs. 1,91,23,000 has already been voted on account.)

2. The break-down of the total demand under different major heads as follows:

71—

Irrecoverable Loans to displaced persons written off	...	Rs. 1,00,00,00(
Miscellaneous expenditure on displaced persons	...	Rs. 3,51,98,00(

109—

Capital Outlay on other Works—Expenditure on displaced persons	...	Rs. 75,00,00(
Loans, etc.—Loans and Advances by State Government—Loans and Advances to displaced persons	...	Rs. 50,00,00(
		Rs. 5,76,98,000

অধ্যক্ষ মহাশয়, ব্যয়-মঞ্জুরী দাবী পেশ করার সঙ্গে সঙ্গে আমি এবার সভার সমক্ষে পশ্চিমবঙ্গে উদ্বাস্তু পুনর্বাসন সম্পর্কে সরকারের নীতি ও কর্মসূচী কি তা' উপস্থাপিত করছি।

অধ্যক্ষ মহাশয়, উদ্বাস্তুদের পুনর্বাসনকল্পে যে ব্যয়-বরাদ্দ ধার্য করা হয়েছে তা কেবলমাত্র কেন্দ্রীয় সরকার কর্তৃক অনুমোদিত তথাকথিত বকেয়া সমস্যা সংক্রান্ত প্রকল্পগুলির মধ্যেই সীমিত রাখা হয়েছে, কারণ কেন্দ্রীয় সরকার অদ্যাবধি অতিরিক্ত কোনো প্রকল্প অনুমোদন করেন নি। কাজেই বর্তমান বাজেটটি এই সীমাবদ্ধতার মধ্যেই রচিত হয়েছে। যুক্তফ্রন্ট সরকার মনে করেন যে তথাকথিত বকেয়া সমস্যাগুলি পশ্চিমবঙ্গের সমগ্র উদ্বাস্তু পুনর্বাসন সমস্যার একটি সামান্য অংশ মাত্র, কারণ দেখা গেছে যে বকেয়া সমস্যাগুলি নিরূপণ করার সময় বহু অতি প্রয়োজনীয় সমস্যা উপেক্ষিত হয়েছে।

১৯৬০-৬১ সালের কোন এক সময় তৎকালীন কেন্দ্রীয় ও রাজ্যসরকার মনে করেন যে, পশ্চিমবঙ্গে পুনর্বাসনের কাজ বহুলাংশেই সম্পন্ন হয়েছে; শুধুমাত্র কয়েকটি অবশিষ্ট সমস্যা সমাধান করা প্রয়োজন। বাস্তব সম্পর্কহীন এই ধারণার বশবর্তী হয়েই কেন্দ্রীয় সরকার কেন্দ্রীয় পুনর্বাসন মন্ত্রকের কাজ ধীরে ধীরে গুটিয়ে ফেলার সিদ্ধান্ত করেন; পুনর্বাসন মন্ত্রক অন্য মন্ত্রকের অধীনে একটি বিভাগে পরিণত হয় এবং বকেয়া সমস্যা বলে অভিহিত কাজগুলির কিছু এই বিভাগের হাতে রেখে বাকিগুলিকে সংশিলষ্ট মন্ত্রকের হাতে তুলে দেওয়া হয়।

কেন্দ্রীয় পুনর্বাসন মন্ত্রীর সঙ্গে বিভিন্ন সময়ে আলোচনাকালে আমি পশ্চিমবঙ্গের উদ্বাস্তুদের পুনর্বাসন সমস্যাটি নতুন দৃষ্টিভঙ্গি নিয়ে বিচার করার প্রয়োজনীয়তার উপর বিশেষ জোর দিয়েছিলাম। যুক্তফ্রন্ট সরকারের সুচিন্তিত অভিমত এই যে, পুনর্বাসনের নীতি, রীতি ও পদ্ধতির ব্যাপারে পূর্বতন দৃষ্টিভঙ্গির আমূল পরিবর্তনের জরুরী প্রয়োজন তো আছেই, তাছাড়া, ১৯৬০-৬১ সালে তৎকালীন কেন্দ্রীয় ও রাজ্যসরকার কর্তৃক যৌথভাবে গৃহীত সিদ্ধান্ত অনুসারে সমগ্র পুনর্বাসনের কাজকে যেভাবে বকেয়া সমস্যা বলে অভিহিত কাজের মধ্যে সীমিত করে রাখার নীতি অনুসৃত হয়ে এসেছে, সেটা আদৌ গ্রহণযোগ্য নয়। যতদিন পর্যন্ত এই রাজ্যে উদ্বাস্তু পুনর্বাসন সমস্যা সম্পর্কে কেন্দ্রীয় সরকারের দৃষ্টিভঙ্গীর কোন মৌল পরিবর্তন সূচিত না হচ্ছে এবং রাজ্যসরকারকে তথাকথিত বকেয়া সমস্যা সম্পর্কিত প্রকল্পগুলির কাঠামোর মধ্যেই কাজ করে যেতে হচ্ছে ততদিন পর্যন্ত পুনর্বাসনের ব্যাপারে রাজ্যসরকারের পক্ষে উল্লেখযোগ্য এবং প্রকৃত কার্যকর কিছু করা খুবই কঠিন। পুনর্বাসনের ব্যাপারে এমন অনেক বড় বড় সমস্যা রয়ে গেছে সেগুলির প্রতি অদ্যাবধি কোন নজরই দেওয়া

হয়নি, অথচ এ রাজ্যে পুনর্বাসনের কাজকে সম্পূর্ণ করতে হলে এই সমস্যাগুলির আশু সমাধান একান্ত প্রয়োজন। আমি এরকম কয়েকটি সমস্যা এবং সেগুলি সম্পর্কে যুক্তফ্রন্ট সরকার কর্তৃক গৃহীত ব্যবস্থার একটি বিবরণ এখানে দিচ্ছি।

১৯৬১ সালে উদ্বাস্তু শিবিরগুলি বন্ধ হয়ে যাওয়ার পর থেকে যে প্রায় আট হাজার উদ্বাস্তু পরিবার ঐ সকল পরিত্যক্ত শিবিরেই বসবাস করে আসছেন তাঁদের পুনর্বাসন সমস্যা সম্পর্কে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আমরা আলাপ-আলোচনা করছি। এইসব উদ্বাস্তুদের আর্থনীতিক অবস্থা সম্পর্কে সমীক্ষা চালানো হচ্ছে এবং তাঁদের পুনর্বাসনের উদ্দেশ্যে কয়েকটি প্রকল্প রচনা করে সেগুলি অনুমোদনের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়েছে।

অধুনালুপ্ত বিভিন্ন ভবঘুরে-আবাসে বসবাসকারী প্রায় ১০০টি উদ্বাস্তু পরিবারের পুনর্বাসনের প্রশ্নটিও রাজ্যসরকার বিবেচনা করছেন। এ'দের পুনর্বাসন সংক্রান্ত প্রকল্পগুলি রচনা করে ইতিমধ্যেই কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়েছে।

[2-55—3-05 p.m.]

পশ্চিমবঙ্গের বাইরে পুনর্বাসন নিতে অস্বীকৃত হওয়ায় নবাগত যে ৬ লক্ষাধিক শরণার্থীকে পুনর্বাসনের সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত রাখা হয়েছে তাঁদের সমস্যার প্রতি অবিলম্বে নজর দেওয়া প্রয়োজন। নবাগত এই শরণার্থীদের সরাসরি পুনর্বাসনের সুযোগ দেওয়ার প্রশ্নটি নিয়ে আমি কেন্দ্রীয় পুনর্বাসন মন্ত্রীর সঙ্গে আলোচনা চালিয়ে যাচ্ছি। এ'দের মধ্যে যাঁরা পশ্চিমবঙ্গে জীবিকা অর্জনের ব্যবস্থা করে নিতে পেরেছেন কেন্দ্রীয় পুনর্বাসনমন্ত্রী একমাত্র তাঁদেরই পুনর্বাসনের সুযোগ দিতে এ পর্যন্ত রাজী হয়েছেন। এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আনুষ্ঠানিক সম্মতি পাওয়ার অপেক্ষা করছি। এই সকল শরণার্থীর চিকিৎসা ও শিক্ষাগত সুযোগ সুবিধার ব্যবস্থাগুলি সম্প্রসারণের ব্যাপারে রাজ্যসরকারকে অর্থ সাহায্যের একটি প্রস্তাবও কেন্দ্রীয় সরকারের কাছে পাঠান হয়েছে। কেন্দ্রীয় সরকারের অনুমোদন অদ্যাবধি পাওয়া যায়নি।

কেন্দ্রীয় সরকার এবং রাজ্যসরকারের জমি জবর-দখলকারী উদ্বাস্তুদের পুনর্বাসনের প্রশ্নটিও আমরা বিবেচনা করছি। সেই সব ছিন্নমূল মানুষগুলি যাঁরা রেলওয়ের জমি থেকে শুরু করে মুসলমানদের পরিত্যক্ত ঘর-বাড়ী, সেনানিবাস, সরকার কর্তৃক রিকুইজিশন করা বাড়ী-ঘর প্রভৃতি নানা জায়গায় বসবাস করছেন তাঁদের পুনর্বাসনের ব্যবস্থাও বহুদিন যাবৎ অবহেলিত হয়ে রয়েছে। উদ্বাস্তু দোকানদারদের একটি বৃহৎ অংশ বিভিন্ন রাস্তার পাশে জবর-দখল করে বসতে বাধ্য হয়েছেন। তাঁদের জন্য যতদূর সম্ভব ব্যবসাক্ষেত্রের পার্শ্ববর্তী এলাকায় বিকল্প ব্যবস্থা করা প্রয়োজন। বাস্তুচ্যুত মুসলমান ভাইদের পুনর্বাসনের প্রশ্নটিও সরকারের মনোযোগ আকর্ষণ করেছে। ১লা জানুয়ারী ১৯৫১ তারিখের পর জবরদখলকারী উদ্বাস্তুদের পুনর্বাসনের প্রশ্নটিও এখনও অমীমাংসিত। এ সব কিছু নিয়েই আমরা কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করছি।

সরকারী এবং জবরদখল কলোনীগুলির জমির ন্যায্য মূল্য নির্ধারণের প্রশ্নটি নিয়েও কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা হচ্ছে। কেন্দ্রীয় সরকারের বর্তমান নির্দেশানুসারে জমির মূল্য এবং তার সুদ, দখল করার আনুষঙ্গিক ব্যয়, জল সরবরাহ ব্যবস্থার ব্যয় সমেত উন্নয়ন বাবদ ব্যয়—এই সমস্তই উদ্বাস্তুদের উপর ঋণ হিসাবে ধার্য হয়ে থাকে। এটা উদ্বাস্তুদের উপর একটা বিরাট বোঝাস্বরূপ। এই জনাই তাঁদের পক্ষে এত চড়া দাম দিয়ে জমির স্বত্ব অর্জন করা সম্ভবপর হচ্ছে না। আমরা মনে করি জল সরবরাহ ও উন্নয়ন বাবদ অন্যান্য ব্যয় গরীব উদ্বাস্তুদের উপর চাপানো অসংগত। তা ছাড়া জমি দখলের তারিখ থেকে হিসাব শুরু করে সুদ আদায় করার যে প্রস্তাব আমাদের এই বিভাগ থেকে ইতিপূর্বে করা হয়েছিল তাও সংগত নয়।

শিবির বহির্ভূত যে সব উদ্বাস্তু ভাড়া বাড়ী বা বন্ধু-বান্ধব ও আত্মীয়-স্বজনদের বাড়ীতে বসবাস করছেন তাদের বহু সংখ্যক আবেদন পত্র আজও অবিবেচিত অবস্থায় পড়ে রয়েছে। আবেদনপত্রগুলি যথাযথভাবে বিবেচিত হওয়ার বিলম্বের দরুণ তাঁদের মধ্যে অসন্তোষ সৃষ্টি হচ্ছে। অবশ্য এই সকল ক্ষেত্রে যাতে অর্থ সাহায্য পাওয়া যায় তার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে তাগিদ দেওয়া হয়েছে।

পুনর্বাসন সাহায্যপ্রাপ্ত অধিকাংশ উদ্বাস্তু পরিবারের পুনর্বাসন যে নানা কারণে সুষ্ঠু হয়নি তা আজ কারও অজানা নেই। যদিও কেন্দ্রীয় সরকার এই সব উদ্বাস্তু পরিবারের ঋণভার লাঘব করার উদ্দেশ্যে আংশিক ঋণ মকুবের আদেশ জারি করেছেন তবুও তা এই ভার লাঘবের পক্ষে তেমন সহায়ক হয়নি। কয়েক প্রকারের ঋণ যথা, কনট্রিবিউটারি গৃহনির্মাণ ঋণ, বৃত্তিমূলক ঋণ এবং কয়েকটি বেশী অঙ্কের ব্যবসা-ঋণ এই আদেশের আওতার বাইরে রেখে দেওয়া হয়েছে। ঋণ গ্রহীতাদের আর্থনীতিক অবস্থার কথা বিবেচনা করে এই সব ঋণের সুদ এবং ক্ষেত্র বিশেষে আসলও অবিলম্বে মকুব করা প্রয়োজন। এই মর্মে কেন্দ্রীয় সরকারকেও জানানো হয়েছে। পশ্চিম পাকিস্তান থেকে আগত উদ্বাস্তুরা তাদের পরিত্যক্ত সম্পত্তির জন্য ক্ষতিপূরণ পেয়েছেন, কিন্তু পূর্ববঙ্গের উদ্বাস্তুদের ক্ষেত্রে সেরূপ কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়নি। এই অবস্থার পরিপ্রেক্ষিতে রাজ্যসরকার মনে করেন যে, পূর্বপাকিস্তান থেকে আগত উদ্বাস্তুদের সমস্যাটি সম্পূর্ণ পৃথক দৃষ্টিকোণ থেকে বিচার করতে হবে এবং তারা বিশেষ বিবেচনা পাবার যোগ্য।

অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গে উদ্বাস্তুদের আর্থনীতিক পুনর্বাসনের ব্যবস্থা আজও অসম্পূর্ণ। এইজন্য এই সমস্যার প্রতিও আশু দৃষ্টি দেওয়া প্রয়োজন। এটি একটি বিরাট সমস্যা এবং সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমেই এর মোকাবিলা করা উচিত বলে আমি মনে করি। অতীতে বিচ্ছিন্নভাবে কিছু কিছু ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল, কিন্তু তাতে বাঞ্ছিত ফললাভ হয়নি। শিল্পসংস্থাগুলির এক বৃহৎ অংশকে উদ্বাস্তুদের কর্মসংস্থানের জন্য পর্যাপ্ত ঋণদান করা হয়েছিল। অথচ তাঁরা তাঁদের প্রতিশ্রুতি অনুযায়ী কাজ করেননি। তাঁদের কাছ থেকে বকেয়া ঋণ আদায় করবার জন্য সরকারকে দীর্ঘ এবং ব্যয়বহুল মামলায় জড়িয়ে পড়তে হয়েছে। ত্রুটিপূর্ণ পরিচালন ব্যবস্থার জন্য কয়েকটি শিল্পসংস্থা একেবারে বন্ধ হয়ে গেছে, এবং উদ্বাস্তুগণও কর্মচ্যুত হয়েছেন। তার উপর, ছোট ও মাঝারি শিল্পের মাধ্যমে উদ্বাস্তুদের কর্মসংস্থানের উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকার যে পুনর্বাসন শিল্প কর্পোরেশন গঠন করেছিলেন তাও পশ্চিমবঙ্গের উদ্বাস্তুদের বিরাট বেকার সমস্যা সমাধানে উল্লেখযোগ্য কোন ফল প্রদর্শন করতে সমর্থ হয়নি। পুনর্বাসন শিল্প কর্পোরেশন মত একটিমাত্র সংগঠনের পক্ষে এই কঠিন সমস্যার সমাধান আদৌ সম্ভব নয় বলে রাজ্যসরকার মনে করেন যে--উক্ত কর্পোরেশনের কাজে সহায়তা করার জন্য কেন্দ্রীয় সরকারের অর্থে এই রাজ্যে আরও শিল্প স্থাপন করা অবশ্য প্রয়োজন। শিল্প স্থাপনের মাধ্যমে উদ্বাস্তুদের কর্মসংস্থানকল্পে রাজ্যসরকারকে সাহায্য করার জন্য কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানানো হচ্ছে। সম্প্রতি, নীতিগতভাবে এই বিষয়টি কেন্দ্রীয় সরকারের স্বীকৃতিলাভ করেছে। সেই অনুযায়ী কেন্দ্রীয় সরকারের অনুমোদন লাভের জন্য রাজ্যসরকার কর্তৃক যথোপযোগী প্রকল্পও রচিত হচ্ছে।

অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গে উদ্বাস্তু পুনর্বাসন সমস্যার একটি সামগ্রিক রূপ তুলে ধরবার ও একজন সরকারী সদস্য নিয়ে রাজ্যসরকার একটি কমিটি গঠন করেছেন। কেন্দ্রীয় সরকার কর্তৃক গঠিত 'রিভিউ' কমিটির সমীক্ষার কাজের তুলনায় এই কমিটির সমীক্ষার কাজ আরও ব্যাপক, কেননা কেন্দ্রীয় সরকার কর্তৃক গঠিত কমিটির কাজ কম-বেশী বকেয়া সমস্যার সমীক্ষার মধ্যেই সীমাবদ্ধ থাকবে। রাজ্য পুনর্বাসন কমিটি ইতিমধ্যেই কাজ শুরু করে দিয়েছেন এবং বিভিন্ন কলোনী, পরিত্যক্ত শিবিরাঞ্চল ও অন্যান্য উদ্বাস্তু অধ্যুষিত এলাকা পরিদর্শনের একটি কর্মসূচী প্রস্তুত করেছেন। এই কমিটিকে পরিত্যক্ত শিবিরাঞ্চল, অধুনালুপ্ত ভবঘুরে-আবাস এবং সরকারের, রেলওয়ের ও পথের পাশের জমি জবর-দখলকারী উদ্বাস্তুগণের পুনর্বাসনের

অগ্রাধিকারের ভিত্তিতে সুপারিশ করবার জন্য এই কমিটিকে অনুরোধ করা হয়েছে। পুনর্বাসনের অন্যান্য গুরুত্বপূর্ণ সমস্যাগুলি যাতে দ্রুত সমাধান করা যায় সে বিষয়েও এই কমিটিকে অনুসন্ধান করে সুপারিশ করতে অনুরোধ করা হয়েছে। আশা করা যাচ্ছে যে, কমিটি যথাশীঘ্র সম্ভব পুনর্বাসন সমস্যার এমন একটি সামগ্রিক চিত্র আমাদের কাছে উপস্থাপিত করবেন যার ভিত্তিতে রাজ্যসরকার সকল শ্রেণীর উদ্বাস্তুগণের কল্যাণের জন্য ব্যাপক প্রকল্প রচনা করতে সমর্থ হবেন।

বর্তমান মন্ত্রিসভা কার্যভার গ্রহণের পর স্বল্পকালের মধ্যে উদ্বাস্তু কল্যাণে যে সমস্ত ব্যবস্থা অবলম্বিত হয়েছে তার মধ্যে বিশেষ কয়েকটির কথা আমি এখন বলছি:

(ক) বিভিন্ন কলোনীতে পানীয় জলের দারুণ অভাব দূর করার জন্য নলকূপ বসাবার নির্দেশ দেওয়া হয়েছে। বৈধকরণযোগ্য ১৪৯টি জবরদখল কলোনীর জন্য ৪৪৫টি নলকূপ মঞ্জুর করা হয়েছে। ১৯৬১ সালে ক্যাম্প বন্ধ করে দেওয়ার পর যেসব জায়গায় জলের ব্যবস্থাও বন্ধ করে দেওয়া হয় সে সব জায়গায় অকেজো নলকূপগুলি তুলে নতুন করে বসাবার জন্যও নির্দেশ দেওয়া হয়েছে। সরকারী উদ্যোগে স্থাপিত বিভিন্ন কলোনীতে যেসব নলকূপ অকেজো হয়ে পড়ে আছে সেগুলি তুলে নতুন করে বসাবার জন্যও সরকারের স্বাস্থ্য বিভাগকে অনুরোধ করা হয়েছে; কারণ, এই সব কলোনীতে নলকূপ রক্ষণাবেক্ষণ বা নতুন করে বসাবার জন্য কেন্দ্রীয় সরকার কোনও অর্থ মঞ্জুর করেন না।

(খ) পূর্বে ইনডেমনিটি বন্ড নিয়ে বৈধকৃত জবরদখলকারীদের গৃহে বিদ্যুৎ সরবরাহের জন্য 'নো অবজেকসন' সার্টিফিকেট দেওয়া হ'ত। এখন বৈধকরণ যোগ্য জবরদখল কলোনী-গুলিতে বৈধকৃত হোক আর না হোক, সমস্ত গণনাভুক্ত গৃহকে 'ইনডেমনিটি-বন্ড ছাড়াই 'নো-অবজেকশন' সার্টিফিকেট দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

(গ) বিভিন্ন পুনর্বাসন প্রকল্প রচনা ও রূপায়ণে যাতে উদ্বাস্তুগণ অংশগ্রহণ ও সহযোগিতা করতে পারেন সেজন্য এসব ব্যাপারে উদ্বাস্তু সমিতিগুলি ও বিভিন্ন স্থানের কলোনী কমিটি-গুলির সঙ্গে পরামর্শ করবার জন্য সরকারী আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে।

অধ্যক্ষ মহাশয়, পরিশেষে, আমি এই সভার বিবেককে এই বলে উদ্বুদ্ধ করতে চাই যে, স্বাধীনতা লাভের দীর্ঘ দুই দশক পরেও আজ পর্যন্ত উদ্বাস্তু পুনর্বাসনের মত যে বিরাট মানবিক জাতীয় সমস্যাটির যথাযথ সমাধান হয়নি তার সুষ্ঠু সমাধানের জন্য সকল মাননীয় সদস্যের ঐকান্তিক সহযোগিতা কামনা করছি। আপনারা জানেন কেন্দ্রীয় সরকারের অনুমোদন ও আর্থিক সাহায্য ব্যতিরেকে রাজ্যসরকারের পক্ষে কোনও প্রকল্পের রূপায়ণই সম্ভবপর নয়। আমি যখনই সুযোগ পেয়েছি তখনই কেন্দ্রীয় সরকারকে বোঝাবার চেষ্টা করেছি যে এতবড় কঠিন মানবিক জাতীয় সমস্যাকে অর্থের অভাবের অজুহাতে উপেক্ষা করা বাংলাদেশ তথা সমগ্র জাতির পক্ষে অকল্যাণকর। সকল মাননীয় সদস্যগণের কাছে তাই আবেদন রাখছি সমগ্র বাঙলাদেশের পক্ষ থেকে দলমত নির্বিশেষে ঐক্যবদ্ধভাবে এই বিরাট জাতীয় সমস্যা সমাধানের উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করি এবং সম্পূর্ণ নতুন দৃষ্টিভঙ্গী নিয়ে আমরা অগ্রসর হই।

Mr. Speaker: All the cut motions of Grant No. 45 are in order and they are taken as moved.

Shri Panchanan Sinha: That the demand be reduced to Re. 1.

Shri Joynarayan Sharma: That the demand be reduced to Re. 1.

Shrimati Nurunnesa Sattar: That the demand be reduced to Re. 1.

Shri Arun Kumar Moitra: That the demand be reduced to Re. 1.

Shri Sachindra Mohan Nandy: That the demand be reduced to Re. 1.

Shri Sripati Sinha: That the demand be reduced by Rs. 100.

Dr. Gopika Ranjan Mitra: That the demand be reduced by Rs. 100.

Shri Brindaban Chattopadhyay: That the demand be reduced by Rs. 100.

শ্রীপরেশচন্দ্র গোস্বামী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এতক্ষণ ধরে আমাদের মাননীয় পুনর্বাসন মন্ত্রিমহাশয় যে রিপোর্ট পেশ করলেন সেই রিপোর্টের পাতায় পাতায় কেবল হতাশা এবং উদ্বাস্তুদের জন্য যে বেদনা তিনি দেখিয়েছেন সেই বেদনা সমাধানের কোন বাস্তব চিন্তাধারার ছবি রাখতে পারেন নি। তিনি কেবলমাত্র কেন্দ্রীয় সরকারের সঙ্গে পত্রালাপ করেছেন একথা জানাবার জন্য প্রায় আধ ঘণ্টা সময় নিয়েছেন এবং সেই আধ ঘণ্টা ধরে তিনি কেবল তাঁর সেই লিখিত পুস্তিকা থেকে পাঠ করে আমাদের শুনিয়েছেন। আমরা জানি শুধু বাংলাদেশ কেন সারা ভারতবর্ষের লোক জানে যে, স্বাধীনতা সংগ্রামের যে গৌরবোজ্জ্বল অধ্যায় বাংলাদেশের মানুষ রেখে গেছেন—তার পূর্ণাহুতি দিয়েছেন উদ্বাস্তু ভাইবোনেরা। তাদের নিজেদের সমস্ত কিছুর বিনিময়ে, তাদের জীবনের বিনিময়ে, সর্বশক্তির বিনিময়ে এই স্বাধীনতা যজ্ঞের যে শেষ আহুতি হয়েছেন তার জন্য আজকে আমরা স্বাধীনতা লাভ করেছি এবং সর্বশেষে তাদের ত্যাগের বিনিময়ে স্বাধীনতা লাভ করেছি। সেইজন্য সেই উদ্বাস্তু ভাইবোনদের প্রতি সারা দেশের লোকের একটা পবিত্র কর্তব্য আছে। সেই পবিত্র কর্তব্য পালন করবার জন্য তৎকালীন কংগ্রেস সরকার যথেষ্ট আগ্রহসহকারে তাঁদের সর্বশক্তি নিয়োগ করেছিলেন সেই উদ্বাস্তু পুনর্বাসনের কাজে। তাঁরা যুদ্ধকালীন জরুরী অবস্থা নিয়ে পূর্ব বাংলার উদ্বাস্তু ভাইবোনদের পুনর্বাসনের কাজে আত্মনিয়োগ করেছিলেন এবং সেই সঙ্গে বেসরকারীভাবে কংগ্রেসের স্বাধীনতা সংগ্রামে যেসমস্ত লোক এগিয়ে এসেছিলেন তাঁরা উদ্বাস্তু পুনর্বাসনের কাজে সহায়তা করতে এসেছিলেন। আজকে ও'রা বড় বড় কথা বলছেন ও'দের কিন্তু সেই সময় দেখা যায় নি—ও'রা সেই সময় উদ্বাস্তু ভাইবোনদের দারিদ্র্য, দুঃখ বেদনা নিয়ে রাজনীতি করতে চেয়েছিলেন, ও'রা সেই সুযোগ পেয়ে নিজেদের কাজে লাগিয়ে সুষ্ঠু পুনর্বাসন করবার চেষ্টার পরিবর্তে তাদের বিভ্রান্ত করবার চেষ্টা করেছিলেন। তাতে নানা-ভাবে বঞ্চিত করবার চেষ্টা করেছিলেন। তাদের দিকে না তাকিয়ে তাদের কথা না ভেবে তাদের দুঃখকে ক্যাপিটেল করে তাদের রাজনৈতিক মওকা লাভ করবার চেষ্টা করেছিলেন। আমি সেই বিস্তৃত ইতিহাসের দিকে যেতে চাই না, আমি শুধু সংক্ষেপে একথা বলতে চাই যে, তৎকালীন বাংলাদেশের কংগ্রেস সরকার পূর্ববঙ্গবাসী ভাইবোনদের পুনর্বাসনের জন্য যে ব্যবস্থা অবলম্বন করেছিলেন লক্ষ লক্ষ উদ্বাস্তু ভাইবোনদের জন্য তাদের অর্থনৈতিক এবং সামাজিক পুনর্বাসনের জন্য তাদের গৃহনির্মাণের জন্য, তাদের শিক্ষা, স্বাস্থ্যের জন্য, হাউস বিল্ডিং লোন, এগ্রিকালচারাল লোন, এডুকেশনাল হেল্প এবং গ্র্যান্ট দিয়ে যেভাবে সাহায্য করেছিলেন সেইভাবে আমরা দেখেছি সেই সময় বহু পূর্ববঙ্গবাসীদের নানাভাবে পুনর্বাসনের কাজে সহায়তা করা হয়েছিল। কিন্তু আমি জানি প্রয়োজনের তুলনায়, অভাবের তুলনায়, সমস্যার তুলনায় যেভাবে আমাদের এগিয়ে গেলে পর আমাদের সম্ভব হত নানাভাবে তৎকালীন আর্থিক অবস্থার জন্য এবং সেই সময় বাংলাদেশ তথা ভারতবর্ষকে যে দুরবস্থায় পড়তে হয়েছিল তাতে তা করা সম্ভব হয় নি।

[3-05—3-30 p.m.]

সেইজন্য আজকে এই কথা বলছি যেটা স্বীকার করবার কথা যে বাংলাদেশের উদ্বাস্তুদের এখনও অনেক সমস্যার সমাধান করা বাকি রয়েছে, এখনও তাদের সমস্যার পূরণ হয় নি। আমি আনন্দিত হতে পারতাম যদি আমাদের পুনর্বাসন মন্ত্রিমহাশয় তাঁর যে বিবৃতি দিয়েছেন সেই বিবৃতির ভিতর সমস্যা সমাধান করবার জন্য কেবল আবেদন কেন্দ্রীয় সরকারের কাছে করেছেন এই বলে দায়িত্ব এড়িয়ে না গিয়ে বাস্তব সমস্যাকে

সমাধান করবার জন্য যদি পরিকল্পনা পেশ করতে পারতেন এবং আমাদের কি করণীয় সে সম্বন্ধে সুস্পষ্ট ইংগিত রাখতে পারতেন তাহলে তাঁকে ধন্যবাদ দিতে পারতাম এবং আমরা তাঁর বাজেট সমর্থন করতে পারতাম। কিন্তু দেখেছি সেদিকে তিনি যান নি কারণ সে সম্বন্ধে তাঁর কোন স্পষ্ট ধারণা ছিল না। উদ্বাস্তুদের জন্য সুষ্ঠু পরিকল্পনা তাঁরা কখনও করেন নি এবং তাঁদের নিয়ে কেবল বিভ্রান্তি সৃষ্টি করবার চেষ্টা করেছেন এবং রাজনৈতিক উদ্দেশ্য সাধন করবার কেবল চেষ্টা করেছেন। উদ্বাস্তুদের সমস্যার সমাধান হয়ে যাক এটা তাঁরা আজও চান বলে আমি বিশ্বাস করি না; আমরা জানি কিছুদিন আগে একটা ঘটনা ঘটেছিল—বর্তমানে যে ডামাডোল চলছে নকশাল-বাড়ির কথা আমি বলব না—এই জাতীয় জিনিস বহু জায়গায় চলছে; মালদহ জেলার কথা আপনি জানেন সেখানে উদ্বাস্তু এবং আদিবাসীদের ভিতর একটা দ্বন্দ্ব লাগিয়ে দেবার যে পরিকল্পনা—তাদের যে অভিসন্ধি তার ভিতর দিয়ে সেই সব উদ্বাস্তুদের পুনরায় উদ্বাস্তু করা হয়েছে এবং তাদের সঙ্গে আদিবাসী ভাইদের একটা গোলমাল বাধাবার চেষ্টা করা হয়েছে। এর ভিতর থেকে বোঝা যায় যে তাঁরা কোন্‌দিকে যেতে চাচ্ছেন। উদ্বাস্তুরা ১৯৪৭ সালের পর এসেছে আয়ুবশাহী কায়েম হবার পর এসেছে—১৯৬০ সালের পর—দাঙ্গার পর তারা এসেছে, ১৯৬২ সালে পাক-ভারত যুদ্ধের সময় এসেছে এবং এইভাবে বাংলাদেশের ভাইবোনরা পথে পথে ঘুরে বেড়াবে এদের সুষ্ঠু অর্থনৈতিক সামাজিক পুনর্বাসনের ব্যবস্থা হবে না এর থেকে খারাপ আর কি হতে পারে? সে সম্বন্ধে স্পষ্ট ধারণা আমাদের বর্তমান যুক্তফ্রন্ট সর-কারের কাছে চেয়েছিলাম—কিন্তু তাতে আমরা ব্যর্থ হয়েছি। বর্তমানে যে সমস্যা আছে, সেই সমস্যা সম্বন্ধে আমরা দেখেছি—আমি যে এলাকা থেকে এসেছি কালনা মহকমা অত্যন্ত গভীরভাবে আপনারা ভেবে দেখবেন সেখানে কনসেনট্রেটেড হয়েছেন বহু রিফিউজি—কালনা এবং নবদ্বীপের আশেপাশে বহু রিফিউজি রয়েছেন তাঁদের কি সমস্যা, সেখানে তাঁদের জমি নেই—সেখানে তাঁদের একমাত্র সম্বল তাঁত—সেই তাঁত তাঁরা চালাতে পারছেন না—হাজার হাজার উদ্বাস্তু বর্তমান বেকার হয়ে যাচ্ছে। যারা তাঁতের উপর নির্ভরশীল তারা সুতার ক্রয়মূল্য বাড়ার জন্য পুনরায় উদ্বাস্তু হতে চলেছে। এবং যে সামান্য জমি তারা পেয়েছিল সে জমিতে আবাদ করবার মত তাদের পয়সাও নেই, তাদের ঋণও দেওয়া হয় নি। যেসমস্ত উদ্বাস্তু ভাইবোন পূর্বে সরকারের কাছ থেকে সাহায্য পেতেন তাঁরা তা পান না। কিন্তু উদ্বাস্তু সমস্যার সমাধান হয় নি। তাদের যদি সাহায্য না দেওয়া হয় তাহলে তাদের লেখাপড়া বন্ধ হয়ে যাচ্ছে। তারা যে শুধু লেখাপড়া থেকে বঞ্চিত হবে তা নয়, যেসমস্ত সাহায্যপ্রাপ্ত উদ্বাস্তু, ইনস্টিটিউশন হয়েছিল সেগুলি সব বন্ধ হয়ে যাচ্ছে। আগে সরকার উদ্বাস্তুদের জন্য একটা বয়ঃসীমা শিথিল করেছিলেন কিন্তু বর্তমানে তাদের রিজার্ভের ব্যবস্থা নেই। বর্তমানে বহু উদ্বাস্তু বেকার হয়ে আছে এটা একটা জাতীয় সমস্যা। এই সমস্যার সংগে উদ্বাস্তু সমস্যা অ্যাডেড হয়েছে। আমি জানি বর্তমানে যে খরা হল সেখানে সাধারণ মানুষেরা তিন টাকা করে চাল খাচ্ছে। উদ্বাস্তুদের জমি নেই, রোজগারের ব্যবস্থা নেই এবং তারা ভ্রাম্যমাণ হয়ে দুঃস্থ অবস্থায় ঘুরে বেড়াচ্ছে। কালনা এলাকা ডেফিসিট এলাকা। পূর্বতন কংগ্রেস সরকার পর্যাপ্তভাবে সেখানে জি আর, সি আর, এম আর দিয়েছিলেন। কিন্তু এই সরকার এ সমস্ত বন্ধ করে দিয়েছেন। এই সরকার এম আর বন্ধ করে দিয়েছেন। অতএব এর জন্য উদ্বাস্তুদের পজিশন বুঝুন। কলকাতায় এস আর রয়েছে। এখানকার মানুষকে খাওয়াবার দায়িত্ব মানুষ নিয়েছে। পশ্চিম বাংলায় কৃষকদের কাছ থেকে চাল কিনে এনে এখান-কার মানুষদের কম দামে খাওয়ানোর ব্যবস্থা করেছেন। তাঁরা কর্ডন তুলে দিয়েছেন। এর ফলে এখানকার লোকেরা ২-৩ মাসের মত খাবারের ব্যবস্থা করে রেখেছেন এবং বেশ কয়েক লক্ষ টন খাদ্য এখানে আছে কিন্তু গ্রামের লোক খেতে পাচ্ছে না, উদ্বাস্তুদের রোজগার নেই, জমি নেই, তাদের ব্যবসা-বাণিজ্য বন্ধ হয়ে গেছে এবং খাবার সংস্থান নেই। সেজন্য দ[illegible] তাদের কৃষিঋণ দিন এবং চাকরি দেবার অগ্রাধিকার দিন, বিদ্যালয়ে সাহায্য দিন।

(At this stage the House was adjourned for fifteen minutes)

(After Adjournment)

[3-30—3-40 p.m.]

শ্রীঅমৃতেন্দু মুখার্জি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, যুক্তফ্রন্ট সরকারের পুনর্বাসনমন্ত্রী পুনর্বাসন খাতে যে ব্যয়বরাদ্দ উত্থাপন করেছেন তাকে সমর্থন করতে গিয়ে কয়েকটা কথা বলতে চাই। উদ্বাস্তু সমস্যা শুধু উদ্বাস্তু সমস্যার মধ্যে সীমাবদ্ধ নয়। এই সমস্যা একটা জাতীয় সমস্যা, পশ্চিম বাংলা সরকারের এ পর্যন্ত যে সমীক্ষা বেরিয়েছে তাতে লক্ষ্য করা যায়, প্রায় ৪৫ লক্ষ ছিন্নমূল মানুষ দেশবিভাগের পর আমাদের দেশে এসেছে। ইকনমিক রিভিউ যেটা আমাদের কাছে প্রচারিত হয়েছে তাতে ছিন্নমূল মানুষদের একটা পরিসংখ্যান দেওয়া হয়েছে। এর মধ্যে দেখা যায়, ১৯৫০ সালের পর থেকে ১৯৬৩ সাল পর্যন্ত যারা এসেছে তাদের একটা সংখ্যা আছে এবং ১৯৬৩ সালের ডিসেম্বরের পর থেকে ১৯৬৪ সালের জানুয়ারি থেকে যারা এসেছে তাদের একটা সংখ্যা আছে। এই মানুষগুলোর কি পুনর্বাসন হয়েছে? পশ্চিম বাংলার প্রাক্তন কংগ্রেস সরকার এবং কেন্দ্রীয় সরকার একযোগে ১৯৬০-৬১ সালে সিদ্ধান্ত করেছিলেন এদের পুনর্বাসনের কাজ শেষ হয়ে গেছে, সামান্য কিছু বাকি আছে— যাকে রেসিডুয়ারী প্রবলেম বলা চলে। বাস্তবিক ঘটনা কি তাই? আমি মনে করি ঘটনা তা নয়, আমি নদীয়া জেলার অধিবাসী, দেশবিভাগের পর নদীয়া জেলায় লক্ষ লক্ষ উদ্বাস্তু এসেছে। শুধু নদীয়া জেলায় নয়, সারা পশ্চিম বাংলায় এসেছে। মন্ত্রিমহাশয়ের রিপোর্টে একটা জিনিস প্রকাশ পায় নি, এ পর্যন্ত উদ্বাস্তু খাতে প্রাক্তন কংগ্রেস সরকার এবং কেন্দ্রীয় সরকার কত টাকা খরচ করেছেন। আমার অনুমান শত কোটি টাকা খরচ করেছেন। কিন্তু তাতে কি তাদের পুনর্বাসন হয়েছে? আমি মনে করি শুধু পুনর্বাসন হয় নি, ক্যাম্প, কলোনি, হোমগুলির দিকে তাকিয়ে যদি দেখি সেখানে দেখা যাবে কেবল দুঃস্থ মানুষদের ভীড়।

প্রাক্তন সরকার এই উদ্বাস্তুদের দেশের সম্পদ বলে মনে করেন নি। অনেক মায়াকান্না তাদের জন্য কাঁদা হয়েছে, তাদের জন্য অনেক টাকা বরাদ্দ করা হয়েছে, কিন্তু প্রকৃত পুনর্বাসনের জন্য যেসমস্ত কাজগুলি করা দরকার যেমন শিল্প সংস্থা গড়ে তোলা, জমির উন্নয়ন করা, কৃষির উন্নয়ন করা, সেগুলি তাঁরা করেন নি। উদ্বাস্তু পুনর্বাসনের নামে বহু টাকা অপচয় হয়েছে, কিন্তু প্রকৃত যারা ছিন্নমূল গরিব মানুষ তাদের পুনর্বাসন হয় নি। আজকের এই বিতর্কে মাননীয় সদস্য শ্রীগোস্বামী অনেক কথা বললেন। এটা শুনে আমার মনে হয় যে, তিনি অনেক মায়াকান্না কাঁদলেন। আমাদের পুনর্বাসনমন্ত্রী তাঁর রিপোর্টের মধ্যে অনেক বলিষ্ঠ দৃষ্টিভঙ্গির পরিচয় দিয়েছেন এবং সেইজন্য আমি যুক্তফ্রন্ট সরকার ও পুনর্বাসন-মন্ত্রীকে আমার আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। সে বলিষ্ঠ দৃষ্টিভঙ্গি হচ্ছে পশ্চিম বাংলার উদ্বাস্তুসমস্যা শুধু পশ্চিম বাংলা সরকারেরই সমস্যা নয়, এই সমস্যা সমাধানের জন্য কেন্দ্রীয় সরকারকেও দায়িত্ব নিতে হবে। কারণ এটা জাতীয় সমস্যা। পশ্চিম বাংলার অর্থনীতি আজকে বিপন্ন, সংকটে জর্জরিত। আজকে আমাদের এই দেশ খাদ্যসঙ্কট, কৃষিসংকট, শিল্পে মন্দা, বেকার সমস্যা, মূল্যবৃদ্ধির সমস্যা, ইত্যাদি নানারকম সমস্যায় জর্জরিত এবং এই বাজেট বিতর্কের মধ্যে দিয়ে আমরা এটা লক্ষ্য করেছি যে, দেশের অর্থনীতি আজকে এমন একটি কঠিন অবস্থার মধ্যে পড়েছে, যে অবস্থা থেকে অর্থনীতিকে আবার সুষ্ঠুভাবে গড়ে তুলতে গেলে অনেক সময় লাগবে। এর মধ্যে যে ৪৫ লক্ষ মানুষ পুনর্বাসন পায় নি, তাদের পুনর্বাসন সমস্যার সমাধান করতে হবে। কিন্তু সেখানে যদি কেন্দ্রীয় সরকার দায়িত্ব না নেন তাহলে কি করে এই সমস্যার সমাধান হবে এটা আমি বুঝতে পারছি না। আমি পুনর্বাসনমন্ত্রীকে ধন্যবাদ জানাই যে, তিনি এটার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করেছেন। এটা অত্যন্ত সঠিক দাবি। কেন্দ্রীয় সরকারকে এই দায়িত্ব বহন করতে হবে। পশ্চিম বাংলার অর্থনীতিকে পুনরুজ্জীবিত করতে গেলে যে ৪৫ লক্ষ লোক এখানে এসে অনাহারে, অর্ধাহারে, জঘন্যভাবে বিষাক্ত আবহাওয়ার মধ্যে সমাজে দিনযাপন করছে তাদের সেই আবহাওয়া থেকে যদি মানুষ হিসাবে গড়ে তুলতে হয় তাহলে কেন্দ্রীয় সরকারকে এই দায়িত্ব অবশ্যই বহন করতে হবে। কেন্দ্রীয় সরকার পুনর্বাসন দপ্তর উঠিয়ে দিয়েছেন। তাঁরা মনে করছেন পুনর্বাসন সমস্যা সমাধানের কাজ শেষ হয়ে গেছে। কিন্তু আমরা জানি সেই সমস্ত উদ্বাস্তুদের কথা আমাদের

উদ্বাস্তু পুনর্বাসনমন্ত্রী বলেছেন। কলোনিগুলির উদ্বাস্তুদের আর্থিক পুনর্বাসন হয় নি। এখন পর্যন্ত জবরদখল কলোনিগুলিকে সম্পূর্ণ বৈধকরণ করা হয় নি। আমাদের এই পশ্চিম বাংলায় কমপক্ষে আরও প্রায় ৪৭২টি বেসরকারী কলোনি আছে। সেখানে পানীয় জলের ব্যবস্থা নেই, শিক্ষার কোন ব্যবস্থা নেই, তাদের কাজকর্মের কোন ব্যবস্থা নেই, এমন কি তাদের আর্থিক পুনর্বাসনের জন্য যে ন্যূনতম চাহিদা ছিল সেগুলিকে পর্যন্ত পূরণ করা হয় নি। নানারকম আইনের চাপ জবরদখল কলোনিগুলির অধিবাসীদের উপর চাপিয়ে দেওয়া হচ্ছে। তাদের আরও বেশি অর্থ দিতে হবে। জমিদারদের খেসারত দেবার জন্য সেখানে নূতন খেসারতের বোঝা চাপানো হচ্ছে, সুদের বোঝা চাপানো হচ্ছে। উন্নয়নের নামে সেখানে আরও বেশি টাকা চাপানো হচ্ছে এবং সেই টাকা জমির মূল্যের সঙ্গে চাপিয়ে উদ্বাস্তুদের লোন হিসাবে দেওয়ার কথা হচ্ছে। এই হচ্ছে কেন্দ্রীয় পুনর্বাসন দপ্তরের উদ্বাস্তু পুনর্বাসন পরিকল্পনা। কেন্দ্রীয় পুনর্বাসন দপ্তর দণ্ডকারণ্য পরিকল্পনা তৈরি করেছিলেন এবং এর জন্য বহু ঢাক-ঢোল পিটিয়ে প্রচার করা হয়েছিল তা আমরা জানি। কিন্তু তা সত্ত্বেও আমরা দেখতে পাচ্ছি যে, দণ্ডকারণ্য পরিকল্পনার ভবিষ্যৎ কি হয়েছে। বাংলার বাহিরে উদ্বাস্তুদের পাঠানো হয়েছে। উদ্বাস্তুরা যখন সুষ্ঠু পুনর্বাসনের দাবিতে বাংলার বাহিরে দাবি করেছিল তখন এই কংগ্রেস সরকার নির্লজ্জভাবে অমানুষিক নির্যাতন করেছে, তাদের উপর গুলী চালিয়েছে, এমন কি হত্যা পর্যন্ত করেছে। পশ্চিম বাংলার মধ্যে বাগজোলার কথা আমরা আজও ভুলি নি। ওরা আজ নকশালবাড়ির কথা বলছেন। কিন্তু স্মরণ করে দেখুন এই ছিন্নমূল উদ্বাস্তুদের পুনর্বাসনের পরিবর্তে তাদের কি নিষ্ঠুরভাবে হত্যা করা হয়েছিল। বাগজোলা ক্যাম্পের সেই রুদ্ধ রক্তের চাপ এখনও নিঃশেষ হয়ে যায় নি, চাপ চাপ হয়ে জমাট বেঁধে শুকিয়ে আছে। এখন যাঁরা বিরোধীদলে আছেন তাঁদের আজকে মায়াকান্না কেঁদে কোন লাভ নেই। প্রকৃত যদি উদ্বাস্তু সমস্যার সমাধান করতে চান তাহলে আসুন আমরা সকলে মিলে একসঙ্গে এই পরিকল্পনা করি যে, কি করে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে প্রকৃত দাবি আদায় করা যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইকনমিক রিভিয়্যু-এ যা দেওয়া হয়েছে তাতে দেখা যাচ্ছে ১০ লক্ষ ২ হাজারের মত উদ্বাস্তু কলকাতার শিল্পাঞ্চলের আশেপাশে বসেছে এবং কেউ কেউ অন্যস্থানে পুনর্বাসন পেয়েছে। এর মধ্যে অনেকে সরকারী সাহায্য পেয়েছে, আবার অনেকে পায় নি। তাছাড়া ১৯৬৩ সালের পরে আরও ১ লক্ষ ৯১ হাজার উদ্বাস্তু এসেছে আমাদের এই কলকাতা শিল্পাঞ্চলে। বৃহত্তর কলকাতার বাহিরে আরও প্রায় ১২ লক্ষ ১৭ হাজারের মত উদ্বাস্তু রয়েছে।

[3-40 -3-50 p.m.]

স্যার, পশ্চিম বাংলায় কলকাতার বাইরের এলাকাগুলিতে পুরানো উদ্বাস্তু একুশ লক্ষেরও বেশি এবং নতুন উদ্বাস্তু এসেছে ১৯৬৪ সালে ৪ লক্ষ ২৮ হাজারের কিছু বেশি। এইভাবে ২৬ লক্ষ ২৮ হাজার উদ্বাস্তুর মধ্যে উদ্বাস্তু জনসংখ্যার শতকরা ৬২ ভাগেরও বেশি পশ্চিম বাংলার অনেক জেলায় ছড়িয়ে আছে। এদের জন্য কি পরিকল্পনা করা হয়েছে, এতদিন কোন পরিকল্পনা করা হয় নি। আমি মন্ত্রিমণ্ডলীকে ধন্যবাদ দিই এবং উদ্বাস্তু পুনর্বাসনমন্ত্রীকে ধন্যবাদ দিই এই দাবি নিয়ে যে উদ্বাস্তু পুনর্বাসনের দাবি নিয়ে যে পরিকল্পনা তিনি উপস্থিত করেছেন সেই পরিকল্পনার মধ্যে কেন্দ্রীয় সরকারকে আরও বেশি টাকা দিতে হবে, যাতে এই টাকা দিয়ে উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য পরিকল্পনা করতে পারি। আমরা এদের জন্য ছোট শিল্পের পরিকল্পনা করতে পারি, মাঝারি শিল্পের পরিকল্পনা করতে পারি জমি উন্নয়নের পরিকল্পনা করতে পারি এবং সেইগুলির মধ্যে দিয়ে সঠিকভাবে উদ্বাস্তু পুনর্বাসন হতে পারে। তাতে উদ্বাস্তু পুনর্বাসনের কাজ হবে শুধু নয় পশ্চিম বাংলাও সমৃদ্ধ হবে এবং পশ্চিম বাংলার সংকটপূর্ণ অর্থনীতি পুনরুজ্জীবিত হবে। তাই আমি মন্ত্রিমণ্ডলীর সঙ্গে একমত হয়ে দাবি করি যে আজকে কেন্দ্রীয় সরকারকে অবশ্যই এই দায়িত্ব পালন করতে হবে। যাঁরা বিরোধীপক্ষে আছেন অবশ্যই তাঁদের জবাব দিতে হবে যে তাঁরা কি এই কথা মনে করেন যে শুধু যুক্তফ্রন্ট সরকারেরই দায়িত্ব না এটা জাতীয় সমস্যা? এই দায়িত্ব কেন্দ্রীয় সরকারকে বহন করতে হবে এবং এই উদ্বাস্তুদের জন্য পর্যাপ্ত অর্থ সেটা

আমাদের পেতে হবে। আজকে দেখি যে নানা বাধানিষেধ আরোপ করা হয়েছে উদ্বাস্তু পুনর্বাসন দপ্তরে একটা যে কোন পরিকল্পনা কার্যকরী করতে পারবে না শুধু বকেয়া যা আছে সেই বকেয়া পরিকল্পনা কার্যকরী করতে পারেন। মন্ত্রিমহাশয়ের রিপোর্ট-এ তা জানতে পেরেছি কিন্তু বকেয়া পরিকল্পনায় যেগুলো নেই এই যে প্রায় ৪৫ লক্ষ উদ্বাস্তু যাঁরা আছেন তাঁদের বহু লোকের মাসিক আয় অনেক কম সেটা সমীক্ষার মধ্যে দেখা গেছে যে মাসিক আয় গড়ে মাথাপিছু ২৪ টাকার বেশি নয় একজন মানুষের। পুনর্বাসনের জন্য এত ঢাক-ঢোল পেটানোর কিছু ছিল না যেখানে ২৪ টাকার বেশি আয় করতে পারে না তাদের বাস্তবিক পুনর্বাসনের জন্য। নতুন উদ্বাস্তুদের পুনর্বাসন হয় নি। সেইজন্য আমি মনে করি যে কমিটি হয়েছে কেন্দ্রীয় সরকার যে কমিটি করেছেন শুধু সেই কমিটির রিপোর্ট যথেষ্ট নয় বাস্তব দৃষ্টিভঙ্গি নিয়ে মানবিক দৃষ্টিভঙ্গি নিয়ে এই জাতীয় সমস্যা সমাধানের জন্য সকলেরই চেষ্টা করা উচিত। চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় পশ্চিম বাংলার প্রতি ঘোরতর অবিচার হয়েছে সেই কথা অর্থমন্ত্রীর রিপোর্ট-এ শুনেছি। জনসংখ্যার কথা যেমন বিচার করা হয়েছে তেমনি প্রয়োজন-ভিত্তিকের কথাও বিবেচনা করা হয়েছে যে প্রতিশ্রুতি কংগ্রেস সরকার দিয়েছিলেন সেই প্রতি-শ্রুতির কথা তাঁরা যদি স্মরণ রাখেন তাহলে নিশ্চয়ই পশ্চিম বাংলার উদ্বাস্তু সমস্যা সমাধানের জন্য শুধু পুনর্বাসনের জন্য যে টাকা বরাদ্দ করা হয়েছে সেই টাকাও নেই। চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় প্রয়োজনভিত্তিক আমাদের আরও বেশি টাকা বরাদ্দ করতে হবে তবেই আমরা পশ্চিম বাংলার এই উদ্বাস্তু পুনর্বাসন সমস্যায় আমরা সুষ্ঠুভাবে সমাধানের পথে এগিয়ে যেতে পারব। আর একটি কথা বলি, নতুন যাঁরা উদ্বাস্তু এসেছেন তাঁদের কোথায় রাখা হবে এবং কিভাবে রাখা হবে, ১৯৬৪ সালের পরে যাঁরা এসেছেন—এই বিষয়ে কেন্দ্রীয় সরকারের কোন নির্দেশ আছে কি-না তা মাননীয় মন্ত্রিমহাশয়ের রিপোর্টএ শুনতে পেলাম না। কিন্তু সংবাদপত্রে দেখেছি ১৯৬৪ সালের পরে যে উদ্বাস্তুরা এসেছে তাদের পশ্চিমবঙ্গে আপাতত রাখা হবে, পরে পশ্চিম বাংলার মধ্যে কিংবা বাইরে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা হবে। কিন্তু কোথায় রাখা হবে, আবার কি তাদের সেই ক্যাম্পে রাখা হবে? ১২ বছর ধরে যে নরককুণ্ড সৃষ্টি করে মানুষকে সেখানে রেখেছেন, মানুষকে সমাজবিরোধী করে তুলেছেন, তাঁদের শিক্ষার কোন ব্যবস্থা করেন নি, কাজকর্মের ব্যবস্থা করেন নি, তাঁদের সামাজিকতাবোধ শেখাবার ব্যবস্থা করেন নি, আবার কি তাঁদের সেই নরককুণ্ডে তুলবেন? না, যারা পশ্চিম বাংলায় থাকতে চায় তাদের পশ্চিম বাংলার মধ্যে নতুন জমি সংগ্রহ করে, নতুন জমি উন্নয়ন করে পুনর্বাসনের ব্যবস্থা করবেন। ছোট ছোট শিল্প করে তাদের অন্নসংস্থানের ব্যবস্থা করুন, এইভাবে কেন্দ্রের উপর চাপ দিয়ে সেই টাকা আদায় করবার জন্য চেষ্টা করুন। আমি মন্ত্রিমণ্ডলী এবং মাননীয় পুনর্বাসনমন্ত্রীর সঙ্গে একমত যে আজকে সেইভাবে গড়ে তুলতে হবে, এটাই নিবেদন। কয়েকদিন আগেও কলকাতায় মুমূর্ষু ৫০ হাজার উদ্বাস্তু সমবেত হয়েছিলেন যুক্তফ্রন্ট সরকারের কাছে এবং তাঁরা বলে গেছেন আমাদের পুনর্বাসনের জন্য যুক্তফ্রন্ট সরকার এবং আপনারা সকলে মিলে আসুন একসঙ্গে কেন্দ্রীয় সরকারের কাছে টাকা আদায়ের চেষ্টা করি। এই বলে আমার বক্তব্য শেষ করলাম।

Dr. Gopal Das Nag:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে বিষয়বস্তুটা আমাদের মাননীয় রিহ্যাবিলিটেশন মিনিস্টার আমাদের সামনে রাখলেন এটা পূর্বে কোনপ্রকার রাজনৈতিক দলাদলির অঙ্গ হিসেবে ব্যবহৃত হয় নি, অন্ততপক্ষে আমাদের পক্ষ থেকে। আজও আমি আশা করব এই সমস্যাটা যেটা মোটামুটি আমাদের অন্যতম গুরুত্বপূর্ণ জাতীয় সমস্যা বিশেষ করে পূর্ব অঞ্চলের মানুষের কাছে, সেটাকে রাজনৈতিক দলাদলি এবং দোষারোপের ঊর্ধ্বে রেখে খুব ডিসপ্যাশনেটলি আলোচনা করা হবে এবং আমাদের ভবিষ্যৎ কর্মসূচি নির্ধারণ করা হবে। এটা ধ্রুব সত্য যে, পূর্বাঞ্চল থেকে আগত উদ্বাস্তুভাইদের সুষ্ঠু পুনর্বাসন ব্যবস্থা যত দ্রুত হওয়া উচিত ছিল, তত দ্রুত হয়ে ওঠে নি। কিন্তু অপরপক্ষে মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন এবং আমরাও জানি যে, পশ্চিম পাকিস্তান থেকে অনুরূপ সময়ে যে উদ্বাস্তুভাইরা এসেছিলেন, তাদের মোটামুটি সুষ্ঠু পুনর্বাসন ব্যবস্থা হয়ে গেছে। কিন্তু আমি যদি এই দৃষ্টিভঙ্গি নিয়ে বলি বা বলবার চেষ্টা করি যে, এতে একটা অবহেলা ও অবজ্ঞার ছবি ফুটে উঠেছে, তাহলে

আমি অন্যায় করব, অবিচার করব এবং আমাদের নিজেদের যে সমীক্ষা আমরা করতে যাচ্ছি সেই সমীক্ষায়ও ভুল হবে। সমস্যাটা হচ্ছে পূর্বাঞ্চল থেকে বা পূর্ব পাকিস্তান থেকে যে উদ্বাস্তুরা এসেছেন এবং পশ্চিম পাকিস্তান থেকে যে উদ্বাস্তুরা এসেছিলেন এই দুটো দু রকমের। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পূর্ব পাকিস্তান থেকে যে উদ্বাস্তুভাইরা এসেছেন, আমার মনে হয়, মোটামুটিভাবে আমরা তাদের দুভাগে ভাগ করতে পারি—এক রাজনৈতিক কারণে পার্টিশানের ফলে ও পরবর্তীকালে যেসমস্ত সাম্প্রদায়িক দাঙ্গা-হাঙ্গামা হয়েছে তার ফলে যাঁরা ছিন্নমূল হয়ে ওখান থেকে এসেছেন তাঁদের আমরা পলিটিক্যাল রিফিউজি বলতে চাই এবং আর এক ধরনের উদ্বাস্তুভাই এসেছেন যাঁরা অর্থনৈতিক কারণে সেখানে বসবাস করতে পারেন নি, নানা সামাজিক চাপে বা নানা অর্থনৈতিক কারণে তাদের অর্থনৈতিক জীবন এমন বিপর্যস্ত হয়ে গেছে যে, সেখানে বাস করা তাদের পক্ষে আর সম্ভব হয় নি, সেখানকার সরকার তাদের অর্থনৈতিক উন্নতি বা স্থায়িত্বের কোনরকম বন্দোবস্ত না করায় তারা ছেড়ে চলে আসতে বাধ্য হয়েছেন। সুতরাং এই দু ধরনের উদ্বাস্তুর কথা আমরা শুনছি এবং দেখছি। তাহলে মোটামুটি সমস্যাটা এই দাঁড়ায় যে, যেহেতু এই দু ধরনের উদ্বাস্তু আছে, পূর্বাঞ্চলের উদ্বাস্তু সমস্যাটা এখন পারপেচুয়াল সমস্যা হয়ে দাঁড়িয়েছে, এটা যদি বাস্তবিক একটা পারপেচুয়াল সমস্যা হয়, তাহলে সেই ধরনের সমস্যা সমাধানের জন্য আমাদের কি অর্গানাইজেশন করা উচিত তা আমাদের আজকে নতুন করে চিন্তা করতে হবে যার ইঙ্গিত আজ আমাদের মন্ত্রিমহাশয় দিয়েছেন। কিন্তু কেন্দ্রীয় সরকারের সঙ্গে এই সম্পর্কে বিরোধ করবার জন্য খুব একটা ব্যাপক পরিধির স্থান এখানে আছে বলে আমার মনে হয় না। কারণ উদ্বাস্তু সমস্যাটা কেন্দ্রীয় সরকার ও ভারতবর্ষের রাজনৈতিক নেতৃবৃন্দের যে প্রতিশ্রুতি ছিল ১৯৪৭ সালে পার্টিশানের পূর্বে ও অব্যবহিত পরে, সেই প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল সম্পূর্ণরূপে রাজনৈতিক উদ্বাস্তু যারা—যারা পার্টিশানের ভিক্টিমস—তাদের সম্বন্ধে চিন্তা করে এবং সেইজন্যই হয়ত কেন্দ্রীয় সরকার চিন্তা করছেন যে উদ্বাস্তু সমস্যা মিটে গেছে। তাদের মাথায় হয়ত এই ইকনমিক রিফিউজি কথাটা নেই যা আমরা দেখছি। সুতরাং কেন্দ্রীয় সরকার হয়ত একটা জায়গায় কোথায়ও যদি একটা পূর্ণচ্ছেদ টেনে থাকে সমস্যা সমাধান করবার জন্য বা সম্পূর্ণ করে অর্গানাইজড প্ল্যানিং করবার জন্য, তাতে খুব বেশি অন্যায় কেন্দ্রীয় সরকারের হয়েছে বলে আমি মনে করি না। তবে এই কথা ধ্রুব সত্য যে, কেন্দ্রীয় সরকারের কাছে বর্তমান সমস্যাটা পারপেচুয়াল ক্যারেক্টার হিসেবে দেখা দিয়েছে—সেটা আমাদের তুলে ধরতে হবে। মাননীয় মন্ত্রিমহাশয় যে সেই কাজ করেছেন সেজন্য নিশ্চয়ই তাঁকে ধন্যবাদ দেব। কিন্তু তার মানে এই নয় যে, কেন্দ্রীয় সরকারের উপর দোষারোপ করে বা কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে একটা আন্দোলন করে আমাদের দায়িত্ব সম্পূর্ণরূপে আমরা পালন করেছি—এই আত্মসন্তুষ্টির মনোভাব নেব। একটা প্রদেশের একটা প্রান্তের একটা গণতান্ত্রিক স্বাধীন গভর্নমেন্ট যে গভর্নমেন্টের হাতে যথেষ্ট ক্ষমতা আছে, সেই সমস্যা সমাধান করবার জন্য সেই সরকার তার কতটা শক্তি এই সমস্যা সমাধানের কাজে নিয়োগ করেছে সেটাও আমাদের বিবেচনা করে দেখতে হবে।

Shri Narayan Chandra Choubey:

স্যার, উনি কি করে বলছেন, পশ্চিম বাংলা সরকার একটা স্বাধীন সরকার?

Mr. Speaker:

আপনি বসুন, বলবার তো যথেষ্ট সুযোগ পাবেন। আপনার মত তো সকলে এত বুঝতে পারে না—আপনি বসুন।

[3-50—4 p.m.]

Dr. Gopal Das Nag:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে সমস্যার কথা আমরা আলোচনা করছি, সেই সমস্যা যে কত গুরুত্বপূর্ণ তা দেখাবার জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি কয়েকটা বিষয়ের উপর যেগুলি তিনি তাঁর প্রারম্ভিক ভাষণে দেন নাই। সবচেয়ে প্রথম হচ্ছে যে, এই উদ্বাস্তু সমস্যার সমাধান করতে গেলে অর্থাৎ তার সার্থক পুনর্বাসন তার সম্বন্ধে

পূর্ববর্তী বক্তা বলেছেন ইকনমিক রিহ্যাবিলিটেশন বৃত্তি অনুযায়ী ইকনমিক রিহ্যাবিলিটেশন হওয়া দরকার। সুতরাং খালি শিল্পের প্রশ্ন নাই এখানে। এই যে সমীক্ষা তিনি পৃথকভাবে করছেন, নিশ্চয়ই সেটা খুবই গুরুত্বপূর্ণ সমীক্ষা হবে এবং এই সমীক্ষার মধ্যে উদ্বাস্তু যাঁরা এসেছেন বা যাঁদের পুনর্বাসনের দায়িত্ব পশ্চিমবঙ্গ সরকারের উপর অর্পিত হয়েছে, তাদের বৃত্তিগত একটা বিভাগ যেন হয় ঐ সমীক্ষার মধ্যে এবং সেই অনুযায়ী সরকারের পক্ষ থেকে কি কি করা সম্ভব, বিভিন্ন বৃত্তির মানুষকে কি করে সুষ্ঠু পুনর্বাসন দেওয়া যায়, সেটা যেন এই সমীক্ষার অন্তর্ভুক্ত করা হয়। এটাই আমি যোগ করব। কারণ একটা কৃষিজীবী পরিবারের যিনি কর্তা, তাঁকে যদি আজকে শিল্পে পুনর্বাসন করি, তাতে তার সার্থক পুনর্বাসন হয় না। কারণ তার মধ্যে যে শক্তি বা সামর্থ্য আছে, সেটার পূর্ণ বিকাশ শিল্পক্ষেত্রে করা সম্ভব নয়। তেমনি উল্টো দিক দিয়ে যে শিল্পী তাকে যদি কৃষিকার্যের মধ্যে আমরা নিয়োগ করি, তাহলে তার সামর্থ্য ও প্রতিভা বিকাশের পথ রুদ্ধ করে দেব। সুতরাং সমীক্ষায় এই বস্তুটাও থাকা দরকার। তারপর প্রশ্ন উঠেছে অর্থনৈতিক পুনর্বাসনের কথা। সেটা কিভাবে হবে? এটা তো দুরূহ প্রশ্ন। শুধু যে শিল্পের ব্যাপারে তা নয়, এই যে ইন্ডাস্ট্রিয়েল ডেভেলপমেন্ট কর্পোরেশন হচ্ছে সেখানে নিয়োগ করতে গেলে কার কতটুকু সামর্থ্য, কার কতটুকু শক্তি সেটা নিশ্চয়ই বিবেচনা করবার বস্তু। কিন্তু একটা কথা নিশ্চয়ই চিন্তা করতে হবে যে পশ্চিম বাংলার যে সামগ্রিক সামর্থ্য সেই সামর্থ্যে আমরা পশ্চিম বাংলার অধিকাংশ ক্ষেত্রে মানুষকে কি সুষ্ঠুভাবে অর্থনৈতিক দিক দিয়ে পুনর্বাসন করতে পারি? নিশ্চয়ই পশ্চিম বাংলার অর্থনৈতিক ক্ষমতা বা কেপেবিলিটি সেটা সীমাবদ্ধ। সুতরাং সেই সীমাবদ্ধতার মধ্যে কতটা আমরা পুনর্বাসন করতে পারি, তা নিশ্চয়ই আমরা করব। কিন্ত তার অতিরিক্ত যেটা হবে সেটাকে নিশ্চয়ই আমরা সারা ভারতবর্ষের পরিপ্রেক্ষিতে তাদের পুনর্বাসনের কথা চিন্তা করব।

আর একটা বিষয়ের কথা আমি এখানে উল্লেখ করব। অতীতে আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করেছি যে, উদ্বাস্তুভাইদের দুঃখকষ্টকে নানা কারণে অনেক সময়ে রাজনৈতিক দলগুলি তাদের পাশাখেলার ঘুঁটি হিসেবে ব্যবহার করেছেন। ভবিষ্যতে আর এই ধরনের আচরণ আমরা নিশ্চয়ই করব না এবং এই উদ্বাস্তু ভাইদের যাতে সত্যি সত্যিই পুনর্বাসন হয় তার জন্য রাজনৈতিক দৃষ্টিভঙ্গিবিবর্জিত যে দৃষ্টিভঙ্গি সেই সংগঠনমূলক দৃষ্টিভঙ্গি নিয়ে আমরা উভয়পক্ষ এ বিষয়ে চিন্তা করব। পরিশেষে একটা কথা আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে এবং মাননীয় সদস্যদের স্মরণ করিয়ে দিতে চাই যে, উদ্বাস্তু সমস্যাটা কন্যাদায়, মাতৃদায়, পিতৃদায়ের মত পশ্চিমবঙ্গের উদ্বাস্তু দায় নয়, এটা হচ্ছে সেকরেড রেসপন্সিবিলিটি, পূত দায়িত্ব। সুতরাং সেই দৃষ্টিভঙ্গি নিয়ে এই সমস্যা সমাধানের কাজে যদি আমরা অগ্রসর হই তাহলে আমাদের স্মরণ রাখতে হবে যে রাজনৈতিক দৃষ্টিভঙ্গি এই কাজে আমরা নিয়ে আসব না, এই কাজে কোনরকম রাজনৈতিক দলবাজী আমরা করব না। কিন্তু এটার একটু ইঙ্গিত আমরা পাচ্ছি মন্ত্রিমহাশয়ের উক্তির মধ্যে, তিনি যে কলোনি কমিটির কথা বলেছেন তার মধ্যে। এটা কলোনি কমিটির প্রশ্ন নয়, এটা সারা পশ্চিমবঙ্গের মানুষের প্রশ্ন, সুতরাং সারা পশ্চিম বাংলার মানুষের যারা প্রতিনিধি তাদের সঙ্গে পরামর্শ করে এই সমস্যার সমাধান করতে হবে এবং তাদের নিয়ে এই কাজে অগ্রণী হতে হবে। আমি বিশেষ করে জবরদখল কলোনি যেগুলি শহরাঞ্চলে আছে তাদের সমস্যার দিকে বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করছি। পৌরসভা এলাকার মধ্যে যে জবরদখল কলোনি আছে সেগুলিকে অর্পণপত্র দেওয়ার কোন বাধা নেই, সেগুলি অবিলম্বে দেওয়া যায় এবং এই যে উন্নয়নমূলক কাজ এর জন্য কেন্দ্রীয় সরকারের সাহায্য মঞ্জুর হয়েছে, হয়ত বাংলা সরকারের ভান্ডারে যেটা জমা আছে সেটা অবিলম্বে রিলিজ করুন, উপযুক্ত এজেন্সির মাধ্যমে সেই কাজ সুসম্পন্ন করুন। হুগলি জেলায় এবং অন্যান্য ইন্ডাস্ট্রিয়াল অঞ্চলে বহু জবরদখল কলোনি আছে, এদের এই সমস্যাগুলির দ্রুত সমাধানের জন্য আমি পুনর্বাসনমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

শ্রীকৃপাসিন্ধু সাহাঃ অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, গোপালবাবু যখন বক্তৃতা দিচ্ছিলেন তখন এক ভদ্রলোক আমাদের হাউসে প্রবেশ করলেন। ইনি কে সেটা আপনার কাছ থেকে আমরা জানতে চাই।

মিঃ স্পীকারঃ উনি নতুন মেম্বার, আজকে ওথ নিয়েছেন। উনি এখানে অনেকদিন ধরে আছেন এবং ভেরি রেসপেক্টেবল ইলেক্টেড মেম্বার অব দি হাউস, হি ইজ শ্রীআফাক চৌধুরী।

শ্রীকৃপাসিন্ধু সাহাঃ মিঃ স্পীকার, স্যার, কিছুদিন আগে খবরের কাগজে পাকিস্তানের চর বলে যেসমস্ত সংবাদ বেরিয়েছিল উনি কি সেই ভদ্রলোক?

Mr. Speaker: Please don't cast reflection on any member.

(Noise and interruptions)

Please withdraw. It is not desirable that any reflection should be made on any honourable member of this House.

শ্রীকমলকান্তি গুহঃ মিঃ স্পীকার, স্যার, আমাদের মাননীয় সদস্য কৃপাসিন্ধু সাহা বলেছেন যে, কিছুদিন আগে খবরের কাগজে যাকে পাকিস্তানী গুপ্তচর বলে বেরিয়েছিল, উনি বলেন নি যে তিনি পাকিস্তানের গুপ্তচর, এটা খবরের কাগজে বেরিয়েছিল, কাজেই এটা উইথড্র-এর প্রশ্ন আসে না।

Mr. Speaker: The remark was not meant for him.

Shri Jyoti Bhusan Bhattacharya: The honourable member asked you a question. He wanted to know if this gentleman is the same gentleman about whom certain reports have appeared. You told him that this is not the same gentleman and then the matter will end.

Mr. Speaker: This remark was not meant for any particular member and there ends the matter. If he has cast any reflection on him, there is no objection for him to say so.

[4—4-10 p.m.]

শ্রীকৃপাসিন্ধু সাহাঃ মিঃ স্পীকার, স্যার, আমি জানতে চেয়েছি।

শ্রীঅপূর্বলাল মজুমদারঃ অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ স্যার আমি দেখলাম মাননীয় সদস্য যিনি এখানে নতুন ঢুকলেন আমি তাঁকে জানি না বা আমাদের হাউসের অধিকাংশ সদস্যই তাঁকে জানেন না। সেইজন্য আপনার কাছে জিজ্ঞাসা করেছিলেন কৃপাসিন্ধু বাবু যে যিনি ঢুকলেন তিনি কে? আপনি এই প্রশ্নের উত্তরে বললেন যে উনি হাউসের মেম্বার, হাউসে এতদিন আসেন নি এই প্রথম এলেন। তারপরে ওনার সম্পর্কে একটার পর একটা প্রশ্ন হল তিন-চারটে প্রশ্নের আপনি উত্তর দিলেন। ওনার সম্বন্ধে জানবার বা এনকোয়ারি করবার মেম্বারের অধিকার আছে আপনার কাছে জিজ্ঞাসাবাদ করে। তারপরে উনি জিজ্ঞাসা করলেন, ইনি কি সেই ব্যক্তি যাঁর সম্পর্কে কাগজে এই সব কথা লেখা হয়েছে? পাকিস্তানের গুপ্তচর ইনি সেই ব্যক্তি কিনা এ সম্বন্ধে অনেস্ট এনকোয়ারি মেম্বাররা করতে পারেন কিনা উইদাউট মেকিং এনি রিফ্লেকশন অন হিম। উইদাউট মেকিং এনি রিফ্লেকশন অন এনি মেম্বার আমি কি শুধু এনকোয়ারি করতে পারি না? অনেস্ট এনকোয়ারি করতে গেলে ঠাকুরঘরে কে, আমি তো কলা খাই নি এত ভয় কেন আমি তো বুঝতে পারছি না। উনি বলতে পারতেন যে, হ্যাঁ, কাগজে রিপোর্ট যা বেরিয়েছে সেটা অসত্য রিপোর্ট।

(তুমুল হট্টগোল)

Mr. Speaker: The matter is quite and simple and clear as has been pointed out by Mr. Majumdar himself. If it is not the intention of the honourable member to refer anything to this particular gentleman, what is the objection for him now to say so? May I request him to stand up and say that the remark was not meant for the honourable gentleman.

শ্রীঅপূর্বলাল মজুমদার: উনি তো বলতে পারতেন রিপোর্টটা সত্য।

Mr. Speaker: It is a simple question. We should protect the dignity of everyone in the House. He never meant anything wrong to the gentleman. What is the difficulty for him to say so? I have asked him to do it, so he must say so.

শ্রীঅপূর্বলাল মজুমদার: রিফ্লেকশনের তো কোন প্রশ্ন এখানে উঠে নি।

Mr. Speaker: He must say so when I have ordered, otherwise he will create a bad precedent.

শ্রীকৃপাসিন্ধু সাহা: মিঃ স্পীকার, স্যার এই আফাক চৌধুরী সেই আফাক চৌধুরী কিনা আমি জানতে চেয়েছি। খবরের কাগজে গুপ্তচর হিসাবে যার নাম বেরিয়েছিল এবং যাকে অতুলাবাবু আশ্রয় দিয়েছিলেন তারই সম্বন্ধে আপনার কাছে জানতে চেয়েছিলাম। আমি ও'কে কোন আঘাত করতে চাই নি।

(তুমুল হট্টগোল)

ডাঃ গোপিকারঞ্জন মিত্র: ইনি কি ও'কে মিন করেন নি?

মিঃ স্পীকার: উনি বললেন, না আমি ও'কে মিন করি নি, হি হ্যাড সেড সো।

(তুমুল হট্টগোল)

Mr. Speaker: I appeal to all of you to please obey the rules of this House. If you do not do it the business of the House cannot be carried on. Now I call upon Shrimati Ila Mitra to speak.

শ্রীমতী ইলা মিত্র: মাননীয় সভাপাল মহাশয়, এই বায়বরাদ্দকে সমর্থন করে আমি দু-এক কথা বলতে চাই। আমার কথা হল যে, কেন্দ্রীয় সরকারের সঙ্গে একটা লড়াইয়ের ভাব দেখিয়ে প্রাক্তন কংগ্রেস সরকার উদ্বাস্তুদের পুনর্বাসনের দায়িত্ব সম্পূর্ণরূপে অস্বীকার করেছেন এই ১৯ বছর ধরে। এই লড়াইয়ে আমরাও দীর্ঘদিন ধরে ভুগেছি। প্রাক্তন কংগ্রেস সরকার বলেছেন যে, ঐ দায়িত্ব কেন্দ্রীয় সরকারের, আবার কেন্দ্রীয় সরকার বলেছেন, এ দায়িত্ব রাজ্য সরকারের। এইভাবে তাঁরা বলেছেন, অন্য দিক থেকে হতভাগ্য সমস্ত উদ্বাস্তু ১৯ বছর আগে যে জায়গায় দাঁড়িয়েছিল আজও ঠিক সেই জায়গায় আছে। প্রাক্তন কংগ্রেসী সরকারের দুটি দিক ছিল। একটা তাঁরা বলতেন যে, পশ্চিম বাংলায় কিছুতেই উদ্বাস্তুদের পুনর্বাসন সম্ভব নয়। অর্থাৎ এর দ্বারা তারা পশ্চিমবঙ্গের উদ্বাস্তু পুনর্বাসন সমস্যাকে ছোট করে দেখাবার আর পশ্চিমবঙ্গের বাইরে পুনর্বাসনকে বড় করে দেখাবার চেষ্টা করেছেন। তা ছাড়া ঐ দণ্ডকারণ্য নিয়ে তাঁরা কি না করেছেন। শত শত উদ্বাস্তু দণ্ডকারণ্য থেকে ফিরে এসে শুধু কি উদ্বাস্তুরা, সেখানকার চেয়ারম্যান করে যাদের (২ জন) পাঠানো হল সেই ২ জন চেয়ারম্যান কেন পালিয়ে এলেন। প্রাক্তন কংগ্রেস সরকারে যাঁরা ছিলেন তাঁরা এর জবাব আজ দেবেন কি? আজকে তাঁদের সেই ভুল বা পাপের প্রায়শ্চিত্ত করছে লক্ষ লক্ষ ছিন্নমূল উদ্বাস্তুরা আমরা এর বিরুদ্ধে বার বার বলতে গিয়ে বলেছি যে, পশ্চিম বাংলায় যে সম্ভাবনা আছে উদ্বাস্তুদের পুনর্বাসন দবার তাকে ব্যবহার করা হোক এবং পশ্চিম বাংলার বাইরে যে সম্ভাবনা আছে তাকেও কাজে লাগানো হোক। একটা আর একটার বিকল্প নয় একথাই আমরা বলেছি, কিন্তু তাঁরা সেই দাবি প্রত্যাখ্যান করেছেন। আমরা বলেছি একটা পুনর্বাসন কমিটি করে সমস্ত জিনিসের অ্যাসেসমেন্ট করে তার ব্যবস্থা করা হোক কিন্তু আমাদের সেই দাবি

বার বার প্রাক্তন কংগ্রেসী সরকার প্রত্যাখ্যান করেছেন। মাননীয় স্পীকার মহাশয়, আরও হৃদয়হীনতার কথা বলি। গত বছর জুন মাসে প্রাক্তন যে রিফিউজি কমিশনার, এস এস ব্যানার্জি তিনি একটি বিবৃতি দেন। সেই বিবৃতিতে শাসন ব্যবস্থার একটা জরুরী সমস্যার এতবড় নির্লজ্জ অবহেলার কথা প্রকাশিত হয়েছে। এর থেকে বড় নির্লজ্জতা আর কি হতে পারে আমার জানা নেই। সেই বিবৃতিতে প্রকাশ যে, ১৯৫৫ সালে উদ্বাস্তুদের সম্পর্কে একটা দায়সারা গোছের সমীক্ষা হয়েছিল এবং তারপরে কোন সমীক্ষা হয় নি। তারপর ১৯৫৮ সালে অংশত পুনর্বাসন দপ্তরকে নিয়ে একটি সমীক্ষার কাজ চালানো হয়েছিল, আর সেটাই ছিল প্রাক্তন কংগ্রেসী সরকারের সর্বাধুনিক দলিল। স্যার, তার চেয়েও মর্মান্তিক কথা হচ্ছে এই যে, ১৯৬০-৬১ সালে কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার একত্রে বসে ঘোষণা করলেন যে, পূর্ব বাংলা থেকে আগত সমস্ত উদ্বাস্তুর পুনর্বাসন হয়ে গেছে—সমস্যার সমাধান হয়ে গেছে। মাত্র এদিকে-ওদিকে দু-একটা ছোটখাট অবশিষ্ট আছে। রেসিডুয়ারি প্রব্লেম তাঁরা বললেন। এর চেয়ে আত্মপ্রবঞ্চনা, প্রতারণা, মিথ্যা, হৃদয়হীনতা আর কিছু থাকতে পারে বলে আমার জানা নেই। শুধু তাই নয়, তারপর আজকে দেখা যাচ্ছে যে, উপর মহলে উদ্বাস্তুদের সম্বন্ধে একটু সহানুভূতি প্রকাশ করা হচ্ছে। ধর্মবীর রাজ্যপাল হিসাবে এখানে এসেছেন, তিনিও উদ্বাস্তুদের কথা তুলে ধরছেন। এ-আই-সি-সি অধিবেশনে শ্রী পি আর চক্রবর্তী, ইন্দিরা গান্ধী উদ্বেগ প্রকাশ করেছেন। শুধু তাই নয় যিনি বর্তমানে কেন্দ্রীয় পুনর্বাসনমন্ত্রী জে এল হাতী এবং রাষ্ট্রমন্ত্রী এল এন মিশ্র তাঁরাও উদ্বাস্তুদের সম্বন্ধে সহানুভূতি প্রকাশ করেছেন। মেহেরচাঁদ খান্নার কথা বাদ দিলাম, শ্রীধর্মবীর আমাদের রাজ্যপাল, তিনি এই উদ্বাস্তুদের সম্পর্কে যতখানি জানেন, অতখানি আর কারুর জানার কথা নয়। কারণ সেই ১৯৫৮ সাল থেকে ১৯৬৩ সাল পর্যন্ত পুনর্বাসনের কেন্দ্রীয় দপ্তরের সবচেয়ে সঙ্কটাপন্ন সময়; সেই সময় মেহেরচাঁদ খান্না ছিলেন মন্ত্রী এবং ধর্মবীর সচিব হিসাবে কাজ করেছেন।

[1-10—4-20 p.m.]

কাজেই সেখানে আমরা একটা প্রশ্ন করতে চাই যে, ধরমবীর যখন বর্তমান রাজ্যপাল পশ্চিম বাংলার উদ্বাস্তু সম্পর্কে পূর্ববঙ্গ থেকে আসার ব্যাপার নিয়ে সমস্ত কিছুই জানেন—কাজেই এখানে এই কথাই বলতে চাই যে, টাকা মঞ্জুর অনেক হয়েছে কিন্তু কাজ তো বিন্দুমাত্র এগোয় নি এবং শুধু তাই নয়, তারপর জুন মাসে পুনর্বাসন নীতি নির্ধারণ করতে গিয়ে এই ধরমবীর কেন্দ্রকে বলেছিলেন যে, ক্যাম্প থেকে চ্যুত যেসমস্ত উদ্বাস্তু আছেন সেই সমস্ত উদ্বাস্তুদের নিশ্চয়ই সাহায্য করা দরকার। এখানে আমি প্রশ্ন তুলব যে, যদিও সমস্ত কংগ্রেসী নেতারা, অতুল্য ঘোষ থেকে আরম্ভ করে সকলে সমস্বরে ১৯ বছর ধরে চীৎকার করে এসেছেন যে উদ্বাস্তু সমস্যা জাতীয় সমস্যা তাহলে আমি প্রশ্ন তুলতে চাই যেখানে বর্তমান রাজ্যপাল উদ্বাস্তুদের সমস্যা সম্পর্কে সব কিছু জানেন—পশ্চিম পাকিস্তান থেকে যেসমস্ত উদ্বাস্তু এসেছেন এবং পূর্ব পাকিস্তান থেকে যেসমস্ত উদ্বাস্তু এসেছেন এই দুইয়ের মধ্যে মৌলিক পার্থক্য কেন করেছেন? এই কথাটা একবার জানতে চাই। পূর্ব বাংলা থেকে এসেছেন ৫০ লক্ষ নথীভুক্ত উদ্বাস্তু যদিও আমাদের হিসাব মতে আরও বেশি—কারণ যাদের পরিচয়পত্র নাই এবং অনেকে আছেন যাঁরা সরকারী সাহায্য চান অথচ পাকিস্তান থেকে এসেছেন ৪৭ লক্ষ উদ্বাস্তু তাদের সকলের পুনর্বাসন হয়ে গেছে—অথচ পূর্ব-পাকিস্তান থেকে যাঁরা এসেছেন তাঁরা বহু লোকই বাড়ি এবং সম্পত্তি হারিয়ে এসেছেন, কিন্তু কই ক্ষতিপূরণ দানের কথা তো একবারও ওঠে নি। ধরমবীর তো একবারও সেকথা তোলেন নি—কই প্রাক্তন কংগ্রেস সরকার তারাও তো কেন্দ্রের কাছে এই ব্যাপারে একটা কথাও বলেন নি। অথচ ক্ষতিপূরণ দানই হচ্ছে মৌলিক নীতি। যে নীতি পশ্চিম পাকিস্তান সম্পর্কে গ্রাহ্য হয়েছে সিদ্ধান্ত হয়েছে এবং তাদের ক্ষতিপূরণ দেওয়া হয়েছে। শুধু কি তাই, জম্মু-কাশ্মীরের পাক কবলিত এলাকা থেকে যেসমস্ত উদ্বাস্তুরা গৃহ হারিয়েছেন ক্ষয়ক্ষতি স্বীকার করেছেন তাদের পর্যন্ত কেন্দ্রীয় নীতি থেকে সিদ্ধান্ত হয়েছে যে, এক হাজার থেকে সাড়ে তিন হাজার টাকা পর্যন্ত তাদেরকে ক্ষতিপূরণ দেওয়া হবে। কিন্তু পূর্ব বাংলা সম্পর্কে এ প্রশ্ন তো কোনদিন ওঠে নি। তাই আমি এখনকার যে নতুন পুনর্বাসনমন্ত্রী তাঁকে বলব যে, এই সম্পর্কে নিশ্চয়ই তিনি কথা

তুলবেন, ধরমবীরের সঙ্গে নিশ্চয়ই তিনি এই ব্যাপারে আলোচনা করবেন। পূর্ব পাকিস্তান সম্পর্কে এই যে নীতির প্রভেদ এই যে মৌলিক পার্থক্য এটা যেন তিনি সংশোধন করেন। নতুন যে মন্ত্রী হয়েছেন তাঁকে আমি বিশেষভাবে অভিনন্দন জানাই—এইজন্য জানাই যে, আর যাঁরাই উদ্বেগ প্রকাশ করুন না কেন তাঁদের যে নতুন উদ্বাস্তুমন্ত্রী তাঁর প্রত্যক্ষ সহানুভূতি এই উদ্বাস্তুদের সঙ্গে জড়িত আছে। এবং তিনি কার্যভার গ্রহণ করেই যেভাবে এই বয়সে কলোনিতে কলোনিতে ক্যাম্পএ ক্যাম্পএ নিজে গিয়ে পরিদর্শন করছেন যেখানে বিশেষ করে ১৮ নম্বর মাণিকতলা ক্যাম্পএ ১৯ বছরের মধ্যে আমি কোন মন্ত্রীকে যেতে দেখি নি সেখানে তাঁকে বলামাত্র তিনি সেখানে গিয়ে উপস্থিত হয়েছেন। এই বয়সে তিনি যেভাবে দিল্লীতে ছুটে যাচ্ছেন এবং দিল্লীর অন্যায় প্রস্তাবকে প্রত্যাখ্যান করছেন—আজকে যে মারাত্মক প্রস্তাব যে, কেন্দ্র সরকার থেকে বলা হচ্ছে যে, রেসিডুয়ারি প্রবলেম-এর বিরুদ্ধে আমরা তীব্র প্রতিবাদ জানাচ্ছি এবং যে প্রতিবাদ আমাদের পুনর্বাসনমন্ত্রী করেছেন সেই প্রতিবাদের সঙ্গে এক হয়ে আমরা যুক্তফ্রন্টের সদস্যরা প্রতিবাদ জানাই এবং কংগ্রেসী সদস্যদের আমি অনুরোধ জানাই যে আসুন আমরা সকলে এক হয়ে বলি যে না পুনর্বাসন সমস্যার সমাধান হয় নি এবং আপনারা যে কাট মোশন দিয়েছেন যে পুনর্বাসন সমস্যার সমাধান হয় নি এবং তা যদি আপনারা বিশ্বাস করেন তবে আসুন আমরা সবাই একমত হয়ে বলি যে পুনর্বাসন সমস্যার সমাধান হয় নি। আজ কেন্দ্র যেকথা বলছেন যে রেসিডুয়ারি প্রবলেম এত বড় অসত্য কথা আর কিছু হতে পারে না। আমরা জানি পুনর্বাসন সম্বন্ধে যা কিছু নীতি তা এখনও কেন্দ্রীয় সরকার নির্ধারণ করছে এবং কেন্দ্রের নীতির মধ্যে থেকেই রাজ্য সরকারের কাজ চালাতে হয়। এই নীতির পরিবর্তন করতে হবে। কোন একটি উদ্বাস্তুকে যদি ৫ টাকা দিতে হয় কেন্দ্র থেকে স্যাংশন আনতে হয়—সেটা মঞ্জুর আমাদের মন্ত্রিমহাশয় করতে পারেন না—এই নীতির পরিবর্তন আমরা চাই। সর্বশেষে আর একটি বিষয়ে আমি মন্ত্রিমহাশয়কে অভিনন্দন জানাচ্ছি যে তিনি পুনর্বাসন একটি কমিটি করেছেন—যে কমিটির কথা আমরা ১৯ বছর ধরে বলে বলে কংগ্রেসী আমলে আমরা করাতে পারি নি। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব যে এই কমিটিকে বিশেষভাবে ক্ষমতা দেওয়া হউক যে ক্ষমতার বলে তারা আরও বেশি করে সমস্ত জিনিসকে রি-অ্যাসেসমেন্ট রিভিউ করে সামগ্রিকভাবে সমস্ত জিনিসটাকে উপস্থিত করেন। যে জিনিসের মধ্য থেকে আমরা কেন্দ্রের সঙ্গে লড়াই করে সেই টাকা আদায় করে সমস্ত মানুষকে পুনর্বাসন দিতে পারি। তিনি অনেকগুলি বক্তব্য রেখেছেন তাকে সমর্থন জানিয়ে আমি বলছি তিনি সর্বপ্রথমে যে জিনিস ধরেছেন ৮ হাজার পরিবার যারা এস, ক্যাম্প সাইটে রয়েছে তাদের অবিলম্বে পুনর্বাসন প্রয়োজন। কুপার্স ক্যাম্প মহিলা শিবির ভবঘুরে আবাস যেসমস্ত পরিবার আছেন তাঁদের জন্য পরিকল্পনা তিনি গ্রহণ করেছেন। যেসমস্ত ৬ লক্ষ মাইগ্রান্টস যাঁরা দণ্ডকারণ্যে যেতে চান নি- কংগ্রেস সরকার যাঁদের সমস্ত ডোল কেটে নিয়ে তাঁদের উপর নির্মমভাবে অত্যাচার করে কুকুর-শেয়ালের মত রেখেছিলেন এবং তাদের যেভাবে ১৯৫৯ সালে ডোল বন্ধ করে রেখে তাদের জব্দ করতে চেষ্টা করেছিলেন ভেবেছিলেন যে, এইভাবে হাজার হাজার মানুষ যদি মরে যায় তাহল তাঁরা আনন্দিত হবেন। কিন্তু আমি বলতে চাই, সই সমস্ত মানুষ মরে নি সেই সমস্ত মানুষ লড়াই করেছেন জীবনমরণ সংগ্রাম করেছে। এই পরীক্ষায় কংগ্রেস হেরে গেছে, তারা জিতেছে—তারা আজও বেঁচে আছে—স্পেসিমেন অব হিউম্যানিটির মত—তাদের মনুষ্য আকার নেই—যুগান্তরে বেরিয়েছে এই ভবঘুরে ক্যাম্পের লোকেরা কিভাবে কুকুর-শেয়ালের মত দিনযাপন করছে। তারপর আমি বলতে চাই জবরদখল করে পথিপার্শ্বস্থ যেসমস্ত ব্যবসায়ীরা কংগ্রেস আমল থেকে রয়েছে, পুলিশ এসে লাঠি দিয়ে গুন্ডা দিয়ে বারে বারে তাদের তুলে দবার চেষ্টা করছে সেই সমস্ত উদ্বাস্তুদের জন্য অবিলম্বে জায়গা দেখে তাদের একটা ব্যবস্থা করা দরকার। আর একটা দিকে আমি বলতে চাই যে, অনেক মুসলমানের বাড়িতে অনেক উদ্বাস্তুরা জোর করে দখল করে বসে আছে ১৫-১৬-১৭ বছর ধরে। এই সমস্ত মুসলমানদের কথা আমাদের ভাবা দরকার। আমার কাছে বহু মুসলমান এসেছে—তারা বলে গেছে ১৬-১৭-১৮ বছর হয়ে গেল আমরা কি আর বাড়ি ফিরে পাব না? তাই আমি অনুরোধ করব যে, সেই সমস্ত জবরদখল করা মুসলমানদের বাড়ি থেকে তাদের অবিলম্বে পুনর্বাসন দিয়ে সেই সমস্ত মুসলমানদের বাড়ি ফিরিয়ে দেওয়া হোক এবং যারা সেই সমস্ত

বাড়িতে রয়েছে তাদের অবিলম্বে পুনর্বাসন দেওয়া হোক। তারপর আমি ৯৮ মাণিকতলা ক্যাম্পের কথা বলতে চাই। ১৯৪৮ সাল থেকে সেখানে ২০০ উদ্বাস্তু পরিবার রয়েছে তাদের পুনর্বাসন দেন নি—অথচ অনেক টাকা খরচ করেছে ঐ ক্যাম্পের জায়গাকে ৫ লক্ষ টাকা ক্ষতিপূরণ দিয়ে মালিকদের কাছ থেকে নিয়েছেন এবং ১৯৪৮ সাল থেকে আজ পর্যন্ত ২,৩৭৫ টাকা করে মাসিক ভাড়া আদায় করা হচ্ছে অথচ সেই ২০০ পরিবারের একজনকেও পুনর্বাসন দেন নি। এইভাবে প্রচুর অর্থের অপব্যয় হচ্ছে এবং টাকা নিয়ে ছিনিমিনি খেলা হচ্ছে। তাই আমি অনুরোধ করব যে, ৯৮ ক্যাম্পের উদ্বাস্তুদের অবিলম্বে পুনর্বাসন দেবার ব্যবস্থা করুন তাহলে সরকারের এতগুলি টাকা কম হয়ে যাবে। আর একটা দিকে আমি বিশেষভাবে নজর দিতে বলব, সেটা হচ্ছে কম্পিটেন্ট অথরিটি কোর্টের রায়—পূর্বে আমি এসেম্বলিতে দাঁড়িয়ে বার বার লড়াই করেছি যে, কম্পিটেন্ট অথরিটি কোর্টের রায়ে বলা হয়েছিল যে, এদের জমি এবং বাড়ির ব্যবস্থা না করে তুলতে পারা যাবে না। আপনি জানেন আপনার কাছে ইতিমধ্যে কয়েকবার গেছি পুলিশ আসছে তাদের তুলে দিতে, জমিদার গুণ্ডা নিয়ে আসছে তাদের তুলে দিতে এই সমস্ত উদ্বাস্তুদের বিরুদ্ধে জমিদার মামলা করেছিল তারা কনসিডারেশন মানি দেয় নি, এবং সেইজন্য তারা নাকি সেই বাস্তু পাবে না। নেহরু-লিয়াকৎ যে চুক্তি ছিল যে উদ্বাস্তুদের প্রোটেকশন দিতে হবে—তা সমস্তই কংগ্রেস সরকার বিসর্জন দিয়েছেন। তখন আমি প্রশ্ন তুলেছিলাম যে এই সমস্ত উদ্বাস্তুদের পক্ষে সেই জমিদারদের বিরুদ্ধে আপনারা কি লড়াই করেছিলেন—তাঁরা বলেছিলেন করি নি—আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব তাদের কেসগুলি বিশেষভাবে বিবেচনা করার জন্য—তাদের অবিলম্বে পুনর্বাসন দেবার কথাটা চিন্তা করতে বলব। তা ছাড়া উদ্বাস্তুদের উল্টাডাঙ্গায় বাজার ১০ বছর ধরে পেন্ডিং পড়ে আছে—কোন্ রহস্যজনক কারণে পড়ে আছে তা বুঝতে পারা যায় না। এ সম্পর্কে মন্ত্রিমহাশয় নিশ্চয় অবহিত আছেন। পরিশেষে আমি বলতে চাই যে আপনি চার-পাঁচ মাস এই দপ্তরের কাজ আরম্ভ করেছেন কিন্তু আপনার কাজের ত্রুটি আমি দেখেছি সেই ত্রুটি হচ্ছে অনেকগুলি জিনিস আপনার কাছে গিয়ে পাই নি তারপর আমি কয়েকদিন আপনার কাছে গিয়ে বলেছি যে, কেন এটা হল না—এত সহজ কাজ অথচ হল না কেন—তারপর দেখলাম আপনি অর্ডার দিয়েছেন কিন্তু সেই সমস্ত কর্মচারীরা তাঁর কোন অর্ডার ক্যারি আউট করে নি। এইরকমভাবে যদি চলতে থাকে তাহলে কংগ্রেস আমলে যে অবস্থা ছিল এখনও সেই অবস্থাই হবে। এই উল্টাডাঙ্গা বাজারের ব্যাপারে এক মাস লেগেছে চিঠি দিতে পারেন নি। এই সমস্ত অধস্তন কর্মচারীরা তারা এতদিন ধরে এই সমস্ত জিনিস করতে করতে অভ্যস্ত হয়ে গেছে তার জের তারা এখনও টেনে চলেছেন। বরানগরে পুনর্বাসন পাবে ১২০ জন, কিন্তু জমি দেবার জন্য মাত্র ৩৯ জনকে ডাকা হল তাদের জমি দেওয়া হবে বলে। যেদিন জমি দেওয়া হবে সেইদিন রাইটার্স বিল্ডিংস-এ আমি উপস্থিত ছিলাম, আমি বলেছিলাম ১২০ জন পাবে—অথচ কেন ৩৯ জনকে জমি দেওয়া হবে এর মধ্যে কি আছে জানাতে হবে। তখন মিনিস্টার অর্ডার দেখালেন যে, আমি বলেছি সকলকেই ডাক দিতে হবে বোনাফাইডি রিফিউজি হলে। তখন কর্মচারীরা বললেন আমাদের ভুল হয়ে গেছে—এইরকম যদি ভুল আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই এর বিরুদ্ধে কি কোন স্টেপ নিতে পারেন না? এ সব আপনাকে নিজে দেখতে হবে এবং এ সম্পর্কে চিন্তা করতে হবে এবং যাতে এই সমস্ত উদ্বাস্তুরা পুনর্বাসন পায় তার ব্যবস্থা করতে হবে। সর্বশেষে আমার আবেদন, যে পুনর্বাসন কমিটি করেছেন তাকে আরও বেশি দায়িত্ব দিতে হবে। কেন্দ্রে যে পুনর্বাসন কমিটি হয়েছে সেটা রেসিডুয়ারি প্রবলেম, কাজেই তাঁরা সেই প্রবলেম নিয়ে গবেষণা করছেন—সুতরাং এদের দায়িত্ব যাতে বাড়ে তার ব্যবস্থা করতে হবে। আমি কংগ্রেসী বন্ধুদের আবেদন জানাব, তাঁরা যখন কাট মোশনে স্বীকার করছেন যে, এদের পুনর্বাসনের ব্যবস্থা হয় তখন এটা যে রেসিডুয়ারি প্রবলেম নয় তা তাঁরা স্বীকার করেছেন—তাই তাঁদের আবেদন জানাব যে, আমাদের পাশাপাশি দাঁড়িয়ে এই সমস্ত মানুষদের পুনর্বাসনের জন্য আসুন মন্ত্রিমহাশয়ের সাথে এক হয়ে কেন্দ্রের সঙ্গে লড়াই করে টাকা আদায় করি যাতে তাদের সুষ্ঠু পুনর্বাসনের ব্যবস্থা হয়, এই কথা বলে বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-20—4-30 p.m.]

শ্রীমতিরঞ্জন তার: মাননীয় স্পীকার মহোদয়, আমাদের উদ্বাস্তু পুনর্বাসনমন্ত্রী আজ যে ব্যয়বরাদ্দ এই হাউসে রেখেছেন সেকথা বলতে গিয়ে আমার কিছু বক্তব্য বলতে হবে। বলার পূর্বক্ষণে আজকে এখানে যে কুরুক্ষেত্র ঘটে গেল—সেকথাই আমার মনে পড়ে যায় যে রণাঙ্গনের মধ্য দিয়ে পূর্ব বাংলার লোকরা উদ্বাস্তু হয়ে এখানে এসেছে আজ সেই রণাঙ্গনের ভিতর দিয়ে সেই পুনর্বাসনের কথা বলতে গিয়ে আমি আমার বক্তব্য রাখছি। গত ২রা জুন পুনর্বাসনমন্ত্রী যেকথা বলেছিলেন সে সম্বন্ধে আমি একমত। কারণ পুনর্বাসন সম্বন্ধে বলতে গেলে দলমত-নির্বিশেষে আমাকে স্পষ্ট করে এই কথা বলতে হবে—কারণ আমিও একজন উদ্বাস্তু। ১৯৫০ সালে এই পশ্চিম বাংলায় এসে কুচবিহার জেলায় স্থান নিয়েছি। এই উদ্বাস্তু সম্বন্ধে বলতে গেলে আমি সর্বপ্রথম বলব —উদ্বাস্তুদের কথা একজন ও তরফ থেকে বললেন যে, মাত্র ৪৫ লক্ষ লোক এখানে এসেছে। এই ৪৫ লক্ষ লোক সরকারী খতিয়নে থাকতে পারে, কিন্তু এসেছে অনেক বেশি। অনেকে এসেছে মাইগ্রেশনের থ্রু দিয়ে—অনেকে এসেছে মাইগ্রেশনের পূর্বে—এসে রিফিউজি রেজিস্ট্রেশন করিয়ে নিয়েছে। তাদের নাম কেবল লিস্টভুক্ত হয়েছে। কিন্তু যারা প্রাণের দায়ে বর্ডার পার হয়ে এইখানে এসেছে তাদের নাম তো লিখিত হয় নি। যারা এসেছে আইনানুগভাবে তাদের নাম লিখিত হয় নি। আবার তারা এসেছে কিন্তু তাদের নাম লিস্ট-ভুক্ত হয় নি তাই তারা উদ্বাস্তু নয় বলে গণ্য হয়ে আসছে। এই দীর্ঘ ১৯ বৎসর যাবৎ এসব হয়েছে। পুনর্বাসন সম্বন্ধে বলতে গেলে বলব পুনর্বাসন শুধু গৃহঋণ দিয়ে হয় না এর সম্বন্ধে বলতে গেলে বলতে হবে গৃহনৈতিক শিক্ষানৈতিক কর্মসংস্থাননৈতিক চিকিৎসা-নৈতিক ইত্যাদি যাবতীয় সবকিছু করতে হবে। উদ্বাস্তুদের মধ্যে দেখা গেছে অনেকে গৃহ-ঋণ নিয়েছে এবং তা নিয়ে হাবুডুবু খেয়ে কয়েক বৎসরে নিজের চেষ্টায় কিছু করতে পারে নি তার কারণ সে কোন অর্থনৈতিক পুনর্বাসন পায় নি। এদের কিছু লোক তাদের হাউস থেকে বিতাড়িত হয়েছে। এদিকে কয়েকশত কোটি টাকা খরচ করা হয়েছে এর দ্বারা পুনর্বাসন হতে পারত কিন্তু এর মধ্যে ঘুন ধরেছিল যার জন্য সুষ্ঠু পুনর্বাসন হয় নি। এ সম্বন্ধে বলতে গেলে অথবা দুঃখের কথা হচ্ছে যে, এই উদ্বাস্তুদের পুনর্বাসন সম্বন্ধে ভাগাভাগী করে রাখা হয়েছে। অর্থাৎ যারা ১৯৫০ সালের আগে এসেছে তারা এক ক্লাস, যারা ১৯৫২ পর্যন্ত এসেছে তারা এক ক্লাস, যারা ১৯৬৩-তে এসেছে তারা এক ক্লাস। ১৯৬৪তে আমাদের দরজা বন্ধ করে দেওয়া হল, পূর্ব বাংলা থেকে যারা আসতে চেয়েছেন তাদের দরজা বন্ধ করে দিলেন এবং পশ্চিম বাংলার অনেক প্রতিবাদের পর সে দরজা তারা খুলে দিয়েছে। ১৯৬৪-র রায়ট যারা দেখেছে তারা স্তম্ভিত হয়েছে। এর রূপ যদি দেখতে চান তাহলে চাকদার অধীনে গবাবপুর হিংড়া অঞ্চলে গেলে দেখবেন। ১৯৬৪-র রায়টের ছোরা-লাঠির চিহ্ন অনেকের গায়ে আছে। ১৯৬৪ সালে যে রায়ট হয়েছিল আপনারা সকলে জানেন ঢাকা জেলার নারায়ণগঞ্জ সাব-ডিভিসনে সবচেয়ে বেশি রায়ট হয়েছিল এবং সেখানকার গ্রামের নাম হচ্ছে রূপগঞ্জ থানার অধীনে গোলাগান্ধী গ্রাম। এ গ্রামে প্রায় ৪ হাজার লোক নিহত হয়েছে। এখানে আমার বাড়িতে ৩১ জন ছিল। আমার ফ্যামিলির মধ্যে ৬ জনকে হত্যা করা হয়েছে এবং কয়েকজনকে এরূপভাবে আঘাত করা হয়েছে তাদের অনুসন্ধান পরে ঢাকা হাসপাতালে হয়ে-ছিল। আমি উদ্বাস্তুমন্ত্রীকে সে জায়গা ঘুরে দেখতে বলব এবং সেখানে গিয়ে দেখবেন কারুর চোখ নেই কারুর হাত নেই কারুর একটা স্তন নেই। আপনি পূর্ব বাংলার লোক। আমি জানি উদ্বাস্তুদের প্রতি আপনার দরদ আছে—গত কয়েক বৎসর সেটা লক্ষ্য করেছি এবং আশা করি আপনি দায়িত্ব পালন করবেন। যারা জানে না তারা এই দুঃখের মর্ম উপলব্ধি করতে পারেবন না। এতদিন কোন কথা বলতে পারি নি। কিন্তু আজ ঠাকুরের কৃপায় নিজের কথা বলবার সুযোগ পেয়েছি। এই বিধানসভায় অনেক কথা বলেছেন, অনেক কিছু করেছেন কিন্তু আপনাকে হুঁসিয়ার করে দিই যে অনেক কথা বলা আর তাকে কাজে পরিণত না করা সার্থকতা কিছু নেই। তাই বলব কথায় বেশি কাজে কম নিজেই হয় নিজের জন— আশা করি আপনি তা হবেন না। আপনি যে ব্যয়বরাদ্দ এনেছেন তাকে সমর্থন করতে পারি না, কেন না এর চেয়ে আরও কয়েকগুণ বেশি ব্যয়কে আমি সমর্থন করতাম।

[4-30—4-40 p.m.]

কিন্তু যে ব্যয়বরাদ্দ রেখেছেন এর দ্বারা কিছুই করতে পারবেন না। শুধু উদ্বাস্তুদের নিয়ে একটা ফার্স হবে। এবার খালি প্র্যাকটিক্যাল ফিল্ডের কথা বলব। উদ্বাস্তুদের সম্বন্ধে সবাই বলেছেন। এটা একটা জাতীয় সমস্যা। আমি বলছি এটা জাতীয় সমস্যা তো বটেই, কিন্তু এটা জাতীয় সরকারেরও সমস্যা। জাতীয় সমস্যা বলে আলাদাভাবে দেখছি কেন এটা বলছি শুনুন। আমরা যখন কোচবিহার এলাম তখন দেখেছি কোচবিহারের সাধারণ মানুষরা তারা তাদের নিজেদের বাড়িতে আমাদের স্থান দিয়ে সাহায্য করছে। এটাকে শুধু সেন্ট্রালএর সমস্যা বললে হবে না আমাদের পর বাংলা সরকারের দায়িত্ব আছে। পশ্চিম বাংলার সমস্যা হিসাবে পশ্চিম বাংলা সরকার যা করা দরকার তা করবেন। আপনারা কেন্দ্রীয় সরকারের কাছে যে ন্যায্য দাবি রেখেছেন সে দাবি আমাদের আদায় করতেই হবে এবং উদ্বাস্তু হিসাবে এই দাবি আদায়ের পিছনে থাকব এবং এই হাউসের সকল সদস্যকে অনুরোধ জানাব উদ্বাস্তু ভাইবোনদের পুনর্বাসনের জন্য আপনারা এগিয়ে আসবেন। তারপর আজ যে উদ্বাস্তু পশ্চিম বাংলায় এসেছে তাদের রিফিউজি রিহ্যাবিলিটেশন মারফৎ রিফিউজি কার্ড পর্যন্ত দেওয়া হয় না। সিটিজেনশিপ কার্ডেও একই অবস্থা। এই অবস্থা যাতে সমাধান হয় সেদিকে মন্ত্রিমহাশয় লক্ষ্য রাখবেন। তারা যে হাউসিং লোন নিয়েছিল তার আংশিক মাফ করবার জন্য বলা হয়েছে। কিন্তু যারা অপারগ তারা এখন কিছুতে শোধ করবে না। এর পর বিজনেস লোন সম্বন্ধে বলব। যারা নিয়েছিল তাদের জন্য দীর্ঘমেয়াদী ইনস্টলমেন্টএ আদায় করতে আমি নিষেধ করব না। উদ্বাস্তুদের দুর্বলতার সুযোগ নিয়ে খেলা করবেন না। ১৯৫১ থেকে দেখছি আজ যাঁরা সরকারের আসনে বসেছেন তাঁদের আন্দোলনের জন্য কবিতা বন্দনা বকুল ইত্যাদি হত্যা হয়েছিল। সর্বশেষে বলব উদ্বাস্তু পুনর্বাসন যাতে সুষ্ঠুভাবে হয় সেজন্য মন্ত্রি-মহাশয়কে অনুরোধ করছি।

শ্রীঅপূর্বলাল মজুমদারঃ মাননীয় স্পীকার মহোদয়, বিগত ১৮ বছর ধরে এই দপ্তর চালিয়ে কংগ্রেস সরকার পশ্চিম বাংলার উদ্বাস্তু সমস্যার কিভাবে সমাধান করেছেন সে সম্পর্কে যখন বিরোধীপক্ষের বক্তব্য শুনি তখন কিন্তু অবাক হই যে, তাঁদের অনুসৃত নীতির ফলে পশ্চিম বাংলার বিভিন্ন গ্রামে গ্রামে পথে-প্রান্তরে অনাদৃত অবহেলিত উদ্বাস্তু ভাইরা কিভাবে দুঃখ-দারিদ্র্যের কশাঘাতের আঘাতে আঘাতে নিঃশেষিত হয়ে চলেছে। পশ্চিম বাংলার মাথাপিছু ইনকাম যদি আমরা লক্ষ্য করি তাহলে দেখব উদ্বাস্তুদের ক্ষেত্রে ভারতবর্ষের যা অ্যাভারেজ ইনকাম তার যে সমীক্ষা করা হয়েছিল তাতে দেখা যাচ্ছে ৪০ পারসেন্ট লেস অ্যাভারেজ মান্থলি ইনকাম হল উদ্বাস্তুদের। ১৮ বছরের অনুসৃত নীতির ফলে কি দাঁড়িয়েছে শতকরা ৫৮·২ ভাগ উদ্বাস্তুদের ইনকাম ৫০ টাকার নিচে দাঁড়িয়েছে শতকরা ২৮·৪ ভাগ উদ্বাস্তুদের আয় ৫০ টাকা থেকে ১০০ টাকায় দাঁড়িয়েছে এবং শতকরা ১৩·৪ ভাগের আয় ১০০ টাকায় গিয়ে দাঁড়িয়েছে। এর মধ্যে শতকরা ৪৫ জন লোক ভাড়া বাড়িতে এবং শতকরা ৬৪ জন উদ্বাস্তু কাঁচা বস্তিতে বাস করে। কলকাতা শহরে শতকরা ৭৬ জন উদ্বাস্তু কাঁচা বস্তিতে এবং রেন্টেড হাউসে শতকরা ৪৫ জন বাস করে। অর্থাৎ শতকরা ৬৪ পারসেন্ট কাঁচা বস্তিতে বাস করে। আর শতকরা ১৯ জন দেখি আধা কাঁচা বাড়িতে এবং শতকরা ১৭ জন লোক পাকা বাড়িতে আশ্রয় পেয়েছে। এদের কর্মসংস্থানের জন্য ১৮ বছর ধরে যে প্রচেষ্টা হয়েছিল তাতে দেখছি মাঝারি শিল্প ১৭টি করে সেখানে কর্মসংস্থানের ব্যবস্থা কিছু হবে এবং ১০ হাজার ৫১৬ জনের জন্য ৪৬টি কুটিরশিল্পের ব্যবস্থা হবে। রিহ্যাবিলিটেশন ইন্ডাস্ট্রিয়াল কর্পোরেশন যে ১১টি স্কীম করেছিল তাতে ৪ হাজার ৫০০ জন লোকের কাজ পাবার কথা ছিল। অতএব হিসাব করে দেখা যাচ্ছে শতকরা ৪০ ভাগ কার্যে রূপান্তরিত হয় নি যার ফলে কর্মসংস্থানের কোন ব্যবস্থা হয় নি। কাজেই এ সম্পর্কে একটা প্রশ্ন হচ্ছে তখনকার দিনে এই দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী যিনি ছিলেন তিনি বলেছিলেন যে, উদ্বাস্তুদের জন্য ব্যবসায়ী ঋণ দেওয়া হয়েছে। তার মধ্যে শতকরা ৬০ জন লোকের ব্যবসা ফেল করেছে তাদের মূলধন নষ্ট হয়ে গেছে। কাজেই এরকম দুঃসহ অবস্থার মধ্যে পশ্চিম বাংলার লক্ষ লক্ষ উদ্বাস্তু ভাই জীবন কাটাচ্ছে। ১৮ বছর পরিশ্রম করে পশ্চিম বাংলার গ্রামাঞ্চলে কংগ্রেস সরকার ২৪ হাজার পরিবারকে পুনর্বাসন দিয়েছেন আর আরবান

কলোনিতে দিয়েছেন ৪০ হাজার পরিবারকে। তাদের অর্থনৈতিক মানের কথা আগেও বলেছিলাম। এর পর টি, বি-র কথা ধরা যাক। পশ্চিম বাংলায় যত টি বি রোগী আছে তার মধ্যে শতকরা ৩০ ভাগ উদ্বাস্তু। এদের জন্য ৬০০ বেড রাখা হয়েছে। আপনি জানেন যে, দিনের পর দিন লাইন দিয়ে পরীক্ষা করে বেড না পেয়ে বিনা চিকিৎসায়, পথ্যে আমাদের বহু যুবক উদ্বাস্তুভাইরা শেষ নিঃশ্বাস ফেলছে বিগত ১৮ বছরের অনুসৃত নীতির ফলে। তাঁরা এটা জিইয়ে রেখে গিয়েছিলেন বর্তমান মন্ত্রীদের জন্য। তাঁরা অনেক সমস্যাই রেখে গেছেন। তার মধ্যে আমি এখানে কয়েকটি উল্লেখ করছি। যেমন শুধু ওমেনস হোমে ৫ হাজার পরিবারকে রেখে গেছেন, পি এল ক্যাম্পে ৬ হাজার পরিবারকে রেখে গেছেন, ভ্যাগরান্টস হোমে রেখে গেছেন ৭০০ পরিবারকে। এইভাবে ওরা বছরের পর বছর দুঃসহভাবে জীবন যাপন করছে। ভ্যাগরান্টস হোম, ওমেনস হোম ও পি এল ক্যাম্পের অস্বাস্থ্যকর পরিবেশের মধ্যে দুঃখ-দারিদ্র্যের সঙ্গে লড়াই করে বেদনাক্রান্ত জীবনের পারে নিয়ে চলেছে এই সমস্ত হতভাগ্য উদ্বাস্তু ভাইদের। সবচেয়ে বড় মর্মান্তিক কাজ কংগ্রেস সরকার করে গেছেন তা হচ্ছে এই, ১৯৬০-৬১ সালে হঠাৎ ৬৩টি ট্রানজিট ক্যাম্প রাতারাতি বন্ধ করে দিয়েছিলেন। সেই ক্যাম্প থেকে সমস্ত সরকারী সাহায্য তুলে নিয়েছিলেন। সেখানকার টিউবওয়েল বন্ধ করে দেওয়া হল। আজকে সেই ৬৩টি ট্রানজিট ক্যাম্পের ৪০ হাজার লোক কি অবস্থায় আছে সেটা আপনারা গ্রামে গ্রামে ঘুরে দেখুন। এক্স-ক্যাম্প সাইটস যেমন নদিয়া, মুর্শিদাবাদ, বর্ধমান, হাওড়া ইত্যাদি জায়গায় যেখানেই আপনি যাবেন সেখানে গিয়ে দেখতে পাবেন যে, বিগত ৮ বছর ধরে তারা সরকারী ক্ষয়রাতি সাহায্য থেকে বঞ্চিত এবং পানীয় জল থেকে আরম্ভ করে সমস্ত রকম সুযোগ-সুবিধা থেকে তারা আজকে বঞ্চিত। অভাবগ্রস্ত এই সমস্ত পরিবাররা দিনের পর দিন ধুঁকছে এবং জীবন-মৃত্যুর সঙ্গে তারা লড়াই করে চলেছে। সেই সব ক্যাম্প সাইটের যেসব নিদারুণ অভিজ্ঞতা আছে যাঁরা সেখানে গেছেন তাঁরা সেই সব জিনিস নিজের চোখে দেখে এসেছেন। সেখানকার জনগণ অনাহার, অর্ধাহার, নির্যাতীত, নিপীড়িত, দুঃসহ দুঃখ-দারিদ্রের বোঝা কাঁধে নিয় সমানে বয়ে চলেছে।

[4-40—4-50 p.m.]

যারা নীরবে চোখের জল ফেলেছে সেই উপেক্ষিত অবহেলিত পশ্চিম বাংলার এই হাজার হাজার লক্ষ লক্ষ মা-বোনের দিকে ফিরে তাকায় নি, দরদহীন, বধির, অন্ধ, এই কংগ্রেস সরকার আজ সেই আট হাজার পরিবারের দায়িত্ব এসে পড়েছে যুক্তফ্রন্ট সরকারের ঘাড়ের উপর। আমি নিজে আশা করি এই যুক্তফ্রন্ট সরকার তাঁর কঠোর এবং কঠিন দায়িত্ব কংগ্রেস সরকার যা পালন করতে পারেন নি অক্ষমতা, অবহেলার চরম নিদর্শন দেখিয়ে দিয়েছেন সেই দায়িত্ব মাথায় করে যুক্তফ্রন্ট সরকার এগিয়ে যাবে তাদের পুনর্বাসন দেবার জন্য। যদি রেসিডুয়ারি প্রব্লেমের কথা বলেন—কেন্দ্রীয় সরকার তাদের সেই অধিকার থেকে টাকা না দিয়ে বঞ্চিত করেছিলেন। আজকে আমাদের দায়িত্ব হল সবাই মিলে সেই টাকা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আদায় করে নিতে হবে। পি এল ক্যাম্প, ওমেন্স হোম, ভ্যাগরান্টস হোম, পরিত্যক্ত ৬৩টি ট্রানজিট ক্যাম্পে হাজার হাজার পরিবার যেভাবে নিপীড়িত, লাঞ্ছিত, অবহেলিত, উপেক্ষিত, তাদের বাঁচবার জন্য কেন্দ্রের কাছ থেকে টাকা আদায় করে নিতে হবে এবং আমরা জানি তার জন্য মন্ত্রিমহাশয় চেষ্টা করছেন। আমি বলব আমরা সবাই এক হয়ে কেন্দ্রের কাছ থেকে সেই টাকা আদায় করে এখানকার অবহেলিত, নিপীড়িত মা-বোনদের ব্যবস্থা করতে পারি তার জন্য সকলের কাছে আমি আবেদন জানাচ্ছি। পশ্চিম বাংলার মাটিতে ওরা যে স্বপ্ন নিয়ে এসেছিল এখানে ঘর বাঁধবার জন্য - পশ্চিম বাংলার উন্মুক্ত আকাশের তলে নূতন করে সমাজ জীবন গড়ে উঠবে এই স্বপ্ন নিয়ে মা-বোনেরা সুদূর ওপার থেকে এখানে ছুটে এসেছিলেন আশ্রয় গ্রহণ করার জন্য। কিন্তু একটি হৃদয়হীন সরকারের অবহেলায় তাদের বর্বর নীতির পেষণে মানুষের সুখ-স্বপ্ন ধূলায় লুণ্ঠিত হয়েছে, নিঃশেষিত হয়ে গেছে। তাই আজকে আমি এই হাউসে দাঁড়িয়ে যুক্তফ্রন্ট সরকার এবং বিরোধীপক্ষের কাছে আবেদন জানাই যে, এইভাবে উপেক্ষিত হয়ে ঐ মানুষগুলোকে আর মরতে দেবেন না। এগিয়ে এসে তাদের সাহায্য করুন, তাদের পাশে এসে দাঁড়ান কেন্দ্রীয় সরকার যদি তাঁদের দায়িত্ব পালনে অক্ষমতা প্রকাশ করেন, যদি অবহেলা দেখান তাহলে সম্মিলিতভাবে সেই অধিকার আদায় করে নিতে হবে, টাকা আদায় করে নিতে

হবে। এই দায়িত্ব আজকে আমরা গ্রহণ করছি যুক্তফ্রন্ট সরকারের তরফ থেকে এবং সেইজন্য আমরা সহযোগিতার হস্ত আজকে বিরোধী পক্ষের কাছ থেকে পাবার জন্য আহ্বান জানাচ্ছি। প্রাক্তন কংগ্রেস সরকার বলেছিলেন যে, ১৪৯টি জবরদখল কলোনি তাঁরা গ্রহণ করবেন বলেছিলেন বৈধ হিসাবে এবং কিছু কিছু অর্পণপত্র দেওয়া হয়েছে, কিছু টাইটেল ডিডস দেওয়া হয়েছে কিন্তু ৩০ হাজার পরিবার যাদের বৈধ বলে ঘোষণা করা হবে তাদের অর্পণপত্র দেওয়া হয়েছে অনেককে কিন্তু টাইটেল লিস্ট ৩০ হাজার পরিবারের মধ্যে মাত্র ৩৬টি পরিবারকে দেওয়া হয়েছে। ১৯৫১ সাল থেকে যেসমস্ত কলোনি গড়ে উঠেছে কংগ্রেস সরকার তাদের বৈধ বলে ঘোষণা করেন নি এমন কি স্বীকৃতি পর্যন্ত দেন নি। তাঁরা একটা ডেড লাইন ফিক্সড করে দিয়েছিলেন ৩১শে ডিসেম্বর ১৯৫০ সাল। কিন্তু তারপর বাংলাদেশের বহু জায়গায় এইভাবে কলোনি গড়ে উঠেছে। আমি যুক্তফ্রন্ট সরকারের মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন করব যে, ১৯৫১ সাল থেকে আজ পর্যন্ত বাংলাদেশে কলকাতা এবং হাওড়া শহরের আশেপাশে যেসমস্ত জবরদখল কলোনি গড়ে উঠেছে তার স্বীকৃতি আজও পাওয়া যায় নি। আজকে এখানে দাঁড়িয়ে আমাদের পুনর্বাসনমন্ত্রী নিশ্চয়ই আশ্বাস দেবেন যে, নীতিগত হিসাবে আমরা স্বীকার করে নিচ্ছি যে, পশ্চিম বাংলার বুকের উপর যেখানে যেখানে উদ্বাস্তুরা বাসা বেঁধেছে সেই সমস্ত জবরদখল কলোনিগুলিকে আমরা নীতিগতভাবে স্বীকার করে নেব এবং কেন্দ্রের কাছ থেকে টাকা নিয়ে আসব। আজকেও আমি দেখলাম হাওড়া থেকে একটা মিছিল এসেছে জবরদখল কলোনির তরফ থেকে। আমি মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন জানাব যে, তিনি আশ্বাস দিন, আমরা যদি তা না দিতে পারি তাহলে আমাদের উপর যে কঠোর এবং কঠিন দায়িত্ব এসে পড়েছে সেই দায়িত্ব থেকে কর্তব্যচ্যুত হব।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, সরকারী কলোনি যে ৫০৩টি গড়ে উঠেছে পশ্চিম বাংলায় তার উন্নয়নের জন্য ডেভেলপমেন্টএর জন্য ৫ কোটি টাকা আছে। আমরা জানি সেই ৫ কোটি টাকা দিয়ে ৬৩টা কলোনি সরকার ডেভেলপ করেছেন। এই ৫০৩টা কলোনির রাস্তা, পানীয় জল, ড্রেন, ইত্যাদি ব্যবস্থা করবার জন্য আরও প্রচুর টাকা চাই। সেই টাকা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমাদের আদায় করে নিতে হবে।

আর পশ্চিমবঙ্গে বেসরকারী কলোনি আছে ৭৫৬টি। এই ৭৫৬টি কলোনির উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকার কত টাকা দিয়েছেন? না ২০ কোটি টাকা। এই বেসরকারী ৭৫৬টা কলোনির এক একটিতে যদি দুটা করে টিউবওয়েল বসাতে যাই তাহলে ২০ কোটি টাকা তাতে শেষ হয়ে যাবে। সেখানকার যে অস্বাস্থ্যকর আবহাওয়া রাস্তা নাই ঘাট নাই ড্রেন নাই তার মধ্যে তারা বসবাস করছে। সেই কলোনিগুলির উন্নয়নের জন্য যত টাকা প্রয়োজন তা আমাদের কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আদায় করে নিয়ে আসতে হবে। কেন্দ্রীয় সরকারকে সেই কলোনির ডেভেলপমেন্টএর খরচ বহন করতে হবে। কিন্তু সবচেয়ে বেদনাদায়ক হল কেন্দ্রীয় সরকার তদানীন্তন কংগ্রেস সরকারের সঙ্গে হাত মিলিয়ে ব্যবস্থা করেছিলেন একটা ডেডলাইন ঠিক করেছিলেন ৩০শে এপ্রিল ১৯৫৯ যে ডেডলাইন সম্পর্কে আমরা চিরকাল এখানে দাঁড়িয়ে প্রতিবাদ করে আসছি—তাঁরা ডেডলাইন দিলেন ১৯৫৯ সালের ৩০এ এপ্রিলের পরে আর কোন উদ্বাস্ত গভর্নমেন্টের কাছে হাউস বিল্ডিং লোন, এস টি লোন, গৃহনির্মাণ ও ব্যবসায়ের জন্য লোন পাবে না। আর্বিট্রারিলি এটা তাঁরা ঠিক করে দিলেন। আজ যুক্তফ্রন্ট সরকারের ঘাড়ে একট কঠোর দায়িত্ব এসে পড়েছে—সেই ডেডলাইন তাঁদের আজকে ছিঁড়ে ফেলে দিতে হবে। সেই উদ্বাস্তুদের পূর্বের সেইসব সুযোগ-সুবিধা দিতে হবে-তাদের গৃহনির্মাণ লোন ও ব্যবসায় লোন পাবার সুযোগ দিতে হবে। তারা কেউ বস্তিতে বস্তিতে বা কোন আত্মীয়-স্বজনের বাড়িতে বা গাছতলায় বাস করছে দুঃসহ জীবন যাপন করছে—তাদের জন্য এই গৃহ-নির্মাণ লোন ও ব্যবসায় লোনের ব্যবস্থা করে দিতে হবে। এই সব উদ্বাস্তু সমস্যাকে অস্বীকার করবার জন্য আজ যে চক্রান্ত চলেছে সেই চক্রান্তের বিরুদ্ধে গণতান্ত্রিক চেতনায় উদ্বুদ্ধ মানুষ এক হয়ে দাঁড়াবে এবং ঐ ডেডলাইনকে ছিঁড়ে ফেলে দিয়ে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমাদের প্রয়োজনীয় টাকা আদায় করে নিতে হবে। সেই সঙ্গে আমি আবও নিবেদন করছি গত ১৯৬৪ সালের জানুয়ারীতে যখন আবার পূর্ববঙ্গে দাঙ্গা-হাঙ্গামা হয়েছিল

সেই সময় ৬ লক্ষ ভীত সন্ত্রস্ত মানুষ উদ্বাস্তু হয়ে আমাদের এখানে চলে আসে নিউ মাইগ্রান্টস এই পশ্চিমবঙ্গে সেই সময় চলে এসেছিল। কিন্তু কেন্দ্রীয় সরকার সেদিন তাদের উদ্বাস্তু হিসেবে স্বীকার করে নেন নি। তাদের বাংলাদেশে পোঁছানোর সঙ্গে সঙ্গে এখান থেকে বিতাড়ন করা হয়েছে মানা ক্যাম্পে—বাংলাদেশের বাইরে বিভিন্ন প্রদেশে ও বিভিন্ন শিবিরে। বিভিন্ন রাজ্যের শিবিরে ৩ লক্ষ উদ্বাস্তু রয়েছে দু লক্ষ মানুষ বাংলাদেশে পুনর্বাসনের আশায় দিন গুণছে। তাদের সম্পর্কে কেন্দ্রীয় সরকার কোন দায়িত্ব গ্রহণ করেন নাই। কেন্দ্রীয় সরকারের যে বর্বর হৃদয়হীন নীতি, তাকে আমি ধিক্কার জানিয়ে আমাদের যুক্তফ্রন্ট সরকারের পুনর্বাসন-মন্ত্রীর কাছে আবেদন জানাব ১৯৬৪ সালের পর থেকে আজ পর্যন্ত যেসব নিউ মাইগ্রান্টস এখানে এসেছে তাদের উদ্বাস্তু হিসেবে স্বীকার করে নিয়ে তাদের সুষ্ঠু পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে।

কংগ্রেস সরকারের তরফ থেকে যে কয়টি কলোনি করা হয়েছে তার একটা হচ্ছে কেলেঘাই সাব-মার্জিনাল ল্যান্ড দেবার ব্যবস্থা করে সেখানে ১,৮০০ কৃষিজীবী উদ্বাস্তু পরিবারকে পাঠানো হয়েছে। কিন্তু দুঃখের বিষয় সেখানকার উদ্বাস্তুরা ডেজার্ট করতে বাধ্য হয়েছে। সেখানে গিয়ে তারা কোনরকম সরকারী সাহায্য পায় নাই। তার জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব সেই সাব-মার্জিনাল ল্যান্ড কলোনিতে যে ১,৮০০ কৃষিজীবী পাঠান হয়েছিল তাদের দিকে আপনি একবার ফিরে তাকান। সেই উদ্বাস্তুদের মধ্যে শতকরা ৩৩ জন কৃষিজীবী পরিবার। সেখানে দেখতে পেয়েছি যে কি মর্মান্তিক দুঃসহ তাদের বেদনা! সেখানে লক্ষ্য করলাম তাদের মধ্যে চরম দুর্দশা নেমে এসেছে, তারা অবসাদগ্রস্ত হয়ে পড়েছে। একটা সীমা-হীন দুঃখকষ্টের মধ্যে তারা দিন কাটাচ্ছে। তাদের দিকে একবার আপনি ফিরে তাকান। তাদের জমি নাই, কিছু নাই, তারা না খেতে পেয়ে দারিদ্র্যের চাপে পিষ্ট হচ্ছে। লক্ষ লক্ষ উদ্বাস্তু মা-বোন তারা ধুঁকছে, যক্ষ্মারোগ তাদের বুকে গিয়ে বাসা বেঁধেছে। তাই অনুরোধ করব তাদের দিকে একবার ফিরে তাকান।

আবার অনুরোধ জানাই ঐ যে জবরদখল কলোনিগুলো যা গ্রামে গ্রামে গড়ে উঠেছে তার অবহেলিত, অনাদৃত উপেক্ষিত মানুষের প্রতি একটু মানবিক দৃষ্টিভঙ্গি নিয়ে তাকিয়ে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা নিয়ে এসে পশ্চিমবঙ্গে তারা যে স্বপ্ন ও আশা নিয়ে এসেছিল, তাদের সেই স্বপ্ন ও আশাকে বাস্তবে রূপায়িত করতে সাহায্য করুন।

এই কথা কয়টি বলে আমি তাঁর বাজেটকে সমর্থন করছি।

[4-50 -5-00 p.m.]

শ্রীসন্তোষকুমার রায়: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ইতিপূর্বে মাননীয়া সদস্যা ইলা মিত্র ও মাননীয় সদস্য শ্রীঅপূর্বলাল মজুমদার পুনর্বাসনমন্ত্রীর বাজেট সমর্থন করতে গিয়ে গত ১৯ বছর যে পুনর্বাসন নীতি কংগ্রেস সরকার গ্রহণ করেছিলেন, তার সমালোচনা করলেন। একথা ঠিক যে, আমরা ছিন্নমূল উদ্বাস্তু ভাইবোনদের যেভাবে পুনর্বাসনের কথা চিন্তা করে-ছিলাম বাংলাদেশে তাদের ঠিক সেইভাবে পুনর্বাসন দেওয়া সম্ভব হয় নি। কিন্তু আজকে পশ্চিম পাকিস্তান থেকে যেসমস্ত উদ্বাস্তু ভাইবোন, সিন্ধ এবং পাঞ্জাবের অধিবাসী যারা ভারতবর্ষে এসেছিল, তাদের পুনর্বাসন পরিকল্পনার দিকে যদি তাকাই তাহ'ল একটা জিনিস আজকে এখানে যদি আমি উল্লেখ না করি তাহলে অত্যন্ত অন্যায় হবে। বাংলাদেশে যেসমস্ত উদ্বাস্তু ভাই-বোনরা বাধ্য হয়ে এসেছিল, ভারতবর্ষের স্বাধীনতার জন্য যারা নিজেদের দেশ, ঘর-বাড়ি, সম্পত্তি থেকে উৎখাত হয়ে বিক্ষুব্ধ মন নিয়ে এখানে এসেছিল, তাদের কাছে আমাদের বাংলাদেশের সব মানুষের সহানুভূতি এবং পুর্বাসনের একমুখী পরিকল্পনা নিয়ে এগিয়ে যাওয়া উচিত ছিল। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয়, সেদিকে যদি তাকিয়ে দেখি তাহলে দেখা যাবে আজকে যাঁরা সরকারের সঙ্গে বসে আছেন এবং কিছু দালাল তাঁরা উদ্বাস্তু ভাই-দের বিক্ষুব্ধ মনকে নানাভাবে বিভ্রান্ত করেছেন। (কোয়েশ্চেন, কোয়েশ্চেন।) আমরা দেখেছি কংগ্রেস সরকারের আমলে, তাদের সুষ্ঠু পুনর্বাসনের জন্য যে পরিকল্পনা সরকার গ্রহণ করতে চেষ্টা করেছিলেন, তাঁরা সরকারকে আঘাত করবার জন্য সেই পরিকল্পনাকে বানচাল করবার

জন্য সর্বপ্রকারে সচেষ্ট হয়ে তাঁদের কার্যকলাপ চালিয়েছিলেন। সেইজন্য গ্রামাঞ্চলে দেখছি যে সমস্ত উদ্বাস্তু ভাইরা নিজেদের চেষ্টায়, তাদের পুনর্বাসনের চেষ্টা নিয়েছিলেন তাঁদের অনেকের পুনর্বাসন হয়ে গিয়েছে। কিন্তু যেসমস্ত উদ্বাস্তু ভাই-বোনরা পুনর্বাসনের জন্য কলোনিতে আশ্রয় গ্রহণ করেছিলেন সরকারী কলোনিতে অথবা সরকারী ক্যাম্পে তাঁরা সরকারী পরিকল্পনা অনুযায়ী পুনর্বাসনের ব্যবস্থা করতে গিয়েছেন সেখানে দেখেছি এঁদের চক্রান্তে তাঁদের ঐ পরিকল্পনা বারবার বানচাল হয়ে গিয়েছে। আমাদের আজকে এদিকে বিশেষভাবে দৃষ্টি দিতে হবে। আজকে আপনাদের উপর দায়িত্ব এসেছে উদ্বাস্তু ভাইদের পুনর্বাসনের জন্য সব কিছু ব্যবস্থা আপনাদের করতে হবে। কংগ্রেসের তরফ থেকে কংগ্রেস কর্মী হিসাবে এই প্রতিশ্রুতি আমি দিচ্ছি—উদ্বাস্তু সমস্যা, এটা একটা জাতীয় সমস্যা, একে রাজনীতির ঊর্ধ্বে রেখে, প্রত্যেকটি মানুষকে মানবতার দৃষ্টিভঙ্গি নিয়ে এই জাতীয় সমস্যাকে সমাধান করবার জন্য আমরা সকলে এগিয়ে যাব। আজকে এই সমস্যা সমাধানের কিছুটা দায়িত্ব আপনাদের উপর অর্পিত হয়েছে। সুতরাং আজকে আপনাদের কাছে এমন একটা সুষ্ঠু পরিকল্পনা দেখতে চাই—যে পরিকল্পনার মাধ্যমে বাংলাদেশে যেসমস্ত উদ্বাস্তু ভাইরা এসেছেন তাঁদের সবার সুষ্ঠু অর্থনৈতিক পুনর্বাসন সম্ভব হয়।

এখানে রেসিডুয়াল প্রবলেম নিয়ে অনেকে অনেক রকম সমালোচনা করেছেন। (ইন্টারাপশনস) মাননীয়া সদস্যা ইলা মিত্র এবং অপূর্বলাল মজুমদার মহাশয়, তাঁরা এই রেসিডুয়াল প্রবলেম সম্বন্ধে আলোচনা করেছেন। আপনারা জানেন যে, আমাদের দেশে যে ২৪ লক্ষ উদ্বাস্তু ভাইবোনরা এসেছিলেন, তাদের মধ্যে যাঁরা সরকারী সাহায্য নিয়েছিলেন তাঁদের এই সরকারী সাহায্য কম থাকাতে এবং অভিজ্ঞতার অভাবে তারা ছোটখাট ব্যবসা চালু করে এবং অল্প অল্প জমি নিয়ে বসেছিল, তাদের অনেকের সমস্যা সমাধান হয় নি। সেইজন্য যেসমস্ত উদ্বাস্তু ভাইদের অর্থনৈতিক পুনর্বাসন হয় নি, তাদের অর্থনৈতিক পুনর্বাসনের জন্য তৎকালীন পশ্চিমবঙ্গের কংগ্রেস সরকার বার বার কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করাতে কেন্দ্রীয় সরকার রেসিডুয়াল প্রবলেম হিসাবে উদ্বাস্তু পুনর্বাসনে ভাইদের আর্থিক সাহায্য দিয়েছিলেন। সুতরাং আজকে রেসিডুয়াল প্রবলেম হিসাবে এই খাতে যে অর্থবরাদ্দ করেছেন একে প্রত্যাখ্যান করে কোন লাভ হবে না। নিশ্চয়ই এর সুযোগ নিয়ে সেই সমস্ত ২৪ লক্ষ উদ্বাস্তু ভাই যাদের অর্থনৈতিক পুনর্বাসন হয় নি তাদের অর্থনৈতিক পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে। এর আগে জবরদখল কলোনির কথা মাননীয় সদস্য অপূর্ববাবু বলেছেন, ১৪৯টি জবরদখল কলোনি এর মধ্যে ২৮ হাজার এলিজিবেল কেস তৎকালীন কংগ্রেস সরকার বিবেচনা করেছেন তাঁদের প্রশাসনিক দপ্তরের মাধ্যমে। আজকে যদি নূতন দৃষ্টিভঙ্গি হওয়ায় যারা উদ্বাস্তু নয়, তাদেরও যদি এলিজিবেল করতে চান তাহলে আমাদের বলার কিছু নেই। তাদের যদি অফুরন্ত অর্থভাণ্ডার থাকে যাতে যারা উদ্বাস্তু নয় এমন লোক একবার সরকারী সাহায্য নিয়ে যাদের চক্রান্তে সেই পরিকল্পনা থেকে উঠে এসে আবার আর এক জায়গায় বসে আবার উদ্বাস্তু সাহায্য নিতে চায় এবং তারা যদি আরও অর্থ তার জন্য বরাদ্দ করতে পারেন তাহলে আমার কিছু বলার নেই। কিন্তু প্রশাসনিক ব্যবস্থায় যে ২৮ হাজার ফ্যামিলিকে এলিজিবেল বলে স্বীকার করে নিয়েছেন তাদের পুনর্বাসনের জন্য তাদের সেই জবরদখল কলোনি স্বীকার করে নিয়ে নিশ্চয়ই ব্যবস্থা করা উচিত। গত সরকার এই বিষয়ে চেষ্টা নিয়েছেন, বর্তমান উদ্বাস্তুমন্ত্রী নিজে উদ্বাস্তু—আশা করি তিনি আরও তাড়াতাড়ি এই সমস্যার সমাধান করবেন। সরকারী কলোনী ৪৮০টি বেসরকারী কলোনি ৭৫৬টি এবং সরকারী খাস জমিতে বহু উদ্বাস্তু ভাই বসে আছে যাদের পুনর্বাসনের জন্য যাদের জমি সত্ত্ব স্বীকার করে নেওয়ার জন্য গত কংগ্রেস সরকার কাজ আরম্ভ করেছিলেন। আমরা আশা করব বর্তমান পুনর্বাসনমন্ত্রী যদিও তাঁর বাজেটের মধ্যে এ সম্বন্ধে উল্লেখ করেন নি করলে ভাল হত তবে এটা সত্য যে, এই বরাদ্দের মধ্যে তিনি করে দিতে পারবেন বলে তাঁর প্রশাসনিক দপ্তরকে তৎপর হওয়ার জন্য তিনি নির্দেশ দিয়েছেন। আমরা দেখেছি এবং যেটা অপূর্ববাবু বলেছেন যে, যেসমস্ত ব্যবসায়ী উদ্বাস্তু সরকারী রাস্তার ধারে দোকান করে জবরদখল করে বসে আছে তারা পুলিশের দ্বারা নানারকমভাবে দিনের পর

দিন হয়রান হচ্ছে। আমি যতদূর জানি গত কংগ্রেস সরকার সেই সরকারী রাস্তার ধারে যে-সমস্ত উদ্বাস্তু ভাই দোকান করে বসেছিলেন তাদের পুনর্বাসনের জন্য পি ডবলিউ ডি বিভাগের সঙ্গে যোগাযোগ করেছিলেন এবং কাজও কিছুটা অগ্রসর হয়েছিল। আমি আশা করব বর্তমান পুনর্বাসনমন্ত্রী তাদের সেই সমস্যাগুলির সমাধান তাড়াতাড়ি করবেন। পি ডবলিউ ডি তাদেরই দপ্তর, তাদের সঙ্গে যোগাযোগ করে এই সমস্ত দোকানদার যারা আছে যারা নিজের চেষ্টায় জবরদখল ছিল বলে সরকারের ঋণ, সাহায্য পায় নি তাই নিজেদের চেষ্টায় রুজি-রোজগার করছে তাদের যাতে এই সমস্যার সমাধান হয় সেই ব্যবস্থা করবেন। যদি একান্তই এই সমস্ত রাস্তায় চলাচলের পক্ষে অসুবিধা হয় তাহলে তাদের অন্য কোন ঋণ, সাহায্য দেওয়ার ব্যবস্থা করার জন্য একটা পরিকল্পনা তাঁরা গ্রহণ করুন। আমাদের গত কংগ্রেস সরকার যেসমস্ত উদ্বাস্তু ভাইদের অর্থনৈতিক পুনর্বাসন পরিপূর্ণভাবে হয় নি, দরিদ্র উদ্বাস্তু যারা, সেই সমস্ত উদ্বাস্তু ভাইদের ঋণ মকুব করার পরিকল্পনা নিয়েছিলেন। আমার যতদূর মনে পড়ছে এক কোটি টাকার ঋণ মকুব মঞ্জুর করা হয়েছিল। আমি আশা করব বর্তমানে তাঁরা যে পরিকল্পনা নিয়েছেন সেই পরিকল্পনায় যত তাড়াতাড়ি সম্ভব তাদের ঋণটা মকুব করে দিতে পারেন সেই চেষ্টা তাঁরা করবেন এবং সম্ভব হলে যে দাবী অপূর্ববাবু এবং শ্রীমতী ইলা মিত্র করেছেন আরো বেশী টাকা ঋণ যদি মকুব করে দেন তাহলে আমরা খুশি হব। আমি জানি না আমাদের উদ্বাস্তুমন্ত্রীর পক্ষে সেটা সম্ভব হবে কিনা। কিন্তু যে পরিকল্পনা স্বীকার করে নেওয়া হয়েছে যে, এক হাজার টাকা পর্যন্ত উদ্বাস্তুদের ঋণ মকুব করে দেওয়া হবে সেটা মকুব করার জন্য তাড়াতাড়ি ব্যবস্থা করবেন। আমরা জানি অনেক উদ্বাস্তু ভাইদের উপর, এক হাজার টাকা যারা ঋণ করেছেন তাদের উপর সার্টিফিকেটের কেস এসেছে, দিনের পর দিন তাদের আদালতে ঘোরাঘুরি করতে হয়েছে। এটা যেন ভবিষ্যতে আর না হয় তার ব্যবস্থার জন্য তৎপর হবেন। আর একটি বিষয় কোচবিহার জেলার উদ্বাস্তু ভাইদের জন্য উদ্বাস্তুমন্ত্রীর কাছে রাখছি। উদ্বাস্তুমন্ত্রী নিশ্চয়ই শুনেছেন তাঁর দপ্তরের কাছ থেকে বা কোচবিহারের অধিবাসীদের কাছ থেকে নিশ্চয়ই চিঠিপত্র পেয়েছেন যে, কোচবিহার শহরের পাশে গুড়িহাটি অঞ্চল আছে, সেই গুড়িহাটি অঞ্চল কোচবিহার শহরের মতই, সেখানে লোকে শহরের লোকের মতই কাজকর্ম করে, রুজি-রোজগার করে, শহরের পাশে দু-তিন কাঠা জমি নিয়ে ঘরবাড়ি করে বসে আছে, সেখানে প্রায় ১৮-১৯ হাজার উদ্বাস্তুভাই বাস করে। তাদের শহরের অন্তর্ভুক্ত করে তাদের পুনর্বাসনের জন্য, রাস্তাঘাট পানীয় জলের ব্যবস্থা করার জন্য সেই অঞ্চলের অধিবাসী আমরা এবং দলমত-নির্বিশেষে সমস্ত মানুষ গত কংগ্রেস সরকারের কাছে এক আবেদন রেখেছিলাম। তৎকালীন মুখ্যমন্ত্রী এবং পুনর্বাসনমন্ত্রী আমাদের কথা দিয়েছিলেন যে, ১৯৬৭ সালে এই পরিকল্পনা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অনুমোদন করিয়ে যাতে এতে অর্থসাহায্য দেওয়া যায় এবং মিউনিসিপ্যালিটির অন্তর্ভুক্ত এটাকে যাতে করা যায় তার জন্য তাঁরা চেষ্টা করবেন। আমি বর্তমান উদ্বাস্তুমন্ত্রীর কাছে কোচবিহার জেলার উদ্বাস্তু ভাইদের জন্য এই কথাটা নিবেদন করে রাখছি যে, তিনি যেন এই বিষয়ে তৎপর হন। কোচবিহার জেলার বহু উদ্বাস্তু ভাই সরকারী খাস জমি বা বনবিভাগের জমির মধ্যে নিজেদের চেষ্টায় চাষাবাদ করছে বাড়িঘর করে নিয়েছে, তারা সরকারী সাহায্যের মুখাপেক্ষী হয়ে থাকে নি। কিন্তু সেই জমিজমার এখনও বন্দোবস্ত হয় নি। আমাদের তৎকালীন কংগ্রেস সরকার কোচবিহারের সেই সমস্ত উদ্বাস্তু ভাইদের যারা সরকারী খাস জমি বা বনবিভাগের জমির উপর বসেছিলেন তাদের পুনর্বাসনের জন্য কোচবিহারের জেলাশাসক এবং বিভিন্ন ডিস্ট্রিক্ট অফিসারদের নিয়ে একটা কমিটি করেছিলেন, সেই কমিটি কতদূর কাজ করেছে আমি ঠিক জানি না, আমি উদ্বাস্তু পুনর্বাসন মন্ত্রীর কাছে আবেদন করছি সেই কমিটি যদি এই কাজে অগ্রসর হয়ে না থাকে তাহলে কমিটির কাজ ত্বরান্বিত করে তাদের জমি দেওয়ার বন্দোবস্ত করে দিন। একটা কথা আমি এখানে না বলে পারছি না, সেটা হচ্ছে এই যে, আমি কয়েকদিন ধরে এখানে আলোচনায় শুনতে পাচ্ছি যে, প্রতিটি ক্ষেত্রে তাঁরা কেন্দ্রীয় সরকারের উপর দোষ দিচ্ছেন, কংগ্রেসের চক্রান্তের উপর দোষ দিচ্ছেন। কংগ্রেসের চক্রান্তের উপর, কেন্দ্রীয় সরকারের উপর দোষারোপ করে তাঁরা যদি ভাবেন যে, তাঁরা আত্মরক্ষা করতে পারবেন তাহলে আমার কিছু বলার নেই, কিন্তু আজকে সভায় কিছুক্ষণ আগে যে ঘটনা ঘটে গেছে তাতে কংগ্রেসকর্মী হিসাবে আমি আপনাদের কাছে একথা পরিষ্কার করে বলতে চাই যে, আপনাদের বিরুদ্ধে কংগ্রেসের কোন চক্রান্ত নেই,

আমরা কংগ্রেসীরা কোনরকমভাবে চক্রান্ত করছি না আপনাদের গদীচ্যুত করবার জন্য। আপনাদের নিজেদের দলের মধ্যে যে কনট্রাডিকশন আছে সেটা আজকে বাংলাদেশের প্রত্যেকটি মানুষের কাছে পরিষ্কার হয়ে গেছে। অমেরা দেখেছি প্রমোদ দাশগুপ্তের বক্তব্য, আমরা সেদিন দেখেছি লোকসভায় রামমূর্তির বক্তব্য প্রত্যেকে দাবি করেছেন যে, বিধানসভা ভেঙ্গে দিয়ে আজকে নতুন নির্বাচন হোক। তাই আমরা বুঝতে পারছি বাম কম্যুনিস্ট দল চেষ্টা নিয়েছেন বাংলাদেশে যাতে রাষ্ট্রপতির শাসন আসে। কিন্তু আমাদের নেতা সেজন্য দিল্লীতে গিয়েছিলেন কেন্দ্রীয় সরকারকে বোঝাতে যাতে বাংলাদেশে রাষ্ট্রপতির শাসন না হয়। আমরা তাই দেখতে পাই প্রমোদ দাশগুপ্ত মুখ্যমন্ত্রীকে আক্রমণ করে বলেছেন, নকশালবাড়ির ঘটনায় পুলিশী জুলুম বলে যাঁরা বলছেন তার জন্য কম্যুনিস্ট পার্টি বিন্দুমাত্র দায়ী নয়, এর জন্য দায়ী যদি কেউ হয় তাহলে তিনি হচ্ছেন অজয় মুখার্জি, তাঁরই চক্রান্তে এটা হয়েছে। আমি পরিশেষে একটি কথা বলতে চাই যে, আপনি আরও নতুন পরিকল্পনা নিন যাতে উদ্বাস্তুরা পুনর্বাসিত হতে পারে কিন্তু এই বাজেটে সেই সুষ্ঠু পরিকল্পনা নেই বলে আমি এর বিরোধিতা করছি।

[5-00—5-10 p.m.]

Dr. Sashi Bhusan Choudhury: Mr. Speaker, Sir, I am not actually prepared to offer any comments because I was not present when the budget was placed. I am not really in possession of the details of the budget. I only found certain figures in the book that was sent to us. I do not know the actual distribution that has been made over the different heads of expenditure under the Relief and Rehabilitation Department. Still, I am really glad that you have given me an opportunity to express my views on the condition of refugees and displaced persons in West Bengal.

Sir, if I may say so, the refugee problem has been a running sore to the body politic of West Bengal, running sore in the sense that there has been continual influx of refugees from the other side of Bengal. Immediately after independence our Government was faced with the tremendous problem, the problem of rehabilitating lakhs and lakhs of people who have been evicted from their country and who came here to settle themselves and to adjust themselves to the condition of West Bengal. Naturally the Government was confronted with a great problem and it was a challenge to the resources and the ability of the Government of West Bengal to tackle this problem in the right direction. Left to themselves, the Government of West Bengal could have perhaps found out a plan for permanent settlement of the refugees. But there were various factors against which the Government of West Bengal had to fight. The factors were mainly economic and also political. So long as the Government was not really quite sure about the number of refugees that were likely to come or had actually come, it was not possible to follow any particular line of action. As a matter of fact, whenever any policy was adopted, it was completely upset by the eviction of fresh men from East Pakistan who came in large numbers and therefore a new policy had to be adopted. In every way it created a vicious circle and the fullest result was not obtained from the policy which was pursued by the former Government. The result was very unfortunate as the miseries, sorrows and sufferings of these people have been exploited by interested parties with the result that the Government could not pursue any effective policy. Any way, by and large the refugees came to be settled in West Bengal and as a matter of fact, when we are to-day considering this problem, we are considering only the residuary problem of this great question. I believe that most of the refugees have been settled according to the plan and programme and there is nothing much to do about them. Now, I certainly feel that the word "refugees" is somewhat of a terminology which should not be used now-a-days because the word suggests that they are an alien population of this country and they are not

absorbed and they are not being consolidated into the economic and social structure of this particular part of Bengal and therefore the word "refugees" is something which sounds odd in the ear. I would request the Hon'ble Minister that if the settlement is going to be made about their rehabilitation, he might drop using the word "refugees", they might be called displaced persons, but nevertheless they have adjusted themselves to the condition of this country. I have personally gone through many refugee colonies in my own constituency in the town of Burdwan and I have been amazed to find that they have gladly settled themselves down into their environment, new environment in the sense that this country is quite new to them, but nevertheless I think that they are in their own country. I am really thankful to the people of Bengal who have welcomed them cordially and affectionately and whatever may be the complexion of the Government, I am quite sure that they will continue to receive the kind treatment whether from this Government or any other Government which might come into being. Every refugee colony is really a smiling spot. I have found them raising houses with a kitchen garden and also maintaining a cow shed and it seemed to me as if they just are living in their own hereditary environment. This is something really which speaks about the vitality of these people. As a matter of fact, if I may be frank, I might say that they have contributed materially to the well-being and prosperity of West Bengal. In the first place, they have really added to the output of vegetable production and most of them have been engaged in trades, crafts, etc., and they have certainly advanced the economic progress of this country to a very large measure. But still there are many disabilities from which they are suffering even now and the Hon'ble Minister certainly knows it very well what are the disabilities from which the refugees are suffering at the moment.

[5-10 - 5-20 p.m.]

Sir, there are different items through which attempts have been made to resolve the difficulties. The items are: Educational facilities, medical facilities, housing as also their gainful employment. Attempts have also been made to urbanise all these colonies. This is a very very important point. Urbanisation of the colonies in the town of Burdwan is very important, as there are heavy concentration of refugees there—as many as thirty thousand But I am amazed to find that those who are living in the outskirts of Burdwan town in the colonies, these have not been urbanised to the least. Sir, I have gone through certain papers which have been supplied and I find that the Government of West Bengal is granting moneys to the municipalities to extend municipal operation to all these colonies. I regret to find that this process has been very very slow. I would like to draw the attention of the Hon'ble Minister to the very slow progress in urabanising all these colonies which are adjacent to the town area. I think the Hon'ble Minister will kindly realise their unemployment problem. They are qualified for small trades. Some of them have got little education, some of them have got little experience in some chemical and scientific fields and if any vigorous attempt is made to properly utilise their abilities then they can contribute substantially towards social, material and economic progress of this country. I see in the papers that there has been a committee headed by Mr. N. C. Chatterjee. I would like to know about the activities of that committee. I also understand there have been regional committees for the relief of the refugees. M.L.As who have been returned from the constituencies where there is heavy concentration of refugees have not become members of such committees. Personally I was very keen to serve as a member of that committee and I am sure other honourable members also are willing to serve as members of these committees. We are just to watch and observe the progress of the work done

for the refugees which is very slow. We shall strive to work for their overall employment. We could very well pay our attention towards the uprooted humanity. There have been many such cases in history but there has been no such colossal movement as in India. Thank you.

ডাঃ প্রতাপ চন্দ্র চন্দ্রঃ মাননীয় ডেপ্‌ুটি স্পীকার মহাশয়, একটি বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, এইমাত্র আমরা খবর পেলুম যে চৌরঙ্গীতে গ্র্যান্ড হোটেলের কাছাকাছি ঐ ভিয়েৎনামের ব্যাপারে যে প্রসেশান যাচ্ছিল তার উপরে ইটপাটকেল ছোড়া ইত্যাদি গোলমাল হয়েছে, টিয়ার গ্যাস চলেছে—মন্ত্রিমহাশয়রা যদি কিছু এ সম্পর্কে খবর জানেন তাহলে হাউসের কাছে জানালে আমরা খুসী হব।

মিঃ ডেপ্‌ুটি স্পীকারঃ মন্ত্রিমহাশয়রা যদি জানেন তাহলে বলবেন।

ডাঃ রাধাকৃষ্ণ সিনহাঃ মাননীয় ডেপ্‌ুটি স্পীকার মহাশয়, আজকে পুনর্বাসন খাতে আলোচনা করতে গিয়ে প্রথমে আমার মনে হচ্ছে যে আজ পর্যন্ত যে অর্থ এবং নীতি নিয়ে আমরা পুনর্বাসনে নিয়োগ করেছিলাম, আমার মতে সমস্ত ব্যর্থ হয়েছে। তার প্রধান কারণ হচ্ছে যে, যে অর্থ যাদের জন্য বরাদ্দ করা হয়েছিল সে অর্থ তাদের কাছে বেশীর ভাগ পৌঁছায় নি তবে প্রধান কারণ হচ্ছে কতকগুলি কৃত্রিম উদ্বাস্তু তৈরী হয়েছিল, প্রশাসনিক ব্যবস্থা এবং নীতিগত কতকগুলি দোষত্রুটি ছিল। আমি জানি আমরা এই সমস্যাটাকে জাতীয় সমস্যা বলে গ্রহণ করেছিলাম বাংলাদেশ তথা ভারতবর্ষ এই সমস্যাকে জাতীয় সমস্যা বলে গ্রহণ করেছে। একটা জাতির যদি ৫০-৬০ লক্ষ লোক এইরকম অবহেলিত, এইরকম নিপীড়িত হয়ে পড়ে থাকে, তাহলে বাংলাদেশ কখনও বড় হতে পারবে না। সারা দেহের মধ্যে যদি কোন ক্ষত থাকে সমস্ত দেহটাকে যেমন যন্ত্রণা ভোগ করতে হয় সেইরকম এই রিফিউজি প্রবলেম যদি আমরা ঠিকভাবে না দেখি তাহলে সমস্ত বাংলাদেশকে ক্ষতবিক্ষত করবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে গত ১৬-১৭ বছরে ১০০ কোটি টাকার উপরে আমরা খরচ করেছি। আজকে রাস্তায় বেরুন, স্টেশন-এ দেখুন সেখানে রিফিউজি শুয়ে আছে, রাস্তায় গাড়ীতে যান সেখানে তারা গাড়ি আটকাচ্ছে, সেখানে ভিক্ষা চাচ্ছে। আজ সমাজ জীবন বিষে জর্জরিত হয়ে আছে। তাদের অর্থনৈতিক সমাজনৈতিক চেতনা নষ্ট হয়ে গেছে। আজ বাংলাদেশের অবস্থা এই এসে দাঁড়িয়েছে।

[5-20—5-30 p.m.]

তাই আজকে যখন নূতন মন্ত্রীসভা গঠিত হয়েছে তখন আমি অনুরোধ করবো যে এই পুনর্বাসনের নীতি যদি পরিবর্তন না করেন তাহলে এতদিন প্রশাসনিক ব্যবস্থার মধ্যে এইসমস্ত কৃত্রিম উদ্বাস্তুদের যে পুনর্বসতি হয়েছিল তেমনই হবে—আসল উদ্বাস্তুদের পুনর্বসতি হবে না। আমি শহরের কথা বলবো না পাড়াগাঁয়ের কথা বলবো - পাড়াগাঁয়ে যেসমস্ত ক্যাম্পগুলি করা হয়েছে সেই ক্যাম্পগুলি পাড়াগাঁয়ের জনজীবন বা গ্রামজীবন থেকে বহু দূরে নিয়ে গিয়ে করা হয়েছে। যার জন্য এইসমস্ত ক্যাম্পগুলি আজকে উঠে যাবার উপক্রম হয়েছে। আমি তাঁকে বলবো এই সমস্ত ক্যাম্পের সঙ্গে প্রত্যেক গ্রামের যোগাযোগ স্থাপন করুন এবং করে যদি এগুলি পুনর্গঠিত করেন তাহলে হয়তো তারা জীবন ফিরে পাবে এবং আশা ফিরে পাবে। দ্বিতীয় হচ্ছে মফঃস্বলে যে সমস্ত অফিসাররা আছেন, আমি দু-একটা তথ্য আপনার কাছে রাখছি—আমাদের ওখানে কতকগুলি ক্যাম্প আছে সেই ক্যাম্পে আজকে ৮ বছর যাবত একটা স্কুল ঘর পড়ে গেছে সেখানকার অফিসারকে আমি নিজে টেলিফোন করেছিলাম, কিন্তু তিনি আর আসার সময় পান নি। এইভাবে উদ্বাস্তুদের কাজে টাকা খরচ করবার যে কো-অর্ডিনেশন সেই কো-অর্ডিনেশন নেই যার জন্য অত্যন্ত ক্লিষ্ট এবং জর্জরিত হয়ে তারা আমাদের জীবনে রয়েছে। আমি বলবো—এর পরে যে টাকা বরাদ্দ করছেন প্রত্যেকটি টাকা সরকার যেন নিজের দায়িত্বে খরচ করেন কোন এজেন্টকে দেবেন না। আমাদের অনেক জমি পড়ে রয়েছে পুনর্বাসনের জন্য সেই সমস্ত জমিগুলিকে অ্যাকোয়ার করুন—যেসমস্ত খাস ল্যান্ড রয়েছে সেই সমস্ত জমি অ্যাকোয়ার করে উদ্বাস্তুদের নিয়োজিত করুন—গভর্নমেন্ট ইন্ডাস্ট্রি করুন, করে তাদের অ্যাপ্লাই

করুন—এইভাবে টাকা যদি খরচ করেন তাহলে তাদের পুনর্বসতি হবে—তা না হলে কিছুই হবে না। তারপর আমি বলবো আজকে দেশের এই যে সামাজিক চরিত্রটা ভেঙ্গে পড়েছে এদিকে আমাদের সকলের দেখা দরকার। আজকে আপনি যেখানে যাবেন—একটা ফাঁকা জায়গায় যান—আজকে খবরের কাগজে বেরিয়েছিল ইন্দ্রপুরী স্টুডিওতে একটা নারকীয় জীবনের ইতিহাস। আপনি কেন্দ্রীয় সরকারকে বলুন যে এটা তো তাঁদেরও সমস্যা, এটা শুধু আমাদের সমস্যা নয়, দেশ বিভাগ তো তাঁরাই করেছিলেন সেই দেশ বিভাগ করে তার যে কনসিকোয়েন্স সেগুলি কি শুধু বাংলাদেশকে ভোগ করতে হবে? আজকে আমরা শুনেছি দণ্ডকারণ্য থেকে কেন আমাদের দেশের লোকরা ফিরে আসছে। সেখানে হিন্দী পড়তে হবে, সেখানে ধান হয় না এবং সেখানকার আবহাওয়ার সঙ্গে বাংলাদেশের লোক অভ্যস্ত নয়, বাংলাদেশে অনেক জায়গা যেখানে এখনও পুনর্বাসন দেওয়া যায় ২৪-২৫ লক্ষ লোককে। আমি আপনাকে বলতে পারি বহু জায়গা জমি বাংলাদেশে আছে, সেখানে আপনারা ইন্ডাস্ট্রি করে তাদের পুনর্বসতির ব্যবস্থা করুন, তা না হলে আবার পাঁচ বছর পরে দেখবো যে সেই একই সমস্যা আমাদের এখানে রয়েছে। আর একটা কথা এটা আমাদের জাতীয় সমস্যা যখন তখন আপনারা যেমন আজকে পাঞ্জাবে দেখুন সেখানে ৬ বছরে সমস্যা সমাধান হয়ে গেল, আর আমাদের ১৮ বছরেও তা সমাধান হয় নি। কারণ আমাদের নীতি দুর্বল। আপনি অফিসারদের বলুন তারা যে চালে এতদিন চলছিলেন সেই চাল তাদের ভুলতে হবে—তাদের দরদী মন নিয়ে এগোতে হবে। আজকে একটা লোক একটা ক্যাম্পে টাকা নিচ্ছে, সেখান থেকে সরে গিয়ে আবার অন্য ক্যাম্পে টাকা নিচ্ছে এইভাবে বিভিন্ন জায়গায়, বিভিন্ন নামে যে টাকা নিচ্ছে এগুলি বন্ধ করুন এবং আসল জায়গায় টাকা দেবার ব্যবস্থা করুন, তাহলে আমার মনে হয় আমরা এই সমস্যার সমাধান করতে পারবো। অবশেষে আমি বলবো যে আজকে পশ্চিমবঙ্গের জনসাধারণ এবং উদ্বাস্তুরা তাঁদের সঙ্গে আছেন তারাই আজকে এই বৈপ্লবিক পরিবর্তন করেছেন গণতান্ত্রিক পথে যার জন্য আপনারা দিনরাত বলছেন সভা সমিতিতে যে জনগণের গভর্নমেন্ট হয়েছে, আজ যদি আপনারা সেই জনসাধারণের ঐকান্তিক ইচ্ছা পূরণ না করেন, যদি তাদের দুঃখকষ্ট লাঘব না করেন তাহলে পর এই জনসাধারণের সরকারকে তার প্রায়শ্চিত্ত করতে হবে।

শ্রীশান্তিময় হাজরা: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দ উপস্থাপিত করেছেন তার বিরোধিতা করতে উঠে আমি দু-চারটি কথা বলতে চাই। আমি একথা শুধু বলতে চাই যে, আমাদের ভারতবর্ষ যে স্বাধীন হয়েছে সেই স্বাধীনতায় যাঁরা সব থেকে বড় কাজে লিপ্ত ছিলেন ঈশ্বরের কষাঘাতে তাঁরাই হলেন আজ উদ্বাস্তু। আমি সেই কারণে এই কথা বলতে চাই যে, তাঁদের নামের সঙ্গে এই উদ্বাস্তু কথাটা সর্বপ্রথমে তুলে দেওয়া দরকার। যদি উদ্বাস্তু বলে আমরা তাঁদের সঙ্গে কথাবার্তা বলি তাহলে পশ্চিমবাংলার মানুষের সঙ্গে তাঁদের যে মিলন সেই মিলনের মাঝে ব্যবধান থেকে যাবে। আমি একথা বলতে গিয়ে আমার যে ভাতার কনস্টিটিউয়েন্সী সেখানে যে উদ্বাস্তু কলোনী আছে তার সুবিধা-অসুবিধার কথা আমি আপনার সামনে রাখছি। আমাদের ওখানে য়ুরগ্রাম, তাওড়া, রামচন্দ্রপুর কলোনী আছে, সেই সমস্ত কলোনীতে কিছু কিছু উদ্বাস্তু বাস করছেন। তাঁদের যা কিছু কিছু জমিজমা আছে সেই জমিতে চাষের কোন ব্যবস্থা নেই। সেখানে ক্যানেল গেছে—কিন্তু ডাঙ্গা অঞ্চলে ক্যানেলের জল উঠে না, সেখানে লিফট ইরিগেশনের ব্যবস্থা করে চাষবাসের ব্যবস্থা করা উচিত এবং সেখানে পানীয় জলের যে অবস্থা তা দূরীকরণের জন্য তাড়াতাড়ি ব্যবস্থা অবলম্বন করা উচিত। আরও কিছু কলোনী আছে কাশিপুর কর্জনা প্রভৃতি সেখানে পানীয় জলের এমন দুরবস্থা, সেখানে লেখাপড়া শিক্ষার জন্য স্কুল নেই, সেদিকে দৃষ্টি রাখা দরকার। উদ্বাস্তু ভাইবোনদের ভাল করে সেট্‌ল করার জন্য আমাদের যেসব খাস জমি পড়ে আছে সেইসমস্ত খাস জমিগুলিতে তাঁদের অগ্রাধিকার দেওয়া উচিত যাতে কিছু কিছু খাস জমি দিয়ে তাঁদের বসবাসের ব্যবস্থা করা যেতে পারে। আমরা দেখেছি যে তাঁরা অত্যন্ত দুঃখকষ্টের মধ্যে দিন কাটাচ্ছেন, তা ভাষায় বর্ণনা করা যায় না নিজেরা ভুক্তভোগী হওয়া ছাড়া। এ সম্পর্কে বলি তাঁদের যে-কোন রকম সাহায্য দিয়ে তাঁদের মৃত্যুর কবল থেকে মুক্ত করে আমাদের নিজেদের মধ্যে ফিরিয়ে আনবার বিশেষ প্রয়োজন আছে। আমি বলতে চাই সেসব জায়গায় সব সময় খয়রাতি সাহায্য দেওয়া দরকার। এখন খয়রাতি সাহায্য প্রায় বন্ধ আছে। চালের দর এতো বেশী এবং মডিফায়েড রেশনে কোন রেশনের

ব্যবস্থা নেই, মডিফায়েড রেশন তাঁদের তাড়াতাড়ি দেওয়া দরকার-- তাঁরা অনেক দুঃখকষ্টে আছেন তাঁদের কেনবার ক্ষমতা অত্যন্ত কম। তাঁদের দিকে দৃষ্টি দেওয়া উচিত। তাঁদের মধ্যে যেসব দরিদ্র সম্প্রদায় আছেন তাঁদের স্থায়ীভাবে খয়রাতি সাহায্য সারা বছরের জন্য দেবার দরকার আছে। ১০০০ পরিবার যাঁরা জবরদখল কলোনীর মধ্যে আছেন, আমি বলবো সরকার আইন করে স্থায়ী-ভাবে সেই কলোনীগুলিতে তাঁদের বাসস্থানের ব্যবস্থা করে দিন। ওখান থেকে এখনই একজন বলছিলেন যে আমরা বিরোধীতা করছি কেন, কারণ হচ্ছে আগের যে সরকার ছিলেন তাঁরা বলে-ছিলেন যে এই যে দায়িত্ব এই দায়িত্বটা সারা ভারতবর্ষের দায়িত্ব বলে যদি মেনে নেওয়া যায় তাহলে তাড়াতাড়ি পুনর্বাসনের ব্যবস্থা হবে এবং পূর্ব বাংলা থেকে যাঁরা এসেছেন তাঁরা আমাদের মধ্যে স্থায়ীভাবে বসবাস করে আমাদের মধ্যে আসতে পারবেন। আপনারা তো তখন বিরোধিতা করেছেন এই বলে যে এটা স্টেটের দায়িত্ব—কারণ আপনারা জানতেন যে পশ্চিমবাংলার অধিবাসী-দের সঙ্গে যদি এ'রা মিশে যায় তাহলে আপনাদের আন্দোলন আর টিকিয়ে রাখতে পারবেন না-- কাজেই তাঁদের যদি বুভুক্ষু করে রাখতে না পারেন এবং তাঁদের পথে ফুটপাথে রাখতে না পারেন তাহলে আপনাদের বেঁচে থাকা অসম্ভব--সেইজন্য তাঁদের সমস্যার সমাধান যাতে তাড়াতাড়ি না হয় তারই জন্য আপনারা বিরোধিতা করেছিলেন। আমরা দন্ডকারণ্যে যে ব্যবস্থা করেছিলাম তাকে বানচাল করে দিয়ে আপনারা তাদের কলোনীতে জায়গা দিয়েছেন যাতে আপনাদের সুবিধা হবে। মন্ত্রিমহাশয় বলেছেন একটা কমিটির ব্যবস্থা করা হবে এবং তার মাধ্যমে সুন্দর পরিবেশের মধ্যে যাতে তাদের সমস্যার সমাধান করা যায় সে চিন্তা করা হবে। কিন্তু আমি বলবো আপনারা ফুড অ্যান্ড রিলিফ কমিটি করেছেন রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করবার জন্য, দয়া করে সেরূপ কমিটি করবেন না।

শ্রীনিরঞ্জন সেন: ছোট একটা কমিটি করা হয়ে গেছে।

শ্রীশান্তিময় হাজরা: যে কমিটি করেছেন সে কমিটির কোন চেহারার লোক নিয়ে হবে সেটা আমাদের পক্ষে জানা সম্ভব নয়, চাষের লোন, গৃহ লোন, ইত্যাদি লোনগুলি তাড়াতাড়ি দিয়ে দেবার ব্যবস্থা করুন যাতে তারা কাজ করতে পারে। আমি এ কথা বলবো, উদ্বাস্তুদের রাজ-নৈতিক খেলার পুতুল হিসাবে ব্যবহার করবেন না। আমাদের সঙ্গে একযোগে একভাবে আসুন চিন্তা করে দেখি কিভাবে উদ্বাস্তু সমস্যার সমাধান করতে পারি তাহলেই আবার বাংলাদেশ সোনার বাংলায় পরিণত হবে। আর তা যদি না করি তাহলে দীর্ঘনিঃশ্বাসে আমাদের পতন হবে। সেজন্য বলবো উদ্বাস্তু সমস্যার দিকে দৃষ্টি রেখে কাজ করুন। এ কটা কথা বলে বিরোধিতা করে শেষ করছি।

[5-30—5-40 p.m.]

শ্রীবিকেশচন্দ্র গুহ: অধ্যক্ষ মহোদয় পুনর্বাসন মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দ উত্থাপন করেছেন তা সমর্থন করতে গিয়ে প্রথমেই আমি যুক্তফ্রন্ট সরকারের মন্ত্রিসভা এবং বিশেষ করে পুনর্বাসন মন্ত্রীকে ধন্যবাদ দিচ্ছি। এই সর্বপ্রথম বহুদিন পর একটা ঘটনার দিকে তিনি আমাদের সকলের দৃষ্টি আকর্ষণ করেছেন। আমরা দেখেছি বহুদিন আগে কেন্দ্রীয় সরকার তার দপ্তর তুলে দিয়েছেন কারণ পুনর্বাসন সমস্যার সমাধান হয়ে গেছে। কিছু অবশিষ্ট অংশ আছে যাকে তারা বলেন রেসিডিওরি প্রবলেম। এই যে অপরাধ বা চক্রান্ত কেন্দ্রীয় সরকারের, তাকে সায় দিয়ে-ছিলেন আমাদের বাংলাদেশের সরকার। ১৯৬১ সালে একদিন তাঁরা আবিষ্কার করলেন অধিকাংশ বাস্তুহারার পুনর্বাসন হয়ে গেছে। তাদের যে খাতাপত্র ছিল তার যদি হিসাব দেখতেন তাহলে এ কথা বলার সাহস হোত না। কারণ রেসিডিওরি প্রবলেম বলে তারা মন্ত্রী দপ্তর তুলে দিয়ে বাস্তুহারাদের প্রবঞ্চনা করলেন ও বেনিফিট বন্ধ করে দিলেন। আমি বলবো এই প্রথম মন্ত্রী-সভার পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে প্রতিবাদ করা হয়েছে যে, পুনর্বাসন সমস্যার সমাধান হয় নি। এবং হয় নি বলে এই সমস্যার দিকে দৃষ্টি দেওয়া হয়েছে। কেন্দ্রীয় সরকার কি বাংলা সরকার এই রেসিডিওরি প্রবলেম সমাধানের জন্য ২১ কোটি টাকা ব্যয়বরাদ্দ করেছেন এর ভেতরে অধিকাংশ টাকা খরচ হয়ে গেছে—আছে বোধ হয় ৭-৮ কোটি টাকা। আমি হিসাব রাখবো এবং বিরোধী পক্ষের সদস্যারা যে কাটমোশান রেখেছেন তাতে তারা ব্যর্থতার দাবী করেছেন

যে সমস্যার সমাধান হয় নি-এবং তাঁরা বলছেন যে আমরা রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে কাজ করেছি বলে সমস্যার সমাধান হয় নি। আমি বলবো এটা সম্পূর্ণ অসত্য কথা। তারা যদি সমাধান করতে চাইতেন তাহলে সমস্যার সমাধান হতো। অতএব রাজনীতি তারাই করেছেন। শিয়ালদহ, হাওড়া, ইত্যাদি স্টেশন বা ভেগরেন্ট হাউস-এ কেউ পড়ে থাকতে চায় না সভ্য রাষ্ট্র বলে যারা দাবী করেন তারাই ক্যাম্প সাইট-এ টিউবওয়েল, ডাক্তারখানা বন্ধ করে দিয়ে বাস্তুহারাদের বাধ্য করেছেন মৃত্যুর দিকে নিয়ে যেতে। অতএব আমি জানি না কিভাবে এসব কথা বলতে পারেন। তারপর সত্যকারের কত লোকের পুনর্বাসন বাকি আছে তা বিচার বিবেচনা করার জন্য যুক্তফ্রন্ট সরকার কমিটি গঠন করেছেন। আমরা আমাদের সমিতির তরফ থেকে বহু দাবী রেখেছি এবং বলেছি ২০০-২৫০ কোটি টাকা প্রয়োজন হবে। বাস্তুহারা পুনর্বাসনের টাকা কেন্দ্রীয় সরকারের দেয় এবং সে টাকায় পুনর্বাসনের ব্যবস্থা করতে হয়। এটা জাতীয় দাবী, কিন্তু এই জাতীয় দাবীকে জরুরী অবস্থা হিসাবে এর যে সমাধানের কথা তাঁরা বলেছিলেন তা তারা করেন নি। আমি স্কোয়ার্টার্স কলোনীর কথায় দেখাব যে, যে টাকা মঞ্জুর হয়েছে তা অপচয় হয়েছে। এবার আমি দেখাবো রাজনীতি কারা করেছেন, স্কোয়ার্টার্স কলোনী কারা গঠন করেছেন। আমি বলবো বিরোধী পক্ষের লোকেরা করেছেন। যখন পুনর্বাসনের ব্যবস্থা হয় নি তখন জবরদখল করে এসব কলোনী হয়েছিল। ১৪৯টা এরকম কলোনী আছে। তাছাড়া ১৯৫০ সালের পর তৈরী হয়েছে আরো ২০০টা কলোনী। এ কলোনী কারা গঠন করেছিল আমরা করেছিলাম, কিন্তু সরকার স্বীকৃতি দিয়েছিলেন। ১৯৫২-৫৩ সালে স্বীকৃতি দেবার পর তাদের জমির দখল দেওয়া হয় নি। তাঁরা রেগুলারাইজেশান—অর্পণপত্র দিয়েছেন তাদের প্রোটেকশনের কথা আছে কিন্তু কোর্ট থেকে উচ্ছেদ করার নোটিশ দিয়েছেন। শহীদ নগর কলোনীতে ১৫টা প্লটে তারা অর্পণপত্র পেয়েছেন রেগুলারাইজেশান হয়েছে, কিন্তু কোর্ট থেকে উচ্ছেদের নোটিশ দিয়েছে, কিন্তু তাদের প্রোটেকশান দেন নি। আপনারা জেনেশুনে জবরদখল কলোনী করেছিলেন যাতে করে জমিদারদের বেশী দাম দিতে পারেন। তাদের পুনর্বাসনের টাইটেল দেবার ব্যবস্থা করেন নি। কমপেনসেশানের কথা রেখে দিয়েছেন এবং আজও নানাভাবে উচ্ছেদ চলছে। আপনারা আইনগতভাবে স্বীকার করে নিয়েছেন তারপর কেন টাইটেল দেন নি। বাংলাদেশের সরকারী কলোনীগুলিতেও আজ পর্যন্ত টাইটেল দেওয়া হয় নি, এর জন্য এই যে বেশী করে দাম জমিদারদের দিতে চান। আজকে তাই আমাদের দাবী হচ্ছে ১৯৩৯ সালের দামে জমির মূল্য দিতে হবে। আপনারা জানেন সংবিধান অ্যামেন্ডেড হয়েছে সেখানে রাজ্যসরকারের উপর দায়িত্ব ছিল কোন্ সালের দাম তারা দেবেন। যদি উত্তর প্রদেশের সরকার ১৯৩৯ সালের দাম দিতে পারেন আমাদের বাংলা সরকার কেন তা পারবেন না? কারণ ঐ টাকা বামপন্থীদের পকেটে যাবে না, ঐ টাকা যাবে জমিদারদের পকেটে। সেই জমিদার হচ্ছেন কংগ্রেসের পৃষ্ঠপোষক। ঐ দেবু চ্যাটার্জী, আনন্দিলাল পোদ্দার ও'রা হচ্ছেন সব কংগ্রেস পক্ষের লোক। ১৯৩৯ সাল থেকে এখন পর্যন্ত বাস্তুহারাদের জমির দখল দেওয়া হয় নি, অথচ হাজার হাজার লক্ষ লক্ষ টাকা ক্ষতিপূরণ আদায় করা হচ্ছে। আমি উদ্বাস্তুদের পক্ষ থেকে এই কথা বলছি এই জন্য যে, আজও তাদের পুনর্বসতি হয় নি। স্কোয়ার্টার্স কলোনীগুলিতে পুনর্বসতি দেবেন স্বীকার করে নিয়েছেন, একমাত্র কারণ হচ্ছে ঐ জমিদারদের পকেটে আরো বেশী করে টাকা দেবার জন্য। আজ যুক্তফ্রন্ট সরকার হয়েছে। তাদের আইনের ভিতর কাজ করতে হয়। তাদের উচ্ছেদ করার জন্য পুলিশ নিয়ে যাবে এটা আমরা জানি। এই সরকার আইন না করা পর্যন্ত আমাদের বাস্তুহারাদের উচ্ছেদ বন্ধ করতে হবে। কারণ, আমরা জানি যে সেই কলোনীগুলি যখন তারা গঠন করে তখন সেই গঠনের মুখেই তাদের গুলী করা হয়েছে এবং বিনা দোষে হাজার হাজার লোককে গ্রেপ্তার করা হয়েছে, এমনি রেগুলারাইজ করেন নি। আজও সেই সংগ্রাম চালাতে হবে। অনেকে বলেছেন পাঞ্জাবের উদ্বাস্তুরা দিল্লী দখল করেছিল, ঘেরাও করেছিল বলে তাদের পাঞ্জাবে পুনর্বসতি দেওয়া হয়েছে। যদি আমাদের এখানকার উদ্বাস্তুরা দিল্লী ঘেরাও করতে পারতো তাহলে হয়তো কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা আদায় করা যেত। তাই আমি বলবো আমাদের পুনর্বাসন মন্ত্রী ঠিক বলেছেন যে, পুনর্বাসন সমস্যার সমাধান হয় নি। এখন এই সমস্যার সমাধান করতে হলে, কেন্দ্রীয় সরকারের নিকট চাপ দিতে হবে। কংগ্রেসী বন্ধুরা অনেকে বলেছেন যে, এটা জাতীয় সমস্যা, যদি তাই হয়, তাহলে সকলকে আমি এই আবেদন জানাব যে,

আমরা একসঙ্গে কেন্দ্রীয় সরকারের কাছে এই সমস্যা সমাধানের জন্য দাবী জানাই আসুন। আমাদের দাবী কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যতক্ষণ পর্যন্ত আদায় না হচ্ছে ততক্ষণ পর্যন্ত মতই সমাধানের কথা বলি না কেন প্রকৃত পুনর্বাসন সমস্যার সমাধান কিছুতেই হতে পারে না। তাঁরা যা প্রতিশ্রুতি দিয়েছিলেন সেই প্রতিশ্রুতি রক্ষা করবেন এবং আমাদের সঙ্গে একসাথে মিলে দাবী করবেন কেন্দ্রীয় সরকারের কাছে যাতে করে আরো বেশী টাকা আদায় করা যায়। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

[5-40—5-50 p.m.]

শ্রীবৃন্দাবন চ্যাটার্জীঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমার কাটমোশান সমর্থন করতে উঠে আমি এই হাউসের সামনে কয়েকটি কথা বলতে চাই। আমি প্রথমেই এই কথা বলতে চাই যে আমাদের বিরোধী পক্ষের একজন সদস্য বলেছেন যে কংগ্রেস পার্টিসান করেছেন, অতএব টাকা দেবেন না তাঁরা। আমি তাঁদের কাছে এই কথা বলতে চাই যে, মুশলীম লীগকে সুড়সুড়ি দিয়েছিল পার্টিশান করার জন্য ভারতের এই কমিউনিস্ট পার্টি, পুরানো মেম্বার যাঁরা আছেন তাঁরা এই কথা সকলেই জানেন। স্বাধীনতার কথা যখন উঠে নি তখন থেকেই তাঁরা পাকিস্তানের কথা তুলেছিলেন। আজকে আমি এই কথা বলতে চাইছি যে, পশ্চিমবাংলায় সুষ্ঠুভাবে উদ্বাস্তু পুনর্বাসন হয় নি এটা স্বীকার্য। আপনারা সকলে জানেন যে দেশ পার্টিশন হবার পর যখন উদ্বাস্তু ভাইবোনেরা দলে দলে পশ্চিমবাংলায় তাদের সাতপুরুষের ভিটা ছেড়ে এবং নিজের নিজের সংসার, চাকুরী, ওকালতি, ডাক্তারী ছেড়ে এই দেশে এসেছিলেন এবং অনেকে যখন ক্যাম্প-এর জীবনযাপন করছিলেন তখন তৎকালীন কংগ্রেস সরকার এদের একটা অর্থনৈতিক পুনর্বাসন দেবার পরিকল্পনা করেছিলেন। যাঁরা পুরানো সদস্য বা পুরানো লোক আছেন তাঁরা জানেন যে সেখানে এই কংগ্রেস সরকার ইউনিয়ন বোর্ডকে নির্দেশ দিয়েছিলেন যে, পশ্চিমবাংলার প্রতি ইউনিয়ন-এ যেসমস্ত গ্রাম আছে, যে গ্রামে বিভিন্ন বৃত্তিধারী লোকের দরকার সেই সমস্ত গ্রামকে স্বাবলম্বী করবার জন্য নির্দেশ দিয়েছিলেন এবং কলোনীতে তাঁরা একটা সার্ভে করেছিলেন যে, উদ্বাস্তুদের মধ্যে কি কি বৃত্তিধারী লোকের অভাব আছে। কারণ পশ্চিমবাংলার প্রতিটি গ্রামে গ্রামে অর্থনৈতিক পুনর্বাসন দেওয়া হবে। যে গ্রামে কুম্ভকারের অভাব আছে তাকে সেখানে বসানো হবে, যেখানে কর্মকারের অভাব আছে তাকে সেখানে বসানো হবে, এই রকম একটা পরিকল্পনা তাঁরা গ্রহণ করেছিলেন। সেই পরিকল্পনা যদি উদ্বাস্তু নেতারা গ্রহণ করতেন তাহলে তাদের অর্থনৈতিক পুনর্বাসন হতো। কিন্তু আজকে যে মন্ত্রিমহাশয় এখানে বাজেট উত্থাপন করেছেন বা তাঁর দলের লোকেরা সেটাকে বানচাল করে দিয়েছিলেন। আজকে পার্টিশন হবার পর থেকে এই উদ্বাস্তুদের রাজনৈতিক কাজে এই দলের লোকেরা লাগিয়েছেন। কারণ তারা জানেন যে, উদ্বাস্তুদের মধ্যে ক্ষোভ আছে, দাবি আছে, অভিযোগ আছে, দারিদ্র আছে, এই সুযোগে তাঁরা তাঁদের রাজনৈতিক উদ্দেশ্য হাসিল করেছিলেন এবং কয়েক বছর ধরে প্রতি মুহূর্তে তাদের ধরে মিছিল করেছেন, সভা সমিতি করেছেন, হল্লা করেছেন, একথা অনেকেই জানেন। আজকে এই বাজেট দেখে আমার মনে হচ্ছে যে উদ্বাস্তু বন্ধুবা বেশীর ভাগ যে দলকে সমর্থন করে এবং যাদের জোরে সরকার গঠন করেছিলেন, সেই দলের মন্ত্রী তাদের সম্বন্ধে বিশেষ কোন পরিকল্পনার কথা এই বাজেটের মধ্যে দেখাতে পারেন নি। আজকে প্রতি মুহূর্তে ১৮ বছরের কথা তুলছেন এবং ভারত সরকারের কথা তুলছেন, কিন্তু এই উদ্বাস্তু বন্ধুদের জন্য গ্রামে এখনও যারা না খেতে পেয়ে মারা যাচ্ছে তাদের জন্য এখানে যদি খাদ্যের ব্যবস্থা করতে পারতেন, সস্তায় চালের ব্যবস্থা করতে পারেতেন, প্রচুর গভর্নমেন্ট রিলিফ দেবার ব্যবস্থা করতে পারতেন, তাদের অনেক জায়গায় টেস্ট রিলিফের দ্বারা ভাল ভাল কাজের পরিকল্পনা গ্রহণ করতে পারতেন, তাহলে ভারত সরকারের কাছ থেকে টাকা আনবার দরকার ছিল না—আজকে এটা করতে পারতেন। তাঁরা কিন্ত সেটা করেন নি। আজকে সকলেই জানেন যে, সামান্য এই কলকাতায় এবং কলকাতার শহরতলীতে যারা দুই কেজি এক কেজি করে চাল নিয়ে বিক্রি করতো, তাদের উপর আগেকার সরকার জুলুম করেছে, এখনও এই সরকারের পুলিশও অত্যন্ত জুলুম করছে। সেই সমস্ত দরিদ্র নারীদের উপর আজকে নির্যাতন হচ্ছে, সেই জন্য তাদের যাতে কিছু কিছু অর্থনৈতিক পুনর্বাসন হয়, তাদের দারিদ্রতা যাতে কিছুটা লাঘব হয় সেই জন্য আজকে মন্ত্রিমহাশয়কে

সচেষ্ট হতে হবে। আর একটি কথা আপনার মাধ্যমে নিবেদন করতে চাচ্ছি যে, এখানে আমার কেন্দ্রে মহানদীর বারুজীবী কলোনী আছে, সেই কলোনীতে এপনও বহু বারুজীবী জমি পায় নি। আপনারা চেষ্টা করবেন যাতে সেই বারুজীবীরা জমি পায়। আপনারা সকলে জানেন যে মগরাহাট থানার শঙ্খ কলোনীতে এখনও বারুজীবী সম্প্রদায়ের পুনর্বসতি হয়েছে কিন্তু সেখানে বারুজীবীরা তাদের প্রয়োজনীয় জমি পায় নি। তারপর রবীন্দ্রনগর কলোনীর বহু উদ্বাস্তু এখনো পুনর্বসতি পায় নি এবং তারা যে জমিতে বসবাস করছে, সেই জমিতে মানুষ বাস করতে পারে না। তারা যাতে সুষ্ঠু পুনর্বসতি পায় তার জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং একথাও বলছি আপনি যদি সার্ভে করেন তাহলে দেখতে পাবেন প্রতি কলোনীতে বহু প্লট খালি পড়ে আছে এখনো সেই খালি প্লটে নূতন নূতন উদ্বাস্তুকে পুনর্বসতি যাতে আপনি দিতে পারেন তার জন্য চেষ্টা করবেন। আর বহু কলোনীতে টিউবওয়েল অকেজো হয়ে পড়ে আছে। ফলে তারা প্রয়োজনীয় পানীয় জল পাচ্ছে না। পঞ্চায়েতের মাধ্যমে তা নিতে গেলে যে লোকাল কন্ট্রিবিউশন দিতে হবে, তা তাদের পক্ষে দেওয়া সম্ভব নয়। তারা এত দরিদ্র যে, তারা সেই লোকাল কন্ট্রিবিউশন দিতে পারবে না। মন্ত্রিমহাশয়কে তাদের জন্য প্রয়োজনীয় পানীয় জল সরবরাহ করবার জন্য অনুরোধ জানাচ্ছি।

এই কথা বলে এই বাজেট বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

ডঃ গোপিকারঞ্জন মিত্রঃ মাননীয় স্পীকার মহাশয়, আজকে রিফিউজী মন্ত্রী যে ব্যয়বরাদ্দ এখানে রেখেছেন, আমি তার বিরোধিতা করছি এবং যে দুটো কাটমোশান দিয়েছি তাও আমি মুভ করছি। আমার কাটমোশানে দুটো ক্যাম্পের কথা লেখা আছে—একটা হচ্ছে ঢাকেশ্বরী সুবর্ণনগর ক্যাম্প, আর একটা হচ্ছে মহিশীলা তিন নম্বর ক্যাম্প। মন্ত্রিমহাশয় নিজে সেখানে গিয়েছিলেন, সেখানকার লোকের অবস্থা তিনি দেখে এসেছেন এবং সেই অবস্থাতে আজো তারা পড়ে আছে, সেই সমস্যাগুলো আজও সেখানে রয়ে গিয়েছে। আশা করি সেই সমস্যাগুলি তিনি দূর করবার চেষ্টা করবেন। এই কাটমোশানের মাধ্যমে সেই দিকে তাঁর দৃষ্টি আকর্ষণ করবার চেষ্টা করছি।

বাংলাদেশে বহু সমস্যা আছে, তা অস্বীকার করি না। বাংলাদেশে খাদ্য সমস্যা রয়েছে, বাংলাদেশে বেকারীর সমস্যা রয়েছে, বাংলাদেশে নানা দিক থেকে নানা সমস্যা রয়েছে। সেই সমস্যার উপর আবার এই উদ্বাস্তু সমস্যার উদ্ভব হলো যখন ভারতবর্ষ স্বাধীন হলো। আমরা প্রায়শঃ শুনি পাঞ্জাব যখন ভাগ হয়েছিল, সেখানে যারা রিফিউজি হয়েছিল, যারা এখানে এসেছিল, তারা খানিকটা নিজেদের প্রচেষ্টায়, খানিকটা সরকারী প্রচেষ্টায় নিজেদের পুনর্বাসনের ব্যবস্থা করে তারা নিয়েছে। আজকে সেখানে উদ্বাস্তু সমস্যা আছে বলে আর মনে হয় না। আব বাংলাদেশে কি হয়েছিল ? বাংলাদেশের সমস্ত উদ্বাস্তু দেশ ভাগ হবার পরপরই এদেশে একেবারে আসেনি। বাংলাদেশে এই উদ্বাস্তুরা বারে বারে এসেছে বিভিন্ন সময়ে, ওখানে তাদের উপর নির্যাতন হয়েছে, ওখান থেকে নানাভাবে তাদের তাড়িয়ে দেবার প্রচেষ্টা হয়েছে তার ফলে তাবা এখানে এসেছে এবং এইভাবে এই উদ্বাস্তু সমস্যার উদ্ভব হয়েছে, এক সঙ্গে একেবারে না আসার জন্য। তার জন্য সুষ্ঠু পরিকল্পনাও হয় নাই। বহু লোক, সব লোক যদি এক সঙ্গে আসতো, তাহলে তাদের জন্য একটা পরিকল্পনা করা যেত। বাংলাদেশে যেভাবে উদ্বাস্তু সমস্যার উদ্ভব হয়েছে, সেরকম অন্য কোন দেশে হয় নাই। তারা একবার এখানে এসেছে, আবার তারা ফিরে যাবার চেষ্টা করেছে। আবার সেখানে বাস করা অসম্ভব হয়ে পড়েছে, আবার এদিকে ফিরে এসেছে। সেই জন্য এত বৃহৎভাবে ও জটিলভাবে এই উদ্বাস্তু সমস্যার উদ্ভব হয়েছে। তা আমরা লক্ষ্য করে দেখেছি। এই সমস্যা সম্বন্ধে আমরাও বারে বারে বলছি। কিছু কিছু বক্তা যা বলেছেন কংগ্রেস সরকার সম্বন্ধে, তা আদৌ সত্য নয়। পূর্বতন সরকারকেও আমরা বারে বারে বলেছি যে, এই উদ্বাস্তু সমস্যা শুধু একা বাংলারই সমস্যা নয়। এই সমস্যা সারা ভারতের সমস্যা। স্বাধীনতা আন্দোলনের জন্য যে সমস্যা আমরা পেয়েছি, তা ভারতবর্ষের সমস্ত রাজ্যকে মেনে নিতে হবে এবং সমস্ত রাজ্যকেই তার অংশীদার হতে হবে। এই কথা কংগ্রেস সরকারকে আমরা বারে বারে বলেছিলাম এবং সেই অনুসারে সেন্ট্রাল গভর্নমেন্টের উপরও চাপ দেওয়া হয়েছে। আমরা আরো বারে বারে তাদের বলেছিলাম—এই সমস্যাকে কেবল [illegible]

নিজস্ব সমস্যা বলে বাংলার উপর চাপিয়ে দিলে বাংলাদেশের উপর অন্যায় করা হবে, অবিচার করা হবে। এই সমস্যা উদ্ভূত হয়েছে ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনের জন্য। আমরা প্রতিজ্ঞাবদ্ধ, যারা ওদিক থেকে আসবে, তাদের প্রত্যেককে আমরা আপনজনের মত গ্রহণ করবো এবং এই সমস্যা সমাধানের জন্য আমরা প্রতিজ্ঞাবদ্ধ হয়েছিলাম। এই জন্য নানাভাবে এর সমাধানের প্রচেষ্টা হয়েছে বিহার, ইউ-পি-তে ও অন্যান্য বহু প্রদেশে এই উদ্বাস্তুদের পুনর্বাসন দিয়ে বসাবার চেষ্টা হয়েছে।

[5-50—6 p.m.]

কিন্তু দুঃখের সঙ্গে বলতে হচ্ছে সেই সব প্রদেশগুলির যে সহযোগিতার মনোভাব নিয়ে, যেভাবে এই উদ্বাস্তু সমস্যাটিকে একটি সর্বভারতীয় সমস্যা হিসাবে নেওয়া উচিত ছিল, তাঁদের সেই মনোভাব দেখতে পাই নি। তার সঙ্গে সঙ্গে এটাও অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হয়, যখন এই সমস্যাকে সমাধানের জন্য কংগ্রেস সরকার, তার সীমিত অর্থ-সংগতি নিয়ে আপ্রাণ চেষ্টা করছিলেন, তখন কিছু কিছু রাজনৈতিক খেলাও এই বাংলাদেশের উদ্বাস্তুদের নিয়ে হয়েছে, যার জন্য আজকে পশ্চিমবাংলায় তাদের পুনর্বসতি পূর্ণভাবে করা সম্ভব হয় নি। এটা অস্বীকার করবার উপায় নেই যে, আজকে সমস্যা অন্যরকম হয়ে গিয়েছে। যাঁরা একদিন রাজনীতির খেলা খেলতেন, তাঁরা আজকে এই রাজ্যের শাসনভার পেয়েছেন, আর যাঁরা পুনর্বাসন সমস্যা সমাধানের জন্য আপ্রাণ চেষ্টা করতেন, তাঁরা বিরোধী দল হয়ে এখানে এসেছেন। তাই আমি আশা করবো আগেকার পরিপ্রেক্ষিতে যে অবস্থা সৃষ্টি হয়েছিল, তাতে নিশ্চয়ই পুনর্বাসন মন্ত্রীকে সকল প্রকার প্রতিজ্ঞা, প্রতিশ্রুতি আমাদের দিক থেকে দিতে পারি, তিনি যে প্রচেষ্টাই চালাবেন কেন্দ্রের কাছ থেকে অর্থ আনবার জন্য, তাতে আমরা তাঁদের সাহায্য করবো। সাহায্য করবো অন্য কোন কারণে নয়, একথা সত্য যে পশ্চিমবঙ্গের উদ্বাস্তু সমস্যা যদি আমরা সমাধান করতে না পারি, আমাদের শিক্ষার ব্যাপারে, স্বাস্থ্যের ব্যাপারে, শিল্পের ব্যাপারে, এটা যদি সমস্যা হিসাবে থাকে, তাহলে নিশ্চয়ই পশ্চিমবঙ্গ কোনপ্রকার উন্নতি লাভ করতে পারবে না। তিনি এই সমস্যা সমাধানের জন্য যে প্রচেষ্টা চালাবেন, তাতে সকলের সমর্থন ও সাহায্য একান্ত আবশ্যক। আমাদের এই যে সীমিত চেষ্টা, এর দ্বারা একা কোনদিন এই সমস্যা সমাধান করা যাবে না। আমি একথা বলতে পারি যে এমন অনেক ছোটখাটো দেশ আছে, যারা দ্বিতীয় যুদ্ধের সময়, একটা দেশ ছেড়ে আর একটা দেশে আসতে বাধ্য হয়েছে, সেই দেশ এই ধরনের সমস্যার সম্মুখীন হয় নি। এইভাবে যুক্তফ্রন্ট সরকার তাঁর সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে উদ্বাস্তু সমস্যা সমাধানের জন্য যে প্রচেষ্টা চালাবেন সেই প্রচেষ্টায় আমরা কংগ্রেস কর্মীরা সকল প্রকারে সাহায্য করবো, আর তাকে বানচাল করবার জন্য চেষ্টা করবো না। আমি একথা ওঁদের স্মরণ করিয়ে দিতে চাই যে, ওঁরা বক্তৃতার মাধ্যমে কংগ্রেস পার্টির বিরুদ্ধে যেসব কথা বলেছেন এবং কংগ্রেস কর্মীর বিরুদ্ধে যে অপবাদ চালানো হচ্ছে যে তারা এই যুক্তফ্রন্ট সরকারকে যে কোন প্রকারে ভেঙ্গে দিতে চায়, এ কথা সত্য নয়। যদি কেউ এই যুক্তফ্রন্ট সরকারকে ভেঙ্গে দিতে চায়, তাহলে আমি বলবো, সে হচ্ছে ওঁদেরই শরিক। (নয়েজ অ্যান্ড ইন্টারাপ্‌শানস) মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে স্মরণ করিয়ে দিতে চাই আজ যুক্তফ্রন্ট সরকারের মধ্যে যে শরিক দল, এই আওয়াজ তুলেছে যে, এই যুক্তফ্রন্ট সরকারকে ভেঙ্গে দেওয়া হোক, পশ্চিমবঙ্গের বিধানসভাকে ভেঙ্গে দেওয়া হোক, সে হচ্ছে, ঐ সুন্দরায়া, প্রমোদ দাশগুপ্ত। লোকসভার মধ্যেও সেই আওয়াজ তুলেছে শ্রীরামমূর্তি। যাঁরা এই বিধানসভা ও লোকসভাকে ভেঙ্গে দিতে চেষ্টা করছেন, তাঁরা কি প্রেসিডেন্ট রুল চাচ্ছেন? (এ ভয়েসঃ আপনারা নিশ্চয়ই আমাদের সরিয়ে দিতে চান।) যে ভদ্রলোক এই কথা বলছেন, তাকে আমি স্মরণ করিয়ে দিতে চাই কংগ্রেস নিশ্চয়ই আপনাদের সরিয়ে দিতে চায়, কিন্তু তা নিশ্চয় নিয়মতান্ত্রিক পথে, এবং তার জন্য যতদিন তাঁদের অপেক্ষা করতে হবে, ততদিন তারা তা করবে। (তুমুল হট্টগোল।) মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে এ কথা জোর করে বলতে পারি যে ভদ্রলোক বড় বড় কথা বলে চীৎকার ও চক্রান্ত করছেন, তিনি তা করুন, কিন্তু বাংলাদেশের সমস্ত লোক জানে, রাজনৈতিক কোন দল আজ বিধানসভাকে ভেঙ্গে দেবার জন্য আওয়াজ তুলেছে এবং এখানে রাষ্ট্রপতির শাসনের কথা বলছেন। এ দেশের বর্তমান শাসনব্যবস্থা ভেঙ্গে দিতে চায়, সে কথা আমাদের পক্ষ বা দল থেকে ওঠেনি। যে বক্তব্য উঠেছে যুক্তফ্রন্ট সরকারের শরিকের মধ্য থেকে আমার বলার মূল উদ্দেশ্য হচ্ছে এই যে

আপনারা সমস্যা সমাধানের ভার পেয়েছেন, আপনারা নিজেদের প্রচেষ্টার দ্বারা এই সমস্যার সমাধান করবার চেষ্ট করুন, আমাদের কংগ্রেসের তরফ থেকে যতটুকু সাহায্য দিলে হয় আমরা তা দিতে চেষ্টা করছি। কিন্তু আজ নিজেদের মধ্যে ঝগড়া করবেন, নিজেদের মধ্যে লড়াই করবেন আর কংগ্রেসের ঘাড়ে দোষ দেবেন এ দিয়ে বাংলাদেশের মানুষকে বোঝানো যাবে না। আমি মন্ত্রিমহাশয়কে ব্যক্তিগতভাবে জানি, আমি দেখেছি তিনি কি পরিশ্রমের সঙ্গে এই সমস্যার সমাধান করার চেষ্টা করছেন। আমরা বারে বারে একটা কথা বলতে চাই যে, আপনারা যদি এই সমস্যার সমাধানের জন্য সার্থকভাবে চেষ্টা করেন যদিও এটা নিয়ে রাজনীতি হয়, আমার এক বন্ধু ঘেরাও-এর কথা বলছিলেন, এই উদ্বাস্তু নিয়ে নিজেরা ক্ষমতা পাওয়ার পরেও আন্দোলনের কথা বলে-ছিলেন কিন্তু আমি বলে যাচ্ছি আপনারা যে প্রচেষ্টা চালাবেন আমাদের দিক থেকে সেই প্রচেষ্টায় পূর্ণ সহযোগিতা আমরা দেব এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-00—6-10 p.m.]

শ্রীনাথানিয়াল মুর্মু: মিঃ স্পীকার স্যার, মাননীয় উদ্বাস্তু পুনর্বাসন মন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবী উপস্থাপিত করেছেন সেটা সমর্থন করতে গিয়ে আমি কয়েকটি কথা এই হাউসের সামনে রাখতে চাই। তিনি উদ্বাস্তু মন্ত্রী হিসাবে শপথ গ্রহণ করার কয়েকদিন পরে আমরা জানতে পেরেছিলাম যে রাইটার্স বিল্ডিং এবং অন্যান্য জায়গায় যেখানে উদ্বাস্তু পুনর্বাসন সংক্রান্ত কাগজপত্র আছে সেখানে সেই কাগজপত্র পাচার করার একটা চেষ্টা হয়েছিল এবং এই কাগজপত্র পাচার করার সময় হাতে নাতে কয়েকটি লোকও ধরা পড়েছিল। পরে অবশ্য বিবৃতি মারফত তাঁরা জানিয়েছিলেন যে সেই কাগজপত্রে ময়লা ধুলো পড়েছিল, সেজন্য নাকি সেগুলিকে ঝাড়া মোছা করা হচ্ছিল। কিন্তু ঘটনা তা নয়। রিলিফ ডিপার্টমেন্টের যেরকম দুর্নীতি কংগ্রেস শাসনে চলেছে এবং রিলিফের টাকা নিয়ে যেভাবে ছিনিমিনি খেলা হয়েছে, বাস্তুহারা পুনর্বাসনের নাম করে যে লক্ষ লক্ষ কোটি কোটি টাকা পশ্চিমবঙ্গে খরচ করা হয়েছে তার অনেক টাকাই লুট-পাট করে কংগ্রেসী বড় কর্তারা ভাগ বাঁটোয়ারা করে নিয়েছেন। কাজেই আমি প্রথমে উদ্বাস্তু মন্ত্রীর কাছে আবেদন জানাবো এই বিভাগে বিগত দিনের যে দুর্নীতি আছে, যে কোটি কোটি টাকা নিয়ে ছিনিমিনি খেলা হয়েছে তার সম্পর্কে তিনি যেন তদন্তের ব্যবস্থা করেন এবং আমাদের রিলিফ কমিটি যেভাবে প্রতিশ্রুতি দিয়েছেন দুর্নীতির সঙ্গে সংশ্লিষ্ট যিনিই হোন না কেন তার বিরুদ্ধে তিনি কঠোর ব্যবস্থা অবলম্বন করবেন, আমরা আবার উদ্বাস্তু মন্ত্রীর মুখ থেকে সেই প্রতিশ্রুতি শুনতে চাই। মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমি বিশেষ কিছু বলবো না। আমি একটি বিষয়ে পুনর্বাসন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি বাজেট পেশ করার সময় প্রারম্ভিক বক্তৃতায় যাদের কথা কিছু বলেন নি তারা হচ্ছে পাকিস্তানের ছিট মহল। রংপুর জেলা, কোচ-বিহারের এই ছিটমহল থেকে যে সমস্ত উদ্বাস্তুরা ভারতবর্ষে এসেছে পশ্চিম দিনাজপুর, জল-পাইগুড়ি জেলায় এই আগন্তুক উদ্বাস্তুদের পুনর্বাসনের কোন ব্যবস্থা আজ পর্যন্ত হয় নি। বিগত কংগ্রেস সরকারের আমলে ত হয়ই নি, যুক্তফ্রন্ট সরকার ৩-৪ মাস ধরে যে শাসন ক্ষমতায় আছেন এই সময়েও কিছু হয় নি। এই ছিটমহল উদ্বাস্তুদের সম্পর্কে প্রতিশ্রুতি দেওয়া হয়ে-ছিল যে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা হবে কিন্তু আজকে তারা পশ্চিম দিনাজপুর জেলার ইসলামপুর মহকুমায় পথেঘাটে ঘুরে বেড়াচ্ছে, জলপাইগুড়ি জেলার ফাঁসিদেওয়া, নকশালবাড়ি, পশ্চিম দিনাজপুরের রায়গঞ্জ থানায় এইসমস্ত উদ্বাস্তুরা শিয়াল কুকুরের মত পথেঘাটে ঘুরে বেড়াচ্ছে। আমি পুনর্বাসন মন্ত্রীর কাছে অনুরোধ জানাবো এই পাকিস্তানী এনক্লেভ থেকে যেসব উদ্বাস্তুরা এসেছে, রাজনৈতিক কারণে ওখান থেকে যাদের উৎসাধন করা হয়েছে তাদের পুনর্বাসনের সম্পূর্ণ দায়িত্ব এই সরকার যেন গ্রহণ করেন। আমার দ্বিতীয় বক্তব্য হচ্ছে কেন্দ্রীয় সরকার কয়েক বছর আগে বাস্তুহারা সমস্যার সমাধান হয়েছে বলে ঘোষণা করেছেন এবং বাস্তুহারাদের বিভিন্ন সুযোগ সুবিধা সম্পূর্ণ বন্ধ করে দিয়েছেন। কিন্তু আজকে এই হাউসে আলোচনায় ওপক্ষের মাননীয় সদস্যরা এবং আমরা সকলেই একথা স্বীকার করেছি যে বাংলাদেশে উদ্বাস্তুদের পুনর্বাসন হয়নি এবং যদি না হয়ে থাকে তাহলে তাদের পুনর্বাসন যতদিন না হচ্ছে ততদিন তাদের সেই সুযোগ সুবিধাগুলি দেওয়া দরকার। উদ্বাস্তুদের আজকে অনেকেরই ঘর নেই, গাছতলায় পড়ে আছে, বিভিন্ন ক্যাম্পে পড়ে আছে, স্টেশনের প্ল্যাটফর্মে পড়ে আছে, তাদের মানুষ

হিসাবে তৈরী করার দায়িত্ব আমাদের। তাই আমি অনুরোধ করবো শুধু তাদের পেট ভরে খেতে দিলে হবে না, দুটো কুঁড়ে ঘর করে দিলে হবে না, তাদের লেখাপড়ার দায়িত্ব আমাদের **সরকারের উপর ন্যস্ত আছে। আমি তাই পশ্চিমবঙ্গ সরকারের কাছে আবেদন জানাবো ১৯৬২ সাল থেকে যেসমস্ত উদ্বাস্তু ছাত্রদের স্টাইপেন্ড বন্ধ করে দেওয়া হয়েছে সেটা আবার আজকে** যুক্তফ্রন্ট সরকার যেন নূতন করে চালু করেন। এটা যদি না করা হয় তাহলে গরীব উদ্বাস্তু ছাত্রছাত্রীরা যদিও পুনর্বাসন পায় তাহলেও তারা হয়ত সাধারণ পশুর মত খেয়ে-পরে বেঁচে থাকবে, কিন্তু তারা শিক্ষিত হবে না, উপরের দিকে এগিয়ে যেতে পারবে না এবং ভারতবর্ষের অন্যান্য এলাকার সাধারণ নাগরিকের মত কোন সুযোগ পাবে না, তারা পিছনে পড়ে থাকবে। সেজন্য আমি বলি তফশীলি জাতি এবং উপজাতিদের জন্য যেরকম স্টাইপেন্ডের ব্যবস্থা আছে, **স্কলারশিপের ব্যবস্থা আছে তাদের জন্যও যেন এইরকম স্কলারশিপের** ব্যবস্থা করেন। **মিঃ স্পীকার, স্যার, আমার শেষ বক্তব্য হচ্ছে এই** উদ্বাস্তুদের যে ডেফিনিশন ডিসপ্লেসড পার্সন বা **রিফিউজি এই** ডেফিনিশনের ক্ষেত্রে আর একটি বিষয় যোগ করার কথা বলছি। এই রেফিউজি **একবার পুনর্বাসন পেয়েছিল আবার তারা রিফিউজি হয়েছে। যেহেতু মুর্শিদাবাদ জেলার জংগীপুর মহকুমার কিছু রিফিউজি পদ্মার ধারে বাড়ি করেছিল, পদ্মা ভাঙ্গানের কথা আপনি** জানেন, স্পীকার মহাশয়, তাদের ঘরবাড়ি আবার পদ্মায় গ্রাস করে নিয়েছে, ফলে তারা আবার উদ্বাস্তু হয়েছে। এই জাতীয় উদ্বাস্তুদের সম্পর্কে দ্বিতীয়বার পুনর্বাসনের ব্যবস্থা করা যায় কিনা সে সম্পর্কে মন্ত্রিমহাশয় যেন বিবেচনা করেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই উদ্বাস্তু সমস্যা নিয়ে এখানে দুর্নীতির কথা আমি অনেক বলেছি, আমার পশ্চিম দিনাজপুর জেলার উদ্বাস্তু সংক্রান্ত যে টাকাপয়সা সেটা নিয়ে যেভাবে ছিনিমিনি খেলা হয়েছে তার আমার কাছে কিছু নজীর আছে বিধানসভায় তা পেশ করার আমার সময় নেই, আমি শুধু মাত্র একটি ঘটনা বলতে চাই এবং বাকীগুলির সম্বন্ধে পুনর্বাসন মন্ত্রীকে লিখিতভাবে জানাবো এবং আমি দাবী করবো এ সম্পর্কে তিনি যেন তদন্ত করেন। কংগ্রেসের যিনি সভাপতি এবং এই হাউসের যিনি সদস্য মাননীয় মহাপ্রাণে বোস এর সংগে সংশ্লিষ্ট। আমি এই কথা বলতে চাই যে, বাস্তুহারা পুনর্বাসন দপ্তর থেকে বালুরঘাট শহর বাস্তুহারা অধ্যুষিত বলে তাকে নদীর হাত থেকে রক্ষা করার জন্য এমব্যাংকমেন্ট করা হল। কিন্তু বাস্তুহারারা যে এলাকায় পুনর্বাসন পেয়েছে সেই উত্তর এলাকার বেলতলা পার্কে বাঁধ না দিয়ে মহাবাজাবাবু তাঁর নিজের বাড়ির পাশ দিয়ে এম-ব্যাংকমেন্ট করেছেন কয়েক লক্ষ টাকা খরচ করে, যার ফলে সেখানে যখন বন্যা হয় তখন মহাবাজা-বাবুর বাড়ি বন্যা থেকে বেঁচে যায় কিন্তু বেলতলার উদ্বাস্তুদের বাড়িঘর বন্যায় বিপর্যস্ত হয়। আমি অনুরোধ করবো আপনি এ সম্পর্কে তদন্ত করবেন এবং এই যে কয়েক লক্ষ টাকা অপচয় **করা হয়েছে এর জন্য যারা দায়ী তাদের কঠোর শাস্তিবিধানের ব্যবস্থা করবেন।**

শ্রীব্যোমকেশ মজুমদারঃ মাননীয় স্পীকার মহাশয়, পশ্চিমবাংলায় উদ্বাস্তু সমস্যা অত্যন্ত গুরুতর সমস্যা এবং এ সম্বন্ধে এখানে যেভাবে আলোচনা হয়েছে তাতে সেই আলোচনায় যোগ দিয়ে আমি আর বেশী সময় নেবো না। তার কারণ উদ্বাস্তু মন্ত্রী শ্রী সেন উদ্বাস্তুদের সম্বন্ধে অত্যন্ত সহানুভূতিশীল এটা আমি লক্ষ্য করেছি। কিন্তু কয়েকটি জিনিস যদিও কয়েক দিনের মধ্যে আশা কেউ করে না যেসমস্ত দূর হয়ে যাবে তবে কয়েকদিনের মধ্যে কয়েকটি জিনিস করা অত্যন্ত প্রয়োজন যা না হলে উদ্বাস্তুরা স্রেফ দাঁড়িয়ে মৃত্যুমুখে পতিত হবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আমাদের স্ট্যাটুটরী রেশন এলাকার সংলগ্ন যেসমস্ত এলাকা সেগুলিকে মডিফায়েড রেশন দেয়া হয় এই কারণে যে সেখানকার অধি-বাসীদের জমি আছে কিন্তু উদ্বাস্তুদের এক ছটাকও জমি নেই, অথচ সেখানে রেশন পাবার কোন ব্যবস্থা নেই। যদি এদের এই কয়েকমাস কোনরকমে কিছু দেয়া যায় তবে তারা প্রাণে বাঁচবে এটা **আমার ধারণা এবং উভয় পক্ষের সদস্যারাই এ সম্বন্ধে একমত। আজকে এই সমস্ত উদ্বাস্তু** কলোনীগুলো যদিও স্ট্যাটুটারী রেশন এলাকার বাইরে, কিন্তু তাহলেও সেসব এলাকা আর্বান **কলোনী বলে অভিহিত। আজকে যে পরিস্থিতি হয়েছে, অর্থাৎ খোলা বাজারে যখন ছোলা ভুট্টা, মকাই কিনতে পাওয়া যায় না—আরও পেলেও অত্যন্ত দর, সেই পরিস্থিতিতে বহু পরিবার যে উপবাসে দিন কাটাচ্ছে সে বিষয়ে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এই বলে যে, তিনি যেন সেসব অঞ্চল ঘুরে দেখে আসেন। যদি তিনি বলেন এটা তাঁর এক্তিয়ারের বাইরে**

তাহলে আমি বলব এটা তাঁর বিভাগের একটা অত্যন্ত জরুরী বিষয়। এ বিষয়ে যদি অন্য বিভাগের সঙ্গে আলোচনা করতে হয় তাহলে সত্বর যাতে তা করা হয় তার ব্যবস্থা করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। তারপর আর একটা বিষয়ের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি, সেটা হল যেসমস্ত শহরতলীতে এই সমস্ত উদ্বাস্তু কলোনীগুলি হয়েছে তার আশেপাশে বহু ব্যবসার কেন্দ্র এবং কলকারখানা গড়ে উঠেছে, এই কলকারখানাগুলি গড়ে ওঠার ফলে সেই সমস্ত উদ্বাস্তু পরিবার-গুলির জীবন বিপন্ন হয়ে পড়েছে। মাননীয় সভাপাল মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি রিষড়ার 'জয়শ্রী' কারখানার প্রতি। যদি একবার তিনি সেখানে যান তাহলে দেখবেন যে সেখানে যত সময় থাকবেন নাকে রুমাল চাপা না দিয়ে থাকতে পারবেন না। আর ঠিক সেইখানেই উদ্বাস্তুরা জীবনযাপন কিভাবে করছে তা দেখে আসা অত্যন্ত প্রয়োজন। স্যার, সেটা এমন কিছু ব্যাপার নয়, যদি মিল মালিকদের ধমক দিয়ে বাধ্য করা হয় ড্রেনের ব্যবস্থা করার জন্য তাহলে আমার মনে হয় এতগুলো লোকের জীবন বিপন্ন হবার হাত থেকে রেহাই পেতে পারে। তারপর আর একটা আপনি জানেন, স্যার, ত্রিবেণীতে 'কেশোরাম রেয়নে'র একটি কারখানা আছে, তার যখন গ্যাস বেরোয়, সেই গ্যাস যতদূর যায়, ততদূর পর্যন্ত মাঠের ফসল পর্যন্ত শুকিয়ে যায়। সেখানে উদ্বাস্তুদের যে সামান্য সামান্য জমি আছে—আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি যে কোন দিন দেখে আসবার জন্য, বাড়ির কলাগাছ পর্যন্ত শুকিয়ে গেছে। স্যার, আমার সময় অল্প, কাজেই আমি শেষ করছি এই বলে যে, আমি বিশ্বাস করি যে সহানুভূতিশীল মন্ত্রিমহাশয় এদিকে নজর দেবেন।

[6-10—6-20 p.m.]

ডাঃ [illegible] বসু: মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় যে বাজেট রেখে-ছেন তাকে সমর্থন করতে গিয়ে আমি কয়েকটি কথা বলছি। স্যার, ইতিমধ্যে বহু বক্তা স্কোয়া-টার্স কলোনীর কথা বললেন, কিন্তু হাওড়া মিউনিসিপ্যাল এলাকায় সংখ্যালঘু সম্প্রদায় পরিত্যক্ত গৃহে প্রায় দুই শতাধিক বাস্তুহারা পরিবার আশ্রয় নিয়েছিলেন। ইতিমধ্যে তারা নানাভাবে নিজেদের প্রচেষ্টায় আংশিক অর্থনৈতিক পুনর্বাসনের ব্যবস্থা করে নিয়েছেন ছোটখাট কারবার করে, পথে হকারী করে, বাজারে আনাজ বিক্রি করে। কিন্তু দেখা গেল গত বৎসর থেকে সেই সমস্ত বাড়ি কোন কোন পূর্ববঙ্গেরই লোক তারা এক্সচেঞ্জ করে সেই বাড়ির মালিক হয়েছিল। মালিক হয়ে ঐ সমস্ত ঘরে যেসব বাস্তুহারা আছে আইনের আশ্রয় নিয়ে তাদের ঘর ছাড়বার ব্যবস্থা করছেন। স্যার, শুধু তাই নয়, মিউনিসিপ্যালিটি অকুপায়ার্স ট্যাক্স হিসাবে তাদের কাছ থেকে দীর্ঘদিনের ট্যাক্স আদায় করবার জন্য চাপ দিয়েছেন, যার ফলে ইতিমধ্যেই ৪০টি পরিবারকে গৃহত্যাগের নোটিশ দেওয়া হয়েছে। স্যার, ইতিমধ্যেই আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে তার একটা তালিকা দিয়েছি, এটার সম্বন্ধে কি ব্যবস্থা করা যায় আশা করি মন্ত্রিমহাশয় বিবেচনা করবেন। বাড়ির ধনী মালিক আজকে আইনের আশ্রয় নিয়ে তাদের ঘর ছাড়া করছে, অন্য দিকে মিউনিসিপ্যালিটির ট্যাক্স-এর চাপ তাদের উপর পড়েছে। তাদের আংশিক পুনর্বাসন অর্থনৈতিক পুনর্বাসনও তারা ইতিমধ্যে আশেপাশে করে নিয়েছেন। এই অবস্থায় যদি তাদের কোন পুনর্বাসনের ব্যবস্থা করেন এবং ঐ অঞ্চল থেকে যদি দূরে কোথাও দেন তাহলে তারা সম্পূর্ণ অর্থনৈতিক বিপর্যয়ের মধ্যে পড়ে যাবে। স্যার, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে জানাতে চাচ্ছি যে, হাওড়ায় সুবার্বন এলাকায় ইতিমধ্যে সরকারী মাধ্যমে ঐ উদ্দেশ্যে কিছু জমি একোয়ার করে ফেলে রেখেছেন যদি দয়া করে ঐ সমস্ত অঞ্চলে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করেন নিশ্চয়ই তাহলে অন্তত শতাধিক পরিবার স্থায়ীভাবে তাদের পুনর্বাসনের ব্যবস্থা হতে পারে এবং তারা অর্থনৈতিক পুনর্বাসনও পেতে পারে। স্যার, আমার এলাকায় সুদূর পল্লী অঞ্চলে প্রায় ১৫০টি পরিবারের পুনর্বসতি কংগ্রেসী আমলে হয়েছে। তাদের পাঁচ কাঠা করে জমি দেওয়া হয়েছে এবং গৃহনির্মাণ বাবদ কিছু কিছু টাকা দেওয়া হয়েছে কিন্তু তাদের অর্থনৈতিক পুনর্বাসনের কোন ব্যবস্থা হয় নি। সুদূর পল্লী অঞ্চল সেখানে কোন বাণিজ্যের ব্যবস্থা নাই, অন্য কোন অর্থনৈতিক উপায়ের কোন ব্যবস্থা নাই, তারা সম্পূর্ণ অর্থনৈতিক বিপর্যয়ের মধ্যে পড়ে আছে। আমি আপনার মারফতে মন্ত্রিমহাশয়কে জানাব যে ঐ অঞ্চলে যদি কোন কটেজ ইন্ডাস্ট্রির ব্যবস্থা করেন তাহলে ঐ ১৫০টি পরিবারের স্থায়ীভাবে পুনর্বাসনের ব্যবস্থা হতে পারে।

স্যার, তারপর আপনার মাধ্যমে আমি আরেকটি কথা রাখতে চাই যে, পল্লী অঞ্চলে ঐ ১৫০টি পরিবার জগৎবল্লভপুরে পুনর্বাসন পেয়েছেন, তাদের মধ্যে ৮টি টি বি রোগী সরকারের কাছে নানাভাবে আবেদন করে তারা হাসপাতালে স্থান পান নি। এবং ঐ ৮ জন রোগী এমনভাবে পর্ণকুটিরে বাস করছেন যে আমাদের আশঙ্কা হয় এই ৮ জন রোগীর জন্য শত শত লোকে রুগীতে পরিণত হতে পারে। সেজন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব যে যাতে ঐ ৮টা টি বি রোগীকে হাসপাতালে ভর্তি করে দেবার ব্যবস্থা করেন, কারণ তারা ওপেন রোগী।

স্যার, হাওড়া শিল্পাঞ্চল সেখানে ছোট ছোট বহু শিল্প আছে, হাওড়া মিউনিসিপ্যালিটি এলাকায় যে আজ ২০০ পরিবারকে ফুটপাথে বসাবার চেষ্টা করা হচ্ছে বাড়ির মালিকের দ্বারা, সেটা যেন সরকার বিশেষভাবে দৃষ্টি দেন এবং এই ২০০ পরিবারের যাতে অর্থনৈতিক পুনর্বাসন হতে পারে তার জন্য যেন সরকার অবিলম্বে কিছু ছোট শিল্পের ব্যবস্থা করেন। তারপরে হাওড়া জেলায় যেসমস্ত মিউনিসিপ্যালিটি ছিল তার অনেক এখন কর্পোরেশন এলাকায় এসেছে, সেখানে অনেকগুলি কলোনী আছে তাদের পুনর্বসতির ব্যবস্থা হলেও তাদের অর্থনৈতিক পুনর্বাসনের কোন ব্যবস্থা হয় নি। সেজন্য মন্ত্রিমহাশয়ের কাছে আমি আবেদন রাখব যাতে ঐ অঞ্চলটা তিনি একবার পরিদর্শন করেন এবং যাতে কোন কিছু পরিকল্পনা গ্রহণ করেন তার জন্য আমি যুক্তফ্রন্ট সরকারের পুনর্বাসন মন্ত্রীর কাছে আবেদন রাখছি। এই সমস্ত অবহেলিত মানুষদের একটা যাতে স্থায়ী ব্যবস্থা করা যায় তার জন্য দৃষ্টি দেবেন।

তারপর আরেকটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব, তা হচ্ছে যে মিউনিসিপ্যালিটির এলাকার মধ্যে এমন কতকগুলি পরিবার আছে যাদের মধ্যে থেকে যাদের মেয়েরা স্থানীয় কোন কোন সরকারী হাসপাতালে নার্স হিসাবে কাজ করছেন, তাদের কোন সরকারী স্বীকৃতি নাই, তারা নার্স-এর কাজ করে যাচ্ছেন, পার্টিরা তাদের দৈনন্দিন তিন টাকা করে দেন, তারা সপ্তাহে হয়ত দুইদিন কাজ পায় আর চার দিন বসে থাকতে হয়—এই সমস্ত মেয়েরা যারা অল্প শিক্ষিত অথচ হাসপাতালে কাজ করে কিছু কিছু অভিজ্ঞতা সঞ্চয় করেছেন তাদের একটা ট্রেনিং-এর ব্যবস্থা করে যাতে অ্যাসিস্ট্যান্ট নার্স হিসাবে তাদের ব্যবস্থা করা যায় তার জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব। এই কয়েকটি কথা বলে আমি বাজেট সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[6-20—6-30 p.m.]

শ্রীমহারাজা বোস: মাননীয় স্পীকার মহোদয়, আমি একটা বিশেষ কাজে বাইরে গিয়েছিলাম, সেইজন্য আমি সময় মত উপস্থিত হতে পারি নি বলে আপনার কাছে ক্ষমা চাচ্ছি। আমি হাউসে এসে শুনলাম যে বালুরঘাট থেকে আর এস পি-র সদস্য আমার স্নেহাস্পদ শ্রীনাথানিয়াল মুরমু একটা কথা বলেছেন যে উদ্বাস্তুদের টাকা নিয়ে আতরাই নদীর পাড় এবং বাঁধ বাঁধা হয়েছে। তাঁর কথার প্রথমে প্রতিবাদ করে আমি বলছি যে এটা সম্পূর্ণ অসত্য এবং আমি আজকে গর্ব বোধ করতে পারি যে আমি যে সময় বালুরঘাট মিউ্যাসিপ্যালিটির চেয়ারম্যান ছিলাম তখন পাঞ্জাব থেকে যেসমস্ত উদ্বাস্তু আসে ওখানে মিউনিসিপ্যাল টাউনের ডেভেলপমেন্টের জন্য সেন্ট্রাল গভর্নমেন্ট যে টাকা দিয়েছিলেন সেটা দেখে রেণুকা রায়ের সঙ্গে পরামর্শ করে দিল্লী গিয়ে প্রথম আমি বালুরঘাট মিউনিসিপ্যালিটির এবং অন্যান্য মিউনিসিপ্যালিটির টাকা সেন্ট্রাল গভর্নমেন্টের লোনের টাকা দিয়ে উদ্বাস্তু অধ্যুষিত যেসমস্ত মিউনিসিপ্যালিটি আছে তার ডেভেলপমেন্টের জন্য প্রথম টাকা পাইয়ে দিই এবং এর জন্য আমি গর্ব অনুভব করতে পারি। বহু মিউনিসিপ্যাল এলাকার এই সেন্ট্রাল এড, সেন্ট্রাল লোন পেয়ে সেই সমস্ত উদ্বাস্তু এলাকার ডেভেলপমেন্ট করা হয়েছে এবং তাতে বহু শত সহস্র উদ্বাস্তু উপকৃত হয়েছে। এই কাজ কংগ্রেসীরাই করে, এই কাজ আর এস পি বা কমিউনিস্ট যারা—যারা তাদের নিয়ে ব্যবসা করে তাদের কাজ এটা নয়। আপনি জানেন যে উত্তরবঙ্গে বহু লক্ষ লক্ষ উদ্বাস্তু এসেছে। আমি নিরঞ্জনবাবুকে আপনার মারফত বলছি যে বহু টাকা আমরা উদ্বাস্তুদের জন্য ব্যয় করেছি। আর একটা আপনি জানেন ও'রা উদ্বাস্তুদের টাকা নিয়ে ছিনিমিনি খেলেন তাদের জন্য ভোটের টাকা ব্যয় করেন এবং তাদের বিভিন্ন জায়গা থেকে নিয়ে এসে তাদের আরও উদ্বাস্তু করার চেষ্টা করছেন—এইভাবে তাদের নিয়ে দালালী করছেন, তাদের পথের ভিখারী করছেন, ও'রা আবার বড় বড় কথা বলেন। স্যার,

আপনি জানেন এখানে মন্ত্রিমহাশয় জানেন তাঁর সঙ্গে পরামর্শ করে [illegible] সঙ্গে পরামর্শ করে আমি ইসলামপুর মহকুমায় যেসমস্ত গৃহহারা উদ্বাস্তুরা আছে, সেখানে সেই সমস্ত জমিতে ধান হোত না, আবাদ হোত না, সেইসব জমিতে হাজার হাজার উদ্বাস্তু নিয়ে এসে ক্যাম্পের উদ্বাস্তু নিয়ে এসে ৩-৪ বছর আগে সেখানে তাদের পুনর্বাসন দেওয়া হয়েছে—তারা সেখানে সোনা ফলিয়েছে, তাদের আমি প্রণাম করি। আমরা তাদের নিয়ে খেলা করি না, আমি অনুরোধ করবো মন্ত্রিমহাশয়কে আপনার মারফত যে, আপনি একবার আমার জেলায় আসুন, আপনি বলেছেন আসবেন—সেই সমস্ত উদ্বাস্তুদের গৃহহারা করবার জন্য এই সরকারী দলের বহু সদস্য জানেন তারা হাতী নিয়ে পুলিশ নিয়ে ৩-৪ বছরে যে সমস্ত উদ্বাস্তু সেখানে সোনা ফলিয়েছে পরিশ্রম করে খাদ্য উৎপাদন করেছে তাদের উচ্ছেদ করার জন্য কি ষড়যন্ত্র করেছিলেন। ঐ চান্দ্রমিহির সরকার ওখানে বসে আছেন, তাঁর নিজের ভাই আছেন, অপূর্বলাল মজুমদারের ভগ্নিপতি আছেন, তাঁরা জানেন। যদি সেখানে কংগ্রেসের মহারাজ বসু না থাকতো তাহলে আজকে তারা গৃহহারা হয়ে যেতো। আমি অনুরোধ করবো মন্ত্রিমহাশয়কে, তিনি আমাদের বলেছেন মহারাজবাবু আপনার কথাগুলি আপনি বলবেন তার জন্য যদিও আমার নাম ছিল না তথাপি আমি বিশেষভাবে বলছি। উদ্বাস্তুরা আমাদের অ্যাসেট, ভিক্ষার পাত্র নিয়ে আপনাদের পিছনে দালালী করার জন্য তাঁদের ব্যবহারের চেষ্টা করবেন না এই আমার বক্তব্য।

Mr. Speaker: Honourable members, may I request you all to please hold your patience for another six minutes? I would now request Shri Bholanath Brohmachari to speak.

ব্রহ্মচারী ভোলানাথঃ স্পীকার স্যার, আমি আপনার কাছে গভীরভাবে কৃতজ্ঞতা জানাচ্ছি যে এই হাউসের সদস্যদের কাছে জোড় হাত করে আপনাকে আমার মত ক্ষুদ্র সেবকের অধিকার রক্ষার জন্য বলতে হয়। মিঃ স্পীকার স্যার, আমি আপনার কাছে নিবেদন করবো আজকে উদ্বাস্তু পুনর্বাসন সম্পর্কে ভারত গভর্নমেন্ট একটি মাত্র কলোনী পশ্চিমবাংলার জঙ্গল কেটে করেছিলেন সেটা হচ্ছে হেড়োভাঙ্গা ঝাড়খালি কলোনী। এই কলোনী জঙ্গল কেটে সাফ করে ভারত গভর্নমেন্ট তাদের বসিয়ে দেবার পর চলে যান। ফলে আমায় পণ্ডিত জওহরলাল নেহরুর সঙ্গে আলোচনা চালাতে হয়েছিল এবং পণ্ডিত জওহরলাল নেহরু ১৯৬৪ সালের ৮ই মার্চ সেই হেড়োভাঙ্গা ঝাড়খালি কলোনী পরিদর্শন করবেন বলেছিলেন। আমি বলছি এই উদ্বাস্তু দপ্তরে একজন যোগ্য অফিসার এসেছেন—তিনি হচ্ছেন এম সি মুখার্জী—এই এম সি মুখার্জী পুনর্বাসন কমিশনার তাঁর হাত দিয়ে আমি আশা করবো যোগ্য পুনর্বাসন মন্ত্রী তিনি যেন পুনর্বাসন সম্পর্কে সচেতন হন এবং হেড়োভাঙ্গা দুই নম্বর স্কীম চালু করে ৩৪ লক্ষ টাকা খরচ করে সেখানে আরও ১,৫০০ পরিবার যারা ছন্নছাড়া হয়ে বিভিন্ন ক্যাম্পে বাস করছে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করবেন। তারপর একটা কথা বলতে চাই, রাজ্যপাল ধর্মবীরের সঙ্গে আমি আলোচনা করেছি, তিনিও উদ্‌গ্রীব যাতে এই হেড়োভাঙ্গা ঝাড়খালি পুনর্বাসন স্কীম নেওয়া হয়। আর একটা জিনিস আমি বলতে চাই, সন্তোষপুর গভর্নমেন্ট কলোনীটা যেন উদ্বাস্তু পুনর্বাসন মন্ত্রিমহাশয় পরিদর্শন করেন এবং সেখানে বিবেকানন্দ বিদ্যাপীঠ নেতাজী বিদ্যাপীঠ এগুলিকে হাই স্কুলে পরিণত করার ব্যবস্থা করেন। আর একটা জিনিস বলবো আমাদের এইসব কলোনীতে চালের দর তিন টাকা কে জি হয়েছে, তার মানে ১২০ টাকা মণ। সন্তোষপুর গভর্নমেন্ট কলোনী হেড়োভাঙ্গা ঝাড়খালি কলোনীতেও তাই—এই ১২০ টাকা যদি মণ হয় তাহলে উদ্বাস্তুরা বাঁচবে কি করে? আমি ওঁকে বলবো উনি যে দলের নেতা সেই দলের উপর চাপ সৃষ্টি করুন—শ্রীপ্রভাস রায় এবং রেণু চক্রবর্তী তিনি এম পি ছিলেন, তখন ৫০ টাকা চালের মণ হয়েছিল ১৯৫২ সালে, তখন তাঁরা আন্দোলন করেন—অথচ আজকে ১২০ টাকা চালের মণ কোন আন্দোলন হয় নি, পাছে তাঁদের গভর্নমেন্ট ভেঙ্গে যায়। ১৯৫২ সালে কিদোয়াই সাহেব এসে ছয় আনা চালের সের মঞ্জুর করে সুন্দরবন এবং পশ্চিমবঙ্গকে বাঁচিয়েছিলেন—সেইভাবে ছয় আনা সের চাল করার জন্য আমি মন্ত্রিমহাশয়কে বলবো তিনি খাদ্য দপ্তরে চাপ সৃষ্টির ব্যবস্থা করুন এবং তাঁর দলগুলিকে বলুন তাঁরা যেন বিরাট আন্দোলনে নামেন। ৫০ টাকা মণে যদি আন্দোলন করা যায় তাহলে ১২০ টাকা যখন চালের মণ তখন আন্দোলন কেন করা হচ্ছে না এটা আমি

বুঝতে পারছি না। আমি একথা বলতে চাই যে, এইভাবে আজকে পশ্চিমবাংলা দুর্গতির চরম সীমায় এসে পৌঁছেছে উদ্বাস্তু কলোনী এবং শেষে আমি একটা কথা বলতে চাচ্ছি, আমাদের ভারতবরেণ্য নেতা ডাঃ শ্যামাপ্রসাদ তাঁর উক্তি আবার আমি করছি—তিনি বলেছিলেন সুন্দরবনের মঙ্গলামঙ্গলের প্রশ্ন আমি সুন্দরবনের দিক থেকে বিচার করছি না—এটা আমি সারা পশ্চিম-বাংলার দিক থেকে বিচার করছি। সুন্দরবন যদি মরে যায় তাহলে পশ্চিমবাংলা ও বাঙ্গালী বাঁচবে কি করে? বিপুল সম্ভাবনাপূর্ণ সুন্দরবনকে নূতনভাবে গড়ে তোলবার চেষ্টা না করলে পশ্চিমবাংলারও বাঙ্গালী মস্ত ভুল করবে এই বলে আমি আপনার প্রতি আবার কৃতজ্ঞতা জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Fazle Ahmed: Mr. Speaker, Sir, I would like to draw your attention to the fact that I have lost my pen during scuffle and would request you to take steps, if possible, in this connection.

শ্রীনিরঞ্জন সেনগুপ্তঃ স্যার, আমি মনোযোগ দিয়ে সমস্ত বক্তৃতা শুনেছি। একটি কথা সদস্যদের কাছ থেকে শুনতে পেয়েছি সেটা হচ্ছে যে প্রায় সকলে একথা বলেছেন যে, আজকে উদ্বাস্তু সমস্যা একটা বিরাট জাতীয় সমস্যা। আমি সুখী তার কারণ এই চিত্র আমি আমার প্রাথমিক ভাষণে বলেছি। আজ উদ্বাস্তু পুনর্বাসন যদি দিতে হয় তাহলে আমাদের সকলে মিলে চেষ্টা করতে হবে। এটা লক্ষ লক্ষ মানুষের সমস্যা, এটাকে আজ কোনরকমে ফেলে রাখা যায় না। সকলের মিলিত চেষ্টা না হলে এই সমস্যার সমাধান হবে না এটা আমি আমার প্রাথমিক ভাষণে বলেছি। তবে বক্তৃতা শুনে আমার এটা মনে হয়েছে যে এই উদ্বাস্তু সমস্যা সম্পর্কে খুব চিন্তা করে এই জায়গায় অনেকে বলেন নি যে কিভাবে এই সমস্যা সমাধান হবে। এই সমস্যাকে যুক্তফ্রন্ট সরকারকে কিভাবে গ্রহণ করতে হবে সে নিয়ে ২-১টি বক্তৃতা ছাড়া কোন বিশেষ সাজেসশান সদস্যদের কাছ থেকে আমি পাই নি। আশা করেছিলাম যে এইভাবে তাঁরা পথ নির্দেশ দেবেন যে এইভাবে আপনি আরম্ভ করুন এবং এই জাতীয় সমস্যা যা এতদিন যেভাবে ফেলে রাখা হয়েছে তা যেন না হয়। কংগ্রেস বা এপক্ষ থেকে কেউ বলেন নি কেন বিশ বছর ধরে উদ্বাস্তু ভাইবোনদের এই অবস্থা, কেন হয়েছে সেকথা তাঁরা বলেন নি। কাটমোশানে দেখছি অনেক দোষ দেওয়া হয়েছে ফেলিওর অফ দি গভর্নমেন্ট। আশ্চর্য কথা বিশ বছর যাঁদের হাতে রাজত্ব ছিল তাঁরা যদি উদ্বাস্তু সমস্যা সমাধান করতে না পারেন তাহলে চার মাসের মধ্যে সমস্যা সমাধান হবে কেন সরকারের পক্ষে সম্ভব না। এটা তাঁদের জানা দরকার। আমরা জানি যে এ সমস্যার যদি ঠিকভাবে সমাধান করতে হয় সুষ্ঠু পরিকল্পনা ছাড়া এ সমস্যা সমাধান হবে না। আমরা যেভাবে আজকে এই সমস্যার সম্মুখীন হয়েছি তার ২-১টি চিত্র আমি দিয়েছি। পরেশ গোস্বামী বলেছেন কংগ্রেস সরকার যথেষ্ট চেষ্টা করেছিলেন। কিন্তু কি করেছিলেন তার কোন কিছু বলেন নি। তাঁরা কোন চেষ্টাই করেন নি, করলে আজকে উদ্বাস্তুদের এরকম সর্বনাশ হোত না। তারপর তিনি বলেছেন কোন পরিকল্পনা সরকারের মধ্যে নেই। আমি তাই বলতে চাই আমরা চার মাসের ভেতরে বিভিন্ন উদ্বাস্তু কলোনীতে গিয়ে তাদের অবস্থা দেখেছি, নিজে তাদের সঙ্গে আলোচনা করেছি। এক্স ক্যাম্প সাইট সম্পর্কে অপূর্ববাবু বললেন এবং ভ্যাগরান্ট ক্যাম্প যেসবগুলি আছে বাংলাদেশে সেসব জায়গার উদ্বাস্তুদের অবস্থা অসহনীয়। মানুষের মতন জীবনযাপন যে এরা করে না সেটা দেখলেই বুঝতে পারবেন। আমি প্রথমে আমাদের সরকারের তরফ থেকে সেই এক্স ক্যাম্প সাইট এবং ভ্যাগরান্ট ক্যাম্পের উদ্বাস্তু ভাইবোনেদের পুনর্বাসনের ব্যবস্থা করছি এবং ভ্যাগারান্ট ক্যাম্পের উদ্বাস্তুদের মুভমেন্টের ব্যবস্থা করছি। এসব আপনারা জেনে রাখুন।

[6-30—6-40 p.m.]

আমি ইতিমধ্যে ১৫টা স্কীম কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়েছি তাঁদের অনুমোদনের জন্য। সেগুলি হচ্ছে- মানকড় ভ্যাগরান্ট হোম, কাশীপুর ভ্যাগরান্ট হোম, আশরাফাবাদ এক্স-ক্যাম্প সাইট, ইন্দ্রলোক স্টুডিও, চিউপারি ট্রেনিং ক্যাম্প, বলাগড় ট্রেনিং ক্যাম্প, গদিকাহান্ডারি ট্রেনিং ক্যাম্প, বাসুদেবপুর ট্রেনিং ক্যাম্প, বনগাঁ ট্রেনিং ক্যাম্প। বনগাঁ ট্রেনিং ক্যাম্প—৪, বনগাঁ ট্রেনিং

ক্যাম্প—১, কাদুখোরা ট্রেনিং ক্যাম্প, বীরভূম, বনগাঁ ট্রেনিং ক্যাম্প—৩, কাবুরি ট্রেনিং ক্যাম্প, হাওড়া, বাঁতিয়া ট্রেনিং ক্যাম্প, বীরভূম। এইরকম ১৫টা স্কীম আমরা পাঠিয়েছি। আমাদের সরকারী নীতি হচ্ছে আমরা সর্বপ্রথম যে এক্স ক্যাম্প সাইটের কথা উঠেছে সেই এক্স ক্যাম্প সাইট এবং ভবঘুরে ক্যাম্পের উদ্বাস্তুদের পুনর্বাসনের কাজ অবিলম্বে সুরু করব। আমার মনে হয় আমাদের সকলের দাবীতে কেন্দ্রীয় সরকার এই স্কীমগুলি মঞ্জুর করবেন। স্কীম কেন্দ্রীয় সরকার মঞ্জুর না করলে রিহ্যাবিলিটেশানের সমস্ত অর্থ কেন্দ্র থেকে আসে, কাজ অচল হয়ে যাবে। আমি চাপ দিয়েছি আবার দেব এবং এই হাউসের সমবেত শক্তি নিয়ে কেন্দ্রীয় সরকারের উপর দাবী রাখব যাতে তাঁরা এগুলির মঞ্জুরী দেন। সুতরাং আশা করি উদ্বাস্তুদের অবিলম্বে আমরা পুনর্বাসনের ক্ষেত্রে নিয়ে যেতে পারব, অবশ্য যদি কেন্দ্রীয় সরকার এগুলির মঞ্জুরী দেন। ইলা মিত্র কয়েকটি যে কথা বলেছেন তাতে তাঁকে একথা বলতে চাই পূর্ব পাকিস্তানের উদ্বাস্তুরা পূর্ব পাকিস্তান ছেড়ে আসার পর তাদের সম্পত্তির কোন ক্ষতিপূরণ তাঁরা পান নি যেটা পশ্চিম পাকিস্তানের উদ্বাস্তুরা পেয়েছেন। আপনি যদি লক্ষ্য করে থাকেন তাহলে দেখবেন আমার বক্তৃতায় সে কথার উল্লেখ আছে। আমি একথা বলেছি আজকে যাঁরা পূর্ব পাকিস্তান থেকে উদ্বাস্তু হয়ে যে অবস্থায় চলে এসেছেন তাতে তাঁদের সম্পত্তির ক্ষতিপূরণের ব্যবস্থার জন্য কেন্দ্রীয় সরকারের উপর চাপ দিতে হবে। এটা আমি নিশ্চয় করব এবং পূর্ব পাকিস্তানের উদ্বাস্তুরা কেন ক্ষতিগ্রস্ত হবে একথা আমি বলিষ্ঠ কণ্ঠে তাঁদের কাছে রাখব।

দ্বিতীয় কথা হচ্ছে উল্টোডাঙ্গা বাজার সম্বন্ধে এখানে অনেকে বলেছেন। আগামীকাল এই হাউসে উল্টোডাঙ্গা বাজার সম্বন্ধে মিসেস ইলা মিত্রের একটি কোশ্চেন আছে, আমি তার জবাবে সেটা পরিষ্কার করবো। আমাদের মতিরঞ্জন তার মহাশয় বলেছেন যে ব্যয়বরাদ্দ খুব কম ধরা হয়েছে। আমি আমার বক্তব্যের মধ্যে এটা সুস্পষ্টভাবে রেখেছি যে, ব্যয়বরাদ্দকে সেই পুরানো রেসিডুয়ারি স্কীমের অন্তর্গত করে রাখা হয়েছে। আমার বক্তব্যের মোটামুটি কথা হচ্ছে এই যে, আমাদের যুক্তফ্রন্ট সরকার সেই রেসিডুয়ারি স্কীম মানেন না যেটা পূর্বতন কংগ্রেস সরকার মেনে গেছেন। আমরা তার প্রতিবাদ করেছি এবং কেন্দ্রীয় সরকারকে সেই কথা বার বার জানিয়েছি। কাজেই এই রেসিডুয়ারি স্কীমের আওতার মধ্যে পড়ে এর চেয়ে ব্যয়বরাদ্দ বৃদ্ধির শক্তি আমার নেই, কেন না, সে টাকা আমাদের নেই। টাকা দেবেন কেন্দ্রীয় সরকার। তাই কেন্দ্রীয় সরকার যদি হাত অমনি করে থাকেন তাহলে কিভাবে আমি বেশি ব্যয়বরাদ্দ আপনাদের কাছে রাখবো সেটা আপনারা একটু বুঝে দেখবেন। সুতরাং আমি এই প্রসঙ্গে আর একটি কথা এই হাউসের সামনে রাখতে চাই। পুনর্বাসন মন্ত্রী হিসাবে আমি এখানে এই কথা বলতে চাই যে, কেন্দ্রীয় সরকারকে আজকে এই কথা বুঝতে হবে উদ্বাস্তু সমস্যাকে তাঁরা যে দৃষ্টিভঙ্গীতে দেখছেন এবং উদ্বাস্তু বিভাগ ১৯৬০-৬১ সালে যে কাজ করতে চেয়েছিলেন আমরা সেই দৃষ্টিভঙ্গীকে নিশ্চয়ই সমর্থন করবো না এবং আমরা মনে করি উদ্বাস্তু পুনর্বাসনের জন্য আরো বেশি টাকা আমাদের দিতে হবে। তবে স্কীম আমরা নিশ্চয়ই দেব। আমরা চাই সমগ্র পুনর্বাসনের মধ্যে দিয়ে প্রত্যেকটি স্তরের উদ্বাস্তুদের পুনর্বাসন হোক এবং আমরা তা চেষ্টা করবো, হতাশ হবো না। এর জন্য আমি বার বার দিল্লীতে যাবো আপনাদের সমর্থন নিয়ে এবং আশা করি আপনাদের সমর্থন নিশ্চয়ই পাবো। মাননীয় অপূর্ববাবু যা বললেন আমি তার জবাবে এই কথা বলছি যে, ১৯৫৯-এর ডেড লাইনটা খুব অসঙ্গত ডেডলাইন এবং আমাদের সরকার এটা বাড়াবার চেষ্টা করছেন। আমরা এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছে খুব চাপ দেবার চেষ্টা করছি এবং আমরা এটা মানি না এবং আমরা মনে করি এটা এখুনি বদলানো দরকার। ঋণ মকুব সম্বন্ধে অনেক বন্ধু অনেক কথা বলেছেন। ঋণ মকুবের একটি নিয়ম আছে। সেটা হচ্ছে এই, এক হাজার টাকা পর্যন্ত ঋণ সরকার মকুব করবেন বলেছেন এবং সেটা কতকগুলি ক্যাটিগোরি অব রিফিউজি বাদ দিয়ে। এই প্রফেশনাল লাইন, বিগ বিজনেস লাইন, কনট্রিবিউটরি হাউস লোন—এদের বাদ দিয়ে এক হাজার টাকা পর্যন্ত যারা ঋণ করেছেন তাদের ঋণ মকুব করবেন বলেছেন। আমার সরকার মনে করেন যে, ঋণের ইন্টারেস্ট নেওয়া উচিত নয় এবং আমার নিজেরও ধারনা তাই। যেসমস্ত উদ্বাস্তু ঋণ পরিশোধ করতে পারবে না, তাদের কাছ থেকে ঋণ পরিশোধের ইচ্ছা আমরা করি না এবং সেকথা আমরা কেন্দ্রীয় সরকারকে জানিয়ে দিয়েছি। কেন্দ্রীয় সরকার বলেছেন ঋণ মকুব করতে পারবেন না। গরীব উদ্বাস্তুদের ঋণ মকুব করবেন কিনা সে

সম্বন্ধে আমরা কেন্দ্রীয় সরকারকে বলেছি। কারণ, তাঁদের আর্থিক অবস্থার দিকে দৃষ্টি দেওয়া উচিত। যদি কোন উদ্বাস্তু পরিবার খুব সচল অবস্থায় থাকেন তাঁদের সম্পর্কে আমি এই কথা বলছি না। কিন্তু যাঁরা পারবেন না তাঁদের সম্পর্কে কথা হচ্ছে এই যে, আমরা তাঁদের ঋণ মকুব করতে চেষ্টা করবো। তবে সব রিফিউজিদেরই ঋণ মকুব করবার চেষ্টা করবো এবং সেই জন্য আমরা কেন্দ্রীয় সরকারের সঙ্গে এ সম্বন্ধে আলোচনা চালাচ্ছি এবং আরো চালাবো।

[6-40—6-50 p.m.]

এবং এই প্রসঙ্গে আর একটি কথা বলতে চাই যে, ঋণ মকুবের জন্য সার্টিফিকেট জারী হয়েছে কোন কোন জায়গায়, আমার সরকার এই কথা মনে করে যে এই অজুহাতে সার্টিফিকেট জারী করে ঋণ আদায় করার এই যে চেষ্টা এটা নিশ্চয়ই স্থগিত রাখা উচিত। এই বিষয় নিয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা চালানো হচ্ছে। কারণ এই বিষয়ে কেন্দ্রীয় সরকার আমাদের চাপ দিচ্ছেন যে, আমাদের ঋণ আদায় করে দাও, কেন না গেল সম্মেলনে ঋণ আদায়ের কথা উঠেছিল যে বাংলাদেশ এত কোটি টাকা ঋণ নিয়েছে তার মাত্র তিন কোটি টাকা ঋণ আদায় করেছেন, তখন আমি বলেছিলাম যে ঋণ পরিশোধ করার মত শক্তি অধিকাংশ রেফিউজিদের নেই এবং সেদিক দিয়ে আজকে ঋণ পরিশোধের ব্যাপারে আমার সরকারের যে চিন্তাধারা সে সম্বন্ধে দিল্লীর বৈঠকে আমি পাঠাবো। যারা গরীব উদ্বাস্তু তারা দিতে পারবে না তাদের ঋণ যেন মকুব করা হয়। মাননীয় বৃন্দাবন চ্যাটার্জি মহাশয় যা বলেছেন তার এক্ষুনি প্রতিবাদ হওয়া উচিত। তিনি **বলেছেন এই মন্ত্রিসভা এবং তাঁর দলের লোকেরা এইভাবে কাজ করেছেন যাতে সমস্ত জিনিস** বানচাল হয়ে যাবে, আমি তার তীব্র প্রতিবাদ করি। আমি এই কথাই বলবো যে, আমরা দলের লোকেরা এমন কোন কিছু করিনি যাতে উদ্বাস্তু পুনর্বাসন-এর কাজে বাধা পড়ে, এই কথা আমি জোর করে বলছি। মাননীয় সদস্য ন্যাথানিয়াল মুর্মু বলেছেন যে, ছিটমহলের উদ্বাস্তুদের সম্বন্ধে আমি কিছু করিনি। এটা ঠিকই যে ছিটমহলের উদ্বাস্তুদের সম্পর্কে উনি যে দৃষ্টি-ভঙ্গী করেছেন তার জন্য ধন্যবাদ জানাচ্ছি এবং পরে এই প্রশ্ন নিয়ে কি করা যায় না যায় সেটা আমি দেখবো। মাননীয় ব্যোমকেশ মজুমদার মহাশয় বলেছেন যে স্ট্যাটুটরি রেশনিং এলাকার পাশে অনেক জবরদখল কলোনী বা এমনি কলোনী আছে যেখানে খাদ্যাবস্থা খুবই খারাপ এবং সেই স্ট্যাটুটরি রেশনিং এলাকার ভেতর আনবার জন্য যেন চাপ দেওয়া হয়, নিশ্চয়ই আমাদের খাদ্যমন্ত্রীর কাছে এটা রাখবো এবং দেখি কি করা যায়। মাননীয় মহারাজা বসু মহাশয় বলেছেন এবং আমাকে অনুরোধ করেছেন যে ওয়েস্ট দিনাজপুর-এ গিয়ে আমি যেন সচক্ষে রেফিউজিদের ব্যাপার দেখি। আমি এটা ঠিক করেছি যে প্রত্যেকটি জেলায় আমি যাবো এবং চেষ্টা করবো যাতে তাদের অবস্থার উন্নতি হয়। তাছাড়া আমার দু'একটি কথা বলার দরকার আছে। একজন **কাটমোশন দিয়েছিলেন—ফেলিউর অব দিস গভর্নমেন্ট...........**

আর একটি কথা আপনার কাছে রাখতে চাই। ইতিমধ্যে আমাদের নীতির প্রশ্ন আমার বক্তৃতায় বলেছি এবং এখনো বলছি যেসব জবরদখল কলোনী ১৯৫০ সালের পরে হয়েছে, সেই **কলোনীগুলি বৈধকরণের দিকে আমরা দৃষ্টি দিয়েছি এবং তার জন্য সর্বপ্রকার চেষ্টা করছি।** আমি সেই কলোনীগুলি বৈধ করবো—এই হলো আমার সঙ্কল্প। কেন্দ্রীয় সরকারের কাছে গিয়ে এ নিয়ে আলোচনা করবো তাদের সঙ্গে এবং মাননীয় সদস্যগণ এ সম্পর্কে যেসব সাজেশন দিয়েছেন, সে সম্বন্ধে আমরা বিবেচনা করবো এবং কতটা কি কার্যে পরিণত করতে পারি সেদিকে দৃষ্টি দেব।

(গোলমাল)

এই বাস্তুহারা সমস্যা সম্পর্কে আমার খুব বেশী এবং ভাল করে জানা আছে।

এই যে বাজেট বরাদ্দ হাউসের কাছে আমি রেখেছি, আমি আশা করি সেই বরাদ্দ আপনারা **নিশ্চয়ই সমর্থন করবেন। কারণ এটা এমন একটা সমস্যা যে সমস্যা সমাধানের জন্য আর একটুও** দেরী করা চলে না।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই হাউসে আমার বলার যে সুযোগ দিয়েছেন, তার জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি এবং মাননীয় সদস্যগণকে এই বাজেট বরাদ্দকে পাশ করবার জন্য অনুরোধ করবো। যে সমস্ত কাটমোশান মুভ করা হয়েছে আমি তার সম্পূর্ণ বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

[6-50--6-54 p.m.]

Mr. Speaker: I put to vote all the cut motions moved except No. 12 on which, I understand, division will be demanded.

The motion of Shri Panchanan Sinha Ray that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Joynarayan Sharma that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shrimati Nurunnesa Sattar that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Arun Kumar Moitra that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Sachindra Mohan Nandy that the demanr be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Sripati Sinha that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Brindaban Chattopadhyay that the demand be reduced by Rs. 100 was then put and lost.

Mr. Speaker: I now put cut motion No. 12 to vote, on which a division has been claimed.

Cut Motion No. 12 of Dr. Gopika Ranjan Mitra that the demand be reduced by Rs. 100 was then put and a division taken with the following **result:—**

NOES—135

Abdul Bari, Shri Md.
Abdul Haque, Shri
Abdul Latif, Shri Md.
Abdul Quiyom Molla, Shri
Bakshi, Shri Manoranjan
Bandopadhyay, Shri Amiya Bhusan
Banerjee, Shri Subodh
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Bazle Ahmed, Shri
Bera, Shri Sasabindu
Bhandari, Shri Netai
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharya, Shri Jyoti Bhusan
Bhattacharya, Shri Nani
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhowmik, Shri Kanai
Bose, Shri Brindaban Behari

Chakraborty, Shri Sadhan Kumar
Chakraborty, Shri Kshudiram
Chatterjee, Shri Hara Prasad
Chatterjee, Shri Ram
Choubey, Shri Narayan
Choudhury, Shri Subodh
Dakua, Shri Dinesh Chandra
Das, Shri Deben
Das, Shri Debendra Nath
Das, Shri Jagadish Chandra
Das, Shri Mahatab Chand
Das, Shri Nikhil
Das, Dr. Sailendra Nath
Das, Shri Sudhir Chandra
Das Ghose, Shri Biswanath
Das Gupta, Shri Bibhuti Bhusan
Das Mahapatra, Shri Kamakshyanandan
Dhara, Shri Sushil Kumar
Elias Razi, Shri Md.
Franklin, Shri L. H.
Gayen, Shri Prasanta Kumar
Ghose, Shri Kamakshaya Charan
Ghosh, Shri Krishna Pada
Ghosh, Dr. Prafulla Chandra
Golam Mahiuddin, Shri
Golam Yazdani, Dr.
Guha, Shri Kamal Kanti
Guha Neogi, Shri Anildhar
Gurung, Shri Nandalal
Haldar, Shri Hrishikesh
Halder, Shri Krishna Chandra
Hansda, Shri Jagatpati
Hazra, Shri Lalit
Hazra, Shri Monoranjan
Hicks, Shri Clifford
Jana, Shri Manindra Nath
Jaynal Abedin, Shri
Kar, Shri Dhananjoy
Karim Baksh, Dr. Mohammad
Konar, Shri Hare Krishna
Kundu, Shri Nishitha Nath
Lahiri, Shri Somnath
Mahato, Shri Amulya Ratan
Mahato, Shri Girish
Maity, Shri Baneswar
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Gobardhan
Majhi, Shri Kandru
Maji, Shri Guiram
Maji, Shri Panna Lal
Majumdar, Shri Amalesh
Majumdar, Shri Amalesh Chandra
Majumdar, Shri Apurba Lal
Majumdar, Shri Dilip Kumar
Majumdar, Shri Harendra Nath
Majumder, Shri Jagannath
Mal, Shri Pagal Chandra

Malakar, Shri Ajoy
Mandal, Shri Kalipada
Mandal, Shri Kumud Ranjan
Mandal, Shri Rabin
Mandal, Shri Siddheswar
Mitra, Shri Chandipada
Mitra, Shri Haridas
Mitra, Shrimati Ila
Mitra, Shri Sunil Kumar
Mondal, Shri Sasanka Sekhar
Mondal, Shri Tinkari
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Jayati Prasanna
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Mukhopadhyay, Shrimati Geeta
Murmu, Shri Nathaniel
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Sundar Kumar
Noney, Shri W. H.
Noronha, Shri Clifford
Nuhul Islam, Shri
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammed
Ojha, Shri Samarendra
Pahari, Shri Bibhuti
Pal, Shri Kanai
Panda, Shri Bhupal Chandra
Pramanick, Shri Gangadhar
Pramanick, Shri Radhikanath
Pramanik, Shri Rajani Kanta
Purkait, Shri Prabodh
Rai, Shri Deoprokash
Roy, Shri Amalendra Lal
Roy, Shri Haradhan
Roy, Shri Jagadananda
Roy, Shri Jyotish
Roy, Dr. Narayan Chandra
Roy, Shri Phakir Chandra
Roy, Shri Provash Chandra
Roy Barman, Shri Khiti Bhusan
Roy Prodhan, Shri Amarendra Nath
Saha, Shri Kripasindhu
Saha, Shri Madan
Sajjad Hussain, Haji
Sanyal, Shri Mani
Sanyal, Dr. Nalinaksha
Sarkar, Shri Charu Mihir
Sarkar, Shri Nitaipada
Sarkar, Shri Sasthidas
Sen, Shri Jamini Ranjan
Sen Shri Lakhmi Charan
Sen, Dr. Sadhan Kumar
Sen Gupta, Shri Niranjan
Sen Gupta, Shri Tarun Kumar
Sahedullah, Shri Syed
Shish Mahammad, Shri

Sinha, Dr. Radha Krishna
Tah, Shri Dasarathi

AYES—122

Abdul Gaffar, Shri Quazi
Abdul Latif, Shri
Abdullah, Shri S. M.
Abdus Sattar, Shri
Abdul Barkat Atawal Ghani Khan Chaudhury, Shri
Afaque Chowdhury, Shri
Ahmad Hossain Mondal, Shri
Azizur Rahaman, Shri
Baghchi, Shri Amalendu Kumar
Bandopadhyay, Shri Baidyanath
Banerjee, Shri Mrityunjoy
Barman, Shri Prasenjit
Barman, Shri Syama Prasad
Bauri, Shri Satish Chandra
Beri, Shri Dayaram
Bhagat, Shri Budhu
Bhattacharjee, Shri Golokesh
Bhattacharya, Shri Bijoy Krishna
Bhattacharya, Shri Satyabrata
Bhattacharyya, Shri Sreepada
Bhowmick, Shri Kalipada
Bhuniya, Shri Nitya Nanda
Bishayee, Shri Paramananda
Bose, Shri Maharaja
Brahmachari, Shri Bholanath
Chalak, Shri Kali Kinkar
Chatterjee, Shri Arun
Chattopadhyay, Shri Benoy Kumar
Chattopadhyay, Shri Brindabon
Chaudhuri, Shri Narayan Chandra
Choudhury, Dr. Sashi Bhusan
Chunder, Dr. Pratap Chandra
Das, Shri Ambika Charan
Das, Shri Hare Krishna
Das, Shri Makhan Lal
Dey, Shri Gobinda Chandra
Dhara, Shri Hansadhwaj
Dhibar, Shri Pramathanath
Dolai, Shri Rajani Kanta
Dutta, Shrimati Sudharani
Fazlur Rahaman, Shri S. M.
Ghatak, Shri Shibdas
Ghosh, Shri Nitaipada
Ghosh Choudhury, Dr. Ranjit
Goswami, Shri Paresh Chandra
Gurung, Shri Krishna Bahadur
Haldar, Shri Nalini Kanta
Halder, Shri Adhar Chandra
Hazra, Shri Santimoy
Hemram, Shri Babulal

Jalan, Shri Iswardas
Jash, Shri Srishtidhar
Karam Hossain, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khalil Sayed, Shri
Kolay, Shri Jagannath
Kundu, Shri Rajnarayan
Lakra, Shri Denis
Mahato, Shri Ramkrishna
Maiti, Shrimati Abha
Maji, Shri Binode Behari
Majumdar, Shri Byomkes
Mandal, Shri Bhudeb Chandra
Mandal, Shri Prabhakar
Md. Fazle Hoque, Shri
Misra, Shri Sourindra Mohan
Misra, Shri Trilokes
Mitra, Shri Dwijendranath
Mitra, Dr. Gopika Ranjan
Mitra, Shri Satyanarayan
Mohammad Sayeed Mia, Shri
Mohammed Israil, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shri Girindra
Mondal, Shri Haradhan
Mondal, Shri Sudhir Kumar
Mukhapadhyay, Shrimati Purabi
Mukherjee, Shri Brajabilash
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukhopadhyay, Shri Pasupati
Murmu, Shri Boila
Murmu, Shri Dashukaran
Nag, Dr. Gopal Das
Nahar, Shri Bijoy Singh
Nandy, Shri Sachindra Mohan
Nuran Nabi, Shri T. A.
Paik, Shri Bimal
Pal, Shri Probhakar
Paul, Shri Balai Bhusan
Paul, Shri Sushil Kumar
Poddar, Shri Rajendra Kumar
Pradhan, Shri Trailokyanath
Pramanik, Shri Puranjoy
Prasad, Shri Shiromani
Roy, Shri Gonesh Prosad
Roy, Dr. Indrajit
Roy, Shri Jatindra Mohan
Roy, Shri Krishandas
Roy, Shri Santi Mohan
Roy, Shri Santosh Kumar
Roy, Shri Suvendu
Saha, Shri Kanai (Bankura)
Saha, Shri Kanai (Birbhum)
Saren, Shri Mangal Chandra
Sasmal, Shri Bankim Chandr

Sen Ishore, Shri Sankar
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsuddin Ahmed, Shri
Sharma, Shri Joynarayan
Shukla, Shri Krishna Kumar
Sinha, Shri Debendra Nath
Sinha, Shri Sripati
Singh Deo, Shri Shankar Narayan
Sinha Roy, Shri Panchanan
Tar, Shri Mati Ranjan
Topna, Shri Anotoni
Trivedi, Shri Goalbadan
Tudu, Shri Budhan Chandra
Upadhyay, Shri Mihir
Zainal Abedin, Dr.

The Ayes being 122 and the Noes 135 the motion was lost.

The motion of Shri Niranjan Sen Gupta that a sum of Rs. 3,85,75,000 be granted to complete the sum necessary for expenditure under Grant **No. 45, Major Heads: 71—Miscellaneous—Irrecoverable Loans to displaced person written off, 71—Miscellaneous—Expenditure on displaced persons, 109—Capital Outlay on Other Works—Expenditure on displaced persons, and** Loans and Advances to displaced persons, was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 6-54 p.m. till 1 p.m. on Friday, the 21st July, 1967, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 21st July, 1967, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri BEJOY KUMAR BANERJEE) in the Chair, 18 Ministers and 259 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Refugees of Manicktala area

***214.** (Admitted question No. *701.)

শ্রীমতী ইলা মিত্র: উম্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মানিকতলা অঞ্চলস্থ বেলেঘাটা, বাগমারী, নারিকেলডাঙ্গা ও উল্টা-ডাঙ্গায় বহু উম্বাস্তু পরিবার আছেন, যাঁহাদের মধ্যে অনেকে ক্যাম্পে আছেন, অনেকের সি. এ কেস্ হইয়াছে—১৬/১৭ বৎসর অতীত হইলেও তাহারা আজিও পুনর্বাসন পান নাই; এবং

(খ) সত্য হইলে ইহাদের সম্বন্ধে সরকার কি চিন্তা করিতেছেন?

শ্রীনিরঞ্জন সেনগুপ্ত: (ক) হ্যাঁ, তবে উক্ত অঞ্চলে শিবিরস্থিত কোন উম্বাস্তু পরিবার নাই।

(খ) ইহাদের যাহাতে সুষ্ঠু পুনর্বাসন দেওয়া যায় তজ্জন্য রাজ্যসরকার প্রস্তাবাদি লইয়া কেন্দ্রীয় সরকারের সহিত আলাপ-আলোচনা করিতেছেন।

শ্রীমতী ইলা মিত্র: ওখানে শিবির বলে নেই কিন্তু একটা ক্যাম্পের মত আছে, যদিও ক্যাম্পের সুযোগ-সুবিধা তাদের দেওয়া হয় না। সেই ক্যাম্পে ১৯ বছর হল ২০০ পরিবার রয়েছে এবং সেই সতীন সেন ৯৮নং মানিকতলা মেন রোড ক্যাম্প তাকে বলে ওখানে পাঁচ হাজার টাকা ক্ষতি-পূরণ দিয়ে মালিকের কাছে গভর্নমেন্ট সেই জায়গাটা নেন এবং প্রতি মাসে এই ১৯ বছর ধরে ২,৩৭৫ টাকা করে ভাড়া দিয়ে যাচ্ছেন। এই ১৯ বছরে হাজার হাজার, কোটি কোটি টাকা গভর্নমেন্টেকে ক্ষতি দিতে হচ্ছে অথচ সেই দু-শত পরিবারের পুনর্বাসন কেন করছেন না?

শ্রীনিরঞ্জন সেনগুপ্ত: আপনি যেটা বলছেন ওটাকে ক্যাম্প বলে না, ওটা রেন্টেড হাউস। ৯৮নং মানিকতলা মেন রোডে আমি গিয়েছি এবং তাদের সঙ্গে আলাপ-আলোচনা করেছি কিভাবে তাদের পুনর্বাসন দেওয়া যায়। ঐ ব্যবস্থা খালি ৯৮নং মানিকতলা মেন রোড নয়, কলকাতায় আরো কতকগুলি বাড়ি আছে যেখানে কিছু কিছু উম্বাস্তু পরিবার আছে। সেই বাড়িতে যে উম্বাস্তু আছে তাদের কিভাবে পুনর্বাসন দেওয়া যায় এবং বাড়িগুলি খালি করে কিভাবে সরকারের টাকা বাঁচান যায় তার চেষ্টা আমি করবো।

শ্রীমতী ইলা মিত্র: মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি কমপিটেন্ট অথরিটির কোর্ট থেকে সেই সমস্ত উম্বাস্তুদের সম্পর্কে রায় দিয়েছিলেন যে গভর্নমেন্টের পক্ষ থেকে এদের জমি এবং বাড়ির ব্যবস্থা না করা পর্যন্ত সেই সমস্ত জায়গা থেকে তুলে দেওয়া যাবে না। কিন্তু ইতিমধ্যে এই

রায়ের বিরুদ্ধে সেই সমস্ত জমিদার হাইকোর্টে মামলা করেছেন এবং হাইকোর্টে মামলা করার পর সেখানে জমিদার জিতেছেন এবং উদ্বাস্তুরা হেরে গিয়েছে এই বলে যে কনসিডারেশন মানি না দিলে কমপিটেন্ট অথরিটির যে রায় সেই রায় অনুসারে তারা জমি বাড়ির সুযোগ পাবে না। এর ফলে সেখানে যখন তখন পুলিশ যাচ্ছে, গত কালও পুলিশ গিয়েছিল বাগমারি, খালপারের ঐ অঞ্চলে তাদের গুঁতিয়ে তুলে দেবার জন্য। এই প্রশ্ন গত অ্যাসেম্বলীতে যখন কংগ্রেস সরকার ছিলেন তখন তুলেছিলাম। জমিদার যে কেস করলো আমাদের গভর্নমেন্ট কি এই সি এ কেসের উদ্বাস্তু যারা জমিদার কর্তৃক হাইকোর্টের রায়ে হেরে গিয়েছে তাদের সম্বন্ধে ব্যবস্থা অবলম্বন করবেন কি?

শ্রীনিরঞ্জন সেনগুপ্ত: আমি এর জবাবে বলছি যে এই খবর আমাদের কাছে এসেছে যে কিছু কিছু জায়গায় কমপিটেন্ট অথরিটি যাদের প্রটেকশন দিয়েছিল সেই সব পরিবারগুলি হাইকোর্টের অর্ডার অনুসারে আবার বস্তিচ্যুত হচ্ছে। ঢাকুরিয়া থেকে খবর এসেছে এবং আরো দু-একটি জায়গা থেকে এইরকম খবর এসেছে। আমি ভাবছি সমস্ত ব্যাপার নিয়ে সেই সব অঞ্চলের পরিবারগুলিকে ডাকিয়ে তাদের সঙ্গে আলাপ-আলোচনা করে তাদের যাতে অন্য জায়গায় পুনর্বাসনের ভাল ব্যবস্থা করা যায় তার চেষ্টা করবো। আর হাইকোর্টের অর্ডারে কমপিটেন্ট অথরিটির প্রটেকটেড এরিয়ার পরিবারগুলি পড়ে কিনা তা নিয়ে আলাপ-আলোচনা করবো। হাইকোর্ট যখন অর্ডার দিয়েছেন তখন নিশ্চয়ই তার যুক্তি দেখিয়েছেন। এদের কি করে সেটেল করা যায় তা দেখবো।

শ্রীমতী ইলা মিত্র: পুলিশ সেখানে যখন-তখন আসছে, তাদের প্রটেকশানের জন্য ইমিডিয়েটলি কি ব্যবস্থা হবে?

শ্রীনিরঞ্জন সেনগুপ্ত: ইমিডিয়েটলি ব্যবস্থা হবে। আপনি আমাকে জানালেন যে কাল পুলিশ এসেছিল, কিন্তু আমি এটা জানতাম না। এটা যাতে ঠেকান যায় তার চেষ্টা করবো।

শ্রীনিখিল দাস: মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয়ই জানেন, এই যে সি এ কেসগুলি আছে কলকাতা শহরে এই সি এ কেসগুলি দু-রকমের আছে, এক রকম হচ্ছে জমি দখল করেছে, আর এক রকম হচ্ছে মুসলমান বস্তিতে যে বাড়িগুলি খালি পড়ে ছিল তাতে উদ্বাস্তুরা বসেছে। আমি সেই বস্তিগুলি সম্পর্কে বলবো। আপনি জানেন ঐ মুসলমান বস্তি থেকে তারা চলে যাওয়ার পর, আগে যারা ঠিকা টেনান্ট হিসাবে ছিল, বাস্তুহারারা ঐ বস্তিতে গিয়ে বসে। এখন বস্তির মালিক সি এ কেসের ঐ উদ্বাস্তুদের বিরুদ্ধে ঠিকা টেনেন্সি অ্যাক্টে হাইকোর্টে মামলা করেছে এবং তাতে তারা জিতেছে এবং সেই জেতার ফলে তারা ওখান থেকে উদ্বাস্তুদের উচ্ছেদের অর্ডার পেয়েছে সি এ কেসের এগেনস্টে অ্যাকচুয়ালি অর্ডার পায় নি, ঠিকা টেনেন্ট হিসাবে তাদের উচ্ছেদ করছেন। এদের ব্যাপারে কোন প্রটেকশান দেবার কথা চিন্তা করছেন কি?

শ্রীনিরঞ্জন সেনগুপ্ত: নিশ্চয়ই চিন্তা করছি, সেটা কিভাবে কি করা যায় আলোচনা করে আমি মাননীয় সদস্যদের জানাবো।

শ্রীনিখিল দাস: এমন অনেক কেস আছে যারা হয়ত এল পি লোন পেয়েছে, জমি কিনেছে কিন্তু হাউসিং লোন ডিপার্টমেন্টে আটকে আছে, এই ধরনের কেস আছে। আমি জিজ্ঞাসা করছি তারা হাউস বিল্ডিং লোন পাবে কিনা?

শ্রীনিরঞ্জন সেনগুপ্ত: এগুলি কি কমপিটেন্ট অথরিটি প্রটেকটেড ফ্যামিলি? এগুলি আমার কাছে দিলে আমি আপনাকে যা যা করা যায় তা আপনাকে জানাবো।

শ্রীমতী ইলা মিত্র: তারা এল পি লোন, হাউস বিল্ডিং লোনের অর্ডার পেয়েছে কিন্তু যখন আনতে যাচ্ছে তখন বলা হচ্ছে যে ওটা দেওয়া হবে না, বন্ধ হয়ে গিয়েছে, এ খবর কি আপনি রাখেন?

শ্রীনিরঞ্জন সেনগুপ্তঃ কমপিটেন্ট অথরিটি প্রটেকটেড ফ্যামিলি সম্বন্ধে ঐভাবে বোধ হয় কিছু যায় নি। যাই হোক ওগুলি আমার কাছে দেবেন আমি খোঁজ নিয়ে জানাবো কি হয়েছে না হয়েছে।

শ্রীনিখিল দাসঃ আমি গতবারে এই ব্যাপারে অকল্যান্ড হাউসে এবং মন্ত্রিমহাশয়ের কাছে গিয়েছিলাম, তখন তাঁদের হাউস বিল্ডিং লোন দেওয়া বন্ধ ছিল। আপনি এই দপ্তরে আসার ফলে আমরা কি আশা করতে পারি যে সি এ কেসগুলি রিভিউ করে তারা যাতে হাউস বিল্ডিং লোন পেতে পারে তার ব্যবস্থা করবেন?

শ্রীনিরঞ্জন সেনগুপ্তঃ নিশ্চয়ই আশা করবেন।

শ্রীনিতাইপদ সরকারঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন কুপার্স ক্যাম্প বা ঐ ধরনের ক্যাম্প থেকে রাজনৈতিক কারণে দন্ডকারণ্য বা অন্যান্য জায়গায় না যাওয়ার জন্য উদ্বাস্তুদের ডোল বন্ধ হয়েছে সেই ডোল বন্ধ পরিবারের পুনর্বাসনের ব্যবস্থা করবেন কিনা

শ্রীনিরঞ্জন সেনগুপ্তঃ এই প্রশ্ন এ থেকে উঠে না।

শ্রীমহম্মদ ইসরাইলঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যেসব মুসলমানদের বাড়ি জোর করে উদ্বাস্তুরা দখল করেছিল সেখানে ঠিক হয়েছিল যে তাদের অলটারনেটিভ অ্যাকোমোডেশন দেওয়া হলে পর তাদের সেই সব বাড়ি অ্যাকচুয়াল মালিকদের ফেরত দেবার কথা ছিল, সেসব ক্ষেত্রে আপনারা কি করছেন?

শ্রীনিরঞ্জন সেনগুপ্তঃ আমি কালকে বাজেট স্পীচে স্পষ্টভাবে বলেছি যে, যেসব মুসলমান বাড়িওয়ালারা তাদের বাড়ি ফেরত পান নি তাদের নিশ্চয়ই আমরা ওদের অল্টারনেটিভ অ্যাকো-মোডেশন দিয়ে সেই বাড়ি ফিরিয়ে দেবার চেষ্টা করবো।

ডাঃ প্রতাপচন্দ্র চন্দ্রঃ মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি জিজ্ঞাসা করছি সল্ট লেক এলাকায় কিছু উদ্বাস্তু ঘরবাড়ি করে তুলেছে এবং তাদের তুলে দেবার কথা হচ্ছে, তাদের বিকল্প পুনর্বাসন-এর পরিকল্পনা আছে কি?

শ্রীনিরঞ্জন সেনগুপ্তঃ উল্টোডাঙ্গায় সল্ট লেক এলাকায় যে উদ্বাস্তুরা বসেছে সে সম্পর্কে আমার কাছে কোন কিছু আসে নি, যদি আসে তাহলে আমি নিশ্চয়ই দেখবো কি করা যায় না যায়। সল্ট লেক সম্পর্কে আমার মনে হয় সামগ্রিকভাবে যদি একটা নোটিশ দেন তাহলে আমি সেই বাড়িগুলি সম্পর্কে বলতে পারবো।

[1-10—1-20 p.m.]

Barakar Electric Supply Company

***215.** (Admitted question No. *815.)

শ্রীহারাধন রায়ঃ শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বরাকর বিদ্যুৎ সরবরাহ কোম্পানী কি দরে বিদ্যুৎ খরিদ করে ও বিক্রয় করে;

(খ) বিদ্যুৎ বিক্রয়ের ক্ষেত্রে ছোট বড় ক্রেতাদের মধ্যে দরের বৈষম্য আছে কিনা; এবং

(গ) সরকার কর্তৃক ঐ কোম্পানীর পরিচালনা ও হিসাব সংক্রান্ত ব্যাপারে গত তিন বৎসরের মধ্যে কোন তদন্ত হইয়াছে কিনা?

শ্রীসুশীলকুমার ধাড়াঃ (ক) (১) বরাকর বিদ্যুৎ সরবরাহ কোম্পানী দিশেরগড় বিদ্যুৎ সর-বরাহ প্রতিষ্ঠানের নিকট হইতে সরবরাহের পরিমাণ অনুসারে যে হারে বিদ্যুৎ খরিদ করে তাহার তালিকা নিম্নে দেওয়া হইলঃ—

১৯৬৪-৬৫ সন—১০·২ পয়সা

১৯৬৫-৬৬ সন—১১ পয়সা

১৯৬৭ এপ্রিল—(প্রতি ইউনিট) ১২·৯৫ পয়সা। ১৯৬৭ মে—১৩·০৭ পয়সা। ১৯৬৭ জ্বন—১৩·৩০ পয়সা।

[মাসিক বিদ্যুতের পরিমাণ (লোড ফ্যাক্টর), ম্যাক্সিমাম ডিম্যান্ড প্রভৃতিই হারের এই বিভিন্নতার কারণ।]

(২) যে হারে বিদ্যুৎ বিক্রয় করে তাহার তালিকা নিম্নরূপ—

গার্হস্থ্য ও সাধারণ ব্যবহারের জন্য—

মোট—৩৪ পয়সা।

ছাড় (রিবেট)—৩ পয়সা।

নীট (নেট)—৩১ পয়সা।

ছোট ও মধ্যম শিল্প প্রতিষ্ঠানে—

মোট হার—৩১ পয়সা।

ছাড়—৬ পয়সা।

নীট—২৫ পয়সা।

বৃহৎ শিল্প প্রতিষ্ঠানে—

মোট হার—২৪ পয়সা।

ছাড়—৬ পয়সা।

নীট—১৮ পয়সা।

উত্তাপন (হিটিং), শীতলীকরণ (রেফ্রিজারেটর) এবং রন্ধন (কুকিং)-এর জন্য—

মোট হার—১৮ পয়সা।

ছাড়—৩ পয়সা।

নীট—১৫ পয়সা।

(খ) হ্যাঁ, কেবলমাত্র শিল্প প্রতিষ্ঠানে ব্যবহৃত বিদ্যুৎ শক্তির ক্ষেত্রে।

(গ) হ্যাঁ, বিদ্যুৎ সরবরাহ সংস্থার পরিচালনা ও হিসাব সংক্রান্ত ব্যাপারে প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে সরকারের আদেশানুযায়ী ১৯৬৫ সালের অগাস্ট মাসে সিনিয়র ইলেকট্রিক ইন্সপেক্টর ও অডিট অফিসার কর্তৃক যুক্ত তদন্ত হইয়াছে।

শ্রীহারাধন রায়ঃ এই কোম্পানীর পরিচালকবৃন্দের ভিতরে ঝগড়ার জন্যই কি এই সমস্ত বিপত্তির কারণ?

শ্রীসুশীলকুমার ধাড়াঃ তা আমি বলতে পারব না।

শ্রীতিনকড়ি মণ্ডলঃ স্টেট ইলেকট্রিক বোর্ড-এর সঙ্গে এই কোম্পানীর ভিতরে রেট-এর কোন ডিফারেন্স আছে কি?

শ্রীসুশীলকুমার ধাড়াঃ হ্যাঁ আছে।

শ্রীতিনকড়ি মণ্ডলঃ এই দুই রেটকে এক করবার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কি?

শ্রীসুশীলকুমার ধাড়াঃ সেটাই আমরা চিন্তা করছি।

শ্রীজয়নারায়ণ শর্মাঃ কত ডিফারেন্স আছে এই রেট-এর মধ্যে তা কি বলতে পারেন?

শ্রীসুশীলকুমার ধাড়াঃ রেট-এর মধ্যে আছে স্টেট ইলেকট্রিসিটি বোর্ড যেখানে ডোমেস্টিক কনজাম্পশান-এর জন্য বিভিন্ন রকমভাবে দেন—যেমন ধরুন লাইটিং অ্যান্ড ফ্যান যেখানে ৩৬ পয়সা রেট আছে সেখানে ওদের রেট আছে ৩৪ পয়সা। বিভিন্ন স্ল্যাব-এ বিভিন্ন রকম আছে।

ডাঃ গোপিকারঞ্জন মিত্র: আমি জিজ্ঞাসা করছি এই যে কেনার মধ্যে এত তফাত কেন?

শ্রীসুশীলকুমার ধাড়া: আমি তো আপনাদের তিন মাসের অ্যাভারেজ-এর কথা বলেছি।

[1-20—1-30 p.m.]

ডাঃ গোপিকারঞ্জন মিত্র: বরাকর ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী ক্রমে ক্রমে কনজিউমাররা তাদের বেশী সাপ্লাই কিনছেন এবং যতই বেশী কিনছেন ততই বেশী দাম দিতে হচ্ছে কেন?

শ্রীসুশীলকুমার ধাড়া: ক্রমশ বেশী কিনছেন কিনা বলতে পারবো না, তবে জুন মাসে বেশী কিনেছেন একথা বলতে পারি, তাদের নিজেদের জেনারেটার আছে তাতেই তারা জেনারেট করেন।

শ্রীদিলীপকুমার মজুমদার: মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, বরাকর বিদ্যুৎ সরবরাহের কর্মীর বেতনের হার পশ্চিমবঙ্গ বিদ্যুৎ সরবরাহ প্রতিষ্ঠানের বেতনের হারের বেশী না করার জন্য বা সমান সমান যদি দেন কারণ বেশী দামে বিক্রি করে, কম মাহিনা দেওয়া হচ্ছে এটা জানেন কি?

শ্রীসুশীলকুমার ধাড়া: এই যে পার্থক্য সেটা অ্যাডমিনিস্ট্রেটিভ কস্ট ইত্যাদিতে হয় বলে আমাদের জানিয়েছেন তবে এ বিষয়ে আমার মনে হয় এবং সংশয় আছে যে এত পার্থক্য কেন? কালকে সম্মেলনে এই পার্থক্য কেন এই নিয়ে আলোচনা করেছি, ম্যানেজমেন্ট নিশ্চয়ই এর একটা কৈফিয়ত দেবেন—মনে হয় আমাদের অফিসাররা এ বিষয়ে চিন্তা করছেন এবং আমরাও চিন্তা করছি। রেটিং কমিটির দ্বারা একটা রেট অনুযায়ী কিভাবে যে রেট আছে এখনও পর্যন্ত এই রেট মোটামুটি ঠিক করা হয়েছে তবে এর অসুবিধা অনেক আছে। সেজন্য তারা যে দাবী করেছেন আমরা সেটা চিন্তা করে দেখছি যে স্টেট ইলেকট্রিসিটি বোর্ড-এর কনজিউমার অর রিটেইল কনজিউমার তারা যে দামে সাপ্লাই করে বালব পারচেজেস-এর জন্য তাদের যে দামে সাপ্লাই করা হয় ফলে, তাদের দেয় এর উপর একটা লাভ করতে হয় এবং তার ফলে কখনও কখনও রেট আমাদের চেয়েও বেশী হয়। এই সমস্ত ব্যাপারটা নিয়ে অনুসন্ধান করা হচ্ছে।

শ্রীনিরঞ্জন সেনগুপ্ত: স্পীকার স্যার, আমার এই *২১৬নং প্রশ্নটি ৩-৪টি বিভাগের সংগে জড়িত এবং তার ফলে এটা করতে কিছু সময় লাগবে। এই কোশ্চেন-এর জন্য আমি সময় চাই।

Retrenchment of employees of Siliguri Planning Organisation

***217.** (Admitted question No. *858.) **Shri Arun Kumar Moitra:** Will the Minister-in-charge of the Development and Planning (Town and Country Planning) Department be pleased to state—

(a) how many employees of the Siliguri Planning Organisation were retrenched during the year 1966-67;

(b) the reasons for such retrenchment; and

(c) whether the Government has given the retrenched employees any alternative employment?

Shri Biswanath Mukherjee: (a) 17 (Seventeen)—16 Enumerators and 1 Tracer.

(b) The Enumerators were appointed to temporary posts under Siliguri Planning Organisation on a purely temporary basis for specific items of work and the tenure of the posts was extended from time to time according to the exigencies of work of the organisation. On completion of the particular jobs for which they were appointed the services of the Enumerators were terminated with effect from 1st November, 1966, with due notice.

A post of Tracer was created temporarily in connection with the Advance action for Master Plan Scheme for Jalpaiguri town which was a Centrally Sponsored Scheme. As subsequently Government of India instructed this Government not to proceed further with the Advance action

on 4th Plan Schemes until further instructions from them all works in that connection had to be suspended and the post in question could not be continued. As such the service of the Tracer had to be terminated.

(c) The retrenched Tracer was absorbed in a post of Duftry under Siliguri Planning Organisation. Recently he has been fixed up in a post of Tracer under Siliguri Planning Organisation which fell vacant.

One of the retrenched Enumerators has been absorbed in the local S.L.R.O.'s office. Another Enumerator who was absorbed in a temporary post of typist under Siliguri Planning Organisation was subsequently employed in S.L.R.O.'s office. It is gathered that another Enumerator has since been employed in the State Bank, Siliguri.

শ্রীঅরুণকুমার মৈত্র: যে চোদ্দ জনকে কাজ দেওয়া সম্ভব হয় নি তাদের যদি যোগ্যতা থাকে তাহলে তাদের জেলায় যদি সরকারী চাকুরী খালি হয় তাহলে তাদের সেখানে নিয়োগ করা হবে কি?

শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়: একটা মুস্কিল হচ্ছে এদের কোয়ালিফিকেশন হচ্ছে শুধু মাত্র ম্যাট্রিক পাশ। সেজন্য এদের অ্যাবজর্ভ করতে অসুবিধা হচ্ছে। তাদের দুইটা দিক দিয়ে অ্যাবজর্ভ করতে পারি যা আমার মনে হচ্ছে যে দার্জিলিং ডিস্ট্রিক্ট-এর একটা কাজ হচ্ছে সেখানে এবং ঐ অঞ্চলে তাদের অ্যাবজর্ভ করতে হবে। তাদের অ্যাবজর্ভ করার চেষ্টা করব।

শ্রীঅরুণকুমার মৈত্র: এদের অ্যাবজর্ভ করার ব্যাপারে প্রায়োরিটি দেবার জন্য জেলা কর্তৃপক্ষকে জানিয়েছেন কি?

শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়: তাদের কোয়ালিফিকেশন-এ হলে এবং অন্য দিক থেকে ডিপার্ট-মেন্টাল কোন অসুবিধা না থাকে তাহলে তাদের যাতে অ্যাবজর্ভ করতে পারা যায় সেজন্য আমাদের ইনস্ট্রাকশন দেওয়া আছে, তবে আপনি যখন বলছেন তখন আর একবার বলব।

Closure of Berhampore Manindra Cotton Mill

***218.** (Admitted question No. *888.)

শ্রীঅমলেন্দ্রলাল রায়: শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুরে মনীন্দ্র কটন মিল কবে বন্ধ হইয়াছে এবং কেন বন্ধ হইয়াছে; এবং

(খ) ঐ মিল সত্বর চালু করিবাার জন্য সরকার কোন ব্যবস্থা অবলম্বন করিতেছেন কি?

শ্রীসুশীলকুমার ধাড়া: (ক) বহরমপুরের মণীন্দ্র কটন মিলস ইংরেজী ১৯৬৬ সনের ২৪এ অক্টোবর তারিখ হইতে বন্ধ আছে।

বন্ধের কারণ এবং কোম্পানীর আভ্যন্তরীণ অবস্থা নির্ণয়ের জন্য এবং ঐ মিল পুনরায় চালু করিতে হইলে কি কি ব্যবস্থা করা প্রয়োজন সে সম্বন্ধে প্রতিবেদন ও সুপারিশ পেশ করিবার জন্য ভারত সরকার একটি কমিটি গঠন করিয়াছেন। ঐ কমিটির প্রতিবেদন পাওয়া গেলে জানা যাইবে কেন ঐ মিল বন্ধ হইয়াছে।

(খ) (ক)-নং উত্তরে বর্ণিত কমিটির প্রতিবেদন ও সুপারিশ পাওয়া গেলে এবং বিবেচিত হইলে ঐ মিল পুনরায় চালু করার বিষয়ে কি ব্যবস্থা অবলম্বন করা যাইবে তাহা সরকার স্থির করিতে পারিবেন।

শ্রীঅমলেন্দ্রলাল রায়: মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি এই যে মিল বন্ধ করে দেওয়া হয় তখন কোম্পানীর তরফ থেকে গভর্নমেন্ট অফ ইন্ডিয়া-এর এক্সাইজ লেভি বেশী হওয়ার জনাই মিল বন্ধ করে দিতে হয়েছিল?

শ্রীসুশীলকুমার ধাড়াঃ হয়েছিল।

শ্রীঅমলেন্দুলাল রায়ঃ সরকারের যে কমিটি গঠিত হয়েছিল সেটা কি ইন্ডাস্ট্রিয়াল অ্যাক্ট অনুসারে গঠিত হয়েছিল?

শ্রীসুশীলকুমার ধাড়াঃ এটা বলতে পারবো না, তবে গভর্নমেন্ট যখন করেছেন নিশ্চয়ই তার ক্ষমতা বলে করেছেন।

শ্রীঅমলেন্দুলাল রায়ঃ এই যে কমিটি গঠিত হয়েছিল সেই কমিটিতে কে কে ছিলেন এবং কমিটির কাজ কবে আরম্ভ হয়েছিল এবং কবেই বা শেষ হয়েছে?

শ্রীসুশীলকুমার ধাড়াঃ এই কমিটি খুব সম্প্রতি হয়েছে জুন মাসে, এতে আছেনঃ

S. R. Mukherjee, Secretary of Commerce and Industries Department—Chairman,

B. C. Dutta, Assistant Inspecting Officer, office of the Regional Director (Company Law)—Member,

Dr. M. S. Srinivasan, Director, Economic Office of Textile Commissioner, Bombay—Member-Secretary.

[1-30—1-40 p.m.]

শ্রীঅমলেন্দুলাল রায়ঃ মনীন্দ্র মিলের এডজয়েনিং বেংগল টেক্সটাইল মিল আছে, তাব একই মালিকের হাতে ছিল। হাইকোর্টের স্কীম অনুসারে সেটা ক্রেডিটার চালাচ্ছে। সেই বেংগল টেক্সটাইল মিলের তরফ থেকে কি কোন স্কীম দেওয়া হয়েছিল? তাঁরা বলেছিলেন মনীন্দ্র মিল চালাতে রাজী আছেন। কাজেই এই স্কীম কি আমাদের গভর্নমেন্টের হাতে এসে পেঁাচেছে এবং এই স্কীম সম্বন্ধে তাঁরা কি চিন্তা করছেন?

শ্রীসুশীলকুমার ধাড়াঃ নোটিশ চাই।

শ্রীআবদুস সাত্তারঃ বহরমপুরের মনীন্দ্র কটন মিল বন্ধ হবার ফলে কতজন শ্রমিক বেকার হয়েছেন?

শ্রীসুশীলকুমার ধাড়াঃ প্রায় ৬০০ জন।

Ford Foundation and the C.M.P.O.

***219.** (Admitted question No. *916.) **Shri Mani Sanyal:** Will the Minister-in-charge of the Development and Planning Department be pleased to state—

(a) the precise terms of the contract between the State Government and the 'Ford Foundation' regarding the work of the C.M.P.O.;

(b) the break up of utilisation of the 'Foundation' money in C.M.P.O. work;

(c) list of 'Foundation' Experts now associated with the C.M.P.O. and their qualifications; and

(d) list of Planning Works done by these Experts?

Shri Biswanath Mukherjee: (a) No formal agreement is usually executed with the Ford Foundation in respect of their grants. The terms and conditions of the grants are laid down in the Ford Foundation Grant letters. The grants are generally made for assisting the Calcutta Metropolitan Planning Organisation in the preparation of development plans for the Calcutta Metropolitan District.

(b) From the 12th June, 1961, to the 24th January, 1967, the total grant was 38,68,000. Of this amount an amount of 5,51,374 was placed at the disposal of the Calcutta Metropolitan Planning Organisation in the following heads:

(i) Fellowship for training abroad of the C.M.P.O. Officers—2,52,000.

(ii) Books and equipments purchased for C.M.P.O.—1,93,374.

(iii) Inservice training programme in the C.M.P.O.—1,06,000.

On 25th January, 1967, the Ford Foundation made a supplementary grant of 5,80,000. On that date there was an unspent balance of 6,57,000 from the old grants. The total amount of 12,37,000 is to be spent as follows:

(i) Expenses of Ford Foundation consultants, etc., to be directly met by the Ford Foundation—8,16,000.

(ii) Training of C.M.P.O. staff and Inservice programme—3,16,000.

(iii) Contribution to C.M.P.O. for books and equipments—38,000.

(iv) Project Administration costs (including electricity charges, hiring of computer line)—67,000.

(c)(1) Dr. Collin Rosser, B.A., Ph.D. (Social Planning), previously Director of Social Research Unit, University of Wales, U. K.

(2) Mr. I. Wamble, B.S. (Traffic Engineer) Traffic Planner with Wilbur Smith Associates.

(3) Mrs. M. Massen, B.A., (Public Information and Communication), previously Director of Information for National Association of Housing & Re-development, U.S.A.

(4) Mr. M. Lackner, B.S., LL.B., (Electronic Data Processing) was a Consultant on Advanced Computor Programme.

(5) Mr. T. Kingsley, M.C.P. (City Planning) previously an Urban Planner with Consulting firm in U.S.A.

(6) Mr. B. Mecartney, M.C.P. (City Planning) was Supervisor of Urban Renewal Programme for New York City Planning.

(7) Mr. D. Willcox, LLB, (Planning Law) A Member of New York Bar.

(8) Mr. L. Wenn, B.S. (Traffic Planner) Highway Planner with Wilbur Smith Associates, U.S.A.

(9) Mr. A. Row, M. C. P. (City Planner) was Chairman of Deptt. of City Planning, Yale University.

(10) Mr. P. Grenell, A.B., Ph. D., (City Planning) was a Research Assistant in Harvard University.

(11) Mr. C. Stonier, B.S., M.B.A., Ph.D. (Development Economics) was Director, Centre for Business and Urban Research, Hofstra University, Hempstead, N. Y.

(d) The Ford Foundation Consultants have helped this Department in the preparation of the following reports:

(1) Interim Development for Siliguri.

(2) Interim Development Plan for Asansol-Durgapur.

(3) Regional Planning for West Bengal.

(4) Basic Development Plan for CMD.

(5) Howrah Area Development Plan.

(6) Bustee Improvement Programme, Calcutta and Howrah.
(7) Interim Report: Housing, Calcutta Metropolitan District.
(8) Traffic and Transportation Plan.

শ্রীমনি সান্যাল: মন্ত্রিমহাশয় যে জবাব দিলেন তাতে দেখা যায় এক দফায় ৩৮ লক্ষ ৩৬ হাজার ডলার, আর এক দফায় ৮ লক্ষ ১৬ হাজার ডলার এই গ্র্যান্ট ফোর্ড ফাউন্ডেশন-এর কাছ থেকে পাওয়া গেছে। আমি বিশেষ করে যেটা জানতে চাচ্ছি সেটা হচ্ছে এই, মোট গ্র্যান্ট কত এবং অন্যান্য এক্সপার্টদের মাইনে বাবদ কত খরচ হয়েছে।

শ্রীবিশ্বনাথ মুখার্জী: বেশীর ভাগ এক্সপার্টদের মাইনেতে খরচ হয়েছে। আমাদের সি এম পি ও-র ডাইরেকটর পায় ২৬ হাজার ডলার দু বছরের জন্য ধরতে পারি, ২৬ হাজার ডলার এখানকার হাউসিং, ইলেকট্রিসিটি অ্যান্ড আদার এস্টাবলিশমেন্ট চার্জেস বাবদ ও'রা একা খরচ করেন আর ৩০ হাজার ডলার একটা খরচ করে, দুই বছর ধরে বছরে ১৫ হাজার ডলার সেটা তাদের যেসমস্ত বইপত্র সেগুলো এখানে পাওয়া যায় না সেইগুলো বাইরে থেকে আনা হয় আর বাকীগুলো নিজেদের ব্যাপারে তারা যা বাইরে পাঠায় তার জন্য খরচ করে। কিন্তু বেশীর ভাগ খরচ হয় তাদের কনসালটেন্টদের মাইনে দেবার জন্য, কনসালটেন্ট কাকে কত মাইনে দেয় তা তাঁরা বলেন না, মোটের উপর সেই টাকা নিজেরা খরচ করেন।

শ্রীমনি সান্যাল: তাহলে কি এই সিদ্ধান্ত আসবে যে এই গ্র্যান্ট যা দেওয়া হয় সেটা খরচ করবার ব্যাপারে সরকারের কোন হাত নেই ?

শ্রীবিশ্বনাথ মুখার্জী: যেটা আমাদের দেয়, সেটার উপর হাত আছে। টোট্যাল গ্র্যান্ট-এর সবটা সি এম পি ও আমাদের হাতে দেন না, তার মধ্যে একটা অ্যারেঞ্জমেন্ট হয়, ফোর্ড ফাউন্ডেশন--এর সংগে একটা সাইনড আন্ডারস্ট্যান্ডিং হয়, সেই অনুসারে একটা মেজর পোরসন আমাদের গভর্নমেন্টকে দেন মেজর খরচের জন্য বাকিটা সি এম পি ও নিজেরা খরচ করেন। তার সংগে কোন সম্পর্ক আমাদের নেই, দ্যাট ইজ নট টু আস, সেটা তাঁদের নিজেদের বাজেট, দ্যাট ইজ গভর্নমেন্ট সি এম পি ও।

শ্রী মহম্মদ ইসরাইল: এক্সপার্টদের মাইনে কি ও'দের বাজেটের মধ্যে পড়ে না আমাদের গভর্নমেন্ট যে টাকা দেয় তার মধ্যে পড়ে ?

শ্রীবিশ্বনাথ মুখার্জী: এক্সপার্টদের মাইনে ও'রা ঠিক করেন সমস্ত টোট্যাল গ্র্যান্ট-এর ভেতর থেকে কিন্তু সেটা আমাদের গভর্নমেন্ট দেন, টোট্যাল গ্র্যান্ট ফর সি এম পি ও, তার একটা স্মল পোর্সান গভর্নমেন্ট পায়, সেটা সি এম পি ও-র নিজেদের হাতে থাকে, তাঁরা নিজেরা খরচ করেন।

ডাঃ গোপীকারঞ্জন মিত্র: মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে এই ফরেন-এ পাঠান হচ্ছে আমাদের অফিসারদের এদের কোন কোন দেশে পাঠান হচ্ছে ?

শ্রীবিশ্বনাথ মুখার্জী: আমি এটা ঠিক বলতে পারবো না, তবে বেশীর ভাগ ক্ষেত্রে ইউ এস এ যাচ্ছে।

ডাঃ গোপিকারঞ্জন মিত্র: আমাদের এখানকার কতজন অফিসার ফরেন-এ ট্রেনিং নিতে গেছে সে সম্বন্ধে আইডিয়া রয়েছে কি?

শ্রীবিশ্বনাথ মুখার্জী: এখান থেকে ১২ জন গেছেন।

[1-40—1-50 p.m.]

শ্রীমনি সান্যাল: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, শিলিগুড়ি, আসানসোল এবং অন্যান্য অঞ্চলে ক্যালকাটা মেট্রোপলিটান ডিস্ট্রিক্ট যে ইন্টেরিম ডেভালপমেন্ট প্ল্যান সি এম পি ও তৈরী করেছেন, তার জন্য অ্যাকচুয়াল এক্সপেন্ডিচার কত পড়েছে ?

শ্রীবিশ্বনাথ মুখাজী: তা তো নয়। সি এম পি ও প্ল্যান তৈরী করেছে নিজেদের স্টাফ দিয়ে, ওদের কনসালটেন্ট অ্যাসিস্ট করছে। সেই কনটালটেন্টকে ওরা মাইনে দিচ্ছে। সুতরাং এইরকমভাবে বলা যেতে পারে না—এই পার্টিকুলার প্ল্যান-এর জন্য ওরা কত খরচ করছে। ওরা কনসালটেন্টকে মাইনে দিচ্ছে, ওরা করছে। সেই কনসালটেন্টের সি এম পি ও-কে অ্যাসিস্ট করছে ইন ফ্রেমিং সার্টেইন প্ল্যানস।

Shrimati Shakila Khatun: Will the Hon'ble Minister kindly state how many persons have been sent to abroad?

Mr. Speaker: He has already replied to that.

Shrimati Shakila Khatun: Will the Hon'ble Minister kindly state how many persons have come back?

Shri Biswanath Mukherjee: I cannot tell off-hand. I cannot say now how many have refused to come back. It may be after the term is over, some people may not come if they marry there and get a good job.

ডাঃ গোপিকারঞ্জন মিত্র: এই যে সি এম পি ও শিলিগুড়ি ও আসানসোলের জন্য ইন্টারিম প্ল্যান করেছে, তা এখন যে স্টেজে আছে সেটা সরকার চালু করবেন কিনা—এবং সে সম্বন্ধে আপনারা কোন সিদ্ধান্ত নিয়েছেন কিনা?

Shri Biswanath Mukherjee: This does not arise from this question.

ডাঃ রাধাকৃষ্ণ সিনহা: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, সি এম পি ও দ্বারা যে মাস্টার প্ল্যানিং আরম্ভ হয়েছিল তা কবে শেষ হবে, সেই প্ল্যানিং মত অ্যাকচুয়াল কাজ আরম্ভ হয়েছে কিনা, না আমরা লিভিং আন্ডার দি ইলিউশান অফ প্ল্যানিং।

শ্রীবিশ্বনাথ মুখাজী: এটা তো আপনি সি এম পি ও সম্বন্ধে কোশ্চেন করেছেন। অরিজিনাল কোশ্চেন হচ্ছে ফোর্ড ফাউন্ডেশনের সঙ্গে সি এম পি ও-এর সম্বন্ধ। আপনি যেটা কোশ্চেন করছেন, আপনাকে বিনীতভাবে জানাই ও ডেভোলপমেন্ট সম্বন্ধে প্রশ্ন। এ প্রশ্নের মধ্যে আসে না। তবে সি এম পি ও যে প্ল্যানগুলি করেছে, তা সি এম পি ও নিজে ক্যারি আউট করে না। ওয়ার্লড হেলথ অরগ্যানিজেশন সাহায্য করে এখানে যেমন সি এম পি ও কলকাতায় ওয়াটার সাপ্লাই সম্বন্ধে যেটা করেছে, সেটা ক্যালকাটা কর্পোরেশন হ্যাজ টু ক্যারি ইট আউট।

শ্রীমহম্মদ ইসরাইল: ক্যালকাটা কর্পোরেশন-এর বেলায় তা হচ্ছে না কেন?

শ্রীবিশ্বনাথ মুখাজী: তারা সেটা আটকে রেখেছে বলে তার জন্য হচ্ছে না। যেমন ধরুন তারা ট্রাফিক সম্বন্ধে করলো, সেটা আলাদা ডিপার্টমেন্ট। তারা ক্যারি আউট করবে। তেমনি শিলিগুড়ির ব্যাপারে ডেভোলপমেন্ট ডিপার্টমেন্ট ক্যারি আউট করবে—সি এম পি ও শুধু প্ল্যান করে দেয়। সি এম পি ও কোন প্ল্যান তৈরী করে সাবমিট করে দেয়, সেটা ক্যারি আউট করবার জন্য আলাদা এজেন্সি রয়েছে। কাজেই আপনার এই কোশ্চেন এখানে অ্যারাইজ করে না।

ডাঃ রাধাকৃষ্ণ সিনহা: অ্যাকচুয়াল কাজের সঙ্গে যদি প্ল্যানিং-এর কোন সামঞ্জস্য না থাকে তাহলে প্ল্যানিং-এর কোন মূল্য নাই। দুটোর মধ্যে কো-অর্ডিনেশন হচ্ছে না তো?

শ্রীবিশ্বনাথ মুখাজী: তার জন্য তো প্ল্যানারস দায়ী নয়, প্ল্যানারস যাঁরা—তারা প্ল্যান তৈরী করে দেয় গভর্নমেন্টের কাছে, সেই প্ল্যানকে কার্যকরী করার দায়িত্ব গভর্নমেন্টের, তার কোন ডিপার্টমেন্ট সেটা ক্যারি আউট করবে। ওখান থেকে এ প্রশ্ন আসে না।

শ্রীমহম্মদ ইসরাইল: এই যে মন্ত্রিমহাশয় বললেন যাদের বাইরে ট্রেনিং-এর জন্য পাঠান হয়, তাঁরা যদি সেখানে বেটার চান্স পায় বা ইফ দে ম্যারি, সেখানে থেকে যেতে পারে, আমার প্রশ্ন হচ্ছে যাদের পাঠান হয় তাঁদের সঙ্গে কি কোন এগ্রিমেন্ট হয় না যে ফিরে এসে সারটেইন পিরিয়ড অফ টাইম তারা সি এম পি ও-এর সঙ্গে কাজ করবেন? এ রকম কোন অ্যারেঞ্জমেন্ট কি হয় না?

শ্রীবিশ্বনাথ মুখার্জী: যিনি এই কোশ্চেন করেছেন তিনি একটি হাইপোথেটিক্যাল কোশ্চেন করেছেন এবং আমিও তার হাইপোথেটিক্যাল উত্তর দিতে চেষ্টা করেছি। কাজেই আপনি আর সাপ্লিমেন্টারি কোশ্চেন করবেন না, অনুরোধ করছি।

Shri Mohammed Israil: Is any agreement made between the Government, the C.M.P.O. and the persons concerned who are sent abroad for training that on their return they will work for the C.M.P.O. for a certain period of time.

শ্রীবিশ্বনাথ মুখার্জী: ন্যাচারেলি যারা যাবে, তারা সি এম পি ও-র এমপ্লয়ীজরাই যাবে বা সি এম পি ও-র সাহায্যে যাবে, এবং তাদের সংগে নিশ্চয়ই গভর্নমেন্টের একটা বন্দোবস্ত থাকবে। কিন্তু ফোর্ড ফাউন্ডেশনের যে টাকা অ্যালটমেন্ট আছে, সেই টাকা থেকে যদি কাউকে পাঠান হয় এবং তারপর ফোর্ড ফাউন্ডেশনের সংগে অ্যারেঞ্জ করে থাকতে পারেন কিনা জানি না। সেইজন্য আমি বলছি যদি কোন কনক্রিট কোয়েশ্চেন করতেন, যে দুজন সেখানে থেকে গিয়েছে, তাহলে না হয় সে সম্বন্ধে খোঁজ-খবর নিয়ে আসতাম। এ সম্বন্ধে যদি নোটিশ দেন তাহলে বলতে পারবো।

শ্রীমহম্মদ ইসরাইল: এরকম কিছু লোক বাইরে থেকে ট্রেনিং নিয়ে, ঘুরে এসে অন্য জায়গায় কাজ করছেন, এ বিষয়ে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এটা তিনি অনুসন্ধান করুন এবং তাঁরা যাতে এখানে কাজ করেন তার ব্যবস্থা করুন।

শ্রীবিশ্বনাথ মুখার্জী: এটা খুবই সম্ভব এবং প্রায়ই এরকম করছেন। কিন্তু এ'রা খুব অল্প লোককে পাঠান, এবং অল্প লোকই বাইরে থেকে ট্রেনিং পেয়ে ফিরে এসেছেন। সুতরাং এই কোয়েশ্চেনটা অ্যারাইজ করে কিনা জানি না। তবুও আমি এ সম্বন্ধে এনকোয়ারী করবো।

শ্রীমনি সান্যাল: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, ফোর্ড ফাউন্ডেশনের যে অনুদান, অর্থাৎ ফোর্ড ফাউন্ডেশনের সংগে যে চুক্তি অনুযায়ী আমরা যা পেয়েছি, সেই অনুযায়ী ফোর্ড ফাউন্ডেশনের এক্সপার্টদের কাজ তারা শেষ করেছেন কিনা এবং এই চুক্তি আর বহাল রাখার প্রয়োজন আছে কিনা?

শ্রীবিশ্বনাথ মুখার্জী: এই চুক্তি বহাল রাখার প্রয়োজন আছে কিনা, ইট ইজ এ কোশ্চেন অফ হাই পলিসি এবং আমার পক্ষে এর উত্তর দেওয়া সম্ভবপর নয়। গভর্নমেন্ট আলোচনা করে, অনেক অনুসন্ধান করে একটা সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে যে দরকার আছে কি নেই। আর আপনার দ্বিতীয় প্রশ্ন, কাজ শেষ হয়ে যাওয়ার কথা যেটা বলেছেন, কাজ শেষ হয় নি। কারণ কনসালটেন্ট হিসাবে তাঁরা বিভিন্ন বিষয়ে রিপোর্ট তৈরী করতে সাহায্য করছেন এবং সি এম পি ও-তে তাঁরা কন্টিনিউয়াসলি কাজ করে যাচ্ছেন এবং বিভিন্ন ক্ষেত্রে তথ্য সংগ্রহ করে রিপোর্ট প্রিপেয়ার করছেন, সে দিক থেকে তাঁদের কাজ আছে।

শ্রীফজলে আহমেদ: মাননীয় মন্ত্রিমহাশয় এটা বলবেন কি, যে বাজারে একটা জনশ্রুতি আছে যে, সি এম পি ও স্কিমে ফোর্ড ফাউন্ডেশনের সাহায্যে যারা ইউনাইটেড স্টেট অফ আমেরিকাতে কিছু শিখতে বা ট্রেনিং নিতে যান, তাঁরা যখন ফিরে আসেন, তখন তাঁরা সি আই এ-র এজেন্ট হয়ে ফিরে আসেন?

শ্রীবিশ্বনাথ মুখার্জী: তা অনুসন্ধান সাপেক্ষ। মাননীয় সদস্য যে প্রশ্ন করেছেন এবং তার মধ্য দিয়ে যে ইঙ্গিত, সেটা মোটেই অসম্ভব নয়। সি আই এ-র এজেন্ট সর্বত্রই আছে এবং এ'দের ভিতর থেকে হতে পারে এবং তাঁরা কনসালটেন্ট, তাঁদের মধ্যেও হতে পারে। সেটা অনুসন্ধান সাপেক্ষ। সেটা অনুসন্ধান করে বের করতে হবে। এই সূত্রে কিছুদিন আগে মাননীয় সদস্য যে প্রশ্ন করেছিলেন, তারও উত্তরটা আমি দিয়ে দিচ্ছি। বাইরে যাঁরা যান তাদের আমাদের রাজ্যসরকারের সংগে একটা চুক্তি করে যেতে হয়, যে একটা স্পেশাল পিরিয়ড পর্যন্ত তাঁরা এখানে কাজ করবেন অন দেয়ার রিটার্ন।

Refugee Market at Ultadanga

***220.** (Admitted question No. *710.)

শ্রীমতী ইলা মিত্রঃ গত ১০ই ডিসেম্বর, ১৯৬৫ তারিখে বিধানসভায় প্রদত্ত তারকা চিহ্নিত *৪০২ নং (অনুমোদিত প্রশ্ন নং *১৮০৭) প্রশ্নোত্তর প্রসঙ্গে উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উল্টাডাঙ্গায় বাজার নির্মাণের কাজ আরম্ভ হইয়াছে কি; এবং

(খ) উক্ত উদ্বাস্তু বাজার নির্মাণের জন্য কেন্দ্রীয় সরকার কোন টাকা মঞ্জুর করিয়াছেন কিনা এবং করিলে তাহা কত এবং কবে উক্ত টাকা মঞ্জুর করিয়াছেন?

শ্রীনিরঞ্জন সেনগুপ্তঃ

(ক) না।

(খ) হ্যাঁ, গত ২৫এ অক্টোবর ১৯৬৬ তারিখে কেন্দ্রীয় সরকার উল্টাডাঙ্গায় উদ্বাস্তু বাজার নির্মাণের জন্য ৪ লক্ষ ৭৭ হাজার ১ শত টাকা মঞ্জুর করিয়াছেন।

শ্রীমতী ইলা মিত্রঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি এই প্রশ্নের জবাব দেবেন, যে ১৯৫০ সালে উল্টাডাঙ্গার বাজারের জন্য ৪ লক্ষ ৭৭ হাজার টাকা মঞ্জুর হয়, অথচ গত ১০ বছরের মধ্যে এই বাজারটার কাজ কেন আরম্ভ হল না?

শ্রীনিরঞ্জন সেনগুপ্তঃ মাননীয়া সদস্যাকে জিনিসটা ভাল করে বোঝাবার জন্য এইটা পড়ে শোনাচ্ছি। উল্টাডাঙ্গা উদ্বাস্তু বাজার নির্মাণের জন্য কেন্দ্রীয় সরকার ১৯৫৫-৫৬ সালে আর্থিক বছরের শেষ ভাগে প্রথমে মোট ৩,২৯,৭৬৫ টাকা মঞ্জুর করেন। যে জমির উপর বাজার নির্মিত হবার কথা ছিল, তা সি আই টি হাউসিং স্কীমের জন্য প্রয়োজন হওয়ায় এবং বাসস্থানের কাছাকাছি বাজার স্থাপিত হলে বাসিন্দাদের অসুবিধা হবে চিন্তা করায় স্থান পরিবর্তন করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট এর বিনিময়ে যে জমি দেওয়ার প্রস্তাব করে তা আনুষ্ঠানিকভাবে এই বিভাগের হাতে প্রত্যর্পণ করতে যথেষ্ট বিলম্ব ঘটে, তাই বাজার নির্মাণের কাজ সুরু হতে পারে নি। ১৫ই জুলাই ১৯৬৬ সালে ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্টের কাছ থেকে বাজার নির্মাণের জমির অধিকার বা পজেসন গ্রহণ করা হয় এবং ২৪এ অগাস্ট ১৯৬৬ সালে প্রশাসনিক অ্যাডমিনিস্ট্রেশন বাবদ মঞ্জুরীদান করা হয়। যে এস্টিমেট অনুযায়ী কেন্দ্রীয় সরকার পূর্বে একই অর্থ মঞ্জুর করেন তা অনেকদিন আগের হওয়ায় তার ভিত্তিতে বর্তমান বাজারে কাজ করা সম্ভব নয়। বর্তমান বাজারে কাজ করা সম্ভব নয় বলে রাজ্যের নির্মাণ পর্ষৎ জানান গত ১৭ই এপ্রিল তারিখে, নির্মাণ পর্ষৎ শুধু নির্মাণ কার্যের জন্য ৪ লক্ষ ২ হাজার টাকার একটা সংশোধিত এস্টিমেট পেশ করেন। রাজ্য সরকার ২২-৫-৬৭ তারিখে বাজার নির্মাণ ব্যয় বাবত অনুমোদিত ৩ লক্ষ ২৫ হাজার ৬ শত টাকার মধ্যে সীমিত রেখে আপাততঃ কাজ সুরু করবার নির্দেশ দেন এবং কেন্দ্রীয় সরকারকে মোট ৫ লক্ষ ৫৩ হাজার ৫ শত টাকার সংশোধিত এস্টিমেট মঞ্জুর করার জন্য অনুরোধ জানান হয়। ঠিকাদারদের কাছ থেকে যে টেন্ডার পাওয়া গেছে তা এখনও নির্মাণ পর্ষতের বিবেচনাধীন।

[1-50—2 p.m.]

শ্রীমতী ইলা মিত্রঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জবাব দেবেন যে, ৭৫ কাঠা জমি উল্টাডাঙ্গা বাজারের জন্য পূর্বতন সরকার ১৯৫৬ সালে কিনেছিলেন সেই জমি কি কারণে পরিবর্তন করে ঐ সি আই টি-র ৩৬ কাঠা জমি নেওয়া হল এবং এই সঙ্গে আর একটি প্রশ্ন জিজ্ঞাসা করছি সেটা হচ্ছে যে ৭৫ কাঠা জমি গভর্নমেন্ট পূর্বে কিনেছিলেন সেটা পুকুর ভর্তি করা জমি বলে বাজার নির্মাণ করা সম্ভব নয় বলে বাতিল করেছিলেন, কিন্তু পরে যে জমি কিনলেন সেটাও যে পুকুর ভর্তি করা জমি সে খবর আপনি কি জানেন?

শ্রীনিরঞ্জন সেনগুপ্তঃ আগের প্রশ্নের জবাব এই যে লম্বা জিনিসটা পড়লাম এর ভেতরে আছে। যে জমির উপর বাজার নির্মিত হওয়ার কথা ছিল তা সি আই টি-র হাউসিং স্কীমের জন্য প্রয়োজন হওয়ায় এবং বাসস্থানের কাছাকাছি বাজার স্থাপিত হলে বাসিন্দাদের অসুবিধা হবে এই কথা চিন্তা করে স্থান পরিবর্তন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

শ্রীমতী ইলা মিত্রঃ এই উত্তরটা ঠিক নয়, পূর্ব কথার সংগে অসংগতি রয়েছে এ সম্পর্কে আপনি জানেন কি? কারণ পূর্বে যিনি রিফিউজি বিভাগের কমিশনার ছিলেন তিনি ১৯৬১ সালে ডাঃ রনেন সেনকে চিঠি মারফত জানিয়েছিলেন জমিটা পুকুর ভর্তি করা বলে বাজার সম্ভব নয়। কিন্তু এখন আপনি জবাব দিচ্ছেন যে বাসস্থানের কাছাকাছি যদি বাজার করা যায় তাহলে অসুবিধা আছে। এই যে অসংগতি এবং দশ বছর ধরে যে বাজার হচ্ছে না, এর ভেতরে কি রহস্য আছে, টাকাপয়সাগুলি কোথায় গেল এ সম্পর্কে আপনি বিশেষভাবে অনুসন্ধান করে অবিলম্বে এই বাজার তৈরী করার নির্দেশ দেবেন কি?

শ্রীনিরঞ্জন সেনগুপ্তঃ নির্দেশ নিশ্চয় দেব। আপনার সংগে আগেও কথা হয়েছিল এবং তখন আপনাকে বলেছিলাম যে সমস্ত ব্যাপারটা খোঁজ নিচ্ছি এবং যাতে তাড়াতাড়ি বাজারের কাজ সুরু হয় তার চেষ্টা করছি। সুতরাং আমি একথা বলছি যে আপনি যা বলেছেন সেটার সাথে আমিও একমত, ১০ বছর বাজার তৈরী হল না কেন সেটা আমারও জিজ্ঞাস্য। আমি খোঁজ নিয়ে আপনাকে আরও তথ্য দিতে পারবো।

Harassment of M.P. and M.L.A. at Babisol Colliery, Asansol

***221.** (Short Notice) (Admitted question No. *1035.) **Shrimati Geeta Mukhopadhyay:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether the Government has received any complaint from Dr. Ranen Sen, M.P., and Shri Narayan Choubey, M.L.A., regarding harassment and molestation on them on 11th July, 1967, by some armed goondas at Babisol Colliery, Asansol, engaged by the management of the said colliery;

(b) if so, when the Government received the complaint; and

(c) what actions have been taken by the Government in this regard?

Shri Ajoy Kumar Mukhopadhyay: (a) A complaint was received from Shri Ranen Sen, M.P., Narayan Choubey, M.L.A., Sunil Sen, Organising Secretary, C.M.S and Shri Niranjan Dastidar alleging harrassment and molestation on them by some persons at Babisol Colliery on 11th July, 1967.

(b) The complaint was received by Ondal P.S. at 18-45 hours, on 11th July, 1967.

(c) Out of seven persons named in the F.I.R as accused, 4 persons were arrested on 11th July, 1967 and Shri A. P. Jha, Superintendent-cum-Director of Babisol Colliery, was arrested on 12th July, 1967 and another was arrested on 19th July, 1967. Investigation is proceeding.

শ্রীনিতাইপদ সরকারঃ গ্লোব ডিটেকটিভ এজেন্সির কোন লোক ঐ ঘটনার সংগে জড়িত ছিল কিনা?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ আমার জানা নেই।

ডাঃ গোপিকারঞ্জন মিত্রঃ আপনি যা উত্তর দিলেন তাতে আমরা দেখতে পাচ্ছি যে এফ আই আর-এ যে সাত জনের নাম করা হয়েছিল তাদের মধ্যে চার জনকে ধরা হয়েছে। তার সংগে

আর দুটো নাম আলাদা করে বললেন আমি কি ধরে নিতে পারি এফ আই আর-এ সেই দুজনের নাম ছিল?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ আউট অফ সেভেন পারসন ফোর পারসন অয়্যার অ্যারেস্টেড। এছাড়া দুজনকে—একজন এ পি ঝাকে এরেস্ট করা হয়েছে, আরও একজনকে করা হয়েছে তার নাম জানা নেই, এফ আই আর-এর লোক হতে পারে।

ডাঃ গোপিকারঞ্জন মিত্রঃ ঐ যে দুজনকে ধরা হয়েছে ঐ দুজন এফ আই আর এ ছিল না, আলাদা ধরা হয়েছে সাত জন ছাড়া?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ সে রিপোর্ট আমার কাছে নেই।

Jute Mills for storing foodgrains

***222.** (Short Notice) (Admitted question No. *1082.)

শ্রীসুধীরচন্দ্র দাসঃ খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় জানাইবেন কি—

(ক) রাজ্য সরকার ধান্য ও চাউল সংরক্ষণের জন্য কতগুলি জুট মিলের গুদাম ভাড়া লইয়াছেন ইহা কি সত্য;

(খ) ইহা সত্য হইলে ঐ গুদামগুলির তালিকা কি; ভাড়ার হার প্রতিটি গুদামের জন্য কত, এবং কোন্ তারিখ হইতে ঐ গুদামগুলি ভাড়া করা হইয়াছে;

(গ) ঐ গুদামগুলির ভাড়ার জন্য মোট কত টাকা এ পর্যন্ত ব্যয় হইয়াছে; এবং

(ঘ) ঐ গুদামগুলির প্রত্যেকটিতে এ বছর এ পর্যন্ত কত ধান্য ও চাউল আমদানী হইয়াছে; এবং কোন্ কোন্ গুদামে বর্তমানে কত ধান্য ও চাউল আছে।

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ (ক) বর্তমানে কোনো জুট মিলের গুদাম ধান্য ও চাউল সংরক্ষণের জন্য ভাড়া নেই।

(খ), (গ) ও (ঘ) প্রশ্ন ওঠে না।

শ্রীসুধীরচন্দ্র দাসঃ আমি উত্তরে জানলাম যে জুট মিলের গুদামে কোন ভাড়া নেই। আমি জিজ্ঞাসা করছি ঐ যে গুদামগুলি ধানচাল সংরক্ষণের জন্য ভাড়া নেওয়া হয়েছে তার তালিকা কি আপনার কাছে আছে, সেটা কি আপনি জানাতে পারবেন?

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ ১৯৬৫-৬৬ সালে নিম্নলিখিত তিনটি পাটকলের গুদাম এই সরকার ভাড়া লইয়াছিলেন—শ্যামসুন্দর সাউ জুট মিল, শ্যামসুন্দর জুট মিল এক ও দু নং, কাঁকিনাড়া জুট মিল লিমিটেড। উপরোক্ত গুদামগুলির জন্য মোট ব্যয় নয় লক্ষ ৮৪ হাজার ৭১০·২৫ টাকা। এগুলি প্রথম দুইটি ১২ই জানুয়ারি ১৯৬৬ এবং ১৭ই ফেব্রুয়ারি ১৯৬৭তে ছেড়ে দেওয়া হয়েছে আর শেষেরটা ছেড়ে দেওয়া হয়েছে ১লা মার্চ ১৯৬৭ তারিখে। কাজেই আমাদের সরকার যখন এসেছে তখন কোনটাই ভাড়া ছিল না।

শ্রীনারায়ণচন্দ্র চৌধুরীঃ আপনি কি জানাবেন অয়্যার হাউসিং কর্পোরেশানে কোন গুদাম নেওয়া আছে কিনা?

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ ওয়েস্ট বেঙ্গল স্টেট ওয়েয়ার হাউসিং কর্পোরেশান এবং সেন্ট্রাল ওয়েয়ার হাউসিং কর্পোরেশান ১৯৬৫-৬৬ সালে এই সরকার পক্ষে নিম্নলিখিত জুট মিলের গুদামে খাদ্য শস্য সংরক্ষণ করেছিলেন, উপরোক্ত সংস্থা এই গুদামগুলি ভাড়া নিয়েছিলেন—ক্লাইভ জুট মিল, হনুমান জুট মিল, লরেন্স জুট মিল, নিউ সেন্ট্রাল জুট মিল, বেঙ্গল জুট মিল। উপরোক্ত দুই সংস্থার সকল গুদাম ফুড কর্পোরেশান ১লা মার্চ ১৯৬৭ তারিখ থেকে ছেড়ে দিয়েছেন।

শ্রীনারায়ণচন্দ্র চৌধুরী: আপনি কি জানাবেন স্টেট গভর্নমেন্টএর খাদ্যের জন্য কতগুলি গুদাম আছে?

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ: সেকথা আমি বলতে পারবো না।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

T. R. and C. R. in Chatal subdivision

117. (Admitted question No. 413.)

শ্রীরজনীকান্ত দলুই: ত্রাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মেদিনীপুর জেলার ঘাটাল মহকুমায় গত মার্চ মাস হইতে অদ্যাবধি টেস্ট রিলিফের কোনরূপ ব্যবস্থা হয় নাই এবং জি আর তালিকা হইতে বহু নাম বাদ দেওয়া হইয়াছে; এবং

(খ) সত্য হইলে ইহার কারণ কি?

The Minister for Relief:

(ক) ইহা সত্য নহে।

(খ) প্রশ্ন উঠে না।

Settlement of lands of Char Sarandajpur, Murshidabad

118. (Admitted question No. 414.)

শ্রীআজিজুর রহমান: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বাগে রোয়েদাদে (বাগে অ্যাওয়ার্ড) অন্তর্ভুক্ত এলাকার মধ্যে বৃহত্তম চর সরন্দাজপুর এলাকার সেটেলমেন্ট কতদিন পূর্বে হইয়াছে;

(খ) এই সেটেলমেন্টের পর জমি চিহ্নিকরণ ও প্রজাসাধারণকে বুঝিয়ে দেওয়া হইয়াছে কি;

(গ) বাগে রোয়েদাদে অন্তর্ভুক্ত চর মাজাড়দিয়াড়, বাঁশগড়া, চরকাতলামারী, চরভদ্রা ও উদয়নগর খাস জমিগুলি ভূমিহীন কৃষকদের মধ্যে বন্টন করা হইয়াছে কিনা; এবং

(ঘ) ঐ এলাকাগুলির খাসজমির পরিমাণই বা কত?

The Minister for Land and Land Revenue:

(ক) সেটেলমেন্টের কাজ আরম্ভ হয় ১৯৬৬ সনের নভেম্বর মাসে। ঐ কাজ এখনও চলিতেছে।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) হ্যাঁ।

(ঘ) এলাকাগুলির খাস জমির মোট পরিমাণ ৪৬৭·১৮ একর।

Damages due to fire in Murshidabad district

119. (Admitted question No. 415.)

শ্রীআজিজুর রহমান: ত্রাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত মার্চ (১৯৬৭) হইতে জুন (১৯৬৭) মাস পর্যন্ত মুর্শিদাবাদ জেলার কতগুলি পরিবারের গৃহ অগ্নিদগ্ধ হইয়াছে এবং ইহার মধ্যে স্বাভাবিক কতগুলি ও দুর্বৃত্ত-দিগের দ্বারা কতটি; এবং

(খ) ঐ পরিবারগুলিকে কি পরিমাণ খয়রাতি সাহায্য নগদ অর্থ, কাপড়-চোপড় ইত্যাদি সরকার হইতে দেওয়া হইয়াছে?

The Minister for Relief:

(ক) স্বাভাবিক অগ্নিকাণ্ডে ১,৩২৮টি পরিবারের এবং দুর্বৃত্তদিগের দ্বারা ৩৬টি পরিবারের মোট ১,৩৬৪টি পরিবারের গৃহ অগ্নিদগ্ধ হয়েছে।

(খ) ১। নগদ অর্থে খয়রাতি সাহায্য ও গৃহনির্মাণ অনুদান ... ১৮,০৯৭ টাঃ

২। খাদ্যশস্যে খয়রাতি সাহায্য ১১ কেজি গম ও মাইলো

৩। বস্ত্র ও পোষাক ... ১,২৩৭টি

৪। কম্বল ... ৭টি

৫। ত্রিপল ... ২০টি

Strike notice served by the West Bengal Municipal Employees' Federation

120. (Admitted question No. 531.)

ডাঃ গোপাল দাস নাগঃ স্থানীয় স্বায়ত্ত শাসন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে পশ্চিমবঙ্গ পৌর কর্মচারীদের ফেডারেশন অতিরিক্ত মহার্ঘ ভাতার দাবীতে ১২ই জুলাই হইতে ধর্মঘট করিবার নোটিশ দিয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, পশ্চিমবঙ্গ সরকার এই সম্বন্ধে কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

The Minister for Local Self-Government:

(ক) হ্যাঁ।

(খ) পশ্চিমবঙ্গ পৌর কর্মচারীদের অতিরিক্ত মহার্ঘ ভাতার দাবী মিটাইবার জন্য পৌর-সভাগুলিকে আর্থিক সাহায্য দিবার বিষয়টি অর্থমন্ত্রী মহাশয় বর্তমান বিধানসভা অধিবেশনে তাঁহার বাজেট বক্তৃতায় পূর্বেই উল্লেখ করিয়াছেন। এই বিষয়টিকে কি ভাবে কার্যকরী করা হইবে, তাহা বর্তমানে সরকারের বিবেচনাধীন এবং আশা করা যায় অতি শীঘ্রই এই সম্পর্কে উপযুক্ত সিদ্ধান্তে পৌঁছান যাইবে। ইহা জানাইয়া পশ্চিমবঙ্গ পৌর কর্মচারী ফেডারেশনের সাধারণ সম্পাদককে প্রস্তাবিত ১২ই জুলাই-এর ধর্মঘট প্রত্যাহার করিতে অনুরোধ জ্ঞাপন করা হইয়াছে।

Proposed Health Centres at Bhagawanpur Block No. II, Midnapore

121. (Admitted question No. 561.)

শ্রীবাশেশ্বর মাইতিঃ স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) মেদিনীপুর জেলার ভগবানপুর ব্লক নং ২-তে কয়টি প্রাইমারী ও কয়টি সার্বসিডিয়ারী হেল্‌থ সেন্টারের জন্য পরিকল্পনা গৃহীত হইয়াছে;

(খ) হেলথ সেন্টারগুলির নাম কি;

(গ) বর্তমান বৎসর কোন হেলথ সেন্টারের কনস্ট্রাকশান শুরু করিবার জন্য ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কি; এবং

(ঘ) ব্যবস্থা গ্রহণ করা হইয়া থাকিলে, সেই হেলথ সেন্টারের নাম কি?

The Minister for Health:

(ক) ও (খ) সরকারের বর্তমান নীতি অনুযায়ী অন্যান্য উন্নয়ন ব্লকের ন্যায় মেদিনীপুর জেলার ভগবানপুর উন্নয়ন ব্লক নং ২-তেও একটি প্রাইমারী ও দুইটি সার্বসিডিয়ারী হেলথ

সেন্টারের জন্য পরিকল্পনা আছে। উক্ত ব্লকে ভূপতিনগরে একটি প্রাইমারী এবং শিমুলিয়াতে একটি সাবসিডিয়ারী হেলথ সেন্টার নির্মাণ কার্যের জন্য গত ১৭ই সেপ্টেম্বর, ১৯৬৬ তারিখে সরকার প্রশাসনিক অনুমোদন (অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাপ্রুভাল) দিয়াছেন। বর্তমানে উক্ত ব্লকে বরবেরিয়া নামক স্থানে দশ শয্যা বিশিষ্ট একটি অস্থায়ী প্রাইমারী হেলথ সেন্টার চালু আছে। ভূপতিনগরে প্রাইমারী হেলথ সেন্টার নির্মাণ কার্য সমাপ্ত হইলে বরবেরিয়াস্থিত অস্থায়ী প্রাইমারী হেলথ সেন্টারটি সাবসিডিয়ারী হেলথ সেন্টাররূপে চালু থাকিবে।

(গ) পূর্বেই বলা হইয়াছে যে এই বিভাগ কর্তৃক প্রশাসনিক অনুমোদন দেওয়া হইয়াছে। পূর্ত বিভাগ ইতিপূর্বেই নির্মাণ কার্য আরম্ভ না করিয়া থাকিলে যত শীঘ্র সম্ভব আরম্ভ করিবেন।

(ঘ) যে সকল হেলথ সেন্টারগুলি নির্মিত হইবে তাহাদের নাম পূর্বেই উক্ত হইয়াছে—ভূপতিনগর ও শিমুলিয়া।

Proposals for Health Centres in Moyna P.S.

122. (Admitted question No. 569.)

শ্রীকানাই ভৌমিকঃ স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ময়না থানায় একটি প্রাথমিক ও দুটি সাবসিডিয়ারী হেলথ সেন্টার করার সিদ্ধান্ত করা হইয়াছে;

(খ) দক্ষিণ ময়না, রামচন্দ্রপুর ও আড়ং কিয়ারানাতে হেলথ সেন্টার তৈরী করার সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে কি;

(গ) যদি (ক) ও (খ) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঐ হেলথ সেন্টারগুলির প্রস্তাব এই পর্যন্ত কার্যকরী না হওয়ার কারণ কি;

(ঘ) ঐ থানায় হেলথ সেন্টারের জন্য এবারের বাজেটে বা ৪র্থ পরিকল্পনায় কত টাকা বরাদ্দ করা হইয়াছে; এবং

(ঙ) ঐ থানায় হেলথ সেন্টার তৈয়ারীর কাজ কোন্ সাল হইতে আরম্ভ করা হইবে।

The Minister for Health:

(ক) স্বাস্থ্যকেন্দ্র স্থাপন সম্পর্কিত সরকারী নীতি অনুযায়ী এই রাজ্যের প্রতিটি ডেভেলপমেন্ট ব্লকে একটি করিয়া প্রাথমিক ও দুটি করিয়া সাবসিডিয়ারী হেলথ সেন্টার করার সিদ্ধান্ত আছে। ময়না থানায় একটি ডেভেলপমেন্ট ব্লক প্রতিষ্ঠা করা হইয়াছে। সুতরাং ময়না থানায় একটি প্রাথমিক ও দুইটি সাবসিডিয়ারী হেলথ সেন্টার তৈয়ারীর সিদ্ধান্ত আছে বলা যাইতে পারে।

(খ) হ্যাঁ।

(গ) দক্ষিণ ময়নায় একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও রামচন্দ্রপুরে একটি উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করার সিদ্ধান্ত লওয়া হইয়াছে এবং স্থান নির্বাচনও করা হইয়াছে। আড়ং কিয়ারানাতে দ্বিতীয় সাবসিডিয়ারী হেলথ সেন্টারটি এখনও চূড়ান্তভাবে স্থান নির্বাচন করা হয় নাই।

প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র দক্ষিণ ময়না—

মেদিনীপুর কালেকটরকে দক্ষিণ ময়নার নির্বাচিত স্থানটি অ্যাকোয়ার করিতে বলা হইয়াছিল। নির্বাচিত স্থানটি কৃষি জমি (এগ্রিকালচারাল ল্যান্ড) বিধায় কালেকটর অন্য জমি অ্যাকোয়ার করিবার জন্য সুপারিশ করিয়াছেন। বহু বিবেচনার পর স্থানটি পছন্দ করা হইয়াছে এবং উহা ছাড়িয়া দিলে পছন্দমত স্থান পাওয়া দুষ্কর হইবে বলিয়া মনে হয়। ব্যাপারটি বিবেচনাধীনে আছে।

রামচন্দ্রপুরের সার্বসিডিয়ারী হেলথ সেন্টার—

রামচন্দ্রপুর ব্রাহ্মণ সমিতি নামে একটি প্রতিষ্ঠান ১৯৫৩ সালে ২·২০ একর জমি ও ৭,০০০ টাকা হেলথ সেন্টার স্থাপনকল্পে দান করেন। পূর্ত বিভাগীয় অফিসার-এর মতে ঐ স্থান হেলথ সেন্টার নির্মাণকল্পে অনুপযুক্ত বিবেচিত হওয়ায় ঐ গ্রামেই অপর একটি স্থান নির্বাচন করা হইয়াছে। পূর্ত বিভাগীয় কর্মচারীর মতে ঐ স্থানে স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ করা হইতে পারে। ঐ স্থানটি নীচু এবং ৫ ফুট উঁচু করিয়া মাটি দিয়া ভরাট করিতে হইবে। একটি প্রবেশপথও নির্মাণ করিতে হইবে। ঐ স্থানে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের স্থানীয় উদ্যোক্তা মহাশয় এই কাজগুলি করিয়া দিবেন বলিয়া আশ্বাস দিয়াছিলেন। সেই হিসাবে তাহাকে ১৯৫৪ সালের মাঝামাঝি অনুরোধ করা হইয়াছিল যেন তিনি শীঘ্রই কাজগুলি সম্পূর্ণ করিয়া দেন। বহুবার লিখিত তাগিদ দেওয়া সত্বেও তাহার নিকট হইতে কোন সাড়া পাওয়া যাইতেছে না।

আঢ়ং কিয়ারানার উপ-স্বাস্থ্যকেন্দ্র—

আঢ়ং কিয়ারানাতে ২·১৪ একর জমি একটি উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য দানস্বরূপ পাওয়া যাইত। উক্ত জমি বিভাগীয় অফিসার ও পূর্ত বিভাগের কর্মচারীরা পরিদর্শন করেন। উক্ত জমি উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য উপযুক্ত করিতে প্রচুর ব্যয়সাপেক্ষ বিবেচনা করায় অন্য জমি নির্বাচনের চেষ্টা করা হইতেছে।

(ঘ) স্বাস্থ্য প্রকল্পের বাৎসরিক বা ৪র্থ পরিকল্পনায় বাজেটে অর্থের বরাদ্দ প্রদেশ ভিত্তিতে করা হয়, কোন থানা অথবা ব্লক ভিত্তিতে নয়। ৪র্থ পরিকল্পনায় স্বাস্থ্য প্রকল্পের খাতে আনুমানিক ৭৪৩ লক্ষ টাকা বরাদ্দ (রাজস্ব ও মূলধনী) করা হইয়াছে এবং ১৯৬৭-৬৮ সালের জন্য ৬৬ লক্ষ (রাজস্ব ১২ লক্ষ ও মূলধনী ৫৪ লক্ষ) টাকা বরাদ্দ করা হইয়াছে। ময়না উন্নয়ন ব্লকের স্বাস্থ্যকেন্দ্রগুলি স্থাপনের জন্য অর্থ উক্ত বাজেট হইতে খরচ করা হইবে।

(ঙ) '(গ)' প্রশ্নের উত্তর পর্যালোচনা করিলে দেখা যাইবে যে জমি সংগ্রহ হইলে হেলথ সেন্টার তৈয়ারীর কাজ আরম্ভ করা যাইবে।

Expenditure incurred on Ministers' telephones

123. (Admitted question No. 577.)

শ্রীশিরোমণি প্রসাদ: পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি গত ২-৩-৬৭ হইতে ৩০-৬-৬৭ পর্যন্ত কোন্ কোন্ মন্ত্রীর টেলিফোন বিল বাবদ সরকারী তহবিল হইতে কত টাকা খরচ হইয়াছে?

The Minister for Public Works:

গত ২-৩-৬৭ হইতে ৩০-৬-৬৭ পর্যন্ত মন্ত্রীদের টেলিফোন বিল বাবদ সরকারী তহবিল হইতে খরচের হিসাব পৃথকভাবে একটি স্টেটমেন্টে দেওয়া হইল।

Statement referred to in reply to unstarred question No. 123.

Serial No.	Name of Ministers.	Office.	Residence.	Total
1	2	3	4	5
		Rs.	Rs.	Rs.
1.	Shri Ajoy Kumar Mukherji .. Chief Minister.	370·00	Nil (No bill received)	370·00
2.	Shri Jyoti Basu, ... Deputy Chief Minister and Finance and Transport Minister.	160·00	Nil (No bill received)	160·00
3.	Shri Somnath Lahiri, ... Minister, L.S-G., I.P.R. and Parliamentary Affairs.	342·10	112·10	454·20

সেন্টারের জন্য পরিকল্পনা আছে। উক্ত ব্লকে ভূপতিনগরে একটি প্রাইমারী এবং শিমুলিয়াতে একটি সাবসিডিয়ারী হেলথ সেন্টার নির্মাণ কার্যের জন্য গত ১৭ই সেপ্টেম্বর, ১৯৬৬ তারিখে সরকার প্রশাসনিক অনুমোদন (অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাপ্রুভাল) দিয়াছেন। বর্তমানে উক্ত ব্লকে বরবেরিয়া নামক স্থানে দশ শয্যা বিশিষ্ট একটি অস্থায়ী প্রাইমারী হেলথ সেন্টার চালু আ ভূপতিনগরে প্রাইমারী হেলথ সেন্টার নির্মাণ কার্য সমাপ্ত হইলে বরবেরিয়াস্থিত অস্থায়ী প্রাইমারী হেলথ সেন্টারটি সাবসিডিয়ারী হেলথ সেন্টাররূপে চালু থাকিবে।

(গ) পূর্বেই বলা হইয়াছে যে এই বিভাগ কর্তৃক প্রশাসনিক অনুমোদন দেওয়া হইয়াছে। পূর্ত বিভাগ ইতিপূর্বেই নির্মাণ কার্য আরম্ভ না করিয়া থাকিলে যত শীঘ্র সম্ভব আরম্ভ করিবেন।

(ঘ) যে সকল হেলথ সেন্টারগুলি নির্মিত হইবে তাহাদের নাম পূর্বেই উক্ত হইয়াছে—ভূপতিনগর ও শিমুলিয়া।

Proposals for Health Centres in Moyna P.S.

122. (Admitted question No. 569.)

শ্রীকানাই ভৌমিকঃ স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ময়না থানায় একটি প্রাথমিক ও দুটি সাবসিডিয়ারী হেলথ সেন্টার করার সিদ্ধান্ত করা হইয়াছে;

(খ) দক্ষিণ ময়না, রামচন্দ্রপুর ও আড়ং কিয়ারানাতে হেলথ সেন্টার তৈরী করার সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে কি;

(গ) যদি (ক) ও (খ) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঐ হেলথ সেন্টারগুলির প্রস্তাব এই পর্যন্ত কার্যকরী না হওয়ার কারণ কি;

(ঘ) ঐ থানায় হেলথ সেন্টারের জন্য এবারের বাজেটে বা ৪র্থ পরিকল্পনায় কত টাকা বরাদ্দ করা হইয়াছে; এবং

(ঙ) ঐ থানায় হেলথ সেন্টার তৈয়ারীর কাজ কোন্ সাল হইতে আরম্ভ করা হইবে।

The Minister for Health:

(ক) স্বাস্থ্যকেন্দ্র স্থাপন সম্পর্কিত সরকারী নীতি অনুযায়ী এই রাজ্যের প্রতিটি ডেভেলপমেন্ট ব্লকে একটি করিয়া প্রাথমিক ও দুটি করিয়া সাবসিডিয়ারী হেলথ সেন্টার করার সিদ্ধান্ত আছে। ময়না থানায় একটি ডেভেলপমেন্ট ব্লক প্রতিষ্ঠা করা হইয়াছে। সুতরাং ময়না থানায় একটি প্রাথমিক ও দুইটি সাবসিডিয়ারী হেলথ সেন্টার তৈয়ারীর সিদ্ধান্ত আছে বলা যাইতে পারে।

(খ) হ্যাঁ।

(গ) দক্ষিণ ময়নায় একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও রামচন্দ্রপুরে একটি উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করার সিদ্ধান্ত লওয়া হইয়াছে এবং স্থান নির্বাচনও করা হইয়াছে। আড়ং কিয়ারানাতে দ্বিতীয় সাবসিডিয়ারী হেলথ সেন্টারটি এখনও চূড়ান্তভাবে স্থান নির্বাচন করা হয় নাই।

প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র দক্ষিণ ময়না—

মেদিনীপুর কালেকটরকে দক্ষিণ ময়নার নির্বাচিত স্থানটি অ্যাকোয়ার করিতে বলা হইয়াছিল। নির্বাচিত স্থানটি কৃষি জমি (এগ্রিকালচারাল ল্যান্ড) বিধায় কালেকটর অন্য জমি অ্যাকোয়ার করিবার জন্য সুপারিশ করিয়াছেন। বহু বিবেচনার পর স্থানটি পছন্দ করা হইয়াছে এবং উহা ছাড়িয়া দিলে পছন্দমত স্থান পাওয়া দুষ্কর হইবে বলিয়া মনে হয়। ব্যাপারটি বিবেচনাধীনে আছে।

Opening of Ketugram and Kandora Health Centres

124. (Admitted question No. 608.)

শ্রীপ্রভাকর মণ্ডলঃ স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, (১) কেতুগ্রামের স্বাস্থ্যকেন্দ্রের গৃহনির্মাণ কার্য বহুদিন পূর্বে শেষ হইয়াছে কিন্তু অদ্যাবধি এ স্বাস্থ্যকেন্দ্রে রোগী ভর্তি করিবার কোন ব্যবস্থা হয় নাই;

(২) কেতুগ্রামের ১নং ব্লকের অন্তর্গত কোনদোরা গ্রামে স্বাস্থ্যকেন্দ্রের নির্মাণ শেষ হইয়াছে, কিন্তু অদ্যাবধি ঐ স্বাস্থ্যকেন্দ্রে কোনও রোগী ভর্তি করা হইতেছে না; এবং

(খ) সত্য হইলে উক্ত স্বাস্থ্যকেন্দ্র দুইটি কতদিনের মধ্যে চালু হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Health:

(ক) (১) কেতুগ্রাম ২নং ব্লকের প্রাইমারী স্বাস্থ্যকেন্দ্রটি পূর্বেই খোলা হইয়াছে এবং এখন চালু অবস্থায় আছে। যেহেতু ডায়েড কনট্রাক্টর পাওয়া যায় নাই। ইনডোর-এর রোগী ভর্তি করা সম্ভব হয় নাই। সম্প্রতি ডায়েট কনট্রাক্টর পাওয়া গিয়াছে এবং আশা করা যায় যে শীঘ্র ইনডোর-এ রোগী ভর্তি করিতে পারা যাইবে।

(২) এই স্বাস্থ্যকেন্দ্রটির নির্মাণ কার্য সমাপ্তির পথে অগ্রসর হইতেছে। নির্মাণ কার্য সমাপ্ত হইলে পি, ডব্লিউ ডিপার্টমেন্ট এই বিভাগীয় কর্মচারীদের স্বাস্থ্যকেন্দ্রে নির্মিত বাটী-গুলির দখল দিবেন। তখন এই স্বাস্থ্যকেন্দ্রটি চালু করা হইবে এবং রোগী ভর্তির ব্যবস্থা করা হইবে।

(খ) কেতুগ্রামের ২নং ব্লকের প্রাইমারী স্বাস্থ্যকেন্দ্রটি চালু অবস্থায় আছে। স্বাস্থ্যকেন্দ্রের বাটী নির্মাণ কার্য সমাপ্ত হইলে কেতুগ্রাম ১নং ব্লকরে স্বাস্থ্যকেন্দ্রটি কানদোরা গ্রামে চালু করা হইবে।

Opening of Dainhat Subsidiary Health Centre, Katwa

125. (Admitted question No. 624.)

শ্রীসুবোধ চৌধুরীঃ স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, দাঁইহাটে (কাটোয়া ২নং ব্লকের অধীন) যে স্বাস্থ্যকেন্দ্রটির জন্য গৃহ নির্মাণ করা হইয়াছে সেটি কবে হইতে চালু হইবে?

The Minister for Health:

ন'পাড়া (দাঁইহাট) প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটি চালু করিবার এবং স্বাস্থ্যকেন্দ্রে মেডিক্যাল অফিসার ও অন্যান্য স্টাফ নিয়োগের জন্য প্রশাসনিক আদেশ দেওয়া হইয়াছে। মেডিক্যাল অফিসার ঐ স্বাস্থ্যকেন্দ্রের কার্যে যোগদান করিলেই উক্ত স্বাস্থ্যকেন্দ্র চালু হইবে।

Board of Directors of Kalyani Spinning Mills Ltd.

126. (Admitted question No. 639.)

শ্রীজগদীশচন্দ্র দাশঃ শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কল্যাণী স্পিনিং মিলস লিঃ-এর বোর্ড অফ ডিরেক্টরস পুনর্গঠিত হয়েছে কিনা;

(খ) পুনর্গঠিত হয়ে থাকলে কবে হয়েছে এবং ওতে শ্রমিকদের কোন প্রতিনিধি নেওয়া হয়েছে কিনা;

(গ) যদি শ্রমিকদের কোনও প্রতিনিধি নেওয়া হয়ে থাকে তবে তাঁর নাম কি; এবং

(ঘ) অন্যান্য সদস্যদের বোর্ড অফ ডিরেক্টরস-এর যোগ্যতা কি কি এবং কোন্ নীতির ভিত্তিতে এদের নিয়োগ করা হয়েছে?

The Minister for Commerce and Industries:

(ক) না, হয় নাই। তবে পূর্বতন বোর্ড অফ ডিরেক্টরস-এ আরো অতিরিক্ত এগারো জন সদস্যের অন্তর্ভুক্তি হয়েছে।

(খ) প্রশ্ন উঠে না। কোন শ্রমিক প্রতিনিধি নাই। তবে উক্ত ১১ জন অতিরিক্ত সদস্যের মধ্যে উক্ত মিলের একজন অধস্তন কর্মচারী আছেন।

(গ) প্রশ্ন উঠে না।

(ঘ) (১) শ্রীহরিদাস মিত্র, এম-এল-এ, ডেপুটি স্পীকার, পশ্চিমবঙ্গ বিধানসভা,

(২) শ্রীরামরঞ্জন চ্যাটার্জী, ম্যানেজিং ডিরেক্টর, টেক্সটাইল এক্সপার্ট,

(৩) শ্রীসুনীলকুমার মুখার্জী, আই-এ-এস, পশ্চিমবঙ্গ সরকারের শিল্প ও বাণিজ্য বিভাগের সচিব ও পশ্চিমবঙ্গ সরকারের এবং ভারত সরকারের বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান ও সংস্থার ডিরেক্টর বা সদস্য,

(৪) শ্রীউদয়ন চ্যাটার্জী, শিল্প অধিকর্তা, পশ্চিমবঙ্গ সরকার,

(৫) শ্রীসুধীন্দ্রনাথ মুখার্জী, এম-এল-সি,

(৬) সৈয়দ কাজে আলি মীর্জা, এম-এল-এ,

(৭) শ্রীযোগেশচন্দ্র দে, প্রাক্তন সম্পাদক এবং কোষাধ্যক্ষ (স্টেট ব্যাঙ্ক অব্ ইণ্ডিয়া) প্রাক্তন ম্যানেজিং ডিরেক্টর (রিফিউজি অ্যান্ড রিহ্যাবিলিটেশন কর্পোরেশন),

(৮) শ্রীতারাপ্রসাদ বরাত, প্রাক্তন টেক্সটাইল কমিশনার,

(৯) শ্রীকেদারনাথ মুখার্জি, এম-এল-সি, বিভিন্ন ব্যবসায় ও শিল্প প্রতিষ্ঠানের ডিরেক্টর,

(১০) শ্রীসাধন সেন, এম-এল-এ,

(১১) শ্রীজ্যোতিপ্রসন্ন মুখার্জি, এম-এল-এ,

(১২) শ্রীঅমৃতেন্দু মুখার্জি, এম-এল-এ,

(১৩) শ্রীষষ্টিদাস সরকার, এম-এল-এ,

(১৪) শ্রীচণ্ডিচরণ মিত্র, এম-এল-এ,

(১৫) শ্রীরঘুনাথ কয়াল, চ্যাটার্ড অ্যাকাউন্ট্যান্ট,

(১৬) শ্রী এস, আর, দাশ, আই-এ-এস, পশ্চিমবঙ্গ সরকারের অতিরিক্ত অর্থসচিব,

(১৭) শ্রী এ, চৌধুরী, আই-এ-এস, অতিরিক্ত শিল্পাধিকর্তা, কুটির ও ক্ষুদ্র শিল্প, পশ্চিমবঙ্গ ক্ষুদ্র শিল্প কর্পোরেশনের ডিরেক্টর,

(১৮) হরিলাল গুহ, শিল্পপতি পশ্চিমবঙ্গ শিল্প উন্নয়ন কর্পোরেশন লিঃ-এর ডিরেক্টর,

(১৯) শ্রীচিত্তরঞ্জন দে, কল্যাণী স্পিনিং মিলের অধস্তন কর্মচারী,

ডিরেক্টরদের নিয়োগ উক্ত স্পিনিং মিলের আর্টিকেলস্ অফ অ্যাসোসিয়েশন-এর ৭৫নং ধারা অনুসারে গভর্নর করিয়া থাকেন (মনোনয়ন দ্বারা)।

Reclamation of Gouri-Ganga Canal in Bauria and Uluberia P.Ss.

127. (Admitted question No. 652.)

শ্রীকালীপদ মণ্ডল: (ক) সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে হাওড়া জেলার বাউড়িয়া ও উলুবেড়িয়া থানা এলাকার অন্তর্ভুক্ত গৌরি গঙ্গা খাল সংস্কারের অভাবে উক্ত অঞ্চলের বহু বিঘা জমির ফসল প্রতি বছর নষ্ট হইতেছে;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ঐ খাল সংস্কার করিবার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন; এবং

(২) কত দিনের মধ্যে ঐ খাল সংস্কার করা হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Irrigation and Waterways:

(ক) হ্যাঁ।

(খ) (১) পর্যবেক্ষণ ও অনুসন্ধান কার্য শেষ করিয়া আনুমানিক ২,৩০,০০০ টাকা ব্যয়ের একটি বিশদ প্রকল্প প্রস্তুত করা হইয়াছে। তাহা বর্তমানে সেচ ও জলপথ অধিকারের পরীক্ষাধীন আছে।

(২) প্রকল্পটি পরীক্ষার পর চূড়ান্তরূপে গৃহীত হইলে উহা যত শীঘ্র সম্ভব কার্যকরী করার জন্য সরকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

Improvement of Sarparajpur mouza—Langalhata Road, Birbhum

128. (Admitted question No. 662.) **Shri Satyanarayan Banerjee:** Will the Minister of the Public Works (Roads) Department be pleased to state—

(a) if the Government is considering the proposal sent by the District Magistrate, Birbhum, for improving the road from Sarparajpur mouza within Labhpur Anchal Panchayat to Langalhata within Thiba A.P.;

(b) if so when the work is expected to be started; and

(c) if not, the reasons thereof?

The Minister for Public Works (Roads): (a) Yes.

(b) and (c) This will depend upon its inclusion in the Fourth Plan Road Programme which is yet to be finalised.

Diamond Harbour Tourist Centre

129. (Admitted question No. 712.)

শ্রীআবদুল কাইউম মোল্লাঃ উন্নয়ন (টুরিজম) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগণায় ডায়মন্ডহারবারের যে ট্যুরিস্ট হাউস নামে একটি গৃহ নির্মাণ হইয়াছে উক্ত গৃহ কবে ওপন করা হইবে;

(খ) উক্ত গৃহের রক্ষণাবেক্ষণ ও অন্যান্য কাজের জন্য কোনও কর্মচারী নিয়োগ করা হইয়াছে কিনা; এবং

(গ) নিয়োগ করা হইলে তাহা কতগুলি?

The Minister for Development and Planning:

(ক) ডায়মন্ডহারবার টুরিস্ট সেন্টারের গৃহটির নির্মাণ কার্য এখনও সমাপ্ত হয় নাই এবং উহা উন্মুক্ত করার দিন স্থির হয় নাই।

(খ) ও (গ) আসবাব-পত্রাদির রক্ষণাবেক্ষণের জন্য একজন চৌকিদার সম্প্রতি নিয়োগ করা হইয়াছে এবং আর একজন চৌকিদার নিয়োগের প্রস্তাব বিবেচনাধীন আছে।

Test Relief Scheme in Chatal subdivision

130. (Admitted question No. 724.)

শ্রী[illegible] দলুই: ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঘাটাল মহকুমার কোন্ থানায় এবং কোন্ কোন্ অঞ্চলে মোট কতগুলি টেস্ট রিলিফ স্কীম চলিতেছে?

The Minister for Relief:

থানার নাম	অঞ্চলের নাম	চালু স্কীমের সংখ্যা
দাসপুর	রাজনগর	২টি
ঘাটাল	মনোহর	১টি
	ঘাটাল মিউনিসিপ্যালিটি	১টি
চন্দ্রকোণা	মংরুল	১টি
	বমনছেড়া	১টি

Permanent Relief

131. (Admitted question No. 734.)

শ্রীসত্যনারায়ণ ব্যানার্জি: ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় রিলিফ ম্যানুয়েল অনুযায়ী কত লোক স্থায়ীভাবে রিলিফ পাইতে পারে বলিয়া তাঁহাদের নবনিযুক্ত ফুড ও রিলিফ কমিটি স্থির করিয়াছেন?

The Minister for Relief:

রিলিফ ম্যানুয়েলে কাহাকেও স্থায়ীভাবে সাহায্য দিবার কোন ব্যবস্থা নাই; কেবলমাত্র দুরবস্থায় থাকাকালীন সময়ে সাহায্য দান করা হইয়া থাকে।

Number of persons employed under the State Covernment after the formation of the new Ministry

132. (Admitted question No. 354.)

শ্রীঅপূর্বলাল মজুমদার: অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) যুক্তফ্রন্ট সরকার গঠিত হইবার পর মোট কতজন সরকারী কর্মচারী কোন্ কোন্ দপ্তরে নিযুক্ত হইয়াছে; এবং

(খ) উক্ত সরকারী কর্মচারীদের মধ্যে কতজন মুসলমান, কতজন তপশীল জাতি এবং তপশীল উপজাতি সম্প্রদায়ভুক্ত?

The Minister for Finance:

(ক) এবং (খ) ১২-৭-৬৭ তারিখ পর্যন্ত প্রাপ্ত তথ্য অনুসারে একটি বিবরণী প্রস্তুত করিয়া বিধানসভার লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

[2—2-10 p.m.]

Calling Attention to matters of urgent public importance

Mr. Speaker: I have received six notices of Calling Attention on the following subjects, namely:

(1) Acute scarcity of food in p.-s. Dashpur, district Midnapore—from Shri Bankim Chandra Sasmal;

(2) Removal of Dr. S. N. Basu, Senior Surgeon of K. S. Roy T. B. Hospital—from Shri Sadhan Kumar Chakraborti;

(3) Suicide of one Sm. Shefali Mandal of village Manik Nagar, p.s. Beldanga, Murshidabad—from Shri Mohammed Israil;

(4) Non-supply of full quota of rice and sugar in some ration shops of Calcutta—from Shri Marahaja Bose;

(5) Death of twenty persons due to capsizing of a boat between Tapshila Ghat and Fulbari Ghat in Cooch Behar district on 18th July, 1967—from Shri Prasenjit Burman;

(6) Reported announcement in the Lok Sabha regarding making over of three villages in Nadia to Pakistan—from Dr. Nalinksha Sanyal.

I have selected the notice of Shri Mohammed Israil on the subject of suicide of one Sm. Shefali Mandal of village Manik Nagar, police-station Beldanga, Murshidabad. The Hon'ble Minister-in-charge may please make a statement or give a date.

ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ: আগামী বুধবার জবাব দেব।

DEMAND FOR GRANT NO. 23

Total Demand—Rs. 94,54,000

Major Head: 31—Agriculture—Fisheries

Shri Kashi Kanta Maitra: Sir, on the recommendations of the Governor I beg to move that a sum of Rs. 64,87,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 23, Major Head: 31—Agriculture—Fisheries. (Rs. 29,67,000 has already been voted on account).

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেট বরাদ্দ মঞ্জুরীর জন্য আমি এই প্রস্তাব এই সভাকক্ষে রাখছি। মাননীয় সদস্যদের অবগতির জন্য আমি বলতে পারি যে লিখিত বক্তব্য বিলি করার জন্য দিয়েছি এবং আপনারা তা পেয়ে গেছেন। আমি খুব সংক্ষেপে এই মৎস্য দপ্তরের সম্পর্কে কয়েকটি বক্তব্য রাখব। তার আগে আমি বলতে চাই যে আজকের এই আলোচনার সময় খুব সীমিত এবং পর পর ৩টি খাতে আলোচনা হবে, আমি মাননীয় সদস্যদের সহযোগিতা যেমত চাইছি, এই সঙ্গে সঙ্গে আমি বিশ্বাস করি যে এখানে সমালোচনা হোক এবং সমালোচনা আমি চাই। কারণ, আমি মনে করি গণতন্ত্রে আলোচনা একান্ত হওয়া প্রয়োজন, ডিবেট ফ্রি ডিসকাসন এন্ড এগজিকিউসান অব সাচ সুইফট ডিসিসান ইজ আনহেল্দি টু ডেমোক্র্যাসি। সুতরাং এখানে আলোচনা হবে, সমালোচনা হবে, উত্তাপ হবে, কিন্তু সঙ্গে সঙ্গে আশা করব কিছু যেন আলো আমরা পাই। আজকে এই মৎস্য দপ্তর সম্বন্ধে মাননীয় সদস্যদের অবগতির জন্য বলতে পারি যে নতুন যুক্তফ্রণ্ট সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর মৎস্য দপ্তর থেকে মাছের সরবরাহ বৃদ্ধি করার জন্য এবং মাছের দাম সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে আনবার জন্য যে প্রচেষ্টা আমরা চালিয়েছি তারই ইঙ্গিত সদস্যদের কাছে আমি রাখছি। আমরা ৩৩টি স্টেট ফার্ম যেখানে মাছের চাষ হচ্ছে সেটা করা হয়েছে এবং এর সঙ্গে সঙ্গে ১২টি সিড ফার্ম আমরা এখানে এই রাজ্যে চালু করেছি এবং এই বাবদ ২২ লক্ষ টাকা আমরা বরাদ্দ ধরেছি। মাননীয় সদস্যদের অবগতির জন্য বলতে পারি যে ভারতবর্ষের কোন প্রদেশে যেটা হয়নি পশ্চিমবাংলায় যুক্তফ্রণ্ট সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর একটি কাজ হয়েছে সেটা হল এই যে নিডি ফিসারম্যান স্কীম আমরা চালু করেছি এবং এই খাতে আমরা ৬ লক্ষ টাকা বরাদ্দ করেছি। গরীব মৎস্যজীবীদের এর আগে যে লোন দেওয়া হত সেটা হল ৪০০ টাকা সর্বাধিক এবং তাতে তাদের বন্ড রেজিস্ট্রেসান করতে হত, উকিল মোক্তারদের নিয়োগ করতে হত, এবং শুধু তাই নয়, হাইপথেটিকেসানের প্রশ্ন সেখানে ছিল।

অবস্থার সম্পত্তি তাদের দেখাতে হত, তাদের সুদ দিতে হত এবং এক বছর যিনি নিডি ফিসারম্যান স্কীমে লোন পেতেন পরবর্তী বছরে তিনি সেই স্কীমের আওতায় আসতেন না। নতুন সরকার যে নীতি নিয়েছেন তাতে সর্বাধিক ৪০০ টাকা পর্যন্ত গরীব মৎস্যজীবীদের ঋণ দেওয়া হবে এবং যদি স্টীপুলেটেড পিরিয়ডের মধ্যে লোন শোধ হয় তাহলে তাকে ইন্টারেস্ট চার্জ দিতে হবে না। দ্বিতীয়তঃ এখানে কোন রকম বন্ড রেজিস্ট্রেশান-এর প্রশ্ন নাই। এবং অস্থাবর সম্পত্তি দেখাবার কোন প্রয়োজন থাকবে না। শুধুমাত্র ফিসারী অফিসার তিনি নিজে স্যাটিস্‌ফাইড্ হবেন যে সত্যি সত্যি তিনি একজন দুঃস্থ মৎসজীব এবং তিনি মাছের চাষ করেন বা মাছ ধরেন। এবং তৃতীয়তঃ এই স্কীমের আওতায় আমরা স্পন এবং ফ্রাই ক্যাচারস্ তারা আগে এর আওতায় আসতেন না আমরা এখন এদের এই স্কীমের আওতায় এনেছি। এই প্রকল্প আমরা চালু করেছি। শুধু তাই নয়, আমরা আরও মৎস্যজীবিদের আরও লোন দেবার জন্য আরও ৭ লক্ষ টাকা বরাদ্দ করেছি এবং আরও একটি পরিকল্পনা আমাদের বিবেচনাধীন রয়েছে তাতে শতকরা ৫০ ভাগ আমরা সাবসিডি দেব এবং বাকী ৫০ ভাগ ঋণ হিসাবে দেব আমরা মৎস্যজীবিদের—আমরা নিজেরা নৌকা বানিয়ে আমরা মৎস্যজীবিদের দেব। কেননা আমরা বুঝেছি যে গরীব মৎস্যজীবিদের হাতে টাকা পড়লে অনেক অসাধু ব্যক্তির প্ররোচনায় পড়ে এবং দালাল শ্রেণী বা ফড়ে শ্রেণীর মানুষের চক্রান্তে পড়ে তারা সে টাকা সংব্যবহার করতে পারে না—সেজন্য স্থানীয়ভাবে আমরা কার্পেন্টারদের কাছ থেকে আমরা নৌকা বানিয়ে নেব—তাদের আমরা টাকা দেব এবং সেই নৌকা সরাসরি সাবসিডাইজড্ রেট-এ এবং ফিফ্‌টি পারসেণ্ট লোন হিসাবে আমরা মৎস্যজীবিদের পৌঁছে দেব—এই বছর থেকে এইরূপ একটি পরিকল্পনা গ্রহণ করেছি। শুধু তাই নয়, মাননীয় সদস্যদের জন্য বলতে পারি যে কলকাতায় যে সমস্ত বিভিন্ন ট্যাঙ্ক রয়েছে সমস্ত ট্যাঙ্ক-এ আমরা মাছের স্টক করবার জন্য কর্মসূচী নিয়েছি। আপনারা জেনে থাকবেন ভারতবর্ষে প্রথম বাংলাদেশে লেক ফিসারী স্কীম চালু হয়েছে—ভারতবর্ষে কোথাও এ জিনিষ চালু হয়নি। এবং আমরা সুভাষ সরোবরে বেলেঘাটায় সেখানে কাজ আমরা সুরু করেছি—মাছ নিয়মিতভাবে ছাড়া হচ্ছে। এই মাছ যখন মার্কেটেবল সাইজ হবে তখন আমরা লোকাল মার্কেট-এ সরকারী নিয়ন্ত্রিত দরে বিক্রী করব। শুধু তাই নয়, কলকাতায় আরও যে সমস্ত মিউনিসিপাল ট্যাঙ্কস রয়েছে, সেই সমস্ত মিউনিসিপ্যাল ট্যাঙ্কসগুলি সরকারী আওতায় নিয়ে এসে তাদের সহযোগিতায় মাছের চাষ আমরা করছি। আমাদের সরকারের নতুন নীতি হল যে এখন আপাততঃ রিসার্চ এক্সপেরিমেন্ট ইত্যাদি স্থগিত রাখা এবং সমস্ত মনোযোগ আমাদের নিবদ্ধ রাখা উৎপাদন বাড়ানোর জন্য। ইনটেন্‌সিভ স্টকিং এই হচ্ছে আমাদের প্রাইমারী অবজেকটিভ এবং মাছের স্টকিং যদি আমরা করতে পারি এবং খোলাবাজারে সরকার যদি নিজে বিক্রেতার ভূমিকায় দাঁড়াতে পারেন তবে মাছের বাজারে যে সমস্ত র‍্যাকেটিয়ার্স অ্যান্ড প্রাইস ম্যানিপুলেটরস আছে তাদের শায়েস্তা করা সম্ভব। এবং তবেই মাছের দাম আমরা জনসাধারণের আয়ত্বের অধীনে আনতে সক্ষম হব। এই পরিকল্পনা আমরা গ্রহণ করেছি। শুধু তাই নয়, আমি মাননীয় সদস্যদের অগতির জন্য এখানে বলছি আমাদের যে ওয়েস্ট বেঙ্গল ফিসারিস ডেভালপমেন্ট কর্পোরেশন আছে, এই কর্পোরেশান-এর লক্ষ্য ছিল সাড়ে দশ হাজার একর সাউথ সল্ট লেক এবং নর্থ সল্ট-এর জমি এক্সপ্লয়েট করব এবং সেখানে মাছের চাষ করব যাতে করে কলকাতায় এবং শিল্পাঞ্চলে সস্তা দরে মাছ বিক্রী করতে পারা যায়। মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি যে এই পরিকল্পনা গ্রহণ করবার পর জমির মালিক হাই কোর্ট-এ মামলা রুজু করেন এবং তাঁরা ইনজাংশন পেয়েছেন। যদিও আমরা ১,৫৪১ একর জলা দখন নিই তা সত্ত্বেও তাঁরা হাইকোর্ট-এ মামলা করেন এবং এটা যেহেতু বিচারাধীন রয়েছে এবং ইনজাংশান জারী হয়েছে সেজন্য আমরা এই সমস্ত জায়গায় মাছ ধরতে পারছি না এবং মৎস্য চাষে এগুলি আনতে পারছি না। শুধু তাই নয়, এই সরকার নতুন যে পরিকল্পনা নিয়েছেন সেটা হল এই যে প্রত্যেক জেলাতে এই বছর ৫০০ বিঘা করে ডিপার্টমেণ্টাল ফার্মিং-এর আওতায় আনতে হবে। এবং সেই মর্মে সমস্ত ফিসারী অফিসারদের ডাকিয়ে কনফারেন্স করে আমি বলে দিয়েছি যে প্রত্যেক জেলায় এই টার্গেট ফিক্স করতে হবে এবং যদি কোন ফিসারী অফিসার বা তাদের যে

উচ্চপদস্থ অফিসার যিনি জেলায় আছেন যারা ডেপুটেড্ তারা যদি সেই জেলার টারগেট ফুলফিল করতে না পারেন তাহলে তারা আগে জানাবেন হোয়াট আর দি ডিফিকালটিস্ দে আর এন্‌কাউণ্টারিং কি কি অসুবিধার সম্মুখীন তা আমাদের জানালে আমরা তা দূর করবার চেণ্টা করব।

[2-10—2-20 p.m.]

টারগেট ফিক্স করে যদি আমাদের কেন্দ্রে না জানায় তাঁরা যদি টারগেট ফিক্স করতে না পারেন তাহলে আমরা জানিয়ে দিয়েছি যে সরকারের পক্ষ থেকে এই অবহেলা সরকার ক্ষমা করবেন না। সুতরাং এই মর্মে নির্দেশ দিয়েছি এবং প্রত্যেক জেলাতে ডিপার্টমেণ্টাল ফার্মিং স্কীম তৈরী করা হয়েছে এবং বিভিন্ন জায়গায় কাজ সুরু করা হয়ে গিয়েছে। আমি মাননীয় সদস্যদের বলতে পারি যে এখানে আপনাদের কাছে বক্তৃতা রাখবার আগে পর্যন্ত যে বিবরণ বিভিন্ন জেলায় ফিসারী অফিসারদের কাছ থেকে পেয়েছি তাতে আমি ঘোষণা করছি যে ১২৩৯·৭১ একর জলা জমি আমাদের আজকে ডিপার্টমেণ্ট্যাল ফার্মিং-এর আওতায় পশ্চিমবাংলায় এসেছে, এই পর্যন্ত এই রিপোর্ট পাওয়া গিয়েছে। এর অতিরিক্ত যদি হয় তাহলে আনন্দ বেশী হবে। আমি মাননীয় সদস্যদের আরো বলছি যে মৎস্যজীবীদের সুবিধা দেবার জন্য এবং প্রাইভেট পিসিকালচারিস্টদের সাহায্য করবার জন্য আমরা বলেছি, যে মাছট খুব তাড়াতাড়ি গ্রো করে অর্থাৎ আমেরিকান রুই বলে বাজারে যার নাম সেটা খুব তাড়াতাড়ি বড় হয়ে যায়। আমাদের প্রাক্তন সরকারের আমলে সেটার দাম ছিল—ফ্রিংগার লিংকের দাম দেড় ইঞ্চির কম ৩০ টাকা হাজার। আমরা বলে দিয়েছি যেহেতু মৎস্যজীবীরা যা নিয়ে যায় তার প্রায় ৯০ পারসেণ্ট মরে যায়, তাদের বিরাট লোকসান হয় সেই হেতু বলে দিয়েছি যে ১॥ ইঞ্চি থেকে ২ ইঞ্চি সাইজের কম ফিংগার লিংক বিক্রী করা চলবে না এবং সেটা ১৫ টাকা হাজার হিসাবে আমরা সাধারণ মৎস্যজীবীদের বিক্রী করবো। আর অবস্থাপন্ন লোক যারা ফিসারী করছে তাদের বেলায় ২০ টাকা করা হবে। এই দাম আমরা ঠিক করেছি এবং তার আগে আমরা মৎস্যজীবীদের সঙ্গেও আলোচনা করেছি। তারপরে কোলকাতায় মাছের দাম বেশী পরিমাণে নামাতে পারিনি বলে আমি নিজে গ্লানি বোধ করছি তবে যে দেউলিয়া অবস্থায় যুক্তফ্রণ্ট সরকার ক্ষমতা নিয়েছেন তার মধ্যে আপনারাই বিবেচনা করে দেখবেন যে মৎস্য দপ্তরের যে প্রচেষ্টা সেটা নতুন প্রচেষ্টা কিনা এবং এই সংকটকে কাটিয়ে ওঠার জন্য আমাদের উদ্যম সৎ কিনা সেটা বিবেচনা করবেন। ওটা আমার দপ্তর, সুতরাং আমি এটা বিবেচনা করতে পারবো না, সেজন্য এটা আপনাদের মতামতের উপর ছেড়ে দিলাম। তবে আপনাদের আবার বলছি যে আমরা শুধু আমাদের নিজেদের প্রডাকসান বাড়াবার জন্য এইভাবে নিজেদের কাজ সীমাবদ্ধ রেখেছি তা নয়, আমি ব্যক্তিগতভাবে মাদ্রাজ, কেরালাতে গিয়েছি, সেখানকার মুখ্যমন্ত্রী, মৎস্যমন্ত্রী তাঁদের সঙ্গে দীর্ঘ আলোচনা করেছি এবং সেখান থেকে কি করে সরাসরি রাজ্যসরকার নিজে ফিশারী কর্পোরেশানের মাধ্যমে মাছ কিনে সস্তা দরে এখানে বিক্রী করতে পারেন

Through selected dealers in local markets in Calcutta.

তার পরিকল্পনা নিয়ে আমি নিজে গিয়েছি এবং আমাদের ডিরেকটার অব ফিশারীকে গত দু সপ্তাহ আগে ত্রিবান্দ্রমে পাঠিয়েছিলাম আলোচনা করবার জন্য। আমি অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি যে এ সম্বন্ধে ভারত সরকারের কাছ থেকে আমরা কোন সহযোগিতা পাচ্ছি না। আমরা আশা করেছিলাম যে তাঁরা ফ্রোজেন রেলওয়ে ভ্যান দেবেন যাতে করে প্রত্যেক সপ্তাহে আমরা কোলকাতার বাজারে মাছ আনতে পারি—তারজন্য তাঁদের কাছে প্রস্তাব রেখেছিলাম এবং আমার ডিরেক্টরেট থেকে অনেক রিকোয়েষ্ট গেছে এ ব্যাপারে কিন্তু আজ পর্যন্ত আমার দপ্তর কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কোন চিঠি পায় নি এই ফ্রোজেন ভ্যানের এ্যারেনজমেণ্টের ব্যাপারে, যাতে করে দক্ষিণ ভারত থেকে এখানে মাছ আসতে পারে। অন্যান্য ষ্টেট, উড়িষ্যা, বিহার, উত্তরপ্রদেশ, কাশ্মীর, মধ্যপ্রদেশ প্রত্যেক জায়গায় আমরা চিঠি পাঠিয়েছি এবং তাঁদের একথা বলেছি যে সরাসরি সরকার ন্যায্য দামে কিনে আমাদের কোলকাতার বাজারে মাছ বিক্রী করবেন। এই ধরনের বিভিন্ন পরিকল্পনা আমরা মৎস্য দপ্তর থেকে নিয়েছি এবং আশা করি আমরা সকলের

সহযোগিতা পাবো, আমি সংগে সংগে আপনাদের কাছে অনুরোধ করবো যে আপনারা যেন গঠনমূলক প্রস্তাব রাখেন এবং যেখানে দুর্নীতি, অবহেলা, কাজে ফাঁকি দেওয়া ইত্যাদি হচ্ছে এগুলি যদি আমাদের কাছে দেন তাহলে আমরা সংগে সংগে এ্যাকসান নেব। আমি আপনাদের অবগতির জন্য বলছি যে আমি স্পষ্ট ভাষায় জানিয়ে দিয়েছি আমার ফিশারী ডিপার্টমেন্ট এবং আমার আওতায় যে ক'টা ডিপার্টমেন্ট আছে সেখানে যে যেখানে লোন দেবার ব্যবস্থা হয়েছে If you dismiss a loan application, you must assign reasons why you are dismissing that application.

শুধু একথা বললে চলবে না

Government is pleased to reject.

কেন রিজেক্ট করা হচ্ছে তার কারণ দেখাতে হবে।

without assigning any reason.

যদি কারো লোন এ্যাপ্লিকেসান রিজেক্টেড হয় তাহলে আমি মনে করবো

That is not a bona fide disposal of the application.

কারণ যদি রিজিনস এ্যাসাইন করা হয়

if reasons are assigned, then the higher body can examine whether the rejection has been proper.

তবে এই ডিসিসান প্রত্যেকটা অফিসারকে জানিয়ে দিয়েছি। সুতরাং আপনাদের কাছে মৎস্য দপ্তর সম্বন্ধে বিভিন্ন সরকারী যে প্রস্তাব রাখলাম তার জন্য আপনাদের কাছ থেকে আমি সমালোচনা এবং গঠনমূলক প্রস্তাব আশা করি।

Mr. Speaker: Hon'ble Minister may please move the next grant—Grant No. 24.

DEMAND FOR GRANT NO. 24

Total Demand Rs. 9,75,43,000

Major Heads: 33—Animal Husbandry, 124—Capital Outlay on Schemes of Government Trading—Greater Calcutta Milk Supply Scheme

Shri Kashi Kanta Maitra: On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 6,53,16,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 24, Major Heads: 33—Animal Husbandry, 124—Capital Outlay on Schemes of Government Trading—Greater Calcutta Milk Supply Scheme. (Rs. 3,22,27,000 has been voted on account).

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ সম্পর্কে আমার বিস্তৃত বিবরণ মাননীয় সদস্যদের কাছে যেটা রাখলাম তাঁরা সেটা পরীক্ষা করে দেখবেন। আমি কয়েকটা কথা শুধু আপনাদের কাছে বলতে চাই। এই পোলট্রি ডিপার্টমেণ্ট সম্বন্ধে আমরা এ বিষয় নূতন সিদ্ধান্ত নিয়েছি এবং আমি মনে করি বাংলাদেশের যুক্তফ্রণ্ট সরকার এইভাবে যদি কাজ চালিয়ে যেতে পারে তাহলে মুরগী পালনকে একটি শিল্প হিসাবে পরিণত করতে পারবো। আমার দৃঢ় বিশ্বাস ইন দিস সেকটর উই ক্যান ব্রিং অ্যাবাউট এ রিভোলিউসন, আমি আপনাদের কাছে বলছি আমাদের লক্ষ্য হচ্ছে আমরা হাঁস-মুরগীর ডিম ও মুরগীর মাংস বিভিন্ন জায়গায় সরকার থেকে স্টল খুলে বিক্রি করবো। আমাদের সরকারের লক্ষ্য শুধু মাত্র কলকাতায় বিক্রয় কেন্দ্র খুলে মানুষকে সরবরাহ করবো তা নয়, আমরা বিভিন্ন জায়গায় এ সমস্ত দোকান খুলেছি যেমন কৃষ্ণনগর, বারাসাত, দুর্গাপুর, বর্ধমান, হাওড়া ও দমদম। এই কয়েকটি জায়গায় আমরা মুরগীর মাংস ও ডিম বিক্রয় কেন্দ্র খুলেছি। আপনারা জানেন বাজারে যে দামে ডিম বিক্রয় হয় তাতে আমাদের পোলট্রি ফার্মের যে ডিম এবং রেজিস্টার্ড গ্রোয়ারদের কাছ থেকে কিনে আনছি তার চেয়ে কম দামে দেবো এবং মুরগীর মাংস যে দামে বিক্রয় হয় তার চেয়ে কম দামে

আমরা বিক্রয় করছি। আমরা ৪ হাজার রেজিষ্টার্ড পোলট্রি গ্রোয়ার বাংলাদেশে তৈরী করেছি এবং রেজিষ্টার্ড গ্রোয়ারদের কাছ থেকে ডিম এবং পাখী এবং মুরগী নিয়ে এসে তাকে ড্রেস করে বিভিন্ন জায়গায় বিক্রয় করার পরিকল্পনা নিয়েছি এবং শুধু পরিকল্পনা নয় যে কটা জায়গার নাম উল্লেখ করলাম সে কয়েকটা জায়গার কাজ আমরা সুরু করে দিয়েছি। আগামী কয়েক মাসের মধ্যে আরও কয়েক জায়গায় আমরা এই ধরনের দোকান খুলে কাজ শুরু করবো। পোলট্রির ক্ষেত্রে যে নূতন পরিকল্পনা নিয়েছি সে পরিকল্পনায় আমাদের কাজ আরও ব্যাপক হবে। আমাদের টালিগঞ্জ পোলট্রি ফার্ম থেকে আরম্ভ করে স্টেটের যে কয়েকটা জায়গায় ফার্ম আছে প্রত্যেক জায়গায় আমরা টারগেট অফ প্রোডাকশান, বাড়িয়ে যাবার পরিকল্পনা নিয়েছি, টালিগঞ্জে ৪ হাজার থেকে ১০ হাজার টারগেট করেছি। এবং আমরা ঠিক করেছি যে যদি কেউ সরকারকে ডিম বা রেজিষ্টার্ড গ্রোয়াররা মাল বা পাখি বিক্রি করেন তাহলে তাকে নগদ টাকা দেওয়া হবে। এইভাবে বিভিন্ন জায়গায় পোলট্রি ফার্ম বাড়াতে চাই সরকারের পরিকল্পনা হচ্ছে প্রত্যেক জেলায় একটা করে পোলট্রি ফার্ম করবো। তার পর গ্রেটার ক্যালকাটা মিল্ক সাপ্লাই স্কীম সম্বন্ধে আপনাদের এটুকুন বলতে পারি কংগ্রেসী শাসন যখন ছিল তখন মিষ্টান্ন ব্যবসায়ী ছিল প্রথম দিকে সে সময় দুধ সরবরাহ নেমে দাঁড়িয়ে গিয়েছিল ২৩ হাজার লিটারেতে কি কালেকসান। আজকে মিষ্টান্ন ব্যবসায়ী রয়েছে এবং আমাদের যে এখন দুধের কালেকশান ডেলি ইনটেক যেটা সেটা হচ্ছে ৪৬ হাজার লিটার। সুতরাং তখন মিষ্টান্ন ব্যবসায়ী থেকে এ অবস্থা হয়েছিল এবং মিষ্টান্ন ব্যবসায়ীর উপর সম্পূর্ণ নিষেধাজ্ঞা জারী করার পর সাপ্লাই ইমপ্রুভ করেছিল ঠিক কথা কিন্তু নির্বাচনের প্রাক্‌কালে ৪৫ পারসেন্ট ফরমূলা এরা ইনট্রোডিউস করেছিলেন।

[2-20—2-30 p.m.]

অর্থাৎ দোকানে যে সমস্ত মিষ্টি তৈরী হবে তা সেখানে গিয়ে চেখে দেখতে হবে যে ছানা তার মধ্যে ৪৫ ভাগ আছে কিনা? এরকম রিডিকিউলাস প্রস্তাব সরকার কি করে করেছিলেন তা জানি না। আমার বিশ্বাস এটা করা হয়েছিল ইট ওয়াজ ডান উইথ অ্যান আই টু ইলেকশান সাধারণ মানুষ এবং মিষ্টান্ন ব্যবসায়ীদের ভোট পাবার জন্য এই ৪৫ পারসেন্ট ফরমূলা ইন্ট্রো-ডিউস করে ওয়েস্ট বেঙ্গল মিল্ক কন্ট্রোল অর্ডার এমেন্ড করা হয়েছিল। ৭ই ফেব্রুয়ারী আমরা নূতন সরকার প্রতিষ্ঠিত হবার পর সেই অর্ডার কার্যকরী করিনি। তবে আমরা আনরেসট্রিকটেড ইউজ অফ মিল্ক ম্যানুফ্যাকচারিং অল কাইন্ডস অফ সুইটমিটস, সেটা রাখিনি। কিন্তু সুইটমিটস রয়েছে। আমরা মনে করি বাংলাদেশে ট্র্যাডিসানাল ডেলিকেসি চলবে এবং শিশুদের, রুগীদের, মায়েদের এবং সাধারণ মানুষের দুধের যোগান আমরা রাখতে পারব। এই হাউসের বাহিরে একটা প্রশ্ন বার বার উঠছে সুইটমিটস ব্যান এখনও ইন্ট্রোডিউস করছি না। আমি আপনাদের অবগতির জন্য বলছি এটা প্রাক্তন সরকার কেন বিবেচনা করেন নি তা বুঝলাম না। আমাদের যে সেন্ট্রাল ডেয়ারী প্ল্যান্টের ক্যাপাসিটি, হরিণঘাটার প্ল্যান্টের যে ক্যাপাসিটি তাতে যদি টোটাল ব্যান ইন্ট্রোডিউস করি তবে দেড় লাখ থেকে ২ লাখ লিটার র' মিল্ক যদি কালেকশান হয় তাহলে ইউ ক্যাননট হ্যান্ডেল দ্যাট গ্র্যান্ট কোয়ান্টিটি অফ মিল্ক। অর্থাৎ প্ল্যান্টের ক্যাপাসিটি তা নয়। অতএব সে দুধ কোথায় যাবে? সেটা আমরা ঠিক-ভাবে খরচা করতে পারব না। সেজন্য আমাদের টার্গেট হচ্ছে এই প্ল্যান্টকে ঢেলে সাজান যাতে করে ২ লাখ ৩০ হাজার ক্যাপাসিটি হয় এবং আশা করি আগামী ১।১২ বছরের মধ্যে হয়ে যাবে। এইভাবে যদি কাজ হয় তাহলে দুধের যোগান বাড়বে এবং সাধারণ মানুষকে আমরা দুধ দিতে পারব। আমি আপনাদের কাছে বলছি এই যে গ্রেটার ক্যালকাটা মিল্ক সাপ্লাই স্কীম এটা আমি মনে করি যুক্তফ্রন্ট সরকারের একটা মস্ত বড় এচিভমেন্ট এবং মস্ত বড় সাফল্যের কারণ। স্যার, এ্যানিমাল হাসব্যান্ড্রি খাতে আর একটা বিষয় বলবার আছে। এটা হচ্ছে ভেটিনারী সার্ভিস সম্বন্ধে। আমি আজকে বলছি এই নূতন সরকার প্রতিষ্ঠিত হবার পর এবং দপ্তর হাতে নেবার পর দেখছি গত ২০ বছর ধরে আমাদের ভেটেরিনারী সার্ভিসেস নেগলেকটেড হয়েছে

এবং যে পে-স্কেল দেওয়া উচিত ছিল সেটা দেওয়া হচ্ছিল না—খুব আনর‍্যাট্রাকটিভ পে-স্কেল ছিল। তাদের সার্ভিস কণ্ডিসান ইম্প্রুভ করার জন্য যুক্তফ্রণ্ট সরকারের প্রথম সিদ্ধান্ত হচ্ছে ভেটিরিনারি সাবোর্ডিনেট সার্ভিস ক্লাস (১)+(২)দের আমরা গেজেটেড স্টাটাস দিয়েছি। এবং এদের পে-স্কেল ৩০০ থেকে ৯০০ টাকা পর্যন্ত আমরা রেকোমেণ্ড করেছি, অর্থ দপ্তরকে পাঠিয়েছি এবং সমগ্র ক্যাবিনেট একমত হয়ে পে কমিশনের কাছে পাঠিয়েছে। আমার দৃঢ় বিশ্বাস পে কমিশনের কাছে এদের কেস সুবিচার পাবে। এই যুক্তফ্রণ্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর গত ৪ মাসে আমরা নূতন এয়েড সেণ্টার আগে ছিল ১৪টা ভেটিরিনারি ওপেন করেছি—আগে যেখানে ছিল ২৮০টা করেছি এবং আমরা ১২১টা আরো এ বৎসরের মধ্যে চালু করবো। এখানে এম্বুলেটার ভ্যান, ক্লিনিকাল ভ্যান ছিল ১২টা গত ৪ মাসে তিনটা নূতন ভ্যান ইন্ট্রোডিউস করেছি, আরো টারগেট আছে তিনটা। আর্টিফিসিয়াল ইনসেমিনেসান সেণ্টার ৬০টা চার মাসে চালু করেছি, আরো ৫০টা চালু করবো। হসপিটাল চার মাসে চারটা শুরু করেছি এবং টারগেট আছে আরো ৫টা। ট্রেণিং ইনষ্টিটিউট নর্থবেঙ্গলে, উত্তরবঙ্গে করবার পরিকল্পনা আছে। রিসার্চ স্কীম যা তিনটা ছিল দুটা চালু করেছি ৪ মাসে এবং আরো ৬টা রিসার্চ স্কীম চালু হবার পরিকল্পনা আছে। শীঘ্রই আমরা চালু করবো। ভ্যাকসিন প্রোডাকসান স্কীম যেখানে ৬টা ছিল সেখানে দুইটা হয়েছে, আরো তিনটা স্কীম আমাদের সামনে আছে। ডিস্ট্রিক লেবোরেটরি ২টা করেছি, আরো একটা রয়েছে। মাননীয় সদস্যদের বলতে পারি যে বিশেষ করে অ্যাটোমরফিক্ সেপ্টোজাইম এই রোগে কুচবিহারের বহু গবাদি পশু মারা গিয়েছে, এর জন্যে আমরা খুব দুঃখিত। কিন্তু এই ভ্যাকসিন বাংলাদেশে যুক্তফ্রণ্ট সরকার গঠিত হবার পর এই ভ্যাকসিন ভেটানারি ডিপার্টমেণ্ট থেকে আমাদের ল্যাবটারিতে রিসার্চ করে আমাদের অধ্যাপক এ্যাসিটেণ্ট সবাই মিলে আজ এই ভ্যাকসিন করেছে। আমরা এতে সেল্ফ সাফিসিয়েণ্ট হব বলে এই আশ্বাস দিচ্ছি। আমরা বিদেশ থেকে এই জিনিষ আনতাম আমরা এখন সেল্ফ সাফিসিয়েণ্ট এতে হচ্ছি। এ ছাড়া আমরা এণ্টি র‍্যাবটিক ভ্যাকসিন একটা নূতন বার হচ্ছে, আগণ্ট সেপ্টেম্বরে এ ভ্যাকসিন হয়ে যাবে এবং এতেও আমরা সেল্ফ সাফিসিয়েণ্ট হব। বাহিরে থেকে এতদিন আমরা এই ভ্যাকসিন আনতাম। এখন আমরা এই ভ্যাকসিনে সেল্ফ সাফিসিয়েণ্ট হতে যাচ্ছি। এছাড়া আ্যান্টি-র‍্যাবিট ভ্যাকসিন নূতন বের হচ্ছে এবং আমরা আশা করছি আগামী আগষ্ট, সেপ্টেম্বরের মধ্যেই এই ভ্যাকসিনে সেল্ফ সাফিসিয়েণ্ট হয়ে যাব। এছাড়া ফাউল কলেরা ভ্যাকসিনও আমরা তৈরী করছি। এই ফাউল কলেরা ভ্যাকসিনের ব্যাপারে আমাদের রাজ্যসরকারের ভেটারিনারি ডিপার্টমেণ্ট সেল্ফ সাফিসিয়েণ্ট হয়ে যাচ্ছে। সুতরাং যুক্তফ্রণ্ট সরকার গত তিন মাসের মধ্যে এই ভেটারিনারি ডিপার্টমেণ্ট খাতে কোন নূতন কাজ করেছে কিনা সেটা আপনারা বিবেচনা করে দেখবেন।

DEMAND FOR GRANT NO. 27

Total Demand—Rs. 2,39,01,000

Major Heads: 35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development—Cottage Industries

Shri Kashi Kanta Maitra: Sir, on the recommendations of the Governor I beg to move that a sum of Rs. 1,62,09,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 27, Major Heads: 35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development—Cottage Industries.

(Rs. 76,92,000 has been voted on account)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্ষুদ্রশিল্প এবং কুটিরশিল্প খাতে ব্যয়-বরাদ্দ মঞ্জুরীর জন্য যে বিল রেখেছি আমি মনে করি এটা খুব গুরুত্বপূর্ণ বিল। এ সম্বন্ধে আমি আপনাদের কাছে কয়েকটি ইংগিত রাখছি। যুক্তফ্রণ্ট সরকার এই দপ্তর থেকে যে কয়েকটি সিদ্ধান্ত নিয়েছেন সেই সিদ্ধান্তের কথা আপনারা লিপিবদ্ধ লিখিত ভাষণে পাবেন। কিন্তু তবুও আমি কয়েকটি

কথা আপনাদের কাছে ঘোষণা করতে চাই। আমরা মনে করি পশ্চিমবাংলায় শিল্পদ্যোগ শিল্পোন্নতির ক্ষেত্রে বিশেষ করে কুটিরশিল্প এবং ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে অনেক পিছিয়ে পড়েছে। যে বাংলাদেশ একদিন সবচেয়ে এগিয়ে ছিল এবং পাইওনীয়ার ছিল, আজকে তার পজিসন অনেক নীচে নেমে গেছে। কাজেই এই সম্পর্কে আমার বক্তব্য আমি বিতর্কের উত্তরের সময় বলব এবং এই সম্পর্কে মাননীয় সদস্যদের যে অনেক পুঞ্জীভূত ব্যথা ও বেদনার অভিযোগ আছে সেগুলি আমি শুনবো। আমরা নূতন সিদ্ধান্ত নিয়েছি যে আমরা সেয়ার পার্টিসিপেসানে যাব। বাংলাদেশের কোন শিল্পী বিশেষ করে যদি টেকনিক্যাল এন্টারপ্রেনারসরা এগিয়ে আসেন তাঁদের কোন পরিকল্পনা নিয়ে এবং আমরা যদি পরীক্ষা করে দেখি যে তার এমপ্লয়মেণ্ট পোটেনসিয়্যাল রয়েছে এবং তার ভাল মার্কেট রয়েছে এবং তাঁদের যদি টাকা না থাকে তাহলে আমরা সরকার পক্ষ থেকে পার্টিসিপেসন স্কীমে যাব রিজনেবল বেসিসে। কাজেই সেয়ার পার্টিসিপেসন স্কীম-এর কথা আপনাদের কাছে ঘোষণা করছি। সুতরাং বাংলাদেশের উদ্যোগী শিল্পপতি, তরুণ ইঞ্জিনীয়ার, এক্সপার্টরা এতদিন ঘুরে বেড়িয়েছেন বিভিন্ন দপ্তরে, কিন্তু কোন বিচার পান নি। স্যার, আমি নূতন যুক্তফ্রণ্ট সরকারের পক্ষ থেকে আপনার মাধ্যমে খুব বিনয়ের সংগে বৃহত্তর জনসাধারণের কাছে এই কথা ঘোষণা করতে চাই বিশেষ করে শিল্পের ক্ষেত্রে তাঁরা যদি উদ্যোগ দেখিয়ে এগিয়ে এসে আমাদের সরকারের কাছে পরিকল্পনা রাখেন তাহলে আমরা সেই সমস্ত স্কীমস গ্রহণ করবো। বাংলাদেশে পাওয়ার লুম আজকে একটা খুব ইমপর্ট্যান্ট ফ্যাকটর হয়ে দাঁড়িয়েছে। আমি আপনাদের কাছে এই কথা বলছি যে পাওয়ার লুম সম্বন্ধে আমার কাছে নানাবিধ অভিযোগ এসেছে এবং সেখানে যে একটা বিরাট এমপ্লয়মেণ্ট পোটেনসিয়্যাল রয়েছে সেটা আমরা জানি। কাজেই সেদিকটা বিবেচনা করে আমরা পাওয়ার লুম-এর ক্ষেত্রে নূতন সুযোগ-সুবিধা দেওয়ার ব্যবস্থা চিন্তা করে দেখছি। আমাদের নূতন সরকারের পরিকল্পনা হচ্ছে ব্লিচিং, ক্যালেনডারিং, প্রসেসিং-এর জন্য ৭টি প্ল্যাণ্ট আমরা করবো এবং এই সাতটি প্ল্যাণ্ট বাংলাদেশের যে সমস্ত জায়গায় পাওয়ার লুম ইন্ডাস্ট্রিজ লোকেটেড হবে সেই সমস্ত জায়গায় আমরা ডিসপার্স করে দেব যাতে করে এই ব্লিচিং, ক্যালেনডারিং ইত্যাদি কাজের জন্য যে সমস্ত অসুবিধা হত সেগুলি দূর হয়। শুধু তাই নয়, হস্তচালিত তাঁত শিল্পে যাঁরা নিযুক্ত আছেন তাঁদের অভাব-অভিযোগের কথা সম্বন্ধেও আমরা অবহিত আছি এবং ১ লক্ষ ৬০ হাজার হস্ত চালিত লুম চালু রয়েছে এবং তার সবচেয়ে বড় অসুবিধা হচ্ছে সুতোর সমস্যা। আপনারা জানেন এই সুতোর ব্যাপারে বাংলাদেশে বিরাট একটা র‍্যাকিটের অবস্থা চলেছিল এবং সাউথ ইন্ডিয়া, মাদ্রাজ থেকে সুতো আসছিল। এখন সেই সুতোর সংগে প্রতিযোগিতায় বাংলাদেশ পেরে উঠত না এবং বেশি দামে সুতো কিনতে হত ব্ল্যাক মার্কেটে। তার ফলে তারা মার খেয়ে যেত। শিল্প বাণিজ্য দপ্তর এবং ক্ষুদ্র কুটির শিল্প দপ্তর আমরা একযোগ হয়ে সিদ্ধান্ত নিয়েছি কল্যাণী স্পীনিং মিলে যে সুতো হবে সেই সুতো এ্যাপেক্স কো-অপারেটিভ হ্যান্ডলুম সোসাইটি এবং ওয়েষ্ট বেঙ্গল স্মল ইন্ডাষ্ট্রিজের মাধ্যমে বিক্রী করবো।

[2-30—2-40 p.m.]

এবং এই সমস্ত দোকানের মাধ্যমে তন্তুজীবীরা সরাসরি সুতো কিনতে পারবেন এবং তাঁরা সুতো রিটেলে পাবেন—সেই সুযোগ তাঁদের আমরা দেব। আমাদের আরো পরিকল্পনা আছে যে সেখান থেকে তাঁদের যে সমস্ত উৎপন্ন কাপড় তাঁরা যা উৎপাদন করেন—জানি তাঁদের সবচেয়ে বড় অসুবিধা হচ্ছে মার্কিটিং-এর সুযোগ-সুবিধা নেই, টাকার অভাবে মহাজনের কাছে তাঁরা বিক্রি হয়ে থাকেন এবং মহাজনের শোষণে তাঁরা নিষ্পেষিত, তাদের হাত থেকে বাঁচাবার জন্য আমাদের ক্ষুদ্র সীমিত অর্থ দিয়ে চেষ্টা করছি কি করে আমরা বিভিন্ন ঘাঁটি থেকে যেখানে উইভার্স কনসেনট্রেসন আছে তাদের তৈরী কাপড় এবং শাড়ী সরাসরি আমাদের স্মল ইনডাসট্রিজ কর্পোরেশনে কিনতে পারি এবং কিভাবে উইভার্স কো-অপারেটিভ হ্যান্ডলুম য়্যাপেক্স সোসাইটি এই সমস্ত কাপড় ন্যায্য দরে কিনে নিয়ে আমাদের বিভিন্ন এমপোরিয়ামের মাধ্যমে আমরা বিক্রি করতে পারি সেই পরিকল্পনা আমাদের বিবেচনাধীন রয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার

মাধ্যমে মাননীয় সদস্যদের জানাচ্ছি যে আমরা দেখেছি কেমিক্যাল ইনঞ্জিনীয়ারিং-এর ক্ষেত্রে যে বাংলাদেশ একদিন সবচেয়ে এগিয়ে ছিল যেটা আজ স্মরণ করিয়ে দেয় আচার্য দেবের কথা এবং এই সমস্ত মনীষীদের কথা যাঁরা বাংলাদেশকে এগিয়ে নিয়ে গিয়েছিলেন যেমন ক্যালকাটা কেমিক্যাল এবং বেঙ্গল কেমিক্যাল ইনডাসট্রিজ যখন চালু হয় তখন থেকে। আজকে কেমিক্যাল ইন্ডাসট্রিজে বাংলাদেশে এত তলিয়ে গেছে—দুর্গাপুরে কোক ওভেন ফ্যাক্টরি রয়েছে, সেখানে কোল বাই প্রডাক্ট রয়েছে, সেই কোল ডেরিভেটিভস থেকে কেমিক্যাল ইনডাস্ট্রিজ কি করে গড়ে তুলতে পারি তার সিদ্ধান্ত আমরা নিয়েছি। আজকে আমি ঘোষণা করছি যে স্মল সেকটরে যদি কেউ এগিয়ে আসে তাহলে সাহায্য করবো এবং এই জন্য দুর্গাপুরে ৪ একর জমি নিয়ে সেখানে যে ইনডাসট্রিয়াল এস্টেটস করে সেখানে স্মল সেকটরে একটা কেমিক্যাল ইনডাসট্রি যাতে গড়ে উঠে তার জন্য সমস্ত রকম সুযোগ সুবিধা আমরা দেবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের আর একটি লক্ষ্য হল এই শিল্পের ক্ষেত্রে ঋণ বণ্টনের ক্ষেত্রে বহু দেরী হয়েছে, ২।৩ বছর লেগে যাচ্ছে একটা লোন য়্যাপ্লিকেসন ম্যাচিওর করতে—সেজন্য আমরা ড্রাস্টিক্যালী কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ য়্যাকট য়্যামেন্ড করবো এই আশ্বাস এই হাউসের কাছে আমি দিয়ে যাচ্ছি এবং সেটা আপনাদের পরামর্শ করেই হবে এবং এমনভাবে সেটা করবো যাতে করে অন্তঃতপক্ষে ৫০ হাজার টাকা লোন পেতে ৬ মাসের বেশী সময় না লাগে য়্যাপ্লিকেসন দাখিল করার পর থেকে লোন পাওয়া পর্যন্ত। এটা যাতে ৩।৪ বছরের জায়গায় ৬ মাসে হয় তার জন্য আমি ঢেলে সাজাচ্ছি এবং আমাদের দপ্তর থেকে সেই কাজ সুরু করেছি। শুধু তাই নয় আমি আপনাদের বলছি যে পশ্চিমবাংলা শিল্পের ক্ষেত্রে যে মার খাচ্ছে তার একটা বড় কারণ হল—আমি দেখে অবাক হয়ে যাচ্ছি যে এই সমস্ত ইনডাসট্রিজ যাদের লাইসেন্স দেয়া হচ্ছে—কংগ্রেস বন্ধুরা নানারকম 'বিতর্কে নানারকম উষ্মা প্রকাশ করেন, তাঁদের অবাঞ্ছিত অবহেলার কথা তাঁরা ভুলে যান কিন্তু আমি আজ বলছি যে বাংলাদেশ এইভাবে যে মার খাচ্ছে শিল্পের ক্ষেত্রে তার একটা সব থেকে বড় কারণ হচ্ছে কেন্দ্রের অবিচার। আমি আপনার কাছে একটা দৃষ্টান্ত দিচ্ছি—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বই থেকে দেখছি স্কুটার এবং মোটর সাইকেলের ক্ষেত্রে দিল্লীর বিচারটা কোথায়। স্কুটার এবং মোটর সাইকেল তৈরী করবার জন্য কতকগুলি কনসার্নকে লাইসেন্স দেয়া হল, মোটর সাইকেল করবার জন্য কাকে দেয়া হয়েছে—মেসার্স এনফিল্ড ইন্ডিয়া লিমিটেড, তিরুভাট্টর, হাই রোড, মাদ্রাজ, মেসার্স এসকর্টস লিমিটেড, কনট প্লেস, নয়া দিল্লী; মেসার্স আইডিয়াল জাওয়া (ইন্ডিয়া), প্রাইভেট লিমিটেড, কাওবাসজি প্যাটেল স্ট্রীট, ফোর্ট, বোম্বাই, অথচ কলকাতা বাংলাদেশে শিল্পের ক্ষেত্রে সবচেয়ে এগিয়ে আছে। আমি জিজ্ঞাসা করি কৈ কংগ্রেসের কোন নেতা তো বলছেন না যে দিল্লী কেন এটা করলো—দিল্লী এটা করতে পারত যে লার্জ স্কেলে স্কুটার এগুলি যে তৈরী হচ্ছে কলকাতায় কি সেন র‍্যালের মত কনসার্ন নেই যারা এই ধরনের স্কুটার তৈরী করতে পারে, মোটর সাইকেল তৈরী করতে পারে। বাংলাদেশে স্কুটার ইনডাসট্রিজ তৈরী করতে পারলে হাজার হাজার লোকের কর্ম সংস্থান হতে পারে। তবে আপনাদের বলছি আমাদের দপ্তর পিছিয়ে নেই। আমি আনন্দের সঙ্গে ঘোষণা করছি যে কয়েকজন উদ্যোগী বাঙ্গালী ইঞ্জিনীয়ার এবং ছোট ছোট শিল্পপতি তাঁরা এগিয়ে এসেছেন। তাঁরা একটা জয়েন্ট য়্যাপ্লীকেসন করেছেন আমার দপ্তরের কাছে এবং সেই চিঠি আমার কাছে এসেছে।

তাঁরা বলছেন আমরা স্কুটার স্মল সেকটর-এ এখানে আমরা তৈরী করবো এবং তাঁরা বলছেন ডেলিভারী আমরা দেব; আমরা দেখিয়ে দেব আমরা কী করতে পারি। এবং সেই চিঠি আমাদের কাছে আসার সাথে সাথে আমরা পাঠিয়ে দিয়েছি ডিপার্টমেন্টাল সেক্রেটারীকে প্রোজেক্ট রিপোর্ট চেয়ে পাঠাবার জন্য এবং প্রোজেক্ট রিপোর্ট পরীক্ষা করে ফেসিলিটিস সম্পর্কে সমগ্র বিবৃতিটা দেখে আমরা কাজ সুরু করবার জন্য বদ্ধপরিকর। স্মল সেকটর-এ আমি আপনাকে বলছি এই-ভাবে আমি পরে দেখাবো, আমার জবাবের সময় যে র-মেটিরিয়াল সরবরাহের ক্ষেত্রে কীভাবে আমরা মার খেয়েছি। সুতরাং শিল্পক্ষেত্রে আমরা দেখছি বাংলাদেশের প্রতি সুবিচার কেন্দ্রীয় সরকার করছেন না এবং সুবিচার যদি কেন্দ্রীয় সরকার করতেন তাহলে এতটা পিছিয়ে পড়তো না। আজ রেলওয়ে অর্ডার না পাওয়ার জন্য কী সাংঘাতিক অবস্থা হয়েছে! ৪০ কোটী টাকার

মাল শুধু হাওড়া থেকে আসে, হাওড়াকে আমরা বলি, মাননীয় শৈলবাবু এতকাল হাওড়া থেকে এসেছেন, সেই হাওড়া আজ একটা এদোঁ জায়গা হয়ে পড়ে রয়েছে। এই রকম অবহেলিত করে এই রকম একটা ডেভালপড জায়গাকে এই রকম অবস্থায় তাঁরা রেখে দিয়েছেন। আমি তো মনে করি হাওড়াকে বলা যেতে পারে, ভারতবর্ষের শেফিল্ড সহর। হাওড়ার অলিতে-গলিতে লেদের মিস্ত্রী রয়েছে, ইঞ্জিনীয়ারস রয়েছে, দক্ষ কারিগর রয়েছে। অথচ অবহেলায় তারা মারা গেল। আমি আজকে জিজ্ঞাসা করছি এই যে রেলওয়ে অর্ডারস কার্টেল করা হয়েছে, আমার দপ্তরের ডিপার্টমেন্টাল সেক্রেটারি, অ্যাডিশনাল ডি আই ও অন্যান্য অফিসারদের বলেছি—আপনারা হিসেব করুন, ভারতবর্ষের অন্যান স্টেটের ফিগার কালেক্ট করুন এবং দেখান যে রেলওয়ে অর্ডারস্ ডাইভারসন হয়েছে, আমি বলছি না সবটা আপনি বাংলাদেশকে দেন; কিন্তু যেখানে ৪০ হাজার কর্মচারীর জীবিকার সংস্থান হতো, তারা আজ বেকারী ও দুঃসহনীয় অবস্থার সামনে এসে দাঁড়িয়েছে। এদের বাঁচাবার পথ কী? এদের বাঁচাবার জন্য আমরা মনে করছি ডাইভারসিফিকেশান দরকার। সেই জন্য আমরা চাই মোটর পার্টস, স্কুটার, অটোমোবাইল অ্যাক্সেসরিস্ পার্টস এই সমস্ত শিল্পের দিকে দেশ এগিয়ে যাক এবং সরকার তাদের সাহায্য করুক।

আমি এখানে মাননীয় সদস্যদের বলতে পারি যে আমি মনে করি যে ডিভ্যালুয়েশন করে সরকার ভেবেছিলেন যে দেশের কিছু উপকার করবেন; কিন্তু স্মল ইন্ডাস্ট্রিজ সেক্টরে কিছুমাত্র উপকার এর দ্বারা পরিলক্ষিত হয় নাই। ডিভ্যালুয়েশন কখনো আমাদের দেশে সাবস্টিটিউট হতে পারে না। আমাদের মত অনুন্নত দেশে ডিভ্যালুয়েশন দিয়ে উন্নতি করা যায় না। আমার মনে পড়ছে আজকে একটা কথা যে কথা সাহিত্যিক অমর কথাশিল্পী হেনরী ওয়ো--যিনি মৃত্যুর প্রাক্কালে লিখেছিলেন যে, পৃথিবীর রাজনীতিবিদরা দুটি অস্ত্র আবিষ্কার করে রেখেছেন, তার একটা হচ্ছে ডিভ্যালুয়েশন এবং আর একটা হচ্ছে ওয়ার। সুবিধামত ওয়ার তারা করে; সুবিধামত ডিভ্যালুয়েশন তারা করে। ডিভ্যালুয়েশন করে আজকে আমাদের দেশের উন্নতি হয় নাই। ডিভ্যালুয়েশন কখনো আমাদের দেশে সার্থক হতে পারে না, সাবস্টিটিউট হতে পাবে না। ইম্পোর্টেড র-মেটিরিয়ালস যেটা তাঁরা আনছেন সেটা যদি ডাইরেক্ট ফিনিসড গুডস করে এন্টায়ার তাঁরা এক্সপোর্ট করতে পারতেন তাহলে ডিভ্যালুয়েশন দ্বারা উপকার হতো, কিন্তু ইম্পোর্টেড র- মেটিরিয়ালস এবং পার্টস যা তারা নিয়ে আসছেন তার বিরাট একটা অংশ ইন্টারন্যাল কনজাপশান-এ চলে যাচ্ছে। তা যদি যায়, তাহলে তার প্রাইস স্ট্রাকচার বাড়বে, দেশের ওয়েজ স্ট্রাকচাব ইনব্যালান্স থাকবে এবং ফরেন মার্কেট-এ গিয়ে কম্পিটিশান-এ তাঁরা পারবেন না। সেই জন্য আজকে দরকার ইম্পোর্ট সাবস্টিটিউসান। এই ইম্পোর্ট সাবস্টিটিউশান যেটা কেন্দ্রের দরকার, কেন্দ্র এগিয়ে এসে যদি ইঞ্জিনীয়ারিং শিল্পকে বাঁচাতে চান তাহলে দুটি জিনিষ দরকার হবে—এই ইম্পোর্ট সাবসটিটিউসান-এর পথে তাকে আসতেই হবে। আমাদের দুটি জিনিষ দরকার আছে, প্রথমতঃ আমাদের দরকার যে সমস্ত জিনিষ আমরা ইম্পোর্ট করি, সেই ইম্পোর্ট যাতে এলিমিনেট করা যায়, ইম্পোর্ট এলিমিনেট রিডিউসড্ টু ইটস মিনিমাম্ করা যায় তার চেষ্টা করা দরকার। দ্বিতীয়তঃ আমাদের নিজেদেন দেশে যে সমস্ত য়েন্ড প্রোডাক্টস তৈরী হচ্ছে, তার ইম্পোর্ট কনটেনট যত কম সম্ভব সেটা আমাদের করা দরকার। কিন্তু আমাদেব দেশে এই যে একটা হীনমন্যতা রয়েছে যে বিলেতী ছাপ মেড ইন ইংল্যান্ড, মেড ইন জাপান মেড ইন ইউ, এস, এ, মেড ইন ইউ, এস, এস; আর এই একটি ছাপ থাকলে আমরা চোখ বুজে নিচ্ছি। এটা একটা মারাত্মক প্রবণতা; এই যে একটা ইনফিরিওরিটি কম্প্লেক্স এই যে হীনমন্যতা এর থেকে আমাদের মুক্তি পেতেই হবে। সেই জন্য আজকে চাই একটা ইনটেনস নেশানেলিজ, একটি স্বাদেশিকতাবোধ আমাদের জাগাতে হবে এবং যার ফলে সেই স্বাদেশিকতার মধ্য দিয়ে আমাদের ন্যাশানাল টেলেন্ট জাগিয়ে তুলতে হবে।

আমি আরো বলছি যে, সেই সমস্ত শিল্পগুলিকে আমরা সাহায্য করবো যার একটা সেন্টি-মেন্টাল অ্যাটাচমেন্ট ফর দি পিপল অ্যান্ড ফর দি স্টেট থাকবে। কথায় কথায় যদি থ্রেট, কিছু গোলমাল করলে কিছু শ্রমিক কিছু দাবীদাওয়া করলে আমরা কলকাতা থেকে ইন্ডাস্ট্রি অন্যত্র নিয়ে যাব, বোম্বে নিয়ে যাব, এ জিনিস আর চলতে পারে না। আমি আজকে দুঃখের সঙ্গে

বলছি কিছুদিন আগে যখন কাগজে দেখলাম মাইসোরের চীফ মিনিস্টার কলকাতায় এসে প্রাইভেটলি গোপনে কিছু ইন্ডাস্ট্রিয়ালিস্টদের সংগে মিট করলেন, আই ওয়াজ সিম্পলী ডিসমেইড অ্যান্ড শকড বিয়ন্ড মেজার। এটা কি একটা প্রসিডিওর হতে পারে? এর চেয়ে ইমপ্রোপার কন্ডাক্ট আর কি হতে পারে! আমি বলছি না তাঁদের তিনি ইনভাইট করবেন না, লেট দেম মেক অ্যান ওপেন অ্যাপিল টু অল। তিনি বাংলাদেশে এলেন, কৈ, আমি তো জানলাম না! শিল্প দপ্তরের মন্ত্রী মাননীয় সুশীল ধাড়া মহাশয়, তিনি তো জানলেন না! মাননীয় বাংলার মুখ্যমন্ত্রী তিনি তো কিছু জানলেন না—তিনি যখন মহীশূরের মুখ্যমন্ত্রী হিসেবে এখানে এলেন! আমরা কি বিনয়ের সংগে এটা আশা করতে পারি না যে অন্তত বাংলার মুখ্যমন্ত্রীর সংগে তিনি মিট করবেন? কিন্তু তিনি গোপনে তাদের সংগে মিট করছেন কেন? আজও তারা এনকারেজমেন্ট দিচ্ছেন। এর দ্বারা কি ন্যাশনাল ইন্টিগ্রেশন হবে? মুখ্যমন্ত্রীর সংগে শুনেছি ডাঃ ঘোষ নাকি দেখা করেছিলেন। কিন্তু

When he met the industrialists in a private conference, he did not invite the Chief Minister, or the Minister in charge of Commerce and Industries, or the Minister-in-charge, Cottage and Small Scale Industries.

[2-40—2-50 p.m.]

সুতরাং আজকে এই যে জিনিস চলেছে, এ থেকে বুঝতে হবে এটা একট মারাত্মক জিনিস। আজকে আমরা তাই বলছি, যারা মনে করছেন যে আমাদের দেশ থেকে তাঁদের ইন্ডাস্ট্রী উঠিয়ে বা গুটিয়ে নিয়ে যাবেন, তাদের কি এখানকার জমির প্রতি আকর্ষণ নেই? তাদের কি এ দেশের মানুষের প্রতি দয়া, মমতা বা প্রীতি নেই! আমি সেইজন্য বলছি যে আমরা চাই এদেশের শিল্প-পতি যাঁরা কলকারখানা, শিল্প গড়বেন, তাঁদের লোকাল ট্যালেন্ট-এর এবং স্থানীয় চিলড্রেন অফ দি সয়েল, এদেশের সন্তানদের চাকরীর ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে। কম্পালসরি নোটিফিকেশন অফ ভ্যাকেন্সি মেনে চলতে হবে। এই অগ্রাধিকার যদি চাকরীর ক্ষেত্রে না দেন এবং স্থানীয় প্রতিভাকে যদি সুযোগ না দেন, শিল্প ব্যাহত হতে বাধ্য। আমার এই প্রারম্ভিক বক্তৃতা শেষ করবার আগে মাননীয় সদস্যদের কাছে আবেদন করবো, আমরা যে সংকটের মধ্য দিয়ে যাচ্ছি, তাতে আমাদের আজকের স্লোগান হওয়া উচিত রিভলিউশান, বিপ্লব, বৈপ্লবিক রূপান্তর আনতে হবে, রিভলিউশান নট রিটার্ডনেস, আমাদের স্লোগান হবে হিলিং। যে ক্ষত, ঘা তাকে শুকিয়ে সারিয়ে, সুস্থ করে তুলতে পারে। আমাদের স্লোগান হবে হিলিং, হিরোইকস, নর্মালসি–নট নসট্রামস। সুতরাং আজকে আমি আপনাদের কাছে আবেদন করবো বাংলাদেশকে যে সংকটের মধ্য দিয়ে কুড়ি বছরের কংগ্রেস শাসন এনে দিয়েছে, এই সংকট থেকে দেশকে তোলবার জন্য, আজকে আমরা আসুন সবাই মিলে দাঁড়িয়ে এই সরকারের হাতকে শক্তিশালী করি। আজকে দেশের অর্থনীতি কর্ণের রথের মত, অপদার্থতা, অকর্মণ্যতা ও নিষ্ক্রিয়তার বালুচরে রথ আটকে গিয়েছে, ডেবে গিয়েছে। সেই রথকে আটকানো থেকে তুলতে হবে, তাকে বাঁচাতে হবে। আসুন আমরা সকলে মিলে

Let us all put our shoulders to the wheels of the chariot and give a new spurt, a new drive.

এবং আমার দৃঢ় বিশ্বাস আছে, মুখ্যমন্ত্রীর নেতৃত্বে যে যুক্তফ্রন্ট সরকার গঠিত হয়েছে, যদি সকলের সহযোগিতা পায়, তাহলে বাংলাদেশকে সংকটের হাত থেকে মুক্ত করতে পারবো এবং এই রথের চাকায় ঘূর্ণনের আরও বেগ আনতে পারবো, আরও স্পন্দন আনতে পারবো। তবেই অর্থনীতির রথ, গণতন্ত্রের রথ, সমাজতন্ত্রের লক্ষ্যে পৌঁছাতে পারবে।

Mr. Speaker: All the cut motions under the three grants are in order and are taken as moved.

Shri Sushil Kumar Paul: That the demand be reduced to Re. 1.

Shri Dashu Koron Murmu: That the demand be reduced to Re. 1.

Shri Nityananda Bhuniya: That the demand be reduced to Re. 1.

Shri Pramatha Nath Dhibar: That the demand be reduced to Re. 1.

Shri Maharaja Bose: That the demand be reduced to Re. 1.

Shri Sushil Kumar Paul: That the demand be reduced to Re. 1.

Shri Azizur Rahman: That the demand be reduced to Re. 1.

Shri Fazle Hoque: That the demand be reduced to Re. 1.

Shri Satyanarayan Banerjee: That the demand be reduced to Re. 1.

Shri Krishna Bahadur Gurung: That the demand be reduced to Re. 1.

Dr. Ranjit Ghosh Chowdhury: That the demand be reduced to Re. 1.

Shrimati Abha Maiti: That the demand be reduced to Re. 1.

Shri Brindaban Chattopadhyay: That the demand be reduced to Re. 1.

Shri Khagendra Nath Das Gupta: That the demand be reduced to Re. 1.

Shrimati Abha Maiti: That the demand be reduced to Re. 1.

Shri Sachindra Mohan Nandy: That the demand be reduced to Re. 1.

Shri Byomkesh Majumdar: That the demand be reduced to Re. 1.

Shri Nitya Nanda Bhuniya: That the demand be reduced to Re. 1.

Shri Azizur Rahman: That the demand be reduced to Re. 1.

Shri Dashu Koron Murmu: That the demand be reduced to Re. 1.

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, তার এই তিনটা গ্র্যান্ট আমাকে মাত্র আট মিনিটের মধ্যে বলতে হবে। আমি খুব সংক্ষেপে আমার বক্তব্য রাখবো।

মাননীয় মন্ত্রিমহাশয়, আমাদের কনক্রিট সাজেশন দিতে বলেছেন। ওর প্রতি আমাদের পূর্ণ আস্থা আছে। তিনি আন্তরিকতার সহিত দরদ নিয়ে কাজ করবার চেষ্টা করছেন। আমি মনে করি আমাদের দিক থেকে তাঁকে সহযোগিতা করবার দিক থেকে আমাদের কোন অসুবিধা হবে না। সেদিক থেকে মৎস্য দপ্তর সম্বন্ধে তিনি যে কথা বলেছেন, এই বইগুলি আমরা এইমাত্র পেলাম। আমার মনে হয় তিনি মিঃ স্পীকার বলে যেগুলো দিয়েছেন, এইগুলো রেকর্ডে যাবে না, উনি এখন যে বক্তৃতা করলেন সেটা রেকর্ডে যাবে? এটা একটা আইনের প্রশ্ন। আমি সে সম্বন্ধে না বলে, শুধু এইটা আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে, এই বইগুলি যদি তিনি গতকাল এখানে বিলি করতেন তাহলে আমাদের বলবার সুবিধা হত। উনি এখানে যেসকল কথা বললেন, তার উপর সীমিত সময়ের মধ্যে দু-চারটা কথা বলতে চাই। উনি মৎস্যজীবী সম্পর্কে যে কথা বললেন, বিশেষ করে লেক ফিসারী বা ট্যাঙ্ক ফিশারী সম্পর্কে, তার সঙ্গে আমি আর একটা

সাজেশান রাখতে চাই। প্রত্যেকটি জেলায় টেস্ট রিলিফের মারফত সরকার যে ট্যাংকগুলি খনন করেন, সেগুলি সরকারী ট্যাংক, সেই ট্যাংকগুলি নেবার পরে স্থানীয় মৎস্যজীবীদের মধ্যে যদি বিলি করেন, মৎস্য চাষের জন্য এবং তাদের প্রয়োজনীয় ঋণ ও উপকরণ দিয়ে সাহায্য করেন, তাহলে যেসমস্ত ট্যাংক টেস্ট রিলিফের জন্য কাটা হয়েছিল তার জলের অধিকার ও সত্ব সরকারের হাতে রয়েছে, সেখানে মৎস্য চাষ হলে স্থানীয় মাছের চাহিদা ঐ টেস্ট রিলিফের ট্যাংকে মৎস্য চাষ করে অনেকখানি মেটান যাবে। স্থানীয় মৎস্য চাষী যারা আজকে দুর্দশার চরমে গিয়ে পৌঁচেছে মৎস্য চাষের জন্য জলাশয় পায় নি বলে, তাদেরও এতে অনেক সুবিধা হবে। এটা সরকারের নিজের হাতে কাজ করবার কিছু নেই, সরকারের ডিপার্টমেন্ট করবেন, এটাও চাই না। স্থানীয় মৎস্যজীবীদের মধ্যে সরকারী ট্যাংকগুলি বিলি করুন এবং তাদের প্রয়োজনীয় ঋণ ও উপকরণ দিয়ে সাহায্য করুন। এখানে উনি সেন্ট্রাল ডেয়ারী ফার্ম-এর কথা বললেন, তার ক্যাপাসিটি অনুযায়ী সব সমস্তটা ইউটিলাইজ হবার মত এখানে প্ল্যান্ট নেই। যে স্ট্যাটিসটিকস-এর ভিত্তিতে প্রাক্তন সরকার দুধের নিয়ন্ত্রণ করেছিলেন এবং মিষ্টান্নের নিয়ন্ত্রণ করেছিলেন সেই একই আফসার, এই সরকারের কাছে একবার এক রকম স্ট্যাটিসটিকস দিয়ে, এই সরকারের কাছে পুনরায় অন্য রকম স্ট্যাটিসটিকস দিয়েছেন কিনা, এটাও একটা তদন্তের বিষয়।

কটেজ ইন্ডাস্ট্রী মিনিস্টার হিসাবে তিনি তাঁতজীবীদের কথা বললেন, বাদবাকি কুটিরশিল্পের ধারেকাছে গেলেন না, ইন্ডাস্ট্রি মিনিস্টার যে বক্তৃতা করতেন কুটিরশিল্পের মন্ত্রীও সেই বক্তৃতা করলেন। তিনি ভুলে গেলেন যে গ্রামগুলি শুধু তন্তুজীবীদের জন্য নয়, সেখানে শঙ্খ, লোহ, কাঁসা, তামা, দস্তা এইসব নিয়েও যারা কাজ করে এমন কি মালা কেটেও যারা রোজগার করে সেই সমস্ত কুটিরশিল্প সম্পর্কে তিনি একটা কথাও উচ্চারণ করলেন না। আমি বাঁকুড়া জেলার প্রতিনিধি, আমি বাঁকুড়ার কথা বলতে পারি যে, চাষীভিত্তিক পশ্চিমবাংলার জেলায় এখনও পর্যন্ত আন্ডার এমপ্লয়মেন্ট, এমন কি যারা চাষ করে তাদেরও পুরো বছর চলে না, এদের সংখ্যা এখনও পর্যন্ত চাষীদের মধ্যে শতকরা ৯০ ভাগ। ফলে এই ৯০ ভাগ যারা শুধু চাষ নিয়ে আছে তাদের কুটিরশিল্পের উপর নির্ভর করে পরিপূরক হিসাবে চলতে হয়, তাদের হাতে প্রাক্তন সরকার ঋণ এবং অন্যান্য উপকরণ পৌঁছে দেবার চেষ্টা করতেন, এই সরকারও চেষ্টা করছেন নিশ্চয়ই। আমি শুধু এই কথা বলবো এবারের পশ্চিমবঙ্গের এই সমস্ত জেলাতে যেরকম একটা বিপর্যয় সুরু হয়েছে চাষের কাজ ভালভাবে জলের অভাবে না হওয়ায় তাতে করে কুটিরশিল্পের মারফত বাঁকুড়া, পুরুলিয়া, মালদহ, ওয়েস্ট দিনাজপুর, এই সমস্ত জেলায় যারা কুটিরশিল্পে নিয়োজিত আছে তাদের সমস্ত রকম সাহায্য এবারের সরকারকে বেশী হারে দিতে হবে। আমি মাননীয় মন্ত্রি-মহাশয়ের সঙ্গে সম্পূর্ণ একমত যদিও নই যে টাকা দিয়ে তাদের এক্সপ্লয়েট করে, কেন না আমা-দের দেশের মানুষ এত সহজে নিজেদের এইরকম করতে দেন না, তবে ইন কাইন্ড যেসব উপকরণের দরকার আছে সেইসব উপকরণ তাড়াতাড়ি তাদের কাছে পৌঁছে দেবার ব্যবস্থা করতে হবে। কেন না এইসব ব্যাপারে অতীতের অভিজ্ঞতা মোটেই ভাল নয়, উপকরণ যথাসময়ে তাদের কাছে পৌঁছায় না। আজকে মাদ্রাজ থেকে, শিলং থেকে যে শাঁখা এলে পর শাঁখারীরা বিভিন্ন জায়গায় কাজ করে। মাননীয় মন্ত্রিমহাশয় কখনও বিষ্ণুপুর শহরে গেছেন কিনা জানি না, গেলে সেখানে দেখবেন বহু শাঁখারী, বহু শিল্পী আজকে শঙ্খের অভাবে প্রচণ্ড দুরবস্থায় পড়েছে। সিলোন সরকারের সঙ্গে, মাদ্রাজ সরকারের সঙ্গে কথা বলে যাতে শঙ্খ সহজলভ্য হয় তার জন্য আমি মন্ত্রিমহাশয়কে ব্যবস্থা করতে অনুরোধ জানাবো। আমাদের এখানে তামা, পিতল, কাঁসা, ইত্যাদি যেসমস্ত আর্টিজেন্স, কাঁসারী শিল্পি আছে, তাদের বহু কো-অপারেটিভ আছে, কো-অপারেটিভ থেকে তারা কিছু ঋণও পেয়ে থাকে, কিন্তু বাজার তাদের সংকুচিত হয়ে যাচ্ছে। যত প্লাস্টিক বাড়ছে তত তামা, কাঁসা, ইত্যাদির বাজার সংকুচিত হয়ে যাচ্ছে। সেজন্য আজকে তামা, কাঁসা, লোহ শিল্পীদের নূতন ধরনের কাজে নিয়োজিত করা উচিত, আমি মন্ত্রিমহাশয়কে সেই দিকে যেতে অনুরোধ করবো। তার কারণ আজকে কাঁসারী শিল্পী শুধু কাঁসা শিল্প নিয়ে বাঁচতে পারে না, আজকে যে লোহ শিল্প করে সে লোহ শিল্পে পুরানো আমলের মাল তৈরী করে বাঁচতে পারে না, সেজন্য প্রাক্তন সরকার প্রকল্প বা প্ল্যানিং করেছিলেন। এই শিল্পকে বাঁচাতে হলে আজকে নূতন পদ্ধতিতে যেতে হবে এবং নূতন পদ্ধতিতে যাবার জন্য যে সময়ের দরকার হবে সেই সময়ে তাদের বেঁচে থাকার মত ব্যবস্থা সরকারকে করতে হবে। মালাকার বলে যারা

আছে, মালা শিল্প বিধবা মেয়েরা বাড়িতে বসে করে, যারা অক্ষম, যাদের অন্য কোন কাজ নেই। কিন্তু এদের বিক্রির ব্যবস্থার জন্য মহাজনদের দরজায় যেতে হয়। কিছু কিছু সমবায় আমরা বিভিন্ন জায়গায় করবার চেষ্টা করেছি। কিন্তু এদের কথা মন্ত্রিমহাশয় একবারও উল্লেখ করলেন না। তিনি আমাদের অনেক কথায় বলেছেন যেটা কটেজ ইন্ডাস্ট্রিজের ভেতর না বললেও চলতো, সেটা ইন্ডাস্ট্রি মিনিস্টারের কাজ। আমি কটেজ ইন্ডাস্ট্রি মিনিস্টারের কাছ থেকে জানতে চেয়েছিলাম যে, কতখানি আন্তরিকতার সঙ্গে, কতখানি দরদের সঙ্গে পল্লীর নিভৃত কোণে যে সামান্য মহিলা বসে রয়েছে কাজের অভাবে তার কাছে কুটিরশিল্পের মারফত তিনি সরকারী সাহায্য পেশছে দেবার জন্য প্রস্তুত। দ্বিতীয় হচ্ছে ড্রাগ ইন্ডাস্ট্রি সম্বন্ধে তিনি বলেছেন। আমাদের দেশে আমি অন্তত জানি যে ড্রাগ ইন্ডাস্ট্রি এত বেশী অগ্রসর হয়েছে যে আজকে যে কোন ফরেন ফার্মের সঙ্গে আমরা কর্মাপিট করতে পারি। কিন্তু কথা হচ্ছে আজকে রাশিয়া, আমেরিকার ছাপ দেখে যে আমাদের এখানে তৈরী হয় তা নয়, এই সমস্ত কেমিক্যালস এখনও পর্যন্ত আমাদের দেশে পাওয়া যায় না, এর জন্য বাইরে থেকে আসে। আমি ড্রাগ ইন্ডাস্ট্রি এই সঙ্গে আনতে চাই এজন্য যে, এটাও আজকে কটেজ ইন্ডাস্ট্রির আওতার মধ্যে পড়ে। কারণ আপনাদের ইন্ডাস্ট্রি এক্সচেঞ্জগুলি আপনাদের ড্রাগের জন্য তৈরী করতে পারেন। আমি বাঁকুড়া জেলার তামা, কাঁসা, শঙ্খ, ইত্যাদি শিল্পীদের কথা আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলতে পারি যে তারা অর্থের অভাবে বাজারের অভাবে এই সমস্ত শিল্প চালাতে পারছে না। আমি মন্ত্রিমহাশয়কে এদিকে নজর দেয়ার জন্য বিশেষ করে অনুরোধ করছি। আমি পূর্বেও বলেছি যে তাঁর উপর আমার পূর্ণ আস্থা আছে, তিনি নূতন উদ্যম নিয়ে কাজ করতে নেমেছেন, এই সমস্ত কুটিরশিল্পে সাহায্য করা প্রয়োজন আমরা আশা করবো তা করতে তিনি নিশ্চয় প্রস্তুত আছেন।

[2-50—3 p.m.]

শ্রীলক্ষ্মীচরণ সেনঃ মিঃ স্পীকার স্যার, যে ব্যয়বরাদ্দ মাননীয় মন্ত্রিমহাশয় উত্থাপন করেছেন আমি তা সমর্থন করছি এবং সমর্থন করতে গিয়ে কয়েকটি কথা আমি বলতে চাই। প্রথম কথা হল এই যে ব্যয়বরাদ্দটাই বড় কথা নয়, বড় কথা হল যে ব্যয়বরাদ্দ করা হল তা কিভাবে ব্যয়িত হচ্ছে তার উপর সমস্ত কিছু নির্ভর করে এবং যে পরিকল্পনার কথা আমরা ঘোষণা করি না কেন সেই পরিকল্পনার সাফল্য নির্ভর করে পরিকল্পনার সঙ্গে যুক্ত যে শ্রমিক কর্মচারীবৃন্দ রয়েছে এবং কর্তৃপক্ষের অধীনে তাঁরা কাজ করছেন উভয়ের সহযোগিতার উপরই সমস্ত কিছু পরিকল্পনার সাফল্য এবং স্কীমের সাফল্য নির্ভর করে। আজকে এই ব্যয়বরাদ্দের বিরোধিতা করতে গিয়ে কংগ্রেস দলের মাননীয় সদস্যরা অনেক কথাই বলবেন, বলবেন এই কারণে যে, তারা এই বেঞ্চ থেকে ও বেঞ্চে চলে গেছেন, তাঁরা তাঁদের ভোল পালটেছেন অর্থাৎ গত বিশ বছর ধরে তাঁরা যা করেছেন আজকে সেই কথা ভুলে অন্য কথা সুরু করছেন। ভাল কথা, সুর পালটাক, এতে লাভ আছে কিন্তু আমি একথা বলতে চাই যে মাননীয় মন্ত্রিমহাশয়ের কথা আমি শুনেছি এবং তাঁর যে লিখিত বক্তব্য সেই বক্তব্য পড়ার সুযোগ আমার হয়নি কিন্তু আমি যেটুকু উলটে-পালটে দেখলাম তাতে আমার মনে হল গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে কোন উল্লেখ নেই যার উপর আমি অন্তত গুরুত্ব আরোপ করতে চাই। সেই গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে এই যে, শিল্পে যারা নিযুক্ত আছে সেই শ্রমিক এবং কর্মচারী এবং সেখানে যে কর্তৃপক্ষ আছে তাদের কথা এবং প্রকল্প বা পরিকল্পনার কথা যেটা বলা হচ্ছে সেখানকার অবস্থা কি সে সম্বন্ধেও কোন উল্লেখ নেই। দুধ সাপ্লাইর পরিমাণ বেড়ে গেছে এইসব কথা উনি বলেছেন, সে কথা ঠিক, কিন্তু একথা আমি বলতে চাই সাধারণভাবে সেন্ট্রাল ডায়েরী বা হরিণঘাটার সাধারণ অবস্থা ভাল নয়। আমি একটা সংখ্যা দিয়ে বলতে চাই, আমি যেটুকু সংগ্রহ করতে পেরেছি, ১৯৬৪-৬৫ সালে প্রায় ৩২ লক্ষ টাকার মত সেখানে লোকসান হয়েছে। ১৯৬৫-৬৬ সালে ৭৭ লক্ষ টাকা এবং ১৯৬৬-৬৭ সালে কেবলমাত্র সেন্ট্রাল ডায়েরী খাতে দুটো ডাইরেকটোরেট হয়ে যাবার পর এক কোটি ২ লক্ষ টাকার মত লোকসান হয়েছে। কেন এই লোকসান হল, কি অবস্থার ভিত্তিতে লোকসান হল এবং কেন বছরের পর বছর এই প্রতিষ্ঠানে এইভাবে লস হয়ে চলেছে এর কারণ নিশ্চয় আমাদের বের করতে হবে। বিভিন্ন জায়গায় শ্রমিক কর্মচারীদের বেতন যা দেয়া হয় এবং যেভাবে তারা থাকে তার ভিত্তিতে খানিকটা বিচার করা যায়। মিঃ স্পীকার স্যার, কলকাতা এবং এখানে

যতগুলি ডিপো আছে তার সংখ্যা প্রায় ৫২৩টা, এই ডিপোতে গড়ে মে এবং জুন মাসে এক লক্ষ ২১ হাজার লিটার দুধ ডেলী বিক্রি হয়েছে। এখানকার অবস্থা কি—না এই ডিপোর ভেতরে ৫৮০ জন ডিপো অ্যাসিস্ট্যান্ট তাদের মাইনে মাত্র ৪৬ টাকা। সেলস অ্যাসিস্ট্যান্ট যারা আছে তাদের সংখ্যা ১,১১৬, তাদের গড় বেতন মাত্র ২৩·৫৫ পয়সা এবং এখানে যারা দারোয়ান তাদের গড় মাইনে ১৩·৭০ পয়সা। সুইপার যারা থাকে তাদের মাইনে গড়ে ৩·৭৫ পয়সা। এই হচ্ছে অবস্থা। এই অবস্থার ভেতরে মানুষের থাকতে হয়। ডেলি নয়, আমি যেটা বললাম মাসিক, মান্থলি এই যেখানে অবস্থা, সেই মাইনে দিয়েও, এই ওয়েজ দেওয়ার পরেও সেখানে যদি এক কোটি টাকা লোকসান হয় তাহলে অবস্থা কোথায় এসে দাঁড়ায়? আজকে যদি আমরা এই কথা মনে করি যে শ্রমিক কর্মচারীদের বা এই সমস্ত সেলস ডিপোতে যেসমস্ত মেয়েরা কাজ করে বা অন্যভাবে যারা কাজকর্ম করে তাদের যদি কোনরকম পয়সা দেওয়া না যায়, এত কম পয়সা নিয়ে এত পরিশ্রম করার পরেও এই লোকসান কেন হচ্ছে? এর কারণ কি? আপনি জানেন মিঃ স্পীকার, স্যার, যে এখানে প্রায় ১০ হাজার কর্মচারী আছে, সেন্ট্রাল ডেয়ারী হরিণঘাটা বা অ্যানিমেল হাজব্যান্ড্রি বা ডেয়ারী ডেভেলপমেন্টের আন্ডারে। তার ভেতরে ২-৩ জন বেশী মাষ্টার রোল ক্যাজুয়েল ওয়ার্কার, তাদের কোন স্বীকৃতি নেই এবং তাদের এক একজনের মাইনে মিনিমাম ৫৫।৪৭।৪৮ টাকার মধ্যে, মাগ্‌গীভাতা এবং বেসিক ওয়েজ নিয়ে এ কল্পনা করা যায় না যে, আজকে দেশে সরকারী প্রতিষ্ঠান জনগণের টাকা নিয়ে হচ্ছে, আর সেখানে কর্মচারীদের মাইনে ৫০ টাকার কম। আর সেখানে যারা অ্যাডভাইসার তাদের গড়ে মাইনেই হচ্ছে আড়াই হাজার টাকার উপরে, ৫ হাজার টাকা। এই অ্যাডভাইসার একমাত্র ডাঃ এস সি রায় তাঁর জন্য বছরে সবসাকল্যে আনুমানিক ৫০ হাজার টাকা খরচ করা হয়। ব্যাপার কি? এবং এই ভদ্র-লোককে এক্সটেনশানের পর এক্সটেনসান দেওয়া হচ্ছে। আজকে অ্যানিমেল হাজবেন্ড্রিতে একজন ডাইরেক্টর রয়েছেন। সেন্ট্রাল ডেয়ারীতে মিল্ক কমিশনার রয়েছেন, ভেটারীনারী সার্ভিস ডাইরেক্টর রয়েছেন, তার উপরে একজন নৈবেদ্যের উপরে গুঁজিয়া, তাঁর জন্য [illegible] টাকা খরচ করা হচ্ছে। কতদিন পর্যন্ত ভদ্রলোকের এক্সটেনশান চলবে? এর জন্য [illegible] হাজার টাকা খরচ করা যায়, আর শ্রমিকদের ২ টাকা মাগ্‌গীভাতা দেওয়া যায় না? তাদের দাবী টাকা [illegible] করা হয় না এবং [illegible] শ্রমিকদের কোনরকম স্বীকৃতি নেই। [illegible] মাষ্টার রোল [illegible] চাকুরির নিয়মাবলী নেই। আমি জিজ্ঞাসা করতে চাই এবং [illegible] মাননীয় মন্ত্রীমহাশয় [illegible] বলবেন এই যে ভদ্রলোক ডাঃ এস সি রায়, এঁকে রাখার দরকার আছে [illegible] আমি মনে করি [illegible] দরকারই নেই। [illegible] হয়ে গেছে এবং সেখানে যদি লোক থাকেন তাহলে [illegible] হাজার টাকা খরচ করার কোন প্রয়োজন নেই। এঁকে এক্সটেনশান [illegible] হচ্ছে। এই [illegible] শ্রমিকদের কল্যাণের জন্য খরচ করা হোক। তৃতীয়তঃ, অ্যানিমেল হাজব্যান্ড্রি [illegible] একজন [illegible] এস ভট্টাচার্য। কি করে এলেন তিনি, কোথা থেকে এলেন তিনি, ইনি ডেপুটি মিল্ক কমিশনার ছিলেন এবং ডেপুটি মিল্ক কমিশনার থেকে তিনি ১৯৬৫ সালে এপ্রিল মাসে [illegible] ডাইরেক্টর অফ অ্যানিমেল হাজব্যান্ড্রি হলেন এবং তারপরে ১৯৬৬ সালে [illegible] মাসে [illegible] ডাইরেক্টর অফ অ্যানিমেল হাজব্যান্ড্রি হলেন। এক বছরে একটু বেশী [illegible] তিনি ২-৩টি পোস্ট [illegible] ডাইরেক্টর অফ অ্যানিমেল হাজব্যান্ড্রি হয়ে গেলেন এবং মজা [illegible] মিঃ স্পীকার স্যার, যে এই পোস্টের রিক্রুটমেন্ট রুলস তৈরি হয় [illegible] পোস্ট [illegible] করে তিনি সেখানে গিয়ে বসে পড়লেন। কি করে গেলেন? [illegible] [illegible] করা যায় না, তাদের মাস্টার রোল হয় না, অন্যান্য পোস্টে [illegible] [illegible] রিক্রুটমেন্ট রুলস তৈরি হয় নি তার ভিতরে লোকের প্রোমোশন [illegible] কি করে সম্ভব স্যার? এটা বুঝতে হবে আমাদের। আমি জিজ্ঞাসা করতে চাই, [illegible] মন্ত্রীমহাশয় বলবেন, খোঁজ নেবেন, বি কে ভট্টাচার্য, যিনি কমিশনার অফ [illegible] ফিশারী এক্স-অফিসিয়ো সেক্রেটারী টু দি গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গল ছিলেন [illegible] সঙ্গে ভট্টাচার্য মহাশয়ের সম্পর্ক কি? এবং পি ভট্টাচার্য যিনি হচ্ছেন বি কে ভট্টাচার্যের [illegible] ব্রাদার, পি ভট্টাচার্য অ্যানিমেল হাজবেন্ড্রি কমিশনার টু দি গভর্নমেন্ট অফ ইন্ডিয়া, এই ভট্টাচার্য মহাশয়দের জন্যই কি ডাইরেক্টর, কমিশনার, সেক্রেটারীর পোস্ট তৈরি হচ্ছে? এটা অনুসন্ধান করা দরকার। কি করে তাঁরা এলেন সেটা আমাদের বোঝা দরকার। আমি আর একটা কথা বলতে চাই মিঃ স্পীকার, স্যার, সেন্ট্রাল ডেয়ারীরও সেই ঘটনা, যেখানে মিল্ক কমিশনার আছেন। আমি

তো জানি যে সেই পোস্টের জন্য যে কোয়ালিফিকেশন দরকার তাঁর ক্ষেত্রে সেই কোয়ালিফিকেশান রিল্যাক্স করা হয়েছিল। সেটা কেন হল? মিঃ তেলাংকে সরান হয়েছিল, সেই যোগ্যতার জন্য এই পুরস্কার? কেন এই ব্যাপার করা হয়েছিল? পি চক্রবর্তী, ডেপুটি মিল্ক কমিশনার, তাঁকে কমার্স এবং এনফোর্সমেন্টে আনা হয়েছে এবং তাঁর ক্ষেত্রেও কোনরকম রিক্রুটমেন্ট রুলস ছিল না, সেই অবস্থায় সেখানে তাঁকে আগে রিক্রুট করা হয়েছে। কি করে রিক্রুট করা হয়? এইভাবে যদি কাজ করা হয় তাহলে কি করে হবে? তারপরে ডেপুটি মিল্ক কমিশনার, অ্যাকাউন্টস, তাঁকে ফিন্যান্স ডিপার্টমেন্ট থেকে ডেপুটেশান প্রোমোশন দেওয়ার পর সেখানে আনা হয়েছে। অথচ আমি যতদূর জানি যে ঐ সেন্ট্রাল ডেয়ারীতে আছে অনেক অফিসার যাঁরা তাঁর চেয়েও অনেক বেশী যোগ্যতাসম্পন্ন, যাঁরা বিদেশ থেকে বিজনেস ম্যানেজমেন্টের অ্যাকাউন্টসের ডিগ্রি নিয়ে এসেছেন, শিক্ষা নিয়ে এসেছেন, আরো যোগ্যতাসম্পন্ন লোক আছেন, তাঁদের ক্ষেত্রে প্রোমোশান হয় না, অথচ নিজেদের দলের লোককে সেখানে বসিয়ে হাজার হাজার টাকা মাইনে দিয়ে শ্রমিক কর্মচারীদের এ'রা ডোবাবার ব্যবস্থা করেছেন। এই ব্যবস্থা হয় কি করে? এই সমস্ত ঘটনা স্যার এখানে ঘটেছে।

[3—3-25 p.m.]

কাজেই আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে একথা বলতে চাই যে, দশ হাজার কর্মচারীদের মধ্যে দুই-তৃতীয়াংশ যারা মাস্টার রোল-এ আছেন, কেন তাদের সরকারি কর্মচারী হিসাবে সুযোগ-সুবিধা দেওয়া হবে না? কেন তাদের বেতন বৃদ্ধির ব্যবস্থা করা হবে না? এই সমস্ত প্রশ্ন আমি করতে চাই। সেখানে বিক্ষোভ হচ্ছে—বিক্ষোভ হওয়া স্বাভাবিক—শ্রমিকদের যদি এইভাবে দুর্বিসহ ব্যবস্থার মধ্যে রাখা হয় এবং উচ্চস্তরে যারা আছেন তারা যদি হাজার হাজার টাকা এইভাবে অপচয় করেন এবং কোটি টাকা পর্যন্ত লোকসানের পর্যায়ে তোলেন নিশ্চয়ই তাহলে সেখানে বিক্ষোভ হবে—এই দুর্নীতি দুঃশাসন দূর করবার জন্য সেই শ্রমিক কর্মচারীরা এইরকম একটা প্রকল্পের উন্নতির জন্য, নিজেদের উন্নতির জন্য, জাতির উন্নতির জন্য নিশ্চয়ই চুপ করে বসে থাকতে পারে না। এবং সেই ক্ষেত্রে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে বলতে চাই যে, আরও ঘটনা সেখানে ঘটছে দল রক্ষা করার জন্য। আমি বলতে চাই ফেব্রুয়ারী মাসে যেখানে ৩৯ লক্ষ টাকা প্রকিওরমেন্ট হয়েছিল এবং মার্চ মাসে যেখানে ৪৬ লক্ষ টাকা সেল হয়েছিল মে মাসে সেখানে ৩২ লক্ষ টাকা প্রকিওর হয়েছে এবং ৪৩ লক্ষ টাকা সেল হয়েছে। মে এবং জুন মাসে সেখানে বেশ কিছু লোককে বিশেষ উদ্দেশ্যে বিশেষ লোকের সুপারিশে কাজ দেওয়া হচ্ছে মাস্টার রোল-এ। একদিকে প্রতিষ্ঠানের অসুবিধাজনক অবস্থা, বা সেই অবস্থা দূর করতে হবে তখন আরও বার্ডেন চাপান হচ্ছে বাইরের থেকে লোক এনে এবং বিশেষ উদ্দেশ্য সাধনের জন্য। আমি স্যার, বেল-গাছিয়াতে থাকি, আমার চোখের উপরে সেন্ট্রাল ডেয়ারী- দেখি যারা কাজ করেন সই করে আসার পরে কোন রোয়াকে তারা বসে থাকেন, কোন জানলায় তারা বসে থাকেন কতক্ষণ তারা ডিউটি দেন তা আমি জানি। আমি জানি যেখানে মিল্ক-এর ব্যাপার আছে, মাসে যেখানে তাদেরকে টিকেট কিনতে হয় সেই টাকা দেবার ক্যাশ রিফান্ড দেওয়া হয় অথচ অ্যাডজাস্টমেন্ট করা হয় না—বহু দরখাস্ত পড়ে আছে, লোকে আমার কাছে অভিযোগ করেছে যে আমরা দুধ নেই নি, টাকা রিফান্ড দেবার কথা, আমরা টাকা রিফান্ড পাচ্ছি না। অথচ খাতায় লেখা আছে টাকা রিফান্ড দেওয়া হয়েছে। কেন স্যার, এইরকম ব্যবস্থা হবে? আমার মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে নিবেদন যে এই সেন্ট্রাল ডেয়ারী, অ্যানিমাল হাজবেন্ডারী যাবতীয় বিষয় তদন্ত করবার জন্য একটা তদন্ত কমিশন বসান হউক। এবং সেখানে বিচার বিশ্লেষণ করে অনুসন্ধান করা হউক। এই কমিশনের দুটি কাজ হবে—একটি কাজ হচ্ছে তার পরিচালনার সুব্যবস্থা করার জন্য সুপারিশ করা এবং অন্য কাজ সেখানের শ্রমিক কর্মচারীদের যে ন্যায়সংগত দাবীদাওয়া আছে তাদের সার্ভিস কন্ডিশন এবং অন্যান্য বিষয় সম্পর্কে সুপারিশ করা। এইভাবে যদি তদন্ত না করা হয় তাহলে এর দুর্নীতি দূর হবে না এবং এই তদন্ত সাপেক্ষ এই এস সি রায় এবং মিল্ক কমিশনার ইত্যাদি ঘুঘুর বাসা তা অবিলম্বে ভেঙ্গে দিতে হবে। আমি তার বাজেটকে সমর্থন করে তাঁকে বিনীত অনুরোধ করব যে সমস্ত বিষয় তদন্ত করে একে দুর্নীতিমুক্ত করুন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব।

[At this stage the House was adjourned for 20 minutes.]

[After adjournment]

[3-25—3-35 p.m.]

শ্রীপ্রমথনাথ ধীবর: মাননীয় স্পীকার, স্যার, মাননীয় মৎস্যমন্ত্রী যে বাজেট এখানে উপস্থাপিত করেছেন আমি তার বিরোধিতা করছি এই কারণে যে তিনি পশ্চিমবাংলায় যে প্রায় ৭ লক্ষের মত মৎস্যজীবী রয়েছেন তাঁদের সম্বন্ধে এমন কোন উন্নত ধরনের কাজ দেখাতে পারেন নি। মাননীয় মন্ত্রিমহাশয়, বাংলা দেশে কত মাছের প্রয়োজন তার কোন হিসাব দিতে পারেন নি, বিশেষতঃ কলকাতায় দৈনিক মাছ কত করে লাগে এবং সেই মাছ কিভাবে সংগ্রহ করা যাবে তার তথ্য তিনি দিতে পারেন নি। আমরা যদি সেই তথ্য পেতাম তাহলে আমাদের বক্তৃতায় আমরা ভালভাবে সমালোচনা করতে পারতাম। আর একটা কথা, এই কয়েক বছর এই খাতে যে ব্যয় হচ্ছে তাতে কি কি উন্নতি হচ্ছে সে সম্বন্ধে কোন ডিটেল রিপোর্ট আমাদের লাইব্রেরীতে নেই এবং পশ্চিম-বঙ্গ সরকারও সে রকম কোন রিপোর্ট বার করেন নি। আজকে তিনি তাঁর বাজেট বক্তৃতার পূর্বে তাঁর বাজেট বক্তৃতার একটা কপি আমাদের সামনে রেখেছেন কিন্তু সেই বক্তৃতায়ও আমরা এমন কিছু দেখতে পাচ্ছি না। শুধু মাত্র মৎস্যজীবীদের জন্য ১৪ লক্ষ টাকা ঋণের ব্যবস্থা রেখেছেন কিন্তু যে সমস্ত হাজামাজা পুকুর রয়েছে এবং আরো যে সমস্ত দীঘিটীঘি আছে যেগুলি প্রাইভেট প্রপার্টি হিসাবে আছে সেগুলি সরকার দখল করবেন কিনা সে সম্বন্ধে কোন তথ্য আমাদের সামনে রাখতে পারেন নি। যেমন আমাদের রাজস্ব মন্ত্রিমহাশয় ল্যান্ড রিফর্মস অ্যাক্টে বর্গাদারদের সম্বন্ধে অনেক সুবিধা-অসুবিধার কথা লেখেছেন কিন্তু বর্গাদার অ্যাক্টে মৎস্যজীবীদের জন্য কোন কিছু প্রভিশন নেই। আমি সে জন্য তাঁকে অনুরোধ করবো মাননীয় রাজস্ব মন্ত্রী যখন বর্গাদার অ্যাক্ট পরিবর্তন করার চেষ্টা করবেন তখন এই সমস্ত মৎস্যজীবীদের এই বর্গাদার অ্যাক্টের মধ্যে ফেলা যায় কিনা সেদিকে যদি আলোকপাত করেন তাহলে বাংলাদেশের মৎস্যজীবীরা উপকৃত হবেন। আর একটা কথা এখন যে সমস্ত খালবিল পুষ্করিণী আছে যা সরকারের কর্তৃত্বাধীনে এসেছে সেই সমস্ত পুষ্করিণী মৎস্যজীবীরা পাচ্ছে না। সেদিকে যদি মন্ত্রিমহাশয় দৃষ্টি দেন তাহলে আমার মনে হয় ভাল হয়, কারণ ঐ সমস্ত পুকুর বা খালবিল বড় বড় ইজারাদাররা উচ্চমূল্যে গ্রহণ করে সেই ইজারা মৎস্যজীবীদের দিয়ে চাষ করায় ডেইলি মজুরীতে সুতরাং যাতে সমবায় সমিতির মাধ্যমে কিম্বা ব্যক্তিগতভাবে সেই অঞ্চলে মৎস্যজীবীরা যাতে সকলে পায় সেদিকে যেন মৎস্য মন্ত্রিমহাশয় দৃষ্টি দেন। আর একটা কথা এই লাল বইয়ে দেখলাম যে মাত্র ১৬ লক্ষ ঋণের ব্যবস্থা রয়েছে কিন্তু তিনি বক্তৃতায় বললেন ১৪ লক্ষ টাকা—এখন এই বাজেট পরিবর্তিত আকারে রাখলেন তখন শুধু কলকাতার মৎস্য সরবরাহের জন্য যে ২ লক্ষ টাকা রাখলেন সেই সময় তিনি যদি ১৪ লক্ষ টাকা করে রাখতেন তাহলে আমাদের আলোচনা করার সুযোগ-সুবিধা হত। যাহোক তিনি যখন বক্তৃতায় রেখেছেন তখন আমি এইটুকু বলব যাতে গরীব মৎস্যজীবীরা বিশেষতঃ পুরুলিয়া এবং বাঁকুড়ার যারা দারিদ্রে ভুগছে সেই সমস্ত মৎস্যজীবীরা যাতে বিনা মূল্যে মৎস্য চাষ বা ছোট ছোট মৎস্যডিম পায় সেদিকে দৃষ্টি দেবার জন্য আমি অনুরোধ জানাই।

আর একটা কথা মৎস্যজীবীরা এখন লোন পাচ্ছে না, সরকার বলেছেন বিনা সুদে এদের ৪০০ টাকা করে লোন দেবেন। কিন্তু আমার কাছে যে রিপোর্ট আছে তাতে কোন জায়গায় এরকম ধরনের কোন সারকুলার যায় নি। যাতে তাড়াতাড়ি ঐ সারকুলার পাঠিয়ে দিতে পারেন সেদিকে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। আর একটি কথা মন্ত্রিমহাশয় বলেছেন কলকাতায় মাছ কত চাই। তার কোন রিপোর্ট তিনি দেন নি। আমি একটা মোটামুটি হিসাব করলাম তাতে বাংলাদেশের ২ কোটি লোক যদি মাছ খায় তাহলে দৈনিক ১৫।১৬ হাজার মণ মাছের প্রয়োজন এবং কলকাতায় প্রায় ৮।১০ হাজার মণ মাছ দৈনিক লাগে। এই মাছ বাংলাদেশ থেকে সংগ্রহ করা যায় না সেজন্য বাংলাদেশে যাতে ইনল্যান্ড ফিসারিজকে আরও উন্নত করা যায় সেদিকে দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা কথা, আমরা মৎস্যচাষ সম্বন্ধে কোন সুষ্ঠু পরিকল্পনা পাচ্ছি না। বাংলাদেশে বহু হাজামাজা পুষ্করিণী আছে এবং টেস্ট রিলিফ-এর মাধ্যমে বহু পুষ্করিণী কাটান হয়েছে। সে সমস্ত পুষ্করিণী বিভিন্ন ডিপার্টমেন্টএর অধীনে—যেমন ইরিগেশন, এগ্রি-কালচার পাবলিক ওয়ার্ক ইত্যাদি। এগুলোকে যদি স্থানীয় মৎস্যজীবীদের মধ্যে বিলি-বন্দোবস্ত করেন তাহলে ভাল হয়। এদিকে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। তারপর তিনি আমাদের

সামনে এমন কোন আলোকপাত করলেন না যাতে সারা বাংলাদেশের মৎস্যজীবীরা উৎসাহ পেতে পারে। শুধু মাত্র ১৪ লক্ষ টাকা ঋণ দেবার কথা বলেছেন এবং তা ইন্টারেস্ট ফ্রি বলেছেন। কিন্তু খরা অঞ্চলে যে সমস্ত মৎস্যজীবীরা রয়েছে তারা ঋণ পরিশোধ করতে পারবে না। তাদের জন্য ইন্টারেস্ট ফ্রি লোনের সময় বাড়াতে পারলে সুখী হব। মৎস্যজীবীদের কাছে ফিঙ্গারলিং বা আমেরিকান কই যত বেশী সাপ্লাই করতে পারেন, এদিকে তার দৃষ্টি আকর্ষণ করছি। একথা বলে আমি আমার ভাষণ শেষ করছি।

শ্রীলক্ষ্মীচরণ সেনঃ স্যার, আমি একটা কথা বলতে চাই ডেয়ারী ডেভোলাপমেন্ট এবং অ্যানিমেল হাজবেন্ড্রীর প্রায় ২ হাজার শ্রমিক কর্মচারী তাদের বক্তব্য জানাতে এসেছেন। আমি অনুরোধ করবো বিভাগীয় মন্ত্রিমহাশয় বা অন্য কেউ যদি কথা বলেন তাহলে ভাল হয়।

মিঃ স্পীকারঃ ব্যবস্থা করছি।

[3-35—3-45 p.m.]

ডাঃ নলিনাক্ষ সান্যালঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, তিনটা গুরুত্বপূর্ণ সমাজকল্যাণমূলক ব্যয়বরাদ্দের দাবী তরুণ মন্ত্রী কাশীকান্তবাবু উত্থাপন করায় আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি এবং আপনার কাছে বিনীতভাবে অনুরোধ জানাচ্ছি এর গুরুত্ব বিবেচনা করে আপনি আমাকে ১০ মিনিট সময় দেবেন যেটা আমি আমার অন্য বন্ধুদের কাছ থেকে ভিক্ষা করে নিচ্ছি। প্রথম কথা হচ্ছে ভাতে মাছে বাঙ্গালী। মাছের কথা বাঙ্গালীর কাছে সবচেয়ে মূল্যবান কথা। আমি দেখে সন্তুষ্ট হলাম, অতঃপর আমরা এখানে মাছের সরবরাহ বৃদ্ধির দিকে বেশী মনোযোগ দিয়েছি। এর পূর্বে মন্ত্রী ফজলুর রহমান ডান্ডাবাজী করে, মাথায় লাঠি মেরে, নানান কণ্ট্রোল করে ভেবেছিলেন দেশের লোকের মাছ সরবরাহের সুবিধা করে দেবেন এবং তিনি জানতেন এরূপ ব্যবস্থা করতে গেলে যা হয় তাই তাঁর হয়েছিল—অর্থাৎ তাঁর পিঁয়াজ পয়জার, দুই হয়ে গিয়েছিল। আমি তাঁকে বলতে চাই তিনি সংবাদপত্রে সাংবাদিকদের কাছে উদভট কাহিনী বলতেন, সে কাহিনী আজ কবরখানায় গেছে এবং তার জন্য নিশ্চিন্ত হয়েছি। আমার কথা হচ্ছে মালের সরবরাহ যদি বাড়ান না যায় তা হলে শুধু পিউনিটিভ মেজার নিয়ে দেশের সমস্যার সমাধান হবে না, এটা আমরা সকলেই উপলব্ধি করি। ইতিপূর্বে আমার বন্ধু বললেন, আমাদের কোন হিসাব নেই কত পরিমাণ মাছের দরকার, আর কি আসে—কি যায়, কিছুদিন আগে বেঙ্গল ন্যাশনাল চেম্বার অফ কমার্সের পক্ষ থেকে এ বিষয় হিসাবের জন্য সেমিনার করা হয়েছিল। সেখানে আমরা হিসাব করেছিলাম বাংলাদেশে জনসংখ্যার অনুপাতে যদি ন্যূনতম খাবারের ব্যবস্থা করতে খাওয়া হয় তা হলে দেড় কোটি মণ মাছের বৎসরে প্রয়োজন এবং সেটা ১৯৭১ সাল পর্যন্ত আরো ৩ বৎসর পরে বেড়ে প্রায় ২ কোটি মণের মত লেগে যাবে। এর জন্য অ্যাভারেজ দৈনিক সাপ্লাই দাঁড়ায় ৪৫ হাজার মণ করে এবং এই বাড়ার জন্য প্রয়োজন হবে ৫৫ হাজার থেকে ৬০ হাজার মণ এবং তা হলে কিছুটা সুরাহা হবে। কলকাতা সহরে দৈনিক এ হিসাবে দরকার ৮ হাজার থেকে ১০ হাজার মণ। কিন্তু সরবরাহ হয় ৪ থেকে সাড়ে ৪ হাজার মণ। এটাই হল হিসাবপত্র, যারা ব্যবসায়ী জগৎ এবং মাছের সঙ্গে পরিচিত তাদের। রেল এবং অন্যান্য যানবাহন দিয়ে যা আসে তার ভিত্তি ধরে আমাদের এ হিসাব করা হয়েছিল। আমার বিশ্বাস সরকারী মহল থেকেও কলকাতা বাজারে এরূপ দৈনিক সাড়ে ৪ হাজার মণ মাত্র আসে তার হিসাব দেওয়া হয়েছিল। স্টেটসম্যান পত্রিকার একজন স্পেশাল রিপ্রেজেন্টেটিভ তিনিও এরূপ হিসাব দিয়েছিলেন। আসল কথা হচ্ছে এ সরবরাহ বাড়াতে গেলে কি করতে হবে। মন্ত্রিমহাশয় ঠিকই বলেছেন আমাদের যে সমস্ত সোর্স আছে মাছ পাবার তার মধ্যে পাকিস্তান ছিল বড় সোর্স—শতকরা ৬৫ থেকে ৭০ ভাগ আমাদের সাপ্লাই সোর্স ছিল পাকিস্তান। এটা সম্পূর্ণ নষ্ট হয়ে গেছে। এখন যা আছে তাতে দেখতে পাচ্ছি যে বাংলাদেশের ইনল্যান্ড সুইট ওয়াটার থেকে ২০ পারসেন্ট পাওয়া যাচ্ছে এবং এস্টুরিয়ান ওয়াটার সোর্স কোলাঘাট থেকে সুন্দরবন—যেখানে জোয়ার-ভাঁটা চলে সেখান থেকে ১০ পারসেন্ট। সি-ফিসও অল্প পাওয়া যায় এবং অন্যান্য ভারতের অংশ থেকে আমরা এখন কিছু পাচ্ছি, গত বৎসর পর্যন্ত বিহার থেকে বেশ কিছু পেয়েছিলাম। এ বৎসর খরার জন্য বিহার থেকে ৫ পারসেন্টের বেশী আসেনি। উত্তর প্রদেশের

মির্জাপুর অঞ্চল থেকে ৩০ পারসেন্ট ঐ বড়বড় মাছগুলো যা আসে তা এবং উড়িষ্যা থেকে ২৫ পারসেন্ট মাঝারি মাছ, মধ্যপ্রদেশ থেকে, কেরালা এবং মাদ্রাজ প্রদেশ থেকেও কিছু কিছু আসে। এই সমস্ত নানান স্পেশাল টাইপ অফ ফিস ১০ পারসেন্ট। বাংলাদেশের নিজেদের যেরূপ জলাশয় সেখানে উপযুক্ত ব্যবস্থা করলে যেটা এখন মাত্র ৩০ পারসেন্ট পাওয়া যাচ্ছে সেটা বাড়িয়ে ৭০ পারসেন্ট করান যায়। তবে মাছ এরূপ একটা জিনিষ তা টেলিগ্রামের গতিতে হঠাৎ বাড়বে না, সময় লাগবে, ধীরে ধীরে এগোতে হবে। তবে আশু যদি কোন প্রতিকার আমাদের করতে হয় তাহলে সমুদ্রের উপর নির্ভর করতে হবে। কয়েকজন বিদেশী নরওয়েজিয়ান জাপানিজ, রুশিয়ান এবং সোভিয়েট টিম থেকে সমীক্ষকরা সমীক্ষা করতে এখানে এসেছিলেন এবং বে অফ বেঙ্গলকে সার্ভে করে বলে গেছেন যে বে অফ বেঙ্গলে প্রচুর মাছের উৎস আছে এবং এরকম খুব কম জায়গাতে আছে। বে অফ বেঙ্গলের উপর আমাদের নিজেদের যে অধিকার আছে সেটাকে সত্যিকারের খাটিয়ে আমরা মেরিণ ফিসারির ব্যবস্থা করতে পারি টেকনিক্যাল লোকেদের দিয়ে এবং বিশেষ করে জাপানীদের মত সুদক্ষ এক্সপার্টদের দিয়ে আমরা এ ব্যবস্থা করতে পারি। তাদের সঙ্গে কোলাবোরাসেনেই হোক আর যে কোন ভাবেই হোক আমাদের গভর্নমেন্ট যদি তাদের সঙ্গে এগ্রিমেন্ট করতে পারেন তাহলে আমার মনে হয় মাছে ভাতে বাঙ্গালীর খাওয়ার রাস্তাটা খুলে দিতে পারি। সেজন্য আমি এদিকে তরুণ মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাবো। ডাঃ রায় যে ট্রলারগুলি এনেছিলেন পরীক্ষা করার জন্য দুঃখের বিষয় এই যে পূর্বতন কংগ্রেস সরকার সেগুলির এমন অবস্থা করেছিলেন যে মাসের পর মাস লোকসান হতে লাগলো। তার ফলে সেগুলোকে অন্যত্র নিয়ে যাওয়া হল। সেটাকে তাঁরা কাজে লাগাতে পারলেন না। কাজেই ঐদিকে আমাদের চেষ্টা করতে হবে। ফজলুর রহমনের মগজ বোধ হয় এখন ঠান্ডা আছে, তিনি বোধ হয় এখন তাঁর ভুল বুঝতে পারছেন। নদীয়া জেলায় রাজনীতি করতে গিয়ে কোল্ড স্টোরেজগুলিকে ধ্বংস করার জন্য তিনি কোল্ড স্টোরেজ আইন করতে গিয়েছিলেন। তারপরে তিনি দেখলেন কোল্ড স্টোরেজ ব্যতীত মাছ রক্ষা করা যায় না। গভর্নমেন্টের পক্ষ থেকেই নানা প্রয়োজন, ক্যানিং, বর্ধমান ও অন্যান্য জায়গায়, কোল্ড স্টোরেজ বসাতে আরম্ভ করা হয়েছিল—এতে আমি আশ্বস্ত হয়েছি। কোল্ড স্টোরেজ থাকায় ফিসারী ডিপার্টমেন্টের পক্ষে প্রতিদিন মাছের প্রোডাকসান এবং সাপ্লাই বাড়ানোর পক্ষে অনেক সুবিধা হয়েছে। এর পরে আমি ডেয়ারী ডিপার্টমেন্ট এবং অ্যানিম্যাল হাসব্যান্ড্রি সম্বন্ধে কিছু বলতে চাই। ডেয়ারী ডিপার্ট-মেন্টে যখন দেখতে গিয়েছিলাম তখন দেখেছি যে সেখানে প্রায় ১ কোটি টাকা অপচয় হয়েছে। সেই জন্য আমি এই কথা বলছি যে আমাদের একজন সহকর্মী বন্ধু এখানে যেসব ফিগার দিলেন সেটা শুনে খুব স্তম্ভিত হয়ে গেছি। ঐ সরকার এক টাকা নয় আনা থেকে দুই টাকা এক আনা করে মিল্ক ডিপোর কর্মীদের দৈনিক মজুরির কথা বলে সহানুভূতির দাবী করেছেন। আমি অনুসন্ধান করে জানলাম যে এটা কিছু নয়। টেম্পোরারি স্কুলের ছাত্রদের এক ঘণ্টা কাজের জন্য বা ঐ রকম ধরনের যাঁরা অল্প সময় দিতে পারেন তাঁদের জন্য বা মেয়েদের কাজের জন্য ডাঃ রায় একটা পরিকল্পনা করেছিলেন। পারমানেন্ট মাসিক চাকুরী নয়, অন্য রোজগারের উপর অ্যাডিসন্যাল রোজগার যাতে কিছু করতে পারেন সেই জন্য এই সুযোগ দেওয়া হয়েছিল। তাছাড়া আমি শুনেছি সেগুলিকে দৈনিক ক্যাজুয়্যাল লেবার হিসাবে করা হয়েছে। আগেকার গভর্নমেন্ট তাদের এক টাকা থেকে দেড় টাকা পর্যন্ত দৈনিক বাড়িয়ে দিয়েছিলেন। এখন এমন কোন ছাত্র নেই যে ৩৷৷ টাকার কমে দৈনিক রোজগার করে। কাজেই এই অবস্থায় এখানে শুধু উত্তেজনা সৃষ্টি করবার জন্য আমাদের যুক্তফ্রণ্ট সরকারের একজন সহকর্মী বন্ধু ঐ কথা বললেন। শুধু বাজার গরম করলে কিছু লাভ হবে না। আমি এই কথা বলতে চাই যে, এই সব সমাজ কল্যাণমূলক প্রতিষ্ঠানের লেবারদের প্রতি বিশেষ দরদ দেখিয়ে হয়তো কেউ নিজেদের শ্রমিক-প্রীতি দেখাতে পারেন, কিন্তু এই উত্তেজনার ফল কি হবে সেটা একটু বুঝে দেখা উচিত। আমাদের দুগ্ধ পরিকল্পনার দুর্বলতা অন্যখানে। বাংলাদেশের দুধের গরুগুলি খুব ভাল জাতের নয়। আমি ১৯৫৫ সালে হঠাৎ একবার জার্মানীতে গিয়েছিলাম। খবরের কাগজে দেখলাম হেড লাইন দিয়েছে, "যে দেশে এখন পর্যন্ত ওল্ড এজ পেনসন নেই সেখানে বোভাইন রেস এর জন্য ওল্ড এজ পেনসনএর ব্যবস্থা রয়েছে" এতে আমি স্তম্ভিত হয়ে খবর নিয়ে জানি যে পিঁজরাপোলের কথা বলে উক্ত মন্তব্য করেছিল। আমাদের দেশে পিঁজরাপোল করেছেন এবং

যত অকেজো গর্গ্লিকে আমরা বাঁচাবার চেষ্টা করছি। অথচ গর্র প্রকৃত সেবা হয় না। যেসকল গর্র এক সের, আধ সের করে দ্ধ দেয় সেই গর্ দিয়ে আর চলবে না। গোজাতির উপর শ্রদ্ধা রাখ্ন, ভাল জাতের গর্ আন্ন এবং তাদের ভাল করে খেতে দিন, আর এই সব অকেজো গর্ গ্লিকে ধ্বংস করে দিন, এছাড়া আর কোন উপায় নেই।

[3-45—3-55 p.m.]

তারপর শেষ কথা হচ্ছে এই শিল্পের কথা, শিল্পের দিকে যখন লক্ষ্য করছি তখন আমার বন্ধ্ কাশীকান্ত মৈত্রকে সহান্ভূতি দেখান ছাড়া আর কোন উপায় নেই। তিনি একটি ছোট শিল্পের মন্ত্রী হলেও তাঁর পরিকল্পনা বৃহৎ শিল্পের পরিকল্পনার লক্ষ্য ও প্রসারের উপর অনেকাংশে নির্ভর করছে। বাংলাদেশের ছোট এবং মাঝারী শিল্পের উপর জোর দিতে হবে এই বিষয়ে ভুল নেই, তিনি এটা ঠিকভাবে ধরেছেন। কয়েকটি জিনিষের উপর এটা নির্ভর করতে হচ্ছে, কাঁচামাল সরবরাহ, আর্থিক সংগতি আর বাজারের অবস্থা, আমি আশা করি তাঁর নেতৃত্বে এই তিনটির স্রাহা হবে। এই প্রসংগে মাননীয়া কংগ্রেসী মহিলা বন্ধ্ শ্রীমতী প্রবী দেবী যা বলেছেন আমি তাঁর সংগে একমত হয়ে বলবো যে শঙ্খ শিল্পী যাঁরা আছেন, আমার কনস্টিটিশনএ বহ্ শঙ্খ শিল্পী আছেন এবং আমাদের পশ্চিম বাংলার নদীয়া, ম্শির্দাবাদ প্রভৃতি বহ্ জায়গায় তাঁরা আজকে সম্প্র্ণ ধ্বংস হতে বসেছে কাঁচা মালের অভাবে। এইগ্লি ব্যবস্থার জন্য তিনি যেন চেষ্টা করেন। যে অবস্থা কংগ্রেস সরকার এতদিন করেছিল তাতে ল্ঠের বাজার হয়েছে, চোরাকারবারী পোষণ করা হয়েছে কিন্তু সত্যিকারের যাঁরা শিল্পী তাঁদের হাতে কাঁচামাল পোঁছায় নি, সেই অবস্থার প্রতিকার হওয়া দরকার। সেই সংগে সংগে বলবো যে সমস্ত কর্মচারী আছেন, কেউ কেউ অভিযোগ করেছেন, নাম না করে বলা যায় না, এই বিষয়ে অন্সন্ধান করা দরকার। আমি জানি এমন সব কর্মচারী আছেন যাঁরা কংগ্রেসী আমলে মন্ত্রীদের খোসামোদ করতো, এখনও ঠিক অন্র্পভাবে এখনকার মন্ত্রীদের খোসামোদ করে, এবং তাদের ঐ রকমভাবে এক্সটেনসন হয়ে যাবার পর—জয়েন্ট ডাইরেক্টার অ্যানিমেল হাজব্যান্ড্রীর শ্রীফণী চ্যাটার্জী নামে এক ভদ্রলোক আছেন তাঁর এক্সটেনশন হয়ে যাচ্ছে, তাঁর অডিট রিপোর্ট পাওয়া গেল, এবং তাঁর বির্দ্ধে চার্জ আছে তবে তিনি মনে করছেন খোসামোদের জোরে আবার এক্সটেনশান পাবেন।

শ্রীপ্রসেনজিৎ বর্মন: মাননীয় স্পীকার মহাশয়, আজ মাননীয় মন্ত্রী কাশীকান্তবাব্ যে তিনটি খাতে ব্যয়বরাদ্দ দাবি পেশ করেছেন তাকে আমি সমর্থন করতে পারছি না এই জন্য যে আমার বিশ্বাস হয় না যে এই সরকার এই সমস্ত বিভাগের উন্নয়নম্লক কাজগ্লি করতে পারবেন। কারণ যে সরকার সমস্ত কিছ্কে রাজনৈতিক দৃষ্টিভংগি দিয়ে দেখেন সব সমস্যাকে কেন্দ্র করে নিজেদের দলীয় স্বার্থকে প্রতিষ্ঠা করার চেষ্টা করেন সেই সরকার এই সমস্ত বিভাগের অর্থাৎ মৎস্য, পশ্পালন এবং কুটীরশিল্প—এই সব বিভাগের কোন রকম উন্নয়নম্লক কাজ করতে পারবেন বলে বিশ্বাস হয় না। মন্ত্রিমহাশয় অনেক আন্তরিকতার সংগে অনেক কিছ্ পরিকল্পনার কথা বলেছেন, কাজে অন্ততঃ আমি সেট্কু পাই নি। কারণ কিছ্দিন আগে কুচবিহার রেঞ্জে জলপাইগ্ড়ির আলিপ্রদ্য়ার মহকুমা ও কুচবিহার জেলা নিয়ে গঠিত এই রেঞ্জএ ভীষণ আকারে গোমড়ক দেখা দিয়েছিল, যার উল্লেখ মন্ত্রিমহাশয় তাঁর উদ্বোধনী ভাষণে করেছেন। সেখানে গোমড়কের সময় প্লেগ ইত্যাদি সংক্রামক ব্যাধিতে কৃষকের গো-সম্পদ একের পর এক শেষ হয়ে যাচ্ছিল। সেই প্লেগ নিবারণের জন্য যে একমাত্র বিশেষ প্রয়োজনীয় এইচ এস ভ্যাকসিন সেই ভ্যাকসিন জেলা কর্তৃপক্ষের হাতে ছিল না এবং সেই রেঞ্জে উপয্ক্ত কোয়ালিফায়েড স্টাফ, টেকনিক্যাল পার্সন্যাল নাই। আপনি শ্নে স্যার অবাক হবেন অন্ততঃপক্ষে কুচবিহার জেলার ৪টি ব্লকে পুণ্ডিবাড়ী, মাথাভাঙ্গা—দ্ নম্বর, হলদিবাড়ী ও সাহেবগঞ্জ এতগ্লি ব্লকে কোন ভেটেরিনারী সার্জেন ছিল না। নন-স্কীল্ড স্টাফ যারা এই ব্যাপারে কিছ্ই জানেন না তাদের মত কর্মচারী দিয়ে সেই সময় কাজ করানো হতো। দ্র্গম স্থানে তারা যেতে পারতেন না, স্টাফের সংখ্যাও কম ছিল। যদি তাঁরা ঠিকমত ব্যবস্থা করতেন তাহলে কৃষকদের বলভরসা যে গো-সম্পদ, তা এইভাবে শেষ হত না। এই সব বিষয়ের প্রতি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে আমি ২০।৬।৬৭ তারিখে তাঁকে একটি টেলিগ্রাম করেছিলাম; কিন্তু দ্ঃখের বিষয় তার কোন

উত্তর তিনি দেন নাই। আমরা শুনি এই সরকারের মন্ত্রীরা গণরাজের পূজারী—গণরাজের সেবক, তাঁরা চাপরাসী থেকে দারোগা, হাকিমের কাজ করতে পর্যন্ত জনসাধারণের কাছে ছুটে যান। কিন্তু আমি একজন নির্বাচিত প্রতিনিধি হয়েও আমার একটি টেলিগ্রামের উত্তর দেওয়া মন্ত্রিমহাশয় কর্তব্য বলে মনে করেন নাই। হয়ত হতে পারে—বিরোধী দলের সদস্য বলে সেই টেলিগ্রামের উত্তর তিনি দেন নাই। সুতরাং আজকে যে আন্তরিকতার সঙ্গে তিনি পরিকল্পনার কথা বলেছেন, তা যদি কার্যে রূপায়িত করবার চেষ্টা করেন, নিশ্চয়ই তাহলে এই বিভাগগুলির উন্নতি হবে—সে বিষয়ে কোন সন্দেহ নাই। কিন্তু এই একটি মাত্র ঘটনা যা দুঃখজনক—সেকথা মনে করে আমার বিশ্বাস হয় না যে, তিনি ঠিকমত কাজ করতে পারবেন। আজ পর্যন্ত যে সমস্ত ব্লকের কথা আমি উল্লেখ করলাম তার মধ্যে মাথাভাঙ্গা ব্লক-২ কুচবিহার জেলায়, সেখানে এ পর্যন্ত ভেটেরিনারী ডিসপেনসারী বা এইড সেন্টার কিছু হয় নাই বা তা করবার জন্যও কোন ব্যবস্থা অবলম্বন করা হয় নাই। জেলা কর্তৃপক্ষের কাছে শুনেছি, ব্লক-২ বি ডি ও অফিস কোথায় হবে তা এখনো স্থির না হওয়ায় এই ভেটেরিনারী ডিসপেনসারী বা এইড সেন্টার স্থাপন করা সম্ভব হয় নাই। এই সরকার যখন সব ব্যাপারে এগিয়ে যাচ্ছে তখন এই ব্যাপারে দেরী করা উচিত হবে না। কোন রাজনৈতিক দল বা কোন ব্যক্তি বিশেষের চাপের কাছে নতি স্বীকার না করে অবিলম্বে সামগ্রিক উন্নয়নের জন্য যেখানে ব্লক অফিস স্থাপন করা উচিত সেখানে সেটা স্থাপন করুন এবং ভেটেরিনারী ডিসপেনসারী বা এইড সেন্টার স্থাপন করুন। এই অনুরোধ আমি পশুপালন বিভাগের মন্ত্রিমহাশয়ের কাছে রাখছি। আশা করি তিনি এ বিষয়ে দৃষ্টি দেবেন। এই সমস্ত বিভাগ সম্বন্ধে আমাদের যতটুকু অভিজ্ঞতা আছে তাতে এই বিভাগে যাঁরা কাজ করেন সেক্রেটারী, ডিরেক্টর এবং অন্যান্য স্টাফ তাঁদের দৃষ্টিভঙ্গীর পরিবর্তন প্রয়োজন। এই ডিপার্টমেন্টের কাজগুলি বিশেষ করে ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রেভেনিউ এবং ফাইন্যান্স ডিপার্টমেন্টএর সঙ্গে ওতঃপ্রোতভাবে জড়িত। অনেক সময় শুনি ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রেভেনিউ ডিপার্টমেন্টএর কাজের জন্য উন্নয়নমূলক কাজের পরিকল্পনা এগিয়ে নিয়ে যেতে অসুবিধা হয়। আমি দুঃখের সঙ্গে লক্ষ্য করি এই সমস্ত ডিপার্টমেন্টএর সঙ্গে পারস্পরিক সহযোগিতার এত অভাব যে তা থাকার কোন যুক্তিসংগত কারণ নাই। সুতরাং সেদিকেও দৃষ্টি দিতে হবে। আমাদের যে আমলাতন্ত্র চলছে, সেই আমলাতন্ত্রের দৃষ্টিভঙ্গীর পরিবর্তন করা একান্ত দরকার—যাতে ডিপার্টমেন্টগুলির ভেতর পারস্পরিক সহযোগিতার মনোভাব আসে এবং পরিকল্পনার কাজগুলি সত্ত্বর কার্যকরী করা যায়। সকলে এক জোট হয়ে চেষ্টা নিয়ে সেদিকে অগ্রসর হওয়া প্রয়োজন।

তারপর আর একটি বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণ করছি, ফিসারী ডিপার্টমেন্ট সম্বন্ধে বলছি। এই মৎস্যচাষ সম্পর্কে কিছু কিছু পরিকল্পনার কথা মন্ত্রিমহাশয় বলেছেন। আমি এই সম্পর্কে কুচবিহার সহরের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করতে চাই। তিনি জানেন কি না জানি না—সেখানে অনেক পুকুর আছে। সেই সব পুকুরে মৎস্যচাষের ব্যবস্থা করতে পারলে অনেক সুবিধা হবে। সেখানকার মাছ দিয়ে কুচবিহার সহর শুধু নয়, তার পার্শ্ববর্তী অন্যান্য অঞ্চলের মাছের অভাব দূর করা যাবে।

তারপর কুটিরশিল্পের উল্লেখ করতে চাই। উত্তরবঙ্গের কুটীরশিল্পের উন্নয়নের কথা যুক্তফ্রন্ট সরকার তাদের ১৮ দফা কর্মসূচীর মধ্যে উল্লেখ করেছেন, সেটা যেন শুধু কাগজের মধ্যেই সীমাবদ্ধ হয়ে না থাকে। সেটাকে কার্যকরী করুন—যাতে উত্তরবঙ্গে শিল্পের প্রসারতা লাভ করে। আশা করি মন্ত্রিমহাশয় এবং বিশেষ করে মন্ত্রিসভা সেদিকে দৃষ্টি দেবেন। এই কথা কয়টি বলে এই বাজেট বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[3-55—4-5 p.m.]

শ্রীবৃন্দাবন চট্টোপাধ্যায়: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে দু-চারটে কথা নিবেদন করতে চাই। হুগলী জেলায় পোলবা ব্লকের আন্ডার-এ বাগনানে একটা বহুদিন ধরে চিকন শিল্প আছে। সেই চিকন শিল্পের কাজ, শুধু অ্যামেরিকা এবং ইউরোপেই যেত না, পাকিস্তান সৃষ্টি হবার আগে যখন যুক্ত বাংলা ছিল, তখন সেখানেও ঢাকা প্রভৃতি এলাকায় এই চিকন শিল্পের কাজ যেত, এবং ভারতবর্ষের বাইরে বহু দেশে ভালভাবে এগুলি গ্রহণ করত। কিন্তু বর্তমানে সেখানকার শিল্পিদের অর্থাভাবের জন্য তাদের ঐ সকল শিল্পের

কাজ ভালভাবে চলছে না। সেইজন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে নিবেদন করবো এই চিকন শিল্পকে বাঁচানর জন্য যে অর্থের প্রয়োজন, তা দিয়ে তাদের সাহায্য করতে হবে এবং সমবায়ের মাধ্যমে সেই শিল্পকে বাঁচাবার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে।

হুগলী জেলার অন্তর্গত বলাগড়ে নৌ-শিল্প খুব বিখ্যাত ছিল। প্যাকিস্তান হবার আগে এই বলাগড় থেকে নির্মিত নৌকা, সেখানে বিভিন্ন স্থানে যেত। পাকিস্তান হবার পর সেই সব নৌ-শিল্পীরা অত্যন্ত বেকার হয়ে গিয়েছে। আজকে মৎস্য বিভাগ থেকে যে সমস্ত নৌকা তৈরী হয়, সেখানে যাতে বলাগড়ের নৌ-শিল্পীরা কাজ পায় সেদিকে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি আর একটি বিষয় বলতে চাই, সেটি হচ্ছে মৎস্যজীবী সম্প্রদায় সম্পর্কে। রেলওয়ে বিভাগের আন্ডারে যে সমস্ত পুকুর, খাল, বিল, আছে বা পশ্চিমবঙ্গ সরকারের অধীনে যে সকল খাল, বিল আছে, সেই সব খাল, বিলগুলি মৎস্যচাষের জন্য যারা প্রকৃত মৎস্যজীবী, তাদের কাছে বিলি বন্দোবস্ত দেওয়ার জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে নিবেদন করতে চাই। আর একটা কথা বলতে চাই, যে যদি হাঁস, মুরগি ভালভাবে সংরক্ষণ করতে চান তাহলে গ্রামে যারা শিক্ষিত বা অর্ধশিক্ষিত ব্যক্তি আছেন, তাদের ঘরে পলট্রি পালনের চিকিৎসা সম্পর্কে শিক্ষণের ব্যবস্থা করতে হবে। কারণ দেখা যায় যে গ্রামাঞ্চলে ভেটেরিনারী ডাক্তার আসবার আগেই এপিডেমিক ডিজিজে সমস্ত হাঁস, মুরগি মারা যায়। সুতরাং গ্রামের মানুষকে যদি ইনজেকশন প্রয়োগ শেখানোর ব্যবস্থা করেন তাহলে হাঁস, মুরগি এতটা নষ্ট হবে না। আমি এই কথাটাই বিশেষ করে বলতে চাই। শুধু ডাক্তারের উপর নির্ভর করলেই হবে না, গ্রামের মানুষকেও এই ডাক্তারী সম্পর্কে কিছু ট্রেনিং দিতে হবে যাতে তারা প্রয়োজন হলে খানিকটা প্রাইমারী চিকিৎসা করতে পারে।

আর একটি কথা আমি নিবেদন করতে চাই সেটা হচ্ছে এই যে আমার পোল্বা বিধানসভা কেন্দ্র মগরাতে যে চিলিং সেন্টার আছে সেখানে যারা দুধ দেয় সেই দুধ ব্যবসায়ীরা সরকারের কাছে দাবী করেছে যে আমরা সরকারকে প্রচুর পরিমাণে দুধ দিচ্ছি কিন্তু নিয়মিত ভুষি এবং খোল পাচ্ছে না। সেখানে খড়ের দরও প্রায় ১০০ টাকা কাহন। সেজন্য আমি নিবেদন করছি যে সমস্ত দুধ ব্যবসায়ী সরকারকে দুধ দেয় তারা যাতে নিয়মিতভাবে খোল এবং ভুষি পায় এবং অল্প মূল্যে যাতে খড় পায় সেদিকে যেন সরকার দৃষ্টি দেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ মিঃ ডেপুটি স্পীকার স্যার, মাননীয় মন্ত্রী শ্রীকাশীকান্ত মৈত্র এটি খাতে ব্যয় বরাদ্দ উত্থাপন প্রসঙ্গে যে মূল কথাটা এখানে পরিবেশন করেছেন আমরা তার মধ্য দিয়ে একটা প্রগতিশীল দৃষ্টিভঙ্গীর প্রতিফলন দেখতে পেয়েছি। মাননীয় মন্ত্রী এই কথা বলেছেন যে আজকে অর্থনীতিতে বিশেষ করে কুটীরশিল্পে একটা গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। যেখানে একচেটিয়া পুঁজিপতি আগ্রাসী আচ্ছাদনের ফলে আমরা দেখছি যে আমাদের দেশে ক্রমে মূলধন-ভিত্তিক শিল্প গড়ে উঠছে এবং এই মূলধনভিত্তিক শিল্প গড়ে উঠাতে আজকে আমাদের দেশে বেকার সমস্যা ভয়াবহ রূপ ধারণ করেছে এই রকম একটা আর্থিক কাঠামোর মধ্যে শ্রমভিত্তিক শিল্পের যে প্রয়োজনীয়তা আছে একথা আমাদের শ্রম মন্ত্রী স্বীকার করেছেন এবং সেজন্য তিনি বলেছেন যে কুটিরশিল্পের মাধ্যমে সেই শ্রমভিত্তিক শিল্পকে আমরা প্রতিষ্ঠিত করতে সক্ষম হব এবং তাঁর সেই কথার মধ্য দিয়ে আমরা একটা নূতন দৃষ্টিভঙ্গির পরিচয় পেয়েছি। কিন্তু মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি লক্ষ্য করেছি যে এই কুটিরশিল্পকে বাঁচাবার জন্য বা এগুলির উন্নতির বিধান করবার জন্য দীর্ঘ ২০ বছর ধরে কোন রকম প্রচেষ্টা আমাদের দেশের সরকার করেন নি। স্টেট ফাইনান্স করপোরেশনের মাধ্যমে শিল্পপতিদের শিল্পকে প্রসারের জন্য যে লোন দেওয়া হ'ত আমরা দেখেছি সেখানে বড় বড় শিল্পকে বাঁচাবার জন্য অধিক টাকা ব্যয় করা হ'ত এবং সেই অ্যালোকেসনের শতকরা ৮০ ভাগ সেই খাতে ব্যয় করা হ'ত। এবারের বাজেটের মধ্যে আমরা দেখলাম শিল্প মন্ত্রী যে কথা বললেন, মাননীয় মন্ত্রী এখানে যে কথা বললেন বাজেটের মধ্যে তার প্রতিফলন আমরা দেখলাম না, স্মল স্কেল ইন্ডাস্ট্রিজ খাতে অ্যালোকেশন বাবদ টাকা অত্যন্ত কম ধরা হয়েছে। আমি এ বিষয়ে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে যেখানে তিনি আমাদের হাউসের সামনে রাখবার চেষ্টা করেছেন যে কুটিরশিল্পকে অধিক গুরুত্ব দেওয়া উচিত সেখানে এই বাবদ টাকা আরো বাড়ানো উচিত বলে

আমি মনে করি। আর একটা কথা স্মল ইন্ডাস্ট্রিজের মধ্যে পাওয়ার লুম ইন্ডাস্ট্রিজের কথা বলেছেন। আমি অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে আমাদের দেশে পাওয়ার লুম ইন্ডাস্ট্রি প্রায় উঠে যাবার উপক্রম হয়েছে। পাওয়ার লুম ইন্ডাস্ট্রি এ টু জেড আজকে এক শ্রেণীর এক-চেটিয়া পুঁজিপতিদের হাতে কুক্ষিগত হতে চলেছে। এই পাওয়ার লুম ইন্ডাস্ট্রিজগুলিকে একটা আলাদা অর্গানাইজেশনের হাতে এনে সেগুলি ডেভেলপ করার জন্য সরকারের এখনই চিন্তা করা উচিত বলে আমি মনে করি। পাওয়ার লুম ইন্ডাস্ট্রিজের জন্য সরকার আরো কতকগুলি উন্নত ধরণের প্রগতিমূলক ব্যবস্থা গ্রহণের কথা চিন্তা করেছেন বলে আমি শুনেছি এবং সেগুলি আমাদের সামনে যদি রাখেন তাহলে আমরা তার মধ্য দিয়ে খানিকটা লাভবান হতে পারবো। আমরা জানি ওয়েস্ট বেঙ্গল হ্যান্ডলুম কো-অপারেটিভ সোসাইটিতে সরকার পক্ষ থেকে ১০ থেকে ১২ লক্ষ টাকা খরচ করা হয়েছে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই এই যে ওয়েস্ট বেঙ্গল হ্যান্ডলুম কো-অপারেটিভ সোসাইটিতে ১০।১২ লক্ষ টাকা খরচ করা হয়েছে সরকারের পক্ষ থেকে ৫ বছরে তার কি পারফর্ম্যান্স হয়েছে, ৫ বছরে আমরা তার মধ্য দিয়ে কতখানি লাভবান হতে পেরেছি। এই কো-অপারেটিভ সোসাইটিকে সরকারী অধীনে অথবা একটা ইন্ডিপেন্ডেন্ট অর্গানাইজেশনের আওতার মধ্যে আনা সম্ভব কি না এ বিষয়ে সরকারের এখনই চিন্তা করা উচিত। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি এবারে ভেটেরি-নারী এবং অ্যানিম্যাল হাসব্যান্ড্রি সম্পর্কে ২।১টি কথা রাখতে চাই। হরিণঘাটা সম্পর্কে এখানে কথা উঠেছে যে হরিণঘাটা একটা অত্যন্ত সুন্দর পরিকল্পনা কিন্তু বর্তমান হরিণঘাটার যে চিত্র আমাদের সামনে রয়েছে তা একটা দুর্নীতিপূর্ণ চিত্র, একটা দুর্নীতির ডাস্টবিন বলে আমাদের সামনে প্রতিভাত হয়। বিগত কয়েক বছর ধরে এই হরিণঘাটাতে প্রায় ১ কোটি টাকা লোকসান সরকার দিয়েছেন। আমি মন্ত্রিমহাশয়ের কাছে পরিষ্কারভাবে জানতে চাই এই হরিণঘাটার কোন ভবিষ্যত আছে কি না? আমি তাঁর কাছে জানতে চাই হরিণঘাটাকে একটা কমার্শিয়াল স্কীমে পরিণত করতে আমরা সক্ষম হব কি না? আমি তাঁর কাছে জানতে চাই এর পেছনে সম্প্রতি এবং অতীতে যে সমস্ত দুর্নীতির ঘটনাগুলি আছে সেগুলি তিনি আমাদের সামনে উদ্ঘাটন করবেন, না সেগুলিতে যে আমলাতান্ত্রিক অফিসার আছেন তাঁরা সেগুলি চাপা দেবার যে চেষ্টা করছেন তাতে তিনি সায় দেবেন? আমি তাঁর কাছে জানতে চাই কংগ্রেস সরকারের আমলে ৫,১০০টা গরু যে কেনা হয়েছে সেই গরু কেনার বিষয়ে নানা রকম দুর্নীতি সেখানে আছে, সে সম্পর্কে তিনি আমাদের সামনে কোন আলোকপাত করতে পারেন কি না? আমি তাঁর কাছে জানতে চাই হরিণঘাটার জন্য লক্ষ লক্ষ টাকার খড় কেনার পেছনে যে অপচয় সরকার পক্ষ থেকে করা হয়েছিল সে সম্পর্কে তিনি আমাদের সামনে কোন আলোকপাত করতে পারেন কি না? আমি সেজন্য তাঁর কাছে জানাতে চাই যে এই সম্পর্কে এখনই অন্ততঃ একটা তদন্ত কমিটি গঠন করা উচিত। শেষে আর একটা কথা আমি আপনার মাধ্যমে তাঁর কাছে রাখবো সেটা হচ্ছে অ্যানিম্যাল হাজব্যান্ড্রি এবং পোলট্রি এই দুইটি, একটি ডাইরেক্টরেটের আন্ডারে আছে এবং আমি মনে করি যে অ্যানিম্যাল হাজব্যান্ড্রি এবং পোলট্রি একজন ডাইরেক্টরের অধীনে থাকাতে পোলট্রিকে এখনও পর্যন্ত আমরা ডেভেলপ করতে পারি নি। অথচ গ্রামে গ্রামে যদি পোলট্রিকে ডেভেলপ করা যায় তাহলে গ্রামীন অর্থনীতিকে আমরা উন্নত করতে পারি। সেই হিসাবে আমি তাঁর কাছে অনুরোধ করবো এর সেপারেসনটা সম্বন্ধে তিনি এখনই চিন্তা করুন। শুধু মাত্র টালীগঞ্জ এবং হরিণঘাটাতে পোলট্রির নাম করে কতকগুলি বড় বড় বাড়ী তৈরী করলে পরিকল্পনা সার্থক হবে না--এগুলির বাস্তব রূপায়নের ক্ষেত্রে যে উপকরণ দরকার সেদিকে তিনি আশু দৃষ্টি দেবেন বলে আমি মনে করি।

[4-5—4-15 p.m.]

Shri Krishna Bahadur Gurung: Mr. Speaker, Sir, I shall confine myself to one department, as I have got very little time, i.e., Animal Husbandry. You know milk is a "must" of daily life. But what I have seen in Calcutta is this. The problem of milk, I learn from some people, is that they have not seen, not to talk of testing cow's milk a long period whereas in the hills we are having milk in abundance. So I was just feeling whether it will not be possible for Government to tap the sources over there and to

collect milk and make arrangement by scientific method to transport them to Calcutta. It can easily be done and it won't take much time. Now we have got air passage and within an hour we can easily bring it down to Calcutta. If this could be thought over by the Government, I hope the problem of Calcutta which appears to be so serious would have been easily solved. In the hills as it is, the cattle has not been improved very much but yet we get milk in abundance, and if cattle could be improved, I am sure more milk we could produce from the hills. In the hills what type of cattle we are getting over there? We have got three types of cattle—one is indigenous variety and that is a local cow just as we get down in the plains. It does not yield much milk. It just gives two litres or three litres of milk. There used to be another species, that is called Siri which was very good in yielding milk, but that has become more or less extinct. Because of the importation of the Jeresy cows, we have got a lot of cross-breed Jeresy cows. Those cows yield very good milk. What I have seen in the hills is—this type of cows are yielding 20 to 24 pounds of milk every day, and now almost all the cultivators who have got lands for cultivation have been rearing cattle and they are getting milk, but the difficulty for the people is this that they can have milk for their consumption, but they are not being able to dispose of the surplus milk. So what is happening over there is some of the small dairy owners are taking the opportunity to collect this milk and they have been purchasing milk at a cheap rate. This is how milk is being used by the small dairy owners. So if this milk could be collected and processed by scientific method and brought down, I hope Calcutta problem will be solved.

There is another factor which I want to touch over here. What is necessary is improvement of cattle. We are lucky in the Darjeeling district we have got two insemination centres and ten sub-centres. I feel that it is inadequate. We should have more insemination sub-centres in the interior because the interior people should be taught about the improvement of cattle. Topographical situation is such that sometimes it is very difficult to take cows from one village to another when the mating time comes. If some artificial insemination centres could be started in the interior the cattle wealth of the hills would improve a lot. I will turn to another aspect about animal husbandry, i.e., piggery. It is becoming very popular in the hills. Formerly, it was being done by the tribals only. But as it is a profit making concern almost all the people excepting the Brahmins have taken it up now. I have seen an ordinary cultivator, if he can rear up two female pigs, in a year he can have, at least, 20 young ones which could be sold at Rs. 80 to 100 and thereby he could improve his economic condition.

Sir, the Minister has distributed a report. Unfortunately I have got it only some time back. When Dr. B. C. Roy went to Kalimpong, he assured us that he would open a piggery in that area, but as land was not available at that time it could not be done. But I find in this report that the land is available now and the piggery is going to be opened. I think the people of the area will be able to take advantage of it and improve their economic lot.

Sir, it is very unfortunate that some of the posts have been kept unfilled in the Animal Husbandry Department. Poultry Officer in the farm of Kalimpong—as far as I know what farm is going without any officer. If this continues the purpose of the farm with which it was started will be frustrated. Sometimes technical officers go on leave, or they are transferred. In such cases immediate arrangement should be made to see that the

post are not left vacant. The officers who are posted over there should also be told that they must go to the interior, they must meet the people in the interior. Only having farms in the town areas will not be very helpful.

[4-15—4-25 p.m.]

This is not the time to comment on matters raised by certain members. But I am amazed to hear, one comment which Dr. Sanyal made against one officer of the Animal Husbandry Department. This is too unkind in the sense that what he said was that one particular officer used to hobnob during the Congress Government and now he is hobnobbing with the present Ministry. I think this is rather unkind. What do we want? We want Government officers to be able to adapt themselves with the circumstances. They were serving the Congress Government. Now they are serving the United Front Government and they must be able to adapt themselves with the present Government. So I think that comment is unwarranted and unkind.

With these words, I resume my seat.

শ্রীবঙ্কিমচন্দ্র শাসমলঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কটেজ ইন্ডাস্ট্রিজ সম্বন্ধে আমি এখানে দুই-চারটি কথা বলতে চাই। মাননীয় মন্ত্রিমহাশয়, এই কটেজ ইন্ডাস্ট্রি সম্বন্ধে এখানে বিশেষ জোর দিয়ে কিছু বলেন নি। গ্রামাঞ্চলে বেকার শ্রমিকদের এবং কৃষকদের অবসর সময়ে কাজ করে তারা আরও কিছু সাপ্লিমেন্টারী করবেন তাদের ইনকাম, এটা সম্পর্কে পুরোপুরি ব্যবস্থা যদি আমরা না করতে পারি তাহলে গ্রামাঞ্চলে বেকার সমস্যার সমাধান কোনদিন হবে না। বেকার এবং অর্ধবেকার গ্রামাঞ্চলে যে প্রচুর পরিমাণে রয়েছে একমাত্র কটেজ ইন্ডাস্ট্রির মাধ্যমে তা সমাধান হতে পারে। খাদি কমিশনের আন্ডার-এ কতকগুলি কটেজ ইন্ডাস্ট্রি গড়ে উঠেছে সেগুলিকে যাতে ভাল করে চালান যায়—যেমন ছুতোরের কাজ, মৌমাছি পালন, ঘানি এবং হ্যান্ড গ্রাইন্ডিং অফ রাইস এবং তেল এবং সাবান তৈরীর কারখানা, এগুলি আরও ভাল করে ব্যাপকভাবে যদি গ্রামে চালান যায় এবং এর মধ্যে দিয়ে যেসমস্ত গ্রামের বেকার সমস্যা আছে যদি তার সমাধান করা যায় তাহলে আমরা নিশ্চয়ই মন্ত্রিমহাশয়ের সঙ্গে সহযোগীতা করব। আমি আমাদের ঘাটাল সম্বন্ধে বলতে পারি যে, ঘাটাল আগে শিল্পাঞ্চল ছিল—এখানে কাঁসার শিল্প ছিল, চিরুণী, শাঁখা শিল্প ছিল, সেই শিল্পগুলি এখন লোপ পেতে বসেছে এই সমস্ত শিল্পীরা এখন খুব কষ্টে পড়েছে। তারা কাঁচা মাল ঠিকমত পাচ্ছে না, বাইরে থেকে শাঁখ আমদানী করতে হয়, বাইরে থেকে শিং আমদানী করতে হয় এবং কাঁসা, পিতল, আমরা নির্ভর করি বিদেশের উপরে—এগুলি যদি সহজে সরকার সরবরাহ না করেন এবং তার সঙ্গে সঙ্গে ট্রান্সপোর্ট-এর ব্যবস্থা না করেন তাহলে কুটির শিল্পগুলির উন্নতি হবে না। অনেক পল্লীঅঞ্চলে শিল্প রয়ে গেছে শিল্পীরা রয়ে গেছেন কিন্তু ট্রান্সপোর্ট-এর অভাবে তাড়াতাড়ি বাজারে আসে না। ট্রান্সপোর্ট-এর যেমন ব্যবস্থা করতে হবে তেমনি বিক্রয় কেন্দ্রেরও ব্যবস্থা করতে হবে। খাদি কমিশনের রিপোর্টে দেখছি যে কতকগুলি বিক্রয়কেন্দ্রের পরিচালনার দোষত্রুটির জন্য বন্ধ হয়ে গেছে। আমি বলি যে, জেলা শহরে বা মহকুমা শহরে বিক্রয়কেন্দ্র রাখতে হবে। মন্ত্রিমহাশয় বলছেন যে অফিসাররা ভাল করে কাজ করবে—আমি বলি বিক্রয় কেন্দ্রের লোকেরা যদি ভাল করে কাজ করে, ভালভাবে বিজ্ঞাপন দিয়ে জিনিসগুলিকে আকর্ষণীয় করে লোকের সামনে তুলে ধরেন তাহলে নিশ্চয়ই কুটির শিল্পের বাজার আমরা পাব। এবং তাহলে এই শিল্পীরাও বাঁচতে পারবে। আমরা দেখেছি পশ্চিমবাংলায় ওয়েস্ট বেংগল স্মল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন গঠিত হয়েছে এই কর্পোরেশন-এ দেখছি ক্ষতি হচ্ছে, লস হচ্ছে। ৬৩ সালের রিপোর্ট-এ আমরা দেখছি যে ২৬ হাজার ৯২৯ টাকা লস হয়ে গেছে। এতে দেখছি মালদহে ম্যাংগো কো-অপারেটিভকে ধার দেওয়া হয়েছিল এক লক্ষ ১০ হাজার ৬৪ টাকা, তারা তা রিটার্ন দেয় নি। এইরকম ভাবে যদি কাজ করা হয় তাহলে নিশ্চয়ই সরকারের তথা দেশ ও জাতির ক্ষতি হবে। জাপানে যেমন বড় বড় ইন্ডাস্ট্রির সঙ্গে ছোটখাট অ্যানসিলিয়ারী ইন্ডাস্ট্রি গড়ে তোলা হয়েছে এবং বৃহৎ শিল্পের যন্ত্রপাতির নানা রকম পার্টস কুটির শিল্পের মাধ্যমে তৈরী করা হচ্ছে, সেইরকম আমাদের দেশেও ছোট ছোট ইন্ডাস্ট্রি বসিয়ে ঐরকম পার্টস তৈরী করতে হবে। তাতে অনেকে কাজ পাবে।

স্যার, আমি এবার অ্যানিমাল হাজব্যান্ড্রি সম্বন্ধে দুই-চারটি কথা বলতে চাই। স্যার, গ্রামে বলদ পাওয়া যায় না। উন্নত ধরনের বলদ যেন প্রত্যেক ব্লকে ব্লকে থাকে। গ্রামাঞ্চলে অনেক গাই দেখেছি ২-৩ বছর ধরে গর্ভবতী হচ্ছে না—এ বিষয়ে পরিকল্পনা করা দরকার। মৎস্য চাষের ব্যাপারে একটা কথা বলে শেষ করবো। মৎস্য চাষের ব্যাপারে একটা গুরুতর সমস্যা দেখা দিয়েছে আমাদের দেশে বিশেষ করে দাশপুর অঞ্চলে, যেখানে হাজার হাজার মণ মাছ জন্মাতো সেখানে এখন মাছ জন্মাচ্ছে না। খালগুলি সব পাট পচানোর জন্য ব্যবহার হচ্ছে। সাধারণ খালে এই পাট পচানো অবিলম্বে আইন করে বন্ধ করতে হবে এবং যেসমস্ত জমিদারের ও সরকারী খাল, পুকুরগুলি পড়ে রয়েছে সেগুলি মৎস্য চাষীদের মধ্যে বিলি করতে হবে। আর একটা বিষয় গবেষণা করা দরকার হয়েছে এই যে কেমিক্যাল সারগুলি মাঠে দেওয়া হয় মাছের চাষের উপর তার বিরূপ প্রতিক্রিয়া হচ্ছে কিনা জমিতে সার প্রয়োগের ফলে মাছ মরে যাচ্ছে কিনা বা মাছের আজন্মা হচ্ছে কিনা সেটা দেখতে হবে। কারণ আগে মাঠে হাজার হাজার মণ মাছ পাওয়া যেত, তাতে অনেক মৎস্যজীবী ফ্যামিলির চলে যেত, এ বিষয়ে সরকার নিশ্চয়ই গবেষণা করে দেখবেন এবং এটার প্রতিকার যাতে হয় তার ব্যবস্থা করবেন।

[4-25—4-35 p.m.]

শ্রীগৌরাঙ্গ সামন্তঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই ব্যয়বরাদ্দ সমর্থন করে কয়েকটা কথা বলতে চাই। আমাদের দেশে ৭৫ ভাগ লোক কৃষির উপর নির্ভরশীল এবং তাঁদের বছরের মধ্যে ৩ মাস কাজ থাকে ৯ মাস কাজ থাকে না, তখন তাঁরা অলস ভাবে সময় নষ্ট করেন এবং অত্যন্ত দারিদ্রের মধ্যে তাঁদের সময় কাটাতে হয়। সেই জন্য আপনার মাধ্যমে আমি মন্ত্রি-মহাশয়কে অনুরোধ করি যেখানে যা রিসোর্সেস পাওয়া যায় তার উপর বেস করে ছোট ছোট ইন্ডাস্ট্রিজ তৈরী করুন। রুর‍্যাল ইন্ডাস্ট্রিজ-এর জন্য বাজেটে আলাদা করে টাকা ধরা দরকার, কেন না সমস্ত ইন্ডাস্ট্রিজ কলকাতার আসেপাশে কিম্বা দুর্গাপুর অঞ্চলে রয়েছে কিন্তু গ্রামে যেখানে কৃষকরা বাস করে সেসব জায়গায় ছোট ইন্ডাস্ট্রিজ নেই, যেগুলি আছে তা অত্যন্ত সামুলি ধরনের, তাতে অধিকাংশ লোক বেকার থেকে যায়। সুতরাং বাংলাদেশকে কয়েকটা ভাগ করে সেই সব জায়গায় যাতে ইন্ডাস্ট্রিয়াল এস্টেট গড়ে ওঠে তার ব্যবস্থা করা দরকার যাতে গ্রামের কৃষকরা ঠিকমত খেটে খেতে পায়। তারপর আমাদের দেশে ম্যাট ইন্ডাস্ট্রিজ আছে, এই মাদুর শিল্পকে বাঁচিয়ে রাখবার জন্য কম্পিটিশন-এর হাত থেকে তাকে বাঁচাবার জন্য আমি আপনার মাধ্যমে দু-একটা সাজেশন দেব। মাদুর শিল্পের উপর যে সেল ট্যাক্স আছে সেই সেল ট্যাক্স উঠিয়ে দিতে বলি এবং ঐ শিল্পে রিবেট দেওয়ার দরকার আছে। তারপর যাতে ট্রপিক্যাল দেশে মাদুর শিল্প চালান যায় তার জন্য ট্রেড অ্যাডভাইসারের থ্রু দিয়ে অ্যাডভারটাইজ করার জন্য আমি বলছি এবং মাদুর শিল্পীরা যাতে শহরে ক্রেডিট ফেসিলিটি পায় সে জন্য কো-অপারেটিভের মাধ্যমে না দিয়ে সোজাসুজি বি ডি ও-র মাধ্যমে যাতে লোন পায় তার ব্যবস্থা করবার জন্য অনুরোধ করি। তারপর আমাদের দেশে আরো অনেক ইন্ডাস্ট্রিজ আছে, যেমন পেকাটির পালপ্ ম্যানুফ্যাকচারিং করার জন্য এইরকম কোন ইন্ডাস্ট্রিজ করা দরকার বলে আমি মনে করি। এ সম্পর্কে শুনেছিলাম যে ওখানে একটা নাকি এনকোয়ারী কমিটি হয়েছিল প্রেসিডেন্সী ডিভি-শনের কমিশনারকে চেয়ারম্যান করে, কিন্তু এখনও পর্যন্ত কিছু হয় নি অথচ এই প্যাকাটিগুলি নষ্ট হয়ে যাচ্ছে। তারপর ট্যানিং ইন্ডাস্ট্রিজ, প্লাইউড ইন্ডাস্ট্রিজ এগুলি হতে পারে, আর ম্যাচ ইন্ডাস্ট্রিজ করা দরকার আছে এবং গ্রামে আজকে রিসোর্সবেজড ইন্ডাস্ট্রিজ করা দরকার, সেজন্য মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করি তিনি যেন এদিকে লক্ষ্য করেন যাতে গ্রামের লোকেরা ঠিকমত অর্থনৈতিক ভবিষ্যত গড়ে তুলতে পারে। আমি আপনার মাধ্যমে বলতে চাই যে, কো-অপারেটিভের থ্রু দিয়ে টাকা দেওয়া বিপদজনক, অধিকাংশ কো-অপারেটিভের টাকা চুরি হয় দেখা গেছে হ্যান্ডলুম অ্যাপেক্স কো-অপারেটিভ সোসাইটি থাকাতে যেটা সুখচরে আছে সেখানে শ্যামাদাস ব্যানার্জীর মাধ্যমে সাড়ে তের লক্ষ টাকা দেওয়া হয়েছে। কিন্তু ৪।৫ বৎসর যাবৎ এ টাকায় কোন কাজ হয় নি, যেসমস্ত মেসিন কেনা হয়েছিল তাতে কোন কাজ হয় নি। এই শ্যামাদাস ব্যানার্জী প্রফুল্ল সেনের পি এ ছিলেন। তিনি আর একটা স্পিনিং মিল শ্রীরামপুরে করার জন্য জায়গা নিয়েছেন। মেসিনের জন্য অ্যাডভান্স দেওয়া হয়ে গেছে কিন্তু কোন কাজ

হয় নি। এরূপ শ্যামাদাস ব্যানার্জীর মত লোক যদি কো-অপারেটিভ-এ আসেন তাহলে চুরিই হবে। সেজন্য আপনার মাধ্যমে অনুরোধ করছি এই ইন্ডাস্ট্রিয়াল কর্পোরেশনগুলো এনকোয়ারী করে চোর ধরার ব্যবস্থা করা হোক এবং রিসোর্স বেস্ট ইন্ডাস্ট্রি গ্রামে করার জন্য অনুরোধ করছি।

শ্রীফকির রায়ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে কয়েকটা সাজেশান মন্ত্রিমহাশয়ের কাছে রাখতে চাই। আমাদের দেশে বহু হাজা-মজা শরীকানা পুকুর আছে, সে পুকুরগুলি যদি সরকার নিজের আয়ত্তে নিয়ে মাছ চাষের জন্য ব্যবহার করেন তাহলে মাছ চাষের সুবিধা হয়। দ্বিতীয় কথা ক্যানেলের কথা। বর্ধমান ডি ভি সি ক্যানেল হবার পর পুরানো ডি সি ক্যানেলের অনেক অংশ অকেজো হয়ে পড়ে আছে। ডি সি ক্যানেলের সে অংশটা মাছ চাষের জন্য ব্যবস্থা করুন। কুঠিরশিল্প সম্বন্ধে বলতে গিয়ে বলবো আমাদের দেশের যারা স্যাকরা, তামা শিল্পে কাজ করতো, কাঁসারী যারা কাজ করতো তারা সব শেষ হয়ে গেল। চণ্ডি-তলা থানায় যারা ফিতায় কাজ করতো, টাকার ও কাঁচামালের অভাবে তাদের কাজ অচল হয়ে পড়েছে, এদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তাঁত শিল্পের কথা বলবো। দেশের যারা তন্তুবায় সরকারের কাছ থেকে তারা কো-অপারেটিভ-এর মাধ্যমে ইয়ার্ন কিনতে পারেন এটা ঠিক কথা, কিন্তু কেজি দামে সুতো বিক্রি হত এ যেন পাউন্ডে বিক্রি হচ্ছে। তারা পাউন্ডে কেনা ঠকা মনে করেন। সুতরাং কেজি দরে সুতা যাতে তাদের দেওয়া হয় তা বিবেচনা করতে বলছি। এখানে পোল-ট্রির কথা হয়েছে, কেন্তু গোটারি বা ছাগল চাষ এটা একটা বড় চাষ। এ দিকে সরকারের কি কর্তব্য আছে সেটা যেন তিনি আমাদের জানান। সবচেয়ে বড় কথা হচ্ছে মানুষ, ফিসারী হোক, গোটারী হোক, পোলট্রি হোক, শেষ কথা হচ্ছে মানুষ—গ্রামের মানুষ। এ গ্রামের মানুষ এবং তাদের শিল্প কি অবস্থায় আছে এর একটা বিজ্ঞানসম্মত সার্ভে হওয়া দরকার। এই সার্ভের উপর সরকারের কোন পরিকল্পনা আজ পর্যন্ত হয় নি। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো তিনি ভালভাবে সার্ভে করে দেশে এসমস্ত ক্ষুদ্র ক্ষুদ্র চাষ যারা মাছ চাষ করে, গরু, ছাগল, শুয়রের চাষ করে সে মানুষগুলো কি অবস্থায় আছে তাদের বৃত্তি কি অবস্থা আছে এগুলো ভালভাবে সার্ভে করে এবং এর উন্নয়নের জন্য সরকার যে প্রোগ্রাম নিয়েছেন সে কতটা কার্যকরী হয়েছে সেটা ইভেলুয়েট করার জন্য ব্যবস্থা অবলম্বন করুন। তাহলে আমরা বুঝবো একটা বৈজ্ঞানিক প্রণালীতে এসমস্ত বৃত্তিজীবীদের একটা ব্যবস্থা হবে। তা না হলে একটা খেয়ালখুশীমত করা হচ্ছে বলে আমার ধারনা। হরিনঘাটায় কি দুধ আমরা পাচ্ছি? লীগের আমলে সুরাবর্দী, হরিনঘাটা নিয়ে কতকগুলি পরিকল্পনা করে কলকাতার লোককে দুধ সরবরাহ করা হবে বলে বলেছিলেন, কিন্তু তা হল না, কলকাতায় যাদের খাটাল ছিল তাদের উচ্ছেদ করে দেওয়া হল অনেকে সরে গেল। হরিনঘাটার কাছে গ্রামের লোকের কাছে দুধ কিনে তার সঙ্গে পাউডার মিশিয়ে টোন মিল্ক দেওয়া হল, অতএব কলকাতার লোককে সস্তায় দুধ সর-বরাহ করা হবে বলে হরিনঘাটা করার যে পরিকল্পনা সেটা স্বার্থক হল কই। সেজন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো সেসমস্ত কাজের জন্য আজ পর্যন্ত সরকার যে প্রোগ্রাম এডপট্ করেছেন সেটা কতটা কার্যকরী হয়েছে, কতটা কল্যাণ সাধনের সমর্থ হয়েছে সেটা ইভেলুয়েট করা দরকার এবং যারা গরু, ছাগল, হাঁস-মুরগী চায করে সে সব লোক এবং সে সব বৃত্তির কি অবস্থা তার একটা অনুসন্ধান করা হোক।

শ্রীঅম্বিকাচরণ দাসঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় যে বায়বরাদ্দের দাবী উত্থাপন করেছেন সেই সম্বন্ধে বলতে গিয়ে ভাতে-মাছে বাঙ্গালীর কথা, এই আলোচনা করতে গিয়ে প্রথমেই আজ বলতে হচ্ছে ভাতের যেখানে অনটন সেখানে মুরগী, ডিম, মাংস ইত্যাদির উপর আলোচনা করে কি হবে, অবশ্য এটা কর্ণকুহরে প্রবেশ করে তৃপ্তিদায়ক হচ্ছে ঠিক কথা, কিন্তু রসনা তৃপ্ত হলেই তবে তার প্রশংসা করা যায়। কিন্তু আমাদের ভয় হচ্ছে যে, গত কয়েক বৎসর ধরে এ বিষয়ের উপর কেবল আলোচনাই শুনছি এবং অনেক টাকা ব্যয়বরাদ্দ দেখছি, কিন্তু আমি প্রথমে একটা কথা বলতে চাই যে, মাছ ইত্যাদির বেলায়, সেই মাছ যেমন জলে থাকে এই টাকা যেন জলে না যায়, সেজন্য সতর্ক হয়ে আমি কাজ করবার জন্য বলছি, আমার সময় সংক্ষেপ, আমি তাড়াতাড়ি কয়েকটি বিষয় সম্পর্কে বলতে চাই, মাছের উৎপাদন বৃদ্ধি সম্পর্কে অনেকে অনেক কথা বলেছেন কিন্তু একটা মূল কথা হচ্ছে মাছের বংশ রক্ষা করতে

হবে এ বিষয় কোন আলোচনা হয় নি। অর্থাৎ এই যে ডিম ধরার ব্যাপার যেটা সুবর্ণরেখা, গঙ্গা এবং ভাগীরথী যে ডিম নদী থেকে ধরা হয় সে ব্যবস্থাকে হয় সম্পূর্ণ বাতিল করা হোক না হয় অলটারনেটিভ ২/১ বৎসর অন্তর ডিম ধরার ব্যবস্থা করা হোক, তা না হলে খাল, বিল, নদীর সমস্ত মাছ নষ্ট হয়ে যাচ্ছে এবং চারা মাছ সম্পূর্ণভাবে নষ্ট হয়ে যাওয়ার ফলে আজকে বড় মাছ পাওয়া যাচ্ছে না, এই প্রসঙ্গে আর একটা কথা বলতে চাই যে, স্টেট ফিশারিজ কর্পোরেশন-এর কথা বলেছেন, আমি এই সভার পক্ষ থেকে একজন ডাইরেকটর, আমি তাদের সেই উদ্যমের প্রশংসা করি এবং আমি অনুরোধ করবো এই বোর্ড-এর কার্যপ্রণালী সব জায়গায় প্রসার করা হোক, মুর্শিদাবাদ জেলার ভান্ডারাদিহির দৃষ্টি আকর্ষণ করে বলবো সেখানে এক্সটেনশন-এর ব্যবস্থা করা হোক এবং আর একটা কথা বলবো যে ফিশারীজ যেসমস্ত কর্পোরেশন আছে সেগুলি সম্পূর্ণ গভর্নমেন্ট-এর সুপারভিশন-এ আনা হোক। এবং একটা বিষয় লক্ষ্য করুন যারা এই কর্পোরেশন-এর আন্ডার-এ আছেন তারাই এই কর্পোরেশনগুলির পরিচালন ভার গ্রহণ করতে পারেন।

[4-35—4-45 p.m.]

কারণ, আমি বলছি যে অনেক সময় যাঁদের কো-অপারেটিভ তাঁরা কোন বেনিফিট পান না, নেপোয় মারে দই। সেই জন্য আমি বলব কো-অপারেটিভগুলি এইভাবে হওয়া উচিত যে, কো-অপারেটিভ অফ দি পিপল, ফর দি পিপল অ্যান্ড বাই দি পিপল। যাঁদের কো-অপারেটিভ তাঁরা যেন তার মধ্যে থাকেন এবং আমি এই প্রসঙ্গে আরো বলব যে, হাজা-মজা যেসব পুকুর আছে সেগুলিকে গভর্নমেন্টের আওতায় এনে স্থানে স্থানে কো-অপারেটিভ-এর মাধ্যমে এটা যেন করা হয়। মাছের বিপনন ব্যবস্থার গোড়াতেই গলদ আছে। কারণ, প্রত্যেক বাজারে যেসব মিডলম্যান আছে বা ফোড়ে সিস্টেম রয়েছে সেগুলিকে একেবারেই বাতিল করতে হবে যেমন করেই হোক এবং সেখানে অন্ততপক্ষে যে-কোন উপায়েই হোক ডিরেক্ট মাছ বিক্রয়ের ব্যবস্থা করতে হবে। কারণ, মিডলম্যানরা অনেক সময় মাছের বাজারে অরাজকতা সৃষ্টি করছে। আমি এই মাছ সম্বন্ধে আর একটি কথা বলব। আমেরিকান রুই বা তেলাপিয়া ইত্যাদি যেসমস্ত মাছের কথা এইমাত্র মন্ত্রিমহাশয় উল্লেখ করলেন, আমরা দেখেছি এই সমস্ত মাছ অনেক সময় মার্কেটে গিয়েও পাই না। কাজেই যাতে আমরা সেই সমস্ত মাছ পেতে পারি তার যেন ব্যবস্থা তিনি করেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশিশ মহম্মদঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের মাননীয় মৎসামন্ত্রী মহাশয় মৎস্য বিভাগ এবং কুটিরশিল্প খাতে যে গ্র্যান্ট দাবী করেছেন আমি তা পূর্ণ সমর্থন করি। স্যার, আমি আপনার মাধ্যমে এই হাউসের সামনে মৎস্য বিষয়ে এবং কুটির শিল্প বিষয়ে কিছু বলতে চাই। আমরা জানি বাংলাদেশের শতকরা ৮০ জন লোক মাছ, মাংস খান। এবং প্রায় ৬।৭ লক্ষ লোক এই মৎস্য ব্যবসায়ে লিপ্ত আছেন এবং মৎস্য প্রসারের কাজে লিপ্ত আছেন। মাছের উন্নতি সম্বন্ধে অনেকে অনেক কথা বলেছেন। কিন্তু বাজারে আমরা দেখতে পাই যে, ক্ষুদ্র ক্ষুদ্র মাছের পরিমাণই সবচেয়ে বেশি। আমরা দেখেছি গ্রামে যেসমস্ত পুকুর আছে সেগুলি একেবারে পাঁকে পূর্ণ হয়ে গেছে। যার ফলে সেখানে মাছ খুব বড় হয় না। তাই আমি আপনার মাধ্যমে মৎসামন্ত্রীর কাছে কয়েকটি সাজেশান তুলে ধরবো। সরকার কর্তৃক পাইপ দ্বারা সেইসমস্ত পুকুরের জলকে সেচ করে যাতে পাঁক উঠিয়ে ফেলা হল তার জন্য অনুরোধ জানাচ্ছি। আমরা জানি ল্যান্ড রিফর্ম মিনিস্টার বিভিন্ন আইনের দ্বারা, বিভিন্ন অ্যামেন্ডমেন্ট বিলের দ্বারা ভূমি দখল করছেন। কিন্তু গত বিশ বছর থেকে আজ পর্যন্ত জলকর জমিদারদের হাতে আছে। যেমন খাস জমিন বন্দোবস্ত হচ্ছে তেমনি যদি সরকার জলকরটাও সরাসরি নিজের হাতে নেন এবং তাঁদের হাত থেকে যাঁরা জেলে তাঁরা যদি সরাসরি বন্দোবস্ত নিতে পারেন তাহলে হয়ত মাছের দর কিছুটা কমতে পারে। কিন্তু আমরা সেখানে দেখতে পাই যে জমিদারের কাছ থেকে একজন নেন এবং তার কাছ থেকে ইজারা নেয় সাধারণ মৎসাজীবীরা, তার ফলে যে টাকা দিতে হয় বন্দোবস্তের জন্য সেই টাকা তাদের লাগতো না যদি সরাসরি সরকারের কাছ থেকে তারা নিতে পারতো। মাননীয় স্পীকার মহাশয়, আমি অনুরোধ করবো মন্ত্রিমহাশয়কে যাতে সরকারের কাছ থেকে দরিদ্র জেলেরা সরাসরি জলকর বা ইজারা নিতে পারে সেদিকে লক্ষ্য রাখবেন। তারপর আমরা দেখতে পাই যে, এই দরিদ্র জেলেরা অর্থাভাবে জাল তৈরী করতে পারেন না, নৌকা

তৈরী করতে পারে না, সেই জন্য আমি অনুরোধ করবো যে, আমাদের দেশের প্রচুর জেলে সম্প্রদায় আছে এবং পূর্ববঙ্গ থেকে যেসমস্ত জেলে উদ্বাস্তু এসেছে তাদের জাল কেনার শক্তি নেই, তাদের যাতে জাল নির্মাণ করবার জন্য লোন এবং অন্যান্য লোন যাতে দেওয়া হয় তার দিকে দৃষ্টি দেবেন। এর দ্বারা বাংলাদেশের আর একটা শিল্পের প্রসার হবে। বাংলাদেশের আর একটা শিল্পের প্রসার করা উচিত সেটা হচ্ছে বেত শিল্প। সেখানে কো-অপারেটিভ সোসাইটি করে বেত শিল্পের উন্নতি করুন, তাহলে আমরা দেখবো যে, আমাদের দেশে আর একটি শিল্পের প্রসার হলো। আর একটি কথা হচ্ছে যে, আমাদের দেশে ভাল জাতের গাভী দেখতে পাচ্ছি না, সেই জন্য বলছি যে, সরকার থেকে প্রতি অঞ্চলে ষাঁড় ব্যবস্থা করুন। রেশম শিল্প, তাঁত শিল্প, কাঁসা শিল্প ইত্যাদি এইগুলো যাতে কো-অপারেটিভ সোসাইটির মাধ্যমে গড়ে ওঠে তার জন্য অনুরোধ করছি। আমার কাছে দুটি দরখাস্ত আছে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে দরখাস্ত দুটি দিচ্ছি।

শ্রীপরমানন্দ বিষয়ীঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজ এই হাউসে মাননীয় মন্ত্রী শ্রীকাশীকান্ত মৈত্র মহাশয় যে ব্যয়বরাদ্দ উপস্থিত করেছেন সেটা খুব অপ্রচুর, সেই জন্য সমর্থন করতে পারছি না। আজকে অপ্রচুর বলছি এই জন্য যে আজকে যখন খাদ্যের পরিপূরক হিসাবে কাঁচকলা এবং বীট খেতে বলছেন যার মধ্যে ফুড ভ্যালুর অভাব আছে বলে মনে করছি। সেই সময় মৎস্য এবং পশু জাত খাদ্যের খুব অভাব, এইসবগুলিতে ক্যালোরি খুব অতি সহজে বেশী পরিমাণে পাওয়া যায়। যদি আমরা এর প্রতি কিছু ব্যয়বরাদ্দ বাড়াতে পারতাম—কোন রকম সার্ভে না করে হঠাৎ একটা জেগে গেল ভূমি বণ্টন হয়ে গেল—লাঙ্গল যার জমি তার সেইরকম ভাবে ভূমি বণ্টন হয়ে গেল, তেমনিভাবে মৎস্য বাজেট তৈরী হয়ে গেল কোন পরিকল্পনা নেই, কি রকমভাবে মৎস্য উৎপাদন হবে সে সম্বন্ধে কিছু ঠিক নেই। এখন কলকাতাকে মাছ খাওয়াতে গেলে বোম্বে, মাদ্রাজ প্রভৃতি দেশ থেকে মাছ আনতে হবে, দায়িত্ব সেখানে ঠিকই আছে, কিন্তু গ্রামের লোক যে খেতে পাচ্ছে না তার জন্য মাছের কোন বন্দোবস্ত নেই। এখানে আমি মনে করি যে ফিসারিং যে কাজগুলো রয়েছে সেইগুলো যদি সংস্কার করা হয় এবং আমাদের গভর্নমেন্ট নিয়ে নেয় এবং গভর্নমেন্ট যদি চাষ করে তাহলে মাছের চাষ উন্নত হতে পারে। অ্যানিমাল হাজব্যান্ডারীর কথা বলতে গেলে কি করে এর উন্নতি করা যায়, কি করে ভাল ব্রিডিং করা যায়— ব্রিডিং এবং ফিডিং করতে হলে ভাল আর্টিফিসিয়াল ইনসেমিনেশনের যে ব্যবস্থা হয়েছে ৬৮৪টি নতুন ভাল জাতের গরু হাওড়া ইত্যাদি জায়গায় দেওয়া হয়েছে কিন্তু তাদের খাদ্য এবং তদারকের জন্য মাসে ১৫ টাকা করে ব্যবস্থা করা হয়েছে কিন্তু এর জন্য আরও বেশী টাকা বরাদ্দের প্রয়োজন রয়েছে। এই ১৫ টাকা করে যদি গরুর পিছনে বরাদ্দ করা হয়ে থাকে তাহলে এরা কদিন বাঁচবে, অচিরেই শেষ হয়ে যাবে। অবশ্য ভাল ইনসেমিনেশনের ব্যবস্থা যদি করা হয়, ইনসেমিনেশনের ব্যবস্থা করলে পর যে জাতের গরু আমাদের দেশের গরুর সঙ্গে ব্রিড করা হয় তাহলে ৫০ পার্সেন্ট এই রকম করে বাড়বে। এইভাবে যদি আমাদের ভাল জাতের উন্নতি করতে চাই তাহলে ২০।২৫ বছর লাগবে।

[4-45—4-55 p.m.]

এই সমস্ত জাতিকে আমাদের হরিয়ানা থেকে তর্পাসিয়া—এই সমস্ত বিলেতী জিনিস যদি করতে হয়, তাহলে আমাদের বিশ বছর লাগবে। ওদিকে সন্ধান রাখবার জন্য সেই ক্যাসট্রেশন-এরও ভাল ব্যবস্থা নাই। লোককে বলতে গেলে তারা এখনো সেই সংস্কারাবদ্ধ—ষাঁড়কে ক্যাসট্রেশন করে দেব, এ তারা সহ্য করতে পারে না। আবার কার্ত্তিক পুজো পেলে পরে সেই ষাঁড় দিয়ে আমাদের ব্রিডিং করা হয়। এতে জাতটা বাড়বে কি না বাড়বে তার সার্ভে না করে আমাদের করা হচ্ছে। এতে অসুবিধা হয়ে যাচ্ছে। এ জিনিসটা যদি সুষ্ঠুভাবে করা না হয়, তাহলে আমাদের খুব অসুবিধা হবে। সেই জন্য আমি বলবো এর পরিকল্পনা করে প্রত্যেক সেন্টারে সেন্টারে কতকগুলি গরু আছে, ইনসেমিনেশন কার্ড কতগুলি করা হবে— সেইসব দেখতে হবে। আরো এর মধ্যে ভেটারনারী ব্যাপার অনেক আছে। একজন ইনসেমিনেশন করার জন্য গরু নিয়ে যাচ্ছে, তাকে যেমন গরুর ডাক্তারের দরকার, আবার সে চলে গেল ব্লকে, সেখানে গেলে বলছে যে তোমার ওখানে গরুর ডাক্তার ওষুধ দেবে। অথচ সে সেই গরুর ডাক্তার বা ওষুধ খুঁজে পায় না। তাকে খোসামুদি করতে হয়, এইরকমে ওষুধের জন্য অযথা

এদিক-ওদিক ছুটাছুটি করতে হয়। ডাইরেকটর যতই থাক, এইরকম ভেটারনারী ডাইরেকটরেট যতই থাক, কলকাতাতে—তার স্বারা কাজ হবে না। কিন্তু গ্রামে এইরকম ভেটারনারী ডাইরেকটরেট ঐ কাজটা করার জন্য যদি দুজনা এক সঙ্গে থাকে তাহলে খুব ভাল হয়, পরস্পরকে সাহায্য করতে পারে।

তারপর ফিডিং—গরুর বাচ্চা হলে, ফিডিং-এর ব্যাপারে বাচ্চাকে কতটুকু দুধ খাওয়াতে হবে, কতটুকু ছাড়তে হবে সেদিকে লক্ষ্য রাখতে হবে। নতুবা সব দুধ টেনে নিয়ে বাচ্চা মেরে দেও—তাতে লাং হবে না। ফিডিং-এর জন্য এদিকে লায়নস শেয়ার দিয়ে দেওয়া হল। লাঙ্গল যার গরু তার। একটু গ্রেজিং গ্রাউন্ড নাই, একটা কিছু সেখানে খাবার উৎপন্ন করবার জায়গা নাই, সেখানে চরবার উপায় নাই, সব মাঠ চলে গেল। ওদিকে তার ফিডিং-এর ব্যবস্থা নাই। অবশ্য কিছু কিছু ফিডিং-এর ব্যবস্থা এখন হয়েছে, গ্রেইন মিক্‌চার দেওয়া হচ্ছে। সেগুলি যদি সাবসিডাইজড রেটে দেওয়া হয়, তাহলে ভাল হয়। খোল-ভূষি তো কন্ট্রোল হয়ে গেছে শুনি—১২ টাকা যেখানে কন্ট্রোল রেট, সেখানে ২০-২৫ টাকাতেও পাওয়া যায় না। এটা আমাদের অঞ্চলে মেমারীর দিকে দেখেছি। সেদিকেও যদি লক্ষ্য রাখেন তাহলে অন্তত গরুগুলো বেঁচে যাবে, খোল পাওয়া যায় না।

বড় বড় জাতের গরু এলো, বড় বড় স্কীম হচ্ছে, কিন্তু খাবে কি, মারা যাবে গরুগুলি, তার কোন ব্যবস্থা নাই। সেইজন্য আমি ওদিকে দৃষ্টি দেবার জন্য অনুরোধ করছি। এই সম্পর্কে আরো ব্যয়বরাদ্দ বাড়ানোর জন্য সরকারকে বলছি। আর ইন্ডাস্ট্রি সম্বন্ধে যা আছে সে তো কিছুই নয়, নগণ্য। ব্যয়বরাদ্দ এদিকে না বাড়ালে কোন কাজ হবে না।

শ্রীপ্রশান্তকুমার গায়েনঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে প্রথমে একটা জিনিস আমাদের মনে রাখতে হবে যে ভারতবর্ষ গ্রামীণ সভ্যতার উপর দাঁড়িয়ে আছে এবং ভারতবর্ষের ৫০ কোটি লোকের মধ্যে ৩৫ কোটি লোক বাস করে গ্রামে। বাংলাদেশেরও তাই—৪ কোটি লোকের অধিকাংশই বাস করে গ্রামে। আমরা দেখেছি বিগত বিশ বছর ধরে বিশেষ করে উন্নতির জন্য—কুঠিরশিল্প বা ক্ষুদ্র শিল্পের উন্নতির ব্যবস্থা ওরা করতে পারে নি। এটা সত্যি কথা—চোখের সামনে এ জিনিস আমরা উপলব্ধি করছি। এই প্রসঙ্গে একটা কথা বলা দরকার যে তাঁরা একটা কুটিরশিল্প বাড়িয়েছেন, বাংলাদেশের গ্রামে গ্রামে আজ এমন হতাশার সৃষ্টি হয়েছে যে প্রত্যেক বাড়িতে চোলাই মদের ভাটিখানা সৃষ্টি হয়েছে। তার জন্য অবশ্য তাঁদের ধন্যবাদ দেওয়া যায়।

আপনি নিশ্চয় জানেন তৃতীয় বার্ষিক পরিকল্পনায় ১,৬০০ পাওয়ার লুম দেওয়া হয়েছিল বাংলাদেশে। তার অধিকাংশ গিয়েছে কংগ্রেসের পেটোয়াদের হাতে, যারা নিজেরা অকর্মণ্য, যারা ব্যবসায় চালাবার জন্য নেন নাই; দেখা গেল অধিকাংশ ক্ষেত্রে পাওয়ার লুম মরতে সুরু করলো তার ইতিহাস আছে। যাদের দেওয়া হলো, তাদের সঙ্গে গভর্নমেন্টের মেটেরিয়ালস দেওয়ার ব্যবস্থা হলো না, ফাইন্যানসিয়াল অ্যাসিস্ট্যান্স দেওয়ার ব্যবস্থা হলো না। ফলে বড় বাজারের একটা বিশিষ্ট গোষ্ঠী, তার মধ্যে ঢুকে গেল, সেগুলি তাদের কব্‌জা করে ফেললো দাদন দিয়ে আশা করি মাননীয় মন্ত্রিমহাশয় এ বিষয়ে একটু আলোকপাত করবেন এবং এই হাউসের সামনে এ সম্বন্ধে একটা এনকোয়ারীর ব্যবস্থা করবার কথা বলবেন। ঐ ১,৬০০ পাওয়ার লুম যাদের দেওয়া হয়েছিল, তার অধিকাংশ কর্মী বিরাট একটা ব্যবসায়ী চক্রের কব্‌জার মধ্যে চলে গিয়েছে। আরো দেখা গেছে যে ৮ থেকে ১০ হাজার পাওয়ার লুম যা গজিয়ে উঠলো ব্যাঙের ছাতার মত, সেই আন-রেজিস্টার্ড প্রতিষ্ঠানকে রেজিস্টার্ড করবার ব্যবস্থা হলো। বোম্বে থেকে খবর পাঠান হলো তাদের সরাসরি রেগুলারাইজ করতে হবে। তখন দেখা গেল সেটা স্মল স্কেল ইন্ডাস্ট্রির মধ্যে পড়েছে সাপ্লাই দপ্তরের ব্যাপারের ভেতর। সেটা দেখা গেল সাপ্লাই ডিপার্টমেণ্ট করতে পারছে না, তার এক্সাইজ লাইসেন্স করতে হবে। তারপর দেখা গেল এক্সাইজ ডিপার্টমেন্ট বাগড়া দিচ্ছে। বোম্বে থেকে সরাসরি ঐ ৮ থেকে ১০ হাজার আন-রেজিস্টার্ড পাওয়ার লুমস রেগুলারাইজ হয়ে গেল। ফলে দেখা যাচ্ছে ঐ ষোলশো পাওয়ার লুম, যা চালু ছিল, আজ কম্পিটিশনের বাজারে সম্পূর্ণরূপে বাংলাদেশ থেকে উৎখাত হতে বসেছে। আমি আশা করি মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয় এ বিষয় যথাযথ অনুসন্ধান করে তার

একটা রিপোর্ট এই হাউসের কাছে রাখবেন। এই যে ৮-১০ হাজার পাওয়ার লুম ছিল তাদের অধিকাংশই বেনামীতে চলতো। আপনি শুনলে আশ্চর্য হবেন, এই কলকাতার উপর বসে একটি বিশেষ চক্র ঐ পাওয়ারলুমগুলি কন্ট্রোল করতো। বেনামীতে চারটা পর্যন্ত রেখে, সমস্ত পাওয়ার লুম, ৮-১০ হাজার যা ছিল, তারা কেন্দ্রীয় সরকার ও পশ্চিমবঙ্গ সরকারকে বারে বারে এক্সাইজ ডিউটি ফাঁকি দেয়।

আমি এ সম্বন্ধে আর একটা পয়েন্ট মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে রাখতে চাচ্ছি। সেটা হচ্ছে, কমার্স এবং ফাইন্যান্স ডিপার্টমেন্টের মিনিস্ট্রীর মধ্যে যে গণ্ডগোল আছে, সেটা কি করে মেটান যায় সেদিকে লক্ষ্য দেওয়া অত্যন্ত প্রয়োজন আছে। যা কিছু ডিপার্টমেন্টাল পারচেজ বিভিন্ন মিনিস্ট্রি থেকে করা হয়, সেটা যেন স্মল স্কেল কটেজ ইন্ডাস্ট্রির মাধ্যমে করা হয়। যে সমস্ত ইন্ডাস্ট্রিয়াল এস্টাবলিশমেন্টকে আমাদের সরকার টাকা দেন এবং সেইসব এটাবলিশমেন্টের মাধ্যমে যেসকল জিনিস তৈরি করা হয়, সেসব জিনিস কেনবার ব্যবস্থা তিনি যেন করেন।

সবচেয়ে বড় কথা, আজকে গ্রাম বাংলাদেশের ছেলেদের কোন এমপ্লয়মেন্টের ব্যবস্থা নেই। আমাদের মন্ত্রিমহাশয় বললেন যে এখানে চাইল্ড অফ দি সয়েলকে প্রেফারেন্স দিতে হবে। এটা প্রাদেশিকতা নয়। আমি আবার বলছি হ্যান্ডলুম ইন্ডাস্ট্রি ও কটেজ ইন্ডাস্ট্রিকে বাড়াতে হলে, তাদের সম্বন্ধে একটা বিশেষ পূর্ণাঙ্গ তদন্ত করে তার একটা রিপোর্ট এখানে পেশ করা দরকার।

[4-55—5-5 p.m.]

শ্রীমাখনলাল দাস: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মন্ত্রিমহাশয়কে কয়েকটি কথা নিবেদন করতে চাই। বাংলাদেশে বর্তমানে বাস্তবিক খাদ্যের অভাব অত্যন্ত বেশী হয়েছে। সুতরাং আমাদের এখন সমুদ্র থেকে কিছু খাদ্য আহরণ করতে হবে। বাংলাদেশে যখন এত খাদ্যাভাব হয়েছে এবং লোকসংখ্যা ক্রমশ বেড়ে চলেছে, তখন সমুদ্রের দিকে, কোস্টাল ফিসিং সম্বন্ধে যদি মন দেওয়া যায় তাহলে ভাল হয়। ২৪-পরগনায় অনেক নদী-নালা, এসচুয়ারী আছে, সেখানে বাঁধ দিয়ে যদি মৎস্যচাষ ও খাদ্য উৎপাদনের সরকার ব্যবস্থা করেন তাহলে তা থেকে বিরাট লাভবান নিশ্চয়ই হবেন। আজকে লোকের খাদ্যের অভাব, মাছের অভাব, জমির অভাব, পশ্চিমবাংলার চতুর্দিকে দেখা দিয়েছে। আজকে জমির অভাবকে ল্যান্ড হাঙ্গার বলা হচ্ছে, পুকুর, মরা খাল, বিল সমস্ত বুজিয়ে ফেলে, সেখানে ধান চাষের ব্যবস্থা করা হচ্ছে। গ্রামের মানুষ চিরকাল অভাবের মধ্যে আছে, লোকসংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে তাদের অবস্থার আরও অবনতি ঘটবে। সেই জন্য কোস্টাল ফিসিং-এর ব্যবস্থা করতে হবে এবং তাকে যেন লাভবান করা যায়, সেদিকে লক্ষ্য রাখতে হবে। ফ্রেজারগঞ্জে গভর্নমেন্ট ফিসারী আছে, আমি সেখানে গিয়েছিলাম এবং সেখানকার কর্মচারীদের সঙ্গে সাক্ষাৎ করে জানলাম যে সেখানে প্রতি বৎসর গভর্নমেন্ট প্রচুর টাকা ব্যয় করছেন অথচ তার আয় মাত্র ১০ হাজার টাকা। বছরে ১০ হাজার টাকার মত ক্ষতি হচ্ছে। কারণ যাকে বলে ফিস ফার্মিং সেই ফিস ফার্মিং তাদের মাত্র ১০ একর জমিতে হয় এবং তারা ৯০ মণ মাছ অর্থাৎ ৯ হাজার ১০ হাজার টাকার মত তারা এখানে পাঠাতে পারে। কিন্তু পাশাপাশি অনেক জায়গা আছে, তারা বললেন যে, পাম্পিং এঞ্জিন খাল আছে, সেটা প্রায় ১২ একর, ভাসান খাল সেটা প্রায় ৩৫ একর এবং মহারাজগঞ্জ খাল, এগুলিকে যদি আরো ডেভালপ করা যায় তাহলে সেখানে প্রচুর মাছ হবে। এই মাছ চাষের জন্য সুন্দরবন এলাকাকে বেছে নিতে হবে এবং তাতে সেটা আমাদের কলকাতার নিকটবর্তীও হবে এবং কলকাতার মাছের অভাবও মেটান যাবে। আর একটি কথা হচ্ছে পল্লীগ্রামে মৎস্য চাষের সু-ব্যবস্থার দিক থেকে সেখানে যেসমস্ত পুকুর আছে তাতে মাছের ডিম বা পোনা, যে দুই ইঞ্চি, আড়াই ইঞ্চি ফিঙ্গার লিংসের কথা মাননীয় মন্ত্রিমহাশয় বললেন, সেই সমস্ত ভাল জাতের ফিঙ্গার লিংস যদি যথা সময়ে দেওয়া যায় তাহলে প্রচুর পরিমাণে মাছ হবে। যে সমস্ত ফিসারি অফিসার আছেন তাঁরা যদি ঠিক সময়ে মনসুনের আগে এই সমস্ত ফিঙ্গার লিংগস সাপ্লাই করেন, আমরা জানি এই সমস্ত অফিসাররা সাপ্লাই দিতে দেরী করেন, গত বছর দেখেছি আশ্বিন মাসে সাপ্লাই দেওয়া হয়েছিল, এই সাপ্লাই যদি যথা সময়ে দেওয়া হয় তাহলে প্রচুর পরিমাণে মাছ উৎপাদন হতে পারে। আমি আশা করবো [illegible] সাপ্লাইটা যাতে তৎপর হয় সেদিকে নজর দেবেন। কতকগুলি জিনিস আমি সুন্দরবনে গিয়ে জানলাম যে, ফ্রেজারগঞ্জে এবং কাঁথির উপকূলে প্রচুর পরিমাণে পামরা চিংড়ি হয়, ঐ পামরা চিংড়িকে

স্মোক্‌ড করে বিদেশে যদি চালান দেওয়া যায় তাহলে আমরা ফরেন এক্সচেঞ্জও পেতে পারি। তাঁরা বললেন সেই অঞ্চলে ৪-৫ হাজার মণ পামড়া চিংড়ি হয় এবং কাঁথি উপকূলে আরো বেশী পাওয়া যায়। তারপরে ওখানে যাঁরা অফিসার আছেন তাঁরা বললেন ওখানে এক রকমের ঝিনুক পাওয়া যায় সেই ঝিনুক থেকে পোলট্রি ফুড হতে পারে। সেগুলির ব্যবস্থা করলে তার দ্বারাও সরকারের একটা ইনকাম হতে পারে। আমি নিজে দেখেছি সেখানে মোটা মোটা ঝিনুক পাওয়া যায়, তার থেকে বোতাম হতে পারে, সেই ইন্ডাস্ট্রি সেখানে হতে পারে। আরও অনেক নূতন নূতন জিনিস করা যেতে পারে। তারপরে মাংসের যে কথা বললেন এই মাংসও একটি দরকারী জিনিস। যখন খাদ্যের অভাব হয়েছে, ব্যালেন্সড ডায়েটের অভাব হয়েছে, তখন উৎপাদনের দিকেও লক্ষ্য দেওয়া উচিত—এখনি আমার একজন বন্ধু বললেন শিলিগুড়িতে প্রচুর দুধ হচ্ছে সেই দুধ থেকে যদি আমরা যান্ত্রিক উপায়ে মাখন, কি ঘি, কি ক্ষীর বা মিল্ক পাউডার করি তাহলে আমরা সেখানে থেকে সেগুলিকে আমাদের এখানে নিয়ে আসতে পারি এবং তার দ্বারা কিছু সরকারের আয়ও হতে পারে, সেটার চেষ্টা করা উচিত। সমস্ত পশ্চিমবঙ্গে যেখানে যেটা হয় সেখানে সেটাকে ডেভালাপ করা উচিত। আপনাদের এখানে শুনলাম ৩৮ হাজার লিটার দুধ এখন পাওয়া যাচ্ছে এটা ভাল কথা কিন্তু মিষ্টান্ন শিল্প বাংলাদেশের একটা প্রধান শিল্প সেই শিল্পকে যদি রক্ষা করতে পারেন তাহলে ভাল হয়, কিন্তু সেটাকে রক্ষা করতে গিয়ে সাধারণ শিশু, যারা বৃদ্ধ, তাদের যেন দুধের অভাব না হয় সেদিকে আমাদের লক্ষ্য রাখা উচিত। বিশেষ করে শিশুদের দুধ, হাসপাতালে রোগীদের দুধ, সেটা আগে মেটাতে হবে, সেটা মিটিয়ে যদি বাড়তি হয় তাহলে তাই দিয়ে মিষ্টান্ন করতে হবে। তারপরে আমি কটেজ ইন্ডাস্ট্রির কথা বলবো। আমার মেদিনীপুর জেলায় যে শিল্পগুলি নষ্ট হতে বসেছে তার মধ্যে তসর, লাক্ষা, শঙ্খ, কংস, মাদুর, লোহা এবং চিরুনী শিল্প। এর কারণ হল এইসমস্ত জিনিস যারা তৈরী করে তারা দরিদ্র হয়ে গিয়েছে, সেই জন্য তারা এই সমস্ত জিনিস তৈরী করতে পারছে না, সেজন্য গভর্নমেন্ট থেকে চেষ্টা করে কিছু লোককে সাবসিডি দিয়ে এইসব শিল্পের যাতে উন্নতি হয় তার চেষ্টা করা উচিত। এই সমস্ত জিনিসগুলি আজকে একটা মডার্ন টেকনিকে করা উচিত। আমাদের দেশে বহু তাঁত শিল্প হতে পারে এবং সেই তাঁত শিল্প মামুলি ধরনের না হয়ে আধুনিক ধরনের হওয়া উচিত। আমাদের বাংলাদেশের বাজারে মাদ্রাজের তাঁত শিল্প প্রসার লাভ করেছে তার কারণ মাদ্রাজের তাঁত শিল্প যেভাবে আধুনিক রুচিসম্পন্ন হচ্ছে, যেভাবে শিল্প নৈপুণ্য লাভ করেছে, সেই রকম বাংলাদেশে তাঁত শিল্প হচ্ছে না। সেইজন্য আমার বক্তব্য হচ্ছে তাঁত শিল্পীদের আধুনিক বৈজ্ঞানিক প্রণালীতে শিক্ষা দিয়ে, আধুনিক রুচিসম্পন্ন ছাপ ও রঙ ইত্যাদি দিয়ে যদি বাংলা দেশের তাঁত শিল্পের উৎকর্ষ বৃদ্ধি করা যায় তাহলে বাংলাদেশের তাঁত শিল্প দ্রুত প্রসার লাভ করবে। এই দিকে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবিভূতি পাহাড়ীঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে মাননীয় মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করছি। মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয়ই জানেন এবং আমাদেরও সবার জানা দরকার যে ভারতবর্ষে যেখানে উত্তরপ্রদেশে দৈনিক পার ক্যাপিটা দুধের কনজামশন ৮·২ আউন্স, রাজস্থানে যেখানে ৮·৭ আউন্স, পাঞ্জাবে যেখানে ১৪·৭৫ আউন্স, সেখানে পশ্চিমবাংলার চিত্র হচ্ছে এই দৈনিক মাথা পিছু কনজামশন ২·৬ আউন্স। আজকে একথা ভারতবর্ষের সমস্ত দলমতের লোক স্বীকার করে নিয়েছেন যে ভারতবর্ষের গরীব মানুষের দৈনিক আয় ১৯ পয়সা, কিন্তু এই যে ২·৬ আউন্স দুধ তাও সেটা সে ব্যবহার করতে পারে না, ধনীরা বা যাদের প্রচুর বিত্ত আছে তারাই সেটাকে বেশীর ভাগ ব্যবহার করে, কিন্তু হিসাবের খাতায় গরীবের ঘাড়ে ঐটুকু দুধ পড়ে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি এই কথা আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানাতে চাই যে, গত ২০ বছর ধরে আমাদের এই বাংলাদেশে গরুর কোন উন্নতি করার চেষ্টা করা হয় নি। মাননীয় মন্ত্রিমহাশয় যে হিসাব আজকে দিয়েছেন তাতে তিনি বলেছেন যে বিভিন্ন জায়গায় গো-জাতির উন্নতির জন্য ষাঁড় বিতরণ করা হয়েছে। আমি এ সম্বন্ধে একটা কথা বলতে চাই যে, সেই ষাঁড়গুলি গরীব কৃষকের বাড়িতে থাকতে পারে না। মাসান্তে ষাঁড়গুলির জন্য ১৫ টাকা করে দেওয়া হয়, এতে গরীব কৃষকরা ষাঁড় রাখিতে পারে না, ধনীরাই তাকে পালন করে। আর একটি বিষয় আমি বলতে চাই এই বিশ বছরে বেশীর ভাগ ষাঁড় যেগুলি দেওয়া হয়েছে সেগুলির

অবস্থা এত খারাপ এবং এত খারাপ জাতের নির্বাচন করা হয়েছে যে সেই কংগ্রেসী ষাঁড়গুলি গাভী দেখলেই ভয়ে পালিয়ে যায়। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আর একটি বিষয় আমি আপনার সামনে তুলে ধরতে চাই সেটা হচ্ছে মাননীয় মন্ত্রিমহাশয় যে ফিসারী—মৎস্য চাষের উন্নতির কথা বলেছেন সে সম্বন্ধে তাঁর কাছে আমি অনুরোধ করতে চাই মৎস্য চাষের যদি পরিকল্পনা করে বাড়াতে হয়, যদি বাংলাদেশের মানুষের কাছে সস্তা দরে মাছ পৌঁছে দিতে হয় তাহলে একটা জিনিস আপনাকে দেখতে হবে সেটা হচ্ছে আগে আপনাকে বোয়াল মাছগুলিকে শেষ করতে হবে। জুনপুটে ফিসারী সম্বন্ধে একটা কথা বলতে চাই যে, জুনপুটে প্রায় ৬০০ বিঘা, আলমপুরে ১,১০০ বিঘা, এই ১৬-১৭ শত বিঘা নিয়ে ফিসারী তৈরী হয়েছে কিন্তু এই জুনপুট ফিসারী সম্বন্ধে মন্ত্রিমহাশয়ের কাছে জানাতে চাই সেখানে লক্ষ লক্ষ টাকা সরকারের খরচ হয়েছে কিন্তু একটা বিরাট বোয়াল মাছ ৯ বছর ধরে সেই ফিসারীতে আছে এবং বাড়ছে, সে সেখানে একটা জমিদারী সৃষ্টি করেছে, তার নাম ধীরেন্দ্রনাথ চক্রবর্তী, টেকনিক্যাল অফিসার ইন চার্জ। তিনি সেখানে তাঁর পরিবারবর্গ, আত্মীয় নিয়ে একটা বিরাট সাম্রাজ্য তৈরী করেছেন আর লক্ষ লক্ষ টাকা যেখানে সরকারী মূলধন নিয়োগ সেখানে লাভের খতিয়ান নেই, লোকসান। আলমপুরে ফিসারিতে ৩৫ হাজার টাকা, আর জুনপুটে ২৫ হাজার টাকা, একুনে লাভ মাত্র ১০ হাজার টাকা দেখান হয়েছে। জুনপুটে সার্ক লিভারের তেল তৈরী হয়, সেখানে যে লাভ দেখান হয়েছে সেটা যদি মন্ত্রিমহাশয় খোঁজ নেন তাহলে দেখতে পাবেন সেটাও কাগজপত্রে হিসাবের মারপ্যাঁচে সেটা দেখান হয়েছে। সেই সার্ক অয়েল যারা উৎপাদন করে তাদের বেতন দেওয়া হয় অন্য ডিপার্টমেন্ট থেকে। এই জুনপুট ফিসারিতে তিনি তাঁর কয়েকটি ভাগনেকে সার্ক লিভার অয়েলের কাজে লাগিয়েছেন। এই সার্ক লিভার অয়েলের ব্যাপারে যারা পুরানো কর্মচারী আছে তাঁরা বেশী বেতন পায় না, সত্যেন সেন, যে বহুকাল আছে তার বেতন বৃদ্ধি হয় না, কিন্তু এই ধীরেনবাবুর নিজের ভাগনে তার নাম অরুণ তলাপাত্র, তাকে স্পেশাল পে দিয়ে রাখা হয়েছে। তাঁর আর এক সম্পর্কে ভাগনে, নাম সুপ্রকাশ মজুমদার, তাকেও স্পেশাল পে দিয়ে রাখা হয়েছে। যেখানে ৫০ হাজার টাকা লাভ হওয়া উচিত সেখানে মাত্র ঐ সামান্য লাভ দেখান হয়েছে। এই ধীরেনবাবু কন্টাই ফিসারির লঞ্চ নিয়ে নিজে ডায়মন্ডহারবারে বেড়াতে যান, তারপর কলকাতায় [illegible] এই ৯ বছরের জঞ্জালকে আপনি আগে শেষ করুন, লক্ষ লক্ষ টাকা সেখান থেকে আয় হবে এবং ফিসারি ডিপার্টমেন্টের উন্নতি হবে। আর একটা কথা হচ্ছে এই যে মাননীয় মন্ত্রিমহাশয় গোবরায় ১১ শত একর জায়গা নেওয়ার কথা বলেছেন। রামনগরে যেখানে কাজু বাদাম হয় এবং যেখানে ধান হয়। এই ধানের এবং কাজু বাদামের জায়গা যেন না নেওয়া হয় এটা যেন মন্ত্রিমহাশয় বিবেচনা করেন।

[5-5—5-15 p.m.]

শ্রীবিনয়কুমার চট্টোপাধ্যায়ঃ মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আজকে মন্ত্রিমহাশয়ের প্রারম্ভিক ভাষণে উনি যেসব কথা বলেছেন এবং যে সত্য পরিবেশন করেছেন এবং সমর্থনে যেসব কথা বলেছেন সেটা আমি শুনেছি। একটা কথা আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে জানাতে চাই যে, আজকে সকালবেলা আমাকে অন্তত ৯০ জন এই কথাই বললো —মাছ, ডিম, মাংস চাই দুধ চাই, মাখন চাই, এই কথাটাই প্রতিদিন সকালে-রাত্রে শুনতে হয়। আমি একটা হাসপাতালের ডেপুটি সুপারিনটেন্ডেন্ট। এই জন্য রোজই মাছ, ডিম, মাংস খাব ইত্যাদি শুনতে শুনতে কান পচে গেছে। তাদের কাছ থেকে যে কথা শুনলাম বা তারা অনুরোধ করলো যে এ কথাটা মন্ত্রিমহাশয়ের কানে যেন যায়, সেটা হচ্ছে প্রতিদিন মাছ পচা বা এদিক-ওদিক একটু হচ্ছে, সেটা যদি মন্ত্রিমহাশয় ব্যবস্থা করে দেন ঐ রানাঘাট টি বি হাসপাতালের জন্য তাহলে আমার আর রোজ অভিযোগ শুনতে হয় না। আমি ধন্যবাদ দিচ্ছি, কারণ ডিমটা ও'দের ফার্ম থেকে প্রতিদিন পাই। মৎস্য দপ্তর সম্বন্ধে আর একটা কথা না বললে হয়ত আমার বক্তব্য অসম্পূর্ণ থেকে যাবে সেটা হচ্ছে আমদা বিলের কথা। মন্ত্রিমহাশয় সেটা দেখেছেন এবং তা করার জন্য যথেষ্ট চেষ্টা করছেন। আমি তাঁকে বলছি ঐ যে ৫-এ বলে যে আইন আছে, জমিদার যে জমি ভেস্ট করছে সেসব কাগজ নাকি এদিক-ওদিক হয়ে গেছে। যার ফলে গন্ডগোল হতে পারে। আমি একটা কথা বলতে চাচ্ছি যে, তাহেরপুর কলোনীর ব্যাপারে। তিনি নিশ্চয়ই সেখানে গিয়েছেন এবং জানেন। সেখানে একটি বিরাট কলোনীর সৃষ্টি হয়েছে, সেখানে একটি স্পিনিং মিল করার

কথাও হয়েছিল ও তার জন্য জমিও দেওয়া হয়েছিল ও টাকা পয়সাও কিছু খরচ করা হয়েছিল। কিন্তু দেখা গেল নানা কারণে সেটা হল না। এই তাহেরপুর কলোনীতে যে লোক আছে তাদের কিছু রোজগারের জন্য এমন কিছু করা দরকার যাতে এমন একটা ইন্ডাস্ট্রি সেখানে গড়ে তোলা দরকার যার ফলে সেই কলোনীর লোকেরা কাজ করে খেয়েপরে বাঁচতে পারে। আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে বিশেষভাবে অনুরোধ করব তিনি যেন তাহেরপুর কলোনীর কথা বিশেষ ভাবে চিন্তা করেন। এবং গভর্নমেন্ট স্পনসর্ড কিছু একটা ইন্ডাস্ট্রি করতে তাকে অনুরোধ করছি। আমরা শুনেছি যে ওখানে সেরামিক ইন্ডাস্ট্রি গড়ে তোলার কথা আছে, আমি বলি যদি এটা সত্বর গড়ে তোলেন তাহলে অনেক লোক সেখানে কাজ পাবেন। এই সেরামিক ইন্ডাস্ট্রি যদি তাড়াতাড়ি করা হয় তাহলে রানাঘাটের আশেপাশের রিফিউজীরাও কাজ পাবেন এবং তাহলে বেকার সমস্যার অনেক সমাধান হবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীআজিজুর রহমান: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পশুপালন এবং ক্ষুদ্র কুটির শিল্পের মন্ত্রিমহাশয় যে তিনটি বিষয়ের ব্যয়বরাদ্দ এনেছেন আমি তার সম্বন্ধে আলোচনা করে আমি আমার কিছু বক্তব্য রাখছি। আমি প্রথমে গবাদি পশু সম্বন্ধে কিছু বলতে চাই। আমাদের বাংলাদেশের কৃষি উন্নয়নের সঙ্গে গবাদি পশুর উন্নয়ন অঙ্গাঙ্গিভাবে জড়িত। তাই আজ দৈহিক বলসম্পন্ন গরুর আমাদের বাংলাদেশে গ্রামবাংলায় প্রয়োজন দেখা দিয়েছে কিন্তু আমরা দেখতে পাই যে নানাবিধ কারণে এই দৈহিক শক্তিসম্পন্ন গরুর আজ পশ্চিমবাংলায় খুব অভাব। এর সম্বন্ধে কোন প্রকল্প নিতে গেলে প্রথমে একটা জিনিসের প্রতি লক্ষ্য রাখতে হবে যে, যেসমস্ত অবাঞ্ছিত ষাঁড় দেখা যায় তার সম্পূর্ণ উচ্ছেদসাধন করা দরকার, অবশ্য মাননীয় মন্ত্রী তাঁর বক্তব্যে বলেছেন যে কিছু কিছু অঞ্চলে এই ষাঁড়ের উচ্ছেদ সাধনের তিনি ব্যবস্থা গ্রহণ করেছেন। কিন্তু আমি বলবো কোন কোন অঞ্চল বিশেষ নয় সমগ্র বাংলাদেশ থেকে এই অবাঞ্ছিত ষাঁড়ের যাতে উচ্ছেদের ব্যবস্থা করা হয় এবং ভাল ষাঁড় বাংলাদেশে যাতে আমদানী হয় তার ব্যবস্থা যেন তিনি অবিলম্বে করেন। তারপর কৃত্রিম গো-প্রযোজন ব্যবস্থা ব্যাপকভাবে যাতে প্রসার লাভ করে সে বিষয়ে আমি মাননীয় মন্ত্রীর বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি। আজকে মানুষের খাবারের মতও আজকে গরুর খাবারেরও একটা প্রচন্ড অভাব বাংলাদেশে দেখা যায়। গরু পুষ্টিমূলক আহার ঠিকমত পায় না। তার কারণ যেসমস্ত গোচারণ ভূমি ছিল সেগুলি কৃষির তাগিদে চাসআবাদে পরিণত হয়েছে। কাজেই গরুর খাদ্যের অভাব আমরা গ্রামবাংলায় বেশ অনুভব করি। সেজন্য গরু যাতে পুষ্টিমূলক খাবার পায় তার যেসমস্ত ঘাস-বীজ যেমন নেপিয়ার ঘাস প্রভৃতি আছে তার বীজ যাতে গ্রামের চাষীরা প্রচুর পরিমাণে পায় তার জন্য মাননীয় মন্ত্রিমহাশয় যেন বিশেষভাবে নজর দেন।

[5-15—5-25 p.m.]

তারপর গরুর চিকিৎসার ক্ষেত্রে এমন দেখা যায় যখন গো-মড়ক উপস্থিত হয় তখন গ্রাম থেকে গ্রামান্তরে গরু একেবারে নিঃশেষিত হয়ে যায়। সেজন্য ব্লকে ব্লকে গরুর চিকিৎসার জন্য যেসমস্ত ব্যবস্থা আছে সেই ব্যবস্থা আরো বলিষ্ঠ হওয়া প্রয়োজন বলে আমি মনে করি। তারপর গরুর চিকিৎসার ক্ষেত্রে বা কৃত্রিম প্রজননের ক্ষেত্রে যেসমস্ত কর্মচারী নিযুক্ত আছেন তাঁদের বেতন এবং স্ট্যাটাস্ সম্বন্ধে বৈষম্যমূলক আচরণের জন্য অনেক ক্ষেত্রে তাঁদের মধ্যে উষ্মার কারণ দেখতে পাওয়া যায় এবং কাজে গাফিলতির অনেক পরিচয় আমরা পেয়ে থাকি। আমরা দেখতে পেয়েছি যে ভেটারিনারী কোয়ালিফাইড যাঁরা ডাক্তার আছেন তাঁদের ইতিমধ্যে গেজেটেড স্ট্যাটাস দেওয়া হয়েছে কিন্তু ঐ ডিরেকটরেটে যাঁরা অ্যানিমাল হাজব্যান্ড্রি এবং মিল্কে আছেন তাঁদের সেবকম গেজেটেড স্ট্যাটাস দেওয়া হয় নি, অথচ তাঁরা সকলেই সম শিক্ষিত। তারপর বাংলাদেশের গ্রামে যেসমস্ত ইনসেমিনেটার অ্যানিমাল হাজব্যান্ড্রিতে রয়েছেন সেখানে দুরকম কর্মচারী দেখতে পাই। এক রকম কর্মচারী তাঁদের বেতন হচ্ছে ১২৫—২০০, তাঁরা ইনসেমিনেটার বলে পরিচিত আর একটা দেখতে পাই ফিল্ড অ্যাসিস্ট্যান্ট, তাঁদের বেতন হচ্ছে ১০০—১৪০ টাকা। কিন্তু আমরা দেখতে পাই যিনি ইনসেমিনেটারের পোস্টে আছেন তাঁর কাজ মাত্র গো-প্রজনন ব্যবস্থা দেখা এবং ফিল্ড অ্যাসিস্ট্যান্টদের কাজের তালিকা অনুসারে দেখা যায় তাঁদের প্রতি বিশেষ

অবিচার করা হয়। তাঁদের সম্প্রসারণের ক্ষেত্র ঠিক ৫ মাইল গণ্ডির মধ্যে এবং তাঁদের অফিস পরিচালনা করতে হয়, প্রজনন বিষয়ে রেজিস্টার, প্রত্যেক ষাঁড়ের রেজিস্টার, কতগুলি জন্ম নিল তার রেজিস্টার, দুধের সমীক্ষার রেজিস্টার প্রভৃতি সংরক্ষণ করতে হয়। এই যে ইনসেমিনেটার এবং ফিল্ড অ্যাসিস্ট্যান্টদের বেতনের ক্ষেত্রে বৈষম্যমূলক আচরণ এটা না থাকাই উচিত। আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি এ বিষয়ে আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীপ্রবোধ পুরকায়েত: মাননীয় সভাপাল মহাশয়, আজকে আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় এখানে যে ব্যয়বরাদ্দ উপস্থিত করেছেন সেই ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমি ২-৪টি কথা রাখতে চাই। আমাদের বাংলাদেশে আমরা যারা বাঙ্গালী আমাদের খাদ্যের মধ্যে প্রধান একটা উপাদান হচ্ছে মাছ। সেই মাছটাকে আমাদের দেশে একটা স্টেবল ফুড হিসাবে আমরা গ্রহণ করি। আজকের দিনে যে অবস্থা দেখা গিয়েছে মাছের প্রচণ্ড অভাব এবং এই জন্য আমরা যত কিছু বলি না কেন মাছের যদি উৎপাদন বৃদ্ধি না করা যায় তাহলে আমরা মাছ সরবরাহ করতে পারবো না। সেই জন্য আমাদের এমন বাস্তব পরিকল্পনা নিতে হবে যার ফলে আমাদের বাংলাদেশে পর্যাপ্ত পরিমাণে মাছ উৎপাদন করা যেতে পারে এবং তার ফলে আমাদের দেশে যে মাছের অভাব সেটা পূরণ করা যাবে। আমরা জানি যে বিগত দিনে কংগ্রেস সরকার যখন এখানে ছিলেন তখন তাঁরা গভীর সমুদ্রে মাছ ধরার জন্য পরিকল্পনা নিয়েছিলেন এবং সেই গভীর সমুদ্রে মাছ ধরার জন্য তাঁরা অনেক ট্রলার এনেছিলেন এবং দেখা গেছে এই গভীর সমুদ্রে মাছ ধরার জন্য তাঁরা প্রচুর অর্থ ব্যয় করেছেন এবং তার ফল দেখা গেছে যে একটা বিরাট অশ্বডিম্ব তাঁরা প্রসব করেছেন, যার ফলে একদিকে টাকা প্রচুর ব্যয় হয়েছে কিন্তু কাজের কিছু হয় নি এবং অপর দিকে তাঁরা যতটুকু মাছ পেয়েছিলেন সেই মাছটাকে সরাসরি বাজারে ক্রেতাদের কাছে তাঁরা বিক্রী করার কোন ব্যবস্থা করেন নি। বরং দেখা গেছে তৎকালীন মন্ত্রীসভার বিশিষ্ট মন্ত্রীর সঙ্গে সংযুক্ত ছিলেন এমন এক ব্যক্তি যাঁকে কম দামে দেওয়া হয়েছিল এবং তিনি কন্ট্রাক্ট নিয়ে সরকারের কাছ থেকে মাছ নিয়ে বাজারে চড়া দামে বিক্রি করে প্রচুর মুনাফা লাভ করেছিলেন। আমি মনে করি যে সে সময় যে পরিকল্পনা নেওয়া হয়েছিল তার ফলে উপযুক্তভাবে গভীর সমুদ্রে মাছ ধরার যে পরিকল্পনা এক্সপেরিমেন্ট ঠিকভাবে করেন নি যার ফলে কেন্দ্রীয় সরকারের উপর এই পরিকল্পনা ছেড়ে দিয়েছিলেন এবং কেন্দ্রীয় সরকারের অনেক কথা বলবার আছে সেজন্য মন্ত্রিমহাশয়কে বলবো গভীর সমুদ্রে মাছ ধরার যে পরিকল্পনা সে এক্সপেরিমেন্ট করা উচিত যে সমুদ্রে মাছ ধরা যায় কিনা, কারণ সমুদ্রে যেসমস্ত মাছ পাওয়া যায় সেসমস্ত মাছের দ্বারা আমাদের অনেকখানি ঘাটতি পূরণ করা যেতে পারে। তারপর যে সমস্ত বিলগুলি এখনও বড় বড় জমিদারদের হাতে আছে সে বিলগুলিতে তারা মাছ চাষের কাজে ব্যবহার করেন না। তাই মন্ত্রিমহাশয়কে চিন্তা করতে বলবো এসমস্ত বিল যদি সরকার একোয়ার করে মাছ চাষ করা যায় তাহলে দেশের অভাব দূর হবে। আর একটা কথা হচ্ছে যে মাছের অভাব এবং মাছ লাভজনক ব্যবসা বলে দেখা যায়, খালে-বিলে যেসমস্ত মাছ আছে, সে খাল-বিলগুলোতে জালা দিয়ে শুধু যে মাছ ধরছে তা নয়, জল ছেঁচে সমস্ত বীজ ধরে নিয়ে যাচ্ছে যার জন্য বীজ কমে যাচ্ছে। সেজন্য এরূপ ব্যবস্থা করা দরকার যাতে খাল-বিল ছেঁচে না ফেলে এবং পরবর্তী বৎসরে সে বীজের দ্বারা যাতে মাছের বংশ বৃদ্ধি হতে পারে সেদিকে নজর দেওয়া দরকার। সরকারের অধীনে মাছ চাষ করতে গেলে অল্প দামে ভাল পোনা সরবরাহের দায়িত্ব নিতে হবে, সেজন্য বিভিন্ন এলাকায় যেসমস্ত বিল রয়েছে সে মাছের ডিম নিয়ে মাছের পোনা চাষ করা দরকার। তারপর মৎস্যজীবীদের দ্বারা যেসমস্ত সমবায় সমিতি আছে তাতে প্রচুর দুর্নীতি আছে, আমার এলাকায় ফণী নদী মৎস্যজীবী সমবায় সমিতি, ঠাকুরাল মৎস্যজীবী সমিতি নামে সমিতি রয়েছে।

[5-25—5-35 p.m.]

তাতে মৎস্যজীবী আছে কিনা সন্দেহ, কয়েকজন চক্রান্তশীল বড় বড় ব্যবসায়ী এই সমিতি গঠন করে মুনাফা অর্জন করছে এবং সরকারের কাছ থেকে সাহায্য নিচ্ছে। গুড়গুড়ির উদ্বাস্তু ভাইদের অকল্যান্ডের মাধ্যমে জলা জমি বন্টন করা হয়েছিল, সেই জমি বণ্টনের ক্ষেত্রে দেখা গেছে যে সমবায় সমিতি গঠন করা

হয়েছিল তাতে সাধারণ মৎস্যজীবীর স্থান নেই, সেখানে কংগ্রেস চক্রান্ত করে সমিতি গঠন করছে। সেজন্য আমি বলবো অবিলম্বে সরকার পক্ষ থেকে মৎস্যজীবী সমবায় সমূহ করে তা পরীক্ষা-নীরিক্ষা করা দরকার। দেখতে হবে প্রকৃত মৎস্যজীবী এদের দ্বারা উপ- হচ্ছে কিনা। সেজন্য সরকারের কাছে আমি দাবী করি অবিলম্বে সেগুলি তদন্ত করার জন্য একটা কমিশন তৈরী করা। আমি এই বিষয়ে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং তিনি যে ব্যয়বরাদ্দ এনেছেন তাকে সম্পূর্ণ সমর্থন করে আমার বক্তৃতা শেষ করছি।

শ্রীআবদুল লতিফঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দের দাবী উত্থাপন করেছেন সেই সম্বন্ধে বলতে গিয়ে আপনার মাধ্যমে তাঁর সামনে আমার বক্তব্য উপস্থিত করছি। আমাদের বাংলাদেশ কৃষিপ্রধান দেশ। কৃষির উন্নতির উপর আমাদের দেশের উন্নতি নির্ভর করছে। আমাদের দেশের জমিগুলি এত ছোট ছোট এবং এত অবৈজ্ঞানিক পদ্ধতিতে চাষ করা হয় যার জন্য এর উন্নতি হচ্ছে না। সুতরাং গবাদি পশুর উন্নতির উপর আমাদের দেশের উন্নতি নির্ভর করছে। কিন্তু দুঃখের বিষয় আমাদের দেশের গবাদির অবস্থা অত্যন্ত খারাপ। কারণ চাষীরা এইরকম অবস্থায় চাষ করছে তাতে তাদের যে গরু বা গাই তারা পুষছে, তারা তাদের খাওয়াতে পারছে না, আবার নিজেদের পেটেও ভাত নেই। সুতরাং কি করে এর উন্নতি করা সম্ভব। খড় এবং খইল-এর এত দাম যে তারা গরুকে খাওয়াতে পারে না। সুতরাং এ বিষয় আমাদের চিন্তা করতে হবে। সারপ্লাস ধান যেমন আইন করে বড় বড় চাষী ও জোতদারের কাছ থেকে সরকার নিয়ে নিচ্ছেন সেরকম এদের কাছ থেকে সারপ্লাস খড় নিয়ে চাষীদের সস্তা দরে দেওয়া উচিত। খইলের দাম অত্যন্ত বেশী হয়েছে, খইল যাতে গরীব চাষিদের কম দামে দেওয়া হয় তার ব্যবস্থা করা উচিত। এই কথা সত্য যে গাই-এর উন্নতির উপর চাষীদের উন্নতি নির্ভর করছে। গরু যদি ঠিকমত বলিষ্ঠ না হয় তাহলে চাষ হবে না। আবার চাষী যে লাঙ্গল ধরে তার স্বাস্থ্য যদি ঠিকমত না থাকে তাহলে সে লাঙ্গল ধরে চাষ করতে পারবে না। সুতরাং চাষী যাতে দুধ পায় সেই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। মৎজীবীর কথা আমি বলবো। বেল-ডাঙ্গার কথা আমি বলেছি। সেখানে একটা বড় বিল ছিল, জমিদারী উচ্ছেদ হবার পর সেই বিল সরকারের খাসে এসেছে। সেখানে একটা খাল হওয়ার জন্য সেখানকার জল নেমে যায়। সেখানে প্রায় ৪০০ ঘর মৎস্যজীবি আছে, তাদের এর উপর জীবিকা অর্জন করতে হয়। সেদিকে যদি মন্ত্রিমহাশয় দৃষ্টি দেন ভাল হয়। মুর্শিদাবাদ জেলার ভান্ডারদহ বিল সম্পর্কে আমি মন্ত্রিমহাশয়কে বলেছিলাম, মন্ত্রিমহাশয় বলেছিলেন যে এর জন্য একটা স্কীম নিচ্ছি। আমি সেখানে বলেছিলাম যে মাছ বাড়াতে গেলে সেখানে পাটের অসুবিধা হবে। এখানকার যে পাট হয় সেটা ফার্স্ট ক্লাস পাট। ভান্ডারদিহি জলে পাটের রং ভাল হয় সুতরাং এ বিষয় একটা পরিকল্পনা করতে হবে যাতে চাষীদের ক্ষতি না হয় এবং মাছের চাষ বাড়ে সেদিকে দৃষ্টি দিতে হবে। বেলডাঙ্গার ফডার স্কীম বলে আর একটা স্কীম আগের সরকার নিয়েছিলেন এর জন্য ৩০-৪০ একর জমি একোয়ার করা হয়েছে। আমিই চেষ্টা করেছিলাম যাতে এ গভর্নমেন্ট পায়। কিন্তু এখনও পর্যন্ত তারা তাদের জমির দাম পায় নি। এই টাকা যাতে তাড়াতাড়ি পায় তার জন্য ব্যবস্থা করুন।

আর একটি জিনিস আমি এখানে উল্লেখ করতে চাই। সেটি হচ্ছে এই, আমার বাবা তিন বিঘা জমি ভেটেরিনারি হসপিটালের জন্য দান করেছিলেন। কিন্তু এটা খুব আস্তে আস্তে হচ্ছে। এখন পর্যন্ত কমপ্লিট হয় নি। এর জন্য গো চিকিৎসার পক্ষে আমাদের খুব অসুবিধা হচ্ছে। বেলডাঙ্গায় পাইয়োনিয়ার ইন অ্যানিম্যাল হাসব্যান্ড্রি নেই। সেখানে প্রিপারেশানের দিকে তিনি যেন একটু নজর রাখেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীনুরুল ইসলামঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মৎস্যমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ উত্থাপন করেছেন আমি তা সমর্থন করছি। আজকে মাছের উৎপাদন বৃদ্ধি করতে হলে বড় বড় পুকুরগুলিকে সংস্কার করতে হবে। আমরা জানি আমাদের মালদহ জেলার বড় বড় পুকুরগুলি আজকে জঙ্গলে পরিণত হয়ে গেছে। সেই পুকুরগুলিকে যদি সংস্কার করা যায় তাহলে মালদহ জেলায় প্রচুর মাছের উৎপাদন করতে পারা যায়। মালদহ জেলার মৎস্যজীবীরা আজকে দারুন

সমস্যার সম্মুখীন হয়েছে। মালদহ জেলার মধ্যে দিয়ে মহানন্দা নদী গঙ্গা নদীর পাশ দিয়ে বহে গেছে। কিন্তু সেখানে মৎস্যজীবীদের মাছ ধরার কোন অধিকার না থাকার জন্য তারা আজকে পথে বসেছে। সেই জন্য আমার দাবী হচ্ছে এই যে, আজকে সেই সমস্ত পুকুরগুলিকে সংস্কার করা প্রয়োজন এবং যেসব পুকুরগুলি আজকে ভেস্ট হয়েছে সেগুলিকে সমবায়ের মধ্যে দিয়ে তাদের বন্দোবস্ত দিলে তারা খুব উপকৃত হবে। গঙ্গার ধারে যেসব মৎস্যজীবীরা বাস করে তাদের গঙ্গায় মাছ ধরার অধিকার দিতে হবে। আজকে যেমন বাংলাদেশের চাষীরা ভূমি নিয়ে আন্দোলন করছে তেমনি মৎস্যজীবীরাও মাছ ধরার অধিকার নিয়ে আন্দোলন করছে। জাল কেনার জন্য মৎস্যজীবীদের যেসব ঋণ দেওয়া হয়, সেগুলি তারা ঠিকমত পায় না। আমরা দেখেছি যে অনেক বড় বড় মহাজনরা জাল তৈরী করে রাখে এবং সেগুলি মৎস্যজীবীদের কাছে ভাড়া খাটিয়ে তারা পয়সা নেয় এবং তারপরে একদিন তাদের সেইভাবে পথে বসায়। ওখানকার মৎস্যজীবীদের নৌকা ভাড়া করতে হয় এবং তারপরে শেষ পর্যন্ত দেখা যায় যে তাদের ঘটি-বাটি ইত্যাদি সমস্ত কিছু জিনিস বিক্রি করতে হয়। সেইজন্য আমি মৎস্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যে, তাদের সেইসব নদীগুলিতে এবং গঙ্গায় মাছ ধরার অধিকার দিতে হবে। জাল তৈরী করার জন্য তাদের উপযুক্ত পরিমাণ ঋণ দিতে হবে। আমাদের মালদহ জেলার কালিয়াচক থানায় যেসব কুটিরশিল্প বা রেশম শিল্প আছে সে সম্বন্ধে আমি এখানে দু-একটি কথা বলতে চাই। সেই রেশম শিল্প থেকে আমাদের মালদহ জেলায় দেড় কোটি টাকা আমদানি হয়। আমরা আমাদের কেন্দ্র করে একটি কুটির শিল্প গড়ে তুলতে পারি। সেখানে যদি আচার এবং অন্যান্য জিনিস উৎপাদনের একটি কেন্দ্র গড়ে তুলতে পারি তাহলে সেদিক দিয়ে মালদহ জেলার সাধারণ এক শ্রেণী শ্রমিকদের প্রচুর উপকার হবে। রেশম সম্বন্ধে বলতে গিয়ে আমি এই কথা বলতে চাই যে সেখানে যে মটকা উৎপাদন হয় সেই মটকা ও রেশম উৎপাদন আমাদের কালিয়াচকই শ্রেষ্ঠ স্থান অধিকার করে আছে। কিন্তু রেশম চাষীরা যে অনুপাতে পরিশ্রম করে সেই অনুপাতে [illegible] আজকে লাভ হয় না। রেশম নিয়ে বড় বড় ব্যবসায়ীরা ফাটকাবাজী করছে। এই ফাটকাবাজী বন্ধ করতে পারলে রেশম চাষীরা উপকৃত হবে এবং ওখানকার ঐ রেশমকে কেন্দ্র করে যদি পশু পালন অর্থাৎ মুরগীর চাষ বৃদ্ধির কথা যা বলছেন তা হতে পারে। কারণ রেশমের গুটি থেকে যে পোকা ফেলে দেওয়া হয় সেই পোকা মুরগীর উপযুক্ত খাদ্য। সেই খাদ্য খেয়ে মুরগীরা প্রচুর ডিম উৎপাদন করতে পারে। তাই সেখানে একটি মুরগী উৎপাদন কেন্দ্র খোলা দরকার এবং সেখানকার গ্রামাঞ্চলেও সেই সব উৎপাদন করার জন্য চেষ্টা করা উচিত। কালিয়াচকে রেশম যেটা বৃহৎ শিল্প তাকে কুটির শিল্প হিসাবে জোর দেওয়ার কথা বলছি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-35—5-45 p.m.]

ডাঃ রঞ্জিত ঘোষচৌধুরী: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আজ মোটামুটি আমার বক্তব্য স্মল স্কেল ইন্ডাস্ট্রিজের মধ্যেই সীমাবদ্ধ রাখব। মাননীয় মন্ত্রিমহাশয় যে দৃষ্টি-ভঙ্গি থেকে একে বিচার করতে চেয়েছেন আমি তাঁর সঙ্গে সম্পূর্ণ একমত যে, আজকে বাংলা-দেশের মানুষকে যদি শুধু কৃষির উপর নির্ভরশীল করে তার অর্থনৈতিক কাঠামো বিচার করবার চেষ্টা করি তাহলে ভুল হবে। সেইজন্য বলবো হাওড়ার চারিধারে বাংলাদেশের শতকরা ৮৫ ভাগ ক্ষুদ্রশিল্প কুটিরশিল্প কনসেনট্রেটেড হয়ে আছে তাকে বাংলাদেশের গ্রামাঞ্চলে যে ছড়িয়ে দেওয়া উচিত সে বিষয়ে কোন সন্দেহ নেই। আজ তাই আমার একটিমাত্র সাজেশন হচ্ছে কারা উদ্যোগী হয়ে এগিয়ে আসবে সেদিকে নজর না রেখে সরকার যেন নিজেই উদ্যোগী হয়ে এগিয়ে আসেন। মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে, এ'দের একটা সংস্থা আছে, সেটা হচ্ছে ওয়েস্ট বেঙ্গল স্মল স্কেল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন। তাঁরা নাকি যাঁরা আগ্রহশীল, তাঁরা বিভিন্ন ব্যাপারে ব্যগ্রতা দেখান নি বলে সাহায্য করতে পারেন নি। তাই আমি বলবো মাননীয় মন্ত্রিমহাশয়ের সততায় আমি বিশ্বাস করি, তবুও তাঁকে দিয়ে হয়ত কেউ অসত্য তথ্য এই হাউসে পরিবেশন করিয়েছেন। এই শঙ্খশিল্পীদের ব্যাপার নিয়ে ডঃ সান্যাল এবং পূরবী দেবী যা বলেছেন সে সম্বন্ধে আমি জানি যে, এই স্মল-স্কেল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের জিনিস ম্যানেজিং ডিরেক্টর এবং অন্যান্যরা তাঁরা একটি বাস্তুঘুঘু এবং ঘুষের ঘাঁটি। আমার মনে

আছে যখন তরুণকান্তি ঘোষ মহাশয় মন্ত্রী ছিলেন তখন আমি কিছুটা সমর্থ হয়েছিলাম এই ঘাঁটি ভাঙ্গতে। আমি ব্যক্তিগতভাবে একটি কথা মাননীয় মন্ত্রিমহাশয়কে বলব যে এই শঙ্খশিল্পীদের ব্যাপারে হয় তিনি খোলাবাজার করে দিন আর তা না হলে এই স্মল স্কেল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, যাঁরা শুধু বাংলাদেশে ২৯টি সোসাইটি থাকা সত্ত্বেও বেছে বেছে বাগবাজারে তিনটি সোসাইটিকে মাল না দেয় সেদিকে সতর্ক দৃষ্টি রাখবেন। আর একটি কথা আমি বলব, মন্ত্রিমহাশয় যেকথা বলেছেন যে, স্কুটার সম্পর্কে, ও'র হয়ত জানা নেই যে, আমরা যেদিন শিল্পের খাতে আলোচনা করেছিলাম সেইদিন আমি কংগ্রেস তরফ থেকে স্কুটার ইন্ডাস্ট্রি সম্পর্কে আমি আমার সাজেসনস রেখেছিলাম এবং মাননীয় সুশীল ধাড়া মহাশয় সেটা গ্রহণ করেছিলেন। আমি জানি না যদি কাশীকান্তবাবু করতে পারেন ভাল কথা, যদি স্মল-স্কেল-এ স্মল স্কুটার হয়, আমরা স্মল পার্স দিয়ে কিনতে পারব। আর একটা কথা বলি, আজকে বাংলাদেশে যে কুটিরশিল্প তার ভবিষ্যৎ নির্ভর করছে যাঁরা এই শিল্পে আসবেন তাঁদের সততার উপর। যদি অসৎ মানুষ আসেন তাহলে যে অবস্থায় আজকে আছে তার থেকে আরও অবনতি ঘটবে। আমার রাগ নেই এবং কোন ক্ষোভ মনে না নিয়ে গভীর মনোবেদনার সঙ্গে আমি বিধানসভায় একটা প্রসঙ্গ উত্থাপন করতে চাই। ওয়েস্ট বেঙ্গল খাদি এবং ভিলেজ ইন্ডাস্ট্রিজ বোর্ডের অন্তর্গত একটি সমিতি আছে। আমি সেই সমিতির নাম এবং তার ট্রেজারারের নাম শেষকালে বলব—একটি ইনকোয়ারি কমিটি হয়েছিল তার মন্তব্যগুলো আমি এই সভায় তুলে ধরতে চাই

> Although the Treasurer reported the abovesaid position of Hand-pounding of rice but it is very difficult to believe that paddy worth heavy amount like Rs. 9,000 was sold on credit and still the amount was unrealised.

(ভয়েসেসঃ এনকোয়ারিটা কার আমলে হয়েছিল? কে করেছিল?)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, তিনটা ঘানির ভেতর দুটো আইডিল হয়ে পড়ে আছে। এ ক্ষেত্রে আমার সেই কথা মনে পড়ে—নিশ্চিন্তপুর গ্রামে একটি নিঃসন্তান রাজা ছিলেন। তাঁর তিনটি ছেলের মধ্যে দুটি নেংটা, আর একটি ছেলের কাপড় নাই। যা হোক, আর একটা জায়গার পড়ে শোনাচ্ছি

> It is against the rules and undesirable at the same time that Treasurer should keep such a heavy amount in hand. He be asked to deposit the entire amount with the Bank immediately and report of compliance be submitted to the Board within a week's time.

আর একটা জায়গায় বলা হচ্ছে—

> All the loans and grant received by the institution should be verified by the papers of the Board. From the above materials, we cannot definitely say whether the grant amount was spent properly and strictly to the purpose meant for.

তারপর আর এক জায়গায় বলা হচ্ছে—

> Thus it could not be ascertained how and where Rs. 5,842.40 are lying at present. The institution should be requested to clarify the above position immediately and cash in hand amounting to Rs. 1,961.00 should at once be deposited with the Bank.

স্যার, এই এনকোয়ারি রিপোর্টের ভিত্তিতে ওয়েস্ট বেঙ্গল খাদি ভিলেজ ইন্ডাস্ট্রিজ বোর্ড এই সিদ্ধান্ত নিলেন—

> **It was resolved that legal action should be taken immediately for attachment of the property of the Samity for the recovery of the Board's money.**

এই সমিতিটা হচ্ছে মহিষাদল থানা গ্রামোদ্যোগ সমিতি ভিলেজ তাজপুর। এর ট্রেজারার ছিলেন মাননীয় সুশীলকুমার ধাড়া মশায়, যাঁকে আমরা মন্ত্রিপদে আসীন দেখছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গণতন্ত্রের সাফল্য নির্ভর করে যে সরকার পক্ষ, ট্রেজারী বেঞ্চ বিরোধীপক্ষের যেসমস্ত অভিযোগ আছে, বিরোধীপক্ষের সদস্যারা যেসমস্ত অ্যালিগেশনস নিয়ে এসেছে, সেই সম্পর্কে তাঁদের পরিষ্কার মতামত এই সভার সামনে উত্থাপন করবেন, তবেই গণতন্ত্রকে সফল করে তোলা সম্ভব হবে বলে আমি আশা করি। মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি শ্রদ্ধা করি, তাঁর অর্নেস্টি এবং ইন্টিগ্রিটি সম্বন্ধে কারও এতটুকু সন্দেহ আসা ঠিক নয়।

মাননীয় কাশীকান্ত মৈত্র মহাশয়, মুরগি-হাঁসের কথা বলেছেন। কিন্তু হাঁসদার কথা কিছু বলেন নাই। অনেক হাঁসদা আছেন গ্রামাঞ্চলে যাঁরা হাঁড়িয়া খেতে অভ্যস্ত, সেই একটি কুটির-শিল্প। সেখানে তা ছেড়ে কেন এই হাঁসদারা শহরে আসবেন? তাহলে আর এই ৩৭৭ ঘন ঘন হবে না। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-45—5-55 p.m.]

Point of order

শ্রীবজলে আহমেদ: স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার। আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, যে কাগজ নিয়ে উনি পড়েছেন এবং আমাদের সবাইকে শুনিয়েছেন সেটা উনি নিশ্চয় আপনাকে দেবেন।

শ্রীকালীপদ মণ্ডল: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে অনারেবল মিনিস্টার আমাদের সামনে যে ব্যয়-বরাদ্দ রেখেছেন, আমি তাঁকে সর্বান্তকরণে সমর্থন জানাচ্ছি। আজকে বিরোধী পক্ষের কোন কোন সদস্য বলছেন, ব্যয়বরাদ্দের পরিমাণ অনেক কম হয়েছে। এটা সত্যি কথা হয়ত, তাঁদের রাজত্বকালে যে পরিমাণ টাকা বরাদ্দ করেছিলেন, তার তুলনায় হয়ত কিছু কম টাকা বরাদ্দ হয়েছে। কিন্তু তাঁরা যেভাবে টাকা ব্যয় করেছেন তারই কিছু কিছু উল্লেখ করতে চাই। আমরা দেখেছি জাপান থেকে গভীর সমুদ্রে মাছ ধরার জন্যে (তাঁরা তো সবাই গভীর জলের মাছ ছিলেন, কাজেই অল্প জলে তাঁদের কারবার ছিল না।) পরিকল্পনা করলেন। জাপান থেকে পচা ট্রলার কিনে নিয়ে আসা হল। জাপান থেকে মাছ ধরার জন্যে জাহাজ কিনে আনা হয়েছিল। কিন্তু সে জাহাজ চলল না। তার জন্য আবার মেরামত বাবদ যে টাকায় কেনা হল, তার চারগুণ খরচ হল। এইভাবে ঐ গভীর জলের মাছেরা মাছ ধরতে কত টাকা হজম করেছেন তার হিসাব নাই। আর কত টাকাই বা জলে দিয়েছেন হিসাব নেই। এইভাবে (বিশ বছর আর বলব না কারণ এই "বিশ-বিশ" শুনতে শুনতেই ও'দের বিশাতংক হয়ে গিয়েছে।) স্বাধীনতার পর থেকে টাকা ও'রা খরচ না করে যদি সাবসিডি হিসাবে জনসাধারণকে দিতেন, তবে দেশের লোক অন্তত কিছুদিন মাছ খেতে পারত। যাই হোক, আজকে অনারেবল মিনিস্টার যে প্রস্তাব রেখেছেন, সেই প্রস্তাবকে আমি সমর্থন করছি, অভিনন্দন জানাচ্ছি। সেই সঙ্গে তাঁর কাছে আমার একটি প্রস্তাব মাননীয় স্পীকারের মাধ্যমে আমি জানাচ্ছি যে, আমাদের বঙ্গোপসাগরের মোহনায় যাঁরা মাছ ধরতে যান, তাঁদের কিছু বেশি টাকার প্রয়োজন হয় প্রতি বছর। তিনি নীডি ফিসারমেন স্কীম-এর মারফৎ চারশো টাকা করেছেন প্রতি বছর, সেটা ভাল কথা। তবে যারা মোহনায় যায় মাছ ধরতে তাদের আরও বেশি টাকা ঋণ দিতে পারেন কিনা, সেটা চিন্তা করে দেখবেন। সঙ্গে সঙ্গে সরকারে যেসমস্ত ন্যস্ত বিল, দীঘি আছে সেগুলো যাতে স্থানীয় মৎস্যজীবীরা পায় সেদিকে দৃষ্টি দিতে অনুরোধ করছি। সঙ্গে সঙ্গে আমরা জানি দক্ষিণ সল্ট লেক এলাকার যে পরিকল্পনা সরকারের ছিল সেটা ঐ রাঘব বোয়ালদের জন্য আজও সফল হয় নি। আমি স্পীকার মহাশয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করব, তিনি যেন এই পরিকল্পনা যাতে তাড়াতাড়ি সফল হয়, সেদিকে একটু নজর দেন।

এর পরে আমি পশুপালন বিষয়ে দু-একটি কথা মাননীয় স্পীকারের মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে তুলে ধরতে চাইছি। তিনি যে ভেটেরিনারি গ্র্যাজুয়েট যাঁরা রয়েছে, তাঁরা ডাক্তার, তাঁদের মাইনে সম্পর্কে কিছুটা চিন্তা করেছেন—এর জন্য তাঁকে আমি অভিনন্দন জানাই। কিন্তু যাঁরা ফিল্ডএ কাজ করেন, ফিল্ড অ্যাসিস্ট্যান্ট যাঁরা তাঁরা লোয়ার ডিভিশন ক্লার্কএর চেয়েও কম

মাইন পান। আমি স্পীকারের মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি যে, ফিল্ড অ্যাসিস্ট্যান্টদের মাইনেপত্র কিছু বাড়ানো যায় কিনা—সে সম্পর্কে তিনি যেন তাঁর জবাবীতে কিছু বলেন। সঙ্গে সঙ্গে বলব, ও পক্ষের শ্রদ্ধেয় সদস্য শাসমল মশাই কিছুক্ষণ আগে বলেছিলেন যে, গ্রামে আর বলদ পাওয়া যাচ্ছে না। আমি দেখছি গ্রামের বলদরা যদি সব শহরে এসে ওপক্ষের দিকে ভিড় করে তাহলে আর গ্রামর বলদ থাকবে না।

(গোলমাল)

আর একটা কথা। পশুর স্বাস্থ্য ভাল করার বিষয় তিনি চিন্তা করে দেখবেন বলে আশা করি। আপনি যে সময় দিয়েছেন, তার জন্য আপনাকে ধন্যবাদ জানিয়ে বক্তৃতা শেষ করছি।

শ্রীসুশীলকুমার ধাড়া: অন এ পয়েন্ট অব পার্সোনাল এক্সপ্লানেশন, স্যার, আমি হাউসে ছিলাম না, আমি আমার ঘরে বসে লোকজনের সঙ্গে কথাবার্তা বলছিলাম, আমি খবর পেলাম যে, এখানে মাননীয় সদস্য ডাঃ রঞ্জিত ঘোষ চৌধুরী আমার সম্বন্ধে ব্যক্তিগতভাবে কি সব বলেছেন। আমি শুধু এই কথাই বলছি যে তিনি যদি দয়া করে যে কাগজগুলি থেকে পড়েছিলেন সেগুলি আমার কাছে দেন তাহলে আমি সেগুলি দেখে তারপরে সে সম্বন্ধে উত্তর দেব।

Mr. Speaker: I have wanted the papers from the member concerned.

শ্রীনিখিল দাস: মিঃ স্পীকার, স্যার, যদি ঐ রেকর্ড টেবিলে না দেন তাহলে ঐ ভদ্রলোক যা বলেছেন তা উইথড্র করতে হবে তা না হলে ওটা এক্সপাঞ্জ করতে হবে।

(তুমুল হট্টগোল)

[5-55—6-5 p.m.]

শ্রীঅনিল ধর গুহনিয়োগী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মন্ত্রিমহাশয়, মৎস্য, ক্ষুদ্রশিল্প এবং পশুপালন খাতের যে ব্যয়বরাদ্দ নিয়ে এসেছেন তাকে আপনার মাধ্যমে সমর্থন করতে গিয়ে দু-চারটি কথা বলতে চাই। আমার প্রথম কথা হচ্ছে এই যে, বাংলাদেশের বিভিন্ন জায়গায় যে জুট ট্যাঙ্ক আছে সেগুলি মৎস্য চাষের পক্ষে অন্তরায় সেজন্য মন্ত্রিমহাশয়কে আমি বলব, এখানে সেখানে যাতে জুট ট্যাঙ্ক না হয় তার ব্যবস্থা তিনি যেন করেন। কারণ এই জুট ট্যাঙ্কে পাট কেটে জাঁক দেয়, সেই পাট এবং পাটের পাতা পচে যাওয়ায় মাছ চাষের পক্ষে সেটা ক্ষতিকারক হয়। আপনারা সকলেই জানেন যে, পাকিস্তান থেকে আগে অনেক মাছ আসত, এখন সেই মাছের সরবরাহ কমে গিয়েছে। সেইজন্য আমার যতদূর মনে হয় বৈশাখ-জ্যৈষ্ঠ মাসে যখন নাকি মাছ ডিম পাড়ে সেই সময় মাছ ধরা বন্ধ করতে হবে। এটা যদি দু-এক বছর করা হয় তাহলে তার পরবর্তীকালে আমরা লাভবান হতে পারব। আমার তিন নং কথা হচ্ছে আজকে যাঁরা মাছের ব্যবসা করছেন তাঁদের দিকে বিশেষ করে নজর দেওয়া দরকার। আমি জানি ২৪ পরগনা জেলায় কতকগুলি কো-অপারেটিভ আছে, ভাল কি মন্দ তা আমি বলছি না, সেগুলি সরকারী তত্ত্বাবধানে থাকা দরকার। কারণ ব্যক্তিগতভাবে যাঁরা ভেড়ি কন্ট্রোল করেন তাঁরা নিজেদের ইচ্ছামত মাছ সরবরাহ করে থাকেন দাম বাড়াবার জন্য। সেজন্য আমার মনে হয় সত্যিকারের কো-অপারেটিভ গঠন করে তার মাধ্যমে সাপ্লাই দেওয়ার ব্যবস্থা করা দরকার এবং কিভাবে সেই কো-অপারেটিভগুলিকে গভর্নমেন্টের নিয়ম অনুযায়ী চলতে হবে সে সম্বন্ধে তাঁদের কাছ থেকে স্বীকারোক্তি নিয়ে এই ব্যবস্থা করা দরকার। এর পরে আমি ক্ষুদ্র শিল্পের কথা বলতে চাই। আপনারা জানেন দুর্গাপুর এলাকায় ছোট ছোট কতকগুলি শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠেছে। এখানে পরিবহণ মন্ত্রী আছেন ওঁদের ট্রান্সপোর্ট এবং বিভিন্ন সরকারী আওতায় যেসব জিনিসের প্রয়োজন হয় সেই সব শিল্পের প্রতি আমরা যদি নজর দিতে পারি তাহলে সেইসব শিল্পপতিরা কিছুটা উৎসাহিত হবে। সেদিক থেকে আমি শিল্পমন্ত্রীকে বলব ছোটখাট ইন্ডাস্ট্রিজ যেসমস্ত মাল তৈরি করে সেই

মাল সরকার যাতে কিনে নেন সেদিকে নজর দেওয়া দরকার। আমি উত্তরবঙ্গ থেকে এসেছি, আপনারা জানেন যে, সেখানে ফরেস্ট ডিপার্টমেন্টের কিছু খয়ের গাছ আছে। আপনারা সকলেই জানেন এখান থেকে খয়ের নিয়ে বাইরে অনেক জায়গায় ব্যবসা করে অনেকেই কোটি কোটি টাকা লাভ করেছে। সেজন্য যারা ওখানে খয়েরের কারবার করতে চায় বা খয়েরের প্রতিষ্ঠান গড়তে চায় উত্তর বাংলায় তাদের সেই সুযোগ দেওয়ার ব্যাপারে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এবারে ডেয়ারি এবং পোলট্রি সম্বন্ধে আমি দু-একটি কথা বলতে চাই। আপনারা ফার্মের মাধ্যমে যে কাজ করছেন সেটা করুন, কিন্তু ইনডিভিজুয়ালি, ব্যক্তিগতভাবে কৃষক পরিবার যাতে দু-একটি গাইগরু কিনতে পারে তার ব্যবস্থা করুন। আপনারা জানেন যে, কৃষির প্রধান অঙ্গ সার কিন্তু গ্রামে চাষীদের অবস্থা অত স্বচ্ছল নয় যে, তারা গরু ভাল-ভাবে পুষতে পারে, আপনারা যদি তাদের দু-একটা গাইগরু কিনে দেন তাহলে তার দ্বারা তারা উপকৃত হবে এবং সাথে সাথে তারা সারের এবং দুধের ঘাটতি পূরণ করতে পারবে। আমি খাদ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি যেসমস্ত মিলগুলি আছে, অয়েল মিলগুলি আছে, এই অয়েল মিল এবং হাস্কিং মিল যাতে ধান ভানা কুঁড়ো হয় সেগুলি যদি আমাদের সরকার নিয়ে নেন তাহলে আমাদের সরকারের হাতে পশুর খাদ্য হিসাবে প্রচুর খাদ্য আসবে, সেদিকে নজর দেওয়া দরকার। আমি উপসংহারে একটা কথা বলব, মাননীয় মন্ত্রিমহাশয় আগেও কিছু কাজ দেখিয়েছেন, যখন মিষ্টান্ন [illegible] উপর বিগত সরকার যে আইন এনেছিলেন তাকে তিনি যেভাবে বাধা দিয়েছিলেন এবং তিনি যেভাবে সেটাকে রক্ষা করে আসছেন, আজকে এই ব্যয়বরাদ্দের সময় যে স্বীকৃতি তিনি দিলেন তাতে করে আমরা আশা করি যে, তিনি আত্মবিশ্বাস নিয়ে সেটাকে কার্যকরী করতে পারবেন। এই কথা বলে আমি এই ব্যয়বরাদ্দকে সমর্থন করছি।

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের বিতর্কে দু পক্ষের বহু মাননীয় সদস্য অনেক মূল্যবান বক্তব্য রেখেছেন, আমি তার জন্য তাঁদের আন্তরিক ধন্যবাদ দিচ্ছি। তাঁদের সমালোচনা যখন শুনছিলাম, আমাদের ত্রুটি-বিচ্যুতির কথা তাঁরা যখন স্মরণ করিয়ে দিচ্ছিলেন তখন এবং যখন কংগ্রেসপক্ষ থেকে কোন কোন মাননীয় সদস্য বলছিলেন যে আমরা কিছু করতে পারছি না, জানি না কিছু করতে পারছি কি না, সেই অভিযোগ সত্য কিনা জনসাধারণ বিচার করবে, তবে তাঁদের কথা শুনে সমারসেট মমের একটা গুরুত্বপূর্ণ উক্তি মনে পড়ে গেল। সমারসেট মম তাঁর অননুকরণীয় ভঙ্গিতে একটা কথা বলেছিলেন—

> There is one thing about which I am certain and that is, there is very little about which one can be certain.

এটা আমার নিজের সম্বন্ধে খুব বেশি প্রযোজ্য বলে আমি মনে করি। সোস্যাল ইঞ্জিনীয়ারিং-এর ক্ষেত্রে, সোস্যাল সায়েন্সের ক্ষেত্রে ইকনমিক ডেভেলপমেন্টের ক্ষেত্রে

you cannot have statistical accuracy which you can have in mathematics or in physical and natural sciences.

এটা সব সময় মনে রাখতে হবে এবং সেকথা মনে রেখেই আমরা এগিয়ে চলেছি। শুধু এটুকু আমাদের দিক থেকে বলতে পারি যদি মন্ত্রী হিসাবে কোনরকম ত্রুটি-বিচ্যুতি, দুর্নীতির অভিযোগ কখন আমার বিরুদ্ধে হয় তাহলে আমি এই হাউসের কাছে এই আশ্বাস দিয়ে যাচ্ছি যে বিন্দুমাত্র দ্বিধা না করে মাথা নত করে সঙ্গে সঙ্গে সরে যাব। এই আশ্বাসটুকু আমি দুপক্ষের সদস্যদের দিচ্ছি। আজকে যেসমস্ত বক্তব্য মাননীয় সদস্যরা রেখেছেন তার মধ্যে কয়েকজন সদস্য কয়েকটা গুরুত্বপূর্ণ কথা বলেছেন, বিশেষ করে কয়েকটা কুটির শিল্পের কথা বলেছেন, আমি তাঁকে বলছি মালাকার এবং শঙ্খশিল্পীদের সম্বন্ধে বা বাঁকুড়ার কোনরকম হ্যান্ডিক্র্যাফ্‌ট ইন্ডাস্ট্রিজের জন্য যদি কোন কংক্রিট স্কীম অর প্রপোজাল নিয়ে আসেন তাহলে নিশ্চয় আমরা বিবেচনা করব এবং আমাদের সীমিত অর্থে যদি কুলায় তাহলে নিশ্চয়ই সেটা করব।

আমি কেবল শ্রীমতী মুখোপাধ্যায়কে বলব এবং দুপক্ষের মাননীয় সদস্যদের বলব যে, তাঁদের এলাকায় যেসমস্ত সমস্যা আছে যদি এই ক্ষুদ্র অর্থের দ্বারা তার কিছু করতে পারি তাহলে তা নিশ্চয়ই করব। মাননীয় সদস্য লক্ষ্মী সেন কয়েকটা কথা বলেছেন। আমি বিনয়ের সঙ্গে বলছি যে, সমালোচনা তা নিশ্চয়ই হবে, উত্তাপ নিশ্চয়ই চাই কারণ ঠাণ্ডা ঘরে উত্তাপ না হলে শীত ধরে যাবে। কিন্তু সমালোচনা করবার সময় যেসমস্ত পারসোনাল অ্যালিগেশন যখন করবেন করুন তাতে আপত্তি নেই কিন্তু ইফ ইট ইজ সাবস্ট্যানসিয়েটেড হয় তা নিশ্চয়ই করতে পারেন। কিন্তু আন কাউন্টেড পারসোন্যাল অ্যালিগেশন করাটা ঠিক হবে না। কারণ আমি বলছি তা বিচার করে দেখবেন। তিনি ডেয়ারি ডেভেলপমেন্ট ডিপার্ট-মেন্টের কয়েকজন অফিসারের কথা বলেছেন। আমি বলতে চাই যে, ডাঃ এস সি রায় অ্যাড-ভাইসার সম্বন্ধে যা বলা হয়েছে—আমি চার মাস কাজ করছি। জাজড্ বাই এনি স্ট্যান্ডার্ড কারণ, হি ইজ ওয়ান অফ দি.এক্সপার্টস। ব্যক্তিগতভাবে আপনি আমি লাইক করি না কার সেটা কিছু নয় আমার গভর্নমেন্ট, ব্যক্তিগত সরকার নয়, আজকে আমি আছি, কাল থাকব না এবং আপনারা যে কেউ থাকতে পারবেন কিন্তু যদি কেউ এক্সপার্ট থাকেন, যদি তাঁর বিরুদ্ধে কোন দুর্নীতির অভিযোগ থাকে নিশ্চয়ই তা দূর করব। কিন্তু যে বলছেন হাজার হাজার টাকা—৫০ হাজার টাকা তার পেছনে ব্যয় করা হচ্ছে—দিস ইজ অ্যাবসলিউটলি আনট্রু। তাকে বিনয়ের সঙ্গে বলব, তিনি যে মাহিনা পান সিভিল লিস্ট খুলে সেটা ক্যালকুলেট করে দেখবেন যে, বছরে ৫০ হাজারের অনেক কম হয় এবং তিনি সেটা উৎকোচ হিসাবে পান না বা বিশেষ ফেসিলিটি হিসাবে পান না। সরকার সে যে সরকারই হোক, যে মাহিনা দিচ্ছেন সে মাহিনাই তিনি পাচ্ছেন। শুধু ডাঃ রায়ই যে এই মাহিনা পান তা নয়, আমাদের এই সরকারের ১৯ জন মন্ত্রীর বিভিন্ন দপ্তরের টপ অফিসারস যাঁরা আছেন তাঁরাও যে স্কেলএ যে ধরনের মাহিনা পান ডাঃ রায়ও সেই স্কেলএ সে মাহিনা পান। ডাঃ রায়কে বলা হচ্ছে যে, তিনি এক্সটেনশনএর পর এক্সটেনশন পাচ্ছেন। দিস ইজ অলসো নট কারেক্ট। কারণ আপনারা জানেন ফিফটি-এইট ইয়ারস পর্যন্ত এজ অফ সুপারঅ্যানুয়েশন। তাঁর ফিফটি-এইট ইয়ারস রীচ করবে ইন দি ফার্স্ট ডে অফ নভেম্বর, ১লা নভেম্বর যাঁর সুপারঅ্যানুয়েশন ইয়ার, ফিফটি-এইটথ ইয়ার কমপ্লিট করবেন তার আগে এক্সটেনশনের কোন প্রশ্নই আসে না। আমি মাননীয় সদস্যদের বলতে পারি যে, আমাদের সরকার এই গ্র্যাউন্ডে বলে দিয়েছেন যে, ৫৮ থেকে ৬০ বৎসর পর্যন্ত যাদের সার্ভিস আছে আমরা তাদের এক্সটেন্ড করছি—তলা ওপরে সমানে, যদি না তাদের বিরুদ্ধে দুর্নীতির কোন অভিযোগ থাকে। যদি ডাঃ রায় তা না করে থাকেন তাহলে এ অভিযোগ ওঠা উচিত নয়। মিল্ক কমিশনার সম্বন্ধে যে কথা বলেছেন, আমি শুধু এটুকু বলতে পারি যে, এ দপ্তরে আসার পর মিল্ক কমিশনারকে নিয়ে যাবার জন্য দণ্ডকারণ্য প্রজেক্ট থেকে চেয়ারম্যান ব্যক্তিগতভাবে আমার কাছে এসেছিলেন—চিঠি লিখেছিলেন, অনুরোধ করে-ছিলেন যে, তাঁরা চান তাঁর সার্ভিসটাকে দণ্ডকারণ্যে নিয়ে যেতে। আমি বলেছিলাম যে, নূতন আমরা আসছি, আমরা তো কিছুই জানি না, টেকনিক্যাল সাবজেক্ট আমার জানার কথা নয়, নানান এক্সপার্টসের মতামত নিয়ে চলতে হবে এবং বিরোধীপক্ষ এ পক্ষ সকলের মতামত নিয়ে চলতে হবে, আমি কি করে বলতে পারি যে, আপনাকে একদিনে ছেড়ে দেব। আমি ছাড়তে চাই নি, যদিও তিনি চলে যেতে চেয়েছিলেন। যদি তার জন্য যদি অপরাধ হযে থাকে ব্লেম মি। কিন্তু আমি বলছি এখনও পর্যন্ত এই হাউসএ এই কথা বলছি যে যেসমস্ত অফিসার এর কথা বলছেন—তাঁদের সম্বন্ধে কোন ব্যক্তিগত অভিযোগ আমার কাছে আসে নি। মিঃ এম এন চ্যাটার্জি সম্বন্ধে ডাঃ সান্যাল বলেছেন, খুবই দুঃখের কারণ ডাঃ সান্যালের মত লোক বলেছেন যিনি অনেক উপরের কথা বলেন, একটা উঁচ লেভেল থেকে কথা বলেন—তাঁর কাছ এ কথা আশা করি নি। আমি ক্ষোভের সঙ্গে বলছি আমি জোরের সঙ্গে বলছি—এ কয়েক মাসে সব না হলেও যে কয়জন অফিসারএর সঙ্গে মিশেছি, হি ইজ ওয়ান অফ দি ফাইনেস্ট অফিসারস উই হ্যাভ ইন দি পোলট্রি ডিপার্টমেন্ট এবং আমি যে বলেছি যে আমাদের এই সরকার যদি সকলের সহযোগিতায় চালিযে যেতে পাবে, কারণ আমি যে কথা বলছি যে পোলট্রি ডিপার্টমেন্টএ আমরা একটা রেভোলিউশন এনে দেব—দেখিয়ে দেব সেটা হয় আনা সম্ভব কিনা। আমি তার প্রমাণ পেয়েছি। এই কয়েকেও আমি দেখেছি [illegible] রাত

দশটা, এগারটা কি বারটায় যখন বলেছি তিনি তখনই ছুটে গেছেন ও এক একটা সেন্টার ঘুরে এসে ব্যক্তিগতভাবে আমায় রিপোর্ট দিয়েছেন।

[6-5—6-15 p.m.]

আমি ঐরকমভাবে কারও কথার উপর চলি না, এই দায়িত্ব যুক্তফ্রন্ট সরকার এবং দেশের জনগণ দিয়েছেন সেই দায়িত্বের ভিত্তিতে আমি কাজ করি এবং আমি বলছি সোস্যালিস্ট ডেমোক্রেসি একটা ফান্ডামেন্টাল প্রিন্সিপ্যাল হচ্ছে মাল্টিপার্টি ডেমোক্রেসি, মাল্টিপার্টির ডেমোক্রেসির মানে পার্টির মধ্যে ডিফারেন্স থাকে সোস্যালিস্ট গভর্নমেন্ট যে দেশেই আছে এটা জেনে রাখবেন সোস্যালিস্ট গভর্নমেন্টএর ডেমোক্রেটিক সোস্যালিস্ট এক্সপেরিমেন্টএর

one of the fundamental postulates is that we guarantee inalienable right to every citizen, to every group, functional or otherwise to carry on resistance, opposition to the ruling party and to the Government, to all political parties. That is the fundamental postulate. When we are going to derive some comfort out of it, we are sadly mistaken.

আজকে মাননীয় লক্ষ্মী সেন কেন, আমার এ পক্ষের যে কোন বন্ধু কঠোরতম ভাষায় সমালোচনা করলেও এবং তার যদি আমি জবাব দিই এবং তার জন্য যদি ইফ ইউ থিঙ্ক, সুতরাং এটা মনে রাখবেন, মাননীয় লক্ষ্মী সেনও ভুল করতে পারেন—আমিও ভুল করতে পারি। আমি যে উক্তি করছি, আমার যে অ্যানালিসিস সেটাও ভুল হতে পারে। সুতরাং এটা মনে রাখবেন। তারপর এখানে স্টাফএর পেমেন্ট সম্বন্ধে বলেছেন। আমি বলছি যুক্তফ্রন্ট সরকারের আগে কি ছিল—মাস্টার রোল ওয়ার্কারএর পজিশন কি ছিল সেন্ট্রাল ডেয়ারিতে ছিল ৫২ পারসেন্ট, এখন সেটাকে আমরা নামিয়ে এনেছি

Don't you consider it a substantial gain? 52 per cent. to 40 per cent.

মাস্টার রোল ওয়ার্কারদের পারমানেন্ট গভর্নমেন্ট এমপ্লয়ি করবেন কিনা সেটা আপনারা বলছেন। ওয়েস্ট বেঙ্গলএ শুধু মিল্ক ডেয়ারি বা সেন্ট্রাল ডেয়ারিই একমাত্র অর্গানিজেশন নয় —বিভিন্ন দপ্তরে মাস্টার রোল ওয়ার্কাররা আছেন—তাঁরা সরকারী কর্মচারীরূপে গণ্য নন। যদি অর্থদপ্তরের সঙ্গে আলোচনায় অর্থদপ্তর সে টাকা দিতে পারেন—সে টাকা নেই অর্থদপ্তরে আজকে মনে রাখতে হবে কি অবস্থায় অর্থমন্ত্রীকে তাঁর অর্থ বরাদ্দ করতে হচ্ছে। শুধু অর্থ দপ্তর যদি বলেন যে, এদের আমরা গভর্নমেন্ট এমপ্লয়ি বলে স্বীকার করে নিচ্ছি, আমি খুশি মনে তাঁদের অভিনন্দন জানাব। কিন্তু প্রশ্ন হচ্ছে অর্থ আমাদের পারমিট করবে কিনা? কিন্তু কোন আশঙ্কার তো কথা নয়—আমরা তো কারও চাকরি খাই নি। মাননীয় যে কোন সদস্যদের বলতে পারি যুক্তফ্রন্ট সরকারের কোন বিভাগের কর্মচারী কি সেন্ট্রাল ডেয়ারির কোন কর্মচারী যদি অভিযোগ করেন যে, রাজনৈতিক মতামতের জন্য কিংবা দল করবার জন্য তার চাকরি গিয়েছে আমি এই হাউসে ডিক্লারেশন দিয়ে যাব

here and now he should be forth with reinstuted

সেন্ট্রাল ডেয়ারির রেট অফ ওয়েজেস কংগ্রেস গভর্নমেন্টএর সময় কি ছিল আমি বলি—কংগ্রেস গভর্নমেন্টএর সময় সেন্ট্রাল ডেয়ারির ওয়েজ ছিল কলকাতাতে ২ টাকা ২৫ পয়সা ডেলি রেট ওয়ার্কারদের আর যুক্তফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর আর আমি এই দপ্তরের ভার নেবার পর মাননীয় অর্থমন্ত্রীর সঙ্গে আলোচনার পর আমরা এই নিয়ে আলোচনা করেছি এবং এখন তাঁরা পাচ্ছেন ডেলি রেট ওয়ার্কাররা কলকাতাতে ৪ টাকা ৬ পয়সা। এটা কি গেন নয়? শুধু তাই নয়, সেন্ট্রাল ডেয়ারির এই কথাই শুধু নয়। যেখানে হরিণঘাটাতে ১ টাকা ৮২ পয়সা করে ডেলি রেট ওয়ার্কাররা পেতেন আজকে তাঁরা পাচ্ছেন তিন টাকা ছয় পয়সা পার ডে। সুতরাং আজকে আপনাদের জানাচ্ছি যে, এটা আমরা করেছি। এই যে অনেকে বলছেন ডেলি রেট ওয়ার্কারদের হোলটাইম গভর্নমেন্ট এমপ্লয়ি করা—এটা করতে পারলে ভাল, কিন্তু আমি বলছি হরিণঘাটাতে অনেক কর্মী কাজ করছেন তাঁরা সিজন্যাল লেবার, তাঁরা পরে এগ্রিকালচার লেবার বলে চলে যাচ্ছেন।

Do you think that the Finance Department or for the matter of that any Government can ever say that Seasonal labour should be treated as Government servants for all time to come.

এইসব জিনিস ভাবতে হবে।

তারপরে মাননীয় বন্ধু প্রশান্ত গায়েন এবং অধ্যাপক শম্ভু ঘোষ অনেক মূল্যবান কথা বলেছেন। আমি তাঁদের এই কথা বলছি যে, যুক্তফ্রন্ট সরকার এই সরকার নেবার পর কল্যাণী ফার্ম-এ একটা জায়গেন্টিক এক্সপেরিমেন্ট করছেন। জানি না এর পরিণতি কি হবে? কিন্তু এক্সপার্টরা দেখে গিয়েছেন কিছুদিন আগে অস্ট্রেলিয়ান পার্লামেন্টএর মেম্বার তিনি এসে ঘুরে গিয়েছেন—তিনি বলেছেন, ওয়ার্ল্ডএ এই যে এক্সপেরিমেন্ট, এটা একটা নভেল এক্সপেরিমেন্ট—এটা একটা পাইয়োনিয়ার এক্সপেরিমেন্ট হচ্ছে এবং পৃথিবীর ইতিহাসে এইরকম এক্সপেরিমেন্ট এর আগে হয় নি। তারা নিজেরাই বলছেন। এবং কি ক্রস ব্রিডিং করে হরিয়ানা গরুর সঙ্গে ক্রস ব্রিডিং করে তারপরে তার যে বাচ্চা হবে তাদের যখন দুধ দেবার সময় আসবে ১৯৭১-৭২ এখন যেখানে মিল্ক কলেকশন হচ্ছে তার ফোর টাইমস পাব। এক্সপার্টরাই বলছেন। আই অ্যাম নট এক্সপার্ট। সুতরাং এক্সপার্টরা এই বলছেন। আমরা এটা পরীক্ষা করব, আমাদের দপ্তরে নতুন সচিব আসার পর আমি আপনাদের বলছি যে, প্যাডিস্ট্র পারচেজ পদ্ধতিকে নতুন করে ঢেলে সাজাবার জন্য আমাদের নতুন সচিবকে এ ব্যাপারে দায়িত্ব দিয়েছি—তিনি সমস্ত ব্যাপারটা এক্সামিন করছেন এবং সমস্ত কাগজপত্র দেখে তিনি আমাদের কাছে রিপোর্ট করবেন এবং সেই অনুযায়ী আমরা সিদ্ধান্ত নেব। হরিণঘাটায় লস হয়েছে ঠিকই, কিন্তু আপনাদের জানা দরকার কেন হচ্ছে। এই লসের কারণ হচ্ছে আনপ্রফিটেবল অ্যানিম্যালস এইরকম দু হাজার আমাদের হরিণঘাটায় আছে এবং আমরা দেখলাম যে, এক একটা গরুকে খাওয়াতে লাগে প্রতিদিন দেড় টাকা অথচ এগুলি আনপ্রফিটেবল—এরা যে দুধ দেবে তাতে কোন লাভ হয় নি। কাজেই সায়েন্টিফিক টার্মে এদের কালড অ্যানিম্যালস হিসাবে ট্রিট করা উচিত। কংগ্রেস গভর্নমেন্ট নানারকম ধোঁকা তুলে কোথায় ওদের দেওয়া হবে কি হবে এইরকম নানা ঝঞ্ঝাটিকা সৃষ্টি করে এদের আটকে রেখেছিলেন, কিন্তু আমি আজ ঘোষণা করছি যে দায়িত্বশীল অফিসারদের নিয়ে একটা কমিটি গঠন করা হয়েছে এবং তাদের দায়িত্বভার দিয়ে দিয়েছি যে ইমিজিয়েটলি যেসমস্ত আনপ্রফিটেবল অ্যানিম্যালস আছে সেগুলিকে ডিসপোজ অফ করে দেওয়া হোক এবং তা যদি আমরা করতে পারি তাহলে হরিণঘাটায় বিরাট ইকনমি হবে এটা আমি জোরের সঙ্গে বলতে পারি। তারপর মাননীয় সদস্য শম্ভুবাবু, প্রশান্তবাবু দুধের কথা বলেছেন। আমি বলছি যে শিলিগুড়িতে মাল্টিপারপাস ডেয়ারি প্রোজেক্ট একটা হচ্ছে মাটিগড়াতে। ১৯৭১-৭২ সালে তার কাজ চালু হবে। দুর্গাপুরেও তার একটা ডেয়ারি আমরা করছি, কারণ ইন্ডাস্ট্রিয়াল ওয়ার্কাররা যাতে দুধ এবং মিল্ক প্রোডাক্ট পান তার জন্য দুর্গাপুরে এই মিল্ক স্কীম আমরা নিয়েছি এবং ১৯৬৯ সালে সেটা আমরা কার্যকরী করতে পারব বলে আশা করছি। সুতরাং এটা হচ্ছে গরু এবং দুধের পরিকল্পনা। একজন মাননীয় সদস্য কংগ্রেস থেকে দুঃখ করে বললেন যে, কোচবিহারে ষাঁড় বিতরণ করা হয় না। আমি দুঃখিত হলাম যে, কংগ্রেস দল গত ২০ বছর ধরে জোড়া বলদকে তাঁদের সিম্বল করলেন অথচ তাঁদের কপালে গ্রামে গ্রামে ষাঁড় জুটল না এটা দুঃখের বিষয়। আমি বলছি পূর্ণ সহানুভূতি তাঁদের প্রতি আমার আছে এবং আমি এটা করব এবং আমি বলছি যে, আমাদের আর্টিফিসিয়াল ইনসেমিনেশন সেন্টার আমরা আরও বাড়াব এবং আমাদের ভেটারিনারি সার্ভিসের অফিসার এবং ফিল্ড অ্যাসিস্ট্যান্ট তাঁদের সঙ্গে আমি মিটিং করেছি রোটান্ডায়। আমি দেখেছি যে, তাঁদের মধ্যে অনেক এক্সেলেন্ট অফিসার আছেন, আমি জানি যে তাঁদের পে-স্কেল, সার্ভিস কন্ডিশন প্রভৃতির উন্নতি করতে হবে। যুক্তফ্রন্ট সরকার টেকনিক্যাল পার্সোনেলদের কাজে লাগাতে চান, তাই তাঁদের দায়িত্ব নিয়ে তাঁদের অভাব-অভিযোগ দূর করতে হবে এই আশ্বাস আমি হাউসের কাছে দিচ্ছি। অধ্যাপক ঘোষ, প্রশান্ত গায়েন, শ্রীমতী মুখার্জি লক্ষ্মী সেন মহাশয়কে বলছি যে আমরা তাঁদের সার্ভিস কন্ডিশন ইমপ্রুভ করতে দৃঢ়সংকল্প এবং আমরা করব এবং ফিল্ড অ্যাসিস্ট্যান্টস এবং অ্যানিম্যাল হাসব্যান্ড্রিতে ভিলেজ লেভেল গ্রামে গ্রামে যাঁরা কাজ করছেন তাঁদের অবস্থারও উন্নতি করবার জন্য আমরা চেষ্টা করব।

তারপর মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে এটুকু বলতে চাই যে, শিল্পখাতে বিভিন্ন মাননীয় সদস্য অনেক গুরুত্বপূর্ণ কথা বলেছেন, আমি তাঁদের বলছি যে কথা আমি আমার প্রারম্ভিক ভাষণে বলেছিলাম যে আমি মনে করি স্মল ইন্ডাস্ট্রিজের জন্য যদি আলাদা টাকা দেবার ব্যবস্থা না হয়, তাহলে স্মল ইন্ডাস্ট্রির ফিউচার নেই। আমি বলব যে, ওয়েস্ট বেঙ্গল ফাইনান্স কর্পোরেশন, এ তো আমাদের হাতে ছিল না, কোন অকংগ্রেসী লোক এর চেয়ারম্যান ছিলেন না, কারা ছিলেন তা সকলেই জানেন। আমি কোন ব্যক্তিগত প্রশ্ন আনতে চাই না, তবে আমি এটুকু আপনাদের অবগতির জন্য বলছি যে, বাংলাদেশ গত ৫ বছরে বিশেষ করে কিভাবে ধাপে ধাপে একেবারে খাদের দিকে নেমে গেল দেখুন।

Total amount of loan granted to large scale and medium scale industries during the last five years was sanctioned in 1962-63.

হচ্ছে এক কোটি ৭৮ লক্ষ ৫৭ হাজার। ১৯৬৭ সালে সেটা হয়েছে ১ কোটি ৬ লক্ষ ৪৯ হাজার। দেখুন স্মল ইন্ডাস্ট্রিজ কি পেয়েছে, লোন স্যাংশনড ১৭ লক্ষ ৬৫ হাজার টাকা।

[6-15—6-25 p.m.]

লোন স্যাংশনড ১৭ লক্ষ ৬৫ হাজার আর যারা বড় বড় ব্যবসায়ী তাদের তেলা মাথায় তেল মাখাবার ব্যবস্থা সেখানে যথেষ্ট আছে। সেখানে দেখছি ৭৮ লক্ষ ৫৭ হাজার টাকার লোন তারা পেয়ে গেল। আর স্মল সেক্টরসএ পেল ১৭ লক্ষ ৬৫ হাজার ডিসবার্স হল ৯ লক্ষ ২১ হাজার। স্যাংশন হল ১৭ লক্ষ টাকার উপর আর ডিসবার্স হল এই এবং ১৯৬৬-৬৭ সালে যেখানে ১ কোটি ৬৪ লক্ষ টাকা লার্জ সেক্টরএ এবং মিডিয়াম সেক্টর টাকা পেলেন ফাইনান্স কর্পোরেশন থেকে যেখানে ১৯৬৬-৬৭ সালে স্মল সেক্টর থেকে স্যাংশন হল কিন্তু পেলেন ১৩ লক্ষ ৫৫ হাজার টাকা আর তারা পেল ৮ লক্ষ ৮৫ হাজার টাকা। এই হল টাকার ব্যাপার। এখন প্রশ্ন হচ্ছে টাকা তো গেল ওয়েস্ট বেঙ্গলএ যা দেখছি এবং যা আমি আগেই বলেছি যে আমরা র মেটেরিয়াল পাচ্ছি না। আমি চাই সমস্ত হাউস থেকে আন্দোলন হোক, আওয়াজ উঠুক। আমরা সত্যিই দেশের উন্নতি করতে চাই তা হলে এ ছাড়া কোন পথ নেই। আমাদের বাংলাদেশে যে এরকম ভাগ হয়ে গেছে তার কারণ কি জানেন, তার একটা কারণ হচ্ছে যুদ্ধের পর বাংলাদেশে বিরাট একটা ইন্ডাস্ট্রিয়াল স্পার্ট এসেছিল তারা যুদ্ধের পরবর্তীকালে কংগ্রেস সরকার আসবার পর এক্সপ্যানশন হয় নি—ইকোয়ালিজেশন অফ স্টিল অ্যান্ড আয়রন প্রাইসএর কি হল এবং

The result was the special advantage that was derived previously by reason of locational characteristic was last to Bengal.

অন্যান্য স্টেট যথেষ্ট গ্রো আছে আমরা নিশ্চয়ই চাই যে, অন্যান্য প্রদেশেরও হোক। সকলের গ্রো করেছে ভাল কথা, সেন্ট্রাল গভর্নমেণ্ট কি করেছেন? তাঁরা কটন এবং অয়েল সিডসএর বেলায় কি করলেন? কটন অ্যান্ড অয়েল সিড আজকে—আজকে কটনএর বেলায় করলেন না ইকোয়ালিজেশন অফ প্রাইস ইন রিগার্ড টু প্রাইস অফ কটন অ্যান্ড অয়েল সিডস। আজকে কটনএর বেলায় হ্যান্ডলুম ইন্ডাস্ট্রি এবং কাপড়ের কল অনেক বাড়তে পারত বহু লোকের এমপ্লয়মেন্ট হতে পারত। আজকে বাংলাদেশকে ডিপেন্ডেন্ট হতে হচ্ছে অন্য জায়গার উপর। এগ্রিকালচারাল কমোডিটিজএর জন্য কি হয়েছে? এইজন্য বলছি আজকে কি অবস্থা দেখুন। শুধু তাই নয়, নন-ফেরাস মেটালএ আমি দেখছি সিক্রেট ডকুমেন্ট সেন্ট্রাল গভর্নমেণ্টের কাছ থেকে সিক্রেট ডকুমেন্ট, সেন্ট্রাল ডকুমেন্ট হুইচ হ্যাজ নেভার বিন পাবলিশড। সেটা আমার কাছ থেকে নিতে পারেন। সেটা আমি এনেছি। নন-ফেরাস কপার এই দুইটি জিনিসের উপর আমি দৃষ্টি দেব। আমরা সেখানে দেখছি কপার মহারাষ্ট্র পেয়েছে ২৮·৬৩, তার পজিশন হচ্ছে ফোর্থ। পাঞ্জাব পেয়েছে ১৮, মাদ্রাজ পেয়েছে ১১, ওয়েস্ট বেঙ্গলএর পজিশন দাঁড়াল তার সব কিছু থাকা সত্ত্বেও তার অ্যালটমেন্ট ১৯৬৩-৬৪ পার্টিশন দাঁড়াল ১৮·৩৫। আজকে বাংলার পজিশন এসে দাঁড়িয়েছে ফোর্টিনথ এবং আমাদের যেসমস্ত মেটিরিয়ালস তার যে ইমপোর্ট লাইসেন্স পেয়েছি আপনি শুনলে অবাক হয়ে যাবেন অন্যান্য প্রদেশের তুলনায় অনেক কম। যার ফলে বাংলাদেশের উন্নতি বিকল্প ব্যাহত হচ্ছে বলে আমি মনে করি। তারা ২৭ লক্ষ টাকা মাত্র দিয়েছে। যেখানে আমাদের আট কোটি টাকার উপর দাবি ছিল। সেখানে

আমরা দেখতে পাচ্ছি যে আমরা পেলাম লিটল ওভার ২৭ লাখস আর দিল্লীর মতন একটা ছোট স্টেট তাদের অ্যালটমেন্ট হল ৩১ লক্ষ টাকা এবং আমি বলছি যে, নন-ফেরাস মেটাল অ্যালো-কেশনএ আমরা মার খেয়েছি, র মেটিরিয়াল অ্যালটমেন্টএর বেলায় আমরা দেখতে পাচ্ছি যে, সেন্ট্রাল গভর্নমেন্ট একটা বিবেচনা করে আমাদের নিডএর ভিত্তিতে করেন নি। এ'রা অ্যাড-হক বেসিসএ করে দিয়েছেন। যেসমস্ত অ্যালটমেন্ট এসেছে লার্জ সেক্টরএ যেসমস্ত দিয়েছেন তারা ব্ল্যাকমার্কেটিং করছে। মার খাচ্ছে স্মল ইন্ডাস্ট্রি। শুধু তাই নয়, আজকে ভেবে দেখতে হবে যে, এই যে স্মল সেক্টর এবং লার্জ সেক্টর দেখা যাচ্ছে, বড় বড় ক্যাপিটালিস্ট বা বড় বড় মনোপলিস্টরা তারা স্মল সেক্টরএ ঢুকে গিয়ে এন্ড প্রোডাক্টস কমপ্লিট করছে। আজকে আমি হাউসের সামনে আবেদন করব এটার সম্বন্ধে ভেবে দেখতে হবে। আপনাদের উইজডম দিয়ে আমাদের বিচার করতে হবে। আপনারা আমাদের বুদ্ধি দিন কি কি করা দরকার। আমি বলছি যে স্মল অ্যান্ড লার্জ সেক্টর ডাইকোটোমাইজ করতে না পারলে যদি বাইফার্কেশন করতে না পারেন, যদি লিমিট ঠিক করে না দেন তা হলে কখনই স্মল সেক্টর বাঁচতে পারবে না। লার্জ সেক্টরএর সঙ্গে কম্পিটিশন এন্ড প্রোডাক্টস স্মল সেকটরস সব মার খাবে। অতএব এটা করবার জন্য আমি হাউস-এর কাছে আবেদন করছি তাঁরা যেন কম্পিটিশন-এর জন্য সংশোধন ক্রিয়েট করেন তা হলে আজকে কি করে সংশোধন করা যায় তার জন্য এগিয়ে যাব। আশা করি মাননীয় সদস্যরা আমাকে সাহায্য করবেন। আইন কি করে সংশোধন করা যায় তার জন্য এসে সাহায্য করুন। আমরা ওয়েস্ট বেঙ্গলেতে যেসমস্ত উন্নয়নমূলক কাজগুলির কথা বলতে ভুলে গিয়েছিলাম। শ্রীমতী পূরবী মুখোপাধ্যায় এবং মাননীয় সদস্য নুরুল ইসলাম ও আরও কয়েকজন মাননীয় সদস্য প্রশ্ন করেছেন। সিল্ক সম্বন্ধে আমরা যথেষ্ট সচেতন। গতবার কলকাতা পোর্টে এক কোটি টাকার সিল্ক বিদেশে ইমপোর্ট হয় এবং আমরা ওখানে স্টেট ভিলেজার্স। আমাদের মধুঘাটেতে সেটার স্যাংশনিং কাজ আরম্ভ হয়ে গেছে, মালদহে ২৫০ জনের আনএমপ্লয়মেন্টের ব্যবস্থা হয়ে গেছে। সেখানে যে ব্যবস্থা আমরা করেছি এবং অল ইন্ডিয়া সিল্ক বোর্ড স্যাংশন করেছেন এতদিনে বাংলাদেশে একটা সিল্ক মিল হোক এবং তার জন্য এক কোটি টাকার একটা স্কীম আছে। আপনাদের জানাচ্ছি যে, এ বৎসরের বাজেট বরাদ্দের মধ্যে ৬ লক্ষ ২৫ হাজার টাকা আলাদা করে ধরে রেখেছি মালদহে সিল্ক ডেভেলপমেন্ট করবার জন্য। কোচবিহারে ও জলপাইগুড়ির এন্ডির জন্য এবং বিশেষ করে বাঁকুড়া, বীরভূম এবং পুরুলিয়া তসর, এন্ডির ইত্যাদির জন্য এই সমস্ত ওয়েস্ট সব ইউটিলাইজ করবার জন্য আমাদের দপ্তর থেকে পরি-কল্পনা গ্রহণ করেছি এবং তা করবার জন্য সাধ্যমত চেষ্টা করছি। আমরা এটুকু বলতে চাই যে, আমরা হ্যান্ডিক্র্যাপ্ট সম্বন্ধে সচেতন। বিশেষ করে বিষ্ণুপুরে ঘোড়ার খেলনা যদি দেখেন —আমি সেদিন দিল্লীতে ঘুরে এসেছি। দিল্লীতে এর দারুন চাহিদা, শুধু এর মার্কেটিংএর অ্যারেঞ্জমেন্ট করতে হবে। জানি আমাদের সাংগঠনিক দুর্বলতা আছে, সে দুর্বলতা ঢাকব না। নিশ্চয়ই আছে—দুর্বলতা—তা দূর করবার জন্য ঢেলে সাজবার চেষ্টা করছি এবং দিল্লীতে, নদিয়ায় বিশেষ করে মাটির পুতুল এবং মেদিনীপুরের হাড়ের তৈরি জিনিসের একটা বিরাট চাহিদা রয়েছে এবং আমরা এর সম্বন্ধে কাজ শুরু করে দিয়েছি ও ডিস্ট্রিক্ট-এ চিঠি পাঠিয়ে দিয়েছি। যেমন মেদিনী-পুরের মাদুর শিল্প, নদিয়ার শেতলপাটি শিল্প এবং মৃৎ শিল্প সমস্ত কি করে আরও উন্নত করা যায় এবং ফরেন এক্সপার্ট এনে করানো যায় তার জন্য আমরা সচেতন। আমাদের যে ওয়েস্ট বেঙ্গল স্মল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন আছে তারা স্যান্ড আনছে। আমি বলছি যে, আমি নিজে মাদ্রাজে গেছি। মাদ্রাজ গভর্নমেন্ট এগ্রিকালচারাল মিনিস্টার এর সঙ্গে দেখা করেছি, মাদ্রাজের শাঁখ সেটা যাতে আমরা সরাসরি কিনে আনতে পারি। প্রায় ১১ লক্ষ টাকার মত শাঁখ এসেছে। ১৭টি কো-অপারেটিভ সোসাইটিকে আমরা কিনে দিয়েছি। আমি নিজের দায়িত্বে করেছি। নিজে মাদ্রাজে গেছি এবং মন্ত্রিমহাশয়কে বলেছি যে, আপনি কলকাতায় একবার আসুন এবং আর একটা কোটা ৬ লক্ষ টাকার শাঁখ আনব। যদি কোন বাধা আসে তা হলে কেন্দ্রীয় সরকারের কাছে যাব এবং সেখান থেকে মাদ্রাজের কাছ থেকে যদি সহযোগিতা না পাই তা হলে সরাসরি সিংহল থেকে শাঁখ কিনে এনে যাতে শাঁখারীদের এ বৎসরেই

দিতে পারি তার ব্যবস্থা করব। সুতরাং যারা শঙ্খশিল্পীদের সম্বন্ধে কথা বলেছেন তাদের সম্বন্ধে আমি সচেতন। অধ্যাপক ঘোষ বলেছেন যে, ওয়েস্ট বেঙ্গল হ্যান্ডলুম ইন্ডাস্ট্রির কথা। আমি বলছি, হ্যাঁ, ১৩ লক্ষ টাকা আমরা দিয়েছি, কিন্তু এই যে হ্যান্ডলুমে দিয়েছি এটা কো-অপারেটিভ সোসাইটি। এটা স্টেট কো-অপারেটিভ সোসাইটি এবং সেন্ট্রাল গভর্নমেন্টএর প্ল্যান অনুসারে নেওয়া হয়েছিল। সরাসরি সরকারের এক্তিয়ার নেই, কেননা জানেন যে, আইনত নেই—জানেন আইনতও নেই, কারণ এটা একটা কো-অপারেটিভ লিমিটেড সোসাইটি। এইটুকু বলছি যে, মেসিনারিজ কেনা অনেক হয়েছে এবং বাড়িটিও তৈরি হয়েছে সুখচরে। এ আশ্বাস দিতে পারি যে, নিশ্চিত জানবেন যে টাকার প্রপার ইউটিলাইজেশন হবে এবং সেদিকে আমরা দৃষ্টি রাখব। যদি কোন রকমের অসুবিধা হয়—কোন কিছু গোপন না করে জানাব এবং সেটা বন্ধ করবার জন্য যুক্তফ্রন্ট সরকারের এই দপ্তরের যত শক্তি আছে তা নিয়ে রক্ষা করবার চেষ্টা করব। মাননীয় সদস্য প্রশান্ত গায়েন একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন তুলেছেন পাওয়ারলুম সম্বন্ধে। আমি তাঁকে বলছি পাওয়ারলুম সম্বন্ধে একটা শোচনীয় কাহিনী। পাওয়ারলুম সম্বন্ধে তিনি বলেছেন......

(শ্রীজগন্নাথ কোলেঃ সকলের উত্তর দিতে গেলে আটটা বেজে যাবে, আর একটা গ্র্যান্ট আছে) আমি শেষ করছি। মাননীয় সদস্যরা ধৈর্য হারাচ্ছেন, আমি ধৈর্যচ্যুতি করতে চাই না। কিন্তু আমার মনে হয়েছিল যুক্তফ্রন্টের দায়িত্বশীল মন্ত্রী হিসাবে এটুকু আমার কর্তব্য বলে মনে করি যে, যদি হাউসে কোন প্রশ্ন উঠে তার জবাব না দিতে পারি, বাহিরে গিয়ে বলবেন মন্ত্রী এর জবাব দিল না। আমি সেজন্য জবাব দিতে চাচ্ছি। আপনারা যখন চাচ্ছেন না তখন আমার কিছু বলার নেই।

[6-25—6-35 p.m.]

অনিল গুহনিয়োগী মাছের সম্বন্ধে বলেছেন। আমরা জুট ট্রেডিং প্রোগ্রাম সম্বন্ধে চিন্তা করেছি এবং এ সম্বন্ধে সরকারের সঙ্গে ব্যবস্থা করে করব। আমরা সেন্ট্রাল পারচেজিং অর্গানাইজেশন তৈরি করবার জন্য পরিকল্পনা নিয়েছি এবং এখন থেকে রাজ্যের বিভিন্ন দপ্তরে যেসমস্ত জিনিসপত্র কেনাকাটা হবে সেগুলি আমরা অর্গানাইজেশনের মাধ্যমেই কিনব। আপনাদের কাছ থেকে বিদায় নেবার আগে আমি এখানে দু-একটি কথা উল্লেখ করতে চাই। আজকে দেশ যে অবস্থার মধ্য দিয়ে চলেছে তাতে আমি ব্যক্তিগতভাবে আমার সমস্ত রাজনৈতিক সত্তা নিয়ে মনে করি যে, এর সলিউশন ইকনমিজমের মধ্যে দিয়ে নয়। বিপ্লবী নেতা লেনিনের কথা আমি বহুদিন আগেই স্মরণ করেছি। তিনি বলেছিলেন ইকনমিজমের ভিত্তিতে হবে না, নূতন মূল্যবোধে দেশকে জাগাতে হবে, নূতন আদর্শে, নূতন দর্শন চিন্তাধারার মধ্যে দিয়েই দেশকে এগিয়ে নিয়ে যেতে হবে। তার জন্য প্রথমে দেশকে বহু সাফারিং সহ্য করতে হবে, বহু ত্যাগ স্বীকার করতে হবে। সেইজন্যই মহাবিপ্লবী বীর সুভাষচন্দ্র আওয়াজ তুলেছিলেন। তিনি কোনরকম পার্থিব অ্যাসিওরেন্স দেন নি। তিনি বলেছিলেন,

> "I promise you thirst, hunger, forced marches and privation. Give me blood and I promise you freedom on to Delhi, road to Delhi and freedom."

আজকে সেই কথা মনে রাখতে হবে। আজকে ত্যাগের জন্য প্রস্তুত হতে হবে, সমস্ত দুঃখ, ত্যাগ ও আত্মবিসর্জনের জন্য প্রস্তুত হতে হবে। আমি আপনাদের দেখাতে পারি যে আমার নিজের চেম্বারে লাইব্রেরিতে লেনিন এবং নেতাজীর লেখা সব সময়ই থাকে। আমি তা থেকে লেনিনের একটা গুরুত্বপূর্ণ উক্তি আপনাদের পড়ে শোনাচ্ছি। লেনিন বলেছেন,

> "Russia achived Marxism, the only correct revolutionary theory through veritable suffering, through half a century of unprecedented torment and sacrifice, unprecedented revolutionary heroism, incredible energy, verification, comparison with European experience, disappointment, practical trial and study".

১৯২০ সালের মে মাসে এই কথা বলেছিলেন। আজকে আমাদের সেই ট্রায়ালের মধ্যে দিয়ে যেতে হবে। আজকে ডিসঅ্যাপয়েন্টমেন্ট হলে চলবে না, আমাদের সেই ত্যাগের জন্য প্রস্তুত হতে হবে।

Unprecedented sacrifice, unprecedented heroism, unprecedented agony and torment.

লেনিন বলে গিয়েছিলেন, আজকে সে কথা আমাদের মনে রাখতে হবে। আমি আর একটি কথা বলব। আমাদের মিল্ক ডাইরেক্টরেট, ফিসারি, স্মল ইন্ডাস্ট্রিজ কিছু কিছু জায়গায় পাবলিক সেক্টর ভেনটারে রয়েছে। আমি একজন সমাজতন্ত্রী হিসাবে জোরের সঙ্গে বলছি যে, ক্যাপিটালিজমের ফান্ডামেন্টাল ল হচ্ছে,

> Private property is inviolable and sacrosanct, socialist theory, socialist economics, fundamental principle, socialist property is inviolable.

এবং সোস্যালিস্ট প্রপার্টি আমরা কখনও নষ্ট হতে দেব না। প্রবলেমস অব লেনিনিজমে লেনিন যে কথা বলে গিয়েছিলেন সেটা আমি স্যার, এখানে পড়ে দিচ্ছি। তিনি বলেছিলেন,

> to promote theft and plundering of public property, no matter whether it is the State property or co-operative or collective-cum-property and to ignore such counter-revolutionary outrages is tantamount to aiding and abetting the undermining of the Soviet system which rests somewhat on public property as its basis. It is on these grounds that Soviet Government passed the recent law for the protection of public property. That is why it is one of the fundamental tasks of the party to fight to protect public property, to fight with all the measures and all means placed at the command by the laws of the Soviet Government.

এই বাই দি ল অব দি সোভিয়েট গভর্নমেন্ট, এটা আজকে মনে রাখতে হবে এই সোস্যালিস্ট গভর্নমেন্ট ডিল করাতে গেলে। যাঁরা আন্দোলনের কথা বলছেন তাঁদের আজকে চিন্তা করতে হবে যে, এই আন্দোলন সোস্যালিস্ট লিগালিজমকে বাদ দিয়ে নয়, সোস্যালিস্ট ল দিয়ে আন্দোলন করতে হবে। প্রবলেমস অব লেনিনিজম বইতে স্ট্যালিন এই কথাই বুঝেছিলেন যে, সোস্যালিস্ট ল যদি আমরা তৈরি করতে না পারি তাহলে আমরা দেশের প্রপারটি রক্ষা করতে পারব না। সেইজন্যই যাঁরাই আন্দোলন করবেন তাঁদের কাছে আমার বিনীত আবেদন এই যে, পাবলিক প্রপার্টি ইনভায়োলেবল, সেক্রেড, স্যাক্রোস্যাংক্ট এটা মনে রেখে সোস্যালিস্ট সেক্টরকে জোরদার করুন। আমি আপনাদের প্রত্যেককেই আন্তরিক ধন্যবাদ জানাই যে, আপনারা আমার বক্তব্য ধৈর্যের সঙ্গে শুনেছেন। আমাদের সামনে বহু বাধা আছে। আকাশের নতুন অরুণোদয়কে ঘিরে কত মেঘের খেলা চলেছে, কত বাজ ডাকছে। তাই আজ আলোর দিকের পথ বহু বাধায় আকীর্ণ। আমরা জানি আজ বহু আশাভঙ্গের মনঃস্তাপ রয়েছে। কিন্তু জানি অধ্যক্ষ মহাশয়, দিস আর দি টাইম দ্যাট কাম অ্যান্ড গো দি বেস্ট, যে কথা পমপেন বলেছিলেন। দিস ইজ দি টেস্টিং টাইমস টু মি। কাজেই এই টেস্টিং টাইমসের মধ্যে দিয়ে দেশের জনগণ যুক্তফ্রন্ট সরকারের যে বিরাট প্রচেষ্টা, বিরাট অভিজ্ঞতা, সেই অভিজ্ঞতাকে মর্যাদা দিয়ে সোস্যালিস্ট আন্দোলনকে আরও জোরদার করে সমাজতন্ত্র এবং গণতান্ত্রিক সমাজবাদ প্রতিষ্ঠা করবার জন্য সাহায্য করবেন। এই কথা বলে আমি সমস্ত কাটমোশনের বিরোধিতা করছি এবং মাননীয় সদস্যদের কাছে আবেদন জানাচ্ছি যে, আপনারা আমাদের এই ব্যয়মঞ্জুরীকে সমর্থন করবেন।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ অন এ পয়েন্ট অফ অর্ডার, এই ব্যয়বরাদ্দ আলোচনার সময় কংগ্রেসী পক্ষের মাননীয় সদস্য ডাঃ রঞ্জিৎ ঘোষ চৌধুরী মহাশয় এই পক্ষের আমাদের মন্ত্রিমহাশয় সুশীল ধাড়া সম্পর্কে কয়েকটি অভিযোগ একটি কাগজ থেকে পড়েছেন। সেই কাগজগুলো উনি আপনার কাছে জমা দিয়েছেন। আমি শুনেছি এবং যতদূর জানি সেই কাগজগুলো

অথরাইজড ডকুমেন্ট নয়, শুধুমাত্র হাতে লেখা কাগজ। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার কাছে জানতে চাইছি যে, একটা শুধু নিজের হাতে লেখা কাগজ দেখে কোন মন্ত্রিমহাশয় বা কোন সদস্য সম্পর্কে গুরুতর অভিযোগ এই হাউসে তোলার অধিকার কোন সদস্যের আছে কিনা আমি জানতে চাইছি। যদি ঐ কপিটা কোন একটি অফিসিয়াল ডকুমেন্টএর কপি হয়, তার অ্যাটেসটেড সার্টিফায়েড কপি কিনা, যদি তা না হয়ে থাকে তাহলে ঐ ডকুমেন্টের কোন মূল্য আমরা দিতে রাজী নই। সুতরাং আপনার কাছে অনুরোধ করব যে, এইরকম একটা নান-অথ-রাইজড ডকুমেন্ট থেকে উদ্ধৃতি দিয়ে যে কথাগুলো এখানে মাননীয় সদস্য উত্থাপন করেছেন সেইগুলো এক্সপাঞ্জ করবার নির্দেশ আপনি দিন।

মিঃ স্পীকারঃ উনি যে কাগজটা আমার কাছে দিয়েছেন তাতে আমি দেখলাম ঐ কাগজটা টাইপড কপি
purported to be a copy of a meeting where some resolutions were passed.
এখন এই যে বর্তমান অবস্থা এর উপর কোন রিলায়েন্স দেওয়া যায় না, কারণ এটা অ্যাটেসটেড নয় বা অ্যাটেসটেডও যদি হত তাহলেও নয় কথা ছিল। এইরকমভাবে হতে পারে এটা সত্য, হতে পারে এটা মিথ্যা, কিন্তু একটা টাইপ্‌ড কপি, তার একটা কোন অভিযোগ শুধু মাননীয় মন্ত্রিমহাশয় নয়, কারোর বিরুদ্ধে ঐরকম অভিযোগ করা উচিত নয়। সকলে মিলে সেটা ভেরি-ফিকেশন করে দিতে পারতেন, তার অন্য একটা অরিজিন্যালের সঙ্গে মিশিয়ে দিতে পারতেন তাতে তবুও খানিকটা রিলাই করা যেত। কিন্তু আজ ইট ইজ একটা কপি টাইপ করে দিয়েছেন সেটা সত্য কি মিথ্যা জানব কোথা থেকে কারণ আপনি সেটা ভেরিফাই করে দেন নি। এই-রকম কাগজ এখানে রেফার না করলেই ভাল হত। সুতরাং এই কাগজ আমি এখানে অ্যাকসেপ্ট করতে পারি না।

(Noise and interruptions)

ডাঃ রঞ্জিৎ ঘোষ চৌধুরীঃ এটা তদন্ত করুন না। আমি দাবি করছি যে, এটা তদন্ত করে দেখা হোক।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ পয়েন্ট অফ অর্ডার স্যার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে আপনি যে বলেছেন যে, টাইপ স্ক্রীপ্ট থেকে যে জিনিসটা পড়া হয়েছে এবং যেটা আপনার কাছে দেওয়া হয়েছে সেটা সই করা কোন জিনিস নয়। এই ধরনের জিনিস আপনি গ্রহণ করতে পারেন না। এই আপনি রুলিং দিয়েছেন, যদি সেই রুলিং দিয়ে থাকেন যে সেই টাইপ স্ক্রীপ্টএর অনুলিপি আমাদের রিপোর্টাররা রেখেছেন সেটা এক্সপাঞ্জ করার হুকুম দেওয়া উচিত এই হচ্ছে আমার পয়েন্ট অফ অর্ডার।

শ্রীমতী পুরবী মুখোপাধ্যায়ঃ অন এ পয়েন্ট অফ অর্ডার, মাননীয় স্পীকার মহাশয়, আমাদের এই হাউসে আমাদের পক্ষের সদস্য ডাঃ রঞ্জিত ঘোষচৌধুরী মহাশয় একটা কাগজ এখানে পড়ছিলেন, আমাদের হাউসের নিয়ম হচ্ছে যে, যে কোন কাগজ দেখে পড়লে আপনার টেবিলে না দিয়ে দিতে হয়, উনি তা দিয়ে দিয়েছেন। ঐ কাগজে যেসমস্ত অ্যালিগেশন করে-ছেন সেইগুলো মিথ্যা কি সত্য এটা তো গভর্নমেন্ট থেকে তদন্ত করতে পারেন কিন্তু যেটা হাউসে বলা হয়েছে সেটা উনি ঐ কাগজের লেখা না দেখেও মুখে বলতে পারতেন, আপনি এক্সপাঞ্জ কোন কারণে করতে পারেন না। অতএব উনি যদি কাগজটা না পড়ে মুখে ওটা রেফারেন্স করে বলতেন তাহলে কিছু হত না। অতএব যেটা আপনার কাছে বলা হয়েছে, আমি আপনার রুলিং পুনর্বিবেচনা করতে বলি, যে পোর্শনে আপনি বলছেন এক্সপাঞ্জ করবার কথা সেটা পুনর্বিবেচনা করতে বলব। কারণ এই রুলিংকে আমি ডিফাই করছি না কিন্তু এই ঘটনা এমন একটা কিছু নয় মাননীয় মন্ত্রিমহাশয় নিজে উপস্থিত আছেন, তিনি এই কথা উঠে বলে দিতে পারেন যে, তাঁর সংক্রান্ত এই কথা তিনি মিথ্যা বলেছেন, কিন্তু তাই বলে সমস্ত জিনিসটা যদি এক্সপাঞ্জ করা হয় তাহলে ডাঃ রঞ্জিৎ ঘোষচৌধুরী মহাশয় যে কথা বলেছেন তাঁর প্রতি অবিচার করা হবে সুতরাং আপনার রুলিং সম্পর্কে পুনর্বিবেচনার প্রয়োজন আছে।

[6-35—6-45 p.m.]

শ্রীসোমনাথ লাহিড়ীঃ অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে এই, আপনি বলেছেন যে, টাইপ স্ক্রীপ্ট একটা জিনিস পড়া হয়েছে এবং যেটা আপনার কাছে দেওয়া হয়েছে, সেটা সই করা কোন জিনিস নয় ; একটা টাইপ শীট সেই ধরনের জিনিস আপনি গ্রহণ করতে পারেন না। এই রুলিং আপনি দিয়েছেন। যদি আপনি সেই রুলিং দিয়ে থাকেন, তাহলে যে টাইপ স্ক্রীপ্ট জিনিসের অনুলিপি আমাদের রিপোর্টাররা লিখেছেন তা এক্সপাঞ্জ করা উচিত। এই হচ্ছে আমার পয়েন্ট অফ অর্ডার।

(Noise and interruptions)

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, একটু আগে আমাদের পক্ষের সদস্য ডাঃ রঞ্জিত ঘোষচৌধুরী একটা কাগজ দেখিয়ে এই হাউসে পড়েছিলেন। আমাদের হাউসের নিয়ম হচ্ছে যে, কোন জিনিস দেখিয়ে পড়লে তা আপনার টেবিলে দিতে হয়। তিনি তা দিয়েছেন। আপনার হাতে সে কাগজ রয়েছে। এই কাগজ পড়ার সঙ্গে যেসমস্ত অ্যালিগেশনস তিনি করেছেন সেটা সত্য কি মিথ্যা, এটা গভর্নমেণ্ট তদন্ত করতে পারেন। যেটা হাউসে বলা হয়েছে, তা না করে মুখেও বলতে পারেন। তা আপনি এক্সপাঞ্জ করতে পারেন না। অতএব কাগজ থেকে না পড়ে মুখে যদি সে সম্বন্ধে রেফার করে বলতেন, তাহলে তা আপনি এক্সপাঞ্জ করতে পারতেন না। অতএব যেটা আপনার কাছে বলা হচ্ছে সে সম্বন্ধে আপনার রুলিংটা পুনর্বিবেচনা করতে পারলে ভাল হয়। যে পোর্শনটা এক্সপাঞ্জ করবার কথা বলছেন, সেটা পুনর্বিবেচনা করুন। অবশ্য আপনার রুলিং আমি ডিফাই করছি না। এই কথা সম্পর্কে মাননীয় মন্ত্রিমহাশয় উঠে বলে দিতে পারেন যে, এই সংক্রান্ত বিষয়ে সব মিথ্যা। এই বিষয়ে যদি সমস্তটা এক্সপাঞ্জ করা যায় যা ডাঃ রঞ্জিৎ ঘোষ চৌধুরী মহাশয় বলেছেন, তাহলে তাঁর উপর অবিচার করা হবে এবং আপনার রুলিং সম্পর্কে পুনর্বিবেচনা করার প্রয়োজন আছে।

Shri Saila Kumar Mukherjee: Sir, it has been said that allegations have been made, but you have heard the speech that has been made by Dr. Ranjit Ghosh Chowdhury. There was no allegation against the Minister. He referred to certain paper and the speech was made and nothing more than that. He placed it before the Speaker. Only he said that Mr. Dhara was the Treasurer of the Association. Is that an allegation? It is unprecedented. There is a record in this House. He was allowed to make a speech. Mr. Dhara himself wanted the paper to be placed on the table and he said that he would let you know after going through the paper.

শ্রীমনোরঞ্জন হাজরাঃ মাননীয় স্পীকার মহাশয়, রঞ্জিৎবাবু যখন বক্তৃতা করতে উঠেছিলেন, তখন তিনি বলেছিলেন যে, কথাগুলি আগে বলে নিই—নামটা আমি পরে বলব। এর দ্বারা তাঁর ইন্টেনশন ক্লিয়ার। আর শৈলবাবু যা বলছেন—তাতে এই জিনিসটা নিশ্চয়ই হাল্কা করবার চেষ্টা করেছেন।

শ্রীব্যোমকেশ মজুমদারঃ অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ, স্যার, যদি কোন সদস্য কোন ভাষণ বা সেই ভাষণ দেবার সময় বলেন যে, অমুক দিন অমুক হয়েছিল এবং সেটা যদি তাঁর কাগজে লেখা থাকে তাহলে সেটা নিশ্চয়ই অপরাধ বলে গণ্য হবে না। এখানে সেটা পড়া হয়েছে, আপনার নির্দেশমত সেটা আপনার কাছে দেওয়া হয়েছে। সেটা সবন্ধে কোন কিছু তার প্রমাণ করবার নাই। এটা কিসের রিপোর্ট উনি পড়েছেন তা লেখা আছে। আমি এটা সদস্যদের প্রিভিলেজের কথা তুলেছি ওটা আপনি এক্সপাঞ্জ করতে পারেন না। টুকে আনা হলেও ওটা সত্য কিনা আপনি খোঁজ নিয়ে দেখুন। অতএক আমার বক্তব্য হচ্ছে এটা আপনি প্রিভিলেজ কমিটিতে পেশ করুন সদস্যদের অধিকার আছে কিনা কোন সদস্যের এইরকম কোন কাগজ দেখে বলার।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ মিঃ স্পীকার, স্যার, আমার পয়েন্ট অফ অর্ডারএর উপর আমি আরও ইলুসিডেট করবার চেষ্টা করব। আমাদের রুল ৩৪৪(১) বলছে,

The paper or document to be laid on the table shall be duly authenticated by the member presenting it.

অর্থাৎ অথেন্‌টিকেটেড মানে তিনি যে সোর্স থেকে বলেছেন, সেই সোর্স প্রমাণ করবার দায়িত্ব নিতে হবে। অথেন্টিকেটেড মানে এই নয় যে, সই করে দিলাম। অথেন্টিকেটেড মানে

I vouch for the statement and I am prepared to establish it.

কাজেই কথাটা কেন উঠবে। তিনি যদি একটা মিথ্যা জিনিস আপনার কাছে দেন এবং প্রমাণ হয় যে, তা মিথ্যা তাহলে আমরা তাকে প্রিভিলেজ কমিটিতে পাঠাতে পারব। সুতরাং হি মাস্ট আইদার টেক ফুল রেসপন্সিবিলিটি প্রমাণ করবার জন্যে, তা না হলে ইট উইল বি এক্সপাঞ্জড।

Dr. Nalinaksha Sanyal: Mr. Speaker, Sir, as a member of this House may I humbly request our Leader, the Chief Minister of West Bengal, Shri Ajoy Mukherjee, to say whether he would like one of his colleagues to get up and submit this type of request for expunging any part of the proceedings. It is an astounding reflection on the work of the House and the privilege of the members. I may belong to the same party but I have read very carefully May's Parliamentary Practice and the privileges of members and know that the privilege of members is a sacrosanct institution on which nobody should lightly tread and, no Minister, at least, should, taking advantage of the majority deny such privilege to members All charges and adverse remarks must be entered into the proceedings and the member affected has a right to deny and refute the same. If, however, you expunge any part of the proceedings in this way that will create a precedent which will be extremely dangerous for democracy.

[6-45—6-55 p.m.]

Mr. Speaker: I have expressed my opinion and given my ruling. The only point raised was whether I could accept the papers as they were, just sent to me, or filed before me. As I saw the papers, I could not accept them as they were not signed by anybody. They were only typed copies purported to be a report of some resolutions passed. Such papers without signature, without verification, without attestation, cannot be allowed to go as part of the records of this House. Secondly, the honourable member who delivered the speech, took upon himself the fullest responsibility for the statement made by him. It is for the Hon'ble Minister, by way of a personal explanation, to deny it. He can do it now, or on a subsequent day after going through the records.

DEMAND FOR GRANT No. 23

Now I put to vote all the cut motions, except No. 7, on which division will be demanded

All the cut motions, except No. 7, were then put and lost

The motion of Shri Sushil Kumar Paul that the demand be reduced to Re 1 was then put and lost.

The motion of Shri Dashu Koron Murmu that the demand be reduced to Re 1 was then put and lost.

The motion of Shri Nityananda Bhuniya that the demand be reduced to Re 1 was then put and lost.

The motion of Shri Pramatha Nath Dhibar that the demand be reduced to Re 1 was then put and lost.

I now put cut motion No. 7 to vote.

The motion of Shri Maharaja Bose that a sum of Rs. 64,87,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 23, Major Head: 31—Agriculture—Fisheries be reduced to Re. 1 was then put and a division taken with the following results:

NOES—140

Abdul Bari, Shri Md.
Abdul Haque, Shri
Abdul Latif, Shri Md.
Abdul Quiyom Molla, Shri
Amirali Molla, Dr.
Bakshi, Shri Manoranjan
Bandopadhyay, Shri Amiya Bhusan
Banerjee, Shri Subodh
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Basu, Shri Mukul
Bazle Ahmad, Shri
Bera, Shri Sasabindu
Bhandari, Shri Netai
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharya, Shri Jyoti Bhusan
Bhattacharya, Shri Nani
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhowmik, Shri Kanai
Biswas, Shri Ajit Kumar
Bose, Shri Brindaban Behari
Chakraborty, Shri Kshudiram
Chakraborty, Shri Sadhan Kumar
Chatterjee, Shri Hara Prasad
Chatterjee, Shri Ram
Choubey, Shri Narayan
Dakua, Shri Dinesh Chandra
Dal, Shrimati Nanda Rani
Das, Shri Deben
Das, Shri Debendra Nath
Das, Shri Jagadish Chandra
Das, Shri Mahatab Chand
Das, Shri Nikhil
Das, Dr. Sailendra Nath
Das, Shri Sudhir Chandra
Das Ghose, Shri Biswanath
Das Gupta, Shri Bibhuti Bhusan
Das Mahapatra, Shri Kamakshyanandan
Dhara, Shri Sushil Kumar
Elias Razi, Shri Md.
Franklin, Shri L. H.
Gayen, Shri Prasanta Kumar
Ghose, Shri Kamakshya Charan
Ghose, Shri Sambhu Charan
Ghosh, Shri Krishna Pada
Ghosh, Dr. Prafulla Chandra
Golam Mahiuddin, Shri
Golam Yazdani, Dr.
Guha, Shri Bikesh Chandra

Guha, Shri Kamal Kanti
Guha Neogi, Shri Anildhar
Gurung, Shri Nandalal
Haldar, Shri Hrishikesh
Halder, Shri Krishna Chandra
Hansda, Shri Jagatpati
Hazra, Shri Lalit
Hazra, Shri Monoranjan
Hicks, Shri Clifford
Jana, Shri Manindra Nath
Jaynal Abdin, Shri
Kar, Shri Dhananjoy
Karim Baksh, Dr. Mohammad
Konar, Shri Hare Krishna
Mahato, Shri Amulya Ratan
Mahato, Shri Chittaranjan
Mahato, Shri Girish
Maity, Shri Baneswar
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Gobardhan
Majhi, Shri Kandru
Maji, Shri Guiram
Maji, Shri Pannalal
Majumdar, Shri Dilip Kumar
Majumdar, Shri Harendra Nath
Majumder, Shri Jagannath
Mal, Shri Pagal Chandra
Malakar, Shri Ajoy
Mandal, Shri Kalipada
Mandal, Shri Kumud Ranjan
Mandal, Shri Rabin
Mandal, Shri Siddheswar
Mitra, Shri Chandipada
Mitra, Shri Haridas
Mitra, Shrimati Ila
Mitra, Shri Sunil Kumar
Mondal, Shri Sasanka Sekhar
Mondal, Shri Tinkari
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Mukhopadhyay, Shri Ajoy Kumar
Mukhopadhyay, Shrimati Geeta
Murmu, Shri Nathaniel
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Sundar Kumar
Noney, Shri W. H.
Noronha, Shri Clifford
Nuhul Islam, Shri
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammed
Ojha, Shri Samarendra
Pahari, Shri Bibhuti
Pal, Shri Kanai
Panda, Shri Bhupal Chandra
Pramanick, Shri Gangadhar
Pramanik, Shri Radhikanath

Pramanik, Shri Rajani Kanta
Purkait, Shri Prabodh
Rai, Shri Deoprokash
Roy, Shri Amalendru Lal
Roy, Shri Haradhan
Roy, Shri Jagadananda
Roy, Shri Jyotish
Roy, Dr. Narayan Chandra
Roy, Shri Phakir Chandra
Roy, Shri Provash Chandra
Roy Barman, Shri Khiti Bhusan
Roy Hakim, Shri Bhabendra Nath
Roy Prodhan, Shri Amarendra Nath
Saha, Shri Kripasindhu
Saha, Shri Madan
Sajjad Hussain, Haji
Samanta, Shri Gouranga
Sanyal, Shri Mani
Sanyal, Dr. Nalinaksha
Sarkar, Shri Charu Mihir
Sarkar, Shri Nitaipada
Sarkar, Shri Sasthidas
Sen, Shri Jamini Ranjan
Sen, Shri Lakshmi Charan
Sen, Dr. Sadhan Kumar
Sen Gupta, Shri Niranjan
Sen Gupta, Shri Tarun Kumar
Shahedullah, Shri Syed
Shish Mahammad, Shri
Sinha, Dr. Radha Krishna
Tah, Shri Dasarathi

AYES—123

Abdul Gaffar, Shri Quazi
Abdul Latif, Shri
Abdullah, Shri S. M.
Abdus Sattar, Shri
Abul Barkat Atawal Ghani Khan Chaudhury, Shri
Afaque Chowdhary, Shri
Ahmad Hossain Mondal, Shri
Azizur Rahaman, Shri
Bagchi, Shri Amalendu Kumar
Bandopadhyay, Shri Baidyanath
Banerjee, Shri Mrityunjoy
Banerji, Shri Sankar Das
Barman, Shri Prasenjit
Barman, Shri Syama Prasad
Bauri, Shri Nepal
Bauri, Shri Satish Chandra
Beri, Shri Dayaram
Bhagat, Shri Budhu
Bhattacharjee, Shri Golokesh
Bhattacharya, Shri Bijoy Krishna
Bhattacharyya, Shri Satyabrata
Bhattacharyya, Shri Sreepada
Bhowmick, Shri Kalipada

Bishayee, Shri Paramananda
Bose, Shri Maharaja
Brahmachari, Shri Bholanath
Chalak, Shri Kali Kinkar
Chatterjee, Shri Arun
Chattopadhyay, Shri Benoy Kumar
Chattopadhyay, Shri Brindabon
Chaudhuri, Shri Narayan Chandra
Chaudhury, Dr. Sashi Bhusan
Chunder, Dr. Pratap Chandra
Das, Shri Ambika Charan
Das, Shri Hare Krishna
Das, Shri Makhan Lal
Das Gupta, Shri Khagendra Nath
Dhara, Shri Hansadhwaj
Dhibar, Shri Pramathanath
Dolai, Shri Rajani Kanta
Dutta, Shrimati Sudharani
Fazlur Rahaman, Shri S. M.
Ghatak, Shri Shibdas
Ghosh, Shri Nitaipada
Ghosh Choudhury, Dr. Ranjit
Goswami, Shri Paresh Chandra
Gurung, Shri Krishna Bahadur
Haldar, Shri Nalini Kanta
Halder, Shri Adhar Chandra
Hazra, Shri Santimoy
Hemram, Shri Babulal
Jalan, Shri Iswardas
Jash, Shri Sristhidhar
Karam Hossain, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khalil Sayed, Shri
Kolay, Shri Jagannath
Kundu, Shri Rajnarayan
Lakra, Shri Denis
Mahato, Shri Ramkrishna
Maiti, Shrimati Abha
Maji, Shri Binode Behari
Majumdar, Shri Byomkesh
Mandal, Shri Bhudeb Chandra
Mandal, Shri Prabhakar
Md. Fazle Hoque, Shri
Misra, Shri Sourindra Mohan
Misra, Shri Trilokes
Mitra, Shrimati Biva
Mitra, Shri Dwijendranath
Mitra, Dr. Gopika Ranjan
Mitra, Shri Satyanarayan
Mohammad Sayeed Mia, Shri
Mohammed Israil, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shri Girindra
Mondal, Shri Haradhan
Mondal, Shri Sudhir Kumar
Mukhapadhyay, Shrimati Purabi
Mukherjee, Shri Brajabilash

Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukhopadhyay, Shri Pasupati
Murmu, Shri Boila
Murmu, Shri Dashukaran
Nahar, Shri Bijoy Singh
Nandy, Shri Sachindra Mohan
Narjinari, Shri Dhirendra
Nuran Nabi, Shri T. A.
Paik, Shri Bimal
Paul, Shri Pravakar
Paul, Shri Balai Bhusan
Poddar, Shri Rajendra Kumar
Pradhan, Shri Trailokyanath
Pramanik, Shri Puranjoy
Prasad, Shri Shiromani
Roy, Shri Gonesh Prosad
Roy, Dr. Indrajit
Roy, Shri Jatindra Mohan
Roy, Shri Krishnadas
Roy, Shri Santi Mohan
Roy, Shri Santosh Kumar
Roy, Shri Suvendu
Saha, Shri Kanai (Bankura)
Saha, Shri Kanai (Birbhum)
Saren, Shri Mangal Chandra
Sasmal, Shri Bankim Chandra
Sattar, Shrimati Nurunnesa
Sen Ishore, Shri Sankar
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsuddin Ahmed, Shri
Sharma, Shri Joynarayan
Shukla, Shri Krishna Kumar
Sinha, Shri Debendra Nath
Sinha, Shri Sripati
Singh Deo, Shri Shankar Narayan
Tar, Shri Mati Ranjan
Topna, Shri Anotoni
Trivedi, Shri Goalbadan
Tudu, Shri Budhan Chandra
Upadhyay, Shri Mihir
Zainal Abedin, Dr.

The Ayes Being 123 and the Noes 140, the motion was lost.

The motion of Shri Kashi Kanta Maitra that a sum of Rs. 64,87,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 23, Major Head: 31—Agriculture—Fisheries was then put and agreed to.

Demand for Grant No. 24

Mr. Speaker: I put to vote all the cut motions moved except No. 6 on which, I understand, division has been demanded.

All the cut motions except No. 6 were then put and lost.

The motion of Shri Azizur Rahman that the demand be reduced to Re. 1 was then put and lost

The motion of Md. Fazle Hoque that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Satyanarayan Banerjee that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Krishna Bahadur Gurung that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Dr. Ranjit Ghosh Chowdhury that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shrimati Abha Maiti that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Brindaban Chattopadhyay that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Sushil Kumar Paul that the demand of Rs. 6,53,16,000 for expenditure under Grant No. 24, Major Heads: 33—Animal Husbandry, and 124—Capital Outlay on Schemes of Government Trading—Greater Calcutta Milk Supply Scheme be reduced to Re. 1 was then put and a division taken with the following result:—

NOES—140

Abdul Bari, Shri Md.
Abdul Haque, Shri
Abdul Latif, Shri Md.
Abdul Quiyom Molla, Shri
Amirali Molla, Dr.
Bakshi, Shri Manoranjan
Bandopadhyay, Shri Amiya Bhusan
Banerjee, Shri Subodh
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Basu, Shri Mukul
Bazle Ahmad, Shri
Bera, Shri Sasabindu
Bhandari, Shri Netai
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharya, Shri Jyoti Bhusan
Bhattacharya, Shri Nani
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhowmik, Shri Kanai
Biswas, Shri Ajit Kumar
Bose, Shri Brindaban Behari
Chakraborty, Shri Kshudiram
Chakraborty, Shri Sadhan Kumar
Chatterjee, Shri Hara Prasad
Chatterjee, Shri Ram
Choubey, Shri Narayan
Dakua, Shri Dinesh Chandra
Dal, Shrimati Nanda Rani
Das, Shri Deben
Das, Shri Debendra Nath
Das, Shri Jagadish Chandra
Das, Shri Mahatab Chand
Das, Shri Nikhil
Das, Dr. Sailendra Nath

Das, Shri Sudhir Chandra
Das Ghose, Shri Biswanath
Das Gupta, Shri Bibhuti Bhusan
Das Mahapatra, Shri Kamakshyanandan
Dhara, Shri Sushil Kumar
Elias Razi, Shri Md.
Franklin, Shri L. H.
Gayen, Shri Prasanta Kumar
Ghose, Shri Kamakshya Charan
Ghose, Shri Sambhu Charan
Ghosh, Shri Krishna Pada
Ghosh, Dr. Prafulla Chandra
Golam Mahiuddin, Shri
Golam Yazdani, Dr.
Guha, Shri Bikesh Chandra
Guha, Shri Kamal Kanti
Guha Neogi, Shri Anildhar
Gurung, Shri Nandalal
Haldar, Shri Hrishikesh
Halder, Shri Krishna Chandra
Hansda, Shri Jagatpati
Hazra, Shri Lalit
Hazra, Shri Monoranjan
Hicks, Shri Clifford
Jana, Shri Manindra Nath
Jaynal Abdin, Shri
Kar, Shri Dhananjoy
Karim Baksh, Dr. Mohammad
Konar, Shri Hare Krishna
Lahiri, Shri Somnath
Mahato, Shri Amulya Ratan
Mahato, Shri Chittaranjan
Mahato, Shri Girish
Maity, Shri Baneswar
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Gobardhan
Majhi, Shri Kandru
Maji, Shri Guiram
Maji, Shri Pannalal
Majumdar, Shri Apurba Lal
Majumdar, Shri Dilip Kumar
Majumdar, Shri Harendra Nath
Majumder, Shri Jagannath
Mal, Shri Pagal Chandra
Malakar, Shri Ajoy
Mandal, Shri Kalipada
Mandal, Shri Kumud Ranjan
Mandal, Shri Rabin
Mandal, Shri Siddheswar
Mitra, Shri Chandipada
Mitra, Shri Haridas
Mitra, Shrimati Ila
Mitra, Shri Sunil Kumar
Mondal, Shri Sasanka Sekhar
Mondal, Shri Tinkari
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Bhabani

Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Mukhopadhyay, Shri Ajoy Kumar
Mukhopadhyay, Shrimati Geeta
Murmu, Shri Nathaniel
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Sundar Kumar
Noney, Shri W. H.
Noronha, Shri Clifford
Nuhul Islam, Shri
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammed
Ojha, Shri Samarendra
Pahari, Shri Bibhuti
Pal, Shri Kanai
Panda, Shri Bhupal Chandra
Pramanick, Shri Gangadhar
Pramanik, Shri Radhikanath
Pramanik, Shri Rajani Kanta
Purkait, Shri Prabodh
Rai, Shri Deoprokash
Roy, Shri Amalendru Lal
Roy, Shri Haradhan
Roy, Shri Jagadananda
Roy, Shri Jyotish
Roy, Dr. Narayan Chandra
Roy, Shri Phakir Chandra
Roy, Provash Chandra
Roy Barman, Shri Khiti Bhusan
Roy Hakim, Shri Bhabendra Nath
Roy Prodhan, Shri Amarendra Nath
Saha, Shri Kripasindhu
Saha, Shri Madan
Sajjad Hussain, Haji
Samanta, Shri Gouranga
Sanyal, Shri Mani
Sanyal, Dr Nalinaksha
Sarkar, Shri Charu Mihir
Sarkar, Shri Nitaipada
Sarkar, Shri Sasthidas
Sen, Shri Jamini Ranjan
Sen, Shri Lakshmi Charan
Sen, Dr Sadhan Kumar
Sen, Gupta Shri Niranjan
Sen Gupta, Shri Tarun Kumar
Shahedullah, Shri Syed
Shish Mahammad, Shri
Sinha, Dr. Radha Krishna
Tah, Shri Dasarathi

AYES—124

Abdul Gaffar, Shri Quazi
Abdul Latif, Shri
Abdullah, Shri S. M.
Abdus Sattar, Shri
Abul Barkat Atawal Ghani Khan Chaudhury, Shri
Afaque Chowdhary, Shri

Ahmad Hossain Mondal, Shri
Azizur Rahaman, Shri
Bagchi, Shri Amalendu Kumar
Bandopadhyay, Shri Baidyanath
Banerjee, Shri Mrityunjoy
Banerji, Shri Sankar Das
Barman, Shri Prasenjit
Barman, Shri Syama Prasad
Bauri, Shri Nepal
Bauri, Shri Satish Chandra
Beri, Shri Dayaram
Bhagat, Shri Budhu
Bhattacharjee, Shri Golokesh
Bhattacharyya, Shri Bijoy Krishna
Bhattacharyya, Shri Satyabrata
Bhattacharyya, Shri Sreepada
Bhowmick, Shri Kalipada
Bishayee, Shri Paramananda
Bose, Shri Maharaja
Brahmachari, Shri Bholanath
Chalak, Shri Kali Kinkar
Chatterjee, Shri Arun
Chattopadhyay, Shri Benoy Kumar
Chattopadhyay, Shri Brindabon
Chaudhuri, Shri Narayan Chandra
Chaudhury, Dr. Sashi Bhusan
Chunder, Dr. Pratap Chandra
Das, Shri Ambika Charan
Das, Shri Hare Krishna
Das, Shri Makhan Lal
Das Gupta, Shri Khagendra Nath
Dhibar, Shri Pramathanath
Dolai, Shri Rajani Kanta
Dutta, Shrimati Sudharani
Fazlur Rahaman, Shri S. M.
Ghatak, Shri Shibdas
Ghosh, Shri Nitaipada
Ghosh Choudhury, Dr. Ranjit
Goswami, Shri Paresh Chandra
Gurung, Shri Krishna Bahadur
Haldar, Shri Nalini Kanta
Halder, Shri Adhar Chandra
Hazra, Shri Santimoy
Hemram, Shri Babulal
Jalan, Shri Iswardas
Jash, Shri Sristhidhar
Karam Hossain, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khalil Sayed, Shri
Kolay, Shri Jagannath
Kundu, Shri Rajnarayan
Lakra, Shri Denis
Mahato, Shri Ramkrishna
Maiti, Shrimati Abha
Maji, Shri Binode Behari
Majumdar, Shri Byomkesh
Mandal, Shri Bhudeb Chandra

Mandal, Shri Prabhakar
Md. Fazle Hoque, Shri
Misra, Shri Sourindra Mohan
Misra, Shri Trilokes
Mitra, Shrimati Biva
Mitra, Shri Dwijendranath
Mitra, Dr. Gopika Ranjan
Mitra, Shri Satyanarayan
Mohammad Sayeed Mia, Shri
Mohammed Israil, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shri Girindra
Mondal, Shri Haradhan
Mondal, Shri Sudhir Kumar
Mukhapadhyay, Shrimati Purabi
Mukherjee, Shri Brajabilash
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukhopadhyay, Shri Pasupati
Murmu, Shri Boila
Murmu, Shri Dashukaran
Nahar, Shri Bijoy Singh
Nandy, Shri Sachindra Mohan
Narjinarai, Shri Dhirendra
Nuran Nabi, Shri T. A.
Paik, Shri Bimal
Pal, Shri Probhakar
Paul, Shri Balai Bhusan
Poddar, Shri Rajendra Kumar
Pradhan, Shri Trailokyanath
Pramanik, Shri Puranjoy
Prasad, Shri Shiromani
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shri Gonesh Prasad
Roy, Dr. Indrajit
Roy, Shri Jatindra Mohan
Roy, Shri Krishnadas
Roy, Shri Santi Mohan
Roy, Shri Santosh Kumar
Roy, Shri Suvendu
Saha, Shri Kanai (Bankura)
Saha, Shri Kanai (Birbhum)
Saren, Shri Mangal Chandra
Sasmal, Shri Bankim Chandra
Sattar, Shrimati Nurunnesa
Sen Ishore, Shri Sankar
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsuddin Ahmed, Shri
Sharma, Shri Joynarayan
Shukla, Shri Krishna Kumar
Sinha, Shri Debendra Nath
Sinha, Shri Sripati
Singh Deo, Shri Shankar Narayan
Sinha Roy, Shri Panchanan
Tar, Shri Mati Ranjan
Topna, Shri Anotoni

Trivedi, Shri Goalbadan
Tudu, Shri Budhan Chandra
Upadhyay, Shri Mihir
Zainal Abedin, Dr.

The Ayes being 124 and Noes 140, the motion was lost.

The motion of Shri Kashi Kanta Maitra that a sum of Rs. 6,53,16,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 24, Major Heads: 33—Animal Husbandry and 124—Capital Outlay on Schemes of Government Trading—Greater Calcutta Milk Supply Scheme was then put and agreed to.

Demand for Grant No. 27

Mr. Speaker: I put to vote all the cut motions which have been moved.

All the cut motions were then put and lost.

The motion of Shri Khagendra Nath Das Gupta that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shrimati Abha Maiti that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Sachindra Mohon Nandy that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Byomkesh Majumdar that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Nitya Nanda Bhuniya that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Azizur Rahman that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Dashu Koron Murmu that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Kashi Kanta Maitra that a sum of Rs. 1,62,09,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 27, Major Heads: 35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development—Cottage Industries, was then put and agreed to.

Personal explanation

Mr. Speaker: Hon'ble Minister, Shri Sushil Dhara wants to give some personal explanation.

শ্রীসুশীলকুমার ধাড়া: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে আমাদের মাননীয় সদস্য ডাঃ রঞ্জিৎ ঘোষ চৌধুরী যে কথা বলেছেন এবং যে কাগজ দিয়েছেন, তার কথাগুলি আমি শুনতে পারি নি, কিন্তু যে আলোচনা আমার উপস্থিতিতে হল ও যে কাগজের অংশ আমার সম্পর্কিত বলে দেওয়া হয়েছে আমি তা দেখলাম, ও তা দেখে আমার এ ধারণা হল যে, এরকম কোন প্রস্তাব পঃ বঃ খাদি ও গ্রামোদ্যোগ বোর্ড নিয়েছেন কিনা তা আমি জানি না। যদি তা গ্রহণ করেও থাকেন, প্রস্তাব গ্রহণ যদি সত্য হয় আমি বলব এরূপ অভিযোগ সম্পূর্ণ অসত্য বা এর কোন ভিত্তি নেই। অধিকন্তু আমি মনে করি যে, এরূপ অভিযোগ বিশেষ উদ্দেশ্যপ্রণোদিত।

শ্রীজগন্নাথ কোলে: স্যার, আমি একটা প্রস্তাব দিচ্ছি।, মঙ্গলবার কমিউনিটি ডেভেলপমেন্ট এর যে গ্রান্ট আছে তারপর গিলোটিন ডে-তে এটা হোক।

Adjournment

The House w[illegible] adjourned at 6-55 p.m. till 1 p.m. on Monday, the 24th July, 1967 [illegible]ssembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 24th July, 1967, at 1 p. m.

Present

Mr. Speaker (Shri Bejoy Kumar Banerjee) in the Chair, 18 Ministers and 259 Members.

HELD OVER STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Dearness allowance to primary teachers

***173.** (Admitted question No. *448.)

শ্রীবিমলা মজুমদার: (ক) শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি— ইহা কি সত্য যে, সাম্প্রতিক সরকারী প্রেসনোটে বলা হইয়াছে যে প্রাথমিক শিক্ষকরা ২৫ টাকা মহার্ঘভাতা পাইতেছিলেন বর্তমানে ৪৩ টাকা করা হইল;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) বর্তমানে যে সকল প্রাথমিক শিক্ষক মাসিক ২৮ টাকা হিসাবে মহার্ঘভাতা পাইতেছেন তাঁহারা কত টাকা করিয়া মহার্ঘভাতা পাইবেন; এবং

(২) কোন শ্রেণীর প্রাথমিক শিক্ষকগণ মাসিক ২৫ টাকা হারে মহার্ঘভাতা এ যাবৎ পাইতেছিলেন?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: (ক) হ্যাঁ, কিন্তু সরকারী আদেশপত্র বাহির হয় নাই। ১-৪-৬৬ তারিখ হইতে ১৫ টাকা মহার্ঘভাতা প্রাথমিক শিক্ষকদের নূতন বেতনহারের অন্তর্ভুক্ত করা হয়। ১-১-৬৭ হইতে তাঁহাদের অতিরিক্ত ১০ টাকা মহার্ঘভাতা মঞ্জুর করা হয়।

(খ) (১) শিক্ষাবিভাগ হইতে প্রাথমিক শিক্ষকদের ২৮ টাকা হিসাবে মহার্ঘভাতা দেওয়া হয় না।

(২) যেসকল শিক্ষক সরকার অনুমোদিত বেতন পান না, তাঁহারা ১-১-৬৭ তারিখ হইতে মাসিক ২০ টাকা হারে মহার্ঘভাতা পাইতেছেন। ১৯৬৬-৬৭ সাল হইতে ৫ টাকা অতিরিক্ত মহার্ঘ ভাতা দিবার কথা সরকারের বিবেচনাধীন আছে।

Governing body of Shri Chaitanya College at Habra

***179.** (Admitted question No. *597.)

ডাঃ সাধনকুমার সেন: শিক্ষাবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাবড়া শ্রীচৈতন্য স্পনসর্ড কলেজটির বর্তমান পরিচালকমণ্ডলী (গভর্নিং বডি) কবে গঠিত হইয়াছিল; এবং

(খ) উক্ত কলেজের নূতন পরিচালকমণ্ডলী নির্বাচনের জন্য সরকার কোন সিদ্ধান্ত করিয়াছেন কি?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: (ক) ১৯৫৮।

(খ) পরিচালক মণ্ডলী পুনর্গঠনের ব্যবস্থা করা হইতেছে।

শ্রীসাধন সরকার: এই পরিচালকমণ্ডলীর পুনর্গঠনের ব্যবস্থা যে করা হচ্ছে কি ভিত্তিতে করা হবে?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: এই পরিচালকমণ্ডলীর পুনর্গঠনের জন্য ১৯৬৪ সাল থেকে চেষ্টা করা হচ্ছে। প্রথমে কলেজকে অনুরোধ করা হয়েছিল পরামর্শ দেবার জন্য, কোন উত্তর পাওয়া যায় নি, এখন ২৪-পরগনা জেলাশাসক মহাশয়ের কাছ থেকে এ সম্পর্কে পরামর্শ চেয়ে পাঠান হয়েছে।

শ্রীসাধন সরকার: কবে নাগাদ পুনর্গঠন হতে পারে?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: এখনও ২৪-পরগনা জেলাশাসক মহাশয়ের কাছ থেকে উত্তর পাওয়া যায় নি বলে তারিখটা বলতে পারবো না, তবে তাড়াতাড়ি করার প্রয়োজন এবং সে সম্বন্ধে আমরা সচেতন আছি।

Craft teachers in Senior Basic Schools

***180.** (Admitted question No. *633.)

শ্রীপরেশচন্দ্র গোস্বামী: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সিনিয়র বেসিক স্কুলগুলিতে কতজন শিল্প-শিক্ষক এবং শিল্প-শিক্ষিকা বর্তমানে কার্যরত আছেন;

(খ) তাঁহাদের বর্তমান বেতনের ও ভাতা প্রভৃতির হার কি; এবং

(গ) নূতন সরকারী ঘোষিত দুর্মূল্য ভাতা ও বেতনহারের সুবিধা তাঁরা পাইবেন কি না?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: (ক) ৬৪০ জন (আনুমানিক)।

(খ) বেতন মাসিক ৬০ টাকা। কোনরকম ভাতা দেওয়ার নিয়ম নাই।

(গ) না।

শ্রীপরেশচন্দ্র গোস্বামী: এই যে শিক্ষকরা আছেন এ'দের বেতন ভাল নয় কেন?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: এ'দের বেতনহার বাড়ানোর কথা বিবেচনাধীন রয়েছে।

শ্রীপরেশচন্দ্র গোস্বামী: এ'দের ভাতা বাড়বে কিনা?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: এ'দের ভাতা বাড়াবার উপায় এখন দেখতে পাচ্ছি না, কারণ এ'দের নিয়োগ করা হয়েছিল পার্ট টাইম ভিত্তিতে—আমরা এখনও সমস্ত ব্যাপারটা পর্যালোচনা করছি—এই যে বিকল্প শিক্ষকরা রয়েছেন—এ'দের যখন পার্ট টাইম ভিত্তিতে নিয়োগ করা হয়েছিল তখন কতকগুলি জিনিস ধরে নেওয়া হয়েছিল, যেমন ধরে নেওয়া হয়েছিল যে এ'রা অন্য কোন জায়গা থেকে উপার্জন করে বাকিটুকু পূরণ করতে পারবেন, এসব ধরে নেওয়ার ব্যাপারগুলি পর্যালোচনা করে দেখা যাচ্ছে যে ঠিক নয়, এর দ্বারা প্রমাণিত হচ্ছে না যে পার্ট টাইম শিল্প শিক্ষকদের অন্য উপায়ের কিছু ব্যবস্থা আছে, তার জন্য এখনও যেটা বিবেচনা করছি সেটা হচ্ছে বেতন বৃদ্ধির কথা। এখন এ'রা যে ফিক্স পে পান সেটা বৃদ্ধির কথা বিবেচনা করছি—আর একটা জিনিস আমরা বিবেচনা করছি সেটা হচ্ছে আমাদের শিক্ষা ব্যবস্থার মধ্যে এই শিল্প শিক্ষকের সংস্থান এবং শিল্প শিক্ষার যে বন্দোবস্ত সেই সমস্ত ব্যাপার পুনর্বিবেচনা করে পর্যালোচনা করে একটা যোগ্য সিদ্ধান্ত নেবার জন্য আমরা চেষ্টা করছি।

শ্রীপরেশচন্দ্র গোস্বামী: এই যে শিক্ষকরা অ্যাপয়েন্টেড হয়েছেন এদের ফুল টাইম করবার জন্য কোন পরিকল্পনা আছে কি?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: অধ্যক্ষ মহাশয়, আমি আগেই বললাম যে সমস্ত ব্যাপারটা আমরা পর্যালোচনা করছি এবং এদের ফুলটাইম করার যে ব্যাপার সেটাও ভাবতে হবে, কিন্তু ফুলটাইম

কাজ পাওয়া যায় না যে ব্যবস্থায় এদের শিল্প শিক্ষক হিসাবে নিয়োগ করা হয়েছে তাতে বিকাল বেলায় মাত্র কাজ দেওয়া হচ্ছে এই সমস্ত অসুবিধাগুলি বিবেচনা করতে হবে। আমরা দেখাছ যে শিল্প শিক্ষা এবং শিল্প শিক্ষক তাদের উভয়ের স্থান সামগ্রিক শিক্ষা ব্যবস্থায় উন্নত করা যায় কিনা সেটা পর্যালোচনা করছি।

ডঃ নলিনাক্ষ সান্যাল: মন্ত্রিমহাশয় দয়া করে বলবেন কি শিল্প শিক্ষক যাঁরা রয়েছেন তাঁদের বর্তমানে যে মিনিমাম কোয়ালিফিকেশন ধরা রয়েছে ক্লাস নাইন পর্যন্ত পড়ার প্রয়োজনীয়তা আছে, তাতে যাঁরা সত্যিকারের গ্রামে কারিগরি করে দক্ষতা অর্জন করেছেন এবং ছাত্রদের শিক্ষা দিয়ে নিজেরা রোজগার করে খেতে পারেন—তাঁতীরা কিংবা ঐ রকম যাঁরা গ্রামে থাকেন তাঁদের মিনিমাম কোয়ালিফিকেশন পরিবর্তনের প্রয়োজন হয়েছে কিনা?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: অধ্যক্ষ মহোদয়, আমি পূর্বেই বলেছি সমস্ত ব্যাপারটা পর্যালোচনা করা হচ্ছে। মিনিমাম কোয়ালিফিকেশন পরিবর্তনের কথা শুধু নয়, শিল্প শিক্ষা সম্পর্কে বিবেচনা করা হচ্ছে যে উচ্চ বুনিয়াদী বিদ্যালয়ে যাঁদের কাজ দেওয়া হয়, এবং উচ্চ বুনিয়াদী শিক্ষার বন্দোবস্ত এই নিয়ে সম্প্রতি শিক্ষা কমিশন তাঁদের রিপোর্টে এ সম্পর্কে অনেক বক্তব্য রেখেছেন--সমস্ত ব্যাপারটা পর্যালোচনা করা হচ্ছে।

শ্রীরাধাকৃষ্ণ সিংহ: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে, এই সিনিয়র বেসিক স্কুলে এই শিক্ষকগুলিকে যে নিয়োগ করা হয় এদের যদি ঠিক মত মাহিনা না দেন বা বেতন বৃদ্ধি না করেন তাহলে শিক্ষার মান নিচু হয়ে যাবে এবং বাংলাদেশের যাঁরা শিক্ষানুরাগী তাঁরা এ নিয়ে বিচলিত হয়েছেন এবং তাঁরা আপনাকে অনেক মেমোরেন্ডাম দিয়েছেন?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: মেমোরেন্ডাম আমি অনেক পেয়েছি।

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Joint Consultative Council for Primary Education

***223.** (Admitted question No. *345.) **Dr. Pratap Chandra Chunder:** (a) Will the Minister-in-charge of the Education Department be pleased to state whether the Consultant Body for Primary Education has been formed with the representatives of all the registered Primary Teachers' Associations?

(b) If so, will the Minister be pleased to state the names of the organisations that were taken in this Consultant Body?

Shri Jyoti Bhusan Bhattacharya: (a) No.

(b) The Joint Consultative Council for Primary Education in the State of West Bengal has been formed with the representatives of the All Bengal Primary Teachers' Association and the West Bengal Primary Teachers' Association besides other members.

ডঃ গোপিকারঞ্জন মিত্র: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন, যে দুটি প্রাইমারী শিক্ষক অ্যাসোসিয়েশনের নাম করলেন, তা ছাড়াও আরও প্রাইমারী শিক্ষক অ্যাসোসিয়েশন রয়েছে?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: হ্যাঁ, আমার জানা আছে।

ডঃ গোপিকারঞ্জন মিত্র: মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে সেই সব অর্গানাইজেশনের শিক্ষক প্রতিনিধিদের নেওয়া হয় নি কেন?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: এই যে কমিটি গঠন করা হয়েছে এটা হয়েছে পরামর্শ আলোচনা ইত্যাদির জন্য, এই কমিটি স্বভাবত খুব ছোট হওয়া উচিত এখন অনেক প্রাইমারী শিক্ষক সমিতি

আছেন, বিভিন্ন স্তরে বিভিন্ন বিষয়ে মিউনিসিপ্যাল সংগঠনের মধ্যে যাঁরা কাজ করেন তাঁদেরও সমিতি আছে, আবার এক একটা জায়গায় আলাদা আলাদা সমিতি আছে এদের সকলের প্রতিনিধি নিয়ে কনসালটেটিভ কমিটি করা আমার যুক্তিযুক্ত মনে হয় না, আমরা যে বৃহৎ প্রতিষ্ঠানগুলি রয়েছে যাঁরা শিক্ষকদের জন্য আন্দোলন করছেন অনেক দিন ধরে বহু দাবীদাওয়া উপস্থিত করেছেন বার বার সেই বৃহৎ প্রতিষ্ঠানগুলির প্রতিনিধিদের আমরা নিয়েছি, আরও কয়েকজনকে নিয়েছি, নিয়ে আমরা একটা কার্যকরী ব্যবস্থা সম্পর্কে আলোচনা করবো বা তাঁরা পরামর্শ দেবেন সরকারকে—আমাদের যেখানে কাজ করতে গিয়ে অসুবিধা দেখছি—তাঁদের কাছ থেকে আমরা জানতে চাচ্ছি যে কোথায় কিভাবে অসুবিধা দূর করা যায়—এটাই হচ্ছে এই কমিটির উদ্দেশ্য।

[1-10—1-20 p.m.]

শ্রীনারায়ণ চৌধুরী: আপনি কি জানাবেন এই দুটো অ্যাসোসিয়েশনের রেজিস্ট্রেশন নাম্বার কি এবং তাদের প্রেসিডেন্ট ও সেক্রেটারীর নাম কি?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: রেজিস্ট্রেশন নম্বরটা নোটিশ না দিলে বলতে পারছি না। তবে প্রেসিডেন্টের ও সেক্রেটারীর নাম বলছি—অল বেঙ্গল প্রাইমারী টিচার্স অ্যাসোসিয়েশন-এর প্রেসিডেন্ট হচ্ছেন অমরভূষণ চক্রবর্তী এবং সম্পাদক হচ্ছেন সুশীলদেব দাস। আর পশ্চিমবাংলা প্রাইমারী এডুকেশন সমিতির সভাপতির নাম হচ্ছে শ্রীহরেন্দ্রনাথ মজুমদার ও সম্পাদক সরোজকুমার ব্যানার্জী।

শ্রীজয়নাল আবেদিন: আপনি কি জানাবেন বিসাইড আদারস আর কোন্ কোন্ সংস্থা এই কমিটির মধ্যে আছেন?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: এই কমিটির নাম গেজেটে প্রকাশিত হয়েছিল। যে দুইটি প্রতিষ্ঠানের কথা আপনাদের বললাম তাদের সভাপতি ও সম্পাদক ছাড়া একজন করে প্রতিনিধি আছেন। এ ছাড়া আছেন- ডাঃ হিরেন চ্যাটার্জী, নির্মাল্য বাগচী, মহীতোষ রায় চৌধুরী, পূর্ণচন্দ্র মুখার্জি, ডি পি আই, ক্ষিতিশচন্দ্র ব্যানার্জী, বানীপুরের চীফ ইন্সপেক্টর প্রাইমারী এডুকেশন, সুধীর মুখার্জী এবং আমি চেয়ারম্যান হিসাবে সদস্য আছি।

শ্রীপরেশচন্দ্র গোস্বামী: আপনি বলেছেন যে স্টেট লেভেলে বড় বড় সংস্থা থেকে নেওয়া হয়েছে কিন্তু স্টেট লেভেলে আরো বৃহৎ প্রাইমারী শিক্ষক সংস্থা আছে, এটা কি জানা আছে?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: বৃহৎ কথাটা রিলেটিভ তবে যে দুটো প্রতিষ্ঠান শিক্ষকদের দাবী-দাওয়া নিয়ে আন্দোলন করে তাঁদের প্রতিনিধিরাই আছেন। স্টেট লেভেলে আরো বৃহৎ প্রতিষ্ঠান আছে কিনা বলতে পারছি না। নোটিশ দিলে সভ্যসংখ্যা পর্যালোচনা করে বলা যাবে।

শ্রীপরেশচন্দ্র গোস্বামী: যদি এইজাতীয় শিক্ষক সংস্থা সভ্য সংখ্যা একটা রিজেনবল নাম্বার হয় তাহলে তাদের নেওয়ার কথা সম্বন্ধে বিবেচনা করবেন কি?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: নিশ্চয়ই।

Increase in supply of milk

***224.** (Admitted question No. *440.)

শ্রীরাজেন্দ্র সিংহ সিংহী: পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বৃহত্তর কলিকাতায় দুধ সরবরাহ বাড়ানোর কোন পরিকল্পনা আছে কি; এবং

(খ) পরিকল্পনা থাকলে, কবে থেকে কি পরিমাণ সরবরাহ বাড়ানো হবে?

শ্রীকাশীকান্ত মৈত্র: (ক) হ্যাঁ।

(খ) সঠিক বলা সম্ভব নয়।

ডঃ সাধনকুমার সেন: বৃহত্তর কলকাতায় দুগ্ধ সরবরাহের জন্য যে সমস্ত পার্শ্ববর্তী অঞ্চল থেকে দুধ আনা হয় হরিণঘাটার তরফ থেকে সেই সমস্ত গ্রামাঞ্চলে শিশুরা দুধ থেকে বঞ্চিত হচ্ছে তখন তাদের দুধ সরবরাহের কথা সরকার চিন্তা করবেন কিনা?

শ্রীকাশীকান্ত মৈত্র: হরিণঘাটা এবং অন্যান্য অঞ্চল থেকে যে দুধ কেনা হচ্ছে তাতে সেখানে হরিণঘাটা অঞ্চলে মিল্কের ট্রেড কন্ট্রোল অর্ডার চালু ছিল বলে সেখানকার দুধের একটা অংশ তারা সরকারকে বিক্রয় করে। সেই এলাকায় যে পরিমাণ দুধ তারা বিক্রয় করছে বাধ্যতামূলক-ভাবে তারা সেই দুধ বিক্রয় করে। কিন্তু হরিণঘাটা ফার্মে যেসমস্ত লাইসেন্সি রয়েছে তাদের থাকবার ব্যবস্থা করে দিয়েছি। তাদের ফডার এবং ক্যাটল ফুড দেওয়ার ক্ষেত্রে একটা মাত্র অবলি-গেশন আছে। যে পরিমাণ দুধ এই লাইসেন্সিদের মিল্ক কাউ এবং বাফেলো থেকে উৎপন্ন হয় তার সমস্ত দুধ তারা সরকারকে বিক্রয় করে।

ডাঃ সাধনকুমার সেন: আমার যে প্রশ্ন ছিল সেটা হচ্ছে হরিণঘাটায় যে দুধ কেনা হয় সে সম্পর্কে নয়। প্রসংগত বলা যায় যেমন ২৪ পরগনা জেলার হাবড়া থানা থেকে প্রচুর পরিমাণ দুধ এই হরিণঘাটা ফার্ম-এ কেনা হয় এবং যেহেতু সরকারের কাছ থেকে খুব ভাল সুযোগ সুবিধা তারা পায় কাজেই গোয়ালারা সমস্ত দুধটা সরকারের কাছে বিক্রি করে দেয়। সেখানে মানবতার খাতিরে এবং প্রয়োজনীয়তার কথা বিবেচনা করে সরকার চিন্তা করবেন কি যে সেখানকার সব রুগী রয়েছেন বা শিশু রয়েছেন তাদেরও দুগ্ধ সরবরাহের দায়িত্ব নেওয়া উচিত। যেসব অঞ্চল থেকে গভর্নমেন্ট নোটিফিকেশন দ্বারা এ ধরনের দুধ কেনা হচ্ছে?

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে এই কথা বলতে পারি যে কলকাতার অঞ্চলে যে পরিমাণ দুধের যোগান দরকার আমরা তা দিতে পারি না, গ্রেটার ক্যালকাটা মিলক সাপ্লাই স্কীম-এ আমরা এক লক্ষ ৩৪ হাজার লিটার দুধ সংগ্রহ করে থাকি ২ লক্ষের অধিক লোকের জন্য। এই ১ লক্ষ ৩৪ হাজার লিটারের মধ্যে আমাদের বর্তমানে যে কালেকশন তা দাঁড়িয়েছে ৮৬ হাজার লিটার গোটা বাংলাদেশের শিশু, অক্ষম ও প্রসূতিদের দুধ সরবরাহ করতে পারলে নিজেদের ধন্য মনে করবো। কিন্তু আশা করি আপনি বিবেচনা করবেন যে বর্তমানের গ্রেটার ক্যালকাটা মিলক সাপ্লাই স্কীম আওতায় ঐ অঞ্চলে দুগ্ধ সরবরাহের প্রশ্ন আসে না, তবে সরকারের পরিকল্পনা রয়েছে ঐ সমস্ত অঞ্চলে কো-অপারেটিভকে ব্যক্তিগতভাবে দুগ্ধবতী গরু, মোষ কিনে দুধ উৎপন্ন করে ন্যায্য দামে স্থানীয় মানুষদের বিক্রী করে সরকার তার জন্য বিবেচনা করবেন এবং ঐ উদ্দেশ্যে সরকার বৎসরে ১০ লক্ষ টাকা বাজেট রেখেছেন।

শ্রীসত্যব্রত ভট্টাচার্য: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে কলকাতা থেকে ১৪৪ মাইল দূরে লালগোলার থেকে কলকাতার দুধ সরবরাহ করবার জন্য শিশু প্রসূতিদের বঞ্চিত করে কিনে আনা হয়?

শ্রীকাশীকান্ত মৈত্র: যে জেলার কথা সদস্য মহাশয় বলেছেন এই হরিণঘাটা দুগ্ধ প্রকল্পটি ১৯৪৮ সাল থেকে চালু রয়েছে এবং গত ৮-১০ বৎসর যাবৎ মুর্শিদাবাদ থেকে যে দুধ আসে এতে তাঁর দলের পক্ষ থেকে বা কোথা থেকেও আপত্তি হয় নি। সুতরাং এটা মতামতের প্রশ্ন।

শ্রীকানাই পাল: মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে, কলকাতার পার্শ্ববর্তী জেলায় যেখানে গ্রাম থেকে দুধ সংগ্রহ করে মিউনিসিপ্যাল টাউনে দুধ বিক্রি করে সেখানে চাপ সৃষ্টি করা হচ্ছে বিভিন্ন কেন্দ্রে দেবার জন্য পাবলিককে না দিয়ে?

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় সদস্যের অবগতির জন্য বলতে পারি তাঁর ইনফরমেশনটা ঠিক না, কারেক্ট নয়। কারণ মিলক ট্রেড কন্ট্রোল অর্ডারটা হরিণঘাটা এবং অন্য অঞ্চলে অর্থাৎ হাবড়ায় যেখানে মিল্ক ট্রেড কন্ট্রোল অর্ডার প্রযুক্ত হয়েছিল। নূতন যুক্তফ্রণ্ট সরকার দুধের যোগান বাড়াবার জন্য কলকাতার পার্শ্ববর্তী ৩৪টি এলাকায় এ আইন প্রয়োগ করেছেন এবং তার ফল এখনই বলা যাচ্ছে না। কিন্তু এ আইনের অর্থ হচ্ছে এই

only a percentage of milk produced in those areas would be sold to the State Government at the control order by the licensees.

এটাই হচ্ছে একমাত্র আইনের ফল এবং তার জন্য তাদের লাইসেন্স নিতে হবে শতকরা ২০ পার্সেন্ট দুধ সরকারকে বিক্রি করবেন বাকি ৮০ ভাগ স্থানীয় এলাকায় বিক্রী করবেন।

শ্রীভূপালচন্দ্র পান্ডা: এমন কি গ্রামাঞ্চলে যে দুগ্ধ সরবরাহ সমস্যা রয়েছে যেমন ক্যালকাটা সম্পর্কে ব্যবস্থা করেছেন ঠিক সেইভাবে যদি কো-অপারেটিভ ফার্ম করেন বা ডাইরি ফার্ম করেন সেই বিষয় সাহায্য করবার ব্যবস্থা আছে কি?

শ্রীকাশীকান্ত মৈত্র: এই গুরুত্বপূর্ণ প্রশ্নের জন্য সদস্য মহাশয়কে আমি ধন্যবাদ দিচ্ছি এবং বলছি এ সম্পর্কে প্রাক্তন সরকার কিছুই করেন নি, আমাদের এ সম্পর্কে প্রচেষ্টা আছে ও সাড়ে পাঁচ লক্ষ টাকা এবারের বাজেটে রেখেছি। এ ধরনের বিভিন্ন জেলায় যদি সমবায় গঠিত হয় তাহলে সরকার নিশ্চয়ই সাহায্য করবেন।

শ্রীআব্দুস সত্তার: সরবরাহ বাড়াবার জন্য কি কি পরিকল্পনা গ্রহণ করেছেন।

[1-20—1-30 p.m.]

শ্রীকাশীকান্ত মৈত্র: সরবরাহ বাড়াবার জন্য সরকার এতদিন পর্যন্ত মিল্ক কণ্ট্রোল অর্ডার কলকাতা এবং ২৯টি পৌর এলাকায় ব্যবহার করা হয় নি, এই কয়েকটি জায়গায় প্রয়োগ করা হয়েছে। দ্বিতীয়ত, গরু এবং মহিষের দুধের দাম কেজি প্রতি পাঁচ পয়সা করে বাড়ান হয়েছে। তৃতীয়ত হরিণঘাটা লাইসেন্সিং সম্বন্ধে আমি আগেই বলেছি যে সরকার সমস্ত দুধ বিক্রয় করতে বাধ্য। সেই জন্য তাদের উৎসাহ উদ্দীপনা যোগাবার জন্য অতিরিক্ত ৫ পয়সা তাদের বোনাস দেবার ব্যবস্থা হয়েছে। এ ছাড়া কো-অপারেটিভ সেকটারের একটি কথা আমাদের মাননীয় সদস্য অতিরিক্ত প্রশ্ন তুলেছিলেন। কো-অপারেটিভ সেকটারে দুধের যোগান বাড়াবার জন্য আমরা সাড়ে পাঁচ লক্ষ টাকা আলাদা ধরে রেখেছি এবং ১০ লক্ষ টাকার অন্যান্য দুগ্ধবতী গাভী ও মহিষ কিনে স্থানীয় এলাকায় দুধের যোগান বাড়াবার জন্য চেষ্টা করছি। কিন্তু তবুও মাননীয় সদস্যদের এটা মনে রাখা দরকার যে কলকাতায় এই দুগ্ধের পরিমাণ নির্ভর করছে সংগৃহীত দুধের পরিমাণের উপর। তৃতীয়ত আমরা গুঁড়ো দুধ কি পরিমাণ পাচ্ছি সেটা আপনাদের জানিয়ে দিতে চাই। আমরা ৮৬ হাজার লিটার দুধ বর্তমানে সংগ্রহ করছি। আমরা নিজেরা যেটা সরবরাহ করছি সেটা হচ্ছে ১ লক্ষ ৩৪ হাজার লিটার। কাজেই এই যে শর্ট ফল হচ্ছে এটাকে মিল্ক পাউডার দিয়ে রিকনসটিটিউটেড করে আমরা স্ট্যান্ডার্ড এবং ডাবল টোন মিল্ক করে বিক্রয় করছি। কলকাতায় দৈনিক রিকোয়ারমেন্ট অফ মিল্ক পাউডার হচ্ছে ৬ টন। কেন্দ্র থেকে আমরা পাচ্ছি ৩ টন। সুতরাং গুঁড়ো দুধের পরিমাণ যদি বাড়ে তাহলে নিশ্চয়ই বলতে পারি যে স্ট্যান্ডার্ড এবং ডবল টোন মিল্ক সস্তা দরে জনসাধারণের কাছে বিক্রয় করতে পারি এবং তার সরবরাহের পরিমাণ অব্যাহত রাখা যেতে পারে।

শ্রীমহম্মদ ইসরাইল: দুধ ছাড়া ঘি বা মাখন যেটা হরিণঘাটা থেকে বিক্রয় করেন সেটা মফঃস্বলের কালেকটিভ সেণ্টার থেকে বিক্রয় করবার ব্যবস্থা করবেন কি?

শ্রীকাশীকান্ত মৈত্র: এ প্রশ্ন থেকে ওই প্রশ্ন আসে না।

শ্রীকানাই পাল: সংগৃহীত যে দুধ গরুর দুধ বলে দেওয়া হয়—এখানে অধিকাংশ ক্ষেত্রে মহিষের দুধে জল দিয়ে পাতলা করে গরুর দুধ হিসাবে সরবরাহ করা হয় এ খবর কি মন্ত্রি-মহাশয় জানেন?

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় সদস্য যদি নিজের ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে খেয়ে সেই অভিজ্ঞতার বর্ণনা করেন তাহলে নিশ্চয়ই আমরা বিবেচনা করে দেখবো।

এ সম্বন্ধে তিনি তাঁর তথ্যগত কোন রিপোর্ট যদি আমাদের কাছে রাখেন তাহলে আমি এই আশ্বাস দিতে পারি যে আমরা সেটা নিশ্চয়ই তদন্ত করে যাতে বন্ধ হয় তার ব্যবস্থা করবো।

শ্রীদীনেশচন্দ্র ডাকুয়াঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন পার্শ্ববর্তী এলাকায় লাইসেন্সিং-এর জন্য ২০ পার্সেন্ট কলকাতায় আনতে পারে এবং ৮০ পার্সেন্ট সেখানে বিক্রয় করার ব্যবস্থা আছে। কিন্তু সেখানে ২০ পার্সেন্ট যে বিক্রয় হচ্ছে তা চেক করবার কি ব্যবস্থা সরকার থেকে নিয়েছেন অর্থাৎ এই কলকাতায় যে ৮০ পার্সেন্ট আনতে পারে এটা চেকিং করবার কি ব্যবস্থা করেছেন?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ মিল্ক ট্রেড কণ্ট্রোল অর্ডারের আওতায় এটা আসে না। মিল্ক ট্রেড কন্ট্রোল অর্ডারের আওতায় এটা তখনই আসবে যে আমরা কি পরিমাণ দুধ সংগ্রহ করবো তারই উপর এবং সেই দুধটা আমরা কিভাবে হ্যান্ডেল করবো সেটাই হচ্ছে আমাদের দায়িত্ব। আমরা এই আশ্বাস দিতে পারি আমাদের সংগৃহীত দুধের পরিমাণ বাড়লে যেমন কোন জায়গায় যদি ২০ পার্সেন্ট বেড়েছে সেই সমস্ত এলাকার হাসপাতাল ও প্রসূতি সদন ইত্যাদি জায়গায় আমরা কিছু কিছু দিতে পারি। বাকি ৮০ পার্সেন্ট সরবরাহ করছে কি না সেটা এই আইনের আওতায় বলতে পারি না। তবে মাননীয় সদস্যদের অবগতির জন্য বলছি সেই সমস্ত এলাকায় যদি জনমত গড়ে তোলেন সরকার নিশ্চয়ই এগিয়ে এসে সেই জনমতকে বাস্তবে রূপ দেবার জন্য নিশ্চয়ই চেষ্টা করবেন।

Procurement of milk from Private Sectors

***225.** (Admitted question No. *453.)

শ্রীঅরুণকুমার মৈত্রঃ পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা দুগ্ধ সরবরাহ প্রকল্প কর্তৃপক্ষ ১৯৬৭ সালের মার্চ হইতে জুন মাস পর্যন্ত প্রতি মাসে বে-সরকারী সূত্র হইতে কত পরিমাণ দুগ্ধ সংগ্রহ করিয়াছেন; এবং

(খ) ঐ সময়ে বিগত বৎসরে (১৯৬৬) একই সূত্রে কত দুগ্ধ সংগৃহীত হইয়াছিল?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ (ক) বৃহত্তর কলিকাতা দুগ্ধ সরবরাহ প্রকল্প কর্তৃক ১৯৬৭ সালে মার্চ হইতে জুন মাস পর্যন্ত প্রতি মাসে বেসরকারী সূত্র হইতে সংগৃহীত দুগ্ধের পরিমাণ নিম্নরূপঃ—

মার্চ—২৭,৪৬,৩৯৪·০০ কেজি
এপ্রিল- ২১,৫০,৫৩৬·৭৫ কেজি
মে—২২,১০,৪৬৯·০০ কেজি
জুন—২১,২১,০৪৮·২৫ কেজি

(খ) ঐ সময়ে বিগত বৎসরে (১৯৬৬) একই সূত্র হইতে সংগৃহীত দুগ্ধের পরিমাণ ছিল নিম্নরূপঃ

মার্চ—৩৫,৬৯,৩৭৫·০০ কেজি
এপ্রিল—২৯,১৮,৮২০·৫০ কেজি
মে—২৬,৬৪,৩৭৮·৫০ কেজি
জুন—২৭,০৭,৮৫৫·৫০ কেজি

শ্রীঅরুণকুমার মৈত্রঃ কম যে সংগ্রহ হচ্ছে তার কারণ কি?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ কম হয়, এর কারণ বলা শক্ত কারণ এটা অঙ্ক কষে এইচ টু ও-র মত হয় না, এটা ভ্যারিয়েবল ফ্যাক্টস-এর উপর নির্ভর করে এবং সংগ্রহের পরিমাণ কম হয়ে গেছে এটা ফ্যাক্ট তবে কি কি কারণে কম হয়েছে সেটা সম্বন্ধে অনুসন্ধান করে দেখতে হবে।

শ্রীকালীপদ মন্ডল: হাওড়া স্টেশনে দুধ সরবরাহের কোন ব্যবস্থা আছে কি না বলবেন কি?

Mr. Speaker: That question does not arise out of this question. The question is disallowed.

শ্রীঅমৃতেন্দু মুখার্জী: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে বেসরকারী সূত্রে প্রাপ্ত দুধের মধ্যে ভেজাল মেশানো হয়, কারণ আমি একটা দৃষ্টান্ত দিচ্ছি ফুলিয়া কেন্দ্রে যে দুধ সরবরাহ হয় বেসরকারী সূত্রে, সেই দুধের সঙ্গে পানিফল দুধের সঙ্গে বেটে দেওয়া হয়, নষ্করাফল বলে একটা উদ্ভিদ আছে সেটা বেটে দেওয়া হয় এইগুলো দুগ্ধ জাত জিনিস নয় এবং এইভাবে দুধের সঙ্গে মিশেল দেওয়ার ফলে দুগ্ধজাত যে ক্ষমতা সেটা কতটা হ্রাস পায় সেটা মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি?

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় সদস্যের অতিরিক্ত প্রশ্নের উত্তরে এইটুকু বলতে পারি যে, বে-সরকারী সূত্রে যে দুধ সংগ্রহ হয় তার উপর আমাদের কোন কন্ট্রোল বা নিয়ন্ত্রণ নেই। আমাদের সরকার এর যেসমস্ত চিলিং প্ল্যান্ট এবং কলেকটিং সেন্টার-এ যেসমস্ত দুধ সংগৃহীত হয় সেখানে মাননীয় সদস্য যে অভিযোগ করেছেন যে সরকারী প্রকল্পের জন্য সংগৃহীত দুধে যদি ঐ সমস্ত ভেজাল দেওয়া হয়, উনি যদি লিখিতভাবে দেন আমি আশ্বাস দিচ্ছি আমি নিজে ব্যক্তিগতভাবে দেখে আসবো কিন্তু বেসরকারী খাতে বিভিন্ন জায়গা থেকে যে দুধ আসে তাতে নানা রকম ভেজাল মেশায় সেটা আমরা জানি কিন্তু তার উপর নিয়ন্ত্রণ করবার মত মেশিনারী আমাদের নেই বা আইনও নেই।

শ্রীরাম চ্যাটার্জী: যদি বেসরকারী দুধে কোন কন্ট্রোল না থাকে তাহলে যদি পয়জন হয় দুধের ভেতর তাহলে জনসাধারণ খেলে যে এটা উল্টো হবে। আর একটা কথা যদি আদা এবং কাঁচকলাতে মিশলে অখাদ্য হয় তাহলে মোষের দুধ এবং গরুর দুধ এক সঙ্গে করলে অখাদ্য হবে কি না, একটা ডাক্তারী পরীক্ষা করলে ভাল হয় না স্যার?

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় সদস্যের এটা ওপিনিয়নের প্রশ্ন।

ডাঃ রঞ্জিত ঘোষ চৌধুরী: মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে এই যে বেসরকারী সূত্রে যে দুধ সংগ্রহ হয় তার ভেতর ভেজাল থাকা স্বাভাবিক কিন্তু বর্তমানে এইরকম কোন আইন নেই যাতে সেইগুলো চেক করা যায়। এইরকম কিছু আইন প্রণয়ন করবার চিন্তা কি তিনি করছেন।

[1-30—1-40 p.m.]

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন আইন করাটা বড় কথা নয়, আইন যেখানে যত বেশী হয়, তা ভঙ্গ করবার বা ইভেড করবার প্রবণতাও তত বেড়ে যায়। যখন সন্দেশ ব্যান হলো, মিষ্টান্ন তৈরী ব্যান হলো, তখন কিছু কিছু যে ভঙ্গ হয় নাই তা নয়। তবে ব্যাপক হয় নাই।

শ্রীআবদুল বারি: বে-সরকারী দুগ্ধ ভেজালের জন্য আপনি কিছু বলতে পারেন না?

শ্রীকাশীকান্ত মৈত্র: ওটা স্বাস্থ্য দপ্তরের ব্যাপার, স্বাস্থ্য মন্ত্রীকে প্রশ্ন করলে তিনি এসম্বন্ধে উপযুক্ত উত্তর দিতে পারবেন।

শ্রীআবদুস সত্তার: মাননীয় মন্ত্রিমহাশয় এখনই বললেন দুধে ভেজাল দিলে তা ধরবার কোন আইন নাই। কিন্তু আমি জানি যে কোন জিনিসে ভেজাল দিলে তার প্রতিবিধানের জন্য আইন আছে—যে অ্যাডল্টারেশন অ্যাক্ট আছে সেই অনুসারে যদি কেউ দুধে জল দিয়ে ধরা পড়ে, তাহলে তার শাস্তিবিধানের ব্যবস্থা আইনে আছে। সুতরাং আইন নাই, এ কথা তিনি কি করে বলেন?

শ্রীকাশীকান্ত মৈত্র: আইন আছে, তবে আপনি বোধ হয় শুনতে ভুল করেছেন। আমি বলেছি মিল্ক ট্রেড কন্ট্রোল অর্ডারের আওতায় এটা পড়ে না। এই বে-সরকারী দুধে ভেজালের

উপর আমার কোন কন্ট্রোল নাই। তার জন্য বেঙ্গল ফুড অ্যাডঅল্টারেশন অ্যাক্ট রয়েছে, মিউনিসিপ্যাল অ্যাক্ট রয়েছে স্থানবিশেষে এই ভেজালের দরুন প্রসিকিউশন-এর ব্যবস্থা হবে। এটা নিশ্চয়ই মাননীয় সদস্যের জানা উচিত।

শ্রীদীনেশচন্দ্র ডাকুয়াঃ মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি—এই বে-সরকারী দুধ যখন আপনারা গ্রহণ করেন, তখন তা দেখেশুনে নেবার দায়িত্ব কি আপনার সরকারী লোকের থাকে না?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ নিশ্চয়ই থাকে।

শ্রীমনি সান্যালঃ কলকাতা শহরে যে খাটাল আছে, এই দুগ্ধ সরবরাহ প্রকল্পের জন্য সেখান থেকে দুধ সংগ্রহ করেন কি?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ কলিকাতায় যত ক্যাটল কিপারস রয়েছে, তাদের প্রবলেমটা আমাদের থ্রেট করছে, তারা আমাদের কাছে দুধ বিক্রয় করে না—তারা আইনকে ফাঁকি দিয়ে চড়া দামে বাইরে দুধ বিক্রয় করতো, সেটা রদ করবার জন্য, তাদের দুধের একটা অংশ যাতে আমাদের বিক্রী করতে বাধ্য থাকে, তার জন্য খাটাল আইন ও মিল্ক ট্রেড কন্ট্রোল অর্ডার এখানে প্রয়োগ করছি।

শ্রীমনি সান্যালঃ এই সমস্ত খাটাল কি সেই আইন মেনে চলছে? তারা তো চড়া দামে দুধ মিষ্টান্ন প্রস্তুতকারকদের কাছে বাজারে বিক্রয় করে থাকে। উপরন্তু ভেজালের চরম কারবার চালায়, খাটালের সেই অস্বাস্থ্যকর আবহাওয়ায়। এ সম্বন্ধে আপনি কি ব্যবস্থা করেছেন?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ মাননীয় সদস্য যদি এ সম্বন্ধে আমার সঙ্গে সহযোগিতা করেন, তাহলে বাধিত হব। তাদের এই কাজের বিরুদ্ধে ব্যবস্থা করবার জন্য তো ক্যাটল লাইসেন্সিং অ্যাক্ট আছে, মিল্ক ট্রেড কণ্ট্রোল অর্ডার অ্যাপ্লাই করা যেতে পারে এবং আরো পেনাল মেজার্স রয়েছে। আমি এখানে এই অ্যাসুরেন্স দিতে পারি তাদের বিরুদ্ধে এই সমস্ত পেনাল মেজার্স আমি নেবই নেব।

ডাঃ রাধাকৃষ্ণ সিংহঃ আইনে যে ভেজাল আছে তা ধরবার ব্যবস্থা করবেন কি? (নো রিপ্লাই)

শ্রীপুরঞ্জয় প্রামাণিকঃ মন্ত্রিমহাশয় বললেন যে, বেঙ্গল ফুড অ্যাড অল্টারেশন অ্যাক্ট অনুযায়ী দোষীদের শাস্তিবিধান করা যেতে পারে। তিনি জানাবেন কি এই অ্যাক্টটা সেণ্ট্রাল অ্যাক্ট যার নাম প্রিভেনশন অফ ফুড অ্যাডঅল্টারেশন অ্যাক্ট?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ আমি শুনেছিলাম মাননীয় সদস্য একজন আইনজীবী, এটা যে মামুলী অ্যাক্ট এ জিনিসটা তিনি জানেন না—আমি আশ্চর্য হয়ে যাচ্ছি তার মানে এই নয় যে এটা সেণ্ট্রাল অ্যাক্ট-এর আওতায় হলেও এই সেন্ট্রাল অ্যাক্ট সম্পর্কে বাংলা সরকার কিছু করতে পারেন না। আমাদের বাংলা সরকারকে ক্ষমতা দিয়েছে স্টেট গভর্নমেণ্ট-এর আইনে যে, ফুড অ্যাড অল্টারেশন হলে মিউনিসিপ্যাল এলাকায় তার জন্য তারা প্রসিকিউশন করেন। সেই আইন আছে।

শ্রীপুরঞ্জয় প্রামানিকঃ আমি জানি সেন্ট্রাল অ্যাক্ট প্রত্যেক রাজ্যে প্রযুক্ত হয়। বেঙ্গল ফুড অ্যাডঅল্টারেশন অ্যাক্ট-এ কোন নূতন আইন রয়েছে কি? (নো রিপ্লাই)

Powerloom Adviser

***226.** (Admitted question No. *502.) **Shri Apurbalal Majumdar:** Will the Minister-in-charge of the Cottage and Small Scale **Industries** Department be pleased to state—

(a) Whether the Public Service Commission was consulted by Government when the post of Powerloom Adviser under Directorate of Industries was filled up in 1959;

(b) if not, the reasons therefor;

(c) what are the qualifications that are necessary for appointment to this post;

(d) whether the present incumbant possesses all the qualifications prescribed for the post; and

(e) if it is a fact that the said Powerloom Adviser has committed gross irregularities in the working of Powerloom Co-operative sponsored by him?

Shri Kashi Kanta Maitra: (a) and (b) The post being a specialist one, Government filled it up under Regulation 6 of the West Bengal Public Service Commission (Consultation by Governor) Regulation 1955. Regulation 6 states that it shall not be necessary to consult the Commission with respect to the matters specified in sub-clause (a) and (b) of clause 3 of Art. 320 of the constitution when filling a post by a specialist.

(c) Qualifications prescribed for the post are noted below:—

(1) **Essential**—(a) M.Sc. in Textile Technology, (b) Practical experience in Cotton Weaving or Spinning Mills in Managerial or superior technical capacity for 10 years.

(2) **Preferential**—(a) Knowledge of modern technique of textile production and textile machinery manufactured in India and abroad.

(b) Knowledge of working of Industrial Co-operatives.

(3) **Age**—35-45 years (relaxable in special case).

(d) The present incumbent did not possess the prescribed academic qualification. But he had all other prescribed qualifications. His appointment to this post was approved by the Cabinet in relaxation of the qualifications prescribed for the post.

(e) No Powerloom Co-operative Society was sponsored by the Powerloom Adviser. However, he was proceeded against on charges of various irregularities and put under suspension. The Enquiring Officer found him guilty for certain irregularities. And the Vigilance Commissioner after considering the report of the Enquiry came to the finding that Shri Banerjee should also be held guilty on two other charges of irregularities and recommended that a censure should be awarded on Shri Banerjee and the punishment of censure should be noted in his Service Book. The matter was referred to Public Service Commission who agreed with the findings of the Enquiring Officer and the Vigilance Commissioner and approved the punishment of censure as recommended by Vigilance Commission. Shri Banerjee was reinstated with effect from November, 1965, in the post of Powerloom Adviser and the award of censure was noted in his Service Book.

Shri Abdus Sattar: When he was suspended? আপনি বললেন যে সাসপেন্ড হয়েছে। এই সাসপেনশন-এর তারিখটা কত, বলতে পারেন কি?

Shri Kashi Kanta Maitra: He was suspended with effect from 9th September, 1963, for various charges.

শ্রীহরেন্দ্রনাথ মজুমদার: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই সাসপেনশন-এর বিরুদ্ধে তিনি হাইকোর্টে বিচার প্রার্থী হয়েছিলেন কি না?

Shri Kashi Kanta Maitra: Not that I know of.

শ্রীহরেন্দ্রনাথ মজুমদার: হাইকোর্টের এই সম্পর্কে কোন আদেশ আছে কিনা?

শ্রীকাশীকান্ত মৈত্র: আমার এ সম্পর্কে কিছু জানা নেই।

শ্রীকালীপদ মণ্ডল: পাওয়ার লুমের অ্যাডভাইসরের নামটা জানাবেন কি?

শ্রীকাশীকান্ত মৈত্র: শ্রী এ, ব্যানার্জী।

Shri Dinesh Chandra Dakua: What qualifications he did possess?

Shri Kashi Kanta Maitra: Shri Banerjee's qualification was required to M.Sc. in Textile Technology but he was diploma holder of textile technology of the college of Textile Technology, A.B.T.I. and further he worked for 14 years as a member of the cotton and jute mills as weaving overseer, then he was chief assistant weaving master and also he was in charge of production and acted as production and planning officer. His service includes working as weaving master for about three years in jute mills in Indonesia.

[1-40—1-50 p.m.]

Shri Dinesh Chandra Dakua: Was the Government competent enough to relax qualifications, specially academic qualifications?

Shri Kashi Kanta Maitra: The matter was referred to the former Cabinet which came to the decision for relaxing the qualifications.

Shri Dinesh Chandra Dakua: Was the Government competent enough to relax the qualifications?

Shri Kashi Kanta Maitra: That is a question of the policy of the previous Government.

শ্রীনিরঞ্জন মুখার্জী: এই এ, ব্যানার্জী, তিনি বেনামে দু-তিনটি পাওয়ার লুম চালাচ্ছেন কিনা সেটা জানাবেন কি?

শ্রীকাশীকান্ত মৈত্র: আমি এ সম্বন্ধে কিছু জানি না। তবে এ বিষয়টা এখনও বিবেচনাধীন রয়েছে এবং আমরা এ সম্বন্ধে পূর্ণ তথ্য পেলেই আমি হাউসের কাছে জানাবো। মাননীয় স্পীকার মহাশয়, আপনার অনুমতি নিয়ে মাননীয় সদস্য যিনি এই প্রশ্ন করলেন তাঁর এই প্রশ্নের উত্তরে বলতে চাই কিছুদিন এ্যালটমেণ্ট অফ পাওয়ারলুমস এ্যান্ড ওয়ার্কিং অফ পাওয়ারলুমস এই ব্যাপারে একটা এনকোয়ারি কমিশন গঠনের নির্দেশ আমি দিয়েছি এবং এন. সি. রায় সেই কমিটির চেয়ারম্যান এবং সেই কমিটি যা গঠিত হয়েছে তারা এই সম্বন্ধে বিচার বিবেচনা করে দেখছেন। সেই কমিটি তদন্ত করে একটা রিপোর্ট বা সমীক্ষা আমাদের কাছে পেশ করলেই আমরা এই হাউসের কাছে সেটা রাখবো এই আশ্বাস দিচ্ছি।

Veterinary Health Centre at Gosaba police-station

***227.** (Admitted question No. *551.)

শ্রীগিরীন্দ্রনাথ মণ্ডল: পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগণার গোসাবা থানা এলাকায় কোন পশুচিকিৎসা বা গো-চিকিৎসা কেন্দ্র আছে কি না; এবং

(খ) যদি না থাকে তবে অদূর ভবিষ্যতে এরূপ কোন গো-চিকিৎসা কেন্দ্র স্থাপনের পরিকল্পনা সরকারের আছে কি না?

শ্রীকাশীকান্ত মৈত্র: (ক) হ্যাঁ; গোসাবা থানা এলাকায় গোসাবা উন্নয়ন সংস্থায় একটি পশু চিকিৎসালয় প্রতিষ্ঠিত হইয়াছে।

(খ) প্রশ্ন উঠে না।

Import of fish

***228.** (Admitted question No. *665.)

শ্রীকুমুদরঞ্জন মণ্ডল: মৎস্যবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মৎস্য কর্পোরেশন মারফৎ গত তিন মাসে পশ্চিমবঙ্গে কোন্ রাজ্য হইতে কি পরিমাণ মৎস্য আমদানী করা হইয়াছে;

(খ) গড়পড়তা কিলোপ্রতি কত মূল্যে উক্ত আমদানীকৃত মৎস্য খরিদ করা হইয়াছে; এবং

(গ) গড়পড়তা কিলোপ্রতি কত মূল্যে উক্ত মৎস্য বিক্রীত হইয়াছে?

শ্রীকাশীকান্ত মৈত্র: (ক) পশ্চিমবঙ্গ সরকারের সংস্থা স্টেট ফিসারিজ ডেভালপমেন্ট কর্পোরেশন লিমিটেড, গত তিন মাসে অন্য রাজ্য হইতে কোন মৎস্য আমদানী করেন নাই। ভারত সরকারের সংস্থা সেন্ট্রাল ফিশারিজ কর্পোরেশন লিমিটেড ১৯৬৭ সালের এপ্রিল-মে ও জুন মাসে ভারতের বিভিন্ন রাজ্য হইতে যে মৎস্য পশ্চিমবঙ্গে আমদানী করিয়াছে তাহার পরিসংখ্যান এইরূপঃ--

রাজ্য		পরিমাণ
অন্ধ্রপ্রদেশ	... ...	৪,৭৪৫ কিঃ গ্রাঃ
বিহার	... ...	৪২৮ কিঃ গ্রাঃ
গুজরাট	... ...	১০,৪৯৮ কিঃ গ্রাঃ
মাদ্রাজ	... ...	৬৭,১০৩ কিঃ গ্রাঃ
মধ্যপ্রদেশ	... ...	১৮,৩৩৬ কিঃ গ্রাঃ
উত্তরপ্রদেশ	... ...	৪২,৬৭৯ কিঃ গ্রাঃ
	মোট ...	১,৪৩,৭৮৯ কিঃ গ্রাঃ

(খ) সময়ের অভাবে এই সংক্রান্ত তথ্য সেণ্ট্রাল ফিসারিজ কর্পোরেশন তাহাদের বিভিন্ন সংগ্রহ কেন্দ্র (প্রকিওরমেন্ট সেন্টার) হইতে আহরণ করিতে পারেন নাই।

(গ) গড়ে কিলোপ্রতি ৩ টাকা ৩২ পয়সায়।

আমি এই (গ) প্রশ্ন সম্বন্ধে মাননীয় সদস্যকে আরো একটু বলতে চাই যে, বিভিন্ন ধরণের কোয়া-লিটির মাছ আছে, যেমন বোয়াল, রুই, কাতলা যেমন আছে, তেমনি সিংগি মাগুর, বিভিন্ন ধরনের শোল মাছ, অন্যান্য ভ্যারাইটিস আছে, যার দাম স্বভাবতই বাজারে অনেক কম। সুতরাং গড়ে যা ধরা হয়েছে তা ঐ রুই-কাতলা সমস্ত নিয়েই ঐ দাম ধরা হয়েছে।

শ্রীনিতাইপদ সরকার: সরকার কি সম্প্রতি চিন্তা করছেন অন্য কোন রাজ্য থেকে মাছ আমদানী করার জন্য কোন পরিকল্পনা নেবার?

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় সদস্যর অবগতির জন্য বলতে পারি এ সম্বন্ধে আপনারা দেখে থাকবেন যে আমাদের যুক্তফ্রন্ট সরকারের তরফ থেকে এবং মৎস্য বিভাগ থেকে আমরা কেরালা, উত্তরপ্রদেশ, বিহার, উড়িষ্যা, কাশ্মীর, অন্ধ্রপ্রদেশ প্রভৃতি প্রদেশে ব্যক্তিগতভাবে চিঠি দিয়েছি এবং সরকারের পক্ষ থেকেও চিঠি দিয়েছি এ ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকারকে সাহায্য করবার জন্য এবং কেন্দ্রীয় সরকারের যিনি খাদ্য এবং কৃষি মন্ত্রী শ্রীজগজীবন রাম, তাঁকে ব্যক্তিগতভাবে এবং সরকারী-ভাবে জানান হয়েছে যাতে সাপ্লাই-এর পরিমাণ বাড়ান যায়। অনুরূপভাবে মাছের সরবরাহের পরিমাণ বাড়াবার ব্যাপারে অন্যান্য সরকারের চাইতে কেরালা সরকার এই ব্যাপারে জানিয়েছেন যে, আমাদের সঙ্গে তাঁরা একমত। এবং তাঁরা যে পরিমাণ মাছ সরবরাহ করতে পারেন সপ্তাহে ভ্যারাইটি ফিস, ১২ টন এবং সেটা নির্ভর করছে যদি কেন্দ্রীয় সরকার রেলওয়ে বোর্ড থেকে

রেলওয়ে কোচ অ্যাপ্রুভ করে তবে সেটা আসতে পারে। আমি ব্যক্তিগতভাবে তাদের কৃষি এবং মুখ্যমন্ত্রীর সংগে দেখা করে এসেছি, তাঁরা এ ব্যাপারে খুব আগ্রহী। কিন্তু কেন্দ্রীয় সরকার থেকে সেইরকম রেলওয়ে কোচ অ্যাপ্রুভ না করলে তাঁরা সরবরাহ করতে পারবেন না। বিহারের উপ-মুখ্যমন্ত্রী তিনি ব্যক্তিগতভাবে চিঠি লিখে জানিয়েছেন যে, তাঁরাও এ ব্যাপারে সহানুভূতিশীল এবং তাঁরা তাঁদের ক্যাবিনেটে এই প্রস্তাবটা বিবেচনার জন্য দিয়েছেন।

শ্রীনিতাইপদ সরকার: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, বাইরের রাজ্যগুলি থেকে যে মাছ আমাদের এখানে আসছে তা শুধু কোলকাতায় বিক্রী হচ্ছে না, মফঃস্বল জেলাগুলিতেও বিক্রি হচ্ছে?

শ্রীকাশীকান্ত মৈত্র: আমি মাননীয় সদস্যকে জানাতে পারি যে, সেণ্ট্রাল ফিসারিজ কর্পোরেশন যে ওয়ান অব দি কনস্টিটিউয়েণ্টসিজ হচ্ছে পশ্চিমবংগে সেটা আমাদের রাজ্য সরকারের সংস্থা নয়। এই সংস্থা যখন তৈরি হয় তখন তার লক্ষ্যই ছিল কোলকাতাতে অন্ততঃপক্ষে ৫০০ মণ মাছ দৈনিক সরবরাহ করা। সুতরাং এই সংস্থার লক্ষ্যই হচ্ছে কোলকাতা এবং আশেপাশের এলাকায় সরবরাহ করা, মফঃস্বলের জন্য নয়।

শ্রীনিতাইপদ সরকার: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন ভবিষ্যতে যে মাছ আসবে তার মধ্যে কিছুটা অন্তত পশ্চিমবংগের মফঃস্বল জেলাগুলিতে সরবরাহ যাবে কি না?

শ্রীকাশীকান্ত মৈত্র: আগে আসুক তারপর সে সম্বন্ধে বিবেচনা করা যাবে।

ডাঃ রঞ্জিত ঘোষ চৌধুরী: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন কেরালার মাছ কোলকাতায় এলে কিলো প্রতি কি রকম দাম হবে সেটা হিসাব করেছেন কি?

শ্রীকাশীকান্ত মৈত্র: কেরালার যে মাছগুলি এখানে আনবার কথা, কেরালার সবচেয়ে মূল্যবান মাছ হচ্ছে লবস্টার এবং সেই মাছ বিরাট ফরেন এক্সচেঞ্জ আনে, স্বভাবতঃই অনেক দামে বিদেশের বাজারে বিক্রি হয়। কেরালার ভ্যারাইটিস ফিস অর্থাৎ সামুদ্রিক মাছ যা ওখানে ওঠে আমার ধারণা সেই সার্ডিন মাছ কোলকাতার বাজারে যদি আসে যেগুলি খয়রা মাছের সমতুল্য আমার মনে হয় তাহলে কোলকাতায় এখনও প্রাইভেট সেকটার যেভাবে চড়া দামে মাছ বিক্রি করে তার চেয়ে কম দামে বিক্রি করতে পারবো বলে আমার বিশ্বাস, তা না হলে আনবার কোন সার্থকতা থাকে না।

শ্রীহারাধন মণ্ডল: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন মাছের দাম তিন টাকা বত্রিশ পয়সা কেজি। মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন কুঁচো চিংড়িও এখন বাজারে ঐ দামে মেলে না?

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় সদস্য উত্তরটা বোধ হয় ঠিক মনোযোগ সহকারে শোনেন নি। উত্তরটা ছিল এই যে সেন্ট্রাল ফিশারিজ কর্পোরেশন এটা আমাদের সংগঠন নয়, এটা কেন্দ্রীয় সংস্থা। এঁরা যে পরিমাণ মাছ বিভিন্ন রাজ্য থেকে নিয়ে আসেন সেই বিভিন্ন ধরণের মাছ এমন কি সাব স্ট্যাণ্ডার্ড মাছ সব একসংগে নিয়ে অকশন করে গড়ে তার দাম দেখিয়েছেন ৩·৩২ পয়সা কেজি। কুঁচো চিংড়ি যদি ৩·৩২ পয়সায় বিক্রি হয় তাহলে আমি কখনও বলব না যে সেটা একটা ফেয়ার প্রাইস। আমি বলব সেটা অত্যন্ত বেশী দাম।

Shri Saila Kumar Mukherjee: Will the Hon'ble Minister kindly state whether the Central Fisheries Corporation and the State Fisheries Corporation would be carrying business, i.e., to import fish from different States, on competition or in co-operation?

Shri Kashi Kanta Maitra: Competition—yes, if the Central Fisheries Corporation does not behave with the people and this Government and co-operation—yes, if it does behave properly.

Shri Saila Kumar Mukherjee. Both State Fisheries Corporation and Central Fisheries Corporation will be importing fish from the other States. Will the Hon'ble Minister be pleased to state whether for the present Central Fisheries Corporation are importing fish for the Calcutta market?

Shri Kashi Kanta Maitra: So far as State Fisheries Corporation is concerned, we are planning to import on State to State basis various varieties of Fish from at least Kerala wherefrom we have received encouraging response.

Shri Saila Kumar Mukherjee. What is the Hon'ble Minister's expectation other than Kerala, as we have been hearing about Kerala during the last four months, of getting fish by the State Fisheries Corporation and how soon from different States?

Shri Kashi Kanta Maitra: So far as State Fisheries Corporation is concerned, its main endeavour would be explore and exploit various water resources that have been vested in the State Government consequent upon that are coming into forces under the West Bengal State Acquisition Act and also suitable enactments have been made already so that State Fisheries Corporation can exploit and explore these water resources and the Corporation's main object would be to develop the Bherries in the South Salt Lake areas which would be nationalised by the Government.

[1-50—2 p.m.]

শ্রীমণি সান্যাল: আমি মন্ত্রিমহাশয়ের কাছ থেকে জানতে চাচ্ছি যে, এই স্টেট ফিসারি করপোরেশন তাঁরা একথা ভাবছেন কি যে কলকাতা শহরের আশেপাশে যেসব ভেড়ী আছে তাদের উপর লেভি প্রথা বা অন্য কোন প্রথা চালু করে সেখান থেকে মাছ আদায় করা যায় কিনা?

শ্রীকাশীকান্ত মৈত্র: স্টেট ফিসারি করপোরেশন আপনারা জানেন যে. দশ হাজার একর জলা—সল্ট লেক, নর্থ সল্ট লেক এলাকায় নোটিফিকেশন করে তাদের ডেভেলপ করার কথা ছিল—১০০০ একর জলা দখল করবার পর ঐ সমস্ত ভেড়ীর মালিকরা হাইকোর্টের শরণাপন্ন হন এবং ২২৬ ধারায় মামলা করে ইনজাংশন নেন, তার ফলে পশ্চিম বাংলা রাজ্য সরকারের স্টেট ফিসারি ডেভেলপমেন্ট করপোরেশন আর এগোতে পারেন নি, ফলে কাজ ব্যাহত হচ্ছে। যেদিন ইন্টারিম অর্ডার অব ইনজাংশন ভেকেট হয়ে যাবে সেদিন সকলের সহযোগিতা নিয়ে সেই সমস্ত এলাকায় That will be a completely nationalised sector. সেখানে সম্পূর্ণ কর্তৃত্ব রাজ্য সরকারের থাকবে।

শ্রীপ্রমথনাথ ধীবর: মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, চীন থেকে মাছ আনার কোন পরিকল্পনা সরকারের আছে কি না?

Shri Kashi Kanta Maitra: Mr. Speaker, Sir, I do not think I am called upon to reply to such puerile queries and childish prattle of a responsible member of this House.

Museum in Jiagunj, Murshidabad

***229.** (Admitted question No. *682.)

শ্রীঅমলেন্দ্রলাল রায়: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার জিয়াগঞ্জ শহরে যে মিউজিয়াম গৃহ নির্মাণ হইতেছে তাহার জন্য কত অর্থ বরাদ্দ করা হইয়াছিল;

(খ) ঐ গৃহ নির্মাণ কার্য কবে আরম্ভ হয়;

(গ) আজও ওই গৃহ অসম্পূর্ণ পড়িয়া আছে কেন; এবং

(ঘ) এই মিউজিয়াম গৃহ কাহার বা কাহাদের পরিচালনাধীনে ও তত্ত্বাবধানে নির্মিত হইতেছে?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: (ক) উক্ত মিউজিয়ামটির জন্য পশ্চিমবঙ্গ সরকার ২৫,০০০ টাকা ও কেন্দ্রীয় সরকার ৫০,০০০ টাকা বরাদ্দ করিয়াছেন; কেন্দ্রীয় সরকার সাজ-সরঞ্জামের জন্যও ১৫,০০০ টাকা বরাদ্দ করিয়াছেন।

(খ) ১৯৬৩ সালের শেষভাগে নির্মাণকার্য আরম্ভ হয়

(গ) যে জমির উপর গৃহ নির্মিত হইতেছে সেই জমি লইয়া কিছু আইনগত বাধা দেখা দিয়াছে। ইহা দূরীভূত হইলেই নির্মাণকার্য পুনরায় আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়।

(ঘ) এই নির্মাণকার্য তত্ত্বাবধানের জন্য সরকার একটি কমিটি গঠন করিয়াছেন। মুর্শিদাবাদের জেলাশাসক পদাধিকারবলে উক্ত কমিটির সভাপতি।

শ্রীঅমলেন্দ্রলাল রায়: বাংলাদেশের অন্যান্য কোন্ কোন্ জেলাতে এই রকম মিউজিয়াম তৈরি করার ব্যবস্থা হয়েছে?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: নোটিশ চাই।

শ্রীঅমলেন্দ্রলাল রায়: ৯০ হাজার টাকা স্যাংশন হয়েছে, দেখা যাচ্ছে স্টেট গভর্নমেন্ট দিয়েছে ৭৫ হাজার টাকা এবং ১৫ হাজার টাকা সাজসরঞ্জামের জন্য কেন্দ্রীয় সরকার দিয়েছেন—এই ৯০ হাজার টাকা কবে স্যাংশন হয়েছে?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: মাননীয় সদস্য হয়ত আমার পড়ার দোষে শুনতে ভুল করেছেন—আমি বলেছিলাম যে, পশ্চিমবঙ্গ সরকার ২৫ হাজার টাকা, কেন্দ্রীয় সরকার ৫০ হাজার টাকা বরাদ্দ করেছেন আর কেন্দ্রীয় সরকার সাজ-সরঞ্জামের জন্য আরও ১৫ হাজার টাকা বরাদ্দ করেছেন। আপনি যে প্রশ্ন করলেন তাতে নোটিশের দরকার হবে।

শ্রীঅমলেন্দ্রলাল রায়: ১৯৬৩ সালে নির্মাণকার্য আরম্ভ হয়েছিল, আপনি বলেছেন, ১৯৬৭ সালে শেষ হবার কোনরকম আশা দেখা যাচ্ছে না—আইনঘটিত বাধা থাকা সত্ত্বেও ঐ জমির উপর কার হুকুমে কনস্ট্রাকশনের কাজ শুরু হল?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: এ সম্পর্কে খোঁজ নিতে হবে।

শ্রীঅমলেন্দ্রলাল রায়: মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই কমিটির মধ্যে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট চেয়ারম্যান ছিলেন—তা ছাড়া আর কোন্ কোন্ সদস্য সেখানে ছিলেন?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: এটা এখন বলতে পারব না। নোটিশ চাই।

শ্রীহরেন্দ্রনাথ মজুমদার: এই বাবত গভর্নমেন্ট মোট কত টাকা দিয়েছেন ঐ কমিটির হাতে?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: আমি আগেই বলেছি বরাদ্দটা হচ্ছে ২৫ হাজার ৫০ হাজার এবং ১৫ হাজার। কেন্দ্রীয় সরকার ইতিমধ্যে দুই দফায় ৫০ হাজার টাকা দিয়েছেন, এবং আরও ১৫ হাজার টাকা দিয়েছেন এবং রাজ্য সরকার ২৫ হাজার টাকা দুই দফায় দিয়েছেন এবং আরও ২৫ হাজার টাকা দেবার প্রতিশ্রুতি রয়েছে।

শ্রীঅমলেন্দ্রলাল রায়: এই টাকা কমিটির সেক্রেটারী না চেয়ারম্যানকে দেওয়া হয়েছে, না, উবে গেছে কর্পূরের মত?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: এটা নোটিশ দিলে বলতে পারব।

শ্রীহরেন্দ্রনাথ মজুমদার: এই টাকার কত টাকা ব্যয় হয়েছে এবং কত টাকা তাঁদের ফান্ডে আছে?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: ৫২,৮৪২ টাকা খরচ হয়েছে বলে আমার এখানে তথ্য রয়েছে—এটা খোঁজ নিতে হবে।

শ্রীহরেন্দ্রনাথ মজুমদার: মন্ত্রিমহাশয় জানাবেন কি এই যে ব্যয় হয়েছে, এটা ঠিকমত হয়েছে কি না, কোন অনুসন্ধান করা হয়েছে কি?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: অনুসন্ধান করা আগে হয়েছিল কি না আমি ঠিক বলতে প্যারছি না, তবে অনুসন্ধান করতে হবে দেখা যাচ্ছে।

শ্রীবিজয়সিংহ নাহার: আপনি (গ) প্রশ্নের উত্তরে বললেন, একজনের নাম দিতে পারি—সমস্ত কমিটির নাম আপনার কাছে নেই—কিন্তু (গ) প্রশ্নে ছিল এই মিউজিয়াম গৃহ কার বা কাদের পরিচালনাধীন বা তত্ত্বাবধানে নির্মিত হচ্ছে?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: আমি আগেই বলেছি যে, একটা কমিটি গঠন করা হয়েছে—কমিটির সদস্যদের নাম আমি বলতে পারছি না।

শ্রীবিজয়সিংহ নাহার: আপনি প্রশ্নটার অসম্পূর্ণ উত্তর দিয়েছেন—কার এবং কাদের পরিচালনাধীনে—এ সমস্ত নাম উনি চেয়েছিলেন প্রশ্নে?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: কার বা কাদের একথা প্রশ্নে আছে—কার উত্তরে যদি কমিটি বলি তাহলে উত্তরটা চলে—তবে মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি যে, আমাদের আরও এ সম্পর্কে সতর্ক হতে হবে।

শ্রীসত্যব্রত ভট্টাচার্য: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, ৫২ হাজার টাকা খরচ হয়েছে বাকি টাকাটা কি যাঁরা কর্তৃত্ব করছেন তাঁদের হাতে আছে, না, গভর্নমেন্টের কাছে আছে?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: আমি আগেই বলেছি যে, এই টাকা কোথায় আছে সেটা আমাকে খোঁজ নিতে হবে—নোটিশ চাই।

Dr. Sashi Bhusan Chaudhury: What is the number of exhibits in that museum?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা গৃহনির্মাণ সম্পর্কে এক্জিবিটস সম্পর্কে নোটিশ দিলে বলতে পারব।

Loan due to Covernment from Weaving Industries at Tamluk police-station

***230.** (Admitted question No. *687.)

শ্রীঅজয় মালাকার: কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তমলুক থানায় (মেদিনীপুরে) অবস্থিত পূর্বকোলা বয়ন শিল্প সমবায় সমিতি লিমিটেডের নিকট সরকারের প্রাপ্য ঋণের পরিমাণ কত;

(খ) সমিতি এ পর্যন্ত কত টাকা ঋণ পরিশোধ করিয়াছে; এবং

(গ) ঐ সমিতিতে কতজন শ্রমিক কাজ করিত এবং বর্তমানে ঐ সমিতি কি অবস্থায় আছে এ বিষয়ে সরকারের কি তথ্য আছে?

শ্রীকাশীকান্ত মৈত্র: (ক) টাকা ৩১,৮১০·৫০ প (ঋণ পরিশোধের টাকা বাদ দিয়া)।

(খ) টাকা ৬,৫০৩·৬৫ প।

(গ) ঐ সমিতিতে গড়ে ৪৫ হইতে ৫০ জন শ্রমিক দৈনিক কাজ করিত। অনুসন্ধানে জানা গেল যে, ১৯৬৭ সালের মে মাস হইতে সমিতির কাজ সম্পূর্ণ বন্ধ রহিয়াছে।

শ্রীঅজয় মালাকার: ঐ সমিতির সম্পাদকের বিরুদ্ধে এ আর সি এস যে রিপোর্ট দিয়েছিলেন সে সম্পর্কে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি?

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় সদস্যের অতিরিক্ত প্রশ্নের উত্তরে আমি বলতে চাই যে, সহকারী অধিকার, এ, আর, সি, এস ১৯৪০ সালের বেঙ্গল কো-অপারেটিভ সোসাইটি অ্যাক্ট অনুসারে তদন্ত করেন এবং তদন্তে কতকগুলি ইররেগুলারিটিজ এবং ত্রুটি-বিচ্যুতি ধরা পড়ে বলে তাঁদের কাজ বন্ধ করার নির্দেশ দেন এবং এই নির্দেশ দেবার পর উক্ত কমিটির পক্ষ থেকে মহামান্য হাইকোর্টে একটা মামলা রুজু করা হয়েছে।

শ্রীঅজয় মালাকার: এর পরেও এ, আর, সি, এস-দের আপত্তি সত্ত্বেও রিবেট দেওয়া হয়েছে, এটা কি ঠিক?

শ্রীকাশীকান্ত মৈত্র: এটা ঠিক নয়, কাগজপত্র দেখে বলতে পারি—এ সম্পর্কে আমরা অনুসন্ধান করব—তবে কোন রিবেট দেন নি—কেন না কাজ বন্ধ রয়েছে।

শ্রীঅজয় মালাকার: আমি বলছি দিয়েছে, আপত্তি সত্ত্বেও এ সম্বন্ধে তদন্ত করবেন কি?

শ্রীকাশীকান্ত মৈত্র: নিশ্চয়।

Mr. Speaker: Question hour is over. There is a short notice question No. *245.

শ্রীজ্যোতি বসু: আমি আবেদন করছি, ডঃ ঘোষ এখানে নেই, কাল এটা নিলে ভাল হয়।

মিঃ স্পীকার: বেশ তাই।

Allotment of rice to the State

***245.** (Short Notice) (Admitted question No. *1093.) **Shri Apurbalal Majumdar:** Will the Minister-in-charge of the Food Department be pleased to state—

(a) whether it is a fact that in the two-day conference of Chief Ministers, held last week, the allotment of rice to the State of West Bengal has been cut down; and

(b) if so, whether the Government has made any alternative arrangement for supply of rice from any other source?

STARRED QUESTIONS

(to which answers were laid on the table)

Vernacular as the medium of instructions

***231.** (Admitted question No. *696.)

শ্রীমতী ইলা মিত্র: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে সর্বস্তরে মাতৃভাষার মাধ্যমে শিক্ষার ব্যবস্থা ও তদনুযায়ী পাঠ্যপুস্তক প্রণয়নের জন্য বর্তমান সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

The Minister for Education:

(ক) প্রাথমিক শিক্ষা, মাধ্যমিক শিক্ষা ও সাধারণ কলেজ শিক্ষা (পাশ পাঠক্রম)-এর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের অনুমোদনক্রমে পশ্চিম বাংলায় মাতৃভাষার মাধ্যমে শিক্ষা ও পরীক্ষার ক্ষেত্রে উত্তর দানের প্রথা চালু আছে।

(খ) প্রাথমিক শিক্ষাস্তরে সরকারী প্রচেষ্টায় পুস্তক প্রণয়ন ও প্রকাশ করা হইয়াছে।

মাধ্যমিক স্তরে মাতৃভাষায় মাধ্যমিক শিক্ষা পর্ষদের সহায়তায় কয়েকটি পুস্তক প্রকাশিত হইয়াছে।

কলেজ ও বিশ্ববিদ্যালয়ের স্তরে মাতৃভাষায় পাঠ্যপুস্তক রচনা, অনুবাদ ও প্রকাশের একটি পরিকল্পনা ভারত সরকার, রাজ্য সরকার ও বিশ্ববিদ্যালয়গুলি বিবেচনা করিতেছেন।

Appointment, retrenchment, etc., in Calcutta State Transport Corporation

***232.** (Admitted question No. *767.)

শ্রীআহমদ হোসেন মণ্ডল: স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৬৭ সালের মার্চ হইতে জুন এই চার মাসে কলিকাতা রাষ্ট্রীয় পরিবহন সংস্থায়—

(ক) কত কর্মচারী ছাঁটাই করা হইয়াছে ;

(খ) কত নূতন কর্মচারী নিয়োগ করা হইয়াছে ; এবং

(গ) কত কর্মচারীকে তাহাদের পূর্বপদ হইতে নূতন স্থানে বদলি করা হইয়াছে?

The Minister for Home (Transport):

(ক) ছাঁটাই (রিট্রেঞ্চমেন্ট) কাহাকেও করা হয় নাই। ১৩৪ জন কর্মীকে বিভিন্ন দোষে বরখাস্ত (ডিসমিসড অর রিমুভড) করা হইয়াছে।

(খ) ৪৭ জন।

(গ) ২৬৯ জনকে।

Schools taking aid from the Government

***233.** (Admitted question No. *782.) **Shri Dinesh Chandra Dakua:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) the number of (i) Higher Secondary Schools, (ii) Class X High Schools and (iii) any other category of schools receiving (1) aid under deficit scheme, (2) lump-grant in West Bengal, at present; and

(b) whether the Government has any control over the schools not taking aid from the Government?

The Minister for Education:

(a) The number of schools receiving maintenance grant is as follows:

Category of schools,	No of schools under deficit scheme.	No. of schools receiving lump grant.
(i) Higher Secondary (both for Normal and Higher Secondary Section).	1338	..
(ii) Class X Schools	498	764
(iii) 1, Jr. High Schools	..	2070
2. Sr. Basic Schools	312	22
3. High Madrasahs	14	1
4. Jr. Madrasahs	..	70

(b) It is difficult for Government to exercise any effective control in respect of finance and management over schools which do not participate in the Grant-in-aid Scheme. The management of the schools is subject to the rules and regulations of the West Bengal Board of Secondary Education.

Pension, gratuity, etc., to Secondary Teachers

***234.** (Admitted question No. *791.)

শ্রীরজনীকান্ত দলুই: (ক) শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ইহা কি সত্য যে, মাধ্যমিক শিক্ষকদের পেনসন, গ্র্যাচুইটি ইত্যাদি দেওয়ার প্রকল্প সরকার গ্রহণ করিয়াছেন?

(খ) সত্য হইলে, (১) ইহা কোন্ সালে কার্যকরী করা হইবে; এবং (২) কি হারে দেওয়া হইবে?

The Minister for Education:

(ক) হ্যাঁ।

(খ) (১) ১৯৬৬ সালের ১লা এপ্রিল হইতে।

(২) নূতন কন্ট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড-কাম-পেন্সন প্রকল্প অনুসারে নিম্নলিখিত সুবিধা দেওয়া হইবে—

Contributory Provident Fund—Employer's share 6¼ per cent. of pay; Employee's share 6¼ per cent. of pay.

Pension (for service of ten years and above)—1/120 of the average of last three years' pay for each completed year of serivce. Maximum one-fourth of pay.

Retiring gratuity (for service of five to nine years)—Half month's pay for each completed year of service.

Death gratuity (for service of five to twenty years)—One-fourth of one month's pay for each completed year of service subject to a minimum of Rs. 500.

Family pension (for five years) for death after twenty years' service)—On a prescribed scale ranging from Rs. 20 to Rs. 75.

Shell industry in Bankura district

***235.** (Admitted question No. *834.)

ডাঃ বিনোদবিহারী মাঝি: কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বাঁকুড়া জেলার কাংস্য ও শঙ্খ শিল্পের উন্নতি জন্য বর্তমান সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

The Minister for Cottage and Small Scale Industries:

কাংস্যশিল্পের জন্য প্রয়োজনীয় কাঁচামালের অধিকাংশই বিদেশ হইতে আমদানী করিতে হয়। কাংস্যশিল্প যদিও অগ্রাধিকারপ্রাপ্ত শিল্প নহে, তথাপি ভারত সরকারের নূতন আমদানী নীতি অনুযায়ী এইরূপ ক্ষুদ্র ক্ষুদ্র সংস্থাগুলি আমদানী লাইসেন্সের জন্য সরাসরি লাইসেন্সিং অথরিটির নিকট আবেদন করিতে পারিবেন। কিন্তু অজ্ঞতাবশত এবং প্রতিক্ষেত্রে পঞ্চাশ টাকা করিয়া লাইসেন্স ফি জমা দিয়া ক্ষুদ্র শিল্প সংস্থাগুলির পক্ষে এইরূপ সরাসরি আবেদন করা সম্ভব হইবে না বলিয়া বিবেচনা করা হয়। সেইজন্য ওয়েস্ট বেঙ্গল স্মল ইন্ডাস্ট্রিজ করপোরেশন লিমিটেড যাহাতে এইসব ক্ষুদ্র সংস্থাগুলির পক্ষে প্রয়োজনীয় কাঁচামাল আমদানী করিতে পারেন তাহার জন্য এই সরকার ভারত সরকারের নিকট একটি প্রস্তাব রাখিয়াছিলেন। ক্ষুদ্রশিল্প সংস্থাসমূহের উন্নয়ন কমিশনারের দপ্তর হইতে জানানো হইয়াছে যে, চীফ কন্ট্রোলার অফ ইমপোর্টস অ্যান্ড এক্সপোর্টস কেবলমাত্র এককালীন পঞ্চাশ টাকা লাইসেন্স ফি দিয়া ওয়েস্ট বেঙ্গল স্মল ইন্ডাস্ট্রিজ করপোরেশন কর্তৃক এইরূপ আমদানীর প্রস্তাবে রাজী হইয়াছেন। এখনও পর্যন্ত ঐ বিষয়ে প্রয়োজনীয় বিজ্ঞপ্তি বাহির হয় নাই।

পশ্চিমবঙ্গের শঙ্খশিল্পীদের জন্য প্রয়োজনীয় শঙ্খ পূর্বে সিংহল ও মাদ্রাজ হইতে আমদানী করা হইত। কিন্তু বৈদেশিক মুদ্রাসঙ্কটের জন্য বর্তমানে কেবলমাত্র মাদ্রাজ হইতে আমদানীকৃত শঙ্খ দ্বারাই আপাতত চাহিদা মেটানোর চেষ্টা করা হইতেছে। মাদ্রাজ হইতে আমদানীর পরিমাণ আশানুরূপ না হওয়ায় এই সরকার মাদ্রাজ ও ভারত সরকার উভয়ের সহিতই বেশ কিছুদিন যাবৎ কথাবার্তা চালাইতেছিলেন। এই বিভাগীয় মন্ত্রিমহোদয়ও কিছুদিন পূর্বে মাদ্রাজে গিয়া তত্রস্থ সরকারের সহিত আলোচনা করেন। মাদ্রাজ সরকার বর্তমানে ১৯৬২-৬৩ ও ১৯৬৩-৬৪ সালের উত্তোলিত শঙ্খ সাধারণ নীলামে বিক্রয় না করিয়া ওয়েস্ট বেঙ্গল স্মল ইন্ডাস্ট্রিজ করপোরেশনের নিকট নির্দিষ্ট মূল্যে বিক্রয় করিতে সম্মত হইয়াছেন।

১৯৬৬-৬৭ সালে বাঁকুড়া জেলার জন্য ৫০৩ বস্তা শঙ্খ সরবরাহ করা হইয়াছে। ইহার মূল্য মোট ৮৮,৮১০ টাকা। প্রতি বস্তায় ১৭৫টি করিয়া শঙ্খ থাকে। শঙ্খের আমদানী বৃদ্ধি পাইলে বাঁকুড়া জেলার শঙ্খশিল্পিগণও অন্যান্যদের সহিত আরও বেশি কাঁচামাল পাইবেন।

Affiliation of Primary Schools in Cooch Behar district

***236.** (Admitted question No. *851.)

শ্রীশঙ্কর সেন ইসোর: (ক) শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ইহা কি সত্য যে, সম্প্রতি কোচবিহার জেলার কিছুসংখ্যক নূতন প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদন বন্ধ করা হইয়াছে?

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কতগুলি ঐ প্রকার বিদ্যালয়ের অনুমোদন বন্ধ করা হইয়াছে ;

(২) এই অনুমোদন বন্ধ করার কারণ কি ; এবং

(৩) ঐ বিদ্যালয়গুলিকে আবার অনুমোদন দেওয়া হইবে কি না?

The Minister for Education:

(ক) কোচবিহার জেলার গ্রামাঞ্চলের জন্য ১০৪টি নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপনের মঞ্জুরীর সরকারী নির্দেশ দেওয়া হইয়াছিল। গত ২৩-৩-৬৭ তারিখের শিক্ষাধিকারের নির্দেশে উক্ত বিদ্যালয়গুলির মঞ্জুরীদান জেলা স্কুল বোর্ড কর্তৃক সাময়িকভাবে স্থগিত রাখা হইয়াছিল।

(খ) (১) উক্ত ১০৪টি বিদ্যালয়েরই অনুমোদন সাময়িকভাবে স্থগিত রাখা হইয়াছিল।

(২) জেলা বিদ্যালয় পরিদর্শক নূতন প্রাথমিক বিদ্যালয়ের প্রস্তাবগুলিকে সাম্প্রতিক "এডুকেশন সার্ভের" ফলাফলের এবং স্থানীয় পরিদর্শকের মতামতের ভিত্তিতে পুনরায় পরীক্ষা করিয়া দেখার সুযোগ দেওয়ার জন্য অনুমোদন সাময়িকভাবে স্থগিত রাখা হয়।

(৩) হ্যাঁ, জেলা বিদ্যালয় পরিদর্শকের সুপারিশক্রমে মঞ্জুরীর পুনরাদেশ দেওয়া হইবে। ইতিমধ্যেই মোট ১০৪টির মধ্যে ৯২টি নূতন প্রাথমিক বিদ্যালয়ের মঞ্জুরীর অনুমতিসহ সরকারী নির্দেশ স্কুলবোর্ডে পাঠানো হইয়াছে।

District, Area and Rural Libraries of West Bengal

***237.** (Admitted question. No. *900.) **Shri Santi Gopal Sen:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state whether the staff of the District, Area and Rural Libraries of West Bengal will derive the benefit of Dearness Allowance recently declared by the Government?

The Minister for Education: The staff of the Government Sponsored Libraries will draw additional dearness allowance at the rate of Rs. 18 p.m. The order has been made effective from 1st May, 1967.

Grant-in-Aid section of Secondary Education Board

***238.** (Admitted question No. *921.)

শ্রীপরেশচন্দ্র গোস্বামী: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে ডি, পি, আই-এর অধীনে গ্র্যান্ট-ইন-এড সেকসনে কতজন কর্মচারী নিযুক্ত আছেন ; এবং

(খ) বর্তমানে গ্র্যান্ট-ইন-এড পায় এমন উচ্চ এবং উচ্চতর বিদ্যালয়ের সংখ্যা কত?

The Minister for Education:

(ক) মোট ৫৫ জন।

(খ) ২,৬০০।

Rising of price of Steel

***239.** (Admitted question No. *1048.)

শ্রীরবীন মুখার্জি: কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ইহা কি সত্য, শিল্পের জন্য একান্ত জরুরী বিভিন্ন ধরণের ইস্পাতের দর অত্যধিক চড়িয়া গিয়াছে, ফলে শিল্পগুলি বিশেষভাবে ছোট ছোট ইঞ্জিনীয়ারিং কারখানাগুলি গুরুতর ক্ষতিগ্রস্ত হইতেছে।

The Minister for Cottage and Small Scale Industries:

ইহা সত্য যে, বিভিন্ন ধরনের ইস্পাতের দাম সম্প্রতি অত্যধিক চড়িয়া গিয়াছে এবং এই বৃদ্ধির ফলে ছোট ছোট শিল্পসংস্থাগুলি বর্তমানে কিছুটা সঙ্কটের সম্মুখীন হইয়াছে।

তবে এইরূপ সংস্থাগুলি গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত হইতেছে কিনা এই সম্বন্ধে কোন বিস্তৃত তথ্য জানা নেই।

Powerloom in Baruipur Industrial Estate

***240.** (Admitted question No. *666.)

শ্রীকুমুদরঞ্জন মণ্ডল: কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বারুইপুর ইন্ডাস্ট্রিয়াল এস্টেটে এ যাবৎ কয়টি পাওয়ারলুম প্রতিষ্ঠানকে লাইসেন্স দেওয়া হইয়াছিল ;

(খ) উহাদের মধ্যে ১৯৬৭ সালের ১লা জুলাই তারিখে কয়টি চালু ছিল ;

(গ) উক্ত প্রতিষ্ঠানের মধ্যে কোন প্রতিষ্ঠান বন্ধ হইয়া গিয়াছে কি না ; হইলে কর্মহীন শ্রমিকের সংখ্যা কত ;

(ঘ) ঐ প্রতিষ্ঠান বা প্রতিষ্ঠানগুলি বন্ধ হইয়া যাওয়ার কারণ কি ; এবং

(ঙ) ঐরূপ বন্ধ হইয়া যাওয়া প্রতিষ্ঠানগুলির নিকট সরকারের কোন টাকা পাওনা আছে কি না এবং পাওনা থাকিলে ঐ সকল পাওনা টাকা আদায়ের কোন কার্যকরী ব্যবস্থা অবলম্বিত হইয়াছে কি?

The Minister for Cottage and Small Scale Industries:

(ক) দুইটি।

(খ) একটি।

(গ) একটি প্রতিষ্ঠান (দি ক্যালকাটা কো-অপারেটিভ পাওয়ারলুম সোসাইটি লিমিটেড) বন্ধ হইয়া গিয়াছে। কর্মহীন শ্রমিকের সংখ্যা হইল ৪০।

(ঘ) ঐ সমিতি জানাইয়াছে যে, আর্থিক অসঙ্গতি এবং টাকা কর্জ না পাওয়ার জন্য ফ্যাক্টরি বন্ধ করিয়া দিতে হইয়াছে।

(ঙ) দেয় কিস্তি অনুযায়ী টা ১৬,৪২০·০৮ পয়সা অনাদায়ী রহিয়াছে। এ ছাড়া ২৩,১১৭·৭১ পয়সা নির্দিষ্ট সময় অন্তে পাওনা হইবে। অনাদায়ী টাকা আদায়ের জন্য পাবলিক ডিম্যান্ড রিকোভারী অ্যাক্ট অনুযায়ী উক্ত সমিতির নামে কেস রুজু করা হইয়াছে।

Extension of Bus route No. 9

***241.** (Admitted question No. *708.)

শ্রীমতী ইলা মিত্র: স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি গজনভি ব্রীজ হইতে আর, জি, কর হসপিট্যাল পর্যন্ত ৯নং বাস রুট এক্সটেন্ড করিবার যে প্রস্তাব সরকারের আছে তাহা কবে কার্যকরী হইবে?

The Minister for Home (Transport):

বর্তমানে উল্টাডাঙ্গা হইতে গজনভি ব্রীজের পূর্বদিকে ক্যানাল ইস্ট রোড (দাসপাড়া) পর্যন্ত একটি সাটল্ বাস সার্ভিস চালু আছে। গজনভি ব্রীজ ভারী গাড়ী চলাচলের জন্য উন্মুক্ত হইলে ঐ সার্ভিস আর, জি, কর হসপিট্যাল এমন কি শ্যামবাজার পর্যন্ত এক্সটেন্ড করা সম্ভব হইতে পারে।

Supply of milk in Greater Calcutta

***242.** (Admitted question No. *763.)

শ্রীকুমুদরঞ্জন মন্ডল: পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা দুগ্ধ সরবরাহ প্রকল্প মারফৎ কলিকাতা করপোরেশন এলাকার বাহিরে বৃহত্তর কলিকাতায় দৈনিক কত দুগ্ধ সরবরাহ করা হইতেছে;

(খ) বৃহত্তর কলিকাতার শিল্পাঞ্চলে দুগ্ধ সরবরাহ বৃদ্ধি পাইবার বর্তমানে কোন সম্ভাবনা আছে কি: এবং

(গ) বিহার হইতে বর্তমান বৎসরে (১৯৬৭) সরকারী ব্যবস্থাপনায় পশ্চিমবঙ্গে আনীত গবাদি পশুর সংখ্যা কত?

The Minister for Animal Husbandry:

(ক) দৈনিক প্রায় ২৬,৪০০ লিটার।

(খ) হ্যাঁ।

(গ) বিহার হইতে বর্তমান বৎসরে সরকারী ব্যবস্থাপনায় পশ্চিমবঙ্গে কোন গবাদি পশু আনা হয় নাই।

Sanction of Primary Schools in Midnapore district

***243.** (Admitted question No. *793.)

শ্রীরজনীকান্ত দলুই: (ক) শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ইহা কি সত্য যে, যুক্তফ্রন্ট সরকার মেদিনীপুর জেলায় কিছু নূতন প্রাথমিক বিদ্যালয়ে মঞ্জুরী দিতেছেন? ,

(খ) সত্য হইলে—

(১) তাহার সংখ্যা কত; এবং

(২) উক্ত জেলায় দাসপুর থানার নাড়াজোল সার্কেলে, কেশপুর থানার কেশপুর সার্কেলে কয়টি স্কুল মঞ্জুরী পাইতেছে?

The Minister for Education:

(ক) ও (খ) (১) বর্তমান সরকার গঠিত হইবার পূর্বেই মেদিনীপুর জেলার গ্রামাঞ্চলে ৪৯২টি নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপনের জন্য মঞ্জুরী দেওয়া হইয়াছিল। তাহার মধ্যে ৭৭টি বিদ্যালয় মেদিনীপ[illegible] স্কুল বোর্ড কর্তৃক মঞ্জুরীপ্রাপ্ত হয়। বর্তমান সরকারের নির্দেশে অবশিষ্ট বিদ্যালয়ের মঞ্জুরী জেলা বিদ্যালয় পরিদর্শক কর্তৃক পুনঃ পরীক্ষা সাপেক্ষে সাময়িকভাবে স্থগিত রাখা হয়।

পরীক্ষান্তে জেলা বিদ্যালয় পরিদর্শকের সুপারিশক্রমে আরও ৩৬৯টি প্রাথমিক বিদ্যালয়কে মঞ্জুরীর অনুমতি দেওয়া হইয়াছে। অবশিষ্ট ৪৬টি প্রাথমিক বিদ্যালয় সম্পর্কে জেলা বিদ্যালয় পরিদর্শকের সুপারিশ পাওয়া গেলে যথাবিহিত ব্যবস্থা গ্রহণ করা হইবে।

(খ) (২) উপস্থিত নাড়াজোল সার্কেলে ও কেশপুর সার্কেলে যথাক্রমে ১০টি ও ১৩টি নূতন প্রাথমিক বিদ্যালয় মঞ্জুরী পাইতেছে।

Retrenchment, etc., in Central Workshop of Calcutta State Transport at Belgharia

***244.** (Admitted question No. *859.)

শ্রীঅরুণকুমার মৈত্র: স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা রাষ্ট্রীয় পরিবহন সংস্থার বেলঘরিয়াস্থিত কেন্দ্রীয় ওয়ার্কশপ হইতে ১৯৬৭ সালের মার্চ হইতে জুন এই চার মাসে কত কর্মচারীকে ছাঁটাই বা তাদের নিয়োগ বাতিল করা হইয়াছে এবং কর্মচারীকে অন্যত্র বদলি করা হইয়াছে; এবং

(খ) এইরূপ ছাঁটাই বা নিয়োগ বাতিল করার কারণ কি?

The Minister for Home (Transport):

(ক) ২৬ জন অস্থায়ী কর্মচারীকে বরখাস্ত করা হইয়াছে। উক্ত সময়ে কোন [illegible] অন্যত্র বদলি করা হয় নাই।

(খ) উক্ত ২৬ জনের মধ্যে ১০ জনের বিরুদ্ধে অসামাজিক কার্যকলাপের এবং কর্তব্যে অবহেলার জন্য অসন্তোষজনক রিপোর্ট আছে।

এতদ্ব্যতীত বাকী অন্যান্যদের সম্পর্কেও অসন্তোষজনক কাজের রিপোর্ট থাকার দরুন তাহাদের বরখাস্ত করা হইয়াছে।

UNSTARRED QUESTIONS

to which written answers were laid on the table

Supply of rice and wheat from Central and procurement of rice in the State

133. (Admitted question No. 200.)

শ্রীনারায়ণচন্দ্র চৌধুরী: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত মার্চ মাস ১৯৬৭ হইতে ১৫ই জুন, ১৯৬৭ পর্যন্ত কেন্দ্রীয় সরকারের কাছ হইতে কত চাউল ও গম পাওয়া গিয়াছে ;

(খ) রাজ্য সরকার এই সময়ে রাজ্যের অভ্যন্তর হইতে কত ধান ও চাউল সংগ্রহ করিয়াছেন ; এবং

(গ) সংগৃহীত ধান ও চালের মধ্যে কোন্ জেলা হইতে কত সংগ্রহ হইয়াছে এবং কোন্ জেলায় সংগ্রহ লক্ষ্য কত ছিল?

The Minister for Food and Supplies:

(ক) গত মার্চ মাস হইতে ১৫ই জুন পর্যন্ত কেন্দ্রীয় সরকারের নিকট হইতে নিম্নলিখিত পরিমাণ চাউল ও গম পাওয়া গিয়াছে:—

	চাউল	গম
	(মেট্রিক টন)	
মার্চ	২২,৮৩৯	৮৩,২৪৬
এপ্রিল	১৬,৯০৫	৬০,৮০৭
মে	১২,৮২৬	৫৯,০৬২
জুন (১৫।৬।৬৭ পর্যন্ত)	৮৮৭	৪৪,৯০১
মোট ..	৫৩,৪৫৭	২,৪৮,০১৬

(খ) উক্ত সময়ে রাজ্যের অভ্যন্তর হইতে নিম্নলিখিত পরিমাণ ধান ও চাউল সংগৃহীত হইয়াছে:—

	চাউল	ধান	চাউলের হিসাবে
		(মেট্রিক টন)	
মার্চ	১১,৪৯৬	১,৫৩২	১২ ৫১৭
এপ্রিল	৮,৭৪১	২.১১০	১০,১৪৮
মে	৮,৪১৪	১১,০০৪	১৫,৭৫০
জুন (১৫ই পর্যন্ত)	৮৮৪	৯,০৫০	৬,৯১৭
	২৯,৫৩৫	২৩,৬৯৬	৪৫,৩৩২

(গ) গত মার্চ হইতে ১৫ই জুন পর্যন্ত ধান ও চাউল সংগ্রহের জেলাওয়ারী হিসাব ও ়তন খাদ্যনীতি প্রবর্তনের পর (অর্থাৎ ৫-৪-৬৭) হইতে পরবর্তী আমন ফসল ওঠা পর্যন্ত ান ও চাউলের সংগ্রহের লক্ষ্য কত ছিল তাহার জেলাওয়ারী হিসাব নিম্নে দেখানো হইলঃ—

	সংগ্রহের পরিমাণ			সংগ্রহ লক্ষ্য
	চাউল	ধান	চাউলের হিসাবে	(চাউলের হিসাবে)
	(মেট্রিক টন)			
ৰ্ধমান	৩,৫৪৮	৪,৪৬৩	৬,৫২৩	৫০,০০০
ীরভূম	১২,৪৮৯	২,১৮৩	১৩,৯৪৪	৭০,০০০
ঁকুড়া	২৮৪	৪৯০	৬১১	লক্ষ্য স্থিরীকৃত হয় নাই।
ুরুলিয়া	৩০	৪৫	৬০	লক্ষ্য স্থিরীকৃত হয় নাই।
েদিনীপুর	৫,৭১৪	৭,০৫০	১০,৪১৪	৫০,০০০
ুগলী	১৩৩	২৫৩	৩০২	লক্ষ্য স্থিরীকৃত হয় নাই।
াওড়া	৪	৩১	২৫	লক্ষ্য স্থিরীকৃত হয় নাই।
২৪-পরগণা	১৫১	৪৪৪	৪৪৭	লক্ষ্য স্থিরীকৃত হয় নাই।
দীয়া	৫	২৮	২৪	লক্ষ্য স্থিরীকৃত হয় নাই।
ুর্শিদাবাদ	৯০	১,০৫৮	৭৯৫	লক্ষ্য স্থিরীকৃত হয় নাই।
ালদা	..	..	..	লক্ষ্য স্থিরীকৃত হয় নাই।
পঃ দিনাজপুর	৪,৭০৪	২,৭২৫	৬,৫২০	লক্ষ্য স্থিরীকৃত হয় নাই।
ুচবিহার	৪২০	২,৪০৬	২,০২৪	২০,০০০
লপাইগুড়ি সহ দার্জিলিং	১,৯৬৩	২,৫২০	৩,৬৪৩	লক্ষ্য স্থিরীকৃত হয় নাই।
মোট ..	২৯,৫৩৫	২৩,৬৯৬	৪১,৩৩২	১,৯০,০০০

Street accidents on the Memari-Tarakeswar Road

134. (Admitted question No. 314.) **Shri Puranjoy Pramanik:** Will he Minister-in-charge of the Home (Police) Department be pleased to tate—

(a) the number of street accidents on the Memari-Tarakeswar Road within the district of Burdwan during the year 1963, 1964, 1965 and 1966, respectively; and

(b) the steps taken by Government, if any to check the occurrence of such accidents?

The Minister for Home (Police): (a).

১৯৬৩ সালে	...	শূন্য
১৯৬৪ সালে	...	৩টি
১৯৬৫ সালে	...	৩টি
১৯৬৬ সালে	...	৭টি

উপযুক্ত ক্ষেত্রে দোষী ব্যক্তির বিরুদ্ধে মামলা করা হইয়া থাকে। এতদ্ব্যতীত প্রয়োজনীয় স্থলে 'মোবাইল পেট্রোল' ও ট্র্যাফিক কণ্ট্রোলের ব্যবস্থাও করা হইয়া থাকে।

Grant to Baneswarpur High School, Howrah

135. (Admitted question No. 450.)

শ্রীনিতাই ভাণ্ডারী: শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হাওড়া জেলার বাণেশ্বরপুর হাই স্কুলকে ১৯৬০ সাল হইতে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে পরিণত করা হইলেও শিক্ষাবিভাগ হইতে বিদ্যালয়কে গৃহনির্মাণ, ল্যাবরেটরি ইত্যাদি বাবত কোন সাহায্য দেওয়া হয় নাই;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি ;

(গ) ইহা কি সত্য যে, বর্তমান বৎসরে উক্ত বিদ্যালয়কে সায়েন্স স্কীম মঞ্জুর করা হইয়াছে ; এবং

(ঘ) সত্য হইলে তাহার জন্য এ বিদ্যালয়কে বিশেষ আর্থিক সাহায্য দেওয়া হইবে কি না?

The Minister for Education:

(ক) হ্যাঁ।

(খ) ১৯৬০ সালে বাণেশ্বরপুর জুনিয়ার হাই স্কুল—বাণেশ্বরপুর-রামচন্দ্রপুর-আনুলিয়া ইউনাইটেড উচ্চ বিদ্যালয় নামে সরাসরি মানবিকতাসহ (হিউম্যানিটিজ) উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় হিসাবে মধ্যশিক্ষা পর্ষৎ কর্তৃক অনুমোদিত হয়। এইরূপ অনুমোদন দানকালে বিদ্যালয়ের উপযুক্ত গৃহ আছে কিনা দেখা হয়। যেসমস্ত বিদ্যালয় জুনিয়র হাই স্কুল হইতে সরাসরি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় হিসাবে অনুমোদিত হইয়াছিল তাহাদিগকে গৃহনির্মাণ, ল্যাবরেটরি বাবত কোন অর্থসাহায্য দেওয়া হয় নাই।

(গ) ১৯৬৭ সাল হইতে বিজ্ঞান শাখা খুলিবার জন্য পশ্চিমবঙ্গ মাধ্যমিক শিক্ষা পর্ষদের নিকট সুপারিশ করা হইয়াছে।

(ঘ) কোনরূপ সরকারী সাহায্য না লইয়া সুষ্ঠুভাবে বিদ্যালয়ের যথারীতি মান রক্ষা করিয়া কার্য চালাইতে পারিবেন বলিয়া কর্তৃপক্ষ লিখিত স্বীকৃতি দেওয়ার পর বিজ্ঞান শাখা খুলিবার সুপারিশ করা হইয়াছে।

Procurement of foodgrains through Co-operative Societies in Midnapore district

136. (Admitted question No. 515.)

শ্রীকৃষ্ণদাস রায়: (ক) খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ইহা কি সত্য যে, ১৯৬৬ সালে পশ্চিমবঙ্গে সরকার সমবায় সমিতিসমূহের মাধ্যমে যে খাদ্য-শস্য সংগ্রহ করিয়াছিলেন তাহার বাবত সরকারের নিকট মেদিনীপুর জেলার ১নং রেঞ্জের অধীন সমবায় সমিতিসমূহের কিছু টাকা পাওনা আছে?

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কতগুলি সমিতির টাকা সরকারের নিকট পাওনা আছে;

(২) বকেয়া টাকার পরিমাণ কত ;

(৩) এইরূপ টাকা পরিশোধ না করিয়া দিবার কারণ কি ; এবং

(৪) কতদিনের মধ্যে সমুদয় টাকা পরিশোধ করিয়া দেওয়া হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Food and Supplies:

(ক) হ্যাঁ, কতকগুলি সমবায় সমিতির সরকারের নিকট কিছু পাওনা আছে।

(খ) (১) এইরূপ ১৩টি সমিতির টাকা সরকারের নিকট পাওনা আছে।

(২) সমিতিগুলির বিলের মোট অঙ্ক ২৪,৫৯১ টাকা ৩৭ পয়সা।

(৩) এই সমিতিগুলি সরকারের ডি পি এজেন্ট হিসাবে কাজ করিয়াছিল এবং সর্বক্ষেত্রে শস্য এবং খালি বস্তার হিসাবে গরমিল দেখা গিয়াছে। তাহাদের হিসাব চূড়ান্তভাবে নিষ্পত্তি না হওয়া পর্যন্ত পাওনা টাকা দেওয়া স্থগিত রাখা হইয়াছে। সমিতিগুলিকে জামানত প্রদান হইতে রেহাই দেওয়া হইয়াছিল ; অতএব সরকারের যাহাতে ক্ষতি না হয় সেইজন্য উক্ত ব্যবস্থা লইতে হইয়াছে।

(৪) যত শীঘ্র সম্ভব সমিতিগুলির হিসাব নিষ্পত্তি করার ও তাহাদের পাওনা টাকা মিটাইয়া দিবার চেষ্টা করা হইতেছে।

Supply of Sugar and Kerosene in Khejuri police-station

137. (Admitted question No. 522.)

শ্রীবিমল পাইক: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৭ সালের ১৫ই মার্চ হইতে ৩০এ জুন পর্যন্ত খেজুরী থানায় কি পরিমাণ চিনি ও কেরোসিন সরবরাহ করা হইয়াছে ;

(খ) খেজুরী থানায় চিনি প্রাপক কার্ডের সংখ্যা কত ; এবং

(গ) ঐ থানায় কতজন চিনির ডিলার আছেন?

The Minister for Food and Supplies:

(ক) চিনি—৭১৮ কুইন্টাল।
কেরোসিন—৪৯,৪০০ লিটার।

(খ) মোট সংখ্যা—১৫,৭৬৮।

(গ) মোট সংখ্যা—২৯ জন।

Implementation of the recommendations of the Kothari Commission about the Secondary School teachers' pay scale

138. (Admitted question No. 578.) **Shri Parmatha Nath Dhibar:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state the reasons for not giving effect to the recommendation of the Kothari Commission's report about the Secondary School teachers' pay scale?

The Minister for Education:—The Education Commission has recommended certain scales of pay for teacher, including teachers in secondary schools, and has also recommended generous assistance from the Government of India. The Government of India has been requested by the State Education Ministers' Conference to contribute 90 per cent. of the additional expenditure. A decision in respect of revision of the scale of pay will be taken by the State Government after the Government of India has announced its decision regarding the extent of financial assistance.

Alleged raid of Congressmen's Houses in Konnagar, Nabagram, etc., Hooghly

139. (Admitted question No. 591.) **Shri Paresh Chandra Goswami:** (a) Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state whether the Government is aware of the fact that on 17th June, 1967 and 19th June, 1967, houses of Congressmen in Konnagar, Nabagram and adjoining areas in Hooghly district were searched by some persons led by local leaders at the dead of night on the pretex of searching hoarded rice?

(b) If the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state—

(i) whether the police accompanied these persons;

(ii) whether the persons were authorised by Government to search private houses; and

(iii) if not, what steps have been taken by Government against these miscreants?

The Minister for Home (Police):

(ক) ও (খ) গত ১৬ই জুন তারিখে শ্রীরামপুরের বি, ডি, ও এবং উত্তরপাড়ার থানার ও-সি কানাইপুরে ৪টি গৃহে তল্লাসী চালাইয়া কিছু উদ্বৃত্ত ধান ও চাউল উদ্ধার করেন। গত ১৯এ জুন তারিখে কিছুসংখ্যক স্থানীয় যুবক নবগ্রামে ১টি, কানাইপুরে ৪টি এবং কোন্নগরে ২টি গৃহে পুলিশের সহায়তা ছাড়াই বে-আইনীভাবে তল্লাসী চালায়। এ সম্পর্কে ভারতীয় দণ্ডসংহিতার বিভিন্ন ধারায় মোট ৪টি মামলা রুজু করা হয় এবং মোট ৯ জনকে গ্রেপ্তার করা হইয়াছে। এই ৯ জনের মধ্যে ৭ জনকে আবার নিবর্তনমূলক আইনে আটক করিয়া রাখা হইয়াছে। প্রসঙ্গত উল্লেখ করা যাইতে পারে যে, যেসমস্ত গৃহে অনুসন্ধান চালানো হয়, সেই সমস্ত গৃহের বাসিন্দাদের কেহই কংগ্রেস দলের সভ্য বলিয়া সরকার জানেন না। কেবল একজন কংগ্রেস দলের সমর্থক বলিয়া জানা গিয়াছে।

Drainage for Khatu river and Masu river in Ketugram police-station

140. (Admitted question No. 605.)

শ্রীপ্রভাকর মণ্ডল: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কেতুগ্রাম থানার ১নং ব্লকের অন্তর্গত খাটুনদী ও মাসুনদীর বিলে কত একর জমি বর্ষার জলে ডুবিয়া থাকে;

(খ) ঐ জল নিকাশের ব্যবস্থা করে জমিগুলিতে ধান্য উৎপাদনের কোন পরিকল্পনা সরকার কর্তৃক গৃহীত হইয়াছে কি না;

(গ) খাটুনদী ও মাসুনদীর কানদর দুইটিতে স্থানে স্থানে গেট তৈয়ারি করিয়া সেচের উপযোগী করিয়া তোলার পরিকল্পনা সরকার কর্তৃক গৃহীত হইয়াছে কি না; এবং

(ঘ) কেতুগ্রাম ১ ও ২নং ব্লকে নন-ক্যানেল এলাকায় নূতন ক্যানেল কাটার পরিকল্পনা আছে কি না বা বিকল্প সেচ ব্যবস্থা সরকার কর্তৃক গ্রহণের পরিকল্পনা আছে কি না এবং যদি থাকে তাহা হইলে কোন্ কোন্ ইউনিয়নের জন্য আছে?

The Minister for Irrigation and Waterways:

(ক) অধীক্ষক বাস্তুকারকে প্রয়োজনীয় অনুসন্ধান করার নির্দেশ দেওয়া হইয়াছে। তাঁহার রিপোর্ট যাহাতে শীঘ্র পাওয়া যায় তাহার ব্যবস্থা করা হইবে।

(খ), (গ) ও (ঘ) এখন পর্যন্ত কোন পরিকল্পনা গ্রহণ করা হয় নাই। তবে কোন পরিকল্পনা গ্রহণ করা সম্ভব কি না, তাহার জন্য অধীক্ষক বাস্তুকারকে প্রয়োজনীয় অনুসন্ধানকার্য করিবার নির্দেশ দেওয়া হইয়াছে।

Proposal for a branch canal from Kopai South Main Canal

141. (Admitted question No. 606.)

শ্রীপ্রভাকর মণ্ডল: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি---

(ক) কোপাই সাউথ মেন ক্যানেলের ২১২২ চেন হইতে উত্তরদিকে মালগ্রাম, কচুটিয়া মৌজার উপর দিয়া আগড়ডাংগা মৌজা পর্যন্ত যে একটি শাখা ক্যানেল কাটার পরিকল্পনা সরকার কর্তৃক গৃহীত হইয়াছে তাহা অদ্যাবধি না কাটার কারণ কি; এবং

(খ) সত্বর ঐ ক্যানেল কাটা হইবে কি না?

The Minister for Irrigation and Waterways:

(ক) কোপাই সাউথ মেন ক্যানেলের উত্তরদিকে মালগ্রাম, কচুটিয়া মৌজার উপর দিয়া আগড়ডাংগা মৌজা পর্যন্ত একটি শাখা ক্যানেল কাটার পরিকল্পনা সরকারের আছে। কিন্তু একাধিকবার টেন্ডার আহবান করিয়াও খালটি কাটার জন্যে কোন ঠিকাদার পাওয়া যায় নাই।

(খ) আগামী কাজের মরশুমে খালটি কাটা হইবে বলিয়া আশা করা যায়।

Proposal for establishment of a Health Centre in Medgachi village, Burdwan

142. (Admitted question No. 632.)

শ্রীপরেশচন্দ্র গোস্বামী: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) বর্ধমান জেলার নাদনঘাট কেন্দ্রের কালনা থানায় মেদগাছি গ্রামে একটি স্বাস্থ্যকেন্দ্রের জন্য প্রস্তাব সরকার সম্প্রতি পাইয়াছেন কি না; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

The Minister for Health:

(ক) হ্যাঁ।

(খ) স্বাস্থ্যকেন্দ্র সম্পর্কীয় অনুসৃত নীতি অনুযায়ী এখন প্রতি ডেভেলপমেন্ট ব্লকে একটি করিয়া দশ শয্যাবিশিষ্ট প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং দুইটি করিয়া উপ-স্বাস্থ্যকেন্দ্র (প্রত্যেকটি দুই প্রসূতি শয্যাবিশিষ্ট) প্রতিষ্ঠা করা হয়। মেদগাছি গ্রাম কালনা ১নং ডেভেলপমেন্ট ব্লকের মধ্যে অবস্থিত। এই ব্লকে আটঘরিয়া গ্রামে দশ শয্যাবিশিষ্ট একটি প্রাইমারী স্বাস্থ্যকেন্দ্র, বাঘনাপাড়া গ্রামে দশ শয্যাবিশিষ্ট উপ-স্বাস্থ্যকেন্দ্র এবং সুলতানপুর গ্রামেও আর একটি দশ শয্যাবিশিষ্ট উপ-স্বাস্থ্যকেন্দ্র চালু আছে। সুতরাং স্বাস্থ্যকেন্দ্র সংখ্যা ও শয্যা সংখ্যার দিক দিয়া বিচার করিলে দেখা যাইবে এই ব্লকে বরাদ্দের অধিক শয্যা চালু করা হইয়াছে। এমন অনেক ব্লক আছে যেখানে বরাদ্দ অনুযায়ী ন্যূনতম সংখ্যক স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করা যায় নাই বা রোগী শয্যার বন্দোবস্ত করা যায় নাই। ঐ সমস্ত ব্লকে বরাদ্দ অনুযায়ী স্বাস্থ্যকেন্দ্র স্থাপন না করা পর্যন্ত মেদগাছি স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের প্রস্তাব বিবেচনা করা সম্ভব হইবে না।

Improvement of Surul-Canutta Road, Birbhum

143. (Admitted question No. 659.) **Shri Satyanarayan Banerjee:** Will the Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state—

(a) will the improvement or Surul-Ganutia Road, within Birbhum district, connecting Bolpur-Ganutia, through Bipratikuri and Labpur Anchal Panchayats, be taken up in the current year; and

(b) if so, has possession thereof in full been taken from the Birbhum Zilla Parishad?

The Minister for Public Works (Roads): (a) No.

(b) Does not arise.

Free Kitchens

144. (Admitted question No. 670.)

শ্রীআব্দুস সাত্তার: (ক) ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ইহা কি সত্য যে, বাঁকুড়া ও পুরুলিয়া জেলা ভিন্ন পশ্চিমবঙ্গের অন্যান্য স্থানে সরকারী খরচে লঙ্গরখানা খোলা হইয়াছে অথবা খুলিবার সিদ্ধান্ত লওয়া হইয়াছে?

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উক্ত স্থানগুলির নাম কি;

(২) ঐ সকল স্থানে লঙ্গরখানা খুলিবার কারণ কি;

(৩) কি কি বিষয় বিবেচনা করিয়া লঙ্গরখানা খোলা হয়; এবং

(৪) উক্ত স্থানগুলি ছাড়া অন্যত্র আরও লঙ্গরখানা খুলিবার কোন আশু সরকারী প্রস্তাব আছে কি না?

The Minister for Relief:

(ক) হ্যাঁ।

(খ) (১) পশ্চিম দিনাজপুর, মালদহ, হুগলি এবং বর্ধমান জেলার কয়েকটি ব্লকে এক মাসের জন্য লঙ্গরখানা খোলার নির্দেশ সম্প্রতি দেওয়া হইয়াছে।

(২) ও (৩) কোন স্থানে দুর্যোগের দরুন জনসাধারণের একাংশ যখন বিশেষ দুর্দশাগ্রস্ত হইয়া পড়েন তখন তাঁহাদের জীবনরক্ষার প্রয়োজনে কিছুটা ব্যাপকভাবে সাহায্য দানের উদ্দেশ্যে লঙ্গরখানা খোলা হয়।

উপরোক্ত স্থানগুলির খরাক্লিষ্ট ব্যক্তিগণ বিশেষ দুর্দশাগ্রস্ত হইয়া পড়ায় লঙ্গরখানার মাধ্যমে সাহায্য দিবার সিদ্ধান্ত লওয়া হইয়াছে।

(৪) প্রয়োজন সম্বন্ধে স্থানীয় ফুড ও রিলিফ কমিটি যদি সুপারিশ করে তবে সে বিষয় ত্রাণ বিভাগ বিবেচনা করে লঙ্গরখানা খুলতে পারেন।

Lighting arrangements for Bhagirathi Bridge and National Highway in Berhampore

145. (Admitted question No. 677.)

শ্রীঅমলেন্দ্রলাল রায়: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ৩৪ নম্বর কলিকাতা-শিলিগুড়ি, ন্যাশন্যাল হাইওয়ের বহরমপুর শহরের অভ্যন্তরস্থ অংশটুকু এবং নবনির্মিত ভাগীরথী সেতুটি আলোকিত করার কোন ব্যবস্থা নাই;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি; এবং

(গ) ঐ রাস্তা ও সেতুটি আলোকিত করিবার কোন ব্যবস্থা করা হইতেছে কি?

The Minister for Public Works (Roads):

(ক) হ্যাঁ।

(খ) ও (গ) ভারত সরকারের অর্থে উক্ত সেতু এবং রাস্তা নির্মিত হইয়াছে। ঐ রাস্তা এবং সেতু আলোকিত করিবার জন্য কোনও অর্থ ভারত সরকার মঞ্জুর করেন নাই। এ ছাড়া

আলোর ব্যবস্থা করা স্থানীয় মিউনিসিপ্যালিটির দায়িত্ব। ভারত সরকারের বা পূর্ত (সড়ক) বিভাগের নহে ; সুতরাং এই বিভাগ হইতে আলোর ব্যবস্থা করার কোন প্রশ্ন উঠে না।

Non-payment of arrear salaries to the employees of Khandaghosh Union Board, Burdwan

146. (Admitted question No. 685.)

শ্রীপ্রমথনাথ ধীবর: পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, খণ্ডঘোষ ইউনিয়ন বোর্ডের কর্মচারীদের বকেয়া মাহিনা দিবার জন্য উক্ত ইউনিয়ন বোর্ডের কর্মচারিবৃন্দ ৯-৩-৬৭ তারিখে সরকারের নিকট আবেদন করিয়াছিল ; এবং

(খ) ইহা যদি সত্য হয়, তাহা হইলে ঐ সমস্ত কর্মচারীদের বকেয়া বেতন দিবার জন্য কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন ?

The Minister for Panchayats:

(ক) হ্যাঁ, ইহা সত্য।

(খ) গত ৫-৭-৬৪ তারিখে খণ্ডঘোষ অঞ্চল পঞ্চায়েতের কার্য আরম্ভ হয়। ঐ সময় হইতে উক্ত অঞ্চলের কর্মচারিগণ (যাঁহারা পূর্বে ইউনিয়ন বোর্ডে কার্য করিতেন) নিয়মিতভাবে বেতন পাইয়া আসিতেছেন। ইহার পূর্বে খণ্ডঘোষ ইউনিয়ন বোর্ডের আমলে উহার ভূতপূর্ব সভাপতি (প্রেসিডেন্ট) অধুনা বিলুপ্ত বর্ধমান ডিস্ট্রিক্ট বোর্ড কর্তৃক তাঁহার অপসারণের বিরুদ্ধে মামলা দায়ের করিলে উক্ত ইউনিয়ন বোর্ডের কার্যে অচল অবস্থার সৃষ্টি হয়। ফলে ইউনিয়ন বোর্ডের কর্মচারিগণ ১-৩-৬১ তারিখ হইতে ৪-৭-৬৪ তারিখ পর্যন্ত তাহাদের বেতন পান নাই. পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন ১৯৫৭-এর ৪(২) ধারা অনুযায়ী খণ্ডঘোষ ইউনিয়ন বোর্ডের উত্তরাধিকারী হিসাবে খণ্ডঘোষ অঞ্চল পঞ্চায়েতেরই বকেয়া বেতন দিবার কথা। কিন্তু সংশ্লিষ্ট অঞ্চল পঞ্চায়েতের আর্থিক অসচ্ছলতার দরুণ তাহা সম্ভব হয় নাই। এই অবস্থায় বর্ধমান জেলা পরিষদকে তাহার অগমেন্টেশন গ্রাণ্ট হইতে খণ্ডঘোষ অঞ্চল পঞ্চায়েতকে এই বাবত কিছু আর্থিক সাহায্য দিবার বিষয়টি বিবেচনা করিতে বলা হয়। কিন্তু ঐ জেলা পরিষদ এই ব্যাপারে তাহাদের অক্ষমতা জ্ঞাপন করেন। এই পরিস্থিতিতে উক্ত অঞ্চল পঞ্চায়েতকে সরকার হইতে অর্থ সাহায্য করা যায় কিনা তাহা বিবেচনা করা হইতেছে।

Kamarhati Sagar Dutta Hospital

147. (Admitted question No. 686.)

শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জি: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কামারহাটি সাগর দত্ত হাসপাতালটি সরকারের পরিচালনাধীনে নেওয়ার পর উহার শয্যাসংখ্যা, নার্স, ডাক্তার প্রভৃতির কি কি উন্নতি করা হইয়াছে ;

(খ) ইহা কি সত্য যে, এই হাসপাতালে ইমারজেন্সি বা কোন অস্ত্রোপচার বা কোনও জটিল রোগের চিকিৎসা ও চিকিৎসকের কোন বন্দোবস্ত নাই ;

(গ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি কি ব্যবস্থা করিতেছেন ;

(ঘ) এই হাসপাতালে মেটারনিটি ও টি বি রোগের চিকিৎসার জন্য কি কি ব্যবস্থা আছে ; এবং এইজন্য কয়টি বেড নির্দিষ্ট আছে ;

(ঙ) এই হাসপাতালকে একটি পূর্ণাঙ্গ হাসপাতালে পরিণত করার কোন পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(চ) থাকিলে তা কি কি ?

The Minister for Health:

(ক) শয্যা সংখ্যা ৫০টিই আছে, তবে ডাক্তার, নার্স প্রভৃতির সংখ্যা সরকারী হাসপাতালের মান অনুযায়ী বৃদ্ধি করা হইয়াছে। এই প্রসঙ্গে সংশ্লিষ্ট তালিকা দ্রষ্টব্য।

(খ) ইমারজেন্সী এবং সাধারণ অস্ত্রোপচারের ব্যবস্থা আছে। বড় ধরণের অস্ত্রোপচার বর্তমানে হয় না।

(গ) হাসপাতালটি সম্প্রসারণের একটি পরিকল্পনা আছে। পরিকল্পনাটি রূপায়িত হইলে ব্যবস্থার উন্নতি হইবে।

(ঘ) মহিলাদের জন্য রক্ষিত ২৬টি শয্যার প্রায় সব কয়টিই মেটার্নিটি রোগীতে ভর্তি থাকে। টি, বি, রোগের চিকিৎসার ব্যবস্থা এই হাসপাতালে নাই।

(ঙ) হাসপাতালটি পূর্ণাঙ্গই আছে। তবে সম্প্রসারণের পরিকল্পনা আছে।

(চ) বর্তমান হাসপাতাল গৃহে শয্যাসংখ্যা বাড়াইবার এবং একটি নূতন হাসপাতাল গৃহ নির্মাণের বিষয় চিন্তা করা হইতেছে।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 147

		সরকারী পরিচালনাধীনে আনিবার পূর্বে	সরকারী পরিচালনাধীনে আনিবার পর	বৃদ্ধি
১।	শয্যা সংখ্যা	৫০টি	৫০টি	..
২।	ডাক্তার	৩ জন (পুরা সময়ের জন্য) ১ জন (আংশিক সময়ের জন্য)	৬ জন (পুরা সময়ের জন্য)	২ জন।
৩।	নার্স	৭ জন	১৩ জন	৬ জন।
৪।	টেক্‌নিক্যাল কর্মচারী ..	৪ জন	১০ জন	৬ জন।
৫।	করনিক	১ জন	৩ জন	২ জন।
৬।	চতুর্থ শ্রেণীর কর্মচারী ..	৩০ জন	৫৬ জন	২৬ জন।

Registration of names in Employment Exchanges

148. (Admitted question No. 692.)

শ্রীঅজিতকুমার বিশ্বাস: শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, অনেক শিক্ষিত ও অর্ধশিক্ষিত বেকার যুবক এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে চাকুরীর আশায় নাম লিখাইয়া বহুদিন অপেক্ষা করিয়াও চাকুরী পায় নাই; এবং

(খ) সত্য হইলে, সেই সকল যুবকদের চাকুরীর ব্যবস্থার জন্য সরকার কোন ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

The Minister for Labour:

(ক) হ্যাঁ।

(খ) কর্মবিনিয়োগ কেন্দ্রগুলি চাকুরী সৃষ্টি করে না, বন্টনের মাধ্যম হিসাবে কাজ করে মাত্র। যেসমস্ত কর্মখালির বিজ্ঞপ্তি আসে এবং কর্মবিনিয়োগ কেন্দ্রের অধিকারিকরা নিয়োগ

কর্তাদের সহিত যোগাযোগ করিয়া যেসমস্ত কর্মখালির তথ্য সংগ্রহ করিয়া আনেন, সেই সব নিয়োগকর্তাদের কাছে তাঁহাদের চাহিদামত গুণাবলীসম্পন্ন কর্মপ্রার্থীদের প্রেরণ করা হয়। কর্মে নিয়োগ করার ক্ষমতা সম্পূর্ণরূপে নিয়োগকর্তাদের হাতে। যে সংখ্যক কর্মখালির বিজ্ঞপ্তি পাওয়া যায় তাহা রেজেস্ট্রীকৃত কর্মপ্রার্থীর সংখ্যার তুলনায় নিতান্তই নগণ্য। রেজেষ্ট্রীকৃত কর্মপ্রার্থীদের চাকুরীর ব্যবস্থার জন্য জাতীয় কর্মবিনিয়োগ কৃত্যকের অফিসারেরা সর্বদাই নিয়োগকর্তাদের সহিত যোগাযোগ রক্ষা করিয়া তাঁহাদের কর্মসংস্থানের জন্য যথাসম্ভব চেষ্টা করেন। ইহা ছাড়া, যেসকল প্রার্থী কারিগরি শিক্ষা পাইবার উপযুক্ত তাঁহাদের কারিগরি শিক্ষা পাইবার জন্য চেষ্টা করা হয়।

Industrial Labourers

149. (Admitted question No. 695.)

শ্রীঅজিতকুমার বিশ্বাস: শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে বিভিন্ন সরকার পরিচালিত ও বেসরকারী শিল্পে নিযুক্ত শ্রমিক সংখ্যা কত ;

(খ) তাহাদের মধ্যে বাঙ্গালী ও অবাঙ্গালীর সংখ্যা কত; এবং

(গ) উভয় প্রকার শিল্পে নূতন কর্মে নিয়োগ করার ব্যাপারে সন অফ দি সয়েলকে অধিকতর সুযোগ দিবার কি কি ব্যবস্থা সরকার করিয়াছেন ?

The Minister for Labour:

(ক) ১৯৬৬ সালের পরিসংখ্যান এখনও পাওয়া যায় নাই। তবে, ১৯৬৫ সালে রেজেস্ট্রী-কৃত সরকার পরিচালিত ও বেসরকারী কারখানাগুলিতে নিযুক্ত মোট শ্রমিকের সংখ্যা ছিল ,১০,১৯১।

(খ) ১৯৬৫ সালে বেসরকারী কারখানাগুলিতে বাঙ্গালী ও অবাঙ্গালীর সংখ্যা যথাক্রমে তকরা ৪০·৯০ এবং ৫৯·১০ ছিল।

(গ) সরকারী সংস্থাগুলিতে কর্মী নিয়োগ করার বিষয়ে ইহাদের নিজস্ব সরকার অনু-মাদিত নীতি আছে এবং ঐ নীতি অনুসারে কর্মীদের নিয়োগ করা হইয়া থাকে। বেসরকারী ংস্থাগুলিতে নিয়োগ সংক্রান্ত ব্যাপারে কোন সুনির্দিষ্ট নীতি নাই। বিভিন্ন সংস্থায় বিভিন্ন ীতি অনুসৃত হইয়া থাকে। তবে জাতীয় কর্মনিয়োগ সংস্থার কর্মচারীরা নিয়োগকর্তাদের হিত যোগাযোগ ও সাক্ষাৎ করিয়া যাহাতে স্থানীয় কর্মপ্রার্থীরা অধিকতর সংখ্যায় নিযুক্ত ইতে পারেন, তাহার চেষ্টা করিয়া থাকেন।

Establishment of a Subdivisional Hospital at Diamond Harbour

150. (Admitted question No. 711.)

শ্রীআবদুল কাইউম মোল্লা: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগণা জেলার ডায়মণ্ডহারবারে যে নূতন হাসপাতাল হইতেছে উহার পরিকল্পনা কত টাকার ;

(খ) উহাতে কত সিটের ব্যবস্থা করা হইবে ;

(গ) উক্ত হাসপাতালটি কি প্রকারের হাসপাতাল হইবে ;

(ঘ) উহা কতদিনে খোলা হইবে ; এবং

(ঙ) উক্ত হাসপাতালে কতগুলি ডাক্তার এবং নার্সের ব্যবস্থা থাকিবে ?

The Minister for Health:

(ক) আনুমানিক ২৭ লক্ষ টাকা।

(খ) ৬৮টি।

(গ) উন্নত ধরনের মহকুমা হাসপাতাল।

(ঘ) এখন সঠিক বলা সম্ভব নয়।

(ঙ) ৫ জন ডাক্তার ও ১৭ জন নার্স।

Distribution of gratuitous relief in Domkal, Jalangi and Raninagar, Murshidabad

151. (Admitted question No. 732.)

শ্রীআজিজুর রহমান: ত্রাণ এবং সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার ডোমকল, জলঙ্গী, রাণীনগর ১নং ও ২নং ব্লকে ১৯৬৬ সালের মার্চ মাস হইতে জুন পর্যন্ত কত খয়রাতি সাহায্য নগদ অর্থে ও গমে বিলি হইয়াছিল; এবং

(খ) এ বৎসর ১৯৬৭ সালের মার্চ হইতে জুন মাস পর্যন্ত উপরিউক্ত অঞ্চলে কত খয়রাতি সাহায্য নগদ অর্থে ও গমে বিলি হইয়াছে?

The Minister for Relief:

(ক) ও (খ)—

এলাকা	বিতরিত খয়রাতি সাহায্যের পরিমাণ			
	মার্চ, ১৯৬৬ হইতে জুন, ১৯৬৬		মার্চ, ১৯৬৭ হইতে জুন, ১৯৬৭	
	নগদ অর্থে	খাদ্য শস্যে	নগদ অর্থে	খাদ্য শস্যে
	টাকা	কুইণ্টল	টাকা	কুইণ্টল
ডোমকল ব্লক	৫৫,২৯৬	৪৭৪.৬৮	১৯,৮৮০	..
জলঙ্গী ব্লক	১,০৭,০০০	১,৮০৮.৫৪	১৬,৪০০	..
রাণীনগর ১নং, ২নং ব্লক ..	৬০,৬৮৮	৮২৪.৪০	১০,২১৩	..

Drought-stricken areas of Lavpur police-station, Birbhum

152. (Admitted question No. 737.)

শ্রীসত্যনারায়ণ ব্যানার্জী: ত্রাণ ও সমাজ উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার লাভপুর থানা এলাকায় কোন্ কোন্ মৌজা খরা এলাকা বলিয়া ঘোষিত হইয়াছে; এবং

(খ) ঐ খরা এলাকাগুলিতে ত্রাণের জন্য কি ব্যবস্থা অবলম্বিত হইয়াছে?

The Minister for Relief:

(ক) বিলে, উজলপুর, পশ্চিম কাদিপুর, মাসটালি, মহেশপুর, সুরুলিয়া দুলাসপুর, পূর্বাশাপুর, রাঘবপুর, দ্বারান্দা ও লোহান্দা এই ১১টি মৌজা খরা কবলিত হইয়াছে।

(খ) খয়রাতি সাহায্য বিতরণ ও সহায়ক কার্যের (রিলিফ ওয়ার্ক) ব্যবস্থা করা হইয়াছে। এ ছাড়া এই এলাকার দুঃস্থ ব্যক্তিদের খাজনা মকুব করিবার ব্যবস্থা করা হইয়াছে।

Distribution of Government acquired ponds, khals, etc., to the fishermen families

153. (Admitted question No. 744.)

শ্রীপ্রমথনাথ ধীবর: মৎস্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী পশ্চিমবঙ্গে মৎস্যজীবী পরিবারের সংখ্যা কত;

(খ) সরকারী দখলীকৃত পুষ্করিণী, খাল, বিল, নদী, নালা প্রভৃতি মৎস্যজীবী পরিবারের মধ্যে বিলি বন্দোবস্ত করা হয় কি; এবং

(গ) হইয়া থাকিলে, এ পর্যন্ত কতজন মৎস্যজীবী পরিবারকে এইরূপ খাল, দীঘি, পুষ্করিণী, বিল ইত্যাদি বিলি-বন্দোবস্ত হইয়াছে এবং কতগুলি খাস হইয়াছে?

The Minister for Fisheries:

(ক) পশ্চিমবঙ্গের মৎস্যজীবী পরিবারের আনুমানিক সংখ্যা ৭৪,৫০০ (দার্জিলিং জেলা ও কলিকাতা বাদে)।

(খ) হ্যাঁ।

(গ) সরকারী দখলীকৃত খাল, বিল ইত্যাদি বিলিব্যবস্থার ব্যাপারে মৎস্যজীবী সমিতি-গুলিকে অগ্রাধিকার দেওয়া হয়। যেখানে ঐরূপ সমিতি নাই সেখানে টেন্ডার মারফৎ সর্বোচ্চ ডাকে সরাসরি বিলিবন্দোবস্ত করা হইয়া থাকে।

সরকারের খাস জলকরের পরিমাণ বা উহার বিলি-বন্দোবস্ত সম্পর্কিত তথ্য মৎস্যবিভাগে নাই। এই সকল বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর ভূমি ও ভূমিরাজস্ব বিভাগ হইতে উল্লিখিত তথ্যসমূহ এখনও পাওয়া যায় নাই।

Water Drainage in Sundarban areas

154. (Admitted question No. 760.)

শ্রীরবীন মণ্ডল: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে সুন্দরবন অঞ্চলে স্থায়ীভাবে জল নিকাশের কোন ব্যবস্থা না থাকায় ধান্য উৎপাদন বিশেষভাবে ব্যাহত হইতেছে;

(খ) অবগত থাকিলে এ বিষয়ে কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন; এবং

(গ) ১৯৬৭ সালের ফেব্রুয়ারী পর্যন্ত মথুরাপুর ও পাথরপ্রতিমা থানার কোন্ কোন্ গ্রামের জল নিকাশের জন্য কি কি স্থায়ী ব্যবস্থা করিয়াছিলেন?

The Minister for Irrigation and Waterways:

(ক) ও (খ) সুন্দরবন এলাকায় প্রায় ২,২০০ মাইল প্রাক্তন জমিদারী বাঁধের ২১৮টি সাকা স্লুইস (ম্যাসনারি স্লুইস), ১৮৮টি হিউম পাইপ স্লুইস এবং ৬০০টি কাঠের বক্স স্লুইস আছে। এই সকল স্লাইস দ্বারা জল নিকাশের ব্যবস্থা হয়। যদিও প্রয়োজনের তুলনায় স্লুইসের সংখ্যা কম, তথাপি সুন্দরবন অঞ্চলে জলনিকাশের অভাবে ধান্য উৎপাদন বিশেষভাবে ব্যাহত হইতেছে বলা যায় না।

সুন্দরবন এলাকায় সুষ্ঠু জল নিকাশ ব্যবস্থার জন্য কাঠের বক্স স্লুইস-এর পরিবর্তে হিউম পাইপ স্লুইস স্থাপন করা এবং বিভিন্ন স্থানে নূতন হিউম পাইপ স্লুইস নির্মাণ করার প্রস্তাব আছে। ইহা একটি বৃহৎ প্রকল্প। এই কাজ পর্যায়ক্রমে (বাই ফেজেস্) করিবার বিষয় বিবেচনা করা হইতেছে। প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করার ব্যবস্থা হইলেই এই প্রকল্পের কাজ আরম্ভ করা হইবে।

(গ) একটি বিবরণী নিম্নে পেশ করা হইল।

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 154.

মথুরাপুর ও পাথরপ্রতিমা থানার বিভিন্ন গ্রামে জল নিকাশের জন্যে স্থায়ী ব্যবস্থা হিসাবে যেসকল হিউম পাইপ স্লুইস ও ম্যাসনরি স্লুইস আছে তাহার হিসাব নিম্নে যেওয়া হইলঃ—

থানা—মথুরাপুর

মৌজা	হিউম পাইপ স্লুইস্	ম্যাসনরি স্লুইস্
বালুরা	১টি	২টি
রাধাকান্তপুর আবাদ	১টি	..
রায়দিঘি আবাদ	১টি	..
কাঁকনদিঘি	১টি	..
কুমারপারা	১টি	..
পূর্ব সুরেন্দ্রনগর	..	১টি
দক্ষিণ সুরেন্দ্রনগর	১টি	..
লক্ষ্মী জনার্দনপুর	..	১টি
পূর্ব চিন্তামণিপুর	২টি	..
পূর্ব দ্বারকাপুর	২টি	..
মহাবতনগর	১টি	..
নন্দকুমারপুর	১টি	..
দক্ষিণ জয়কৃষ্ণপুর	১টি	..
চপলার ক্ষাপ	১টি	১টি
কুলতলা	১টি	..
খরি	..	২টি
রাধাকান্তপুর আবাদ	..	১টি
দক্ষিণ কাশীনগর	১টি	..
মোট	১৬টি	৮টি

থানা—পাথরপ্রতিমা

মৌজা						হিউম পাইপ স্লুইস	ম্যাসনরি স্লুইস
পশ্চিম দ্বারকাপুর	..	..	..	..	..	১টি	..
ব্রজবল্লভপুর	..	..	..	..	..	১টি	..
গোবিন্দপুর আবাদ	..	..	..	..	..	১টি	..
রাক্ষসখালি	..	..	..	..	..	৩টি	..
মাধবনগর	..	..	..	..	..	২টি	..
শিবনগর ..	..	..	..	..	..	১টি	.
গঙ্গাপুর	..	..	..	..	..	২টি	..
শ্রীধরনগর	..	..	..	..	..	২টি	..
রাখালপুর	..	..	..	..	..	২টি	..
উপেন্দ্রনগর	..	..	..	..	..	১টি	..
দক্ষিণ সুরেন্দ্রগঞ্জ	..	..	..	..	..	..	১টি
ইন্দ্রপুর ..	..	..	..	..	..	..	
দিগম্বরপুর	..	..	.	..	..	১টি	..
ইন্দ্রনারায়ণপুর	..	..	..	..	..	১টি	.
লক্ষ্মীপুর	.	.		.	.	২টি	..
রামগঙ্গা	..	..	.	..	..	১টি	..
দুর্গাগোবিন্দপুর	..	..	.	..	..	..	১টি
পশ্চিম সুরেন্দ্রনগর	..	.	.	..	..	২টি	..
কামদেবনগর	.		.	.	..	১টি	..
হরেন্দ্রনগর			.	..	..	১টি	..
				মোট	..	২৫টি	৩টি

"Martyr Jatin Das Nagar" colony, Belghoria police-station

155. (Admitted question No. 771.)

শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জি: উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনা জেলার বেলঘরিয়া থানার অন্তর্গত যে জমির উপর জবরদখল কলোনি শহীদ যতীন দাস নগর প্রতিষ্ঠিত তাহা কি ভারত সরকারের মিলিটারি বিভাগ হইতে পশ্চিমবঙ্গ সরকারের হাতে হস্তান্তরিত হইয়াছে; এবং

(খ) যদি না হইয়া থাকে, তবে কারণ কি?

The Minister for Refugee Relief and Rehabilitation:

(ক) কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রক শহীদ যতীন দাস নগর নামক জবরদখল কলোনির জমি এখনও পর্যন্ত রাজ্য সরকারের নিকট হস্তান্তরিত করেন নাই।

(খ) উক্ত কলোনির ২·৬৫২ একর জমি গরমিল হওয়ায় বেঙ্গল সার্কেলের মিলিটারি এস্টেট অফিসারের সঙ্গে একটি যুগ্ম সমীক্ষার অপেক্ষায় হস্তান্তরের কাজ স্থগিত আছে।

Electrification of irrigation pumps set up at Mejia police-station, Bankura

156. (Admitted question No. 774.)

শ্রীগুইরাম মাঝি: শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দামোদর নদীর দক্ষিণ তীরে বাঁকুড়া জেলার মেজিয়া থানার সীমানা বরাবর যে কতকগুলি সেচ পাম্প সরকার হইতে বসানো হইয়াছে সেগুলিতে বিদ্যুৎ সরবরাহ করা হইয়াছে কি না; এবং

(খ) সরবরাহ করা না হইয়া থাকিলে কতদিনের মধ্যে তাহা হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Commerce and Industries:

(ক) না, এই পাম্পগুলিতে বিদ্যুৎ সরবরাহের জন্য কৃষিবিভাগ রাজ্য বিদ্যুৎ পর্ষদকে আজ অবধি কোনরূপ অনুরোধ জানান নাই, পাম্পগুলি উপস্থিত ডিজেল ইঞ্জিন দ্বারা চালিত।

(খ) মেজিয়া থানা অঞ্চলে রাজ্য বিদ্যুৎ পর্ষদের আপাতত কোন বৈদ্যুতিক লাইন নাই। নিকটবর্তী লাইন হইতে এই পাম্পগুলিতে বিদ্যুৎ সরবরাহ করিতে ন্যূনপক্ষে সাড়ে পাঁচ লক্ষ টাকা ব্যয় করিতে হইবে। কৃষিবিভাগ হইতে প্রস্তাব ও অর্থ পাইলে বিদ্যুৎ পর্ষদ বিবেচনা করিবেন।

Establishment of a Primary Health Centre in Daspur Block II

157. (Admitted question No. 785.)

শ্রীবঙ্কিমচন্দ্র শাসমল: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মেদিনীপুর জেলার দাসপুর ২নং ব্লকের প্রাইমারি হেলথ্ সেণ্টার স্থাপনের কি ব্যবস্থা হইয়াছে?

The Minister for Health:

উক্ত ব্লকে একটি প্রাইমারি স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য উপযুক্ত জমির সন্ধান করা হইতেছে। উপযুক্ত জমি সংগ্রহ হইলেই উক্ত ব্লকে প্রাইমারি স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কাজ আরম্ভ হইবে।

Co-operative Rice Mill in Maldah district

158. (Admitted question No. 795.)

শ্রীবয়লা মুর্মু: সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মালদহ জেলার জনসাধারণের উদ্যোগে গঠিত একটি সমবায় চাউলকলে সরকারের দু লক্ষ আশি হাজার টাকা বিনিয়োগ সত্ত্বেও সেখানে কোন সরকারী কর্মচারীকে স্কীম অনুযায়ী নিয়োগ করা হচ্ছে না কেন?

The Minister for Co-operation:

মালদা পাইওনিয়ার কো-অপারেটিভ রাইস মিলে এক্সিকিউটিভ অফিসার নিয়োগের প্রস্তাবটি সরকারের বিবেচনাধীন আছে।

Establishment of a Health Centre in Domkal police-station

159. (Admitted question No. 796.)

শ্রীমহম্মদ আবদুল বারি: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার ডোমকল থানায় একটি স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করার পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে ; এবং

(খ) সত্য হইলে, কি নাগাদ ঐ স্বাস্থ্যকেন্দ্রটি চালু হইবে?

The Minister for Health:

(ক) ও (খ) স্বাস্থ্যকেন্দ্র স্থাপন সম্পর্কিত নীতি অনুযায়ী উন্নয়ন ব্লকভিত্তিক (থানা-ভিত্তিক নহে) পরিকল্পনা গৃহীত হয়। ডোমকল উন্নয়ন ব্লক এলাকায় তরফ-রসুলপুর পাটনিপাড়া মৌজায় একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের জন্য পূর্তবিভাগ কর্তৃক গৃহনির্মাণের প্রশাসনিক অনুমোদন ৬-৬-৬৭ তারিখে দেওয়া হইয়াছে। গৃহনির্মাণ সম্পন্ন হইলে ঐ স্বাস্থ্যকেন্দ্রটি চালু হইবে আশা করা যায়।

Government agents for procurement of paddy and rice

160. (Admitted question No. 805.)

শ্রীশিরোমণি প্রসাদ: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে ধান্য ও চাউল ক্রয়ের জন্য যেসকল সরকারী এজেন্ট নিযুক্ত করা হয়, তাহা কি পদ্ধতিতে এবং কি কি বিষয় বিবেচনা করিয়া করা হয়?

The Minister for Food and Supplies:

চলতি ধান্য ও চাউল সংগ্রহের মরশুমে রাজ্য সরকারের পক্ষে ধান্য ও চাউল সংগ্রহের নিমিত্ত 'ফুড কর্পোরেশন অফ ইন্ডিয়া' ভিন্ন অন্য কোন এজেন্ট নিযুক্ত করা হয় নাই। এখানে উল্লেখ থাকে যে, উক্ত কর্পোরেশন ভারত সরকারের পৃষ্ঠপোষকতায় প্রতিষ্ঠিত একটি সংস্থা।

Establishment of a Health Centre at Shitalgram village, Birbhum

161. (Admitted question No. 806.)

শ্রীশিরোমণি প্রসাদ: (ক) স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ইহা কি সত্য যে, বহুদিন পূর্বে নলহাটি ২নং ব্লকের অধীন ৪নং শীতলগ্রাম অঞ্চল পঞ্চায়েতের অধীন শীতলগ্রামে একটি স্বাস্থ্যকেন্দ্র নির্মাণকল্পে ৪,০০০ টাকা ও ৬ বিঘা জমি গ্রামবাসিগণ কর্তৃক দেওয়া সত্ত্বেও অদ্যাবধি উক্ত স্বাস্থ্যকেন্দ্রের গৃহনির্মাণ হয় নাই?

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) এতদিন ঐ স্বাস্থ্যকেন্দ্র না খোলার কারণ কি ; এবং

(২) কবে নাগাদ উক্ত স্বাস্থ্যকেন্দ্রের গৃহনির্মাণ করিয়া স্বাস্থ্যকেন্দ্রটি চালু করা হইবে?

The Minister for Health:

(ক) ঐ স্বাস্থ্যকেন্দ্রের নির্মাণের জন্য কোন টাকা বা জমি দান হিসাবে রাজ্য সরকারের নিকট জমা দেওয়া হয় নাই।

(খ) (১) ও (২) শীতলগ্রামে একটি উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের একটি প্রস্তাব আছে। কিন্তু জিলাশাসক, জেলার মুখ্য চিকিৎসাধিকারিক ও পূর্ত বিভাগের স্থানীয় অফিসার লইয়া গঠিত স্থান নির্বাচন কমিটির কোন রিপোর্ট এখনও পাওয়া যায় নাই। সুতরাং প্রস্তাবটির রূপায়ণ সম্পর্কে এখনই নিশ্চিত কিছু বলা সম্ভব নহে।

Procurement of Paddy in Bhagawanpur police-station, Midnapore

162. (Admitted question No. 72.)

শ্রীমতী আভা মাইতিঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৭ সালের ১৫ই মার্চ হইতে ৩১এ মে পর্যন্ত মেদিনীপুর জেলার ভগবানপুর থানা হইতে পশ্চিমবঙ্গ সরকারের নূতন খাদ্যনীতি অনুসারে কত ধান্য ও চাউল সংগৃহীত হইয়াছে ;

(খ) উক্ত সংগৃহীত ধান্য ও চাউলের মধ্যে কত পরিমাণ স্বেচ্ছায় সংগৃহীত হইয়াছে, কত পরিমাণ আইনবলে সংগৃহীত হইয়াছে ;

(গ) কোন্ কোন্ ব্যক্তির নিকট স্বেচ্ছায় ধান্য ও চাউল সংগৃহীত হইয়াছে ; এবং

(ঘ) কোন্ কোন্ ব্যক্তির নিকট হইতে আইনবলে ধান্য ও চাউল সংগৃহীত হইয়াছে?

The Minister for Food and Supplies:

(ক) মোট ১,৪৪৪ কুইন্টাল ৬৩ কেজি ধান্য সংগৃহীত হইয়াছে। চাউল সংগ্রহ হয় নাই।

(খ) স্বেচ্ছায় ধান্য সংগ্রহের পরিমাণ—১,৪৩০ কুইন্টাল ১৩ কেজি।
আইনবলে ধান্য সংগ্রহের পরিমাণ—১৪ কুইন্টাল ৫০ কেজি।
চাউল সংগ্রহ হয় নাই।

(গ) ও (ঘ) এই বিষয়ে একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Gram Sevikas in West Bengal

163. (Admitted question No. 646.) **Shri Dinesh Chandra Dakua:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) the number of Gram Sevikas in West Bengal;

(b) their scale of pay and the minimum qualifications required for their appointment; and

(c) what their duties are?

The Minister for Community Development: (a) Total number of sanctioned strength of Gram Sevika at the rate of two Gram Sevikas per Block is 670. Out of this 578 are in actual employment.

(b) The scale of pay is Rs. 125—3—140—4—200 (E.B. after 10th stage). According to the existing procedure the minimum educational qualification is School Final or its equivalent and age is to be below 25 years.

(c) A copy of the job chart showing their duties is placed on the Library Table.

[2—2-10 p.m.]

শ্রীজ্যোতি বসু: আমি আবেদন করছি ডাঃ ঘোষ এখানে নেই, কাল এটা নিলে ভাল হয়।

Calling attention to matters of urgent public importance

Mr. Speaker: I have received two notices of Calling Attention on the following subjects: (1) Alleged burning of effigies of Mr. Kosygin and President Johnson in Calcutta on 29th July 1967—from Dr. Gopika Ranjan Mitra and (2) Inconvenience caused to public due to late running of trains and consequent assault on Railway staff—from Shri Satyabrata Bhattacharya.

I have selected the notice of Shri Satyabrata Bhattacharya on the subject of inconvenience caused to public due to late running of trains and consequent assault on Railway staff.

Hon'ble Minister-in-charge may please make a statement today or give a possible date.

শ্রীজ্যোতি বসু: এটা বোধ হয় মুখ্যমন্ত্রীর ডিপার্টমেন্ট—আগামী বুধবার।

VOTING ON DEMANDS FOR GRANTS

DEMAND FOR GRANT No. 34

Total demand Rs. 18,04,88,000

Major Head: 50-Public Works

Shri Hemanta Kumar Basu: On the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 6,84,91,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 34, Major Head: 50—Public Works. (A sum of Rs. 5,97,26,000 has already been voted on account).

DEMAND FOR GRANT No. 49

Total demand Rs. 10,15,47,000

Major Head: 103-Capital Outlay on Public Works

Shri Hemanta Kumar Basu: On the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 6,84,91,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 49, Major Head: 103-Capital Outlay on Public Works. (A sum of Rs. 3,30,56,000 has already been voted on account).

মাননীয় স্পীকার মহোদয়, পূর্ত বিভাগের প্রধান দায়িত্ব হল সরকারী ঘরবাড়ি ও রাস্তা নির্মাণ এবং তাদের সংরক্ষণ। অন্যান্য বছরের মত এবারেও দুটি বাজেট-পুস্তিকা আমার দপ্তর থেকে প্রকাশিত হয়ে মাননীয় সদস্যদের মধ্যে বিতরিত হয়েছে। এই পুস্তিকা দুটির মধ্যেই পূর্ত বিভাগীয় কর্মসূচীর পূর্ণাঙ্গ পরিচয় পাওয়া যাবে।

পূর্ত বিভাগের কাজগুলি যে দুটি মুখ্য বাজেটশীর্ষের অন্তর্ভুক্ত, তার একটি হল "৫০—পাবলিক ওয়ার্কস।" বিশ হাজার টাকা পর্যন্ত সমস্ত সাধারণ নির্মাণ ও সংস্কার কার্যের ব্যয়বরাদ্দ এই খাতের অন্তর্গত। এ ছাড়া কেন্দ্রীয় সড়ক তহবিল (বা সেন্ট্রাল রোড ফান্ড) থেকে সাহায্য নিয়ে প্রতি বৎসর যেসমস্ত বড় বড় রাস্তা, সেতু ইত্যাদি নির্মিত হচ্ছে, সেগুলির ব্যয়বরাদ্দও যে কোন অঙ্কেরই হোক না কেন, এই বাজেট শীর্ষেরই অন্তর্গত। এই প্রসঙ্গে পূর্ত বিভাগীয় বাজেট পুস্তিকায় ১৩ থেকে ১৯ পৃষ্ঠায় উল্লিখিত বিবরণগুলি দ্রষ্টব্য। উক্ত কাজগুলির জন্য

এ বছর আনুমানিক ৫২ লক্ষ ৮১ হাজার টাকা খরচ হবে। এছাড়া ল্যাটেরাল রোড নামক একটি বিকল্প জাতীয়-সড়ক এবং সীমান্ত-সড়ক প্রভৃতির ব্যয়ও "৫০—পাবলিক ওয়ার্কস" বাজেট থেকে মেটানো হয়। অবশ্য এর জন্য খরচের মোট টাকার সবটাই কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আদায় হয়।

এ বছর সীমান্ত-সড়ক বাবদ ধরা হয়েছে মাত্র ১ লক্ষ ৫৪ হাজার টাকা। পূর্ত বিভাগীয় বাজেট-পুস্তিকার ২০ পৃষ্ঠায় যে কয়েকটা সীমান্ত-সড়কের উল্লেখ আছে, তাদের বেশীর ভাগই সমাপ্ত প্রায়। নতুন সীমান্ত-সড়কের কাজ এখন আর বিশেষ হচ্ছে না। এই সমস্ত কাজ আমরা কেন্দ্রীয় সরকারের প্রতিনিধি হিসাবে করি। কেন্দ্রীয় সরকার যেসব কাজের প্রশাসনিক সম্মতি দেন এবং অর্থ মঞ্জুর করেন, সেইসব কাজই করা হয়। তাঁরা বর্তমানে অর্থের সংস্থান করছেন না বলেই বহু সীমান্ত-সড়কের কাজ হচ্ছে না। এই প্রসঙ্গে বি ও পি (বা বর্ডার আউট পোস্ট) রোডস সম্বন্ধে দু-একটা কথা বলতে চাই। পশ্চিমবঙ্গ-পূর্বপাকিস্তান সীমান্ত বরাবর যে সমস্ত সীমান্ত পুলিশ ঘাঁটি রয়েছে, সেগুলিকে নিকটবর্তী কোন স্থায়ী সড়কের সঙ্গে যুক্ত করে দেওয়ার জন্য সংযোগপথ নির্মাণের একটি সাড়ে ১৭ কোটি টাকার প্রকল্প রচিত হয়েছে। এটির অনুমোদন এবং পূর্ণ আর্থিক সাহায্যের জন্য কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করা হয়েছিল। কেন্দ্রীয় সরকার এই প্রকল্পভুক্ত সংযোগপথগুলিকে গুরুত্ব ও অগ্রাধিকারের ভিত্তিতে পুনর্বিন্যাস করে দিতে অনুরোধ করেছেন। বিষয়টি এখন রাজ্য সরকারের বিবেচনাধীন। এই সমস্ত সীমান্ত পুলিশ ঘাঁটির সংযোগপথগুলি প্রতিরক্ষার দিক দিয়ে যে অত্যন্ত গুরুত্বপূর্ণ সে সম্বন্ধে সন্দেহের কোন অবকাশ নেই।

সেই গুরুত্ব বিবেচনা করেই এবং কেন্দ্রীয় সরকারের কাছ থেকেও এর জন্যে পূর্ণ আর্থিক সাহায্য পাওয়া যাবে এই আশায় রাজ্যসরকার এরূপ কয়েকটি কাজ হাতে নিয়েছিলেন। ঐই কাজগুলি হল চব্বিশপরগনা জেলায় কয়েকটি সীমান্ত সড়ক, বসিরহাটের কাছে ইছামতী নদীর উপর তেঁতুলিয়া সেতু এবং পশ্চিম দিনাজপুর জেলায় ইসলামপুর মহকুমায় কয়েকটি সড়ক নির্মাণ। কাজগুলির অধিকাংশই সমাপ্ত প্রায়। খরচ হয়েছে প্রায় দু-কোটি টাকা। ইছামতী সেতুটি জনসাধারণের ব্যবহারের জন্য উন্মুক্ত করে দেওয়া হয়েছে। কিন্তু খুব দুঃখের বিষয় বহু তাগিদ সত্ত্বেও কেন্দ্রীয় সরকার কাজগুলি বাবদ পূর্ণ সাহায্য দান দূরের কথা, আংশিক ব্যয়ভার বহন করতেও রাজী হচ্ছেন না। আমি বিগত জুন মাসে দিল্লীতে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রীর সঙ্গে এই বিষয় নিয়ে আলোচনা করেছিলাম; কিন্তু তাঁর কাছে সাহায্যের কোন প্রতিশ্রুতি পাওয়া যায় নি। তবে এই টাকা আদায়ের চেষ্টা আমরা চালিয়ে যাব।

"১০৩—ক্যাপিটাল আউটলে অন পাবলিক ওয়ার্কস" বাজেট

বিশ হাজার টাকার ঊর্দ্ধ্ব মূল্যের সমস্ত ঘরবাড়ি ও রাস্তা নির্মাণকার্য এবং যোজনাভুক্ত সমস্ত ইমারতী ও সড়ক প্রকল্পের ব্যয়বরাদ্দ "১০৩—ক্যাপিটাল আউটলে অন পাবলিক ওয়ার্কস" বাজেটের অন্তর্ভুক্ত। এই সমস্ত কাজের বিশদ বিবরণ পূর্ত বিভাগীয় বাজেটের ৪৮ পৃষ্ঠা থেকে ৮৫ পৃষ্ঠায় সন্নিবেশিত আছে। যোজনাভুক্ত সড়ক প্রকল্পগুলির জন্য পূর্ত (সড়ক) বিভাগের বাজেট পুস্তিকাটি দ্রষ্টব্য। মার্চ মাসে এই সভায় যখন অন্তর্বর্তীকালীন ব্যয়বরাদ্দ গৃহীত হয়েছিল, তখন "৫০—পাবলিক ওয়ার্কস" বাজেটে ১৯৬৭-৬৮ সালের জন্য ধার্য হয়েছিল ১৭ কোটি ৯১ লক্ষ ৭৯ হাজার টাকা, এবং "১০৩—ক্যাপিটাল আউটলে অন পাবলিক ওয়ার্কস" বাজেটে ৯ কোটি ৯১ লক্ষ ৬৭ হাজার টাকা। বর্তমানে "৫০—পাবলিক ওয়ার্কস" বাজেটে সরকারী কর্মচারীদের মহার্ঘভাতা প্রদান বাবদ ১৩ লক্ষ ৯ হাজার টাকা বৃদ্ধি পেয়েছে। "১০৩—ক্যাপিটাল আউটলে অন পাবলিক ওয়ার্কস" বাজেটে বাড়াতে হচ্ছে ২৩ লক্ষ ৮০ হাজার টাকা। শিক্ষা ও চিকিৎসা সংশ্লিষ্ট নির্মাণকার্য বাবদ অনুমিত বাড়তি খরচের জন্যই এই অতিরিক্ত টাকার প্রয়োজন। পঞ্চবার্ষিকী পরিকল্পনার অধীন যেসব কাজ আগে থেকেই চালু আছে, সেগুলি তো পূর্ণোদ্যমে চলছেই, তাছাড়া বহু নতুন নতুন কাজ বর্তমান সরকার কর্তৃক

অনুমোদিত হয়েছে এবং হতে চলেছে। এ বছরও বহু কাজের ভার পূর্ত বিভাগের উপর ন্যস্ত হয়েছে; কয়েকটি বড় বড় কাজের উল্লেখ করছিঃ

(১) প্রায় ৪ লক্ষ ৬৯ হাজার টাকা ব্যয়ে কোচবিহার ভিক্টোরিয়া কলেজের বিজ্ঞান ভবনটিকে সম্প্রসারিত করা হচ্ছে।

(২) আর জি কর হাসপাতালটিকে সম্প্রসারিত করার জন্য প্রায় ১৭ লক্ষ ৮১ হাজার টাকা ব্যয়ে বেলগাছিয়া রোডে ১·৭৮৯ একর জমির দখল নেওয়া হচ্ছে।

(৩) প্রায় ১৩ লক্ষ ১৪ হাজার টাকা ব্যয়ে দুর্গাপুরে একটি এবং ৭ লক্ষ ৬৫ হাজার টাকা ব্যয়ে নবদ্বীপে একটি বড় সরকারী হাসপাতাল নির্মিত হতে চলেছে।

(৪) ১৩১ শয্যাবিশিষ্ট রানাঘাট হাসপাতালের কাজটি শীঘ্রই সুরু হবে।

(৫) যামিনীভূষণ অষ্টাঙ্গ আয়ুর্বেদ বিদ্যালয়ের জন্য প্রায় ৪ লক্ষ ২৪ হাজার টাকা ব্যয়ে একটি পাঁচ তলা হোস্টেল নির্মিত হচ্ছে।

(৬) চতুর্থ পরিকল্পনাকালে প্রায় ১৩৫টি প্রাইমারী স্বাস্থ্যকেন্দ্র এবং ২৩৭টি পল্লী স্বাস্থ্য কেন্দ্র হবার কথা আছে। ইতিমধ্যেই তার অনেকগুলি অনুমোদিত হয়েছে এবং কাজ শীঘ্রই সুরু হবে। কতকগুলি স্বাস্থ্যকেন্দ্রের বৈদ্যুতীকরণের কাজও এ বছর সম্পন্ন হবার আশা আছে।

রাস্তা—উন্নয়ন

[2-10—2-20 p.m.]

তৃতীয় যোজনার শেষে সমগ্র পশ্চিমবঙ্গে রাজ্যসরকারের অধীনে পাকা রাস্তা ছিল মোট ৬,৩০০ মাইল এবং বিভিন্ন পরিসরের সেতুর সংখ্যা ছিল ১৪১। এ ছাড়া ১৪০০ মাইলের মত রাস্তা সমাপ্তির বিভিন্ন পর্যায়ে ছিল। ১-৪-৬৪ থেকে চতুর্থ যোজনা সুরু হবার কথা, কিন্ত আর্থিক অনটন এবং আপৎকালীন অবস্থার দরুন চতুর্থ পরিকল্পনার খসড়া ১৯৬৬-৬৭ সালে প্রস্তুত করা সম্ভব হয় নি। মাত্র কতকগুলি বিশেষ গুরুত্বপূর্ণ নতুন রাস্তা এবং মুণ্ডেশ্বরী, হলদী ও ভৈরবের উপর তিনটি সেতুকে অগ্রাধিকার দিয়ে ঐ এক বছরের জন্যে একটি অন্তর্বর্তীকালীন পরিকল্পনা রচিত হয়েছিল। সীমান্ত ও সামরিক গুরুত্বপূর্ণ রাস্তা নির্মাণ, সংযোগহীন পথের সংযুক্তি, অনুন্নত গ্রামীণ এলাকায় রাস্তা নির্মাণ ও অতি প্রয়োজনীয় কয়েকটি সেতু নির্মাণের প্রতি লক্ষ্য রেখে চতুর্থ যোজনার মূল খসড়া ৪২ কোটি টাকায় রচিত হয়েছিল। চতুর্থ পরি-কল্পনার দ্বিতীয় বছরে এই কয় মাসেও পরিকল্পনার চূড়ান্ত রূপদান করা সম্ভব না হলেও কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা কমিশনের সঙ্গে আলাপ-আলোচনায় জানা যায় যে, পরিকল্পনা কমিশনের ওয়ার্কিং গ্রুপ পশ্চিমবঙ্গে রাস্তা নির্মাণ বাবদ ২৬ কোটি টাকা অর্থসাহায্য মঞ্জুর করবার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে সুপারিশ করেছেন। স্বল্প আর্থিক সাহায্যে পশ্চিমবঙ্গ সরকারের নূতন রাস্তা নির্মাণ পরিকল্পনা যে বিশেষভাবে ব্যাহত হবে, সে বিষয়ে সন্দেহ নেই। ২৬ কোটি টাকার মধ্যে ২০ কোটি টাকা তৃতীয় পরিকল্পনার অসমাপ্ত কাজগুলির জন্যই ব্যয়িত হবে। চতুর্থ পরিকল্পনায় নতুন রাস্তা নির্মাণ বাবদ ৬ কোটি টাকার মত যে আর্থিক সঙ্গতি থাকবে, তার জন্যে মাত্র ১২ কোটি টাকার নতুন পরিকল্পনা গ্রহণ করা যেতে পারে। এই টাকার মধ্যে ২ কোটি ৩০ লক্ষ টাকার নতুন কাজ পরিকল্পনার প্রথম বছরে গ্রহণ করা হয়েছে। ফলে চতুর্থ পরিকল্পনায় নতুন রাস্তা নির্মাণের কাজ যে কিরূপ অবস্থার সম্মুখীন হবে, তা সহজেই অনুমেয়। তদুপরি কেন্দ্রীয় সরকারের বাৎসরিক অর্থ বরাদ্দও পরিকল্পনার আর্থিক সাহায্যের স্বীকৃতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়।

পূর্ত (সড়ক) বিভাগের অধীন বিশেষ সড়ক উন্নয়ন সংস্থা গত কয় বছর ধরে আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (আই ডি এ) কর্তৃক প্রদত্ত অর্থসাহায্যে (১) কলিকাতা, বোম্বাই ও মাদ্রাজ জাতীয় সড়ক এবং (২) কলিকাতা-দিল্লী জাতীয়-সড়কের বিবেকানন্দ সেতু হতে আদি সপ্ত গ্রাম পর্যন্ত বিকল্প রাস্তা নির্মাণের কাজ করছিল। কোলাঘাটে রূপনারায়ণ নদের উপর সেতু ও পাঁশকুড়ার

নিকটবর্তী কংসাবতী নদীর উপর সেতু এই পরিকল্পনার অন্তর্ভুক্ত ছিল। কিন্তু বর্তমান বছরে এইসব কাজের আশু সমাপ্তির সম্ভাবনায় এবং সংস্থার হাতে আর কোন নতুন কার্যক্রম না থাকায় এই সংস্থার পৃথক সত্তার অবলুপ্তি ঘটবে এবং সংস্থাটি পূর্ত বিভাগের মূল সড়ক উন্নয়ন সংস্থার সঙ্গে একত্রিত হবে।

আনুমানিক এক কোটি ত্রিশ লক্ষ টাকা ব্যয়ে দমদম সুপার হাইওয়ের কাজ ও ১৫ কোটি টাকা ব্যয়ে দুর্গাপুর এক্সপ্রেস ওয়ের কাজ পশ্চিমবঙ্গ উন্নয়ন কর্পোরেশন গ্রহণ করেছিল; কিন্তু উন্নয়ন কর্পোরেশনের বিলোপ ঘটায় ১৯৬৬ সালের ১লা এপ্রিল থেকে উক্ত কাজগুলির ভার পূর্ত (সড়ক) বিভাগের হাতে এসেছে। দমদম সুপার হাইওয়ের কাজ সমাপ্তপ্রায়। কিন্তু কেন্দ্রীয় সরকারের কাছ থেকে উপযুক্ত অর্থ সাহায্য না পাওয়ায় ৫৮ মাইল ব্যাপী দীর্ঘ দুর্গাপুর এক্সপ্রেস ওয়েতে মাটি ফেলার কাজ ও কালভার্ট নির্মাণের কাজ ছাড়া আর বিশেষ কিছু করা সম্ভব হয় নি। যোজনা কমিশন শক্তিগড় পর্যন্ত এক সারি (ওয়ান লাইনস) রাস্তা নির্মাণের জন্য চতুর্থ পরিকল্পনায় ৪ কোটি টাকার আর্থিক সাহায্য বরাদ্দ করা সত্ত্বেও কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এ যাবৎ এ রাস্তার জন্যে কোন আর্থিক সাহায্য পাওয়া যায় নি।

কলিকাতা-বোম্বাই জাতীয় সড়কের মাধ্যমে হলদিয়া বন্দরের সঙ্গে কলকাতার যোগাযোগ স্থাপনের কাজও কেন্দ্রীয় সরকারের আর্থিক আনুকূল্য লাভ না করায় বিশেষ অগ্রসর হয় নি। কেবল ভূমি সংগ্রহের ব্যবস্থা বর্তমানে চলছে। খনি অঞ্চলের ১০০ মাইল সংযোগকারী রাস্তা নির্মাণের কাজ শেষ হয়েছে; কিন্তু বর্তমানে কেন্দ্রীয় সরকার এসব রাস্তার কোনরূপ দায়দায়িত্ব গ্রহণ করতে ইচ্ছুক নন।

বর্তমান আর্থিক সংকটে স্বল্প ব্যয়ে রাস্তা নির্মাণের প্রয়োজনীয়তা অনস্বীকার্য। পূর্ত (সড়ক) বিভাগের অধীনে স্বল্প ব্যয়ে বর্তমান যুগোপযোগী উন্নত ধরনের রাস্তা নির্মাণের জন্য কলকাতার কাছে পৈলানে একটি গবেষণাকেন্দ্র স্থাপন করা হয়েছে। বর্তমান বছর থেকেই এই কেন্দ্রের কাজ সুরু হবে। মাটির প্রকৃতি ও সড়ক নির্মাণের উপযোগী উপাদানের স্বরূপ নির্ণয় করাই হবে এই গবেষণাগারের লক্ষ্য। এ ছাড়া রাস্তার ভার গ্রহণ ক্ষমতা পরীক্ষার জন্যে গবেষণাগারের সংলগ্ন একটি সড়ক গবেষণাপথ (রোড টেস্ট ট্র্যাক) নির্মাণ করা হয়েছে।

জাতির অর্থনৈতিক শ্রীবৃদ্ধি, ব্যবসা বাণিজ্যের উন্নতি ও অনগ্রসর পল্লীবাসীর সুখস্বাচ্ছন্দ্য বিধানের পক্ষে যানবাহনোপযোগী রাস্তার আবশ্যকতা সম্বন্ধে কোন দ্বিমতের অবকাশ নেই। দেশব্যাপী উন্নত রাস্তা নির্মাণের প্রতি বর্তমান সরকারের সজাগ দৃষ্টি থাকা সত্ত্বেও উপযুক্ত কেন্দ্রীয় সাহায্যের অভাবেই এ বিষয়ে আমাদের আন্তরিক ইচ্ছা, সক্রিয় চেষ্টা সত্ত্বেও, কতদূর যে পূর্ণ হবে, তা বলা কঠিন।

গত মার্চ মাস থেকে ১৫ই জুলাই—এই স্বল্প সময়ের মধ্যে লোকসভা, রাজ্যসভা, বিধানসভা ও বিধান পরিষদ-এর বিভিন্ন রাজনৈতিক দলভুক্ত সদস্যদের এবং অন্যান্য জন প্রতিনিধিদের কাছ থেকে নতুন রাস্তা এবং সেতু নির্মাণের জন্য ১৫৫টি প্রস্তাব আমার কাছে এসে পৌঁচেছে। পূর্বোক্ত অবস্থার পরিপ্রেক্ষিতে মাননীয় সদস্যগণ আশা করি নিশ্চয়ই উপলব্ধি করবেন যে এরূপ সব প্রস্তাবই কার্যকরী করা সম্ভবপর নয়। তবে প্রতিটি প্রস্তাবই এবং তার সঙ্গে জেলা উন্নয়ন পরিষদ মারফত যে সকল প্রস্তাব পাওয়া গেছে তাদের তুলনামূলক বিচার করে মোটামুটি বরাদ্দ টাকার মধ্যেই অত্যাবশ্যক রাস্তা এবং সেতু নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে। এই পরিকল্পনা এখনও চূড়ান্তরূপ পরিগ্রহ করে নাই।

[2-20—2-30 p.m.]

প্রসঙ্গত মাননীয় সদস্যদের অবগতির জন্য উল্লেখ করতে পারি যে, রাজ্যের বিভিন্ন জেলায় রাস্তাঘাট, সেতু ইত্যাদির প্রকৃত অবস্থা সম্বন্ধে ব্যক্তিগত অভিজ্ঞতা অর্জনের জন্য আমি ইতিমধ্যে ৭০-৮০টি রাস্তা এবং ৭-৮টি সেতু পরিদর্শন করেছি। যেসব বড় বড় কাজ, বিশেষ করে সেতু নির্মাণ, চলতি অবস্থায় আছে, সেগুলিও কিছু কিছু দেখে এসেছি। গত এপ্রিল মাসে রূপনারায়ণ সেতুর নির্মাণকার্য দেখে এসে কাজটি ত্বরান্বিত করার জন্য উপযুক্ত ব্যবস্থা অবলম্বন

করেছি। দক্ষিণ ২৪-পরগনায় সূর্যপুরের নিকটে সংকরপুর সেতুর নির্মাণ কাজ সম্বন্ধে কিছু অভিযোগ আমার কাছে আসা মাত্র আমি নিজে হঠাৎ ঐ জায়গাটি পরিদর্শন করে আবশ্যকমত যথাযথ বিভাগীয় ব্যবস্থা অবলম্বন করি।

প্রসংগত উল্লেখ করা অন্যায় হবে না যে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে প্রয়োজনীয় অর্থ আদায়ের ব্যাপারে যেসব অসুবিধা হচ্ছে, আলাপ-আলোচনার মাধ্যমে তার কোন সুরাহা হয় কিনা, এই উদ্দেশ্য নিয়ে আমি গত জুন মাসে দিল্লীতে গিয়েছিলাম। সেখানে স্বরাষ্ট্র মন্ত্রী শ্রীচ্যবনের সংগে বি ও পি, (বর্ডার আউটপোস্ট) রোডগুলির দরুন কেন্দ্রীয় অর্থ সাহায্যের বিষয় আশু সমাধানের জন্য আলোচনা করি—একথা আগেই উল্লেখ করেছি।

রাজ্যের রাজস্ব বৃদ্ধির দিকে লক্ষ্য রেখে দার্জিলিং শহরটিকে পর্যটকদের কাছে কিভাবে অধিকতর আকর্ষণীয় করে তোলা যায়, সে বিষয়ে আমি কেন্দ্রীয় মন্ত্রী শ্রীকরণ সিং-এর সংগে আলোচনা করেছি এবং আংশিকভাবে সফলও হয়েছি। তাছাড়া কেন্দ্রীয় পূর্ত ও আবাসন মন্ত্রী শ্রীজগন্নাথ রাও-এর সংগে পশ্চিমবংগের গৃহ এবং রাস্তাঘাট সমস্যা নিয়ে সবিস্তারে আলোচনা করেছি এবং কেন্দ্রীয় অর্থ সাহায্যের জন্য চাপ দিয়েছি। এবার আর কয়েকটি বিষয়ের উল্লেখ করে আমি আমার বক্তব্য সমাপ্ত করব।

পূর্ত বিভাগের অধীন রাজ্য প্রত্নতত্ত্ব অধিকারের তত্ত্বাবধানে বহু জায়গায় অনুসন্ধানমূলক খনন কার্য চলছে। জলপাইগুড়ি জেলায় মেন্ডাবাড়ি নামক বনে "নলরাজার গড়"-এর খনন কার্যের ফলে বহু পুরাবস্তু এবং তথ্য আবিষ্কৃত হয়েছে। বর্ধমান জেলায় কাটোয়ার সন্নিকটবর্তী জগদানন্দপুরে রাধাগোবিন্দ জিউ-এর মন্দিরটিকে সংরক্ষিত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

রাজ্যসরকার বাংলার কয়েকজন মনীষীর প্রতিমূর্তি নির্মাণের সিদ্ধান্তও গ্রহণ করেছেন। রাজা রামমোহন রায় এবং দেশবন্ধু চিত্তরঞ্জন দাশের প্রতিমূর্তি নির্মাণের কাজ এগিয়ে চলেছে।

"৫০—পাবলিক ওয়ার্কস" এবং "১০৩—ক্যাপিট্যাল আউটলে অন পাবলিক ওয়ার্কস" এই দুটি বাজেটের অন্তর্ভুক্ত কাজ ছাড়াও পূর্ত বিভাগ অন্যান্য বিভাগের বাজেট অন্তর্ভুক্ত কিছু কিছু কাজও আবশ্যক ক্ষেত্রে করে আসছে। এরকম কয়েকটি বিশেষ কাজের উল্লেখ করছি:

(১) বিভিন্ন স্থানে ই এস আই, হাসপাতাল নির্মাণ;

(২) দেশী বিদেশী পর্যটকদের জন্য বিশ্রামাগার নির্মাণ;

(৩) বৃহত্তর কলিকাতা দুগ্ধ সরবরাহ প্রতিষ্ঠানের গৃহাদি নির্মাণ;

(৪) হাওড়ায় মাছ রাখার জন্য ঠাণ্ডাঘর নির্মাণ;

(৫) দমদম কলিকাতা রাজপথের বৈদ্যুতিকরণ; এবং

(৬) শিয়ালদহ এলাকায় যানবাহন চলাচলের সুবিধার জন্য একটি বড় নির্মাণ পরিকল্পনা

এছাড়া অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থাকে সুদৃঢ় করবার জন্য বিভিন্ন স্থানে সাইরেন স্থাপন কাজও পূর্ত বিভাগ সম্পন্ন করছে।

আর একটা কথা বলে রাখি। পূর্ত বিভাগের কোনো কোনো স্তরে দুর্নীতি আছে বলে একটা ধারনা রয়েছে। আমার কাছে যেসমস্ত অভিযোগ আসছে সে সম্বন্ধে আমি যথোপযুক্ত তদন্তের ব্যবস্থাদি করছি ও সতর্ক দৃষ্টি রেখেছি। দুর্নীতির কোন দৃষ্টান্ত মাননীয় সদস্যগণের নজরে এলে তাঁরা যেন আমাকে জানান এই অনুরোধ করি। বিভাগের সর্বস্তরে নির্দোষ পরিবেশ সৃষ্টির জন্য আমি মাননীয় সদস্যবৃন্দ সর্বসাধারণের সহযোগিতা প্রার্থনা করি।

আমি আমার বক্তব্য শেষ করছি। এবার আমার উত্থাপিত ব্যয়বরাদ্দের দাবী দুটি অনুমোদনের জন্য সভাকে অনুরোধ করছি।

Mr. Speaker: Dr. Chunder may present his report now.

Dr. Pratap Chandra Chunder: Sir, I am sorry I could not come in time as two of the gates were blocked.

Presentation of Report of the Public Accounts Committee (Special Report II)

I beg to present the Report of the Public Accounts Committee, 1967-68 (Special Report II).

VOTING ON DEMANDS FOR GRANTS

Mr. Speaker: All the cut motions in both the Grants Nos. 34 and 49 are in order and taken as moved.

Shri Khagendra Nath Das Gupta: That the demand be reduced to Re. 1.

Shrimati Abha Maiti: That the demand be reduced to Re. 1.

Shri Sushil Kumar Paul: That the demand be reduced to Re. 1.

Shri Satyanarayan Mitra: That the demand be reduced to Re. 1.

Shri Maharaja Bose: That the demand be reduced to Re. 1.

Shri Puranjoy Pramanik: That the demand be reduced to Re. 1.

Shri Jatindra Mohan Roy: That the demand be reduced to Re. 1.

Shri Sachindra Mohan Nandy: That the demand be reduced by Rs. 100.

Shri Narayan Chandra Chaudhuri: That the demand be reduced by Rs. 100.

Shri Krishna Bahadur Gurung: That the demand be reduced by Rs. 100.

Shri Probhakar Pal: That the demand be reduced by Rs. 100.

Shri Abdul Latif: That the demand be reduced by Rs. 100.

Shri Azizur Rahman: That the demand be reduced by Rs. 100.

Shri Puranjoy Pramanik: That the demand be reduced by Rs. 100.

Shri Bankim Chandra Sasmal: That the demand be reduced by Rs. 100.

Shri Pramatha Nath Dhibar: That the demand be reduced by Rs. 100.

Shri Panchanan Saha Ray: That the demand be reduced to Re. 1.

Shri Joynarayan Sharma: That the demand be reduced to Re. 1.

Shrimati Nurunnesa Sattar: That the demand be reduced to Re. 1.

শ্রীবঙ্কিমচন্দ্র শাসমল: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় পূর্ত মন্ত্রিমহাশয় পূর্ত খাতের যে ব্যয়বরাদ্দ উপস্থাপিত করলেন তার বিরোধীতা করতে গিয়ে কয়েকটি কথা আমি হাউসের সামনে রাখছি। এই যে পূর্ত বিভাগের বাজেট তৈরী করা হয়েছে এই বিভাগ সম্পর্কে বহুদিন থেকে বহু অভিযোগ রয়েছে। এই বিভাগ সম্পর্কে প্রথম অভিযোগ যে অভিযোগ সম্পর্কে আমার মনে হয় সমস্ত সদস্যের সাড়া দেয়া উচিত সেটা হচ্ছে পূর্ত বিভাগের কাজকর্মের

মধ্যে কোনটাকে বেশী প্রাইওরিটি দিতে হবে এ সম্পর্কে কি নীতি আছে এ পর্যন্ত আমরা তা জানতে পারলাম না। নূতন যে গভর্নমেন্ট হয়েছে তাঁরাও নূতন নীতি নির্ধারণ করে আমাদের সামনে উপস্থিত করতে পারেন নি। আজকে বিভিন্ন সদস্য নন-অফিসিয়াল বা অফিসিয়াল বিরোধীদলের বা সরকারী দলের বিভিন্ন বক্তৃতার সময় বিভিন্ন প্রশ্নের মাধ্যমে বহু রাস্তা ব্রীজের কথা উল্লেখ করেছেন, অবিরত প্রশ্ন গত বিশ বছর ধরে করেছেন কিন্তু দেখা যাচ্ছে কোন অদৃশ্য উপায়ে নন-অফিসিয়াল সদস্যদের যেসমস্ত দাবী সেগুলি বার বার উপেক্ষিত হচ্ছে। সেদিন একটা প্রশ্নোত্তরে দেখলাম পূর্তে মন্ত্রিমহাশয় বলে যাচ্ছেন একটা মহকুমায় প্রচুর রাস্তার কথা। এজন্য আমি মাননীয় সদস্যগণের কাছে প্রস্তাব করবো যে এমন একটা সমীক্ষা নির্ধারণ করা হোক যে সমীক্ষা বেসরকারী পাবলিক ওয়ার্কস সম্বন্ধে বিশেষ করে তার কমিউনিকেশন সম্পর্কে যে পরিকল্পনা হবে সেগুলি তাঁরা বিচার বিবেচনা করবেন এবং সর্বাধিক প্রাইওরিটি কাকে দেয়া হবে সেটা তাঁরা ঠিক করবেন। আমাদের চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অনেক নূতন রাস্তা, নূতন পরিকল্পনা নেওয়া হবে কিন্তু তার পূর্বে যদি এই রকম একটা প্রতিষ্ঠান গড়ে তোলা যায় তাহলে আমার মনে হয় একটা স্থায়ী জিনিস হবে। তাছাড়া গণতন্ত্রের মাধ্যমে সরকার বদল হচ্ছে এবং হতেও থাকবে কিন্তু যদি একটা স্থায়ী প্রতিষ্ঠান করে রাখা যায় তাহলে নিশ্চয়ই সরকার পরিবর্তনের সঙ্গে সঙ্গে রাস্তার পরিবর্তন হবে না, একটা রাস্তা কেটে আর একটা রাস্তা হওয়া বা একটা রাস্তা বন্ধ করে তার পার্শ্ববর্তী রাস্তা হয়ে যাওয়া যেটা রাজনীতির পরিবর্তনের সঙ্গে সঙ্গে হয় সেটা আর হবে না। সেজন্য আমার মনে হয় অন্তত কনস্ট্রাকশন ডিভিসনটা রাজনীতির ঊর্দ্ধে রাখতে হবে। কারণ দেশের সামগ্রিক উন্নতি নির্ভর করছে কমিউনিকেশন লাইনের উপর, বিশেষ করে পল্লীঅঞ্চলে সমৃদ্ধি নির্ভর করছে শহর বাজারের সঙ্গে যোগাযোগের উপর। শহরের শিল্পসমৃদ্ধি শিল্প বাণিজ্যের জিনিস যেমন আমাদের পল্লী অঞ্চলে পৌঁছে দিতে হবে তেমনি পল্লী অঞ্চলের কৃষিজ সম্পদ শহরে আনতে হবে, এই আদানপ্রদান করার জন্য যে কমিউনিকেশন দরকার সেই কমিউনিকেশন ব্যবস্থা গড়ে তুলতে হলে এই বিভাগটিকে শক্তিশালী বিভাগ করে তুলতে হবে। কিন্তু দুঃখের বিষয় অন্যান্য বরাদ্দ বৃদ্ধিপ্রাপ্ত হলেও দ্বিতীয়বার যে বাজেট পেশ করেছেন এই বাজেটে পাবলিক ওয়ার্কসের জন্য কিছুমাত্র বাড়ানো হয় নি, আমি দেখেছি শুধুমাত্র ডি এ বাড়ানো ছাড়া।

[2-30—2-40 p.m.]

আমি দেখেছি কমিউনিকেশন ওয়ার্কসের অরিজিন্যাল সাইডে মাত্র ২ কোটি ৫০ লক্ষ ২ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে, সমস্ত বাজেটে এক অষ্টমাংশও নয় এটা। এইভাবে যদি কমিউনিকেশনের দিকে নজর দেয়া হয়, অন্যান্য অ্যাডমিনিস্ট্রেটিভ ডিপার্টমেণ্ট বা বিল্ডিং কনস্ট্রাকশনে আমরা বেশী অর্থ বিনিয়োগ করতে থাকি তাহলে নিশ্চয়ই জনসাধারণের কল্যাণ হবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে প্রস্তাব রাখবো কমিউনিকেশন ব্যাপারে অ্যালটমেণ্ট যেন আরো বাড়ানো হয় এবং তার জন্য সাপ্লিমেণ্টারি বরাদ্দ যদি আনতে হয় তাহলে মন্ত্রিমহাশয় তা আনবেন। আমরা দেখতে পাচ্ছি সেন্ট্রাল গভর্নমেন্ট যে গ্রান্ট দেন grant to local road funds, grant to village road development corporation sponsored by Union Government.

এতে মাত্র এক কোটি ৫৫ হাজার টাকা খরচ দেয়া আছে কিন্তু স্মল প্রোগ্রাম যেটায় গত বছর ১৯৬৬-৬৭ সালে দেয়া হয়েছিল সেই স্মল পরিকল্পনা বাবদ কিছুই করা হয় নি। আমি বলবো এখানে একটা ডিসেন্ট্রালাইজ ব্যবস্থা করা উচিত। মাননীয় মন্ত্রিমহাশয় কয়েকটি রাস্তার কথা বললেন, যেমন দুর্গাপুর রোড, বেলগাছিয়া দমদম সুপার হাইওয়ে, এটা শহর বাজারের কাছাকাছি শহরাঞ্চলকে বাড়িয়ে তোলা হবে, এটা খুব বড় জিনিস নয়, আমাদের পশ্চিমবঙ্গ বেঁচে আছে পল্লীর অর্থনীতির মধ্যে, পল্লী অর্থনীতিকে যদি শক্তিশালী করে গড়ে তুলতে পারি তবেই আমাদের পশ্চিমবঙ্গের অর্থনৈতিক বনিয়াদ দৃঢ় করে তুলতে পারবো শহর বাজারকে বাড়িয়ে নয়। আমি রবীন্দ্রনাথের একটা কথা স্মরণ করতে বলি মাননীয় মন্ত্রিমহাশয়কে যে, সব জায়গার রক্তকে যদি সংগ্রহ করে নিয়ে মুখে জমা করা হয় তাহলে সেটাকে যেমন স্বাস্থ্যের লক্ষণ বলা যায় না তেমনি বাংলাদেশের সমস্ত সমৃদ্ধিকে যদি আমরা শহরে জড় করি তাহলে আমাদের দেশের

সমৃদ্ধি হচ্ছে একথা আমরা বলতে পারি না। আমাদের সব থেকে বড় অভিযোগ হচ্ছে এই বিভাগের শলথতা, ডিলে ইনয়্যাকটিভিটি, এই রকম শলথতা আর কোন বিভাগে নেই। আমি জানি না নূতন সরকার এই গলদ দূর করার জন্য কি করছেন। কারণ মন্ত্রিমহাশয়ের কথার মধ্যে শুনলাম অভিযোগ গেলে উনি তদন্ত করবেন কিন্তু অ্যাডমিনিস্ট্রেটিভ সেট আপ পরিবর্তন করে রন্ধ্রে রন্ধ্রে যে ঘুন প্রবেশ করেছে সে সম্পর্কে ওভারহল ট্রিটমেণ্টের জন্য কিছু বলেন নি। আমরা দেখেছি কংসাবতী পরিকল্পনায় যে ব্রীজের কথা বলেছেন সেই ব্রীজ সম্পূর্ণ হয় নি, তার সয়েল টেস্ট নাকি এখনও হচ্ছে। অথচ আমরা দেখেছি পাশে একটা রেলওয়ে ব্রীজ এক বছরের মধ্যে হয়ে গেল, সেখানে রেল চলতে আরম্ভ করলো কিন্তু এই ব্রীজের একটার পর একটা থাম হচ্ছে আর নষ্ট হয়ে যাচ্ছে, আবার নূতন করে তোলা হচ্ছে। আজ পর্যন্ত সেটা হল না, কতদিনে হবে তা জানি না। সেন্ট্রাল গভর্নমেন্টের কথা বলছেন, সেন্ট্রাল গভর্নমেন্ট কতকগুলি বিভিন্ন পরিকল্পনা বাবদ যে আর্থিক সাহায্য দেবার কথা তা দেবে না বলছেন, কিন্তু কেন্দ্রীয় গভর্নমেন্ট যে সাহায্য করেছেন সেই সাহায্যগুলি প্রপারলি ইউটিলাইজ হচ্ছে কিনা সেটা দেখা দরকার। ডিলে যেমন হচ্ছে সেইরকম দুর্নীতি এই বিভাগে রন্ধ্রে রন্ধ্রে প্রবেশ করেছে। এই দুর্নীতি সম্বন্ধে প্রত্যেক সদস্যই অবহিত আছেন, এই অভিজ্ঞতা অনেকেরই আছে যে, এই বিভাগে একেবারে নিচু থেকে আরম্ভ করে উপর পর্যন্ত সব পার্সেন্টেজ ধরা আছে। আমার এক কনট্রাকটার বন্ধুর সাথে কথাবার্তা হয়েছিল, তার দুঃখের কথা শুনেছি, দুঃখের মধ্যে দিয়ে তিনি একটা কথা বলেছেন যে সুপারিনটেণ্ডেণ্ট ইঞ্জিনীয়ারের হাফ পার্সেণ্টেজ আছে, একজিকিউটিভ ইঞ্জিনীয়ারের এক পার্সেণ্ট, এস ডি ও, রোডস-এর দুই পার্সেন্ট, ওভারসিয়ারের চার পার্সেন্ট, এই রকম করে সাড়ে সাত পার্সেন্ট, এস্টাবলিশমেন্টে আড়াই পার্সেন্ট, আর কন্ট্রাকটারের পাঁচ পার্সেন্ট, এই করে ১৫ পার্সেণ্ট লেস করে টেণ্ডার ধরছি। গভর্নমেণ্টের যেটা সিডিউল্ড রেট সেটা গভর্নমেণ্ট স্থানীয় অবস্থা বিবেচনা করে ঠিক করেছেন, তার নিচে কাজ করা যেতে পারে না এটা গভর্নমেণ্টের জানা আছে। কিন্তু কণ্ট্রাক্টার করলেন কি, না ১৫ পার্সেণ্ট লেসে কাজ ধরলেন, এদিক দিয়ে কাজ হল কি, না ফাঁকি। আমরা দেখেছি রাস্তা তৈরী করতে গেলে কি করতে হয়, না তিন স্তরে ঢালাই মাড়াই করতে হয়। প্রথমে এক ফুট দিয়ে মাড়াই করতে হয়, তারপরে আবার এক ফুট দিয়ে মাড়াই করতে হয়, তারপরে আবার মাড়াই করতে হয় কিন্তু তা না করে দেখা যাচ্ছে কি একেবারে ১০ ফুট মাটি স্তূপিকৃত করে তার উপর চেঁছে দিয়ে ইট পেতে দেওয়া হচ্ছে। এর ফলে ভিতরে গলদ হচ্ছে। যে রাস্তা তৈরী হচ্ছে তার চওড়া যেটা হওয়া উচিত তা না করে এদিক থেকে তিন ইঞ্চি আর ওদিক থেকে তিন ইঞ্চি কমিয়ে দিয়ে ২০-২৫ মাইল রাস্তা তৈরী করা হয় তাহলে ঐ ৬ ইঞ্চি কমিয়ে তার ১০ হাজার টাকা তার থেকে এসে গেল এবং ঐ ১০ হাজার টাকাই কন্ট্রাকটার কর্মচারীদের দিয়ে দিচ্ছে। মন্ত্রিমহাশয়দের এইসমস্ত জিনিস দূর করতে হবে। মাননীয় মন্ত্রিমহাশয় যদি এই হাউসের মধ্যে এই সমস্ত জিনিস দূর করবার প্রতিশ্রুতি দেন তাহলে নিশ্চয়ই আমরা আনন্দিত হবো। আমি উদাহরণস্বরূপ বলতে পারি এস এন কব, একজন কনট্রাকটার, তিনি বম্বে রোডের পাশে কোলাঘাটে একটা ব্রিজ করেছেন, ২১ লক্ষ টাকা বায় হয়েছে, হালে সেটা মাত্র কমপ্লিট হয়েছে কিন্তু এখনি তার মেরামতের দরকার হয়ে পড়েছে। কেন এমন হল একথা আমি নিশ্চয়ই মন্ত্রিমহাশয়ের কাছে জিজ্ঞাসা করবো। আমরা বলবো এর স্থায়ীভাবে প্রতিকার করতে হবে। বিগত কংগ্রেস সরকার এর প্রতিকারের চেষ্টা করে এসেছেন এবং একটা সরকার যদি বহুদিন স্থায়ী থাকে তাহলে সেই চেষ্টা আস্তে আস্তে সফল হয়, এক দিনে এই দুর্নীতি সমূলে উৎপাটিত করা যায় না। আপনারা এখন গদি পেয়েছেন এ বিষয়ে নিশ্চয়ই আপনাদের দায়িত্ব আছে। বর্ডার এলাকার রাস্তার দুরবস্থা দেখুন, কনট্রাকটারের দুর্নীতির ফলে বর্ডার এলাকার রাস্তা যেগুলি জাতির জীবনমরণ সমস্যা সেগুলি অবহেলিত হয়ে যাচ্ছে। আমি আর একটা কথা বলব যে, গ্রামে গ্রামে রাস্তা আজ তৈরী করা হচ্ছে কিন্তু লিঙ্ক রোড অর ফিডার রোড করার জন্য বাজেটে কোন টাকা ধরা নেই। একটা বড় রাস্তা হচ্ছে তার সঙ্গে ২, ৪ বা ৮ মাইল যোগ করে দিলে আর একটা বড় রাস্তা হয়ে যায় এবং শহর ও মহকুমার সঙ্গে যোগাযোগ হয়ে যায়, কিন্তু তা করা হচ্ছে না। ঘাটাল, নাড়াজোল ও মেদিনীপুর রাস্তার কথা বলব সেখানে ২৬ মাইল রাস্তা হয়েছে কিন্তু আর ৬ মাইল মাত্র যদি যোগ করা যায় তাহলে ঘাটাল মহকুমার রাস্তার সাথে যোগ হয়ে যায়। এইরকম বহু জেলাই আছে যেখানে

২-৪ মাইল রাস্তা যোগ করে দিলেই হয়। আমি আশা করব যে এরূপ আলাদাভাবে যাতে বাজেট বরাদ্দ করা থাকে। যদি এরূপ বিশেষ ব্যবস্থা করা যায় তাহলে নিশ্চয়ই ভাল হবে। আমি এই বলেই এই বাজেট ব্যয়বরাদ্দের বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীআবদুল কুইয়ম মোল্লাঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় যে বরাদ্দ এনেছেন তাকে সমর্থন করছি ও সমর্থন করে কয়েকটা কথা রাখতে চাই। স্যার, পি ডবলিউ ডিপার্টমেন্ট-এ যেসব ওয়ার্ক অ্যাসিস্ট্যান্ট আছেন তারা সকলেই স্কুল ফাইন্যাল পাশ বা ঐ সব যোগ্যতাসম্পন্ন, কিন্তু তাদের মাহিনার স্কেল হচ্ছে ১০০-১৪০, কিন্তু ঐ পি ডবলিউ ডিতে অন্যান্য ক্লার্ক যারা ইকুইভ্যালাণ্ট এডুকেশন যাদের আছে তাদের ১৪০—৩০০ পে স্কেল, এজন্য আমি দৃষ্টি আকর্ষণ করছি যে, অতি তাড়াতাড়ি পে কমিশন বসছে। এ সময়ে যদি সমতা রক্ষা করা না যায় তাহলে তারা দারুন ক্ষতিগ্রস্ত হবে। স্যার, আরো একটা কথা জানাচ্ছি যে এই অ্যাসেম্বলী হাউস-এ যে সমস্ত কর্মচারী আছেন, অ্যাসেম্বলী চলাকালীন ওভারটাইম তাদের দেওয়া হচ্ছে বা দেবার জন্য বলা হয়েছে, কিন্তু এখানে যে সমস্ত পি ডবলিউ ডি ওয়ার্কার্স আছে বা অন্যান্য যাঁরা আছেন তাঁরা ঐ ওভারটাইম পাবেন কিনা নিশ্চয়তা নেই। সেজন্য আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের ডায়মন্ড হারবার রোড-এ লক্ষ লক্ষ টাকা ডেভালপমেণ্ট করার জন্য প্রতি বৎসর ব্যয়বরাদ্দ ধরা হচ্ছে, কিন্তু কোন কায়েমী স্বার্থের জন্য এই ডায়মন্ড হারবার রোডকে ডেভালপমেণ্ট করা হচ্ছে না। তারাতলা থেকে ঠাকুরপুকুর পর্যন্ত এই স্থানটিতে এমন অবস্থার সৃষ্টি হয় যে ঘণ্টার পর ঘণ্টা গাড়ি আটকে থাকে যাতায়াতের সুযোগ থাকে না। সেজন্য বলছি ডায়মন্ডহারবার রোড-এর জন্য যে ব্যয়বরাদ্দ রাখা হচ্ছে তাতে যেন এ রোড ডেভালপ করা হয়। কারণ এটা দক্ষিণ ২৪-পরগণার একমাত্র যোগাযোগকারী রাস্তা। এ রাস্তা দিয়ে গাড়িঘোড়া, ফায়ারব্রিগেড বা হাসপাতাল ইত্যাদি যোগাযোগের রাস্তা এটি। অতএব এদিকে দৃষ্টি দেবার জন্য অনুরোধ করছি। ৫০০ মাইল যে নূতন রাস্তার কথা বলা হয়েছে সেজন্য অভিনন্দন জানাই। আমি ২৪-পরগণার এই বিরাট জেলার কথা বলছি। এখানে ৭৫ লক্ষ লোক বাস করেন, কিন্তু তবু অবহেলিত এবং এক প্রান্ত থেকে অন্য প্রান্তের সঙ্গে যোগাযোগের অভাব। এই ২৪-পরগনা জেলার নূতন রাস্তা নির্মাণ করার যেন ব্যবস্থা করেন। ২৪-পরগনার দক্ষিণে দুর্ভেদ্য সুন্দরবন অঞ্চল, এখানে রাস্তাঘাট নেই। পাথরপ্রতিমা বা আরো দূর এলাকায় যাতায়াত দুরূহ ব্যাপার, অথচ পাথর প্রতিমায় বি ডি ও অফিস আছে ও অন্য সরকারী অফিস আছে। সেখানে যেতে হলে ৬ ঘণ্টা লঞ্চে যেতে হয়। এখানে আরো বেশী রাস্তার জন্য অনুরোধ করছি, কারণ এটি একমাত্র খাদ্য অঞ্চল। এবারে ফুড প্রকিওরমেন্ট রাস্তা না থাকায় ক্ষতিগ্রস্থ হয়েছে। শোনা যায় সুন্দরবন অঞ্চল থেকে পাকিস্তানে চাল চালান হয়।

[2-40—2-50 p.m.]

কিন্তু এই রাস্তাঘাট না থাকার দরুন এই সমস্ত যোগাযোগ রক্ষা করা যায় না বা অত্যন্ত দূর হবার দরুন নিয়মমত পুলিশ বা অন্য কেউ যোগাযোগ করতে পারে না। সেই যদিও সুন্দরবনে কয়েকটি রাস্তা হয়েছে যাতে আরও বেশী করা যায় তার জন্য মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তার পর বলছি যে, ডায়মণ্ড হারবারে আজ পর্যন্ত মিউনিসপ্যালিটি হয় নি—সেখানে ডেভালপমেণ্ট করার জন্য আমি মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ জানাচ্ছি। ডায়মণ্ড হারবারের রাস্তাগুলি বিচ্ছিন্ন যোগাযোগের কোন ব্যবস্থা নেই—এখনও বাঁশের পোল দিয়ে লোক যাতায়াত করছে এটা ডেভালপ করার জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তাছাড়াও আমাদের ডায়মন্ড হারবার কনস্টিটিউয়েন্সিতে একটি মাত্র রাস্তা আছে—আরও অল্টারনেটিভ রাস্তা ফলতা থেকে হটগঞ্জ—এই রাস্তা ডেভালপ করার জন্য ওঁকে অনুরোধ করছি—এ রাস্তায় জনগণের যাতায়াত করার জন্য খুব অসুবিধা হয় এবং এর দ্বারা লোকে দারুন ক্ষতিগ্রস্ত হচ্ছে—বহুদিন ধরে এই রাস্তার জন্য জেলা পরিষদকে বলা হয়েছিল—কিন্তু রাস্তাটির প্রতি সরকার নজর দেন নি—এই কথা বলে এই ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমি শেষ করছি।

শ্রীশ্রীপতি সিংহঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রিমহাশয়ের পূর্ত বিভাগের বাজেট বরাদ্দের বক্তৃতা আমি খুব মনোযোগ দিয়ে শুনছিলাম এবং এতে আমি একটু আশ্চর্য হলাম যে ইনি পূর্ত বিভাগের সমস্ত জিনিস সম্বন্ধে ভালভাবে অবহিত হন নি। নচেৎ এই রকম বাজেট

পেশ করা অসম্ভব। কারণ দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার পর আপৎকালীন ব্যবস্থার জন্য কতকগুলি রাস্তা তৈরী করার পর আমাদের জনগণের সুবিধার জন্য এই দরিদ্র দেশের যে রাস্তাগুলি করার বিশেষ প্রয়োজন যে রাস্তার উপর দিয়ে সমস্ত জনগণই হাঁটেন যেখানে কোন রাজনীতি নেই, বিপ্লব নেই, সেখানে কংগ্রেসী, অকংগ্রেসী কমিউনিস্ট সকলেই সেই রাস্তা দিয়ে হাটেন—সেই রাস্তাগুলিকে না ধরে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার পর সেই যে রাস্তাগুলি বন্ধ হয়েছে কেন বন্ধ হয়েছে কিসের জন্য বন্ধ হয়েছে—অর্থের অভাবে কোন স্কীমের সামঞ্জস্য না থাকার জন্য বা কোন জায়গায় রিকুইজিশন বা অ্যাকুইজিশন না হবার জন্য—কোন জায়গায় বাড়িঘর পড়েছে—সেইটা আইন অনুসারে বাস্তুভিটা যেটা রিকুইজিশন হতে পারে না সেইজন্য পড়ে আছে—সেই জিনিসটা না করে সেই একই জায়গায় যেখানে বন্ধ হয়েছে সেই জিনিসগুলি আবার তিনি নিয়েছেন। নিয়ে সেখানে রেখাপাত করে দিয়েছেন। আমার মনে হয় তিনি মহাকরণের জ্জাড়াকলে পড়ে গেছেন। সেইজন্য তিনি মামুলী বাজেট রেখেছেন এবং এই বাজেট ব্যয়বরাদ্দ কার্যকরী হবে কিনা আমার সন্দেহ আছে। কারণ আমি অনেক সংস্থার সঙ্গে জড়িত আছি—এই পশ্চিমবাংলায় অনেক রাস্তা হয়েছে—কিরকমভাবে কোথায় কি বাধা পেয়েছে—কনট্রাকটর বা ইঞ্জিনীয়ার সাহেব একটা কি করে দিলেন—সে কংগ্রেস আমলেই হোক আর এখনই হোক, যে দশের টাকা, দেশের টাকা গেছে আমাদের দরিদ্র জনগণের টাকা গেছে সে ব্যাপারে আমাদের আপসোস হয়েছে। আজকে দেখা যায় যে কতকগুলি জায়গায় এমন হয়েছে এ ধারে রাস্তা হয়েছে, ওধারে রাস্তা হয়েছে কিন্তু মধ্যখানে রাস্তা হয় নি—তিন মাইল। রাস্তায় অনেক খরচ হোল কিন্তু সেই তিন মাইল রাস্তা না হবার কারণ কি সেটা অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি তিনি সেটা জেনেছেন কি—তিনি জানেন নি। কিন্তু সেই রাস্তা আবার রিপিট হয়েছে এই জিনিসটা কেন হোল না—যেমন মুর্শিদাবাদে সেতপুর, বাউতিপাড়া রাস্তা বিষ্টুপুর পর্যন্ত চলে গেছে. কিন্তু বাউতিপাড়ায় কতকগুলি ঘর রয়েছে সরকার আইন করলেন ভাংগতে পারা যাবে না, সেই জন্য তিন মাইল পড়ে আছে। অথচ রাস্তায় অনেক খরচ হোল জনগণের টাকা—কিন্তু দু ধারের রাস্তাটা অচল হয়ে রইলো—এইরকমভাবে টেস্ট করা হয়েছে—আমাদের বিশেষজ্ঞেরা এইভাবে নানা রকম করে টেস্ট করছেন। তাঁরা টেকনিক্যাল মানুষ বলবার কিছু নেই, বললেই বলেন যে এক্সপার্টরা করছেন কি করবো। যে দেশ সমৃদ্ধশালী, যে দেশের অর্থ আছে সেখানে নানারকম স্কীম করে এক্সপেরিমেন্ট হয় কিন্তু আমাদের গরীব দেশে এইরকমভাবে এক্সপেরিমেন্ট করা হচ্ছে ফলে রাস্তাগুলি ভাল হচ্ছে না। আমি এ বিষয়ে অধ্যক্ষ মহোদয়, আমাদের শ্রদ্ধেয় মন্ত্রিমহাশয়কে বলছি যে, তিনি আমাদের মুর্শিদাবাদের রাস্তাগুলি পরিদর্শন করে আসুন এবং সেখানকার গ্রামাঞ্চলে ঘুরে আসুন—সেখানে যে রাস্তা হয়েছে সেই রাস্তাগুলি কিরকম হয়েছে দেখে আসুন। তিনি শ্রদ্ধেয় ব্যক্তি, তিনি সেগুলি দেখে যে পরিতৃপ্ত হবেন নিজের মনে নিজের জ্ঞানে, নিজের বিবেকে এ আমি আশা করতে পারি নি। একটা ডেভেলপমেন্ট অ্যাডভাইসারী বোর্ড ছিল- জেলায় ছিল, সাবডিভিশনে ছিল এবং আঞ্চলিক পরিষদের মাধ্যমে সেগুলি হোত, এখন সেগুলি সব উঠে গেছে—এখন ব্লক ডেভেলপমেন্ট অফিসারই সব -লোকের ওপিনিয়ন কোন রাস্তা কিভাবে করা হবে, কত টাকার এস্টিমেট হবে সে সব ব্যাপারে জনসাধারণের কথা শোনা হয় না—ব্লক ডেভেলপমেন্ট অফিসার যা বলেন তাঁর কথা ডি এম অ্যাপ্রুভ করে দেন। তার পর কন্ট্রাকটর, ইঞ্জিনীয়ার সাহেবদের সংগে ব্যবস্থা আছে—কন্ট্রাকটররা ৫০ পার্সেন্ট লেসে কাজ করছেন—তার মানে যত পার চুরি কর। একটা রাস্তা সেডিউল করবেন—১৯৬৩ সালের সেডিউলের পর ১৯৬৪ সালে এবং ১৯৬৫ সালে ১০ পার্সেন্ট অ্যাবভ করেছেন—এই অ্যাবাভ করার পরও একটা রাস্তায় ৫০ পার্সেন্ট লেস—এইভাবে না হওয়াই ভাল। সেই জন্য আমার মনে হয় এই বাজেটে কিছুই হবে না। এখন পল্লী অঞ্চলে দেখা যায় কি অবস্থা হয়েছে—লোকে টাকা দিয়েছে জায়গা দিয়েছে, আমাদের দ্বিতীয় পরিকল্পনার মধ্যে গোটাকতক রাস্তা পাশ হয়ে গেছে—থানা বোঁসসে—থানা থেকে লিংক রোড হওয়া উচিত—সেখানে হাসপাতাল পাকা রাস্তা থেকে দু-তিন মাইল দূরে। হাসপাতালে একটা মেটারনিটি কেস—একটা খুব সাংঘাতিক অসুখের রোগী বর্ষার সময় যেতে পারে না—নয় মাস একেবারে— অচল থাকে কারণ সেখানে রাস্তা নেই। এগুলি ইমিডিয়েটলি করা দরকার এবং এই রাস্তাগুলি লোক্যাল ডেভেলপমেন্ট গ্র্যান্ট থেকে করা দরকার, নচেৎ এই রাস্তার কোন কাজ হবে না। রাস্তা কাদের জন্য, হাসপাতালগুলি এমন জায়গায় হচ্ছে যেখানে জমি

টাকা পাচ্ছেন সেইখানে হাসপাতাল করে দিচ্ছেন—বহু হাসপাতাল মন্ত্রিমহাশয় করে দিলেন বা হচ্ছে বা হবে—এই সমস্ত স্ট্রাকচারগুলি রোগীর অভাবে সব নষ্ট হয়ে যাচ্ছে—এইরকমভাবে আমাদের সুখ-সুবিধার জন্য যদি করা হয় তাহলে হাসপাতাল অ্যাটাচড রোডগুলি লিংক রোডগুলি লোকাল ডেভেলপমেণ্ট গ্র্যাণ্ট থেকে করা দরকার এই নিবেদন আমি অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে করছি।

ভরতপুরে একটা সাঁকো আরম্ভ হয়েছে কিন্তু কতকগুলি রাস্তা এমন হয়ে আছে যে তা বলা সম্ভব নয়। প্রত্যেকটি রাস্তার আগে ইউটিলাইজেশন দেখতে হবে। সেই রাস্তার যদি ইউটিলাইজেশন না হয় তাহলে সেই রাস্তার কোন কাজ হয় না। যেমন একটা রাস্তা দেখলাম ভরতপুর টু লোহাদহ লিংকিং বাজার সহ তার উপর যে নদী আছে সেই নদীতে যদি ব্রিজ না নেওয়া হয় তাহলে লিঙ্ক হবে না অথচ রাস্তার জন্য খরচ হবে কনট্রাক্টররা টাকা নেবে। বেলডাঙ্গা থানায় রেজীনগর টু সর্বাঙ্গপুর রাস্তাটা স্কীমে দেখলাম না, কিন্তু এই রাস্তাটা কালান্তর পর্যন্ত একমাত্র রাস্তা। মন্ত্রিমহাশয় যদি একবার পরিদর্শন করেন তাহলে দেখবেন যে এই রাস্তার প্রাইওরিটি দেওয়া উচিত। কি কারণে এই রাস্তাগুলি করা হয় নি সেটা না দেখিয়ে বাজেটে শুধু এই বুলি আবৃত্তি করা হয় তাহলে এই বাজেটের ব্যয়বরাদ্দ করে শুধু খরচাই হবে। সুতরাং মানুষের অগ্রাধিকার দেখে ব্যয় করতে হবে এবং লোকাল ডেভেলপমেন্টের মাধ্যমে এই ব্যয় করতে হবে—এটাই আমার আবেদন।

[2-50—3 p.m.]

ডাঃ নলিনাক্ষ সান্যাল: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে এই পূর্ত বিভাগের ব্যয়-বরাদ্দ সম্পর্কে বলতে উঠে যদিও মন্ত্রিমহাশয়কে সমর্থন করছি কিন্তু আমি হতাশা বোধ করছি। তাঁর বক্তব্যের মধ্যেও এই হতাশাব্যঞ্জক ভাষা ছিল। এটা এমন একটা বিভাগ যে বিভাগ জন-হিতকর সমস্ত বিভাগের কোন অংশে নিচে নয়, কিন্তু আজকে যে দুর্দশা দেখতে পাচ্ছি তাতে আমি বিশেষ আশঙ্কিত হচ্ছি কারণ আমাদের বাংলাদেশের গ্রামের যে অবস্থা তাতে অর্থনৈতিক উন্নতি সম্পূর্ণ নির্ভর করছে ভাল রাস্তাঘাটের উপর, কিন্তু তার দিকে কোন নজর আমি দেখলাম না। বাংলায় বর্তমানে অল ওয়েদার রোড রয়েছে মাত্র সাড়ে ছয় হাজার মাইল এবং ২১ হাজার মাইলের উপর কাঁচা রাস্তা রয়েছে গ্রামে—যার মধ্যে দিয়ে বছরে ৪-৫ মাস কোনরকম হুইল ট্রাফিক যাওয়া অসম্ভব। আমার গ্রামে যাবার চেষ্টা করেছিলাম করিমপুর থেকে কিন্তু সেটা দুর্গম। একটা নদীপথ ছিল, তাও কচুরিপানায় দুরতিক্রম্য। রাস্তা এমন কর্দমাক্ত হয়ে আছে যাতে শুধু মহিষের গাড়ী ছাড়া অন্য কিছু যেতে পারে না। এমন গ্রাম আছে যেখানে ২-১টা কাঁচা বাঁশের উপর দিয়ে লোক যাতায়াত করছে। মন্ত্রিমহাশয় যে বাজেট আমাদের কাছে দিলেন তাতে এই বিষয়ে কোন সুরাহার সন্ধান পেলাম না। শুধু এ বছর কেন অদূর ভবিষ্যতে এই রাস্তাগুলির উন্নতি যে হবে তার কোন আভাষ পেলাম না। দুর্ভাগ্যক্রমে আমাদের চতুর্থ পরিকল্পনার এলো-কেশনে দেখতে পাচ্ছি ৬৬-৬৭ সালে ৪ কোটি ৬৮ লক্ষ টাকা খরচের যে ব্যবস্থা হয়েছিল, ৬৭-৬৮ সালে সেটাও কমে গেল। অবশ্য এর মধ্যে কিছুটা মেইন্টেনেন্সের জন্য খরচ হয়েছে। সেন্ট্রাল রোড ফান্ড-এর কিছুটা মেইন্টেনেন্সের জন্য অর্থ বরাদ্দ রয়েছে। কিন্তু মোটামুটিভাবে দেখা যাচ্ছে আমাদের রাস্তাঘাট উন্নয়নের জন্য যে ব্যাপক প্রচেষ্টা প্রয়োজন রয়েছে তার অত্যন্ত অভাব আমরা লক্ষ্য করছি এই বাজেটের মধ্যে। আমি আরো হতাশ হয়েছি যে আমরা এইভাবে লক্ষ লক্ষ টাকার বরাদ্দ কমাতে আরম্ভ করেছি, অথচ সেই সঙ্গে সঙ্গে এর যা এস্টাব্লিশমেণ্ট খরচ আছে সেটা যদি [illegible] বজায় রাখার চেষ্টা করি তাহলে ক্রমবর্ধমান লোকসান আরো বেড়ে যাবে। সাধারণভাবে নাইন টু টেন পার্সেণ্ট এস্টাব্লিশমেণ্ট খরচ হওয়া স্বাভাবিক, কিন্তু এখন এক কোটি টাকার উপর এস্টাবলিশমেণ্ট কস্ট এসে দাঁড়িয়েছে পি ডবলিউ ডি-তে অর্থাৎ [illegible] ফোর্টিনথ টু সিক্সটিন্স পার্সেণ্ট-এ এসে গেছে। আমরা যদি এদিকে নজর না রাখি এবং সঙ্গে সঙ্গে [illegible] দাবী দাওয়া মানতে বাধ্য হই, যা হয়তো হওয়া উচিত দেশের বর্তমান অর্থনৈতিক অবস্থার [illegible] কথা বিবেচনা করে, তাহলে পরিস্থিতি যে কোথায় গিয়ে দাঁড়াবে সেটা [illegible] না বুঝতে পারি না। তারপর [illegible] একটা ড্রেনেজ স্কীমটি সি এম পি ও অর্গানাইজেশনের [illegible] অছে।

সেখানে এক কোটি টাকার বরাদ্দ হয়েছে। কিন্তু সেখানে ৩০ লক্ষ টাকা সি এম পি ও-র অর্গানাইজেশন্যাল এক্সপেন্স বলে ধরা আছে। ওতে যদি ৩০ লক্ষ টাকা চলে যায় তাহলে আর মাত্র ৭০ লক্ষ টাকা সার্ভিস খরচের জন্য থাকছে। এমনি করে যদি এস্টাবলিশমেন্ট, অফিসার, স্টাফ ইত্যাদিতে খরচ হয়ে যায় তাহলে জনসেবার কাজের জন্য টাকা কোথা থেকে আসবে এটা আমি খ‌ুঁজে পাচ্ছি না। তাছাড়া আমরা রাস্তাঘাট সম্পর্কে একটা লিস্ট দিয়েছিলাম। তারপরে আমরা দেখলাম কাগজে নানা রকমের লিস্ট দেওয়া হয়েছে। তাতে আমরা দেখলাম যে সেন্স অফ প্রায়োরিটির অত্যন্ত অভাব রয়েছে। এর আগে যখন টাকা কম পড়ত তখন একটা বিশেষজ্ঞ কমিটির দ্বারা ঠিক করা হত যে কোন রাস্তার কাজ বা কোন ব্রীজের কাজ আগে অগ্রাধিকার দেওয়া হবে। কাজেই এখন একটা মোটাম‌ুটি নীতি ঠিক করা দরকার। কাজেই এখন আর বেশি দেরী করে লাভ নেই। আপনি একটা কমিটি সংগঠন করে ঠিক কর‌ুন। আগে যে বোর্ড অব কমিউনিকেশন ছিল তার উপর যদি আস্থা না থাকে তাহলে একটা বিশেষজ্ঞ কমিটি কর‌ুন এবং তার সঙ্গে অ্যাসেম্বলীর মধ্যে থেকে ২-১ জন মেম্বারের যাঁরা বরাবর থাকেন তাঁদের নিয়ে বিশেষজ্ঞ-দের সঙ্গে পরামর্শ করে স্থির কর‌ুন যে কোন লাইনে অল্প টাকায় স‌ুব্যবস্থা করে দেশের লোকের আমরা উপকার করতে পারবো। আমার নিজের মনে হয় যেসব মিসিং লিংক আছে সেগ‌ুলি আগে সম্প‌ূর্ণ করা উচিত। মন্ত্রিমহাশয় নিজে বলেছেন বর্ডারের যেসব জায়গায় আউটপোস্ট ক্যাম্প আছে সেগ‌ুলি বছরের অনেক দিন পর্যন্ত বিচ্ছিন্ন হয়ে যায়। আমাদের করিমপ‌ুরে দেখেছি প্রত্যেক রাস্তা থেকে সীমান্তের গ্রামে যাওয়ার কোন উপায় থাকে না ৪-৫ মাস। কাজেই এইসব জায়গায় যদি অতর্কিতে কোন হামলা হয় তাহলে সেখানকার লোকেদের অবস্থা খ‌ুব কঠিন হয়ে ওঠে। তাই আমাদের নিজেদের টাকা যদি না কুলায় তাহলে কেন্দ্রীয় সরকারের উপর আরও বেশী চাপ দিতে হবে যাতে এই বর্ডারের রাস্তাগ‌ুলি সম্প‌ূর্ণ করে দিতে পারা যায়। ভৈরব নদীর ওপর বাজিতপ‌ুরে একটি তাড়াহ‌ুড়ো করে তৈরী সাঁকো রয়েছে। সেই সাঁকোটা ভেঙ্গে গেছে। এখন পি ডবলিউ ডি-কে বলা হয়েছে তোমরা এটা মেরামত কর। বর্ডারের রোডগ‌ুলি তাড়াতাড়ি করার চেষ্টা হয়েছিল এবং কেন্দ্রীয় সরকারের টাকায় কোনরকমে কনট্রাকটরদের খ‌ুশী করে সামান্য মালমাসলা দিয়ে ব্রীজগ‌ুলি তৈরী হয়েছিল। এখন সেই ব্রীজগ‌ুলি ভেঙ্গে যাবার উপক্রম হয়েছে। এগ‌ুলি মেরামত না হলে ওখানকার এলাকাটি বিচ্ছিন্ন হয়ে যাবে। তারপরে এখানে দেখছি আপনাদের পি ডবলিউ ডি-তে খরচ রয়েছে ক্যালকাটা ডেভেলপমেণ্ট স্কীমের। ক্যাপিটাল আউটলে আর ডেভেলপমেন্ট, স্টেট রেট এই দ‌ুটো আলাদাভাবে দেখান হয়েছে। কাজেই এইসব দিক দেখতে গেলে দেখা যায় যে এমন অনেক দিক আছে যেখানে ব্যয় ঠিক ন্যায়মত হবে কিনা বোঝা খ‌ুব কঠিন হয়ে পড়ে। তারপরে আমরা আরো দেখতে পাচ্ছি যে, ডিপার্টমেণ্টের অফিসার অনেক সারপ্লাস হয়ে পড়বে, অথচ আমাদের এগ্রিকালচারে এবং অন্যান্য জায়গায় অভাব চলবে বেশ কিছ‌ুদিন ধরে। কাজেই এইসব অফিসার ও বিজ্ঞানে অভিজ্ঞ ইঞ্জি-নীয়ার তাঁরা কেন অল্প সময়ের মধ্যে এগ্রিকালচার এবং অন্যান্য বিভিন্ন বিভাগে দায়িত্বশীল কাজ করতে পারবেন না তা আমি ব‌ুঝতে পারছি না। কাজেই এই বিভাগ থেকে একটা মোটা অংশ দিয়ে দেওয়া উচিত এগ্রিকালচার বা অন্যান্য যেসব জায়গায় ইঞ্জিনীয়ার অফিসারের অভাব রয়েছে। তারপরে আমরা দেখতে পেয়েছি সল্ট লেক রিক্লামেশনে অনেক কাজ রয়েছে। এই কাজ ইরি-গেশন ডিপার্টমেন্টর হাতে পড়েছে। কিন্তু এটা যদি সম্প‌ূর্ণ ভাবে পি ডবলিউ ডি নিয়ে নেয় তাহলে অনেক উপকার হয়। এটা পি ডবলিউ ডি-র নিজেদের কাজ। এই বাজেটে লোক্যাল বডির গ্র্যান্টের প্রভিসান নেই। আগেকার আমলে জেলা পরিষদকে ১০ লক্ষ টাকা গ্র্যান্ট দেবার ব্যবস্থা ছিল তাদের রাস্তাঘাট তৈরী ও মেরামতের খরচের জন্য। এবার একটি পয়সাও সেখানে দেওয়া হয় নি। তাহলে জেলা পরিষদ কি করে তারা তাদের দায়িত্ব কাজে লাগাবে আমি ব‌ুঝতে পারছি না। তাছাড়া আরো দ‌ুর্ভাগ্যের বিষয় হচ্ছে এই যে, গ্রাম ও শহরের রাস্তার দ‌ু ধারের অব্যবহ‌ৃত জায়গায় অবৈধভাবে অনেকে দখল করে বসে আছে। তাদেরকে উচ্ছেদ করবার জন্য চেষ্টা করা হচ্ছে না। কাজেই এই অবৈধ দখল উচ্ছেদ করতে না পারলে দেশে বিপর্যয় দেখা দেবে।

আমি বিনীত ভাবে মন্ত্রিমহাশয়ের কাছে অন‌ুরোধ জানাচ্ছি যে, এই সম্বন্ধে যে প্রতিশ্র‌ুতি এখানে দিয়েছিলেন যে কাউকে কোন জায়গায় অন্যায়ভাবে সরকারী রাস্তা দখল করতে দেওয়া হবে না, সেই প্রতিশ্র‌ুতি আশা করি রাখবেন এবং এই প্রতিশ্র‌ুতি তাঁর কর্মচারীরা যাতে অক্ষরে

অক্ষরে পালন করেন তার জন্য এই হাউসকে অনুরোধ জানাচ্ছি। পরিশেষে আমি এই কথা বলবো যে রাস্তার দু ধারে যে জমি রয়েছে যে জমি সারপ্লাস বলা হয় সেখানে দেখতে পাচ্ছি লোক ধান চাষ করে, ফলে কোন গ্রামের কোন জায়গায় আজকে দুর্ভাগ্যক্রমে গরু-বাছুর চরবার জন্য জায়গা নেই, সেই জন্য আমি বলতে চাই যে গ্রেজিং গ্রাউন্ড না থাকার জন্য গ্রামে গরু-বাছুর চরবার ভীষণ অসুবিধা দেখা দিয়েছে, সুতরাং আমি অনুরোধ করবো যে রাস্তার ধারে ঐ জমিগুলি গোচারণের জন্য ব্যবস্থা করে দিন এবং যেখানে গর্ত আছে সেইগুলি সারাবার ব্যবস্থা করে দিন, এইগুলো করলে দেশের কল্যাণ হবে, এই বলে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের ব্যয়বরাদ্দ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the House was adjourned for 20 minutes.)

(After adjournment)

[3-25—3-35 p.m.]

শ্রীঅমলেন্দুকুমার বাগচী: মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় যে বাজেট বরাদ্দ এখানে দাখিল করেছেন তা দেখে আমি হতাশ হয়ে পড়েছি। আমরা ভেবেছিলাম আমাদের প্রবীণ বিপ্লবী নেতা শ্রদ্ধেয় হেমন্তকুমার বসু মহাশয় তার বাজেটে একটা নূতন কিছু আমাদের সামনে উপস্থিত করবেন। জাতি গঠন মূলক যে বিভাগগুলি আছে তার মধ্যে পূর্ত বিভাগ প্রধানতম। কিন্তু আমার মনে হয় এই কয়েকদিনের বাজেট হেড-এর ব্যয়বরাদ্দ যা আমাদের এখানে উপস্থিত করা হয়েছে তার মধ্যে পূর্ত বাজেট সবচেয়ে অবহেলিত বাজেট। আমার মনে হয় পূর্তমন্ত্রী মন্ত্রী পরিষদের কাছ থেকে এই পূর্ত খাতে ব্যয়বরাদ্দ সর্বাধিক আদায় করতে পারেন নি। আর না হয় তাঁকে যা দেওয়া হয়েছে তা তিনি খুশী মনে নিয়ে জাতি গঠনমূলক কাজের জন্য আমাদের সামনে উপস্থিত হয়েছেন। আমরা দেখতে পাই এই বাজেটে নূতন কোন পরিকল্পনা নাই। তিনি কতকগুলি কাজ প্রাপ্তির কথা বলেছেন।

আমরা দেখেছি যেদিন পশ্চিমবঙ্গ বিভক্ত হয়েছিল, সেদিন মহান নেতা ডাঃ বিধানচন্দ্র রায় তাঁর দূরদৃষ্টি হেতু তিনি পশ্চিমবঙ্গের বিভিন্ন এলাকার সঙ্গে যোগসূত্র রাখবার জন্য পরিকল্পনা গ্রহণ করেছিলেন, দীর্ঘ ১৯ বছর ধরে কংগ্রেস সরকার তাকে রূপ দিয়েছিলেন, এ ছাড়া আর কোন নূতন রূপের পরিকল্পনা এই বাজেটের মধ্যে দিয়ে আমাদের কাছে প্রকাশ পেল না। এতবড় একটা জনহিতকর বিভাগ যা আজকে আমাদের সামনে উপস্থিত হয়েছে তা যে কতবড় অবহেলিত এবং সমগ্র পশ্চিমবঙ্গবাসীর পক্ষে কত মর্মান্তিক সেকথা আপনার মাধ্যমে জানাতে চাচ্ছি।

আর একটা জিনিস আমরা দেখতে পাই যে আমার যে এলাকা নবগ্রাম জিয়াগঞ্জ থানা যদিও ভৌগোলিক দিক থেকে পরস্পর সংযুক্ত তবুও বড়ই দুঃখের বিষয় নবগ্রাম থেকে জিয়াগঞ্জ থানার কোন সরল রাস্তা নাই। নবগ্রাম থেকে জিয়াগঞ্জ যেতে হলে প্রায় ২৫ মাইল পথ ঘুরে যেতে হয়। আজিমগঞ্জ একটা বর্ধিষ্ণু শহর ও গঞ্জ, এই আজিমগঞ্জের সঙ্গে যাতে তার যোগাযোগ হয় সে বিষয় তিনি সত্বর একটা পরিকল্পনা গ্রহণ করেন। তার পর গোকর্ণ থেকে সাগর দীঘি পর্যন্ত যে রাস্তাটা ৩৪ নম্বর হাইওয়ের সঙ্গে মিশবার কথা আছে যে পরিকল্পনা পূর্বতন সরকার গ্রহণ করেছিলেন, বর্তমান বাজেটে সে সম্বন্ধে কোন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে বলে বাজেটে দেখতে পেলাম না।

তারপর একটা কথা ডাঃ নলিনাক্ষ সান্যাল মহাশয় বলে গেছেন যে জেলা পরিষদ বা ঐরকম কোন সংস্থার হাতে এই বাজেটে কোন অর্থ বরাদ্দ হয় নাই। সেই অর্থ দেওয়া না হলে পল্লীগ্রামের কোন রাস্তার সংস্কার বা নূতন রাস্তা তৈরী করবার কোন পরিকল্পনা গ্রহণ করা সম্ভব হবে না। সেদিকে পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে তিনি জেলা পরিষদ বা ঐ রকম কোন সংস্থার হাতে অর্থ বণ্টন করেন বা বরাদ্দ করে সেদিকে তাঁকে দৃষ্টি দিতে অনুরোধ করছি।

তারপর ঐ ৩৪ নম্বর জাতীয় সড়ক পশ্চিমবঙ্গের সবচেয়ে প্রয়োজনীয় রাস্তা—যা কলকাতার সঙ্গে উত্তরবঙ্গকে যোগ করেছে, যেটা আবার আসামকেও যোগাযোগ করেছে। সেই ৩৪ নম্বর

জাতীয় সড়ক ভাগীরথীর কূল থেকে ফারাক্কা পর্যন্ত এত সংকীর্ণ স্থানে যে ২৪ ঘণ্টা ও ২৬ ঘণ্টা পরিবহণ বাস-ট্রাক ইত্যাদি আটক থাকে এবং কোনদিকেই চলাচল করতে পারে না। সেই জন্য অনুরোধ মন্ত্রিমহাশয় যে এই ভাগীরথী থেকে ফারাক্কা পর্যন্ত জাতীয় সড়কটির প্রশস্ত ও পরিবর্ধিত করবার ব্যবস্থা যেন তিনি সত্বর করেন।

আর একটা কথা বলতে চাই—আমি খুব ভীত হয়ে পড়েছি, আমাদের সামগ্রিক বাজেটে যে ১৮ কোটি টাকা ডেফিসিট দেখান হয়েছে, সেটা আমার মনে হয় শেষ পর্যন্ত জ্যোতিবাবু পূর্ত মন্ত্রীকে যে টাকা দিয়েছেন তা তিনি কেড়ে নেবেন এবং বাজেটের অন্য খাতে তা ব্যয় করলে হয়ত পূর্তে আদৌ কোন টাকা ব্যয়িত হবে না। পূর্তমন্ত্রী যেন সেদিকে দৃষ্টি রাখেন যাতে এই প্রয়োজনীয় পূর্ত বিভাগের কাজ চালু থাকে এবং পশ্চিমবঙ্গের দুঃখকষ্টেরও লাঘব হয়, তার ব্যবস্থা যেন তিনি করেন।

এই বাজেটের মধ্যে জাতির প্রয়োজনীয় কাজে কোন অর্থ বরাদ্দ না থাকায় আমি এই বাজেট বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ আমির আলি মোল্লাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের কাছে পূর্ত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দের দাবী রেখেছেন এবং তাঁর যে বক্তব্য আমাদের কাছে পেশ করেছেন তা আমি সম্পূর্ণ সমর্থন করি এবং অভিনন্দন জানাই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার বক্তব্য আমি যে এলাকা থেকে প্রতিনিধিত্ব করছি সেই এলাকায় সীমাবদ্ধ রাখবো। সে হচ্ছে ভাঙগড় থানা এলাকা। সেটাকে সবচেয়ে গুরুত্বপূর্ণ এলাকা বলে মনে করি, সেখানে বানতলা হতে কুলটি পর্যন্ত যে রাস্তাটা আছে, সেই রাস্তাটা সম্পর্কে মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন ১৯৬৫-৬৬ সালে যখন বিদ্যাধরী নদী মজে যায়, সেই সময় কলিকাতার খন্ড এলাকার ময়লা জল নিকাশের জন্য ভাঙগড়, সোনারপুর এবং মিনাখা থানায় যেসমস্ত উন্নতিশীল কৃষি জমি গভর্নমেণ্ট দখল করেন এবং কর্পোরেশন সেখান দিয়ে খাল কাটেন, এবং যখন এই খাল কাটা হয় তখন সেখানকার জনসাধারণকে এই বলে আশ্বস্ত করা হয়েছিল যে, আমরা এখান থেকে আপনাদের কৃষি জমি নিচ্ছি, তার বিনিময়ে আপনাদের সুযোগ-সুবিধা করে দেওয়া হবে। অর্থাৎ সেখানে খাল কাটবার পর, তার মাধ্যমে যা করা যায়, তার বন্দোবস্ত করা হবে। যেখানে গ্রামের মধ্যে ভাল রাস্তাঘাট নেই বা জল নিকাশের ব্যবস্থা কিম্বা কোথাও একটা পুলের দরকার, এই সমস্ত ব্যবস্থা করে দেওয়া হবে। এই খালটা প্রায় ২১ মাইল দীর্ঘ এবং রাস্তাটাও ঐ তপসিয়া থেকে কুলটি পর্যন্ত ২২ মাইল। আজ পর্যন্ত সেই রাস্তাটা সরকারের হাতে আসে নি। তবে, মাননীয় মন্ত্রিমহাশয় কিছুদিন পূর্বে বামনঘাটা এলাকায় এই রাস্তাটি সম্পর্কে গিয়েছিলেন; এবং আমরা শুনেছি তিনি এই রাস্তাটি সম্পর্কে তাড়াতাড়ি ব্যবস্থা করবেন বলে সেখানকার তথা আমাদের ভাঙ্গড়ের জনসাধারণকে আশ্বাস দিয়ে আসেন। এজন্য আমি তাঁকে আন্তরিক ধন্যবাদ জানাই। আপনি জানেন এই খালটির উপর ১৩টি ব্রিজ আছে। যথা বামনঘাটা, গোটাতলি, ভোজেরহাট, খুনিমাটি, নলবাড়ি ইত্যাদি। এই ব্রিজগুলি কর্পোরেশন প্রথমে তৈরী করে কিন্তু আজ পর্যন্ত তার কোন মেরামতের ব্যবস্থা করা হয় নি। সেই ব্রিজগুলির এমন অবস্থা হয়ে আছে যে, তা সম্পূর্ণভাবে যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন করেছে। সেখানে কতকগুলি ব্রিজ একেবারে নেই, আর কতকগুলি ব্রিজ ভাঙ্গা অবস্থায় আছে, কর্পোরেশনকে এ সম্বন্ধে বারে বারে অনুরোধ, আবেদন করা সত্ত্বেও, এগুলি সংস্কারের কোন ব্যবস্থা করেন নি। আজকে আমি আপনার মাধ্যমে আমাদের মাননীয় মন্ত্রিমহাশয়কে আবেদন করবো যে তিনি যাতে তাড়াতাড়ি এই ব্রিজগুলি এবং রাস্তাটা সরকারের হাতে নিয়ে ব্যবস্থা করেন। আর একটা ব্যাপার হচ্ছে এই রাস্তাটা যখন তৈরী হয় তখন কর্পোরেশন তার নিজের প্রাইভেট রোড হিসাবে এই রাস্তাটি ব্যবহার করতো এবং এখনও পর্যন্ত সেই রাস্তাটি তাঁদের প্রাইভেট রোড হিসাবে ব্যবহার হচ্ছে। আজও পর্যন্ত জনসাধারণের হিতার্থে সেই রাস্তাটি খুলে দেওয়া হয় নি। তপসীয়াতে একটা গেট করা হয়েছে, সেখান দিয়ে কোন গাড়ি বা ভ্যান গাড়ি বা লরী বা প্রাইভেট কার যা যায়, প্রত্যেকটি গাড়িতে ১০ টাকা করে টোল দিতে হয়। আমাদের ওখানে যেসমস্ত ভ্যান গাড়ি করে প্যাসেঞ্জার নিয়ে আসে, তাদের সেখানে বেশী

ভাড়া দিতে হয় ঐ টোল বসানর জন্য। আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে এই আবেদন করবো যে, এই রাস্তাটি যখন তিনি হাতে নিয়েছেন এবং তৎসংলগ্ন খাল, পুল, স্লুইজ গেট ইত্যাদি সমস্ত কিছু যখন সরকার হাতে নিচ্ছেন তখন কর্পোরেশনকে টোল দেওয়া যাতে বন্ধ হয় তার

[3-35—3-45 p.m.]

ব্যবস্থা করুন এবং সেটা যেন অতি সত্বর হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আমাদের ভাঙ্গড় থানা সাধারণতঃ কৃষিপ্রধান এলাকা এবং সেখানে কাঁচা মাল, তরিতরকারী বেশী উৎপন্ন হয়। কিন্তু সেই সমস্ত তরিতরকারী কলকাতায় ট্রান্সপোর্ট করার জন্য রাস্তাঘাট বিশেষ কোন ব্যবস্থা নেই। মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে সমস্ত রাস্তা আছে তার মধ্যে যেসবের কাজ এখনও চালু আছে, শেখরপুর, মাঝেরহাট, তারই কণ্টিনিউয়েশন ভগবানপুর থেকে ভাঙ্গড় পর্যন্ত যে রাস্তা আছে যে রাস্তার নাম আবুদা রোড যার সম্বন্ধে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে বলেছি, তিনি আমাকে আশ্বাসও দিয়েছিলেন, আশা করি সেই কাজ তিনি গ্রহণ করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের ওখানে হাড়োয়া থানায় যে নদীটি আছে সেই নদীর এক ধারে একটি স্কুল আছে যে স্কুলে ছাত্র বা জনসাধারণের যাওয়ার কোন রাস্তা নেই, সেখানে একমাত্র যাওয়ার উপায় হচ্ছে খেয়া। শুনেছিলাম যে এখানে একটা ব্রীজের প্রস্তাব আছে আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে সেই ব্রীজটি নির্মাণের জন্য অনুরোধ করছি। আমাদের ২৪-পরগনা জেলার বসিরহাট, রাজেন্দ্রপুর অঞ্চলে এবং ভগবানপুর অঞ্চলে যেখানে স্বাস্থ্যকেন্দ্র এবং হাইস্কুল আছে সেইসব জায়গায় কোন পাকা রাস্তা এ পর্যন্ত হয় নি। আমাদের বসিরহাট কালীনগরে যে রাস্তা আছে তার সঙ্গে যোগাযোগ করে একটা পাকা রাস্তার স্কীম গ্রহণ করার জন্য মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন রাখছি।

শ্রীপ্রভাকর মণ্ডল: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই পূর্ত বিভাগের বাজেট বরাদ্দের বিষয় লক্ষ্য করলে দেখা যায় যে, যে বাজেট মাননীয় মন্ত্রিমহাশয় পেশ করেছেন সেটা একেবারে নৈরাশ্যজনক বাজেট। কারণ আমাদের পল্লী অঞ্চলের রাস্তাঘাটের যে অবস্থা তাতে যে পরিমাণ টাকা এই বাজেট বরাদ্দের খাতে ধরা হয়েছে তা অতি তুচ্ছ বা নগণ্য। এই টাকা দিয়ে কোন রাস্তাঘাট সুষ্ঠুভাবে গড়ে তোলা সম্ভব নয় বলে আমি মনে করি। মাননীয় মন্ত্রিমহাশয় বাজেট বরাদ্দের ভিতরে তাঁর বক্তব্য বিষয় যেগুলি রেখেছেন তা লক্ষ্য করলে দেখা যায় যে যেসমস্ত এরিয়ায় কিছু কিছু উন্নয়নমূলক কাজ হয়েছে সেই সমস্ত এরিয়াকে গড়ে তোলার ব্যাপারে তিনি বেশীর ভাগ নজর দিয়েছেন। তাঁর বক্তব্যের ভিতরে এটা দেখা যায় না যে পল্লী অঞ্চলের দিকে তিনি নজর দিয়েছেন। আমি বলবো যে, যেসমস্ত এরিয়া সব সময় অবহেলিত হয়ে আছে পল্লী অঞ্চলের জনসাধারণ যে দুঃখকষ্টের মধ্যে দিয়ে দিনাতিপাত করছে সেই জনসাধারণের দুঃখদুর্দশা দূর করার জন্য পল্লীঅঞ্চলের রাস্তাঘাটের দিকে নজর দিন এবং পল্লীঅঞ্চলের রাস্তাঘাট যাতে গড়ে উঠে তার চেষ্টা করুন। তা না হলে পল্লী অঞ্চলে রাস্তাঘাটের যে দুর্দশা তা কোনক্রমে দূর হবে না। আমি আমার নিজের এলাকার কথা বলবো সেটা হচ্ছে কেতুগ্রাম থানা সম্পর্কে। কেতুগ্রাম থানার রাস্তাঘাট আজ এমন অবস্থায় আছে যে সেখানে যদি কোন লোক হঠাৎ অসুস্থ হয়ে পড়ে তাহলে তাকে স্থানান্তরে চিকিৎসার জন্য নিয়ে যাওয়ার কোন ব্যবস্থা নেই। এমন একটা শহরের নিকটবর্তী রাস্তা নেই যা দিয়ে তাকে তাড়াতাড়ি নিয়ে গিয়ে তার চিকিৎসার সুষ্ঠু ব্যবস্থা করা যায় বা তাকে মৃত্যুর কবল থেকে রক্ষা করা যায়। উপরোক্ত রাস্তাঘাট না থাকার জন্য ঐ এলাকার কৃষক সম্প্রদায়কে সকল দিক থেকে ক্ষতিগ্রস্ত হতে হয়। রাস্তাঘাট না থাকার জন্য তাদের উৎপাদিত শস্য লোকসান করে বাড়িতে বসে বিক্রি করতে তারা বাধ্য হয়, আবার অপর দিকে তাদের প্রয়োজনীয় দ্রব্যাদি কোন নিকটবর্তী মোকাম থেকে রাস্তাঘাট না থাকার জন্য বাড়িতে বসে ব্যবসাদারদের কাছ থেকে অতি উচ্চ দরে ক্রয় করতে বাধ্য হয়। কাজেই আমি এইটুকু মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো তিনি একবার কেতুগ্রাম থানার অবস্থা যদি পর্যালোচনা করে দেখেন তাহলে সেখানকার জনসাধারণের যে কি দুঃখদুর্দশা সেটা দেখতে পাবেন। আমি খুব দুঃখের সঙ্গে বলতে চাই যে, যদি মাননীয় মন্ত্রিমহাশয় একবার কেতুগ্রামে পদার্পণ করেন তাহলে এই বয়সে ঐ অঞ্চল অতিক্রম করে তিনি এখানে আসতে পারবেন বলে

আমার মনে হয় না। এইরকম দুর্গম রাস্তাঘাট কেতুগ্রাম থানায় আছে। যাই হোক আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো তিনি যেন কয়েকটি রাস্তা বিশেষ জরুরী অবস্থায় গ্রহণ করেন। সে রাস্তাগুলি হচ্ছে আগরডাঙ্গা টু কাটোয়া শিউড়ী রোড, এই যোগাযোগের রাস্তা যদি করে দেন তাহলে ঐ অঞ্চলের বহু জনসাধারণ তথা কৃষক সম্প্রদায় উপকৃত হবে। তারপরে মৌগ্রাম টু কাকগ্রাম রাস্তা এবং কাটোয়া টু পালিটা রোড যেটা বহুদিন যাবত শুনেছি যে সরকার কর্তৃক গৃহীত হয়েছে কিন্তু আজ পর্যন্ত সেই রাস্তা কার্যকরী করার কোন ব্যবস্থা নেই। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাবো তিনি যেন কেতুগ্রাম থানার দিকে নজর দেন এবং সেই থানার দু-চারটি রাস্তা যদি গড়ে তোলেন তাহলে সেখানকার জনসাধারণ অশেষ দুর্গতির হাত থেকে কিছুটা রেহাই পাবে। আর একটি বিষয় মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলবো যে, কাটোয়া শিউড়ী রোড বহুদিন যাবত তার কাজ চলে আসছে, আজ পর্যন্ত কমপ্লিট হয় নি। জানি না এই রাস্তা কতদিনে সুসম্পন্ন হবে। এই কাজ ত্বরান্বিত যাতে হয় সেই বিষয়ে মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই প্রসঙ্গে একটা কথা আমি বলতে চাই যে, যেসমস্ত এরিয়ায় কিছু কিছু রাস্তাঘাট হয়েছে, কিছু কিছু উন্নয়নমূলক কাজ হয়েছে সেইসব এরিয়ার দিকে নজর না দিয়ে পল্লী অঞ্চলের দিকে নজর দিন এবং পল্লীগ্রামে যাতে রাস্তাঘাট গড়ে উঠে এবং পল্লী অঞ্চলের দরিদ্র জনসাধারণের দুঃখ কষ্ট যাতে লাঘব হয় তার দিকে নজর দিন। এই কয়েকটি কথা বলেই এবং আমার কেতুগ্রাম থানার দিকে বিশেষভাবে নজর দেওয়ার জন্য পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীভুপাল পান্ডাঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ের ব্যয়বরাদ্দকে পূর্ণ সমর্থন জানিয়ে কয়েকটি কথা রাখছি। কংগ্রেসী রাজত্বে তিন-তিনটি পরিকল্পনাতে আমরা দেখেছি যে রাজ্যে কেন্দ্রের সঙ্গে জেলার, জেলার সঙ্গে মহকুমার এবং মহকুমার সঙ্গে থানা কেন্দ্রের যোগাযোগের উপর প্রধান গুরুত্ব দেওয়া হয়েছে। আমি মনে করি যুক্তফ্রন্ট সরকারের এবারে প্রথম লক্ষ্য দেওয়া উচিত যে শ্রমশিল্প এলাকা, শিল্পাঞ্চল এবং শহরাঞ্চলের সঙ্গে পল্লীর সংযোগসাধন, তার উপর বিশেষভাবে গুরুত্ব দেওয়া প্রয়োজন। আমি মনে করি যে, এই চিন্তা নিয়ে যদি চলতে হয় তাহলে এই যে পদ্ধতি চলেছে পি ডবলিউ ডি-তে সেই পদ্ধতির কিছু রদবদল করা দরকার। সেজন্য আমি প্রথমে দাবী করবো এতদিন যে কন্ট্রাকটারি রাজত্ব চলেছে সেই কন্ট্রাকটারি রাজত্বের অবসান হোক এবং তার বদলে শ্রম সমবায় সাহায্যে সরকারী তত্ত্বাবধানে পি ডবলিউ ডি-কে পুনর্গঠিত করতে হবে। এই হবে নূতন ধারা এবং এই হওয়াই উচিত নূতন চিন্তা। এই সমবায়গুলিকে প্রধান দায়িত্ব দিয়ে যদি আমাদের পি ডবলিউ ডি-কে অগ্রসর হতে হয় তাহলে লক্ষ্য দিতে হবে সেই শ্রম সমবায় যথা-সম্ভব যাতে অর্থ পেতে পারে তার ব্যবস্থা করা। কারণ মূল্য বৃদ্ধি জনিত, স্যার, আপনি জানেন যে প্রতি জিনিসের দাম বাড়ছে, বিল্ডিং মেটিরিয়ালস, মজুরীর হার সবই বেড়ে চলেছে।

[3-45—3-55 p.m.]

এই অবস্থার মধ্যে মিডলমেনদের যে প্রফিটিয়ারিং পলিসি রয়েছে, যে পদ্ধতি রয়েছে তাকে যদি আমরা যথাসম্ভব সংকুচিত করতে না পারি তাহলে অল্প টাকায় আরো বেশী কাজ আমরা করতে পারবো না। তাছাড়া আপনি সবই জানেন যে এই কন্ট্রাক্টরদের অতি মুনাফার লোভের সীমা-পরিসীমা ক্রমাগত বেড়েই চলেছে। তার ফলে কালভার্ট বা বিল্ডিং সর্ব ক্ষেত্রে আমরা দেখছি যে মেটিরিয়ালস-এ ভেজাল চলছে এবং তার জন্য সমস্ত জিনিসই স্বল্পস্থায়ী হচ্ছে, দীর্ঘস্থায়ী হতে পারছে না। শুধু তাই নয় এর সঙ্গে দেখা দিয়েছে চুরি, ঘুষ, দুর্নীতি ব্যাপক-ভাবে। কারণ এই প্রফিটিয়ারিং বা অতি মুনাফাকারী এর সঙ্গে এই সব জিনিস ওতপ্রোতভাবে জড়িয়ে আছে। মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি আর একটু নজর দিতে বলব, যে রাস্তা নির্মাণের কাজে আর বেশী পরিমাণ কৃষি জমি যেন দখল করা না হয়। আমাদের যেসমস্ত জেলা বোর্ড বা লোক্যাল বোর্ড-এর রাস্তা আছে, যত বেশী সম্ভব সেই রাস্তাগুলিকে ব্যবহার করা প্রয়োজন এবং সেই সঙ্গে ক্যানাল সেচ বা নিকাশি ব্যবস্থার জন্য যে ক্যানাল রয়েছে, সেগুলিতে যাতে

আমরা কমিউনিকেশন ব্যবহারের ব্যবস্থা করতে পারা যায় তার ব্যবস্থা করা। সেগুলি যদি আমরা ব্যবহার করি তাহলে রাস্তার জন্য যে অতিরিক্ত খরচ হয় তাও আমরা কমাতে পারবো। দ্বিতীয় কথা হচ্ছে, শহরাঞ্চলে গৃহনির্মাণের পরিকল্পনার প্রতি আরো বেশী গুরুত্ব দেওয়া দরকার। আমাদের খাদ্য, বস্ত্র, সঙ্গে গৃহ আবাস, মাথা গুঁজবার জায়গা এই সব জায়গার উপর আমাদের আরো বেশী করে গুরুত্ব দেওয়া দরকার। আমি শুনেছি সেন্ট্রাল গভর্নমেণ্ট থেকে ২৫ পার্সেন্ট এবং ৫০ পার্সেন্ট তারা আমাদের লোন দেয়, মাসিক ২৫ পাসেন্ট রাজ্যসরকার যদি খরচ করেন তাহলে গৃহনির্মাণ পরিকল্পনাকে আরো বেশী ব্যাপক ও বিস্তৃততর করা যায়।

আমি এদিকে থেকে আবেদন করবো এবং আমাদের পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ের কাছে বিশেষ অনুরোধ করবো, যে অতীতে কংগ্রেস রাজত্বে যেভাবে গৃহনির্মাণ ব্যবস্থাকে অবহেলা করা হয়েছে, এইভাবে যেন আর সেটা না ঘটে। আমরা তার জন্য যেন যথাসম্ভব সচেতন হই। আমরা জানি বোম্বে, মাদ্রাজ, প্রমুখ বিভিন্ন রাজ্য এই বাবদ অনেক বেশী টাকা আদায় করে নিয়েছে কিন্তু আমরা তা করতে পারি নি। তাছাড়া সরকারী কর্তৃত্বে যেসমস্ত কাজগুলো হচ্ছে সেই কাজগুলিকে যদি আরো ব্যাপক এবং তাড়াতাড়ি আমাদের করে তুলতে হয় তাহলে যদি সরকার নিজে না পারে তাহলে ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট, হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট, ক্যালকাটা কর্পোরেশন, চন্দননগর কর্পোরেশন প্রমুখ যেসমস্ত স্বায়ত্ব শাসনমূলক প্রতিষ্ঠান আছে বা আমাদের নির্মাণ কার্যে প্রধান কাজ ইত্যাদি রয়েছে, সেগুলিরও সহযোগীতা নেওয়া দরকার, সেদিকে এগুন দরকার। সেই সঙ্গে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের আরো একটু দৃষ্টি আকর্ষণ করছি যে, লো ইনকাম গ্রুপ, মিডিল ইনকাম গ্রুপকে যে লোন দেওয়া হয় গৃহনির্মাণের জন্য, সেই লোন দেওয়ার ব্যবস্থা বা পদ্ধতি এতই জটিল এবং পীড়নমূলক তার কিছু পরিবর্তন অত্যাবশ্যক, তা না হলে খুব অসুবিধা দেখা দেবে। তারপর আর একটি কথা বলব যে, সুদের হার-এর যদি ইনস্টলমেন্ট কেউ ফেল করে একবার, তাহলে সেই গরীবদের বা সেই মধ্যবিত্তদের উপর দেড়া বা তারও বেশী সুদের হার বেড়ে যায়, সেজন্য এদিকে বিশেষ দৃষ্টি দেওয়ার কথা বলব যাতে এটার পরিবর্তন ঘটে।

চতুর্থত জিনিস হল হিস্টরিক্যাল মনুমেণ্টস হিসাবে। মণিষীদের যে আবাসস্থান, সেই আবাস স্থানগুলি এখন আমাদের এই পূর্ত বিভাগের অধীনে আছে এবং আরো আসবে। আমরা বলতে চাই তাকে রক্ষাকল্পে যে সংস্কারসাধন করা হয়, সেই সংস্কারের ভিতর দিয়ে তার আকারের যেন কোন পরিবর্তন ঘটান না হয়। কারণ এগুলিকে অত্যন্ত ঐতিহাসিক গুরুত্ব পূর্ণ জিনিস। এগুলি আমাদের ভাবী বংশধরদের শিক্ষার জিনিস। সুতরাং এদিকে বিশেষ নজর দেওয়া দরকার বলে আমি মনে করি। এই সঙ্গে আমি আর একটি কথা বলব যে টেকনি-ক্যাল স্টাফ এবং অ্যাডমিনিস্ট্রেটিভ স্টাফ ঠিক বুঝতে পারে না। এর মধ্যে যে অসংগতি রয়েছে যে দ্বন্দ্ব রয়েছে যে জটিলতা রয়েছে তা মেটাবার জন্য তার সুরাহার করার ব্যবস্থা মন্ত্রিমহাশয়কে করতে হবে। এই সঙ্গে আমি বলবো যে আমাদের ইতিপূর্বে যেসমস্ত রাস্তাঘাট নির্মাণের পরিকল্পনা নেওয়া হয়েছে সেটা যতদূর সম্ভব দলীয় স্বার্থের ভিত্তিতে করা হয়েছে। আমি একথা বিশেষ জোরের সঙ্গে বলতে চাই যে, কংগ্রেস রুলিং পার্টি হিসাবে পাওয়ারে থেকে তাঁদের নিজেদের এম এল এ-দের যেসমস্ত জায়গা সেই জায়গাগুলিতে আরও ভাল ভাবে রাস্তাঘাটের ব্যবস্থা করেছেন। দূর পল্লীঅঞ্চল অনেকখানি অবহেলিত হয়েছে। আমি উদাহরণস্বরূপ বলতে চাই নন্দীগ্রাম থানার যে রাস্তা থার্ড ফাইভ ইয়ার প্ল্যানে জেলা থেকে ফার্স্ট প্রায়োরিটি দেওয়া ছিল সেই ২৭ মাইল রাস্তা কি কারণে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় জেলা থেকে প্রধান করে যেটাকে ফার্স্ট প্রায়োরিটি দেওয়া হয়েছিল আজ পর্যন্ত তার কোন ব্যবস্থা হয় নি। অধ্যক্ষ মহাশয়, আপনি তার পশ্চিমে ৩০ থেকে ৩২ মাইল লম্বা এবং মধ্যস্থলে জে এল আর ও অফিস থানা হেলথ সেন্টার, পূর্বাঞ্চলে রেল পুলিশ স্টেশন তার সঙ্গে যোগাযোগ করতে গেলে এই ত্রিশ মাইল রাস্তা মানুষকে হেঁটে যেতে হবে, সেখানে রোগীদের নিয়ে যাবার কোন উপায় নেই, থানা পুলিশ স্টেশন এক প্রান্ত থেকে আর এক প্রান্ত এইসব দিকে মন্ত্রিমহাশয়কে বিশেষ-ভাবে নজর দিতে হবে এই বলে এই ব্যয়বরাদ্দকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীপ্রসেনজিৎ বর্মন: মাননীয় স্পীকার মহাশয়, আজ পূর্ত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দের দাবী পেশ করেছেন সেই প্রসঙ্গে আলোচনা করতে গিয়ে প্রথমে আমি মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি একটা গুরুত্বপূর্ণ সেতুর উপর। জাতীয় প্রতিরক্ষার দিক থেকে চিন্তা করলে এই সেতুটি হওয়া অবিলম্বে একান্ত প্রয়োজন। আপনি জানেন স্যার, কোচবিহার জেলা একটা সীমান্তবর্তী জেলা—পাকিস্তান-এর একেবারে কাছে তিনদিক ঘিরে রয়েছে এবং ভুটান সীমান্ত খুব কাছে এবং জাতীয় প্রতিরক্ষার দিক থেকে চিন্তা করে কোচবিহার জেলার মাথাভাঙ্গা মহকুমার যে মানসাই নদী তার উপরকার সেতু—সেই সেতুটি অবিলম্বে হওয়া একান্ত প্রয়োজন। এবং পূর্বতন সরকার এই সেতুটি করবার পরিকল্পনা নিয়েছিলেন এবং কিছুদূর এগিয়ে গেছেন। এ প্রসঙ্গে একটা প্রশ্ন দিয়েছিলাম তার উত্তরে পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় কিছুদিন আগে যা বলেছেন তাতে ঠিক তাঁরা যে এই কাজটা করবেনই এমন কোন স্থির নিশ্চিত সংকল্প তাঁরা কোন প্রকাশ করেন নি। সেই প্রশ্নের উত্তরে বলা হয়েছে যে এটার প্রাথমিক কাজ চলছে তবে এটা করা নির্ভর করবে এ সম্পর্কে কত ব্যয় হতে পারে এবং ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যানে এর জন্য কিরকম টাকা পাওয়া যাবে তার উপর অর্থাৎ যদি এটা করতে না পারা যায় তাহলে এই সরকার এটা যে করবেনই এমন একটা দৃঢ় সংকল্প তাঁরা ঘোষণা করেন নি। যদিও এই সেতুটা হওয়া একান্ত প্রয়োজন এবং জাতীয় প্রতিরক্ষার দিক থেকে সেই প্রশ্নটাকে এই সরকার পুনর্বিবেচনা করা দরকার এবং যাতে এই সেতুটা হয় সেদিকে বিশেষ চেষ্টা নেওয়া দরকার এবং এই জেলার আভ্যন্তরীণ যোগাযোগের দিক থেকেও এই সেতুটা হওয়া একান্ত প্রয়োজন। কারণ বর্ষার ৬-৭ মাস এই জেলার মাথাভাঙ্গা ও মেখালিগঞ্জ মহকুমা এই দুটো মহকুমার সঙ্গে কোচবিহার জেলার যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে থাকে। এই দুটো যদি করেন তাহলে এই মহকুমার সঙ্গে যোগাযোগ ব্যবস্থার অনেক উন্নতি হয়ে যাবে। দ্বিতীয়ত আমি আর একটা রাস্তার দিকে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে ফলাকাটা সিলডাঙ্গা রোড। মন্ত্রিমহাশয় হয়তো জানেন যে এই রাস্তাটা একটা অল্টারনেটিভ ন্যাশনাল হাইওয়ে হিসাবে কাজ করে। বর্ষার সময় সোনারপুরের দিক থেকে যে রাস্তাটা গেছে দুটো নদী সেখানে পড়ে - চর তোর্ষা, মরা তোর্ষা। সেখানে ফেয়ার ওয়েদার ব্রীজ বর্ষার সময় খুলে ফেলা হয় এবং তা কোচবিহার থেকে বাইরের সঙ্গে যোগাযোগের রাস্তার উপর। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় যে, এই রাস্তাটা মানসাই নদীর খুব কাছে এবং এই নদীর হাত থেকে এই রাস্তাকে বাঁচাবার জন্য কোন পরিকল্পনা এই সরকার গ্রহণ করেন নি। কিছুদিন আগে থেকে খোঁজ নিয়ে জেলা কর্তৃপক্ষের কাছ থেকে জানতে পেরেছি যে এই রাস্তাটাকে বাঁচাবার জন্য মানসাইয়ের যে কারেন্ট সেটাকে ডাইভার্ট করার জন্য একটা পাইলট চ্যানেল তাঁরা নাকি করেছেন, কিন্তু এই চ্যানেলটা যে যথোপযুক্ত নয়, তা প্রমাণিত হয়েছে [illegible] সম্প্রতিক যে বন্যা হয়ে গেল সেই বন্যায়। এখানে ফলাকাটা সিলডাঙ্গা রোডের যে ৮ মাইল সেই ৮ মাইলে যে ডাইভারসন করা হয়েছে সেই ডাই-ভারসনে রক্ষা পায় নি। সেখানে ব্রীজ হয়েছে তার ফলে ট্রনাসপমেণ্টের সেখানে দরকার এবং যেটা অল্টারনেটিভ ন্যাশন্যাল হাইওয়ের কাজ করে এইরকম রাস্তাকে বাঁচাবার কোন পরিকল্পনা সরকার করেন নি। তারপর এই ডিপার্টমেন্টের কাজ সম্বন্ধে আগের অনেক বক্তা অনেক কথা

[3-55—4-05 p.m.]

বলেছেন এই ডিপার্টমেন্টের কাজ জনসাধারণ যেভাবে চায় ঠিক সেইভাবে হয় না—অত্যন্ত ধীরে ধীরে কাজ হয়। আমার পূর্ববর্তী বক্তা বলেছেন যে টেকনিক্যাল স্টাফ এবং গভর্নমেণ্টের সেক্রে-টারিয়েটের যে স্টাফ তাঁদের সঙ্গে ভুল বোঝাবুঝি আছে এবং সেই কারণে অনেক সময় কাজ দেরী হয়। এই দিকে মন্ত্রিমহাশয়কে বিশেষ দৃষ্টি দিতে হবে। আর একটি কথা বলে শেষ করবো—সেটা হচ্ছে কোন কোন সেতুর ব্যাপারে দেখা যাচ্ছে যে টোল নেবার ব্যবস্থা আছে, আবার কোন কোন সেতুর ব্যাপারে নেই। এই টোল সিস্টেমটা যাতে তুলে দিতে পারা যায় সেদিকে সরকার মনোনিবেশ করবেন এই আবেদন রেখে এই ব্যয়বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তৃতা শেষ করছি।

শ্রীঅজিতকুমার বিশ্বাস: মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় পি ডব্লিউ ডি মন্ত্রী শ্রীহেমন্তকুমার বসু যে ব্যয়বরাদ্দের দাবীতে এখানে প্রস্তাব উপস্থিত করেছেন আমি সর্বান্তকরণে তা সমর্থন

করছি। আজকে তিনি সমস্ত পি ডবলিউ ডি স্কীমের মধ্যে যে পরিকল্পনাগুলি গ্রহণ করেছেন সেই পরিকল্পনাগুলি যে প্রগতিশীল সে বিষয়ে কোন সন্দেহ নেই। এছাড়া বিশ বছর যাবত কংগ্রেসী শাসন ব্যবস্থার মাধ্যমে প্ল্যানিং কমিশন যে সমস্ত সড়ক নির্মাণ করার জন্য টারগেট করেছিল সেই টারগেটের লক্ষ্যে এখনও পর্যন্ত পেঁৗছোতে পারা যায় নি—সেই কথাটা আমি দুঃখের সংগে আপনার কাছে বলছি। এ প্রসংগে আমি বলতে চাই যে নূতন যদি কোন পরিকল্পনা হয় সেদিকে পশ্চিমবাংলা সরকার তথা ভারত সরকার যৌথভাবে লক্ষ্য দিয়ে যাতে আমরা সাফল্যলাভ করতে পারি তার ব্যবস্থা করতে হবে। এছাড়া আপনি জানেন যে প্ল্যানিং কমিশনের অনেকগুলি সাবজেক্ট যেগুলি ভালভাবে ওয়ার্কআউট করতে পারা যায় নি, তার কারণ হচ্ছে যে আমাদের যে সড়ক তার ট্রান্সপোর্ট এত বেশী বেড়ে গেছে যে তা বহন করতে পারছে না। এক দিকে যেমন ট্রান্সপোর্টের পরিমাণ বৃদ্ধি হয়েছে অপর দিকে তেমন রাস্তা হয় নি, যার ফলে আমরা দেখেছি যে প্রপার সাপ্লাই হয় না। এই জন্য প্ল্যানিং কমিশনের যেসমস্ত কাজগুলি ছিল সেগুলি ব্যর্থ হয়েছে। এছাড়া আর একটা খুব বড় প্রশ্ন যেটা ঐ বেঞ্চের মানুষেরও প্রশ্ন—সেটা হচ্ছে সীমান্ত অঞ্চলে ভারত সরকার কোন রাস্তাঘাট নির্মাণ করবার জন্য নূতন কোন পরিকল্পনা গ্রহণ করেন নি। আজকে প্রতিরক্ষার যখন প্রশ্ন আছে এবং যেখানে পাকিস্তান এবং চীনের প্রশ্ন রয়েছে সেখানে সীমান্ত এলাকায় রাস্তাঘাট নির্মাণ না করার কি যুক্তি থাকতে পারে তা আমি জানি না। এই প্রসংগে আমি পূর্তমন্ত্রী এবং বিরোধীদলকে বলব যে তাঁরা একমত হয়ে ভারত সরকারের কাছে চাপ সৃষ্টি করে যাতে সেখানে রাস্তা নির্মাণের সিদ্ধান্তে পেঁৗছাতে পারি তার ব্যবস্থা করা উচিত। এ ছাড়া আমরা জানি কতকগুলি হেলথসেন্টারের প্রশ্ন এর সাথে জড়িত আছে। যেমন প্রাইমারী হেলথ সেন্টার, সাবসিডিয়ারী হেলথ সেন্টার এখনও পর্যন্ত কাঁচা বাড়িতে রয়েছে এবং সেসমস্ত জায়গায় হেলথ সেন্টারগুলি ঠিক সুষ্ঠুভাবে কাজ করতে পারে না। বৃষ্টি হলে সেখানে জল জমে যায় এবং যখন শুকনো থাকে তখন সাপ, শেয়াল ঘরে ঢুকে গিয়ে রোগীদের খাবার কেড়ে খায়। এগুলিকে পাকা বাড়িতে পরিণত করার জন্য পূর্ত বিভাগের দৃষ্টি আকর্ষণ করছি। এ ছাড়া কতকগুলি জাতীয় প্রশ্ন আছে। যেমন প্রখ্যাত কথাশিল্পী শরৎচন্দ্রের জন্মস্থানকে জাতীয়করণ করা উচিত, বিখ্যাত বৈপ্লবিক শ্রীঅরবিন্দের মানিকতলার যে বাড়িতে বোমা তৈরী হয়েছিল সেটাকে জাতীয়করণ করা উচিত এবং প্রথম যেখানে বিপ্লবের সূত্রপাত হয় সেসমস্ত মনীষীদের স্মৃতিশৌধ যাতে রক্ষিত হয় সেদিকে নজর দেওয়া উচিত বলে আমি মনে করি। এই বিভাগে কংগ্রেস আমল থেকে একটা অন্যায় চলে আসছে। যেমন পি ডবলিউ ডি-তে কিছু কিছু লোক কাজ করে যেমন টেকনিক্যাল ওয়ার্কস এবং জেনারেল ডিপার্টমেন্টের কর্মচারীদের বেতনের মধ্যে একটা বৈষম্য রয়েছে- যারা স্টোরকিপার বা ক্লার্ক তাদের গ্রেড হচ্ছে ১২৫ থেকে ২০০ এবং ২০০—৩০০, যে জায়গায় টেকনিক্যাল ওয়ার্কস লোকেরা প্রায় পায় ১০০ থেকে ১৪০, ১২৫ থেকে ২০০। এই বেতন বৈষম্য যাতে গণতান্ত্রিক দেশে না থাকে তা অবিলম্বে বন্ধ করা উচিত। এবং যারা এই অধিকার থেকে বঞ্চিত হচ্ছে তাদের সেই অধিকার যাতে রক্ষিত হয় সেদিকে পি ডবলিউ ডি মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি। এ ছাড়া আমি মনে করি রাস্তাঘাটের ব্যাপারে কয়েকটা জায়গার কথা চিন্তা করলেই হবে না। আমি বিশেষ করে দেখেছি আরামবাগ অঞ্চলে গোঘাট থানায় যেখানে ২২ হাজার মানুষ বাস করে সেখানে বদনগঞ্জ থেকে কামারপুকুর পর্যন্ত বাসের রুট পারমিট দেওয়া হয়েছে কিন্তু সেখানে বাস যেতে পারে না কারণ সেখানে পাকা রাস্তা নেই। আমার মনে হয় আমাদের মন্ত্রিমহাশয় যদি অবিলম্বে কামারপুকুর থেকে বদনগঞ্জ রাস্তাটি নির্মাণ করার দিকে দৃষ্টি দেন তাহলে ভাল হয়। এ ছাড়া কালিপুর থেকে বালিদেওয়াগঞ্জ পর্যন্ত রাস্তাটি যাতে হয় সেদিকে নজর দেওয়া উচিত বলে আমি মনে করি। এইসব দিকে যদি আপনার সিমপ্যাথিটিক এটিচুট থাকে তাহলে কাজ ভাল হবে এবং সেখানকার হাজার হাজার মানুষ রাস্তার অভাবে যে কষ্ট ভোগ করছে সেই কষ্ট থেকে তারা কিছুটা লাঘব পেতে পারে। এই বলে আমি এই ব্যয়বরাদ্দ সমর্থন করছি।

[4-05—4-15 p.m.]

শ্রীমতী নুরুন্নেসা সাত্তার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পূর্ত বিভাগ সম্পর্কে আলোচনা করতে গিয়ে আমি আপনার মাধ্যমে বর্ধমান পেলার কিছু রাস্তাঘাট সম্বন্ধে কিছু বক্তব্য এখানে রাখতে চাই। বর্ধমান জেলার মধ্যে যদিও বড় রাস্তা আছে, কিন্তু গ্রামের মধ্যে বড় রাস্তার খুব অভাব আছে এবং গ্রামে পাকা রাস্তা নেই বললেই চলে। ২-১টি যাও আছে বর্ষাকালে জায়গায় জায়গায় গর্ত হয়ে যায়, লোক চলাচল, গাড়ি ও বাস ইত্যাদি যানবাহনের অসুবিধা ঘটে। আর কাঁচা রাস্তাগুলি খরার দিনে ভাল থাকে, কিন্তু বর্ষাকালে অতিরিক্ত কর্দমাক্ত হওয়ার জন্য লোক চলাচলের অসুবিধা হয়। এর ফলে শহরের সংগে গ্রামাঞ্চলের মানুষের যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ে, এবং রোগীদের নিয়ে যাওয়ার পক্ষে খুব অসুবিধা হয়। কারণ সেসব জায়গায় গরুর গাড়ি ছাড়া অন্য কোন যানবাহন নেই। গরুর গাড়ি সেখানে আটকে পড়ে থাকে। সেখানে রোগীদের ঠিকমত ডাক্তারের কাছে পৌঁছাতে পারেন না এবং যেতে যেতে হয়ত শেষ নিঃশ্বাস ত্যাগ করেন, তারপরে ছেলেমেয়েদের স্কুলে যেতেও খুব অসুবিধা হয়—এক হাঁটু জল-কাদা ভেংগে তাদের গ্রাম থেকে গ্রামান্তরে পড়তে যেতে হয় এবং এর ফলে দেখা যায় যে তারা অনেক সময় হয়ত অসুখেও পড়ে। ফসল বয়ে নিয়ে যাওয়ার পক্ষে খুব মুসকিল হয়ে পড়ে এবং উপযুক্ত সময়ে চাষীরা বাজারে যেতে পারে না। সেজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, যাতে এই সমস্ত রাস্তাগুলি মেরামত হয় এবং কাঁচা রাস্তাগুলি পাকা যাতে হয় তার ব্যবস্থা করুন। আমি এই প্রসংগে আর ২-১টি কথা বলতে চাই। রাস্তাঘাট না থাকার জন্য যেমন অসুবিধা হচ্ছে তেমনি হেলথ সেণ্টার না থাকার জন্য অসুবিধা হচ্ছে। তাই আমি বলবো যে গ্রামে হেলথ সেণ্টার থাকা বিশেষ দরকার, জলের দরকার। তবে এর মধ্যে রাস্তাই হচ্ছে সবচেয়ে বেশী প্রয়োজনীয়। গ্রাম থেকে গ্রামান্তরে যাতায়াত এবং বাইরের জিনিষ আনা নেয়ার পক্ষে রাস্তাঘাট ভাল না থাকায় ভীষণ অসুবিধার সৃষ্টি হয়। আমাদের ওখানকার রাস্তাঘাটগুলির মধ্যে ২-৪টি ভাল রাস্তা দেখতে পাওয়া যায়, তাছাড়া অধিকাংশই কাঁচা রাস্তা গ্রাম থেকে ট্রেন ধরতে গেলে অনেক সময় তাদের ছুটোছুটি করে আসতে হয়, কিন্তু এই দুর্গম রাস্তাঘাটের জন্য বিলম্ব হওয়ায় ট্রেন ফেল করতে হয়। সেজন্য আমি এদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার মংগলকোট থানায় যদিও ২-১টি রাস্তা আছে, কিন্তু সেতু নেই। সেতু না থাকার জন্য বর্ষাকালে সেই রাস্তা দিয়ে যাওয়া দুর্গম হয়ে ওঠে। কাজেই এই সেতু যদি নির্মাণ করা যায়, তাহলে ১০-১২টি গ্রামের লোক উপকৃত হতে পারেন। তাই মাননীয় মন্ত্রিমহাশয়কে বলবো যে এটা যেন তিনি তাড়াতাড়ি নির্মাণ করেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীধনঞ্জয় কর: মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের যুক্তফ্রন্ট সরকারের পূর্ত মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দের দাবী এখানে পেশ করেছেন আমি তা সমর্থন করতে উঠে কয়েকটা কথা বলবো। আমার বক্তব্যের প্রথমেই আমি অত্যন্ত বেদনার সংগে এবং লজ্জার সংগে এই কথা বলছি কারণ এই হাউসে ১২-১৩ বছর পূর্বে যেসমস্ত দাবীদাওয়া রাস্তা সম্বন্ধে করেছিলাম আজ ১৩ বছর পরে সেই একই কথার পুনরাবৃত্তি করতে হচ্ছে—এইজন্য আমি অত্যন্ত লজ্জা বোধ করছি। কিন্তু অধ্যক্ষ মহাশয় না বলে কোন উপায়ও নেই। কারণ গ্রামের যদি উন্নতি করতে হয় তাহলে গ্রামের যোগাযোগ ব্যবস্থা করতেই হবে। গ্রামের যেসমস্ত জিনিসের প্রয়োজন সেগুলি আমরা আজও করতে পারিনি। যদি শহরের উন্নতির কিছু সুযোগসুবিধা গ্রামকে দিতে হয় তাহলে গ্রামের সংগে শহরের যোগাযোগ ব্যবস্থা ভাল না হলে তা সম্ভব হবে না। চিকিৎসা থেকে সম্পূর্ণ বঞ্চিত এই গ্রামের লোক, তাঁরা যদি শহরে আসতে চান শহরে চিকিৎসার জন্য, তাহলে যে অবস্থা হয় তা ভাষায় বলা যায় না। আমি আমার এলাকার কয়েকটি কথা বলি বিশেষ করে গোপীবল্লভপুর থানার কিছু অঞ্চলে এবং শাঁকরাইল থানার কিছু অঞ্চলে, হয় তাঁদের ঝাড়গ্রামে তাঁদের আসতে হয় চিকিৎসার জন্য, নয় খড়্গপুরে তাঁদের আসতে হয় চিকিৎসার জন্য। তাঁদের গরুর গাড়ি করে রোগী নিয়ে আসতে হয়, কারণ বাসে যেরকমভাবে ঝুলতে ঝুলতে হাতের মুঠোর মধ্যে প্রাণ নিয়ে যাতায়াত করতে হয়, অন্য রোগীদের কথা তো বাদই দিলাম। যখন গর্ভবতী স্ত্রীলোকদের আনতে হয় শহরের চিকিৎসার সুযোগ নেওয়ার জন্য, তখন অনেকে

রাস্তায় গরুর গাড়ির ভিতরেই প্রাণ হারায়। খবর নিলে জানতে পারবেন যে এইগুলো আমি মিথ্যা কথা বলছি না। না হয় রাস্তার মধ্যে অথবা বাসের মধ্যে অনেক গর্ভবতী নারীর গর্ভপাত হয়ে গেছে, এইরকম রাস্তার অবস্থা। ১২-১৩ বছর পূর্বে আমার পূর্ত মন্ত্রিমহাশয় তখন যিনি ছিলেন আমি এই রাস্তাগুলোর কথা বলেছিলাম। মোদাসুরি থেকে মহাপাল রাস্তা আর মোদাসুরি থেকে রোহিনীর রাস্তা অন্ততঃ আমার কনস্টিটিউয়েন্সির মধ্যে যদি এই দুটি রাস্তা পূর্ত মন্ত্রিমহাশয় করে দেন তাহলে সেই অঞ্চলের লোকেরা তাঁকে আশীর্বাদ করবে, যুক্তফ্রন্ট সরকারকে আশীর্বাদ করবে। দীর্ঘদিনের এই অসুবিধা চার চারটে নির্বাচন হয়ে গেল, প্রতি নির্বাচনেই বলা হয়েছে আমাদের কংগ্রেসী বন্ধুরা তখন সেই এলাকায় এসেছিলেন, দুরে দুটি নির্বাচনে একই প্রতিশ্রুতি দিয়ে, রাস্তার কথা বলেই তাঁরা জিতেছিলেন কিন্তু করতে পারেন নি, আমি সেই জন্য পূর্তমন্ত্রীর কাছে এই দাবি আবার উত্থাপন করছি যে গ্রামের উন্নতি কি করে হবে, গ্রামের শিক্ষা ব্যবস্থার জন্য আমরা সব জায়গায় স্কুল করতে পারিনি। ছেলেদের বিভিন্ন জায়গায় পড়াশুনা করবার জন্য অনেক দূরে যেতে হয়, সাইকেলে করে যদি ছেলেরা যেতে না পারে সব সময় যদি তারা হেঁটে স্কুলে যায়, তাহলে তারা কি শিক্ষালাভ করবে। তাদের সমস্ত এনার্জি ঐ হাঁটার পেছনে চলে যায়, মন দিয়ে পড়াশুনা করতে পারে না। সেই জন্য আমি পূর্তমন্ত্রীর আছে আবেদন জানাচ্ছি যে গোপীবল্লভপুরে যেখানে উড়িষ্যা ক্রশ করে ন্যাশন্যাল হাই ওয়ে বাংলার মধ্যে এসেছে, যেখানে ব্রিজ হচ্ছে, সেই পর্যন্ত একটা রাস্তা করা হোক, কারণ আমাদের কর্মচারীরা সুবর্ণরেখা নদী পার হয়ে অনেক সময়—অনেক সময় সুবর্ণরেখার উপর যে বাংলার অংশ সেখানে তাঁরা যেতে পারেন না, তাঁদের যেতে হলে সমগ্র উড়িষ্যা ঘুরে যেতে হয়, ময়ূরভঞ্জের ভেতর দিয়ে যেতে হয়। গোপীবল্লভপুর থেকে ন্যাশন্যাল হাইওয়ের সেই পর্যন্ত একটা রাস্তা যদি করে দিতে পারেন তাহলে বাংলার আমাদের কর্মচারীরা এবং অন্যান্য ব্যক্তিরা সেইদিকে যাওয়ার সুবিধা হয়। তাছাড়া মাননীয় মন্ত্রিমহাশয়ের আর একটা জিনিসের প্রতি দৃষ্টি আকর্ষণ করবো যে আমাদের ঝাড়গ্রাম মহকুমার উত্তরাংশে পাহাড়িয়া অঞ্চল, তার সংগে বাঁকুড়া এবং পুরুলিয়ার বর্ডার লেগে আছে, সেই অঞ্চলে কোন রাস্তা নেই, কোন যোগাযোগ ব্যবস্থা নেই, অথচ জংগলের ভেতর দিয়ে যাতায়াত করতে হয়, অনেক সময় হিংস্র জন্তুর মুখে পড়তে হয়, নাহলে চোর ডাকাতের কবলে পড়তে হয়। সেই জায়গায় যদি কিছু কিছু রাস্তা করতে হয় তাহলে পুরুলিয়া এবং বাঁকুড়ার সংগে আমাদের ঝাড়গ্রাম মহকুমার যোগাযোগ ব্যবস্থার সুবিধা হবে এবং ব্যবসা বাণিজ্যেরও সুবিধা হবে। সেজন্য সেদিকে আরি নজর দেবার জন্য অনুরোধ জানাচ্ছি। অবশেষে আমি আর একটি বিষয়ের প্রতি পূর্ত মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো যদিও একটু আগে আমার এক বন্ধু এ বিষয়ে বলে গেছেন, সেটি হচ্ছে সেখানে যে কাজ হচ্ছে—যে রাস্তাগুলি মঞ্জুর হয়েছে তাতে এত ভেজাল যে তা আর বলা যায় না। সেজন্য রাস্তাগুলি দীর্ঘস্থায়ী হয় না। তাছাড়া আমি আপনাকে আর একটি কথা বলছি ঝাড়গ্রাম মহকুমায় রাস্তা করতে গেলে এতে অল্প খরচ হবে—অন্যান্য রাস্তা করতে গেলে যে খরচ হয় তার চেয়ে অনেক কম খরচ হবে। সেজন্য অনুরোধ করবো এদিকে যেন একটু নজর দেবেন।

[4-15—4-25 p.m.]

শ্রীপশুপতি মুখোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মারফত মাননীয় পূর্ত মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি এই হাওড়া জেলার পাঁচলা কনস্টিটিউয়েন্সি থেকে নির্বাচিত হয়েছি। খুব ছোট গ্রাম যেটা নেগলেকটেড হয়ে রয়েছে, সেই আমতা রোডের দিকে নজর দিতে বলছি, প্লট অ্যাকুইজিশন হয়েছে—সেখানে ইটপাটকেল পড়ে আছে রাস্তা কিছুই হচ্ছে না। গভর্নমেন্ট থেকেও কোন ব্যবস্থা নেওয়া হচ্ছে না, খুব ইমপরটেন্ট একটা রাস্তা, সেটা না হওয়ার দরুন কৃষিজাত পণ্য কিছুই আনা নেওয়া সম্ভব হয় না—চাষী ভাইরা ক্ষতিগ্রস্ত হচ্ছে। বর্ষাকালে তো চলাচল করা একেবারেই দুঃসাধ্য। চলতে গেলে গর্তে পড়ে যেতে হয়।

তারপর, চার মাইল একটা রাস্তা তা এখনো কমপ্লিট হয় নাই, কন্ট্রাক্ট নেওয়া হয়েছে। তার ফাইল বি ডি ও অফিসে পড়ে আছে। তারপর রাজাপুর ড্রেনের উপর দিয়ে রাস্তা গেছে তার

উপর একটা ব্রীজ না থাকার জন্য ভয়ানক অসুবিধা হচ্ছে, ডেইলি এক হাজার দু হাজার লোক সেখান দিয়ে যাতায়াত করে। নৌকায় পার হতে হয়—এদিক থেকে ওদিক দড়ি টেনে টেনে। ইমিডিয়েটলি এখানে একটা ব্রীজ করা দরকার। লোকালিটির অনেকে ডোনেশন দিতে চায়। এই সম্পর্কে ফাইল আছে, আপনি গিয়েও দেখে আসতে পারেন।

আর একটা রাস্তা—সেও বর্ষাকালে কর্দমময় হয়ে থাকে—তার কিছুটা মেটালড রোড আর বাকি ৪-৫ মাইল আন-মেটালড রোড হয়ে পড়ে আছে। এই রাস্তাটা মেটালড রোড হলে অনেক কিছু ইন্ডাস্ট্রি ওখানে গড়ে উঠতে পারে। লেদার কাজ বা কটেজ ইন্ডাস্ট্রীর অন্যান্য কাজ করে বহু লোকের কর্মসংস্থান হতে পারে, বেকার সমস্যার সমাধান হতে পারে—যেমন বড়গাছিয়াতে হয়েছে।

আর একটা রাস্তা জগৎবল্লভপুর থেকে ঐ রাস্তাটা হলে পরে মাল পরিবহণের খুব সুবিধা হয়।

লাস্ট অফ অল আর একটা রাস্তার কথা উল্লেখ করছি—বাকড়া থেকে যে রাস্তার উপর এখনো হাটু জল জমে আছে, সেখানে মৎস্যমন্ত্রী মাছের চাষ করুন, তাহলে আমরা সকলে মাছ খেতে পারবো। মহম্মদ হাসান মণ্ডল এই রাস্তা সম্পর্কে মন্ত্রিমহাশয়ের কাছে ডেপুটেশন-এ গিয়েছিলেন অ্যাবাউট ½ মাইল রাস্তা হাওড়া জেলার এই রাস্তা সত্বর করবার ব্যবস্থা করুন। আপনি তো বলেছিলেন করে দেবেন। আজও কিছু হল না। রাজাপুর ড্রেনেজের উপর পাঁচলা থানার এইসমস্ত রাস্তার জন্য অনেক ডোনেশন পাবেন, অনেকে সেই অ্যাসুয়েরেন্স দিয়েছেন। ফাইল খুঁজলে দেখতে পাবেন পাবলিক ওয়ার্কস-এর জন্য এই খাতে টাকা বেশী করে বাড়ান, অন্য খাত থেকে যদি টাকা না এনে এই পি ডবলিউ ডি-এর কাজ না করেন, তাহলে শিল্প বিস্তার এই ট্রান্সপোর্ট ইত্যাদির চলাচলের অভাবে কিছুই হবে না। সেই জন্য আই ড্র ইওর স্পেশাল অ্যাটেনশন। আপনি দয়া করে আমাদের কথা অ্যাটেনটিভলি শুনে পূর্তবিভাগের বায়বরাদ্দ বেশী করে দেবার ব্যবস্থা করুন। যদি রাস্তাঘাটের ব্যবস্থা ভাল না হয় তাহলে এডুকেশনই বলুন আর যা কিছু বলুন, কিছুই কাজে লাগবে না। যাতে রাস্তাঘাটের উন্নতি হয় সেদিকে আপনি একটু নজর রাখবেন।

শ্রীরাম চ্যাটার্জি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয়ের এই বাজেট সমর্থন করে এই কথা বলছি, এই আবেদন করছি যে, হুগলি জেলায় তারকেশ্বর এলাকায় যে রাস্তাগুলির কথা আমি বারবার আবেদন করেছি, সেই রাস্তাগুলি সম্পর্কে আমি আবার তার কাছে নিবেদন করি, প্রার্থনা জানাই যে তারকেশ্বরের গরীব জনসাধারণের জন্য সেখানে একটা ছোট্ট হাসপাতাল আছে এবং সেই হাসপাতালের সংলগ্ন একটা রাস্তা আছে—

(নয়েজ অ্যান্ড ইন্টারাপশানস)

স্যার, আমি কাকে বলবো? মন্ত্রিমহাশয় কোথায়?

মিঃ স্পীকার: আমিত এখানে বসে আছি, ভয় কি আপনার। পূর্তমন্ত্রী ছাড়া, আরও মন্ত্রীরা এখানে আছেন। তাঁরা নোট নিচ্ছেন, এক্ষুনি আপনার রিপ্লাই পাবেন।

শ্রীরাম চ্যাটার্জি: শুনবে কে স্যার?

মিঃ স্পীকার: উনি বুড়ো মানুষ, দেখতেইত পাচ্ছেন! আপনি বলুন।

শ্রীরাম চ্যাটার্জি: স্যার, ওখানে ঐ রাস্তাটা ডানসিং রোড নামে পরিচিত। অর্থাৎ ঐ রাস্তাটার কোন জায়গায় এক ইঞ্চি নীচু, আবার কোন জায়গায় তিন ইঞ্চি নীচু, আবার কোন জায়গায় প্লেন। সাঁইতা থেকে তারকেশ্বর পর্যন্ত একটা রাস্তা আছে, তার মধ্যখানে একটা জায়গা আছে, সেখানে বর্ষাকালে মানুষ সাঁতার কাটে এবং শীতকালে ধানের খেতে শিশির পড়ে, সেখান দিয়ে মানুষ যখন হেঁটে যায় তখন তাদের কাপড় হাঁটু অবধি ভিজে যায়, সেখানে মানুষ চলতে

পারে না। এবং গ্রীষ্মকালে সেখানে রাস্তা ফেটে যায়, মানুষ হাঁটতে পারে না। প্রয়োজন হলে তারা সেই রাস্তা দিয়ে হাসপাতালে যেতে পারে না। ধরুন আবহমানকাল থেকে বহু মানুষ পাড়াগাঁয়ে বাস করে আসছেন, তাঁরা শহরে আসতে চায়, কিন্তু রাস্তাঘাটের অসুবিধার জন্য তারা আসতে পারে না। যদিও আমরা দেখেছি কংগ্রেসী আমলে জেলা থেকে গাঁ অবধি, প্রতিটি মানুষের কাজের জন্য না হলেও সেখান দিয়ে মিলিটারী ও পুলিশ বাহিনী নিয়ে যাওয়ার জন্য পাকা রাস্তা প্রচুর তৈরী করেছেন। কিন্তু তাঁরা ঐসব ছোট্ট ছোট্ট রাস্তা, এ গ্রাম থেকে অন্য গ্রামে যাবার রাস্তা তৈরী করেন নি। তাই আপনার মাধ্যমে এই যুক্তফ্রণ্ট সরকারের কাছে আমার আবেদন নিবেদন এবং প্রার্থনা, যাতে করে পাড়াগাঁয়ের মানুষের জন্য শহর থেকে গাঁয়ে যাওয়ার রাস্তাগুলি অতি শীঘ্র নির্মাণ হয়। কারণ আমাদের মিলিটারী পুলিশের জন্য সেখানে কোন রাস্তা নির্মাণের প্রয়োজন নেই। আজকে প্রতিটি গাঁয়ের সঙ্গে যোগাযোগ রাখা দরকার। সাঁইতা থেকে তারকেশ্বর, অত বড় বড় রাস্তা তৈরী না করে, গাঁয়ের মধ্যে ঐ ছোট্ট ছোট্ট রাস্তাগুলির দিকে দয়া করে নজর দিলে আমরা কৃতার্থ হবো। সাঁইতা থেকে তারকেশ্বরের আপামর জনসাধারণ এর জন্য কৃতার্থ হবে, আপনাকে আশীর্বাদ করবেন, অভিনন্দন জানাবে।

[4-25—4-35 p.m.]

মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে শ্রদ্ধেয় পূর্ত মন্ত্রিমহাশয় এসেছেন, তাঁকে বলছি যে আমাদের এলাকার লোক খুব সাদাসিদে, তাদের খুব বেশী খাঁই নেই, তারা ছোট ছোট রাস্তা চায়, যেমন সাঁইতা থেকে তারকেশ্বর এবং তারকেশ্বর স্টেশন রোড আর হাসপাতাল। মাননীয় মন্ত্রিমহাশয় হয়ত পুণ্য করতে যাবেন কিন্তু যদি তিনি ঐ স্টেশন রোডে একবার পড়েন তাঁর হঠাৎ কিছু হয়ে যেতে পারে। এখানে অনেকেই আছেন যাঁরা খুব পূজা আরচা করেন, তারকেশ্বর যাবার রাস্তাগুলি যদি আপনি করে দেন তাহলে আমরা বাধিত হব। তাই আপনার কাছে আমার আবেদন নিবেদন প্রার্থনা এই যে আপনি দয়া করে আমাদের রাস্তাগুলির দিকে একটু নজর দিন।

শ্রীশান্তিমোহন রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় আমাদের সামনে যে ব্যয়বরাদ্দ উপস্থাপিত করেছেন, তা অত্যন্ত হতাশাব্যঞ্জক বলে আমি তার বিরোধিতা করছি। প্রাক্তন কংগ্রেস সরকার গত তিনটি পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে আমাদের মহকুমায় যেসব রাস্তা গ্রহণ করেছিল এবং যার অনেকগুলি অসম্পূর্ণ এবং প্রায় সম্পূর্ণ অবস্থায় রয়েছে, যেগুলি আমরা চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে সম্পূর্ণ হবে বলে আশা করেছিলাম, তা সম্পূর্ণ হবার কোন ব্যবস্থা এই ব্যয়বরাদ্দের মধ্যে রাখা হয় নি বলে আমার মনে হয়। যেমন পুড়শুড়া-রাধানগর রাস্তা, আরামবাগ-বন্দর রাস্তা, গৌরহাটি-বডডোঙ্গল রাস্তা, কালীপুর-বদনগঞ্জ রাস্তা; এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ আমাদের যে মুণ্ডেশ্বরী নদীর উপর পুল, যে পুল অবিলম্বে না করতে পারলে অহল্যাবাই যে মূল রাস্তা সেই মূল রাস্তা অসম্পূর্ণ থেকে যাবে। আমরা পূর্তমন্ত্রীর কাছে শুনেছিলাম যে, তাকে 'টপ্ প্রাইওরিটি' দিয়ে আমাদের প্রাক্তন সরকার গ্রহণ করেছিল। এইসব রাস্তাগুলি সম্পূর্ণ করার কোন ব্যবস্থা আমরা ব্যয়বরাদ্দে দেখতে পাচ্ছি না বলে হতাশা বোধ করছি। তা ছাড়া আরো কতকগুলি রাস্তা আমরা চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে গ্রহণ করা হবে বলে আশা করেছিলাম—যেমন কামারপুকুর-বদনগঞ্জ রাস্তা, গোঘাট থানায় কালীপুর-দেওয়ানগঞ্জ রাস্তা, গোঘাট থানায় মদিনা-কুমারগঞ্জ ভায়া বাজুয়া রাস্তা, খানাকুল থানায় খানাকুল-ঠাকুরাণী চক, রাজহাটি-পার্নাসিউলি এবং চক্রপুর-ঝিকিরা রাস্তা। যদিও চক্রপুর-ঝিকিরা রাস্তা প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে গ্রহণ করা হয়েছিল তবুও তার অ্যালাইনমেণ্টের অসুবিধার জন্য এতদিন পর্যন্ত তাতে হস্তক্ষেপ করা হয় নি, কিন্তু এখন তার অ্যালাইনমেন্ট স্থির হয়ে গেছে আমরা আশা করেছিলাম যে, চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে এটা গ্রহণ করা হবে। পুড়শুড়া থানাতে তেমনি সোদপুর-খুসীগঞ্জ রাস্তা এবং পারভুরাশিট-খুসীগঞ্জ রাস্তা যেটা দামোদর নদের পশ্চিম তীরে যে বাঁধ, সেই বাঁধকে যদি আমরা পাকা করি, তাহলে সেটা যেমন নদীর বাঁধের দিক থেকে আমাদের কাজে লাগবে তেমনি একটা বড় পাকা রাস্তাও আমরা করে ফেলতে পারবো। এইসব রাস্তাগুলি সম্পর্কে আমরা আশা করবো যে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে এগুলি গ্রহণ করবার ব্যবস্থা করবেন। তা ছাড়া

আরামবাগ থানার মধ্যে আরো রাস্তা আছে, যেমন আরামবাগ-আরাণ্ডী রাস্তা ভায়া মাধবপুর, তেমনি বাতানল-মুথাডাঙ্গা রাস্তা, যে রাস্তাটি এর আগের সরকার গ্রহণ করেছিল। আমরা শুনেছি যে বর্তমান সরকার ঠিকমত টাকা দিতে পারছে না বলে তার কাজ নাকি বন্ধ হয়ে যাচ্ছে এবং মুণ্ডেশ্বরী নদীর উপর পুলের কাজও বন্ধ হয়ে যাচ্ছে। তাই আমি পূর্তমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করবো তিনি যে ব্যয়বরাদ্দ আমাদের কাছে উপস্থাপিত করেছেন, সেই ব্যয়-বরাদ্দের মধ্যে পুরানো যেসব রাস্তা গ্রহণ করা হয়েছে, যেগুলি প্রায় সম্পূর্ণ অবস্থায় আছে, সেগুলি শেষ করবেন এবং আমি যেসব রাস্তার প্রস্তাব আজকে এই বিধানসভায় উপস্থাপিত করলাম, সেগুলি সাধ্যমত গ্রহণ করবেন। তাছাড়া মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে অনেক জায়গায়, আমাদের গ্রামে, যেসমস্ত হাসপাতাল আছে, সেই হাসপাতালে যাওয়ার জন্য বড় রাস্তা থেকে কোন লিঙ্ক রোড নেই; যেমন পুরসুরা রাধানগর রাস্তা থেকে মদনপুর তাঁতিশালে যে হেলথ সেণ্টার আছে, সেই মদনপুর তাঁতিশালে যাবার কোন লিঙ্ক রোড নেই। তার তদন্ত হয়ে গেছে, আমাদের অ্যাসিস্ট্যাণ্ট ইঞ্জিনীয়ার, একজিকিউটিভ ইঞ্জিনীয়ার তদন্ত করেছেন এবং তদন্ত করে তার অনুকূলে রিপোর্ট চীফ ইঞ্জিনীয়ারের কাছে রেখেছেন; কিন্তু আজ পর্যন্ত সেই লিঙ্ক রোড গ্রহণ কর হবে কিনা আমরা জানতে পারি নি। তেমনি গোরহাটি থেকে যে বড়ডোঙ্গল রাস্তা তৈরী হচ্ছে সেই রাস্তা হতে রাঙতাখালিতে যে হেলথ সেণ্টার আছে, সেই হেলথ সেন্টার পর্যন্ত কোন লিঙ্ক রোড হবে কিনা আমরা সে সম্বন্ধে কিছু জানতে পারি নি। এই রকম নানা অসুবিধার দিকে লক্ষ্য না রেখে পূর্তমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ উপস্থাপিত করেছেন সেই ব্যয়বরাদ্দ আমাদের যা প্রয়োজন তার তুলনায় অত্যন্ত নগণ্য ভেবে আমি এই ব্যয় বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীদাশরথি তাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতদিন স্বাধীনতার পরেও আমরা পথহারা। আজকে খুব আশার কথা এই যে আমাদের পূর্তমন্ত্রী মহাশয় ধূর্ত নন, অতি সৎ, সেই হিসাবে আমরা আশা করছি যে তিনি আমাদের বিপথে চালিত করবেন না। পূর্ত বিভাগের চিরদিনের মান্ধাতা আমল থেকে যে পথকর দিয়ে এসেছে দেশবাসী সেখানে বর্ধমান জেলায় অবিচারের একটা মূর্ত প্রতীক বর্ধমান দামোদরের উপর সদরঘাটের ব্রীজ। ব্রিটিশ রাজত্বের আমলে বৃহস্পতি-বারের বারবেলায় সেখানে একজন লাটসাহেব তার ভিত্তিপ্রস্তর স্থাপন করে গিয়েছিলেন, আমরা সন্দেহ করেছিলাম যে বৃহস্পতিবারের বারবেলায় সহ্য হবে না। লোককে বলতাম, তৎকালে আমরা বিপ্লবী কংগ্রেস, যে কংগ্রেসী রাজত্ব এলে সব হবে। কিন্তু দুঃখের বিষয় এই যে ঐ সদরঘাট ব্রীজের যার ভিত্তি প্রস্তর ইংরেজ আমলে পুঁতে রাখা হয়েছিল কংগ্রেসের রাজত্বে সেই ভিত্তি প্রস্তরকে তুলে নিয়ে গিয়ে পি ডব্লিউ ডি অফিসে রাখা হয়েছে এখনও কিছু হয় নি। আমরা আশা করেছিলাম যে আমাদের বিগত সরকার সেটা করবেন কিন্তু আমাদের উপর খুবই অবিচার হয়েছে। আরামবাগের বুকে তারকেশ্বরের পুল হোক আমার বলার কিছু নেই, দামোদরের উপর বিদ্যাসাগর ব্রীজ হোক বলার কিছু নেই, আমার বন্ধুবর শান্তি রায় সেই জায়গায় বললেন মুণ্ডেশ্বরীর উপর হোক, অর্থাৎ খাস দামোদব যেটা সেখানে হলে আপত্তি নেই কিন্তু তার আগে হওয়া উচিত ছিল দামোদরের উপর সদর ঘাটের ব্রীজ। সেজন্য পূর্তমন্ত্রী মহাশয়কে এই দিকে বিশেষ করে দৃষ্টি দিতে বলছি। এই সদর ঘাটের উপর যে টোল আদায় হয় যদি ব্রীজ হয় তাহলে আমরা হিসাব করে দেখেছি যে ২৫ বছরে এর দাম উঠে যাবে এবং যেটা করলে পয়সা পাওয়া যাবে সেটা কেন সরকার করবেন না? সেজন্য পূর্তমন্ত্রী মহাশয়কে আমি এদিকে বিশেষ করে দৃষ্টি দিতে অনুরোধ করছি। আর একটা কথা হচ্ছে এই যে, আমাদের ঐ যে পাণ্ডব বর্জিত দামোদর এলাকা ঐ এলাকায় প্রথম বোধ হয় এই মন্ত্রিমহাশয় গেলেন, ঐসব জায়গা দেখতে শ্রদ্ধেয় হেমন্তবাবু গিয়েছিলেন, তাঁকে সদরঘাট দেখানো হয়েছে। কবিকঙ্কন মুকুন্দ দাস যিনি বাংলাভাষার জনক তাঁর যে জন্মস্থান, আমাদের স্বাধীনতা বিশ বছর পরও সেখানে যাবার কোন সুযোগ নেই। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের শিক্ষাগুরু খেমচাঁদ তর্কবাগীশের জন্মস্থান যাবার সৌভাগ্য আমাদের হবে না, কারণ সেখানে কোন রাস্তা নেই। বিপ্লবী রাসবিহারী বসু, যাঁর জন্য নেতাজী সুভাষচন্দ্র আজকে বিশ্বের বিস্ময় হলেন যিনি নেতাজী নামকরণ করলেন সেই রাসবিহারী বসুর জন্মস্থান সুবলদহে তিনি গিয়েছেন, সেইসব জায়গায় যাবার কোন সংযোগস্থল নেই। খগেনবাবু আজ এখানে

নেই, তিনি যখন পূর্তমন্ত্রী ছিলেন তখন এক নম্বর আইটেম ছিল একলোগাী রাস্তা, তিনি বলেছিলেন যে ভায়া, হবে। তারপর খুলে দেখলাম এ একলোগাী সে একলোগাী নয়, এ অন্য রাস্তা এবং সেই একলোগাী রাস্তা এখনও পড়ে আছে। এক বন্ধু বললেন যে বদনগঞ্জ পর্যন্ত কামারপুকুর থেকে একটা রাস্তা করা উচিত, তারই ওপারে একলোগাী এবং সেখান থেকে আরামবাগ রাস্তার সঙ্গে সামান্য একটু সংযোগ হলে তিনটি জেলার সঙ্গে সংযোগ হবে। এ ছাড়া আর একজন বন্ধু বললেন, আমিও তাঁর সঙ্গে একমত যে, যে জায়গায় রাস্তা আছে সেই রাস্তা ছেড়ে আবার অন্য রাস্তা নেয়া হয়। যেমন বাঁকুড়া রোড যেটা ছিল আরামবাগ রোড থেকে যাওয়ার কথা সদরঘাট থেকে সেই জায়গায় রাস্তা ছেড়ে দিয়ে মাঠের মাঝখান দিয়ে যেখানে লোকের সঙ্গে কোন সম্পর্ক নেই, সেই জায়গা দিয়ে গেল এবং সত্যিকারের যে রাস্তার সঙ্গে সংশ্লিষ্ট কবি ঘনরাম ধর্ম মঙ্গলের বিখ্যাত কবি সেই সগরাজ বেলিগ্রাম রাস্তাটি পরিত্যক্ত হল এ আমরা বরাবর দেখছি। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলি বহুদিন আগে যে রাস্তা হয়েছে

[4-35—4-45 p.m.]

সে রাস্তা চালু নয়। কংগ্রেস আমলে আমাদের ওখানে শ্যামসুন্দরপুর থেকে পহেলামপুর পর্যন্ত যে রাস্তা হয়েছে অর্থাৎ যাতে নবাবী সদর বলে, সেই রাস্তা দিয়ে যদি সাধু এবং শক্ত সমর্থ লোক যান তাহলে তাঁদেরও পর্যন্ত পদস্খলন হবে এই রকম অবস্থা হয়ে গেছে। সেই জন্য আমি মন্ত্রিমহাশয়কে ঐ রাস্তাটির প্রতি বিশেষ করে নজর দেবার জন্য অনুরোধ জানাচ্ছি। অপচয় তো বহু আছে—তারপরে আবার কন্ট্রাকটর কুম্ভীর তো আহার লোভে বসে আছে। যেখানেই বড় বড় বাড়ি দেখা যায় জিজ্ঞাসা করলেই বলে কনট্রাকটরের এবং সেই কনট্রাকটরের সঙ্গে যেসমস্ত ডিপার্টমেন্ট-এর সম্পর্ক আছে তাদের সঙ্গে আগে থেকেই সব ঠিক হয়ে আছে। তাদের সঙ্গে যেন একটি দখলী স্বত্ব হয়ে গেছে। সেই জন্য আমার অনুরোধ মন্ত্রিমহাশয় যদি অন্ততঃ তার কিছুটা ব্যবস্থা করতে পারেন তাহলে খুব ভাল হয়। কনট্রাকটররা নিজেদের খুব ভাল বলে মনে করেন এবং অন্য রাস্তাঘাটে যেসমস্ত ব্রীজ আছে সেগুলোকে একেবারে বিনীতভাবে ধারণ করেন—অর্থাৎ সেখানে একটা-পাঁচটা সিমেণ্ট দেবার যে নিয়ম আছে, তা না করে সে জায়গায় একটা থেকে দশটা এমনকি ১২টা পর্যন্ত মেশাতে কিন্তু বোধ করে না। রায়না এবং জামালপুর রাস্তাটি বহুদিন ধরে ঠ্যাং খোঁড়া অবস্থায় পড়ে রয়েছে। সেখানে কিন্তু ব্রীজটি আরম্ভ হল বহুদিন পরে এবং বহু পয়সা খরচ করার পর ঈশানেশ্বর শিবের মত বেঁকে একেবারে পাতালেশ্বরে নেমে গেছে। কাজেই এইসমস্ত যে অবস্থা হয়ে রয়েছে এগুলি দেখা দরকার। এগুলি যদি না দেখেন তাহলে রাস্তা বেশিদিন টিকবে না। আর যদি সস্তায় এরোপ্লেনের ব্যবস্থা করতে পারেন তাহলে তো আরও যাতায়াতের সুবিধাই হবে। যে কটি রাস্তা করেছেন তাও এখন ঠিক করতে পারছেন না। এবার আমি কিছুসংখ্যক রাস্তার নাম বলছি। ডি ভি সি-র বন্যানিয়ন্ত্রণের ফলে যে বিরাট বাঁধের সৃষ্টি হয়ে রয়েছে সেটা যখন কোন কাজে লাগছে না তখন সেটাকে রাস্তায় পরিণত করুন। আর ডি ভি সি-র যে অপকর্ম করেছেন, অর্থাৎ মাশুল দেবার জন্য যে নেভিগেবল চ্যানেল হয়েছে—আমরা বার বার বলেছি যে এর খালি ধারটা রাস্তায় পরিণত করুন, তাহলে নূতন করে আর জমি অ্যাকোয়ার করে রাস্তা করতে হবে না। ওখানকার রাস্তার কোন জায়গায় স্যানিটারি পায়খানা এবং ল্যাট্রিনের কোন চিহ্ন নেই। দামোদরের দু তীরের মধ্যে এক তীরে বাঁধ নেই। কাজেই যে তীরে বাঁধ নেই সেই তীরে বাঁধ এবং বাঁধের উপর সঙ্গে সঙ্গে রাস্তার ব্যবস্থা করা হোক। তাহলে একই খরচে দুটো জিনিস চলবে। এটা করার জন্য আমি আপনাকে বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি। আর রায়না দামিন্যা কবিকঙ্কন রোড থেকে শাকিনাড়া পর্যন্ত প্রস্তাবিত রাস্তাটির কথা নিশ্চয়ই আপনার মনে আছে। এই প্রসঙ্গে যখন প্রশ্ন উঠেছিল তখন আমার বন্ধু শ্রীযুক্ত রাম চ্যাটার্জি মহাশয় এ বিষয়ে বলেছিলেন। আর বোম তারকনাথের জায়গার মত এমন জঘন্য জায়গা আর কোথাও নেই। পৃথিবীর যত নরককুন্ড ওখানে এসে সব হাজির হয়েছে। কত ভক্ত যে ওখানে যাচ্ছে আর গিয়ে ওখানকার মাঠ-ঘাট এত অপবিত্র করছে তার তুলনা নেই। আপনি যদি দয়া করে সেখানে ১০০টি স্যানিটারি পায়খানা এবং ল্যাট্রিনের ব্যবস্থা করে দেন তাহলে ভাল হয়। সেখানে যে অবস্থা হয়ে আছে তা দেখলে বমি আসে। বাবা জীবন্ত জাগ্রত তাই রক্ষে তা না হলে আমাদের মুন্ড পর্যন্ত চলে যেত। শেওড়াফুলি থেকে কষ্ট করে ওখানে জল

বয়ে আনছে এবং তাও আবার এত ময়লা যে ধরবার উপায় নেই। ওখানে পিলগ্রিম ট্যাক্স বসান এবং তারকেশ্বর উন্নয়ন বিল আনুন এবং যাতে বহু পয়সা আদায় হয় তার ব্যবস্থা করুন। ওখানকার একটি রাস্তার নাম হচ্ছে নেতাজী রোড—তাও আবার একেবারে দাঁত বের করে আছে। এছাড়া দেশবন্ধু চিত্তরঞ্জন নামে আর একটি রাস্তা আছে। সেটাও ঐ একই রকম। রাস্তা দুটির অবস্থা দেখে লোকে নেতাজী এবং দেশবন্ধুর নাম ভুলে গেছে। তারকেশ্বর সত্যাগ্রহের জন্য বিখ্যাত সেই দেশবন্ধুর নামে। কাজেই সেই জায়গায় এখন পর্যন্ত যে কিছু হল না—ইউনিয়ন বোর্ডও নয় আর শহরও নয়, এর মাঝামাঝি একটি জায়গা হয়ে বসে আছে। এরকম পাতা আছে যা জলে পড়লে কুমীর হয়ে যায় এবং ডাঙায় পড়লে বাঘ হয়ে যায়। আর যদি পাতাটা অর্ধেক জলে আর অর্ধেক ডাঙায় পড়ে তাহলে সেটা একেবারে তারকেশ্বরের মতন হয়ে যায়। কাজেই পূর্ত বিভাগের যে বহু কাজ করবার আছে এ বিষয়ে কোন সন্দেহ নেই। আর একটি ঘটনার কথা বলছি। একটি জায়গায় হাসপাতাল করে দিয়েছেন। সেখানে এমন হাস-পাতাল তৈরী করে দিয়েছেন যে সেখানে বেরোবার রাস্তা নেই, টিউবওয়েল নেই, গ্রীষ্মকালে সাপ বেরোয় এবং বর্ষাকালে কাদা জমে। এই হচ্ছে আমাদের দেশের অবস্থা। আর এতো শ্রীচৈতন্যের দেশ কাজেই এমন চমৎকার হয়ে আছে। এই হচ্ছে পল্লী অঞ্চলের প্রতি আমাদের দরদ। পল্লী অঞ্চলে কারো বাড়িতে কোন কুটুম্ব বা আত্মীয়স্বজন গেলে তাঁদের বাঁশের চেয়ারে বসতে দেন এবং এক ঘটি জল দেন। প্রথমে একটু একটু করে জল ছিটিয়ে দেন এবং তার ফলে কাদা হয়। কাজেই এই জিনিসটি পর্যন্ত নষ্ট হয়ে যেতে বসেছে। সেই জন্য আমি পূর্তমন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি যে কটি রাস্তা করবেন, সেই কটি রাস্তায় যাতে লোকে-দের সুবিধা হয় এবং পদস্খলনের সম্ভাবনা না থাকে তার ব্যবস্থা করুন এই হচ্ছে আমার নিবেদন।

শ্রীগোলবদন ত্রিবেদী: শ্রদ্দেয় অধ্যক্ষ মহোদয়, আমাদের মাননীয় পূর্তমন্ত্রী যে ব্যয়বরাদ্দের প্রস্তাব এখানে উত্থাপন করেছেন ইচ্ছা থাকলেও আমি তা সমর্থন করতে পারছি না। কারণ আমি দেখে আসছি যে যদিও তাঁর সেই বরাদ্দকৃত ব্যয়ের অংক অত্যন্ত কম তবুও আমি বিগত কয়েক বছর ধরেই দেখছি যে এই বিভাগের সমগ্র টাকা সেই বৎসরের মধ্যে রাস্তাঘাট উন্নয়নের জন্য ব্যয়িত হয় না। আমার মনে হয় যে পরিকল্পনা যে বৎসর নির্ধারিত থাকে এবং তার জন্য যে বরাদ্দ আমরা এখানে মঞ্জুর করি সেই পরিকল্পনার কার্য যদি সেই বৎসরে সম্পন্ন না হয় সেই বিভাগের যারা বিভাগীয় কর্মচারী থাকেন তাদের যে সংখ্যা সেই সংখ্যা রাখার কোন আবশ্যকতা আছে বলে আমি মনে করি না। আর একটা এই বিভাগের একটা প্রবণতা আমার দৃষ্টি আকর্ষণ করেছে যে রাস্তাঘাট উন্নয়ন অপেক্ষা এই বিভাগের অফিসারদের যেমন এ্যাসিসটেন্ট ইঞ্জিনীয়ার, ওভার সিয়ার ইত্যাদির কোয়ার্টার, গুদাম, গ্যারেজ তৈরী যতটা খরচ হচ্ছে ততটুকু রাস্তার উন্নয়ন হচ্ছে না। আমি আপনার মাধ্যমে আমাদের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করি একটা রাস্তা কাঁদি কোর্ট হতে চৌরীগাছা রেল স্টেশন—এই রাস্তাটা এখন বিদ্যমান থাকলেও এই রাস্তাটার এখনও উন্নয়ন হয় নি। এটা অত্যন্ত আবশ্যকীয় রাস্তা। তার কারণ কাঁদি শহর থেকে রেলওয়ে স্টেশন সব থেকে নিকটবর্তী স্টেশন চৌরীগাছা রেল স্টেশন মাত্র ৮ মাইল। কিন্তু এখন কাঁদির লোককে ২২ মাইল গিয়ে রেল স্টেশনএ রেল ধরতে হয়। আরও এই রাস্তা গেছে কাঁদি মহকুমার একটা এমন এলাকা দিয়ে যেটা একটা বিস্তৃত শস্য উৎপাদনের ক্ষেত্র এবং সেখানে বহু রিফিউজী এসে বসবাস করছেন—চাষবাস করছেন। কিন্তু রাস্তার অভাবে তাদের সেই উৎপন্ন শস্য নিকটবর্তী কোন বাজারে নিয়ে যেতে পারেন না—সেখানে বসে সেই শস্য তাঁদের বিক্রি করতে হয়। বাজারে যেখানে ২০ টাকা দর তাঁদের সেখানে ১২-১৪ টাকা দিয়ে বাধ্য হয়ে বেচে দিতে হয়। আমি এটাও বলবো যে এটা শুধু যাতায়াতের রাস্তা নয়, সেটা শেষ যাত্রারও রাস্তা। শুধু কাঁদি মহকুমায় নয়, সমগ্র বীরভূম জেলা এবং বর্ধমানের কিয়দংশ যখন লোকে শেষ হয়, অর্থাৎ মৃতদেহ যখন গঙ্গায় নিয়ে যায় তখন এই একটা মাত্র রাস্তা যেটার উপর দিয়ে শেষ যাত্রা করে। এই জন্য আমি বলবো মন্ত্রিমহাশয় যেন এদিকে একটু দৃষ্টি দেন। তাহলে পরে অন্তত পক্ষে বহু লোকের উপকার সাধিত হয়। আর একটা রাস্তার কথা বলি—চিরুটি রেল স্টেশন থেকে গোকর্ণ, কুমারগঞ্জ, মহলন্দী হয়ে জীবন্তী, জয়পুর রোডের সংযুক্তিকরণ। এটা দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ছিল—কিন্তু আশ্চর্যের বিষয় চিরুটি থেকে গোকর্ণ কাজ হয়ে অবশিষ্ট

অংশের কাজ বাদ দেওয়া হয়েছে। আমি খোঁজখবর নিয়ে জানলাম যে এটা নাকি এখন হবে না—এ বিষয়ে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা মুর্শিদাবাদ জেলা কালান্তরের একমাত্র রাস্তা রেজিনগর হতে ত্রিমহিনী ভায়া সর্বাঙ্গপুর এই রাস্তাটা আমাদের জেলা থেকে টপ প্রায়োরিটি হিসাবে সুপারিশ পেয়ে আপনার কাছে এসেছে। এ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা কথা—এ কথা নিশ্চয় অধ্যক্ষ মহাশয় আপনি স্বীকার করবেন যে, দেশের উন্নয়ন অনেকটা নির্ভর করে রাস্তাঘাটের উন্নতির উপর কিন্তু দেশের উন্নয়ন আবার নির্ভর করে সরকারের উপর, সে যে দলীয় সরকারই হোক, কংগ্রেস হোক বা যুক্তফ্রন্ট সরকারই

[4-45—4-55 p.m.]

হোক। আমরা দেখছি ও'রা বলছেন যে কংগ্রেস সরকার দেশের উন্নয়ন করতে পারেন নি, আমরাও বলছি যুক্তফ্রন্ট সরকার দেশের উন্নয়ন করতে পারেন নি। তাহলে দেশের যে উন্নয়ন হয় নি সেটা সর্ববাদীসম্মত দুই পক্ষেরই মত। কেন হোল না আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়কে একটু এ বিষয়ে চিন্তা করবার জন্য অনুরোধ করছি। আমার একটা জিনিস মনে হয় যে, এই সরকার সাধারণত পরিচালিত হয় মুখ্যমন্ত্রীর দ্বারা। আমরা চার চারজন মুখ্যমন্ত্রী দেখলাম যে চারজনই অকৃতদার। আমি স্যার, আপনাকে চিন্তা করে দেখতে বলছি যে এটাই একমাত্র কারণ কিনা উন্নতি ব্যাহত হবার -তার জন্য আপনার কাছে অনুরোধ যে বর্তমান মুখ্যমন্ত্রীকে আমি পদত্যাগ করতে বলবো না—কারণ পদত্যাগ করলে এর যে কিছু একটা বিহিত হবে তা আমি মনে করি না। কারণ ত'ার পরে বয়োজ্যেষ্ঠ হিসাবে প্রফুল্লবাবু আছেন, পূর্তমন্ত্রী আছেন, তাঁরা যদি মুখ্যমন্ত্রী হন তাহলে সমস্যার সমাধান হবে না, একই জিনিস থেকে যাবে। তার জন্য আপনার কাছে আমার অনুরোধ যে আমাদের বর্তমান মুখ্যমন্ত্রী একটা দার পরিগ্রহ করে অন্তত পশ্চিমবাংলার যে উন্নয়ন ব্যাহত হচ্ছে সেটাকে বন্ধ করুন। কারণ একটা বিয়ে থা করে সামান্য পরিবারের দায়িত্ব গ্রহণ করতে যাঁরা পারছেন না ত'ারা সমগ্র দেশের উন্নয়ন কি করে সাধন করবেন? আপনার কাছে অনুরোধ স্যার, আপনিও একটু ও'কে অনুরোধ করবেন।

শ্রীকরিম বক্স: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পূর্তমন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তা সমর্থন করি। একথা অস্বীকার করবার উপায় নেই যে স্বাধীনতা পাবার পর কিছু রাস্তাঘাটের উন্নতি হয়েছে। কিন্তু প্রয়োজনের তুলনায় তা অতি নগণ্য, বিশেষ করে পল্লীগ্রামের উপর নজর দেওয়া হয় নি, পল্লীকে অবহেলা করা হয়েছে। রাস্তাঘাটের ব্যাপারে সব সময় শহরের দিকে বেশী নজর দেওয়া হয়েছে। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আমাদের পূর্তমন্ত্রীকে অনুরোধ করবো যে, এইবার কিছু রাস্তা পল্লীর দিকে করবার জন্য তিনি যেন চেষ্টা করেন, কারণ তাতে দেশের উপকার হবে। এখন পেটে হাত পোড়েছে—কৃষকের উৎপন্ন ফসল শহরে না আনতে পারলে ক্ষুধার জ্বালায় মরতে হবে। সুতরাং পল্লীর রাস্তা উন্নয়ন অত্যন্ত প্রয়োজন। তারপর পল্লীগ্রামে যেসমস্ত হেলথ সেণ্টার রয়েছে সেই হেলথ সেণ্টারে যাবার রাস্তার অভাবে রুগী হেলথ সেণ্টারে যেতে পারে না। এরপর হাউসিং-এর যে ব্যবস্থা নেওয়া হয়েছে তা শহরেই বেশী হয়েছে। আমি অনুরোধ করবো কলকাতার বাইরে হাউসিং প্ল্যানের প্রবর্তন করা উচিত। এবার আমি আমার নিজের কনস্টিটিউয়েন্সীর কতকগুলি রাস্তা যেগুলি চতুর্থ পরিকল্পনায় নেওয়া উচিত বলে মনে করি সেগুলির কথা বলব। চাকদা থানার দুটো রাস্তা বেলেবাজার থেকে নিমতালা ও চুয়াডাঙ্গা বাজার থেকে কাষ্টডাঙ্গা এবং হরিণঘাটা থানার বড়জাবুলা থেকে ঝিগড়া ইত্যাদি রাস্তাগুলির যদি উন্নতি করা যায় তাহলেও সেখানকার কৃষকদের ফসল বাজারে আসতে পারবে এবং দেশের কল্যাণ হবে। এই রাস্তাগুলির কাজ এত মন্থর যে কতদিনে পল্লীবাংলার রাস্তা শেষ হবে তা বলা যাবে না। বর্ধমান জেলা বাদশাহী থানা তারাবশীল রাস্তাটি দ্বিতীয় পরিকল্পনায় মঞ্জুর করা হয়েছিল এবং রাস্তার পাশে মেটিরিয়াল কালেকশন করা হয়েছে, কিন্তু কাজ হয় নি। সুতরাং চতুর্থ পরিকল্পনায় যদি বিলম্বে কাজ হয় তাহলে কবে যে রাস্তার উন্নতি হবে তার ঠিক নেই। তারপর রাস্তাঘাটের সুপারভিশনের কাজ খুব খারাপ হয়। রাস্তাগুলি এত খারাপ হয় যে অল্প সময় পরে তার রি-কনস্ট্রাকশন করতে হয় এবং নতন রাস্তার খরচ করতে হয়। রাস্তা করতে যে টাকা দিতে হয় তার চেয়ে অপেক্ষাকৃত বেশী টাকা দিতে হয়। অতএব উপযুক্তভাবে রাস্তাগুলি যেন পর্যবেক্ষণ করা হয়। রেলেটী রাস্তায় এইরকমভাবে কাজ করা হয় যে সেখানকার অবস্থা দেখা হয় না, যেমন এক

জায়গায় পাশাপাশি ৫০ হাত অন্তর ২টো কালভার্ট করা হয়েছে, যেখানে একটা কালভার্ট করলেই হয়ে যায় আবার যেখানে কালভার্টের প্রয়োজন আছে সেখানে কালভার্ট নেই এবং হয়ত দু'বছর পর নতুন করে সেখানে কালভার্ট হচ্ছে। যেসমস্ত জায়গায় ডিপ টিউবওয়েল আছে সেই ডিপ টিউব পাইপগুলি বসাবার কাজ যদি তাড়াতাড়ি হয় তাহলে অনেক ধানের জমি উদ্ধার পাবে। সুতরাং আমি অনুরোধ করব যে টুয়েলভ মাইল যে ডিপ টিউবওয়েল আছে সেখানে ১২ ফুট জায়গা খুঁড়ে টিউবওয়েলের পাইপ বসালে পাঁচ শত বিঘা জমিতে জলসেচ করা যায়। হুগলি জেলার চণ্ডীতলার রাস্তাগুলি খুব খারাপ এগুলিকে ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যানে নেবার জন্য নিবেদন করছি এবং অনুরোধ করবো যাতে এই রাস্তাগুলি সংস্কার করা হয়। এই বলে আমি শেষ করছি।

[4-55—5-05 p.m.]

শ্রীসুন্দরকুমার নস্কর: মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দের দাবী রেখেছেন তাকে সমর্থন করতে উঠে আমি আপনার মাধ্যমে এখানে কয়েকটি কথা বলতে চাই। এই পূর্ত বিভাগের অন্যতম প্রধান লক্ষ্য হওয়া উচিৎ স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ। পশ্চিমবাংলার এখনও বহু জায়গায় স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ করা হয় নি। স্বাস্থ্যকেন্দ্র প্রতিষ্ঠার প্রথম পদক্ষেপ হচ্ছে স্বাস্থ্যকেন্দ্রের জন্য গৃহনির্মাণ করা। আশা করি মন্ত্রিমহাশয় এই খাতে ব্যয়বরাদ্দ বৃদ্ধির জন্য অনুগ্রহপূর্বক দৃষ্টি দেবেন। ১৯ বছরের কংগ্রেস রাজত্বে গ্রামের দিকে নজর দেওয়া হয় নি। তাই আজকে গ্রামজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। সেইজন্য আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে গ্রামের রাস্তাগুলি অবিলম্বে পাকা হওয়া প্রয়োজন। পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্টের মধ্যে বিরাট দুর্নীতি বাসা বেঁধে রয়েছে এবং লালফিতায় বাঁধা আমলাতান্ত্রিক ব্যবস্থা রয়েছে, এটাকে অবিলম্বে ভেঙে দেওয়া দরকার। পূর্ত বিভাগের সবচেয়ে বড় বদনাম হয়েছে দুর্নীতির জন্য। কাজেই এই দুর্নীতির বিরুদ্ধে ধারাবাহিকভাবে সংগ্রাম করতে হবে। সৎ কর্মচারীর প্রশংসা করতে হবে এবং সঙ্গে সঙ্গে দুর্নীতিগ্রস্ত কর্মচারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন করতে হবে। কনট্রাকটরদের মনোনয়নের ব্যাপারে কংগ্রেস আমলে একটা বিরাট দুর্নীতির বাসা বেঁধেছিল। সেখানে রাজনৈতিক পক্ষপাতিত্ব করা হয়েছিল। বিগত ১৯ বছরে কেবল স্বজন পোষণ হয়েছে। সুতরাং এগুলি আজকে তদন্ত হওয়া দরকার। বহু গ্রামে স্বাস্থ্যকেন্দ্র খোলার পরিকল্পনা হয়েছে কিন্তু এখন পর্যন্ত স্বাস্থ্যকেন্দ্রগুলির গৃহনির্মাণের ব্যবস্থা হচ্ছে না। তারপরে সেতু নির্মাণের ব্যবস্থা করা দরকার। যে সেতুগুলি ভেঙ্গে গেছে সেগুলিকে মেরামত করা দরকার। আর মফঃস্বল শহরে গৃহহীন শ্রমজীবী ও গরীব মধ্যবিত্তদের জন্য গৃহ নির্মাণ স্কীম করা দরকার। স্যার, আমি আপনার মাধ্যমে ২৪ পরগনা জেলার কয়েকটি রাস্তার কথা এখানে বলছি, যেগুলি এখুনি হওয়া দরকার। মৌদির মোড় থেকে হোটর স্টেশন পর্যন্ত ভায়া ঝিমকির হাট, মহামায়া রোড থেকে কল্যাণহাট ভায়া নেপালগঞ্জ কয়েশতলা থেকে বাগরা হাট, খাওয়ালি থেকে রানীয়া, সরিষা থেকে পানার হাট, কাকদ্বীপ থেকে পাথরপ্রতিমা, চাঁদ পাড়া থেকে পাম্মা, জেঠিয়া মাঝি পাড়া থেকে বাগড়া, ভায়া ইটালিয়া চক, পাথরঘাটা হেলথ সেন্টার থেকে বিষ্টুপুর বটতলা, ডোমকল থেকে কুশাবাড়ি ঘাট ইত্যাদি রাস্তাগুলি অবিলম্বে হওয়া দরকার বলে আমি মনে করি। মাথারদার নিকট মানসাই নদীর উপর একটি সেতু রয়েছে। তারপর থেকে রাস্তাটা অবিলম্বে হওয়া দরকার। ডায়মন্ডহারবার রোড হচ্ছে ২৪ পরগনা জেলার সবচেয়ে বড় যোগাযোগের রাস্তা। বিগত ১৯ বছর ধরে শুনে আসছি যে সেটা সংস্কার হবে। এর জন্য প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ১৪ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছিল এবং তারপরে দ্বিতীয় ও তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় মঞ্জুর করা হয়েছিল, কিন্তু আজ পর্যন্ত রাস্তাটি সংস্কারের ব্যবস্থা হয়নি, যার জন্য সকাল-বিকালে রাস্তাটির ট্রাফিক জাম হয়ে যাচ্ছে প্রতিদিন। এর ফলে সরকারী কর্মচারী ও স্কুল কলেজের ছাত্রদের অনেক অসুবিধা হচ্ছে। কালিঘাট-ফলতা-মাঝেরহাট রেল স্টেশন উঠে গেছে। গোরষাপুর থেকে ঠাকুরপুকুর পর্যন্ত রাস্তাটি যদি অবিলম্বে সংস্কার করা হয় তাহলে দক্ষিণ ২৪ পরগনার যোগাযোগের রাস্তাগুলি মুক্তি পেতে পারে। সেই জন্য মন্ত্রিমহাশয়ের কাছে আমার নিবেদন হচ্ছে এই যে, ডায়মন্ডহারবার রোড সংস্কারের বিকল্প ব্যবস্থা হিসাবে ঘোরষাপুর থেকে ঠাকুরপুকুর পর্যন্ত রাস্তাটি যাতে অবিলম্বে হয় তার দিকে দৃষ্টি দেবেন। মটামারাতলা হইতে পৌলানহাটঘাট ভায়া নিজামগঞ্জ একমাত্র যোগাযোগ ব্যবস্থা এবং

বহু কৃষক এবং ছাত্র রয়েছে যারা যাতায়াত করে, এর মধ্যে রাস্তা না থাকার ফলে বিরাট অসুবিধা ঘটছে। সুতরাং অবিলম্বে যাতে এই রাস্তাগুলি হয় সেজন্য আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি এবং এখন যে রাস্তাটি হয়েছে বিষ্টুপুর-এর তারাকুঠি থেকে জুলপিয়া পর্যন্ত—আমরা দেখেছি রাস্তাটি তৈরী হয়ে গেছে কিন্তু ৩-৪ মাস পরে দেখা গেল রাস্তার খোয়া উঠে গেছে, রাস্তার পাশে পিচের ড্রামগুলো এবং বালিগুলো পর্যন্ত এখনও পড়ে আছে। সুতরাং এইভাবে প ডবলিউ ডি-র মধ্যে একটা বিরাট দুর্নীতির বাসা বেঁধে রয়েছে, এগুলির তদন্ত হওয়া দরকার এবং যেসমস্ত দোষী কর্মচারী রয়েছে তাদের কঠোর শাস্তিবিধান যাতে হয় তার জন্য মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে আজকে যে ব্যয়বরাদ্দের দাবী রাখা হয়েছে আপনার মাধ্যমে তা পূর্ণ সমর্থন করে বক্তব্য শেষ করছি।

শ্রীতিনকড়ি মন্ডল: অন এ পয়েণ্ট অফ অর্ডার স্যার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, বহু উদ্বাস্তু মহিলা রেশন কার্ডের দাবীতে আমাদের হাউসের নর্থ গেটে উপস্থিত হয়েছেন। আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি তাঁদের সঙ্গে সাক্ষাত করে তাঁদের আশ্বাস দেবার জন্য।

মিঃ স্পীকার: আমি মন্ত্রিমহাশয়কে খবর দিচ্ছি।

শ্রীসত্যব্রত ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পূর্ত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় যে বাজেট উপস্থিত করেছেন এই পবিত্র কক্ষে সে সম্বন্ধে আমি ২-১টি কথা বলতে চাই। আমি সর্বপ্রথমে অভিনন্দন জানাই যে, বাজেট স্পীচে আমরা দেখে এসেছি ২-১ জন মন্ত্রী ছাড়া তাঁদের বাজেট ভাষণে সর্বপ্রথমেই একবার বিশ বছরের কংগ্রেসের জঞ্জাল ইত্যাদি বলে রিপ্লাইর পরি-সমাপ্তি করেন। কিন্তু তাঁর অতীতের রেভলিউশনারী ঐতিহ্য আছে বলে তিনি উল্লেখ করেন না, সেজন্য তাঁকে অভিনন্দন জানাই। তিনি আজকে বাজেট স্পীচে বলেছেন যে বর্ডারের রাস্তা —বাংলাদেশ সমস্ত ভারতবর্ষের পূর্বদিকের সীমান্ত প্রদেশ এবং সেন্ট্রাল গভর্নমেন্টের দায়িত্ব আছে বর্ডারের রাস্তাগুলি করা কিন্তু বর্ডারের রাস্তার সঙ্গে যেসব ফিডার রোড আছে, যেখান থেকে ন্যাশানাল হাইওয়ে চলে গেছে তার সঙ্গে বর্ডারের রাস্তাগুলি সংযোগস্থল—সেখানে তাদের টেকনিসিয়ানরা বলে দেন যে আমাদের দায়িত্ব সেটা নয়, সেটা হচ্ছে রাজ্যসরকাররে দায়িত্ব। এইরকম তিনি আজকে তাঁর ভাষণে উল্লেখ করেছেন। পূর্ব মন্ত্রীসভা তাঁরা কতকগুলি রাস্তা নিয়েছিলেন, তাঁদের সঙ্গে শলা পরামর্শ করে, কিছু অংশ নিজেরা বহন করেছেন, কিছু অংশ সেন্ট্রাল গভর্নমেন্টকে দেবার কথা বলছেন। তাঁদের সম্মতি নিয়ে যেসমস্ত রাস্তাগুলি হয়েছে সেগুলির টাকা আজ পর্যন্ত সেন্ট্রাল গভর্নমেন্ট দেন নি। আমি তাঁর সঙ্গে একমত যে এই টাকা আদায় করবার জন্য তাঁর যতখানি শক্তি আছে প্রয়োগ করুন এবং আমাদের দিক থেকে আমরা পূর্ণ সমর্থন জানাবো। এখানে অনেক সদস্য নিজের নিজের এলাকার রাস্তার কথা বলেছেন, আমি আশংকা করি সব রাস্তাগুলি যদি গ্রহণ করবার চেষ্টা করেন তাহলে এই পাঁচ বছরের মধ্যে অর্থাৎ চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে হয়ে উঠবে কিনা জানি না। কিন্তু সরকার পক্ষ

[5-05—5-15 p.m.]

। আমাদের পক্ষ থেকে যেসমস্ত রাস্তার কথা উল্লেখ করা হয়েছে তার যে গুরুত্ব আছে একথা আমি অস্বীকার করি না। কিন্তু তার মধ্যে আপনাদের সীমিত যে টাকা—আপনাদের কাছে আছে, সেই টাকা দিয়ে আপনি কোন দিকে অগ্রাধিকার দিবেন সেটা আপনি বিবেচনা করবেন। সেই অনুরোধ জানাই।

আপনি অত্যন্ত গুরুত্বপূর্ণ কথা উল্লেখ করেছেন যে বর্ডার রাস্তার সঙ্গে যেসমস্ত ফিডার রোড এসে মিশেছে, সেই ফিডার রোডগুলি যদি আমরা না করি—হয়ত অবশ্য আমাদের দেশ আক্রান্ত না হতে পারে—আমাদের বিবেচনা করতে হবে যে বাংলার একদিকে চীনের সীমান্ত, অন্য দিকে পাকিস্তানের সীমান্ত, এই উভয় দেশের সঙ্গে আমাদের সোহার্দ্য বা বন্ধুত্ব নাই। কাজেই আপনি ঐ রাস্তাগুলি যাতে আগে টেক আপ করেন সেদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

সরকারী দলের অন্যতম সদস্য ডাঃ নলিনাক্ষ সান্যাল করিমপুর রাস্তার সম্বন্ধে বলেছেন, সেইরকম রাস্তা আছে মুর্শিদাবাদে, সেইরকম আছে নদীয়ায়, সেইরকম আছে ২৪-পরগনায়, সেইরকম মালদহে আছে, সেইরকম ওয়েস্ট দিনাজপুরে আছে। সেই দিকে আপনাকে লক্ষ্য দিতে বলবো। আপনার টাকার মধ্যে একটা অংশ সেইসমস্ত রাস্তাগুলির উপর রাখবেন এই অনুরোধ জানাই।

একটি কথা বলে— আপনি বাঁচলে বাপের নাম, আগেও আমাদের দেশ আক্রান্ত হয়েছে। সেখানে যদি তাড়াতাড়ি রাস্তা রসদ সৈন্য বাহিনী পাঠাতে পারি, তাহলে আমাদের স্বাধীনতা রক্ষা হতে পারে। এটা নিশ্চয়ই আগে হবে। সেখানে কবি কঙ্কনের জন্মস্থান, স্বর্গীয় রাস-বিহারী ঘোষের জন্মস্থান, সেখানে স্ট্রাটেজিক নিশ্চয়ই হবে। সরকারপক্ষের সদস্যদের অনু-রোধ করবো এইদিকে তার দৃষ্টি দেওয়া উচিত কি উচিত না, সেটা তিনি বিবেচনা করবেন। এই প্রসঙ্গে নদীয়ায়ার কথা ডাঃ সান্যাল বলেছেন। নদীয়ার কথা নিশ্চয়ই আপনি জানেন. মালদহেও সেইরকম আছে।

আমি দুটো ফিডার রোডের কথা বলবো—একদিকে ন্যাশনাল হাইওয়েজ চলে গেছে. কলকাতা থেকে শিলিগুড়ি পর্যন্ত, অন্য দিকে ২০ মাইল তফাতে বর্ডার রাস্তা হয়েছে—সেখানে চর পুটিবাড়ি, আনরিগঞ্জ গিয়েছে। নদীকাটা, চর সবন্দীশপুর, চর কাঠাবাড়ি, কৃধপুর চর—সেখানে আমাদের নদীর জন্য আমাদের ৯ মাস ধরে আমাদের সেই জায়গা বিচ্ছিন্ন হয়ে থাকে—বর্ষার জলে এবং নদীর জলে। সেখানে যদি পাকিস্তানের মুষ্টিমেয় লোক এসে আক্রমণ করে জবরদস্তি দখল করে নেয়, তাহলে আমাদের বলবার কিছুই থাকে না, যদিও সেটা আমাদের রাজ্য সরকারের দায়িত্বের মধ্যে পড়ে। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো এ সম্বন্ধে যদি কিছু করতে হয়, সেণ্টারকে সে দায়িত্ব নিতে হবে—তার জন্য আপনি কেন্দ্রকে চাপ দেবেন। আমাদের দল প্রয়োজন হলে এই ব্যাপারে আপনাদের সহায়তা করবে. শক্তি যোগাবে. সেই রাস্তা করবার জন্য। ইতিপূর্বে শ্রীযুক্ত গোয়ালবদন ত্রিবেদীও সেই রাস্তা সম্পর্কে বলে গেছেন—আমিও সেই রাস্তার জন্য বলবো। একটা হলো রেজীনগর থেকে কেষ্টপুরের মধ্য দিয়ে ভায়া সর্বাঙ্গপুর হয়ে যে রাস্তাটা বর্ডারে গিয়ে মিশেছে। আর একটা হলো জিয়াগঞ্জ থানা থেকে বেরিয়ে পলাসপুকুর হাটের উপর দিয়ে বাগদাতে বাইফারকেটেড হয়ে গিয়েছে, বানিতলা হাট হয়ে বর্ডারে ও আখরীগঞ্জ গিয়ে মিশেছে এর খুব স্ট্রাটেজিক্ ইমপরটেন্স রয়েছে, যেহেতু বর্ডারের রাস্তা, ফিডার রাস্তা—এর যথেষ্ট গুরুত্ব বা ইমপরটেন্স আছে। এই দিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং এই দুটো রাস্তা যাতে দ্রুত যানবাহন চলাচলের উপযোগী করা যায় তার জন্য আপনার কাছে নিবেদন করছি।

আর একটা রাস্তা মুর্শিদাবাদ থেকে বর্ডারে যাবার রাস্তা. ভৈরব নদী পার হয়ে যেতে হয় সেকথা উল্লেখ করা হয়েছে। ভৈরব নদী যেখানে ইসলামপুর দিয়ে গিয়েছে. সেখানে একটা ব্রীজ হবার কথা অনেকদিন থেকে বলা হচ্ছে। আজও হচ্ছে না। সেটা মিলিটারীর দিক থেকে খুবই স্ট্রাটেজিক ইমপরটেন্স রয়েছে এবং জনসাধারণের চলাচলের জন্যও সেই ব্রীজটা অবিলম্বে তৈরী হওয়া দরকার। এমারজেন্সীর সময়ে সেখান দিয়ে সৈন্য চলাচল করবার অন্য কোন উপায় নাই—যদি ঐ রাস্তার উপর ব্রীজটা না হয়, দ্রুত বর্ডারে যেতে গেলে এটা অবশ্যই একান্ত প্রয়োজন। কাজেই আপনার টাকা নাই বললে চলবে না। সেণ্টার কেন সেই দায়িত্ব নেবেন না? সেদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এই ব্রীজটা যাতে তাড়াতাড়ি হয় এবং এই চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে অগ্রাধিকার দিয়ে দ্রুত এই ব্রীজ তৈরীর কাজটা সম্পন্ন হয় সেদিকে মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

এই কথা কয়টি বলে আমার বক্তব্য এখানে শেষ করছি।

শ্রীফজলে আহ্মেদঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এক এক সময় ভাবতে কষ্ট হয় এবং জটিল মনে হয় এই কথা ভাবতে যে, জেরুজালেম শহরটা তৈরী করা হয়েছিল তীর্থ করার জন্য, অথবা জেরুজালেম শহরটা তৈরী হবার পর, সেখানে তীর্থ করবার একটা প্রবণতা মানুষের

মধ্যে জেগে ছিল। এই ভাবনার কারণ এই যে, আমরা দেখি ঐ শহরটায় বিভিন্ন ধর্মাবলম্বী লোক, তাঁদের প্রত্যেকের তীর্থক্ষেত্র বলে দাবী করেন। আজকে এই বাজেট বিতর্কে অংশ গ্রহণ করতে গিয়ে এই কথাটা আমার বারে বারে মনে হচ্ছে যে আমাদের এই পূর্ত বিভাগ, এটা কি জনহিতকর কাজ করবার জন্য? দেশের রাস্তাঘাট, বাড়ি ইত্যাদি কন্ট্রাকটর দ্বারা তৈরী করবার জন্য এই বিভাগটা সৃষ্টি হয়েছিল, অথবা কিছু কিছু কনট্রাকটর, কিছু কিছু নিজেদের লোক, কিছু সাহায্যকারী, কিছু অনুগত, আমাদের দয়াদাক্ষিণ্যের উপযোগী কিছু লোক ইত্যাদিকে সাহায্য করবার জন্য এই ডিপার্টমেন্টের সৃষ্টি হয়েছিল, এটা ভাবতে এবং সিদ্ধান্তে পৌঁছুতে আমার অনেক সময় গোলমাল হয়ে যায়। সে যাই হোক, উদাহরণস্বরূপ কিছু প্রমাণ আমি আপনার সামনে রাখতে চাই। প্রথম উদাহরণটা হয় এই, যে, পূর্বতন সরকার যখন ক্ষমতায় আসীন ছিলেন, তখন তাঁরা এই ডিপার্টমেন্ট থেকে যে যে কাজগুলি করেছিলেন, তার চারিত্রিক বৈশিষ্টে সত্যিই একটা চিন্তার সুযোগ আছে। যেমন বলতে পারি মুর্শিদাবাদের ভাগীরথীর উপর বিখ্যাত যে ব্রীজটি তৈরি হয়েছে, সেটার নির্মাণ কাজ এখন সম্পূর্ণ শেষ হয়ে গিয়েছে। কিন্তু যখন সেই ব্রীজটি তৈরী হচ্ছিল তখন নিশ্চয়ই সকলের মনে আছে যে খবরের কাগজের শিরনামায় বড় বড় অক্ষরে একদিন সংবাদ প্রচার করা হয় যে, রাধারঘাটের নির্ণীয়মান ব্রীজটি ভেঙ্গে পড়ে গিয়েছে। সেটা নিশ্চয়ই কেউ ভোলেন নি। তাছাড়া এখানে আরও কতকগুলি দুর্নীতির ঘটনা আমরা লক্ষ্য করেছি। কল্যাণীতে যে শহর তৈরী হয়েছে, সেখানে অনেক কেলেঙ্কারীর কথা শুনেছি। যেখানে ১৪ ইঞ্চি ঢালায়ের প্রয়োজন, সেখানে মাত্র ৪ ইঞ্চি ঢালাই করা হয়েছে, ফলে ভারসম্য হারিয়ে সমস্ত ফেটে চৌচির হয়ে গিয়েছে। এটা আপনার না জানার কথা নয়। আরও একটা দুর্নীতি ও কেলেঙ্কারীর কথা বলি। আমাদের যুক্তফ্রন্ট সরকার যখন ক্ষমতায় আসীন হয়ে এলেন, তখন আমাদের মাননীয় জনৈক মন্ত্রী, খড়দার কাছে একটি কেলেঙ্কারীর ব্যাপার ধরেন। সেটা নিশ্চয়ই আপনার দৃষ্টি এড়িয়ে যায় নি। কাজেই এটা স্পষ্ট প্রতীয়মান ও প্রমাণিত হচ্ছে জে, পূর্বতন কংগ্রেস সরকার এই ডিপার্টমেন্ট থেকে আমাদের দেশের কোন জনহিতকর কাজ বা কল্যাণমূলক কাজ করবার উদ্দেশ্যে যে অর্থ ব্যয় করেছিলেন তার উদ্দেশ্য যতটা গঠনমূলক তার চেয়ে বেশী কেবল নিজেদের দলের অনুগত লোককে পোষণ ও অনুগৃহীত করা এবং সেই টাকাটা ঘুরিয়ে, কায়দা করে, কংগ্রেস ফান্ডে জমা করার ব্যবস্থা করা।

(নয়েজ অ্যান্ড ইন্টারাপশানস।)

এটা ভাবতে অনেকেরই মনে ব্যথা লাগে। কিন্তু সত্যকে অস্বীকার করে লাভ নেই। অবশ্য ওরা এই ডিপার্টমেন্ট থেকে কিছু কিছু কাজ করেছিলেন। তারও কিছু কিছু নমুনা আপনাকে দেবো, তাহলে আপনি বুঝতে পারবেন সেখানেও তাঁদের কি মতলব ছিল। তাঁরা যে সমস্ত রাস্তাগুলি তৈরী করেছেন, তা বেশীর ভাগই নিজেদের ধনতান্ত্রিক বিধি ব্যবস্থার প্রয়োজনে অর্থাৎ বড় বড় এই রাস্তা নির্মাণের প্রয়োজন অর্থনৈতিক ভিত্তিক অর্থাৎ মিল মালিকদের, কলকারখানা ওয়ালাদের মাল বোঝাই ট্রাক প্রভৃতি গাড়িগুলি চলবে বলে। সমাজের সর্বস্তরের লোকের চলাচল ব্যবস্থা উন্নত ও সহজ করার প্রয়োজনে নয়। এই সমস্ত বড় বড় রাস্তাঘাট যা তৈরী করা হয়, তার জন্য মিক্সচার মেসিন নিয়োগ করে পাথরকুচি ও পীচ ভালভাবে মিশিয়ে রাস্তার উপর মিশ্রিত পাথর কুচি বিছিয়ে, পিঠিয়ে, সুন্দরভাবে রাস্তাগুলি নির্মাণ করা হয়, যাতে তার উপর দিয়ে ট্রাকগুলির যাতায়াত করতে কোন অসুবিধা না হয়। আর লোক ভুলানো অন্য যেসমস্ত রাস্তা তৈরী করা হয়েছে সেগুলিতে করেছেন কি? একটা বাল্টি, যার ঝর্ণার মত মুখ, ঐ ঝর্ণা মুখ থেকে রাস্তার উপর পিচ পড়তে থাকে, আর তার উপর কিছু পাথরকুচি বিছিয়ে দিয়ে, সেগুলি একটু বসিয়ে দিয়ে, কোনরকমে নির্মাণ কাজ শেষ করতে নামমাত্র টাকা খরচ করে বাকি টাকাগুলি তাঁরা পকেটস্থ করেন। (ইন্টারাপশানস।) মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা শোনবার কথা ঐ টাকাটা তাঁরা বগলদাবা করে নিয়ে এসে, ঘুরিয়ে ফিরিয়ে তাঁদের অতুল্য দাদার ঝুলিতে ফলে দেন। আমরা বরাবর দেখেছি এইভাবে তাঁরা অতুল্য কীর্তি করে এসে-ছেন। অবশ্য আমি এ কথা বলছি না যে, তাঁরা সবাই খারাপ, তবে কিছু দুর্মুখ লোকের মুখে শুনেছি যে, বেশীর ভাগ লোকই ঐ শ্রেণীর। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার শুনতে হয়ত ভালই লাগবে, যে আমরা আগেতে জানতাম যে এটা পূর্ত বিভাগ, কিন্তু কিছু কিছু লোক বলেন আপনি বিশ্বাস নাও করতে পারেন যে এটা পুত্র বিভাগ তথা ঠিকাদার বিভাগ। এই পূর্ত

বিভাগ সম্বন্ধে অনেকে বলেন যে, এটার আসল নাম হল ঠিকাদার পোষণ বিভাগ। এ কথা আপনি অবশ্য বিশ্বাস নাও করতে পারেন। কিন্তু আমরা মনে করি যে যাঁরা এ কথা বলেন, তাঁরা যে খুবই অন্যায় বলেন তা নয়, কারণ তার মধ্যে অনেক কিছু বিশ্বাস করবার মত বিস্ময়কর ব্যাপার আছে।

[5-15—5-25 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই যুক্তফ্রণ্ট সরকার যখন গদিতে এসেছেন তখন এই বিভাগের যিনি ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় হেমন্তকুমার বসু মহাশয়, তাঁর কাছে আমি কয়েকটি কাজের জন্য আবেদন রাখবো। সেই কাজগুলির পরিচয় বলার আগে আমি দু-একটি কথা আপনাকে বলতে চাই। মনে করুন সব পশুত একভাবে বশ মানে না, যেমন একটা গরু তাকে দড়ি দিয়ে বেধে নাকটা সিলাই করলে তবে সে বশ মানে, যেমন একটা বাঘ তাকে ইলেকট্রিক শক না দিলে সে জব্দ হয় না, তেমনি কিছু কিছু কনট্রাকটর আছে যাদের এরা ঠিকমত বাগে আনতে পারতো না বলে সব সময় তাদের কাজও দিত না। এটা আমরা দেখেছি কোথায় জানেন, ঐ তমলুক-কণ্টাই সড়কে হলদী সেতু যখন তৈরী হয় তখন দেখেছিলাম যিনি সর্ব কমে টেন্ডার দিলেন তাঁকে কাজটা না দিয়ে তার উপর বেশী দরের যিনি ছিলেন তাঁকেও কাজটা না নিয়ে তাঁর উপরে যিনি ছিলেন তাঁকে দিয়ে সেই কাজ করানো হয়েছে। এ সম্বন্ধে অনেকেই বলেছেন, কাজটা যিনি করেছিলেন, শ্রীমতী আভা মাইতির উদ্যোগে তাঁর কাজটা হয়েছিল। আমি জানি না কনট্রাকটরের সঙ্গে আভা মাইতির কি পার্সেন্টেজ ছিল। আর একটি কথা আমি আপনাকে বলতে পারি, তারকেশ্বর-আরামবাগ যে একটি সেতু আছে সেই সেতুর নাম রামকৃষ্ণ সেতু, সেটার যখন টেণ্ডার কল করা হয় এবং সেই টেণ্ডার যখন অ্যাকসেপট করা হয় তখনও ঠিক একই প্র্যাক-টিস আমরা দেখেছি। কাজেই কংগ্রেসীগণ যে রাস্তার টাকা আমদানী করতে গলবস্ত্র হোত সে রাস্তা সব সময় সলিড থাকতো না, কোন কোন সময় সেই রাস্তা বেশ ফোঁপরা ফোঁপরা মত হত। সেটার জন্য অনেক সময় কনট্রাক্টর বেচারাকে অনেক ভোগান্তি পোয়াতেও হয়েছে। এইবার আমি মাননীয় বিভাগীয় মন্ত্রিমহাশয়কে কয়েকটি রাস্তার কথা, আমাদের কয়েকটি দাবীর কথা বলবো। আমরা জানি তিনি সৎ লোক, আমাদের বিশ্বাস আছে আমাদের যুক্তফ্রন্ট সরকার কোনদিন এমন কোন কাজ করবে না যা জনস্বার্থবিরোধী। নিজেদের স্বার্থের ও সমস্যার কথা তাঁরা চিন্তা করেন না, দেশের বৃহত্তর জনসমাজের কথা চিন্তা করে গঠনমূলক কাজের জন্য তাঁরা টাকাপয়সা খরচ করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমাদের বীরভূম জেলার কথা বলি, বীরভূম জেলার অনেক রাস্তায় খারাপ হয়ে পড়েছে। মুরারই থানায় রুদ্রনগর গ্রামে একটা হেলথ সেন্টার আছে, সেই হেলথ সেন্টারের সঙ্গে বড় রাস্তার কোন যোগাযোগ নেই, বর্ষার সময় সেই হেলথ সেন্টার একটা দ্বীপের মত হয়ে যায়। কাজেই আমি বলবো হেলথ সেন্টার যে উদ্দেশ্যে ওখানে করা হয়েছে, লোকের চিকিৎসার জন্য, সেই উদ্দেশ্য যদি ঠিকমত সাফল্যমণ্ডিত করতে হয় তাহলে বড় রাস্তার সঙ্গে ছোট রাস্তার যোগাযোগ করে দেয়া দরকার। আমি আরো বলবো ২৪-পরগনা জেলায় মথুরাপুর থেকে পাথরপ্রতিমা যে ২৯ মাইল রাস্তা আছে সেটা অবিচ্ছিন্নভাবে নির্মাণ করা দরকার। শুধু ওটা নয়, কুলতলি, পাথরপ্রতিমা, জয়নগর, বাসন্তী, ক্যানিং, ইত্যাদি থানার সঙ্গে পারস্পরিক যোগাযোগ হয়ে যাওয়া উচিত। কিন্তু সেই সমস্ত করা হয় নি। সুন্দরবনের মধ্যে একটা সুন্দর মাষ্টার প্ল্যান করে রাস্তা নির্মাণ করা দরকার। আমি আরো বলতে পারি হুগলী জেলায় চণ্ডীগড় থানায় যেসমস্ত রাস্তা আছে সেগুলি একান্ত প্রয়োজন। তাছাড়া আর একটা কথা না বলে আমি পারছি না, সেটা হচ্ছে হুগলী জেলায় কেলেঘায় নদীর উপর একটা এলাকাতে একটা পুল নির্মাণের পরিকল্পনা আগেকার সরকার নিয়েছিলেন কিন্তু আমি জানি না শাসকগণের টাকার বখরাতে কিছু গণ্ডগোল হয়েছিল কিনা, যার জন্য ওখানকার স্যাংশন করা টাকা অন্য দিকে চলে গিয়েছিল। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো তিনি যেন সেই পরিকল্পনা নূতনভাবে গ্রহণ করেন এবং সেটা ভাল করে যেন তৈরী করা হয়। আমার সর্বশেষ কথা হচ্ছে যে, ঠিকমত ভালভাবে কাজ যতে হয় এই দাবী করে আমি এই ব্যয় বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকমলাপদ ভৌমিক: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় পূর্ত বিভাগের যে ব্যয়বরাদ্দ উপস্থাপিত করেছেন আমি সে সম্বন্ধে আপনার মাধ্যমে পূর্ত মন্ত্রিমহাশয়ের নিকট কয়েকটি বিষয় রাখছি। প্রথম কথা হচ্ছে এই ব্যয়বরাদ্দে আমি দেখতে পাচ্ছি যে সুদূর পল্লী অনুন্নত এলাকার উন্নতি বিধানের কোন আভাস এর মধ্যে নেই। যাই হোক, আমি বনগ্রাম মহকুমার একজন জন প্রতিনিধি। আমি পূর্তমন্ত্রীর অবগতির জন্য এই কথা রাখছি যে বনগ্রাম মহকুমায় চাকদহ রোড এবং যশোর ক্যালকাটা রোড এই দুটো হচ্ছে প্রধান রাস্তা এবং এই মহকুমার শতকরা ৮০ ভাগ হচ্ছে বাস্তুহারা। এই বাস্তুহারারা বড় রাস্তার পাশে কোন জায়গায় বসবার ভাগ্য লাভ করে নি, তারা ঐ পাকা রাস্তা থেকে সুদূর দূরে কোথাও জঙ্গল কেটে, কোথাও বিল-খাল ভর্তি করে, কোথাও পচা ডোবা ভর্তি করে বাড়ি করেছে এবং এই মহকুমার কোন শহরে কলকারখানা নেই, তাই তাদের একমাত্র উপজীবিকা হচ্ছে কৃষি এবং সেই কৃষিজাত দ্রব্য আনতে হলে বনগ্রাম গোপাল নগর, নহাটা, চাঁদপাড়া প্রভৃতি এলাকায় আসতে গেলে দীর্ঘ ৭/৮ মাইল বা ১০ মাইল কোন রাস্তা নেই, কষ্ট করে মাথায় বোঝা নিয়ে তবে তাদের আসতে হয়। তাই আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি কারণ তিনি এক মাস পূর্বে এই মহকুমায় গিয়েছিলেন, গোপালনগর এলাকায় সেখানে দেখেছেন ঐ দুটি রাস্তা ছাড়া আর পাকা রাস্তা ঐ এলাকার ভিতরে নেই। সুতরাং আমি পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, গোপালনগর থেকে পাল্লা, গোপালনগর থেকে সিন্দ্রাণী, বকচোরা থেকে ন'হাটা পর্যন্ত এবং গোপালনগর থেকে বৈরামপুর পর্যন্ত এই সমস্ত অঞ্চলে যাতে রাস্তার ব্যবস্থা হয় তার দিকে দৃষ্টি দেবেন। তা না হলে এই সমস্ত কৃষি, বাস্তুহারারা তাদের কৃষিজাত পণ্য কলকাতায় বিক্রি করবার জন্য পৌছাবার কোন রাস্তা না থাকায় তারা বর্তমান খাদ্যসংকটের দিনে অনাহারে মরবার দিকে চলেছে। সুতরাং মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এই বিষয়ে আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আরো কয়েকটি বিষয়ে আমি তার দৃষ্টি আকর্ষণ করছি সেগুলি হচ্ছে বনগ্রামে যে ফৌজদারী আদালত আছে, অত্যন্ত দুঃখের বিষয় যে সেই ফৌজদারী আদালতে কোন উইটনেস আজ পর্যন্ত হয় না। কারণ রৌদ্র এবং বৃষ্টির দিনে যারা সাক্ষ্য দিতে আসে, যেসমস্ত লোক মকর্দমা করতে আসে তাদের বসবার মত স্থান নেই। সুতরাং আদালতের স্বার্থের দিকে চেয়ে, জনসাধারণের স্বার্থের দিকে চেয়ে সেই ফৌজদারী আদালতে যাতে একটা সাক্ষী সেড তৈরী হয় সেদিকে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় যেন দৃষ্টি দেন। আর একটা কথা হচ্ছে, আজ কয়েক মাস হল, বোধ হয় পূর্তমন্ত্রী মহাশয় অবগত আছেন যে, বনগাঁর থানা ঘর ঝড়ে পড়ে গিয়েছে, সেই থানা ঘরের উপর গাছ পড়েছিল সেটা ভাঙ্গা অবস্থায় আছে সেজন্য সেখানকার জনসাধারণ এবং সেখানকার পুলিশ কর্মচারীদের নিদারুণ অসুবিধা হচ্ছে। যাতে ঐ ঘরটা তাড়াতাড়ি হয় সেদিকে দৃষ্টি রাখবার জন্য মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সর্বশেষে আমি আর একটা কথা না বলে পারছি না, সেটা হচ্ছে বনগাঁ যে স্টেশন আছে ঐ স্টেশনের দক্ষিণে বোধ হয় ৪/৫ হাজার বাস্তুহারা বসবাস করে। তাদের বনগাঁ শহরে আসতে গেলে সেই স্টেশনের ভিতর দিয়ে শহরে আসা ছাড়া অন্য কোন উপায় নেই। কিন্তু সেইসমস্ত হতভাগ্যদের প্রায়ই স্টেশনে গেলে উইদাউট টিকিটের জন্য অ্যারেস্ট হতে হয় এবং সেই স্টেশন পার না হয়ে বনগাঁ শহরে আসতে পারে না। কারণ বনগাঁ শহরে তাদের বাজার, স্কুল, কাছারী, সব কিছু। সেজন্য সে বিষয়ে বহু পূর্বে দরখাস্ত করা হয়েছিল এবং আমরা শুনেছি কেন্দ্রীয় সরকার ওখান দিয়ে একটা ওভার ব্রিজ স্যাংশন করেছিলেন। তারপর যতদূর অনুসন্ধানে জানা যায়, যে কেন্দ্রীয় সরকার একটা অংশ টাকা দেবেন এবং রাজ্য সরকারকে একটা অংশ টাকা দিতে হবে। রাজ্য সরকার টাকা না দেওয়াতে আজ পর্যন্ত সেটা হয় নি। তাই, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের সেদিকে দৃষ্টি আকর্ষণ করছি। আর সর্বশেষে আমি একথা বলবো যে, পল্লীর জনসাধারণ না বাঁচলে শহরকে বাঁচান যাবে না, কারণ পল্লীই হচ্ছে শহরের জীবন। তাই পল্লীর দিকে লক্ষ্য রাখবার জন্য আমি মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[5-25—5-35 p.m.]

ডাঃ রঞ্জিত ঘোষ চৌধুরী: অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে এই, ও পক্ষের একজন মাননীয় সদস্য কি কাগজ বিলি করছেন। স্যার, আমার যতদূর জানা আছে যে আপনার স্টাফ ছাড়া আর কেউ বিলি করতে পারে না।

মিঃ স্পীকার: আমিও জানি না, খোঁজ খবর নিয়ে বলছি।

শ্রীশীষ মহম্মদ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দের দাবী উত্থাপন করেছেন আমি তা সমর্থন করে আমার বক্তব্য হাউসের সামনে পেশ করছি। স্যার, আমি মুর্শিদাবাদ জেলার অধিবাসী। কাজেই মুর্শিদাবাদ জেলার সুতী থানার রাস্তাঘাট সম্বন্ধে কয়েকটি কথা আপনার মাধ্যমে হাউসের কাছে রাখছি। আপনি জানেন এই থানাটি পাকিস্তান এবং হিন্দুস্থানের বর্ডার সংলগ্ন। বিগত বিশ বছর ধরে কংগ্রেস সরকার এই থানার রাস্তাঘাটের উপর কোনপ্রকার নজর দেন নি। বাস এবং ট্রাক চলাচল করতে পারে এইরকম দু-একটি রাস্তা করেছেন। এই রাস্তাটি কলকাতা থেকে শিলিগুড়ি পর্যন্ত তৈরী হয়েছে। আপনি জানেন স্যার এই সুতী থানায় টাকা, বিড়লা, ডালমিয়ার মত কোন বড় লোক নেই। ওদের বাড়িতে যাবার জন্য বড় বড় যোগ্য রাস্তা তৈরী হয়েছে, কিন্তু আমাদের সুতী থানায় সেরকম কোন যোগ্য রাস্তা নেই। আমাদের যুক্তফ্রন্ট সরকার টাটা, বিড়লা বা ডালমিয়ার সংগে সম্পর্ক রাখেন না, রাখেন হাসিম ও কৈবর্তের সংগে। কাজেই ওখানে যারা ফসল উৎপন্ন করেন, তাঁরা বহুদূর হাটে-বাজারে বিক্রী করতে যান। কিন্তু ন্যায্যমূল্যে পান না একমাত্র রাস্তাঘাটের অভাবে। যদি রাস্তাঘাট থাকতো তাহলে ন্যায্যমূল্যই পেত এবং মজুরদের আর্থিক অবস্থা এত সংকটজনক হয়ে উঠত না। এই থানাটি পাকিস্তানের নিকটবর্তী হওয়ায় অহরহ হিন্দুস্থান এবং পাকিস্তানের পুলিশের মধ্যে ফায়ারিং হয়। এর পরে আমি চরেয়াপুর এবং হাসানপুরের কথা উল্লেখ করছি। সেখানে যখন তখন পুলিশ মোতায়েন করতে হয়। কাজেই এই পুলিশ মোতায়েন করতে গেলে রাস্তার প্রয়োজন হয়। সেজন্য আমি মন্ত্রিমহাশয়কে এদিকটায় একটু নজর দেবার জন্য অনুরোধ জানাচ্ছি। নির্মাতিতা রেল স্টেশন থেকে সুতী থানা পর্যন্ত রাস্তাটির কাজ কংগ্রেস আমলে সুরু হয়েছিল, সে রাস্তাটির কাজ এখন পর্যন্ত শেষ হয়নি, আরো ৪০০ ফুট বাকি আছে। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি এই ৪০০ ফুট রাস্তাটি যেন অবিলম্বে তৈরী হয়ে যায়। সেখানে মাত্র দুই একটি গরীবের বাড়ি আছে, কংগ্রেস সরকার এখন পর্যন্ত তাদের ওঠাতে পারে নি। অবশ্য আমি বলতে চাই না যে জোর জবরদস্তি করে তাদের ওখান থেকে উঠিয়ে দেওয়া হোক। তাদের যদি নোটিশ দিয়ে বলতেন যে তোমরা এখান থেকে উঠে যাও আমরা তোমাদের বাড়ি করবার টাকা দিচ্ছি তাহলে তারা অন্য জায়্যায় উঠে যেত। এমনিতেই তো তারা খেতে পায় না, তার উপর যদি আবার এখান থেকে উঠে যায় তাহলে তারা এই টাকা পাবে কোথায় যে সেখানে গিয়ে আবার নূতন করে বাড়ি ঘর তৈরী করে বসবাস করবে। সেই জন্য আমি পূর্ত মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি তাদের যদি সামান্য ২/৩/৪ হাজার টাকা করে দিয়ে দেন তাহলে তারা অন্য জায়গায় উঠে যায় এবং অবিলম্বে রাস্তাটি তৈরী হয়ে যেতে পারে এবং তার ফলে পল্লী অঞ্চলের সংগে আমাদের যোগাযোগের ব্যবস্থারও উন্নতি হতে পারে। এই সুতী থানা থেকে বহু গ্রাম বিচ্ছিন্ন হয়ে আছে। এইরকম বিচ্ছিন্নকারী কয়েকটি গ্রামের নাম আমি এখানে উল্লেখ করছি। ফড়লা, বসন্তপুর, কিশোরপুর, লোকাইপুর, কুমারপুর, বার্ডাড়িপুর, ভাগলপুর, চাঁদোয়া, নাগা, শ্রীধর প্রভৃতি গ্রাম বর্ষাকালে জলমগ্ন হয়ে যায় এবং রাস্তা না থাকায় যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। যদি ভাল রাস্তা থাকতো তাহলে সামান্য বাজীতপুরে যে হাসপাতাল আছে সেখানে ঠিক সময় মত রোগীরা হাসপাতালে এসে উপস্থিত হতে পারত এবং লোকেরা প্রাণে বেঁচে যেত। কিন্তু রাস্তাঘাটের অভাবে ভাল চিকিৎসার ব্যবস্থা করতে পারে না। তারপর কি প্রকারে মানুষ যখন সমাজে বাস করে নানাপ্রকার গন্ডগোল ঝঞ্ঝাট হয়, তাতে হয়তো মানুষ অনেক সময় খুন করে তাড়াতাড়ি তারা হাসপাতালে নিয়ে আসতে পারে না বা সুতী থানায় কেস করতে পারে না। জঙ্গীপুর মহকুমার জঙ্গীপুর হচ্ছে সদর কোর্ট—সেই সদর কোর্টে জনসাধারণকে অনেক সময় জমিজমা ইত্যাদির মোকর্দমার জন্য যেতে হয়—কিন্তু রাস্তার যোগাযোগ না থাকার ফলে মানুষকে অনেক দুর্ভোগ

ভোগ করতে হয়। দু-চার দিন আগে থেকে বাড়ি থেকে রওনা হতে হয়। আমি মন্ত্রিমহাশয়কে বলবো কংগ্রেস যুগে একটা স্কীম ছিল বীরভূম জেলার রাজগ্রাম থেকে কাঁদুয়া মহতাল হয়ে অজগর পাড়া হয়ে জঙ্গীপুর পর্যন্ত পৌঁছোতে পারে—ভাগবাটোয়ারার যুগে চলে গেছে এখনও পর্যন্ত এই রাস্তার তৈরীর কোন পরিকল্পনা গৃহীত হোল না। আমি আপনার মাধ্যমে বলতে চাই যে, সজনীপাড়া স্টেশন থেকে সূতী থানা পর্যন্ত একটা রাস্তা হবার একান্ত প্রয়োজন যেহেতু ওটা বর্ডার এলাকা। সজনীপাড়া থেকে চাঁদনীচক ক্যাম্প পর্যন্ত রাস্তাটা অতি শীঘ্র করা উচিত বলে আমি মনে করি। আমি পূর্ত মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করবো উনি যেন আমার ভাষণটি টেপ রেকর্ডে শুনে এর যথাবিহিত ব্যবস্থা অবলম্বন করেন। তাছাড়া পশ্চিম দিনাজপুর জেলার বালুরঘাট লস্করহাট রাস্তার উপর যে আত্রেয়ী নদী আছে সেখানে অল্প খরচ করে যদি একটা ব্রীজ করে দেন তাহলে মেন রাস্তার উপর যে চাপ পড়ছে সেটা কমে যায়। তার পর আমি পাড়াগ্রামের রাস্তার কথা বলবো, গত ৩০এ মার্চ তারিখে মুর্শিদাবাদ জেলা পরিষদের বাজেট মঞ্জুর হয়েছে—তাতে দেখেছি সূতী থানার মাত্র দুটি রাস্তা হয়েছে এবং লালগোলা থানায় ১৪টি রাস্তা নির্মিত হয়েছে। এই যে দুটো রাস্তা বালিয়াঘাট থেকে বাহাগলপুর পর্যন্ত এবং বালিয়াঘাট হতে বহতালি পর্যন্ত এই দুটি রাস্তার জন্য সরকার জেলা পরিষদে কেবল টাকা দিয়েছিলেন কিন্তু সেই টাকা কিভাবে ব্যয় হোল সেটা কিছুই জানলেন না। সেখানে ওভারসিয়ার তদন্ত করতে গিয়েছিলেন—যিনি সেটা তত্ত্বাবধান করেছিলেন আবদুল গোফুর সাহেব তিনি ওভারশিয়ারকে বেশী কিছু দিতে পারেন নি, মাত্র পান খাবার জন্য ২,০০০ টাকা দিয়েছিলেন। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো তিনি যেন অবিলম্বে তদন্ত করেন এই বলে আমি পূর্ত মন্ত্রি-মহাশয়ের বরাদ্দের দাবীকে সমর্থন করে আমার আসন গ্রহণ করছি।

[5-35—5-45 p.m.]

শ্রীমহারাজা বসু: মাননীয় স্পীকার মহাশয়, আজ পূর্তবিভাগের যে ব্যয়বরাদ্দ এবং সেই বিভাগের যিনি মন্ত্রী তিনি শুধু এই হাউসের নন, তিনি সমগ্র বাংলাদেশের শ্রদ্ধেয় ব্যক্তি এবং আমরা তাঁর কাছে অনেক কিছু শিক্ষা গ্রহণ করেছি। কিন্তু বড়ই দুঃখের বিষয় যে তিনি একজন মিলিটারী এক্সপার্ট—আমাদের জেলের মধ্যে এবং বাইরে বহুবার মিলিটারী শিক্ষা দিয়েছেন—কিন্তু তাঁর কাছে আমরা আশা করি নি, যে আজকে অই বর্ডার ডিস্ট্রিক্টগুলির রাস্তাঘাটের অন্তত কালভার্টগুলির জন্য আগের কংগ্রেস সরকার যা সমস্ত করে গিয়েছিলেন তার থেকে তিনি অনেক রিডাকশন করেছেন এবং এটা সত্যিই অত্যন্ত দুঃখের কথা। কাজেই আজকে তাঁর এই বাজেটকে আমাকে অনিচ্ছা সত্ত্বেও অপোজ করতে হচ্ছে। আমি দেখিয়ে দিচ্ছি ১৮০নং পাতায় পার্ট টু এখানে লেখা আছে কনস্ট্রাকশন অফ বর্ডার রোডস ইন ১৯৬৬-৬৭। ৪ কোটি ৬৮ লক্ষ টাকা ধরা হয়েছিল—রিভাইজড বাজেটে হয়েছিল ৫ কোটি ৪৭ লক্ষ টাকা—কিন্তু বর্তমান সরকারের পক্ষ থেকে মাত্র ১ কোটি ৫৪ লক্ষ টাকা ধরা হয়েছে সেখানে আমি আরও কয়েকটি জিনিসের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি তাঁদের ছাপানো বই থেকে এবং সেটা সকলে আশা করি বুঝবেন। এস্টাবলিশমেন্ট রোডস-এর কথা বলছি ১৯৬৬-৬৭ হোল ১ কোটি ২৯ লক্ষ টাকা—কিন্তু ১৯৬৬-৬৭-তে ১ কোটি ২৬ লক্ষ ৮৪ হাজার

the increase due to provision of allowances, etc.

এখানে গ্র্যান্ট টু লোক্যাল

bodies for financing the scheme for improvement and maintenance of village communication by local enterprise to the extent of two-thirds of the total cost of such schemes.

২/৩, ১/৩ স্কীমে সাধারণত গ্রামবাসীগণ ছোট ছোট কালভার্ট যাওয়া আসার জন্য আগ্রহশীল—ডাঃ স্যান্যাল যা বললেন সেটাতে কনট্রিবিউট করেন, আমরা দেখছি গতবার সরকার রেখেছিলেন ৫ লক্ষ টাকা—কিন্তু এখন একেবারে নীল করে দেওয়া হয়েছে—লালে লাল।

Grant 2—Zilla Parishad for expenditure on communication.

অনেকে এখানে গ্রামের রাস্তার কথা বলেছেন—আমার ভাই সতীর কথা বললেন, এখানে জেলা পরিষদের এক্স-অফিসিও মেম্বাররা যাঁরা আছেন তাঁরা জানেন ছোট ছোট গ্রামের রাস্তার জন্য বড় রাস্তা থেকে যাওয়া আসার জন্য জেলা পরিষদকে গতবারে সরকার ১০ লক্ষ টাকা দিয়েছিলেন—কিন্তু এবারের সরকার সেখানে লাল ঢেরা মেরে দিয়েছেন। আমি আজকে কোন পলোটিক্যাল বক্তৃতা দেবো না—আমি সকলের যাতে করে সমান স্বার্থ বজায় থাকে তার জন্য বলছি development co-operative societies sponsored by the Union Government. ইউনিয়ন গভর্নমেণ্ট থেকে এক কোটি টাকা দেওয়া হয়েছে—আমি আশা করি যে এটা সম্বন্ধে কি পন্থা উনি নেবেন—এটা গত বছরের টাকা, এ বছরের গভর্নমেন্টের কোন টাকা নয়, গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার টাকা লেখা আছে ১৮২নং পাতায় আইটেম নং × তার পরে দেখবেন Grant 2—construction of bridges and culverts on roads prepared. গতবারের টাকা ব্রট ফরওয়ার্ড করা হয়েছে দুই লক্ষ টাকা। আমি আশা করি যে, আমাদের শ্রদ্ধেয় হেমন্তদা এ বিষয়ে দেখবেন যাতে করে ভাল হয়। একটা জিনিস দেখা যাচ্ছে এম এল এ-দের হোস্টেল এবং তার জন্য ২০ হাজার টাকা ফর ফার্নিচারর্স অ্যান্ড আদারস দেওয়া হয়েছে—আমাদের উভয় পক্ষের এম এল এ-রা সেখানে থাকেন, সেটা খুব সুন্দর স্বীকার করছি। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে মাননীয় স্পীকার মহাশয়, আপনার মারফত আমি বলবো যে, পি ডবলিউ ডি থেকে সেখানে গিয়ে দেখে আসুন যে কি জঘন্য সার্ভিস সেখানে দেওয়া হয়। আমরা সেখানে ফোঁকটে থাকি না—পয়সা দিয়ে থাকি—আমি অনুরোধ করবো আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে এবং ডিপার্টমেন্টের লোককে যেন তাঁরা দয়া করে এদিকে একটু নজর দেন। সেখানে যেন বাইরের বাজে লোককে পয়সার জন্য অ্যাকমডেশন না দেওয়া হয়—কারণ তাঁদের কোরাপশন এবং অন্যায়ের জন্য সমস্ত এম এল এ-দের নানা অসুবিধা ভোগ করতে হয়। এর পরে আমি বলবো পশ্চিম দিনাজপুরের কথা—পশ্চিম দিনাজপুরের একটা বর্ডার ডিস্ট্রিক্ট থেকে আসছি, সেখানে মাত্র ২৩ মাইল রেল লাইন আছে—এই একটি মাত্র জেলা বোধ হয় পশ্চিমবাংলায় আছে যেখানে মাত্র ২৩ মাইল রেল লাইন। সেখানকার রাস্তার জন্য দেখতে পাচ্ছি ১৮ আইটেমে লেখা আছে পশ্চিম দিনাজপুরের বিভিন্ন জায়গায়, সব জায়গায় দেখা যাচ্ছে ১৯৬৬-৬৭-এতে নীল—যেহেতু সেটা বর্ডার ডিস্ট্রিক্ট। যেহেতু এটা বর্ডার ডিস্ট্রিক্ট সে জন্য বালুরঘাট ও কুসুমণ্ডির উপর ব্রিজ অবিলম্বে হওয়া দরকার। ফোর্থ ফাইভ ইয়ার প্যানের প্রথম বছরে এই ডিপার্টমেন্ট থেকে ঠিক হয় এই ব্রিজ প্রথমে আরাম্ভ হবে এবং তার জন্য বড় বড় অফিসার ও ইঞ্জিনীয়াররাও সেখানে গিয়েছিলেন, কিন্তু দুঃখের বিষয় এখন তার কোন পাত্তা পাচ্ছি না। আর একটা জিনিস আপনি দেখবেন বহুদিন থেকে একটি মাত্র জেলা পশ্চিমবাংলার মধ্যে আছে যে জেলাতে তিনটা ব্রিজের উপরেই ৫২ সাল থেকে টোল ট্যাক্স আদায় হয়। আপনি জানেন যে টাকা ডিপার্টমেন্ট খরচ করেন তিনটা টোল ট্যাক্স আদায়ের জন্য তার চেয়ে কম আদায় হয়। আমরা ইতিপূর্বে এ বিষয়ে খগেনবাবুকে বলায় তিনি বলেছিলেন আমরা এটা একটা ব্যবস্থা করব যাতে একটা টোল ট্যাক্স আদায় হয়। পেডেসট্রীঙ্ক-এর জন্য লাগে না কিন্তু সাইকেল গাড়ি ইত্যাদির জন্য লাগে। ছেলেরা সাইকেল করে ইস্কুলে যায় তাহলে তাদের দুই আনা করে লাগে। আমি তাই মন্ত্রিমাহাদয়কে অনুরোধ করব এই দুই দিকের ট্যাক্স উঠিয়ে দিন এবং একটি দিকে রাখুন—সমস্তটাই উঠিয়ে দিলে ভাল হয়। হামজাপুর, সর্বমঙ্গলা, প্রাণসাগর, কুমারগঞ্জ, ফুলবাড়ির টু প্রাণসাগর, কামারপাড়া টু টিঙ্গিসপুর রাস্তাগুলি অবিলম্বে হওয়া দরকার। ভঙ্গানদীর উপর একটা ব্রিজ ২৫/৩০ হাজার টাকা হলে হয়ে যায়। এই সমস্ত রাস্তাগুলি যদি একান্ত না করেন তাহলে অত্যন্ত ক্ষতি হবে। ইঞ্জিনীয়াররা এ সম্বন্ধে যে স্কীম দিয়েছে সেগুলি যাতে অবিলম্বে করা হয় তার জন্য অনুরোধ করছি।

শ্রীহেমন্তকুমার বসু: স্পীকার মহাশয়, আমার বাজেট সম্পর্কে ডঃ নলিনাক্ষ সান্যাল এবং আরো অনেক সদস্য নৈরাশ্য প্রকাশ করেছেন। আমি আমার নিজের বাজেট সম্বন্ধেও নৈরাশ্য প্রকাশ করছি। কারণ সারা বাংলাদেশে এই কয়েক মাস আমি ঘুরে রাস্তাঘাট যা দেখলাম তাতে সেই সমস্ত রাস্তাঘাটের নির্মাণ কার্য যদি করতে হয় তাহলে অনেক টাকা লাগবে। গতবার পঞ্চবার্ষিকী পরিকল্পনার সময় ভারত গভর্নমেণ্টের কাছ থেকে আমরা ৪২ কোটি টাকা পেয়েছিলাম

এবার পাচ্ছি ২৬ কোটি টাকা। এর মধ্যে থার্ড ফাইভ ইয়ার প্ল্যানে ২০ কোটি টাকা খরচ হবে ইনকমপ্লিট রাস্তা তৈরীর জন্য—অর্থাৎ মাত্র থাকবে ৬ কোটি টাকা। কাজেই এই ৬ কোটি টাকা দিয়ে বাংলাদেশে দুইশত মাইল রাস্তা করতে কত খরচ হবে সেটা আপনারা অনুমান করতে পারেন। সেজন্য যদি আপনারা বলেন আমার বাজেট নৈরাশ্যজনক তাহলে সেটা আমি নিশ্চয়ই স্বীকার করি। একজন বললেন জ্যোতিবাবুর কাছ থেকে কয়েক কোটি টাকা আদায় করেছি, কিন্তু তা নয়। আমাদের স্বাস্থ্যবিভাগ ২৬ কোটি ১৯ লক্ষ ৩৭ হাজার, পুলিশ বিভাগে ১৮ কোটি ২২ লক্ষ ৩৬ হাজার এবং আমার বিভাগে ২৮ কোটি ১৫ লক্ষ ৮৭ হাজার বরাদ্দ করা আছে।

[5-45—5-55 p.m.]

কাজেই ফাইন্যান্স ডিপার্টমেন্ট থেকে টাকা কম আদায় হয়েছে তা নয়। কাজেই সমস্ত রাস্তা ও সেতুগুলি গ্রহণ করতে গেলে যে অর্থের দরকার হবে তা আমাদের নেই। আমাদের অর্থের খুব অভাব রয়েছে। সাড়ে চার মাস মাত্র এই গদিতে বসে আমরা এই বাজেট প্রস্তুত করেছি। কাজেই আগে যেসমস্ত কাজকর্ম হয়েছে তার জন্য আমাদের কতকগুলি দায়িত্ব আছে। ওপক্ষের অনেকেই বলেছেন যে, এটা ঠিকাদারী বিভাগ। এই কথা ঠিকই যে, এই বিভাগের যা কিছু কাজ করতে হবে সবই ঠিকাদারদের মারফতে। রাস্তা, গৃহ, ব্রীজ ইত্যাদি যা কিছু কাজ আছে তা সবই ঠিকাদারদের কাজ, কনট্রাকটরের কাজ। কাজেই যে ঠিকাদার বিভাগ বলছেন এটা সত্য কথা। তবে ঠিকাদারী কাজের মধ্যে দিয়ে যাতে দুর্নীতি না হয়, ঘুষ না চলে, অন্যায় না চলে সেদিকে লক্ষ্য রাখা উচিত এবং কোন কাজ করতে গেলে ঠিকাদার ছাড়া উপায় নেই। একজন বলেছেন কো-অপারেটিভ সোসাইটি করে তার মারফত যদি কাজগুলি করা হয় তাহলে ভাল হয়। এই প্রস্তাবটি খুব সঙ্গত প্রস্তাব। কিন্তু খুব সহজে এটা হবে বলে মনে হয় না। তবে চেষ্টা করা ভাল। কেন না, যাঁরা কো-অপারেটিভে থেকে মেম্বার হিসাবে কাজ করবেন এবং যা লাভ হবে তার কিছু অংশ এ'রা পাবেন এবং এটা ব্যাপকভাবে ভাগ হবে, একজনের পকেটে যথেষ্ট টাকা যাবে না। এতে পাঁচ জনের উপকার হবে। কাজেই এই প্রস্তাবটা খুব ভাল প্রস্তাব। কিন্তু প্রস্তাব কার্যকরী করার পক্ষে খুব অন্তরায় আছে এবং সুদূর সাপেক্ষ। বঙ্কিম শাসমল মহাশয় কিছু রাস্তাঘাটের কথা বলেছেন। আমি তো আগেই বলেছি যে সমস্ত রাস্তাঘাট করতে গেলে প্রচুর টাকা দরকার কিন্তু আমাদের সেই অর্থের অভাব আছে। টাকা যদি আমরা পাই তাহলে যত রাস্তা করা সম্ভব হবে নিশ্চয়ই সেই রাস্তা করতে পারি। সুন্দরবন সম্বন্ধে অনেকে বলেছেন। সেখানে অনেক রাস্তাঘাট করা উচিত সে বিষয়ে কোন সন্দেহ নেই। আমি সুন্দরবন ঘুরে দেখেছি সেখানে রাস্তাঘাটের অভাব আছে। কাজেই যেসব জায়গায় রাস্তাঘাটের অভাব আছে সেখানে নিশ্চয়ই রাস্তাঘাট করতে হবে, সে বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু সবই হচ্ছে টাকার ব্যাপার। টাকা না পেলে কোন কিছু কাজ করা যাবে না। সুন্দরবনের দুটো রাস্তার প্রস্তাব আমার কাছে এসেছে। রাস্তার প্রস্তাবগুলির জন্য আমরা জেলা অনুসারে টাকা ভাগ করবো। আমরা ১২ কোটি টাকার পরিকল্পনা করব এবং সেই টাকা জেলা হিসাবে ভাগ করে যেওয়া হবে। কোন জেলায় কোন রাস্তা দরকার সেই জেলার টাকা অনুসারে যতটা সম্ভব হবে ততটা রাস্তা নেওয়া হবে। সমস্ত বাংলাদেশের বিভিন্ন জেলার আকৃতি অনুসারে সেই টাকা ভাগ করা হবে এবং সেই টাকা ভাগের উপরই রাস্তাগুলি গ্রহণ করা হবে, এটা ছাড়া আর কোন উপায় নেই। একজন বলেছেন যে একটা কমিটি করে ব্যবস্থা করুন। এই প্রস্তাবটি খুব সঙ্গত প্রস্তাব। আপনারা কমিটি করতে পারেন অন্তত কিভাবে কোন রাস্তা গ্রহণ করবেন এটা বিবেচনা করবার জন্য প্রত্যেক কনস্টিটিউয়েন্সির একজন করে মেম্বার, এম এল এ থাকবেন এবং তাঁরা বিচার করে এটা ঠিক করবেন। তাঁরা সব রাস্তা তো গ্রহণ করতে পারবেন না। কাজেই যাঁদের রাস্তা গৃহীত হবে না, তাঁদের মধ্যে একটা অসন্তোষের ভাব দেখা দেবে এবং তাঁরা ভাববেন আমাদের প্রস্তাব গ্রহণ করা হল না। কাজেই কমিটি একটা গঠন করা যেতে পারে এবং সেই কমিটি মারফত এই রাস্তাগুলি ভাগ করা যেতে পারে।

তারপর আমাদের অজিত কুমার বিশ্বাস মহাশয় বলেছেন শ্রীশরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের জন্মস্থান সম্বন্ধে। আমি সেখানে গিয়ে দেখে এসেছি একটা বাস্তু অনাদৃত অবস্থায় পড়ে রয়েছে এবং সেটা আমাদের নিশ্চয় গ্রহণ করা উচিত। আমাদের দেশের যাঁরা বড় বড় মনীষী, দেশনেতা,

বৈজ্ঞানিক, কবি ইত্যাদিদের স্মৃতি রক্ষার জন্য তাঁদের মর্মর মূর্তি স্থাপন করা আমাদের বিভাগের কাজ। সেদিক থেকে শরৎবাবুর গৃহটি আমরা যাতে রক্ষা করতে পারি, সেখানে যে রাস্তাঘাট আছে সেগুলি নির্মাণ করতে পারি সে বিষয়ে নিশ্চয় আমরা চেষ্টা করব। যাঁরা বলেছেন পল্লী অঞ্চলের মধ্যে রাস্তার কথা তাঁদের বলি সেগুলি বা সেই ভিলেজ রোডগুলি পঞ্চায়েত বা জেলা পরিষদের রাস্তা। এবং তাঁরাই সেই রাস্তাগুলি করবেন এবং যেগুলি পারবেন না সেগুলি আমাদের দেবেন। অনেক জেলা পরিষদ আমাদের কাছে অনেক রাস্তা রেকমেন্ড করে পাঠিয়েছেন তার সংখ্যা বড় কম নয়। কাজেই সেদিক থেকে রাস্তাগুলি নিশ্চয় বিবেচনা করতে হবে। কমিটি যেগুলি বিবেচনা করবেন সেগুলি কার্যে পরিণত করার চেষ্টা করবেন। আমাদের অনেকগুলি পুল হয়েছে—মানসাহী সেতু সম্বন্ধে বিবেচনা হচ্ছে, কিছু কিছু কাজ আমরা আরম্ভ করেছি, কিন্তু অর্থাভাবের জন্য তাড়াতাড়ি সম্ভব হচ্ছে না। আমাদের যা টাকা ধরা হয়েছে তা থেকে যদি সংকুলান হয় তাহলে নিশ্চয় অন্য সেতুগুলি আমরা গ্রহণ করবো। আরও অনেক সেতুর কথা অনেকে বলেছেন সেই সেতুর সংখ্যা কম নয়, আমার ইচ্ছা ছিল সবগুলো করা, কিন্তু যদি অর্থের সংগতি না থাকে সেইগুলো করা কি করে সম্ভব হবে, কাজেই সেদিক দিয়ে নিশ্চয়ই এই বিষয়ে আপনারা সাহায্য করবেন। আপনারা কোন্ সেতুটা কখন দরকার, কতখানি কি করতে হবে এই বিষয়ে প্রস্তাব দিন তাহলে যেগুলো ব্রিজের প্রশ্ন আছে, যেগুলো খুব প্রয়োজনীয় সেইগুলো নিশ্চয়ই গ্রহণ করবো। সদরঘাট সম্বন্ধে এখানে কথা উঠেছে, সেখানে বিরাট টাকার প্রয়োজন আছে, কয়েক কোটি টাকার দরকার। সদরঘাট ব্রিজ করতে গেলে যে অর্থ দরকার সেটা আমাদের নেই, আমরা নিশ্চয়ই সদরঘাট সেতু তৈরী করতে চাই। যেগুলো স্যাংশন ছিল যেগুলো মঞ্জুর ছিল নিশ্চয়ই সেইগুলো যাতে আমাদের এই পরিকল্পনা যখন গ্রহণ করা হবে তখন নিশ্চয়ই স্যাংশন করা হবে। যার প্রথম মঞ্জুরী আছে সেই রাস্তাগুলি নিশ্চয়ই আমরা গ্রহণ করবো, অগ্রাধিকার দেবো এই বিষয়ে কোন সন্দেহ নেই। কাজেই যে যা বলেছেন মোটামুটি তার উত্তর দিলাম, আর বেশী কিছু বলতে চাই না এবং যে কাটমোশনগুলো এসেছে সেইগুলোর বিরোধীতা করে আমার বক্তৃতা শেষ করছি।

Mr. Speaker: Now we are in Grant No. 34. I put to vote all the cut motions moved except No. 7 on which I understand a division will be claimed.

All the cut motions except No. 7 were then put and lost.

The motion of Shri Khagendra Nath Das Gupta that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shrimati Abha Maiti that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Sushil Kumar Paul that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Satyanarayan Mitra that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Maharaja Bose that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Jatindra Mohon Roy that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Sachindra Mohon Nandy that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Narayan Chandra Chaudhuri that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Krishna Bahadur Gurung that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Probhakar Pal that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Abdul Latif that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Azizur Rahaman that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Puranjoy Pramanik that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Bankim Chandra Sasmal that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Pramatha Nath Dhibar that the demand be reduced by Rs. 100 was then put and lost.

[5-55—6-05 p.m.]

The motion of Shri Puranjoy Pramanik that the demand of Rs. 12,07,62,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 34, Major Head: 50—Public Works be reduced to Re. 1, was then put and a division taken with the following result:

NOES—137

Abdul Bari, Shri Md.
Abdul Haque, Shri
Abdul Latif, Shri Md.
Abdul Quiyom Molla, Shri
Amirah Molla, Dr.
Bakshi, Shri Manoranjan
Bandopadhyay, Shri Amiya Bhusan
Bandopadhyay, Shri Khagendra Nath
Banerjee, Shri Subodh
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Basu, Shri Mukul
Bazle Ahmad, Shri
Bera, Shri Sasabindu
Bhandari, Shri Netai
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharya, Shri Jyoti Bhusan
Bhattacharya, Shri Nani
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhowmik, Shri Kanai
Biswas, Shri Ajit Kumar
Bose, Shri Brindaban Behari
Chakraborty, Shri Kshudiram
Chakraborty, Shri Sadhan Kumar
Chatterjee, Shri Hara Prasad
Chatterjee, Shri Ram
Choubey, Shri Narayan
Choudhury, Shri Subodh
Dakua, Shri Dinesh Chandra
Dal, Shrimati, Nanda Rani
Das, Shri Deben
Das, Shri Debendra Nath
Das, Shri Jagadish Chandra
Das, Shri Mahatab Chandra
Das, Shri Nikhil

Das, Dr. Sailendra Nath
Das, Shri Sudhir Chandra
Das Ghose, Shri Biswanath
Das Gupta, Shri Bibhuti Bhusan
Das Mahapatra, Shri Kamakshyanandan
Dhara, Shri Sushil Kumar
Elias Razi, Shri Md.
Franklin, Shri L. H.
Gayen, Shri Prasanta Kumar
Ghose, Shri Kamakshya Charan
Ghosh, Shri Krishna Pada
Ghosh, Dr. Prafulla Chandra
Golam Mahiuddin, Shri
Golam Yazdani, Dr.
Guha, Shri Bikesh Chandra
Guha, Shri Kamal Kanti
Guha Neogi, Shri Anildhar
Gurung, Shri Nandalal
Haldar, Shri Hrishikesh
Halder, Shri Krishna Chandra
Hansda, Shri Jagatpati
Hazra, Shri Lalit
Hazra, Shri Monoranjan
Hicks, Shri Clifford
Jana, Shri Manindra Nath
Karim Baksh, Dr. Mohammad
Kar, Shri Dhananjoy
Konar, Shri Hare Krishna
Kundu, Shri Nishitha Nath
Lahiri, Shri Somnath
Mahato, Shri Amulya Ratan
Mahato, Shri Chittaranjan
Mahato, Shri Girish
Maity, Shri Baneswar
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Gobardhan
Majhi, Shri Kandru
Maji, Shri Guiram
Maji, Shri Panna Lal
Majumdar, Shri Amalesh Chandra
Majumdar, Shri Apurba Lal
Majumdar, Shri Dilip Kumar
Majumdar, Shri Harendra Nath
Majumder, Shri Jagannath
Malakar, Shri Ajoy
Mandal, Shri Kalipada
Mandal, Shri Kumud Ranjan
Mandal, Shri Rabin
Mitra, Shri Chandipada
Mitra, Shri Haridas
Mitra, Shrimati Ila
Mitra, Shri Sunil Kumar
Mondal, Shri Manindra Chandra
Mondal, ShriSasanka Sekhar
Mondal, Shri Tinkari
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Bhabani

Mukherjee, Shri Jayati Prasanna
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Mukhopadhyay, Shri Ajoy Kumar
Murmu, Shri Nathaniel
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Sundar Kumar
Noney, Shri W. H.
Noronha, Shri Clifford
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammed
Ojha, Shri Samarendra
Pal, Shri Kanai
Panda, Shri Bhupal Chandra
Pramanick, Shri Gangadhar
Pramanik, Shri Radhikanath
Pramanik, Shri Rajani Kanta
Purkait, Shri Prabodh
Rai, Shri Deoprokash
Ray, Shri Jajneswar
Roy Shri Amalendra Lal
Roy, Shri Haradhan
Roy, Shri Jagadananda
Roy, Shri Jyotish
Roy, Dr. Narayan Chandra
Roy, Shri Phakir Chandra
Roy, Shri Provash Chandra
Roy Barman, Shri Khiti Bhusan
Roy Hakim, Shri Amarendra Nath
Saha, Shri Kripasindhu
Saha, Shri Madan Mohan
Samanta, Shri Gouranga
Sanyal, Shri Mani
Sanyal, Dr. Nalinaksha
Saren, Shri Bhabatosh
Sarkar, Shri Charu Mihir
Sarkar, Shri Nitaipada
Sarkar, Shri Sasthidas
Sen, Shri Jamini Ranjan
Sen, Shri Lakshmi Charan
Sen, Dr. Sadhan Kumar
Sen Gupta, Shri Niranjan
Sen Gupta, Shri Tarun Kumar
Shahedullah, Shri Syed
Shish Mahammad, Shri
Singhi, Shri Rajendra Singh
Sinha, Dr. Radha Krishna
Tah, Shri Dasarathi

AYES—123

Abdul Gaffar, Shri Quazi
Abdul Latif, Shri
Abdullah, Shri S. M.
Abdus Sattar, Shri
Abdul Barkat Atawal Ghani Khan Chaudhury, Shri
Afaque Chowdhury, Shri
Ahmad Hossain Mondal, Shri

Azizur Rahaman, Shri
Bagchi, Shri Amalendu Kumar
Bandopadhyay, Shri Baidyanath
Bandyopadhyay, Shri Satya Narayan
Banerjee, Shri Mrityunjoy
Banerji, Shri Sankar Das
Barman, Shri Prasenjit
Barman, Shri Syama Prasad
Bauri, Shri Nepal
Bauri, Shri Satish Chandra
Beri, Shri Dayaram
Bhagat, Shri Budhu
Bhattacharjee, Shri Golokesh
Bhattacharya, Shri Bijoy Krishna
Bhattacharyya, Shri Satyabrata
Bhattacharyya, Shri Sreepada
Bhowmick, Shri Kalipada
Bhuniya, Shri Nitya Nanda
Bishayee, Shri Paramananda
Bose, Shri Maharaja
Brahmachari, Shri Bholanath
Chalak, Shri Kali Kinkar
Chatterjee, Shri Arun
Chattopadhyay, Shri Benoy
Chattopadhyay, Shri Benoy Kumar
Chattopadhay, Shri Brindabon
Chaudhuri, Shri Narayan Chandra
Choudhury, Dr. Sashi Bhusan
Chunder, Dr. Pratap Chandra
Das, Shri Ambika Charan
Das, Shri Hare Krishna
Das, Shri Makhan Lal
Das Gupta, Shri Khagendra Nath
Dhara, Shri Hansadhwaj
Dhibar, Shri Pramathanath
Dolai, Shri Rajani Kanta
Dutta, Shrimati Sudharani
Fazlur Rahaman, Shri S. M.
Ghatak, Shri Shibdas
Ghosh, Shri Nitaipada
Ghosh Choudhury, Dr. Ranjit
Goswami, Shri Paresh Chandra
Gurung, Shri Krishna Bahadur
Halder, Shri Adhar Chandra
Hazra, Shri Santimoy
Hemram, Shri Babulal
Jalan, Shri Iswardas
Jash, Shri Sristhidhar
Karam Hossain, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khalil Sayed, Shri
Kolay, Shri Jagannath
Kundu, Shri Rajnarayan
Lakra, Shri Denis
Mahato, Shri Ramkrishna
Maiti, Shrimati Abha
Maji, Shri Binode Behari

Majumdar, Shri Byomkes
Mandal, Shri Bhudeb Chandra
Mandal, Shri Prabhakar
Misra, Shri Sourindra Mohan
Misra, Shri Trilokes
Mitra, Shrimati Biva
Mitra, Shri Dwijendranath
Mitra, Dr. Gopika Ranjan
Mitra, Shri Satyanarayan
Mohammad Sayeed Mia, Shri
Mohammed Israil, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shri Girindra
Mondal, Shri Sudhir Kumar
Mukhapadhyay, Shrimati Purabi
Mukherjee, Shri Brajabilash
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukhopadhyay, Shri Pasupati
Murmu, Shri Boila
Murmu, Shri Dashukaran
Nag, Dr. Gopal Das
Nahar, Shri Bijoy Singh
Nandy, Shri Sachindra Mohan
Narjinarai, Shri Dhirendra
Nuran Nabi, Shri T. A.
Paik, Shri Bimal
Pal, Shri Probhakar
Paul, Shri Balai Bhusan
Paul, Shri Sushil Kumar
Poddar, Shri Rajendra Kumar
Pradhan, Shri Trailokyanath
Pramanik, Shri Puranjoy
Prasad, Shri Shiromani
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shri Gonesh Prosad
Roy, Dr. Indrajit
Roy, Shri Jatindra Mohan
Roy, Shri Krishnadas
Roy, Shri Santi Mohan
Roy, Shri Santosh Kumar
Roy, Shri Suvendu
Saha, Shri Kanai (Bankura)
Saha, Shri Kanai (Birbhum)
Saren, Shri Mangal Chandra
Sasmal, Shri Bankim Chandra
Sattar, Shrimati Nurunnesa
Sen Ishore, Shri Sankar
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsuddin Ahmed, Shri
Sharma, Shri Joynarayan
Shukla, Shri Krishna Kumar
Sinha, Shri Debendra Nath
Sinha, Shri Sripati
Singh Deo, Shri Shankar Narayan
Sinha Roy, Shri Panchanan

Topna, Shri Anotoni
Trivedi, Shri Goalbadan
Tudu, Shri Budhan Chandra
Upadhyay, Shri Mihir
Wangdi, Shri Tenzing
Zainal Abedin, Dr.

The Ayes being 123 and the Noes 137, the motion was lost.

The motion of Shri Hemanta Kumar Basu that a sum of Rs. 12,07,62,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 34, Major Head: 50—Public Works, was then put and agreed.

Mr. Speaker: I put to vote all the cut motions moved under grant No. 49.

All the cut motions moved under Grant No. 49 were then put and lost.

The motion of Shri Panchanan Sinha Ray that the demand to reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Joynarayan Sharma that the demand to reduced to Re. 1 was then put and lost.

The motion of Shrimati Nurunnessa Sattar that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Hemanta Kumar Basu that a sum of Rs. 6,84,91,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 49, Major Head: 103—Capital Outlay on Public Works, was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 35

Total Demand of Rs. 2,99,26,000

Major Heads: 51A—Greater Calcutta Development Scheme and 106A—Capital Outlay on Greater Calcutta Development Scheme

Shri Ajoy Kumar Mukhopadhyay: On the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 2,00,34,000 be granted to complete the some necessary for expenditure under Grant No. 35, Major Head: 51A—Greater Calcutta Development Scheme and 106A—Capital Outlay on Greater Calcutta Development Scheme.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৩৫ নম্বর অনুদান অনুসারে ১০৬(ক) বৃহত্তর কলিকাতা উন্নয়ন পরিকল্পে মূলধন লগ্নী এবং ৫১(ক), বৃহত্তর কলিকাতা উন্নয়ন পরিকল্পে, যথাক্রমে এই মূল্য খাতে ব্যয় নির্ধারের জন্য প্রয়োজনীয় অর্থ সংস্থানের দরুন রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করি যে, ১ কোটি ৩১ লক্ষ ৯ হাজার টাকা এবং ৬৯ লক্ষ, ২৫ হাজার টাকা, অর্থাৎ মোট ২ কোটি ৩০ হাজার টাকা মঞ্জুর করা হোক। উল্লিখিত দুইটি খাতে ইতিপূর্বে ৬৫ লক্ষ ৫০ হাজার টাকা ও ৩৩ লক্ষ ৩৭ হাজার টাকা ভোট অন অ্যাকাউন্ট অনুসারে মঞ্জুর করা হয়েছে।

মহাশয়, এই রাজ্যের চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনার চরম রূপায়ণ সাপক্ষে কলিকাতা মহানগরীর অঞ্চল উন্নয়ন কল্পে, পরিকল্পনার বরাদ্দ বাবদ অস্থায়ীভাবে ৫০ কোটি ৬০ লক্ষ ৯৯ হাজার টাকা ধরা হইয়াছে। চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনার উল্লিখিত বরাদ্দের মধ্যে ৩৮ কোটি ২৭ লক্ষ ৩৭ হাজার টাকা ভারত সরকারের কাছে থেকে সহায়তা হিসাবে পাওয়া যাবে বলে আশা করা যায়। এই সহায়তার মধ্যে ১ কোটি ৭০ লক্ষ টাকা পাওয়া যাবে অনুদান হিসাবে এবং ৩৬ কোটি ৫৭ লক্ষ ৩৭ হাজার টাকার পাওয়া যাবে ঋণ হিসাবে। ইতিমধ্যে কলিকাতা মহানগরীর অঞ্চল উন্নয়নের জন্য একটি বিরাট পরিকল্পনা, মাস্টার প্ল্যান কলিকাতা মহানগরীর সংস্থার পক্ষে

প্রস্তাব করা হইয়াছে। চতুর্থ এবং পরবর্তী পঞ্চবার্ষিকী পরিকল্পনা রূপায়ণকালে উন্নয়নমূলক যেসব পরিকল্প সুপারিশ করা হইয়াছে অগ্রাধিকারের ভিত্তিতে, সে সব রূপায়িত করতে হবে। বর্তমানে নীচের পরিকল্পনাগুলি রূপদান করা হচ্ছে। কলিকাতা কর্পোরেশনের জল সরবরাহ ও জলনিকাশ বৃদ্ধির পরিকল্প। গার্ডেনরীচ, হালিশহর, ভাটপাড়া এবং সাউথ সুবার্বন এলাকাগুলি জল সরবরাহ পরিকল্প। দমদম, দক্ষিণ দমদম, উত্তর দমদম, হুগলী, চুঁচুড়া এবং পাতিপুকুর জল সরবরাহ পরিকল্প।

কলিকাতা মহানগরীর অঞ্চলে টালিগঞ্জের, ১৭টি পৌর এলাকায় এবং ১০টি অ-পৌর শহর এলাকায় জরুরী জল সরবরাহের পরিকল্প। কাশীপুর, দমদম ময়লা নিষ্কাশন পরিকল্প। হাওড়া বহুমুখী ময়লা নিষ্কাশন পরিকল্প। পাতিপুকুর উপ-নগরীর ময়লা নিষ্কাশন পরিকল্প। টালিগঞ্জ পঞ্চান্নগ্রাম জল-নিষ্কাশন পরিকল্প। মনিখাল, খড়দা, কেওড়াপুকুর ও মহিষিদলের জলনিকাশী ব্যবস্থা। হাওড়া স্টেশন এলাকায় যানবাহন চলাচলের ব্যবস্থার উন্নয়ন। শিয়ালদা স্টেশন এলাকায় যানবাহন চলাচলের ব্যবস্থার উন্নয়ন। বি টি রোডের বিকল্প পথ। দমদম সুপার হাইওয়ে আলোকিত করণ। মানিকতলার কর্ম তথা বসবাস কেন্দ্র। কলিকাতায় গ্যাস বিতরণ ব্যবস্থার উন্নয়ন। চলতি আর্থিক বৎসরে ভারত সরকারের অনুমোদনক্রমে নীচের পরিকল্পগুলির রূপায়নের কাজে হাত দেওয়া হবে। চেৎলা সেতুর ও তারাতলার জল শোষণী কেন্দ্র। কল্যাণী সেতু ও ব্যারাকপুর কল্যাণী এক্সপ্রেস ওয়ে ব্রিজ এবং কলিকাতায় যানবাহন নিয়ন্ত্রণ পরিকল্পনা। টালিগঞ্জ জলনিকাশী ও ময়লা নিষ্কাশন পরিকল্পনা। কলকাতায় বাল্টি আউট-পোস্টের ব্যবস্থার উন্নয়ন। কলিকাতার পথে জল জমা নিবারণ। কোণা উপনগরী পরিকল্পনা। যশোহর ও দমদম সুপার হাইওয়ের মধ্যে যোগাযোগের পথ।

[6-05—6-15 p.m.]

হুগলী নদীতে দ্বিতীয় সেতু নির্মাণ। জনসংখ্যার বহির্গমনের জন্য চূড়ান্ত নক্সা পর্যবেক্ষণ, দেশপ্রাণ শাসমল রোডের বিস্তার সাধন। বর্তমানে যে জরুরী জল সরবরাহের পরিকল্পনা রূপায়িত করা হচ্ছে তার কাজ সম্পূর্ণ হলে কলকাতা মহানগরী অঞ্চলের অন্তর্ভুক্ত টালিগঞ্জ, ১৭টি অন্যান্য পৌর এলাকা এবং ১০টি অ-পৌর শহর এলাকার অধিবাসীরা গার্হস্থ্য প্রয়োজনীয় মাথা পিছু কম পক্ষে প্রতিদিন ২০ গ্যালন করে জল পাবেন। কলকাতা মহানগরী অঞ্চলে উন্নয়নকল্পে চতুর্থ পরিকল্পনার প্রস্তাবাদি রূপায়ণে প্রাথমিক যে লক্ষ্যটি সম্মুখে রাখা হয়েছে সেটা হল এই অনুমোদিত যেসব পরিকল্পনায় কাজ চলেছে সেগুলি যতদূর সম্ভব চতুর্থ পরিকল্পনাকালে সম্পূর্ণ করা। এই শ্রেণীর পরিকল্পগুলির দরুন মোট ব্যয় হবে ১৫ কোটি ৮৪ লক্ষ ৮০ হাজার টাকা এবং অগ্রাধিকারের ভিত্তিতে চতুর্থ পরিকল্পনায় এই ব্যয়বরাদ্দ করতে হবে। তার কারণ ইতিপূর্বে এই জাতীয় যেসব পরিকল্পের কাজে হাত দেওয়া হয়েছে সেগুলি প্রধানত জল সরবরাহ, ময়লা নিষ্কাশন, জল নিষ্কাশনের সম্পর্কিত এবং গুরুত্বপূর্ণ যানবাহন চলাচল সম্পর্কিত বলে এগুলির কাজ দ্রুত সম্পন্ন হওয়া প্রয়োজন। চতুর্থ পরিকল্পনাকালে যেসব নতুন প্রকল্পের কাজে হাত দেওয়া হবে সেগুলির জন্য এবং কলকাতা মহানগরী অঞ্চলে জল সরবরাহ, জল নিকাশ ও ময়লা নিষ্কাশনের কাজ অক্ষুণ্ণ রাখার জন্য ক্যালকাটা মেট্রোপলিটান ওয়াটার অ্যান্ড স্যানিটেশন অথরিটি অ্যাক্ট অনুসারে ক্যালকাটা মেট্রোপলিটন ওয়াটার অ্যান্ড স্যানিটেশন অথরিটি গঠন করা হয়েছে। উল্লিখিত দায়িত্বগুলি যথাযথ পালনের জন্য বর্তমানে ঐ সংস্থাটি গড়ে তোলা হয়েছে। চতুর্থ পরিকল্পনাকালে বিভিন্ন পরিকল্পনার ক্ষেত্রে অগ্রাধিকার নির্ণয়ের ব্যাপারে সর্বাধিক বরাদ্দ করা হয়েছে জল সরবরাহ ময়লা নিষ্কাশন, জলনিকাশ, স্বাস্থ্য সংরক্ষণ ও প্রণালী আদি উন্নয়নের জন্য এবং যানবাহন চলাচলের নিয়ন্ত্রণ ব্যবস্থাকে দেওয়া হবে দ্বিতীয় অগ্রাধিকার। যানবাহন নিয়ন্ত্রণ ও চলাচলের ক্ষেত্রে পূর্বাঞ্চলীয় শ্রীবৃদ্ধির পক্ষে বিশেষ গুরুত্বপূর্ণ হল হুগলী নদীর উপর দুটি নূতন সেতু নির্মাণ এবং সেই দুটি সেতুর জন্য বরাদ্দই হল প্রধান। অর্থনীতিক হিসাবে বলা যায় যে চতুর্থ পরিকল্পনার জন্য পূর্বোক্ত মোট বরাদ্দ ৫০ কোটি ৬৪ লক্ষ ৯৪ হাজার টাকার মধ্যে ২৫ কোটি লক্ষ ৭৪ হাজার টাকা ব্যয় করা হবে জল সরবরাহ, জলনিকাশ ও ময়লা নিষ্কাশনের জন্য এবং স্বাস্থ্য সংরক্ষণ পরিকল্পের দরুন। যানবাহন নিয়ন্ত্রণ ও চলাচলের ক্ষেত্রে ব্যয় করা হবে ২১ কোটি ৮৯ লক্ষ ৯০

হাজার টাকা। অবশিষ্ট ৩ কোটি ৩৯ লক্ষ ৩৯ হাজার টাকা ব্যয় করা হবে উপনগরী উন্নয়ন এবং অন্যান্য পরিকল্পের দরুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা কয়েকটি বলে আমি এই প্রস্তাব বিবেচনার জন্য সভার সম্মুখে উপস্থাপিত করছি এবং আশা করছি সবাই সম্মতি দেবেন।

Mr. Speaker: All the cut motions are in order and taken as moved.

Shri Satyanarayan Mitra: That the demand to reduced to Re. 1.

Shri Sushil Kumar Paul: That the demand to reduced to Re. 1.

Shri Mritunjoy Banerjee: Mr. Speaker, Sir, I oppose the motion for grants placed before the House by the Chief Minister. Of course, I welcome the proposal to increase the dearness allowance of staff to the extent of 2.5 lakhs but it has been claimed under the Head: 51A—Development, whereas the original proposal of expenses for the organisational running of C.M.P.O. appeared last year under the Head: 106A—Capital Outlay. This year it has been shifted to 51A—Development. Here I endorse the suggestion made quite a number of times by Dr. Sanyal and a few other speakers about rationalisation of the heads of expenditure so that they may be made more meaningful and understandable.

Sir, I also welcome the proposal for emergency water supply and water supply in some of the outlying areas. But here, Sir, I have to criticise the budget for neglecting the case of Howrah which is such a congested town, but which suffers from water famine for a very long time. Sir, you are aware that the main source of supply of drinking water in Howrah is Serampore Waterworks constructed about a century back for a population of 1.25 lakhs. But now the population has increased almost five times. The supply of water is now quite inadequate for the big population of the town of Howrah. We have added a few more areas to bring them under the proposed municipal corporation of Howrah. That will only add to their tax burden, but will not bring them any of the benefits of modern civilised life. There is a proposal to spend about five lakhs of rupees for the traffic operation plan of Calcutta. But I have my doubts whether with utmost efforts and sincerity of the Government this amount can be spent in the coming year or in the year under consideration. Similarly, a proposal has been made for spending about two lakhs of rupees for the improvement of communication and traffic facilities in Sealdah Station and 25 lakhs for the improvement of traffic facilities in Howrah Station. But here also I have doubts whether these sums can be spent at all within the remaining months of the current financial year. There is a proposal to spend about rupees five lakhs for final design started for mass transit. Sir, I do not deny the need for modern mass transit facilities like circular railway or overhead railway or something like that for the large number of passengers coming to Calcutta every day. But here also I think that the allotment of five lakhs for just starting the design of a scheme is too much and it should be curtailed. On the other hand, I find that among the few important gaps in the proposed Budget expenditure one is that there is no mention of the Howrah Bridge. Sir, you know the condition of traffic on this bridge and the amount of loss the whole State and the whole nation sustain as a result of frequent jams on this bridge. The only solution for this is a second bridge across the Hooghly. A sum of rupees ten lakhs, I believe, was allotted on this head last year, but no amount has been fixed for the current year. This is a serious omission. The more serious omission is that there is no mention of bustee improvement scheme in the proposed

Budget. Sir, you know that not only Calcutta, not only Howrah, but the whole Greater Calcutta Area is full of bustees. It has been estimated that there are about 1.25 lakh bustees in Howrah and Calcutta combined, not to speak of other municipalities. The condition of living in these places is much below the standard. The State's Statistical Bureau has estimated that hardly four persons share each room in bustee, hardly 1.5 per cent. have got latrines of their own, 17.3 per cent. have no latrine, while 18.3 per cent. use community latrines and 92 per cent. of bustees have no bath rooms. More urgent attention should be paid to the improvement of bustees.

[6-15—6-25 p.m.]

After all he said, Sir, it is admitted that the problems of Calcutta or for the matter of that of Greater Calcutta are varied and baffling—poor drainage, scanty sewerage, congested roads, open drains and the poor living in bustees—to mention only a few which make the city one of the nightmares. It has been rightly described by the World Health Organisation that Calcutta is one of the most unhealthy places on earth. At present, Sir, in rainy season you know the conditions of streets in Calcutta which practically turn into so many rivulets. To mention one example—if there is continuous rain for at least two or three hours, the rain water, waste material of open drains and the contents of service privies make a sort of united front providing a breeding ground for disease and horror. There are service privies—number of them will exceed even a lakh and the conditions of these privies make the city most unhealthy, most abominable if I may say so. The problems of Calcutta and in surrounding areas were not created in a day. About 80 years back Kipling, the famous poet spoke of this packed and pestilential town, chance-erected chance-directed where poverty and pride remain side by side.". I do admit that these problems are of a baffling character and the achievements of the previous regime or of British regime as well were not adequate but I do believe that this matter ought to receive the utmost attention of any Government and of all agencies. I emphatically say that the Central Government must bear a conceivable part of the responsibility for the development of Greater Calcutta. I can adduce very strong reasons for this remark—one of them is that the influx of refugees which constitutes very large section of the population of the entire Greater Calcutta is the result of partition which was decided at the national level. Quite a number of migrants constitute the population of Greater Calcutta. About 50 per cent. of the working force and 42 per cent. of the population in Calcutta and Howrah are outsiders. Most of them live on pavement, on jute line, on factory side and the like and thus they constitute a great strain on the city's civic life. Sir, Calcutta people have to bear a conceivable burden of the economy of the country. About 42 per cent. of exports and about 25 per cent. of imports are loaded and unloaded at the Calcutta Port. But these come or go beyond West Bengal—not to speak of Greater Calcutta. About 30 per cent. of bank clearances are made in Calcutta, about 13 per cent. of students receiving higher education live in Greater Calcutta area. So it is absolutely necessary that adequate Central assistance must be forthcoming for the development of Calcutta. But whatever is done by the Centre, the administration of the problems of Calcutta and its development lie with the local Government and the different local authorities. For this, Sir, I have a few important suggestions to make. There should be a co-ordinated comprehensive approach to the problems of Greater Calcutta. There should be a Master Plan for the area as a whole and also sub-plans quite in consonant with the Master Plan for the different municipalities, towns and even rural areas. The whole Master Plan should consist of two parts—one long

period programme. It is the short period programme which is more important than the long period programme. Secondly, there should be one overall agency to deal with the broad problems of Calcutta, at least the more urgent problemes of sanitation, drainage, sewerage and so on. Now-a-days, there are a few departments of the Government like P.W.D., like the Housing Department, like the L.S.G., Department. There are quite a number of local bodies like the Corporation, like the municipalities, like the Zilla Parishad—all of these make a higgledy-piggledy combination of authorities for the improvement or for the maintenance of the present condition of the Greater Calcutta area. There should be the utmost co-ordination and harmony among the activities, of the plans and programmes and all that is necessary for the development of Calcutta.

Then, Sir, there should be functional decentralisation. That means the important aspects of the development of Calcutta should be divided among important agencies on functional basis. There has been already one Water and Sanitation Authority. Similarly, there should be one authority for dealing with traffic problem, there should be one authority less dealing with the problem of housing, there should be one authority for dealing with the problem of public utilities and so on.

Lastly, Sir, what I feel very seriously and very sincerely is that the problem of the development of Greater Calcutta area should be placed above politics. There should be a body—overall body—to look after the development work, to look after the execution of the different plans which should be composed of all parties. A few days back the Deputy Chief Minister made history by having a legislation passed in this House in course of only a few hours for taking over an age-old organisation with strong vested interests and with the unanimous support of all sections of the House, I mean the Tramways. I would suggest that there should be some legislation for the development of Calcutta benefit of all political considerations to which we shall certainly extend all our co-operation. If any move is made by our authorities and by our friends of the Treasury Bench for taking up the problems of Calcutta in a serious manner, we shall not hesitate to extend our utmost co-operation to it.

Thank you, Sir.

শ্রীশম্ভুচরণ ঘোষ: মাননীয় ডেপ্টি স্পীকার মহাশয়, আমি একটা ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। তর্পণ পত্রিকার জনৈক সাংবাদিক যখন এই অ্যাসেম্বলীর লাবিতে এসেছেন তখন কংগ্রেসের জনৈক সদস্য গিরিন মণ্ডল মহাশয় তাঁর উপর আক্রমণ করেছেন এবং তাঁকে মারধোর করেছেন, তাঁর গলা টিপে ধরে তাঁকে অপমান করেছেন, আমি মনে করি সাংবাদিকদের উপর এই ধরণের যে অত্যাচার এবং তাঁকে যে লাঞ্ছিত করা হয়েছে এটা অত্যন্ত লজ্জাকর। আমি এ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

মিঃ ডেপুটি স্পীকার: এ সম্বন্ধে খবর নিয়ে যা ব্যবস্থা করা যায় করা হবে।

শ্রীহরপ্রসাদ চ্যাটার্জি: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মুখ্যমন্ত্রী গ্রেটার ক্যালকাটা ডেভেলপমেন্টের জন্য যে ব্যয়বরাদ্দ আমাদের সামনে উপস্থিত করেছেন সেই ব্যয়বরাদ্দ সমর্থন করে আমি কয়েকটি কথা আপনার কাছে নিবেদন করতে চাই। আমাদের মাননীয় সদস্য মৃত্যুঞ্জয়বাবু এই সমস্যার কথা যেভাবে বলেছেন আমরা অনেকটা তাঁর সাথে একমত সে বিষয়ে সন্দেহ নেই এবং সেইজন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। কলকাতার সমস্যা এবং কলকাতার আসেপাশে মিউনিসিপ্যাল এলাকার সমস্যা সাধারণভাবে জল সরবরাহ ব্যবস্থার উন্নতি করা ড্রেন বা সুয়ারেজ-এর উন্নতি করা এবং স্যানিটেশনের উন্নতি করা শুধু একমাত্র কলকাতায় ডেপুটি স্পীকার স্যার, ৪০ হাজার সার্ভিস প্রিভি আছে। অন্যান্য আশেপাশের মিউনিসিপ্যাল এলাকার কথা ছেড়েই দিলাম এবং আজও যে কথা মৃত্যুঞ্জয়বাবু বললেন যে একটু বেশী জল হলে কলকাতার শহরের

অনেক রাস্তা জলে ডুবে যায়। মফঃস্বলের কথা তো ছেড়েই দিলাম এবং তার সাথে যুক্ত হয়েছে টালিগঞ্জ এবং উল্টাডাঙ্গা এলাকা, যে এলাকায় আজও পর্যন্ত সম্পূর্ণ ভাবে জল সরবরাহের ব্যবস্থা হয় নি এবং সেখানে সুয়ারেজের কোন ভাল ব্যবস্থা হয় নি। এই সমস্যা সমাধানের জন্য একথা আমি মনে করি যে একটা ইনট্রিগেটেড প্ল্যান এবং একটা সংস্থা হওয়া দরকার এই প্ল্যানিং এক্সিকিউশন করবার জন্য। কিন্তু সাথে সাথে এটাও আমি মনে করি যে আগের সরকার যেভাবে এই জিনিসকে দেখেছিলেন যে ঐ মেট্রোপলিটন অর্গানাইজেশন এবং স্যানিটেশন অর্থারিটি ইত্যাদির সৃষ্টি করে যেসমস্ত একজিসটিং মিউনিসিপ্যালিটি আছে তাদের ক্ষমতা নিয়ে নেবেন তার সাথে আমরা একমত হতে পারি না। আমরা মনে করি যে এই সমস্ত কাজ এক্সিকিউশন করার জন্য বা প্ল্যানিং করার জন্য একটা বডি হোক এবং এক্সিকিউশন করার পর এই সমস্ত জল সরবরাহের ব্যবস্থা বা সুয়ারেজের ব্যবস্থা যাতে সেসব মিউনিসিপ্যালিটির হাতে ছেড়ে দেন এবং সেই ব্যবস্থা করেন। এর জন্য যে টাকার প্রয়োজন মৃত্যুঞ্জয়বাবু যেকথা বলেছেন আমরাও সেই কথা বলবো যে, কেন্দ্রীয় সরকারের এই টাকা সম্পূর্ণভাবে দেওয়া উচিত। কারণ কলকাতার সাথে ভারতের যে যোগাযোগ সেদিক দিয়ে বিচার করে এবং কলকাতা এবং আশেপাশের যে রিফিউজী সমস্যা একথা বিচার করে এর সমস্ত দায়িত্ব ভারত সরকারের নেওয়া উচিত। আমরা দেখলাম ফোর্ড ফাউন্ডেশন থেকে কিছু কিছু টাকা পাবার ব্যবস্থা হয়েছিল কলকাতা মেট্রোপলিটন অর্গানাই-জেশনের ভিতরে এবং সেই টাকা তারা যা দিয়েছিলেন শুধু প্ল্যানিং করতেই সেই টাকা খরচ হয়ে গেছে, এক্‌জিকিউসনের জন্য আর হয়তো সামান্য কিছু টাকা তাদের কাছে আছে বা তাও নেই। সেজন্য তারা কোন কাজে এগোতে পারছেন না বা করতে পারছেন না এবং ট্রাফিক সমস্যা বা দ্বিতীয় ব্রীজের যে সমস্যা আছে সেগুলি করবার জন্য যে টাকার প্রয়োজন সেটা কেন্দ্রীয় সরকারের সম্পূর্ণ-ভাবে দায়িত্ব নেওয়া দরকার এবং কেন্দ্রীয় সরকার হিসাবে তাঁরা যদি কোন অন্য দেশীয় সরকারের কাছ থেকে টাকা নেন তাতে আমাদের কোন আপত্তি নেই। কিন্তু ঐভাবে ব্যক্তিগতভাবে বা ফোর্ড ফাউন্ডেশনের থ্রু দিয়ে টাকা আনেন তাহলে আমাদের আপত্তি আছে।

[6-25—6-35 p.m.]

কারণ এর মাধ্যমে আমেরিকান পেনিট্রেশনের সম্ভাবনা আছে বলে আমি মনে করি। আসেপাশের মিউনিসিপ্যালিটির সব থেকে বড় সমস্যা ট্রেঞ্চিং গ্রাউণ্ডের সমস্যা, সেই সমস্যা দূর করবার জন্য ইমিডিয়েট এ্যারেঞ্জমেন্ট কিছু করা দরকার যাতে করে এই সমস্যা থেকে তাঁরা উদ্ধার পান এবং আমি সব থেকে বড় সমস্যা ট্রেঞ্চিং গ্রাউন্ডের সমস্যা, সেই সমস্যা থেকে তাঁরা উদ্ধার পান এবং আমি একথা মনে করি যে এই জাতীয় কাজ করবার জন্য সাধারণ লোকের উপর যেন আর অতিরিক্ত ট্যাক্স বসানো না হয়। কারণ আগের বছর স্যানিটেশন অর্থারিটির কথায় আমরা শুনেছিলাম যে তাদের আবার নূতন করে ট্যাক্স বসানোর কথা ছিল। কিন্তু আমি বলবো নূতন করে যেন লোকের উপর এই কাজ করবার জন্য আবার ট্যাক্স বসানো না হয় এবং নূতন এলাকাতে জল সরবরাহের ব্যবস্থা, সুয়ারেজের ব্যবস্থা করতে হবে এবং সাথে সাথে পুরানো এলাকায়, কলকাতার বিভিন্ন এলাকায় এবং মফঃস্বল শহরে ১০০ বছর আগের জল সরবরাহের যে ব্যবস্থা আছে যে কথা মৃত্যুঞ্জয়বাবু বললেন সেগুলি যাতে পাল্টানো যায় সেদিকে দৃষ্টি রাখা দরকার। কারণ কলকাতায় আমরা রোজই দেখছি যে পুরানো পাইপ ফাটছে এবং জল সরবরাহ বিঘ্নিত হচ্ছে। এই জন্য সমস্ত জিনিসটা ইনটিগ্রেটেড প্ল্যানের মাধ্যমে করবার যে ব্যবস্থা সেটা নিশ্চয় করা উচিত—এক্সিকিউশন করার পরে সেই সমস্ত মিউনিসিপ্যালিটির বা সেই এলাকায় যেসব স্বায়ত্তশাসন-মূলক প্রতিষ্ঠান আছে তাদের হাতে যাতে এই কাজগুলি দেওয়া হয় সেদিকে আমাদের নজর রাখা উচিত এবং সরকার এদিকে নজর রাখবেন এ বিষয়ে আমার দৃঢ় বিশ্বাস আছে। বস্তী সমস্যা সম্বন্ধে যে কথা মৃত্যুঞ্জয়বাবু বললেন আমি বলতে চাই সমস্ত বস্তীকে যদি ভেঙ্গে নূতন করে করতে হয় তাহলে শুধু কলকাতার জন্য প্রায় ২০০ কোটি টাকার দরকার এবং অনেক টাইম দরকার। এইজন্য আমরা মনে করেছিলাম যে, সব বস্তীকে ভাঙ্গার দরকার নেই। এমন কিছু বস্তী আছে যার ভিতর সামান্য জলের ব্যবস্থা বা আলোর ব্যবস্থা বা পায়খানার ব্যবস্থা করে একটু উন্নতি করলে সেই বস্তী বসবাস করবার উপযোগী হবে এবং আর একরকম যেগুলি ইচ্ছা করলেই কিছু করা যায়। কিন্তু তৃতীয় পর্যায়ের বস্তী সেগুলি সম্পূর্ণভাবে ভেঙ্গে না করলে সেখানে বাস করা সম্ভব নয়, কিন্তু তা করবার আগে তাদের একটা বিকল্প ব্যবস্থা করা

দরকার। সেখানকার লোকজন যাতে আশেপাশে বসবাস করতে পারেন এবং বস্তীর উন্নতির পরে যাতে একই জায়গায় একই ভাড়ায় থাকতে পারে তার ব্যবস্থা করা দরকার—এই কথা বলে আমি এই ব্যয়বরাদ্দকে সমর্থন করছি।

Assault on a Press reporter

শ্রীশম্ভুচরণ ঘোষঃ মাননীয় ডেপ্‌রটি স্পীকার মহাশয়, আমি আপনার কাছে এইমাত্র যে বিষয় নিয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করলাম আমি মনে করি এই বিষয়ের প্রতি আপনি গুরুত্ব আরোপ করবেন। যে সাংবাদিক লাঞ্ছিত হয়েছেন তার নাম হচ্ছে দেবাশীষ মুখার্জী—উনি তর্পণ পত্রিকার সম্পাদক। এঁদের অ্যাসেম্বলীতে আসার প্রেস কার্ড আছে। এই ভদ্রলোক প্রেস কার্ড নিয়ে অ্যাসেম্বলীতে সাংবাদিকতার কাজ করতে এসেছেন। এই হাউসের কংগ্রেসী সদস্য গিরিন মণ্ডল ও অধর হালদার তাঁকে লবীর মধ্যে মারধর করেছেন। আমাদের যুক্তফ্রন্ট সরকার এ কথা বলেছেন যে, সাংবাদিকদের স্বাধীনতা আমরা অক্ষুন্ন রাখব এবং তাঁরা যাতে নির্ভিকভাবে সংবাদ পরিবেশন করতে পারেন সেই দিকে আমরা যথেষ্ট রক্ষা কবচ দেব। সেক্ষেত্রে আমি আপনার কাছে নিবেদন করছি সাংবাদিকরা নির্ভিকভাবে কাজ করতে গিয়ে যদি এইভাবে লাঞ্ছিত ও নিপীড়িত হন, তাহলে আমরা তাদের কি রক্ষা কবচ দিলাম। আমি এই বিষয়টা অধিকতর গুরুত্ব আরোপ করছি যে, সদস্য এখানে আছেন তাঁর কাছ থেকে কৈফিয়ত নেওয়া হোক যে তাঁরা এইরকম ধরনের লাঞ্ছনা ও নিপিড়ন কেন করেছেন। এবং এ বিষয়ে তাঁদের কিছু বক্তব্য থাকলে আমরা তাদের কাছ থেকে শুনতে চাই।

শ্রীহরপ্রসাদ চ্যাটার্জি: সাংবাদিকরা এই হাউসের একটা অংশ এবং কোন সাংবাদিক এইভাবে নিগৃহীত হলে সেটা হাউসের প্রতি অবমাননা করা হয়। সেজন্য এই ম্যাটারটা প্রিভিলেজ কমিটিতে দেওয়া হোক।

মিঃ ডেপুটি স্পীকারঃ যে মুহূর্তে এ কথা হাউসে বলা হয়েছে তখন আমি আমার অফিসারদের সমস্ত জিনিসটা এনকোয়ারী করার জন্য পাঠিয়ে দিয়েছি এবং তাঁরা এ সম্বন্ধে খবর নিশ্চয় করছেন যে কি ঘটনা হয়েছে। তবে বিষয়টা যে অত্যন্ত দুঃখজনক ও বেদনাদায়ক সে বিষয়ে সন্দেহ নেই।

I have sent our officer here to enquire into the matter and until and unless he comes back and makes a report to me, let us wait.

(Noise.)

শ্রীনিখিল দাসঃ যে সদস্য সম্পর্কে অভিযোগ উঠেছে তিনি এই হাউসে বসে আছেন তিনি বলুন এ ব্যাপারে তাঁর কি বক্তব্য আছে। (নয়েজ)

শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ তাঁকে ক্ষমা চাইতে হবে। (নয়েজ)

মিঃ ডেপুটি স্পীকারঃ আমি এ সম্বন্ধে সমস্ত ঘটনা জানবার জন্য আমাদের অফিসার পাঠিয়েছি, তিনি এসে রিপোর্ট ব্যাক করলে আমরা তাঁর থেকে সমস্ত ঘটনা কি তার খবর পাব। এর মধ্যে অনারেবল মেম্বারের যদি কিছু বক্তব্য থাকে তিনি বলতে পারেন।

But I cannot force anybody. (Noise)

[6-35—6-45 p.m.]

শ্রীরঞ্জিত ঘোষ চৌধুরীঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমার কথা একটু শুনুন।

(তুমুল হট্টগোল)

মিঃ ডেপুটি স্পীকারঃ আমি এ সম্বন্ধে এনকোয়ারী করবার জন্য অফিসারদের পাঠিয়েছি। ইফ আই ফিল নেসেসারি, আই উইল সেণ্ড দি হোল ম্যাটার টু দি প্রিভিলেজ কমিটি।

ডাঃ রঞ্জিত ঘোষ চৌধুরীঃ আপনি যখন রুলিং দিয়েছেন যে, দি ম্যাটার উইল গো টু দি প্রিভিলেজ কমিটি, এ সম্বন্ধে আমাদের বক্তব্য কিছু থাকতে পারে না। কিন্তু মাননীয় শম্ভু ঘোষ মহাশয় যে সাংবাদিকের নাম এখানে করেছেন, আমি আপনাদের অবগতির জন্য এবং হাউসের অবগতির জন্য জানাচ্ছি যে, আট বছর ধরে আমি এই হাউসে আসছি, কোন সাংবাদিক সম্পর্কে

এই অভিযোগ আনব না, কিন্তু এই সাংবাদিক সম্পর্কে আমার ব্যক্তিগত অভিজ্ঞতা আছে। আমি আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলছি যে এই সাংবাদিক আমার পকেটে হাত পুরে কাগজ বের করে নিয়েছে, পকেটের পয়সা বের করে চা খেয়েছে, এইরকম প্রায়ই ঘটেছে।

(তুমুল হট্টগোল)

মিঃ ডেপুটি স্পীকার: ইট ইজ নো কোশ্চেন অব এনিবডিজ পারসোন্যাল কেস।

শ্রীরবীন মুখার্জী: অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে এই, এখানকার কোন কোন সদস্য সম্পর্কে যে অভিযোগ আনা হয়েছে সে সম্পর্কে আপনি এনকোয়ারি করতে বলেছেন ভাল কথা। কিন্তু আর একজন সদস্য যিনি এখানকার সভ্য নন, তাঁর সম্পর্কে আবার নতুন করে এটাকে ডিফেন্ড করার জন্য বক্তৃতা করতে আরম্ভ করেছেন যে, তাঁর সম্পর্কে কি ব্যবস্থা করেছেন। একটা এনকোয়ারি করবার জন্য আপনি খবর পাঠিয়েছেন এবং ব্যবস্থাদি হচ্ছে ভাল কথা। কিন্তু সেটাকে ক্লাউডি অবস্থায় নিয়ে যাবার জন্য আর এক জন সদস্য তিনি নিজের কথা—যা এ পর্যন্ত আলোচনা হয়নি, সেই ঘটনাকে আজ বিকৃত করার জন্য তিনি এখানে মিথ্যা কথা বলার জন্য দাঁড়িয়েছেন। এইরকম বক্তাদের আমরা বের করে দিতে চাই এবং যাঁরা বাহিরের লোক তাঁদের ডিফেন্ড করার উপায় নেই। তাদের বিপক্ষে যদি এইরকমভাবে প্রত্যেক বার বলতে উঠে গণ্ডগোল করা হয়—বাহিরে আসুন দেখে নেব, কতখানি ক্ষমতা আছে। ঐখান থেকে বসে বসে বলছেন কেন?

শ্রীবিজয় সিং নাহার: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার কাছে এই কথা বলতে চাই, যে ঘটনা নিয়ে এখানে কথা উঠেছে আপনি যখন বলেছেন এনকোয়ারি করবেন.........

(তুমুল হট্টগোল)

(এই সময় সংবাদপত্রের সাংবাদিকরা সব একযোগে সভাকক্ষ ত্যাগ করেন)

শ্রীকমলকান্তি গুহ: মিঃ ডেপুটি স্পীকার, স্যার, এখানকার সমস্ত রিপোর্টাররা চলে যাচ্ছেন, এর বিরুদ্ধে এখুনি আপনাকে অ্যাকশান নিতে হবে।

(তুমুল হট্টগোল)

ডাঃ আবু আসাদ মহম্মদ ওবেদুল গণি: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই হাউসে সাংবাদিকদের চোর বলা হয়েছে, পকেটমার বলা হয়েছে, এইরকম স্টেটমেন্ট বিধানসভায় আর কখনও হয় নি।

মিঃ ডেপুটি স্পীকার: আই হ্যাভ অলরেডি অ্যাপ্রিসিয়েবলি.........

(তুমুল হট্টগোল)

ডাঃ আবু আসাদ মহম্মদ ওবেদুল গণি: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সাংবাদিকদের পকেটমার ও'রা বলেছেন সেই জন্য সাংবাদিকরা তাঁদের ব্লক থেকে ওয়াকআউট করে চলে যাচ্ছেন, ইট ইজ সামথিং রং। এইরকম ঘটনা বিধানসভায় আর কখনও ঘটে নি।

Shri W. H. Noney: On a point of order, Sir, I understand Mr. Ranjit Ghosh Chowdhury has made allegations against a member of the Press. As a journalist member of this House, I would request on that this matter be referred to the Privilege Committee and Dr. Ranjit Ghosh Chowdhury be asked to substantiate the charges at the Committee.

Mr. Deputy Speaker: Honourable members, I have already sent my officers to get all the informations regarding this unfortunate incident and when I will get the report the whole matter will be sent to the Privilege Committee if I find it absolutely necessary.

(**শ্রীবিজয় সিংহ নাহারঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা কথা বলতে চাই যদি আপনি অনুমতি দেন.........)

Mr. Deputy Speaker: After I have given my ruling I think you need not say anything Mr. Nahar.

(তুমুল হট্টগোল)

শ্রীবিজয় সিংহ নাহারঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়; যে ঘটনা সম্পর্কে এখানে বলা হয়েছে, সেইরকম কোন ঘটনা যদি ঘটে থাকে তাহলে আমরা কংগ্রেস পক্ষের সকলে অত্যন্ত দুঃখিত এবং এইরকম ঘটনা হওয়া উচিত নয়।

(**এ ভয়েসঃ** গিরীনবাবু এখানে তো বহাল তবিয়তে বসে আছেন, উনি তো নিজে ক্ষমা চাইতে পারেন।)

মিঃ ডেপুটি স্পীকারঃ আমি খোঁজ নিয়ে দেখছি।

শ্রীবিজয় সিংহ নাহারঃ স্যার, আমি যে কথা বললাম এর পর ঘটনা এখানেই শেষ হয়ে গেলেই ভাল হয়।

শ্রীমতী পূরবী মুখার্জীঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি অনেকবার বলতে উঠেছিলাম গোলমালে বলতে পারি নি, আমাকে একটু সময় দিন। আমাদের কংগ্রেস পক্ষ থেকে আজকে এখানে যে ঘটনা ঘটে গেছে যে আমাদের একজন সদস্য সাংবাদিকদের অসম্মান করেছেন, আমাদের পক্ষ থেকে—আপনার তদন্ত কি হবে না হবে তার ভেতর যাচ্ছি না, এইরকম একটা ঘটনা যে এখানে হয়েছে তার জন্য কংগ্রেসের পক্ষ থেকে আমাদের মাননীয় ডেপুটি লিডার শ্রীবিজয়সিংহ নাহার মহাশয় এই জন্য দুঃখ প্রকাশ এবং ক্ষমা চাইবার জন্য উঠেছিলেন,

[6-45—6-55 p.m.]

এই হাইস চালানোর জন্য যেটুকু আমাদের দিক থেকে বলা প্রয়োজন ছিল দুঃখপ্রকাশ করা এবং এই সম্পর্কে আমি পূর্বেই বলেছি—শুধু দুঃখপ্রকাশ নয়, সাংবাদিকদের মধ্যে যেভাবে এই সমস্ত ঘটনা নিয়ে এখানে উত্তেজনার সৃষ্টি হয়েছে—এটা খুব স্বাভাবিকভাবেই হয়েছে এবং এই হাউসের অভ্যন্তরে এই ঘটনা অত্যন্ত দুঃখের কথা। আমাদের পক্ষ থেকে আমি সমস্ত সাংবাদিকদের কাছে কংগ্রেসের পক্ষ থেকে ক্ষমা চাচ্ছি।

(নয়েজ এ্যান্ড ইন্টারাপশানস)

শ্রীঅপূর্বলাল মজুমদারঃ মিঃ ডেপুটি স্পীকার স্যার, আমাকে একটু বলতে দিন, যিনি এই কাজটা বিধানসভার ভবনের মধ্যে করেছেন, তাতে আমি মনে করি বিধানসভার যে মর্যাদা এবং এটিকেট মেম্বারদের থাকা উচিত তা খর্ব হয়েছে। যে মেম্বার এই কাজ করেছেন, তাঁকে এখানে দাঁড়িয়ে ক্ষমা চাইতে হবে। আর একজন সদস্য তাঁকে পিকপকেটিয়ার বলেছেন, সেই সদস্যকে সেই কথা শুধু উইথড্র করলে হবে না—তাঁকে ক্ষমা চাইতে হবে। এ ধরনের কথা যিনি বলেছেন—লেট হিম উইথড্র। যিনি ব্যক্তিগতভাবে এই কাজ করেছেন, তাঁকে বলতে হবে, তিনি অনুতপ্ত কিনা—তিনি ক্ষমা চাচ্ছেন কিনা! আর ডাঃ রঞ্জিত ঘোষ চৌধুরী মহাশয়—তাকে যিনি পিক-পকেটার বলেছেন, তাঁকে আন-কন্ডিশনালি অ্যাপোলজি চাইতে হবে—ক্ষমা চাইতে হবে। তা যদি তিনি না করেন, তাহলে আমি মনে করি তিনি শুধু এই হাউসের অমর্যাদা করেন নাই—এই আইন সভার সভ্য হবার অনুপযুক্ত।

শ্রীনিখিল দাসঃ অন এ পয়েন্ট অফ্ অর্ডার স্যার, মিঃ ডেপুটি স্পীকার স্যার, আমার কথা একটু শুনুন, আপনি গিরীনবাবুর ব্যাপারটা এনকোয়ারীতে দিন। কিন্তু তারপরে আসছি রঞ্জিতবাবু কি বলেছেন—তা শুনেছেন। তিনি একজন সাংবাদিককে উপলক্ষ্য করে বলেছেন তিনি পকেটমার, চোর। এর তো এনকোয়ারী করবার কোন দরকার নাই। এটা আমরা শুনেছি।

তারপর উনি এই কথা বলার পরে সাংবাদিকেরা চলে গেছেন অন প্রটেস্ট, সেই সদস্য ওখানে বসে আছেন। উনি কেন ক্ষমা চাইবেন না? ও'র ব্যাপারে তো কোন এনকোয়ারীর প্রশ্ন নাই! বিধান সভা ভবনে কোনদিন সাংবাদিকরা এই ধরনের ওয়াকআউট করেন নি। তাঁদের মর্যাদা আমরা বিধানসভার সদস্যরা যদি রক্ষা করতে না পারি, তার চেয়ে লজ্জা আর কিছুই নাই। যে সদস্য এই-রকম্ কাজ করেছেন তাঁকে ক্ষমা চাইতে হবে। কোনদিন এইরকম ঘটনা এর আগে ঘটে নি। দিস ইজ দি ফার্স্ট ইনস্ট্যান্স। যিনি এই ধরনের উক্তি করেছেন, আপনি নিজে শুনেছেন তাঁকে কথাটা উইথড্র করতে হবে, ক্ষমা চাইতে হবে—তারপর অন্য কাজ।

শ্রীশশাঙ্কশেখর মণ্ডল: অন এ পয়েন্ট অফ ইনফরমেশন স্যার, এই যে ঘটনা ঘটেছে—কেন ঘটেছে তা আমি জানি না। আমি নিজে সেখানে উপস্থিত ছিলাম। যাঁকে মারা হয়েছে আমি তাঁকে চিনি—দেখেছি—আমি এখনো তাঁকে চিনিয়ে দিতে পারবো, কিন্তু কেন মারা হয়েছে তা বলতে পারবো না। সেখানে হঠাৎ গিয়ে আমি দাঁড়ালাম, ফরসা মত এক ভদ্রলোক মাথায় টাক মত আছে। আমার চেয়ে বয়সে বড় না হলেও আমার কাছাকাছি বয়স হবে। তিনি তাকে একটা স্ল্যাপ মারলেন।

(এ ভয়েস: আপনি তাঁকে চিনিয়ে দিতে পারেন?)

হ্যাঁ, আমি তাকে দেখলে নিশ্চয়ই চিনিয়ে দিতে পারবো। আমি অ্যাসেম্বলীতে আসার পরে যে যত কথা বলেছেন এই ধরনের কোন কথা নিয়ে এখানে আমি বেশী সময় নেই নি। আমি যেকথা বলছি—আপনি বিশ্বাস করুন আমি একজন সদস্য হিসেবে বলছি—তিনি কেন ও কি কারণে মেরেছেন তা আমি বলতে পারবো না। আমি সদস্য হিসেবে বলছি আমি দেখেছি তিনি তাকে একটা চড় মেরেছেন এবং চড় মারার সঙ্গে সঙ্গে তিনি যেসমস্ত কথা বলেছেন তা এখানে প্রকাশ করা চলে না—বলা যায় না— তা অত্যন্ত অশালীন কথা—আন-পার্লিয়ামেন্টারি কথা। আমি নিজে প্রত্যক্ষদর্শী যিনি মেরেছেন, তিনি সেই সাংবাদিককে বলেছেন সেইসব কথা। এখন এই কথা যদি কংগ্রেসের তরফ থেকে বলা হয়, যদি এই কথা তিনি বলে থাকেন, যদি তিনি মেরে থাকেন এখানে এই 'যদি' বলার কথা ওঠে না, তার কোন অবকাশ নাই। আমি এই ইনফরমেশন আপনাকে দিলাম। আমি তাঁর নাম জানি না বটে, কিন্তু জগন্নাথবাবুকে আমি চিনি, তার ডাইনে একজন বাদে এক্সট্রিম য়েন্ড-এ যিনি বসে আছেন, তিনিই সেই ভদ্রলোক—যিনি তাঁকে মেরেছেন।

(নয়েজ অ্যান্ড ইন্টারাপশানস)

(ভয়েস: তাকে ক্ষমা চাইতে হবে এখনই)

শ্রীরাম চ্যাটার্জি: স্যার, আমি ওখানে ছিলাম, আমি দেখেছি, উনি জ্ঞানশূন্য অবস্থায় এদিক থেকে ও-দিকে চলে গেছেন, উনি একমাত্র জনসংঘের সদস্য এবং জ্ঞানশূন্য অবস্থায় মেরেছেন—এই বিধানসভা ভবনের মধ্যে যিনি জ্ঞানশূন্য অবস্থায় চলাফেরা করেন, তাঁকে রাঁচি কিংবা মানকুণ্ডুই তার বাসের উপযুক্ত স্থান। তাকে যদি সেখানে দয়া করে আপনি পাঠিয়ে দেন—ঐ জ্ঞানশূন্য ব্যক্তিকে, তাহলে সাংবাদিকরা আবার এখানে ফিরে আসবেন এবং আমরাও নিশ্চিন্ত থাকবো।

Mr. Deputy Speaker: Honourable members, the whole matter is absolutely unprecedented in the history of this House. Therefore, I feel and feel very strongly and, specially when so many members are expressing their views on it, without any further enquiry I immediately send the whole matter to the Privilege Committee.

শ্রীনিখিল দাস: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ডাঃ রঞ্জিত ঘোষ চৌধুরীর ব্যাপারটা কি হলো? হি মাস্ট উইথড্র।

Mr. Deputy Speaker: Privilege Committee is recognised and respected as a court of the members. Privilege Committee is recognised as a court of justice for the members and since I have already declared before you that immediately I sent the whole matter to the Privilege Committee, I think it becomes sub judice to us all.

Shri Nikhil Das: Sir, both the matters of Shri Girin Mondal and Dr. Ranjit Ghosh Chowdhury will be referred to the Privilege Committee.

Mr. Deputy Speaker: The matter of assault to a press man by one or two honourable members—this is absolutely unprecedented in the history of this House. I send this matter and the Privilege Committee, if on enquiry finds anything out of it, that Committee will do it.

[6-55—7-05 p.m.]

Shri W. H. Noney: Sir, this is a very serious matter. A member of this House makes an allegation against a member of the Press who has no way to defend himself when the statement is made. I suggest that you kindly refer that particular matter—the allegation made by Dr. Ranjit Ghosh Chowdhury—as a separate and distinct issue to the Privilege Committee. This is a very serious matter. It is time Dr. Ranjit Ghosh Chowdhury withdraw that remark.

Mr. Deputy Speaker: I am the Chairman of the Privileges Committee. I give you every assurance that as Chairman of the Privileges Committee, if necessary I will call the Press.

Now, Dr. Gopal Das Nag may please speak.

Dr. Gopal Das Nag: Sir, I stand to oppose the grant moved by the Hon'ble Chief Minister because of the inadequacy of the provisions in the grant. Before I go into the details I like to point out that Calcutta, the oldest city in India, the most thickly populated city in India and once the capital of India, is in crisis. Those who stay in Calcutta and people like us who come from outside have always been experiencing miserable inadequacy and deficiencies in the public utility services like supply of drinking water, sewerage, road conditions and also the deficiencies in other community services like transport, accommodation in schools, hospitals and other. It was thought necessary that to solve these complex and multifarious problems an intergated planning and organised work is necessary for which an Authority, which we popularly call the Calcutta Metropolitan Planning Organisation, was set up and today our Hon'ble Chief Minister of the United Front Government is, perhaps, trying to give shape to what our late Dr. B. C. Roy had in his vision. Sir, through you I would like to remind our Hon'ble Chief Minister that the city cannot be treated as an isolated unit. So, whenever we consider about the problems civic of Calcutta whenever we think of the deficiencies in respect of utility and community services in Calcutta, we must keep in view the still worse conditions prevailing in the adjoining municipal areas, not to speak of the rural area which has been included in the Calcutta Metropolitan district. This giant metropolis covers an area of 490 sq. miles with a population of 7.5 million as per estimate of 1966. This population of 7.5 million...............

ডাঃ রঞ্জিত ঘোষ চৌধুরীঃ অন এ পয়েন্ট অফ পার্সোনাল এক্সপ্ল্যানেশন, স্যার, কিছুক্ষণ আগে এই হাউসে আমার একটা মন্তব্য নিয়ে আমি শুনলাম যে আমাদের এখানে বিভিন্ন সংবাদপত্রের যাঁরা প্রতিনিধি আছেন তাঁরা বিক্ষুব্ধ হয়েছেন। স্যার, আমি আপনার মাধ্যমে জানাতে চাই এবং হাউসে বলতে চাই যে সংবাদপত্রের প্রতিনিধিদের বিক্ষুব্ধ করার কোন উদ্দেশ্য আমার ছিল না। আমি চাই না যে আমার কোন কথার দ্বারা কোন সংবাদপত্রের প্রতিনিধি বিক্ষুব্ধ হন। আমি, স্যার, আপনার মাধ্যমে জানাতে চাই যদি সাংবাদিকরা বিক্ষুব্ধ হয়ে থাকেন তাহলে I unconditionally apologise before the Press representatives.

Mr. Deputy Speaker: Dr. Ghosh Chowdhury, you are not to express now.

শ্রীঅপূর্বলাল মজুমদার: মিঃ ডেপুটি স্পীকার, স্যার, বিষয়টি আপনি রেফার করেছেন প্রিভিলেজ কমিটিতে তারপরে এই বিষয়ে আর কোন প্রশ্ন উঠে না।

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়: স্যার, পার্সোন্যাল এক্সপ্ল্যানেশনে, অপূর্ববাবু ছিলেন না, তিনি হয়ত জানেন না, রঞ্জিতবাবু যে কথা বললেন তার সঙ্গে যেটা প্রিভিলেজের প্রশ্ন তার কোন সম্পর্ক নেই।

Mr. Deputy Speaker: Mr. Ray, you have come late. Dr. Ghosh Chowdhury has unconditionally apologised and withdrawn the remark. Just before Dr. Nag could finish, I do not know how Dr. Ghosh Chowdhury all on a sudden could stand up and why I do not know. Let me explain. If Dr. Ghosh Chowdhury wanted to give any personal explanation on any matter referred to here in this House, he could have done it after Dr. Nag finished his speech. But before that all on a sudden he stood up without taking my normal permission; at least I could not hear that he took any permission. I have before this House already declared that the whole matter is absolutely unprecedented in the history of this Legislature and that is why I have sent the whole matter to the Privilege Committee. If required, I as Chairman of the Privilege Committee can assure the House that I will request the Press people to come before the Privilege Committee. Moreover, just when we all found that our Press people retired from this Legislature, I asked my officers on behalf of the House to request them to come back to the House. We are all happy that on our request the Press people have all come back here. So let us resume our work. Dr. Gopal Das Nag may now resume.

Dr. Gopal Das Nag: Sir, I have been saying, this Metropolitan district covers about 490 square miles with a population of 7.5 millions which is about two-third of the total urban population of our State.

[7-05—7-15 p.m.]

Sir, if the whole area of this grant metropolis is left uncared of, it would be a tremendous tragedy for the State because, Sir, as has been properly established by Shri Mritunjoy Banerjee that its development is a matter of national significance. Just one point I would like to mention in this connection that this Metropolitan district contains the biggest single concentration of productive capacity of India. So, Sir, we expect that the Hon'ble Chief Minister will look upon this matter in proper perspective and will employ as much fund as may be available for the purpose of expeditious execution of the plan prepared by C.M.P.O. Sir, I shall not go into the details of the Plan. Simply, I will mention about a few essential services like water supply, sewerage and drainage of the Greater Calcutta area which is now under the management of a statutory body which is popularly known as the Calcutta Metropolitan Water and Sanitation Authority. Sir, I had the privilege to know the working of this authority and what I find is that only 22 crores have been allotted for development in respect of water supply, sanitation, sewerage and drainage during the Fourth Five-Year Plan. Sir, the works so far sanctioned by the authority are more or less confined within the Corporation area of Calcutta. We must not forget that though Calcutta is the central place, still we are also to look after the interests of the persons who live in the district town, subdivisional towns and other municipal areas where, as I have mentioned before, the problems are still worse. Another thing which pains me is this—that though we speak much of the Greater Calcutta development works, in fact these development works do not promise for any overall improvement of the prevailing miserable conditions within the coming 20 years. Sir, the total planning is estimated to be of more than three hundred crores of which only 22 crores have been

allotted for the Fourth Plan and during the first five years no work of significance will be taken up outside the jurisdiction of Calcutta Corporation. A few small item of works may be taken up during the Fifth Plan, of course, provided that sufficient funds are made available and the residual works may be taken up during the Sixth and subsequent Plan periods, provided that the said Water and Sanitation Authority can collect the sum necessary for capital expenditure. My humble question to the Hon'ble Chief Minister, Sir, is whether the people of this gigantic metropolis will be satisfied when they will know that they will have to wait for twenty years to have their water supply, to have the proper drainage, to have the proper sanitation, to have the proper sewerage of the towns when they are paying their taxes to the municipalities regularly. Sir, there is one other thing which I must mention. I think there is a feeling of uncertainty in the water and sanitation authority. I do not know what are the reasons. But, in fact, no progress worth mentioning could be made during the last one year after the Water and Sanitation Authority came into existence. My humble request to the Hon'ble Chief Minister is this that the present Government should immediately make up their mind and either they should say that let the Authority proceed with the work or they would put an end to this Authority. Sir, there are many things which the Hon'ble Chief Minister did not mention. He has mentioned here about the spill over works of the Third Five-Year Plan period. In fact, Sir, this is the Fourth Five-Year Plan period. I do not think the original work under the scheme will not be more than one or two in number. There is another thing which has been incorrectly mentioned by our Hon'ble Chief Minister. He has mentioned that in the Emergency Water Supply Augmentation Scheme provisions have been made to guarantee per capita supply of 20 gallons of water to the areas outside Calcutta Corporation. Perhaps it is not known to the Hon'ble Chief Minister that exception has been made in case of one Municipal Corporation, i.e., Chandernagore, where provision has been made for forty gallons per capita supply for the reasons, as I understand, that in some future date Chandernagore may have the sewerage system. God knows when it will come into existence and now they are making provision of forty gallons per capita supply so that when there will be sewerage there may not be any dearth of supply. I have got no objection to this provision of forty gallons per capita supply for efficient running of the sewerage but Sir, I beg to remind, our Hon'ble Chief Minister that there is another town in Hooghly district which has got the sewerage system. There under the new scheme no provision has been made for forty gallons per capita supply per day. I mean, Sir, the town of Serampore which has got the sewerage system for last ten years but unfortunately for inadequate supply of water there is no suitable flushing which may some time cause damage to the vital plants.

Now before concluding, Sir, I would like to point out to our Hon'ble Chief Minister that the matters of such national significance, so far as our district towns and subdivisional towns are concerned, cannot be deferred till the Sixth and Seventh Plans. He should find out sufficient funds either from the Government of India or from some other source as may be found convenient by him, and he must give necessary priority to such works as drainage, sewerage and sanitation of the towns in the industrial belt of this large metropolitan district.

[7-15—7-25 p.m.]

Sir, I would like to point out to our Chief Minister that the difficulties are practically inherent in our system. We want works worth at Rs. 22 crores to be done during the Fourth Plan period. Of course, it is true that we are not lacking in technical experts, but we have deficiencies in respect

of equipments. For example, we want to replace the main pipe from Tullah to Shyambazar, which must be done as early as possible. If we want to change it, we will have to make a by-pass and, then, we will have to replace the original line. If we want to have it done through our old system it cannot be done easily, effectively and efficiently. Modern machineries and other implements are not available. If we waste time unnecessarily for formalities there will be delays in execution which will simply cause spill over and continuous still over. I would request our Chief Minister that such matters of national significance should not be delayed for any reason whatsoever. Priority must be given over all other development work to the works assigned to the Calcutta Metropolitan Water Supply and Sanitation Authority and sufficient funds must be provided so that the Authority can take up the works immediately. The people will, then have a sigh of relief and thank our Chief Minister.

শ্রীমণি সান্যালঃ অধ্যক্ষ মহাশয়, আমি একটা বিষয়ের প্রতি মুখ্যমন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই, সেটা হচ্ছে এই যে, কলকাতার মত একটা বিরাট শহরে এবং তার আশেপাশের অঞ্চলের উন্নতির জন্য প্রকল্পগুলিকে কাজে রূপায়ণ করবার জন্য নিশ্চয় একটা ইনটিগ্রেটেড প্ল্যানিং অর্গানাইজেশনের প্রয়োজন আছে, কিন্তু সি এম পি ও যেভাবে তৈরী হয়েছিল তাতে আমার নিজের যথেষ্ট সন্দেহ আছে যে এই প্রতিষ্ঠানের ভিতর দিয়ে সেই ধরনের কাজগুলি হওয়া সম্ভবপর কিনা। আমরা জানি ১৯৫৯-৬০ সালে যখন এই সি এম পি ও-র কথা চলছিল তখন নিউ ইয়র্ক টাইমস ইত্যাদি পত্রিকায় বলা হয়েছিল

Make Calcutta useful. Save Calcutta from Communism. That was the idea behind the formation of C.M.P.O.

একথা তখন প্রকাশিত হয়েছিল এবং তার ভিতর দুটো জিনিস আমাদের কাছে হাজির করা হয়েছিল, একটা হচ্ছে

Bogey of deficient resources.

আর একটা হচ্ছে--

Another bogey of deficiency of knowledge.

প্ল্যানিংয়ে আমাদের ডেফিসিয়েন্সি আছে, রিসোর্সে আমাদের ডেফিসিয়েন্সি আছে একথা ঢক্কানিনাদ করা হয়েছে তখন। তার ভিতর দিয়ে সি এম পি ও-তে হাজির হয়েছে ফোর্ড ফাউন্ডেশন। কিছু দিন আগে একটা প্রশ্নোত্তরের ভিতর দিয়ে জানতে পেরেছি যে এই ফোর্ড ফাউন্ডেশন যখন এসেছে তখন তারা ১৯৬১ সাল থেকে ১৯৬৭ সালের ভিতর ৪৪ লক্ষ ৪৮ হাজার ডলার এই প্রতিষ্ঠানকে দিয়েছে। এই প্রতিষ্ঠানকে দিয়েছে বললে ভুল বলা হবে—সি এম পি ও-র হাতে দেওয়া হয়েছে ৫ লক্ষ ৫১ হাজার ডলার এবং এই ৪৪ লক্ষ ৪৮ হাজার টাকার ভিতর এই অঙ্কটা বাদ দিয়ে দেখা যায় যে, একটা বিরাট অঙ্কের টাকা এই ফোর্ড ফাউন্ডেশন তাদের নিজেদের ইচ্ছামত খরচ করেছে, নিজেদের প্রয়োজন মত খরচ করেছে এবং আমি বলবো সরকারী অফিসারদের ব্রাইব দেবার কাজে খরচ করেছে। আপনি জানেন কিনা জানি না, এই সি এম পি ও-কে উপলক্ষ করে ফোর্ড ফাউন্ডেশন একটা চক্র তৈরী করেছে—ভুবনেশ্বরে তাদের অর্গানাইজেশন আছে, পাটনায় আছে, শিলং-এ আছে, কলকাতা শহরেও তাঁরা করেছিলেন—যাঁরা এসেছিলেন সি এম পি ও-কে সাহায্য করতে কলকাতা এবং গ্রেটার ক্যালকাটার কি করে উন্নতি করা যায় তার জন্য সমস্ত ইস্টার্ন রিজিয়নকে নিয়ে তাঁরা একটা চক্র তৈরী করেছিলেন। এবং এই বিরাট টাকার অঙ্ক সি এম পি ও-র মারফত সেই চক্রের ভেতর দিয়ে খরচ করা হচ্ছে। প্রতি বছরে ১২ জন সরকারী অফিসারদের বিদেশ ভ্রমণ করার জন্য নিয়ে যাওয়া হচ্ছে আই সি এস অফিসারদের নিয়ে যাওয়া হচ্ছে। আমি বুঝতাম যদি টেকনিক্যাল ম্যানদের নিয়ে যাওয়া হোত টেকনিক্যাল নলেজ বাড়াবার জন্য তাহলে তার একটা সার্থকতা থাকতো। আই সি এস অফিসাররা এখানে যে মাইনে পান তাঁরা তার উপরে এখানে ৭০০ টাকা করে বেশি পান, কারণ তাঁরা সি এম পি ও-তে টেম্পোরারী অফিসিয়েট করতে যান। এর উপর ফোর্ড ফাউন্ডেশন বিরাট টাকার অঙ্ক দিয়ে তাঁদের জন্য প্রমোদ ভ্রমণের ব্যবস্থা

করেন। এইভাবে সি এম পি ও ফোর্ড ফাউন্ডেশন-এর ফ্যাবুলাস টাকার অঙ্ক দিয়ে বিরাট রাইবের মোহ সৃষ্টি করে রেখেছে। তারা এইভাবে যে চক্র সৃষ্টি করেছেন সেই চক্র আমাদের ভাঙ্গতে হবে। তা না হলে সি এম পি ও-র কাছ থেকে কোন উন্নতিমূলক কাজ আমরা সৃষ্টি করতে পারবো না। এ পর্যন্ত আমরা জানি সি এম পি ও-র যে ১১ জন বিদেশী অফিসার এখানে আছেন, সেই ১১ জন বিদেশী এক্সপার্ট নামে পরিচিত তাঁরা ১১টি প্ল্যান তৈরী করেছেন। এর মধ্যে বেসিক ডেভালপমেণ্ট প্ল্যান বলে একটা প্ল্যান তৈরী করেছেন। সেই প্ল্যানের যে স্টাডি রিপোর্ট সেই স্টাডি রিপোর্টের সঙ্গে পরিকল্পনার কোন সামঞ্জস্য নেই। সেই স্টাডি রিপোর্টে তাঁরা এক ধরনের কথা বলেছেন, আর পরিকল্পনা করেছেন আর এক ধরনের এবং সমস্ত পরিকল্পনা এমনভাবে তৈরী করেছেন যে পরিকল্পনা ভারতের কোন কনট্রাকটারী ফার্ম তৈরী করতে পারবে না। এই পরিকল্পনার কাজ তৈরী করতে হলে বিদেশ থেকে ফার্ম আমদানী করতে হবে। কোলকাতা শহরে হুগলী নদীর উপর দ্বিতীয় হাওড়া ব্রিজ নির্মাণের কথা হয়েছে। সেটা হলে হাই লেভেল ব্রিজ তৈরী করতে হবে। আপনি জানেন কিনা জানি না যে প্রতিষ্ঠান এই সাজেশন দিয়েছেন তার নাম হচ্ছে র‍্যান্ডেল পামার অ্যান্ড ফিলটন। সেই র‍্যান্ডেল পামার অ্যান্ড ফিলটন বর্তমানে যে হাওড়া ব্রিজ আছে সেই ব্রিজ তৈরী করেছিল। এই র‍্যান্ডেল পামার অ্যান্ড ফিলটন কোলকাতার পোর্ট কমিশনারের অ্যাডভাইসার। এই র‍্যান্ডেল পামার অ্যান্ড ফিলটন বলেছেন একটা হাই লেভেল ব্রিজ তৈরী করতে হবে। অর্থাৎ এমন ব্রিজের পরিকল্পনা তাঁরা এনে দিয়েছেন সি এম পি ও ও ফোর্ড ফাউন্ডেশানের মারফত যে ব্রিজ তৈরী করার একমাত্র কনট্রাকটারদের কাছে যাবে। সুতরাং আমাদের প্রশ্ন করতে হচ্ছে হু ইজ হেলপিং হু। এই অবস্থার ভেতর দিয়ে আমরা দিন কাটাচ্ছি। কাজেই যদি সত্যি সত্যি সি এম পি ও-র কাছ থেকে সত্যিকারের কাজ পেতে হয় তাহলে সি এম পি ও-কে ফোর্ড ফাউন্ডেশানের প্রভাব থেকে মুক্ত করতে হবে। ফোর্ড ফাউন্ডেশানের সঙ্গে যে চুক্তি আছে সে সমস্ত নাকচ করতে হবে এবং তা যদি করতে পারি তাহলে সি এম পি ও-র দ্বারা সত্যিকারের এই দেশের উপযোগী প্ল্যান হতে পারবে। আমাদের দেশে এক্সপার্টের অভাব নেই, টেকনিক্যাল নলেজের অভাব আছে একথা স্বীকার করি না। আমাদের দেশে যথেষ্ট টেকনিক্যাল নলেজ আছে, এক্সপার্ট আছে তাদের যদি সত্যিকারের ব্যবহার করি তাহলে তাদের কাছ থেকে আরও বেটার প্ল্যান আমরা পেতে পারি। যাদের এই দেশের মাটির সঙ্গে সম্পর্ক আছে, যারা এই দেশের সমস্যা জানে তাদের দিয়ে প্ল্যান তৈরী করান তবেই সেই প্ল্যান সাকসেসফুল হতে পারে। যে সমস্ত প্ল্যান সি এম পি ও তৈরী করছে তার ডাটা কালেকশান এবং ডাটা প্রোসেসিং হচ্ছে লন্ডনে, তার প্ল্যান ছাপা হচ্ছে জেনেভাতে। এইভাবে তারা প্ল্যান তৈরী করছে এবং কোলকাতা শহরে তা কাজে পরিণত হবে। আপনার মাধ্যমে চীফ মিনিস্টারের কাছে একমাত্র আবেদন হচ্ছে যদি সত্যি সত্যি কোলকাতা শহরকে রোগমুক্ত করতে হয় এবং শহরতলীর লক্ষ লক্ষ লোকের জীবনযাত্রার মান উপযোগী করে দিতে হয় তাহলে সি এম পি ও-কে ফোর্ড ফাউন্ডেশনের প্রভাবমুক্ত করুন এবং সি এম পি ও-কে সত্যিকারের জাতীয় প্রতিষ্ঠানে পরিণত করুন।

[7-25—7-32 p.m.]

[illegible] মুখোপাধ্যায়ঃ মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় সদস্য শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি মহাশয় এখানে কয়েকটি কথা তুলেছেন। শ্রীরামপুরে এখন যে ওয়াটার ওয়ার্কস আছে তা থেকে বৃহত্তর হাওড়ায় জলসরবরাহ করা যাবে না এইটা তাঁর ধারনা। আমরা সেই ওয়াটার ওয়ার্কসকে এমনভাবে বাড়াবো যাতে ঠিকমত জল সরবরাহ করা যায় এবং সেইভাবেই পরিকল্পনা করে কাজ করা হচ্ছে। তিনি বলেছেন হাওড়া ও শিয়ালদহ স্টেশনে যাওয়ার অঞ্চলটাকে আরো ভালো করবার জন্য যে টাকা ধরা হয়েছে সেই টাকা আমরা নাকি খরচ করতে পারবো না—পারবো কিনা সেটা বছরের শেষে দেখলেই ভাল হত। তিনি হুগলী ব্রীজের কথা তুলে বলেছেন যে এর কোন টাকা ধরা নেই। ভাল করে দেখলে তিনি দেখবেন যে, টাকা ধরা আছে। তিনি বলেছেন বস্তী উন্নয়নের জন্য কোন টাকা ধরা নেই। নতুন যে সি এম পি ও অথরিটি হয়েছে তার হাতে বস্তী উন্নয়নের ব্যাপারটি নেই, ইমপ্রুভমেন্ট ট্রাস্টের হাতে আছে। তিনি বলেছেন কলকাতা ভারতের মধ্যে এক্সপোর্ট-ইমপোর্টের অন্যতম বৃহৎ বন্দর তার অসুবিধা হচ্ছে। আমরা সেটা জানি বলেই

তো হলদিয়াতে আর একটি ডক তৈরী হচ্ছে। তিনি বলেছেন শুধু বড় প্ল্যান নয়, একটা প্ল্যান করতে হবে এবং তার সাব-প্ল্যান থাকবে লং অ্যান্ড সর্ট পিরিয়ডের জন্য। এই ব্যবস্থাই আমরা করছি। তিনি বলেছেন আইন থাকা দরকার। আইন আছে এবং আইন ইতিমধ্যেই তৈরী হয়েছে। তাছাড়া ছোট ছোট দুটি বিল আসছে। একটি পুলের সেপারেট অথরিটি করার জন্য, আর একটি ট্রাফিক, ট্রান্সপোর্ট অথরিটি করার জন্য—এই দুটি বিল আসছে। আমাদের মাননীয় সদস্য মনি সান্যাল বলেছেন যে ল্যান্ডেল প্লামার অ্যান্ড ডারটনকে দেওয়া হল কেন? এটি একটি নূতন ধরনের পুল হচ্ছে। এটি এত বড় পুল হচ্ছে যে এর ভিতর দিয়ে বড় বড় সমুদ্রগামী জাহাজ যেতে পারবে যখন পরিপূর্ণ জোয়ার থাকবে নদীতে এবং নদীর মাঝখানে থাম দেওয়া চলবে না। কাজেই এই নূতন ধরনের পুলে যাঁদের অভিজ্ঞতা আছে সেইরকম পার্টি দিয়ে না করালে হবে না। (ভয়েসঃ ও'রা কি কনট্রাকটর) ও'রা কনট্রাকটর নয়, ডিজাইনার এবং অ্যাডভাইসার, পোর্ট অথরিটি। আমার আর বিশেষ কিছু বলার নেই। আমি এই ছাঁটাই প্রস্তাবের বিরোধীতা করছি, আশা করি এই প্রস্তাবটি গৃহীত হবে।

Mr. Speaker: I put all the cut motions to vote except No. 3 on which division has been claimed.

The motion of Shri Satyanarayan Mitra that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Sushil Kumar Paul that the demand of Rs. 2,00,34,000 for expenditure under grant No. 35, Major Head: 51A—Greater Calcutta Development Scheme and 106A—Capital Outlay on Greater Calcutta Development Scheme be reduced by Re. 1, was then put and a division taken with the following result:

NOES 143

Abdul Bari, Shri Md.
Abdul Haque, Shri
Abdul Latif, Shri Md.
Abdul Quiyom Molla, Shri
Amirali Molla, Dr.
Bakshi, Shri Manoranjan
Bandopadhyay, Shri Amiya Bhusan
Bandopadhyay, Shri Khagendra Nath
Banerjee, Shri Subodh
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Basu, Shri Mukul
Bazle Ahmad, Shri
Bera, Shri Sasabindu
Bhandari, Shri Netai
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharya, Shri Jyoti Bhusan
Bhattacharya, Shri Nani
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhowmik, Shri Kanai
Biswas, Shri Ajit Kumar
Bose, Shri Brindaban Behari
Chakraborty, Shri Kshudiram
Chakraborty, Shri Sadhan Kumar
Chatterjee, Shri Hara Prasad
Chatterjee, Shri Ram
Choubey, Shri Narayan

Choudhury, Shri Subodh
Dakua, Shri Dinesh Chandra
Dal, Shrimati, Nanda Rani
Das, Shri Deben
Das, Shri Debendra Nath
Das, Shri Jagadish Chandra
Das, Shri Mahatab Chandra
Das, Shri Nikhil
Das, Dr. Sailendra Nath
Das, Shri Sudhir Chandra
Das Ghose, Shri Biswanath
Das Gupta, Shri Bibhuti Bhusan
Das Mahapatra, Shri Kamakshyanandan
Dhara, Shri Sushil Kumar
Elias Razi, Shri Md.
Franklin, Shri L. H.
Gayen, Shri Prasanta Kumar
Ghose, Shri Kamakshya Charan
Ghosh, Shri Sambhu Charan
Ghosh, Shri Krishna Pada
Ghsoh, Dr. Prafulla Chandra
Golam Mahiuddin, Shri
Golam Yazdani, Dr.
Guha, Shri Bikesh Chandra
Guha, Shri Kamal Kanti
Guha Neogi, Shri Anildhar
Gurung, Shri Nandalal
Haldar, Shri Hrishikesh
Halder, Shri Krishna Chandra
Hansda, Shri Jagatpati
Hazra, Shri Monoranjan
Hazra, Shri Lalit
Hicks, Shri Clifford
Jana, Shri Manindra Nath
Kar, Shri Dhananjoy
Karim Baksh, Dr. Mohammad
Konar, Shri Hare Krishna
Lahiri, Shri Somnath
Mahato, Shri Amulya Ratan
Mahato, Shri Chittaranjan
Mahato, Shri Girish
Maity, Shri Baneswar
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Gobardhan
Majhi, Shri Kandru
Maji, Shri Guiram
Maji, Shri Panna Lal
Majumdar, Shri Amalesh Chandra
Majumdar, Shri Apurba Lal
Majumdar, Shri Dilip Kumar
Majumdar, Shri Harendra Nath
Majumder, Shri Jagannath
Malakar, Shri Ajoy
Mandal, Shri Kalipada
Mandal, Shri Kumud Ranjan
Mandal, Shri Rabin
Mitra, Shri Chandipada

Mitra, Shri Haridas
Mitra, Shrimati Ila
Mitra, Shri Sunil Kumar
Mondal, Shri Manindra Chandra
Mondal, Shri Sasanka Sekhar
Mondal, Shri Tinkari
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Jayati Prasanna
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Mukhopadhyay, Shri Ajoy Kumar
Mukhopadhyay, Shrimati Geeta
Murmu, Shri Nathaniel
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Sundar Kumar
Noney, Shri W. H.
Noronha, Shri Clifford
Nuhul Islam, Shri
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammed
Ojha, Shri Samarendra
Pal, Shri Kanai
Panda, Shri Bhupal Chandra
Pramanick, Shri Gangadhar
Pramanik, Shri Radhikanath
Pramanik, Shri Rajani Kanta
Purkait, Shri Prabodh
Rai, Shri Deoprokash
Ray, Shri Jajneswar
Roy, Shri Amalendru Lal
Roy, Shri Haradhan
Roy, Shri Jagadananda
Roy, Shri Jyotish
Roy, Dr. Narayan Chandra
Roy, Shri Phakir Chandra
Roy, Shri Provash Chandra
Roy Barman, Shri Khiti Bhusan
Roy Hakim, Shri Bhabendra Nath
Roy Prodhan, Shri Amarendra Nath
Saha, Shri Kripasindhu
Saha, Shri Madan
Samaita, Shri Gouranga
Sanyal, Shri Mani
Sanyal, Dr. Nalinaksha
Saren, Shri Bhabatosh
Sarkar, Shri Charu Mihir
Sarkar, Shri Nitaipada
Sarkar, Shri Sasthidas
Sen, Shri Jamini Ranjan
Sen, Shri Lakshmi Charan
Sen, Dr. Sadhan Kumar
Sen Gupta, Shri Niranjan
Sen Gupta, Shri Tarun Kumar
Shahedullah, Shri Syed
Shish Mahammad, Shri
Singhi, Shri Rajendra Singh

Sinha, Dr. Radha Krishna
Tah, Shri Dasarathi

AYES 126

Abdul Gaffar, Shri Quasi
Abdul Latif, Shri
Abdullah, Shri S. M.
Abdus Sattar, Shri
Abdul Barkat Atawal Ghani Khan Chaudhury, Shri
Afaque Chowdhury, Shri
Ahmad Hossain Mondal, Shri
Bagchi, Shri Amalendu Kumar
Bandopadhyay, Shri Baidyanath
Bandyopadhyay, Shri Satya Narayan
Banerjee, Shri Mrityunjoy
Banerji, Shri Sankar Das
Barman, Shri Prasenjit
Barman, Shri Syama Prasad
Bauri, Shri Nepal
Bauri, Shri Satish Chandra
Beri, Shri Dayaram
Bhagat, Shri Budhu
Bhattacharjee, Shri Golokesh
Bhattacharya, Shri Bijoy Krishna
Bhattacharyya, Shri Sreepada
Bhowmick, Shri Kalipada
Bhuniya, Shri Nitya Nanda
Bishayee, Shri Paramananda
Bose, Shri Maharaja
Brahmachari, Shri Bholanath
Chalak, Shri Kali Kinkar
Chatterjee, Shri Arun
Chattopadhyay, Shri Benoy Kumar
Chattopadhay, Shri Brindabon
Chaudhuri, Shri Narayan Chandra
Choudhury, Dr. Sashi Bhusan
Chunder, Dr. Pratap Chandra
Das, Shri Ambika Charan
Das, Shri Hare Krishna
Das, Shri Makhan Lal
Das Gupta, Shri Khangendra Nath
Dey, Shri Gobinda Chandra
Dhara, Shri Hansadhwaj
Dhibar, Shri Pramathanath
Dolai, Shri Rajani Kanta
Dutta, Shrimati Sudharani
Fazlur Rahaman, Shri S. M.
Ghatak, Shri Shibdas
Ghosh, Shri Nitaipada
Ghosh Choudhury, Dr. Ranjit
Goswami, Shri Paresh Chandra
Gurung, Shri Krishna Bahadur
Halder, Shri Adhar Chandra
Hazra, Shri Santimoy
Hemram, Shri Babulal
Jalan, Shri Iswardas
Jash, Shri Sristhidhar

Karam Hossain, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khalil Sayed, Shri
Kolay, Shri Jagannath
Kundu, Shri Rajnarayan
Lakra, Shri Denis
Mahato, Shri Ramkrishna
Maiti, Shrimati Abha
Maji, Shri Binode Behari
Majumdar, Shri Byomkes
Mandal, Shri Bhudeb Chandra
Mandal, Shri Prabhakar
Md. Fazle Hoque, Shri
Misra, Shri Sourindra Mohan
Misra, Shri Trilokes
Mitra, Shrimati Biva
Mitra, Shri Dwijendranath
Mitra, Dr. Gopika Ranjan
Mitra, Shri Satyanarayan
Mohammad Sayeed Mia, Shri
Mohamm[illegible], Shri
Moitra, Shri Ar[illegible] Kumar
Mondal, Shri Girindra
Mondal, Shri Sudhir Kumar
Mukhopadhyay, Shrimati Purabi
Mukherjee, Shri Brajabilash
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukhopadhyay, Shri P[illegible]ati
Murmu, Shri Boila
Murmu, Shri Dashukaran
Nag, Dr. Gopal Das
Nahar, Shri Bijoy Singh
Nandy, Shri Sachindra Mohan
Narjinarai, Shri Dhirendra
Nurun Nabi, Shri T. A.
Paik, Shri Bimal
Pal, Shri Probhakar
Paul, Shri Balai Bhusan
Paul, Shri Sushil Kumar
Poddar, Shri Rajendra Kumar
Pradhan, Shri Trailokyanath
Pramanik, Shri Puranjoy
Prasad, Shri Shiromani
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shri Gonesh Prosad
Roy, Dr. Indrajit
Roy, Shri Jatindra Mohan
Roy, Shri Krishnadas
Roy, Shri Santi Mohan
Roy, Shri Santosh Kumar
Roy, Shri Suvendu
Saha, Shri Kanai (Bankura)
Saha, Shri Kanai (Birbhum)
Samel, Shri Mangal Chandra
Sasmal, Shri Bankim Chandra
Sattar, Shrimati Nurunnesa
Sen Ishore, Shri Sankar

Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsuddin Ahmed, Shri
Sharma, Shri Joynarayan
Shukla, Shri Krishna Kumar
Sinha, Shri Debendra Nath
Sinha, Shri Sripati
Singh Deo, Shri Shankar Narayan
Sinha Roy, Shri Panchanan
Topna, Shri Anotoni
Trivedi, Shri Goalbadan
Tudu, Shri Budhan Chandra
Upadhyay, Shri Mihir
Wangdi, Shri Tenzing
Zainal Abedin, Dr.

The Ayes being 126 and the Noes 143, the motion was lost.

The motion of Shri Ajoy Kumar Mukhopadhyay that a sum of Rs. 2,00,34,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 35, Major Head: 51A—Greater Calcutta Development Scheme and 106A—Capital Outlay on Greater Calcutta Development Scheme, was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 7-32 p.m. till 1 p.m. on Tuesday, the 25th July, 1967, in the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 25th July, 1967, at 1 p.m.

Present:

Mr. Speaker (Shri Bejoy Kumar Banerjee) in the Chair, 18 Ministers and 258 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Mr. Speaker: Speaker: Starred question No. 246.

Shri Ajoy Kumar Mukhopadhyay: The Minister concerned is not present. This question will be taken up afterwards.

Park Hotel

***247.** (Admitted question No. *309.)

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা পার্ক স্ট্রীটে পার্ক হোটেল নামে একটি হোটেলের লাইসেন্সের জন্য আমিন চাঁদ প্যারেলাল আবেদন করিলে উহা পুলিশ তদন্তের জন্য পাঠানো হইয়াছিল কিনা; এবং

(খ) পুলিশ তদন্তে পাঠানো হইয়া থাকিলে পুলিশের রিপোর্ট কি?

Shri Ajoy Kumar Mukhopadhyay:

(ক) হ্যাঁ

(খ) বিষয়টি এখনও বিবেচনাধীন আছে। এই কারণে জনস্বার্থের প্রয়োজনে রিপোর্টের বিষয়বস্তু প্রকাশ করা সঙ্গত হইবে না।

Shri Puranjoy Pramanik:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, পূর্বতন সরকার এই হোটেলটা খোলবার জন্য একবার পুলিশ তদন্ত করেছিলেন এবং পুলিশ তার বিরুদ্ধে রিপোর্ট দিয়েছিল?

Shri Ajoy Kumar Mukhopadhyay:

তদন্ত এখনও চলছে, পুলিশ রিপোর্ট শেষ হয় নি।

Shri Puranjoy Pramanik:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, কর্পোরেশন এই হোটেলটি খোলার বিরুদ্ধে আপত্তি জানিয়েছেন?

Shri Ajoy Kumar Mukhopadhyay:

কর্পোরেশনের সঙ্গে আমাদের সম্পর্ক নেই। তাঁরা অন্য কারণে বন্ধ করেন, আমরা অন্য কারণে বন্ধ করি। আমাদের পুলিশী তদন্ত এখনও শেষ হয় নি, চলছে।

Shri Puranjoy Pramanik:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানবেন যে, মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির ফান্ড-এ দুই লক্ষ টাকা চাঁদা দেওয়ার পরে ঐ হোটেল সম্পর্কে ফাইলটা পুনরায় চালু হয়েছে?

Shri Ajoy Kumar Mukhopadhyay:

একথা সত্য নয়।

Shri Puranjoy Pramanik:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, সংবাদপত্রে এই সংবাদ প্রকাশিত হওয়ার পরে ডেপুটি চিফ মিনিস্টার, জ্যোতিবাবুর কাছে ফাইলটা যাওয়ার পর, আর এই ফাইলটার পাত্তা পাওয়া যাচ্ছে না?

Shri Ajoy Kumar Mukhopadhyay:

ফাইলটি আমার ডিপার্টমেন্টেই আছে, আমি কয়েকবার দেখেছি।

Shri Puranjoy Pramanik:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, এই হোটেলটি বারের লাইসেন্স চেয়েছিল এবং আবগারী মন্ত্রী সেই লাইসেন্স দিতে রাজী ছিলেন না; কিন্তু জ্যোতিবাবু চাপ সৃষ্টি করায়, তিনি পদত্যাগ করবো বলে জানিয়ে ছিলেন?

Shri Ajoy Kumar Mukhopadhyay:

এইসব কথা সত্য নয়।

Shri Bazle Ahmad:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, মাননীয় সদস্য পুরঞ্জয় প্রামাণিক মহাশয় এই ফাইলটা সরাবার চেষ্টা করেছিলেন এবং ধরা পড়েছিলেন কিনা?

(No reply.)

Incidence of arson at Lal Kuthi village within Jiaganj P.S.

***248.** (Admitted question No. *358.) **Shri Abdus Sattar:** (a) Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state if it is a fact that miscreants of more than one thousand strong set fire to several houses in May, 1967, at Lal Kuthi (Aminabazar) within Jiaganj P.S., Murshidabad, and the houses of about 18 families were completely gutted and many inmates of those houses were burnt?

(b) If the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state—

(i) how many miscreants have been arrested;
(ii) what are the charges against those miscreants;
(iii) whether they are on bail or in Jail custody;
(iv) whether any relief has been given by Government to the affected persons; and
(v) if so, what are those relief?

Shri Ajoy Kumar Mukhopadhyay:

(ক) হ্যাঁ। তবে অগ্নিদগ্ধ ব্যক্তির সংখ্যা দুই এবং জনতার সংখ্যা ৫০০-র মতন ছিল।

(খ) (১) ৪৮ জন ব্যক্তিকে গ্রেপ্তার করা হয় এবং ১৪ জন আদালতে আত্মসমর্পণ করেন।

(খ) (২) মারাত্মক অস্ত্রশস্ত্র সহ দাঙ্গা, বে-আইনী সমাবেশ, মারাত্মক অস্ত্র দ্বারা আঘাত এবং বাসগৃহে অগ্নিসংযোগ।

(খ) (৩) সকলেই জামিনে মুক্ত আছে।

(খ) (৪) হ্যাঁ।

(খ) (৫) খয়রাতি সাহায্য এবং গৃহহারাদের জন্য বাসস্থানের বন্দোবস্ত করা হয়।

Shri Mohammed Israil:

সাপ্লিমেন্টারী কোয়েশ্চেন স্যার, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে (৫)-এর কোয়েশ্চেনটা একটু খুলে দেখুন—ইফ সো, হোয়াট আর দোস রিলিফ—কি রিলিফ দেওয়া হয়েছে, আমি জানতে চেয়েছিলাম। এর আগে, একদিন আমার প্রশ্নের উত্তরের সময় আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করেছিলাম, তিনি ডিটেইল-এ বলতে পারেন নি। তার জন্যই এই কোয়েশ্চেনটা করা হয়েছে যে কি রিলিফ দেওয়া হয়েছে। আমি যতদূর জানি কোন রিলিফ দেওয়া হয় নি।

Shri Ajoy Kumar Mukhopadhyay:

খয়রাতি সাহায্যের ব্যবস্থা করেছেন জেলাশাসক এবং গৃহহারাদের [illegible] ব্যবস্থাও তিনি দ্রুত করিয়েছেন। কি কি ব্যবস্থা করেছেন বা কি কি লোন দিয়েছেন, সেটা এখন আমি বলতে পারবো না।

Shri Abdul Latif:

এইচ বি গ্র্যান্ট তাদের দেওয়া হয়েছে কিনা? এবং তারা টাকা পেয়েছে কিনা? এটা আমি জিজ্ঞাসা করছি।

Shri Ajoy Kumar Mukhopadhyay:

প্রশ্নে, বাসস্থানের ব্যবস্থা করা হয়েছে কিনা, জিজ্ঞাসা করা হয়েছে। গ্র্যান্ট বা লোন কত দেওয়া হয়েছে সেটা এখন আমি বলতে পারবো না। এ সম্বন্ধে প্রশ্ন করলে পরে জানাবো।

Shri Mohammed Israil:

হাউ মেনি মিসক্রিয়েন্টস? এবং এর মধ্যে কি কোন পুলিশ কর্মচারী আছে? কারণ পুলিশের সামনে এই ঘটনাটি ঘটেছে। জনতা সেখানে ঘর-বাড়ি লুটতরাজ করে ও আগুন ধরিয়ে দেয়, পুলিশের সামনে।

Shri Ajoy Kumar Mukhopadhyay:

জনতা সেখানে ছিল, পুলিশ ছিল না।

Shri Abdus Sattar:

একথা কি সত্য যে, যখন মিসক্রিয়েন্টসরা মুসলিম গ্রামগুলি আক্রমণ করে এবং আগুন লাগিয়ে দেয় তখন জিয়াগঞ্জ থানার থার্ড অফিসার সেখানে উপস্থিত ছিলেন, তা সত্ত্বেও তিনি সেখানকার গন্ডগোল বন্ধ করতে পারেন নি?

Shri Ajoy Kumar Mukhopadhyay:

আমি একটু বিস্তারিতভাবে সমস্ত বিষয়টা পড়ে দিচ্ছি। ১৯৬১ সালে লালগোলা সাগরদীঘি থানা অঞ্চলের একদল মুসলমান জিয়াগঞ্জ থানার আমিনা বাজারে এসে বসবাস করতে আরম্ভ করে। আমিনা বাজারে কতকগুলি রিফিউজী কলোনী আছে এবং কিছু সংখ্যক সাধারণ লোকের বাসও সেখানে আছে। সেখানে গ্রামবাসী এবং রিফিউজী কলোনীর বাসিন্দা...............

Shri Mohammed Israil: You have read this statement the other day.

Shri Ajoy Kumar Mukhopadhyay: I have nothing more to add.

Shri Mohammed Israil: Third officer of Jiagunge Police Station—was he present during the time of occurrence? What is our specific question! ঘটনাটি ঘটার দু ঘণ্টা আগে, এইরকম একটা ঘটনা ঘটবে, এই সম্পর্কে থানাতে খবর দেওয়া হয়েছিল, একথা আপনি জানেন কিনা?

Shri Ajoy Kumar Mukhopadhyay:

এখন এইসব প্রশ্ন করলে, কি করে তার জবাব দেবো! আগে এই প্রশ্নটি করলে, তার জবাব দিতাম। আমার কাছে এ সম্বন্ধে কোন রিপোর্ট নেই।

Shri Abdus Sattar:

যখন গ্রামগুলি আক্রমণ করা হয়—

whether police was present there at that time—whether police took any steps at that time?

Shri Ajoy Kumar Mukhopadhyay:

আমি সেদিনই একথা বলেছিলাম যে, দুর্ভাগ্যক্রমে অঞ্চল প্রধান পুলিশের কাছে কিছু জ্ঞাত করেন না।

Death due to starvation

***246.** (Admitted question No. *182.) **Shri Narayan Chandra Choudhuri:** Will the Minister-in-charge of the Relief and Social Welfare Department be pleased to state—

(a) whether any cases of starvation deaths have been reported to the State Government from the different districts of the State during the last three months; and

(b) if so, the number of such death?

Shri Nishitha Nath Kundu: (a) and (b) No death due to starvation has so far been reported by the District Officers.

Shri Narayan Chandra Chaudhuri:

সংবাদপত্রে যে সমস্ত অনাহারে মৃত্যুর সংবাদ প্রকাশিত হয়েছে, সেগুলি কি মিথ্যা?

Shri Nishitha Nath Kundu:

আমি কিছু কিছু ডিপার্টমেন্ট থেকে এনকোয়ারী করিয়েছি, তাতে সেই সমস্ত সংবাদপত্রের সংবাদ ছিল, তা সত্য নয়। সব নয়, অধিকাংশ তদন্ত করিয়েছি, তাতে দেখেছি যে, স্টারভেশন ডেথ-এর রিপোর্ট আসছে না।

Shri Narayan Chandra Chaudhuri:

এই সম্পর্কে মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, এই সংবাদগুলি যে মিথ্যা, সে সম্বন্ধে কোন কনট্রাডিক প্রেসনোট দেওয়া হয়েছে কিনা?

Shri Nishitha Nath Kundu:

না। প্রেসনোট কিছু দেওয়া হয় নি।

Shri Abdus Sattar:

৯ই জুন তারিখে ওয়েস্ট বেঙ্গলে ৩৬ জন মারা গিয়েছে, স্টারভেশন ডেথ-এ—এই সংবাদ আপনাদের সরকারী মুখপাত্র পশ্চিমবঙ্গ পত্রিকায় প্রকাশিত হয়, সেটা কি মিথ্যা?

Shri Nishitha Nath Kundu:

আপনি নিশ্চয় ঐ পত্রিকাটির সংবাদ ভাল করে দেখেন নি। এটা অসমর্থিত সংবাদ।

Shri Puranjoy Pramanik:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, কিছুদিন আগে তিনি সাংবাদিকদের কাছে কি বলেছিলেন যে, অকুণ্ঠজনিত মৃত্যু হলে, সেটা অনাহারে মৃত্যু বলে ধরে নেওয়া যেতে পারে?

Shri Nishitha Nath Kundu:

না। এরকম কোন কথা আমি বলি নি।

Shri Puranjoy Pramanik:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, অনাহারে মৃত্যু, কি হলে বোঝায়?

Shri Nishitha Nath Kundu:

আমরা এনকোয়ারীর জন্য বলে দিই, তাঁরা যদি বলেন বা লিখে দেন যে অনাহারে মৃত্যু হয়েছে, তাহলে আমরা বুঝবো যে, অনাহারে মৃত্যু হয়েছে, আর তা না হলে হবে না।

[1-10—1-20 p.m.]

শ্রীকৃষ্ণকুমার শুক্লা: মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি, স্টারভেশন ডেথ হলেও তাঁর অফিসার যদি না লেখেন তাহলে স্টারভেশন ডেথ হবে না?

শ্রীনিশীথনাথ কুণ্ডু: এটা একটা ওপিনিয়নের কোশ্চেন। ওপিনিয়নের কোশ্চেন অ্যারাইজ করে না।

শ্রীকৃষ্ণকুমার শুক্লা: আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই উনি বললেন আমরা তদন্ত করতে পাঠাই, অফিসার যদি বলেন যে, অনাহারে মৃত্যু, তাহলে অনাহারে মৃত্যু ঘটেছে বলে আমরা ধরি। আমার প্রশ্ন হচ্ছে যদি অফিসার অনাহারে মৃত্যু বলে না লেখেন তাহলে কি অনাহারে মৃত্যু হলেও সেটাকে অনাহারে মৃত্যু বলে ধরা হবে না?

শ্রীনিশীথনাথ কুণ্ডু: আমি এ কথার জবাব দিতে পারি না। আপনি আগে অনাহারে মৃত্যু হয়েছে কিনা ভাল করে এনকোয়ারি করুন তারপর আমি দেখবো?

শ্রীনারায়ণচন্দ্র চৌধুরী: কিরূপ মৃত্যু হলে অনাহারে মৃত্যু বলে?

শ্রীনিশিথনাথ কুণ্ডু: অনেক দিন ধরে না খেয়ে যদি মারা যায় তাহলে অনাহারে মৃত্যু বলবো।

শ্রীপ্রমথনাথ ধীবর: কোন্ তথ্যের উপর ভিত্তি করে আপনি বলছেন যে অনাহারে মৃত্যু হয় নি?

শ্রীনিশীথনাথ কুণ্ডু: বাঁকুড়া, পুরুলিয়া, কোথা থেকে এমন খবর আপনারা দিচ্ছেন যে অনাহারে মৃত্যু হয়েছে? আমরা এটা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের রিপোর্টের উপর ভিত্তি করে বলি।

শ্রীগিরিশ মাহাতো: মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি পুরুলিয়া জেলায় কেউ অনাহারে মারা গিয়েছে কিনা?

শ্রীনিশিথনাথ কুণ্ডু: আমার যে সংবাদ তা হচ্ছে যে, কেউ মারা যায় নি।

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যুক্তফ্রন্ট সরকারের ১৪ শরিকের অন্যতম শরিক লোকসেবক সংঘের অন্যতম নেতা অরুণ ঘোষ বলেছেন যে, পুরুলিয়ায় অনাহারে মৃত্যু হয়েছে এটা ঠিক কিনা?

শ্রীনিশীথনাথ কুণ্ডু: আমি ত আগেই বললাম আমাকে নির্ভর করতে হয় আমার যে রিপোর্ট তার উপর। সেই রিপোর্ট অনুসারে আমি যা জবাব দিয়েছি তার বেশী বলার কিছু নেই।

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, সংবাদপত্রে দেখতে পাওয়া যাচ্ছে যে, খাদ্যাভাবে আত্মহত্যা করছে সেগুলিকে কি আপনি অনাহারে মৃত্যু বলে মনে করেন?

শ্রীনিশীথনাথ কুণ্ডু: আমি আপনাকে বলছি এইরকম একটা নির্দিষ্ট কেস বলুন। কারণ খবরের কাগজে নানারকম খবর থাকে। কাজেই কোথায় কবে, কোন তারিখে মারা গেল সেটা বললে আমি তদন্ত করতে পারবো।

Death due to starvation in Jamuria P.S.

***249.** (Admitted question No. *417.)

শ্রীতিনকড়ি মণ্ডল: (ক) ত্রাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলার জামুড়িয়া থানায় কয়েকজনের অনাহারে মৃত্যু ঘটিয়াছে;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কয়জনের মৃত্যু হইয়াছে; এবং

(২) এ সম্পর্কে কোন তদন্ত হইয়াছে কিনা?

Shri Nishitha Nath Kundu:

(ক) না, এইরূপ কোন ঘটনা সরকারের জানা নাই; এবং এ প্রশ্ন উত্থাপনের আগে কেউ এরূপ অভিযোগও আমাদের কাছে করেন নি।

(খ) (১) ও (২) প্রশ্ন ওঠে না।

শ্রীতিনকড়ি মণ্ডল: মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন জামুরিয়া কয়লাখনি অঞ্চলে সেখানে ধান খুব অল্প হয় এবং বর্ধমান থেকে সেখানে বরাবর চাল যায়। যেহেতু গভর্নমেন্ট ডিক্লেয়ার করেছেন যে, বর্ধমান থেকে চাল যাবে না তার ফলে জামুরিয়া বাজার শুকিয়ে যাচ্ছে এবং সেখানকার লোক চাল-গম পাচ্ছে না?

শ্রীনিশিথনাথ কুণ্ডু: মিঃ স্পিকার, স্যার, এ প্রশ্ন এখানে উঠে না।

ডাঃ গোপিকারঞ্জন মিত্র: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন আসানসোল মহকুমায় দুর্ভিক্ষের মত অবস্থা চলছে কিনা?

শ্রীনিশিথনাথ কুণ্ডু: দুর্ভিক্ষের মত বলতে কি বোঝাচ্ছেন সেটা ভাল করে বলুন।

ডাঃ গোপিকারঞ্জন মিত্র: সেখানে ফেমিন কন্ডিশন চলছে কিনা?

শ্রীনিশিথনাথ কুণ্ডু: আমরা ফেমিন কন্ডিশন বলে কিছু জানি না, তবে আপনাদেরই করা একটা রিলিফ ম্যানুয়াল হয়েছে তাতে অল্প ডিসট্রেস হলেও সাহায্য দিতে হয়। তবে সেখানকার লোকের খুব কষ্ট হচ্ছে এটা ঠিক।

শ্রীপ্রমথনাথ ধীবর: আপনি কি যে ফেমিন কোড রয়েছে সেটা পরিবর্তন করবার কথা চিন্তা করছেন?

শ্রীনিশিথনাথ কুণ্ডু: আমি বহুদিন আগেই বলেছি যে ফেমিন কোড এখন আর নেই, তার বদলে আপনারা একটা রিলিফ ম্যানুয়াল তৈরী করেছেন ১৯৫৭ সালে।

C.R. and T.R. in Raninagar, Jalangi and Domkul P.Ss.

***250.** (Admitted question No. *422.)

শ্রীআজিজুর রহমান: ত্রাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার রাণীনগর, জলঙ্গী ও ডোমকল থানায় গত ১লা মার্চ হইতে বর্তমান সময় পর্যন্ত কত টাকা খয়রাতি সাহায্য দেওয়া হয়েছে এবং কয়টি টেস্ট রিলিফ সমাপ্ত হয়েছে ও চলছে; এবং

(খ) ঐ সমস্ত দুর্গত মৎস্যজীবিদের খয়রাতি সাহায্যের কিরূপ ব্যবস্থা করা হয়েছে?

Shri Nishitha Nath Kundu:

(ক)

	খয়রাতি সাহায্যের পরিমাণ	সমাপ্ত সহায়ক কার্য প্রকল্পের সংখ্যা	চালু সহায়ক কার্য প্রকল্পের সংখ্যা
রাণীনগর	১০,২১২·৮০ টাকা	৩	২
জলঙ্গী	২৬,১৫৬·০০ টাকা	৫	×
ডোমকল	১৯,৩২৪·৪০ টাকা	৪	১*

*(অতি সম্প্রতি আরম্ভ করা হইয়াছে)

(খ) মৎস্যজীবি হিসেবে খয়রাতি সাহায্য দেওয়া হয় না। রাণীনগর ও জলঙ্গী থানায় এইরূপ কোন প্রস্তাব নাই। তবে সাধারণ নিয়মে ডোমকল থানায় ১৩৭টি পরিবারের সাহায্যের প্রস্তাব বিবেচনাধীন আছে।

শ্রীঅমলেন্দু বাগচী: মাননীয় মন্ত্রিমহাশয় যে স্টেটমেন্ট দাখিল করলেন এটা কি ১৯৬৭ সালের মার্চ মাস থেকে, না তার পূর্বের বছরের?

শ্রীনিশিথনাথ কুণ্ডু: গত ১লা মার্চ থেকে বর্তমান সময় পর্যন্ত তারই জবাব এটা।

শ্রীমহম্মদ ইসরাইল: কি ধবনের স্টেট রিলিফের কাজ এখন চলছে?

শ্রীনিশিথনাথ কুণ্ডু: আমি ঠিক সেটা বলতে পারবো না, তবে রাস্তা তৈরী হয়, পুকুর খোড়া হয়, পুকুর সংস্কার করা হয়।

শ্রীমহম্মদ ইসরাইল: আমি জিজ্ঞাসা করছি বর্ষার সময় কি এই সব কাজ করা সম্ভব? তিনি কি অন্য কোন বিকল্প কাজের কথা ভাবছেন?

শ্রীনিশিথনাথ কুণ্ডু: কোন কোন জায়গায় এখনও সম্ভব হচ্ছে।

ডঃ নলিনাক্ষ সান্যাল: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি কোন কোন ব্লক ডেভালপমেন্টের অফিসের আঞ্চলিক যে ফুড এবং রিলিফ কমিটি আছে সেখান থেকে সুপারিশ করা হয়েছে যে মাটি কাটার কাজ ছাড়া এই বর্ষাকালে অন্যান্য টেস্ট রিলিফ যেমন খাল, খাল কেটে জল নেওয়া, জুট রেটিং-এর জন্য জলের ব্যবস্থা করা, কচুরী পানা নদী থেকে, খাল থেকে রিমুভ করা, এইগুলি টেস্ট রিলিফের মধ্যে দিলে দেশের নানা উপকার হবে এবং মাটি কাটার কাজ বন্ধ থাকলেও টেস্ট রিলিফের কাজ চলতে পারে।

শ্রীনিশিথনাথ কুণ্ডু: আমি জেলা ম্যাজিস্ট্রেটকে একটা সাজেশন পাঠিয়েছি যে বর্ষাকালে যদি টেস্ট রিলিফ চালাতে হয় তাহলে এমন কোন টেস্ট রিলিফ চালান যেগুলি বর্ষার সময়েও সম্ভব হয়। তার মধ্যে মাননীয় সদস্য যে সব সাজেশন দিয়েছেন সেইভাবে নাম না দিয়ে থাকলেও যখন উনি বললেন তখন আমি ফারদার ডিরেকশন দিয়ে দেবো।

শ্রীঅমলেন্দু বাগচী: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে রায়নগর থানায় টেস্ট রিলিফের কাজ হয়েছে কিন্তু আমি যতদূর অবগত আছি তাতে রায়নগর থানায় টেস্ট রিলিফের কাজ হয় নি, আপনি যে খবর পেয়েছেন সেটা ভুল খবর বলে স্বীকার করেন কি?

শ্রীনিশিথনাথ কুণ্ডু: আপনি যা বলছেন তাতে আপনার সবই জানা আছে কিন্তু আমি যে খবর দিয়েছি তা সত্য বলেই দিয়েছি।

শ্রীকৃষ্ণকুমার শুক্লা: আপনি ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের কাছে সাজেশন পাঠিয়েছেন, আপনি ঐ সাজেশনে কি বলেছেন বর্ষাকালে কি বিকল্প ব্যবস্থা হতে পারে?

শ্রীনিশিথনাথ কুণ্ডু: আপনি উত্তরটা শোনেন নি।

শ্রীকৃষ্ণকুমার শুক্লা: মাননীয় মন্ত্রিমহাশয় বর্ষাকালে অন্য কোন বিকল্প ব্যবস্থা সম্পর্কে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের কাছে কোন স্পেশাল সাজেশন দিয়েছেন কি?

শ্রীনিশিথনাথ কুণ্ডু: আমি দু'-একটা সাজেশন দিয়েছি।

শ্রীমহারাজা বোস: এই যে কচুরীপানা সরানর কথা বললেন তাতে আমি জিজ্ঞাসা করছি যে জলের মাপ কি রকম ভাবে নেওয়া হবে সেটা জানাবেন কি?

শ্রীনিশিথনাথ কুণ্ডু: সেটা আপনার কাছে পরামর্শ নিয়েই আমি ব্যবস্থা করবো।

Loan to the cultivators of the drought and near famine area of Bankura district

[1-20—1-30 p.m.]

***251.** (Admitted question No. *423.) **Shri Guiram Maji:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state what measures have been taken for giving immediate loan to the cultivators of the drought and near famine area of Bankura district (specially Gangajalghati, Saltora, Megia and Barjora Blocks) for purchasing cattle and seeds?

Dr. Prafulla Chandra Ghosh: (1) A sum of Rs. 2,60,000 was distributed as agricultural loan.

(2) Rs. 3,00,000 is being distributed as cattle purchase loan

(3) 2,107 quintals of paddy seeds have already been distributed in these drought-affected blocks free to cultivators owning or occupying land up to 5 acres and at 50 per cent. subsidy to cultivators owning or occupying lands more than 5 acres but not more than 10 acres.

শ্রীবিনোদবিহারী মাঝি: যে সমস্ত কৃষক ডিফলটার আছে তাদের লোন দেবার ব্যবস্থা হয়েছে কি না?

ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ: যারা ডিফলটার আছে তাদের সম্বন্ধে আমরা এই ডাইরেকশন দিয়েছি যে যেখানে যেখানে ড্রট হয়েছে—গত দুই বছরের লোন যদি ডিফলটার থাকে তাহলে তাদের দেওয়া হবে—তার পূর্বের লোন যদি ডিফলটার থাকে তাহলে দেওয়া হবে না।

শ্রীবিনোদবিহারী মাঝি: কৃষকরা মাথাপিছু কত করে সি পি লোন পেয়েছে?

ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ: এটা নোটিশ দিলে বলতে পারবো।

শ্রীমতী পূরবী মুখার্জি: আপনি এগ্রিকালারাল লোন ইত্যাদি সম্পর্কে যে কথা বললেন সেখানে প্রতি থানাতে থানা পিছু এ্যালকেশন কত হয়েছে?

ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ: এটা নোটিশ দিলে বলতে পারবো।

শ্রীমতী পূরবী মুখার্জি: এই কোশ্চেনের উত্তরে আপনি ডিস্ট্রিক্টের টোট্যাল এ্যালকেশনের ফিগার দিয়েছেন—টোটাল এ্যালকেশন করতে হলে ড্রাউট এ্যাফেকটেড এরিয়াতে থানা ওয়াইজ ফিগার দরকার—সেটা কি আপনার কাছে আছে?

ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ: আপনি আলাদা প্রশ্ন করলে জবাব দেবো—এখন নেই।

Sanction of money for Suti P.S.

***252.** (Admitted question No. *428.)

শ্রীশীষ মহম্মদঃ ত্রাণ ও সমাজ উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৭ সালের ২রা মার্চ হইতে ২৫এ জুন পর্যন্ত মুর্শিদাবাদ জেলার সুতী থানার জন্য ত্রাণ দপ্তর হইতে কোন টাকা বরাদ্দ হইয়াছে কি;

(খ) যদি (ক) এর উত্তর "হ্যাঁ" হয়, তবে তাহা কোন্ কোন্ খাতে বরাদ্দ হইয়াছে এবং এই বরাদ্দকৃত টাকার মধ্যে এপর্যন্ত কত টাকা ব্যয়িত হইয়াছে;

(গ) ইহা কি সত্য যে, সরকার মুর্শিদাবাদ জেলার সুতী থানাকে খরা অঞ্চল বলিয়া ঘোষণা করিয়াছেন; এবং

(ঘ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

Shri Nishitha Nath Kundu:

(ক) হ্যাঁ।

(খ) খাত	বরাদ্দকৃত টাকার পরিমাণ	ব্যয়িত টাকার পরিমান
(১) খয়রাতি সাহায্য	১৭,৯০৫·৬০ পঃ	১৭,৭১৫·২০ পঃ
(২) অগ্নিপীড়িত ব্যক্তিদের গৃহনির্মাণ সাহায্য	৩৮০·০০ „	৩৮০·০০ „
(৩) প্রাকৃতিক দুর্যোগে আক্রান্ত ব্যক্তিদের গৃহনির্মাণ সাহায্য	১৯৫·০০ „	১৯৫·০০ „
(৪) বস্ত্রাদি	ধুতি—১৫ খানি	৪ খানি
	সাড়ি—১৫ „	৪ „
	প্যান্ট, ফ্রক, সার্ট ইত্যাদি—২৭ „	১৪ „
(৫) রিলিফ ওয়ার্কার্স প্রকল্প	৮,৫৪০·৫০	৮,৫৪০·৫০ „
(৬) কৃষি ঋণ	৭,০০০·০০	×

(গ) না

(ঘ) প্রশ্ন ওঠে না।

শ্রী শীষ মহম্মদঃ মন্ত্রিমহাশয় বলবেন কি সুতী থানায় যে খাদ্যাভাব দেখা দিয়েছে তাতে ...লের ছেলেরা স্কুলে যেতে পারছে না - তাদের সম্বন্ধে কোন রকম চিন্তা করছেন কি?

শ্রীনিশিথনাথ কুণ্ডুঃ স্কুলে যেতে পারছে না বলে তো কোন খবর পাই নি।

Procurement of Paddy in Bhagowanpur P.S.

***253.** (Admitted question No. *434.)

শ্রীমতী আভা মাইতিঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ভগবানপুর থানার ১৯৬৭ সালের ১লা মে হইতে ২০এ জুন পর্যন্ত ১ একর হইতে ৩ একর জমির কতজন মালিকের নিকট হইতে কত ধান্য সংগৃহীত হইয়াছে; এবং

(খ) উক্ত ধান্য সংগ্রহকালে উক্ত পরিবারের খোরাকী ধান্য রাখা হইয়াছে কিনা; এবং যদি রাখা হইয়া থাকে তবে মাথা পিছু কত ধান্য রাখা হইয়াছে?

Dr. Prafulla Chandra Ghosh:

(ক) ভগবানপুর ২নং ব্লকে ৩২ জন ১ হইতে ৩ একর জমির মালিকের নিকট হইতে ১৯৬৭ সালের ১লা মে হইতে ২০ জুন অবধি ১৪৮·৫১ কুইন্ট্যাল ধান্য সংগৃহীত হইয়াছে। ভগবানপুর ১নং ব্লক হইতে কিছুই সংগৃহীত হয় নাই। এই ৩২ জনের মধ্যে ২০ জনকে কনজিউমার ধরা হইয়াছিল।

(খ) হ্যাঁ, খোরাকী ধান্য রাখা হইয়াছে। ১২ জন উৎপাদকদের মধ্যে প্রত্যেক পরিবারকে মাথাপিছু (প্রাপ্ত বয়স্ক ও অপ্রাপ্ত বয়স্ক নির্বিশেষে) প্রতিমাসে ১ মণ করিয়া ধান্য খোরাকীর জন্য রাখিতে দেওয়া হইয়াছে। ইহা ছাড়া ১৯৬৬ সালে চাষ করা হইয়াছে এইরূপ প্রতি একর আবাদি ধানী জমির বাবত ২ মণ করিয়া ধান্য রাখিতে দেওয়া হইয়াছে। আর প্রত্যেক কনজিউমার পরিবারকে চালের হিসাবে ২·৬ কুইন্ট্যাল খোরাকীর জন্য রাখিতে দেওয়া হইয়াছে।

শ্রীভূপাল পান্ডাঃ এই থানায় ১০ একরের উপর জমির মালিক যারা তাদের কাছ থেকে যে পরিমাণ ধান সংগ্রহ হবার কথা—সেই তুলনায় আপনি কতটুকু ধান পেয়েছেন এবং না পাওয়ার মূলে কোন রিপোর্ট আপনি পেয়েছেন কি না?

ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ কি পেয়েছি তা আপনাকে লিখে দিয়েছি।

শ্রীভূপাল পান্ডাঃ যারা ১০ একরের উপর জমির মালিক তারা সবাই সেখানে ধান্য আপনাকে দিয়েছে কি না—এ সম্পর্কে কোন রিপোর্ট আপনার কাছে আছে কি?

ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ যে প্রশ্ন আপনি করেছেন তার থেকে সম্পূর্ণ ভিন্ন প্রশ্ন আপনি তুলেছেন। আলাদা প্রশ্ন করলে জবাব দেবো।

শ্রীনারায়ণচন্দ্র চৌধুরীঃ মন্ত্রিমহাশয় কি জানাবেন যাদের কাছ থেকে ধান সংগ্রহ করা হয়েছে তাদের ডাইরেকটিভ দিয়ে হয়েছে, না, তারা এমনই দিয়েছে?

ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ ডাইরেক্টলিই করা হয়েছে—তা ছাড়া আর কি করে করা হবে?

শ্রীনারায়ণচন্দ্র চৌধুরীঃ এক থেকে তিন একর জমির মালিককে কি ডাইরেকটিভ দেওয়া হয়?

ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ আমরা লেভি বা অন্য কিছু করি নি—তাদের কাছ থেকে কিনে নিয়েছি।

শ্রীমহম্মদ ইসরাইলঃ মন্ত্রিমহাশয় বলছেন যে ডাইরেকটিভ দেন নি—তাহলে খোরাকীর ধান খাদ, অমুক বাদ এই হিসাবগুলি কি করে করলেন?

ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ এ তো আপনারা উকিলের জেরা করছেন।

শ্রীনারায়ণ চৌধুরীঃ যদি ডাইরেকটিভ না দিয়ে থাকেন তাহলে আপনি কি করে এই এ্যাকাউন্টটা জানলেন, এর উত্তর আপনাকে দিতে হবে।

ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ আমার আর কিছু বলবার নেই।

শ্রীমতী পূরবী মুখার্জিঃ এখানে এক নং কোশ্চেনে বলা হয়েছিল ১ একর থেকে ৩ একরের মধ্যে যাদের জমি তাদের মালিকদের কাছ থেকে কত ধান সংগ্রহ হয়েছে, সেটা মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় বলেছেন—খ-র উত্তরে বলছেন উক্ত ধান সংগ্রহকালে খোরাকী বাবত কত বাদ দেওয়া হয়েছে—যদি ডাইরেকটিভ না দিয়ে থাকেন—যদি ভলান্টারী সেল হয়ে থাকে তাহলে খোরাকী বাবত কে কি রাখলো সেটা আপনার এই প্রশ্নোত্তরের মধ্যে বললেই পারতেন যে প্রশ্ন উঠে না—কিন্তু আপনি তা বলেন নি।

ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ আমাদের সব সময় জেনারেল নির্দেশ দেওয়া ছিল মাথাপিছু ধান রাখার—তবে যদি বিক্রি করে তাহলে দেখবেন ঐ রকম আছে কি না আছে—তা না হলে তাদের কষ্ট হবে।

[1-30—1-40 p.m.]

শ্রীনারায়ণচন্দ্র চৌধুরী: মাননীয় মন্ত্রিমহাশয়কে স্পেসিফিক কোশ্চেন করা হয়েছে। তিনি সেই স্পেসিফিক কোশ্চেন-এ স্পেসিফিক উত্তর দেবেন। তাঁর কাছ থেকে আমরা জেনারালিজেশন চাই নি। জেনারালাইজ উত্তর দেবার দরকার নেই

we want a specific answer to the specific question.

ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ: আপনার কথা আমি শুনেছি এবং আমি আমার বুদ্ধিমত উত্তর দিয়েছি।

শ্রীনারায়ণচন্দ্র চৌধুরী: আমরা জানতে চাই আমরা মন্ত্রিমহাশয়কে যে কোশ্চেন করেছিলাম তার করেক্ট অ্যানসার চাই, তিনি যদি ইভেড করে বলে বলেন যে এই উত্তর দিচ্ছি তার বেশী উত্তর দেবার নেই, তাহলে এটা কি হবে?

মিঃ স্পীকার: কথা হচ্ছে এটা অ্যাসিউম করতে হবে, মন্ত্রিমহাশয় ইভেড করেছেন কিনা, সেকেন্ডলি এটা অ্যাজামস'ন করেছেন। স্পেসিফিক্যালি কোশ্চেন করেছেন

to the best office information and knowledge he has replied

তাতেও যদি আপনি স্যাটিসফায়েড না হন তা হলে আপনি ফার্দার কোশ্চেন করতে পারেন, আপনি ইভেডিং-এর কথা বলছেন কেন?

শ্রীনারায়ণচন্দ্র চৌধুরী: মিঃ স্পীকার, স্যার, আপনি যদি এই প্রশ্নটা দেখেন তা হলেই আপনি বুঝতে পারবেন এবং তা দেখে আপনি যদি সন্তুষ্ট হন তা হলে আমার কিছু বলার নেই। প্রশ্নে আছে—

(ক) মেদিনীপুর জেলার ভগবানপুর থানায় ১৯৬৭ সালের ১লা মে হইতে ২০এ জুন পর্যন্ত ১ একর হইতে ৩ একর জমির কতজন মালিকের নিকট হইতে কত ধান্য সংগৃহীত হইয়াছে এবং (খ) উক্ত ধান্য সংগ্রহকালে উক্ত পরিবারের খোরাকী ধান্য রাখা হইয়াছে কিনা; এবং যদি রাখা হইয়া থাকে তবে মাথাপিছু কত ধান্য রাখা হইয়াছে।

এর উত্তর শুনে আপনি যদি খুশী হন তাহলে আমার কিছু বলবার নেই।

মিঃ স্পীকার: আপনি কোশ্চেন করেছেন, ইন হিজ ওন ওয়ে তিনি রিপ্লাই দিয়েছেন। আপনি সেই রিপ্লাইতে স্যাটিসফায়েড না হন, আপনি ফার্দার সাপ্লিমেন্টারি করতে পারেন। আপনার সাপ্লিমেন্টারি করার অধিকার আছে, কিন্তু আপনি যেভাবে চাইছেন সেইভাবে যদি উত্তর না হয় আমার পাওয়ার নেই যে মন্ত্রিমহাশয়কে তা বলব।

শ্রীনারায়ণচন্দ্র চৌধুরী: আমার বক্তব্য হচ্ছে এই যে, আমি যে স্পেসিফিক কোশ্চেন করেছি সেই স্পেসিফিক কোশ্চেন-এ স্পেসিফিক রিপ্লাই চাই। উনি জেনারেল উত্তর দিচ্ছেন এটাই আমার বক্তব্য।

শ্রীআবদুস সাত্তার: ১ একর থেকে ৩ একর জমির মালিকদের আইন অনুসারে তাদের ডিক্লারেশন দেবার বিধি আছে কিনা?

ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ: ডিক্লারেশন দেবার নিয়ম নেই।

শ্রী শ্রীপতি ভট্টাচার্য: মাননীয় মন্ত্রিমহাশয় যে উত্তর দিয়েছেন তা থেকে এটাই বুঝেছি যে, যেটা তাঁরা সংগ্রহ করেছেন ১ একর থেকে ৩ একরের মধ্যে তার যে হিসাব তাতে ডাইরেকটিভ দিয়ে নেওয়া হয়েছে এটা মনে হয়। তিনি দয়া করে বলবেন যে ডাইরেকটিভ দিয়ে নেওয়া হয়েছে কি না?

ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ: ১ একর থেকে ৩ একর পর্যন্ত ডাইরেকটিভ দেবার কথা নেই।

শ্রীদীনেশ চন্দ্র ডাকুয়াঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে ১ একর থেকে ৩ একর পর্যন্ত জমির মালিক তারা কি নিজেরাই নিজেদের উৎপন্ন ধান যা হয়েছে তা খোরাকী বাদে তাদের ধান নেবার ব্যবস্থা হয়েছে কি না?

মিঃ স্পীকারঃ যদির উপর কোশ্চেন হয় না।

শ্রীদীনেশ চন্দ্র ডাকুয়াঃ ৩ একর পর্যন্ত জমির মালিকদের ধান এবং চাল নেওয়া হয়েছে; তাদের মধ্যে অনেকে আছেন যারা ধান এবং চাল অন্য লোকের কাছ থেকে কিনে এনে রেখেছিল?

ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ বলতে পারবো না।

শ্রীমহম্মদ ইসরাইলঃ মাননীয় মন্ত্রিমহাশয় উত্তর দেবেন কি ১ একর থেকে ৩ একর জমির মালিকদের কাছ থেকে ভয় দেখিয়ে ধান নেওয়া হয়েছে কি না?

ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ জোর করে কারুর কাছ থেকে নেওয়া হয় নি।

শ্রীমহারাজা বোসঃ ফুড গ্রেনস সেন্ট্রাল অর্ডার অনুসারে যদি সিজ না করেন তাহলে আপনি যদি ডাইরেকটিভ না দেন তা হলে খোরাকী বা বীজ ধান আইন অনুসারে বাদ দিতে পারেন কি না?

ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ বিক্রয় করলে নিতে পারি।

Relief measures in Malda district

***254.** (Admitted question No. *439.)

শ্রীরাজেন্দ্র সিংহ সিংহীঃ ত্রাণ ও সমাজ উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মালদহ জেলায় ত্রাণ খাতে গত তিন মাসে কত টাকা বণ্টন করা হইয়াছে এবং কত লোককে খয়রাতি সাহায্য দেওয়া হয়েছে?

শ্রীনিশীথনাথ কুণ্ডুঃ বিভিন্ন খাতে ৯,৪৬,০৫৭ টাকা বণ্টন করা হয়েছে এবং ৭১,৬০৮ জন লোককে খয়রাতি সাহায্য দেওয়া হয়েছে।

শ্রীনারায়ণ চন্দ্র চৌধুরীঃ ফুড অ্যান্ড রিলিফ কমিটির মারফত এই সাহায্য দেওয়া হয় কি না তা বলবেন কি?

শ্রীনিশীথনাথ কুণ্ডুঃ বলতে পারবো না, ভিন্নভাবে করলে বলতে পারবো।

ডাঃ গোলাম ইয়াজদানিঃ যে সাহায্য দিচ্ছেন তা ছাড়া গ্রুয়েল কিচেন খোলার কোন পরিকল্পনা আছে কি না?

শ্রীনিশীথ নাথ কুণ্ডুঃ ঠিক বলতে পারবো না। আপনারা গ্রুয়েল কিচেন সম্বন্ধে বলে থাকতে পারেন, এ সম্বন্ধে কোন কিছু দিয়ে থাকলে আমরা বিচার বিবেচনা করতে পারি।

ডাঃ গোলাম ইয়াজদানিঃ গ্র্যাচুইটাস রিলিফ দেওয়া হচ্ছে, গ্রুয়েল কিচেন খোলা বাদে ড্রাই ডোল দেবার চিন্তা করছেন কি না?

শ্রীনিশীথ নাথ কুণ্ডুঃ কোন কোন জায়গায় আমরা ড্রাই ডোল দিয়েছি।

ডাঃ গোলাম ইয়াজদানিঃ মালদহে দেবার কোন ব্যবস্থা করছেন কি?

শ্রীনিশীথনাথ কুণ্ডুঃ আমাদের সরকার থেকে এইভাবে দেওয়া হয় না। খয়রাতি সাহায্য দুইভাবে দেওয়া হয়, কোথাও সমস্তটাই নগদ টাকায়, আবার কোথাও কিছুটা নগদ টাকা এবং ফুড গ্রেনস দিয়ে দেওয়া হয়।

ডাঃ গোলাম ইয়াজদানিঃ এইরূপ ড্রাই ডোল দেবার দাবী এসেছে কি?

শ্রীনিশীথ নাথ কুণ্ডুঃ মনে করতে পারছি না।

শ্রীপান্নালাল মাঝিঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এই যে খয়রাতি সাহায্য দেওয়া হয়েছে এবং খরা এলাকায় বাঁকুড়া এবং পুরুলিয়া'র অন্যান্য ডিস্ট্রিক্টএর যেখানে বিশেষ বিশেষ পকেট-এ খরা হয়েছে সেখানে এ ব্যবস্থা হয়েছে কি না—না সাধারণভাবে সর্বত্র দেওয়া হয়েছে, কিভাবে কোন্ কোন জায়গায় দেওয়া হয়েছে অর্থাৎ এই যে ৩টা ক্যাটেগোরি কোন কোন্ ক্যাটেগোরিতে দেওয়া হয়েছে, কিভাবে দেওয়া হয়েছে নগদ টাকা না জিনিষপত্র সেটা জানাবেন কি?

মিঃ স্পীকারঃ আপনার হোল রাইটার্স বিল্ডিংস-এ অ্যানসার ত হতে পারে না।

[1-40—1-50 p.m.]

ডাঃ গোপিকা রঞ্জন মিত্রঃ মাননীয় মন্ত্রিমহাশয় ডাঃ গোলাম ইয়াজদানীর প্রশ্নের উত্তরে বললেন যে গ্রুয়েল কিচেন খুলছেন কি না খুলছেন সেটা তাঁর খেয়ালে নেই। অনাহারে মৃত্যু হল তবেই কি আপনারা গ্রুয়েল কিচেন খুলছেন?

শ্রীনিশীথ নাথ কুণ্ডুঃ সাহায্য দিলে যদি মনে করা হয় লোকের মৃত্যু হচ্ছে, তাহলে আমার কিছু বলার নেই।

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ কত লোককে খয়রাতি সাহায্য দেওয়া হয়েছে এবং টাকা আপনি দিয়েছেন। কার মারফত এই খয়রাতি সাহায্য বিলি হয়েছে?

শ্রীনিশীথ নাথ কুণ্ডুঃ আপনারা জানেন প্রথমতঃ এটা হত পঞ্চায়েতী রাজের মাধ্যমে। তার পরে আপনারা এটাকে বাতিল করে ডিস্ট্রিক্ট অথরিটি মারফত দিচ্ছিলাম এবং এখন আমরা আবার নতুনভাবে ফুড অ্যান্ড রিলিফ কমিটি মারফত দিচ্ছি।

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ আপনি যে পঞ্চায়েতী রাজ কমিটি বাতিল করলেন—পঞ্চায়েতী আইন কি বাতিল হয়ে গেছে?

শ্রীনিশীথ নাথ কুণ্ডুঃ আমি এ সম্বন্ধে আলোচনা করে জেনেছি যে পঞ্চায়েতী রাজের [illegible] এই রকম কোন বিধান নেই। আমরা যেসব কাজ করতে বলবো তারা সেই সব কাজ করবে এই একটি বিধান আছে। আপনারা তাদের সেই হিসাবে যেসব অধিকার দিয়েছিলেন সেই অধিকার আমরা কেড়ে নিয়েছি।

শ্রীপুরঞ্জয় প্রামাণিকঃ রিলিফ ম্যানুয়েল যা আছে সেই আইন মেনে নিয়ে আলাপ আলোচনা করে [illegible] আপনারা কাজ করছেন কি?

শ্রীনিশীথ নাথ কুণ্ডুঃ একেবারে ঠিক ঠিক ভাবে।

Mr. Speaker: Do you suggest that he is doing something illegal?

শ্রীআবদুস সাত্তারঃ আপনি বললেন এখন খয়রাতি সাহায্য রিলিফ অ্যান্ড ফুড কমিটির মারফত হচ্ছে [illegible] পঞ্চায়েতী রাজের মধ্যে সেরকম বিধান নেই। কিন্তু আমি আপনাকে বলছি সেকসান ২৯ অব দি অঞ্চল পঞ্চায়েত অ্যাক্ট অনুযায়ী সেন্ট্রাল গভর্নমেন্টের কাছ থেকে সার্কুলার গেছে যে রিলিফ অ্যান্ড ওয়েলফেয়ার কমিটি হবে। সেই রকম এই সরকার রিলিফের জন্য কোন সার্কুলার পাঠিয়েছেন কি?

শ্রীনিশীথ নাথ কুণ্ডুঃ আইনের প্রশ্নের এইরকমভাবে জবাব হয় না। আমি যা জবাব দিয়েছি তার চেয়ে বেশি কিছু বলার নেই।

Smuggling of rice from the Contai Road Railway Station

***255.** (Admitted question No. *442.)

শ্রীসুধীরচন্দ্র দাস: স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২০এ এপ্রিল তারিখে কণ্টাই রোড রেল স্টেশন (মেদিনীপুর) হইতে কতগুলি ওয়াগনে খড়ের মধ্যে চাউল বস্তা বোঝাই করিয়া পাচার করা হইতেছে এইরূপ অভিযোগমূলক যে দরখাস্ত হইয়াছিল সেই সম্পর্কে কোন তদন্ত হইয়াছে কিনা; এবং

(খ) তদন্ত হইয়া থাকিলে তাহার রিপোর্ট কি?

Shri Ajoy Kumar Mukhopadhyay:

(ক) এরূপ কোনও দরখাস্ত পাওয়া যায় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

মাননীয় স্পীকার মহাশয়, গত ২০-৪-৬৭ তারিখের সন্ধ্যায় এক গোপনীয় সংবাদের ভিত্তিতে বেলদার জেলা এনফোর্সমেন্ট শাখার সাব-ইন্সপেক্টর পশ্চিমবঙ্গ চাউলকল নিয়ন্ত্রণ আদেশ ১৯৬৭-এর ৩নং ধারা এবং পশ্চিমবঙ্গ চাউলকল (লেভি) আদেশ, ১৯৬৭-এর ৩নং ধারার নির্দেশ লঙ্ঘনের জন্য কন্টাই রোড স্টেশনে ৬টি রেলওয়ে ওয়াগন হইতে মোট ১,৮০০ বস্তা চাউল (মোট চাউলের পরিমাণ ১,৩৬৮ কুইন্ট্যাল) আটক করেন। এই খবর কোন দরখাস্ত মারফত পাওয়া যায় নাই।

প্রয়োজনীয় অনুসন্ধানের পর এই ব্যাপারে ৩টি মামলা রুজু করা হয়। ইহার মধ্যে ২টি মামলা, নারায়ণগড় থানা—কেস নং ৮ ও ৯, তাং ৭-৫-৬৭, ১০-৫৫ আইনের ৭(১) এ (২) ধারায় বেলদার সত্যনারায়ণ চাউল কল ও বক্কাবাদের মহাবীর চাউল কলের বিরুদ্ধে এবং ১টি মামলা দাঁতন থানা কেস নং ৬, তাং ৭-৫-৬৭, ১০-৫৫ আইনের ৭(১)এ (২) আর ধারায় নকুরশিনীর শ্রীরাধা চাউল কলের বিরুদ্ধে রুজু করা হয়। নারায়ণগড় থানার ৮নং কেসটি এফ আর টি-তে (ফাইন্যাল রিপোর্ট ট্রু) সমাপ্ত হয়। অপর দুইটি মামলার অনুসন্ধান চলিতেছে। উক্ত চাউল সমস্তই খাদ্য বিভাগের হেফাজতে দেওয়া হইয়াছে। জানা যায় যে উক্ত ৬ ওয়াগন চাউলের ভিতর ৫ ওয়াগন চাউল বারাসতের (২৪-পরগণা) জন্য এবং বাকী ১ ওয়াগন চাউল হাবড়ার (২৪-পরগণা) জন্য উক্ত মিল মালিকগণ রেলওয়ে বুকিং করিয়াছিলেন।

শ্রীঅমৃতেন্দু মুখার্জী: ফাইন্যাল রিপোর্টে বেকসুর খালাস পেয়ে গেছে, তার বিরুদ্ধে যে অভিযোগ ছিল, মাননীয় মন্ত্রিমহাশয় কি অনুগ্রহ করে জানাবেন যে সেই ভদ্রলোককে পি ডি অ্যাক্টএ গ্রেপ্তার করা হয়েছে কি না বা গ্রেপ্তার করার কোন পরিকল্পনা আছে কি না?

শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায়: এটা প্রশ্ন করবেন, উত্তর দেবো। পি ডি অ্যাক্টএ যাদের গ্রেপ্তার করার দরকার আছে তাদের গ্রেপ্তার করা হয়, এখানে পি ডি অ্যাক্ট সম্বন্ধে কিছু বলা হয় নি।

শ্রীদেবেন দাস: এই চাল যখন যায় তখন একজন খাদ্য দপ্তরের ইন্সপেক্টর চাল দেওয়ার জন্য নিষেধ করেন, তখন সেখানকার থানার সেখানকার এম পি শ্রীশচীন মাইতির চিঠি পাওয়ার পর ডি এম-এর সেই অর্ডারএ কাজ করা হয় নি, তারপর এস পি অর্ডার দেওয়ার পর ওয়াগন ধরা হয়েছে এটা কি সত্য?

শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায়: ইহা সত্য নয়।

শ্রীদেবেন দাস: এখন সেই চালের ডেমারেজ চার্জ দিতে হচ্ছে—সেই চাল যে ওয়াগন-এ আছে তার জন্য ৩ মাস ধরে ডেমারেজ চার্জ দিতে হচ্ছে, এটা কি সত্য?

শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায়: তা হতে পারে। মামলার বিচার না হওয়া পর্যন্ত ওয়াগন ছাড়তে পারে না।

শ্রীসুধীরচন্দ্র দাস: এখানে আগের প্রশ্নে দেবেনবাবু যা বললেন যে একজন ফুড ডিপার্টমেন্ট-এর কর্মচারী যখন পাচার হচ্ছিল সেই সময় উপস্থিত ছিলেন বলে সংবাদ পাওয়া গেছে, সেই বিষয়ে কোন তদন্ত করেছেন যে কোন্ অফিসার পাচার করবার জন্য সাহায্য করেছিল, এই বিষয়ে জানা আছে কি?

শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায়: না, এমন কোন সংবাদ আমার জানা নেই।

শ্রীসুধীরচন্দ্র দাস: এই বিষয়ে কোন তদন্ত করবেন কি? কারণ, সেখানকার লোকেরা দেখেছে যে একজন ফুড ডিপার্টমেন্ট-এর কর্মচারী পাচারের সময় ছিল এই রকম অভিযোগ আছে।

শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায়: লিখিত অভিযোগ দিলে তদন্ত করবো।

ডাঃ নলিনাক্ষ্য সান্যাল: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এই রকম মাল পুলিসের তদন্ত সাপেক্ষে যদি আটক করা হয় তাহলে সেটা কি সেখানে অনির্দিষ্ট কাল পর্যন্ত রেখে দেওয়া হয়, না আইন অনুসারে পচনশীল চাল উপযুক্তভাবে রক্ষা করার জন্য কোন জনসমাজে বিলি করার ব্যবস্থা রয়েছে।

শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায়: ওয়াগনের ভেতর রয়েছে, সুতরাং পচনশীল হবার কোন কারণ নাই। আমরা শুধু চাল ধরি এবং সেই চাল হাকিমের অনুমতি নিয়ে বিক্রি করে পয়সাটা রেখে দিই এবং বিচার মত যার পয়সা সে পায়। এখন বোধ হয় ওয়াগন শুদ্ধ আটক করার দরকার আছে সেই জন্য ওয়াগনে চালটা আটক হয়ে রয়েছে।

শ্রীদীনেশ চন্দ্র ডাকুয়া: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে একজন লোককে এফ আর টি-এ রিলিজ করে দেওয়া হয়েছে, এই রিপোর্ট তিনি দিলেন, সে সম্বন্ধে আমি প্রশ্ন করছি যে এফ আর টি মানে হচ্ছে কোন এভিডেন্স পাওয়া যাচ্ছে না, এই জিনিসটা ম্যাজিস্ট্রেট অ্যাকসেপ্ট করতেও পারে না-ও পারে। এই রকম ম্যাজিস্ট্রেট অ্যাকসেপ্ট করার আগে গভর্নমেন্টের আপার লেভেলের কেউ এভিডেন্স দিয়েছেন কি না?

শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায়: এফ, আর, টি, মানে ওটা নয়।

শ্রীপুরঞ্জয় প্রামানিক: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে কিছুক্ষণ আগে বললেন যে সমস্ত চাল সিজ করা হয়েছে এবং সেইগুলো হাকিমের হুকুম মত বিক্রি করে দেওয়া হয়। সম্প্রতি হাইকোর্ট রুলিং দিয়েছেন যে সিজ করা চাল মামলা যতক্ষণ না শেষ হচ্ছে ততক্ষণ কোন কিছু বিক্রি করা চলবে না, এই কথা কি জানেন?

শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায়: আমার জানা নেই।

Looting of foodgrains in the State

[1-50—2 p.m.]

***256.** (Admitted question No. *452.)

শ্রীঅরুণকুমার মৈত্র: স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বিগত মার্চ, ১৯৬৭ হইতে অদ্যাবধি পশ্চিমবঙ্গে অনেকগুলি হাট ও বাজারে খাদ্যশস্য লুণ্ঠিত হইয়াছে;

(খ) লুণ্ঠিত হাট ও বাজারগুলির নাম কি এবং লুণ্ঠিত খাদ্যশস্যের পরিমাণ কত;

(গ) এই সম্পর্কে কয়টি মামলা (১) তদন্তাধীন ও (২) বিচারাধীন;

(ঘ) কয়টি ক্ষেত্রে লুণ্ঠিত খাদ্যশস্য সরকারী কর্তৃপক্ষকে জমা দেওয়া হইয়াছে এবং তাহার পরিমাণ কত?

Shri Ajoy Kumar Mukhopadhyay:

(ক) হ্যাঁ।

(খ) এ সম্পর্কে একটি তালিকা সংগে যোগ করা হইল।

(গ) (১) ৮টি।

(২) ৫টি।

(ঘ) কোনক্ষেত্রেই লুণ্ঠিত খাদ্যশস্য উদ্ধার করা যায় নাই।

পশ্চিমবঙ্গ বিধানসভার তারকিত ৪৫২(খ) প্রশ্নের উত্তরে উল্লিখিত তালিকা

জেলার নাম	হাট ও বাজারের নাম	সংশ্লিষ্ট থানার নাম	লুণ্ঠিত খাদ্যশস্যের পরিমাণ।
বর্ধমান	উখরা বাজার	অণ্ডাল	২ কু ৫৯ কিঃ গ্রাম
মুর্শিদাবাদ	বহরমপুর	বহরমপুর	৩ কু ৭০ কিঃ গ্রাম
	বেলডাঙ্গা	বেলডাঙ্গা	৭ কু ২০ কিঃ গ্রাম
	খাগড়া বাজার	খাগড়া	১০ কু ৭০ কিঃ গ্রাম
নদীয়া	মনীন্দ্র হাট	চাকদহ	১ কু ৪০ কিঃ গ্রাম
	করিমপুর বাজার	করিমপুর	২০ কিঃ গ্রাম
	শান্তিপুর টাউন বাজার	শান্তিপুর	৩৬ কু ২০ কিঃ গ্রাম
মালদহ	আড়িয়াডাঙ্গা হাট	বামুয়া	৭ কু ৫০ কিঃ গ্রাম

Shri Arun Kumar Maitra:

যেসমস্ত খাদ্যশস্য লুঠ করা হয়েছে তা স্থানীয় এলাকার লোকজনের মধ্যে বিলি করে দেওয়া হয়েছে—এরকম কোন খবর কি আপনার জানা আছে?

Shri Ajoy Kumar Mukhopadhyay:

যেটা লুঠ হয়ে গেছে সেটা আর আমাদের হাতে আসে নি, তবে যেটা আমাদের হাতে আছে—তা ফুড কর্পোরেশনকে দেওয়া হয়েছে।

Shri Arun Kumar Maitra:

যেসমস্ত জায়গায় খাদ্যশস্য লুঠ হয়েছে তার মধ্যে কোন রাজনৈতিক দলের নেতৃত্ব ছিল কি?

Shri Ajoy Kumar Mukhopadhyay:

আমার জানা নাই।

Dr. Naliksha Sanyal:

মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে বলবেন কি—যে চালটা চোরাকারবারীদের কাছ থেকে বের করে জনসাধারণকে অল্পমূল্যে বিক্রয় করে দেওয়া হয়, তাকে কি লুঠ বলে?

Shri Ajoy Kumar Mukhopadhyay: It is a matter of opinion.

Shri Krishna Kumar Sukla:

মন্ত্রিমহাশয় বললেন যে, লুণ্ঠন যেটা হয়ে গেছে সেটা হাতে আসে নি—তিনি কি জানাবেন যে লুণ্ঠনকারীদের এইরকম নির্দেশ দেওয়া হয়েছিল কিনা যে, লুঠ করে যে মাল নেন তাদের হাতে জমা দেওয়া হয়?

(No reply.)

Shri Panna Lal Majhi:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, আমাদের এই যুক্তফ্রন্ট সরকারকে লো করবার জন্য কংগ্রেসীরা সম্মিলিতভাবে এই লুঠ করছিল?

Mr. Speaker:

এর আপনি উত্তর দেবেন না।

Shri Maharaja Basu:

কতজন এই সম্পর্কে অ্যারেস্ট হয়েছে?

Shri Ajoy Kumar Mukhopadhyay:

পুলিশ এ পর্যন্ত ৭,৯৭৪ জনের বিরুদ্ধে মামলা দায়ের করেছে। ১২টা ঘটনা সংঘটিত হয়েছিল ৫টি বিচারাধীন আছে, আর বাকি সবের উপযুক্ত প্রমাণাভাবে ফাইন্যাল রিপোর্ট দেওয়া হয়েছে।

Dr. Gopika Ranjan Mitra:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই সব লুঠের সময় পুলিস সেখানে হাজির ছিল কিনা?

Shri Ajoy Kumar Mukhopadhyay:

না।

Submission of returns regarding stock of Paddy in Bhagowanpur P.S.

*257. (Admitted question No. *459.)

শ্রীঅজয় মালাকার: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ভগবানপুর থানার কতজন লোক তাহাদের জমির হিসাবসহ ধান্য মজুতের হিসাব সরকারের নিকট দিয়াছে; এবং

(খ) ঐ থানার যেসকল ব্যক্তি সরকারের নিকট হিসাব দেন না আজ পর্যন্ত সরকার তাহাদের কতজনের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

Dr. Prafulla Chandra Ghosh:

(ক) ছয়জন মাত্র।

(খ) ১৪৫ জন হিসাব দেন নাই। এ সম্বন্ধে ৯ই জুলাই অবধি ১৩টি কেস মামলা দায়ের করা হইয়াছে। কাহাকেও এ যাবৎ গ্রেপ্তার করা হয় নাই। তবে তাহাদের নিকট হইতে মোট ১২৮·৪২ কুইন্টাল ধান আদায় করা হইয়াছে।

Shri Ajoy Malakar:

কোন্ অফিসার কেস দায়ের করে থাকেন?

Dr. Prafulla Chandra Ghosh:

তা বলি কি করে!

Shri Ajoy Malakar:

এই ১৪৬ জনের মধ্যে মাত্র ১৩ জনকে করা হল, বাকিদের করা হল না কেন?

Dr. Prafulla Chandra Ghosh:
কেন করা হয় নাই—বলতে পারি না, তবে আমি ইনভেস্টিগেশন করব।

Shri Ajoy Malakar:
মন্ত্রিমহাশয় কি জানাবেন, ভগবানপুর থানার প্রাক্তন মন্ত্রী আভা মাইতি থাকার জন্য কেস দায়ের করা হয় না?

Dr. Prafulla Chandra Ghosh:
একথা আমি বলতে পারি না।

Shri Panchanan Singha Roy:
মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, খাদ্য বিভাগে যাঁরা রিটার্ন দাখিল করেন নাই, তাঁদের বিরুদ্ধে কি কেস দায়ের করবার অধিকার প্রাক্তন মন্ত্রী আভা মাইতিকে দিয়েছেন কি?

Mr. Speaker: This question is disallowed. There is no further supplementary.

Shri Amalendra Lal Roy:
আপনার কি এরকম ঘটনা জানা আছে যে, বড় বড় জোতদাররা ছোট ছোট জোতদারদের ঘরে ধানচাল লুকিয়ে রেখেছিল?

Dr. Prafulla Chandra Ghosh:
আমার জানা নাই—হতে পারে।

Shri Amalendra Lal Roy:
এই ব্যাপারে আপনি কোন অনুসন্ধান করে দেখবেন ভগবানপুর থানায়?

Dr. Prafulla Chandra Ghosh:
শুধু এই বিষয়ে সেখানে কেন, সারা বাংলাদেশে বড় বড় জোতদার যারা খাদ্যশস্য লুকিয়ে রেখেছেন, সে সম্বন্ধে সেখানে অনুসন্ধান হচ্ছে।

Construction of Boro or Suka Bundhs on Cossai river in Daspur P.S.

***258.** (Admitted question No. *476.) **Shri Bankim Chandra Sasmal:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development be pleased to state—

(a) what amount was spent on the construction of Boro or Suka Bundhs at Kalmijore, Temoani, Ramdevpur, Palaspai on Cossai river in Daspur P.S. for the last 3 years; and

(b) whether the Government is thinking of the construction of a dam or reservoir for storing water for irrigation purposes at Temoani or Kalmijore?

Dr. Prafulla Chandra Ghosh: (a) Amount spent on the construction of Boro or Suka Bundhs during last three years is given below:—

(i) Kalmijore bundh	...	Rs. 56,182.90
(ii) Temoani Suka bundh (Subsidiary bunds on river Palaspai)	...	Rs. 32,627.50
(iii) Ramdevpur Boro bundh	...	Rs. 20,581.00
	Total	Rs. 1,09,391.40

(b) There is no such proposal with this Department.

Shri Bankim Chandra Sasmal:

কিভাবে সেই প্রস্তাব দিতে হবে—আপনারা নিজেরা প্রস্তাব নিয়ে আসবেন, না, জনসাধারণের কাছ থেকে আসবে?

Dr. Prafulla Chandra Ghosh:

যদি কেউ কোন প্রস্তাব পাঠিয়ে দেন, অবশ্যই তা আমরা বিবেচনা করব।

Shri Bankim Chandra Sasmal:

আমাদের ভূতপূর্ব সেচমন্ত্রী যিনি বর্তমানে মুখ্যমন্ত্রী—তিনি এই সম্পর্কে স্থানীয় জনসাধারণের কাছে চিঠিপত্র লিখে জানিয়েছিলেন যে, কাঁসাই বাঁধ করার পরে দেখা হবে, সেটা যখন হয়েছে, তখন এই পরিকল্পনা গ্রহণ করা সম্পর্কে চিন্তা করবেন কি এবং এর দ্বারা উপকার হবে কিনা যথেষ্ট?

Dr. Prafulla Chandra Ghosh:

প্রশ্নটা ঠিক বুঝতে পারলাম না কি বললেন।

Shri Ajoy Kumar Mukhopadhyay:

মাননীয় সদস্য আমার নাম উল্লেখ করেছেন। তিনি বলেছেন, আমি বলেছিলাম—কাঁসাই পরিকল্পনা শেষ হলে তা বিবেচনা করে দেখব। কাঁসাই পরিকল্পনা এখনও অসম্পূর্ণ আছে। তা শেষ হতে আরও কয় বছর যাবে।

Small Irrigation Schemes in Purulia district

***259.** (Admitted question No. *484.)

শ্রীসমরেন্দ্রনাথ ওঝা: কৃষি বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৬-৬৭ সালে স্মল ইরিগেশন স্কীমে পুরুলিয়া জেলায় কি পরিমাণ অর্থ মঞ্জুর করা হইয়াছিল ও তাহার মধ্যে কত খরচ হইয়াছে;

(খ) চলতি বৎসরে ঐ উদ্দেশ্যে পুরুলিয়া জেলার জন্য কত অর্থ মঞ্জুর করা হইয়াছে;

(গ) ইহা কি সত্য যে টাকা সময়মত না পাওয়ার জন্য বহু স্কীমের কাজ বন্ধ রহিয়াছে; এবং

(ঘ) উহা সত্য হইলে সরকার এই বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

Dr. Prafulla Chandra Ghosh:

(ক) ১৯৬৬-৬৭ সালে ৫,০০,০০০ টাকা মঞ্জুর করা হইয়াছিল এবং ৩,১৬,২৩০ টাকা খরচ হইয়াছে।

(খ) চলতি বৎসরে এ পর্যন্ত ৩,০০,০০০ টাকা মঞ্জুর করা হইয়াছে।

(গ) ইহা সত্য নহে।

(ঘ) প্রশ্নই উঠে না।

Shri Samarendra Nath Ojha:

প্রতি বৎসর যে টাকা মঞ্জুর করা হচ্ছে তার অর্ধেক খরচ হচ্ছে না। এতে সেচের কাজ তথা কৃষি উৎপাদনের কাজ ব্যাহত হচ্ছে। এ সম্বন্ধে মন্ত্রিমহাশয় কি ব্যবস্থা অবলম্বন করছেন জানতে পারি কি?

Dr. Prafulla Chandra Ghosh:

এ বিষয়ে যথাযথ তদন্তের ব্যবস্থা করব।

[2—2-10 p.m.]

Allotment of rice to the State

***245.** (Short Notice.) (Admitted question No. *1093.) **Shri Apurba Lal Majumdar:** Will the Minister-in-charge of the Food Department be pleased to state—

(a) whether it is a fact that in the two-day conference of Chief Ministers, held last week, the allotment of rice to the State of West Bengal has been cut down; and

(b) if so, whether the Government has made any alternative arrangement for supply of rice from any other source?

Dr. Prafulla Chandra Ghosh: (a) No.

(b) Does not arise.

শ্রীনারায়ণ চোবেঃ মিঃ স্পীকার, স্যার, আমি আপনাকে একটা অনুরোধ করছি যে, এ্যাড-মিটেড কোশ্চেন নং ৭৪১ আজকের লিস্টে আছে। আজকের এই ২৭০টা দয়া করে হেল্ড ওভার করুন।

মিঃ স্পীকারঃ ওটা হবে না, একদম আইন নেই, আমি পারব না।

শ্রীমতী ইলা মিত্রঃ স্যার, আপনি কোন ইম্পর্ট্যান্ট ব্যাপারে রুলিং দিতে পারেন। এটা হেল্ড ওভার করা যায় কিনা......

মিঃ স্পীকারঃ আমি আইন ছাড়া পারি না, আইনে প্রভিশন নেই, আমি পারব না, আমার উপায় নেই।

STARRED QUESTIONS

(to which answers were laid on the table.)

Damages due to storm and cyclone in West Dinajpur

***260.** (Admitted question No. *187.) **Shri Syama Prasad Barman:** (a) Will the Minister-in-charge of the Relief and Social Welfare Department be pleased to state if it is a fact that a storm and cyclone swept over some thanas of the district of West Dinajpur on the 6th and 8th June, 1967?

(b) If the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state—

(i) the extent of damage to the houses and the fruit-bearing trees;

(ii) the number of persons killed by house collapse;

(iii) the number of persons injured and sent to hospitals; and

(iv) what steps Government have taken for the relief of the storm affected people?

The Minister for Relief: (a) A cyclonic storm swept over Raiganj and Karandighi P.S. of the district of West Dinajpur on the 6th of June, 1967.

(b) (i) 1,281 houses and mango, jack-fruit and cocoanut trees were damaged in the two P.S.

(ii) 2 persons killed

(iii) 3 persons injured (all minors).

(iv) The following relief measures have been taken for the storm affected people:—

(1) Gratuitous relief and clothings distributed immediately after the occurrence. Rs. 1,086.80 given as emergent gratuitous relief.

(2) Proposal for distribution of H.B. Grant and loan is under scrutiny for sanction.

Complaints of hooliganism in Bapujinagar, Jadavpur P.S.

***261.** (Admitted question No. *490.) **Shri Joynarayan Sharma:** (a) Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state whether the Government has received any complaint to the effect that hooliganism is going on in Bapujinagar, Jadavpur P.S., during the last two months?

(b) If the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state—

(i) what steps, if any, the Government has so far taken in this respect; and

(ii) whether any preventive arrest has been made of the marked criminals named by victim inhabitants?

* * * *

Small Irrigation Schemes in Jhargram subdivision

***262.** (Admitted question No. *498.)

শ্রীধনঞ্জয় কর: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় ইতিমধ্যে কতগুলি ক্ষুদ্র সেচ পরিকল্পনা গৃহীত হইয়াছে ;

(খ) ঐ এলাকায় আর কতগুলি ঐরূপ পরিকল্পনা গৃহীত হওয়ার সম্ভাবনা আছে, এবং

(গ) গোপীবল্লভপুর থানার সুবর্ণরেখা নদীর উপর ধর্মপুর গ্রামে ও আলমপুর গ্রামে যে রিভার লিফ্‌ট ইরিগেশন পরিকল্পনা গৃহীত হইয়াছিল তাহা আজ পর্যন্ত কার্যকরী না করার কারণ কি?

The Minister for Agriculture and Community Development:

(ক) এ বৎসর এ পর্যন্ত ৯৮টি পরিকল্পনা গৃহীত হইয়াছে।

(খ) বর্তমান বৎসরে আরও ১০০টি পরিকল্পনা গ্রহণ করিবার সম্ভাবনা আছে।

(গ) প্রয়োজনীয় পাম্পিং সেট ঠিক সময়ে না পাওয়ার জনাই এই প্রকল্প দুইটি এখনও কার্যকরী করা যায় নাই। তবে আশা করা যায় সময়মত পাম্পিং সেট পাইলে ১৯৬৮ সালের মার্চ মাসের মধ্যেই ঐগুলি কার্যকরী করা যাইবে।

Procurement of Paddy in Khejuri P.S.

***263.** (Admitted question No. *521.)

শ্রীবিমল পাইক: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) খেজুরী থানার বর্তমান বৎসরে এ পর্যন্ত কত ধান্য সংগৃহীত হইয়াছে;

(খ) সংগৃহীত ধান্যের মধ্যে কি পরিমাণ ধান্য মালিকেরা স্বেচ্ছায় দিয়াছে;

*Note:—Answer was not available.

(গ) খেজুরী থানায় উক্ত সময়ের মধ্যে পুলিসসহ কয়টি ক্ষেত্রে ধান্য আদায় হইয়াছে; এবং

(ঘ) ঐ থানায় উক্ত সময়ের মধ্যে পথিমধ্যে ধান্য ও চাউল লইয়া যাইবার সময়ে কত ধান্য ও চাউল আটক করা হইয়াছে?

The Minister for Food:

(ক) ১-১-৬৭ হইতে ৮-৭-৬৭ পর্যন্ত ১২৯৬ মেঃ টন পরিমাণ ধান্য সংগৃহীত হইয়াছে।

(খ) ১২০৯ মেঃ টন।

(গ) একটি ক্ষেত্রেও নহে।

(ঘ) ১ কুইন্টাল ২৯ কিলোগ্রাম পরিমাণ চাউল।

Gratuitous Relief and Test Relief works in Bankura and Purulia districts

***264.** (Admitted question No. *529.) **Dr. Gopal Das Nag:** Will the Minister-in-charge of the Relief and Social Welfare Department be pleased to state—

(a) what amount has so far been sanctioned for Gratuitous Relief and Test Relief work in the districts of Bankura and Purulia since March 1, 1967;

(b) in the last three months how much have been spent for Gratuitous Relief and Test Relief work in the above two districts;

(c) in these two districts how many families are being given the regular Gratuitous Relief, and at what rate; and

(d) in these two districts how many persons are regularly engaged in Test Relief work, and what rates of wages are being paid to such persons?

The Minister for Relief: (a) to (d) A statement is laid on the library table.

Statement in reply to items (a), (b), (c) and (d) of starred Assembly Question No. 529 by Dr. Gopal Das Nag, M.L.A.

(a) During the period from 1st March, 1967 to the 16th July, 1967, the following allotments have been sanctioned to the District Officers of Purulia and Bankura on account of distribution of Gratuitous Relief and payment of Relief Work wages:—

District	Gratuitous Relief	Relief Works
	Rs.	Rs.
(1) Bankura	20,75,400	45,50,000
(2) Purulia	27,00,400	31,00,000

(b) Amount spent on account of distribution of gratuitous relief and payment of relief work wages during the period from 1st April, 1967 to 30th June, 1967, is as follows:—

District	Gratuitous Relief	Relief Works
	Rs.	Rs.
(1) Bankura	27,92,319.31	20,23,129.71
(2) Purulia	22,50,252·10	19,20,600.00

(c) Bankura—About 2,00,000 persons.

Purulia—About 4,60,000 persons.

At the rate of Rs. 7.50 per head per month and half the rate per minor when issued in cash and 0.8 Kgs. of wheat/milo plus 0.64 paise as small cash grant per unit per month and half the rate per minor when issued in kind.

(d) Bankura—30,188 persons.

Purulia—32,000 persons.

Up to a ceiling of Rs. 2 per head per day when paid in cash and two and half kilograms of foodgrains when wages are paid in kind.

Procurement of Paddy in Gosaba P.S.

***265.** (Admitted question No. *543.)

শ্রীগিরীন্দ্রনাথ মণ্ডল: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ২৪-পরগণা গোসাবা থানার ১৩টি অঞ্চলের মধ্যে কোন্ অঞ্চল হইতে কি পরিমাণ ধান্য গত মার্চ হইতে জুন মাস পর্যন্ত সময়ের মধ্যে সংগ্রহ করা হইয়াছে?

The Minister for Food:

২৪-পরগনা জেলায় গোসাবা থানায় ১-৩-৬৭ হইতে ৩০-৬-৬৭ পর্যন্ত ধান্য সংগ্রহের অঞ্চলওয়ারী হিসাবঃ—

	চাউল	ধান্য
	(মেট্রিক টনের হিসাবে)	
১। কচুখালি	৪	৫০
২। বিপ্রদাসপুর	—	২৮
৩। শম্ভুনগর	—	২৩
৪। সাতজলিয়া	—	৩২
৫। লাহিড়ীপুর	—	৯
৬। পাঠানখালি	—	২৪
৭। রাঙাবেলিয়া	—	১০
৮। গোসাবা	—	৩০
৯। বালি	—	—
১০। ছোটমোল্লাখালি	৩২	২৪
১১। কুমীরমারি	—	৬৫
১২। আমতলী	—	২৮
১৩। রাধানগর-তারানগর	—	১৭
মোট	৩৬	৩২০

Cases of looting of paddy or rice in West Dinajpur district

***266.** (Admitted question No. *556.)

শ্রীমহারাজ বোস: স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৭ সালের মার্চ, এপ্রিল, মে এবং জুন মাসের মধ্যে পশ্চিম দিনাজপুর জেলায় লরি, গরুর গাড়ি ও বাড়ি হইতে কতগুলি ক্ষেত্রে এবং মোট কি পরিমাণ ধান ও চাল লুঠ করার অভিযোগ সরকার অবগত আছেন; এবং

(খ) এই সব ধান ও চাল লুঠের জন্য কতজন অপরাধীকে গ্রেপ্তার করা হইয়াছে?

The Minister for Home (Police):

(ক) উক্ত সময়ে পশ্চিম দিনাজপুরে মোট ৯ (নয়টি) ধান ও চাউল লুণ্ঠনের ঘটনায় মোট ১৪৮৪ মণ ১১ সের (এক হাজার চারশত চুরাশি মণ এগার সের) ধান এবং ১০৬ মণ (একশত ছয় মণ) চাউল লুণ্ঠিত হয়।

(খ) এ পর্যন্ত মোট ৯২ জনকে গ্রেপ্তার করা হইয়াছে।

Relief Works in Garhbeta P.S.

***267.** (Admitted question No. *583.)

শ্রীপঞ্চানন সিংহ রায়ঃ (ক) ত্রাণ ও সমাজ উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সরকার কি অবগত আছেন যে, গড়বেতা থানার ৩টি ব্লকে দুই বৎসর খরার ফলে দুর্ভিক্ষের অবস্থা সৃষ্টি হইয়াছে?

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ঐ ব্লক তিনটিতে রিলিফ কার্য আরম্ভ করা হইয়াছে কিনা ; এবং

(২) রিলিফের কার্য আরম্ভ না হইয়া থাকিলে কতদিনের মধ্যে আরম্ভ হইবে?

The Minister for Relief:

(ক) না। কতকাংশে খরা হলেও দুর্ভিক্ষাবস্থার সৃষ্টি হয় নাই।

(খ) (১) দুর্ভিক্ষাবস্থার সৃষ্টি না হলেও সাহায্যের সাধারণ নিয়মে রিলিফ দেওয়া হয়েছে।

(২) প্রশ্ন উঠে না।

Employment of I.B. Police in dehoarding paddy in Burdwan

***268.** (Admitted question No. *614.)

শ্রীসুবোধ চৌধুরীঃ স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মজুদ ও গোপন ধান উদ্ধারের জন্য আই. বি বিভাগকে নিযুক্ত করা হইয়াছে ; এবং

(খ) সত্য হইলে, ইহার ফলে তাহারা বর্ধমানে কতগুলি ক্ষেত্রে গোপনে মজুদ ধান উদ্ধারের ব্যাপারে সাহায্য করিয়াছে?

The Minister for Home (Police):

(ক) হ্যাঁ ; ডি-আই-বি'র একাংশকে নিযুক্ত করা হইয়াছে।

(খ) তাঁহাদের গোপন সূত্রে প্রেরিত সংবাদের উপর ভিত্তি করিয়া বর্ধমানে অনেকগুলি ক্ষেত্রে মজুদ ধান্য এবং অন্যান্য শস্যাদি উদ্ধার করা হইয়াছে। ইহার সঠিক সংখ্যা দেওয়া সম্ভব নয়।

Death of Amulya Sen, Belgharia

***269.** (Admitted question No. *698.)

শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জিঃ স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকার জানেন কি যে, ১৩ই ফেব্রুয়ারি, ১৯৬৭ তারিখে খুব ভোরে জনৈক অমূল্য সেন গুন্ডাদের দ্বারা বেলঘরিয়ায় তাঁর নিজ বাড়িতে স্ত্রীর সামনে ছুরিকাহত হন এবং সেইদিনই রাত্রে তিনি হাসপাতালে মারা যান ;

(খ) ইহা কি সত্য যে, এই ঘটনায় উক্ত অমূল্য সেনের স্ত্রী সেইদিনই এই খুনের জন্য দায়ী করিয়া অনেকের নামে বেলঘরিয়া থানায় এফ আই আর করেন ; এবং

(গ) উপরোক্ত ঘটনা সম্পর্কে কাহাকেও গ্রেপ্তার করা হইয়াছে কি না?

The Minister for Home (Police):

(ক) হ্যাঁ।

(খ) ৪ জনের নামে এফ-আই-আর করা হয়।

(গ) অদ্যাবধি কাহাকেও গ্রেপ্তার করা সম্ভব হয় নাই।

Injured persons of P62, C.I.T. Road, Calcutta

***270.** (Admitted question No. *741.)
শ্রীদেবেন দাস এবং শ্রীনারায়ণ চোবে: স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, গত ৪ঠা জুলাই রাত্রে সি, আই, টি, রোডস্থিত কয়েকজন গোয়ালার আবেদনক্রমে কিছুসংখ্যক যুবক পি ৬২ সি, আই, টি, রোডস্থিত বাড়ির একটি ঘর খানাতল্লাসী করে ৮ জন জখমী লোককে দেখতে পেয়ে পুলিসকে জানায় ও বেনিয়াপুকুর থানার জনৈক দারোগা তদন্ত করেন;

(খ) এই ঘটনা যদি সত্য হয়, তাহলে মন্ত্রিমহাশয় জানাইবেন কি, এই আহত ব্যক্তিগণ কারা এবং কিভাবে এ'রা আহত হয়েছেন; এবং

(গ) এ বিষয়ে সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করছেন?

The Minister for Home (Police):

(ক) গত ৪ঠা জুলাই রাত্রে স্থানীয় জনসাধারণের নিকট হইতে সংবাদ পাইয়া বেনিয়াপুকুর থানার পুলিশ পি ৬২ নম্বর সি-আই-টি রোডস্থিত 'গ্লোব ডিটেকটিভ এজেন্সি'র অফিসে তদন্ত করিতে আসেন এবং ৫ জন ব্যক্তিকে আহত অবস্থায় দেখিতে পান।

স্থানীয় যুবকেরা উক্ত এজেন্সির অফিসে কোন খানাতল্লাসী করে নাই।

(খ) ঐ ৫ জন ব্যক্তি হইলেন উক্ত এজেন্সিরই 'ওয়াচম্যান'। মেসার্স ইউনিয়ন কারবাইড-এর সহিত গ্লোব ডিটেকটিভ এজেন্সির একটি চুক্তি অনুসারে ৩-৭-৬৭ তারিখে সকাল ৫টার সময় গ্লোব ডিটেকটিভ এজেন্সি কর্তৃক তাহাদের ১২ জন ওয়াচম্যান কাশীপুর ইউনিয়ন কারবাইডের ফ্যাক্টরিতে প্রেরিত হইয়াছিল। প্রকাশ, উক্ত ওয়াচম্যানগণ ঐ ফ্যাক্টরিতে প্রবেশকালে সেখানকার ধর্মঘটরত শ্রমিকগণ কর্তৃক বাধাপ্রাপ্ত হয় এবং অপরিচিত কিছু ব্যক্তি কর্তৃক সেখানে তাহারা প্রহৃত হয়।

(গ) বিষয়টি পুলিশের কর্ণগোচর হইবামাত্রই উক্ত বাড়ির সম্মুখে পুলিশ প্রহরার বন্দোবস্ত করা হয়। পরে জনসাধারণের উত্তেজনা প্রশমিত হইলে পুলিশ প্রহরা তুলিয়া লওয়া হয়।

স্থানীয় পুলিশ ঐ স্থানের উপর বিশেষ দৃষ্টি রাখিয়াছেন।

Small Irrigation Schemes

***271.** (Admitted question No. *183.) **Shri Narayan Chandra Chaudhuri:** Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) how many small irrigation schemes including (i) shallow tubewell schemes, and (ii) small irrigation schemes were received for approval by the present State Government;

(b) how many of the said schemes have since been approved;

(c) how many of the approved schemes have been executed; and

(d) what was the amount spent in the execution of these schemes?

The Minister for Agriculture: (a) 2,180 Small Irrigation Schemes (including shallow tubewell schemes) were received under the present State Government.

(b) Up till now, 1,051 schemes have been approved.

(c) So far 75 schemes have been executed, work in a number of cases is in progress.

(d) Rs. 3,69,493 has so far been spent for the execution of these schemes. This amount also includes the amounts spent up to date for the schemes in progress.

Death due to starvation

***272.** (Admitted question No. *300.)

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: ত্রাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পুরুলিয়া, বাঁকুড়া, মুর্শিদাবাদ, নদীয়া প্রভৃতি জেলায় ১৯৬৭ সালের মার্চ মাস হইতে ১৯৬৭ সালের ১৫ই জুন পর্যন্ত কতজন অনাহারে মারা গিয়াছেন?

The Minister for Relief:

পুরুলিয়া, বাঁকুড়া, মুর্শিদাবাদ, নদিয়া প্রভৃতি জেলায় ১৯৬৭ সালের মার্চ মাস হইতে ১৯৬৭ সালের ১৫ই জুন পর্যন্ত অনাহারজনিত মৃত্যুর কোন সংবাদ সংশ্লিষ্ট জেলাশাসকগণের নিকট হইতে পাওয়া যায় নাই।

Incidence of looting and arson in Murshidabad district

***273.** (Admitted question No. *359.) **Shri Abdus Sattar:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) the number of looting and arson cases within Murshidabad district in May and June, 1967;

(b) the names of the Places where those lootings and arsons took place; and

(c) the action taken by the Government in each case?

The Minister for Home Police:

(ক) আঠারটি।

(খ) ও (গ) একটি বিবরণী নিম্নে পেশ করা হইল।

(খ) ও (গ) প্রশ্নের উত্তরে উল্লিখিত বিবরণী।

(খ) প্রশ্নের উত্তর	(গ) প্রশ্নের উত্তর
বহরমপুর থানার অধীনঃ—	
(১) কাশিমবাজার	এ পর্যন্ত কাহাকেও গ্রেপ্তার করা হয় নাই। তদন্ত চলিতেছে।
(২) ভাকুরী	এ পর্যন্ত কাহাকেও গ্রেপ্তার করা হয় নাই। তদন্ত চলিতেছে।
(৩) খাগড়া	এ পর্যন্ত ৪৮ জনকে গ্রেপ্তার করা হইয়াছে। তদন্ত চলিতেছে।
(৪) বহরমপুর শহর	এ পর্যন্ত কাহাকেও গ্রেপ্তার করা হয় নাই। তদন্ত চলিতেছে।
শমসেরগঞ্জ থানার অধীনঃ—	
(১) বাসুদেবপুর	এ পর্যন্ত ২১ জনকে গ্রেপ্তার করা হইয়াছে। তদন্ত চলিতেছে।

(খ) প্রশ্নের উত্তর	(গ) প্রশ্নের উত্তর
রঘুনাথগঞ্জ থানার অধীনঃ—	
(১) কুলতলা	এ পর্যন্ত ৪ জনকে গ্রেপ্তার করা হইয়াছে। তদন্ত চলিতেছে।
(২) মহম্মদপুর	এ পর্যন্ত ৭ জনকে গ্রেপ্তার করা হইয়াছে। তদন্ত চলিতেছে।
(৩) সাহেব বাজার	এ পর্যন্ত ৭ জনকে গ্রেপ্তার করা হইয়াছে। তদন্ত চলিতেছে।
(৪) দফারপুর	এ পর্যন্ত কাহাকেও গ্রেপ্তার করা হয় নাই। তদন্ত চলিতেছে।
ফরাক্কা থানার অধীনঃ—	
(১) অর্জ্জুনপুর	এ পর্যন্ত ৬ জনকে গ্রেপ্তার করা হইয়াছে। তদন্ত চলিতেছে।
(২) হোসেনপুর	এ পর্যন্ত ৬ জনকে গ্রেপ্তার করা হইয়াছে। তদন্ত চলিতেছে।
সুতী থানার অধীনঃ—	
(১) সজনী পাড়া	এ পর্যন্ত ৫ জনকে গ্রেপ্তার করা হইয়াছে। তদন্ত চলিতেছে।
ভরতপুর থানার অধীনঃ—	
(১) সালার	এ পর্যন্ত কাহাকেও গ্রেপ্তার করা হয় নাই। তদন্ত চলিতেছে।
বেলডাঙ্গা থানার অধীনঃ—	
(১) বেলডাঙ্গা	৩টি কেসে এ পর্যন্ত ১১ জনকে গ্রেপ্তার করা হইয়াছে। তদন্ত চলিতেছে।
(২) হাতিয়ানী	এ পর্যন্ত কাহাকেও গ্রেপ্তার করা হয় নাই। তদন্ত চলিতেছে।
জলংগী থানাব অধীনঃ—	
(১) সাহেব নগর	এ পর্যন্ত ৩ জনকে গ্রেপ্তার করা হইয়াছে। তদন্ত চলিতেছে।

Price of rice in Bhagowanpur P.S.

***274.** (Admitted question No. *435.)

শ্রীমতী আভা মাইতিঃ খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৭ সালের জুন মাসের প্রথম সপ্তাহে মেদিনীপুর জেলার ভগবানপুর থানার ইটাবেড়িয়া বাজার, কলাবেড়িয়া বাজার ও গুড়গ্রাম বাজারে খোলা বাজারে ধান্য ও চাউল কি দামে বিক্রীত হইয়াছে ; এবং

(খ) ১৯৬৬ সালের জুন মাসের প্রথম সপ্তাহে ঐ সকল বাজারে ধান্য ও চাউল কি দামে বিক্রীত হইয়াছে?

The Minister for Food:

(ক) ধান ও চালের দাম সম্পর্কে পরিসংখ্যান থানাওয়ারী সংগ্রহ করা হয়।

১৯৬৭ সালের ৭ই জুন তারিখে ভগবানপুর থানার খোলাবাজারে চালের খুচরা দাম ছিল ১ টাকা ১৫ পয়সা প্রতি কিলোগ্রাম। ঐ তারিখে উক্ত থানায় ধানের সর্বনিম্ন পাইকারী দাম ছিল ৭০ টাকা প্রতি কুইন্টাল। ধান সাধারণত পাইকারী হিসাবেই বিক্রয় হয়।

(খ) গত বৎসর অর্থাৎ ১৯৬৬ সালের ৮ই জুন তারিখে ভগবানপুর থানায় চাউলের সর্ব-নিম্ন খুচরা মূল্য প্রতি কিলোগ্রাম ৯৬ পয়সা ও সর্বোচ্চ দর প্রতি কিলোগ্রাম ১ টাকা ২ পয়সা ছিল। গত বৎসরের অক্টোবর মাস পর্যন্ত ধান ও চালের পাইকারী বাজার আইনত বন্ধ করিয়া দেওয়া হইয়াছিল। অতএব ধানের পাইকারী দাম বলা সম্ভবপর নয়। ধান সাধারণত খুচরা বিক্রয় হয় না।

Arrests made under P.D. Act

***275.** (Admitted question No. *460.)

শ্রীঅজয় মালাকার: স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পি ডি এ্যাক্টের বলে বর্তমান সরকার গত ২রা মার্চ, ১৯৬৭ হইতে ২৮এ জুন, ১৯৬৭ তারিখ পর্যন্ত কোন্ জেলায় কতজন ব্যক্তিকে গ্রেপ্তার করেছেন; এবং

(খ) ঐ আইনের বলে যাহাদের গ্রেপ্তার করা হয়েছে তাহাদের মধ্যে সমাজবিরোধী, চাউল-কলের মালিক, মজুতদার ও জোতদার কোন্ জেলায় কতজন?

The Minister for Home (Police):

(ক) ও (খ) এ সম্পর্কে একটি জেলাভিত্তিক বিবরণী সংযোগ করা হইল।

গত ২-৩-৬৭ হইতে ২৮-৬-৬৭ তারিখ পর্যন্ত সময়ের মধ্যে
নিবারক নিরোধ আইনে আটকের জেলাভিত্তিক বিশদ বিবরণী।

জেলার নাম	সমাজবিরোধী	মিলমালিক	মজুতদার	জোতদার	মোট
বাঁকুড়া	..	..	৩	..	৩ জন
বীরভূম	..	..	..	২	২ ,,
বর্ধমান	..	..	৩	৫	৮ ,,
হুগলী	১	..	৯	..	১০ ,,
মেদিনীপুর	..	২	১	৭	১০ ,,
পুরুলিয়া	..	..	৪	৩	৭ ,,
২৪ পরগণা	২	..	৪	৩	৯ ,,
মুর্শিদাবাদ	..	..	১০	..	১০ ,,
নদীয়া	৭	..	..	..	৭ ,,
হাওড়া	..	..	..	২	২ ,,
মালদহ	..	..	১	৪	৫ ,,
জলপাইগুড়ি	..	..	১	১	২ ,,
শিয়ালদহ জি. আর. পি.	২	..	..	..	২ ,,
	১২ জন	২ জন	৩৬ জন	২৭ জন	৭৭ জন

Pumping sets for Purulia district

***276.** (Admitted question No. *485.)

শ্রীসমরেন্দ্রনাথ ওঝা: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৬-৬৭ সালে পুরুলিয়া জেলায় চাষীদিগকে সহজ কিস্তিতে ও অর্ধমূল্যে কতগুলি পাম্পিং সেট বিতরণ করা হইয়াছিল;

(খ) চলতি বৎসরে ঐভাবে কতগুলি পাম্পিং সেট বিতরণের ব্যবস্থা করা হইয়াছে;

(গ) ইহা কি সত্য যে, সরকার উপরি-উক্ত চলতি ব্যবস্থা বন্ধ করিয়া দিবার কথা চিন্তা করিতেছেন; এবং

(ঘ) উহা সত্য হইলে, তাহার কারণ কি?

The Minister for Agriculture and Community Development:

(ক) ২০০টি।

(খ) এ পর্যন্ত যত টাকা পুরুলিয়া জেলায় বরাদ্দ করা হইয়াছে তাহাতে প্রায় ৬০ টি পাম্প সেট বিতরণ করা যাইতে পারে।

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

Dacoity cases in Bishnupur P.S., 24-Parganas

***277.** (Admitted question No. *492.) **Shri Joynarayan Sharma:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state how many dacoities have been committed in Bishnupur P.S. of 24-Parganas district during the months of March, April and May, 1967?

The Minister for Home (Police):

২৪-পরগনা জেলার বিষ্ণুপুর থানায় ১৯৬৭ সনের মার্চ ও এপ্রিল মাসে কোন ডাকাতি হওয়ার খবর পাওয়া যায় নাই। গত মে মাসে ঐ থানায় দুইটি ডাকাতি হওয়ার খবর পাওয়া গিয়াছে।

Price of rice at Raiganj, West Dinajpur

***278.** (Admitted question No. *503.) **Shri Syama Prasad Barman:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) the rate of price of rice prevailing during the month of June, 1967, at Raiganj in the district of West Dinajpur;

(b) the steps taken by the Food Department to bring down the soaring price of rice;

(c) whether he has recently received any representation and telegram from the local M.L.A. and the local people in this respect; and

(d) if so, whether any action was taken on the representation?

The Minister for Food: (a) Prices of rice as on 7th June, 1967 and 14th June, 1967, are shown in the enclosed statement. The controlled retail price of rice for West Dinajpur district has been fixed at Rs. 1.20 per kilogram with effect from 21st June 1967.

(b) The following steps have been taken—

(i) Modified Rationing, Gratuitous Relief and Test Relief operations are going on and are being extended.

(ii) Dehoarding operations have been taken up.

(iii) Maximum retail prices of rice and paddy have been fixed.

(c) One telegram was received from Shri Sayama Prosad Barman, M.L.A., on 15th May, 1967, in this respect. No other representation from the local people appears to have been received.

(d) Distribution of wheat or wheat products was stepped up in June, 1967 under Modified Rationing, Gratuitous Relief and Test Relief and from the week ending 24th June, 1967, rice also is being distributed in Modifide Rationing in the Raiganj Subdivision.

Paddy seeds and pumping machines for Gosaba P.S.

***279.** (Admitted question No. *547.)

শ্রীগিরীন্দ্রনাথ মণ্ডল: কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগণা গোসাবা থানার দরিদ্র কৃষকদের মধ্যে ন্যায্য মূল্যে বীজ ধান দিবার কোন ব্যবস্থা হইয়াছে কি না ;

(খ) গোসাবার যে ৩টি অঞ্চল খরাপীড়িত বলিয়া সরকারীভাবে স্বীকৃত হইয়াছে সেখানে বিনামূল্যে বীজধান দিবার ব্যবস্থা হইয়াছে কি না;

(গ) ব্যবস্থা হইয়া থাকিলে, কোন্ অঞ্চলে কি পরিমাণ বীজধান বরাদ্দ হইয়াছে ;

(ঘ) ঐ এলাকায় জলসেচের জন্য কোন পাম্পিং মেসিন অর্ধমূল্যে দিবার ব্যবস্থা হইয়াছে কি না ; এবং

(ঙ) ঐ এলাকার ১৩টি অঞ্চলের কোন্ কোন্ অঞ্চলে কয়টি পাম্পিং মেসিন দেওয়া হইয়াছে ?

The Minister for Agriculture:

(ক) হ্যাঁ, কৃষকদের মধ্যে বিক্রয়ের নিমিত্ত ২৪,৩০৭ কিলোগ্রাম আমণ বীজধান গোসাবা থানার অন্তর্গত সন্দেশখালী ব্লক নং ১ ও ২ এবং গোসাবা ব্লকের উন্নয়ন আধিকারিকদিগকে পাঠানো হইয়াছে।

(খ) গোসাবার যে যে মৌজা খরাপীড়িত বলিয়া ঘোষণা করা হইয়াছে সেগুলির তালিকা অত্র সহ অত্র উপস্থাপিত করা হইল। এই সকল মৌজায় বিনামূল্যে বীজধান বিতরণের কোনরূপ প্রস্তাব এখনও পাওয়া যায় না।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) চব্বিশপরগনা জেলায় জলসেচের জন্য অর্ধমূল্যে [১-৭-৬৭ হইতে শতকরা ৩০ ভাগ সহায়ক (সাবসিডি) দিয়া] পাম্পিং মেশিন দিবার ব্যবস্থা আছে।

(ঙ) গোসাবা থানার নিম্নলিখিত স্থানে মোট ১৪টি মেশিন দেওয়া হইয়াছে—

(১) কামাখ্যাপুর—১টি
(২) বিপ্রদাসপুর—৩টি
(৩) পাথরখালি—১টি
(৪) গোসাবা—১টি
(৫) কচুখালি—৪টি
(৬) আরামপুর—২টি
(৭) কালিদাসপুর ১টি
(৮) পালপুর—১টি

Gosaba P. S.

Name of Mouzas affected by drought

(1) Chandipur.
(2) Amlamethi.
(3) Mathurakhanda.
(4) Bijoynagore.
(5) Berajnagar.
(6) Bally.
(7) Gosaba.
(8) Arampur.
(9) Dulki.
(10) Souagaon.
(11) Baramollakhali.
(12) Radhanagar (Purba).
(13) Radhanagar (Paschim).
(14) Radhanagar (Dakshin).

Price of rice in Burdwan district

***280.** (Admitted question No. *615.)

শ্রীসুবোধ চৌধুরীঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলায় থানাগতভাবে কোন্ থানায় বর্তমানে চালের দাম কত;

(খ) বর্ধমান জেলায় কোথায় কোথায় আংশিক রেশন দোকান আছে; এবং

(গ) সেই সব দোকান হইতে কি কি রেশন দেওয়া হয়?

The Minister for Food:

(ক) বর্ধমান জেলার সর্বত্রই আসানসোল মহকুমার বিধিবদ্ধ রেশনিং এলাকা ব্যতিরেকে চাউলের খুচরা দর ২১-৬-৬৭ হইতে প্রতি কেজি এক টাকা ২০ পয়সায় বাঁধিয়া দেওয়া হইয়াছে।

(খ) আসানসোল মহকুমায় বিধিবদ্ধ রেশন এলাকা ছাড়া বর্ধমান জেলার সর্বত্রই আংশিক রেশন দোকান আছে। উহাদের সংখ্যা ১,৩৮৮। তন্মধ্যে ৬৩৯টি বর্ধমান সদর মহকুমায়, ৩৩২টি আসানসোল মহকুমায়, ১৯২টি কালনা মহকুমায় এবং ২২৫টি কাটোয়া মহকুমায়।

(গ) এইসব দোকান হইতে সাধারণত গম, গমজাত দ্রব্য ও চাউল দেওয়া হয়।

Appointment of the Governor of West Bengal

***281.** (Admitted question No. *186.)

শ্রীনারায়ণচন্দ্র চৌধুরীঃ স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, রাজ্যপাল নিয়োগের ব্যাপারে মুখ্যমন্ত্রীর কোন পরামর্শ নেওয়া হইয়াছিল কিনা?

The Minister for Home Political:
হ্যাঁ।

Gana Committees

***282.** (Admitted question No. *399.) **Shri Abdus Sattar:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether the Cabinet has taken any decision regarding the formation of "Gana Committees" in the villages; and

(b) if so, what are the functions of the Gana Committees?

The Minister for Home (Police): (a) No.

(b) Does not arise.

Paddy seeds

***283.** (Admitted question No. *468.)

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সম্প্রতি কৃষি বিভাগ হইতে বর্ধমান, বীরভূম প্রভৃতি পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা হইতে কত মণ বীজ ধান্য ক্রয় করা হইয়াছে; এবং

(খ) যে বীজধান্য ক্রয় করা হইয়াছে উহা কত টাকা মণ দরে ক্রয় করা হইয়াছে?

The Minister for Agriculture and Community Development:

(ক) সম্প্রতি বর্ধমান জেলা হইতে ৭৭০ টন (প্রায় ২০,৮০০ মণ) এবং বীরভূম জেলা হইতে ৫০৪ টন (প্রায় ১৩,৬০০ মণ) বীজধান্য ক্রয় করা হইয়াছে।

(খ) উক্ত বীজধান্য বীরভূম জেলা হইতে কুইন্টাল প্রতি ৮০ টাকা হইতে ১০৫ টাকা দরে (অর্থাৎ মণ প্রতি প্রায় ২৯ টাকা হইতে ৩৯ টাকা দরে) এবং বর্ধমান জেলা হইতে কুইন্টাল প্রতি ৯০ টাকা হইতে ১৩০ টাকা দরে (অর্থাৎ মণ প্রতি ৩৩ টাকা হইতে ৪৮ টাকা দরে) ক্রয় করা হইয়াছে।

Statutory Rationing in Kulti town

***284.** (Admitted question No. *493.)

শ্রীজয়নারায়ণ শর্মা: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কুলটি শহরের কত লোক বিধিবদ্ধ রেশন এবং কত লোক আংশিক রেশনের আওতায় আছেন; এবং

(খ) এই দুই রেশন অঞ্চলের সীমানা নির্ধারণ কোন্ ভিত্তিতে করা হয়েছে?

The Minister for Food:

(ক) সমগ্র কুলটি মৌজা (জে এল নং ১৬) আসানসোল সাব-কন্ট্রোলের অধীনস্থ বিধিবদ্ধ রেশনিং-এর আওতায় আনা হইয়াছে। অতএব কুলটি শহরে আংশিক রেশনের প্রশ্ন ওঠে না। **উক্ত শহরের বিধিবদ্ধ রেশনিং-এর আওতায় জুন মাসে ৬৯,১০৮ জন লোক ছিলেন।**

(খ) প্রশ্ন উঠে না।

Chief Minister's Drought Relief Fund

***285.** (Admitted question No. *548.)

শ্রীগিরীন্দ্রনাথ মণ্ডল: মুখ্যমন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া, বাঁকুড়া এবং মালদহে খরা ত্রাণের জন্য কত টাকা মুখ্যমন্ত্রীর খরাত্রাণ তহবিলে এ পর্যন্ত পাওয়া গিয়াছে;

(খ) ঐ তহবিলের কত টাকা এ পর্যন্ত কাহার মাধ্যমে খরচা হইয়াছে; এবং

(গ) টাকা ছাড়া অন্যান্য কি কি জিনিস কি পরিমাণ ঐ তহবিলে পাওয়া গিয়াছে?

The Chief Minister:

(ক) মুখ্যমন্ত্রীর খরাত্রাণ তহবিলে ১৩-৭-৬৭ তারিখ পর্যন্ত পশ্চিমবঙ্গে খরাত্রাণ কার্যের **জন্য মোট ৮,৯৩,০১৩·৭৮ পয়সা (আট লক্ষ তিরানব্বই হাজার তের ও আটাত্তর পয়সা) পাওয়া** গিয়াছে।

(খ) এই তহবিল হইতে ১৩-৭-৬৭ তারিখ পর্যন্ত পশ্চিমবঙ্গে খরাত্রাণ কার্যের জন্য যাহাদের টাকা দেওয়া হইয়াছে তাহাদের একটি তালিকা নিম্নে সংযুক্ত হইল।

List showing payments from Chief Minister's Drought Relief Fund

		Rs. P.
1	Bharat Sevak Samaj (Paid by Shri Prafulla Ch. Sen, Ex-Chief Minister)	2,00,000·00
2	United Front Relief Committee	5,000·00
3	Bharat Sevasram Sangha	20,000·00
4	Ramkrishna Mission	20,000·00
5	Bengal Youth Front	6,937·96
6	National Federation of Indian Women, West Bengal Committee	6,000·00
7	Jatiya Mahila Sanghati	5,000·00
8	Bankura District United Front Relief Committee	5,000·00
9	Paschim Banga Agragami Mahila Samity	4,000·00
10	Relief Committee, All India Democratic Students' Organisation, Raghunathpur, Purulia.	1,000·00
11	Madanmohanpur Tran Samity, Bankura	2,000·00
12	Kotulpur Thana Tran Samity, Bankura	2,000·00
13	Arambagh Relief Committee	5,000·00
14	Shri K. K. Guha, Chief Whip	4,000·00
	Total	2,85,937·96

A consolidated statement of articles so far donated to the Chief Minister's Drought Relief Fund in Calcutta and different districts

Calcutta

1	Rice	20,00,200 Qtls.
2	Wheat	40,54,750 Qtls.
3	Atta	1,16,250 Qtls.
4	Rice and Dal (Mixed)	18 kg.

Calcutta—*Contd.)*—

5	Wheat and Rice (Mixed)	24,500 Kg.
6	Dal	8·500 Kg.
7	Sugar	1 Kg.
8	Biscuits	1 C/S (28 Kg.) and 1 Pkt.
9	Chira	1·600Kg.
10	Medicines	2 Wooden Box, 7 Pkts, 47 Phials, 6000 Multi-vitamin Tablets.
11	Tea	18 C/S × 36 Kg. each.
12	Barley	1,41,194 Grams (555 Tins).
13	Glaxo	2 Oz. (in one Tin).
14	Horlicks	500 Grms (1 Bottle).
15	Time Piece (Used) . .	1 Piece.
16	Tube Well . .	2 pieces—Top with handle 3 pieces—Pipes 2 pieces—Coir Filter.
17	Woollen Blankets . ..	3 Pieces.
18	New Cloth	491 Pieces.
19	Old and Used Clothings .	62 Pieces Plus 668 Bundles

District.

Burdwan	170 Kg. Rice.
Hooghly	18 Kg. 200 grs. of rice 56 pieces of colthings and garments. (Old)
West Dinajpur	27 Ql. 62 Kg. 800 grs. of rice. 54·24 Kgs. of paddy. 141·74 Kgs. of Mas Kalai.
Midnapore	1 Md. of rice.
Other Districts except Howrah, 24-Parganas and Murshidabad.	Nil.

Sd/—P. C. Mukherjee,
Department of Relief and Social
Welfare, West Bengal.

[Howrah, 24-Parganas and Murshidabad=Report not received].

Energisation of deep tubewells in Burdwan district

***286.** (Admitted question No. *620.)

শ্রীসুবোধ চৌধুরী: কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বর্ধমান জেলার যেসব গভীর নলকূপগুলি (সেচের জন্য) বিদ্যুৎ অভাবে অকেজো হইয়া পড়িয়াছে তাহাতে কতদিনের মধ্যে বিদ্যুৎ শক্তি সরবরাহ করা হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Agriculture:

বর্তমান জুলাই মাসের মধ্যে উক্ত জেলার ১৫২টি নলকূপ বিদ্যুৎ সংযোজনার একটি কার্যক্রম পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষৎ গ্রহণ করিয়াছেন। তন্মধ্যে ৩১টি নলকূপ বিদ্যুৎ শক্তি যুক্ত হইয়া ইতিমধ্যেই চালু হইয়া গিয়াছে। আশা করা যায় যে, অবশিষ্ট নলকূপগুলিতে শীঘ্রই বিদ্যুৎশক্তি সংযোজিত হইবে।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Eviction of Bargadars

164. (Admitted question No. 410.)

শ্রীঅজয় মালাকার: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২রা মার্চ, ১৯৬৭ হইতে ২৫এ জুন, ১৯৬৭ তারিখ পর্যন্ত কতজন ভাগচাষীকে জোরপূর্বক উচ্ছেদ করা হইয়াছে বলিয়া সরকার অবগত আছেন;

(খ) ২রা মার্চ, ১৯৬৭ হইতে ২৫এ জুন, ১৯৬৭ তারিখ পর্যন্ত কতজন ভাগচাষীর বিরুদ্ধে উচ্ছেদের মামলা ভাগচাষ বোর্ডে রুজু হইয়াছে; এবং

(গ) যেসকল ভাগচাষীকে জোরপূর্বক উচ্ছেদ করা হইয়াছে ঐ সকল ভাগচাষীর অধিকার রক্ষার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

The Minister for Land and Land Revenue:

(ক) ৩১৯ জনকে জোরপূর্বক উচ্ছেদ করা হইয়াছে বলিয়া সরকারীভাবে অভিযোগ আসিয়াছে।

(খ) ১,৫৫২ জন।

(গ) স্থানীয় আধিকারিকগণ ১৯৫৫ সালের পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইনের ১৯(ক) ধারানুযায়ী বলপূর্বক উচ্ছেদকারী মালিকদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিতেছেন এবং উক্ত আইনের ১৯(খ) ধারানুযায়ী ভাগচাষীদের জমির অধিকার ফিরাইয়া দিবার জন্য যথাসত্বর ব্যবস্থা গ্রহণ করিতেছেন।

Procurement of Paddy in Khejuri police-station

165. (Admitted question No. 520.)

শ্রীবিমল পাইক: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৬ সালে খেজুরী থানায় কত ধান্য সংগৃহীত হইয়াছিল; এবং

(খ) ১৯৬৭ সালে ১৫ই জুন পর্যন্ত ঐ থানায় ধান্য আদায়ের পরিমাণ কত?

The Minister for Food and Supplies:

(ক) ১১,৫৫৪ কুইন্ট্যাল।

(খ) ৩৩২ মেট্রিক টন।

Chira Mills in Burdwan district

166. (Admitted question No. 628.)

শ্রীসুবোধ চৌধুরী: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলায় কতগুলি চিড়া কল আছে; এবং

(খ) তাহারা চিড়ার জন্য কোথা হইতে ধান্য সংগ্রহ করে এবং তাহাদের ধান্য ক্রয় মূল্য নির্ধারিত আছে কি?

The Minister for Food and Supplies:

(ক) বর্ধমান জেলায় ৯৬টি লাইসেন্সপ্রাপ্ত চিড়া কল আছে।

(খ) চিড়া কলগুলি খোলাবাজার হইতে ধান্য সংগ্রহ করে। আসানসোল মহকুমা বাদে বর্ধমান জেলার অন্যত্র ধানের সর্বোচ্চ ক্রয়মূল্য ৭০ পয়সা প্রতি কেজি এবং আসানসোল মহকুমায় ৭৫ পয়সা প্রতি কেজি নির্ধারিত হইয়াছে।

Collection of revenue on account of sale of timber, etc. and expenditure incurred therein in Bankura district

167. (Admitted question No. 654.)

ডাঃ বিনোদবিহারী মাঝি: বনবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় বনবিভাগ হইতে গত তিন বৎসরে প্রতি বৎসর কত টাকা করিয়া রাজস্ব আদায় হইয়াছে এবং তার মধ্যে জঙ্গলের কাষ্ঠ বিক্রয় হইতে কত টাকা এবং জরিমানা আদায় হইতে কত টাকা; এবং

(খ) বাঁকুড়া জেলার জন্য বনবিভাগ বিভিন্ন খাতে উক্ত তিন বৎসরে প্রতি বৎসর কত টাকা ব্যয় হইয়াছে?

The Minister for Forests:

(ক) প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে বর্ণিত হইল:—

গত তিন আর্থিক বৎসরে রাজস্ব আদায়:

	টাকা
১৯৬৪-৬৫	২৩,৯৪,৫৬৫
১৯৬৫-৬৬	২০,৬৫,৭০২
১৯৬৬-৬৭	১৯,৪২,৭৫৭

আর্থিক বৎসর	জঙ্গলের কাঠ বিক্রয় হইতে রাজস্ব আদায়	জরিমানা বাবদ রাজস্ব আদায়	অন্যান্য বিক্রয় বাবদ (যথা গাছের পাতা, পাথর ইত্যাদি) আদায়	মোট রাজস্ব আদায়
	টাকা	টাকা	টাকা	টাকা,
১৯৬৪-৬৫	২২,৫৯,৬২৫	১২,৮০৩	১,২২,০৬৭	২৩,৯৪,৫৬৫
১৯৬৫-৬৬	১৮,৯৮,৫৫৩	২,৭৬০	১,৬৪,৩৮৯	২০,৬৫,৭০২
১৯৬৬-৬৭	১৬,৭৯,৬৭৮	২৪,১৮৯	২,৩৮,৮৯০	১৯,৪২,৭৫৭

(খ) উপরি-উক্ত তিন বৎসরে বিভিন্ন খাতে ব্যয়ের হিসাবঃ-

সাধারণ খাতে	১৯৬৪-৬৫	১৯৬৫-৬৬	১৯৬৬-৬৭
	টাকা	টাকা	টাকা
বন সংরক্ষণ খাতে	১,২০,৪৯৭	১,২১,০০৮	১,৪৫,৮০৭
বেতন, ভাতা ও অফিস চলানার খরচ খাতে ..	৬,২৮,৬৪৯	৭,৮৫,০৬৭	৭,১৪,৬৫৬
উন্নয়ন পরিকল্পনা			
প্রথম পরিকল্পনা	৫,৫০০	৪,৫০০	..
দ্বিতীয় পরিকল্পনা	৩৫,২০১	৩৪,৮৩৪	..
তৃতীয় পরিকল্পনা	১০,৮৭,৩৩৭	৮,৯৪,৫৬৬	৬৯,৮৪৪
চতুর্থ পরিকল্পনা	..	..	৮,৪৫,৯৮৭
মোট ব্যয় ..	১৮,৭৭,১৮৪	১৮,৩৯,৯৭৫	১৭,৭৬,২৯৪

Non-introduction of Panchayats in the industrial areas of Asansol subdivision

168. (Admitted question No. 715.)

শ্রীহারাধন রায়ঃ পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য আসানসোল মহকুমার শিল্পাঞ্চলে সমস্ত ব্লকগুলিতে পঞ্চায়েত প্রথা চালু হয় নাই; এবং

(খ) সত্য হইলে তাহার কারণ কি?

The Minister for Panchayats:

(ক) হ্যাঁ। বর্ধমান জিলার আসানসোল মহকুমার কয়লাখনি ও শিল্পাঞ্চলের ব্লকগুলিতে পঞ্চায়েত প্রথা চালু হয় নাই।

(খ) ইহার কারণ, প্রথমতঃ আসানসোল শিল্পাঞ্চলে ক্ষুদ্র বৃহৎ অনেক শিল্প প্রতিষ্ঠান গড়িয়া উঠিয়াছে এবং এতদঞ্চলের পানীয় জল, বিদ্যুৎ সরবরাহ, স্বাস্থ্য শিক্ষা ও চিকিৎসা ব্যবস্থা প্রভৃতি সব কিছুই শিল্প কর্তৃপক্ষগণ স্বীয় অর্থ ও উদ্যোগে করিয়া থাকেন। দ্বিতীয়তঃ এই অঞ্চলে বহু কয়লাখনি আছে। কয়লাখনির শ্রমিকদের স্বার্থেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষগণ অনুরূপ ব্যবস্থা করিয়া থাকেন। কয়লাখনির শ্রমিকগণ বিচরণশীল বলিয়া দীর্ঘদিন এক স্থানে অবস্থান করেন না। সেইহেতুও এতদঞ্চলে পঞ্চায়েত প্রতিষ্ঠায় অসুবিধা রহিয়াছে। তৃতীয়তঃ কয়লাখনি বাদ দিয়া অবশিষ্ট এলাকাগুলিতেও পঞ্চায়েত গঠন সম্ভব হয় নাই। কারণ খনি অঞ্চল ও গ্রামাঞ্চলগুলি অবিমিশ্র। পঞ্চায়েত বিধান ঐ অঞ্চলে ইউনিয়ন বোর্ডই রাখা হইয়াছে। সেখানকার জনসাধারণের স্বার্থে পঞ্চায়েত আকারে ইউনিয়ন বোর্ড রাখা হইয়াছে।

Flood in North Bengal

169. (Admitted question No. 929.)

শ্রীশামসুদ্দিন আহম্মদঃ ত্রাণবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৭ সালের জুলাই মাসের এ পর্যন্ত উত্তরবঙ্গের কোন্ কোন্ এলাকা বন্যা-প্লাবিত হইয়াছে;

(খ) বন্যাপ্লাবিত অঞ্চলের ক্ষতির পরিমাণ কত; এবং

(গ) বন্যা প্রপীড়িতদের দুঃখ মোচনের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

The Minister for Relief:

(ক) জলপাইগুড়ি জেলায় জলঢাকা নদীর উত্তর তীর বরাবর পূর্বে ফলাকাটা হইতে পশ্চিমে ধুপগুড়ি পর্যন্ত প্রায় ৫০০ শত বর্গমাইল এলাকা এবং কুচবিহার জেলায় তুফানগঞ্জ থানায় মাহিষকুচি এলাকায় ১৫০ বর্গমাইল সহ প্রায় ২০৩ বর্গমাইল এলাকা।

(খ)

		জলপাইগুড়ি জেলা	কুচবিহার জেলা
১।	আক্রান্ত গ্রামের সংখ্যা	৮৬	৪৫
২।	বন্যাপীড়িত লোক সংখ্যা	৪০,০০০ (আনুমানিক)	৭৯,৩৬০
৩।	ক্ষতিগ্রস্ত গৃহের সংখ্যা	৫৩০	৯৩
৪।	মৃত গবাদি পশুর সংখ্যা	৩৪	..
৫।	নিহত মানুষের সংখ্যা	২	১
৬।	শস্য ক্ষতির পরিমাণ	৩,৫৭০ একর জমির আমন চাষ ও ২,৬০০ একর জমির আউস চাষ।	১২,০০০ একর জমির আমন, আউস ও পাট চাষ।

(গ) বন্যার সঙ্গে সঙ্গে বিপন্ন ব্যক্তিদিগকে উদ্ধার করিয়া নিরাপদ স্থানে স্থানান্তর ও প্রয়োজন ক্ষেত্রে সাময়িক আশ্রয়দানের ব্যবস্থা করা হয়। দুঃস্থ ব্যক্তিদিগকে প্রয়োজনমত নগদ অর্থে ও খাদ্যশস্যে খয়রাতি সাহায্য দেওয়া হয়। বন্যাক্রান্ত এলাকায় জনস্বাস্থ্য রক্ষার জন্য ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে। উপযুক্ত ক্ষেত্রে গৃহনির্মাণ অনুদান ও কৃষিঋণ বিতরণের ব্যবস্থা করা হইতেছে।

Crimes in Jamalpur and Memari P.Ss.

170. (Admitted question No. 214.) **Shri Puranjoy Pramanik:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) the number of cases, if any, of murder, arson, looting, dacoity and theft under Jamalpur and Memari police-stations in the district of Burdwan during the years 1965, 1966 and 1967 (up to May, 1967);

(b) the number of miscreants so far arrested in connection with the cirmes mentioned at (a) above;

(c) the number of the said miscreants who have been punished and the nature of punishments; and

(d) the steps taken by Government for prevention of crime in those areas?

The Minister for Home (Police):

(a), (b) and (c) তথ্য সম্বলিত একটি তালিকা লাইব্রেরী টেবিলে দেওয়া হইল।

(d) মাঝে মাঝে বিশেষতঃ কৃষ্ণপক্ষের রাত্রে স্থানীয় প্রতিরোধ দলগুলিকে (রেজিস্ট্যান্স গ্রুপ) সংগঠিত করা হয় এবং অপরাধ অধ্যুষিত এলাকায় নৈশ টহলের জন্য পাঠানো হয়।

ইহা ছাড়া ১৯৬৭ সালের মে মাস পর্যন্ত মেমারী ও জামালপুর থানায় ৬টি ও ২টি কেসে যথাক্রমে ১৩ জন ও ৩ জন ব্যক্তিকে ক্রিমিন্যাল প্রসিডিউর কোড-এর ১০৯ ধারায় অভিযুক্ত করা হইয়াছে।

Names of Government employees discharged and reappointed

171. (Admitted question No. 368.)

শ্রীমনোরঞ্জন হাজরা: (ক) অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি দেশ স্বাধীন হবার পর রাজনৈতিক কারণে ও পুলিশের বিরূপ রিপোর্টের ফলে কত সরকারী কর্মচারী চাকুরী হারিয়েছিলেন তার বিভাগগত কোন পরিসংখ্যান আছে কি?

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হাঁ হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ঐ বিভাগগত পরিসংখ্যান কি, এবং বর্তমান সরকার তাঁহাদের কতজনকে নিজ নিজ বিভাগে পুনর্বহাল করেছেন?

The Minister for Finance:

(ক) এবং (খ) ১৮ই জুলাই, ১৯৬৭ তারিখ পর্যন্ত প্রাপ্ত তথ্য অনুসারে একটি বিবরণী প্রস্তুত করিয়া বিধানসভার লাইব্রেরী টেবিলে রাখা হইল।

Calling attention to matters of urgent public importance

Shri Ajoy Kumar Mukhopadhyay: In reply to the calling attention notice given by Shri Sadhan Kumar Chakravorty, M.L.A., regarding loss of unlawful stored foodgrains in the house of Kartic Dutta, chief warden of Khardah Civil Defence, as a result of withdrawal of police force posted by Addl. S.P., 24-Parganas for watching that house, I would like to make the following statement.

On 12th June 1967 evening an information was received at Khardah P.S. to the effect that hoarded foodgrains would be found on search in the houses of Kartic Dutta and of Gour Modak, a ration shop keeper—all of Khardah Pooranbazar. On this information two constables were sent to co-operate with the members of the public who had gathered at the spot to exercise close vigil over the suspected houses. Further arrangements were made to get search warrants from the S.D.O., Barrackpore to hold a full-scale search on the next morning i.e. on 13th July, 1967. As officers and men of Khardah P.S. were heavily engaged at Sodepur from the evening of 12th July, 1967 in connection with Khardah P.S. case No. 43(7)67 in which a boy was stabbed to death over club rivalry, special reinforcement was sent by Barrackpore emergency force both to hold raid for the arrest of accused persons of case No. 43(7)67 and for guarding the houses of Kartick Dutta and of Gour Modak. A part of the special force was duly posted at the suspected houses to stand guard in co-operation with the members of the public to continue to muster strong at the spot. With the remaining

portion of the special force, the officer-in-charge, Khardah P.S. hold raid for the arrest of the accused persons of case No. 43(7) 67 during the early hours of 13th July 1967. He returned to the P.S. at 3 hours on 13th July 1967.

At that time he inadvertently returned the entire Special Force sent from Barrackpore emergency force. The result was that the contingent posted at the suspected house at Puran Bazar, Khardah was also withdrawn. Consequently there remained no police guard at the suspected houses for a period of time. Members of the public had however remained on watch continuously. Very soon two constables were again detailed to the place. They reached the place at 5-30 on 13th July, 1967. It was then alleged that during this temporary absence of police guard at the place Kartick Dutta had removed and destroyed some portion of the hoarded stock. Immediately senior officers rushed to the spot and extensive searches were taken up. About 5 quintals 5 kilograms of wheat were found from different places in the houses of Kartick Dutta and of his brother Rajani Dutta. It was reported that there was an attempt to disperse the stock as wheat was found under the latrine and also at the bed of a tank inside the premises of Kartick Dutta and Rajani Dutta. As members of the public had remained on guard even during the temporary absence of police for about two and a half hours in the early hours of 13th July, 1967 it is unlikely that any hoarded stock was removed during that period. The temporary withdrawal of the police from the spot was rather due to inadvertence than to active connivance with the suspected persons on the part of the local officer-in-charge who joined this police-station on transfer on 19th July 1967 only. In this connection rix cases have been started under section 7 of the Essential Commodities Act, 1955 and 7 persons were arrested.

Mr. Speaker: I have received 15 notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Serious breach of peace at Jhikra in P.S. Beldanga in the district of Murshidabad—from Shri Abdul Latif;

(2) Acute distress in P.S. Beldanga in Murshidabad—from Shri Abdul Latif;

(3) Despatch of coarse and partly unhusked rice from Orissa—from Shri Amalendra Lal Roy;

(4) Famine in different parts of West Bengal—from Shri Sudhir Chandra Bhandari;

(5) Pathetic death of one Sm. Shyama Ghosh on 11th July 1967 in the K. S. Roy T.B. Hospital, Jadavpur—from Shri Narayan Choubey;

(6) Recent devastation in Islampur, Sadlichak, Sultanpur Anchal of Harischandrapur P.S. in district Malda—from Shri Elias Razi;

(7) Relief for the people of flood-stricken areas of Malda District—from Shri Elias Razi;

(8) Acute scarcity of rice in the district of Nadia—from Shri Amritendu Mukherjee;

(9) Lay-off of workers of Farakka Barrage under INTUC—from Shri Shamsuddin Ahmad;

(10) Acute scarcity of food in P.S. Shantipur of Nadia District—from Shri Kanai Pal;

(11) Increase in price of rice and paddy in the district of 24-Parganas—from Shri Provash Chandra Roy;

(12) Supersession of student union of Tamraliipta Mahavidyalaya by the Principal—from Shri Ajoy Malakar;

(13) Unrest and public agitation at Siliguri and Darjeeling District as a result of Government decision regarding North Bengal Medical College—from Shri Arun Kumar Moitra;

(14) Strike of the workers of Durgapur Projects Ltd.—from Shri Puranjoy Pramanik; and

(15) Burning down of Gaighata Block Development Office on 21st July 1967—from Shri Chandipada Mitra.

I have selected the notice of Shri Narayan Choubey on the subject of pathetic death of one Sm. Shyama Ghosh on 11th July, 1967 in the K. S. Ray T.B. Hospital, Jadavpur. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today if possible, or give a date for the same.

Shri Jyoti Basu: On Friday.

[2-10—2-20 p.m.]

Shri Monoranjan Hazra:

স্যার, আপনার অনুমতি নিয়ে আপনাকে জানাচ্ছি যে, আজকে আমার কাছে সাত-আটশো লোক একটি দরখাস্ত পাঠিয়েছে, তাতে শ্রীরামপুরের এস. ডি. ও. তিনি আমাদের মুখ্যমন্ত্রীকে অপমান-সূচক কথা বলেছেন..................

(গোলমাল)

Mr. Speaker:

আপনি দয়া করে আর কথা না বাড়িয়ে আমার কাছে দরখাস্তটি দিয়ে যান।

Shri Jagannath Kolay:

মাননীয় স্পীকার মহাশয়, আপনার কাছে আমার একটা কথা বলবার আছে। আমার কথা হল, যে বুলেটিন পেয়েছি এবং তাতে যে প্রোগ্রাম অফ বিজনেস দেওয়া আছে ২৭ তারিখ থেকে আমি দেখছি যে, ফ্রাইডে ২৮-৭ তারিখে- ফ্রাইডে বরাবরই নন-অফিসিয়াল ডে হিসাবে থাকে, অন্তত আমি করতাম কিন্তু যতদিন বাজেট হয়েছে ততদিন নন-অফিসিয়াল ডে নিই নি, বাজেট হয়ে যাবার পর কথা হয়েছিল নেওয়া হবে, ফুল ডে দেওয়া হবে—সেইজন্য আমি আপনাকে রিকোয়েস্ট করবো যে, নন-অফিসিয়াল ডে রাখা হোক এবং আজকেই একটা বিজনেস অ্যাডভাইসরী কমিটির মিটিং ডাকা হোক। যে নন-অফিসিয়াল ডে-গুলো আমরা লোকসান করেছি ঐ বৈঠকে স্থির করা হোক সেগুলো কবে কবে দেওয়া হবে।

Mr. Speaker:

আপনারা উভয়পক্ষ আজকে বসুন, বসে যা করবার দরকার হয় আমাকে বলুন।

Today is the last day for the Voting of Demands for grants. There are as many as 25 Heads of Demands under which no fewer than 66 cut motions are still there for disposal. In conformity with the previous practice and in pursuance of sub-rule (3) of rule 209 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I fix that the House will sit today up to 6 p.m. and I also fix that the guillotine will fall at 5 p.m. Immediately after 5 p.m. I shall put all outstanding questions to vote without any debate. I hope the members on both sides will try to be brief in their speeches.

Shri Jagannath Kolay:

স্পীকার মহোদয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে একটা রিকোয়েস্ট করছি। এখানকার সিডিউল কাস্ট এবং সিডিউল ট্রাইব যেসমস্ত মেম্বার আছেন তাদের একটা গ্র্যান্ট নং ৩১ আছে। আমি বলছি কমিউনিটি ডেভালাপমেন্ট যেটা আছে সেটাকে যদি দুই ঘণ্টায় কোরে অন্তত ঐ গ্র্যান্ট নং ৩১টা তারপরে নিতে মন্ত্রিমহাশয় রাজী হন তাহলে তাঁরা একটু বলতে পারেন।

Shri Jyoti Basu:

স্পীকার মহাশয়, তাহলে কি ন্যাশনাল এমারজেন্সীটা চান না ও'রা?

Shri Jagannath Kolay:

আমাদের কমিউনিটি ডেভালপমেন্ট-এ ২ ঘণ্টা ছিল, তারপর ন্যাশনাল এমারজেন্সী ১ ঘণ্টা ছিল। এখন ঐ ন্যাশন্যাল এমারজেন্সীর এক ঘণ্টা সময়ে সিডিউল কাস্ট ও সিডিউল ট্রাইব নিয়ে যে গ্র্যান্টটা আছে তার আলোচনার জন্যই আমরা বলছি।

Shri Jyoti Basu:

আমাদের মন্ত্রিমহাশয় এখনও এসে পেঁছান নি। ওটা পরে রাখা হয়েছিল গিলোটিন হবে বলে সেইজন্য উনি আসে নি। তবে আজকেই ও'র কোলকাতায় আসবার কথা। আপনি যদি অনুমতি দেন তাহলে আমরা খোঁজ করছি।

Mr. Speaker:

ঠিক আছে, তাই হোক।

Shri Jyoti Basu:

স্পীকার মহাশয়, আমি শুনছি এখানে একটু গোলমাল আছে। বিজনেস অ্যাডভাইসরী কমিটিতে ঠিক হয়েছিল যে, ওটা তিন ঘণ্টা হবে। এখন ও'রা বলছেন দুই ঘণ্টা করতে তারপর একঘণ্টা এমারজেন্সী, তাহলে হবে কি করে। এমারজেন্সীটা হবে না তাহলে?

Shri Jagannath Kolay:

না, এমারজেন্সীটা হবে না।

DEMAND FOR GRANT No. 29

Total Demand—Rs. 4,72,05,000

Major Heads—37—Community Development Projects, National Extension Service and Local Development Works, 109—Capital Outlay on Other Works—Community Development Projects, National Extension Service and Local Development Works, and Loans and Advances under Community Development Projects, National Extension Service and Local Development Works.

Shri Sushil Kumar Dhara: Sir, on the recommendations of the Governor I beg to move that a sum of Rs. 3,15,80,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 29—Major Heads: 37—Community Development Projects, National Extension Service and Local Development Works, 109—Capital Outlay on Other Works—Community Development Projects, National Extension Service and Local Development Works, and Loans and Advances under Community Development Projects, National Extension Service and Local Development Works.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমষ্টি উন্নয়ন পরিকল্পনায় এই রাজ্যে ১৯৫২ সালে মাত্র ৮টি ব্লকে পাইলট পরিকল্পনা ভিত্তিতে সুরু হইয়া এখন পর্যন্ত উহা ৩৩৫টি ব্লকে বিস্তৃত হইয়াছে এবং এই রাজ্যের সমুহ গ্রামাঞ্চল এই ব্লক এলাকাগুলির অন্তর্ভুক্ত হইয়াছে। আপনি অবগত আছেন যে, ব্লকগুলিকে ২টি পর্যায়ের মধ্য দিয়া অতিক্রম করিতে হয় একটি স্টেজ ১, আরেকটি স্টেজ ২, প্রত্যেকটির কার্যকাল পাঁচ বৎসরে প্রথর পর্যায়ের প্রতিটি ব্লক ১২ লক্ষ

টাকা হিসাবে এবং দ্বিতীয় পর্যায়ে ৫ লক্ষ টাকা হিসাবে খরচ করে ইহাদের মধ্যে ছয়টি ব্লক এখনও স্টেজ ১-এ আছে, স্টেজ-২ তে উন্নীত হইবার পর সেইগুলিকে জনসংখ্যার ভিত্তিতে বিভক্ত করিয়া আরও ছয়টি বৃদ্ধি করিবার পরিকল্পনা গৃহীত হইয়াছে এবং যুক্তফ্রন্ট সরকার বর্তমান বৎসরে তাহা কার্যকরী করিয়া ব্লকগুলির সংখ্যা ৩৩৫-এর স্থলে ৩৪১ করিবেন স্থির করিয়াছেন। উপরে উল্লিখিত ব্লকওয়ারী আর্থিক ব্যয়ের মোট পরিমাণের একটি অংশ কেন্দ্রীয় সরকার বহন করেন—রাজ্য অপৌনপৌনিক (নন রেকারিং) শতকরা হার ২৫, পৌনপৌনিক (রেকারিং) শতকরা হার ৫০, কেন্দ্র অপৌনপৌনিক ৭৫ পার্সেন্ট ও পৌনপৌনিক ৫০ পার্সেন্ট। সমষ্টি উন্নয়ন সংস্থার মধ্যে বিভিন্ন বিভাগের বিশেষ জ্ঞান সম্পন্ন কর্মীরা সমাবেশ করা হইয়াছে যথা কৃষি সমাজ শিক্ষা, গ্রামপথ, কুটিরশিল্প, পশুপালন সমবায় প্রভৃতি। পল্লী জীবনের বহু দিকের কথা চিন্তা করিয়া ইহার সহিত আরও কতিপয় বিভাগের কর্মী ইহার সহিত সংযুক্ত করা প্রয়োজন বলিয়া যুক্তফ্রন্ট সরকার মনে করেন। যথা ক্ষুদ্র ও মাঝারি সেচ, গ্রাম স্বাস্থ্য ও স্যানিটেশন ইত্যাদি। সারকেল অফিসারের ব্যবস্থা উঠাইয়া দেওয়ার পর সমষ্টি উন্নয়ন আজ পল্লীজীবনে একটি প্রয়োজনীয় সংস্থা হিসাবে পরিগণিত হইয়াছে। ইহা একদিকে খাদ্য উৎপাদন ও কুটির শিল্পজাত দ্রব্যের উৎপাদন বৃদ্ধির প্রচার ও প্রসারের কাজে ধীরে ধীরে আত্মনিয়োগ করিয়াছে এবং বহুমুখী গ্রাম উন্নয়নের কাজে নিজেকে নিয়োজিত করিতেছে। এই বিষয়ে আরও অধিক সেবা দেওয়া তাহার পক্ষে সম্ভব হইবে যদি না তাহাকে অন্যান্য বহুবিধ কল্যাণমূলক কাজে নিজ এলাকার মধ্যে নিয়োজিত করা হয়। যথা—বিবিধ রকমের গণনা, বিভিন্ন প্রকারের নির্বাচন, খাদ্য ও গৃহ রিলিফ-এর কাজ এবং আরও বহু প্রকার কাজ। মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনি নিশ্চয় অবগত আছেন যে, শেষোক্ত কাজগুলি সমষ্টি উন্নয়ন পরিকল্পনার অন্তর্ভুক্ত নহে। তথাপি এই প্রকার সেবা দিয়া এই সংস্থা পল্লীজীবন ও রাজ্য সরকারের মধ্যে একটি গুরুত্বপূর্ণ সংযোগ সেতুরূপে কার্য করিবার উদ্দেশ্য লইয়াই এই পরিকল্পনা রচিত হইয়াছিল। কিন্তু গভীর দুঃখ ও পরিতাপের কথা এই যে, পূর্বতন সরকার রাজ্যব্যাপী এই বিরাট পরিকল্পনাকে তাঁহাদের রাজনৈতিক উদ্দেশ্য সাধনের যন্ত্ররূপে ব্যবহারের চেষ্টা করিয়াছেন এবং তাহার ফলে বিগত ১৫ বৎসর এই সংস্থা যে প্রকার কার্যকরী ফলদান করিয়া জনজীবনে সুখ ও সমৃদ্ধি আনিতে পারিত তাহা সম্ভবপর হয় নাই। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই পরিকল্পনার বিষয়ে আমি পূর্বে যে অভিজ্ঞতা সঞ্চয় করিয়াছিলাম এবং মন্ত্রী হবার পর যে অভিজ্ঞতা লাভ করিয়াছি তাহা হইতে দৃঢ়তার সহিত এই কথা বলিতে পারি যে যুক্তফ্রন্ট সরকার সমষ্টি উন্নয়ন সংস্থার মাধ্যমে পল্লীবাংলার সার্বিক উন্নতি বিধান করা সম্ভবপর। সমষ্টি উন্নয়ন পরিকল্পনার জন্য ব্যয় বরাদ্দের টাকা কেবলমাত্র কয়েকটি বিশেষ পরিকল্পনা একটি নির্দিষ্ট সীমারেখার মধ্যে কাজ করিবার জন্য নির্ধারিত আছে। পরবর্তী পর্যায়ে তাহাকে আরও প্রসারিত করিবার জন্য রাজ্য সরকারের বিভিন্ন বিভাগ নিজ নিজ বরাদ্দ হইতে অর্থ ব্যয় করেন এবং সেইজন্য এই সংস্থার সেবা গ্রহণ করেন। ইতিপূর্বেই বিভিন্ন বিভাগ এই বিষয়ে কার্যকরী ব্যবস্থা অবলম্বন করিয়াছেন এবং অদূর ভবিষ্যতে আরও কতকগুলি পরিকল্পনাকে সমষ্টি উন্নয়ন সংস্থার মাধ্যমে রূপদানের কথা চিন্তা করিতেছেন। সংক্ষেপে বলা যাইতে পারে যে, সমষ্টি উন্নয়ন সংস্থা পল্লীজীবনের উন্নয়ন বিধানের জন্য যতগুলি বিভাগের প্রয়োজন, ততগুলি স্রোতস্বিনী একটি সঙ্গমস্থল যে সংগমে প্রতিটি স্রোতের উপযুক্ত প্রবাহ আসিলেই তবেই সেই সংগম বারিধারা বহুদিনের অবহেলিত, নিষ্পেষণকারী দারিদ্র্যক্লিষ্ট বহুভাবে বঞ্চিত ও লাঞ্ছিত গ্রাম জীবনকে আশা ও আকাঙ্ক্ষায় ভরিয়া জীবনের নিম্নতম প্রয়োজনে একটি সাধারণ পর্যায়ে উন্নীত করিতে পারিবে। সমষ্টি উন্নয়ন কার্যসূচী দীর্ঘদিন হইতে আর্থিক অনটনের মধ্যে দিয়া কাটাইতেছে। বর্তমান আর্থিক বৎসরের জন্য যে ব্যয়বরাদ্দের প্রয়োজন ছিল তাহাকে সংকুচিত করিয়া কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা কমিশনের ওয়ার্কিং গ্রুপ পাঁচ কোটি দশ লক্ষ টাকার সুপারিশ করিয়াছিলেন। কিন্তু দুঃখের বিষয় এই যে, সর্বশেষে যাহা বরাদ্দ করা হইয়াছে তাহার পরিমাণ হইল ২,৪৫,৮৬,০০০ টাকা যাহা সুপারিশের শতকরা ৫০ ভাগেরও কম। কাজেই সেই অনুসারে ব্যয়বরাদ্দের কাঠামো প্রস্তুত করিতে হইয়াছে এবং মাননীয় সদস্যগণ বিস্তৃত ব্যয়বরাদ্দের মধ্যে অর্থ কৃচ্ছতা লক্ষ্য করিতে পারিবেন। অতীতের অভিজ্ঞতা হইতে জানা যায় যে শহর হইতে দূরে অবস্থিত এই সংস্থাগুলির জন্য সরকারই ব্যয়বরাদ্দের অর্থ তাঁহাদের নিকট যথাসময়ে পৌঁছায় নাই এবং বরাদ্দের এই সামান্য মাত্র টাকার পরিপূর্ণ অংশ অনেক সময় নির্দিষ্ট সময় সীমার

মধ্যে ব্যয় করা সম্ভবপর হয় নাই। যুক্তফ্রন্ট সরকার এই বিষয়ে ত্রুটিমুক্ত হইয়া যাহাতে যথাসময়ে বরাদ্দ অর্থের যথাযথ ব্যয় করা যায় সেই বিষয়ে বিশেষ সতর্ক থাকিবেন।

প্রতি অঞ্চল-এ একজন করিয়া গ্রাম সেবক এবং ব্লকে দুইজন করিয়া গ্রাব সেবিকা এবং একজন করিয়া মুখ্য সেবিকা নিযুক্ত আছেন। আমরা সরকারী দায়ীত্ব গ্রহণের পর লক্ষ করিলাম যে প্রায় ২,৯২৬ অঞ্চলের মধ্যে প্রায় ৯৬১ অঞ্চলে গ্রামসেবক নেই। অত্যন্ত দ্রুততার সঙ্গে সিদ্ধান্ত গ্রহণ করিয়া প্রশিক্ষণের কাল শেষ হইবার দুই মাস পূর্বেই ৬২২ জন শিক্ষার্থীকে গ্রাম সেবক রূপে নিযুক্ত করা হইয়াছে। (এই নিয়োগ ১৪ই এপ্রিলের মধ্যে সম্পূর্ণ হয়।) শূন্য পদ-এর সংখ্যা ৩৩৯, কেন না একটি অঞ্চলের সহিত ব্লকের সংযোগ সূত্র রক্ষা করিবার মাধ্যম এই গ্রামসেবক।

[2-20—2-30 p.m.]

এই বলিষ্ঠ পদক্ষেপ মাননীয় সদস্যগণ স্বাগত করিবেন বলিয়া আমি বিশ্বাস করি। অবশিষ্ট অঞ্চলগুলিও গ্রামসেবক নিয়োগের জন্য প্রতিক্ষণ সময় সংকুচিত করিয়া অবিলম্বে যাহাতে সর্বত্র গ্রামসেবক নিয়োগ করা যায় তাহার জন্য যুক্তফ্রন্ট সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। গ্রামসেবিকা নিয়োগের ক্ষেত্রেও অনুরূপ সিদ্ধান্ত শীঘ্র গৃহীত হইবে। ৬৭০টি পদের মধ্যে ৯২টি পদ শূন্য আছে। রাজ্যব্যাপী লক্ষ লক্ষ মানুষ ক্ষুধার যন্ত্রণায় আজ কাতর, পল্লীবাংলার আজ বহু স্থানে চাউলের মূল্য প্রতি কে জি ৩ টাকাও ছাড়াইয়া গিয়াছে এবং চাউল পাওয়াও একটা দুরূহ ব্যাপার হইয়া দাঁড়াইয়াছে। মূল কৃষি বিভাগের অন্যতম পরিপূরক শাখা বিভাগ হিসাবে সমষ্টি উন্নয়ন বিভাগ সেই কারণে কৃষির উপর বিশেষ গুরুত্ব আরোপ করিয়াছে এবং কৃষি উন্নয়নের এবং উহার সম্প্রসারণের দ্বারা পশ্চিমবঙ্গের খাদ্যসমস্যা সমাধানের একটি বলিষ্ঠ কর্মসূচী গ্রহণ করিয়াছে। ব্লকগুলির মাধ্যমে এই বিভাগ চলতি বৎসরে দুইটি পর্যায়ে ধান ও গম প্রভৃতি একান্ত প্রয়োজনীয় খাদ্যশস্য উৎপাদনের একটি সুবৃহৎ পরিকল্পনা গ্রহণ করিয়াছে যাহার দ্বারা সে বিশ্বাস করে যে আগামী আমন ধানের সময় অতিরিক্ত এক কোটি মণ ধান উৎপাদন করিতে পারিবে। পুনরায় জানুয়ারী মাসে অর্থাৎ ঠিক আমন ধানের পরেই পশ্চিমবঙ্গের প্রায় এক কোটি একর ধানি জমির মধ্যে যত বেশী পরিমাণ জমিতে সম্ভব দ্বিতীয় ধান চাষের পরিকল্পনা গৃহীত হইয়াছে এবং তাহার বিস্তৃত কার্যসূচী প্রস্তুত হইতেছে। আমরা বিশ্বাস করি যে, উহা রূপায়িত করিয়া ১৯৬৮ সালের এপ্রিল-মে মাসের মধ্যে আরও দুই কোটি মণ অতিরিক্ত খাদ্যশস্য উৎপাদন করিতে পারিবে। অর্থাৎ প্রায় ১০ লক্ষ টন অতিরিক্ত চাউল উৎপাদিত হইবে। এইভাবে পশ্চিমবঙ্গের মোট ঘাটতির শতকরা ৫০ ভাগ পূরণ করা যুক্তফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হইবার ১৩-১৪ মাসের মধ্যে সম্ভবপর করা যাইবে। অবশ্য বলিয়া রাখা প্রয়োজন যে, আকাশ যদি একেবারে প্রতিকূল না হয় এবং সমবায় বিভাগ, সেচ বিভাগ, শিল্প বিভাগ এবং বিদ্যুৎ পর্ষৎ তাঁহাদের নিজ নিজ বিভাগকে এই বিষয়ে অনুরূপ রাখেন। মূল কৃষি বিভাগের এই শাখা বিভাগটি এইভাবে খাদ্যোৎপাদনে যুগান্তকারী বিপ্লব আনিবার জন্য দৃঢ়প্রতিজ্ঞ। কৃষি ক্ষেত্রে এই নূতন প্রচেষ্টা শিল্পের বর্তমান মন্দাভাব কাটাইয়া উঠিতে সক্ষম হইবে এবং কৃষি ভিত্তিক শিল্প দ্রুত প্রসার লাভ করিবে এবং তাহারে ফলেও কৃষিক্ষেত্রে বিদ্যুৎশক্তি চালিত অসংখ্য জলসেচ পরিকল্পনা বিদ্যুতের যে (সারপ্লাস) বাড়তি জাতির সেবায় নিয়োজিত হইতে পারিবে এবং রাজ্যের কৃষি বিভাগ তাহার এই শাখাটির মাধ্যমে সেই কারণে এই নূতন আন্দোলন গড়িয়া তুলিতে বদ্ধপরিকর। এইভাবে অগ্রসর হইয়া আমাদের সুযোগ্য কৃষিমন্ত্রীর বলিষ্ঠ ঘোষণা অনুসারে আগামী দুই বৎসরের মধ্যে এই রাজ্যকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করা যাইবে এবং ১৯৭০-৭১ সালের মধ্যে এই রাজ্যকে একটি উদ্বৃত্ত খাদ্য অঞ্চলরূপে ঘোষণা করা যাইবে। সমষ্টি উন্নয়ন বিভাগ কৃষির এই প্রয়োজনের কথা চিন্তা করিয়া তাহার প্রতিটি ব্লকে একজন করিয়া জয়েন্ট বি ডি ও দেওয়ার সিদ্ধান্ত করিয়াছে এবং বর্তমান বৎসরে শতকরা পঞ্চাশভাগ ব্লকে এই জয়েন্ট বি ডি ও নিয়োগের কাজ সম্পূর্ণ করিবার সনন্দ করিয়াছে। পরবর্তী বৎসরে অবশিষ্ট পঞ্চাশ ভাগ পূরণ করার কাজ সম্পূর্ণ হইবে। মূল বি ডি ও-গণ ব্লকের সামগ্রিক দায়ীত্ব থাকিলেও প্রধানতঃ কৃষি উন্নয়ন ও খখাদ্য উৎপাদনের কাজে বিশেষভাবে শক্তি ও সময় প্রয়োগ করিবেন।

ব্লকের নিজস্ব বাড়ি বহু জায়গায় না থাকায় প্রতি বৎসর তিন লক্ষ টাকার বেশী ভাড়া বাবদ ব্যয় করিতে হয়। ইহা অপচয় বলিয়া যুক্তফ্রন্ট সরকার মনে করেন। যত শীঘ্র সম্ভব প্রতিটি ব্লকের নিজস্ব বাড়ির নির্মাণ করিবার চিন্তা চলিতেছে এবং চলতি বৎসরে কুড়িটির বেশী ব্লকে নিজস্ব গৃহ নির্মাণের পরিকল্পনা গৃহীত হইয়াছে। ৩০৫টি ব্লকের মধ্যে মাত্র ১১৯ ব্লকে নিজস্ব বাড়ি আছে। বৎসরে মাত্র কুড়িটি করিয়া বাড়ি তৈয়ারী হইলে আরও কত বৎসর পরে এই কার্য সম্পূর্ণ হইবে তাহা সহজে অনুমেয়। যে বাড়ি পূর্বে নির্মিত হইয়াছে তাহারও অনেকগুলি এই সামান্য কয়েক বৎসরের মধ্যে জীর্ণ দশায় উপস্থিত হইয়াছে। কাহারও বা ছাদ দিয়া জল পড়া নিবারণ করিবার জন্য, কাহারও বা দেওয়ালের ফাটল মেরামত করিবার জন্য যুক্তফ্রন্ট সরকারকে তাহার সীমিত তহবিল হইতে ব্যয় বহন করিতে হইতেছে। ইহা গভীর পরিতাপের কথা যে বহু জায়গায় নিজস্ব বাড়ি না থাকার জন্য ব্লকের কর্মীগণকে গৃহসমস্যা ভোগ করিতে হয়--যুক্তফ্রন্ট সরকার সহানুভূতির সহিত সেই বিষয় বিবেচনা করিয়া দেখিতেছে। গ্রামসেবকগণের গ্রামাঞ্চলে থাকিবার সমস্যা যুক্তফ্রন্ট সরকারের বিশেষ দৃষ্টি আকর্ষণ করিয়াছি এবং তাহার সুষ্ঠু সমাধানের জন্য বর্তমান সরকার বিশেষভাবে চিন্তা করিতেছেন। স্থানীয় উন্নয়ন পরিকল্পনার অন্তর্ভুক্ত পানীয় জল সরবরাহের কাজে ৫০ পার্সেন্ট টাকা কেন্দ্রীয় সরকার দেন এবং ৫০ পার্সেন্ট অবশিষ্ট স্থানীয় জনসাধারণকে রাজ্যসরকার অনুদানরূপে বরাদ্দ করেন। কিন্তু এইগুলি সংখ্যায় এত অল্প যে, ইহার উপকারীতা জনসাধারণের উপলব্ধির মধ্যে আনয়ন করা খুব কঠিন। দীর্ঘ দুই দশক ব্যাপী একটি মাত্র রাজনৈতিক দল পরিচালিত বহুমুখীন ব্যর্থতার অন্যতম উদাহরণ সমষ্টি উন্নয়ন বিভাগটি—সমষ্টি উন্নয়ন-এর কাজে উপযুক্তরূপে বিনিয়োগ না করা অসংখ্য নিষ্ঠাবান কর্মঠ, সৎ যুবক, অভিজ্ঞ কর্মচারী ও কর্মীকে এইভাবে [illegible] সোনার ফসল কৃষি উৎপাদনে, শিল্প সম্প্রসারণে, ক্ষুদ্র সেচ পরিকল্পনায়, পানীয় জল সরবরাহে, পল্লী পথের উন্নয়নে, সমবায় বিকাশে, পশু-পালন ও মৎস্য চাষের চরম ব্যর্থতায় পল্লীজীবন জীর্ণতর দশায় উপনীত হয়েছে। আর তারই ফলে উদ্ভূত খাদ্যসমস্যা পশ্চিমবঙ্গ [illegible] রাজনৈতিক বিপ্লব বহ্নিতে ছারখার করে দিয়েছে। বিগত সাধারণ নির্বাচনের ফলাফল তারই প্রমাণ। চার কোটির অধিক মানুষের এই অঙ্গ রাজ্যটির শতকরা ৮০ ভাগ যে পল্লী অঞ্চল তার সামগ্রিক উন্নয়নের জন্য যৌথ ভাবে যে প্রচেষ্টা একান্ত প্রয়োজন [illegible] এই বিভাগটিকে গ্রাম থেকে রাজভবন ও রাইটার্স বিল্ডিংস পর্যন্ত থরে থরে [illegible] নেওয়ার দৃঢ় পরিকল্পনা যুক্তফ্রন্ট গ্রহণ করেছেন। গভীর পরিতাপের কথা এই যে, ১৫ বৎসরের এই পুরাতন বিভাগটি আজও অস্থায়ী বিভাগরূপে পরিচালিত হচ্ছে। সমষ্টি উন্নয়ন বিভাগের কর্মীগণের প্রাথমিক প্রচেষ্টায় তাদের দাবীর প্রতি যুক্তফ্রন্ট সরকার সম্মান দেখাতে গিয়ে সমগ্র রাজ্যের প্রায় ৯৮ হাজার অস্থায়ী সরকারী কর্মচারীকে স্থায়ী করবার সিদ্ধান্ত ঘোষণা করেছেন এবং প্রায় ৩০ হাজার কর্মচারীকে অর্ধস্থায়ী করবার ঘোষণা করেছেন। সমষ্টি উন্নয়ন বিভাগের কর্মচারীগণের এই প্রচেষ্টার জন্য তাঁরা রাজ্যব্যাপী এই প্রায় ১ লক্ষ ২৫ হাজার কর্মী-কর্মচারীর ধন্যবাদ ও আশীর্বাদের পাত্র হয়েছেন সে বিষয়ে কোনও সন্দেহ নাই। প্রচেষ্টার অপরিমেয়তা এবং সততা থাকলে তা এইভাবে জয়যুক্ত হয়।

পরিশেষে আমি দৃঢ়প্রত্যয় এবং পরিপূর্ণ আত্মবিশ্বাস নিয়ে আজ এই কথা ঘোষণা করতে পারি যে অতি সীমিত এই অর্থ বরাদ্দ নিয়েও এই বিভাগের বহুমুখীন কার্যে নিযুক্ত এর নিজস্ব এবং অন্য বিভাগ থেকে নিযুক্ত আমার প্রিয় সহকর্মীগণের (যাদের সংখ্যা অনধিক......) সহযোগিতার, ঐকান্তিক প্রচেষ্টায়, নিরলস সেবায় এবং লক্ষ লক্ষ ক্ষুধিত মানুষের প্রতি দরদী ও মরমী মনের অভিব্যক্তিতে আমরা এই রাজ্যের ক্ষুধার লজ্জা নিঃশেষে দূর করতে পারব, সমস্ত অন্যায় শক্তিকে প্রতিহত করে একটি সুখী ও সমৃদ্ধ রাজ্যে পরিণত করতে পারব। আজ তাই একান্ত আশায় কবির সেই অমোঘ বাণী মনে আসছে—

> "কোথা তুমি শাসক মহান
> নেমে এস স্বর্গ হতে ভৈরব মূরতী
> কর নাশ দূর কর—অন্যায় শক্তি।
> দূর কর দূর কর প্রাণঘাতী দারিদ্রের পাপ
> এ বঙ্গের ঘরে ঘরে দিকে দিকে
> সুখ স্বর্গ করুক বিরাজ॥"

माননীয় অধ্যক্ষ মহাশয়, এই কয়েকটি কথা বলে সমষ্টি উন্নয়ন খাতে বরাদ্দ তিন কোটি ১৫ লক্ষ ৮০ হাজার টাকা মঞ্জুর করার জন্য আপনার মাধ্যমে মাননীয় সদস্যগণের কাছে অনুরোধ জানাচ্ছি।

[2-30—2-40 p.m.]

শ্রীনিখিল দাসঃ স্যার, এস এম ইন্ডাস্ট্রিজ বলে একটা কারখানা আছে, যার মালিক হঠাৎ করে শনিবার দিন ৩টা কারখানা বন্ধ করে দিয়েছেন। ক্লোজার করে দিয়েছেন এবং যার ফলে ৫০০ জন লোক রাস্তায় বসে গেছেন। আজ তাঁরা অ্যাসেমব্লির সামনে এসেছেন এবং শ্রমমন্ত্রী যদি তাঁদের সঙ্গে দেখা করেন তাহলে ভাল হয়। সবচেয়ে বড় লজ্জার কথা হচ্ছে সেই কারখানার মালিক শ্রীমৃগাঙ্কমোহন সুর হচ্ছেন কংগ্রেসের মনোনীত এম পি।

মিঃ স্পীকারঃ আমি মন্ত্রীকে খবর দিচ্ছি। তিনি যা করার করবেন।

All the cut motions are in order and are taken as moved.

The following cut motions were taken as moved:—

Shri Azizur Rahman: That the demand be reduced to Re 1.

Shri Nityananda Bhuniya: That the demand be reduced to Re. 1.

Shri Amalendu Kumar Bagchi: That the demand be reduced to Re. 1.

Shri Pramatha Nath Dhibar: That the demand be reduced by Rs. 1

Shri Satyanarayan Banerjee: That the demand be reduced by Rs 100

Dr. Gopika Ranjan Mitra: That the demand be reduced by R 100.

Shri Baidya Nath Banerjee: That the demand be reduced by Rs. 100.

ডাঃ জয়নাল আবেদীনঃ মাননীয় স্পীকার, স্যার, আজকে সমষ্টি উন্নয়নের ব্যয়-বরাদ্দের যে প্রস্তাব তা আমি তীব্রভাবে প্রতিবাদ করছি। আপনি জানেন Jaundiced eye sees অর্থাৎ যে নাকি ন্যাবা রোগে আক্রান্ত হয় সে প্রত্যেক জিনিষ হলদে দেখে, আমাদের মন্ত্রিমহাশয়ও সে দৃষ্টিতে দেখছেন। আজ ১৭ দিন ধরে বাজেট বিতর্কে দেখছি একটাই স্কেপ গোট আইদার কেন্দ্রীয় সরকার কিম্বা ১৯ বৎসরের কংগ্রেসী শাসন। আজকে যে ব্যয়-বরাদ্দ উপস্থিত করেছেন এতেও সেই একই কথা বলেছেন যে ১৯ বৎসরে কংগ্রেসী শাসনে বিশেষ কিছু করা হয় নি। আমি এর তীব্র প্রতিবাদ করি। আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই যে নির্বাচনের ৬ মাস আগেও যে কংগ্রেস্ দলের সঙ্গে তিনি যুক্ত ছিলেন তখন সরকারী কিংবা বেসরকারীভাবে অ্যাসেমব্লীতে কিংবা পার্টি মিটিং-এ সংবাদপত্রে, প্রবন্ধে কিংবা কোন প্রাচীরপত্রে তিনি কোন প্রতিবাদ করেন নি। ১৯৫২ সাল থেকে কংগ্রেস সমষ্টি উন্নয়নের সুপরিকল্পিত পরিকল্পনা নিয়ে আসছে সেই পরিকল্পনা সংশোধনের প্রয়োজন আজ তিনি বলবেন। অর্থাৎ শৃগাল যেমন বলেছিল আঙুর টক, মন্ত্রিমহাশয়ও সে দৃষ্টিভঙ্গী নিয়ে কংগ্রেসের কুশাসনের আবিষ্কার করলেন কি না জানি না। আপনি জানেন বৃটিশ শাসনে যে এগরেরিয়ান সিস্টেম অফ এস্টাবলিশমেন্ট ছিল তার ফলে চিরস্থায়ী বন্দোবস্ত প্রচলিত হয়েছিল। কর্নওয়ালিশের চিরস্থায়ী বন্দোবস্তের ফলে প্রায় বাংলায় অনিবার্য কারণে একটা ইন্টারেস্টেড শ্রেণী স্বার্থ সম্পন্ন শ্রেণী তৈরী হয়েছিল। এরই ফলস্বরূপ গ্রাম্য সভ্যতা ছেড়ে তারা নগরে এসেছিলেন এরই জন্য গ্রাম বাংলা অবহেলিত, অনাদৃত। তখন এর কোন উন্নতির চিন্তা ছিল না।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন জাতির জনক মহাত্মা গান্ধী গ্রামাঞ্চলের উন্নতির জন্য সুষ্ঠু পরিকল্পনা করেছিলেন। তিনি এই কথা অনুভব করেছিলেন যে ভারতবর্ষের যদি উন্নতি করতে হয় তাহলে কৃষি মানুষ যে অংশে বাস করে সেই গ্রামের উন্নতি করতে হবে। গ্রাম সমষ্টির উন্নতি না করতে পারলে ভারতবর্ষের উন্নতি সম্ভবপর হবে না, এই কথা তিনি অনুভব করেছিলেন। বিশ্বকবি রবীন্দ্রনাথ ১৯২১ সালে শ্রীনিকেতনে এই দৃষ্টিভঙ্গী নিয়ে সমষ্টি উন্নয়ন পরিকল্পনার সূচনা করেছিলেন। সেই পদাঙ্ক অনুসরণ করে ভারতবর্ষের বৃহৎ সমস্যা দুঃখ দারিদ্র্যের পরিবর্তনের জন্য ভারত সরকার কমিউনিটি ডেভেলপমেন্ট প্রযুক্ত

করেছিলেন এই কথা আপনি নিশ্চয়ই জানেন। শুধু তাই নয়, দীর্ঘ ১৫ বছর ধরে সমষ্টি উন্নয়ন পরিকল্পনার মাধ্যমে ভারতের বৃহৎ জনতার উন্নতির যে পথ তাঁরা দেখিয়েছেন সেই পথেই ভারতবর্ষ আজকে এগিয়ে চলেছে। শুধু সমষ্টি উন্নয়নেই ভারতের উন্নয়ন নয়, আজকে গণতন্ত্রেও সুপ্রতিষ্ঠিত হওয়া সম্ভবপর হয়েছে এই কথা আপনি নিশ্চয়ই জানেন। তাই ১৪ দলের অন্যতম শরীক আমাদের বাংলা কংগ্রেসের প্রতিনিধি মাননীয় সুশীল ধাড়া মহাশয় কংগ্রেসের কি কুশাসন, কুকীর্তি আবিষ্কার করেছেন জানি না। আমি তাঁকে অনুরোধ করবো তাঁর ঐ চোখের দৃষ্টি পরিচ্ছন্ন করার জন্য। আমি এখানে আর রাজনীতি আমদানী করবো না। তাঁর বেকায়দার কারণ ও নিরাশের কারণ আছে। আপনি জানেন যে কমিউনিটি ডেভালপমেন্ট পঞ্চায়েত রাজের অপরিহার্য অংশ। কাজেই এই কমিউনিটি ডেভালপমেন্ট প্ল্যান প্রোগ্রামকে যদি স্বার্থকভাবে রূপায়িত করতে হয় তাহলে পঞ্চায়েতী রাজের মধ্যে যে সমস্ত ইনস্টিটিউশন আছে তার পরিপূর্ণ স্বকীয় অংশ গ্রহণ করা অবশ্য প্রয়োজন। আজকে যুক্তফ্রন্ট সরকার গঠিত হয়েছে। তারা ভুল দেখিয়ে আরম্ভ করেছিল যে জেলা পরিষদ, আঞ্চলিক পরিষদ নয় এবং শতকরা ৮৫টি অঞ্চল পঞ্চায়েতে প্রতিনিধিত্ব ছিল না বলে দলীয় স্বার্থকে আবিষ্কার করতে গিয়েছিলেন। আজকে আঁতকে উঠেছেন এজন্য যে ন্যায্য দাবীর ভিত্তিতে জনসাধারণকে নয় অধিকার দিয়েছিলেন এবং তাঁরা নির্বাচনের মাধ্যমে যেখানে রিজেক্ট করেছিলেন সেখানে তাঁরা এর প্যারালাল হিসাবে গণ কমিটি সৃষ্টি করেছেন। কারণ কমিউনিটি ডেভালপমেন্ট-এর অপরিহার্য অংশ পঞ্চায়েতী রাজে এঁদের প্রতিনিধিত্ব ছিল না। বাংলার মানুষ যাঁরা নিজেদের উন্নতি করতে এগিয়ে এসেছেন সেখানে তাঁদের গ্রহণ করেন নি, সেখানে আমরা দলীয় স্বার্থকে দেখতে পাচ্ছি। স্যার, আমি আপনার মাধ্যমে একথা বলতে চাই বাংলার জনতাকে এত সহজে ধোঁকা দিয়ে নিজেদের স্বার্থকে চরিতার্থ করা যাবে না। আজকে আমি এই কথা কি জিজ্ঞাসা করতে পারি যে খাদ্য নীতি আপনারা প্রবর্তিত করেছেন এই কয় মাসের মধ্যে কতবার তা পরিবর্তন করেছেন? অতীতে যে খাদ্যনীতি প্রাক্তন সরকার গ্রহণ করেছিলেন সেই খাদ্যনীতি আপনারা গ্রহণ করেছেন। আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহোদয়কে একটি কথা বলতে চাই যে তিনি যে সমস্ত অ্যাপয়েন্টমেন্টের কথা বললেন আমার মনে হয় কংগ্রেস সরকার পরিচালিত যে নীতি গৃহীত হয়েছিল তার সম্পূরক বা পরিপূরক কোন নূতন দৃষ্টিভঙ্গী কমিউনিটি ডেভালপমেন্টের মধ্যে প্রতিষ্ঠিত করতে পারেন নি। এবং নূতন কোন আলোর ইঙ্গিত তিনি দেন নি।

[2-40—2-50 p.m.]

আমাদের যা নীতি ছিল তা হয়ত আমরা সার্থক করতে পারি নি কিংবা আমাদের যা অভাব ছিল তা পূরণ করতে পারি নি, কারণ আপনারা জানেন ভারতবর্ষ অনগ্রসর দেশের মধ্যে অন্যতম। এখানে বিশেষজ্ঞের অভাব আছে, জ্ঞানের অভাব আছে, আমাদের কাজের অভাব আছে, মেটিরিয়াল রিসোর্সের অভাব আছে। একথা আপনারা জানেন যে এই সীমিত সংস্থানের মধ্য দিয়ে আমরা অগ্রগতির দিকে দেশকে নিয়ে গিয়েছি। আমি বলতে চাই তার সম্প্রসারণ হিসাবে যে কথা বলেছেন সেকথা অবশ্যই যদি পালন করেন তাহলে অত্যন্ত ভাল হয়। আমি একটি কথা বলতে চাই যে অ্যানিম্যাল হাজব্যান্ড্রি সম্বন্ধে কেউ কোন কথা বললেন না। গ্রাম বাংলায় যেখানে যে গবাদি পশু আছে তার দিকে নজর রেখে কোন বক্তব্য কেউ রাখলেন না। আমি আর একটি কথা বলতে চাই কমিউনিটি ডেভালপমেন্ট-এর বড় দায়িত্ব হচ্ছে কৃষিকাজকে অগ্রাধিকার দিয়ে সর্বশক্তি নিয়োগ করে উৎপাদন বৃদ্ধি করা। আর একটি কথা বলি একজন বলেছেন হেলথ সেন্টারে জল সরবরাহ সম্বন্ধে কিন্তু এর সঙ্গে ফ্যামিলি প্ল্যানিং অঙ্গাঙ্গিভাবে জড়িত। ১৯৬৬-৬৭ সালে যে রিপোর্ট প্রকাশিত হয়েছে তাতে এই কথা স্বীকার করা হয়েছে যে ফ্যামিলি প্ল্যানিং ইন্টিগ্র্যাল পার্ট অফ দি রুরাল হেলথ প্রোগ্রামএর দিকে দৃষ্টি দিতে অনুরোধ করি এবং যে ইনস্টিটিউশন আছে এর মাধ্যমে প্রচারের পরিকল্পনা সার্থক করার সম্ভাবনা রয়েছে। আমি আবার যে ব্যয়-বরাদ্দ উপস্থাপিত করেছেন তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমদনমোহন সাহা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, কমিউনিটি ডেভালপমেন্ট খাতে আলোচনা করতে গিয়ে যে জিনিষটা লক্ষ্য করছি সেটা আপনার মাধ্যমে এই সভায় রাখতে চাই। আমি আরামবাগ মহকুমা থেকে নির্বাচিত সদস্য। সেখানে কমিউনিটি ডেভালপমেন্টের যে সমস্ত কাজ

পূর্বতন সরকার করেছিলেন সেগুলির সর্বত্রই তাঁরা দৃষ্টি রেখেছিলেন যে কিভাবে দলীয়ভাবে বরাদ্দ অর্থ খরচ করা যায় এবং সেইভাবেই তাঁরা খরচ করে এসেছেন। নলকূপের ব্যাপারে আমরা দেখি যেখানে ৩০০ ফুট পাইপ বসানো দরকার সেখানে ২০০, ফুটের টাকা দিয়ে ৩০০ ফুটের বিল রয়ে গেছে। তাছাড়া আমি নির্দিষ্ট পরিকল্পনার কথা বলতে পারি যে খানাকুল থানার কনকপুর সেখানে টিউবওয়েল বসানোর কাজ শেষ হল না অথচ কমপ্লিট সার্টিফিকেট দিয়ে টাকা ড্র করা হয়ে গেল—এই হচ্ছে পূর্বতন সরকারের কার্যকলাপ। সারের ব্যাপারে যে কথা আগের বক্তা বলে গেছেন যে গ্রামাঞ্চলের উপর বেশী নজর দিতে হবে। সত্যিকারের ঘটনা গ্রামাঞ্চলেই বেশীরভাগ কাজ করা হয়েছে। "সারের খাদ"এর নামে টাকা পাশ হয়ে গেছে। সেখানে গিয়ে খবর নিন দেখবেন সেখানে সারের খাদ হয় নি। এই বিষয়ে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আই আর এইট প্যাডি বীজ—ফুড কর্পোরেশন টেন্ডার দিয়ে এই ধান বিক্রি করেন একটি প্যাকেটে ১২ কেজি করে থাকার কথা। কিন্তু চাষী ১·২০ পয়সা কেজি মূল্যে ক্রয় করে, ওজন করে পায় সেখানে ৫০০ গ্রাম থেকে ১ কেজি কম। তাঁতিশাল গ্রামে অঞ্চল পঞ্চায়েতের নামকেওয়াস্তে মহিলা শিক্ষিকা সমিতি রয়েছে, যখন সেখানে ইন্সপেকশন হয় তখন ডেকে হেকে গুটিকতক মহিলাকে জড় করে সেই কেন্দ্র পরিদর্শন করিয়ে অন্যায়ভাবে টাকা গ্রহণ করা হয়েছে।

এই সম্পর্কে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন করা হয়েছে, তদন্তের অপেক্ষায় আমরা আছি।

পাটের জন্য ইউরিয়া দেওয়ার কথা—সেন্ট্রাল গভর্নমেন্টের যে কোটা ছিল তা আজ দেব, কাল দেব করে আর তারা দিল না। কৃষির উন্নতি হওয়া দূরের কথা মাঝখান থেকে তার অবনতি ঘটে গেল।

র‍্যালী কোম্পানীর পাম্পসেটগুলি ৪৫:৫৫ স্কীমে দেওয়া হয়েছে। এগুলি এমন সব লোককে দেওয়া হয়েছে যারা পেতে পারে না, নিয়ম হচ্ছে ৫ একর জমি থাকলে পরে সে এই পাম্প সেট পাবে। সেখানে দেখা যাচ্ছে যে নির্বাচনের পূর্বাহ্ণে ৩ একর জমি যাদের নাই, তাদেরও এই পাম্প সেট দেওয়া হয়েছে। আমি অনুরোধ করি যুক্তফ্রন্ট সরকার এই পাম্প সেট-গুলি দেওয়ার ব্যাপারে যাদের ৫ একর জমি আছে তাদেরই অগ্রাধিকার দেওয়ার নিয়ম মেনে চলবেন।

তা ছাড়া এগ্রিকালচারাল সেন্টার আগে সাবডিভিসন বেসিসে অ্যালট করে সেখান থেকে কৃষি যন্ত্রপাতি ইত্যাদি পাঠাতো। বর্তমানে ডিস্ট্রিক্ট সেন্টার থেকে সারের ব্যাপার বা বিভিন্ন যন্ত্রপাতি সরবরাহ করা হয়ে থাকে। যার ফলে মাল পৌঁছিতে অনেক দেরি হয়। কোন জায়গায় পাম্প সেট খারাপ হয়েছে ডিস্ট্রিক্ট সেন্টার-এ খবর দেওয়ার পরে অনেক দেরী করে সেখানে মিস্ত্রী আসে এবং এতে বেশ অসুবিধা হয়। তাছাড়া এগ্রিকালচার যে টাকা ব্লকের জন্য বরাদ্দ হয়, সেই টাকা খরচ হয় না। যার ফলেতে উৎপাদন তো কম হয়ই এ রকম ঘটনা রয়েছে।

তারপর শশবেতা বাঁধ—কৃষকরা নিজেরা উদ্যোগ নিয়ে বাঁধলো, ৫।৬ হাজার টাকা খরচ হলো, স্ত্রীর গয়না বন্ধক দিয়ে চাষীরা ঋণগ্রস্ত। আজ ৪ মাস হয়ে গেল সেই টাকা আজও তারা পেল না। স্যাংসনের টাকা ফেরৎ চলে গেল। তার ফলে সেখানকার কৃষকরা অযথা হয়রান হচ্ছেন।

এই কমিউনিটি ডেভেলপমেন্ট সম্বন্ধে আমার বক্তব্য আগেকার সরকার যে পদ্ধতিতে কাজ করে গেছে, সেই পদ্ধতির পরিবর্তন করা দরকার। আমরা দেখতে পাই যে সমস্ত রাস্তাতে গাড়ী "জীপ" চলার সুযোগ রয়েছে—সেই সব জায়গাতে কেবল বি ডি ও-রা ঘুরে আসে। উপদেষ্টা কমিটি বলে যে একটি বস্তু রয়েছে তার সুপারিশ মত কোন কাজ তাঁরা করেন নাই। সেখানে দলীয় চক্রান্তের সঙ্গে অফিসাররা যুক্ত হয়েছিলেন। এবার খাদ্য সংগ্রহ অভিযানের সময় দেখেছি সেখানে মজুতদারদের নাম দিয়ে এলাম, ঐ বি ডি ও-রা আগেভাগে লোক পাঠিয়ে তাদের

খবর দিয়ে সতর্ক করে দিলেন। ফলে আর সেখান থেকে আমরা খাদ্য সংগ্রহ করতে পারলাম না। এই ধরনের অন্যায় আচরণের আমি তীব্র প্রতিবাদ করছি এবং আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[2-50—3-20 p.m.]

শ্রীনারায়ণ চন্দ্র চৌধুরী: মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রিমহাশয়ের যে ব্যয়-বরাদ্দ এই বিধান সভায় উত্থাপন করেছেন, আমি তার বিরোধিতা করতে উঠে কয়েকটি কথা বলতে চাই।। মাননীয় সদস্য শ্রীজয়নাল আবেদিন মহাশয় দুঃখ করেন যে সুশীলবাবু নাকি তাঁর বক্তৃতায় কংগ্রেস সরকার যে কমিউনিটি ডেভেলপমেন্টের জন্য এত কিছু করেছেন তা তিনি দেখতে পান নি বলে, তিনি দুঃখ প্রকাশ করেছেন। আমি আবেদিন সাহেবকে বলবো দুঃখ প্রকাশ করবার কারণ নেই। এই সম্পর্কে আমি একটা গল্প বলছি। তা হচ্ছে এই—সীতা উদ্ধারের পরে, যখন সীতাকে উদ্ধার করে আনা হল, তখন হনুমান সীতাকে দেখে আশ্চর্য হয়ে গিয়েছিলেন। হনুমান ভাবলো এ'র জন্য যুদ্ধ করলাম, লঙ্কা জয় করলাম, লঙ্কা পুড়িয়ে এলাম এই সীতার জন্য—অতএব সীতাকে দেখে হনুমান বললো

"ন লাঙ্গুলং নরোমানি, ন দগ্ধং বদনং তথা;
দুর্ভাগ্যং রামভদ্রস্য, তদর্থং সিন্দুবন্ধনং"।

এই সীতা, যার ল্যাজ নেই, যার মুখটা পোড়া নয়, এর জন্য এত যুদ্ধ করলাম। আজ এখানে আমাদের ধাড়া মহাশয়কে দেখে তাই মনে হচ্ছে কংগ্রেস এত কমিউনিটি ডেভলপমেন্ট প্রোগ্রাম করলো, ১৫ বছর ধরে এত যুদ্ধ করলো, গ্রাম জীবনের উন্নতি করলো এবং সহর ও গ্রামাঞ্চলের মধ্যে একটা ইকনমিক ব্যালেন্স করবার জন্য কংগ্রেস যে কর্মসূচী গ্রহণ করলো, সেই কর্মসূচী আজ ধাড়া মহাশয় যে দেখতে পাবেন না তা আপনি এই শ্লোকটি অনুধাবন করলেই বুঝতে পারবেন। আর একটা কথা আছে—

sweet words butter no parsnips

মিষ্টি কথায় চিঁড়ে ভেজে না। আমাদের ধাড়া মহাশয় ইকনমিক প্রচেষ্টা, নিরলস সেবা ও ত্যাগ, অধ্যবসায় ইত্যাদি বড় বড় কথা অভিধান থেকে খুঁজে বের করে বাজেট বক্তৃতা দিলেন, তাতে ঐ [illegible] না। সুশীল ধাড়া মহাশয়কে একটা কথা বলতে চাই তিনি কেন এই খাতে বেশী টাকা ব্যবস্থা করতে পারলেন না? তিনি বার বার কেন সীমিত, সীমিত করে কথা বলছেন? এতদিন পর্যন্ত যে এত গালিগালাজ করে এলেন, এখন তিনি সীমিত অর্থ সঙ্গতির কথা বলছেন, এবং কংগ্রেসের ঘাড়ে সমস্ত দোষ চাপিয়ে নিজেরা নিষ্কৃতি পাবার চেষ্টা করছেন। এটা তাঁর ভুল ধারণা জনসাধারণকে এইভাবে বিভ্রান্ত করা তাঁর পক্ষে সম্ভব হবে না। তাঁরা যে পথে চলতে আরম্ভ করেছেন, তাতে একটা কথা ইতিমধ্যেই আরম্ভ হয়ে গিয়েছে—সুশীলবাবুর এই কমিউনিটি ডেভলপমেন্ট-এর ভার নেবার পর গ্রামাঞ্চলে ডেভলপমেন্ট ব্লক হয়ে গেছে। ডেভলপমেন্ট ব্লকের ঠেলায় রুরাল এরিয়ায় সব ব্লক হয়ে যাচ্ছে। এমনি তাঁদের কর্মনীতি, এমনি তাঁদের সব ব্যবস্থাপনা, যার ফলে সমষ্টি উন্নয়নের পথ সর্বপ্রকারে বন্ধ হয়ে গেছে এই ধারণা সকলের মনে হচ্ছে। তিনি বলেছেন কংগ্রেসী আমলে নাকি রাজনীতি করা হত এবং তাঁদের আমলে রাজনীতি করা হবে না। ইতিমধ্যেই সুশীলবাবু কয়েকটি ব্লক এলাকায় গিয়ে, সেখানে বি ডি ও-র সঙ্গে সভা করে, এটিকে কি করে রাজনীতির আখড়ায় পরিণত করা যায় তার জন্য তাঁর চেষ্টার অন্ত নাই। আমাদের একটা কথা আছে, যাকে বলে "মনে মনে মন কলা খাওয়া" তিনি এমন সব হিসাব দিয়েছেন—একটা ধান কম, দুটো ধান বেশী—ঐ রকম ধরনের চলতি কথায় বলেছেন—"মনে মনে মন-কলা খাওয়া"—অর্থাৎ তিনি কিছুই করতে পারেন নি গত চার মাসের মধ্যে। আগামী বছরের মধ্যেও তিনি কিছু করতে পারবেন না, এবং আগামী বছরের মধ্যে যদি তিনি কিছু করেন, তা কংগ্রেস সরকার ১৫ বছরে যা করেছেন তা থেকে পিছিয়ে আসবেন। গ্রামে গ্রামে গ্রামসেবকের কথা তিনি বলেছেন, এই সব গ্রামসেবক যারা কৃষির উন্নতি সাধন করবেন। কিন্তু দেখা যায় যে ফিল্ড ফার্মিং-এর প্রোগ্রামের দিকে গ্রামসেবকরা মন দেন নি। তিনি আবার গ্রামের গ্রামসেবিকার কথা বলেছেন। গ্রামসেবিকা, যাঁরা সেখানে আছেন, তাঁরা যদি সত্যই গ্রামের সেবিকা হন, তাহলে সত্যিই গ্রামের উন্নতি হতে পারে, গ্রাম-জীবনের

চিন্তাধারার মধ্যে বিপ্লব আসতে পারে। কিন্তু "দুলিয়ে বেণী চলেন যিনি, ঐ আধুনিক বিনোদিনী", এ'দের দ্বারা কি করে গ্রামের উন্নতি হতে পারে তা আমি বুঝতে পারি না। তাঁরা গ্রামের সেবা করতে গিয়েছেন, না, বেণী দোলাতে গিয়েছেন, তা আমরা বুঝতে পারি না। আমি সুশীল ধাড়া মহাশয়কে অনুরোধ করবো, যদি তিনি গ্রামসেবক এবং গ্রামসেবীকাদের যে কাজ, সেটা একটু ভালভাবে দেখেন, যে তারা তাদের কাজগুলি ঠিক মত, ভালভাবে করছেন কি না, তাহলে সেই কাজ অনেকদূর এগুতে পারবে। তারপরে আছে এক্সটেনশন অফিসারদের কাজ। এগ্রিকালচার এক্সটেনশন অফিসার, পঞ্চায়েত এক্সটেনশন অফিসার, এবং কো-অপারেটিভ, এই রকম অনেক ব্যবস্থা আছে সেগুলিকে তিনি কিভাবে কাজ করাবেন বিশেষ কিছু বলেন নি এবং এগ্রিকালচার এক্সটেনশন অফিসাররা কাজ করবেন কোথা থেকে, তিনি জয়েন্ট বি ডি ও-র কয়েকটি স্থানে ব্যবস্থা রেখেছেন। বি ডি ও-র কাজ এখন ব্লক ডেভোলপমেন্ট অফিসে নেই, তাঁরা প্রায় জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন-এর পার্ট অ্যান্ড পার্সেল হয়ে গিয়েছে, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট তাঁদের বলছেন যে অমুক এনকোয়ারিটা করে দিন, ইত্যাদি। কাজেই তিনি ব্যস্ত। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে প্রশংসা করছি এই জন্য যে তিনি তাঁর বক্তৃতার মধ্যে একথা স্বীকার করেছেন যে বি ডি ও-দের বি ডি ও-র কাজ করার সময় জেনারেল অ্যাডমিনিস্ট্রেশনের কাজে ধান ধরা, চাল ধরার কাজে তাঁদের এত ব্যস্ত থাকতে হয় যে, যে কাজের জন্য তাঁদের নিয়োগ করা হয়েছে, সমষ্টি উন্নয়নের যে কাজের জন্য তাঁদের সময় ব্যয় করা উচিত তা তাঁরা করতে পারেন না। এই কথা মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর বক্তৃতার মধ্যে স্বীকার করেছেন সেজন্য আমি তাঁকে সাধুবাদ দিচ্ছি। কিন্তু একটা কথা আমি বলছি যে তাঁদের যে কাজের জন্য আপনারা নিয়োগ করেছেন, গ্রামের জীবনকে উন্নত করবার জন্য বিশেষত গ্রামাঞ্চলে গ্রামীণ অর্থনীতিকে উন্নত করার জন্য যদি তাঁদের নিয়োগ করে থাকেন এবং সমষ্টি উন্নয়ন সংস্থাগুলির কাজ যদি তা হয় তাহলে লক্ষ্য রাখতে হবে তাঁদের যে সময় সেই সময় নষ্ট না করে কিভাবে তাকে পরিপূর্ণ সদ্ব্যবহার করে গ্রামীণ জীবনকে নানাভাবে উন্নত করা যায়, কৃষির দিক থেকে হোক, সমবায়ের দিক থেকে হোক কিম্বা পঞ্চায়েতের দিক থেকে হোক তাকে কিভাবে উন্নত করতে পারা যায় সেই বিষয় চিন্তা করতে হবে। এই বি ডি ও-রা জেনারেল অ্যাডমিমিস্ট্রেশনের পার্ট অ্যান্ড পার্সেল হওয়ার জন্য আরো একটা বিপদ দেখা গিয়েছে সেই বিপদ হচ্ছে এই আমরা যে বি ডি ও-দের দেখবো কিভাবে, তাঁরা হবেন গ্রামসেবকদের উন্নততর সংস্করণ, কিন্তু আমরা দেখছি তাঁরা জেনারেল অ্যাডমিনিস্ট্রেশনের পার্ট অ্যান্ড পার্সেল হওয়ার জন্য তাঁরাও সেই ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, এস ডি ও এ'দের প্রশাসনিক ব্যবস্থার মধ্যে পড়ে, হাকিমী করতে আরম্ভ করেছেন এবং সেবকের মনোভাব পরিত্যাগ করে তাঁদের দেখতে পাওয়া যায় অফিস সময়ে হাকিমের মনোভাব নিয়ে জনগণের মধ্যে ধান চাল ধরার কাজে কিম্বা অনুরূপ প্রশাসনিক কাজে তাঁদের সময় ব্যয় করছেন। এবং এইভাবে তাঁরা গ্রামাঞ্চলের মধ্যে একটা ত্রাসের সৃষ্টি করেছেন, সেদিকে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের লক্ষ্য রাখার জন্য বলছি। আর একটা কথা আমি তাঁকে ভাল করে বলতে চাই, সেটা হচ্ছে এই যে সমষ্টি উন্নয়ন সংস্থাগুলি রয়েছে যা নিয়ে তিনি বলেছেন যে সময়মত টাকা যায় না, সময় মত টাকা যায় কি যায় না সেটা তিনি নিশ্চয়ই লক্ষ্য করবেন এবং আমরা আশা করবো যে যাতে সময় মত টাকা গিয়ে সময় মত তার সদ্ব্যবহার হয় তার ব্যবস্থা তিনি করবেন। ম্যানিওর পিটের জন্য যে টাকা দেওয়া হয় সেগুলিকে এমনভাবে খরচ করা হয় যেন খরচ করাই উদ্দেশ্য, যেভাবে খরচ করার কথা, যে কাজের জন্য খরচ করার কথা যে নীতি নিয়ে খরচ করা উচিত সেদিকে তাঁদের মন থাকে না, কোন রকমে দায় সারা করে সেই টাকা খরচ করে একটা রিপোর্ট সরকারের কাছে পাঠাবার জন্য বি ডি ও-রা ব্যস্ত থাকেন। এই হচ্ছে গোঁজামিল। এই গোঁজামিল যাতে না থাকে তার জন্য মন্ত্রিমহাশয় চেষ্টা করেন তাহলে আমরা খুসী হবো।

(এ ভয়েসঃ ২০ বছর ধরে ত আপনারা গোঁজামিল করেছেন।)

২০ বছরে আমরা যা করেছি এই ৫ বছরে আপনারা তা পিছিয়ে দেবেন, আপনাদের যা কাজ আপনারা তা করবেন আমরা তা জানি। আপনাদের দ্বারা দেশের সর্বনাশ হবে, অন্য কোন কাজ সাধিত হবে না। এই কয়েকটি কথা বলে এবং এই ব্যয়-বরাদ্দের বিরোধিতা করে আমি আমার সংক্ষিপ্ত ভাষণ শেষ করছি।

[At this stage the House was adjourned for 20 minutes.]

খবর দিয়ে সতর্ক করে দিলেন। ফলে আর সেখান থেকে আমরা খাদ্য সংগ্রহ করতে পারলাম না। এই ধরনের অন্যায় আচরণের আমি তীব্র প্রতিবাদ করছি এবং আপনার মাধ্যমে মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[2-50—3-20 p.m.]

শ্রীনারায়ণ চন্দ্র চৌধুরী: মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রিমহাশয়ের যে ব্যয়-বরাদ্দ এই বিধান সভায় উত্থাপন করেছেন, আমি তার বিরোধিতা করতে উঠে কয়েকটি কথা বলতে চাই।। মাননীয় সদস্য শ্রীজয়নাল আবেদিন মহাশয় দুঃখ করেন যে সুশীলবাবু নাকি তাঁর বক্তৃতায় কংগ্রেস সরকার যে কমিউনিটি ডেভেলপমেন্টের জন্য এত কিছু করেছেন তা তিনি দেখতে পান নি বলে, তিনি দুঃখ প্রকাশ করেছেন। আমি আবেদিন সাহেবকে বলবো দুঃখ প্রকাশ করবার কারণ নেই। এই সম্পর্কে আমি একটা গল্প বলছি। তা হচ্ছে এই—সীতা উদ্ধারের পরে, যখন সীতাকে উদ্ধার করে আনা হল, তখন হনুমান সীতাকে দেখে আশ্চর্য হয়ে গিয়েছিলেন। হনুমান ভাবলো এ'র জন্য যুদ্ধ করলাম, লঙ্কা জয় করলাম, লঙ্কা পুড়িয়ে এলাম এই সীতার জন্য—অতএব সীতাকে দেখে হনুমান বললো

"ন লাঙ্গুলং নরোমানি, ন দগ্ধং বদনং তথা;

দুর্ভাগ্যং রামভদ্রস্য, তদর্থং সিন্দুবন্ধনং"।

এই সীতা, যার ল্যাজ নেই, যার মুখটা পোড়া নয়, এর জন্য এত যুদ্ধ করলাম। আজ এখানে আমাদের খাদ্য মহাশয়কে দেখে তাই মনে হচ্ছে কংগ্রেস এত কমিউনিটি ডেভেলপমেন্ট প্রোগ্রাম করলো, ১৫ বছর ধরে এত যুদ্ধ করলো, গ্রাম জীবনের উন্নতি করলো এবং সহর ও গ্রামাঞ্চলের মধ্যে একটা ইকনমিক ব্যালেন্স করবার জন্য কংগ্রেস যে কর্মসূচী গ্রহণ করলো, সেই কর্মসূচী আজ খাদ্য মহাশয় যে দেখতে পাবেন না তা আপনি এই শ্লোকটি অনুধাবন করলেই বুঝতে পারবেন। আর একটা কথা আছে—

sweet words butter no parsnips

মিঠি কথায় চিঁড়ে ভেজে না। আমাদের খাদ্য মহাশয় ইকনমিক প্রচেষ্টা, নিরলস সেবা ও ত্যাগ, অধ্যবসায় ইত্যাদি বড় বড় কথা অভিধান থেকে খুঁজে বের করে বাজেট বক্তৃতা দিলেন, তাতে ঐ দুটিই চিঁড়ে ভিজবে না। সুশীল ধাড়া মহাশয়কে একটা কথা বলতে চাই তিনি কেন এই খাতে বেশী টাকা ব্যবস্থা করতে পারলেন না? তিনি বার বার কেন সীমিত, সীমিত করে কথা বলছেন? এতদিন পর্যন্ত যে এত গালিগালাজ করে এলেন, এখন তিনি সীমিত অর্থ সঙ্গতির কথা বলছেন, এবং কংগ্রেসের ঘাড়ে সমস্ত দোষ চাপিয়ে নিজেরা নিষ্কৃতি পাবার চেষ্টা করছেন। এই যাঁর ভুল ধারণা জনসাধারণকে এইভাবে বিভ্রান্ত করা তাঁর পক্ষে সম্ভব হবে না। তাঁরা যে পথে চলতে আরম্ভ করেছেন, তাতে একটা কথা ইতিমধ্যেই আরম্ভ হয়ে গিয়েছে—সুশীল-বাবু এই কমিউনিটি ডেভেলপমেন্ট-এর ভার নেবার পর গ্রামাঞ্চলে ডেভেলপমেন্ট ব্লক হয়ে গেছে। ডেভেলপমেন্ট ব্লকের ঠেলায় রুরাল এরিয়ায় সব ব্লক হয়ে যাচ্ছে। এমনি তাঁদের কর্মনীতি, এমনি তাঁদের সব ব্যবস্থাপনা, যার ফলে সমষ্টি উন্নয়নের পথ সর্বপ্রকারে বন্ধ হয়ে গেছে এই ধারণা সকলের মনে হচ্ছে। তিনি বলেছেন কংগ্রেসী আমলে নাকি রাজনীতি করা হত এবং তাঁদের আমলে রাজনীতি করা হবে না। ইতিমধ্যেই সুশীলবাবু কয়েকটি ব্লক এলাকায় গিয়ে, সেখানে বি ডি ও-র সঙ্গে সভা করে, এটিকে কি করে রাজনীতির আখড়ায় পরিণত করা যায় তার জন্য তাঁর চেষ্টার অন্ত নাই। আমাদের একটা কথা আছে, যাকে বলে "মনে মনে মন কলা খাওয়া" তিনি এমন সব হিসাব দিয়েছেন—একটা ধান কম, দুটো ধান বেশী—ঐ রকম ধরনের চলতি কথায় বলেছেন—"মনে মনে মন-কলা খাওয়া"—অর্থাৎ তিনি কিছুই করতে পারেন নি গত চার মাসের মধ্যে। আগামী বছরের মধ্যেও তিনি কিছু করতে পারবেন না, এবং আগামী বছরের মধ্যে যদি তিনি কিছু করেন, তা কংগ্রেস সরকার ১৫ বছরে যা করেছেন তা থেকে পিছিয়ে আসবেন। গ্রামে গ্রামে গ্রামসেবকের কথা তিনি বলেছেন, এই সব গ্রামসেবক যারা কৃষির উন্নতি সাধন করবেন। কিন্তু দেখা যায় যে ফিল্ড ফার্মিং-এর প্রোগ্রামের দিকে গ্রামসেবকরা মন দেন নি। তিনি আবার গ্রামের গ্রামসেবিকার কথা বলেছেন। গ্রামসেবিকা, যাঁরা সেখানে আছেন, তাঁরা যদি সত্যই গ্রামের সেবিকা হন, তাহলে সত্যিই গ্রামের উন্নতি হতে পারে, গ্রাম-জীবনের

সেট দিয়ে মাঠে জল দেওয়া যায় তাহলে গ্রামের চাষী এই সরকারকে আশীর্বাদ জানিয়ে কামনা করবে এই সরকারের দীর্ঘায়ু। তারপর কোন জায়গায় মহামারী হলে এই বি ডি ও-র স্টাফদের যেতে হয়। আমি জানি আগের মনোভাবের কিছুটা পরিবর্তন হয়েছে তবুও এই নতুন সরকারের কাছে আমার আবেদন যে ঐ সমস্ত স্টাফ যেন ঐ পীড়িতদের সহানুভূতির সঙ্গে দেখেন। স্যার, অবশেষে এই ব্যয়-বরাদ্দের দাবী সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Bimal Paik:

মাননীয় স্পীকার মহাশয়, এই কমিউনিটি ডেভেলপমেন্ট-এর জন্য মন্ত্রিমহাশয় যে বরাদ্দ পেশ করেছেন আমি তার সম্পূর্ণ বিরোধিতা করছি। এই কমিউনিটি ডেভেলপমেন্ট-এর মধ্যে তপশীলভুক্ত হিন্দু জাতি তার একটি অঙ্গ বলেই আমি মনে করি। আজকে এদের প্রতি যে অবিচার হয়েছে সেই ইতিহাস আমি আজকে এই সভাকক্ষে রাখবো। যদিও এই সম্পর্কে গ্রান্ট নং ৩১-এ একটু পরেই আলোচনা হবে, তবুও আমি ২।৪টি কথা বলছি। স্যার, আপনি জানেন, ভারতবর্ষ যখন পরাধীন ছিল সেই সময় বর্ণহিন্দুরা তপশীল সম্প্রদায়ভুক্ত হিন্দু জাতির উপর যে অবিচার, অত্যাচার চালিয়েছিল যার ফলে দিনের পর দিন অত্যাচারিত তপশীলভুক্ত হিন্দু জাতিরা অপাংক্তেয় হয়ে তারা ধর্মান্তরিত হয়েছিল। সেদিন তারা সমাজে বসবার কোন অধিকার পায়নি। বাঁচবার মত কোন অধিকার পাইনি, সেদিন বর্ণহিন্দুরা তাদের উপর অবিচার অত্যাচার করেছিল। বিশ্বকবি রবীন্দ্রনাথ সেদিন দৃপ্তকণ্ঠে দুর্বাসার মত একথা ঘোষণা করেছিলেন যে "বিধাতার রুদ্ররোসে দুর্ভিক্ষের দ্বারে বসে ভাগ করে খেতে হবে তাদের সাথে অন্নপান", সেদিন জাতির জনক একথা বুঝেছিলেন এবং এই তপশীলভুক্ত হিন্দু জাতিকে তিনি 'হরিজন' নাম আখ্যা দিয়ে তাদের মাঝখানে বাস করতেন এবং তিনি দিল্লীতে ভাঙ্গী পল্লীতে থাকতেন। এইভাবে কংগ্রেস সরকারও সেই আদর্শ গ্রহণ করে এসেছিল। কিন্তু যুক্তফ্রণ্ট সরকার রাজত্ব পাবার পর--মসনদে আসবার পর সেই বর্ণহিন্দু-তপশীলভুক্ত হিন্দু-জাতিদের উপর আবার অত্যাচার আরম্ভ করেছে। স্পীকার মহাশয়, আপনার নিশ্চয় একথা অজানা নেই যে এই মন্ত্রিসভা যখন ভাঙ্গাতে বসেছিল তখন একজন তপশীলভুক্ত মন্ত্রী নেবার কথা উঠেছিল। তারপর অনেক আবেদন নিবেদনের পর একজনকে নেওয়া হয়েছিল। তাও তাঁকে ঠুঁটো জগন্নাথ হিসাবে বসিয়ে রাখা হয়েছে, কোন দপ্তর না দিয়ে। মাননীয় সভাপাল মহাশয়, আমি আমার কয়েকটি কথা এই সভায় রাখতে চাই। সেটা হচ্ছে এই যে আজকে ঐ তপশীলভুক্ত হিন্দু জাতির দিকে দৃষ্টি আকর্ষণ করবার জন্য। এই প্রসঙ্গে আমি কয়েকটি সাজেশন দিতে চাই। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে তপশীলভুক্ত হিন্দু জাতিরা যে স্টাইপেন্ডটা পায় সেই স্টাইপেন্ড-এর পরিমাণ অত্যন্ত কম। সেই স্টাইপেন্ড তখন বাজার দর দেখে ধরা হয়েছিল, এখন সেটা বাড়িয়ে দেবার জন্য আমি অনুরোধ করছি। আর একটা অনুরোধ করছি যে এই স্টাইপেন্ডটা যখন সেন্ট্রাল গভর্নমেন্ট-এর হাতে ছিল তখন অ্যাড-হক অ্যাডমিশনের সঙ্গে সঙ্গে এটা হোত, কিন্তু আজকে সেটা সম্ভব হচ্ছে না, এক বছর পরে সেটা পাচ্ছে।

[3-30—3-40 p.m.]

অতএব আমি এটা অনুরোধ করবো যাতে অ্যাডমিশনের সঙ্গে সঙ্গে তারা স্টাইপেন্ড পায়—তাতে অনেক ছাত্রের উপকার হবে--এই কথা আমি স্পীকারের মাধ্যমে সভাকক্ষে রাখছি। আর একটা কথা আমি রাখছি এটা দেখবেন যে অনাদৃত, উপেক্ষিত তপশীলভুক্ত জাতিরা কিভাবে বসবাস করছে। আমি আজকে স্পীকারের মাধ্যমে সভাকক্ষের এবং তপশীল মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবো যে এদের ঘর নেই বাড়ী নেই—এরা বাঁচতে পারছে না, চলবার পথে এদের কোন অধিকার নেই- তাদের দিকে করুণা দৃষ্টি রাখবার জন্য আমি বার বার অনুরোধ করে যাবো এবং সবার শেষে একথা আমি বলি যে যদি আজকের দিনে যেকথা যুক্তফ্রণ্ট সরকার মনে করেছেন তাঁরা যতবড়ই জনপ্রিয়তা লাভ করুন তাঁদের মনে দেমাকই থাকুক না কেন একথা বলতে আমি বিন্দুমাত্র কার্পণ্য বোধ করি না, যে আজকের দিনে যদি যুক্তফ্রন্ট সরকার এই তপশীলভুক্ত হিন্দু জাতির দিকে করুণা দৃষ্টি না দেয় তাহলে বালির বাঁধের মত একদিন তারা ভেঙ্গে চুরে

মুছে নিশ্চিহ্ন হয়ে যাবে। অতএব আজকে তপশীলভুক্ত হিন্দু জাতির জন্য ব্লক ডেভেলপমেন্ট থেকে ঘরবাড়ী করে দেওয়া দরকার, তাদের ভালভাবে জীবনযাপন করবার জন্য এদিকে দৃষ্টি দেবার প্রয়োজনীয়তা আছে বলে মনে করি এবং একথাও মনে করি যে কিছু দুস্থ ব্যক্তি তারা অর্থাভাবে কিভাবে দিন কাটাচ্ছে সেদিকেও দৃষ্টি দেবার প্রয়োজনীয়তা আছে। যদিও এ সম্পর্কে আলোচনা একটু পরে হবে তথাপি আমি তপশীলভুক্ত হিন্দু জাতির কথা এই কমিউনিটি ডেভেলপমেন্টের মধ্যে বলছি কারণ এটা তার একটা অংগ বলে মনে করি। এই তপশীলভুক্ত হিন্দু জাতি যদি উন্নত হতে পারে তাহলে গোটা বাংলা দেশ উন্নত হতে পারে—কারণ তারা সমাজের একটা বড় অংগ, তারা যদি সুস্থ দেহ নিয়ে থাকতে পারে তাহলে সমাজ সুস্থ হতে পারে এটা স্পীকারের মাধ্যমে এই সভাকক্ষের এবং তপশীল মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে এই ব্যয় বরাদ্দের সম্পূর্ণ বিরোধিতা করছি।

শ্রীযামিনীরঞ্জন সেন: মাননীয় স্পীকার মহাশয়, এই সমষ্টি উন্নয়ন খাতের ব্যয়-বরাদ্দ আমি সমর্থন করছি এই কারণে যে আমাদের জাতীয় জীবনে পল্লী বাংলার যে স্থান রয়েছে পল্লী বাংলার উন্নতির উপর জাতির এবং দেশের উন্নতি নির্ভর করে। এবং এই সমষ্টি উন্নয়ন পরিকল্পনা আমাদের পল্লী জীবনের সমস্ত ক্ষেত্রে স্বাস্থ্য, শিক্ষা, কৃষি, অর্থনৈতিক, সামাজিক সমস্ত দিক থেকে জীবনের প্রতিটি ক্ষেত্রে এটাকে সামগ্রিকভাবে একটা ইনটিগ্রেটেড প্ল্যান হিসাবে একটা পরিকল্পনার দিক থেকে যাতে পল্লী বাংলাকে গড়ে তোলা যায় তার জন্য পরিকল্পনা কমিশন ১৯৫২ সালে এই সমষ্টি উন্নয়ন পরিকল্পনার ব্যবস্থা করেছিলেন। এটা অত্যন্ত সুন্দর একটা পরিকল্পনা যে পরিকল্পনা বাস্তবে যদি রূপায়িত হতে পারতো তাহলে বাংলা দেশের তথা ভারতবর্ষের চরিত্র বদলে যেতো। তাহার অর্থনৈতিক জীবনে নেমে আসতো সম্পদ সমৃদ্ধি শিক্ষা দীক্ষা সভ্যতায় আজকে বাংলা দেশ উন্নত হতে পারতো। কিন্তু কার অভিশাপে আজকে তা হতে পারলো না—আজকে যুক্তফ্রন্ট সরকারকে তা খুঁটিয়ে দেখতে হবে, নূতনভাবে আবার যাত্রা সুরু করতে হবে। পুরানো ১৯ বছরের ক্লেদ এবং গ্লানি আজকে মুছে দিয়ে নূতনভাবে নূতন ব্যবস্থার মধ্য দিয়ে যাতে গ্রাম বাংলাকে আবার গড়ে তুলতে পারি তার জন্য এই সমষ্টি উন্নয়ন পরিকল্পনাকে আজকে একটা বাস্তব এবং সুষ্ঠু পরিকল্পনার উপর গড়ে তুলতে হবে। তাছাড়া অন্য পথ নেই। আজকে আমাদের বিরোধী পক্ষের বক্তাদের বিশেষ করে আমি জয়নাল আবেদিন সাহেবের বক্তৃতা শুনছিলাম। ঐ রেডিওতে পল্লীমংগল আসরে নানা রকম মোড়লেরা বসে যেভাবে কথা বলেন সেইভাবে আজকে নানা চিত্র তুলে ধরে কংগ্রেসের নানা রকম গুণগান করার ব্যবস্থা ঐ জয়নাল আবেদিন সাহেবের বক্তৃতায় রয়েছে, তার চেয়ে বেশী কিছু পাই নি। কিন্তু এই ১৫ বছর যাবত এই গুণগান সত্ত্বেও পল্লী বাংলায় তাঁদের স্থান হয় নি কেন এটা হয়েছে তা তাঁদের বুঝা উচিত। একজন পূর্ববর্তী বক্তা বিরোধী পক্ষের বলেছেন যে অনেকগুলি ত্রুটির ফলে টাকা খরচ হয়েছে নানাভাবে—সেগুলির জন্য ব্যবস্থা করতে হবে এই দাবী রেখেছেন। স্বীকৃতিও তাঁরা দিয়েছেন যে ত্রুটি তাঁদের হয়েছে, দলীয় রাজনীতির ক্ষেত্রে কিভাবে অর্থের অপচয় হয়েছে তার দৃষ্টান্ত তাঁদের অজানা নাই। কারণ তাঁরা হাতেকলমে পঞ্চায়েত প্রতিষ্ঠানকে দলীয় কুক্ষিগত করে দলের স্বার্থে এত বড় একটা সুন্দর পরিকল্পনাকে জাতির স্বার্থে কার্যকরী না করে রং চ্যানেলে অন্যায়ভাবে সেটা ইমপ্লিমেন্ট করা হয়েছে দলীয় স্বার্থে—এটাই হচ্ছে আসল কারণ। আরও কতকগুলি ত্রুটি রয়েছে—আমরা দেখেছি যে ঐ পঞ্চায়েত প্রধান আঞ্চলিক পরিষদের সভাপতি অর্থ নানাভাবে নিজেদের দলীয় স্বার্থ রক্ষা করার জন্য ব্যয়-করেছে। আমরা দেখেছি হিউম পাইপ দিয়ে ঐ গ্রামাধ্যক্ষের বাড়ীর দাওয়ার সিঁড়ি তৈরী হয়েছে, গ্রামের রাস্তায় হয় নি। ঐ বাদুড়িয়া ব্লকে ইলেকসন-এর সময় যখন গেছি তখন দেখেছি অধ্যক্ষের বাড়ীতে কংগ্রেসী নেতার বাড়ীতে ঐ রাস্তার জন্য যে হিউম পাইপ সেই পাইপ ৫।৭টা দিয়ে বাড়ীর দাওয়ার সিঁড়ি তৈরী হয়েছে। আরও রয়েছে—আজকে হয়তো গ্রামের যে রাস্তাটা তৈরী হবার দরকার ছিল সেই রাস্তাটা তৈরী না হয়ে প্রধান এবং পরিষদের সভাপতির বাড়ীর রাস্তাটি হবার ব্যবস্থা হয়েছে। এমনি করে আজকে নানাভাবে অর্থের অপচয় হয়েছে। আমার পূর্ববর্তী বক্তা বিরোধীপক্ষের তিনি খানিকটা সাম্প্রদায়িকভাবে সিডিউল্ড কাস্টের কথা বলেছেন, কিন্তু এটা সিডিউল্ড কাস্টের শুধু চিত্র নয়,

গ্রামাঞ্চলের গরীব জনসাধারণ আজকে তারা এই পঞ্চায়েত এবং সমষ্টি উন্নয়ন পরিকল্পনা মারফত গ্রামের সাধারণ যে তথাকথিত ডাউন ট্রডেন আন্ডার ডগস অব দি সোসাইটি তাদের যে উন্নতি করার প্রয়োজন ছিল সেদিকে তাঁরা নজর দেন নি। দলীয় স্বার্থে কয়েকটি মোড়ল মাতব্বর যারা পঞ্চায়েত দখল করতে পেরেছে তাঁরা অর্থ আত্মসাৎ করেছে নিজেদের দলীয় স্বার্থের জন্য যার জন্য গ্রাম বাংলাকে আজকে গড়ে তোলা যায় নি। আমি মাননীয় মন্ত্রিমহোদয়ের কাছে এই আবেদন জানাচ্ছি যে আমাদের কতকগুলি অসুবিধা রয়েছে সেগুলি আজকে আমাদের পরিকল্পনার সুষ্ঠু রূপায়ণের পক্ষে ক্ষতিকর, সেদিকে আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। তার কারণ আজকে সমবায় একটা অত্যন্ত প্রয়োজনীয় ডিপার্টমেন্ট, যেটার দ্বারা গ্রাম বাংলাকে গড়ে তোলা যায়। কিন্তু আইনের মধ্যে অসংখ্য ফাঁক রয়েছে। এ বছর যখন গেলো তখনও লোন পায় নি—গত বছর ফসল মার খাবার ফলে যেগুলি খরা অঞ্চল বলে ঘোষিত হয় নি, সেই সমস্ত জায়গায় যে সমস্ত কৃষকরা ঋণ শোধ করতে পারে নি, সেই সমস্ত জায়গায় ঋণ দেওয়া হয় নি। কারণ ঐ রিজার্ভ ব্যাঙ্কের আইনে আছে নাকি—শতকরা ৮০ পারসেন্ট যদি শোধ করতে না পারে তাহলে সেই সমিতিকে নূতন লোন দেওয়া হবে না। যদি ৬০।৭০ পারসেন্ট শোধ হয়ে থাকে সেই সমস্ত কৃষক যারা কষ্ট করে শোধ দিয়েছে নূতন কৃষি যখন সুরু হতে চলেছে যখন চাষ আরম্ভ হতে চলেছে তখন তারা ঋণ পাচ্ছে না—ফলে মহাজনের কাছে তাদের হাত পাততে হবে। এই আইন বদলাতে হবে এবং সমবায়ের ভিত্তিতে গ্রামাঞ্চলে কৃষিকে গড়ে তোলবার যে ব্যবস্থা সেখানে অনেকগুলি স্টাফ রয়েছে—সেই স্টাফ নামেই আছে, তার জন্য প্রচুর অর্থ ব্যয় হচ্ছে কিন্তু কাজে এগোতে পারা যাচ্ছে না। আজকে সমবায়ের দিকে যদি তাকাই গ্রামাঞ্চলের সমবায় আজকে সুষ্ঠু বনিয়াদের উপর গড়ে উঠতে পারে নি, কৃষির দিকে যদি তাকাই ২০ বছর পরে কংগ্রেসী অপশাসনের ফলে কৃষির উন্নতি হতে পারে নি, যার জন্য খাদ্যের অবস্থা আজ চূড়ান্তে এসে পৌঁচেছে।

[3-40—3-50 p.m.]

আমরা যদি শিল্পের দিকে তাকাই তাহলে দেখবো কুটির শিল্প আজকে ২০ বৎসরে ধ্বংসের দিকে গেছে যার ফলে গ্রাম্য জীবনের একটি চূড়ান্ত বিপর্যয় এসেছে। আজকে মন্ত্রিমহাশয়ের কাছে একথা বলবো, যে একটা ইন্টিগ্রেটেড প্ল্যান যে প্ল্যানের মধ্যে কতকগুলি টাকা বিভিন্ন ডিপার্টমেন্ট-এর মাধ্যমে ভাগ হয়েছে এবং তা কিছুটা ব্লক-এর মাধ্যমে ব্যয় হচ্ছে, তার সবকিছুই ইন্টিগ্রেটেড প্ল্যান হিসাবে কুটিরশিল্প, শিক্ষা, রাস্তাঘাট, ইত্যাদির দিক থেকে একটা টোটাল সাম করে সেটাকে সমষ্টি উন্নয়ন পরিকল্পনা খাতে ব্যবস্থা করতে হবে। এরকমভাবে ক্যাশ-মেন্টেশনের জন্য কাজের অসুবিধা হচ্ছে। এদিকটা আপনি একটু চিন্তা করবেন। আর একটা কথা হচ্ছে এখানে ডবল শাসন চলছে, একটা হচ্ছে পঞ্চায়েত আর একটা ব্লক। আমাদের সামনে যে পঞ্চায়েত আইন হতে যাবে, তার মধ্যে এটা ভাবতে হবে কি করে সমষ্টি উন্নয়ন পরিকল্পনায় যে অর্থ ব্যয় করা হবে গ্রামাঞ্চলে যাতে সেটা দ্বৈত শাসনের মধ্যে পড়ে সমস্ত এলোমেলো না হয়ে যায় তার ব্যবস্থা করতে হবে। আরো যে সমস্ত অসুবিধা রয়েছে সে অসুবিধা দূর করার দিক থেকে আরও ভালভাবে পরিকল্পনা রূপায়ণের জন্য চিন্তা করতে হবে। এই অনুরোধ করে এ ব্যয়-বরাদ্দ সমর্থন করছি।

শ্রীমিহির উপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, একটা অনগ্রসর দেশ এবং তার নানারকমের যে সমস্যা আছে তাকে সামনে রেখে ভারতবর্ষে যাবা সমষ্টি উন্নয়ন পরিকল্পনা করেছিলেন তাদের আমি অভিনন্দন ও ধন্যবাদ জানাই। গ্রাম গাথা বাংলাদেশের গ্রামগুলিতে উন্নয়ন করার কাজে তারা হাত দিয়েছিলেন এই সমস্ত গ্রামগুলিতে চিরস্থায়ী বন্দোবস্তের আমলে জমিদার-দের কল্যাণের হস্ত দ্বারা সেগুলি সেবিত হত। চিরস্থায়ী বন্দোবস্ত চলে যাবার পর গ্রামের সামাজিক জীবনে একটা মস্তবড় ভ্যাকুয়াম দেখা দিল আর যাই হোক এ যারা এই কল্যাণের কাজে নিজেদের নিয়োজিত করতেন গ্রামের রাস্তাঘাট, চিকিৎসা ব্যবস্থা, পুষ্করিণী, শিক্ষা ব্যবস্থা, ইত্যাদি সমস্ত কিছুর মধ্যে একটা সামঞ্জস্য ও উন্নতি-বিধান করে তাঁরা গ্রামীণ জীবনকে সুন্দরতম করে তোলার কাজে নিজেদের নিয়োগ করেছিলেন, সেই বিরাট শূন্যতায় সরকারী কিম্বা বেসরকারী ব্যবস্থার দ্বারা কল্যাণের হস্ত প্রসারিত করা দরকার। এই কথা চিন্তা করে সমষ্টি উন্নয়নের ব্যবস্থা হয়। এই সমষ্টি উন্নয়ন পরিকল্পনার পেছনে যে একটা মহৎ উদ্দেশ্য

ছিল সেটা হচ্ছে গ্রামীণ জীবনকে সামগ্রিকভাবে উন্নত করে তোলা। ভারতবর্ষের শহর জীবনের সঙ্গে গ্রামীণ জীবনের অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক ইত্যাদি দিক থেকে নানান ব্যবধান আছে, সে ব্যবধান যাতে দূর করতে পারা যায় তার জন্য এ ব্যবস্থা। এ ব্যবস্থা প্রয়োজন গ্রামে অর্থনৈতিক জীবনকে পুনরুজ্জিবিত করে তোলা, শিক্ষায় সমৃদ্ধ করা, সাংস্কৃতিক দিক থেকে নানারকম উৎসাহ ও উদ্দীপনায় ভরপুর করে তোলা যাতে কিনা এ গ্রামকে নিয়ে আমরা নিজেদের জাতির সাংস্কৃতিক অঙ্গ হিসাবে গর্ববোধ করতে পারি এবং তাকে যা • • পুনরুজ্জীবিত করতে পারি। যদিও সমষ্টি উন্নয়ন বিভাগ এ সমস্ত গ্রামগুলির শিক্ষার ও সাংস্কৃতিক দায়িত্ব নিলেন তবু আমি আত্মিক সমালোচনার দৃষ্টিভঙ্গী নিয়ে এ কথা বলছি। অনেক আশা করা হয়েছিল, আমাদের বহুদিনের স্বপ্ন যা ছিল তা কিন্তু কার্যকরী হয় নি। গ্রামের যারা মানুষ তারা জানেন গ্রাম এখন অশিক্ষায় ভরা, গ্রামের জীবনে এখনও নানান সমস্যা আছে, চিকিৎসার অভাবে গ্রামের মানুষ এখনও নানারকম অসুখে ভুগছে। সমস্ত দিক বিবেচনা করলে গ্রামের মধ্যে যে সুন্দরতম জীবন আমরা আশা করেছিলাম তা সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছে। আমরা এক একটা কমিউনিটিকে মনে করেছিলাম গ্রীসের এথেন্সের সিটি স্টেটের মত হবে। গ্রামের যারা পরিচালক তাদের কাছে গ্রামের সমস্যা সমাধানের জন্য লোকেরা বলবেন এবং তার ফলে গ্রামগুলির স্বয়ংসম্পূর্ণ হবে এবং এক একটা গ্রাম আত্মনির্ভরশীল ইউনিটে পরিণত হবে। কিন্তু আমাদের সে আশা বাস্তবে পরিণত হয় নি। এর জন্য সরকারের যে অর্থ বরাদ্দ প্রয়োজন ছিল সে অর্থ হয়ত বরাদ্দ হয়েছে কিন্ত তা কার্যকরী হয় নি। কিন্তু আমরা দেখছি যে, যে অর্থ ব্যয় করা হয়েছে তা অপচয় হয়ে গেছে, গ্রাম যে অন্ধকারের মধ্যে নিমজ্জিত ছিল আজও সেই অন্ধকারের মধ্যেই নিমজ্জিত আছে। সাহিত্যিকদের ভাষায় বলে যে গ্রামের প্রহরে প্রহরে এখনও শিয়াল ডাকে। গ্রামের কোনো উন্নতি হয় নি যাদের দায়িত্ব তুলে দেওয়া হয়েছে একজন মাত্র অফিসারের উপর যাকে আমরা বলি বি ডি ও এই বি ডি ও-এর কার্যক্রম এবং গ্রামের সত্যকারের উন্নতি এই দুয়ের মধ্যে যদি না আমরা কো-হারেন্স দেখি তাহলে আমার মনে হয় বি ডি ও-এর কাজ হবে ডেভালপমেন্ট না করে ডেভালপমেন্ট ব্লক করে দেওয়া, অর্থাৎ নাকি সরকারী উন্নয়নের পথ বন্ধ করে দেওয়া। সরকারী অর্থে তাদের পরিপুষ্ট করা হচ্ছে তার জায়গায় বিরাট বাধা তারা সৃষ্টি করছে। গ্রামসেবক এবং গ্রামসেবিকারা রাজনৈতিক দলগুলির শিকারে পরিণত হয়েছে। যেসমস্ত ব্যবস্থার মাধ্যমে গ্রামগুলির যে উন্নতি আমরা আশা করেছিলাম সে উন্নতির কোন ব্যবস্থা হয় নি। সবচেয়ে আশ্চর্য কথা হচ্ছে যে, বি ডি ও-এর মাধ্যমে গ্রাম্য জীবনের উন্নতি করার দায়িত্ব তাদের নিম্নতমগুণ যা প্রয়োজন তা হচ্ছে লোকাল লিডারশিপ। কিন্তু তার উপর অ্যাডমিনিস্ট্রেশন এবং একজিকিউটিভ-এর অতিরিক্ত কাজ চাপান হয়েছে। তারা ত দেখি ফাইল চাপা হবার উপক্রম। তাঁরা দেশের কল্যাণের কাজে মোটেই সময় নিয়োগ করতে পারেন না। বি ডি ও-এর উপর এইরূপ যদি একটা অ্যাডমিনিস্ট্রেটিভ কাজ চাপিয়ে দেওয়া হয়, যদি সমস্ত কিছুই তাদের উপর চাপিয়ে দেওয়া হয় তাহলে গ্রামের উন্নতি হবে না। অন্য কোন সারকেল অফিসার বা অন্য কোন সাবরডিনেট অফিসার-এর উপর অনেকখানিক দায়িত্ব ন্যস্ত হওয়া উচিত। গ্রামের সত্যিকার উন্নতি এবং কল্যাণ করতে হয় তা হলে এই ধরনের লিডারশিপ দরকার। যারা গ্রামকে ভালবাসেন, যারা গ্রামীণ জীবনকে ভালবাসেন এবং যারা গ্রামের জনসাধারণের সুখদুঃখের সঙ্গে জড়িত এ গ্রামের সকল ভবিষ্যত উন্নতিকে যারা জয়যাত্রার পথে নিয়ে যেতে পারবেন এরূপ ধরনের লিডার দরকার। আমি সরকারকে অনুরোধ করবো যাদের নির্বাচিত করা হয় তাদের উপর অনেক কাজের দায়িত্ব দেওয়া হয়, যার ফলে কাজ হয় না। গ্রামের লোকেরা যারা আছেন তারা সত্যকারের অভিজ্ঞতা থেকে বলতে পারবেন যে, তারা এই বিভাগে আসার পূর্বে যা হোক কোন কিছু ব্যবস্থা হচ্ছিল আজকে সে অবস্থা ভেঙ্গে গেছে বলে আমার মনে হয়। আমার পূর্ববর্তী বক্তা বলেছেন তাতে আমরা আশা করেছিলাম যে গ্রামগুলোকে রাজ্যসরকারের যে কলকাতা অফিস-এর সঙ্গে যোগাযোগ ব্যবস্থা করতে পারবেন। যে অবস্থা ছিল, সে অবস্থার আজ কোন কিছুর পরিবর্তন হয় নি, আমার বক্তব্য শেষ করবার আগে আমি সমষ্টি উন্নয়ন মন্ত্রিমহাশয়ের কাছে নিবেদন করব যে গ্রাম দেশের অপরিহার্য অঙ্গ সেদিকে দৃষ্টি দিয়ে অর্থ যাতে সৎ ব্যয় হয় সেদিকে আপনারা দৃষ্টি রাখুন, বি ডি ও গ্রামের মানুষকে আজকে যাতে ইনসপায়ার করতে পারেন এবং ইনসপিরিসন-এর দায়িত্ব যাতে তিনি পালন করতে পারেন সেভাবে বি ডি ও নিয়োগ করুন। শুধুমাত্র সরকারী কর্মচারীর দ্বারা

এই সমষ্টি উন্নয়নের কাজ সম্পূর্ণ হয় না, সমষ্টি উন্নয়নের কাজ সমাধান করতে হলে সরকারী কর্মচারীদের সংগে যাতে মানুষের, গ্রামের মানুষের সহযোগীতায় আসতে পারে সেজন্য এ বিষয়গুলি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[3-50—4 p.m.]

পার্লামেন্টারী ডেমোক্রেসির সবচেয়ে বিপজ্জনক অবস্থা হচ্ছে এই। স্পীকার মহাশয়, আবার আমি আপনাকে ধন্যবাদ জানাই আপনি আমায় আর একটু বলতে সময় দিয়েছেন। আমি জানি গ্রামগুলির উন্নতির জন্য সারা বাংলাদেশের সকল স্তরের মানুষের সর্বপ্রথম সহানুভূতির প্রয়োজন রয়েছে। আজ এই সম্পর্কে পুনরায় আলোচনা করবার সুযোগ দেওয়ায় বুঝতে পারছি যে সরকার পক্ষ এবং বিরোধী পক্ষ সকলেই একমত যে গ্রামগুলিকে পুনরুজ্জীবিত করা একান্ত প্রয়োজন। তা যদি করতে হয় তাহলে সমস্ত মানুষেরই সেই গ্রামের দিকে দৃষ্টি নিবন্ধ করতে হবে। সেখানকার কৃষিকার্যের উন্নতির জন্য আধুনিক পদ্ধতিতে কৃষিকার্যের ব্যবস্থা যাতে হয় সেদিকে দৃষ্টি রাখতে হবে। তার জন্য ভাল জাতের বীজ তাদের দিতে হবে, ভাল রকম বর্ষণের ব্যবস্থা যাতে হয় তার দিকে লক্ষ্য রাখতে হবে এবং কি করে বেশী ফসল উৎপন্ন করা যেতে পারে তার দিকে দৃষ্টি রাখতে হবে। গ্রামের উন্নতি নির্ভর করে গ্রামীণ সাংস্কৃতিক ও শিল্প রক্ষা করবার উপর। কাজেই গ্রামের শিল্প উন্নতি করার জন্য কুটিরশিল্পকে অগ্রাধিকার দিতে হবে। তাঁর কাছে আমি এই অনুরোধ জানিয়ে, আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ রাধাকৃষ্ণ সিংহঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তা সমর্থন করে আমি আপনার মাধ্যমে কতকগুলি সমস্যার কথা এখানে তুলে ধরতে চাই। ১৫ বছরের মধ্যে কমিউনিটি প্রোজেক্ট ও ব্লক ডেভালপমেন্ট আমাদের বাংলাদেশ তথা ভারতবর্ষের অন্যান্য জায়গায় প্রতিষ্ঠিত হয়েছিল। কারণ হচ্ছে পল্লী জীবনের সংগে সরকারের একটা ঘনিষ্ঠ যোগাযোগ স্থাপন করা। আমার সংগে সকলেই একমত হবেন যে, আজ পর্যন্ত যে টাকা খরচ করা হয়েছে তা সমস্তই অপব্যবহার হয়েছে। হয়ত আমার পক্ষে এটা একটু অতিরঞ্জিত হচ্ছে, আমি এটা জানি—আমি নিজে গ্রামে বাস করি এবং গ্রামের লোকের সংগে ওতপ্রোতভাবে জড়িত। এই বি ডি ও যে উদ্দেশ্যে প্রণয়ন করা হয়েছিল তা পরিপূর্ণভাবে ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। কারণ মন্ত্রিমহাশয় বলেছেন কৃষি উৎপাদন, পানীয় জল, ইন্ডাস্ট্রিজ, কো-অপারেটিভ, গরুর চিকিৎসা ইত্যাদি সমস্ত রকম ডিপার্টমেন্ট রয়েছে এবং এর ফলে একটি ছোটখাটো মিনিয়েচার রাইটার্স বিল্ডিংস হয়ে পড়েছে। আপনি জানেন স্যার, মুসলীম লীগের সময় কতকগুলি জুট অফিসার নিয়োগ করা হয়েছিল। তাঁরা পলিটিক্যাল প্রোপাগান্ডা করতেন, জুট প্রকল্পে আসতেন না। আমাদের এই পলিটিক্যাল নেতারা পঞ্চায়েতী রাজকে নিজেদের হাতের একটি ইনস্ট্রুমেন্ট হিসাবে প্রয়োগ করার জন্যই যত গোলমাল হয়েছে। স্যার, আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন যে, আজকে এখানে যে বাজেট পাশ করা হচ্ছে সেই বাজেটের টাকা আগে সেখানে গিয়ে ঠিক সময়ে পেঁৗছাতো কিনা সন্দেহ আছে। কারণ, চাষীকে যখন ঋণ দেবেন তখন তার হয়ত চাষ শেষ হয়ে গেছে, যখন সারের ঋণ দেবেন তখন হয়ত তার ধান কাটার সময় এসে গেছে, আবার যখন তাকে বলদ কেনবার ঋণ দিলেন তখন হয়ত তার চাষ একেবারেই শেষ হয়ে গেছে, আর বলদ কিনতে হয় নি। কাজেই সময়মত যাতে গভর্নমেন্টের টাকা চাষীদের কাছে গিয়ে পেঁৗছায় সেদিকে দৃষ্টি দিতে হবে। দ্বিতীয় হচ্ছে অফিসারদের মেন্টালিটি অর্থাৎ মনোবৃত্তি। আমার মনে হয়

It should be an organisation of specialised social service

হওয়া উচিত। স্পেশালাইজড সোসাল সার্ভিস যদি না করেন তাহলে কি করে কাজ হবে? কারণ ওখানে হয়ত একটা ভেটারিনারি হসপিটাল করতে হবে। কারো গরুর অসুখ হলে লোককে দেখাতে হবে যে, এইভাবে চিকিৎসা করতে হবে। তারপরে ওখানে ধানের খামার করতে হবে। সেই জন্য আমি বলছি সোস্যাল সার্ভিস সেন্টার করতে হবে। শুধু বাজেট পাশ করে দিলাম, সকলে বক্তৃতা দিলেন ও'রা বিরোধিতা করলেন, তারপরে পাশ হয়ে গেল—এতে কিছু কাজ হবে না। ব্রিটিশ গভর্নমেন্ট চলে যাবার পর আমার মনে হয় বড লোক আরো বড় লোক হয়েছে সাধারণ গরীব চাষী, গরীব মানুষেরা আরো গরীব হয়েছে। বড় বড় মনীষীরা গরীব মানুষদের কথা ভেবে ভেবেও কিছু করতে পারলেন না। আমার আর বেশি সময় নেই। লাল

আলো জ্বলে গেছে। আমি আর এক মিনিটের মধ্যেই আমার বক্তব্য শেষ করছি। সেই জন্য **আমি বলছি যে, আমাদের ব্লক ডিপার্টমেন্টের অফিসারদের নেশন্যাল আউটলুক চেঞ্জ করতে হবে।** আমি জানি গ্রামে এগ্রিকালচার এক্সটেনশন্যাল অফিসারের সংগে কোন চাষী ভয়ে কথা বলতে পারে না। গ্রামসেবক দেখলে আমারও ভয় লাগে যে কি করে তাঁর সংগে কথা বলব। আমারই যদি এই অবস্থা হয়, তাহলে চাষীরা কি করে কথা বলবে সেটা একটু ভেবে দেখুন। কতকগুলি ভেস্টেড ইন্টারেস্টেড লোক রয়েছে যারা সেবকদের হাতে রেখে দিয়েছে। সবজীবীজ এলেই তাঁরা তাদের বাড়িতে পৌঁছে দিচ্ছেন। কাজেই এটা যদি বন্ধ করতে না পারেন তাহলে এই ১৯ কোটি টাকার বরাদ্দ ব্যর্থতায় পর্যবসিত হবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Kanai Saha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ব্লক ডেভেলপমেন্ট খাতে যে ব্যয়বরাদ্দের প্রস্তাব উত্থাপিত হয়েছে তার বিরোধিতা প্রসংগে এই কথা বলতে হয় যে, ডেভেলপমেন্ট ব্লকগুলি বর্তমানে কি করবে তাঁরা কি গ্রামগুলো উন্নয়ন করবেন না তাঁরা গভর্নমেন্টের ১৪টি পার্টির উন্নয়ন করবেন। অবশ্য বি ডি ও-দের সামনেও একটা বড় প্রশ্ন দেখা দিয়েছে এবং কোন কোন বি ডি ও তার উত্তরও পেয়ে গেছেন এবং সেই উত্তর অনুযায়ী কিছু কিছু কাজও করতে আরম্ভ করে দিয়েছেন। আমি বাঁকুড়া জেলার সোনামুখি এবং পাত্রসায়ার থানার দুটি ব্লকের কথা উল্লেখ করছি। সোনামুখিতে যে বি ডি ও আছেন তাঁকে আমি এক মাস ধরে চেষ্টা করেছি দেখা করার জন্য, কিন্তু কোনও সময় তাঁর দেখা পাই নি। তিনি সব সময় বাইরে আছেন। আর একজন আছেন এ. ই. ও. অনিল কুসুম দে, ঐ ভদ্রলোকও সব সময় বাইরে আছেন এবং সব সময় মাওবাদ প্রচার করে বেড়াচ্ছেন। যদি সুশীলবাবু একটু অনুগ্রহ করে খোঁজ নেন তাহলে বুঝতে পারবেন যে কি অবস্থা সেখানে চলছে। আর পঞ্চায়েত সুপারভাইজার যিনি আছেন তিনিও তথৈবচ। বি ডি ও অনিলবাবুর কথা ছাড়া এক পাও নড়েন না, এই হচ্ছে বি ডি ও-র কার্যকলাপ। কিছু কিছু ফুড রিলিফ কমিটি যেটা অগণতান্ত্রিক পদ্ধতিতে গঠিত হয়েছে—বি ডি ও পরিচালিত হন বাংলা কংগ্রেসের যিনি পরাজিত প্রার্থী তাঁর নির্দেশ অনুযায়ী এবং লেফট সি পি আই-এর লোক্যাল লিডার যিনি রয়েছেন তাঁদের নির্দেশে পরিচালিত হন। লোন যেগুলো আসছে, ২২এ মে লোন দেবার জন্য মিটিং করা হলো কিন্তু আজ পর্যন্ত লোন ডিস্ট্রিবিউটেড হচ্ছে না। মাননীয় স্পীকার মহাশয়, আমি গত মার্চ মাসে আমাদের গ্রামের কয়েকটি বাড়ি ভস্মীভূত হয়। ফোর্থ মার্চ ঘটলো ১৫ই মার্চ আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করি, তিনি সংগে সংগে জেলা শাসককে ফোন করলেন আমার সামনে, পরে খোঁজ নিয়ে জানলাম যে বি ডি ও-কে নির্দেশ দিয়েছে রিকুইজিশন দিতে যে কত টাকা লোন লাগবে, কিন্তু আজ পর্যন্ত বি ডি ও কোন রিকুইজিশন দেন নি। আর এই গরীব চাষীরা যাদের ঘরবাড়ি প[illegible], যাদের দুবিঘা-চারবিঘা সামান্য জমি ছিল তা বিক্রি করে তাদের ঘরের আচ্ছাদন তৈরী করতে হয়েছে। এই প্রসংগে একটা কথা মনে হচ্ছে যে, এই যে যুক্তফ্রন্ট সরকার এ'রা কি বলবেন, এ'রা কি নিজেদের দোষ দেখতে পাচ্ছেন না, এ'দের কথা শুনে মনে হচ্ছে অষ্টাদশ শতাব্দীতে ইংলন্ডে এক শ্রেণীর লেখক জন্মেছিলেন তাঁরা সব সময় নিজেদের দোষ ঢাকবার জন্য পূর্বপুরুষদের দোষ দিতেন এ'রা হচ্ছেন সেই শ্রেণীর লোক, নিজেদের ব্যর্থতা ঢাকবার জন্য কংগ্রেসের বিশ বছরের সমালোচনা করছেন এবং কংগ্রেসের উপর দোষারোপ করছেন, এ'রা নিজেরা কি করছেন, সেটুকু তাঁরা নিজেরা কিছু বললেন না।

[4—4-10 p.m.]

এরা কিন্তু নিজেদের দোষ দেখতে পায় না, এদের কথা শুনে একটা কথা মনে পড়ছে। অষ্টাদশ শতাব্দীতে এক শ্রেণীর লেখক জন্মগ্রহণ করেছিলেন—যাঁরা সবসময় নিজেদের ব্যর্থতা ঢাকবার জন্য তাঁদের পূর্বপুরুষ যেসমস্ত লেখক ছিলেন, তাদের উপর দোষারোপ করতেন। এ'রাও সেই শ্রেণীর মানুষ, যাঁরা নিজেদের দোষ বা ব্যর্থতা ঢাকবার জন্য কংগ্রেসের বিশ বছরের রাজত্বের সমালোচনা করবেন, কংগ্রেসের উপর দোষারোপ করবেন। এতে আশ্চর্যের কিছুই নাই। কিন্তু এ'রা নিজেরা কি করলেন তাঁরা তা দেখতে পাবেন না।

Shri Trilokesh Misra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সমষ্টি উন্নয়ন ক্ষেত্রে ব্যয়বরাদ্দ সম্বন্ধে আলোচনা করতে গিয়ে আমি প্রথমে এই কথাই বলবো যে, সমষ্টির কথা চিন্তা করতে গিয়ে ব্যক্তির কথা ভুলে গেলে চলবে না। কারণ ব্যক্তিকে নিয়েই সমষ্টি। তাই মন্ত্রিমহাশয়কে প্রথমে বলি যে, কমিউনিটি ডেভালপমেন্ট প্রোজেক্ট-এ এডুকেশনাল অ্যাসপেক্টস-এর উপর সবচেয়ে বেশী জোর দেওয়া দরকার যদি কৃষির উপর সবচেয়ে বেশী জোর দেওয়া হয়েছে। সেদিন কৃষি বাজেটে আমাদের কৃষি-মন্ত্রিমহাশয়কে কৃষিবিজ্ঞান সম্পর্কে বলেছিলাম যে, আমাদের ছেলেরা এগ্রিকালচারাল স্কুলে বা কলেজে পড়বার স্থান পাচ্ছে না। কল্যাণী কৃষি কলেজের কথাই তাঁকে বলেছিলাম। উনি বলেছিলেন যে, কল্যাণী কলেজের যে অবস্থা, তাতে কলেজ তো আর বাড়ান যায় না; তবে আমরা কতকগুলি ফার্মস করে দেব। আমি সেই কথা মনে করে বলতে চাইছি যে, এগ্রিকাল-চার-এর যদি ডেভালপ করতে হয়, যেটা আমাদের এখানে নেই—বহু স্কুলে এগ্রিকালচারাল স্কীমই থেকে গেছে, সেই স্কুলের সঙ্গে যে ব্লক রয়েছে এক্সটেনশন অফিসার রয়েছে, তার কোন যোগাযোগ থাকে না। তাদের মধ্যে একটা কো-অর্ডিনেশন থাকা দরকার। খাদ্যমন্ত্রী যে কথা বলেছিলেন ফার্মের কথা—সেই কথা বলতে গিয়ে তিনি বলেছেন যে ইউ কে-তে একটা কথা রয়েছে—

The Development Fund Act of 1909 was a mile stone in the history of extension and community development. Under this Act several farms were instituted or set up to provide instruction in practical farming to boys and girls of 16 years or more for a period of one year and also to provide meeting place for farmers who had derived benefits from the new practice. Voluntary organisations like young farmers' club were started by these institutions.

খাদ্যমন্ত্রীর সেই ফার্মের কথা আজ তাঁকে বলতে চাই যে এগ্রিকালচারকে প্রমিনেন্ট প্লেস দেওয়া হয়েছে ব্লকের মধ্যে। এই ব্লক ডেভালপমেন্ট অফিসার্স যদি এগ্রিকালচারাল গ্র্যাজুয়েটস হন, তাহলে আমার মনে হয় খুব ভাল হয়। সেখানে তাদের এ্যাপয়েন্টমেন্ট যারা এক্সপিরিয়েন্সড ই ও, তাদের যদি বি ডি ও করা হয়, তাহলে তারা কৃষির উপর জোর দিতে পারে। আর যে-সমস্ত স্কুল রয়েছে, এগ্রিকালচারাল স্কীম নিয়ে তাদের সঙ্গে ব্লকের যোগাযোগ রেখে এগ্রি-কালচারাল ডেভালপমেন্ট-এর জন্য ফারমারদের ডেকে মিটিং করা, তাদের প্রিন্সিপ্যাল কাজ সম্বন্ধে সাজেশন দেওয়া, অফিসাররা ফিলডে গিয়ে হাতে হাতে কাজ শেখান—এই সমস্ত করার বিশেষ প্রয়োজন আছে।

তারপরে দেখছি যে ব্লক-ওয়াইজ অ্যাডমিনিস্ট্রেশন ফাংশন-এর চেয়ে থিয়োরেটিক্যাল বেশী করা হয়, ফাইলের মধ্যে সব কাজ সীমাবদ্ধ যাকে ইনস্ট্রাকশন দেওয়া হয় বেশী, হায়ার অফিসার-দের থেকে গাইডেন্স খুব কম আসে। যারা এক্সটেনশন অফিসার, তাদের ট্রেনিং দেওয়া হয় বটে, কিন্তু কোন বাস্তব অভিজ্ঞতা দেওয়ার জন্য উপর থেকে ইনস্ট্রাকশন খুব কম আছে। আর একটা কথা—যারা গ্রামসেবক বা গ্রামসেবিকা—বা এক্সটেনশন অফিসার, আমার মনে হয় তাদের ফ্রিকোয়েন্টলি ট্রান্সফার করা উচিত নয়। কারণ তারা যে দেশে থাকবে, সেখানকার মানুষের সান্নিধ্যে আসবে, তাদের সঙ্গে ঘনিষ্ঠতা রাখবে, তাদের ভালমন্দ জানতে চেষ্টা করবে। তাই আমার মনে হয় তারা যাতে সেখানে বেশ কিছুদিনের জন্য থাকতে পারে, তাদের ভালমন্দ চিন্তা করতে পারে, তার ব্যবস্থা করা দরকার। আমি তাই বলি ভারতবর্ষের দর্শন যেটা রয়েছে, সেই দর্শন বলে যে উপনিষধ যা গীতাতে বলা হয়েছে যে, ব্যক্তি সত্তার বিকাশ চাই। তাই কমিউনিটি ডেভালপমেন্ট প্রোগ্রাম করতে গিয়ে যে-কোন কাজ করুন না কেন—শিক্ষাগত কাজটা যদি ভাল করে দেখি এবং যারা কাজ করবে তাদের যদি সত্যিকার ট্রেনিং শিক্ষা দেওয়া যায়—প্র্যাকটিক্যাল ফিলড-এ গিয়ে যাতে কাজ করতে পারে, সেই আদর্শের কথা যদি তাঁরা স্মরণ রাখেন, তাহলে আমার মনে হয় কমিউনিটি ডেভালপমেন্ট-এর আমাদের এইম অর এন্ড শুধু মিনস অ্যান্ড মেথড হচ্ছে, ইন্ডিভিজুয়াল ডেভালপমেন্ট; এই ইন্ডিভিজুয়াল ডেভালপমেন্ট যদি না করেন তাহলে কমিউনিটি ডেভালপমেন্ট সম্ভব নয়। এই বলে আমার বক্তব্য আমি এখানে শেষ করছি।

Shri Sushil Kumar Dhara:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যেভাবে তাড়াতাড়ি করতে বলছেন তাতে আমি দুটো কথায় আমার বক্তব্য শেষ করতে পারি—ও'রা যা বলেছেন, তা সব অসত্য। যা হোক, আমি খুব সংক্ষেপে বলছি।

আমাদের জয়নাল আবেদিন সাহেব যে কথা বলেছেন, বিশ্বকবি যে সমষ্টি উন্নয়ন পরিকল্পনার কথা বলেছেন ও'রা এতদিন তার কিছু করতে পারেন নি। কিন্তু আমরা সেই বিশ্বকবির আদর্শে সমষ্টি উন্নয়ন বিভাগকে সুন্দরভাবে রূপায়িত করবার জন্য আমার এই সুন্দর একটা বক্তৃতা প্রথমে আমি দিয়েছি। আর উনি খাদ্যনীতির কথা কেন এখানে বললেন? ভুল করে বলেছেন কিনা জানি না, উনি অনেকদিন এই সভাকক্ষে আছেন এবং মন্ত্রিত্বও কিছুদিন করেছিলেন। আজকে খাদ্য বিষয়ের কোন বাজেটও নয়। কাজেই ওটা বলে তিনি একটু ভুল করেছেন। নূতন নীতির ইঙ্গিত দিতে পারেন নি বলে বলেছেন এবং অ্যানিম্যাল হাসবেন্ড্রি সম্বন্ধে কথা এখানে বলেছেন। আমি বলছি যে নূতন অনেক নীতির কথা বলা হয়েছে। তিনি তাঁর মনটাকে একটু উন্মুক্ত করুন। তাহলে উনি তার মধ্য দিয়ে সব কিছু দেখতে পাবেন। চোখটা একটু খোলা রাখুন তাহলে দেখবেন কত নূতন কথা বলা হয়েছে। ও'র কথা আর আমি পুনরাবৃত্তি করবো না। উনি এনিম্যাল হাজবেন্ড্রির কথা বলেছেন, নিশ্চয়ই ওর মধ্যে এনিম্যাল হাজবেন্ড্রির কথা আছে, ওটা আমাদের পরিকল্পনার মধ্যে রয়েছে এবং প্রত্যেকটা ব্লকের মধ্যে একজন করে অ্যানিমাল হাজবেন্ড্রি অফিসার আছেন এবং তার জন্য বিধিব্যবস্থা আছে।

তারপর ফ্যামিলি প্ল্যানিং নিয়ে যে পরিকল্পনা, সেটা উনি গ্রামসেবিকাদের দ্বারা প্রবর্তন করতে বলেছেন। আমাদের সেটা বিচার বিবেচনার মধ্যে আছে। ওর সুবিধা-অসুবিধা দুটো দিকই আছে।

শ্রীমদন সাহা মহাশয় যেকথা বলেছেন খানাকুলে টিউবওয়েল দুশো ফুট পুঁতে তিনশো ফুটের টাকা নিয়েছে। কিন্তু কোন্ সময়কার কথা তিনি বলেছেন তা বলেন নাই। যাহোক, সেটা আমার যা মনে হচ্ছে আমাদের এখানে আসবার আগেকার কথা—উনি বলেছেন। তবে যে সময়কার ব্যাপারই হোক না কেন, আমি তার উপযুক্ত তদন্ত করে দেখবো এবং যথাবিহিত ব্যবস্থা অবলম্বন করবো। আর প্ল্যাটফর্ম তৈরীর ব্যাপারেও বলেছেন, সেই প্ল্যাটফর্ম তৈরী সম্পর্কেও তদন্তের উপযুক্ত ব্যবস্থা করা হবে—এই কথা আমি তাঁকে বলতে পারি।

শ্রীনারায়ণ চৌধুরী মহাশয় ওদিক থেকে যেটা বলেছেন যে অভিধান থেকে বেছে বেছে আমি কতকগুলি শব্দ বলেছি। তা নয়, ওটা আমার অনেকদিনের অভ্যাস। আমি একজন প্ল্যাটফর্ম বক্তা? কাজেই তার জন্য আর অভিধান খুলবার আমার দরকার হয় না, ওটা আমি এমনিই বলে যেতে পারি—নারায়ণবাবুর সেটা জানা থাকা দরকার। ডেভালপমেন্ট ব্লক হয়ে গেছে। রাজনীতি অমরা করেছি—বিভিন্ন জায়গায় এটা ঠিকই। নারায়ণবাবু যদি খবর রাখেন, তাহলে দেখবেন আমি এ পর্যন্ত সমগ্র জেলাতে একমাত্র উত্তরবঙ্গের চারটি জেলা ছাড়া সব জেলাতে গিয়ে ব্লক ডেভালপমেন্ট অফিসারদের নিয়ে, এ ই ও-দের নিয়ে, কোথাও বা গ্রামসেবকদের নিয়ে সম্মেলন করেছি। নারায়ণবাবু যদি সে সম্বন্ধে খোঁজ রাখেন বা সত্য কথা বলেন, তাহলে তাঁকে নিশ্চয়ই বলতে হবে—আমি সেখানে একটাও রাজনীতির কথা বলি নি। আমি শুধু গ্রামাঞ্চলে সেখানে কংগ্রেসীরাই বাস করুক, আর অ-কংগ্রেসীরাই বাস করুক, সব জায়গায় কি করে চাষের উন্নতি হয় ও অন্যান্য উন্নতি হয় সেইসব কথাই আমি সেখানে বলেছি এবং তারা যাতে গ্রামের সত্যিকার সেবকের মত জনদরদী মানুষ হিসাবে কাজ করতে পারে আমি সেই সেই আবেদনই তাঁদের কাছে বরাবর রেখেছি। ও'রা যদি তাদের পেছনে না লাগেন, তাহলে তাঁরা বেশ কিছু কাজ করতে পারবেন। ও'রা যদি তাদের দিয়ে কাজ করাতে চান তাহলে আপনাদের অনুরোধ করবো আপনারা ঐ বি ডি ও, এ ই ও ও অন্যান্য অফিসারদের পেছনে লাগা দয়া করে একটু কম করুন। উনি আমাদের গ্রামসেবিকাদের বেণী দুলিয়ে চলার কথা বেশ ইনিয়ে-বিনিয়ে বললেন, গ্রামসেবিকারা সেবিকা যখন তখন তারা তো বেণী একটু বাঁধবেই। নারায়ণবাবু বোধ

হয় জানেন না—যে বৌ রাঁধে, সে চুলও বাঁধে। এটা তার জানা থাকা দরকার যে চুল বাঁধারও প্রয়োজন আছে। তবে রাঁধেন কিনা সেটাও দেখবার প্রয়োজন আছে। রান্না যদি তাঁরা করেন, তাহলে চুল বাঁধা দোষের হয় না।

মনোরঞ্জনবাবু বলেছেন যে, প্রমোশন ও arrears সম্বন্ধে। আমি তাঁকে জানাতে পারি যে, আমরা একটা ব্যবস্থা ইতিপূর্বেই করেছি এবং বি ডি ওদের যেসমস্ত জিনিস বাকি আছে প্রোমোশন-এর দরুন এরিয়ারস ডিউস—সমস্ত কিছু দিয়ে দেওয়ার কথা বলে দেওয়া হয়েছে সাত বছরের এবং প্রমোশন-এর অর্ডার কিছুদিন আগে দেওয়া হয়েছে এবং হয়ত এতদিন দেওয়া আরম্ভ হয়েছে। জয়েন্ট বি ডি ওদের জন্য ৮২টি পোস্ট তৈরী হয়েছে। আরো ১৬২টি পোস্ট শীঘ্র সম্পূর্ণ হয়ে যাবে এবং উনি যে জলসেচের কথা বলেছেন, আমরা জলসেচের ব্যবস্থার জন্য জলস্বত্বের কথা চিন্তা করছি। বড় বড় পুকুর, দীঘি যেখানে আছে, সেইসব জায়গায় জলস্বত্ব যাতে জনসাধারণের থাকে, ইরিগেশন ব্যারেজ থাকে তার কথা ব্যবস্থা করবার জন্য ভাবছি। পাম্পিং সেট উনি প্রত্যেক ব্লকে পাঁচটি, দশটি করে রাখতে বলেছেন, এটা খুব সুন্দর প্রস্তাব, আমরা এই প্রস্তাব চিন্তা করে দেখছি যাতে শীঘ্রই প্রত্যেকটি ব্লকে অন্তত আমরা পাঁচটি করে পাম্পিং সেট দিতে পারি গ্রামাঞ্চলের গরীব চাষীদের সাহায্য করার জন্য।

[4-10—4-20 p.m.]

শ্রীমহম্মদ ইসরাইল: পাম্পিং সেট দেবেন কি বিনা পয়সায়?

শ্রীসুশীলকুমার ধাড়া: না মহাশয়, সেজন্য লোন দেওয়া হয়। তারপর, যামিনী সেন মহাশয় একটা সুন্দর কথা বলেছেন, আমার সেটা খুব ভাল লেগেছে, তিনি ইন্টিগ্রেটেড প্ল্যানের কথা বলেছেন, তিনি প্ল্যান্ড বাজেট করবার জন্য বলেছেন। আমরা এটা চেষ্টা করে দেখব, আমাদের সমস্ত বিভাগ যদি রাজী হয় তাহলে এটা সম্ভব হবে তা না হলে ওদের কাছ থেকে এইভাবে টুকরো টুকরো টাকা নিয়ে করতে হবে। তাতে অবশ্য দ্বৈত শাসন হবে ঠিকই কিন্তু দ্বৈত শাসন হলেও তার জন্য কো-অর্ডিনেশনের ব্যবস্থা আছে, আমরা কো-অর্ডিনেটেড ওয়ার্ক করছি। মিহিরবাবু বলেছেন গ্রামের উন্নতি হয় নি। চার মাসে আপনারা এটা কি করে বিচার করবেন, আমরা ত চার মাস ২৫ দিন মাত্র এসেছি, আরো কিছুদিন অপেক্ষা করুন তারপরে বলতে পারবেন। ডাঃ সিংহ কতকগুলি আক্ষেপ করেছেন। আমরা স্বীকার করছি কিছু কিছু জায়গায় ভুল-ত্রুটি আছে। এই ঋণ দান, অন্যান্য সুযোগ-সুবিধা দেওয়ার ব্যাপারে এর আগে এইরকম অবস্থা ছিল কিন্তু এবারে আর ওকথা বলতে পারবেন না। আমাদের এই বীজ, সার, টাকা পাঠানটা আমরা যথাসময়ে করেছি বা যথাসময়ের পূর্বেও করেছি। হয়ত কোথায়ও কোথায়ও ত্রুটি থেকে গিয়েছে সেটা সংশোধন হয়ে যাবে বলে আমি মনে করি। তারপরে স্পেশালাইজড সার্ভিসের কথা বলেছেন, আমরা চিন্তা করে দেখবো সে সম্বন্ধে কিছু করা যায় কিনা। তারপরে বি ডি ও-র মনোভাব পরিবর্তনের কথা যেটা বলেছেন আমরা সব সময় চেষ্টা করছি বি ডি ও-র মধ্যে বহু অফিসার আছেন, ব্লকে বহু কর্মচারী আছেন যাঁদের মনোভাব অত্যন্ত ভাল, গ্রামে সত্যিকারের সেবকের মত কাজ করেন। তবে কিছু খারাপও আছেন কি করবো বলুন, আপনারাই ওদিকে বসে তাঁদের সেখানে বসিয়ে রেখে গিয়েছেন, হঠাৎ কি করে এত তাড়াতাড়ি সব ধুয়ে মুছে শেষ করতে পারি? আমি বিশ্বাস করি তাঁরাও ভাল হবেন। আমার সমস্ত কথা বলা শেষ হয়ে গিয়েছে, আমি আশা করবো মাননীয় সদস্যগণ আমার ব্যয়বরাদ্দ মঞ্জুর করবেন।

Mr. Speaker: As agreed to I shall put the main Demand for Grant No. 29 after 5 p.m. and as agreed to, the Minister concerned will now please move Grant No. 31.

DEMAND FOR GRANT No. 31

Total Demand—Rs. 1,99,78,000

Major Head: 39—Miscellaneous Social and Developmental Organisations—Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes.

Shri Deoprakash Rai: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 1,35,27,000 (Rupees one crore, thirty-five lakhs, twenty-seven thousand) be granted to complete the amount necessary for the expenditure under Grant No. 31, Major Head: "39—Miscellaneous Social and Developmental Organisation—Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes".

Taken with the amount of Rs. 64,51,000 (Rupees sixty-four lakhs, fifty-one thousand), which has already been voted on account, the total provision under this Head for the year would amount to Rs. 1,99,78,000 (Rupees one crore, ninety-nine lakhs and seventy-eight thousand).

According to 1961 Census, West Bengal has a total population of 3,49,26,279. The Scheduled Tribes population in the State is 20,54,081, constituting 5.88 per cent. of the total population. The Scheduled Tribes of West Bengal include such large communities as the Santals with a population of over 12,00,000, Oraon with a population of 2,97,000, Mundas with a population of 1 lakh 60 thousand, Bhumijas with a population of over 91 thousand on the one hand, and on the other hand, small communities with a few hundreds each, such as, Gonds, Harjongs, Hos, etc. They also include the Scheduled Tribes in the Hill areas of the Darjeeling District—Bhutias and other Tribes with a population of 23,595, Lepchas with a population of 14,309. The Scheduled Tribes population of West Bengal also include a unique community, the Totos of the Jalpaiguri District, who are the only Totos in the world. The community is now reduced to a population of only about 400. At one time they were prosperous growers of oranges and Totopara was a centre for the orange trade. The orange plantation has, however, vanished now, the trade has gone and the Totos have lost much of their lands. The Scheduled Castes population of the State, again, is as large as 68,90,314, constituting 19.73 per cent. of the total population. The largest Scheduled Castes community is the Rajbanshis with a population of 12,02,000. The Bagdis come next with a population of 10,91,000. They are followed by the Pondh with a population of 8,76,000, the Namasudras with a population of 7,27,000, Bowris with a population of 5,01,000. These five Scheduled Castes together constitute roughly two-thirds of the total Scheduled Castes population of the State. Among the hill people of the Darjeeling District there are, three Scheduled Castes Kamis with a population of 26,148, Damai with a population of 11,000 and Sarki with a population of 5,232. There are, again, small Scheduled Castes communities with a population of only a few hundred each, such as Bhogtas, Nuts, Lalbegis, Choupals and others. Apart from the Scheduled Tribes and Scheudled Castes, we also have other communities, economically and educationally backward, who need and deserve the special measures and special assistance. Among them are the people of the Hill areas of the Darjeeling District. Many of the welfare measures adopted by the State have not reached these people yet, and in many of the cases in the interior of the hills the people are still without communications, schools, health services, protected supply of drinking water, irrigation and other facilities for educational and economic uplift.

The Scheduled Tribes and Scheduled Castes population taking together amount to 25.61 per cent. of the total population of the State. If we include other communities who are economically or educationally backward, the percentage of population, who have not attained general level of development and still needs special assistance, would be as large as 30 per cent.

It seems so utterly tragic that so many lakhs of people, among them the original inhabitants of the various regions of the State, should have been so deprived of the benefits of economic advancement and educational progress and that they have been left behind by all others who have gone

forward during the 150 years of British Rule and the subsequent 20 years after independence. We seem never to have heeded to the warning so clearly given to us by our Poet Tagore—

যারে তুমি নিচে ফেল, সে তোমারে বাধিবে যে নিচে।
পশ্চাতে রেখেছো যারে সে তোমারে পশ্চাতে টানিছে।
অজ্ঞানের অন্ধকারে
আড়ালে ঢাকি যারে,
তোমার মঙ্গল ডাকি গড়েছে সে ঘোর ব্যবধান,
অপমানে নত হও তাহাদের সবার সমান।

I do not know whether it is too late now to act up to this warning but probably it is never too late. We, who have newly formed this Government have, therefore, the heavy task of making up for inaction and inadequate action during the past decades and centuries and to strive for the uplift and welfare of these disinherited, down-trodden and very often forgotten brethren of ours.

[4-20—4-30 p.m.]

Quite frankly, Sir, I am not happy to move for a grant of only about Rs. 2 crores for a whole year's work on this task. It amounts to just a little more than Rs. 2 per year per head of our Scheduled Castes and Scheduled Tribes population. But, as the House is aware, we have had no opportunity so far of making any fundamental alternations or adjustments either to the Fourth Five-Year Plan of the State or of budget for this year. For this year, therefore, we have to be content with the provisions of fund for which I am moving the House. It will be our task to put the funds to the best possible use by careful planning and execution of our schemes.

As I have already mentioned, the total funds for the year, including the amount voted on account, would be Rs. 1,99,78,000. For the convenience of the House, I would broadly analyse it into the following heads:—

(a) Fourth Five-Year Plan of the State Government.		Rs. 77,11,000
(b) Centrally sponsored schemes of the Ministry of Social Welfare under the Fourth Five-Year Plan		Rs. 68,51,000
(c) Spill-over from the committed expenditure of the Third Five-Year Plan and the previous Plans—		
(i) under the State Government Plan	Rs. 3,93,000	
(ii) for Centrally sponsored scheme	Rs. 4,17,000	
		Rs. 8,10,000
(d) Post-Matric educational scholarship sanctioned by the Ministry of Education		Rs. 25,40,000
(e) Pay and allowances of officers and establishments including enhanced dearness allowance, etc.		Rs. 20,66,000
Total		Rs. 1,99,78,000

In other way the figures can be analysed as follows:—

	Scheduled Tribes	Scheduled Castes	Other Backward communities	Total
Education	38·19 lakhs	89·87lakhs	2·75 lakhs	130·81 lakhs
Industrial schemes, minor irrigation and other schemes for economic uplift.	18·20 lakhs	1·66 lakhs		19·86 lakhs
Supply of drinking water ..	2·50 lakhs	2·50 lakhs	..	5·00 lakhs
Health, housing, roads, etc. ..	5·95 lakhs	8·15 lakhs		14·10 lakhs
Continuing schemes from previous Plans.	.	..	. –	8·10 lakhs
Administration and overheads	.	.	..	21·91 lakhs

Against the proposed expenditure of 199 lakhs of rupees we shall be entitled to a hundred per cent. reimbursement from the Central Government in respect of the Centrally sponsored schemes and post-Matric educational scholarship, 75 per cent. in respect of educational schemes in the State Plan and 50 per cent. in respect of other schemes in the State Plan.

We have, however, missed the assistance of Central Government in respect of one of the most important of the Centrally sponsored schemes, namely, the scheme for Tribal Blocks. Under this scheme, the Central Government meets the entire expenditure for integrated multilateral development and welfare schemes in Blocks which have a minimum total population of 50 thousand with at least a 50 per cent. Tribal population. Tribal population in the State is as large as 20.54 lakhs and constitutes nearly 6 per cent. of the total population of the State. On the other hand, Tribal population in this State is not concentrated only in a few areas but is interspersed with the general population. From one point of view this is an advantage, as it prevents the isolation of the Tribal people and helps their cultural, emotional and economic integration with the rest of the people. On the other hand, the interspersal of the population, as we have in this State, does make it very much more difficult to adopt special measures for the uplift of the Tribal communities. There are only two Community Project Blocks in West Bengal which fulfil the standards laid down by the Government of India for special Tribal Block scheme. West Bengal has, therefore, missed this special financial assistance from the Central and of the opportunity of taking up intensive and integrated schemes for the all round uplift of the Tribal people in selected areas. After several years of discussions, Government of India at last agreed to recognise the special feature of West Bengal and sanctioned, during the last year, special Sub Block schemes for integrated and multilateral work in selected groups of villages where there is a concentration of Tribal population. During the last year 17 such Sub Block schemes, covering about 100 villages, were taken up in various districts of West Bengal and considerable progress has been made. We were looking forward to the opportunity, during the current year, of completing the work taken up in these 17 Sub-Blocks and taking up some more Sub Blocks for similar work. I must, however, tell the House that I have been surprised and dismayed from what we have heard from New Delhi, according to which we may not expect more than Rs. 2 lakhs during this year for this very important aspect of our work. I am sure, Sir, the House will agree that this is a matter which we must immediately take up with the Centre and request them to let us have more adequate funds for Tribal Sub Blocks.

The House will have noticed that the major item of expenditure relates to education. *Educational* assistance is given in various forms—grants for free tuition, grants for the purchase of text books, grants for payment of examination fees, grants for hostel charges, grants for special coaching to the Tribal students at the school stage and scholarships at the post-school stage. During this year as many as 28,000 students belonging to the Scheduled Caste and Scheduled Tribe will be receiving educational assistance, in one form or another.

On the whole, however, it must be confessed that the results have not been commensurate with the efforts made and the funds utilised. Many of the students who received educational assistance during the school stage failed to pass the School Final Examination and most of the others who passed in the examination had not achieved any distinction. In the result, the number of Scheduled Tribes students prosecuting their studies beyond the school stage is still small, and most of them still tend to crowd the general courses instead of going in for the technical and professional courses. Education of girls even at the primary stage is most backward among the Scheduled Tribes and many of the Scheduled Castes. The 1961 Census figures show that even today the percentage of literates amongst the Scheduled Tribes is only 6.55 against 29.28 for the population of State as a whole. So far as women are concerned, only 1.76 per cent. of Tribal women have attained literacy as against 16.98 per cent. for the State as a whole. If we look at the levels of education, the picture is even more disappointing. Only 0.10 per cent. of the Tribal population has attained the matriculation or a higher standard. Even at the primary or the junior basic level the percentage among the tribal people is no higher than 1.6 per cent. The Census Report rightly remarks that in the case of the Scheduled Tribes population literacy of even the 6.55 per cent. consists mostly of rudimental literacy without any formal standard of education. The reasons for this state of affairs are not far to seek. Fistly, we have not yet succeeded in creating, among the Scheduled Tribes and many of the more backward Scheduled Castes, a desire for education and striving for advancement. Secondly, the structure among these more backward communities is still not broad based due to the shortage of primary schools, particularly in areas where there is concentration of this population. Thirdly, the education schemes at the post-primary stage have often sacrificed quantity for quality It should now be our task in the coming years to build and start very many more primary schools in the villages where there is concentration of the Scheduled Tribes, Scheduled Castes and other Backward communities. We have undertaken a survey of such villages, so that we may prepare a comprehensive plan for the extension of primary education and execute the plan in suitable phases. As for the post-primary stage, if we want the best utilisation of the funds and the efforts, we must have some of the selected Tribal students for study along with pupils of other communities in well organised, well staffed and well equipped residential schools. A plan is being prepared for the establishment of two such schools—one to serve the southern districts and the other the northern districts of the State. Education of the Tribal people at the primary stage will obviously not succeed except with the assistance of teachers belonging to the Tribal communities. We have prepared another scheme for the establishment of a Training Centre for the training of non-Matriculate teachers belonging to the Scheduled Tribes, who are known as 'C' category teachers. For the education of the adult neo-literate and for giving a breadth to the education of the Tribal school children we need literature in their own language. We shall be taking up schemes for publishing in the Santali language suitable literature for the adult neo-literate and students at the school stage.

It is perhaps as a result of this educational backwardness that the Scheduled Tribes have not yet secured, even in a very partial measure, their fair share of employment under the Government. At the headquarters of Government even in the Tribal Welfare Department there is not a single officer, belonging to the Scheduled Tribes, and the Minister himself happens to be no exception. While the educational backwardness may account for the paucity of Tribal people among the gazetted ranks of Government service, the inadequate quota even now given to Scheduled Tribes and other backward communities in the lower echelons of Government service can only be ascribed to apathy and lack of active sympathy. It should be the task of my Department to rectify this situation on the one hand, by arranging to give the men and women from the educationally backward communities such training as would equip them for useful employment and, on the other hand, by sponsoring qualified people for suitable employment under Government. As regards the first aspect, we have made a small beginning this year by starting training up Tribal women for employment as General Duty Assistants.

We shall be also thinking of the isolated backward communities in the Hill areas of Darjeeling and the remote areas of the other districts, such as, the Sunderbans and parts of Jalpaiguri, Purulia, Bankura and Midnapore. It will be necessary to frame special schemes for giving these isolated communities the services they have been deprived of so far—roads, schools, supply of drinking water, small irrigation schemes and health services, possibly through mobile medical units.

The economic uplift of the Scheduled Tribes and the Scheduled Castes is closely bound up with the question of land. By and large, the people belonging to these communities are disinherited people and have very little land of their own. In many cases they have been deprived of even the lands they reclaimed from the jungle with great labour. I trust, however, that the efforts which the United Front Government are making, will bear fruit and that these unfortunate brethren of ours will not remain entirely disinherited for very long.

The Tribal Welfare Department, with its limited organisation, funds and resources, can only take up educational assistance and a few special measures here and there. If these communities have to be lifted up and brought up to the same level as the rest of the people, it is essential that every Department of Government concerned with development or welfare must give its special thought and attention to all backward communities. To do so would be the policy of this Government.

I am aware of the work which is being done among the Scheduled Tribes and other backward communities by non-official organisations. Many of them are devoted to this humanitarian cause. We should be thankful to them for what they are doing.

With the very limited funds at our disposal we have not been able so far to give these non-official organisations adequate assistance, but I look forward to greater and closer collaboration between the Government and non-official organisations in this common cause.

These, therefore, would be our task to work unceasingly for the all-round advancement of the Scheduled Castes, Scheduled Tribes and the other backward communities, to protect and preserve the best values and traditions of their own culture and at the same time not to keep them in isolation but to integrate them fully into the life and culture of the nation as a whole. In this task we see and welcome the co-operation and assistance of all—of the non-official organisations, all the political parties and the more advanced sections of the community who must now come forward

to stretch out a helping hand to their unfortunate brethren. In particular I would seek the assistance and the co-operation of the Members of this House, with whom I shall have the opportunity of having continuous consultations through the mechanism of the Scheduled Tribes Advisory Council and the Scheduled Castes Advisory Body which have been newly reconstituted. I am looking forward to the first meeting of these two bodies.

With these words, Sir, I commend my motion for the acceptance of the House.

Mr. Speaker: All the cut motions are in order and taken as moved.

The following cut motions were taken as moved:—

Shri Satyanarayan Mitra: That the demand be reduced to Re. 1.

Shri Shamsuddin Ahmed: That the demand be reduced to Re. 1.

Shri Rajani Kanta Doloi: That the demand be reduced to Re. 1.

Shri Azizur Rahman: That the demand be reduced to Re. 1.

Shri T. A. Nuran Nabi: That the demand be reduced to Re. 1.

Shri Brindabon Chattopadhyay: That the demand be reduced to Re. 1.

Shri Tenzin Wangdi: That the demand be reduced to Re. 1.

Shri Sachindra Mohon Nandy: That the demand be reduced to Re. 1.

Shri Dashu Koron Murmu: That the demand be reduced to Re. 1.

Shri Golokesh Bhattacharjee: That the demand be reduced to Re. 1.

Shri Nityananda Bhunia: That the demand be reduced to Re. 1.

Shri Sankar Sen Ishore: That the demand be reduced to Re. 1.

Shri Pramatha Nath Dhibar: That the demand be reduced to Re. 1.

Shri Puranjoy Pramanik: That the demand be reduced to Re. 1.

[4-30—4-40 p.m.]

Shri Denis Lakra: Mr. Speaker, Sir, just now the Tribal Minister has presented a lurid picture of the state of affairs of the tribes. I heartily congratulate him for bringing out the facts and figures as they are. The position of tribes has not improved after 20 years of our National Government. There has been a lot of plans and programmes for the welfare of the tribes. But all such schemes have only existed in print. The conomic position of the tribes is better imagined than described. Educationally the Government has done very little to improve the status of the tribes. Today we came across a few educated persons here and there, but it is no credit to the Government. The credit goes to some philanthropic institutions through whose charity and foresight they have received education. If Government really wants to do something for the tribes, Government must be really earnest about it and serious in the business. Sir, I like to give some suggestions. Just now we have heard that the percentage of education of the tribes is very low. Practically speaking, a negligible percentage of the tribes is receiving education. So there should be more primary schools run by the State at its own cost. Those who prosecute secondary and higher education should be granted financial assistance very liberally. Of course it is very difficult for the tribes to get admission into any good school or college. Therefore the rules should be relaxed in the case of Scheduled Tribes if they seek admission in schools or colleges. Sir, after completion

of education the real problem for the tribes is to get a job. Today we see that many tribes after getting sufficient education find it very difficult to get a job in State Service. So I would request the Government to give more scope for the tribes, those who are qualified to be absorbed in State Service. In this regard the Central Government is more liberal than the State Government. We find more tribes employed in Central Service than in State Service. So far as the economic condition of the tribes is concerned, the Government could do something tangible to improve their lot. There are surplus lands here and there and also lands vested in the Government and they should be distributed among the tribes. I think if plots of lands are allotted, certainly they will increase the output of agriculture and so the nation, as a whole, will benefit. Sir, today we see very few tribes engaged in business or undertaking in small industries. Government should come forward to give financial assistance to those who want to set up business or who want to undertake some sort of industries. I think something should be done to promote the welfare of the tribes as a whole.

With these words, Sir, I oppose the Grant.

শ্রীকানাই সাহাঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে তপশীল এবং তপশীল উপজাতী উন্নয়ন-এর [illegible] র্থ ব্যয়বরাদ্দের জন্য এনেছেন সেই প্রসঙ্গে আমি কয়েকটা গঠনমূলক কাজের কথা আপনার মাধ্যমে বলতে চাই। প্রথম কথা হল তপশীল ও তপশীল উপজাতিরা বহুদিন ধরে সমাজে অবহেলিত হয়ে পড়ে আছে। এ দেখে ভারত সরকার সংবিধানের মাধ্যমে এই সম্প্রদায়ের জন্য বিশেষ সুযোগ-সুবিধার ব্যবস্থা করে দিয়ে এ দপ্তরের উন্নতির সৃষ্টি করেন। আমাদের পশ্চিমবাংলা সরকার এর মাধ্যমে পশ্চিমবাংলার তপশীলি এবং তপশীল উপজাতির কল্যাণের কাজ হবে সে কাজের জন্যে আমরা দেখতে পাচ্ছি, আর্থিক উন্নয়ন যাতে হয় তার জন্য তারা অর্থকরী সাহায্য দেন। যেমন চাষবাস করার ব্যাপারে তাঁরা এই সম্প্রদায়ের জন্য কিছু জমি সংগ্রহ করে দিয়েছেন। আমি এ প্রসঙ্গে বলবো বর্তমান যুক্তফ্রন্ট সরকার এই সম্প্রদায়ের জন্য ভূমি বণ্টনের সুযোগ করে দিয়ে তাদের কাছে ধন্যবাদের পাত্র হয়ে গেছেন সেজন্য কৃতজ্ঞতা প্রকাশ করছি। এই জাতিকে যদি সু-প্রতিষ্ঠিত করতে হয় তাহলে এদের জন্য শিক্ষাব্যবস্থা করতে হবে। প্রাথমিক বিদ্যালয়ে যে সমস্ত তপশীলী ছাত্রছাত্রী বিনা পয়সায় পড়তে যায় তখন তাদের জামাকাপড় জোটে না বই থাকে না। তাদের জামাকাপড় এবং বিনা পয়সায় যে বই দেবার ব্যবস্থা আছে সেটা যাতে পায় সেদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আর তপশীলি বা আদিবাসীদের জন্য ওয়েলফেয়ার বিভাগ থেকে যে স্কুল করে দেবার ব্যবস্থা আছে সে স্কুল তৈরী করার ভারও নিতে হবে। দৃষ্টান্তস্বরূপ বীরভূম জেলার সাঁইতিয়া ধোয়াজাল গ্রামে যে স্কুল আছে সেটা স্কুল বোর্ড থেকে কোন সাহায্য পায় না। সাহায্য পায় ওয়েলফেয়ার থেকে এই স্কুল যাতে ভালভাবে তৈরী হয় এবং মেরামত ওয়েলফেয়ার থেকে হতে পারে সেদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তারপর এদের গভর্নমেন্ট থেকে যে সাহায্য দেওয়া হয় উচ্চশিক্ষার জন্য স্কুল, কলেজ, মেডিক্যাল কলেজ, কিম্বা অন্য কোন টেকনিক্যাল কলেজে পড়ার জন্য সে সাহায্য ৬-৭ মাস পরে আসে। এর ফলে অনেকে পড়া ছেড়ে দিতে বাধ্য হয়। সুতরাং স্কুল, কলেজ অথরিটিকে বলতে হবে যতক্ষণ পর্যন্ত সরকারী সাহায্য না আসছে ততক্ষণ তাদের বিনা পয়সায় পড়বার সুযোগ দিতে হবে। অর্থাৎ টাকা পয়সার অভাবে তারা যেন পড়া না বন্ধ করে দেয় এবং সম্ভব হলে তাদের গ্যারান্টি দিয়ে পড়ার সুযোগ করে দিতে হবে। আর একটা কথা বলবো। তপশীলি ছাত্রছাত্রীদের জন্য পড়ার পরে তাদের যে চাকরীর বিশেষ ব্যবস্থা আছে সে বিশেষ ব্যবস্থা থেকে তারা অনেক সময় বাদ পড়ে যায়, সেটা থেকে যেন বাদ না পড়ে ও এর জন্য তপশীলী যারা জনপ্রতিনিধি কিংবা ঊর্ধ্বতন কর্মচারী আছেন তাঁদের মাধ্যমে তাদের বিশেষ ব্যবস্থার দিকে যেন দৃষ্টি দেওয়া হয় এই বলে শেষ করছি।

[4-40—4-50 p.m.]

শ্রীজগৎপতি হাঁসদাঃ মানতান হুডিং গমকে মহাশয়, তেহেঞ আডি বাস্কা রেনা, কোথা যে তেহেঞ আদিবাসী কত্তা; বাজেট রেনা, কোথা হুয়ঃ কানা।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যদ্য অতীব আনন্দে কথা যে যদা আদিবাসী কল্যাণ বিভাগের বাজেট বক্তৃতা হইতেছে।

এই ভাষা যদি বুঝতে না পারেন তা হলে আমাকে এবং এই জাতিকেও বুঝতে পারবেন না। সুতরাং আমি নিবেদন করছি এ ডিপার্টমেন্টের দ্বারা যদি কিছু উন্নতি করতে হয় তাহলে জানতে হবে আমি কে এবং কোথায় থাকি। আমাদের কৃষ্টি-সাংস্কৃতিক দৈনন্দিন জীবন যাপন প্রণালী জানতে হবে। এতদিন পর্যন্ত যা দেখেছি তাতে প্রথমে ছিলেন শ্রীনিহারেন্দু দত্ত মজুমদার, তারপর ছিলেন শ্রীরাধাগোবিন্দ রায় এবং তারপর আসেন শ্রীভূপতি মজুমদার কিন্তু এতকাল ধরে এঁরা ট্রাইবাল ওয়েলফেয়ারের নাম করে এসেছেন তার তুলনা নেই। আমি আশা করি বর্তমান মন্ত্রী হয়ত কিছু করতে পারবেন। বর্তমান মন্ত্রিমহাশয়ের নিকট আমি নিবেদন করবো যে তিনি যেন এ সকল সমস্যা সমাধানের চেষ্টা করেন। কৃষি শ্রমিকদের যাতে খয়রাতি সাহায্য দেওয়া যায় তা দেখা উচিত। তাদের আজকে কোন ঘরদোর নেই, তারা অনেকেই চার মাস মাত্র ঘরে থাকেন আর বাকি আট মাস বাইরে থাকেন। স্যার, এই যে ইঁট তৈরী হয় বিল্ডিং করার জন্য এ বিল্ডিং এ থাকার জন্য তাদের সৌভাগ্য হয় না। ট্রেনের যে ফার্স্ট ক্লাস সেখানে তারা চড়তে পারে না। এয়ারোপ্লেন যেখান থেকে উড়বে সেটা তারাই তৈরী করছে অথচ তাতে উঠবার সৌভাগ্য তাদের হয় না। সুতরাং দেখা যাচ্ছে তারা শিল্পের জন্য উন্নতির কত কি তৈরী করছে কিন্তু তাদের খাবার জোটে না। আমি আশা করি এই সমস্যা সমাধানের জন্য আমাদের সমস্ত সদস্যরাই এগিয়ে আসবেন। আমাদের দেহে শক্তি আছে, তাই এখনও ভিখারী অবস্থা দেখতে পাচ্ছেন না। আমাদের কোদাল, বেলচা, দা ইত্যাদি আছে। সুতরাং এই সম্প্রদায়ের কিছু আজ পর্যন্ত কোনো উন্নতি হয় নি। জমি বণ্টনের ব্যাপারে আমি এটুকু বলতে পারি যে, যে কৃষির সাজসরঞ্জামের জন্য এদের লোন দিতে হবে, ঘরবাড়ির জন্য কেবল ৫—৭ একর জমি দিলেই হবে না। যদি সত্যকারের আদিবাসীদের উন্নতি কিছু করতে হয় তা হলে তাদের জমি দিয়ে চাষ করার সুযোগ দিতে হবে। তবেই তারা নির্ভর করতে পারবে। কোথাও কিছু সুতো, কোথাও হাঁস, কিছু মুরগী ইত্যাদি দেওয়া যেতে পারে তাতে তাদেব সত্যকারের উন্নতি হবে না। সেটা একটা-টেম্পোরারী ব্যাপার হবে, যদি তাদের সত্যকারের উন্নতি করতে হয় তাহলে তাদের জমি সমস্যার সমাধান করতে হবে। শিক্ষার দিক থেকে আমরা দেখছি যে তাদের শিক্ষা এখন প্রাইমারী স্টেজে আছে। আমাদের প্রথম শিক্ষা হওয়া উচিত মাতৃভাষার মাধ্যমে। তার প্রধান কারণ মাতৃভাষার মাধ্যম ছাড়া প্রাথমিক শিক্ষা হতে পারে না। আমি একটি ছোট কথা বলি—২০ কড়ায় ৫ গণ্ডা এটা আমরা সকলে জানি। কিন্তু তাদের বেলায় এটা অন্যরকম বোঝায় তারা কুড়ি বলতে বালিকা এবং কড়া বলতে বালক এই ভাবেই এটা বুঝবে। আমার কথা তাদের যদি বাঙ্গালী শিক্ষকদের দ্বারা শিক্ষাদেওয়া হয় তাহলে তাদের উন্নতি হতে পারে না। যদি তাদের সত্যকারের উন্নতি করতে হয় তাহলে তাদের যে মাতৃভাষা তার মাধ্যমে শিক্ষা দেওয়া উচিত। দ্বিতীয় কথা হচ্ছে আমাদেব যেভাবে পরীক্ষা নেওয়া হয় তাতে পাশ করতে পারবে না। তার কারণ হচ্ছে তাদের মাতৃভাষা সাঁওতাল। বাংলাভাষা শিখতে গেলে তাদের অনেক সময় লাগবে। সুতরাং আমি অনুরোধ করবো তাদের পরীক্ষার প্রশ্নগুলি যেন লিনিয়েন্টলিভাবে দেখা হয় যাতে তারা পাশ করতে পারে। এমপ্লয়মেন্টের দিক থেকে দেখা যাচ্ছে যে সেখানে অনেক বেকার পড়ে আছে, আজও এমপ্লয়মেন্ট হয় নি। আমরা দেখেছি ডিপার্টমেন্টে ভ্যাকেন্সি আছে। তারা অ্যাপয়েন্টমেন্টের ডেট পরে জানতে পায়, যার ফলে তাদের খুব মুস্কিলে পড়তে হয়। ডিপার্টমেন্টে যে পার্সেন্টেজ স্টাফ আছে সেই পার্সেন্টেজ ট্রাইবালদেরও এমপ্লয়মেন্ট দিতে হবে, তা না হলে সুদূবপরাহত হবে। সেই জন্য আমি সকলের কাছেই নিবেদন করবো যে এই বিরাট সমস্যা সমাধানের জন্য এবং ওদের উন্নতি করার জন্য সকলেরই চেষ্টা করা উচিত। এই কথা বলে আমি এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এখানে আমাদের মাননীয় সদস্য জগন্নাথদা কাস্টের প্রশ্ন তুলে বললেন যে, আমি যখন সিডিউলড কাস্ট নই তখন নাকি আমার বলা উচিত নয়। কিন্তু আমি ওঁর থিয়োরী বিশ্বাস করি না বা আমাদের সরকারের এই থিয়োরী বিশ্বাস করি না। কারণ, এই সমস্যাটাকে কোন একটি সম্প্রদায়ের সমস্যা হিসাবে নিচ্ছি না সাধারণভাবে সমাজের সমস্যা হিসাবে গ্রহণ করছি। আমাদের সমাজের কাঠামো এমন যে

সমাজের নীচের তলায় একটি শ্রেণী পুরোপুরি অবহেলিত অবস্থায় রয়েছে। এদের প্রতি দৃষ্টি রেখে আমাদের সংবিধান রচনা করা হয়েছে এবং সংবিধানে পরিষ্কার নির্দেশ দেওয়া আছে কেন্দ্রীয় সরকার রাজ্যসরকারগুলির এই অবহেলিত মানুষদের উন্নতিবিধানকল্পে যেন সুষ্ঠু পরিকল্পনা গ্রহণ করেন। সেই অনুসারে কেন্দ্রীয় সরকার একটি পরিকল্পনা গ্রহণ করেন যে কেমনভাবে এই অবহেলিত, নির্যাতিত মানুষগুলির উন্নতিবিধান আমরা করতে পারি। এই বিষয়ে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে তিনটি পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল। একটি হল অর্থনৈতিক পরিকল্পনা, অপরটি ছিল শিক্ষাগত পরিকল্পনা এবং তৃতীয়টি ছিল অন্যান্য সুযোগ সুবিধাগত পরিকল্পনা। আমি জানি না সেই পরিকল্পনা বাস্তবে কার্যকরী করার জন্য কেন্দ্রীয় সরকার বাস্তবগত কোন পরিকল্পনা গ্রহণ করেছিলেন কিনা। একদিকে আমরা দেখেছি আমাদের সংবিধানে নির্দেশ আছে অবহেলিত সমাজের উন্নতি করতে হবে, যার জন্য তাঁরা পরিকল্পনা গ্রহণ করেছিলেন, অপর দিকে দেখছি কেন্দ্রীয় সরকার সম্প্রতি লকুড় কমিটির সুপারিশ গ্রহণ করতে চলেছেন। লকুড় কমিটির রিপোর্টে দেখছি রাজবংশ, নমশূদ্র, সাহা অর্থাৎ সুঁড়ী, এঁদের সিডিউলড কাস্ট থেকে বাদ দেওয়ার জন্য সুপারিশ করা হয়েছে। পার্লামেন্টে ডঃ ফুলরেণু গুহ বলেছিলেন যে, কেন্দ্রীয় সরকার সেই সুপারিশ গ্রহণ করার কথা চিন্তা করছেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি তাই আপনার কাছে এই কথা রাখছি যে, পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে প্রতিবাদ করা উচিত যে, এখুনি যেন লকুড় কমিটির সুপারিশ গ্রহণ করা না হয়। আমাদের রাজ্যসরকারের পক্ষ থেকে কতকগুলি প্রগতিশীল পন্থা অবলম্বন করার চেষ্টা করা হচ্ছে যাতে করে তাদের শিক্ষাগত মানকে আমরা উন্নত করতে পারি, অর্থনৈতিক জীবনে স্বাচ্ছন্দ এনে দিতে পারি। ইতিমধ্যে আমাদের যুক্তফ্রন্ট সরকার ঘোষণা করেছেন যে যেসমস্ত সিডিউলড কাস্ট সম্প্রদায় আছে তাদের স্কলারসিপ দেওয়ার জন্য ৬০ লক্ষ টাকা ধার্য করেছেন। আমি যুক্তফ্রন্ট সরকারের সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো সিডিউলড কাস্ট সম্প্রদায়ের জন্য শুধুমাত্র পোস্ট সেকেণ্ডারী নয়, উচ্চতম শিক্ষার ক্ষেত্রে তাদের যাতে আমরা আরো সুযোগ-সুবিধা দিতে পারি সেদিকে যেন তাঁরা নজর দেন। যুক্তফ্রন্ট সরকারের তরফ থেকে এই সিডিউলড কাস্ট সম্প্রদায়ের জন্য ৮০টি হোস্টেল করার ব্যবস্থা করা হয়েছে। আমি মনে করি সেটা যথেষ্ট নয়। এদের সমস্ত দিকের উন্নতি বিধান কল্পে যুক্তফ্রন্ট সরকার নিশ্চয়ই সাহায্য করবেন। এই কথা বলে আমি এই বাজেট বরাদ্দকে সমর্থন করছি।

[4-50—5 p.m.]

শ্রীরজনীকান্ত দলুই: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, তপশীলি উপজাতি কল্যাণ মন্ত্রিমহাশয় যে বাজেট বরাদ্দ আমাদের সামনে উপস্থিত করেছেন আমি তার পরিপ্রেক্ষিতে কয়েকটি কথা বলতে চাই। আমরা জানি সিডিউল কাস্ট এবং সিডিউল ট্রাইবস সম্প্রদায়ের অর্থনৈতিক উন্নতি না করতে পারলে তাঁদের সামাজিক উন্নতি সম্ভব নয় তাই অর্থনৈতিক এবং সামাজিক উন্নতি যাতে হয় তার জন্য কয়েকটি সাজেশন রাখবো। আশা করি মাননীয় মন্ত্রিমহাশয় সেদিকে দৃষ্টি দেবেন। সিডিউল কাস্ট এবং সিডিউল ট্রাইবস সম্প্রদায়ের লোকেরা অধিকাংশই বাস্তুহীন এবং গৃহহীন। আমার পূর্ববর্তী বক্তারা এই বিষয়ে বলে গেছেন, আমি বলবো যে হাউস বিল্ডিং লোন যাতে গ্র্যান্ট গ্রান্ট হিসাবে দেওয়া হয় এবং যাতে তারা গৃহ করতে পারেন এবং যাতে বাস্তু ক্রয় করতে পারেন তার জন্য গ্রান্ট দেওয়ার ব্যবস্থা করতে হবে এবং আমি জানি ইললিটারেসী গোজ অ্যালং উইথ পোভারটি। তাই আমি বলবো যে সিডিউল কাস্ট এবং সিডিউল ট্রাইবস কমিউনিটির মধ্যে পরিবার পরিকল্পনা শিক্ষার ব্যবস্থা করতে হবে, সেখানে আমরা দেখেছি যে আমাদের পশ্চিমবাংলার পপুলেশনের প্রায় এক-তৃতীয়াংশ এই সিডিউল কাস্ট। যদি আমরা এই পপুলেশন চেক করবার জন্য পরিবার পরিকল্পনা শিক্ষার বিস্তার করি তাহলে আমার মনে হয় সিডিউল কাস্ট-এর প্রতি ভাল ব্যবহার করা হবে তাই আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার আর একটা কথা হচ্ছে যে সিডিউল কাস্ট এবং সিডিউল ট্রাইবস-এর অনেক এলাকায় দেখেছি সেখানে পিয়োর ড্রিংকিং ওয়াটার এর কোন ব্যবস্থা নেই, তাই বলবো যাতে সিংকিং এবং রিসিংকিং করা এবং কূপ খনন করা হয় এবং ভাল ট্যাঙ্কের ব্যবস্থা করা হয় তার জন্য মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমরা দেখেছি যে, শিক্ষার ক্ষেত্রে নৈরাশ্যজনক অবস্থা, তার উন্নতির জন্য শুধু দেখা যায় টিউশন ফিজ এবং হোস্টেল চার্জ এই সমস্ত গ্র্যান্ট দেওয়া হয়, কিন্তু এই সমস্ত

গ্র্যান্ট স্কুল বা কলেজে বছরের শেষে দেওয়া হয়, আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে এই সমস্ত গ্র্যান্ট বছরের প্রথম দিকে দেওয়ার ব্যবস্থা করা হয়, অথবা কোয়ার্টারলি দেবার ব্যবস্থা করা হয়, কারণ আমরা জানি সিডিউল কাস্ট এবং ট্রাইবস তারা বাড়িতে খেতে পায় না, না খেয়ে স্কুলে যায় সেই জন্য আমি একটা সাজেশন রাখবো যে যদি সিডিউল কাস্ট ছাত্রদের জন্য মিডডে মিলের একটা ব্যবস্থা করা হয় সেই জন্য যেন চেষ্টা করেন। আমার আর একটা সাজেশন হচ্ছে জামাকাপড় ক্রয় করার জন্য যদি ক্লোদিং গ্র্যান্টের ব্যবস্থা না করা হয় তাহলে আমার মনে হয় তাদের প্রতি ইনজাস্টিজ করা হবে। আমরা জানি সিডিউল কাস্ট এবং সিডিউল ট্রাইবস এরা ওয়ার লাইক নেশন, এদের যদি মিলিটারীতে নিয়ে যাওয়া হয়, মিলিটারী ট্রেনিং-এর ব্যবস্থা করা হয় তাহলে আমার মনে হয়, আমরা মিলিটারীর ক্ষেত্রে সিডিউল কাস্ট এবং ট্রাইবসদের মধ্যে থেকে বেশী ছাত্র পেতে পারবো। আর একটা কথা কমপিটিটিভ একজামিনেশনের ক্ষেত্রে দেখা গেছে—আমি বলবো যে কমপিটিটিভ একজামিনগুলি অ্যামংস্ট দি সিডিউল কাস্ট এ্যান্ড সিডিউল ট্রাইবস-এর মধ্যে নেওয়া হয়। আমরা জানি এলাহাবাদে আই এ এস ডবলিউ বি সি এস-এর জন্য ট্রেনিং সেন্টার খোলা হয়েছে, আমি অনুরোধ করবো যে এদের জন্য সেইরকম একটা ট্রেনিং সেন্টার খোলা হোক।

শ্রীবাবুলাল হেমব্রাম: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ উপজাতি কল্যাণ মন্ত্রিমহাশয়ের বাজেট বরাদ্দের বিরোধীতা করে আমি কতকগুলো কথা আপনার মাধ্যমে জানাতে চাই। জাতীয় সরকার আদিবাসী উন্নয়নের জন্য যে পরিকল্পনা গ্রহণ করেছেন তাতে অনুন্নত জাতির মধ্যে তিনি কোন আশার সঞ্চার করতে পারেন নি। আগেকার দিনে আদিবাসীরা সরল এবং সত্যবাদি ছিল এবং মধ্যে নিরক্ষর যদিও তারা সকলেই ছিল কিন্তু তাদের মধ্যে সরলতা এবং সত্যবাদীতা ছিল। কিন্তু যখন জাতীয় সরকার এই পরিকল্পনা গ্রহণ করলেন এবং যখন তারা দেখলো যে এইরকম একটা বিরাট অংশকে অবহেলিত ভাবে ফেলে রাখা চলে না তখন এই সমাজের মধ্যে একটা শিক্ষার আলো দেবার চেষ্টা হলো, যখনই এই আদিবাসীরা শিক্ষায় রত হলো তখনই তারা দেখলো যে সরকার এমনভাবে তাদের পরিকল্পনা গ্রহণ করেছেন যখনই শত শত আদিবাসী ছাত্র ছাত্রীরা বিদ্যাশিক্ষা আরম্ভ করলো তখনই তাদের বাধার সম্মুখীন হতে হলো। এর মাঝপথে তারা লেখাপড়া বন্ধ করতে বাধ্য হয়েছে। বর্তমানে যা দেখতে পাচ্ছি প্রাথমিক স্কুল থেকে বেরিয়ে ছেলেরা উচ্চমাধ্যমিক স্কুলে যাচ্ছে, তখন অভিভাবকদের আর্থিক সঙ্গতি না থাকার জন্য সেই উচ্চ মাধ্যমিক স্কুলে উপযুক্ত পরিমাণ ছাত্র তারা ভর্তি করতে পারছেন না। অনেকে মাধ্যমিক স্কুলে ভর্তি হলেও অর্থাভাবে ছেড়ে দিয়ে বেরিয়ে আসছে- যদিও সরকারী নির্দেশ আছে ছেলেদের কলেজে ভর্তি হবার জন্য অর্থ সাহায্য দেওয়া হবে, পুস্তক খরিদের জন্যও অর্থ সাহায্য দেওয়া হবে। সেটা এইরকমভাবে হচ্ছে। আমরা ডিস্ট্রিক্ট ওয়েলফেয়ার অফিসারকে এ সম্বন্ধে জানালে তিনি বলেছেন আপাতত খরচ কর, পরে সে টাকা আমরা দিয়ে দেব। আপাতত কোথা থেকে টাকা যোগাড় করবে? ভর্তির সময় অর্থসাহায্য না করলে অভিভাবকদের পক্ষে ছেলেদের কলেজে ভর্তি করা সম্ভব নয়। এজন্য সরকারকে দায়িত্ব নিতে হবে। তাঁরা যেন উচ্চমাধ্যমিক স্কুলের হেডমাস্টার ও কলেজের প্রিন্সিপ্যালদের জানিয়ে দেন এখন ছেলের বিনা পয়সায় ভর্তি করা হোক, পরে সেই টাকা খরচ-খরচা আমরা দিয়ে দেব।

আর একটা অসুবিধা আছে—হোস্টেল গ্র্যান্ট না দেওয়ার জন্য হোস্টেল কর্তৃপক্ষ ছেলেদের তাড়িয়ে দিচ্ছেন। ফলে অর্ধপথে তাকে বিদ্যাশিক্ষা সমাপ্ত করতে বাধ্য হচ্ছে। তিন মাস অন্তর বা কোয়াটারলি এই হোস্টেল স্টাইপেন্ড দেওয়া দরকার। তা না হলে সারা বছরের জন্য লেখাপড়া বন্ধ করতে হয়। অনেক জায়গায় দেখা যাচ্ছে ছ মাস পরে ঐ স্টাইপেন্ড বেরোয় যখন, তখন হয়ত সেই হোস্টেল থেকে সেই ছেলে চলে গেছে। ট্রাইব্যাল ওয়েলফেয়ার অফিসারের মাধ্যমে জানতে চাওয়া হয়েছে হোস্টেলে ট্রাইবাল ছাত্র কত আছে, তখন দেখা গেছে অনেকে তার আগেই হোস্টেল থেকে চলে গেছে। আর হয়ত নগণ্য মাত্র কয়েকজন ছেলে আছে। তাদের অবস্থা ভাল। তাদেরও সাহায্য দেওয়া হচ্ছে। বি ডি ও যখন হোস্টেলে গিয়ে ট্রাইবাল ছাত্রদের লিস্ট নেন, তখন দেখা যায়—অনেকে অর্থাভাবে বেরিয়ে গেছে। কাজেই যাতে তিন মাসের মধ্যে বা তিন মাস অন্তর এই হোস্টেল স্টাইপেন্ড দেওয়া যায় তার জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

এই ট্রাইব্যাল ছেলেদের সর্বাঙ্গীণ উন্নতি করতে গেলে এই সব ব্যবস্থাদি করা প্রয়োজন। যদিও আমাদের জাতীয় সরকারের ট্রাইব্যাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট উপজাতিদের সর্বাঙ্গীণ উন্নতির জন্য চেষ্টা করছেন, সেটা প্রয়োজনের তুলনায় খুবই নগণ্য। এখানে প্রসঙ্গত বলতে পারি—এখানে দেখা যায় পতিত জমি রিক্লামেশন-এর জন্য ট্রাইব্যালদের আগে একর প্রতি মাত্র দেড়শো টাকা সাহায্য দেওয়া হতো। আজকাল সেটা অনেক চেষ্টা করে আড়াইশো টাকা করা হয়েছে। এই অনুন্নত উপজাতি সম্প্রদায়ের লোকেরা সাধারণত পার্বত্য এলাকায় বাস করে। তাদের যা জমি জায়গা আছে সবই পাহাড়ে পর্বতের মধ্যে। সেই জমি কাঁকর মেশান—কঠিন জমি। সেই কঠিন মাটির জমি রি-ক্লামেশন করতে যে হারে টাকা দেওয়া হচ্ছে সেই একই হারে সমতলের নরম মাটি রিক্লামেশন-এর জন্য দেওয়া হচ্ছে। দুটো কি হারে হওয়া উচিত। এটা আপনি বিবেচনা করে দেখুন। তাও করা অতি নগণ্য মাত্রায়।

আর একটা কথা বলবো—এই যে কমিউনিটি ডেভালপমেন্ট প্রজেক্ট গ্রহণ করা হয়েছে তাতে করে উপজাতিদের জমি উপকৃত হয়েছে কম—যেহেতু তারা সমতল ভূমিতে বাস করে না, পার্বত্য এলাকায় বাস করে। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো পার্বত্য জাতি অধ্যুষিত এলাকায় ছোট ছোট এলাকা করে চাষ করবার ব্যবস্থা করা হোক। এই উপজাতির লোকেরা চাষে খুব অনগ্রসর ছিল—জাতীয় সরকারের চেষ্টায় ও শিক্ষার আলোক পেয়ে তারা অনেকে এখন সভ্য সমাজের সংস্পর্শে এসেছে এবং তাদের সঙ্গে তাল রেখে জীবনযাপনের আশা ও এই উপজাতির লোকদের মধ্যে জেগেছে। আমি আশা করি এই জাতীয় সরকার তাদের অগ্রগতির পথে কোন প্রতিবন্ধক সৃষ্টি না করেন।

যে এলাকায় উপজাতি আদিবাসী সাঁওতালরা বাস করে সেখানে প্রাথমিক স্কুলের সুযোগ-সুবিধা কম। সেদিকেও যেন মন্ত্রিমহাশয় নজর দেন।

[At this stage guillotine bell rang.]

Mr. Speaker: Now, in respect of Grant No. 29 I put to vote all the cut motions which have been moved except No. 7 on which division has been claimed.

All the cut motions except No. 7 were then put and lost.

The motion of Shri Azizur Rahman that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Nityananda Bhuniya that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Amalendu Kumar Bagchi that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Pramatha Nath Dhibar that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Satyanarayan Banerjee that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Gopika Ranjan Mitra that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Baidya Nath Banerjee that the demand be reduced by Rs. 100 was then put and lost.

[5—5-10 p.m.]

The motion of Shri Pramatha Nath Dhibar that the demand of Rs. 3,15,80,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 29, Major Head: 37—Community Development Projects, National Extension Service and Local Development Works, 109—Capital

Outlay on Other Works—Community Development Projects, National Extension Service and Local Development Works, and Loans and Advances under Community Development Projects, National Extension Service and Local Development Works, be reduced to Re. 1, was then put and a division taken with the following result:—

NOES—146

Abdul Bari, Shri Md.
Abdul Haque, Shri
Abdul Latif, Shri Md.
Amirali Molla, Dr.
Baksi, Shri Manoranjan
Bandyopadhyay, Shri Amiya Bhusan
Bandopadhyay, Shri Khagendra Nath
Banerjee, Shri Subodh
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Basu, Shri Mukul
Bazle Ahmad, Shri
Bera, Shri Sasabindu
Bhandari, Shri Netai
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharya, Shri Jyoti Bhusan
Bhattacharya, Shri Nani
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhowmik, Shri Kanai
Biswas, Shri Ajit Kumar
Bose, Shri Brindaban Behari
Chakraborty, Shri Kshudiram
Chakraborty, Shri Sadhan Kumar
Chatterjee, Shri Hara Prasad
Chatterjee, Shri Ram
Choubey, Shri Narayan
Choudhury, Shri Subodh
Dakua, Shri Dinesh Chandra
Dal, Shrimati Nanda Rani
Das, Shri Deben
Das, Shri Debendra Nath
Das, Shri Jagadish Chandra
Das, Shri Mahatab Chand
Das, Shri Nikhil
Das, Dr. Sailendra Nath
Das, Shri Sudhir Chandra
Das Ghose, Shri Biswanath
Das Gupta, Shri Bibhuti Bhusan
Das Mahapatra, Shri Kamakshyanandan
Dhara, Shri Sushil Kumar
Elias Razi, Shri Md.
Franklin, Shri L. H.
Gayen, Shri Prasanta Kumar
Ghose, Shri Kamakshya Charan
Ghose, Shri Sambhu Charan
Ghosh, Shri Krishna Pada
Ghosh, Dr. Prafulla Chandra
Golam Mahiuddin, Shri
Golam Yazdani, Dr.

Guha, Shri Bikesh Chandra
Guha, Shri Kamal Kanti
Guha Neogi, Shri Anildhar
Gurung, Shri Nandalal
Haldar, Shri Hrishikesh
Halder, Shri Krishna Chandra
Hansda, Shri Jagatpati
Hazra, Shri Lalit
Hazra, Shri Monoranjan
Hicks, Shri Clifford
Jana, Shri Manindra Nath
Jaynal, Abdin, Shri
Kar, Shri Dhananjoy
Karim Baksh, Dr. Mohammad
Konar, Shri Hare Krishna
Kundu, Shri Nishitha Nath
Lahiri, Shri Somnath
Mahato, Shri Amulya Ratan
Mahato, Shri Chittaranjan
Mahato, Shri Girish
Maity, Shri Baneswar
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Gobardhan
Majhi, Shri Kandru
Maji, Shri Guiram
Maji, Shri Panna Lal
Majumdar, Shri Amalesh Chandra
Majumdar, Shri Apurba Lal
Majumdar, Shri Dilip Kumar
Majumdar, Shri Harendra Nath
Majumder, Shri Jagannath
Mal, Shri Pagal Chandra
Malakar, Shri Ajoy
Mandal, Shri Kalipada
Mandal, Shri Kumud Ranjan
Mandal, Shri Rabin
Mitra, Shri Chandipada
Mitra, Shri Haridas
Mitra, Shrimati Ila
Mitra, Shri Sunil Kumar
Mondal, Shri Manindra Chandra
Mondal, Shri Sasanka Sekhar
Mondal, Shri Tinkari
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Jayati Prasanna
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Mukhopadhyay, Shri Ajoy Kumar
Mukhopadhyay, Shrimati Geeta
Murmu, Shri Nathaniel
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Sundar Kumar
Noney, Shri W. H.
Noronha, Shri Clifford
Nuhul Islam, Shri
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammed
Ojha, Shri Samarendra

Pahari, Shri Bibhuti
Pal, Shri Kanai
Panda, Shri Bhupal Chandra
Pramanick, Shri Gangadhar
Pramanik, Shri Radhikanath
Pramanik, Shri Rajani Kanta
Purkait, Shri Prabodh
Rai, Shri Deoprokash
Ray, Shri Jajneswar
Roy, Shri Amalendu Lal
Roy, Shri Haradhan
Roy, Shri Jagadananda
Roy, Shri Jyotish
Roy, Dr. Narayan Chandra
Roy, Shri Phakir Chandra
Roy, Shri Provash Chandra
Roy Barman, Shri Khiti Bhusan
Roy Hakim, Shri Bhabendra Nath
Roy Prodhan, Shri Amarendra Nath
Saha, Shri Kripasindhu
Saha, Shri Madan
Samanta, Shri Gouranga
Sanyal, Shri Mani
Sanyal, Dr. Nalinaksha
Saren, Shri Bhabatosh
Sarkar, Shri Charu Mihir
Sarkar, Shri Nitaipada
Sarkar, Shri Sasthidas
Sen, Shri Jamini Ranjan
Sen, Shri Lakshmi Charan
Sen, Dr. Sadhan Kumar
Sen Gupta, Shri Niranjan
Sen Gupta, Shri Tarun Kumar
Shahedullah, Shri Syed
Shish Mahammad, Shri
Singhi, Shri Rajendra Singh
Sinha, Dr. Radha Krishna
Tah, Shri Dasarathi

AYES—128

Abdul Gaffar, Shri Qazi
Abdul Latif, Shri
Abdullah, Shri S. M.
Abdus Sattar, Shri
Abul Barkat Atawal Ghani Khan Chaudhury, Shri
Afaque Chowdhary, Shri
Ahmad Hossain Mondal, Shri
Azizur Rahaman, Shri
Bagchi, Shri Amalendu Kumar
Bandopadhyay, Shri Baidyanath
Bandyopadhyay, Shri Satya Narayan
Banerjee, Shri Mrityunjoy
Banerji, Shri Sankar Das
Barman, Shri Prasenjit
Barman, Shri Syama Prasad
Bauri, Shri Nepal
Bauri, Shri Satish Chandra
Beri, Shri Dayaram

Bhagat, Shri Budhu
Bhattacharjee, Shri Golokesh
Bhattacharya, Shri Bijoy Krishna
Bhattacharyya, Shri Satyabrata
Bhattacharyya, Shri Sreepada
Bhowmick, Shri Kalipada
Bhuniya, Shri Nitya Nanda
Bishayee, Shri Paramananda
Bose, Shri Maharaja
Brahmachari, Shri Bholanath
Chalak, Shri Kali Kinkar
Chatterjee, Shri Arun
Chattopadhyay, Shri Benoy Kumar
Chattopadhyay, Shri Brindabon
Chaudhuri, Shri Narayan Chandra
Choudhury, Dr. Sashi Bhusan
Chunder, Dr. Pratap Chandra
Das, Shri Ambika Charan
Das, Shri Hare Krishna
Das, Shri Makhan Lal
Das Gupta, Shri Khagendra Nath
Dhara, Shri Hansadhwaj
Dhibar, Shri Pramathanath
Dolai, Shri Rajani Kanta
Dutta, Shrimati Sudharani
Fazlur Rahaman, Shri S. M.
Ghatak, Shri Shibdas
Ghosh, Shri Nitaipada
Ghosh Choudhury, Dr. Ranjit
Goswami, Shri Paresh Chandra
Gurung, Shri Krishna Bahadur
Haldar, Shri Nalini Kanta
Halder, Shri Adhar Chandra
Hazra, Shri Santimoy
Hemram, Shri Babulal
Jalan, Shri Iswardas
Jash, Shri Sristhidhar
Karam Hossain, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khalil Sayed, Shri
Kolay, Shri Jagannath
Kundu, Shri Rajnarayan
Lakra, Shri Denis
Mahato, Shri Ramkrishna
Maiti, Shrimati Abha
Maji, Shri Binode Behari
Majumdar, Shri Byomkes
Mandal, Shri Bhudeb Chandra
Mandal, Shri Prabhakar
Md. Fazle Hoque, Shri
Misra, Shri Sourindra Mohan
Misra, Shri Trilokes
Mitra, Shrimati Biva
Mitra, Shri Dwijendranath
Mitra, Dr. Gopika Ranjan
Mitra, Shri Satyanarayan
Mohammad Sayeed Mia, Shri
Mohammed Israil, Shri

Moitra, Shri Arun Kumar
Mondal, Shri Girindra
Mondal, Shri Haradhan
Mondal, Shri Sudhir Kumar
Mukhopadhyay, Shrimati Purabi
Mukherjee, Shri Brajabilash
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukhopadhyay, Shri Pasupati
Murmu, Shri Boila
Murmu, Shri Dashukaran
Nag, Dr. Gopal Das
Nahar, Shri Bijoy Singh
Nandy, Shri Sachindra Mohan
Narjinarai, Shri Dhirendra
Nuran Nabi, Shri T. A.
Paik, Shri Bimal
Pal, Shri Probhakar
Paul, Shri Balai Bhusan
Paul, Shri Sushil Kumar
Pradhan, Shri Trailokyanath
Pramanik, Shri Puranjoy
Prasad, Shri Shiromani
Ray, Shri Siddhartha Shankar
Roy, Dr. Indrajit
Roy, Shri Jatindra Mohan
Roy, Shri Krishnadas
Roy, Shri Santi Mohan
Roy, Shri Santosh Kumar
Roy, Shri Suvendu
Saha, Shri Kanai (Bankura)
Saha, Shri Kanai (Birbhum)
Saren, Shri Mangal Chandra
Sasmal, Shri Bankim Chandra
Sattar, Shrimati Nurunnesa
Sen Ishore, Shri Sankar
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsuddin Ahmed, Shri
Sharma, Shri Joynarayan
Shukla, Shri Krishna Kumar
Sinha, Shri Debendra Nath
Sinha, Shri Sripati
Singh Deo, Shri Shanker Narayan
Sinha Roy, Shri Panchanan
Tar, Shri Mati Ranjan
Topna, Shri Anotoni
Trivedi, Shri Goalbadan
Tudu, Shri Budhan Chandra
Upadhyay, Shri Mihir
Wangdi, Shri Tenzing
Zainal Abedin, Dr.

The Ayes being 128 and the Noes 146, the motion was lost.

The motion of Shri Sushil Kumar Dhara that a sum of Rs. 3,15,30,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 29, Major Heads: 37—Community Development Projects, National Extension Service and Local Development Works, 109—Capital Outlay on Other

Works—Community Development Projects, National Extension Service and Local Development Works, and Loans and Advances under Community Development Projects, National Extension Service and Local Development Works, was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 31

Major Head: 39—Miscellaneous Social and Development Organisations—Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes.

Mr. Speaker: I put to vote all the cut motions.
All the cut motions were then put and lost.

The motion of Shri Satyanarayan Mitra that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Shamsuddin Ahmed that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Rajani Kanta Doloi that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Azizur Rahman that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri T. A. Nuran Nabi that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Brindabon Chattopadhyay that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Tenzing Wangdi that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Sachindra Mohon Nandy that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Dashu Koron Murmu that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Golokesh Bhattacharjee that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Nityananda Bhunia that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Sankar Sen Ishore that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Pramatha Nath Dhibar that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Puranjoy Pramanik that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Deo Prakash Rai that a sum of Rs. 1,35,27,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 31, Major Head: 39—Miscellaneous Social and Developmental Organisations—Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes, was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 47

Total Demand—Rs. 4,19,23,000

Major Head: 78A—Expenditure connected with the National Emergency

Shri Ajoy Kumar Mukhopadhyay: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,52,42,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 47, Major Head: 78A—Expenditure connected with the National Emergency.

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 14

Total Demand—Rs. 1,95,84,000

Major Head: 22—Jails

Shri Niranjan Sen Gupta: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 1,32,55,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 14, Major Head: 22—Jails.

The motion was then put and agreed to.

[5-10—5-20 p.m.]

DEMAND FOR GRANT No. 3

Total Demand—Rs. 82,53,000

Major Head: 10—State Excise Duties

Shri Amar Prasad Chakraborty: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 56,78,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 3, Major Head: 10—State Excise Duties.

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 4

Total Demand—Rs. 15,11,000

Major Head: 11—Taxes on Vehicles

Shri Jyoti Basu: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 10,46,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 4, Major Head: 11—Taxes on Vehicles.

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 44

Total Demand—Rs. 13,39,49,000

Major Heads: 71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works

Shri Hemanta Kumar Basu: Sir, on the recommendation of the Governor I beg to move that sum of Rs. 9,19,44,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 44, Major Heads: 71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works.

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 52

Total Demand—Rs. 17,31,07,000

Major Head: Loans and Advances by State/Union Territory Governments

Shri Jyoti Basu: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 12,35,17,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 52, Major Head: Loans and Advances by State/Union Territory Governments.

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 13

Total Demand—Rs. 1,74,74,000

Major Head: 21—Administration of Justice

Shri Amar Prasad Chakraborty: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,21,78,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 13, Major Head: 21—Administration of Justice.

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 32

Total Demand—Rs. 1,32,38,000

Major Head: 39—Miscellaneous Social and Developmental Organisations—Excluding Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes.

Shri Hemanta Kumar Basu: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 90,34,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 32, Major Head: 39—Miscellaneous Social and Developmental Organisations—Excluding Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes.

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 16

Total Demand—Rs. 79,78,000

Major Head: 26—Miscellaneous Departments—Fire Services

Shri Somnath Lahiri: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 54,84,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 16, Major Head: 26—Miscellaneous Departments—Fire Services.

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 1

Total Demand—Rs. 9,45,000

Major Head: 4—Taxes on Income other than Corporation Tax

Shri Jyoti Basu: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 6,55,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 1, Major Head: 4—Taxes on Income other than Corporation Tax.

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 8

Total Demand—Rs. 52,29,000

Major Head: 15—Registration Fees

Shri Amar Prasad Chakraborty: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 36,06,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 8, Major Head: 15—Registration Fees.

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 36

Total Demand—Rs. 21,71,000

Major Head: 53—Ports and Pilotage

Shri Jyoti Basu: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 14,65,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 36, Major Head: 53—Ports and Pilotage.

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 18

Total Demand—Rs. 77,000

Major Head: 27—Scientific Departments

Shri Jyoti Bhusan Bhattacharya: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 51,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 18, Major Head: 27—Scientific Departments.

The motion was then put and agreed to.

[5-20—5-30 p.m.]

DEMAND FOR GRANT No. 28

Total Demand—Rs. 42,41,000

Major Head: 35—Industries—Cinchona

Shri Sushil Kumar Dhara: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 28,47,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 28, Major Head: 35—Industries—Cinchona.

(Rs. 13,94,000 has already been voted on Account)

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 40

Total Demand—Rs. 1,50,000

Major Head: 67—Privy Purses and Allowances of Indian Rulers

Shri Ajoy Kumar Mukhopadhyay: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,00,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 40, Major Head: 67—Privy Purses and Allowances of Indian Rulers.

(Rs. 50,000 has already been voted on Account)

The motion of Shri Ajoy Kumar Mukhopadhyay that a sum of Rs. 1,00,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 40, Major Head: 67—Privy Purses and Allowances of Indian rulers was then put and a Division taken with the following result:—

AYES—146

Abdul Bari, Shri Md.
Abdul Haque, Shri
Abdul Latif, Shri Md.
Amirali Molla, Dr.
Baksi, Shri Manoranjan
Bandyopadhyay, Shri Amiya Bhusan
Bandopadhyay, Shri Khagendra Nath
Banerjee, Shri Subodh
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Basu, Shri Mukul
Bazle Ahmad, Shri
Bera, Shri Sasabindu
Bhandari, Shri Netai
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharya, Shri Jyoti Bhusan
Bhattacharya, Shri Nani
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhowmik, Shri Kanai
Biswas, Shri Ajit Kumar
Bose, Shri Brindaban Behari
Chakraborty, Shri Kshudiram
Chakraborty, Shri Sadhan Kumar
Chatterjee, Shri Hara Prasad
Chatterjee, Shri Ram
Choubey, Shri Narayan
Choudhury, Shri Subodh
Dakua, Shri Dinesh Chandra
Dal, Shrimati Nanda Rani
Das, Shri Deben
Das, Shri Debendra Nath
Das, Shri Jagadish Chandra
Das, Shri Mahatab Chand
Das, Shri Nikhil
Das, Dr. Sailendra Nath
Das, Shri Sudhir Chandra
Das Ghose, Shri Biswanath

Das Gupta, Shri Bibhuti Bhusan
Das Mahapatra, Shri Kamakshyanandan
Dhara, Shri Sushil Kumar
Elias Razi, Shri Md.
Franklin, Shri L. H.
Gayen, Shri Prasanta Kumar
Ghose, Shri Kamakshya Charan
Ghose, Shri Sambhu Charan
Ghosh, Shri Krishna Pada
Ghosh, Dr. Prafulla Chandra
Golam Mahiuddin, Shri
Golam Yazdani, Dr.
Guha, Shri Bikesh Chandra
Guha, Shri Kamal Kanti
Guha Neogi, Shri Anildhar
Gurung, Shri Nandalal
Haldar, Shri Hrishikesh
Halder, Shri Krishna Chandra
Hansda, Shri Jagatpati
Hazra, Shri Lalit
Hazra, Shri Monoranjan
Hicks, Shri Clifford
Jana, Shri Manindra Nath
Jaynal, Abdin, Shri
Kar, Shri Dhananjoy
Karim Baksh, Dr. Mohammad
Konar, Shri Hare Krishna
Kundu, Shri Nishitha Nath
Lahiri, Shri Somnath
Mahato, Shri Amulya Ratan
Mahato, Shri Chittaranjan
Mahato, Shri Girish
Maity, Shri Baneswar
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Gobardhan
Majhi, Shri Kandru
Maji, Shri Guiram
Maji, Shri Panna Lal
Majumdar, Shri Amalesh Chandra
Majumdar, Shri Apurba Lal
Majumdar, Shri Dilip Kumar
Majumdar, Shri Harendra Nath
Majumder, Shri Jagannath
Mal, Shri Pagal Chandra
Malakar, Shri Ajoy
Mandal, Shri Kalipada
Mandal, Shri Kumud Ranjan
Mandal, Shri Rabin
Mitra, Shri Chandipada
Mitra, Shri Haridas
Mitra, Shrimati Ila
Mitra, Shri Sunil Kumar
Mondal, Shri Manindra Chandra
Mondal, Shri Sasanka Sekhar
Mondal, Shri Tinkari
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Jayati Prasanna

Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Mukhopadhyay, Shri Ajoy Kumar
Mukhopadhyay, Shrimati Geeta
Murmu, Shri Nathaniel
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Sundar Kumar
Noney, Shri W. H.
Noronha, Shri Clifford
Nuhul Islam, Shri
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammed
Ojha, Shri Samarendra
Pahari, Shri Bibhuti
Pal, Shri Kanai
Panda, Shri Bhupal Chandra
Pramanick, Shri Gangadhar
Pramanik, Shri Radhikanath
Pramanik, Shri Rajani Kanta
Purkait, Shri Prabodh
Rai, Shri Deoprokash
Ray, Shri Jajneswar
Roy, Shri Amalendru Lal
Roy, Shri Haradhan
Roy, Shri Jagadananda
Roy, Shri Jyotish
Roy, Dr. Narayan Chandra
Roy, Shri Phakir Chandra
Roy, Shri Provash Chandra
Roy Barman, Shri Khiti Bhusan
Roy Hakim, Shri Bhabendra Nath
Roy Prodhan, Shri Amarendra Nath
Saha, Shri Kripansindhu
Saha, Shri Madan
Samanta, Shri Gouranga
Sanyal, Shri Mani
Sanyal, Dr. Nalinaksha
Saren, Shri Bhabatosh
Sarkar, Shri Charu Mihir
Sarkar, Shri Nitaipada
Sarkar, Shri Sasthidas
Sen, Shri Jamini Ranjan
Sen, Shri Lakshmi Charan
Sen, Dr. Sadhan Kumar
Sen Gupta, Shri Niranjan
Sen Gupta, Shri Tarun Kumar
Shahedullah, Shri Syed
Shish Mahammad, Shri
Singhi, Shri Rajendra Singh
Sinha, Dr. Radha Krishna
Tah, Shri Dasarathi

NOES—129

Abdul Gaffar, Shri Qazi
Abdul Latif, Shri
Abdullah, Shri S. M.
Abdus Sattar, Shri
Abul Barket Atawal Ghani Khan Chaudhury, Shri
Afaque Chowdhary, Shri

Ahmad Hossain Mondal, Shri
Azizur Rahaman, Shri
Bagchi, Shri Amalendu Kumar
Bandopadhyay, Shri Baidyanath
Bandyopadhyay, Shri Satya Narayan
Banerjee, Shri Mrityunjoy
Barman, Shri Prasenjit
Barman, Shri Syama Prasad
Bauri, Shri Nepal
Bauri, Shri Satish Chandra
Beri, Shri Dayaram
Bhagat, Shri Budhu
Bhattacharjee, Shri Golokesh
Bhattacharya, Shri Bijoy Krishna
Bhattacharyya, Shri Satyabrata
Bhattacharyya, Shri Sreepada
Bhowmick, Shri Kalipada
Bhuniya, Shri Nitya Nanda
Bishayee, Shri Paramananda
Bose, Shri Maharaja
Brahmachari, Shri Bholanath
Chalak, Shri Kali Kinkar
Chatterjee, Shri Arun
Chattopadhyay, Shri Brindabon
Chaudhuri, Shri Narayan Chandra
Choudhury, Dr. Sashi Bhusan
Chunder, Dr. Pratap Chandra
Das, Shri Ambika Charan
Das, Shri Hare Krishna
Das, Shri Makhan Lal
Das Gupta, Shri Khagendra Nath
Dey, Shri Gobinda Chandra
Dhara, Shri Hansadhwaj
Dhibar, Shri Pramathanath
Dolai, Shri Rajani Kanta
Dutta, Shrimati Sudharani
Fazlur Rahaman, Shri S. M.
Ghatak, Shri Shibdas
Ghosh, Shri Nitaipada
Ghosh Choudhury, Dr. Ranjit
Goswami, Shri Paresh Chandra
Gurung, Shri Krishna Bahadur
Haldar, Shri Nalini Kanta
Halder, Shri Adhar Chandra
Hazra, Shri Santimoy
Hemram, Shri Babulal
Jalan, Shri Iswardas
Jash, Shri Sristhidhar
Karam Hossain, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khalil Sayed, Shri
Kolay, Shri Jagannath
Kundu, Shri Rajnarayan
Lakra, Shri Denis
Mahato, Shri Ramkrishna
Maiti, Shrimati Abha
Maji, Shri Binode Behari
Majumdar, Shri Byomkes

Mandal, Shri Bhudeb Chandra
Mandal, Shri Prabhakar
Md. Fazle Hoque, Shri
Misra, Shri Sourindra Mohan
Misra, Shri Trilokes
Mitra, Shrimati Biva
Mitra, Shri Dwijendranath
Mitra, Dr. Gopika Ranjan
Mitra, Shri Satyanarayan
Mohammad Sayeed Mia, Shri
Mohammed Israil, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shri Girindra
Mondal, Shri Haradhan
Mondal, Shri Sudhir Kumar
Mukhopadhyay, Shrimati Purabi
Mukherjee, Shri Brajabilash
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukhopadhyay, Shri Pasupati
Murmu, Shri Boila
Murmu, Shri Dashukaran
Nag, Dr. Gopal Das
Nahar, Shri Bijoy Singh
Nandy, Shri Sachindra Mohan
Narjinarai, Shri Dhirendra
Nuran Nabi, Shri T. A.
Paik, Shri Bimal
Pal, Shri Probhakar
Paul, Shri Balai Bhusan
Paul, Shri Sushil Kumar
Poddar, Shri Rajendra Kumar
Pradhan, Shri Trailokyanath
Pramanik, Shri Puranjoy
Prasad, Shri Shiromani
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shri Gonesh Prosad
Roy, Dr. Indrajit
Roy, Shri Jatindra Mohan
Roy, Shri Krishnadas
Roy, Shri Santi Mohan
Roy, Shri Santosh Kumar
Roy, Shri Suvendu
Saha, Shri Kanai (Bankura)
Saha, Shri Kanai (Birbhum)
Saren, Shri Mangal Chandra
Sasmal, Shri Bankim Chandra
Sattar, Shrimati Nurunnesa
Sen Ishore, Shri Sankar
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsuddin Ahmed, Shri
Sharma, Shri Joynarayan
Shukla, Shri Krishna Kumar
Sinha, Shri Debendra Nath
Sinha, Shri Sripati
Singh Deo, Shri Shanker Narayan
Sinha Roy, Shri Panchanan

Tar, Shri Mati Ranjan
Topna, Shri Anotoni
Trivedi, Shri Goalbadan
Tudu, Shri Budhan Chandra
Upadhyay, Shri Mihir
Wangdi, Shri Tenzing
Zainal Abedin, Dr.

The Ayes being 146 and the Noes 129, the motion was carried.

DEMAND FOR GRANT No. 41

Total Demand—Rs. 1,15,32,000

Major Head: 68—Stationery and Printing

Shri Sushil Kumar Dhara: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 78,47,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 41, Major Head: 68—Stationery and Printing.

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 46

Total Demand—Rs. 2,000

Major Head: 78—Pre-Partition Payments

Shri Jyoti Basu: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 1,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 46, Major Head: 78—Pre-Partition Payments.

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 9

Total Demand—Rs. 60,00,000

Major Head: 16—Interest on Debt and Other Obligations

Shri Jyoti Basu: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 40,00,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 9, Major Head: 16—Interest on Debt and other Obligations.

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 42

Total Demand—Rs. 2,71,92,000

Major Head : 70—Forest

Dr. Prafulla Chandra Ghosh: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 1,84,33,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 42, Major Head: 70—Forest.

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 37

Total Demand—Rs. 82,17,000

Major Heads: 57—Road and Water Transport Schemes and 114—Capital Outlay on Road and Water Transport Schemes

Shri Jyoti Basu: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 55,34,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 37, Major Head: 57—Road and Water Transport Schemes and 114—Capital Outlay on Road and Water Transport Schemes.

The motion was then put and agreed to.

[5-30—5-34 p.m.]

DEMAND FOR GRANT No. 5

Total Demand—Rs. 57,90,000

Major Head: 12—Sales Tax

Shri Jyoti Basu: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 40,07,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 5, Major Head: 12—Sales Tax.

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 6

Total Demand—Rs. 21,97,000

Major Head: 13—Other Taxes and Duties

Shri Jyoti Basu: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 15,07,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 6, Major Head: 13—Other Taxes and Duties.

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 7

Total Demand—Rs. 23,76,000

Major Head: 14—Stamps

Shri Jyoti Basu: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 15,90,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 7, Major Head: 14—Stamps.

The motion was then put and agreed to.

Mr. Speaker: Honourable Members, we have finished almost all the exciting days relating to this budget. I take this opportunity to thank all of you for your excellent co-operation whenever I was in need of it, and I only wish that you would continue to extend the same co-operation for the smooth running of the business of this House as before. I thank you all. The budget is now passed. Now I would request you all to please obtain the copies of the Appropriation Bill which will be taken up tomorrow.

The House stands adjourned till 1 p.m. tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 5-34 p.m. till 1 p.m. on Wednesday, the 26th July, 1967, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 26th July, 1967, at 1 p.m.

Present:

Mr. Speaker (Shri BEJOY KUMAR BANERJEE) in the Chair, 18 Ministers and 264 Members.

STARRED QUESTIONS TO WHICH ORAL ANSWERS WERE GIVEN

[1—1-10 p.m.]

Lands vested in Government in Contai subdivision

***287.** (Admitted question No. *582.)

শ্রীমাখনলাল দাস: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জমিদারী উচ্ছেদের ফলে কাঁথি মহকুমায় ব্লকওয়ারী মোট কত একর কৃষি ও অকৃষি জমি সরকারে ন্যস্ত হইয়াছে ;

(খ) ঐ ন্যস্ত জমির মধ্যে কত একর জমি বর্তমানে সরকার দখল করিয়াছেন ; এবং

(গ) দখলীকৃত মোট কত জমি কতজন 'ভূমিহীন' লোককে এবং ভূমিহীন নয় এমন কতজন লোককে এ পর্যন্ত দেওয়া হইয়াছে?

Shri Hare Krishna Konar:

(ক) ব্লকওয়ারী কোন হিসাব রাখা নাই। তবে কাঁথি মহকুমায় সরকারে ন্যস্ত মোট কৃষি ও অকৃষি জমি নিম্নরূপ—

কৃষি	১৬,৫২৩·২০ একর
অকৃষি	৪,৬২৭·৪২ একর
মোট	২১,১৫০·৬২ একর

(খ) ১৩,৬৫৫·৩০ একর।

(গ) এ পর্যন্ত ৮,২৯৬·৪১ একর কৃষি জমি ৩,২৭৪ জন ভূমিহীন কৃষক এবং ৯.৮৬৩ জন ক্ষুদ্র জোতের মালিককে বন্দোবস্ত দেওয়া হইয়াছে।

শ্রীবঙ্কিমচন্দ্র শাসমল: এই জমিগুলির মধ্যে ম্যাক্সিমাম কত একর জমি সরকারের দখলে এসেছে?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: এটা বলা সম্ভব নয়।

শ্রীবঙ্কিমচন্দ্র শাসমল: ভূমিহীন তপশীলী সম্প্রদায়ভুক্ত লোকদেরই দেওয়া হয়েছে এটা বলতে পারবেন কি?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: নোটিশ দিলে বলা যাবে।

Eviction of unauthorised occupants of Government lands in West Dinajpur

***288.** (Admitted question No. *612.) **Shri Syama Prosad Barman:** Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—

(a) The number of cases instituted under the West Bengal Public Lands (Eviction of Unauthorised Occupants) Act, 1962, in the court of S.D.O. at Raiganj in the district of West Dinajpur against unauthorised occupants for eviction from Kabarsthan at Islampur, police-station Hemtabad;

(b) Number of cases in which order of eviction has been passed; and

(c) Whether the evicted persons are still in possession of the Kabarsthan?

Shri Hare Krishna Konar: (a) 5.

(b) 2.

(c) Yes.

শ্রীশ্যামাপ্রসাদ বর্মন: মন্ত্রিমহোদয় বলেছেন যে, এখন যাদের এভিকটেড করা হয়েছে তারা সেই জমি দখল করে বসে আছে। এখনও তারা কেন সেই জমি দখল করে আছে সেটা মন্ত্রি-মহাশয় জানাবেন কি?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: যারা দখল করে আছে তারা হচ্ছে হিন্দু ও সাঁওতাল রিফিউজি। তারা ওখানে ঘরবাড়ি করেছে এবং চাষবাসও করছে। জমিটার রেকর্ড হচ্ছে কোর্টে কবরস্থান বলে। রায়গঞ্জ ক্যাম্পের রিফিউজিরা সিভিল স্যুট ফাইল করেছে।

শ্রীশ্যামাপ্রসাদ বর্মন: ছয়টি মৌজার ব্যবহারের জন্য এই একটি মাত্র কবরস্থান, অথচ সেখানে তারা দখল করে থাকার জন্য মৃত ব্যক্তিদের কবর দেওয়ার অসুবিধা হচ্ছে এটা কি জানেন?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: এ প্রশ্ন আসে না। কারণ, গভর্নমেন্ট-এর তরফ থেকেই তাদের উচ্ছেদের ব্যবস্থা করা হচ্ছে। তাদের কেসে উচ্ছেদের জাজমেন্ট হয়েছে। কিন্তু তারা আবার সিভিল কোর্টে মামলার জন্য অ্যাপীল করেছে।

শ্রীশ্যামাপ্রসাদ বর্মন: মুসলমানদের ব্যবহারের জন্য এই কবরস্থানটি তারা যে জোর করে দখল করে আছে তাদের ওখান থেকে সরাবার জন্য কি ব্যবস্থা করা হয়েছে?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: আইনত যে ব্যবস্থা থাকা উচিত সেটা ও'রা নিজেরাও জানেন। গভর্নমেন্টের আইন অনুযায়ী এভিকশন অব আনঅথরাইজড অকুপেশন—সেই আইন অনুযায়ী তাদের উচ্ছেদ করবার জন্য মামলা করা হয়েছে। দুটো কেসের জাজমেন্ট দেওয়া হয়ে গেছে।

শ্রীশ্যামাপ্রসাদ বর্মন: যে জমি থেকে এভিকটেড হয়েছে এখনও কি কারণে তা দখল নেওয়া হচ্ছে না?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: আমার কাছে যে রিপোর্ট আছে সেটা হচ্ছে

They have filed civil suits before the Munsiff Court, Raigunj over these lands.

শ্রীআবদুস সাত্তার: উনি বললেন সিভিল স্যুট হয়েছে, কিন্তু ইনজাংশন পেয়েছেন কি?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: নোটিস দিলে বলতে পারব।

শ্রীসত্যব্রত ভট্টাচার্য: মাননীয় মন্ত্রিমহোদয় বলেছেন যে, সেখানে রিফিউজি সাঁওতালরা বসেছে। কিন্তু তাদের বিকল্প জমি দিয়ে সেই কবরস্থান পরিষ্কার করে দেবার পরিকল্পনা আছে কি?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: সেগুলি স্থানীয় জে এল আর ও-কে সাধারণভাবে নির্দেশ দেওয়া আছে। কিন্তু এই বিশেষ কেস আমার কাছে আসে নি, এলে নিশ্চয়ই দেখা যাবে।

শ্রীশ্যামাপ্রসাদ বর্মনঃ ঐ কবরস্থান যারা জবরদখল করে বসে আছে তাদের অলটারনেটিভ জমি দেওয়ার প্রস্তাব করা হয়েছিল কিন্তু তারা সেখানে যায় নি এটা কি মন্ত্রিমহাশয় জানেন?

শ্রীহরেকৃষ্ণ কোঙারঃ সেকথা আমার জানা নেই, ও'র জানা থাকতে পারে।

শ্রী এস, এম, ফজলুর রহমান: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন কোন গ্রেভ ইয়ার্ডে ব্যক্তিগত অন্য কোন কাজ করলে
That is an offence under the Indian Penal Code?

শ্রীহরেকৃষ্ণ কোঙারঃ মাননীয় সদস্য নিজেও জানেন যে, এই কেসগুলি চার মাসে হয় নি—এগুলি দীর্ঘদিন আগে হয়েছে। তখন তাঁরা ছিলেন, তাঁরা কি করছেন সেটা তাঁরাই জানেন। আইনে কি আছে তাঁরা জানেন এবং এটা আইনের কোথায় পড়ে তাও তাঁরা জানেন।

Rajnagore Ferryghat in Daspur police-station

***289.** (Admitted question No. *723.)

শ্রীরজনীকান্ত দলুইঃ ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার ঘাটাল মহকুমার দাসপুর থানার রাজনগর খেয়াঘাট প্রতি বৎসর ডাকের মাধ্যমে বন্দোবস্ত দেওয়া হয় এবং গত ২৭-৪-৬৭ তারিখেও তদনুরূপভাবে ডাকা হইয়াছিল ৯৯০·০০ টাকা পর্যন্ত; এবং

(খ) সত্য হইলে (১) পরে উহার ৭-৬-৬৭ তারিখে আবার ডাকা হয় কেন, (২) ১২৫·০০ টাকায় অন্য একজনকে দেওয়া হয় কেন?

Shri Hare Krishna Konar:

(ক) হ্যাঁ।

(খ) (১) সর্বোচ্চ (৯৯০ টাকা) ডাককারী টাকা জমা না দেয়ায় এবং ফেরী জমা নিতে লিখিতভাবে অস্বীকার করায় পুনরায় ৭-৬-৬৭ তারিখে ডাক হয়।

(২) অন্য কাহাকেও দেওয়া হয় নাই। পূর্বে যিনি সর্বোচ্চ ডাকের বন্দোবস্ত পাইয়াছিলেন তিনিই বন্দোবস্ত পাইবার জন্য ৭-৬-৬৭ তারিখে সর্বোচ্চ ১২৫ টাকা ডাক দিয়াছেন, তবে এখনও ডাক অনুমোদিত হয় নাই।

শ্রীরজনীকান্ত দলুইঃ গত বছর ঐ খেয়াঘাট কত টাকায় বন্দোবস্ত দেওয়া হয়েছিল?

শ্রীহরেকৃষ্ণ কোঙারঃ গত বছর ১৯৬৬-৬৭ সালে ১০৯ টাকায়।

শ্রীরজনীকান্ত দলুইঃ আপনি কি অবগত আছেন যে, বিভাগীয় অফিসারদের এর মধ্যে দুর্নীতি আছে?

শ্রীহরেকৃষ্ণ কোঙারঃ সেটা বলা খুব মুস্কিল। কারণ রিপোর্ট যা আছে এবারে ডাক দেওয়া হয় দুজনকে। শ্রীরামপদ দাস ডাকেন ৯৯০ টাকায়। আর শ্রীমহাদেব মাল ডাকেন ৯৮৫ টাকায়। যদিও মহাদেব মালের ডাক কম ছিল, তথাপি রাজস্ব পর্ষতের ৬১৩২(১৫) কে এম।১১৬০।৫৮, তাং ২-৪-৬০ পত্রের (নিম্নে দেওয়া হইল) নির্দেশ অনুযায়ী উক্ত মহাদেব মালকেই বন্দোবস্ত দেওয়া হয়। কারণ উক্ত মহাদেব মাল উক্ত খেয়াঘাটের বংশগত পাটনী। কিন্তু মহাদেব মাল ২৭-৪-৬৭ তারিখের ডাকের টাকা আদায় না দেওয়ায় এবং তিনি ও রামপদ দাস উভয়েই উক্ত ঠিকায় বন্দোবস্ত লইতে লিখিতভাবে অস্বীকার করায় পুনরায়

৭-৬-৬৭ তারিখে ডাকের ব্যবস্থা করা হয় এবং পূর্ববর্তী সমস্ত অংশ গ্রহণ করেন। তাহাদের ডাক ছিল নিম্নরূপ—

(১) শ্রীরামপদ দাস—১০১ টাকায়,
(২) শ্রীমহাদেব মাল—১২৫ টাকায়,
(৩) শ্রীঝণ্টুপদ্ম মাল—১২৪ টাকায়,

উভয় নীলাম দাসপুরের জে, এল, আর, ও পরিচালনা করেন। ৭-৬-৬৭ তারিখের ডাকের সর্বোচ্চ ডাককারী শ্রীমহাদেব মালের বন্দোবস্তের বিষয়টি এখনও এ ডি এম-এর অনুমোদন লাভ করে নাই।

Shri Md. Jainal Abedin:
মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, যারা বংশানুক্রমে পাটনীত্ব করছে তাদের অগ্রাধিকার দেওয়ার কথা বিবেচনা করবেন, না, যারা সর্বোচ্চ ডাক দেবেন তাদের বন্দোবস্ত দেবেন?

Shri Biswanath Mukherjee:
বিবেচনা করে দেখা হবে। লিখিতভাবে প্রশ্ন দিলে উত্তর দেব।

Shri Bankim Chandra Sasmal:
মন্ত্রিমহাশয় কি জানেন, সেখানে প্রতি বৎসর জনসাধারণের সুবিধার জন্য একটা ব্রীজ তৈরি হত?

Shri Biswanath Mukherjee:
না, আমার জানা নাই।

Shri Bankim Chandra Sasmal:
না জানা থাকলে জনস্বার্থে সেখানে ব্রীজ করতে আপনি প্রস্তুত আছেন কিনা?

Shri Biswanath Mukherjee:
তা এখন বলা সম্ভব নয়।

Shri Nitaipada Sarkar:
এই সব জমিদারী নিয়ে নেবার পরে গভর্নমেন্ট থেকে এই পাটনীদের কোন ক্ষতিপূরণ দেওয়া হয়েছিল কিনা?

Shri Biswanath Mukherjee:
তা এখন বলা সম্ভব নয়।

Fund of the Mohsin Wakf Estates

***290.** (Admitted question No. *728.) **Dr. A. M. O. Ghani:** Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) what is the amount of sum lying with the Government on account of the Mohsin Wakf Estates; and

(b) has any contribution been made for this sum to any of the purposes for which wakf funds are supposed to be used, during the last 10 years?

[1-10—1-20 p.m.]

Shri Amar Prasad Chakrabarty:

এই প্রশ্নটা যেভাবে দেওয়া হয়েছে, তাতে প্রশ্নকর্তা সেভাবে উত্তর পেতে পারেন না। ওটা মহসীন ওয়াকফ স্টেট নয়, ওটা হুগলী ইমামবাড়া স্টেট—তার উত্তর আমি দিচ্ছি।

(a) A sum of Rs. 96,100 in G.P. Notes are lying with the Reserve Bank of India, Calcutta.

(b) The religious functions of the Hooghly Imambarah are carried out in accordance with the scale of expenses approved by the parties and sanctioned by the District Judge of Hooghly as far as the income permits.

Shri Mohammed Israil:

মহসীন ফান্ড বলে কি অন্য কোন ফান্ড আলাদা আছে?

Shri Amar Prasad Chakrabarty:

মহসীন ওয়াকফ স্টেট বলে কিছু নাই, হুগলি ইমামবাড়া স্টেট আছে। আর মহসীন এন-ডাউমেন্ট ফান্ড বলে একটা ফান্ড আছে।

আর হুগলি ইমামবাড়া মহসীন স্টেট ১৮০৬ খৃস্টাব্দে একটা ওয়াকস স্টেট করে গিয়েছিলেন। ১৯৫৯ সালে হুগলির ডিস্ট্রিক্ট জজএর কোর্টে একটা কেস হয়, তারপর সেই কেসে একজন রিসিভার অ্যাপয়েন্ট হয়, এ জি ও টি। তিনি রিসিভার আছেন, সেইকাজ কিভাবে হয় তা উত্তরে বলেছি। তবে মহসীন ওয়াকফ স্টেট বলে কোন স্টেট নাই।

Farakka Barrage Project

***291.** (Admitted question No. *745.)

শ্রীসন্তোষকুমার রায়: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় কি জানাইবেন, নিম্নোক্ত বিষয়ে রাজ্য সরকারের কি তথ্য জানা আছে—

(ক) ফরাক্কা প্রকল্পের কাজ কত দিনে সম্পূর্ণ হইবে ; এবং

(খ) প্রকল্পের সমগ্র কাজের কত অংশ সম্পূর্ণ হইয়াছে?

Shri Biswanath Mukherjee:

(ক) মোটামুটি বলা যায় ১৯৭১ সালে শেষ হবে।

(খ) এই প্রকল্পটি কেন্দ্রীয় সরকারের তত্ত্বাবধানে রূপায়িত হচ্ছে। সুতরাং রাজ্যসরকার এ বিষয়ে কিছু বলতে পারেন না।

Shri S. M. Fazlur Rahman:

এই প্রকল্পের সঙ্গে স্টেট গভর্নমেন্টএর কোন সংস্রব আছে কি?

Shri Biswanath Mukherjee:

হ্যাঁ ফরাক্কা কন্ট্রোল বোর্ডের সঙ্গে আছে। তাতে স্টেট গভর্নমেন্ট-এর ইরিগেশন মিনিস্টার এবং সেক্রেটারি, ইরিগেশন অ্যান্ড ওয়াটারওয়েজ ডিপার্টমেন্ট আছে। তা ছাড়া টেকনিক্যাল কনসালট্যান্ট আছে, তাতে চীফ ইঞ্জিনীয়ারও মেম্বার।

Shri S. M. Fazlur Rahman:

আর ফান্ড আছে—এই প্রকল্প বাবত এর ডিসবার্সমেন্ট বাবত আপনার কোন হাত নাই?

Shri Biswanath Mukherjee:

না, আমার কোন হাত নই। তবে পরোক্ষভাবে প্রভাবিত করি বোর্ড মারফত সরাসরি কেন্দ্রীয় সেচ এবং পাওয়ার মিনিস্টার-এর সঙ্গে আমি দেখা করে তাঁর উপর আমি প্রভাব বিস্তার করি এবং বোর্ড মারফত করি। তবে প্রত্যক্ষ কোন হাত নাই। কারণ কেন্দ্রীয় সরকারের প্রত্যক্ষ দায়িত্বে তার সম্পূর্ণ খরচ হয় এই প্রকল্পের জন্য।

Shri S. M. Fazlur Rahman:

এই প্রকল্প সম্পাদনে ত্রুটিবিচ্যুতি থাকলে তা রেক্টিফাই করবার জন্য স্টেট গভর্নমেন্টের কি কোন অধিকার নেই?

Shri Biswanath Mukherjee:

আইনত নাই। কিন্তু কার্যত আছে।

Shri S. M. Fazlur Rahman:

এইরকম ত্রুটিবিচ্যুতির অভিযোগ সেন্ট্রাল গভর্নমেন্টকে জানানো হয়েছে?

Shri Biswanath Mukherjee:

হ্যাঁ, হয়েছে।

Shri S. M. Fazlur Rahman:

তার প্রতিকার পেয়েছেন কি?

Shri Biswanath Mukherjee:

প্রথম বোর্ডের মিটিং-এ আমি যখন যোগদান করি সেখানে এ সম্বন্ধে থরো ডিসকাশন হয়, অনেক ত্রুটিবিচ্যুতি ধরা পড়ে এবং যাতে ১৯৭১ সালের মধ্যে কাজগুলি কমপ্লিট হয় বা শেষ হয়, তার জন্য প্রোগ্রামকে অলটারড করা হয় এবং তার জন্য নানা বিষয় অসুবিধা হচ্ছে। সেই অসুবিধাগুলি নিয়ে কনস্ট্যান্টলি ওখানকার চীফ ইঞ্জিনীয়ারের সঙ্গে যোগাযোগ রাখা হচ্ছে এবং কনস্ট্যান্টলি চেষ্টা করছি যাতে সমস্ত কাজগুলি তাড়াতাড়ি শেষ বা কমপ্লিট হয়।

Shri S. M. Fazlur Rahman:

কতগুলি ত্রুটিবিচ্যুতি ধরা পড়েছে এবং তার মধ্যে কতগুলি সেন্ট্রাল গভর্নমেন্টের গোচরীভূত করা হয়েছে; এবং তার কতগুলি প্রতিবিধান হয়েছে?

Shri Biswanath Mukherjee:

প্রথমত আমাদের ডানদিকে যেটা, রাইট ব্যাঙ্ক, তার কাজটা কিছু পিছিয়ে আছে, সেই কাজটা ত্বরান্বিত করবার জন্য ব্যবস্থা করছি এবং ক্যানাল কনস্ট্রাকশন, তার কাজটাও পিছিয়ে আছে, সেটাকেও ত্বরান্বিত করবার চেষ্টা করছি। তা ছাড়া লেবার ট্রাবল এবং ম্যানেজমেন্টএর ত্রুটি-বিচ্যুতির জন্য গণ্ডগোল হয়ে কাজে বাধা পড়ার আশংকা দেখা দিয়েছে বলে সেদিকেও হস্তক্ষেপ করা হচ্ছে এবং কেন্দ্রীয় মন্ত্রী ও চীফ ইঞ্জিনীয়ার এ বিষয় আমাদের সহযোগিতা করছেন। তবে ভবিষ্যতে কি হবে তা জানি না।

Shri Tarun Kumar Sen Gupta:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এইসব ত্রুটিবিচ্যুতি হবার কারণ কি কি?

Shri Biswanath Mukherjee:

এইসব ত্রুটিবিচ্যুতির একটা কারণ হচ্ছে, আমি যতদূর জানি বা বুঝি রিমোট কন্ট্রোল। দিল্লী থেকে কন্ট্রোল করে এখানে এতবড় একটা কাজ হচ্ছে এবং সেই কন্ট্রোলে এতরকম ব্যুরোক্রেটিক ব্যাপার আছে, লাল ফিতার ব্যাপার আছে যার জন্য এখানে প্রোজেক্ট ইঞ্জিনীয়ারের কাজ করতে অসুবিধা হচ্ছে। এন. পি. সি. সি. যাঁরা এখন মেন কনস্ট্রাকশনএর কন্ট্রাক্ট নিয়েছেন, তাঁদেরও সেই অবস্থা। সরকারী প্রতিষ্ঠান এবং তাদের কন্ট্রাক্টর তার আবার হাজার রকম প্যারাফারনালিয়া, রেড টেপ আছে, এই সবের জন্য অসুবিধা হচ্ছে। তবে কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছেন

না বলে কাজ বন্ধ হয়ে যাচ্ছে, একথা শুনে আমি দিল্লী গিয়েছিলাম এবং কেন্দ্রীয় মন্ত্রী আমাকে অ্যাসিওর করেছেন যে এ সম্পর্কে প্রয়োজনীয় টাকা বরাদ্দ করা হবে, আপনি আশ্বস্ত থাকতে পারেন। তাহলেও আমরা সর্বদা শঙ্কিত হয়ে আছি।

Shri S. M. Fazlur Rahman:

ওখানে যে লেবার আছে, তাদের কি সেখানে কোন রেকগনাইজড ইউনিয়ন আছে?

Shri Biswanath Mukherjee:

হ্যাঁ, ইউনিয়ন আছে। এন পি সি সি ঐটা অল ইন্ডিয়াতে কাজ করে, তাদের ইউনিয়ন আছে।

Shri S. M. Fazlur Rahman:

আপনি যে ইউনিয়নটির কথা বললেন, সেটি স্পনসর্ড বাই হুইচ পার্টি?

Shri Biswanath Mukherjee:

যে ইউনিয়নটি নিয়ে আমাদের প্রধানত ব্যতিব্যস্ত হতে হয়েছে, সেটা হচ্ছে ন্যাশনাল ট্রেড ইউনিয়ন কংগ্রেস এবং তাদের সঙ্গে অনবরত যোগাযোগ রাখতে হচ্ছে যেখানে গন্ডগোল হচ্ছে, তার যাতে মীমাংসা হয় তার চেষ্টা চলছে এবং ভবিষ্যতেও চলতে থাকবে।

শ্রীপান্নালাল মাঝি: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, ফারাক্কা পরিকল্পনার কাজ শেষ হয়ে গেলে কোন্ কোন্ এলাকায় জল সরবরাহের ব্যবস্থা হবে?

শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়: ফারাক্কা প্রকল্পটির জল সরবরাহ কোন এলাকার জন্য নয়। ফারাক্কা প্রকল্পটি হচ্ছে ভাগীরথী নদীতে গঙ্গার জল নিয়ে আসার জন্য, ভাগীরথীকে নাব্য রাখার জন্য করা হচ্ছে।

[1-20—1-30 p.m.]

Dhulagori-Ekabbarpur Road in Howrah district

***292.** (Admitted question No. *759.)

শ্রীনিত্যানন্দ ভুঁইঞ্যা: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হাওড়া জেলার ধুলোগাড়ি-একাব্বরপুর রাস্তাটির নির্মাণকার্য আরম্ভ হইয়াছে কি না ;

(খ) আরম্ভ না হইলে তাহার কারণ কি ;

(গ) উক্ত রাস্তাটি কোন্ পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্ভুক্ত ছিল, এবং

(ঘ) উক্ত রাস্তাটির নির্মাণকার্য কতদিনের মধ্যে আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

শ্রীহেমন্তকুমার বসু: (ক ও খ) রাস্তাটিরনির্মাণকার্য আরম্ভ হয় নাই, কারণ জমি দখল করার কাজে স্থানীয় অধিবাসীবৃন্দের আপত্তি থাকায় পথরেখা বার বার পরিবর্তন করা হইয়াছে।

(গ) তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায়।

(ঘ) প্রয়োজনীয় জমি দখল পাওয়া গেলেই।

শ্রীশৈলকুমার মুখার্জি: মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, এই যদি তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্ভুক্ত হয় তাহলে এটা কত দিনে আরম্ভ হবে?

শ্রীহেমন্তকুমার বসু: জমি পাওয়া গেলেই আরম্ভ হবে।

শ্রীকৃষ্ণকুমার শুক্লা: জমি দখল নেওয়ার কোন চেষ্টা হচ্ছে কি?

শ্রীহেমন্তকুমার বসু: খুব চেষ্টা হচ্ছে।

শ্রীনিত্যানন্দ ভুঁইয়া: রাস্তাটি পুরানো যে ডিস্ট্রিক্ট বোর্ডের রাস্তা ছিল তার থেকে ডাইভারশন করার জন্য জমি নেওয়া হচ্ছে, এটা জানাবেন কি?

শ্রীহেমন্তকুমার বসু: নোটিশ দিলে আমি বলতে পারব।

শ্রীনিত্যানন্দ ভুঁইয়া: মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে, এই রাস্তাটির উপর একমাত্র ব্রীজ যেটা ছিল সেটা ভেঙ্গে পড়ার দরুন পুরাতন যে ডিস্ট্রিক্ট বোর্ডের রাস্তা ছিল সেই রাস্তা দিয়ে কোন লোক বর্তমানে যেতে পারছে না?

শ্রীহেমন্তকুমার বসু: আমি জানি না।

ডাঃ রঞ্জিত ঘোষ চৌধুরী: মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে, স্থানীয় জনসাধারণের আপত্তি থাকার জন্য পথরেখা বারবার পরিবর্তন করতে হচ্ছে। ও'দের এই পথরেখা স্থির করা সম্পর্কে নীতি কি সেটা জানাবেন কি?

শ্রীহেমন্তকুমার বসু: নীতিটা হচ্ছে ইঞ্জিনীয়াররা যা ঠিক করেন সেই অনুসারে হয়।

ডাঃ রঞ্জিত ঘোষ চৌধুরী: যদি পথরেখা স্থানীয় জনসাধারণের আপত্তির জন্য বারবার পরিবর্তন করতে হয় তাঁহলে মাননীয় মন্ত্রিমহাশয় কি মনে করেন না যে, বাংলাদেশে কোন রাস্তাই কোনদিন হবে না?

শ্রীহেমন্তকুমার বসু: আমি সেটা মনে করি না। কোন কোনটা করতে হয় জনস্বার্থের খাতিরে।

Reclamation Schemes of the Piali, Matla and Bidyadhari rivers

***293.** (Admitted question No. *764.)

শ্রীকুমুদরঞ্জন মণ্ডল: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দক্ষিণ ২৪-পরগনায় পিয়ালী-মাতলা-বিদ্যাধরী অববাহিকা অঞ্চলে নদী ও খাল সংস্কার করিয়া ঐ এলাকায় ক্রমবর্ধমান জলনিকাশী সমস্যার সমাধানের যে প্রকল্প ছিল তাহা সরকার গ্রহণ করিয়াছেন কি ; এবং

(খ) পিয়ালী-বিদ্যাধরী সংস্কার সম্পর্কে সেচ ও জলপথ বিভাগের তদনীন্তন চীফ ইঞ্জিনিয়ার জি, ভি, মণ্ডলের প্রকল্পটি কার্যকরী করিবার বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

Shri Biswanath Mukherjee:

(ক) মগরাহাট বেসিনের জলনিকাশ উন্নয়ন প্রকল্পের দ্বারা প্রশ্নে উল্লিখিত এলাকা আংশিকভাবে উপকৃত হইবে। বিশদ প্রাক্কলনসহ প্রকল্পটি প্রস্তুত করার কাজ চলিতেছে। সুতরাং ঐ প্রকল্পের কাজ এখনও গ্রহণ করা হয় নাই।

(খ) জি, ভি, মণ্ডল রচিত প্রকল্প কোন্‌টি তাহা ঠিক বোঝা যাইতেছে না। তবে এখনও পিয়ালী-বিদ্যাধরী সংস্কার করার কোন প্রস্তাব সরকারের নাই।

Widening of the Diamond Harbour Road

***294.** (Admitted question No. *770.)

শ্রীরবীন মুখার্জী: পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বেহালার মধ্য দিয়া ডায়মন্ড হারবার রোডটির প্রশস্তীকরণের জন্য নির্ধারিত অর্থের পরিমাণ কি এবং আজ পর্যন্ত কি পরিমাণ অর্থ ব্যয়িত হইয়াছে ;

(খ) ডায়মন্ড হারবার রোড প্রশস্তীকরণের পরিকল্পনা কোন্ সালে গ্রহণ করা হয় এবং পরিকল্পনা গৃহীত হইবার পর 'ব্লু প্রিন্ট' প্রভৃতি কতবার পরিবর্তন করিতে হইয়াছে ;

(গ) বর্তমান পর্যায়ে রাস্তাটি কত ফুট প্রশস্ত করিবার এবং উভয় পার্শ্বে কত ফুট চওড়া ফুট-পাথ করিবার পরিকল্পনা আছে ; এবং

(ঘ) এই পরিকল্পনা কার্যকরী করিবার পক্ষে প্রধান বাধা কি এবং তাহা অপসারিত করিবার কি ব্যবস্থা হইয়াছে ?

Shri Hemanta Kumar Basu:

(ক) নির্ধারিত অর্থের পরিমাণ ৩৬,৮৫,৪০০ টাকা এবং অদ্যাবধি ব্যয়িত অর্থের পরিমাণ ৪২,৮৬৪·২০ টাকা।

(খ) ১৯৬১-৬২ সালে। একবারও পরিবর্তন করিতে হয় নাই।

(গ) উভয় পার্শ্বে ১১ ফুট ফুটপাথসহ রাস্তাটি মোট ১২০ ফুট প্রশস্ত করিবার পরিকল্পনা আছে।

(ঘ) বেহালা একটি ঘনবসতিপূর্ণ এলাকা হওয়ায় পরিকল্পনা কার্যকরী করিতে ভূমি অধিগ্রহণের সহিত সংশ্লিষ্ট বহুসংখ্যক ঘরবাড়িরও দখল লওয়া প্রয়োজন। এই সকল ঘরবাড়ির সমীক্ষা এবং মূল্য নিরূপণ একটি সময়সাপেক্ষ এবং দুরূহ ব্যাপার। কাজটির গুরুত্ব বিবেচনায় উহা তরান্বিত করিবার উদ্দেশ্যে একজন অভিজ্ঞ মূল্য নিরূপক (ভ্যালুয়ার) নিয়োগ করা হইয়াছে।

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়ঃ আমি শুধু একটা ফিগার বুঝতে পারলাম না। এই যে ৩৬ লক্ষ কয়েক শত টাকা নির্ধারিত হয়েছে সেখানে কিন্তু আপনি বলেছেন খরচ হয়েছে ৪২ লক্ষ টাকা, এটা কি করে হয়?

শ্রীহেমন্তকুমার বসুঃ ওটা ৪২ হাজার ৮৬৪·২০ টাকা।

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়ঃ কোন্ সালে গ্রহণ করা হয়, এটা আমি জিজ্ঞাসা করেছিলাম, এটা একটু পরিষ্কার করে বলুন।

শ্রীহেমন্তকুমার বসুঃ ১৯৬২ সালে গ্রহণ করা হয়েছে।

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়ঃ একথা কি সরকার অবগত আছেন যে, ১৯৫৭ সালের শেষাশেষি একটা প্রশ্নের উত্তরে তখনও একথা ঘোষণা করা হয় যে, এই পরিকল্পনা গৃহীত হয়েছে এবং তারপরেও আজ ১০ বছর অতিক্রান্ত হয়ে গিয়েছে?

শ্রীহেমন্তকুমার বসুঃ আমি সে সম্পর্কে কিছু জানি না, নোটিস দিলে জানিয়ে দেব।

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়ঃ ১৯৬২ সালে যে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে সেই পরিকল্পনার পর ৫ বছর অতিক্রান্ত হয়ে গিয়েছে এবং আজ পর্যন্ত ঐ ৩৬ লক্ষ কয়েক হাজারের মধ্যে মাত্র ৪২ হাজার টাকা খরচ করা হয়েছে। সরকার কি জানাবেন, বাজেটে ৫ বছর যাবৎ লক্ষ লক্ষ টাকা আটক রাখা হচ্ছে অথচ প্রয়োজন থাকা সত্ত্বেও কেন সেই টাকা খরচ করা হচ্ছে না?

শ্রীহেমন্তকুমার বসুঃ আমি আগেই বলেছি যে, ওটা ঘন বসতিপূর্ণ এবং এত ঘরবাড়ি আছে যে, সমস্ত সংগ্রহ করতে সময় যাচ্ছে এবং অনেক মামলা দায়ের হচ্ছে. এই সব নানা কারণে দেরি হচ্ছে। কিন্তু আমি দেখব যত শীঘ্র সম্ভব রাস্তাটির ব্যবস্থা হয়।

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি একথা জানেন যে, ঠিক এই প্রশ্নের এই জাতীয় উত্তর গত ৭ বছর যাবত একইভাবে বিভিন্ন মন্ত্রী আমাকে দিয়ে আসছেন?

শ্রীহেমন্তকুমার বসুঃ আমি ৪ মাস মাত্র মন্ত্রী হয়েছি, কাজেই ৪ মাসের খবর বলতে পারি, তার আগের খবর বলতে পারি না, নোটিশ দিলে আমি বলতে পারব।

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়ঃ যেহেতু যুক্তফ্রন্ট সরকার মাত্র ৪ মাস গদীতে আসীন অতএব এই ৭ বছর যাবৎ যে পরিকল্পনাটি আছে সেটা ত্বরান্বিত করবার জন্য যথাবিহিত ব্যবস্থা অবলম্বন করবেন কি?

শ্রীহেমন্তকুমার বসুঃ হ্যাঁ, নিশ্চয়ই করব।

শ্রীনারায়ণচন্দ্র চৌধুরীঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, একই প্রশ্ন গত সাত বছর যাবৎ ঐ একই সদস্য করছেন কিনা?

শ্রীহেমন্তকুমার বসুঃ কাজ শীঘ্রই আরম্ভ হবে, অতএব এ প্রশ্ন আর বেশি আসবে না।

শ্রীবলাইভূষণ পালঃ মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, এই কাজটা যদি এখন আরম্ভ হয় তাহলে শেষ হবে কবে?

শ্রীহেমন্তকুমার বসুঃ তা বলতে পারব না।

শ্রীবলাইভূষণ পালঃ তাই যদি হয় তাহলে মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, বেহালার লোকের জনসমাগম এত বেশি হয়, যাতে করে ট্রাম লাইন জ্যাম হয়, ঐ টেম্পোরারি ট্রাম লাইন তারাতলায় যাতে শেষ করে দেওয়া হয় সে সম্বন্ধে চিন্তা করছেন কি?

শ্রীহেমন্তকুমার বসুঃ সে বিষয় চিন্তা করি নি।

শ্রীনিরঞ্জন মুখার্জিঃ দুপাশে যেসমস্ত ঘরবাড়ি এবং দোকান আছে তাদের উপর ১৯২৮ সাল থেকে নোটিশ জারি করা আছে, সেটা জানেন কি?

শ্রীহেমন্তকুমার বসুঃ আমি ঠিক জানি না, নোটিশ দিলে খবর নেব।

শ্রীমহম্মদ জয়নাল আবেদিনঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, বেহালা রোডে এমন ট্রাফিক জ্যাম হয় যার জন্য ইমিডিয়েটলি কিছু একটা করা দরকার। উনি যে বললেন সত্বর করা হবে, এটা কতদিনের ভিতর আশা করতে পারি?

শ্রীহেমন্তকুমার বসুঃ কতদিনের মধ্যে বলতে পারি না। তবে ট্রাফিক জ্যাম যে হয় সে অভিজ্ঞতা আমার আছে কারণ আমি ঐ রাস্তা দিয়ে মাঝেমাঝে যাতায়াত করি। যত তাড়াতাড়ি হয় তার চেষ্টা করা হবে।

[1-30—1-40 p.m.]

Shri Niranjan Mukherjee:

এই ডায়মন্ড হারবার রোডের বিকল্প কালিঘাট-ফলতার যে রেলওয়ে ট্র্যাকএর রাস্তা আছে ঐ রাস্তাটি গ্রহণ করবার কোন পরিকল্পনা আছে কি?

Shri Hemanta Kumar Basu:

না এর সংগে ওর কোন সম্পর্ক নাই।

Shri Jagannath Kolay:

মাননীয় মন্ত্রিমহাশয় একটু আগে বললেন যে, ত্বরান্বিত করবেন, তা অ্যাডমিনিস্ট্রেটিভ স্যাংশন পেলে পর কাজটা আরম্ভ করলে পর এবং আপনার শ্যাংশন হওয়ার পর কাজটা আরম্ভ করতে এবং শেষ হতে কত বছর লাগবে বলতে পারেন?

Shri Hemanta Kumar Basu:

তা এক্ষুনি বলা সম্ভব নয়, স্যাংশন হওয়ার পর বলতে পারব।

Shri Jagannath Kolay:

কাজ শেষ করতে কত বছর লাগবে বলতে পারেন?

Mr. Speaker:

তা উনি এখন কি করে বলবেন?

Kutcha Road from Chatra to Rudranagar, police-station Murarai

***295.** (Admitted question No. *773.) **Shri Golam Mohiuddin:** Will the Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) if it is a fact that a scheme for metalling a kutcha road from Chatra to Rudranagar, police-station Murarai in the Rampurhat subdivision of the Birbhum district was submitted to Government some three years ago, by the District Development Council, Birbhum, which gave it top priority; and

(b) if so, when will Government undertake the execution of the said scheme?

Shri Hemanta Kumar Basu: (a) Yes, such a scheme was received about two and a half years back.

(b) This will depend upon inclusion of the road in the Fourth Plan which is yet to be finalised.

Schemes for constructing metalled roads in Daspur police-station

***296.** (Admitted question No. *783.)

শ্রীবঙ্কিমচন্দ্র শাসমল: পূর্তবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঘাটাল মহকুমার (মেদিনীপুর জেলা) দাসপুর থানার নিম্নাঞ্চলের অধিবাসীদের যোগাযোগের জন্য চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে কোনও পাকা সড়ক নির্মাণ করার সিদ্ধান্ত হইয়াছে কি না; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'না' হয়, তবে জেলা পরিষদ প্রস্তাবিত চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনার জন্য নাড়াজোল জগৎপুর (জোতকানুরামগড়) রাস্তা ও জোতকানুরামগড়-জনাড় (শ্রীবরা) রাস্তা গ্রহণ করার কোন ব্যবস্থা অবলম্বিত হইয়াছে কিনা?

Shri Hemanta Kumar Basu:

(ক) ও (খ) চতুর্থ পঞ্চবার্ষিক সড়ক উন্নয়ন পরিকল্পনা এখনও রচিত হয় নাই; সুতরাং এ বিষয়ে বর্তমানে কিছু বলা যায় না।

Shri Bankim Chandra Sasmal:

আপনি কি অবগত আছেন যে, রূপনারায়ণ নদী মজে যাবার ফলে নদীর ধারে ধারে যেসব বন্দর ছিল এবং বিশেষ করে দুর্গামানিহাট যেখানে প্রায় ৫ হাজার থেকে ১০ হাজার লোকে যাতায়াত করত বিভিন্ন কাজকর্মের জন্য তাদের যাতায়াতের পথ একেবারে বন্ধ হয়ে গেছে এবং সেই সমস্ত লোকদের খুব হয়রানি হচ্ছে?

Shri Hemanta Kumar Basu:

হ্যাঁ, আমরা অবগত আছি, সেজন্য চতুর্থ পরিকল্পনায় টাকা মঞ্জুরী হলে ব্যবস্থা করা হবে।

Shri Bankim Chandra Sasmal:

আপনি কি বলবেন যে, এটা চতুর্থ পরিকল্পনায় প্রায়োরিটি হিসাবে দেখা হবে?

Shri Hemanta Kumar Basu:

তা এখন বলতে পারছি না।

Kutcha road from the Gopiballavpur police-station to Pandachhencha

***297.** (Admitted question No. *807.)

শ্রীধনঞ্জয় কর: পূর্তবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর থানার নিকট হইতে উড়িষ্যার সীমান্ত পণ্ডাছেঞ্চা পর্যন্ত যে কাঁচা রাস্তাটি রহিয়াছে তাহা পাকা রাস্তায় পরিণত করার যে সিদ্ধান্ত সরকার গ্রহণ করিয়াছিলেন তাহার কাজ আজ পর্যন্ত আরম্ভ না করার কারণ কি; এবং

(খ) কতদিনের মধ্যে কাজ আরম্ভ হইবে?

Shri Hemanta Kumar Basu:

(ক) এবং (খ)—পথরেখা (অ্যালাইনমেন্ট) সম্বন্ধে স্থানীয় জনসাধারণের আপত্তি উঠায় রাস্তাটির কাজ আরম্ভ হয় নাই। উহার নিষ্পত্তি হইলে কাজের কথা বিবেচনা করা হইবে।

Shri Dhananjoy Kar:

কতদিন ধরে এই চিন্তা করা হচ্ছে?

Shri Hemanta Kumar Basu:

এইগুলির ব্যবস্থা হলেই কাজ আরম্ভ হবে।

Shri Dhananjoy Kar:

যে পুরান রাস্তাটি ছিল তার উপর দিয়ে এটা যাবে তার কোন সিদ্ধান্ত নেবেন কি?

Shri Hemanta Kumar Basu:

তা আমি এখন বলতে পারব না।

Supply of water from the Damodar and the Mayurakshi Canals in Burdwan district

***298.** (Admitted question No. *818.)

শ্রীসুবোধ চৌধুরী: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলায় আবাদযোগ্য কত জমিতে দামোদর ক্যানেলের সেচের জল সরবরাহ করা হয়;

(খ) ময়ূরাক্ষী ক্যানেলের জলে কত জমিতে সেচ দেওয়া হয়;

(গ) ইহা কি সত্য যে, এই দুটি ক্যানেল জল সরবরাহ করতে না পারার জন্য কতগুলি গ্রাম হইতে রেন্ট আদায় বন্ধ রাখার জন্য সম্প্রতি সরকারের নিকট আবেদন করা হইয়াছে; এবং

(ঘ) সত্য হইলে, সরকার এ বিষয়ে কি করিতেছেন?

Shri Biswanath Mukherjee:

(ক) ১৯৬৬ সালে বর্ধমান জেলায় ৫,০৪,৭৮৭ একর জমিতে খরিফ চাষের জন্য এবং ২০,৯০৮ একর জমিতে রবি চাষের জন্য ডি ভি সি ক্যানাল হইতে সেচের জল সরবরাহ করা হইয়াছে।

(খ) ১৯৬৬ সালের খরিফ মরশুমে বর্ধমান জেলায় ময়ূরাক্ষী ক্যানাল হইতে মোট ৩৮,১৪৮ একর জমিতে সেচের জল সরবরাহ করা হইয়াছে।

(গ) ও (ঘ) ডি ভি সি ক্যানাল ও ময়ূরাক্ষী ক্যানাল হইতে জল সরবরাহ করতে পারা যায় নাই। এই কথা সত্য নহে। তবে গত বৎসর অস্বাভাবিক খরার দরুন জলের চাহিদা স্বাভাবিকের চেয়ে বেশি ছিল। গত অক্টোবর মাসে ডি ভি সি জলাধারে জলের স্বল্পতা

পরিলক্ষিত হওয়ায় মাত্র কয়েকদিন জল সরবরাহ বন্ধ রাখা হইয়াছিল। তা সত্ত্বেও ঐ মাসে প্রয়োজন অনুসারে ১,৭৭,৩২৪ একর ফুট জল সরবরাহ করা হয়। ময়ূরাক্ষী প্রকল্পের সর্বত্র জল সরবরাহ করা হইয়াছিল।

জলকর আদায় বন্ধ রাখা বা জলকর মকুব করার আবেদন সম্বলিত দরখাস্ত প্রতি বৎসরই পাওয়া যায় এবং বর্তমান বৎসরেও কিছু দরখাস্ত পাওয়া গিয়াছে। এইগুলি সংশ্লিষ্ট অধীক্ষক বাস্তুকার ও জেলাশাসকদের নিকট তদন্ত করিয়া যথাযোগ্য ব্যবস্থা অবলম্বনের জন্য পাঠানো হইয়াছে।

শ্রীসুবোধ চৌধুরী: মাননীয় মন্ত্রিমহোদয় কি জানেন যে, এরূপ যে জল তা না পাওয়ার জন্য দরখাস্ত করার পর উত্তর না দিয়ে জমি নিলাম করার জন্য নোটিস দেওয়া হয়েছে?

শ্রীবিশ্বনাথ মুখার্জি: আমি যখন বীরভূম ও বর্ধমানে যাই আমার কাছে তখন অনেক অভিযোগ আসে। যার জন্য অফিসারদের আমি সকলের সামনেই বলে এসেছিলাম যে আপনারা নিজেরাই অন ইওর ওন যারা জল পাই নি বা দিতে পারছেন না তাদের তালিকা একটা তৈরি করুন। আর যে দরখাস্ত আসবে তা নিয়ে তদন্ত করে ছেড়ে দিন। এ ছাড়া আমি জনসাধারণকে জানিয়ে এসেছিলাম যে, যদি অভিযোগ থাকে যে, তদন্ত করা হচ্ছে না এবং বিরুদ্ধে প্রসিড করা হচ্ছে তা হলে আমাকে সরাসরি জানাতে পারবেন। আমি প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করব। আমি এইরূপ অভিযোগের খবর আজকে একটা পেয়েছি এবং আজকেই দপ্তরে গিয়ে সে সম্বন্ধে আমি ব্যবস্থা অবলম্বন করব।

শ্রীসুবোধ চৌধুরী: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, ক্যানালের যে প্রকল্প করেছেন তাতে কত জল জমিতে না গিয়ে অপচয় হয়?

শ্রীবিশ্বনাথ মুখার্জি: এ প্রশ্ন মাননীয় সদস্যের জিজ্ঞাসা না করলেই ভাল হত। অপচয় অবশ্য কিছুটা দপ্তরের হয়, কিন্তু বেশির ভাগ যাঁরা জল নেন তাঁদের দোষে আমি প্রতিদিন আপনার জেলা থেকে টেলিগ্রাম, টেলিফোন কল, ডেপুটেশন ইত্যাদি পাচ্ছি যে, জল বন্ধ করে দিয়ে, বাঁধ বেঁধে দিয়ে নিজেরা জল নিয়ে নিচ্ছেন। কিছু ইনফ্লুয়েন্সিয়াল লোক আছে এইসব কাজের জন্য, বাকি নিচের দিকের লোকেরা হাহাকার করছে। কেউ বে-আইনী, আন-অথরাইজডভাবে খাল থেকে কেটে নিয়ে জল তুলে নিচ্ছে তার জন্য লোক জল পাচ্ছে না। যার ফলে ইঞ্জিনীয়ারকে আমি নির্দেশ দিতে বাধ্য হয়েছি যে, এর পরে আমরা অত্যান্ত স্ট্রিক্ট হব। এদের প্রসিকিউট করবেন বলে আমি বলছি। তারা এরূপ করে নিজের পুকুরে জল ভর্তি করে নিচ্ছে। আমি ভবিষ্যতে এরূপ করতে দেব না। আপনাদের মারফত সকলকে জানিয়ে রাখলাম যে দরকার হলে সকলকে প্রসিকিউট করা হবে। জোর করে বাঁধ কেটে দেব এবং যাতে অপর লোক জল না পায় এসব বন্ধ করতে হবে। যাতে সকলে জল পায় তা দেখতে হবে। এ অপচয় বন্ধ করার বিশেষ দরকার।

শ্রীসুবোধ চৌধুরী: মাননীয় মন্ত্রিমহাশয় যে অপচয়ের কথা বলেছেন সেটা হচ্ছে ক্যানাল অ্যালাইনমেন্ট। ক্যানাল অ্যালাইনমেন্ট দরুন অনেক জায়গায় উঁচু জায়গা দিয়ে ক্যানাল অ্যালাইনমেন্ট গেছে, জমি নিচু জায়গায় আছে। অনেক জায়গায় উঁচু জমি ক্যানাল নিচুতে গেছে এবং সিফোনিক ডিফেক্ট হওয়ার জন্য প্রচুর জল অপচয় হয়, এ খবর জানেন কিনা?

শ্রীবিশ্বনাথ মুখার্জি: হ্যাঁ, জানি। ডি ভি সি যে ক্যানাল করেছিল এবং তার যে কনস্ট্রাকশন ওয়ার্ক করেছিল তার ভিতরে অসংখ্য ত্রুটি দেখা দিয়েছে। আমাদের বিভাগের ইঞ্জিনীয়াররা এক বৎসর ধরে তদন্ত করে এবং বাস্তব অভিজ্ঞতা থেকে অনেক ত্রুটি বার করেছেন। তাঁরা একটা এস্টিমেট আমার কাছে দিয়েছেন এবং আমি গত পরশু ডি ভি সি-র চেয়ারম্যানের সঙ্গে থরোলি ডিসকাস করেছি যে, এটা ডি ভি সি-কে দায়িত্ব নিতে হবে ও সহযোগিতা করতে হবে যাতে নাকি ত্রুটি সংশোধন করা যায়। রিপেয়ার, চেঞ্জ ইত্যাদি করা যায়। তিনি মোটের উপর রাজী হয়েছেন, পরে এটা ডি ভি সি-তে আলোচনা হয়ে ডিসিশন হবে।

[1-40—1-50 p.m.]

শ্রীবিশ্বনাথ মুখার্জি: যাতে এই ত্রুটিগুলি সংশোধন করা যায়, রিপেয়ার করা যায় চ্যানেল করা যায় ইত্যাদি—তিনি মোটের উপর রাজী হয়েছেন, পরে ডি ভি সি-তে আলোচনা হয়ে একটা ডিসিশন হবে।

শ্রী এস, এম, ফজলুর রহমান: এই রকম অপচয় নিরোধ করবার জন্য কোন আইন প্রচলিত আছে কি?

শ্রীবিশ্বনাথ মুখার্জি: ডি ভি সি-র ক্ষেত্রে নেই—ডি ভি সি-র ক্ষেত্র হবে যদি আমরা ক্যানেল ডিভিসনের ইঞ্জিনীয়ারদের অথবা রেভিনিউ অফিসারদের বিচার করবার ক্ষমতা দিই। আগের আইনে সে ক্ষমতা ছিল—পরে তুলে নেওয়া হয়েছে—আমি ক্যাবিনেটের কাছে এটা আনব, যদি তাঁরা গ্রহণ করেন তাহলে আমি অন্তত জলের ব্যাপারে খুব স্ট্রিক্ট ব্যবস্থা অবলম্বন করব।

শ্রীপীযুষকান্তি মুখার্জি: মন্ত্রিমহাশয় বলবেন কি, পেনাল কোড যা আছে জলধারা বাঁধার ব্যাপারে সেটা কি সাফিসিয়েন্ট নয় বলে কি তিনি মনে করেন?

শ্রীবিশ্বনাথ মুখার্জি: সেটা আদৌ সাফিসিয়েন্ট নয়।

শ্রীনারায়ণচন্দ্র চৌধুরী: ১৯৬৬ সালে যে জমিতে জল সরবরাহ করা হয়েছে তার পরিমাণ বলেছেন—ডি ভি সি এবং ময়ূরাক্ষী কম্যান্ড এরিয়া বর্ধমান জেলায় কত তা জানাবেন কি?

শ্রীবিশ্বনাথ মুখার্জি: বর্ধমান জেলায় আরও অনেক বেশি। আমাদের ডিপার্টমেন্ট ইনভেস্টিগেট করে দেখেছেন ডি ভি সি-র যে ফিগার দেওয়া ছিল ৯ লক্ষ একরের বেশি সেটা আর্টিফিসিয়াল ফিগার—তার কোন ভিত্তি ছিল না—আমরা যদি কমপ্লিট করতে পারি সব ডিফেক্টগুলি, যদি আমরা মেক-আপ করতে পারি তাহলে আট লক্ষ একরে গিয়ে পোঁছতে পারব।

শ্রীনারায়ণচন্দ্র চৌধুরী: মন্ত্রিমহাশয় কি জানেন যে, গত বৎসর খরার জন্য জলের অভাবের জন্য অনেক জমিতে জল দিতে পারা যায় নি?

শ্রীবিশ্বনাথ মুখার্জি: আমি স্বীকার করেছি কিছু জমিতে দিতে পারা যায় নি, কিছু দেরি হয়েছিল।

শ্রীনারায়ণচন্দ্র চৌধুরী: আপনি অপচয় নিবারণের জন্য ফিল্ড চ্যানেলের কথা ভাবছেন কিনা?

শ্রীবিশ্বনাথ মুখার্জি: এটা একটা অল ইন্ডিয়া প্রবলেম—অত্যন্ত সিরিয়াস, আমাদের অল ইন্ডিয়া কনফারেন্স অব ইরিগেশন মিনিস্টারস সেখানে আলোচনা হয়েছে—সেন্ট্রাল গভর্নমেন্ট মস্তবড় মেমো দিয়েছেন, আমি এ বিষয়ে নোট দিয়েছি—খুব বিস্তৃত আলোচনা এই প্রশ্নোত্তরে করা যায় না। আমার ইচ্ছা আছে যাঁরা এইসব ক্যানেল এরিয়ার এম-এল-এ আছেন তাঁদের এবং কৃষকদের যে লিডার আছেন তাঁদের ডেকে আমি একটা আলোচনা এ নিয়ে করব—সেখানে আমার প্রস্তাব রাখব আপনাদেরও প্রস্তাব শুনব।

শ্রীরাধাকৃষ্ণ সিংহ: মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, যখন তিনি বীরভূম সফরে গিয়েছিলেন তখন বলে এসেছিলেন যে, বহুদিনের এটা একটা সমস্যা রয়েছে যে, জল পায় না—অথচ ট্যাক্স দিতে হয়। সেজন্য একটা কমিটি গঠন করে দেখবেন যে, সত্যিই জল পায় কিনা—এখনও কি সেই ইচ্ছা আপনার রয়েছে—কমিটি করবার?

শ্রীবিশ্বনাথ মুখার্জি: আমার উদ্দেশ্য আছে আগামী এক মাসের মধ্যে আইনসভার অধিবেশন যখন আপনারা শেষ করবেন এবং আমরা একটু কাজ করবার সুযোগ পাব তখন আমরা এইসমস্ত ক্যানেল এরিয়ার পপুলার কমিটিজ
with M.L.A.s and other representatives.
আমি করে দেব।

শ্রীতিনকড়ি মণ্ডল: মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, খনিগর্ভে যে জল সঞ্চিত আছে সেই জল তুলে আসানসোল মহকুমায় সেচনের কোন পরিকল্পনার কথা আমাদের গভর্নমেন্ট চিন্তা করেছেন কিনা?

শ্রীবিশ্বনাথ মুখার্জি: এই প্রশ্ন থেকে এটা ওঠে না—আমি এ বিষয়ে আপনার সঙ্গে আলোচনা করেছি—আবার আসুন ভাল করে আলোচনা করুন—একটা প্রকল্প নেওয়া যাবে।

শ্রীকৃষ্ণকুমার শুক্লা: মন্ত্রিমহাশয় কি মনে করেন যে, বিধানসভা চলাকালীন অবস্থায় ও'দের কাজের অসুবিধা হয়?

শ্রীবিশ্বনাথ মুখার্জি: এখানকার কাজের সুবিধা হয়, কিন্তু দপ্তরের কাজের অসুবিধা হয়।

শ্রীপ্রমথনাথ ধীবর: স্যার, ঐ ফিগারগুলি মন্ত্রিমহোদয় যদি আর একবার বলে দেন তাহলে ভাল হয়।

শ্রীবিশ্বনাথ মুখার্জি: এগুলি আমার কাছে আছে দেখে নেবেন—সকলের সময় নষ্ট করে লাভ কি?

Payment of compensation to the intermediaries of Bankura district

***299.** (Admitted question No. *822.)

শ্রীবিনোদবিহারী মাজি: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার ইন্দপুর ব্লকে মধ্যস্বত্বভোগীদের ক্ষতিপূরণ বাবদ মোট কত টাকা প্রাপ্য এবং তার মধ্যে কত টাকা গত জুন মাস পর্যন্ত দেওয়া হইয়াছে এবং কত বাকি আছে ; এবং

(খ) বাঁকুড়ার খরা এলাকার মধ্যস্বত্বভোগীদের প্রাপ্য ক্ষতিপূরণের টাকা দেওয়ার জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কি না?

Shri Hare Krishna Konar:

(ক) এরূপ ব্লক হিসাবে কোন তথ্য দেওয়া সম্ভব নহে।

(খ) খরা এলাকায় ক্ষতিপূরণের টাকা প্রদান ত্বরান্বিত করার জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

শ্রীবিনোদবিহারী মাজি: মন্ত্রিমহাশয় বললেন যে, বিশেষ ব্যবস্থা—সেই বিশেষ ব্যবস্থাগুলি কি?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: বিশেষ ব্যবস্থা যাতে টাকা তাড়াতাড়ি দেওয়া যায়। আমি এর আগে আমার গ্রান্টের আলোচনার সময় বলেছিলাম যে, গত বছর সারা বছরে বাঁকুড়া জেলায় যে টাকা ক্ষতিপূরণ দেওয়া হয়েছে এবার মাত্র তিন মাসে প্রায় তার সমান টাকা দেওয়া হয়েছে—আরও আমরা টাকা পাঠিয়েছি, আমরা তাগাদা করেছি যাতে তাড়াতাড়ি টাকাগুলি দিয়ে দেওয়া যায়। আরও বিশেষ ব্যবস্থা হচ্ছে লোক্যাল পেমেন্টের ব্যবস্থা আবার নূতন করে ওখানে ইনট্রোডিউস করা হয়েছে।

শ্রীবিনোদবিহারী মাজি: প্রথম কোয়েশ্চেনে বললেন যে, ব্লকওয়াইজ সংবাদ দেওয়া যায় না—কেন দেওয়া যায় না?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: জমিদারদের ক্ষতিপূরণের ব্যাপারে ব্লকের হিসাব কোন জায়গায় নেই বলে দেওয়া যায় না।

New Roads under the Fourth Plan

***300.** (Admitted question No. *823.) **Shri Amritendu Mukherjee:** Will the Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state—

(a) how many roads will be taken up for new construction in West Bengal during the Fourth Plan and the names of these proposed roads districtwise; and

(b) if the Government has taken up any proposal for construction of a bridge over Gurguria Khal at Sadhanpara-Muragachha, Nadia?

Shri Hemanta Kumar Basu: (a) The particulars asked for cannot be furnished at this stage as the Fourth Plan has not yet been finalised.

(b) Yes, such a proposal is under consideration.

শ্রীঅমৃতেন্দু মুখার্জি: মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি যে, ফোর্থ প্ল্যানের বাধাটা কোথায়—ওয়াশিংটনে, না, কেন্দ্রীয় সরকারের কাছে, না আমাদের পশ্চিম বাংলায়?

শ্রীহেমন্তকুমার বসু: এটা সবাইয়েরই কাছে—গভর্নমেন্ট অব ইন্ডিয়ার কাছেও এবং আমাদেরও এই বিষয়ে ব্যবস্থা করতে হবে।

ডাঃ রাধাকৃষ্ণ সিংহ: মন্ত্রিমহাশয় কি জানেন যে, সরকারী নির্দেশ অনুযায়ী ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্ট কাউন্সিলে যেসমস্ত রাস্তাগুলি নেওয়া হয়েছিল ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যানে সেই নীতি এখনও আপনারা রাখছেন, না, পরিবর্তন করবেন?

শ্রীহেমন্তকুমার বসু: সে বিষয়ে আমরা বিবেচনা করব।

Bridge over Kumradaha Ghat

***301.** (Admitted question No. *824.)

শ্রীআবদুল লতিফ: পূর্তবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জিলার ভাণ্ডারদহ বিলের উপর কুমড়াদহ ঘাটে যে ব্রীজ নির্মাণের কাজ আরম্ভ হইয়াছে তাতে মোট কত অর্থ মঞ্জুরী হইয়াছে; এবং

(খ) উক্ত ব্রিজের কার্য শেষ হইতে কত সময় লাগিবে?

Shri Hemanta Kumar Basu:

(ক) ৬,৪০,০০০ টাকা।

(খ) আগামী ডিসেম্বরের মধ্যে।

Bundh at Barshalbari village

***302.** (Admitted question No. *855.)

শ্রীশঙ্কর সেন ইশোর: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কোচবিহার জেলার অন্তর্গত তুফানগঞ্জ মহকুমার বড়শালবাড়ী গ্রামের একটা বাঁধের পরিকল্পনা আছে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কবে ঐ বাঁধের কাজ আরম্ভ হইবে; এবং

(২) ঐ বাঁধ নির্মাণের স্কীমটিতে কত টাকা খরচ হইবে?

Shri Biswanath Mukherjee:

(ক) হ্যাঁ।

(খ) (১) বর্তমান বর্ষেই অর্থাৎ ১৯৬৭-৬৮ সালেই এই প্রকল্পের কাজ আরম্ভ করা যাইবে বলিয়া আশা করা যায়;

(২) বর্তমান হিসাব অনুযায়ী এই স্কীমটিতে প্রায় ১,৩৫,৫১৯ টাকা খরচ হইবে।

Bridge over Kaladanga Ghat

***303.** (Admitted question No. *866.)

শ্রীআজিজুর রহমান: পূর্তবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় ভৈরব নদীর উপর কলাডাংগা ঘাটে যে ব্রীজ নির্মাণের কাজ আরম্ভ হয়েছে, তার জন্য কত টাকা মঞ্জুরী হয়েছে; এবং

(খ) এই ব্রীজ সমাপ্ত হইতে কতদিন সময় লাগবে?

Shri Hemanta Kumar Basu:

(ক) প্রকল্পটির জন্য ৪০ লক্ষ টাকা ব্যয়বরাদ্দ হইয়াছে;

(খ) ১৯৬৮ সালের মধ্যে সমাপ্ত হইবে আশা করা যায়।

শ্রীআজিজুর রহমন: কাজ কি এখনও চলছে?

শ্রীহেমন্তকুমার বসু: এখনও চলছে।

শ্রীআবদুল লতিফ: কি ধরনের ব্রীজ ওখানে হচ্ছে?

(উত্তর নাই)

[1-50—2 p.m.]

Howrah-Amta Road at Baltikuri

***304.** (Admitted question No. *871.) **Shri Mrityunjoy Banerjee:** Will the Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) whether the Government is aware of the pitiable condition of the Howrah-Amta Road infront of the Government Housing Estate, Baltikuri, Howrah due to waste and dirty water of about 450 quarters of the Estate falling on the Road without any outfall drain, leading to great insanitation and danger to traffic on this important public road; and

(b) if the answer to (a) be in the affirmative, what steps have been taken by Government in this regard?

Shri Hemanta Kumar Basu: (a) Government is aware of the water-logging of the Howrah-Amta Road largely as a result of blocking of natural drainage by private owners of land.

(b) Recently, Engineers of both P.W.D. and Housing Departments have jointly inspected the area. The District Magistrate as well as the Government have received deputations from the locality. The natural drainage for storm water passes over some private land and the owners of these land have erected obstructions to the flow of water to protect their land and tanks. The District Magistrate is trying to persuade the owners to remove the obstructions. The Government are considering the feasibility of acquiring some land for improving the drainage.

শ্রীআমেদ হোসেন মণ্ডলঃ মন্ত্রিমহাশয় কি জানাবেন, ঐ রাস্তার উপর কতটা জল জমে আছে?

শ্রীহেমন্তকুমার বসুঃ সেটা বলতে পারছি না।

শ্রীআবদুল লতিফঃ আপনি বললেন, ওখানে প্রাইভেট ল্যান্ডএর উপর অবস্ট্রাকশন। কিন্তু যে ল্যান্ডএর উপর অবস্ট্রাকশন সেটা প্রাইভেট ল্যান্ড না সরকারী ল্যান্ড?

শ্রীহেমন্তকুমার বসুঃ বেশির ভাগ প্রাইভেট ল্যান্ড।

শ্রীআমেদ হোসেন মণ্ডলঃ আপনি কি জানাবেন, হাওড়া-আমতা রুটের উপর ডোমজুড়ে যে বাস রুট আছে তাতে সেখানে ২৬ খানা বাস চলে কিন্তু হাওড়া-আমতা রুটে জল জমে থাকার জন্য ট্রেন বন্ধ হয়ে যায় এটা জানেন কি না?

শ্রীহেমন্তকুমার বসুঃ হ্যাঁ, খুব অসুবিধা আছে।

শ্রীব্যোমকেশ মজুমদারঃ ঐ রাস্তা যে অবস্ট্রাকশন হয়েছে আপনি বললেন, তার জন্য ডি এম চিন্তা করছে। কিন্তু এর জন্য ল্যান্ড অ্যাকুইজিশন প্রসিডিংস আরম্ভ হয়েছে কি?

শ্রীহেমন্তকুমার বসুঃ নিশ্চয়ই।

শ্রীজয়নাল আবেদীনঃ এই যে রাস্তার অব্যবস্থার জন্য যানবাহন চলাচলের অসুবিধা হচ্ছে, এটা এতদিন সংস্কার করা হয় নি কেন?

শ্রীহেমন্তকুমার বসুঃ জানি না।

শ্রীআমেদ হোসেন মণ্ডলঃ এ বৎসর মার্চ মাসের পর জল কি রাস্তার উপর জমেছে?

শ্রীহেমন্তকুমার বসুঃ জানা নেই।

Diamond Harbour Road between Majerhat and Thakurpukur

***305.** (Admitted question No. *902.)

শ্রীনিরঞ্জন মুখার্জিঃ পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ডায়মণ্ড হারবার রোড (মাঝেরহাট হইতে ঠাকুরপুকুর পর্যন্ত)-এর উন্নয়ন পরিকল্পনা কার্যকরী করার কি ব্যবস্থা হইয়াছে ; এবং

(খ) ঐ পরিকল্পনার কোনও পরিবর্তন বা পরিবর্ধন করার প্রস্তাব সরকারের আছে কি না?

Shri Hemanta Kumar Basu:

(ক) ডায়মন্ডহারবার রোডের মাঝেরহাট ব্রীজ হইতে তারাতলা রোড পর্যন্ত অংশটি কলিকাতা পৌর প্রতিষ্ঠানের অধীন। তারাতলা হইতে অবশিষ্ট অংশের প্রশস্তিকরণ পরিকল্পনা দুইভাগে বিভক্ত—

(১) পঞ্চম মাইলের তৃতীয় ফার্লং হইতে সপ্তম মাইলের দ্বিতীয় ফার্লং পর্যন্ত; এবং

(২) সপ্তম মাইলের দ্বিতীয় ফার্লং হইতে পঞ্চদশ মাইল পোস্ট পর্যন্ত।

প্রথম ভাগের প্রশস্তিকরণের জন্য উভয় পার্শ্বস্থ জমি ও বাড়ি প্রভৃতি খালি অবস্থায় সরকারী দখলে আনার জন্য আইনানুযায়ী ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে। ১৮৯৪ সনের ভূমি অধিগ্রহণ আইনের (ল্যান্ড অ্যাকুইজিশন অ্যাক্ট, ১৮৯৪) ৬ ধারা মতে ঘোষণাপত্র (ডিক্লারেশন) "কলিকাতা গেজেটে" প্রকাশিত হইয়াছে। ৬ষ্ঠ মাইলের দ্বিতীয় ফার্লং পর্যন্ত ঐ সকল জমি ও গৃহাদির পরিমাপের ও মূল্য নিরূপণের কার্য ইতিমধ্যেই সম্পূর্ণ হইয়াছে এবং বাকি অংশের কাজও হাতে লওয়া হইয়াছে।

দ্বিতীয় ভাগের প্রশস্তিকরণের কার্য পূর্বেই সমাপ্ত হইয়াছে।

(খ) না।

শ্রীনিরঞ্জন মুখার্জি: এ কাজ কতদিনে শেষ হবে?

শ্রীহেমন্তকুমার বসু: আমি এর আগেই জবাব দিয়েছি।

শ্রীনিরঞ্জন মুখার্জি: এর আগের কোয়েশ্চেনএ বলেছিলেন কতকগুলি মামলার জন্য পরিকল্পনার কাজ অগ্রসর হতে পারছে না। মামলা কতগুলি বলবেন কি?

শ্রীহেমন্তকুমার বসু: নোটিশ চাই।

শ্রীরবীন মুখার্জি: জমি গ্রহণের কার্য ৬নং ধারা অনুযায়ী ক্যালকাটা গেজেটে বার হয়েছে বলেছেন। ক্যালকাটা গেজেটে কোন্ তারিখে বের হয়েছে?

শ্রীহেমন্তকুমার বসু: নোটিস দিলে বলতে পারব।

Bridge over 'Atrai' at Balurghat

***306.** (Admitted question No. *909.)

শ্রীমহারাজা বোসঃ পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জিলার বালুরঘাট সহরে আত্রেয়ী নদীর উপর চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কোন সেতু নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে কি না; এবং

(খ) যদি উপরি-উক্ত প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে—

(১) কতদিনে ঐ সেতুর কার্য আরম্ভ হইবে, এবং

(২) উক্ত সেতুর জন্য কত টাকা মঞ্জুর করা হইয়াছে?

Shri Hemanta Kumar Basu:

(ক) এবং (খ ১ ও ২) চতুর্থ পঞ্চবার্ষিকী সড়ক উন্নয়ন পরিকল্পনা এখনও রচিত হয় নাই; সুতরাং এ সম্পর্কে সঠিক কিছু বলা বর্তমানে সম্ভব নয়।

শ্রীমহারাজা বসু: চতুর্থ পরিকল্পনায় প্রথম বৎসরে এটাকে নেওয়া হবে বলে এস্টিমেট প্ল্যান সমস্ত সেন্ট্রাল গভর্নমেন্টএর কাজে মঞ্জুরীর জন্য পাঠানো হয়েছিল কি?

শ্রীহেমন্তকুমার বসু: হ্যাঁ, কিন্তু সেন্ট্রাল গভর্নমেন্ট ৪২ কোটি টাকার জায়গায় ২৮ কোটি টাকা দিয়েছিলেন। কাজেই আগেকার গভর্নমেন্ট এটা কার্যকরী করতে পারেন নি।

শ্রীমহারাজা বসু: এ ব্রীজ তৈরি করার কি কোন পরিকল্পনা আছে?

শ্রী[illegible] বসু: বিবেচনা করে দেখব।

Acquisition of land for the proposed extension of Distributory Nos. I and II, Calsi police-station

***307.** (Admitted question No. *922.) **Shri Phakir Chandra Roy:** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) if Plan for the acquisition of land for the excavation work of the proposed extension of Distributory No. I of the old D.C. in the police-station Golsi, district Burdwan, has been prepared;

(b) if plan for the acquisition of land for the excavation work of the proposed extension of Distributory No. 2 of the old D.C. in the police-station Golsi, district Burdwan has been prepared; and

(c) if the answers to (a) and (b) in the affirmative, when the work of the said schemes will begin?

Shri Biswanath Mukherjee: (a) Yes.

(b) Yes.

(c) The works on both the schemes will be taken up as soon as possession of the land is available.

Radhanagar-Lankagarh road

***308.** (Admitted question No. *955.)

শ্রীমতী নন্দরাণী ডাল: পূর্তবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঘাটাল থানায় রাধানগর হইতে লংকাগড় পর্যন্ত চালাদহ নামক যে রাস্তাটি আছে তাহা পাকা করার কাজ আরম্ভ হইয়াছে কি; এবং

(খ) কাজ আরম্ভ হইলে, কতদিনের মধ্যে কাজ শেষ হইবে বলিয়া আশা করা যায়?

শ্রীহেমন্তকুমার বসু: (ক) কোন রাস্তা পাকা করিবার কোন পরিকল্পনা নাই।

(খ) প্রশ্ন উঠে না।

শ্রীমতী নন্দরাণী ডাল: এ রাস্তা পাকা করার কোন পরিকল্পনা কেন নিতে পারেন নি?

শ্রীহেমন্তকুমার বসু: যথেষ্ট টাকা নেই বলে।

শ্রীবঙ্কিমচন্দ্র শাসমল: এ সম্পর্কে কোন প্রস্তাব গিয়েছিল কিনা?

শ্রীহেমন্তকুমার বসু: এখন বলতে পারছি না।

শ্রীমতী নন্দরাণী ডাল: এ রাস্তা পাকা করার কোন প্রয়োজনীয়তা কি সরকার উপলব্ধি করেছেন?

শ্রীহেমন্তকুমার বসু: নিশ্চয়ই। কিন্তু অর্থ নেই।

শ্রীমতী নন্দরাণী ডাল: কতদিনে নিতে পারবেন?

শ্রীহেমন্তকুমার বসু: তা ঠিক বলতে পারব না।

Construction of a Bridge over Khari river at Nadanghat

***309.** (Admitted question No. *959.)

শ্রীপরেশচন্দ্র গোস্বামী: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার পূর্বস্থলী ১নং ব্লক এলাকায় নাদনঘাটে খড়ি নদীর উপর একটি পাকা ব্রীজ নির্মাণের কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কিনা;

(খ) যদি থাকে তবে ঐ প্রকল্পে কত অর্থ মঞ্জুর হইয়াছে; এবং

(গ) কতদিনে ঐ ব্রীজের কার্য আরম্ভ হইতে পারে?

Shri Hemanta Kumar Basu:

(ক) না।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

শ্রীপরেশচন্দ্র গোস্বামী: আপনি কি অনুগ্রহ করে জানাবেন, নাদনঘাট ব্রীজটি অত্যন্ত গুরুত্বপূর্ণ জায়গায় অবস্থিত?

শ্রীহেমন্তকুমার বসু: তা হতে পারে।

শ্রীপরেশচন্দ্র গোস্বামী: মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে, এই ব্রীজের অনেক আগেই এই প্রস্তাব করা হয়েছিল কি না?

শ্রীহেমন্তকুমার বসু: আমার কাছে এই প্রস্তাব আসে নি। তবে আগেকার গভর্নমেন্টের কাছে এসেছিল কি না জানি না।

Mr. Speaker: Question No. 318 is held over and the rest of questions not replied for want of time will be laid on the table.

STARRED QUESTIONS

(to which answers were laid on the table)

Air-conditioning of officers' rooms in Writers' Buildings

***310.** (Admitted question No. *969.)

শ্রীঅমলেন্দ্রলাল রায়: পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে রাইটার্স বিল্ডিংসএ কোন্ কোন্ অফিসারের কক্ষ শীতাতপ নিয়ন্ত্রিত আছে;

(খ) এই বাবদে সরকারের মাসিক খরচের পরিমাণ কি; এবং

(গ) এই সকল ক্ষেত্রে শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা তুলিয়া দিবার কোন ব্যবস্থা হয় নাই কেন?

The Minister for Public Works:

(ক) একটি পৃথক তালিকায় উত্তর দেওয়া হইল।

(খ) ৭,১৩০ টাকা।

(গ) এ সম্বন্ধে এখনও কোন চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত না হওয়ায় এই সকল ক্ষেত্রে শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা তুলিয়া দিবার কোন ব্যবস্থা হয় নাই।

রাইটার্স বিল্ডিংস-এ নিম্নলিখিত অফিসারের কক্ষগুলি শীতাতপ নিয়ন্ত্রিত:—

(১) মুখ্যসচিব।

(২) অর্থ কমিশনার ও পদাধিকারবলে আবগারী বিভাগের সচিব।

(৩) স্বরাষ্ট্র কমিশনার ও পদাধিকারবলে তথ্য ও জনসংযোগ বিভাগের সচিব।

(৪) পরিবহণ কমিশনার।

(৫) কৃষি কমিশনার।

(৬) উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন কমিশনার।

(৭) রাজ্য পর্ষদের সদস্য এবং পদাধিকারবলে ভূমি ও ভূমি-রাজস্ব বিভাগ ও উপজাতি-কল্যাণ বিভাগের সচিব।

(৮) রাজ্য পর্ষদের অতিরিক্ত সদস্য এবং পদাধিকারবলে ভূমি ও ভূমি-রাজস্ব বিভাগের অতিরিক্ত সচিব।

(৯) পশুপালন, বন ও মৎস্য বিভাগের সচিব।

(১০) বাণিজ্য ও শিল্প বিভাগের সচিব।

(১১) সমবায় ও সেচ বিভাগের সচিব।

(১২) কুটির ও ক্ষুদ্রশিল্প এবং পঞ্চায়েৎ বিভাগের সচির।

(১৩) শিক্ষা বিভাগের সচিব।

(১৪) স্বাস্থ্য বিভাগের সচিব।

(১৫) আইন বিভাগের সচিব।

(১৬) ব্যবস্থাপক বিভাগের সচিব।

(১৭) পূর্ত ও গৃহ নির্মাণ বিভাগের সচিব।

(১৮) শ্রম বিভাগের সচিব।

(১৯) অর্থ বিভাগের স্পেশাল অফিসার ও পদাধিকারবলে সচিব।

(২০) অর্থ বিভাগের অতিরিক্ত সচিব।

(২১) ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের যুগ্ম-কমিশনের কমিশনার ও পদাধিকারবলে অতিরিক্ত সচিব।

(২২) স্থানীয় স্বায়ত্তশাসন বিভাগের ভারপ্রাপ্ত যুগ্ম-সচিব।

(২৩) মুখ্যমন্ত্রীর উপদেষ্টা।

(২৪) পুলিশের আই, জি।

(২৫) পুলিশের অতিরিক্ত আই, জি।

(২৬) লিগ্যাল রিমেমব্রান্সার।

(২৭) পূর্ত বিভাগের কনসালটিং ইঞ্জিনীয়ার।

(২৮) অর্থ বিভাগের যুগ্ম-সচিব।

(২৯) শ্রম বিভাগের যুগ্ম-সচিব।

(৩০) উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের যুগ্ম-সচিব।

(৩১) অর্থ বিভাগের দুইজন উপ-সচিব।

(৩২) সেচ ও জলপথ বিভাগের উপ-সচিব।

(৩৩) স্বাস্থ্য অধিকর্তা।

(৩৪) চীফ কনজারভেটর অফ্ ফরেস্টস্।

(৩৫) মুখ্যমন্ত্রীর প্রচার বিষয়ক উপদেষ্টা।

(৩৬) ডেয়ারী ও পশু পালন বিষয়ক উপদেষ্টা।

(৩৭) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক উপদেষ্টা।

(৩৮) অর্থ বিভাগের ডাইরেক্টর অফ্ রিসার্চ ও ইভ্যালুয়েশন।

Construction of a cart bridge over the irrigation canal in Kasiara-Badura villages

***311.** (Admitted question No. *998.) **Dr. Radha Krishna Sinha:** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) whether a cart bridge was sanctioned over the irrigation canal in villages Kasiara-Badura under Bipratikuri Anchal, police-station Labpur, district Birbhum;

(b) if the answer is in the affirmative what is the reason that the construction still not being taken up; and

(c) when the work is going to be started?

The Minister for Irrigation and Waterways: (a) Yes. Construction of a cart bridge for the locality (at Chainage 1285 of Kopoi South Main Canal) has been sanctioned at a cost not exceeding Rs. 13,000 in May, 1966.

(b) Due to abnormal rise in the cost of materials and labour, the rates provided for in the sanctioned estimate have been found to be unworkable and the estimate is under modification providing for current workable rates. The construction of the bridge could not, therefore, be taken up during the last working season.

(c) Construction of the bridge is expected to be taken up during the next working season.

Separation of Judiciary from the Executive

***312.** (Admitted question No. *1021.) **Dr. Copal Das Nag:** Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state what steps have so far been taken by the State Government to effect the separation of Judiciary from the Executive in the public services of the State?

The Minister for Judicial: A bill was first drafted by the State Government for amendment of the Code of Criminal Procedure for the purpose of giving effect to the Separation of Judiciary from the Executive. The said bill was referred to the High Court for its comments in April, 1964. But in December, 1964 the Court informed Government that it did not desire to offer any comment on the draft bill.

Subsequently, it was considered that a legislation for separation at State level might have to face hurdle and difficulties. Accordingly, a revised scheme was drawn up to effect the separation by a notification under Article 237 of the Constitution along with executive orders allocating business between two classes of Magistrates—Judicial and Executive, to be implemented in phases, as in Madras and other States. This revised scheme was sent to the High Court in January, 1965 for its views. The High Court, however, did not approve of this scheme and suggested separation to be effected by a comprehensive legislation all at a time throughout the State. This was in July, 1965.

The whole matter was then referred to the State Law Commission for its views in August, 1965. The State Law Commission agreed that the notification under Article 237 has got to be issued, but before that, classification of Magistrates and allocation of their functions are to be made by a short legislation by amending relevant sections of the Criminal Procedure Code. The State Law Commission also agreed that for administrative reasons the scheme of separation cannot be implemented throughout the State all at a time.

A skeleton bill was drafted by the State Law Commission for the purpose. The said skeleton bill together with the report of the Commission regarding the principles of separation was forwarded to Government in December, 1966. Government has accepted the principles of separation as enunciated by the Commission. A comprehensive bill is now being drawn up in the light of the accepted principles. It is expected that it will be possible to introduce the said bill in the legislature soon.

Dantan-Digha Road, Midnapore

***313.** (Admitted question No. *1030.)

শ্রীদেবেন্দ্রনাথ দাস: পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মেদিনীপুর জেলার দাঁতন হইতে দীঘা অথবা কেশিয়াড়ী থানার ভসরা ঘাট হইতে দীঘা পর্যন্ত ২৮ মাইল দীর্ঘ পাকা সড়ক নির্মাণে কাজ কি নাগাদ আরম্ভ হইবে?

The Minister for Public Works:

আপাততঃ এইরূপ কোন পরিকল্পনা নাই।

Kamaria Khal and D-I Canal at Champadanga

***314.** (Admitted question No. *1074.)

শ্রীনিতাই ভাণ্ডারী: সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার কামারিয়া খাল সংস্কার ও খালে জল সংরক্ষণের জন্য স্লুইস গেট নির্মাণের প্রস্তাব কি নাগাদ কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়;

(খ) সরকার কি অবগত আছেন যে, চাঁপাডাঙ্গা রেল লাইনের নীচে ডি-১ খালে যে হিউম পাইপ দেওয়া আছে তাহাতে খালের নিম্নাংশে জল আসার অসুবিধা হইতেছে;

(গ) অবগত থাকিলে, ঐ অসুবিধা দূর করার জন্য কি ব্যবস্থা অবলম্বিত হইয়াছে; এবং

(ঘ) উক্ত ডি-১ খালে রবি ফসল চাষের জন্য কি জল দেওয়া হইবে?

The Minister for Irrigation:

(ক) হাওড়া জেলার কামারিয়া খালকে ডিস্ট্রিবিউটারী ১-এর এসকেপ চ্যানেলে পরিবর্তিত করার একটি পরিকল্পনা আছে। ইহার মুখে একটি স্লুইস্ এবং ইহার ১৩০০ চেনে একটি ক্রস্ রেগুলেটের নির্মাণের প্রস্তাবও সরকারের বিবেচনাধীন আছে। ১৯৬৮ সালের মরশুমে ইহার জন্য বিস্তারিত জরীপ কার্য শুরু হইবে।

(খ) না, হিউম পাইপের জন্য কোন অসুবিধা হইতেছে না।

(গ) প্রশ্ন উঠে না।

(ঘ) দামোদর পরিকল্পনার বিভিন্ন জলাধারে রবি মরশুমে জল থাকিলে ডি-১ খালে রবি ফসলের জন্য জল দেওয়া হইয়া থাকে।

Acquisition of side lands for Parey-Silla Road

***315.** (Admitted question No. *940.) **Shri Phakir Chandra Roy:** Will the Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) whether the plan for the acquisition of side lands of the Parey-Silla portion of the Abhirampur to Silla Road via Parey has been completed; and

(b) if so, whether the acquisition notice or notices have been published?

The Minister for Public Works: (a) and (b) Land Acquisition plans have been prepared and now are under printing. Land Acquisition proposals will be initiated soon after printing and necessary publication will be made thereafter.

Beldanga-Kumarpurghat Road

***316.** (Admitted question No. *970.)

জনাব আবদুল লতিফঃ পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা হইতে মহ্যমপুরের মধ্য দিয়া কুমারপুর ঘাট পর্যন্ত একটা পাকা রাস্তার স্কীম মঞ্জুরী হইয়া অনেক দিন পড়িয়া আছে ; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি?

The Minister for Public Works:

(ক) (খ)ঃ বেলডাঙ্গা-মহ্যমপুর রাস্তাটির উন্নয়নকার্য দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা-কালে কেন্দ্রীয় সড়ক নিধী (CRF) থেকে প্রাপ্ত ২, ১৮, ২৯০ টাকা ব্যয়ে—সম্পন্ন করা হইয়াছে।

বেলডাঙ্গা-মহ্যমপুর রাস্তাটির অধিকতর উন্নয়ন ও উহাকে ভাগীরথী নদীর কুমারপুর চরদীয়ার ফেরীঘাট পর্যন্ত সম্প্রসারিত করিবার জন্য তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার কর্মসূচীর অন্তর্ভুক্ত করা হইয়াছিল। ম্যাপে দেখা যায় চারদীয়া ফেরীঘাট এবং প্রশ্নে উল্লেখিত কুমারপুর ঘাট একই স্থানীয় জায়গা। পরবর্তী পর্যায়ে আর্থিক অসংগতির জন্য ঐ কার্জটি মুলতুবী রাখা হইয়াছে।

Construction of a Barrage at Kalmijore or Temuthani, Daspur police-station

***317.** (Admitted question No. *970.)

শ্রীবঙ্কিমচন্দ্র শাসমলঃ সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, দাসপুর থানার কৃষি উৎপাদন জলসেচ ব্যবস্থার উন্নতির জন্য কলমীজোড়ে বা তেমুথানি কাঁসাই নদীর উপর একটি ব্যারেজ (জলাধার) নির্মাণের পরিকল্পনা সরকার লইয়াছেন ;

(খ) সত্য হইলে, উহার কাজ কবে আরম্ভ হইবে ;

(গ) কলমীজোড় স্লুইস হইতে সেচখালগুলির কর্তৃত্ব সেচবিভাগ গ্রহণ করিতেছেন কি না ; এবং

(ঘ) কলমীজোড়ে শুকো বাঁধের জলের দ্বারা অতিরিক্ত কি পরিমাণ বোরো চাষের ব্যবস্থা হইয়াছে?

The Minister for Irrigation:

(ক) না।

(খ) এই প্রশ্ন উঠে না।

(গ) না, বর্তমানে এইরূপ কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন নাই।

(ঘ) ১,০০০ বিঘা পরিমাণ জমি।

Construction of a sluice at Sujanagar on Silabati river

***319.** (Admitted question No. *982.) **Shri Bankim Chandra Sasmal:** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state whether the Government has taken up the scheme of construction of a sluice at Sujanagar (Gadighat) on Silabati River?

The Minister for Irrigation and Waterways Department: No. The scheme is now under scrutiny by the Irrigation and Waterways Directorate.

Construction of a Mathgola Bundh and a sluice in Sargram Anchal, Katwa

***320.** (Admitted question No. *1002.)

শ্রীসুবোধ চৌধুরী: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাটোয়া ১নং ব্লকের অধীন সরগ্রাম অঞ্চলে মথগোলা বাঁধ ও স্লুইস গেট নির্মাণের জন্য যে সার্ভে হইয়াছে তাহার রিপোর্ট কি সরকারের নিকট দাখিল হইয়াছে; এবং

(খ) ঐ বাঁধ ও স্লুইস গেট নির্মাণের কাজ কি নাগাদ আরম্ভ হইবে?

The Minister for Irrigation:

(ক) ঐরূপ কোন সার্ভে হয় নাই কিন্তু সরগ্রাম অঞ্চলে ডি, ভি, সি-এর সেচের জল পরিবেশনের জন্য ১৪ বিসি খাল সম্প্রসারনের জন্য সার্ভে করিয়া একটি পরিকল্পনা তৈয়ারী করা হইয়াছে।

(খ) এই প্রশ্ন উঠে না।

UNSTARRED QUESTIONS
(to which written answers were laid on the table)

Total acreage of arable land

172. (Admitted question No. 270.) **Shri Abdus Sattar:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) the total acreage of land available for cultivation;

(b) the area of the land which is actually cultivated for the purpose of food crops; and

(c) the area of the land which will be brought under cultivation for the purpose of increased food production?

The Minister for Agriculture: (a) 1,60,00,000 acres (approximately) gross sown area.

(b) 1,39,59,700 acres. This includes all cereals, all pulses and potato (includes some double cropped areas).

(c) There is no definite plan at present.

Street accidents on the G. T. Road

173. (Admitted question No. 306.) **Shri Puranjoy Pramanik:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) the number of street accidents on the G. T. Road within the district of Burdwan and in the rest of the G. T. Road in the State during the years 1964, 1965 and 1966 respectively; and

(b) the steps taken by Government, if any, to check the occurrence of such accidents?

The Minister for Home (Police): (a)
বর্ধমান জেলার জি টি রোডের উপর দুর্ঘটনার সংখ্যা ১৯৬৪, ১৯৬৫ এবং ১৯৬৬ সালে যথাক্রমে ৮২৬, ৭২৮ এবং ৬৪৮টি। বর্ধমান জেলা ছাড়া রাজ্যের অবশিষ্টাংশ জি টি রোডে ১৯৬৪, ১৯৬৫ এবং ১৯৬৬ সালে যথাক্রমে ৭৩৮, ৭৮৯ এবং ৭১৪ দুর্ঘটনা ঘটিয়াছে।
(b)
জি টি রোডের গুরুত্বপূর্ণ জায়গাগুলিতে ট্রাফিক পুলিশ মোতায়েন করা হইয়াছে। উপরন্তু গাড়ীর নির্ধারিত গতিসীমা যাহাতে অতিক্রম না করা হয় তাহার উপর নজর রাখিবার জন্য সাব-ইন্সপেক্টারের নেতৃত্বে ওয়্যারলেস ভ্যানের টহল দেওয়ারও ব্যবস্থা করা হইয়াছে। দুর্ঘটনা হ্রাসের অতিরিক্ত ব্যবস্থা হিসাবে নিয়মিত আকস্মিকভাবে গাড়ী পরীক্ষা ও আইন ভঙ্গকারীদের বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা করা হইয়াছে।

Modified Rationing in Suti P.S., Murshidabad

174. (Admitted question No. 427.)

শ্রীশীষ মহম্মদ: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার সুতী থানার জন্য সংশোধিত রেশন ব্যবস্থা চালু করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) যদি 'ক'-এর উত্তর হ্যাঁ হয় তবে তাহা কোন্ তারিখ হইতে চালু করা হইবে এবং রেশনের পরিমাণ কি হইবে?

The Minister for Food and Supplies:

(ক) এই বৎসরের সুরু হইতেই প্রশ্নে উল্লেখিত অঞ্চলে আংশিক রেশন ব্যবস্থা চালু আছে। ঐ ব্যবস্থার মাধ্যমে গম/গমজাত দ্রব্য এবং সহরাঞ্চলে চালও দেওয়া হইতেছে।

(খ) প্রশ্ন উঠে না।

Complaints of cognizable offences at Phansidewa, Khoribari and Naxalbari

175. (Admitted question No. 539.) **Shri Tenzing Wangdi:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) the number and nature of complaints of cognizable offences lodged separately at the thanas of Phansidewa, Khoribari and Naxalbari in the subdivision of Silgiuri from the 2nd of March, 1967 till the end of June, 1967; and

(b) what action, if any, the Police have taken on each of these complaints and with what results?

The Minister for Home (Police): (a) A statement is laid on the Table.

(b) After due investigation either charge-sheet or F.R.T., as the case may be, was submitted in the cases shown in another statement laid on the Table. The remaining cases are under police investigation.

Statement referred to in reply to clause (a) of unstarred question No. 175

	Dacoity	Looting	Other cases of violence	Theft of firearms	Forcible		Miscellaneous Cases	Total.
					Ploughing	Occupation.		
1. Naxalbari P.S. ..	1	18	9	2	12	..	28	70
2. Khoribari P.S.	7	10	6	2	22	12	22	81
3. Phansidewa P.S.	..	15	7	2	3	5	37	69

Statement referred to in reply to clause (b) of unstarred question No. 175

	Looting	Other cases of Violence	Forcible Ploughing	Forcible Occupation	Miscellaneous Cases
1. Naxalbari P.S. ..	.. 1 C.S.	2 C.S. 1 F.R.T. 1 F.R.M.F.	3 C.S.	..	6 C.S. 12 F.R.T.
2. Khoribari P.S. .	.. 1 C.S.	..	5 C.S.	1 C.S.	6 C.S.; 2 F.R.T.
3. Phansidewa P.S. .	.. ..	2 C.S.	1 C.S.	..	13 C.S. 5 F.R.T. 2 M.R.M.F.

Metalling of roads in the Contai subdivision

176. (Admitted question No. 730.)

শ্রীবাসেশ্বর মাইতি: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কাঁথি মহকুমায় গত তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কয়টি রাস্তা পাকা করিবার কার্যসূচী গ্রহণ করা হয়েছিল;

(খ) রাস্তাগুলির নাম কি;

(গ) এইগুলির মধ্যে কতগুলি সম্পন্ন করা হয়েছে;

(ঘ) আজ পর্যন্ত বাকী রাস্তাগুলির কার্য শেষ না করার কারণ কি; এবং

(ঙ) বাকী রাস্তাগুলির কার্য কতদিনের মধ্যে শেষ হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Public Works (Roads):

(ক) চারটি।

(খ) (১) কাঁথি বাইপাস,

(২) এগরা-রামনগর রাস্তা,

(৩) মোহনপুর-সোলপাট্টা রাস্তার উড়িষ্যা সীমা পর্যন্ত এক্সটেনসন,

(৪) দীঘা-চন্দনেশ্বর মন্দির রাস্তা (পশ্চিমবঙ্গের অংশ)।

(গ) দুইটি।

(ঘ) এবং (ঙ) কোন একটি পরিকল্পনায় গৃহীত সকল প্রকল্পই ঐ পরিকল্পনাকালে সম্পন্ন করা হয় না। অর্থ বরাদ্দের সহিত সামঞ্জস্য রাখিয়া এবং প্রয়োজনীয় জমির দখল পাওয়ার সংগে সংগে রাস্তার কাজ ক্রমে ক্রমে সম্পন্ন করা হয়। এগরা-রামনগর রাস্তার কাজ আগামী বৎসরের মধ্যেই সম্পন্ন হইয়া যাইবে বলিয়া আশা করা যায়। দীঘা হইতে চন্দনেশ্বর মন্দির-গামী রাস্তাটির উড়িষ্যা রাজ্যে অবস্থিত অংশের কাজ শুরু হওয়ার পর পশ্চিমবঙ্গের অংশটি গ্রহণ করার ব্যবস্থা করা হইবে।

Closure of Training-cum-Production Centre in the Model Blacksmithy Workshop at Ahmedpur, Birbhum

177. (Admitted question No. 740.)

শ্রীসত্যনারায়ণ ব্যানার্জী: কুটীর ও ক্ষুদ্রায়তন বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বীরভূম জেলার অন্তর্গত আহমেদপুরে মডেল ব্ল্যাকস্মিথী ওয়ার্কশপ অন্তর্ভুক্ত ট্রেনিং-কাম-প্রোডাকশন সেণ্টার বর্তমানে বন্ধ করিয়া দেওয়া হইয়াছে; এবং

(খ) সত্য হইলে তাহার কারণ কি?

The Minister for Cottage and Small Scale Industries:

(ক) বীরভূম জেলার অন্তর্গত আহমেদপুরের মডেল ব্ল্যাকস্মিথী ওয়ার্কশপটি কেবলমাত্র ট্রেনিং সেণ্টার। ইহার অন্তর্ভুক্ত কোন ট্রেনিং-কাম-প্রোডাকশন সেণ্টার নাই। মডেল ব্ল্যাকস্মিথী ওয়ার্কশপটি চালু আছে।

(খ) উপরোক্ত জবাবের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন উঠে না।

Tamluk Subdivisional Hospital

178. (Admitted question No. 749.)

শ্রীঅজয় মালাকার: স্বাস্থ্য বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তমলুক মহকুমা হাসপাতালে কতগুলি বেড রহিয়াছে;

(খ) উহাদের মধ্যে পুরুষ ও মহিলাদিগের জন্য কত বেড রক্ষিত আছে;

(গ) ঐ হাসপাতালে কতজন ডাক্তার ও নার্স রহিয়াছে, কোন বিশেষজ্ঞ ডাক্তার আছেন কি; এবং

(ঘ) ঐ মহকুমা হাসপাতালে একটি 'এক্সরে' যন্ত্র বসানোর কোন পরিকল্পনা সরকারের আছে কি?

The Minister for Health:

(ক) ৬৮টি।

(খ) পুরুষদিগের জন্য ৩৬টি ও মহিলাদিগের জন্য ৩২টি।

(গ) ৬ জন ডাক্তার ও ২৫ জন নার্স। ১ জন চক্ষুরোগ বিশেষজ্ঞ ডাক্তার আছেন।

(ঘ) ইতিমধ্যেই একটি দু ৫০-এম-এ এক্সরে যন্ত্র বসান হইয়াছে।

Scheme for re-excavation of the Piyalmari river, Murshidabad

179. (Admitted question No. 797.)

শ্রীমহম্মদ আবদুল বারি: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় জলঙ্গী পিয়ালমারী নদীর খনন কার্যের জন্য কোন পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে কিনা;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয় মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ঐ পরিকল্পনার জন্য কত টাকা মঞ্জুর করা হইয়াছে; এবং

(২) ঐ পরিকল্পনার কাজে কোন বিশেষজ্ঞ নিয়োগ করা হইয়াছে কিনা?

The Minister for Irrigation and Waterways:

(ক) না। তবে প্রকল্প প্রস্তুত করার জন্য অনুসন্ধান কার্য হাতে লওয়া হইয়াছে।

(খ) (১) কোন টাকা এখনও মঞ্জুর করা হয় নাই তবে বর্তমান বৎসরের ব্যয়বরাদ্দে দুই লক্ষ টাকা ধরা হইয়াছে।

(২) এই ধরণের প্রকল্পসমূহ স্টেট টেকনিক্যাল কমিটির দ্বারা পরীক্ষিত হয়। এই প্রকল্পের প্রাক্‌কলন এখনও প্রস্তুত এবং অনুমোদন করা হয় নাই। সুতরাং উহার কাজে বিশেষজ্ঞ নিয়োগ করার প্রশ্ন এখনও উঠে নাই।

Forest-Bridge over 'Fuleswar Khal', Uluberia

180. (Admitted question No. 827.)

শ্রীকালিপদ মণ্ডল: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি উলুবেড়িয়া মহকুমার অধীনে ফুলেশ্বর খালের উপর ফরেষ্ট ব্রীজ-এর নির্মাণ কার্য কি নাগাদ শেষ হইবে?

The Minister for Irrigation and Waterways:

পুরাণ খালের বামতীরস্থ বাস্তুভিটা ও জমির দখল সময়মত পাইলে, উলুবেড়িয়া মহকুমার অধীনস্থ ফুলেশ্বর থানার ফরেষ্ট ব্রীজের নির্মাণ কার্য নভেম্বর মাসের মধ্যে শেষ হইতে পারে। জমির দখল পাওয়ার জন্য সেচ ও জলপথ অধিকার বিশেষভাবে চেষ্টা করিতেছে।

Recommendations of the Special Committee on the strength of staff of the District School Boards

181. (Admitted question No. 870.)

শ্রীভবানী মুখার্জী: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে জেলা স্কুল বোর্ডসমূহের কর্মচারী সংখ্যা বৃদ্ধির প্রস্তাব বিবেচনার জন্য সরকার ১৯৬২ সালে স্পেশাল কমিটিসমূহ নিযুক্ত করিয়াছিলেন; এবং

(খ) সত্য হইলে ঐ কমিটিসমূহের রিপোর্ট সরকার পাইয়াছেন কি এবং সে বিষয়ে কি ব্যবস্থা গৃহীত হইয়াছে?

The Minister for Education:

(ক) হ্যাঁ।

(খ) উক্ত কমিটির সুপারিশসমূহ সরকারের বিবেচনাধীন আছে।

Building grants to the Primary and Junior Basic Schools of Jamalpore P.S., Budrwan

182. (Admitted question No. 217.)

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: শিক্ষা বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বর্ধমান জেলার জামালপুর থানায় ১৯৬২ সাল হইতে ১৯৬৭ সালের মে মাস পর্যন্ত কোন্ কোন্ প্রাথমিক ও নিম্ন বুনিয়াদী বিদ্যালয়কে গৃহ নির্মাণ ও মেরামতের জন্য কত টাকা মঞ্জুর করা হইয়াছে?

The Minister for Education:

একটি বিবরণী লাইব্রেরী টেবিলে স্থাপিত হইল।

[2—2-10 p.m.]

Adjournment Motion

Mr. Speaker: I have received two notices of Adjournment Motion on the following subjects, namely:—

(1) Acute scarcity of food in Block No. 2 of P.S. Dantan in the district of Midnapore—from Shri Krishnadas Roy, and

(2) Firing on food demonstrators in Dhubulia by police—from Shri Saila Kumar Mukherjee.

The Adjournment Motion from Shri Krishnadas Roy is as follows:

This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely,—

মেদিনীপুর জেলায় দাঁতন থানার ২নং ব্লকের ভয়াবহ খাদ্যাভাব দেখা দিয়াছে। অগণিত নিরন্ন কঙ্কালসার মানুষের হাহাকারে, এ এলাকায় গ্রামগুলিতে বেদনাদায়ক পরিবেশ সৃষ্টি হইয়াছে। চাউল ও খাদ্যবস্তু বাজারে দুষ্প্রাপ্য এবং ক্রয়-ক্ষমতার বাইরে। সরকার কর্তৃক খাদ্য সরবরাহের ব্যবস্থা কোন কিছু হয়নি।

The Adjournment Motion from Shri Saila Kumar Mukherjee is as follows:

This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, firing on food demonstrators in Dhubulia by police.

I have withheld consent to both the notices.

Calling Attention to matters of urgent public importance

Mr. Speaker: The Minister-in-charge of the Home (Police) Department will please make a statement on the subject of heinous attack on the dispensary of one Dr. Kalimohan Das near the junction of Tollygunge Road and Charu Avenue on the 16th July 1967, called attention by Shri Mani Sanyal on the 19th July, 1967.

Shri Ajoy Kumar Mukhopadhyay: Sir, in response to the Calling Attention notice by Shri Mani Sanyal, M.L.A., regarding the alleged attack on the dispensary of Dr. Kalimohan Das near the junction of Tollygunge Road and Charu Avenue on Sunday, the 16th July, 1967, I would like to make the following statement:—

On the 16th July, 1967, some people of Pratapaditya Road and Tollygunge Road took out a procession to collect subscription and help for drought relief fund. After making through some roads of the locality the procession reached the crossing of Tollygunge Road and Charu Avenue at about 11 a.m. and there was some altercation over the collection of subscription and donation between Shri Anil Chatterji of 14A Protapaditya Road and Dr. Kalimohan Das in front of the latter's dispensary on Tollygunge Road. That altercation was followed by exchange of brickbats which damaged the glass window and glass almirah of the Dispensary of Dr. K. Das.

Over the complaint of Shri Sunil Das, Compounder of Dr. K. Das, a case was started vide Sec. U. Tollygunge P.S. Case No. 452, dated 16th July 1967, under section 147/427/337, I.P.C. Shri Sunil Das made complaint to the Investigating Officer against some unknown persons who were in the procession. Subsequently Dr. K. Das came

to Tollygunge P.S. and gave a statement implicating Shri Anil Chatterjee, Shri Kamal Banerjee, Dr. Kalidas Majti and others who were in the procession and were alleged to have attacked his Dispensary and assaulted him.

Over the incident another case was started (vide Tollygunge P.S. Case No. 454, dated 16th July, 1967, under section 147/341, I.P.C., upon the complaint of Shri Anil Chatterjee against Dr. K. Das and one Ranjit Sarkar.

Mr. Speaker: The Minister-in-charge will please make a statement on this subject of suicide of one Shrimati Shefali Mandal of village Manik Nagar, P.S. Beldanga, Murshidabad, called attention by Shri Mohammed Israil on the 21st July, 1967.

Shri Ajoy Kumar Mukhopadhyay:

আগামী ৮ই তারিখ দেওয়া হইবে।

Mr. Speaker: The Minister-in-charge of the Home (Police) Department will please make a statement on the subject of inconvenience caused to public due to late running of trains and consequent assault on the railway staff, called attention by Shri Satyabrata Bhattacharyya on the 24th July, 1967.

Shri Ajoy Kumar Mukhopadhyay: Mr. Speaker, Sir, in reply to the Calling Attention notice by Shri Satyabrata Bhattacharyya, M.L.A., regarding inconvenience caused to public due to late running of trains and consequent assault on the railway staff I want to make the following statement:—

I am aware of the hold up and late running of trains in both Sealdah and Howrah Divisions. Because of late or irregular running of trains the passengers and their sympathisers often squat on the Railway track and take other violent actions against Railway staff in order to focuss the attention of the local and Railway administration to their grievances.

The State Government have already taken up the matter with the railway administration on the question of devising means to improve the regular and timely running of trains. As regards the incident of 20-7-67 in which the Guard of 112 Down Santipur Local Train was beaten up and railway properties were damaged, the police is taking vigorous action to trace the miscreants and criminal cases were started. The Government are also thinking of taking other preventive measures so that such incidents of lawlessness do not occur in future. In particular cases where the security of the Railway staff so demands police escorts are provided to ensure the smooth running of trains.

Mr. Speaker: I have received 12 notices of Calling Attention on the following subject:—

(1) Drought in the district of 24-Parganas—from Shri Pravash Chandra Roy.

(2) Acute scarcity of rice in the district of Howrah—from Shri Pannalal Maji and Shri Nitailal Bhandary.

(3) Hunger-strike by the students of Vidyasagar College, Suri, on the demand of opening Honours Classes in Biological Sciences—from Shri Bazle Ahmad.

(4) Suicides in the district of Nadia—from Shri Kalipada Mandal.

(5) Acute scarcity of food in Block No. 2 of P.S. Dantan in the district of Midnapore—from Shri Krishnadas Roy.

(6) Irregularity in admission of students in Bethune College—from Shri Golam Mohiuddin.

(7) Food Production on an Emergency footing in West Bengal in view of recent drought—from Shri Kanai Bhowmik.

(8) Incidents of arson in villages Basanta Chak and Kalai in the district of Midnapore—from Shri Girindra Nath Mondel.

(9) Proposed Food movement on 31st July, 1967 in Howrah by Forward Bloc—from Shri Kalipada Mondal.

(10) Acute scarcity of food in Beldanga P.S. in the district of Murshidabad—from Shri Abdul Latif.

(11) Suspension of all train services in the Lalgola Section due to disturbances near Dhubulia Station—from Shri Mohammed Israil.

(12) Hunger strike by workers of Durgapur Project—from Shri Puranjoy Pramanik.

I have selected the notice of Shri Abdul Latif on the subject of acute scarcity of food in Beldanga P.S. in the district of Murshidabad.

The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today if possible or give a date for the same.

Shri Jyoti Basu:

৯ই তারিখে দেওয়া যেতে পারে।

Shri Mohammed Israil:

স্যার, আমি এর উপর একটা কথা বলতে চাই......

Mr. Speaker:

না, না, এর উপর ডিসকাশন হবে না। ট্রেণ চলছে না, ও'রা বাড়ী যেতে পারছেন না, তার স্টেটমেণ্ট মন্ত্রিমহাশয় দেবেন বলেছেন।

[2-10—2-20 p.m.]

REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

Mr. Speaker: I beg to present the Seventh Report of the Business Advisory Committee which at its meeting held on the 25th July, 1967, in my chamber considered the programme of business of the Assembly onwards from the 7th August, 1967. A copy of the programme as recommended by the Committee is placed on the table.

Shri Kamal Kanti Guha: Sir, I beg to move that the Seventh Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

The motion was adopted.

Laying of Appropriation and Finance Accounts of the Government of West Bengal for 1965-66 and Audit Report, 1967.

Shri Jyoti Basu: Sir, under article 151(2) of the Constitution of India I beg to lay—

(i) the Appropriation Accounts of the Government of West Bengal for 1965-66;

(ii) the Finance Accounts of the Government of West Bengal for 1965-66; and

(iii) the Audit Report, 1967.

Laying of Annual Accounts for 1962-63 and 1963-64 and Administration Report for 1962-63 of Calcutta State Transport Corporation.

Shri Jyoti Basu: Sir, in accordance with the provisions of sub-section (4) of section 33 and sub-section (3) of section 35 of the Road Transport Corporations Act, 1950 (64 of 1950), read with rule 28 of the West Bengal State Transport Corporation Rules, 1960, I lay before the House the following Annual Accounts and Administration Reports of the Calcutta State Transport Corporation:—

(1) Annual Accounts for the year 1962-63 and 1963-64.

(2) Administration Report for the year 1962-63.

GOVERNMENT BILL

The West Bengal Appropriation (No. 2) Bill, 1967

Shri Jyoti Basu: Sir, I beg to introduce the West Bengal Appropriation (No. 2) Bill, 1967.

(Secretary then read the title of the Bill.)

Sir, I beg to move that the West Bengal Appropriation (No. 2) Bill, 1967, be taken into consideration.

Under article 266(3) of the Constitution of India no moneys out of the Consolidated Fund of the State can be appropriated except in accordance with the law and for the purposes of and in the manner provided in the Constitution. The object of the present Bill is to provide for the appropriation out of the Consolidated Fund of West Bengal of all moneys required to meet—

(a) the grants made by the Assembly, and

(b) the expenditure charged on the consolidated fund of West Bengal, in addition to the sums previously authorised to be withdrawn and appropriated under the West Bengal Appropriation (Vote on Account), 1967.

The Constitution provides that no amendment shall be proposed to this Bill, having the effect of varying the amount or altering the destination of any grant so made or of varying the amount of expenditure charged on the Consolidated Fund of the State. The details of the proposed Appropriation Bill will appear from the Schedule to the Bill.

Sir, with these words I commend my motion for the acceptance of the House.

Shri Saila Kumar Mukherjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের এই দীর্ঘ এক মাস ধরে আলোচনা চলেছে,—২৬শে জুন আরম্ভ হয়েছিল, আজ ২৬শে জুলাই, ঠিক এক মাস, আমরা আলোচনা করেছি। চারদিন সাধারণ বিতর্ক, আর বাকী সময় দফাওয়ারী আলোচনার মাধ্যমে, উভয় পক্ষই এই বাজেট সম্বন্ধে, তাঁদের বক্তব্য রেখেছেন। এ বৎসর আমরা লক্ষ্য করেছি বিস্ময়ের সঙ্গে যে শুধু বিরোধী পক্ষ, আজ যাঁরা আছেন, তাঁরাই নন, এ সম্বন্ধে সরকার পক্ষের অনেকে, অনেক বিষয়, বিভাগীয় নীতির সমালোচনা করেছেন। আমি অভিনন্দন জানাচ্ছি—মাননীয় মৎস্যমন্ত্রীকে সেদিন তাঁর বিরুদ্ধে, এবং তাঁর বিভাগের বিরুদ্ধে একটা তীব্র সমালোচনা হয়, দুঃখ বিভাগের শ্রেষ্ঠ কর্মচারীর

বিরুদ্ধেও মন্তব্য করা হয়, তিনি সে সম্বন্ধে যে উত্তর দিয়েছিলেন—এই যে হচ্ছে—আপনাদের ধারণা, যে সরকারের সব কর্মচারী, সব অফিসার দুর্নীতিগ্রস্থ বা দুর্নীতিপরায়ণ এবং সব জায়গায়ই একটি বড় দুর্নীতির ক্ষেত্র, তার তীব্র সমালোচনা করে তিনি তাঁর বক্তৃতায় বুঝিয়ে দিয়েছেন যে তা সত্য নয়। সুতরাং আজকে এই অর্থ প্রয়োগের নানা দিক, অ্যাপ্রোপ্রিয়েসন বিলে বিবেচনা হবে। এই অর্থ প্রয়োগে আজকে বিধানসভার সদস্যগণের আর কোন অ্যামেন্ডমেন্ট দেবার স্কোপ নেই। এই যে অর্থ প্রয়োগ, এ সম্পর্কে আমি সরকারকে কি দৃষ্টিভঙ্গী নিতে বলতে পারি? এবং কিভাবে এই অর্থ, যেটা বিরাট অর্থ, ৩৬০ কোটী টাকা, আজকে এই কয়েক দিনের আলোচনায় কনসলিডেটেড্ ফান্ড থেকে ব্যয় করবার জন্য মঞ্জুরী দিয়েছেন আমাদের বিধানসভার সদস্যগণ দীর্ঘ আলোচনা করে ১০৯ কোটী টাকা ভোটেড অন্ এ্যাকাউন্ট, আর বাকী ২৫১ কোটী কয়েক লক্ষ টাকা এ হচ্ছে সাধারণ খতের মাধ্যমে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ৩৬০ কোটী টাকার মধ্যে আপনি এবং সদস্যগণ নিশ্চয়ই লক্ষ্য করেছেন যে ৬৯ কোটী ৭৩ লক্ষ টাকা হচ্ছে, সাধারণ যে রাজস্ব খাত আছে, তার খরচ নয়, রাজস্ব বহির্ভূত ক্যাপিটেল এ্যাকাউন্টে, যাকে বলে মূলধনী খাতে যে ৬৯ কোটী টাকা, বাংলাদেশের ডেভেলপমেণ্ট-এর জন্য বা গঠনমূলক কাজ করবার জন্য ক্যাপিটেল ইনভেস্টমেন্টের দ্বারা বাংলাদেশের অগ্রগতি অব্যাহত থাকবে, এবং বিভিন্ন বিভাগের যে ক্যাপিটেল এ্যাকাউন্টে ব্যয়-বরাদ্দ হয়েছে, তার মাধ্যমে বাংলার জনসাধারণ এ বিষয় অগ্রণী হতে পারবে, তাদের কল্যাণসাধন হতে পারবে এবং বাঙ্গালী এগিয়ে যাবে।

আমি দু-চারটি বিষয়, যে সমস্ত খাতে বরাদ্দ হয়েছে, তার প্রতি মাননীয় অর্থমন্ত্রিমহাশয়ের দৃষ্টি নিবদ্ধ করবো, এই কারণে যে আমি এই অর্থ প্রয়োগের মাধ্যমে শুনে আসছি একটি কথা, যে বিশ বছরে কংগ্রেসী দুঃশাসনের জন্য নাকি বাংলাদেশের কোন অগ্রগতি হয়নি। কিন্তু এই ৬৭ কোটী টাকা এবং এই ৩৬০ কোটী টাকার যে ব্যয়-বরাদ্দের বাজেট আপনারা দীর্ঘ এক মাস ধরে আলোচনা করলেন তার মধ্যে সাড়ে চৌদ্দ কোটী টাকা বাদে, তার মধ্যে সাড়ে এগারো কোটী টাকা শুধু ডিয়ারনেস এ্যালাওয়েন্স; বাকী ৩০০ কোটী টাকা হচ্ছে পুরাতন সরকারের গৃহীত বাজেট আপনারা গ্রহণ করেছেন। সুতরাং আপনার অর্থ বিভাগ সম্পূর্ণভাবে, দীর্ঘ চার মাস বিবেচনার পর, সেই বাজেটের মধ্যে অগ্রগতির নীতি ও মূলধনী খাতে ব্যয়-বরাদ্দের যে নীতি ছিল, সেগুলি পূর্ণরূপে গ্রহণ করেছেন। এবং আমরা চাই বাংলার অগ্রগতি অব্যাহত থাকবে।

[2-20—2-30 p.m.]

শুধু কংগ্রেসকে গালি দিয়ে আপনারা দেশের কল্যাণসাধন করতে পারবেন না, আপনারা নূতন দৃষ্টিভঙ্গী নিয়ে আসুন। সেই দৃষ্টিভঙ্গীতে কতকগুলি পার্থক্য করে তার বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেই আমি আমার বক্তৃতা সীমাবদ্ধ রাখবো। আজকে রাস্তার কথা দেখুন, রাস্তার উন্নতিতে এ বছরে ক্যাপিটাল এক্সপেন্ডিচার অন পাব্লিক ওয়ার্কস অন্যান্য ছাড়া প্রায় ৭ কোটি ৩২ লক্ষ টাকা এবং নূতন রাস্তায় প্রায় ১০½ কোটি টাকা ব্যয় করা হয়েছে। রাজস্ব বিভাগে ৩০০ কোটি টাকার মধ্যে চলতি কমিটেড এক্সপেন্ডিচার তো আছেই তা ছাড়া নূতন ৭ কোটি টাকা কংগ্রেসের আমল থেকে কিছু করা হয়নি। এটা জানবেন সাড়ে সতেরোশো (১৭৫০) মাইল রাস্তা ছিল ১৯৪৭ সালে, আজ বাংলাদেশে ৭½ মাইল পাকা রাস্তা এবং তার উপরও প্রাক্তন সরকার দশ কোটি টাকা পাবলিক ওয়ার্কস-এ নূতন বিল্ডিং এবং রাস্তাঘাটের জন্য ব্যয় করেছেন। আমি আশা করি এই সমস্ত কাজ সত্ত্বর হবে। কিন্তু এ বছরে কি পরিস্থিতি, ডিসেম্বর জানুয়ারী আমরা ধরলুম কোন কাজ হয়নি নির্বাচনের সময় ছিল বলে কিন্তু আপনারা তো ৪ মাস এসেছেন, এখনই চারিদিকে শোনা যায় যে এই সমস্ত কাজ বিল্ডিং কনস্ট্রাকসন, হাঁসপাতাল কনস্ট্রাকশন, ব্রীজ কনস্ট্রাকশন, রোড কনস্ট্রাকশন, এটা কোন রাজনৈতিক দৃষ্টিভঙ্গী থেকে বলছি না, চোখ খুললেই দেখা যাবে এবং আপনাদের অফিসারদের যদি জিজ্ঞাসা করেন তাহলে তাঁরাও বলবেন যে কাজের প্রগতি এই ৪ মাসে কতটা শ্লথ হয়েছে, শ্লো-ডাউন করেছে। সুতরাং আজকে আশা করি আপনারা এই ১০ কোটি টাকা খরচ করবেন বাকী ৬ মাসে। এই ঘাটতি বাজেট নিয়ে যদি আপনারা এই ১০ কোটি টাকা রাস্তার উন্নতিতে ব্যয় করতে না পাবেন তাহলে

পুনরায় হবে কি—না, ঘাটতির পরিমাণ বৃদ্ধি হবে। সুতরাং আজকে সরকারী কর্মচারীদের উপর পুরাতন দৃষ্টিভঙ্গী পরিত্যাগ করে, দুর্নীতি নিশ্চয়ই নিবারণ করবেন কিন্তু সকলেই চোর, সকলেই দুর্নীতিপরায়ণ এই দৃষ্টিভঙ্গী নিয়ে কোন সরকার কোনদিন কল্যাণব্রতী রাষ্ট্র গড়ে তুলতে পারেন না, কল্যাণের পথে চলতে পারে না, নূতন দৃষ্টিভঙ্গী নিয়ে অগ্রসর হন। সেইরকম আজকে নানাবিধ সোসাল য়্যান্ড ডেভেলপমেন্ট সার্ভিসেস-এ ৫ কোটি টাকা ক্যাপিট্যাল এক্সপেণ্ডিচার, ৫ কোটি টাকা ক্যাপিট্যাল এক্সপেণ্ডিচার মানে নূতন বাড়ী, নূতন কলেজ বিদ্যালয়, নূতন হাঁসপাতাল, নূতন গৃহ হবে তার প্রস্তাব রয়ে গেছে, সেগুলি আপনারা কার্যকরী করবেন। বাংলাদেশে ৫৫টি কলেজ ছিল, ২০ বছরে বহু নিন্দিত কংগ্রেস সরকারের আমলে ১৮০টি কলেজ হয়েছে, সেখানে আরো প্রগতি চায়, তাই যেখানে ২টি মেডিকেল কলেজ ছিল আজ সেখানে ৬টি মেডিকেল কলেজ। আপনারা আবার ন্যাসানাল মেডিকেল কলেজ নিয়েছেন, ভাল করেছেন কিন্তু এই বরাদ্দ টাকা যদি আপনারা প্রয়োগ করতে না পারেন, যদি পরস্পর মতদ্বৈধের জন্য আমাদের কাজে ব্যাঘাত হয় তাহলে দেশের কল্যাণ হবে না। আজকে বাংলাদেশ সর্বাপেক্ষা ইনডাস্ট্রিয়াল ডেভেলপমেন্টের জন্য হাঁ করে বসে আছে, বাঙালীকে বাঁচাবার একমাত্র উপায় হচ্ছে ইনডাস্ট্রিয়াল ডেভেলপমেণ্ট আর বাংলার ইনডাস্ট্রিয়াল ইকনমিক ডেভলপমেন্ট শুধু ২ কোটি ২৬ লক্ষ টাকা নয়, স্কীম অফ গভর্নমেন্ট ট্রেডিং এটা নিন্দিত কংগ্রেস সরকারের স্কীম, ২৪ কোটি ৫২ লক্ষ টাকার গভর্নমেণ্ট ট্রেডিং স্কীম কংগ্রেস সরকার নিয়েছিলেন। এটা আপনাদের ১ বছরের মধ্যে খরচ করতে হবে। আজকে এই গভর্নমেণ্ট হচ্ছে কোয়ালিসন গভর্নমেণ্ট, ১৪ দলের গভর্নমেণ্ট, আমরা নিত্য সংবাদপত্রে দেখতে পাচ্ছি পরপর বিরোধী নীতি পরস্পর পরস্পরকে নিন্দা করছেন। কোয়ালিশন গভর্নমেন্টের কল্যাণের জন্য আজকে যেখানে প্রয়োজন কালেকটিভ রেসপনসিবিলিটি, যৌথ দায়িত্ব হচ্ছে যেখানে সমস্ত গণতান্ত্রিক সরকারের ফাউণ্ডেসন সেখানে যদি সংবাদপত্রের পাতা উলটে রোজ বাঙালী জনসাধারন পড়ে যে যুক্তফ্রন্টের একদল আর এক দলকে, তার নেতাকে নানাবিধভাবে প্রকাশ্যভাবে নিন্দা করছেন তাহলে জনসাধারণের মনে যে প্রতিক্রিয়া হয় সেই প্রতিক্রিয়ার বিষ সর্বস্তরে ছড়িয়ে পড়ে, এমন কি অফিসারদের মধ্যেও তার প্রতিক্রিয়া পড়ে। আজকে কাগজে দেখুন বড় বড় অক্ষরে বেরিয়েছে,

C.P.M. at cross road—Naxalbari—Congress apart... .

এ একদিনের কাগজে নয়, আপনারা কাগজ খুললেই দেখতে পাবেন মাননীয় মুখ্যমন্ত্রীর নীতির সংগে আর একজন মন্ত্রী প্রকাশ্যভাবে ঘোষণা করছেন যে আমরা একমত নই। অথচ আপনারা বিধানসভায় বলেন যে আমরা সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ করি। ভাল কথা, কোয়ালিসন গভর্নমেন্টের মূল কথা তাই কিন্তু তার বহির্প্রকাশ বাংলার জনসাধারণের কাছে নিত্য এইভাবে প্রকাশিত হয় কেন? আজকে খাদ্যমন্ত্রীর বিরুদ্ধে অভিযান আসছে কেন? আজকে স্বরাষ্ট্র মন্ত্রীর বিরুদ্ধে অভিযান আসছে বিভিন্ন সংবাদপত্রে প্রকাশিত হয়েছে এটা কেন হচ্ছে? আমরা জানি ইরিগেসন মিনিস্টার আজকে খুব তৎপরতার সংগে কাজ করছেন, ইরিগেসনের তিনি ৪ কোটি ৬২ লক্ষ টাকার নূতন মূলধন, ব্যয়-বরাদ্দের দায়িত্ব নিয়েছেন। পুরানো সরকারের যে স্কীম সেগুলিকে কার্যে রূপায়িত করতে হবে। ক্যাপিটাল এক্সপেনডিচার সম্বন্ধে—আজকে অ্যাপ্রপ্রিয়েশন বিলে আমি ওদিককার কথা বলছি না, বাকী ২০০ কোটি টাকা রেভিনিউ-এর মধ্যে আমরা আশা করি কমিটেড এক্সপেনডিচারটা পড়বে কিন্তু এগুলি সব এক একটি পরিকল্পনা,

Committed expenditure of the Third-Five Year Plan.

কাজ সুরু হয়ে গিয়েছে। বিধানসভার সম্মতি নিয়ে পুরাণো সরকার যে বিরাট স্কীম গ্রহণ করেছিলেন সেগুলি কার্যে রূপায়িত করা ক'র জন্য? তাতে কি শুধু যুক্তফ্রণ্ট সরকার উপকৃত হবে? সারা বাংলার মানুষ, জনসাধারণ, বাংলার এই ডেভালপিং ইকনমিতে তার অগ্রগতির সহায়তা করবে। তাই যুক্তফ্রণ্ট সরকারের এই অর্থ প্রয়োগ সম্বন্ধে আমাদের বিরাট সন্দেহ হয়, তাঁদের এই চার মাসের কার্যের মধ্য দিয়ে জনচিত্তে একটা সন্দেহ উপস্থিত হয়েছে, জনচিত্ত আজ বিভ্রান্ত। কে মন্ত্রী কি কথা বলছেন সেদিকে আমরা দৃষ্টি রেখে আজ বলছি যে তা যদি

করেন তাহলে এই অর্থের অপপ্রয়োগ হবে। আজকে ডি. ভি. সি. এক্সপেনডিচার এবং ডেভালপমেণ্টে ৪ কোটি ৭৪ লক্ষ টাকা আছে। গ্রেটার ক্যালকাটা ডেভালপমেণ্টের জন্য এবছরে আছে ১ কোটি ৯৬ লক্ষ টাকা। এই গ্রেটার ক্যালকাটা ডেভালপমেণ্টের বিলম্ব হয়েছে কেন, প্ল্যান তৈরী হয়নি। আপনারা রাষ্ট্র পেয়েই ওয়েষ্ট বেঙ্গল স্যানিটেশন অথরিটি যে বসেছে সেই কাজ আরম্ভ করবে। ৪০০ বর্গমাইল কলকাতা এবং ৩২টি বৃহত্তর মিউনিসিপ্যালিটির নানাবিধ সমস্যা তদানীন্তন বিরোধী দলের সহযোগিতায় আইনসংগতভাবে সিলেক্ট কমিটির মাধ্যমে এই সভায় গৃহীত হয়েছে, তাঁদের হাতে আজ টাকা দিচ্ছি ঐ সমস্যা সমাধান করার জন্য। এতদিন আস্তে আস্তে কলকাতার কাজ সম্পন্ন হয়েছে, আজকে আর বিলম্বের আর কোন কারণ নেই, তার বিলম্বের সমস্ত বাধা অপসারিত হয়ে গিয়েছে। আজ যদি আমরা এই ১ কোটি ৯৬ লক্ষ টাকা গ্রেটার ক্যালকাটা ডেভালপমেণ্টে দিই—গ্রেটার ক্যালকাটা মানে শুধু কলকাতা নয়, ওদিকে হুগলী বাঁশবেড়ে পর্যন্ত, এদিকে বাউড়িয়া পর্যন্ত ওদিকে বজবজ পর্যন্ত, তার যে সীমারেখা তার মধ্যে আমরা জনসাধারণের বর্তমান উপযোগী মডার্ণ সাইন্টিফিক মেথডে নূতন কলকাতার সৃষ্টি করতে চাই। সেজন্য আমি এই অর্থ প্রয়োগের বিষয়ে আমার বিরাট সন্দেহের কথা জানিয়েছি। আর একটি কথা মাননীয় অর্থমন্ত্রীর কাছ থেকে আমরা জানতে চেয়েছিলাম বাজেট বিতর্কের সময় সেটা হচ্ছে এই যে ৩৬ কোটি টাকার যে ঘাটতি বাজেট উপস্থাপিত করেছেন সেই ঘাটতি পূরণ করার জন্য কি সংকল্প করেছেন। তিনি তিনটি বিষয়ে তাঁর উত্তর দেওয়ার সময় আমাদের জবাব দেবেন। তিনি ইনডিকেট করেছেন তিনটি প্রকরণ। একটা হচ্ছে ট্যাক্সেসন, আর একটা হচ্ছে মরেটোরিয়াম অন সেন্ট্রাল লোনস্ আর একটা বলেছেন গ্রেটার সেন্ট্রাল অ্যাসিসটেন্স। এক মাস পরে আমরা তাঁর কাছ থেকে জানবার আশা করি, বিধানসভার সদস্যরা জানবার আশা করেন, বাংলার জনসাধারণ জানবার আশা করে যে তাঁর এই এক মাসের করসপন্ডেন্সের পর তিনি দিল্লীর কাছ থেকে ঐ দুটি বিষয়ে কি প্রতিশ্রুতি পেয়েছেন এবং কি করের বোঝা তিনি বাংলার জনসাধারণের উপর চাপাবেন ৩৬ কোটি টাকা ঘাটতি বাজেট পূরণের জন্য সেটা যদি আজকে এই এ্যাপ্রোপ্রিয়েশন বিলের উত্তরে না বলেন তাহলে আমি মনে করবো তিনি বাংলার জনসাধারণকে একদম অন্ধকারের মধ্যে রাখতে চাইছেন, সন্দেহের মধ্যে রাখতে চাইছেন। আমি তাঁকে অনুরোধ করবো তিনি এক মাস সময় পেয়েছেন অন্ততঃ এই তিনটি বিষয়ে তিনি পরিষ্কার করে আমাদের কাছে রাখবেন। তা যদি তিনি যদি রাখেন তাহলে বাংলার মানুষ আশ্বস্ত হবে যে ঘাটতি বাজেট পূরণ করবার জন্য অর্থমন্ত্রী আমাদের একটা রাস্তা দেখিয়েছেন এবং সেই রাস্তায় ঘাটতি বাজেটের কিছু উপশম হবে।

[2-30—2-40 p.m.]

এই রকম করে কতকগুলি বিষয়ে আজকে আমি দৃষ্টি নিক্ষেপ করছি, আপনি সুস্থভাবে দেখবেন। আজকে আমি নকশালবাড়ীর কথা বলবো না, নকশালবাড়ীর কথা নিয়ে শুধু এই কথা বলা যায় যে যদি আজকে আপনারা এটা সমর্থন না করেন তাহলে চাইনিস রেডিয়ো এবং চীনা পেপার কেন এ খবর সমর্থন করে? কৈ একটা দলও ত তার বিরুদ্ধে মত জানাচ্ছেন না। আজকে যদি বাংলাদেশে, স্বাধীন ভারতবর্ষে ২০ বছর পর যদি কেউ বলে, সাজ ও নৃত্য দেখে বলে, যে হ্যাঁ, beginning of armed resurrection and revolution of India.

তার বিরুদ্ধে মত প্রকাশের স্বাধীনতা আমাদের নাই? মত প্রকাশ করার দায়িত্ব নেই? আজকে আমি ঘেরাও নীতির কথা উল্লেখ করতে চাই না, আজকে ইণ্ডাস্ট্রির ক্ষতি হয়েছে কিনা তা আমি পুনরায় উল্লেখ করবো। আপনাদের শ্রমমন্ত্রীকে এবং সেচমন্ত্রীকে একবার ঘুরে দেখে আসতে বলবো ইণ্ডাস্ট্রিয়াল এলাকাগুলি হাওড়ার, দেখবেন চোখের জলে কাঁদছে ছোট ছোট এবং মাঝারি ব্যবসায়ীরা। কত দোকান—প্রায় ৫০ পার্সেণ্ট কারখানা বন্ধ হয়ে গিয়েছে। দ্বিতীয়তঃ আজকের সংবাদপত্রে একটা সংবাদ দেখে আমরা স্তম্ভিত হয়েছি। কি লিখেছে, রামকৃষ্ণ মিশন, নরেন্দ্রপুর স্কুলে ১৫০ বিঘা জমি যেটা দান করেছেন একজন কর্মচারী তাঁর জীবনের সমস্ত সম্বল দিয়ে, রামকৃষ্ণ মিশনের ছাত্রগণ যার উৎপন্ন জিনিস থেকে খেতো এবং ছাত্ররা কৃষি শিক্ষা পেতো সেটা নাকি বলপূর্বক অপহৃত হয়েছে এবং তার উপর লালঝাণ্ডা উঠে গিয়েছে। আজকে

এই বিষয় অন্যান্য দল কি দৃষ্টিভঙ্গী দিয়ে দেখবেন সেটা বিচার করুন এতে দেশের কল্যাণ হবে কিনা। তারপর ট্রামওয়ে কম্পানী ন্যাশনালিজেশন, সরকার ত নিয়েই নিয়েছেন, আমরা ত মত দিয়েছি কিন্তু আজ ট্রামওয়ে কম্পানীর অফিসের উপর উঠেছে এক দলের লালঝাণ্ডা পতাকা। বাংলার মানুষ, ভারতের মানুষ কি আজকে জাতীয় কলঙ্ক করতে চায়? এই ত্রিরঙা পতাকা, জাতীয় পতাকা, তাকে তুলে দিয়ে অন্য দলের পতাকা না নিয়ে শুধু একটা দলের পতাকা উঠছে, ঐ অফিসের উপর লালঝাণ্ডা পতাকা উড়ছে। এই দেখে আমাদের সন্দেহ হয়েছে, আমরা মনে করি যে, আপনি এই ৩৬ কোটি টাকার ঘাটতি বাজেট নিয়ে এই ২৬৮ কোটি টাকার ক্যাপিটাল বাজেট, মূলধন খাতে ব্যয় করতে পারবেন না এবং তা না পারলে এই বাংলাদেশের অগ্রগতি অব্যাহত হবে। সুতরাং আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি এই দিকে নিবদ্ধ করবো এই এ্যাপ্রোপ্রিয়েশনের দিকে আপনার পূর্ণ এবং আপনার সরকারের পূর্ণ উদ্যম দিন যাতে এইগুলি কার্যে পরিণত হয়, আর তা যদি না করেন তাহলে আমরা আমাদের সন্দেহ নিয়ে যে এই ১৪টি দলের মতবাদ নিয়ে তাঁর হাতে এই অর্থ নিয়োগ করতে নিশ্চয়ই আমরা বাধা দেবো।

শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ স্পীকার মহাশয়, এই জগৎপতি হাঁসদাকে অপহরণ করে নিয়ে যাওয়ার জন্যে যাকে পুলিশ খুঁজে বেড়াচ্ছে সেই রবি চৌধুরী কংগ্রেসের ঘরে ঢুকে আছে। সেই রবি চৌধুরী তিনি একজন আসামী, জগৎপতি হাঁসদাকে অপহরণ করার ব্যাপারে যাকে পুলিশ খুঁজে বেড়াচ্ছে সেই রবি চৌধুরী ওঁদের ঘরে এ্যাসেমব্লী বিল্ডিং-এর মধ্যে তিনি এসে বসে আছেন। আপনাকে আমি অনুরোধ করবো এই ব্যাপারে আপনি সেই ভদ্রলোককে যাতে এক্ষণি পুলিশে হ্যান্ডওভার করা যায় অনুগ্রহ করে তার ব্যবস্থা করুন।

শ্রীকৃষ্ণপদ ঘোষঃ মিঃ স্পীকার, স্যার, আমি এই এ্যাপ্রোপ্রিয়েশন বিল সমর্থন করবার জন্য দাঁড়িয়েছি। প্রথমতঃ একটা ছোট্ট ইনফর্মেশন দিতে চাই। মাননীয় বিরোধী পক্ষের সদস্য শৈলবাবু যে কথা বলেছেন যে ট্রামওয়েস কম্পানীর অফিসের উপর একটা বিশেষ পার্টির পতাকা উড়ছে আমি বলতে চাই একথাটা সত্য নয়। আমি যেটুকু জানি সেটা হচ্ছে এই ট্রামওয়ে অফিসের উপরে যে পতাকা উঠেছে সেটা হচ্ছে ঐখানকার সম্মিলিত যে জয়েণ্ট কর্মীটি ওয়ার্কার্স আছে তার মিলিত পতাকা। প্রথমতঃ ব্রিটিশ পুঁজির বিরুদ্ধে সংগ্রামী শ্রমিক শ্রেণী এবং মেহনতি মানুষ তাদের পদক্ষেপের জয়যাত্রার এই পতাকা নিয়ে যদি দাঁড়ায় তাহলে তাতে বিরোধিতা করবার কি থাকে। আগামী দিনে এই পতাকা, মিলিত মেহনতি মানুষের পতাকা, বার বার সংগ্রামের পতাকা, জয়ের পতাকা উঠবে একথা আমি ভবিষ্যৎ বাণী করতে চাই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেটের অনেক সমালোচনা হয়েছে, আমি বেশী কথা বলতে চাই না, অতীতের অনেক গৌরবের কথাও বলা হয়েছে, কিন্তু এই গৌরব সত্ত্বেও একথা কি সত্য নয় যে আমাদের দেশের অর্থনীতি আজকে শুধু ডিফ্রেশান নয় স্লামের পর্যায়ে এসে গেছে—একথা বাংলাদেশ কেন দিল্লীর মসনদে দাঁড়িয়ে যারা বক্তৃতা দেন তারাও একথা বলছেন যে বাংলাদেশের অর্থনীতি নয় সারা ভারতবর্ষের অর্থনীতি ডিফ্রেশান নয় একটা স্লামার পর্যায়ে গেছে। আমরা বলি স্লাম নয় আমাদের দেশের শাসকগোষ্ঠী আমাদের অর্থনীতিকে স্থায়ী সংকটের পর্যায়ে নিয়ে এসেছেন, এবং শাসকগোষ্ঠী থাকাকালীন এই অর্থনীতির আর পুনরুদ্ধার হবে না। কেন এই অবস্থার সৃষ্টি হল—এই কথাই তো আজকে বিচার্য বিষয়। আমরা বলি বিদেশী সাম্রাজ্যবাদীর পুঁজির উপর নির্ভর করে দেশের অভ্যন্তরে গণতান্ত্রিক কাজ সমাধান না করে জোতদার জমিদার সামন্তবাদী শোষণবাদী অবসান না করে কৃষকের হাতে জমি না দিয়ে যদি দেশের ভিতরে বিদেশী পুঁজির সাহায্যে ধনতন্ত্রবাদ গড়ে তোলবার চেষ্টা করা হয় তাহলে সংকট অবশ্যম্ভাবী এবং সেই সংকটই বার বার দেখা দিচ্ছে—স্থায়ী সংকটই দেখা দেবে। আমরা এইজন্য যে বাজেটের ভিতরে দেশের এই মৌলিক সমস্যার সমাধান হবে বলে মনে করছি না। আমরা মনে করছি ১৮ দফা যে কর্মসূচি গ্রহণ করা হয়েছে সেই কর্মসূচি রূপায়নে এই বাজেট কতটা সাহায্য করতে পারে এই দৃষ্টিভঙ্গীতেই আমরা বাজেটকে সমর্থন করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি কথা বলব- আজকে অনেক কথা উঠছে—ঘেরাও নকসালবাড়ী—একথা ঠিক গত ৪ মাসে ৪০০টি ঘেরাও হয়েছে বা তার বেশী হয়েছে। শুধু

একথা নয় যে ৪০০টি ঘেরাও হয়েছে—একথা আরও ঠিক ইঞ্জিনীয়ারিং শ্রমিকদের লক্ষ শ্রমিক ধর্মঘট করেছে। চটকল শ্রমিকের ২½ লক্ষ শ্রমিক ধর্মঘট করেছে। এবং গতকাল এল, আই, সি, শ্রমিকরা ধর্মঘট করেছে। কেন এই অবস্থা? সংকটের বোঝা যদি শ্রমিক শ্রেণীর উপরে মেহনতী মানুষদের উপরে ধনিকগোষ্ঠী মালিকগোষ্ঠী জমিদারগোষ্ঠী চাপিয়ে দিতে চান তাহলে নিশ্চয়ই মেহনতী মানুষ তার প্রতিরোধে দাঁড়াবে। এবং যুক্তফ্রণ্ট সরকার মেহনতী মানুষের পাশে দাঁড়াচ্ছে তার প্রমাণ হচ্ছে এইখানে যে এই ৪০০টি ঘেরাও-এর উপরে একবারও লাঠি চার্জ হয়নি টিয়ারগ্যাস হয়নি গুলি চলেনি যা এই ২০ বছর ধরে প্রতিদিন আমরা লক্ষ্য করেছি। পরিবর্তন এইখানে। কিন্তু তা সত্ত্বেও নিশ্চয়ই মানুষের অভাব থাকবে, তা সত্ত্বেও নিশ্চয়ই মানুষের অভিযোগ থাকবে। সেই অভিযোগ আজকে জনপ্রিয় সরকার তার প্রতিনিধি মন্ত্রিমণ্ডলী তার কাছে এসে উপস্থিত করবার গণতান্ত্রিক অধিকার নিশ্চয়ই মেহনতী মানুষের আছে। কৃষকেরা তাই আজকে যদি ময়দানে সভা করে এই অ্যাসেমব্লীতে তারা যদি আসেন এবং তারা যদি মন্ত্রীদের কাছে তাদের দাবী নিবেদন করেন সেটা কোন হুমকী নয় কোন বিরোধিতা নয় -নিশ্চয়ই এই গণতান্ত্রিক অধিকার আজকে মানুষের আছে। এবং এই অধিকার গত ২০ বছর ধরে মানুষ ভোগ করতে পারেনি। মন্ত্রীদের আমরা কোনদিন দেখিনি যখন মানুষ ময়দানে সভা করে এসেছে কংগ্রেস আমলে মন্ত্রীরা সেই সভায় গিয়ে তাদের অভিনন্দন জানিয়েছেন তাদের দুঃখের কথা শুনেছেন বলে আমরা কখনও দেখি নাই। আজ ইতিহাসের নতুন ঘটনা হচ্ছে এই যে জনতার সঙ্গে মন্ত্রীরা দেখা করেন তাদের অভিনন্দন জানান। আমি এর সাথে সাথে আরেকটি কথার উল্লেখ করতে চাই যে, কেন্দ্র সরকারের অবদান রিভার স্টিম নেভিগেশান কোম্পানী, পাকিস্তান যুদ্ধের সময় এই স্টিমার কোম্পানী বন্ধ হয়ে যায়, কেন্দ্রীয় সরকারের কোন দায়িত্ব ছিল নাকি আড়াই হাজার শ্রমিক আজকে স্ট্রীট বেগার হিসাবে তাদের রাস্তায় বের করে দেওয়া হয়েছে। ইন্দো-পাকিস্তান সংঘর্ষের সময় আমরা শুনেছিলাম এইবার নাকি শেষ যুদ্ধ কাশ্মীরকে দখল করবার জন্য কাশ্মীরকে ভারতবর্ষের অন্তর্ভুক্তির জন্য—এমন কি সরকার স্টেটাসকো পর্যন্ত আদায় করতে পারেন নি তার ফলে আড়াই হাজার শ্রমিক আজ তিন মাস মাহিনা পাচ্ছে না তারা আজকে বেকার হয়ে ঘুরে বেড়াচ্ছে। আমি নিশ্চয়ই কেন্দ্রীয় সরকারকে দায়ী করবার সাথে সাথে নিশ্চয়ই আমাদের সরকারকে বলব যে এদের সম্পর্কে একটু সহানুভূতির সাথে কেন্দ্রীয় সরকারের উপর চাপ দিয়ে একটা সমাধান করা যায় নিশ্চয়ই তা করতে হবে।

[2-40—2-50 p.m.]

আমি স্যার একথা বলতে চাই একটা কথা গতকাল উঠেছিল হাসাহাসি হয়েছিল—অর্থাৎ যারা চিরকাল ইমারজেন্সি বা জরুরী অবস্থার বিরোধিতা করেছেন—আজকে সেই জরুরী অবস্থার যে বাজেট ন্যাশন্যাল ইমারজেন্সি বাজেট তাদের সমর্থন করতে হচ্ছে। আমি দুঃখিত এটা সমর্থন করতে হচ্ছে—আড়াই কোটি টাকার মত বরাদ্দ হয়েছে—দুঃখিত এই জন্য নয় যে আমরা সমর্থন করছি—দুঃখিত এই জন্য যে এটাকে সমর্থন করার জন্য বাধ্য করা হয়েছে—জরুরী অবস্থা বজায় রাখা হয়েছে, কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে। আমরা মনে করি দেশের ভিতর জরুরী অবস্থা রাখবার কোন প্রয়োজন নেই। আমরা একথাও মনে করি দেশ রক্ষার জন্য এই অবস্থাকে রাখা হয়নি দেশের ভিতর গণতান্ত্রিক মানুষের আন্দোলনকে দমন করবার জন্য শ্রমিক কৃষক মেহনতী মানুষের গণতান্ত্রিক অধিকারকে খর্ব করার জন্য এই জরুরী অবস্থা বজায় রাখা হয়েছে। এর সাথে দেশ রক্ষার কোন সম্পর্ক নেই। আমাদের অভিজ্ঞতা দিয়ে এটা বার বার বুঝেছি। আমাদের প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে যে জুলাই মাসের প্রথম দিকে জরুরী অবস্থার অবসান ঘটবে কিন্তু তা ঘটেনি। কোন বিদেশী আক্রমণ তো হয় নি, হ্যাঁ, আক্রমণ হয়েছে, বিক্ষুব্ধ জনসাধারণ তাঁরা সরকারের বিরুদ্ধে তাঁদের আক্রমণ চালাচ্ছেন আজকে এবং ক্রমশ এটা চলবে তার জন্য শঙ্কিত ভয়গ্রস্ত শাসকগোষ্ঠী চিরস্থায়ী করতে চায় এই জরুরী অবস্থাকে। আমরা নিশ্চয় তার বিরোধিতা করবো। আমি খুশী হতাম যদি আড়াই কোটি টাকা কোন উন্নয়ন প্রকল্পে কলকাতার আসেপাশে বাংলাদেশের শিশুদের জন্য যদি খরচ করতে পারতাম। কিন্তু সেই অবস্থা নেই। অথচ জরুরী অবস্থাকে

বজায় রাখা হয়েছে কেন্দ্রীয় সরকার থেকে। সেই অবস্থার যদি অবসান ঘটতো তাহলে নিশ্চয় আমরা সমর্থন করতাম। মাননীয় স্পীকার মহাশয়, আমি একথা বলতে চাই দেশের ভিতর বিশেষ করে আমাদের খাদ্যসমস্যার সাথে কৃষি অর্থনীতি ওতপ্রতভাবে জড়িত। আমরা যদি মনে করে থাকি যে শুধুমাত্র কিছু লেভি আদায় করে বা জোতদার জমিদারের কাছে কিছু লেভি আদায় করে—সেটার নিশ্চয় প্রয়োজন আছে—কিন্তু শুধুমাত্র কিছু লেভি আদায় করে এই সমস্যার সমাধান হয়ে যাবে, পি, এল—৪৮০ দরজা থেকে আমরা মুক্ত হবো তাহলে আমরা ভুল করছি। আমাদের যুক্তফ্রন্ট সরকারের ঘোষণাপত্রে এই কথা বলা হয়েছে যে প্রগ্রেসিভ ল্যান্ড রিফর্ম করতে হবে—কৃষকদের হাতে জমি দিতে হবে, আমাদের ভূমিরাজস্ব মন্ত্রী মহাশয় যে বক্তৃতা দিয়েছিলেন সেই বক্তৃতার মূল কথা এটা ছিল ভেস্টেড ল্যান্ড কৃষকদের হাতে বর্গাদারদের হাতে ভূমিহীন চাষীদের হাতে দিতে হবে—বেনামী যে জমি জোতদাররা দখল করে আছে বেআইনীভাবে সেগুলিকে দিতে হবে গরীব ভূমিহীন চাষীর হাতে। আজকে চার মাসে যদি সরকারী প্রচেষ্টায় নকশালবাড়ীতে মাত্র ৭৮ একর জমি কৃষকদের হাতে দেওয়া হয়ে থাকে এবং এইভাবে যদি চলতে থাকে তাহলে নিশ্চয় ৫ বছরের ভিতরও এই ভেস্টেড ল্যান্ড কৃষকদের হাতে দেওয়া যেতে পারে না। সুতরাং কৃষকরা যদি নিজের উদ্যোগে এই ভেস্টেড ল্যান্ডগুলি খুঁজে বের করে নেয়—বেনামী জমিগুলি খুঁজে বের করে নেয় এবং তার উপর দখল রেখে যদি চাষ করে তাহলে নিশ্চয় সরকার-এর আজকে উচিত পুলিশবাহিনীকে দিয়ে তাদের দমন করা নয়, এবং সেই দমন করতে গেলে সারা বাংলাদেশে যে অবস্থার সৃষ্টি হবে যে অশান্তির সৃষ্টি হবে তা অতি ভয়াবহ। আমি আমাদের সরকারের কাছে একথা বলছি যে যে জমি কৃষকরা দখল করেছে সেগুলি সার্টিফিকেট দিয়ে দেওয়া হোক এবং ফসল কাটবার জন্য সেই ধান জোতদারের বাড়ীতে উঠবে না—সেই ধান উঠবে চাষীর ঘরে এবং জোতদারদের যখন সেই ভাগ দিতে যাবে তার মধ্যে যেন তার থেকে উদ্বৃত্ত ধান সরকার গ্রহণ করেন। তার দ্বারা একদিকে যেমন আমরা কৃষকদের উৎসাহিত করতে পারবো—খাদ্যসমস্যা সমাধানের জন্য তাকে নূতন দৃষ্টিভঙ্গী নূতন উৎসাহ দিয়ে যে এগিয়ে দিতে পারবো—সাথে সাথে দেশের গণতান্ত্রিক মানুষকে দেখাবো যে যে সমস্যা ২০ বছর ধরে কংগ্রেস সরকার আরও জটিল করেছে সেই সমস্যার সমাধানের দিকে আমাদের যুক্তফ্রন্ট সরকার অগ্রসর হচ্ছে এবং ধীরে হলেও অগ্রসরের চেষ্টা করছেন। এবং সেদিকে কৃষক জনতা যে পদক্ষেপ গ্রহণ করছে, আমাদের সরকার তাকে অভিনন্দন জানাচ্ছেন এবং তার পাশে এসে দাঁড়াচ্ছে। এই হোল অতীতের নীতির সাথে বর্তমানের নীতির পার্থক্য। অতীতের নীতি হচ্ছে জনগণের বিরুদ্ধে শাসক সম্প্রদায়কে সাহায্য করবার নীতি—শোষক সম্প্রদায়কে সাহায্য করবার নীতি, জমিদারদের সাহায্য করবার নীতি। আমরা এর পরিবর্তন চাই। আমাদের দাবী হচ্ছে শোষণের বিরুদ্ধে, পুঁজিবাদী জমিদারদের বিরুদ্ধে গিয়ে আমাদের সরকার মেহনতী মানুষের পাশে এসে দাঁড়াক—এই দৃষ্টিভঙ্গি থেকে আমি এই এ্যাপ্রোপ্রিয়েসন বিলকে সমর্থন করছি। ধন্যবাদ।

শ্রীতিনকড়ি মন্ডল : অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, আজ ১০ বছর ধরে লোকসভায় একটা নিয়ম চলে আসছে সেটা হচ্ছে যে কলিং এ্যাটেনসনের উপর মন্ত্রীমহোদয়ের উত্তর দেবার পরে সদস্যগণ তিনটি প্রশ্ন তাঁকে করতে পারেন। যে অধিকার যে সুযোগ লোকসভার সদস্যরা পাচ্ছে—১০ বছর ধরে আমরা বিধানসভার সদস্যরা সেই সুযোগ কেন পাবো না? যাতে আমরা সেই সুযোগ পাই আপনি তার ব্যবস্থা করবেন।

শ্রীআজিজুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, যুক্তফ্রন্ট সরকার গঠিত হবার প্রাক্কালে তাঁদের ১৮ দফা কর্মসূচীর মধ্যে একটি কর্মসূচী ছিল পশ্চিমবাংলার সংখ্যালঘু সম্প্রদায় মুসলমানদের নিরাপত্তা এবং দেশে পূর্ণ মর্যাদার সহিত বসবাসের প্রতিশ্রুতি। কিন্তু বিগত পাঁচ মাস অতীত হতে চলল—এই সময়ের মধ্যে বাংলাদেশের বিভিন্ন জেলাগুলিতে সংখ্যালঘু মুসলমানদের উপর নির্যাতনের যে খবর পাওয়া যায় তা অত্যন্ত বেদনাদায়ক এবং মর্মান্তিক। আমি দুঃখ ও বেদনার সহিত একথা বলছি যে বিগত পাঁচ মাসে মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা ঘাঁটিতে হোলি উৎসবকে কেন্দ্র করে পুলিশের সহযোগিতায় মুসলমানদের উপর সুপরিকল্পিত-ভাবে নির্যাতন করা হয়েছিল—ঐ জেলার জিয়াগঞ্জ থানার আ[illegible] প্রকাশ্য দি[illegible].

পুলিশের সামনে মুসলমানদের গৃহ অগ্নিতে ভস্মীভূত করা হয়েছিল, জীবন্ত মানুষকে অগ্নিকুণ্ডে ফেলা হয়েছিল এবং ১২ জন অগ্নিদগ্ধ লোকের মধ্যে ১ জন মারা গিয়েছিল। একথা বার বার এই হাউসে এসেছে—কিন্তু আমাদের মুখ্যমন্ত্রী এখানে অত্যন্ত বিকৃত ও অসত্য তথ্য দিয়েছেন; একে আজকে নির্যাতন বলে স্বীকার করবার সৎসাহস তাঁর নেই। এই যুক্তফ্রণ্ট সরকারের কার্যকলাপের ফলে আমরা দেখতে পাই যে সংখ্যালঘু মুসলমানরা আজ বাংলাদেশে ভীত, শঙ্কিত ও সন্ত্রস্ত। আমি দেখতে পাই তাঁদের সদস্যদের মধ্যে এই রকম ঘটনা ঘটলে সেখানে গিয়ে তাঁদের পাশে দাঁড়িয়ে তাঁদের অভয়বাণী দেবার মত হিম্মত তাঁদের নেই এবং সেই মনোবলও দেখি না। তার পর গত ২০শে জুলাই মেদিনীপুর জেলায়—আমাদের মুখ্যমন্ত্রীর জেলা—সেই জেলার তমলুক মহকুমার ময়না থানার বসন্তচক গ্রামে এবং পাঁসকুড়া থানার কলাইগ্রামে ৭টি পরিবারের গৃহকে আগুন দিয়ে ভস্মীভূত করা হয়েছে এবং ৩৭টি পরিবারের গৃহে লুণ্ঠন করা হয়েছে এবং এই লুণ্ঠনের নেতৃত্ব দিয়েছেন বাংলা কংগ্রেসের কমিউনিস্টের সদস্যরা।

[2-50—3-20 p.m.]

শ্রীঅমলেন্দুলাল রায়ঃ অন এ পয়েন্ট অফ অর্ডার, আমি জানতে চাই এই বিধানসভায় যেভাবে সাম্প্রদায়িক বক্তৃতা দেওয়া হচ্ছে সেটা আইনতঃ কিনা? এভাবে সাম্প্রদায়িক প্রচার বিধানসভার ভেতর করা যায় কিনা? আমি যতদুর জানি তাতে এরূপ ধরনের প্রচার বিধানসভার ভেতরে যায় না। তা ছাড়া তিনি এমন কতকগুলি অসত্য কথা মুখ্যমন্ত্রীর নাম করে বলেছেন যেগুলি আমাদের তরফ থেকে চ্যালেঞ্জ হওয়া দরকার এবং এরূপ ধরনের সাম্প্রদায়িক প্রচার বন্ধ হওয়া দরকার।

Mr. Speaker: I will request honourable members to avoid as far as possible, although they have got every right to say what they like, casting any reflection on any side and specially to avoid communal references. It is my duty to make the request and it is for you to hear or not to hear me. It is more graceful if you hear me. You can say whatever you like. Beyond this request I am not going to tell you anything.

শ্রীআজিজুর রহমানঃ আমি কোন কমিউনাল কথা বলছি না।

শ্রীআবদুস সাত্তারঃ তিনি যে কথা বলছেন সেটা খবরের কাগজে বেরিয়েছে।

Mr. Speaker: I have only made the request to avoid making communal reflection or communal propaganda.

শ্রীআবদুস সাত্তারঃ আপনি রুলস এ্যান্ড প্রসিডিওরের কোন্ আইন অনুসারে বলছেন?

Mr. Speaker: There should be no discussion. I have left it to the member to do what he likes. It is his responsibility. Please don't mind it. Let him do what he likes.

শ্রীআজিজুর রহমানঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পাঁশকুড়া থানায় বাসন্তিচক যদি দেখতে যান তাহলে দেখবেন সেখানকার ঘর-বাড়ী ভস্মীভূত হয়ে ধুয়ে মাটি হয়ে গেছে কাঠ ইত্যাদি সব ছাই হয়ে পড়ে আছে।

(নয়েজ)

সেখানকার লোকেরা এরূপ অবস্থায় আছে যে তাদের কচি কচি ছেলেমেয়েরা রুগ্ন পরিবার নিয়ে অসহায় অবস্থায় গাছের নীচে বাস করছে। এটা সত্য কথা এবং আমি ক্ষোভের সঙ্গে বলছি, এ পর্যন্ত পুলিসের তরফ থেকে কোন অ্যাকশান নেওয়া হয়নি। (নয়েজ) এবং সেখানের লোকদের কোন রিলিফের ব্যবস্থা করা হয়নি। তাদের পরনের কাপড় ছাড়া কিছু নেই (নয়েজ)।

আপনি যদি ভালভাবে অনুসন্ধান করে দেখেন তাহলে দেখবেন এটা রজনীবাবুর কন্‌ষ্টিটিউয়েন্সি এবং তার ভাতুষ্পুত্রের নেতৃত্বে এ ঘটনা হয়েছে।

(নয়েজ)

তিনি ১ হাজার লোক বন্দুক, তীর, স্পীরিট এবং পেট্রল নিয়ে সুপরিকল্পিতভাবে আগুন লাগিয়েছেন। (নয়েজ) তাদের ভিখারী করা হয়েছে এটা মানুষের উপর নির্যাতন নয়, মুসলমানদের উপর নির্যাতন নয়, মানবতার উপর নির্যাতন। সেজন্য আমি বলছি এরূপ এমন দিন আসবে যেদিন রবীন্দ্রনাথের ভাষায় বলতে হবে।

মানুষের পরশেরে ঠেকাইয়া দূরে

ঘৃণা করিয়াছ তুমি মানুষের প্রাণের ঠাকুরে

বিধাতার রুদ্ররোষে দুর্ভিক্ষের দ্বারে বসে

সকলের সাথে ভাগ করে খেতে হবে অন্নগ্রাস,

এ অবস্থায় আজ যদি মানুষের অপমান হয় তাহলে আমাদের দুর্ভোগ হবে। (নয়েজ)

ডাঃ আবু আসাদ মহাম্মদ ওবায়দুল গণি: অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, আপনি বলেছেন মাননীয় সদস্য যা ইচ্ছা বলতে পারেন এবং তাঁর সে অধিকার আছে কিন্তু এ অধিকার নিয়ে তিনি যে সাম্প্রদায়িকতা প্রচার করছেন সেটা আপত্তিজনক।

(নয়েজ)

শ্রীআজিজুর রহমান: আমার বক্তৃতার মধ্যে যদি কোন উত্তেজনা দেখেন তাহলে আমি দুঃখের সঙ্গে বলবো আপনারা অন্যায় কথা বলছেন।

মিঃ স্পীকার: আপনাদের সময় আপনারা এর উত্তর ভালভাবে দেবেন।

শ্রীকৃষ্ণপদ ঘোষ: আজকে এখানে একটা নির্দিষ্ট বিলের আলোচনা হচ্ছে সে বিলের বিপক্ষে বা স্বপক্ষে তিনি যুক্তি দিতে পারেন সে অধিকার তাঁর আছে কিন্তু একচুয়ালি তিনি কি বিষয়ের উপর বলছেন—এটা এরাইজিং টু দি সাবজেক্ট এটা বলা যায় কিনা সেটা আমার জিজ্ঞাস্য?

মিঃ স্পীকার: আপনি যেটা বলেছেন সেটা ঠিক কথা আমাদের যে বিজনেস অব রুল আছে সেটা পড়লে কতটা কার্যকরী হবে সেটা বলতে পারি না। এখানে যা দেখছি তাতে রেলেভেন্সির কোন দাম আছে কিনা জানি না।

শ্রীপ্রশান্তকুমার গায়েন: আমাদের এখানে শ্রদ্ধেয় অন্যতম সদস্য শ্রীরজনীকান্ত প্রামাণিকের কনস্টিটুয়েন্সি সম্বন্ধে একটা অভিযোগ করেছেন। আমি তাঁকে চ্যালেঞ্জ করছি এটা কি তিনি এস্টাব্লিসড্ করতে পারবেন? আই চ্যালেঞ্জ হিম ওপেনলি।

মিঃ স্পীকার: আপনাদের কিসের ভয় আছে? আপনারা যখন উত্তর দেবেন তখন সব বলে দেবেন.

I have got sufficient power to deal with him.

শ্রীআজিজুর রহমান: আমাদের যুক্তফ্রন্টের ১৮ দফা কর্মসূচীর কথা বলছি।

(নয়েজ)

মিঃ স্পীকার: আপনারা ভয় পাচ্ছেন কেন? আপনারাও জবাব দেবেন। আমি স্পীচ পড়ে দেখবো যদি কারুর উপর কোন রিফ্লেকসান হয় তাহলে আমি ও'র সঙ্গে ফারদার টক করে দেখবো এবং কি করবো না করবো পরে দেখবো।

শ্রীআজিজুর রহমান: এই গ্রামের অধিবাসীরা সব দুঃস্থ শিল্পি, এরা সামান্য তন্তুবায়। কিছু কিছু কুঠির শিল্প এদের ছিল এবং তারই মাধ্যমে তারা জীবিকানির্বাহ করতো। এই কুটির শিল্পের মধ্যে মুসলমানরাই কাজ করতো। এবং তারা কিছু কিছু কাপড় বুনতো। কিন্তু তাদের সেগুলি সমস্ত ভস্মীভূত হয়ে গেছে। তাদের জীবনযাপনের কোন ব্যবস্থা নেই। আমি মুখ্যমন্ত্রীর এদিকে দৃষ্টি আকর্ষণ করছি কারণ তিনি এ জেলা থেকেই প্রতিনিধি নির্বাচিত হয়ে মুখ্যমন্ত্রী হয়েছেন। আমি তাঁর কাছে আপনার মাধ্যমে নিবেদন করবো যে যারা আজ নিরাশ্রয় হয়ে রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াচ্ছে তাদের বিন্দুমাত্র আশ্রয় নেই তাদের জন্য যেন অবিলম্বে ব্যবস্থা করেন। এই বলে আমি শেষ করছি।

(At this stage the House was adjourned for 20 minutes.)

[3-20—3-30 p.m.]

শ্রীকানাই ভৌমিক: অন এ পয়েন্ট অব ইনফরমেসন, স্যার, একটু আগে আমাদের কংগ্রেস পক্ষের একজন সদস্য বসন্তচক সম্পর্কে যে বিবৃতি এখানে রেখেছেন সেটা তিনি সম্পূর্ণ বিকৃতভাবে এখানে উত্থাপিত করেছেন, যার ফলে ঐ এলাকায় হিন্দু ও মুসলমানদের মধ্যে যে একটা প্রীতির সম্পর্ক স্থাপিত হয়েছে তা বিঘ্নিত হতে পারে। উনি জানেন না—বসন্তচক রজনীবাবুর কনস্টিটিউয়েন্সি নয়, ওটা ময়না থানার মধ্যে।

শ্রীরজনীকান্ত প্রামাণিক: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার একটা পারসোনাল এক্সপ্ল্যানেসান দেওয়া দরকার আছে। আমি শুনলাম একটু আগে আমার নামে এখানে কিছু বলা হয়েছে। বসন্তচক গ্রামটি আমার কনস্টিটিউএন্সির মধ্যে নেই, বলাইচক গ্রামটি আমার কনস্টিটিউএন্সির মধ্যে আছে। কাজেই এখানে যা বলা হয়েছে তা সম্পূর্ণ অসত্য এবং এটা ভিত্তিহীন।

শ্রীকানাই ভৌমিক: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার নাম যদিও উনি বলেননি কিন্তু তবুও আমার এলাকা সম্বন্ধে কিছু বলা হয়েছে। ওখানে শান্তি কমিটি হয়েছে এবং পুলিশ এ্যাকসান নিয়ে ৪ জনকে এ্যারেষ্ট করেছেন। চীফ মিনিষ্টার সেখানে রিলিফ পাঠাবার ব্যবস্থা করেছেন। কাজেই এখানে যা বলেছেন তা সম্পূর্ণ অসত্য। আমি চ্যালেঞ্জ করে বলতে পারি যে-কোন সদস্য ঐ এলাকায় গিয়ে ঘুরে দেখে আসতে পারেন।

শ্রীজগন্নাথ মজুমদার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দ্বিতীয় দফায় অর্থ প্রয়োগ বিলের সমর্থনে কিছু বলতে চাই। গতকাল আমরা সমুদয় ব্যয়-বরাদ্দ এখানে পাশ করেছি এবং তা কম নয়। তার ভেতর প্রিভিপার্স ছিল এবং সেই প্রিভিপার্স-এর ব্যয়-বরাদ্দে আমরা প্রায় ১ লক্ষ টাকার মত বরাদ্দ পাশ করেছি। বিরোধীপক্ষ আর বিরুদ্ধে ভোট দিয়েছেন। কিছুক্ষণ আগে শৈলবাবু বললেন এবারকার বাজেট নাকি তাঁরা তৈরী করে গেছেন। কেবলমাত্র ডি-এ, বৃদ্ধির টাকাটা এর সংগে যোগ করেছেন। তাহলে ওঁদের কথামত এই প্রিভিপার্স ও ওঁরা তৈরী করে গিয়েছিলেন যার বিরুদ্ধে তাঁরা নিজেরা ভোট দিলেন। কালকে যে প্রিভিপার্সের বরাদ্দে আমাদের ভোট দিতে বাধ্য করা হল এটা আমাদের নীতির বিরুদ্ধে সেটা সকলেই জানেন। এবং উপযুক্ত সময় পেলে এই রকম প্রিভিপার্সের ব্যয়-বরাদ্দ আমরা রাখতে চাইব না এটা খুব সুনিশ্চিত কথা। তাই আমার বক্তব্য হচ্ছে এই কদিনে যেসব ব্যয়-বরাদ্দ পাশ করেছি আমাদের এই হাউস থেকে তার টাকার পরিমাণ কম নয়, প্রচুর টাকা। এবং এবারে আমরা দেখছি যে প্রথম দফায় ভোট অন এ্যাকাউণ্টে যা পাশ করেছি—তা ছাড়া এই দফায় ২১৩ কোটি টাকা ভোটেড আমরা পাশ করেছি। এবং ৪৫ কোটি টাকা আমরা চার্জ পাশ করেছি, সবশুদ্ধ মোট ২৫৮ কোটি টাকার বাজেট আমরা এবারে করেছি। এখন কথা হচ্ছে যে এর প্রয়োগ কি করে হবে। এর আগে আমরা দেখেছি যে এত বিপুল টাকা প্রয়োগ ঠিকভাবে হয়নি যার জন্য এ পক্ষ এবং ওপক্ষ দু পক্ষই এর ক্রিটিসিজম করেন। সেই জন্য আমাদের যুক্তফ্রন্ট সরকার হওয়ার পর একটা নতুন আদর্শ নিয়ে তাঁরা এসেছেন, যে আদর্শে আমাদের সরকারী কর্মচারীদের অনুপ্রাণিত হওয়া দরকার, কারণ ঐ যে টাকা ওটা আমাদের গরীব জনসাধারণেরই টাকা, এই টাকার ট্রাষ্টি

হচ্ছেন আমাদের সরকারের মন্ত্রিমণ্ডলী এবং সর্বোপরি যাঁরা এই টাকা খরচ করবেন এই সরকারী কর্মচারী যদি কর্তব্যপরায়ণ না হন তাহলে যে সরকারই থাকুন না কেন এবং আমরা যত টাকা বরাদ্দ করি না কেন আমাদের দেশের প্রকৃত কল্যাণ আমরা করতে পারবো না সেই জন্য বলি যে সবচেয়ে আগে আমাদের সরকারী কর্মচারীদের কর্তব্যপরায়ণ হতে হবে এবং অকারণে সময়ক্ষেপ করে এবং এই যে রেড টেপ-এর ব্যবস্থা এই সমস্ত দূর করতে হবে। ঠিক মত যদি আমরা টাকা ব্যয় করতে পারি তাহলে প্রভূত কল্যাণ আমাদের এই টাকা দিয়ে আমাদের দেশে আমরা করতে পারবো। যেমন আমরা জানি যে ঠিকমত ঠিক সময়, ঠিক জায়গায় টাকা যায় না নানারকম বাধা বিঘ্ন, রেড টেপের নিয়মকানুন এবং অনেক সময় সরকারী কর্মচারীদের অকর্মণ্যতার জন্য এবং অসাধুতার জন্য, এই সমস্ত যোগ হয়ে আমাদের কল্যাণ বহু পরিমাণে ব্যাহত হয়ে যায়। আমরা এই টাকা দিয়ে যে পরিমাণ কল্যাণ করবো নির্দিষ্ট করি সেই পরিমাণ করতে পারি না সেই জন্য আমাদের মন্ত্রিমণ্ডলীর সেদিকে দৃষ্টি দেওয়া দরকার যে ঠিক যেসব টাকা যে ব্যাপারে বরাদ্দ হচ্ছে সেই সব ডিপার্টমেণ্ট-এর যদি ঠিক মত খরচ যদি সাধুতার সঙ্গে না হয়, ক্ষিপ্রতার সঙ্গে যদি খরচ না হয় এবং খুব নিয়মানুবর্তিতার সঙ্গে খরচ না হয় তাহলে দেশের কল্যাণ হবে না। আমরা অনেক সময় দেখি যে বছরের শেষে তাঁরা খরচ করতে আরম্ভ করেন, তাড়া-হুড়ো করে সমস্ত টাকা চলে যাচ্ছে এবং তার ফলে এই দুর্নীতি হচ্ছে, সেটা ঠিক মত খরচ হতে পারে না। অনেক সময় রাস্তাঘাটে, ব্রিজে বহুবিধ জিনিসে ঠিক মত টাকা খরচ হতে পারে না বলে জিনিসগুলো নষ্ট হয়ে গেছে। এখানে কণ্ট্রাক্টাররা বহুবিধ সুযোগ এবং সুবিধা গ্রহণ করেন সেই জন্য আমার মনে হয় এই টাকা পিরিয়ডিক ওয়েতে বছরের মধ্যে ভাগাভাগি করে যদি খরচ করেন তাহলে অনেক সুষ্ঠুভাবে এটা খরচ হতে পারে। তারপর আর একটি কথা কৃষি খাতে ব্যয় সম্বন্ধে বলি। অনেক সময় দেখা যায় বীজ যখন যাচ্ছে তখন চাষীদের বীজ পোঁতা শেষ হয়ে গেছে। তারপর সার যখন আসছে তখন সারের প্রয়োজন নেই তার আগেই চাষীরা বাজার থেকে সার কিনে নিয়েছে। এই রকম বীজ, সার এবং জল প্রতিটি ক্ষেত্রে ঠিক সময় মত পাওয়া যায় না। এই সব নানাবিধ অব্যবস্থার জন্য যে টাকা আমাদের ধরা আছে সেই টাকার যদি সদ্ব্যবহার করি—আর একটা জিনিস হচ্ছে কো-অর্ডিনেশন, একটি ডিপার্টমেন্ট-এর সঙ্গে আর একটি ডিপার্টমেন্ট-এর কো-অর্ডিনেশন নেই। এই যে টিউবওয়েলে প্রচুর টাকা ধরা হয়েছে যে ডিপ টিউবওয়েলগুলো হয়েছে তাতে হয়তো পাওয়ার নেই, পাওয়ার যদিও এলো, পাইপ নেই।

[3-30—3-40 p.m.]

তারপর পাইপ এলো, সেই পাইপ পড়ে থাকলো। ইঞ্জিনীয়ার এলেন তো আবার ইকুইপমেণ্টস নাই। এই রকমভাবে আমরা দেখতে পাই একটার সঙ্গে আর একটা জড়িত হলেও এক ডিপার্টমেণ্টের সঙ্গে আর এক ডিপার্টমেণ্টের কোঅর্ডিনেশান নাই, ফলে এই রকমে নানা কাজ ব্যাহত হচ্ছে, জিনিসও নষ্ট হচ্ছে, আমাদের টাকা ঠিকমত খরচ করবার এই সব বাধা বা অসুবিধাগুলি দূর করে অবিলম্বে সুষ্ঠু ব্যবস্থা করা উচিত। যুক্তফ্রণ্ট সরকার নূতন উদ্যম, নূতন চেতনা, নূতন প্রেরণা সঞ্চার করুন আমাদের সরকারী কর্মচারীদের ভেতর যাতে এ জিনিষ ভবিষ্যতে আর না হয়। তাহলে এই বরাদ্দ টাকার আমরা প্রকৃত সদ্ব্যয় করতে পারবো।

তারপর আমাদের হাইস্কুল, আমাদের এখানে অনেক মেম্বার আছে, তাঁরা জানেন—হাইস্কুলে আমাদের শিক্ষা বিভাগ টাকা দেন। আগে ছয় মাসে নয় মাসে টাকা যেত, এই টাকা সরকারকে দিতে হতো। কিন্তু এই নিয়ে আমাদের মাধ্যমিক শিক্ষকদের ভিতর ভীষণ অসন্তোষ, সরকারের প্রতি তাদের বিদ্বেষ বেড়ে যাচ্ছে। কারণ যাঁরা বছর স্কুলের যে আয় হয়, তাতে অর্ধেক মাইনেও শিক্ষকদের হয় না। তাঁরা ছয় মাস অর্ধেক মাইনেতে চালান, ছয় মাস পরে গ্র্যান্ট-ইন-এ্যাড আসে। অনেক সময় দেখা যায়, সেই গ্র্যান্ট-ইন-এইড-এর যে মেমো, সেই মেমোই এল না। বহু স্কুল আছে তারা আজ পর্যন্ত ৪।৫টি মেমো পায়নি। কি যে খরচ করতে হবে তা তাদের ধারণা নাই। মাধ্যমিক বিদ্যালয়ে নিয়মিতভাবে এই গ্র্যান্ট-ইন-এইড পাঠাবার ব্যবস্থা করতে হবে। হয় তাদের সেই ট্রেজারীতে দিয়ে দেবেন ব্যবস্থা করে, সেখান থেকে মাধ্যমিক শিক্ষকরা

টাকা পাবেন। কিংবা এটাও করতে পারেন প্রত্যেক ডিস্ট্রিক্ট ইনস্পেক্টর-এর কাছে সেই টাকা পাঠিয়ে দেন, তিনি তাঁর এলাকার স্কুলের টাকাটা মাসে মাসে পাঠিয়ে দেবেন, তাহলে মাধ্যমিক শিক্ষকরা ঠিকমত টাকা পেতে পারেন। সরকার যে টাকা দিচ্ছেন, সেই টাকায় তাঁদের ম্যাক্সিমাম সেটিস্ফ্যাকশান করান দরকার। এ বিষয়ে সরকারের অবহিত হওয়া দরকার।

তারপর আমাদের নদীয়া জেলার কথা একটু বলি। আমাদের নদীয়া জেলা খুব ঘাটতি জেলা আপনি জানেন এবং আজকে আপনি শুনেছেন সেখানে একটি ঘটনা ঘটেছে ধুবুলিয়াতে খাদ্য এবং ডোলের দাবীতে। এখন মানুষের মন খাদ্যের জন্য উৎক্ষিপ্ত ও বিক্ষিপ্ত হয়ে আছে। যে কেউ তার সুযোগ গ্রহণ করতে পারেন। আজকে ষ্টেটস্ম্যান কাগজে বেরিয়েছে একজন বিশিষ্ট কংগ্রেস নেতা এই রকম বিক্ষোভকে কাজে লাগিয়েছেন। আমার মনে হয় এই রকম বিক্ষোভকে কাজে লাগান কারো উচিত নয়, সে কংগ্রেসের হোন বা সরকার পক্ষের হোন। চারিদিকে খাদ্যাভাব রয়েছে, মানুষের মনে উত্তেজনা আছে, বিক্ষোভ আছে। তাই দিয়ে যদি কেউ রেললাইন আটকায় বা আগুন জ্বালায়, তাহলে আমাদের দেশের ক্ষতি করা হবে। সেই জন্য আমি বলি এই জিনিষ নিবারণ দরকার। আমি সকলকে বলবো আমাদের কংগ্রেসী বন্ধুদের যে আমরা নদীয়াবাসী শান্তিপ্রিয় লোক আমরা চেষ্টা করছি, বন্ধুদের বলছি আসুন আপনারা একসঙ্গে মিলে আমরা নদীয়াবাসীর দুঃখ-দুর্দশা নিয়ে যে সমস্যা দেখা দিয়েছে, সেই সমস্যার সমাধান করি। তার জন্য অবশ্য দরকার ধৈর্য। মানুষকে বিক্ষুব্ধ করে রেলগাড়ি জ্বালান বা যাত্রীদের আটকে রাখা ইত্যাদি উত্তেজনামূলক কাজ যে-ই করুক আমি বলবো এটা খুবই অন্যায় কাজ। আমি মনে করি এ বিষয়ে আমরা যেন সকলে একটু সতর্ক থাকি। নদীয়ায় বিক্ষোভ উৎপাদন করা খুবই সহজ। তার কারণ নদীয়া জেলায় গত কয়েক বছরে আমাদের যখন পার্টিশান হয়েছিল তারপর থেকে অস্বাভাবিকভাবে লোকসংখ্যা বৃদ্ধি হয়েছে। কেন? না, রেফিউজি ডাম্পিং হয়েছে বলতে গেলে এর ভেতর ধুবুলিয়া ক্যাম্প, রূপশ্রী ক্যাম্প, গয়েশপুর ক্যাম্প, কাঁচড়াপাড়া ক্যাম্প আছে; এ ছাড়া গভর্নমেণ্ট কলোনী আছে কতকগুলি। সেখানে লক্ষ লক্ষ উদ্বাস্তু এসে বসবাস করছে। আজকে তাদের একটু টীনের ছাউনি, দু-এক কাঠা করে জমি দেওয়া হয়েছে বটে, কিন্তু তাদের জীবিকার্জনের কোন ব্যবস্থা নাই। এর ফলে তাদের দুঃখ বেড়েছে, বিক্ষোভ সৃষ্টি হয়েছে। আজকে তাদের নদীয়া জেলায় প্রকৃতপক্ষে পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে। আমাদের ক্ষুদ্র শিল্প বিভাগের মন্ত্রী কাশীকান্ত মৈত্র মহাশয় নদীয়ার লোক, তিনি ১১নং দাবীর বিবৃতির একটি জায়গায় বলেছেন।

আমার মনে হয় নদীয়া জেলায় এই ন্যাশানাল ইণ্ডাষ্ট্রি এষ্টেট করা দরকার। সেখানে কোন বড় ইণ্ডাষ্ট্রি নাই। ছোট ছোট যে সমস্ত ইনডাষ্ট্রি আছে সবচেয়ে বেশী আছে তাঁতশিল্পী যারা পূর্ববঙ্গের থেকে এসেছে। তারা আজ সমস্ত বেকার হয়ে পড়েছে। শংখশিল্পীও বেকার হয়ে পড়েছে। এখানে যে হ্যাট শিল্পী ছিল, তারাও আজ বেকার হয়ে পড়েছে, কারণ সাহেবরা সব চলে গেছে। তার পর বাসন শিল্প আছে, সেই শিল্পীরাও সব বেকার হয়ে পড়েছে। এ সম্বন্ধে ইমিডিয়েট ব্যবস্থা করা দরকার তা যদি না করতে পারেন তাহলে ধুবুলিয়ার মানুষ নিয়ে আর আপনারা ছেলেখেলা করবেন না। সেই জন্য মন্ত্রিমহাশয়কে বলবো অবিলম্বে নদীয়ার এই দুরবস্থার প্রতি দৃষ্টি দিন, তার প্রতিকার করুন। তার পর আর একটা জায়গা থেকে একটু উল্লেখ করছি।

With a view to remedy this uneven concentration of industries in the State it is proposed to establish industrial estates in other areas so far as funds will permit.

নদীয়ার পাশে হুগলীতে আছে, হাওড়াতে আছে, কিন্তু ঠিক নদীয়াতে নাই। এই যে লোকের বিরাট বেকারত্ব নিয়ে নদীয়া জেলা আজ মুমূর্ষু। নদীয়ার প্রতি অবিলম্বে দৃষ্টি দেওয়া দরকার। মন্ত্রিমণ্ডলীকে বলবো নদীয়ার কথা বিশেষভাবে অনুধাবন করা হোক। আজ ধুবুলিয়া হয়ত তার রেড সিগন্যাল এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Binode Behari Maji:
মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে এই এ্যাপ্রোপ্রিয়েশন বিল যা উত্থাপিত হয়েছে, সে সম্পর্কে, প্রায় এক মাস ধরে এর বিভিন্ন খাতে সরকারী এবং বিরোধী পক্ষের সদস্যরা বিস্তৃতভাবে সমালোচনা করেছেন। সরকারী পক্ষের সদস্যরাও অনেক প্রস্তাবের তীব্র সমালোচনা করেছেন। কিন্তু হয়ত তাঁদের এটার সমালোচনা করতে হয়েছে এবং বিরোধী পক্ষেরও বহু প্রস্তাবকে অভিনন্দন করতে হয়েছে, যদিও তার বিরোধিতা করতে হয়েছে। আমি প্রথম অনুরোধ রাখবো যুক্তফ্রণ্ট সরকারের কাছে, এই এ্যাপ্রোপ্রিয়েসন বিলে যে অর্থ বরাদ্দ করা হয়েছে, অর্থ ব্যয়ের জন্য, সেই অর্থ যেন মিসএ্যাপ্রোপ্রিয়েসন না হয়।

আমার দ্বিতীয় প্রস্তাব হচ্ছে বিরোধী পক্ষের সদস্যরা যে সকল গঠনমূলক প্রস্তাব বিভিন্ন দিকে রেখেছেন, জনসাধারণের উন্নতির জন্য সেই সমস্ত প্রস্তাবগুলি যেন কার্যকরী করা হয়। হয়ত কর্মসূচী গ্রহণ করা হবে বিভিন্নভাবে, বিভিন্ন দিকে এই যুক্তফ্রণ্ট সরকারের। যেমন যুক্তফ্রণ্ট সরকার জনসাধারণের আশা-আকাঙ্খা যা ছিল, তা পূরণ করবার জন্য; এবং তাদের দুঃখ-দুর্দশা দূর করবার জন্য তাদের ১৮ দফা কর্মসূচী গ্রহণ করেছিলেন। কিন্তু বাস্তবক্ষেত্রে সেই ১৮ দফা কর্মসূচী কি কার্যকরী করতে পেরেছেন? আজকে জনসাধারণের প্রশ্ন হচ্ছে, পশ্চিমবঙ্গের খাদ্যসমস্যা সমাধান করবো বলেছিলেন যুক্তফ্রণ্ট সরকার, সেটা কি সমাধান হয়েছে? বরং দেখা যাচ্ছে যে আরও খাদ্যাভাব বেড়েছে, আরও তীব্রতর হয়েছে? কলকাতায় সাড়ে তিন টাকা কে. জি, করে চাল বিক্রয় হচ্ছে। সুদূর পল্লীতে চাল খুঁজে পাওয়া দুষ্কর হয়ে উঠেছে। গ্রামাঞ্চলে আড়াই টাকা, তিন টাকা, চার টাকা করে চালের দাম হয়েছে।

যুক্তফ্রণ্ট সরকার, তাঁরা একদিন বড়গলায় বলেছিলেন যে এখানে বেকার সমস্যা দূর করবেন। সেই বেকার সমস্যার সমাধান কি তাঁরা করতে পেরেছেন? আজকে নানা প্রশ্ন জনসাধারণের মনে জাগছে। আজকে বেকার সমস্যার সমাধান হওয়া দূরে থাকুক, আমার মনে হয় সকলেই এক বাক্যে স্বীকার করবেন, এবং জনসাধারণও বেশ দেখতে পাচ্ছে যে বেকার সমস্যা ক্রমশঃ বেড়ে চলেছে। তাঁরা দুর্নীতি দূর করবেন বলেছিলেন, তাঁদের ১৮ দফা কার্যসূচীর মধ্যে। কিন্তু সেই দুর্নীতি সত্যিই কি তাঁরা দূর করতে পেরেছেন? দুর্নীতি যে রকম পূর্বে ছিল, ঠিক সেই রকমই সর্বস্তরে দেখা যাচ্ছে। এমনকি রিলিফ কমিটির মধ্যেও দুর্নীতি বিস্তৃতভাবে বাসা বেঁধেছে।

[3-40—3-50 p.m.]

আমি এবারে বাঁকুড়া জেলার কথা কিছু বলতে চাই। আপনারা সকলেই জানেন বাঁকুড়া দুর্ভিক্ষ পীড়িত, খরাক্লিষ্ট জেলা। আজকে বাজেট-এর শেষ দিন আশা করি যে, অর্থ মঞ্জুর করা হয়েছে তার সদ্ব্যবহার হবে, এই শেষ দিনে আবার আমি বাঁকুড়া জেলার যে দুঃখ-দুর্দশার কথা বলে এসেছি তা আবার স্মরণ করিয়ে দিয়ে অনুরোধ করছি বাঁকুড়া জেলার খরাক্লিষ্ট কৃষকের কথা যেন চিন্তা করা হয়, সেখানকার রাস্তাঘাটের কথা যেন চিন্তা করা হয়, সেখানে যে সমস্ত কৃষিলোন দেওয়া হচ্ছে তা যথা সময়ে দেওয়া হয় না, সেই কৃষি লোন ব্যাপকভাবে যেন দেবার ব্যবস্থা করা হয়। সেখানে যে শংখ শিল্প, কংস শিল্প কিছু আছে তারা এখন বেকার অবস্থায় অনশন, অনাহারে দিন কাটাচ্ছে, আমি শেষ দিনে অনুরোধ করছি তাদের যেন একটা সু-ব্যবস্থা করা হয়। আজকে শিক্ষা খাতে দেখা যায় যে পল্লীগ্রামে ব্যাপকভাবে শিক্ষার উন্নতির জন্য বর্তমান সরকারের কিছু বাস্তব পরিকল্পনা আছে বলে মনে হয় না। আজকে বিভিন্ন খাতের কথা চিন্তা করলে দেখা যাবে, যদি কৃষি খাতের দিকে দেখা যায় তাহলে দেখা যাবে আজকে যে তীব্র খাদ্যসংকট দেখা দিয়েছে সেই তীব্র খাদ্যসংকট দূর করার জন্য কংগ্রেস সরকার কৃষির সর্বাঙ্গীন উন্নতির জন্য যে পরিকল্পনা নিয়েছিল আজকে বর্তমান যুক্তফ্রণ্ট সরকার-এর পক্ষ থেকে বাঁকুড়া জেলার কৃষির সর্বাঙ্গীন উন্নতির জন্য যেখানে বৃহৎ সেচ পরিকল্পনার সুযোগ পায়নি সেই সব এলাকায় ছোট ছোট সেচ পরিকল্পনা গ্রহণ করে বাঁকুড়া জেলাকে এবারে সমৃদ্ধিশালী করার ব্যবস্থা করা হয়নি, সেই ব্যবস্থা করা হোক। আমাদের যে সমস্ত তপশিলী এবং অন্যান্য যে সমস্ত খাত ছিল সেই খাতে আমি কিছু বলতে চাই। আপনারা সকলেই

জনেন প্রথমে সেই সব খাত গিলোটিন করে তার আলোচনা বন্ধ করে রাখা হয়েছিল তারপরে মাননীয় অধ্যক্ষ মহাশয় তার আলোচনার সুযোগ দিয়েছিলেন। কিন্তু দুঃখের বিষয় আপনারা শুনেছেন এবং মন্ত্রিমহাশয় বলেছেন ২৫·৫ পার্সেণ্ট এই তপশিলী, উপজাতি সম্প্রদায় যেখানে আছে সেখান থেকে তাদের একজন মন্ত্রী নেওয়ার ব্যাপারে যুক্তফ্রণ্ট সরকারের মধ্যে যথেষ্ট মতদ্বৈধ এবং গোলোযোগ দেখা দিয়েছিল এবং আজো সেই সম্প্রদায়ের কোন রকমভাবে একজন তপশিলী মন্ত্রী নেওয়া হয়েছে বটে কিন্তু তাঁকে ঠুঁটো জগন্নাথের মত দপ্তরবিহীন মন্ত্রী করে রাখা হয়েছে। সেই জন্য এই সব তপশিলী, উপজাতি সম্প্রদায় পশ্চিমবাংলায় যা আছে তাদের দিকে বিশেষ দৃষ্টি আকর্ষণ করার দরকার আছে, তাদের দিকে দৃষ্টি দেওয়া হোক্। আজকে নানা সমস্যা হয়ত পশ্চিমবাংলার মধ্যে আছে, অনেক আশা-আকাংখা নিয়ে বাংলাদেশের জন-সাধারণ এই যুক্তফ্রন্ট সরকারের উপর সরকারের গুরুদায়িত্ব আরোপ করেছিল কিন্তু প্রত্যেকটি ব্যাপারে আলাপ-আলোচনা করে দেখা যায় যে তারা হতাশ হয়েছে। সেই জন্য যুক্তফ্রণ্ট সরকারকে চিন্তা করতে হবে কি করে এই সব সমস্যার সমাধান করা যায়। আজকে বিভিন্ন খাতে অর্থ মঞ্জুরী অনুমোদনের জন্য যে প্রস্তাব উত্থাপিত হয়েছে সেই অর্থগুলি যাতে ভালভাবে ব্যয়িত হয়, আজকে যদি কৃষি-ঋণ চাষ উঠে যাবার পর দেওয়া হয়, জল চাষ উঠে যাবার পর দেওয়া হয় তাহলে তা সার্থক হবে না, সেই সমস্ত দিক লক্ষ্য করার জন্য আমি যুক্তফ্রন্ট সরকারকে অনুরোধ করবো। তারপর রাস্তাঘাটের কথা। আজকে পল্লীগ্রামের রাস্তাঘাটের যে কি অবস্থা তা পল্লীগ্রামের প্রতিনিধি যাঁরা এখানে উপস্থিত আছেন তাঁরা সকলেই জানেন। পল্লীগ্রামের সেই সমস্ত রাস্তাঘাটের খাতে যে টাকা রাখা হয়েছে তাতে করে যাতে পল্লীগ্রামের রাস্তাঘাটের আরো উন্নতি করা যায় সেদিকে যুক্তফ্রণ্ট সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আমি আমাদের বাঁকুড়া জেলার বিভিন্ন খাত দেখছিলাম তার মধ্যে পূর্ত-খাতে বাঁকুড়া জেলায় একজি-কিউটিভ ইঞ্জিনীয়ারের অফিস, কয়েকটি ল্যাট্রিন, সামান্য কিছু রাস্তা করবার জন্য এবারে কিছু টাকা বরাদ্দ করা আছে। কিন্তু পল্লীগ্রামে এমন সব রাস্তা আছে যে রাস্তা করলে প্রভূত উন্নতি হতে পারে। আমি উদাহরণস্বরূপে বলতে পারি মাত্র ১৫/১৬ মাইল রাস্তা পিচ যদি করা হয় তাহলে বাঁকুড়া পুরুলিয়া যাবার ব্যবস্থা করা যেতে পারে, সেখানে কোন ব্রীজ, নদী পড়বে না সেই রাস্তার উপর। এই রাস্তার উপর সালদিয়া কলেজ বলে একটি কলেজ আছে কিন্তু রাস্তা অনুন্নত বলে সেই কলেজটিকে নানা অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে। সেই জন্য বিভিন্ন দিক থেকে যুক্তফ্রণ্ট সরকারকে অনুরোধ করবো যাতে এই অর্থের সদ্ব্যবহার হয়, আমি আবার বলছি এই অর্থের যেন মিসএপ্রোপ্রিয়েশন না হয়, তাঁরা যে ১৮ দফা কর্মসূচী গ্রহণ করেছেন সেই ১৮ দফা কর্মসূচীর মধ্যে এটা যেন ভেস্তে না যায় সেদিকে লক্ষ্য রাখবেন এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীনারায়ণ চৌবেঃ মিঃ স্পীকার, স্যার, আমি এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলটাকে সমর্থন করতে উঠেছি। আমি সমর্থন করছি, এইজন্য না যে আমি মনে করি আমাদের সরকার আমাদের সমস্ত সংকট, আমাদের সমস্ত অভাব-অভিযোগ মিটিয়ে ফেলতে পেরেছেন, তা সম্ভব নয়, আমি সমর্থন করছি, এই জন্য না যে আমাদের সরকার অদূর ভবিষ্যতে আমাদের সমস্ত সংকট সমাধান করতে পারবেন, আমরা সে আশাও করি না, আমরা জানি যে বাংলাদেশে অনেক দুঃখ কষ্ট আছে তা দূর করতে গেলে যে প্রচুর অর্থের প্রয়োজন হয় সে অর্থ আমাদের সরকারের নেই এবং আমাদের সরকারের যে সীমাবদ্ধ অর্থ সেই সীমিত অর্থের মধ্যে আমাদের সরকারকে কাজ করতে বাধ্য হতে হয়েছে এবং এমন কি আপনারা জানেন আগে যে কংগ্রেস মন্ত্রী সভা ছিল তাঁরাও পর্যন্ত স্বীকার করে গিয়েছেন যে বাংলাদেশকে তার ন্যায্য প্রাপ্য কেন্দ্রীয় কংগ্রেস সরকার আজো দেন না এবং তাঁরাও সেই দাবী রেখে গিয়েছেন, বর্তমান সরকার সেই দাবীকে আরো সোচ্চার করে তুলেছেন যাতে করে বাংলাদেশ তার ন্যায্য দাবী কেন্দ্রের কাছ থেকে পায়। তবুও, মিঃ স্পীকার, স্যার, আমি কেন এটাকে সমর্থন করি, আমি এইজন্য সমর্থন করি আমরা মনে করি বাংলাদেশে একটা নূতন যুগের সূচনা আরম্ভ হয়েছে, বিগিনিং অব সামথিং নিউ এবং আমরা দেখেছি ইতিমধ্যে এই সাড়ে চার মাসের মধ্যে আমাদের সরকার যা কিছু করেছেন তা এমন কিছু খারাপ করেননি। যদি কংগ্রেস সরকার থাকতো আর ট্রাম কোম্পানী এই রকম বদমাইসী করতো তাহলে আমরা দেখতাম কংগ্রেস মন্ত্রীগণ ট্রাম কোম্পানীকে বলতেন যে, বাবা,

তোমরা ভাড়া বাড়িয়ে ট্রাম চালাও। আমাদের সরকার তা করতে দেননি, ট্রাম কোম্পানীকে টেক ওভার করে নিয়েছেন যা মোটেই সম্ভব হতো না যদি কংগ্রেস সরকার থাকতো। মিঃ স্পীকার, স্যার, আমাদের সরকার এই রকম আইন করছেন যাতে করে কৃষককে জমি থেকে উচ্ছেদ না করা যায়। ও'রা আইন করেছিলেন কিন্তু ভিতরে ভিতরে জোতদারদের সঙ্গে সহযোগিতা করে সেই আইনকে কার্যকরী করেননি। আমাদের সরকার কৃষকদের জমি থেকে উচ্ছেদ বন্ধ করার চেষ্টা করছেন, আমাদের সরকার ভূমিহীন চাষীকে জমি দেবার চেষ্টা করছেন, গ্রামে গ্রামে কমিটি হচ্ছে, ভূমি হীনদের ভূমি দেবার চেষ্টা করা হচ্ছে। আমাদের সরকারের তরফ থেকে যে সমস্ত ক্ষেত মজুর আছে যাদের জমি নেই তাদের জমি দেবার চেষ্টা হচ্ছে। আমাদের সরকার ইতিমধ্যে সরকারী কর্মচারীদের মাগ্‌গীভাতা বাড়িয়েছেন এবং ও'রা যে জিনিসটা কিছুতেই রাজী হননি সেই পে কমিশন করার জন্য আমাদের সরকার প্রতিজ্ঞাবন্ধ। আমাদের সরকার যে সমস্ত সরকারী কর্মচারীদের চাকরী চলে গিয়েছিল রাজনীতি করার জন্য, ইউনিয়ন করার জন্য, সেই সমস্ত কর্মচারীকে আবার কাজে ফিরিয়ে এনেছেন। আমাদের সরকার পুলিশ দিয়ে দমন নীতি চালাচ্ছেন না কৃষক, মজুর, মধ্যবিত্তদের আন্দোলনকে স্তব্ধ করার জন্য। এমন কি যে নকসালবাড়ী নিয়ে ও'রা এত চিন্তিত যদি আজ কংগ্রেস সরকার থাকতো তাহলে সেই নকসালবাড়ীতে হয়ত কয়েক হাজার কৃষক হত্যা হয়ে যেতো। আমরা ও'দের আমলে যেমন দেখেছি যে নাগা, মিজোদের বিদ্রোহ বন্ধ করার জন্য যেমন সরকার পুলিশি অত্যাচার করছেন তেমনি এখানে কৃষকদের উপর অত্যাচার করে সেই রকম উপজাতিদের একটা বিদ্রোহ সেই অঞ্চলে সৃষ্টি করতেন। আমাদের সরকার নকসালবাড়ীতে সেই সমস্যার সমাধান করার জন্য এগিয়ে যাচ্ছেন এবং সেখানে ও'দের শান্তি বিঘ্নিত হচ্ছে বলে ও'দের দলের নেতা চাবন পর্যন্ত বলতে আরম্ভ করেছেন। সেখানে যাতে পুলিশ অন্যায়ভাবে গুলি না চালায়, অন্যায় অত্যাচার না করে আমাদের সরকার তার জন্য প্রতিবিধান করছেন, তার জন্য আমরা কৃতসংকল্পবন্ধ হয়েছি। আমরা জানি আমাদের অনেক কষ্ট আছে। বিশেষ করে খাদ্য সমস্যা বাংলাদেশকে আজকে দারুণ কষ্টের মধ্যে ফেলে দিয়েছে। এর কারণ হচ্ছে এই যে গত বছর আমাদের দেশে ভাল খাদ্য হয়নি, তার উপর আমরা ভাল করে প্রকিয়োরমেন্ট করতে পারিনি। এবং তার সঙ্গে কেন্দ্রীয় সরকারও তার কোটা নিয়মিত যোগান দিতে পারেননি, বাংলাদেশকে যা দেবেন বলেছিলেন তার চেয়ে অনেক কম দিয়েছেন এবং ধোকা দিয়েছেন বাংলাদেশকে। তাছাড়া জোতদার, জমিদার, বড় বড় চোরাকারবারী ব্যবসায়ীদের দল, ও'দের মধ্যে একদল তাদের সঙ্গে সহযোগিতা করে তাদের উৎসাহ দিচ্ছেন যাতে এই সরকার চলতে না পারে। এরই ফলে বিক্ষোভ দেখা দিয়েছে এবং বিক্ষোভের সুযোগ নিয়ে বাংলাদেশের জায়গায় ও'রা যেমন ধুবুলিয়ায় করেছেন সেই রকম করার চেষ্টা করছেন। আমরা আশা করি, জনগণ আশা করে যে আমাদের এই সরকার জনগণের সমর্থনে খাদ্য উৎপাদন বাড়াতে পারবেন। আমরা জানি মানুষের জন্য আইন, আইনের জন্য মানুষ নয়।

[3-50—4 p.m.]

আমাদের সরকার আইনকে বদলাবেন, কৃষককে জমি দেবেন এবং যদি তাঁরা তা করেন এদেশে সোনার ফসল ফলবে। এজনাই আমরা আশা করি আমাদের সরকার দেশে দ্রুত ভূমি সংস্কার আইন করবেন এবং যে সমস্ত ডিফেক্ট আছে, সেগুলিকে দূর করবেন। মাননীয় স্পীকার স্যার, আমাদের বাংলাদেশে একটি নূতন এক্সপেরিমেন্ট চলেছে। কিছুক্ষণ আগে আমাদের মাননীয় শৈলবাবু কান্নাকাটি করে গেলেন, চৌদ্দটি দল কেমন করে চলবে। বাংলাদেশে নূতন এক্সপেরিমেন্ট চলছে, চৌদ্দটি পার্টি মিলে এক সঙ্গে গভর্নমেন্ট চলছে, চৌদ্দটি পার্টি মানে, বিভিন্ন শ্রেণী, বিভিন্ন ক্লাসের লোকেরা গভর্নমেন্ট চালাচ্ছে, তাদের মধ্যে নিশ্চয়ই মতভেদ আছে; তাদের মধ্যে মতপার্থক্য আছে, কিন্তু বৃহৎ পুঁজির বিরুদ্ধে, জমিদারদের বিরুদ্ধে এই সমস্ত পার্টি গুলি এক হয়ে কাজ করার চেষ্টা করছে এবং এজন্যই ন্যাশনাল ডেমোক্রেটিক ফ্রন্ট, যে ফ্রন্ট-এর গভর্নমেন্ট এখনও হয়নি, হবে, তা আমাদের ক্রমে ক্রমে ইঙ্গিত দিচ্ছে ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে এবং কেন্দ্রে এই রকম কোয়ালিশন গভর্নমেন্ট হবে, আর কোন পার্টির সম্ভব নয় স্যার। একটা পার্টি গভর্নমেন্ট চালাবে ভারতবর্ষের কোন দেশে সম্ভব নয়। দেখতে পাচ্ছেন চোখের সামনে মধ্যপ্রদেশে একটা পার্টি গভর্নমেন্ট ছিল, গেল গেল ডাক ছেড়েছে, সবাই বলছে আমায় বাঁচাও, আমায় বাঁচাও। এটা চোখের সামনে দেখতে পাচ্ছেন। মাননীয় স্পীকার স্যার, বাংলাদেশের ভূতপূর্ব মুখ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয় ময়দান মিটিংএ বলেছিলেন যে ছুঁচো ইঁদুর,

আরশলা এরা কি গভর্নমেন্ট চালাতে পারবে? দেখা গেল স্যার, ও'রা ছ'চো ই'দুরে পরিণত হয়েছেন। আজকে মানুষ একসঙ্গে মিলিত হয়ে একতাবদ্ধ গভর্নমেন্ট চালাচ্ছেন এবং ও'রা আজকে তাদের কেনবার লক্ষ লক্ষ লোক পাঠাচ্ছেন কোথায় তাদের কিনতে পারা যায় তারই চেষ্টা করছেন। (নয়েজ) মাননীয় স্পীকার, স্যার, এতে কোন সন্দেহ নেই যে আমাদের সরকার ইতি-মধ্যেই যে কিছু করতে পেরেছেন তার প্রমাণ হচ্ছে

we have been able to rouse vengeance amongst those classes

যারা আমাদের বিরুদ্ধে মনোপলি পুঁজি, বৃহৎ জমিদার এরা যে আমাদেব ঘৃণা করতে আরম্ভ করেছে তাতেই আমরা বুঝি আমাদের সরকার ঠিক পথে চলেছে। মাননীয় স্পীকার স্যার, আমরা জানি আমাদের সামনে অনেক বাধাও আছে। আমরা এটা বুঝি আমাদের সরকাব রাইটার্স বিল্ডিংস-এ কিংবা এই অ্যাসেম্বলী হাউসে কিছু আইন পাশ করলে পরেই সেগুলি দিয়ে আমাদের কাজ হবে না। সেই আইনকে কার্যকরী করতে হবে এবং কার্যকরী করতে গিয়ে আমরা প্রবল বাধার সম্মুখীন হচ্ছি। বিশেষ করে অফিসারদের মধ্যে সবাই নয়, অফিসারদের মধ্যে নিশ্চয়ই অনেক সৎ আছেন, নিশ্চয়ই অনেকে ভাল কাজ কর্মের চেষ্টা করছেন কিন্তু অফিসারদের মধ্যে একাংশ, পুলিসের মধ্যে একাংশ তাঁরা নিশ্চয়ই চেষ্টা করছেন টু স্যাবোটেজ দি গভর্নমেন্ট পলিসি এবং আপনারা জানেন স্যার, যে আমাদের দেশে এখন পর্যন্ত নিশ্চয়ই করাপশন আছে, কোন কোন ক্ষেত্রে ঘুষ দুর্নীতি এখনও বিদ্যমান আছে, আমরা আশা করি আমাদের সরকার সেগুলি কমাবার চেষ্টা করবেন এবং অ্যাডমিনিস্ট্রেশানকে রিফর্ম করার জন্য, অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস কমিটি করার অত্যাবশ্যক নচেৎ যত সমস্ত পলিসিস নিই না—সেই পলিসি রাইটার্স বিল্ডিংসএ থাকবে তার বাইরে গিয়ে জনগণ তার স্বাদ পাবে না। আপনি জানেন স্যার, এস ডি ও, শ্রীরাম-পুরের কথা আপনারা শুনেছেন, একটি মামুলি এস ডি ও এরকম কথা বলতে পারে কারণ তার পেছনে খুঁটি রয়েছে ভেড়া নড়ে খুঁটির জোরে, ওরা মনে করে দিল্লী ওদের পেছনে রয়েছে, তাই এরকম কথা বলতে পারে। আপনি জানেন স্যার, এমন আমাদের অভিজ্ঞতা আছে যে এখানে যে সমস্ত চোরাবাজারী বদমাস লোকদের বিরুদ্ধে পি ডি অ্যাক্ট-এর কেস রয়েছে তাদের পর্যন্ত ধরার চেষ্টা করছে না, পি ডি অ্যাক্টএ ওয়ারেন্ট বেরিয়েছে তাদের ধরতে চেষ্টা করছে না। আমি তো নাম বলতে চাই। গোবিন্দ কলামানি, মেদিনীপুর জেলার, বিশ্বনাথ ঘোষ খেলাড়ে, এদের উপর পি ডি অ্যাক্ট কেস জারী হয়ে গেছে কিন্তু পুলিশ তাদের ধরছে না, অতএব আমরা দেখতে পাচ্ছি এই সমস্ত দুর্নীতিপরায়ণ অফিসার একটা সেকশন নিশ্চয়ই ভাল আছেন—যারা এই সরকারকে মানতে চান না। কি করে জনগণকে টেনে আনা যায়, জনগণের সাহায্য কি রকম করে সরকার নিতে পারেন সেদিকে সরকার দৃষ্টি রেখে অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস কমিটি করবেন এ আমি আশা করি। মাননীয় স্পীকার স্যার, কংগ্রেসীরা হয়ত আশা করছেন, এই সরকাব পড়ে যাবে ও'রা হয়ত স্বপ্ন দেখছেন এই গভর্নমেন্ট থাকবে না কিন্তু এই গভর্নমেন্ট এত দুঃখ কষ্ট লাঞ্ছনার মধ্যেও টিকে আছে, কারণ জনতা এই গভর্নমেন্টকে চায়। তাই আমি হুঁশিয়ার করতে চাই যারা আজকে দিবা স্বপ্ন দেখছে, এই সরকার চলে গেলে আবার এখানে এসে বসবে, সে কংগ্রেসীই হোক কিংবা অকংগ্রেসীই হোক, যারাই হউন না কেন সাবধান থাকবেন বাংলাদেশের মানুষ এই সরকারের জন্মদাতা, বাংলাদেশের মানুষই এই সরকারকে রক্ষা করবে এবং যতই তাঁরা স্বপ্ন দেখুন না কেন, সেই স্বপ্ন পূরণ হবে না। যদি এমন কোনদিন দেখা দেয় বাংলাদেশের মানুষ বিদ্রোহ ঘোষণা করেও এই সরকারকে রক্ষা করবে এই আশা নিয়ে আমি এই বিলকে সমর্থন করি।

Shri Sasabindu Bera:

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আজকে একটি বিশেষ পরিস্থিতির মধ্যে আমরা এই অ্যাপ্রো-প্রিয়েশান বিল আলোচনা করছি এবং এই অ্যাপ্রোপ্রিয়েশান বিলকে আমি আমাব সমর্থন জ্ঞাপন করছি। কারণ গত কয়েকদিন ধরে যে বাজেটের উপর বহু বিতর্কের পর বাজেটগুলিকে পাশ করা হল সেই বাজেটটি মূলত মার্চ মাসে এই কক্ষে যে বাজেট উপস্থাপিত করা হয়েছিল সেই বাজেট তার সাথে কর্মচারীদের কিছু মাগগীভাতার জন্য কিছু অর্থ যোগ করে সেই বাজেটকেই একটু রূপান্তরিত করা হয়েছে মাত্র। সুতরাং আজকে যে বাজেটটি পাশ হয়েছে এবং বাজেটে পাশ করা বরাদ্দের প্রয়োগের জন্য আজকে যে বিল উপস্থাপিত হয়েছে সে বাজেট মূলত কংগ্রেস সরকারের তৈরী—তাদেরই বাজেট এবং এর মধ্যে পরিবর্তন বা যুক্তফ্রন্ট সরকারের আদর্শ এবং

নীতি প্রতিফলিত হতে পারে তার সম্ভবনা খুব কম থেকে গিয়েছে। বাজেটকে মোটামুটি আমরা দুই ভাগে ভাগ করতে পারি—বাজেটের বরাদ্দকৃত অর্থ শাসনযন্ত্র পরিচালনার জন্য তার একটি বিশেষ ব্যয় করা হয়ে থাকে, আর একটি অংশকে জনকল্যাণের জন্য ব্যয় করা হয়ে থাকে। যুক্তফ্রন্ট সরকার শাসনযন্ত্র পরিচালনার ক্ষেত্রে যে বিশেষ আদর্শ এবং নীতি অনুসরণ করে চলতে চান তাকে রূপ দিতে গেলেই শাসনযন্ত্রের কিছু পরিবর্তন দরকার—পরিবর্তন এত অল্পকালের মধ্যে সম্ভব হয়নি বলে বাজেটের এই দিকের অর্থ পরিবর্তন করা সম্ভব নয়। সুতরাং এইদিক থেকেও বাজেটের সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে পাশ করতে আমাদের বাধ্য হতে হয়েছে। দেখা গিয়েছে গতদিন বাজেট আলোচনার সময় গিলোটিনের সময় প্রিভি পারস-এর জন্য যে এক লক্ষ টাকা বরাদ্দ ছিল কংগ্রেস পক্ষ তার বিরূপ সমালোচনা করেছেন বিরূপ মন্তব্য প্রকাশ করেছেন তার সম্বন্ধে আমরা যারা বরাবর প্রিভি পার্স সম্বন্ধে বরাবর আপত্তি জানিয়ে এসেছি তারাই সেই প্রিভি পার্স-এর জন্য টাকা মঞ্জুর করতে এগিয়ে এসেছি বিধানসভায়। কিন্তু এখানেও যুক্তফ্রন্ট সরকারকে সীমাবদ্ধ ক্ষমতায় কাজ করতে হয়েছে। কংগ্রেসীর আমলে সংবিধানের যে বিধান ২৯১ নম্বর ধারায় ভারতবর্ষের শাসকদের জন্য যে ব্যবস্থা করেছে তার বাহিরে যাবার কোন সুযোগ রাখা হয়নি। সেই কনস্টিটিউশান-এর মধ্যে থেকে সেই সংবিধানের মধ্যে থেকে আমাদের বাধ্য হতে হয়েছে এই টাকা বরাদ্দ রাখতে। এই কংগ্রেসীরা কালকে যখন আপত্তি এবং ক্ষোভ প্রদর্শন করছিলেন তারাই এমন ব্যবস্থা রেখেছেন যে এই সমস্ত রাজা মহারাজা যে টাকাগুলি চুক্তির বলে পাবেন এবং সেগুলি আয়করমুক্ত হিসাবে পাবেন—তাদের যে সমাজতান্ত্রিক চিন্তাধারা এই ব্যবস্থাই রেখেছেন এবং সংবিধানের সীমাবদ্ধতার মধ্যে আমাদের এই বাজেটকে পাশ করিয়ে নিয়ে যেতে হয়েছে। সুতরাং যুক্তফ্রন্ট সরকারের আশা আকাংখা এবং লক্ষ্য পরিপূর্ণভাবে প্রতিফলিত হতে পারেনি। বাজেটের অর্থ ব্যয়-বরাদ্দের মধ্যে দিয়ে আমরা আশা করব এই অর্থ যেভাবে প্রযুক্ত হবে যেভাবে ব্যয়িত হবে তার মধ্যে দিয়ে আগামী এক বছরে যুক্তফ্রন্ট সরকার তার আদর্শ এবং তার ১৮ দফা কর্মসূচী তাকে রূপ দিতে সক্ষম হবে। নানা বাধা এবং নানা অন্তরায়ের মধ্যে দিয়ে যুক্তফ্রন্ট সরকারকে এগিয়ে যেতে হচ্ছে—শাসনযন্ত্র পরিচালনার ক্ষেত্রে আমরা দেখছি নানা বাধা নানা অন্তরায়—আমরা দেখছি ২০ বছরের শাসনে পশ্চিম বাংলার জনজীবনে যে দুঃখ এবং দুর্দশা নেমে এসেছে তার চিত্র অত্যন্ত প্রকট বাহিরে যা সমাধান করা কোনদিনই সম্ভব নয়—কোন সরকারের পক্ষে সে সরকারের হাতে যত ক্ষমতা থাক, যত অর্থ থাক চার মাসের শাসনকালের মধ্যে। আমরা দেখছি সর্বক্ষেত্রে কৃষির ক্ষেত্রে ২০ বছর ধরে যে অর্থ ব্যয় করা হয়েছে সেই অর্থগুলি অপচয়ের পথে চলে গিয়েছে—কৃষির উন্নতিবিধান করতে সক্ষম হয়নি। কৃষির উন্নতির জন্য যে ভূমি সংস্কারের প্রয়োজন সেই ভূমি সংস্কারের জন্য কোন সুষ্ঠুপথ বিগত কংগ্রেস সরকার গ্রহণ করেন নি।

[4—4-10 p.m.]

যার জন্য কৃষি ক্ষেত্রে বিক্ষোভ, ব্যর্থতা, শুধু কৃষি নয়, শুধু উৎপাদন নয়, শুধু ভূমি ব্যবস্থা নয়, শিক্ষার ক্ষেত্রেও দেখছি চরম ব্যর্থতা- যে ব্যর্থতা কংগ্রেসের ২০ বছর শাসনের ব্যর্থতার পরিচয় বহন করে চলে। বিগত ২০ বছরে তাঁদের তৈরী সংবিধানের যে নির্দেশ যে ছয় থেকে এগারো বছরের বয়স পর্যন্ত অবৈতনিক বাধ্যতামূলক শিক্ষা—সেই ব্যবস্থা আজও প্রবর্তিত হয় নি। আজকে পশ্চিম বাংলায় সেই ইংরাজ আমলের প্রাথমিক ব্যবস্থা পল্লী অঞ্চলে, শহরাঞ্চলে যা ছিল আজকে তা বর্তমান রয়েছে। যুক্তফ্রন্ট সরকার তা পরিবর্তন আনবার সঙ্কল্প গ্রহণ করেছেন এবং সেই পরিবর্তন অচিরে আসবে এ বিশ্বাস আমরা রাখি এবং তার প্রমাণ আপনারা নিশ্চয় পাবেন। শুধু তাই নয়, আরও বাধা আছে আরও অন্তরায় আছে, আমি বেকার সমস্যা, বাস্তুহারা সমস্যা প্রভৃতি সমস্যার কথা উল্লেখ না করে—আর একটা বিশেষ দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করবো এবং সেই সঙ্গে সঙ্গে মন্ত্রিসভারও দৃষ্টি আকর্ষণ করবো। আমরা দেখছি যে আজকে শাসন যন্ত্রের ক্ষমতা হাতে পাবার পরে যুক্তফ্রন্ট সরকার কতকগুলি বিশেষ কারণে তাদের আদর্শকে লক্ষ্যকে দ্রুত রূপ দেবার ক্ষেত্রে অসুবিধা ভোগ করছেন। ২০ বছর কংগ্রেসী শাসনের মধ্যে যে আমলাতন্ত্র প্রতিষ্ঠিত হয়েছে তাদের যে চিরাচরিত চলার পথ তা থেকে তাদের সরিয়ে আমাদের আদর্শে পথে চালনার ক্ষেত্রে বিশেষ অসুবিধার সৃষ্টি হয়েছে। আমরা দেখছি ২০ বছরের মধ্যে শাসনযন্ত্রের মধ্যে থেকে সততা ন্যায়পরায়ণতা চলে গেছে—দলীয় স্বার্থকে রক্ষা করবার দিকে নজর রেখে তারা

শাসনযন্ত্র পরিচালনা করেছেন। দেশের মানুষের স্বার্থ যাতে পুরোপুরি পায়ের তলায় লুটিয়ে গেছে। এ'রা দেখেছেন যে সততার ন্যায় নীতির পথ নেই। কেবলমাত্র যে সরকার প্রতিষ্ঠিত ছিল তাদের তোষামোদ করে কি করে চাকুরী রক্ষা করা যায় কি করে চাকুরীতে প্রমোসন পাওয়া যায় এই মনোভাব তাদের মধ্যে বদ্ধমূল হয়ে গেছে। সরকার মহলে তার ফল প্রত্যক্ষ দৈনন্দিন কার্যের মধ্য দিয়ে অনুভব করছি। তাদের নাড়ানো যাচ্ছে না। আজকে কংগ্রেস পক্ষ থেকে মানুষ কেনার যে ব্যবস্থা করা হয়েছে —২০ বছরের শাসনে মানুষের বৈষয়িক ক্ষেত্রের বাইরে তার নৈতিক ক্ষেত্রে এমন অধঃপতন এনে দেওয়া হয়েছে যাতে আজকে বিধানসভার সদস্যদের মত মানুষকেও পয়সা দিয়ে তাঁরা কিনেছেন বলে বাইরে শোনা যাচ্ছে এবং তার প্রমাণ আমাদের কাছে রয়েছে। আজকে এই অবস্থার মধ্যে সরকারী কর্মচারীরা দোটানার মধ্যে পড়েছে। তারা ভাবছে—তাদের মনে এই আশংকা যে আজকে যুক্তফ্রন্ট সরকারের সদস্যদের কিনে নিয়ে এই যুক্তফ্রন্ট সরকারকে যদি বানচাল করে দিতে পারে তাহলে আবার সেই কর্মচারীরা এবং অফিসাররা হয়তো সেই কংগ্রেসীদের কবলে পড়বে—তাদের ভবিষ্যত অন্ধকারাচ্ছন্ন হয়ে পড়বে। কাজেই তাঁরা দোমনা মনে—তাঁদের বিশ্বাস, ভরসা থাকলেও তাঁরা সাহসের সঙ্গে কাজ করতে পারেন না—আজকে এমন একটা পরিবেশ সৃষ্টি করবার চেষ্টা করা হয়েছে। ও'রা মনে করছেন প্রচার করছেন যুক্তফ্রন্ট সরকারকে ভেঙ্গে দেবো বিরোধী পক্ষের চীফ হুইপের একটা বিবৃতি বেরিয়েছে সংবাদপত্রে যাতে একথা স্পষ্টভাবে বলা হয়েছে যে কংগ্রেসের পক্ষ থেকে এই যুক্তফ্রন্ট সরকারকে ভাঙ্গবার চেষ্টা করা হচ্ছে। এবং সেটাকে তিনি পছন্দ করেন নি, খবরের কাগজে তার বিবৃতি বেরিয়েছে। এই অবস্থার মধ্যে আমাদের কাজ করতে হচ্ছে। আমি বিশ্বাস করি যে ভাঙ্গা-গড়ার যে চেহারা এর মধ্য দিয়ে যুক্তফ্রন্ট সরকার এই কিছুদিনে নিজেদের পরিচয় রেখেছে তাতে প্রমাণিত হবে যে যুক্তফ্রন্ট সরকার টিকবে এই বাজেট পাশ হবার পর এ্যাপ্রোপ্রিয়েসন বিল পাশ হবার পর আস্থা ফিরে আসবে সরকারী কর্মচারীদের মধ্যে—এবং এই আস্থা ফিরিয়ে আনতে হবে আমাদের এই মন্ত্রিসভাকে। সেই আস্থা ফিরিয়ে এনে তাদের যদি আমরা কাজে লাগাতে পারি তাহলে আমি বিশ্বাস করি যুক্তফ্রন্ট সরকার তাঁদের যে ১৮ দফা কর্মসূচী নিয়েছে তাকে রূপায়িত করতে পারবে সম্পূর্ণরূপে না পারলেও ১ বছরের মধ্যে তার স্বাক্ষর রাখতে সক্ষম হবে—এই বিশ্বাস, আস্থা এবং এই আশা নিয়ে আমি এই এ্যাপ্রোপ্রিয়েসন বিলকে পরিপূর্ণ সমর্থন জানাই।

শ্রীমতী বিভা মিত্র ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে আমি এই এ্যাপ্রোপ্রিয়েসন বিলের যে ব্যয়-বরাদ্দের টাকা তার বিরোধিতা করতে এখানে দাঁড়িয়েছি। আজকে ডেপুটি স্পীকার মহাশয় এতক্ষণ বিপক্ষ দলের যে বক্তৃতা শুনলাম তাতে আমার একথা মনে হয়েছে যে ও'দের মনে আশংকা যে কংগ্রেসী দল ও'দের সরকার ভেঙ্গে দেবেন। আমি একথা বলতে চাই যে কংগ্রেসী দল ১৩২ জন নিয়ে এখানে বিরোধিতা করবার জন্য বসে আছেন—তাঁরা এই সরকার ভাঙ্গবার জন্য মোটেই সচেষ্ট নন। ও'রা জনসাধারণের কাছে বরাবর অনেক ভাঁওতা দিয়ে এসেছেন—২০ বছর ধরে আমরা যখন সরকার চালিয়েছি তখন ও'রা বার বার ভাঁওতা দিয়ে এসেছেন এবং আজকে বলছেন কেন্দ্রীয় সরকার সাহায্য করছে না—কেন্দ্রীয় সরকার গম চাল দিচ্ছে না—তাইজন্য আজকে জনসাধারণকে তাঁরা কিছু দিতে পারছেন না। কিন্তু আমি আপনার কাছে একথা বলতে চাই যে আপনি প্রসিডিংসের বই খুলে দেখুন এই কাশীকান্ত মৈত্র মহাশয়, ঐ জ্যোতিবাবু, ঐ সোমনাথবাবু এখানে বড় বড় বক্তৃতা দিয়েছিলেন যে ডিস্ট্রিবিউসনে ভুল হচ্ছে। তাঁরা বলেছিলেন যে এই সরকার অপদার্থ। হয়তো অপদার্থ নিশ্চয়, তা না হলে তারা কেন গেল বাংলাদেশ থেকে। আজকে বাংলাদেশের মানুষকে বুঝতে হবে যে কে অপদার্থ- কে সচেষ্ট এবং কে সরকার চালাতে পারে, কে জনসাধারণের কল্যাণ করতে পারে। তাঁরা একথা বার বার বলেছেন যে ডিস্ট্রিবিউসনে ভুল হয়েছে—মুনাফাখোরদের তাঁরা সাহায্য করছেন বলে দ্রব্যমূল্য বৃদ্ধি হয়ে যাচ্ছে। ডেপুটি স্পীকার মহাশয়, আপনি তো জানেন প্রায় সাড়ে পাঁচ টাকার কাছাকাছি সরিষার তেলের দাম। গতবারে পাঁচ টাকা দাম হতেই তাঁরা বলেছিলেন ব্যবসায়ীদের ধরা হোল না কেন -কিন্তু আজকে আমি বলছি আজকে এই সরকারের যাঁরা কর্মকর্তা আছেন যাঁরা সরকারী যন্ত্র চালাচ্ছেন, তাঁরা কতজন মুনাফাখোর ধরেছেন? প্রফুল্ল সেন মহাশয়, গত মুখ্যমন্ত্রী তিনি কতজন মুনাফাখোর ধরেছিলেন আর ও'রা কতজনকে ধরেছেন আজ এই হিসাব বাংলাদেশের

মানুষ তাঁদের কাছ থেকে চায়। ডেপুটি স্পীকার মহাশয়, আপনার কাছে বলছি আরও কয়েকটি কথা যে কথাগুলি অনেকবার ও'দের মুখে আমরা শুনেছি যে আমরা কোন একটা কাজ ভালভাবে সুষ্ঠুভাবে করতে পারি নি কিন্তু ও'রা ভালভাবে পারবেন। আমি বলি ভালভাবে ও'রা পারুক বাংলাদেশের মানুষ সুখে সমৃদ্ধিতে বাস করুক সেইজন্য এই কামনা করবো যে এই যুক্তফ্রন্ট সরকার কিছুদিন বাংলাদেশকে চালিয়ে যান তাহলে তাঁরা বুঝতে পারবেন কত ধানে কত চাল হয়। তাঁরা ১৩।১৬।১৮ জন হউন—তাঁরা চালান এটা আমরা সর্বান্তঃকরণে চাচ্ছি এবং বৃহত্তর দল হিসাবে আমরা বিরোধিতা করবার জন্য বসেছি। ও'রা কত বড় বড় কথা বলে গেলেন যে আমরা কমিটির মাধ্যমে সমস্ত জমি বিলি করবো। ডেপুটি স্পীকার মহাশয়, আপনি শুনুন আমিনাবাজারের ঘটনা, যদিও আমি মুর্শিদাবাদের লোক নই, কিন্তু আমি সেখানে গিয়েছিলাম, সেখানে ও'রা একটা কমিটি গঠন করেছিলেন—সেই কমিটির মিটিং ডেকেছিলেন—৪০০ লোককে সেখানে উপস্থিত করে তাঁরা হুকুম চালান ওড়াও-পোড়াও—এই করে ৫৬টা বাড়ী পুড়লো—হিসাব নিন খাদ্যমন্ত্রী যে সেখানে কত ধানচাল পুড়ে গেছে কত চাষীর ঘর পুড়ে গেছে, কত গরু বাছুর নষ্ট হয়ে গেছে। বাংলাদেশের জনসাধারণ জানুক যে কেমন করে এই খাদ্য ঘাটতির দিনে শস্য পুড়িয়ে তাঁরা নষ্ট করেছেন। সেখানে এমন অবস্থা হয়েছে যে মণ মণ ধান চাল জ্বালিয়ে দিয়ে তাঁরা চলে এসেছেন। একটু আগে আমাদের এক সদস্য যখন বক্তৃতা দিচ্ছিলেন তখন তাঁরা বলছিলেন কমিউন্যালিজিমের কথা। তিনি কমিউন্যালিজমের কথা তোলেন নি। সেখানে মুসলমান কমিউনিটির উপর রিফিউজী ভাইদের নির্বিবাদে তাদের নিয়ে গিয়ে আক্রমণ করেছে--তারাও নিরীহ এবং এরাও নিরীহ– কিন্তু জনসাধারণকে উদ্বুদ্ধ করে তাদের দিয়ে আক্রমণ করে তাঁরা ঘরবাড়ী জ্বালিয়ে এসেছেন।

[4-10—4-20 p.m.]

একজন মহিলা যখন তার ছোট ৮ বৎসরের মেয়েকে কোলে করে নিয়ে ঘর থেকে বের হয়ে আসছিল তখন সেই মায়ের কাছ থেকে ছেলেকে নিয়ে এসে তাকে পুড়িয়ে মারা হয়েছে। তার স্বামীকে এমনভাবে মারা হয়েছে যে সে অনেকদিন বহরমপুর হাসপাতালে ছিল। স্যার, এরা সরকারী যন্ত্রের মাঝখানে শ্রেণী বিভাগ শ্রেণীসংঘাত করছেন দেখুন। কিছুদিন আগে লেক গ্যারেজ থেকে একটা বাস ছাড়লো সে বাসের নং হচ্ছে ডবলিউ বি এস ১৭৬৪, সে বাসে লেখা আছে অচল। বাস কর্মীদের দ্বারা পুনরায় চালান হইল। এরূপ ২।৩ জায়গায় বাসের মধ্যে লেখা আছে। আপনি বলুন আজকে কারা কর্তৃপক্ষ এবং কারা কর্মী, এভাবে শ্রেণী বিভাগ করে শ্রেণী সংঘাত নিয়ে আসছেন। এ'রা কোন রাস্তায় চলেছেন? এ'রা কি সরকার চালাচ্ছেন? এদের বাজেট দেখলে তা মনে হয় না এ'রা যে সরকার চালাবেন তা এ'দের কর্মপদ্ধতি দেখে মনে হয় না। সরকার যে এ'রা চালাবেন তাতে এ'দের মনেই সন্দেহ আছে তাই এ'রা কংগ্রেসের বিরুদ্ধে কথা বলেন যে মেম্বারদের টাকা দিয়ে নিয়ে আসা হচ্ছে। আজকে আপনারা আমাকে টাকা দিয়ে নিয়ে যান তো? কংগ্রেসের তরফ থেকে একজন মেম্বারকেও যদি ভাঙ্গাতে পারেন তাহলে আমি বলবো আপনাদের নীতির কোন বালাই নেই। এবার এদের সংরক্ষণ বিভাগের কথা বলবো। এই অ্যাসেম্বলীর গেটের সামনে মহিলা শিক্ষকদের উপর যেভাবে আক্রমণ হল তা এ'রা দাঁড়িয়ে দেখলেন কিন্তু কোন ব্যবস্থাই করলেন না। আপনি জানেন আজকে আমাদের বাজেট ডেফিসিট বাজেট কিন্তু এটা খুব দুঃখের কথা এবং একথা সত্য কিনা একথা প্রমাণ করে দেওয়া দরকার। কারণ আমাদের ৪ই কোটি টাকা ডেফিসিট বাজেট ছিল। জ্যোতিবাবু চীফ মিনিস্টারকে দিয়ে সেটা সই করিয়ে নেন এবং সই করে নেবার পর সে বাজেট পলিটবুরোয় পেশ করেন। পলিটবুরোর লোকদের দিয়ে সে কমিটিতে পেশ করার পর ১৮ কোটি টাকার ঘাটতি বাজেট যেটা আজকে হাউসের সামনে প্লেস করা হয়েছে। আমি একথা বলতে চাই চীন থেকে লেফট সি, পি, আই-এর লোকেরা কি বাংলা দেশের লোককে চালাবেন, না অন্য কোন গণতান্ত্রিক দল আছে তারা চালাবেন এ প্রশ্ন আমি রাখলাম, বাংলাদেশের মানুষ আজ জিজ্ঞাসা করছে তারা কি পলিটবুরোর কথামত চলবে। বাংলাদেশে অ্যাসেম্বলী হাউস-এর যারা মেম্বার যারা গণতন্ত্রে বিশ্বাসী তারা কি পলিটবুরোর কথায় চলবে? আজকে বাংলাদেশের জনসাধারণের উপর ঘাটতি বাজেট চাপিয়ে দেওয়া হল পলিটবুরোর দ্বারা সে বাজেট তাঁরা সমর্থন করবেন কিনা এ প্রশ্ন হাউসের সামনে রাখলাম।

শ্রীনিখিল দাস: মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এই বাজেটের ব্যয়-বরাদ্দের বিভিন্ন খাতে মঞ্জুরীর জন্য যে বরাদ্দ এসেছে সেই টাকা খরচ করবার যে অধিকার সরকারকে দেবার জন্য যে বিল এসেছে সেই বিল সম্পর্কে বলতে গিয়ে আমি সরকারের কাছে দু-একটা কথা রাখতে চাই। স্যার, বাজেটের অঙ্কের টাকা দিয়ে বাজেট বিচার করা যায় না। বাজেট বিচার করতে হবে সে বরাদ্দকৃত টাকা কিভাবে ব্যয়িত হচ্ছে তার সার্থকতা প্রমাণ করতে হবে। তাই আপনার মাধ্যমে অর্থমন্ত্রী মহাশয়ের কাছে এই কথাটি রাখতে চাই যে আমাদের সীমাবদ্ধতা আছে জানি। আমাদের যে আর্থিক ব্যবস্থার মধ্যে ধনবাদী সমাজ ব্যবস্থা আমরা একথা জানি যে সারা ভারতবর্ষে অর্থনৈতিক সংকট চলেছে। আজকে ভারতবর্ষের অর্থনীতি ভেঙ্গে পড়েছে। আজকে শিল্প সংকট প্রত্যেকটি ক্ষেত্রে দেখা দিয়েছে। আজকে সেই সংকটের কথা বুঝতে হবে। দীর্ঘ ২০ বৎসর ধরে কংগ্রেসের যে অর্থনীতি ভারতবর্ষের বুকে তারা চালু করবার চেষ্টা করেছেন সেই অর্থনীতি ধনবাদী অর্থনীতি এবং তারই কুফল আমরা বিভিন্ন ক্ষেত্রে দেখতে পাচ্ছি। স্যার, আপনি জানেন যে মুদ্রাস্ফীতি কোথায় গিয়ে দাঁড়িয়েছে। আপনি জানেন টাকার দাম যা ছিল সেই টাকার দাম আজকে ৫ ভাগের ১ ভাগ কমে গেছে। শৈলবাবু বললেন ৩৬০ কোটি টাকা ব্যয়-বরাদ্দ ধরা হয়েছে কিন্ত ৩৬০ কোটি টাকা আজ কোথায় গিয়ে দাঁড়িয়েছে না, ৫০ কোটির জায়গায় ইনফ্লেসান—যে ইনফ্লেসান আজকে দেখছি তাতে এটা সারা ভারতবর্ষে অর্থনীতিতে একটা সঙ্কট ডেকে এনেছে। আমাদের শৈলবাবু বললেন যে ইন্ডাস্ট্রি সব বন্ধ হয়ে যাচ্ছে, ইন্ডাস্ট্রি বন্ধ হয়ে যাচ্ছে কেন বন্ধ হয়ে যাচ্ছে তার কারণ কি? তার কারণ ভারতবর্ষের যে অর্থনৈতিক ব্যবস্থা, যে ধনবাদী অর্থনৈতিক ব্যবস্থা যার ফলে বিদেশী পুঁজির উপর ভারতবর্ষের অর্থনীতি গড়ে তোলার চেষ্টা চলেছে তারই অবশ্যম্ভাবী ফল হিসাবে ভারতবর্ষের শিল্প সংকট দেখা দিয়েছে। তারই দ্বারা অনেক ছোট শিল্প অনেক মাঝারি শিল্পকে আজ সঙ্কটের হাতে পড়তে হয়েছে। আজ এই অবস্থা থেকে যদি উদ্ধার করতে হয় তাহলে আর্থিক ব্যবস্থা ঢেলে সাজাতে হবে। তাই শৈলবাবুকে জানাতে চাই যে অর্থনীতি চালিয়ে এসেছেন, যে ধনবাদী অর্থনীতি সেই অর্থনীতির যে কুফল সে কুফল আজ অর্থনৈতিক ব্যবস্থার স্তরে স্তরে ফলছে। সে কুফল যদি আমরা দূর করতে না পারি তাহলে ছোট শিল্পকে বাঁচান যাবে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে একটা কমিশন করা হয়েছিল তাতে তারা এই কথা স্বীকার করেছেন যে, যে সঙ্কট অবস্থা চলেছে সে সংকট অবস্থায় বড়লোক আরও বড়লোক হচ্ছে, গরীব আরও গরীব হচ্ছে এবং ভারতবর্ষের ৪ হাজার কোটি কাল টাকা বড়লোকদের ঐ যারা শিল্পপতি তাদের হাতে আছে। এই যে আর্থিক এবং সামাজিক ব্যবস্থা সে ব্যবস্থার মধ্যেই বাংলাদেশ। বাংলাদেশ ভারতবর্ষের বাহিরে নয়। ভারতবর্ষের যে অর্থনৈতিক অবস্থা তার অংশ পশ্চিম বাংলা। তার ভেতর থেকে পশ্চিম বাংলার যুক্তফ্রন্ট সরকারকে কাজ চালাতে হচ্ছে। স্যার, আজ একদিকে ওদের চোখের জল পড়ছে বলছেন, খাদ্য পাওয়া যাচ্ছে না। বেকারত্ব বাড়ছে, চাষী জমি পাচ্ছে না। স্কুল, কলেজ হচ্ছে না কিন্তু আমি শুধু একটা প্রশ্ন জানতে চাই কংগ্রেস তরফ থেকে যে ও'রা কি আমাদের সঙ্গে একযোগে দাঁড়াবেন সেই ধনবাদকে উৎখাত করে তার জায়গায় সমাজ ব্যবস্থার প্রতিষ্ঠার ব্যাপারে এবং তাদের হাতে সমস্ত সম্পদ এনে দেওয়ার ব্যাপারে? তাদের হাতেই আজ সমস্ত সম্পদ এনে দিতে হবে। টাটা, বিড়লার দালাল হিসাবে ২০ বৎসর ধরে যে রাজত্ব চালিয়ে এসেছেন তাদের কাছে এই জিনিস আশা করা যায় না। আজ তারা কুম্ভীরাশ্রু বিসর্জন করছেন। আমি আরও কয়েকটি কথা বলতে চাই সংকট আজকে বাংলাদেশে চরমভাবে দেখা গিয়েছে, মূল্য সংকট আজ চরমভাবে দেখা গিয়েছে। আমি অর্থমন্ত্রী মহাশয়ের কাছে এই কথা রাখতে চাই যে, ডেভেলপমেন্ট-এর কথা শুনলাম তাতে ১৭ শত মাইল থেকে নাকি ৫ হাজার মাইল রাস্তা তৈরী হয়েছে। এটা ভাল কথা, কিন্তু মূল কথা তা নয়। দেশের উন্নতি যদি প্রকৃত করতে হয়, যদি সাধারণ মানুষকে আমরা খাদ্য দিতে পারছি কিনা, কাজ দিতে পারছি কিনা, তাদের জীবনে সম্পদ এনে দিতে পারছি কিনা সেটা আজকে বিচার করতে হবে। তাই যুক্তফ্রন্ট সরকারের অর্থকরী বিল সমর্থন করে গিয়ে বলতে চাই যে ১৮ দফা কর্মসূচীর ভিত্তিতে আমরা একত্রিত হয়েছি তা যেন আমরা ভুলে না যাই। সেটা হচ্ছে আমরা যে ব্যবস্থার মধ্যে দিয়ে মঙ্গল করা যাবে সেই মূল কথা। আমাদের সীমাবদ্ধ ক্ষমতা হাতে এসেছে সেই সীমাবদ্ধ ক্ষমতা নিয়ে জনসাধারণকে কাজে লাগাতে হবে এবং সেই জনকল্যাণমূলক কাজে লাগাতে গেলে আজকে আমলাতন্ত্রের উপর নির্ভর করলে চলবে না।

[4-20—4-30 p.m.]

সেজন্য রাইটার্স বিল্ডিংসের উপর নির্ভর করলে চলবে না, রাইটার্স বিল্ডিংসকে ঢেলে না সাজালে জনকল্যাণমূলক কাজগুলি ব্যাহত হয়ে যাবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তাই যুক্ত-ফ্রন্টের তরফ থেকে বলা হয়েছে বিশ্বাস আমলাতন্ত্রে নয়, বিশ্বাস জনসাধারণের উপর রেখে জনসাধারণের উদ্যোগকে বাড়াতে হবে এবং জনসাধারণকে শাসন যন্ত্রের ভেতর নিয়ে আসতে হবে। সেজন্য জনসাধারণ যদি শাসনযন্ত্রের ভেতরে এসে সরকারের পাশে দাঁড়ায় এবং যাতে তারা সরকারী কার্যক্রমকে সফল করতে পারে সেদিকে নজর যুক্তফ্রন্টকে রাখতে হবে। আজকে জনসাধারণ রাস্তায় নেমে এগিয়ে আসছে সরকারকে সাহায্য করবার জন্য, মজুর এগিয়ে আসছে সরকারকে সাহায্য করার জন্য, চাষীরা এগিয়ে আসছে, শ্রমিকরা, ছাত্ররা এগিয়ে আসছে সরকারকে সাহায্য করতে—তাই ওপক্ষের আজকে আতঙ্ক দেখা দিয়েছে। জনসাধারণ যখন রাস্তায় নেমে তাদের মোকাবিলা করে নিতে যায় তখন ধনিকবাদী যারা তাদের মন আতঙ্কিত হয়, প্রতিক্রিয়াশীল শক্তি আতঙ্কিত হয়ে উঠে। যুক্তফ্রন্ট সরকারকে এই কথা মনে রাখতে হবে যে ওদের চক্রকে ভাঙ্গতে হবে। এইদিকে যেন যুক্তফ্রন্ট সরকারের দৃষ্টি ঝাপসা হয়ে না যায়, সেই দৃষ্টি যেন পরিস্কার থাকে। সেই দৃষ্টি হচ্ছে জনগণের মঙ্গলের দৃষ্টি, জোতদার ও মালিকদের মঙ্গলের দৃষ্টি নয়। তাই আজ চারিদিক থেকে আওয়াজ উঠেছে, কথা উঠেছে যে আন্দোলন হয়ে এই সরকারকে কাজ করতে দিচ্ছে না। আন্দোলনকে আরো বাড়াতে হবে এবং আন্দোলনের পথকে আরো প্রশস্ত করতে হবে—একে আরো সুষ্ঠু জায়গায় নিয়ে যেতে হবে। এই চক্র কাদের সেটা আমরা জানি। ঐ টাটা বিড়লার দালাল যারা বসে আছে তারা যে চক্র করবে এটা আমরা জানি। আজকে তাই কৃষক রাস্তায় ঝান্ডা নিয়ে বেরিয়েছে। আপনি জানেন গত ৪ মাস ধরে হাজার হাজার মানুষ বিধানসভার সামনে এসেছে তাদের দাবী পেশ করতে। তারা বিশৃঙ্খল হয় নি, সরকারের কাছে তাদের বক্তব্য পেশ করেছে। এ তো শুভ সূচনা। এই সূচনায় ওঁরা আতঙ্কিত হচ্ছেন কেন? আতঙ্কিত হওয়া উচিত নয়। তাই এই অর্থ বিল সমর্থন করতে গিয়ে যেকথা আমি বলতে চাই সেটা হচ্ছে এই আমরা খুব বেশী আশাও করিনা, ভরসাও করিনা যে সরকার সমাজতন্ত্র প্রতিষ্ঠা করতে পারবে। শুধু একটি কথা ভাবি সরকারের সার্থকতা থাকবে যদি সরকার কোন আন্দোলনকে বিস্তৃত করতে পারে, জনসাধারণের হাতে ক্ষমতা তুলে দিতে পারে। বাংলাদেশের মানুষ আজকে কাঁদছে, খেতে পাচ্ছে না, জমি থেকে বঞ্চিত হয়ে যাচ্ছে, চাকরী থেকে বঞ্চিত হয়ে যাচ্ছে। আজকে সেই মানুষের হাতে ক্ষমতা দিন, তবেই সরকারের কাজ সফল হবে। এই কথা বলে আমি এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅনিলধর গুহ নিয়োগী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের এখানে যে এ্যাপ্রোপ্রিয়েশন বিল উত্থাপন করা হয়েছে তাকে সমর্থন করে আমি আপনার মাধ্যমে ২।৪টি কথা বলতে চাই। প্রথম কথা হচ্ছে এই, কংগ্রেস বাজেটের উপর বাংলাদেশের জনসাধারণের যে বিক্ষোভ ছিল তারই ফলে আজকে যুক্তফ্রন্ট সরকার আমরা গঠন করেছি। সেইজন্য আজ তারা বিভিন্ন আশা আকাংখা নিয়ে আমাদের দিকে চেয়ে বসে আছে যে কিভাবে এই বাজেট কার্যকরী করা হবে। এই বাজেট শুধু আমাদের এই বিধানসভার নয়, সমগ্র বাংলাদেশের সাধারণ লোকের বাজেট। কাজেই আমরা যাদের দিকে লক্ষ্য রেখে এই ব্যয়-বরাদ্দ স্থির করেছি সেটা যাতে যথার্থভাবে কার্যকরী হতে পারে সেদিকে আমাদের কর্তৃপক্ষকে স্মরণ রাখতে বলি। দীর্ঘদিন কংগ্রেস রাজত্বের মধ্যে যেসমস্ত এলাকায় তাঁরা কোনরকম কাজ কর্মের দিকে নজর দেন নি সেই সমস্ত এলাকার দিকে বিশেষভাবে দৃষ্টি দেবার জন্য অনুরোধ জানাচ্ছি। আমি যে এলাকার লোক—অর্থাৎ সেই উত্তর বাংলা বিগত ২০ বছর যাবত অবহেলিত অবস্থায় ছিল এটা আপনারা সকলেই জানেন। আমাদের জেলাটি ডেফিসিট এলাকার অন্তর্ভুক্ত এবং সেখানে খাদ্যাভাব গোড়া থেকেই ছিল। সেখানে অধিক খাদ্য ফলানোর নামে অজস্র টাকা ব্যয় হয়েছে, কিন্তু কোন কার্যই তাতে হয়নি। এই বাজেট বরাদ্দের মধ্যে যুক্তফ্রন্ট সরকার সেই সমস্ত দপ্তরের দিকে নজর দিয়েছেন। সুতরাং তাঁদের নূতন আশা, ভরসা, উদ্দীপনা আছে এবং তাঁরা সেই আশা, উদ্দীপনাকে কাজে লাগাতে পারবেন এই আশা আমরা রাখি।

আজকে যাতে তাঁরা যথার্থভাবে বাংলাদেশের সাধারণ লোকের উপর নজর দেন যুক্তফ্রন্ট সরকার লক্ষ্য রাখবেন। আমরা আশা করি আমাদের যে সমস্ত সরকারী কর্মচারী আছেন তাঁরা সেদিকে নজর রেখে যথার্থভাবে কাজ চালাবেন, কারণ আজকে আমাদের অনেক কিছু অসুবিধার

মধ্য দিয়ে চলতে হচ্ছে। আজকে কংগ্রেসী যাঁরা বিরোধীদলে আছেন তাঁদের ইঙ্গিতে সেন্ট্রাল চলে এবং তাঁরা ভাবছেন যে সেন্ট্রাল বাংলাদেশের জনসাধারণের উপর তাদের কতৃত্ব করতে পারবে। এই যদি তাদের ধারনা হয়ে থাকে তাহলে সেটা ভুল ধারনা। আমি বিশ্বাস করি যুক্তফ্রন্ট সরকারের যে কর্মসূচী নেওয়া হয়েছে সেটা যথার্থভাবে কার্যকরী করতে পারবো। বিভিন্ন বাজেটে এই বিষয়ে বলা হয়েছে। কৃষকদের জলের ব্যাপারে, লোনের ব্যাপারে, সেচের ব্যাপারে, বীজের ব্যাপারে ইরিগেসনের ব্যাপারে—আশা করি সেগুলি যথার্থভাবে আমরা কাজে লাগাতে পারবো। কৃষক সমাজ আমাদের সাথে থাকবে এবং সেই কৃষক সমাজকে জানিয়ে দেয়া হয়েছে যে ৩ একর পর্যন্ত যাদের জমি তাদের খাজনা দিতে হবে না। সুতরাং গ্রামের যে চাষী তারা ঐ যুক্তফ্রন্ট সরকারের নীতিকে সাহায্য করবে। আমরা শ্রমিকদের বলেছি তাদের যে সমস্ত ছাটাই এবং মালিকদের ঔদ্ধত্য তা বরদাস্ত করা হবে না এবং তার জন্য ব্যয়-বরাদ্দ আমরা বাজেটে রেখেছি যার ফলে আজকে শ্রমিক সংগঠন আমাদের সঙ্গে থাকবে। স্বাস্থ্যের ব্যাপারে আমরা বলেছি এবং তার জন্য যে ব্যয়-বরাদ্দ ধরা হয়েছে যে সাধারণ লোকের যাতে স্বাস্থ্যের উন্নতি হতে পারে সেদিকেও নজর দিয়েছি এবং শিক্ষাখাতেও আমরা যথেষ্ট ব্যয়-বরাদ্দ রেখেছি। সুতরাং সাধারণ লোক আমাদের পাশে এসে দাঁড়িয়েছে এই যুক্তফ্রন্ট সরকারকে আরো শক্তিশালী করার জন্য। সেজন্য আজকে বিরোধীদল আতঙ্কগ্রস্ত। এইরকম আতঙ্কগ্রস্ত হওয়ার কোন কারণ নেই, কারণ ওঁরা ২০ বছর রাজত্ব করেছেন এবং বুঝেছেন। কিন্তু জনসাধারণকে হাতে রাখতে পারেন নি। সুতরাং আজকে গণ্ডগোল না করে যুক্তফ্রন্ট সরকার যে বাজেট বরাদ্দ এনেছেন সেটাকে সুষ্ঠুভাবে কাজে লাগাতে দিন, দেখবেন বাংলাদেশের চেহারা পালটে যাবে। আমি বিশ্বাস করি আজকে যদি বিরোধীপক্ষ সহযোগিতা করেন তাহলে সেন্ট্রাল আমাদের কাজের ফল বুঝতে পারবেন। আজকে বাংলাদেশের জনসাধারণের সামনে বিশেষ করে যুক্তফ্রন্ট সরকারের সামনে বিরাট দায়িত্ব রয়েছে, সেটা হচ্ছে আজকে সমাজতান্ত্রিক সমাজবাদ—এটা কার্যকরী করতে পারুক আর না পারুক আজকে পার্লামেন্টারী পদ্ধতিগুলোর মধ্য দিয়ে সত্যই ভারতবর্ষের সমস্যার সমাধান করা যাবে কি যাবে না—সেটার সমাধানের দায়িত্ব যুক্তফ্রন্ট সরকার নিয়েছেন। সুতরাং সেদিকে লক্ষ্য রেখে আমাদের কতৃপক্ষকে বলবো যে, যে ব্যয়-বরাদ্দ পেশ করা হয়েছে সেটা যথার্থভাবে কাজে লাগান এবং বাংলাদেশ [illegible] দেখে ভবিষ্যতে তার [illegible] দেবে এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীগোপালদাস নাগঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় আজকে অর্থমন্ত্রী মহাশয় যে অর্থ [illegible] সে সম্বন্ধে কিছু বক্তব্য রাখবো। আজকে সরকার [illegible] বিশ বছরের কুশাসনের কথা বার বার বলেছেন। [illegible] কথা কংগ্রেস সরকার একদিন বলতো সেই কথা [illegible] তাঁদের মুখ দিয়ে [illegible] তাদের সীমিত ক্ষমতা [illegible] কি করবো? [illegible] আমরা কিছু করতে পারছি না, [illegible] কথা বলে [illegible] অকর্মণ্যতা [illegible] চেষ্টা [illegible]। মাননীয় [illegible] মহাশয়, আপনি যদি একটু দেখেন তাহলে দেখবেন যে কংগ্রেসের আমলে যে অ্যাচিভমেন্ট হয়েছে, সেই অ্যাচিভমেন্টস কম নয়, তবে এটা ঠিক যে, জনসংখ্যা যেভাবে বেড়েছে সেই অনুযায়ী অ্যাচিভমেন্টস যে খুব ভাল হয়েছে তা আমি বলবো না, কিন্তু কিছুই হয় নি, যেভাবে বলা হচ্ছে সেটা ঠিক নয়। আজকে যেসমস্ত স্কুল কলেজ, রাস্তাঘাট আমরা দেখতে পাচ্ছি, ট্রান্সপোর্টের ব্যবস্থা দেখতে পাচ্ছি তাতে মনে হচ্ছে যেন রাতারাতি চলে এসেছে, এই কাজের জন্য কংগ্রেস সরকারের কোন দাম নেই?

[4-30—4-40 p.m.]

আমি একটা পরিসংখ্যান থেকে দেখবো—

short notes on West Bengal agricultural development.

এই কংগ্রেস সরকারের আমলে প্ল্যান পিরিয়ড-এর পূর্বে রাইস-এর অবস্থাটা ছিল (১৯৪৭ হইতে ১৯৫১) ৩৬·২১ লক্ষ টন। ১৯৫১-এ ছিল ৩৬·২১ লক্ষ টন; ফার্স্ট প্ল্যান পিরিয়ড ১৯৫১-৫৬ সালে দেখা যাচ্ছে ৩৬·২১ লক্ষ টন থেকে ৩৭·১১ লক্ষ টন হয়েছে; সেকেন্ড প্ল্যান পিরিয়ড-এ ১৯৫৬-৬১ সালে ৪৪·২৮ লক্ষ টন; ১৯৬১-৬২ সালে ৪৭·৯৮ লক্ষ টন; ১৯৬২-৬৩ সালে ৪৪·১০ লক্ষ টন; ১৯৬৩-৬৪ সালে ৫০·৩১ লক্ষ টন; ১৯৬৪-৬৫ সালে ম্যাক্সিমাম হয়েছিল ৫৭·৬৫ লক্ষ টন; আর ১৯৬৫-৬৬ সালে ড্রট-এর কারণে কমে

গেছে। আর গত বছর কম হয়েছে—এটা অস্বীকার করবার উপায় নাই। আমি আশা করি না যুক্তফ্রন্ট পাঁচ মাসের মধ্যে সমস্ত সমস্যার সমাধান করতে পারবেন। তবে দেখতে হবে যুক্তফ্রন্ট সরকার আগে কি বলেছিলেন এবং এখন কি বলছেন। বাংলাদেশে নাকি ঘাটতি এলাকা নয়, প্রচুর খাদ্য মজুত আছে। কেবল কংগ্রেস সরকার জোতদার ও মজুতদারদের সরকার বলে তাদের সাহায্য করবার জন্য সমস্ত জিনিস লুকিয়ে রেখেছে। তারপর যখন যুক্তফ্রন্ট ক্ষমতা পেল, তখন কি করছেন! আমি বলবো দলের থেকে দেশ বড়—দেশের লোক যদি সত্যিকার দু-মুঠো খেতে পায়, একটু কাপড় পরতে পায়, চিকিৎসার সুযোগ পায়, মাথা গোঁজবার মত একটু আশ্রয় পায়, তাহলে তারা নিশ্চয়ই সরকারকে আশীর্বাদ করবে। যুক্তফ্রন্ট সরকার থাকুক আমার আপত্তি নাই! কিন্তু যুক্তফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে কি করেছেন? দুটো সমস্যার সমাধান করেছেন—খাদ্যের অবস্থা উন্নতি না হয়ে আরো অবনতি হয়েছে, কংগ্রেস আমলে চালের দাম যে হার ছিল, এই পাঁচ মাসের যুক্তফ্রন্ট সরকারের আমলে সেই মূল্য হার ডবলেরও বেশী বৃদ্ধি পেয়েছে। কংগ্রেস আমলে চালের দাম দেড় টাকা কেজির বেশী হয় নাই। আজ এই যুক্তফ্রন্ট সরকারের আমলে সাড়ে তিনটাকা, চার টাকা কেজি হয়েছে। এর চেয়ে দুঃখের আর কি হতে পারে! এই সমস্যার সমাধান না করতে পেরে এখন কেন্দ্রীয় সরকারের কথা বলছেন্। আমি বলবো এখানে যখন কংগ্রেস সরকার ছিল, তখন কেন্দ্রীয় সরকার তাদের কথামত চাল কখনো দিতে পারে নি। ইলেকশনের আগে রেশন তো প্রায় বন্ধ হয়ে গিয়েছিল। তখন এই কংগ্রেস সরকার কেন্দ্রের কাছে বলেছিল তোমরা চাল দিলে আমরা রেশন দিতে পারি। কেন্দ্রীয় সরকার তখন পারে নি। কারণ চাল তাদের কাছে ছিল না। এখানে কংগ্রেস সরকার থাকা সত্ত্বেও কেন্দ্র তাদের সেই কথা বলেছিল। ডাঃ ঘোষও স্বীকার করেছেন কংগ্রেস সরকার থাকলেও কেন্দ্র যা দিয়েছে তার চেয়ে বেশী দিতে পারতো না। এর জন্য আসলে দায়ী কে? যুক্তফ্রন্ট সরকার, তাদের দোষ ঢাকবার জন্য এখন ওঁরা কেন্দ্রীয় সরকারের কথা বলছেন। নিখিলবাবু বললেন—আমরা নাকি জোতদারদের বন্ধু। তাঁরা এই সমস্ত কথা বলে এঁদের কৃত পাপ ঢাকবার চেষ্টা করছেন। প্রেসিডেন্সি কলেজ-এর ল্যাবোরেটরি যে সমস্ত দুর্বৃত্তরা নষ্ট এবং লুটপাট করেছেন তাদের বিরুদ্ধে যুক্তফ্রন্ট সরকার কেস উঠিয়ে নিয়েছে। অথচ আমরা নাকি দুর্বৃত্তদের সাহায্য করেছি। যাদের বিরুদ্ধে লেভী না দেওয়ার কারণে কেস হয়েছিল। যাদের কাছ থেকে লেভী আদায় করা যেতে পারতো, সেই সমস্ত লোকের বিরুদ্ধে লেভী কেসগুলি এই সরকার প্রত্যাহার করে নিয়েছেন। আরো দেখবেন বড় বড় ব্যবসায়ীরা ব্ল্যাক মার্কেটিয়াররা চাল কিনে রাখতে পারে, তার জন্য অবাধ ক্ষমতা তাদের এঁরা দিয়েছিলেন - কোন রেসট্রিকশন থাকলো না এক মাস, দু মাস ধরে, আর এখন পি ডি অ্যাক্ট-এর প্রয়োগ সমাজ বিরোধীদের বিরুদ্ধে হচ্ছে না। যারা কংগ্রেসকে গত নির্বাচনে ভোট দিয়েছিল, যারা ওদের সাহায্য করে নাই, তাদের বেছে বেছে এই পি ডি অ্যাক্ট-এর আওতায় ফেলা হচ্ছে। একটু খোঁজ নিয়ে দেখবেন তাদের বিরুদ্ধে মিথ্যা কাল্পনিক অভিযোগ এনে এই সমস্ত লোককে এঁরা আটক করেছেন। আজকে আমাদের এই ডেমোক্র্যাটিক কান্ট্রিতে যদি আইন-শৃঙ্খলা বজায় না রাখতে পারি, তাহলে মানুষের জীবন কখনো বিপদমুক্ত হতে পারে না। মানুষকে নিরাপত্তা নিয়ে বাস করতে দিতে হবে, তাদের বলার অবাধ অধিকার দিতে হবে এবং সঙ্গে সঙ্গে তাদের জীবনের নিরাপত্তারও ব্যবস্থা করতে হবে, আজকে বাম কমিউনিস্ট পরিচালিত ট্রেড ইউনিয়নের ঠেলায় রাস্তাঘাটে কোথাও মানুষের জীবনে নিরাপত্তা নাই। রাহাজানি করছে, খুন করছে। খবরের কাগজ দেখলেই বুঝতে পারবেন যে, আজকে নকশালবাড়ির ঘটনাকে কেন্দ্র করে সমস্ত জায়গায়, চারিদিকে ছড়িয়ে পড়েছে অরাজকতার দৃশ্য।

স্যার, আমি মুর্শিদাবাদ জেলার কথা বলছি। মুর্শিদাবাদ জেলায় বহরমপুর এলাকায় যখন লুটতরাজ আরম্ভ হয়, দোকানপাট ভেঙ্গে লুটপাট করতে থাকে, তখন সেখানে পুলিশ গিয়ে হাজির হয়।

স্যার, বামপন্থী কমিউনিস্ট দলের কয়েকজন নেতা, সেখানে পুলিশকে বলে দেয় যে, আমরা যুক্তফ্রন্ট সরকারের তরফ থেকে বলছি তোমরা এখান থেকে সরে যাও। এইভাবে বলে, সেখান থেকে পুলিশকে সরিয়ে তারা সেখানে লুটতরাজ আরম্ভ করে। তারপর চিফ মিনিস্টারের অনুমতি নিতে এক ঘণ্টা, দু ঘণ্টা কেটে যায়, তারপর সেখানে পুলিশ যায়। এই এক ঘণ্টা, দু-ঘণ্টা ধরে তারা অবাধে সেখানে লুটপাট চালিয়ে ছিল গণ কমিটির নামে। সেখানে একজন

পোস্টাল পিয়ন, তার স্ত্রীর একটা কানপাশা বিক্রয় করে, সেই অর্থ দিয়ে দুই বস্তা চাল কিনে ঘরে রেখে দিয়েছিল, ভবিষ্যতে অভাব মেটাবে বলে। সেখানে সেইসব বামপন্থী নেতাদের মধ্যে একজন ঘরে ঢুকে বলে 'আই সিজ দিজ টু বস্তা চাউল'। এই বলে তারা তার ঐ দু বস্তা চাল কেড়ে নেয়। তার কোন ওয়ারেন্ট ছিলো না; কোন পুলিস সেখানে উপস্থিত নেই, তারা সেই চাল কেড়ে নিয়ে চলে গেলো। সরকারের গণ কমিটির এই যে সব লোক, তারা যা খুসী করে বেড়াচ্ছে, অথচ পুলিশ তাদের বিরুদ্ধে কিছু করতে পারছে না। জঙ্গিপুরে যান, সেখানে দেখবেন গণ কমিটির লোকরা ঘর, বাড়ির মধ্যে ঢুকে লুটতরাজ ও নানারকম অত্যাচার করেছে। পুলিশের কাছে গেলে, তারা বলে তাদের আদেশ নেই, তারা কিছু করতে পারবে না। পুলিশকে নিষ্ক্রিয় করে রেখে, দেশের মধ্যে ল অ্যান্ড অর্ডার ও আইনশৃঙ্খলা ভঙ্গ করে, একটা অরাজকতা সৃষ্টি করে, তারা গণতন্ত্রকে হত্যা করেছে। একদল লোক আছেন, তাঁরা গণতন্ত্রকে বিশ্বাস করেন না সংবিধানকেও বিশ্বাস করেন না। আমরা সকলে জানি যে আজ দেশের মধ্যে এই ধরনের সব অরাজকতা যদি চলতে থাকে, তাহলে যুক্তফ্রন্ট সরকার আর বেশীদিন তাঁদের রাজ্য শাসন ভার চালাতে পারবেন না। আজকে নকশালবাড়িতে যে ঘটনা ঘটেছে, তাতে দেখা যায় সেখানে ডাকাতি হয়েছে একটি এবং লুট ও রাহাজানি হয়েছে ১৭টি। আজকে চিফ মিনিস্টারের বক্তৃতার এটি প্রকাশিত হয়েছে যে খড়িবাড়িতে ৮১টি এবং ফাঁসিদহে ৬১টি লুঠতরাজ ও রাহাজানির ঘটনা সংঘটিত হয়েছে। এই যে নাম্বার অব কেসেস-এর কথা তিনি বলেছেন, তাতে এইটাই প্রমাণিত হচ্ছে যে, হ্যাঁ, বর্তমান যুক্তফ্রন্ট সরকার কিছু উন্নতি নিশ্চয়ই করেছেন। তাঁদের বর্তমান শাসন পদ্ধতি ও নীতি পরিচালিত হওয়ার ফলে আজকে দেশের মধ্যে অরাজকতা, চুরি, ডাকাতি, রাহাজানি বেড়েছে। তারপর নারীর উপর অত্যাচার বেড়েছে। বিশেষ করে পাশবিক ঘটনা বেড়েছে। আর কি করেছেন তারা? জনসাধারণের নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম বাড়িয়েছেন। বিশেষ করে খাদ্যশস্য ও চালের দাম বাড়িয়েছেন। কংগ্রেস আমলে যেখানে ১৩শো গ্রাম চাল ও হুইট রুর‍্যাল এরিয়ায় দেওয়া হত, আজকে সেখানে যুক্তফ্রন্ট সরকার আসার ফলে, এক ছটাকও দেওয়া হচ্ছে না। আজকে গ্রামের লোককে বঞ্চিত করে, শহরের মানুষকে খাওয়ানর ব্যবস্থা তাঁরা করেছেন। আজকে তাঁদের খাদ্যনীতির ফলে, দেশের মধ্যে এমনই অবস্থা সৃষ্টি করেছেন যে চার মাসের মধ্যে পশ্চিমবঙ্গের বহু স্থানে লঙ্গরখানা খুলতে বাধ্য করেছেন। তাঁরা দেশের মধ্যে দুর্ভিক্ষ ডেকে এনেছেন। তাঁদের নিজেদের মধ্যে মতের মিল নেই। খাদ্য নীতি যুক্তফ্রন্ট সরকার ক্যাবিনেটে সকলে মিলে ঠিক করছেন, আর অপর দিকে বাইরে ঐ বামপন্থী কমিউনিস্ট নেতা সুন্দরায়া, প্রমোদ দাসগুপ্ত, তাঁরা ডাঃ ঘোষের খাদ্যনীতির বিরুদ্ধে আন্দোলন করছেন, নানারকম বিরুদ্ধ মতবাদ প্রচার করছেন। যুক্তফ্রন্ট সরকার যে কর্মসূচী গ্রহণ করেছেন, তার প্রতি তাঁদের কোন আনুগত্য নেই। তাঁরা পরস্পর পরস্পরকে গালাগালি দিচ্ছেন, দোষারোপ করছেন। আমি আরও দেখাবো, তাঁরা কিভাবে দেশের সমস্ত জিনিস ও মানুষকে কোথায় নিয়ে যাচ্ছেন। ৯ই জুলাই তারিখে, পশ্চিমবঙ্গের পঞ্চায়েতে যেসমস্ত সচিব আছেন তাঁরা এখানে এসেছিলেন আমাদের খাদ্যমন্ত্রী ও পঞ্চায়েত মন্ত্রী প্রভৃতিদের সাথে এক সম্মেলনে যোগদান করতে। ৯ই জুলাই তারিখে ঐ সম্মেলন অনুষ্ঠিত হবার পর ২২-৭-৬৭ তারিখে আর একটি সম্মেলন আহবান করা হয়। সেই সম্মেলনে সচিবদের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। তাঁরা সেখানে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর কাছে তাদের কর্মচারীবৃন্দের নানারকম দাবীদাওয়া ও অসুবিধার কথা জানান। তাঁরা বলেন তাদের যে বেতন দেওয়া হয়, তা অতি সামান্য। তাঁরা চেয়েছিলেন তাদের সরকারী কর্মচারী হিসাবে গণ্য করা হোক এবং সরকারী কর্মচারীদের বেতন, অ্যালাওয়েন্স প্রভৃতি যা দেওয়া হয়, তা তাদের ক্ষেত্রেও প্রযোজ্য করা হোক। তাদের আরও অনেক দাবীদাওয়া ছিল, তার মধ্যে এটাই ছিল তাদের মেন ডিমান্ড।

[4-40—4-50 p.m.]

সেই সময় তাঁরা আমাদের মন্ত্রী শ্রীবিশ্বনাথ মুখার্জীর কাছে গিয়েছিলেন। শ্রীবিশ্বনাথ মুখার্জীর যে ভার্সান সেই সচিবদের সহ-সভাপতি পশ্চিমবঙ্গ অঞ্চল পঞ্চায়েত সচিব সমিতির প্রতি তা অত্যন্ত বেদনাদায়ক, যুক্তফ্রন্ট সরকারের সেচ মন্ত্রী শ্রীবিশ্বনাথ মুখার্জির সাক্ষাৎ করিয়া সমিতি তাঁর নিকট একটি স্মারকলিপি পেশ করেন। স্মারকলিপি গ্রহণের প্রাক্কালে শ্রী মুখার্জী উত্তেজিত হইয়া অত্যন্ত অভব্য ও অশোভনীয় আচরণ করেন সচিব সমিতির প্রতিনিধিদের সঙ্গে। তিনি তাঁরাদের বিরুদ্ধে কংগ্রেসের দালাল, জুয়াচোর, বাটপাড় এবং যুক্তফ্রন্ট সরকারের টাকা

খেয়ে কংগ্রেসের সাহায্যকারী প্রভৃতি আপত্তিকর ও অপমানজনক ভাষা ব্যবহার করেন। তিনি প্রশ্ন করেন আপনারা আমাদের পার্টির জন্য কি করেছেন? প্রতিনিধিদলকে তিনি এই বলিয়া আরো শাসান যে, পঞ্চায়েত অফিসে সচিবদের না ঢুকিতে দিবার এবং তাহাদের উপর দৈহিক বলপ্রয়োগ করা ও প্রহার ইত্যাদি দেওয়ার জন্যও তিনি কোথাও কোথাও নির্দেশ দিয়াছেন। ক্রুদ্ধকণ্ঠে তিনি বলিতে থাকেন সচিবদের রক্ষার জন্য জেলা ম্যাজিস্ট্রেট আসে না। অন্য কে আসে তাহা আমি দেখিয়া লইবো। অতঃপর তিনি উত্তেজিতভাবে খেদ প্রকাশ করেন আমি জানি বি ডি ও পঞ্চায়েত সেক্রেটারি, পুলিশ এবং শতকরা ৫০ ভাগ উচ্চপদস্থ সরকারী কর্মচারী আমাদের বিরোধী। কেবলমাত্র নিম্নপদস্থ কেরাণীদের শতকরা ৭৫ জন আমাদের পক্ষে। এইভাবে তিনি এইসমস্ত কথা বলেছেন। তিনি তাঁদের তারপর তাড়িয়ে দেন। আজকে সরকারী কর্ম-চারীদের তাঁরা পার্টির কাজে লাগাতে চাচ্ছেন, তাদের বাধ্য করা হচ্ছে যে, সরকারী কর্মচারী তাদের পার্টির কাজ করে। আজকে প্রয়োগ বিলের মারফত যে টাকা খরচ করা হবে সরকারী কর্মচারীদের তাঁদের কাজ করার জন্য এইভাবে যদি সেই টাকা ব্যয়িত হয় তাহলে আমরা এর সম্পূর্ণ বিরোধীতা করছি। আমি আরো বলবো যে, আজকে তাঁদের অপকর্ম, কুকর্ম ঢাকবার জন্য বিশ বছরের কংগ্রেসের কল্পিত কুশাসনের কথা বলছেন। এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবিভূতিভূষণ দাশগুপ্ত ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য পঞ্চায়েত মন্ত্রী সম্বন্ধে যে কথা বললেন বিশ্বনাথ মুখার্জী তখন পঞ্চায়েত মন্ত্রীর চার্জে ছিলেন, আমি সেই কথাই বলছি।

মিঃ ডেপুটি স্পীকার ঃ বিভূতিবাবু, উনি যা বলেছেন বিশ্বনাথ মুখোপাধ্যায়ের নাম করে বলেছেন। আপনার দপ্তর হয়ত তখন বিশ্বনাথবাবুর হাতে ছিল সেইজন্য বলেছেন। আপনার নাম উল্লেখ করেছেন পঞ্চায়েত দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী হিসাবে কিন্তু ঘটনাটার বিশ্বনাথবাবুর কথা উল্লেখ করেছেন।

শ্রীবিভূতিভূষণ দাশগুপ্ত ঃ আমি যেটা বলছি সেটা হচ্ছে বিশ্বনাথবাবুর কাছে যে রিপ্রেজেন-টেশন দিয়েছিল আপনাদের পঞ্চায়েত সেক্রেটারীরা কাছে এক্সপ্লেন করা হয়েছে, সে সম্বন্ধে আমি বলছি। বিশ্বনাথবাবুর সম্বন্ধে যাই বলুন সে এক্সপ্ল্যানেশন বিশ্বনাথবাবু দেবেন, কিন্তু অঞ্চল পঞ্চায়েতের সেক্রেটারীরা তাঁর কাছে রিপ্রেজেনটেশন দিয়েছিল সেই সমস্ত সেক্রেটারীর কথা উল্লেখ করে যখন তিনি বলছেন [illegible] সেই সমস্ত সেক্রেটারীদের সম্বন্ধে [illegible] কথা বলা আমি প্রয়োজন বলে মনে করি। পঞ্চায়েত [illegible]দের একটা সম্মেলন হয়েছিল নির্বাচনের আগে, সেই সম্মেলনে [illegible] গিয়েছিলেন। আমাদের পঞ্চায়েত দপ্তরের যিনি সেক্রেটারী তিনিও সেখানে উপস্থিত ছিলেন। তাঁদের যে সমস্ত দাবী ছিল তার মধ্যে একটা প্রধান দাবী ছিল এই যে, তাঁদের সরকারী কর্মচারী রূপে গণ্য করা হোক এবং তাঁদের যে সমিতি সেটাকে সরকারীভাবে স্বীকার করা হোক। আমি তাঁদের সমিতিকে সরকারীভাবে স্বীকার করবো বলে ঘোষণা করেছি কিন্তু তাঁদের সরকারী কর্মচারী বলে স্বীকার করবার যে ব্যবস্থাটা সেটা আমি বলেছি যে আমরা বিবেচনা করে দেখবো। কিন্তু ইতিমধ্যে পঞ্চায়েত সেক্রেটারীদের নাম করে যে কথা বলা হয়েছে আমি জানি যে পঞ্চায়েত সেক্রেটারিদের কি পোজি-শনে এঁরা ফেলে গিয়েছেন, অদ্ভুত অবস্থা তাঁদের।

মিঃ ডেপুটি স্পীকার ঃ বিভূতিবাবু, আপনি যদি এই বিলের উপর বক্তৃতা দিতে চান অন দিস সাবজেক্ট তাহলে সার্টেনলি আই উইল অ্যালাউ ইউ। আর যদি আপনার পার্সোনাল এক্স-প্লানেশান যেটুকু সেটুকু যদি বলতে চান তাহলে সেটুকু বলুন, তা না হলে বিলের উপর যদি বলতে চান তাহলে বলুন।

শ্রীবিভূতি ভূষণ দাশগুপ্ত ঃ স্যার, তাইলে আমি আশা করবো আমার বলার সময় আমাদের এ পক্ষের হোক আর ও পক্ষেরই হোক, মাননীয় সদস্যগণ সম্পূর্ণরূপে বিধানসভার যে সুষ্ঠু নীতি সেটার দিকে লক্ষ্য রেখে তাঁরা থাকবেন এবং আচরণ করবেন। এখানে পঞ্চায়েত সম্বন্ধে যখন উল্লেখ করা হয়েছে তখন বিশদভাবে পঞ্চায়েত সম্বন্ধে বলে যাচ্ছি এবং যখন ডেপুটি স্পীকার মহাশয় আমাকে অনুমতি দিয়েছেন। পঞ্চায়েত সেক্রেটারিদের সম্বন্ধে একটা অদ্ভুত পরিস্থিতি

আমি দেখেছি। সে অদ্ভুত পরিস্থিতি হচ্ছে এই পঞ্চায়েত সেক্রেটারিদের মাইনে দেওয়া হয় সরকার থেকে, কিন্তু তাঁদের নিযুক্ত করেন জেলা পরিষদের স্ট্যান্ডিং কমিটি এবং তাদের উপর কর্তৃত্ব করেন অঞ্চল পঞ্চায়েতের প্রধান এবং ফলে হয়েছে এই যে, একটা অদ্ভুত পরিস্থিতির সৃষ্টি হয়েছে।

Shri Siddhartha Sankar Roy: On a point of order. This is against the Law, against the statute which has been passed. The Law is there i.e., the Panchayat Act, so, law can be criticise the Act?

শ্রীবিভূতিভূষণ দাশগুপ্তঃ আমি বলছি আইনের ফলে যে অবস্থার সৃষ্টি হয়েছে.........

Shri Siddhartha Sankar Roy: It was sent for eliciting public opinion.

Mr. Deputy Speaker: He is just explaining the position of the Panchayat Department.

Shri Siddhartha Sankar Roy: The Hon'ble Minister is trying to say that the existing Law with regard to Panchayat is bad in some respect. The matter has, as I understand, been sent for eliciting public opinion.

শ্রীবিভূতিভূষণ দাশগুপ্তঃ আপনারা বিখ্যাত বিখ্যাত আইনজীবী হয়ে এই কথা বলছেন? পাবলিক ওপিনিয়নের জন্য মোটেই দেওয়া হয় নি।

শ্রীজ্যোতি বসুঃ স্যার, শ্রীসিদ্ধার্থশংকর রায় কি বললেন পয়েন্ট অব অর্ডারে, না প্রিভিলেজে, না কি সেটা কিছুই বুঝতে পারলাম না।

শ্রীসিদ্ধার্থশংকর রায়ঃ বুঝতে পারলে কিছু কাজ করতে পারতেন, বোঝার ক্ষমতা নেই।

শ্রীজ্যোতি বসুঃ অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, উনি যেটা বললেন আমি ওঁকে বহুদিন থেকে জানি, অনেকে তা জানেন না, কথা হচ্ছে উনি আমাদের রুলস অব প্রোসিডিয়োর, পার্লামেন্টারী প্র্যাকটিস, মেস পার্লামেন্টারী প্র্যাকটিস কিছুই কোনদিন পড়েন নি, জানেনও না। কারণ এটা কোন সাব-জুডিস ম্যাটার নয়।
উনি উঠেই বললেন- (নয়েজ) এত চেঁচিয়ে কি হবে . . ..

Mr. Deputy Speaker: I have allowed Mr. Jyoti Basu to explain. Please let me hear what he wants to say.

Shri Siddhartha Shankar Ray: On a point of order, Sir.

Mr. Deputy Speaker: You have stood on a point of order and Mr. Basu has also on a point of order been explaining.

Shri Siddhartha Shankar Ray: Can there be a debate on a point of order?

Mr. Deputy Speaker: Yes, there can be.

[4-50—5 p.m.]

শ্রীজ্যোতি বসুঃ ডেপুটি স্পীকার মহাশয়, উনি এটুকুও জানেন না একজন একটা পয়েন্ট অফ প্রিভিলেজ বা পয়েন্ট অফ অর্ডার তুললে তাতে আরও পাঁচ জন সেখানে অভিমত দিতে পারে (নয়েজ)—আমি যেটা বলছিলাম কোন বিষয় যদি বিচারাধীন থাকে সাব-জুডিস তাহলে এটা এখানে আলোচনার বিষয়বস্তু হতে পারে না, এটা আমরা জানি। কিন্তু উনি এটা এখানে বললেন, একটা আইন আছে সেই আইনের সমালোচনা কি করে করতে পারেন, কোন্ জায়গায় লেখা আছে, কোন্ পার্লিয়ামেন্টারী প্র্যাকটিস-এ, আমি জানতে চাই। আমাকে শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় দেখিয়ে দেবেন। আজকে যদি না পারেন, উনি আর একদিন এসে সমস্ত পড়াশুনা করে আমাকে এসে দেখাবেন। (নয়েজ) এবং আমি দ্বিতীয় কথা আপনাকে বলছি সমালোচনা তো

করা যায়ই আর এই ক্ষেত্রে ও'রা বলছেন যে, উনি একটা ওপিনিয়ন নেবার জন্য পাঠিয়েছেন। সেই ওপিনিয়ন-এর বিষয় উনি কিছু বিবৃতি দিতে পারবেন না, বলতে পারবেন না এটা কোন্ মে ইজ পার্লিয়ামেন্টারী প্র্যাকটিসে লেখা আছে, কোন প্রসিডিওর রুলসে লেখা আছে, দয়া করে উনি আমাকে বলে দেবেন।

Mr. Deputy Speaker: Mr. Ray, you just mentioned a point of order and Jyoti Basu was also on a point of order.
আজকে যে বিলটা অথবা যে এক্‌জিস্টিং বিল আছে অথবা ফর সার্কুলেশন অফ পাবলিক ওপিনিয়ন যে বিলটা পাঠান হয়েছে, এ বিলটায়
every minister has right to give his own opinion about it.

শ্রীবিভূতিভূষণ দাশগুপ্ত: আশ্চর্য ব্যাপার, কোন বিল পাবলিক ওপিনিয়ন-এর জন্য পাঠান হয় নি। (নয়েজ)..................................

Mr. Deputy Speaker: Honourable Members please allow Bibhuti Babu.

শ্রীবিভূতিভূষণ দাশগুপ্ত: মুস্কিল হচ্ছে এই যে, এ'দের শুনবার মত ধৈর্য নেই। কোন বিল পাবলিক ওপিনিয়ন-এর জন্য তখনই পাঠান হয় যখন বিল হাউস-এ পেশ করা হয়, পেশ করবার পরে সেই বিলের সম্বন্ধে হয় সেটা সিলেক্ট কমিটিতে দেওয়া হোক অথবা পাবলিক ওপিনিয়ন-এর জন্য প্রচার করাই হোক—এই হচ্ছে পার্লামেন্টারী ধারা। আমি যেটা চেয়েছি সেটা এই কথাই বলেছি যে, পঞ্চায়েত বিল যেটা তৈরী কববার আমরা মনে করছি সেই সম্বন্ধে এই পঞ্চায়েত অ্যাক্টটা কিরকম হতে পারে সেই সম্বন্ধে সর্বসাধারণের অভিমত নিচ্ছি সেটা যত অ্যাসেম্বলীর মেম্বার কাউন্সিল-এর মেম্বার, এম পি এবং বাংলাদেশে যত এই সব প্রতিষ্ঠান রয়েছে তার সকলের কাছে দেওয়া হয়েছে যে একটা সকলে সর্ববাদীসম্মত অভিমত নিয়ে আমরা একটা বিলের খসড়া রচনা করব। এটার সংগে আরেকটা বিলের যে বিলটা পাবলিক ওপিনিয়ন-এর জন্য সারকুলেট করা এই দুটোর মধ্যে যথেষ্ট তফাৎ রয়েছে—আমার মনে হয় আমাদের মিঃ রায়-এর মত অমন একজন সুদক্ষ শিল্পী—কারণ ব্যারিস্টার হচ্ছে সুদক্ষ শিল্পী—তার এই জিনিসটা জানা উচিত ছিল।

এখন আমি পঞ্চায়েত সেক্রেটারীদের সম্বন্ধে বলেছি এবং একথাও ঠিক যে বর্তমান পরিস্থিতিতে বর্তমান যে অবস্থা আছে তাদের, তাতে অবস্থার উন্নতি করবার কোন সুযোগ নেই। তবুও আমরা তাদের যথাসম্ভব ডি এ বাড়িয়ে দিয়েছি এবং তাদের সমিতিকে রিকগনাইজ করা হয়েছে। শুধু তাই নয়, তাদের কাছ থেকে মতামত চাওয়া হয়েছে যে এই বিলে তাদের কিরকম অবস্থা হওয়া উচিত। আমার মনে হয় এটা ১৯৬৩ সাল থেকে এই যে পঞ্চায়েত আইন হয়েছে তার মধ্যে কংগ্রেস পক্ষের এদের সম্বন্ধে একটা সুব্যবস্থা করা উচিত ছিল। যেমন তারা পঞ্চায়েৎ সেক্রেটারীদের সম্বন্ধে করেন নি, তেমনি এই যে ত্রিশ হাজার ৩৪ হাজার দফাদার চৌকিদার আছে তাদের সম্বন্ধেও কোন ব্যবস্থা করেন নি। এই যে সামান্য ব্যবস্থাটুকু তারা করেন নি আর আজকে তারা পঞ্চায়েত নিয়ে তারা যে অভিযোগ করছেন তাতে আমার মনে হয় এর পিছনে তাদের কোন যুক্তি নাই। তাদের যথেষ্ট সুযোগ ছিল। যাই হউক আমি এখন এই বলেই শেষ করছি পরে আমার যা বলবার তা বলব।

Shri Phakir Chandra Roy:
মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি মাননীয় অর্থমন্ত্রী যে অ্যাপ্রোপ্রিয়েশন বিল উপস্থাপিত করেছেন আমি সেই বিল সমর্থন করছি। আজকে একটা কথা উঠেছে যে নিত্য প্রয়োজনীয় জিনিসের খুব দর বেড়ে গিয়েছে। দর বেড়েছে এটা ঠিকই, কিন্তু এই দর বাড়ার জন্য ইনফ্লেশন দায়ী, দর বেড়েছে মানে টাকার দাম কমে গিয়েছে। এবং এর জন্য প্রধানত দায়ী ইনফ্লেশন। এবং সেই ইনফ্লেশন-এর জন্য নিশ্চয়ই পশ্চিমবংগ রাজ্য সরকারকে দায়ী করা যায় না। আজকে ডেফিসিট বাজেট এ নিয়ে অনেক কথা হয়েছে এবং এই ডেফিসিট পূরণ হবে কি করে—ভারতবর্ষে কল্যাণ রাষ্ট্র স্থাপন করতে চেয়েছিলেন কংগ্রেস, এবং কল্যাণ রাষ্ট্র করতে গেলে ট্যাক্স-এর উপর ডিপেন্ড করলে চলবে না স্টেট-এ ইন্ডাস্ট্রি করতে হবে, স্টেটকে কমার্স-এ আসতে হবে, কংগ্রেস

এই প্রোগ্রাম নিয়েছিলেন। কিন্তু কংগ্রেস শিব গড়তে বাঁদর গড়ে ফেলেছিলেন। তাদের প্রতিষ্ঠিত ইন্ডাস্ট্রি প্রত্যেক জায়গায় এটা লস হয়েছে প্রত্যেক জায়গায় এটা মিস-ম্যানেজমেন্ট হয়েছে। আজকে যে দেশ ডেফিসিট হয়েছে, এই ডেফিসিট যতদিন পর্যন্ত দেশ ডেভেলপ করবে এই ডেফিসিট বাজেট থাকবে—কিন্তু এই ডেফিসিট এটা পূরণ করতে এই স্টেট-এর ইন্ডাস্ট্রির মাধ্যমে, স্টেট-এর কমার্স-এর মাধ্যমে।

আমি মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি অনুরোধ করব মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে যে তিনি অর্থ বিনিয়োগ কালে তিনি যেন দেখেন যে ইন্ডাস্ট্রি সুপরিচালিত হবে না, লাভের রাস্তায় যাকে আনান যাবে না সেরকম ইন্ডাস্ট্রি যেন না থাকে।

[5—5-10 p.m.]

যে ব্যবসা কোনভাবে লাভজনক করা যাবে না সেইরকম ব্যবসা যেন রাষ্ট্র হাতে না নেন। এখন যে পরিমাণ ডেফিসিট হয়েছে—ডেফিসিট খানিক পরিমাণে পূরণ করা যায় ডেভেলপমেন্ট লেভি করে। পুলের উপর টোল আছে—অনেক জায়গায় নূতন নূতন ব্রীজ হয়েছে সেই টোলগুলিকে যদি বাড়িয়ে দেওয়া যায়—যানবাহন যখন যাবে সেখানে ডেভেলপমেন্ট লেভি যদি আদায় করতে পারা যায় টু এ সার্টেন এক্সটেন্ট এর ফলে যে ডেফিসিট হয়েছে—সেই ডেফিসিটটা পূরণ করা যাবে। তার পর আমরা জানি প্রহিবিসন ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। সেই প্রহিবিসন যদি দেশ থেকে তুলে দেওয়া যায়—আমি এক্সাইজ কর্তৃপক্ষের কাছ থেকে শুনেছি প্রহিবিসন তুলে দিয়ে লিকারের দর যদি কিছু বাড়িয়ে দেওয়া যায় তাহলে আজকে স্টেট এক্সচেকারে অনেক টাকা আসতে পারে। আমি এই প্রস্তাবটা ভাল করে বিবেচনা করবার জন্য আমি মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ করবো। তারপর বহু ক্ষেত্রে আন আর্নড ইনকাম আছে—যদি আজকাল খবর নেন চাল-ধানের যে দর হয়েছে, যেসমস্ত ব্যাংক আছে বিশেষত ডিস্ট্রিক্টে দেখবেন যে ব্যাঙ্ক অ্যাকাউন্ট কত বেড়ে গেছে এবং পাকা বাড়ি কত হচ্ছে। ব্যাঙ্ক অ্যাকাউন্ট যেখানে আছে, এবং পাকা বাড়ি যেখানে বেড়ে যাচ্ছে জমি ইত্যাদি যেখানে খুব দর বেড়ে গেছে এই যে সমস্ত ভ্যারাইটিজ অফ আন আর্নড ইনকাম, সেই আন আর্নড ইনকাম যদি মেক-আপ করতে পারেন অর্থমন্ত্রী মহাশয় তাহলে ঘাটতি অনেক পরিমাণে চলে যাবে। আর একটা কথা বলি, কলকাতার লোক, ইন্ডাস্ট্রিয়াল এরিয়ার লোক যারা স্ট্যাটুটারী রেশনিং-এ বাস করেন তাদের সাবসিডি দেওয়া হয়। আজকে বাংলাদেশের শোষণের উপর কলকাতা গড়ে উঠেছে—আবার সেই কলকাতাকে নূতন করে গড়বার জন্য বাংলাদেশের লোককে ভারতবর্ষের আবার টাকা দেওয়া হচ্ছে। আজকে কলকাতাতে যেখানে জমি আছে—যদি স্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট কলকাতায় অ্যাপ্লাই আমরা করি -সরকার যদি করতে পারেন তাহলে এই যে ডেফিসিট রয়েছে এটা বেশী থাকবে না। আর একটা কথা বলে আমার বক্তৃতা শেষ করবো। অজয়ের লেফট ব্যাঙ্ক হচ্ছে জমিদারী ব্যাংককে যদি ভাল করে মেরামত করা যায় তাহলে বীরভূম মুর্শিদাবাদ এবং বর্ধমানের বহু পতিত জমি উদ্ধার হয়—দোফসলা জমি সেখান থেকে পাওয়া যায়। আমি সর্বশেষ অনুরোধ করবো যে সরকার যেন এই বাঁধের পরিচালনা ভার গ্রহণ করেন।

Mr. Deputy Speaker: May I request Sattar Saheb to submit to me the paper from which he read something so that I can show it to Biswanath Babu if he likes to give a personal explanation?

শ্রীব্যোমকেশ মজুমদার : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি এই অ্যাপ্রোপ্রিয়েশন বিল সমর্থন করতে পারছি না এই কারণে যে আমি দেখছি যে এটা মিস-অ্যাপ্রোপ্রিয়েশন বিল। আমি দেখছি যে, যদি দেশে শান্তি শৃঙ্খলা থাকতো, যদি ব্যবসা চলতো যদি স্বাভাবিক অবস্থা থাকতো তাহলে ও'দের আয়ের দিকে যে টাকা ধরেছেন সেলস ট্যাক্সে সেই টাকা তাঁরা পেতেন এবং সরকার চালাতে পারতেন। কিন্তু আজকে একটা পানের দোকানেও গিয়ে যদি জিজ্ঞাসা করেন এবং একটা যে-কোন ব্যবসায়ীকে যদি জিজ্ঞাসা করেন তাহলে জানতে পারবেন যে, বাণিজ্যের অবস্থা এমন যে, সেলস ট্যাক্স আমদানির কথা যা বলেছেন সেই টাকা পাওয়া সুদূর পরাহত। এটা আপনি জানেন ঘাটতি পূরণের জন্য কর বসাবেন বলেছিলেন—কিন্তু আর তো আছে কয়েক মাস, কর যদি বসানোও হয় তাহলে এই কয়েক মাসে কি ১২ মাসের করটা এসে যাবে। কাজেই

এই যে বাজেট এটা সম্পূর্ণ একটা ভাঁওতা এবং এতে সরকারী কর্মচারীদের যে উপকার করেছেন বলে ঢাক বাজিয়ে বেড়াচ্ছেন তার একটা কথাও সত্য নয়, কারণ ডি এ বাড়ানো সরকারী কর্মচারীরা চায় নি—সরকারী কর্মচারীরা চেয়েছে যে তাঁদের ক্রয় শক্তি যেন বাড়ে—তাঁদের ডিয়ারনেস দিয়ে ক্রয়শক্তি আরও নাগালের বাইরে চলে গেল। আজ তাঁর বাড়ির পরিজনকে যদি তিনি খাওয়াতে না পারেন তাহলে তাঁর ডি এ-এর অঙ্ক তিন কি চার হোল তা দিয়ে কিছু এসে যাবে না। সাধারণত লোকে বলে চোরের মায়ের বড় গলা। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ও'রা সব সময় দুর্নীতি দূর করবেন দেশ থেকে এই কথা বলে গলাবাজী করে বেড়ান।

শ্রীবিভূতি পাহাড়ীঃ অন এ পয়েন্ট অব প্রিভিলেজ স্যার, আমি একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে এই সভার সদস্য শ্রীআফাক চৌধুরী এবং শ্রীমহারাজ বসু—তাঁরা আমাদের যুক্তফ্রন্টের এম এল এ হাজি সাজ্জাদ হোসেনের হোটেলে গিয়ে সকালবেলায় হামলা করেছেন এবং বিভিন্ন কারণে তিনি সভায় যাতে আসতে না পারেন তার ব্যবস্থা করেছিলেন। আমি বলতে চাই যে, এই ধরনের ব্যবহার যদি ও'রা করেন তাহলে উচিত শিক্ষা আপনার মাধ্যমে ও'দের দেওয়া প্রয়োজন—আপনাকে এই কথা নিবেদন করলাম।

Dr. Gopika Ranjan Mitra: Sir, what is his privilege?

Mr. Deputy Speaker: As a member he informs me of the rights and liabilities of another member of this House. If he is disturbed in any way —that he brings to my notice.

Shri Siddhartha Shankar Roy: On a point of order, Sir. Let us once for all decide as to whether questions of privilege can be raised in this manner. In this connection, will you please look at our rules 224, 225 and 226?

Rule 224 says—"Any member may, with the consent of the Speaker, raise a question involving a breach of privilege either of a member or of the House or of any committee thereof.".

Rule 225 says—"A question of privilege must be raised immediately after questions and before the list of business for the day is entered upon.".

Rule 226 says—"A member wishing to raise a question of privilege shall give notice in writing to the Secretary before the commencement of the sitting on the day on which the question is proposed to be raised. If the question proposed to be raised is based on a document the notice shall be accompanied by the document.".

Mr. Deputy Speaker: It has become a practice of this House to mention any point of privilege without sending in a written information to the secretary and that is going on.

Dr. Nalinaksha Sanyal: I beg to invite your kind attention to a further rule provided in the same book that my esteemed friend has just now read out in which the Speaker has been given ample authority to admit any matter at any time if this is urgent and immediate, and where can be a matter more immediate than the privilege of a member who had been detained wrongfully outside or prevented from attending the House?

Mr. Deputy Speaker: I have allowed the member to raise this question in this House.

(Shri Byomkes Majumdar rose to speak.)

শ্রীজ্যোতি বসুঃ আমি পয়েন্ট অফ প্রিভিলেজ-এ বলতে চাই।

Shri Siddhartha Shankar Roy: After the decision has been given can we go on for ever? You have already given your decision. This is very bad. We protest that. A ruling has already been given.

[5-10—5-20 p.m.]

শ্রীজ্যোতি বসু: স্পীকার মহাশয়, এরূপ আইন ব্যবসায় করলে আমাদের একটু অসুবিধা হয়, কারণ ২২৯নং ধারায় এখানে লেখা আছে

A motion on a point of privilege arising during the sitting of the House shall be entitled to immediate procedure over all other business.

তাহলে মিটিং-এর সময় আমি লিখে দিতে পারি না, তখন যদি কিছু ওঠে তাহলে ২২৯ এই ওঠে এবং আপনি বলতে দিতে পারেন।

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়: সেটাই জানাতে চাইছিলাম, যখন আপনি রুলিং দিয়েছেন।

মিঃ ডেপুটি স্পীকার:

I have already given my ruling on this point.

(Noise.)

শ্রীমহারাজা বসু: স্যার, আমি শুনলাম যে এখানে বিভূতি পাহাড়ী মহাশয় একটু আগে বলেছেন আমি এবং আফাক চৌধুরী হাজি সাজ্জাদ হোসেনের কাছে গিয়েছিলাম তাকে এনটাইস করে নিয়ে আসার জন্য। এটা সম্পূর্ণ মিথ্যা (নয়েজ) আমি একথা জানাতে চাই যে, হাজি সাজ্জাদ সাহেব আমার বহুদিনের পুরান বন্ধু, তাঁর সঙ্গে আমার শুধু পলিটিক্যাল খাতিরই নয়, সামাজিক ভাবে বহুদিন থেকে পরিচয় আছে। হাজি সাহেবকে আমার হোটেল থেকে ফোন করেছিলাম। আমি জিজ্ঞাসা করেছিলাম যে, ঐ অঞ্চলের ক্ষেতে কিরূপ ফসল হচ্ছে। এটা আমার পেশা নয়। আমি দিনের বেলায় সেখানে গেছি। (নয়েজ)

শ্রীআবদুস সত্তার: আমি যে কাগজটা পড়েছি সেটা পশ্চিমবঙ্গ পঞ্চায়েত সমিতির সহ সভাপতির হাতে লেখা কাগজ। সেটা এখানকার একজন রিপোর্টার আমার কাছ থেকে নিয়েছেন। আমি পেলেই দিয়ে দেবো।

শ্রীব্যোমকেশ মজুমদার: স্যার, এরা স্টেটের দুর্নীতি দূর করবার কথা বলেছেন, কিন্তু কিরকম দুর্নীতি দূর করছেন তা বলছি। গত ২৭এ মে, ৫৫নং ডি ও চিঠিতে জ্যোতিবাবু ডি এম হুগলীকে ডি ও নং ৫৫ অফ ২৭এ মে '৬৭ জ্যোতিবাবু মিঃ বি এন চ্যাটার্জিকে ডি এম হুগলীকে চিঠি দিয়েছেন এবং তার সঙ্গে লিস্ট দিয়েছেন এবং দিয়ে বলেছেন ব্যোমকেশ মজুমদারকে এরা ইলেকশানে সাহায্য করেছে এদের বাড়ি সার্চ কর। (নয়েজ) সার্চ হয়েছে কিন্তু কোন জিনিস পাওয়া যায় নি। গত ৬ই জুলাই তারিখে চন্দননগরে তিনটি যুবক ধরা পড়ে তাদের হাতে পিস্তল পাওয়া যায় ৬ ঘোড়ার সে পিস্তল যা নাকি ভারতবর্ষের লোক দেখে নি। তাতে মার্ক আছে ই জি এল জি এগুলি অদ্ভুত রকমের পিস্তল, তিনটা ছেলে ধরা পড়েছে। তাদের একজনের বাড়ি ডিস্ট্রিক্ট মেদিনীপুর, পি এস খড়্গপুর, এদের যাতে বিনা বিচারে খালাস হয় এবং এটাকে কি করে চাপা দেওয়া যায় তার জন্য চেষ্টা হচ্ছে। আর একটা কথা হচ্ছে ৬৯১নং ১৯৬৫ সালের একটা কেসের কথা বলবো। একটি মহিলাকে দেখা গেল সন্ধ্যাবেলা হরিপাল স্টেশনে নেমে রেল লাইন দিয়ে যেতে, তিনি একটা বাগানে ঢুকে একটা শিশুকে পুকুরে ফেলে দিয়ে গিয়েছিলেন। যে শিশুকে উদ্ধার করে সে পুকুরের মালিক। মহিলাটি যখন চলে গেলেন তখন তার জুতা ফেলে যান। তার উপর থেকে ফিঙ্গার প্রিন্ট নিয়ে এক্সপার্টেরা গোয়েন্দা বিভাগের লোকেরা এবং ৩০-৪০ জন সাক্ষী নিয়ে এ কেস চলছিল, কিন্তু ১৪-৬-৬৭ তারিখে অমর চক্রবর্তী মহাশয়ের হুকুমে সে কেস উইথড্র হয়ে গেল।

[5-20—5-30 p.m.]

স্যার, কিছুক্ষণ আগে মাননীয় সদস্য শ্রীনারায়ণ চৌবে মহাশয় ট্রাম নেওয়া সম্পর্কে কিছু বললেন। আমি এর আগে বলেছি এবং এখন আবার বলছি বাংলাদেশে বহু জিনিসকে আমরা ন্যাশনলাইজ করেছি। কিন্তু আমরা তাতে ভাল ফল পাই নি। সেজন্য ভুবনেশ্বরে রেজোলিউশান নেওয়া হয়েছিল যে ধানকলগুলিকে ন্যাশনালাইজ করা দরকার যাদের জমি আছে তাদের দিয়ে কো-অপারেটিভ করে এই ধানকল চালাতে দেওয়ার জন্য আমরা যদি ট্রাম শ্রমিকদের সমবায় সমিতির মধ্য দিয়ে ট্রাম চালাই তাহলে বাংলাদেশে সমবায় আন্দোলন এমন পর্যায় আছে যেখান থেকে আমরা অন্তত দুই কোটি টাকা পর্যন্ত সাহায্য পেতে পারি। আপনাদের অবগতির

জন্য জানাচ্ছি যে, কোলকাতা শহরে ১৯৮টি ট্যাক্সি এই সমবায় সমিতির মধ্য দিয়ে চলছে এবং তাতে লগ্নী আছে প্রায় ৪৮ লক্ষ টাকা। সেজন্য আমরা এই সমস্ত কারণে এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলকে সমর্থন করতে পারছি না এবং ও'রা যেসমস্ত কথা দিয়েছেন সেগুলি রাখতে পারেন নি, কেবল ভাঁওতা দিয়েছেন। সেদিন আমাদের মুখ্যমন্ত্রী বললেন জনগণ ওদের খুব দরদ দেখাচ্ছেন এবং ভালবাসেন। কারণ তা না হলে গ্রামে আগুন জ্বলে যেত। তাঁর বয়স হয়েছে তিনি এখন সেই দৃষ্টিশক্তি হারিয়ে ফেলেছেন। তাঁর সেই দৃষ্টি থাকলে তিনি নিশ্চয় দেখতে পেতেন বাংলাদেশে সাড়ে চার কোটি মানুষের মধ্যে তিন কোটি মানুষের পেটে ক্ষুধার আগুন জ্বলছে। কিছুদিন পরে সেই আগুনে ও'রা পুড়ে ছারখার হয়ে যাবেন। স্যার, ও'রা বললেন কংগ্রেস নাকি তাদের দল ভাঙ্গাবার চেষ্টা করছেন। কারো দরকার হবে না ভাঙ্গাবার, ও'রা নিজেরাই ভাঙ্গবার চেষ্টা করছেন। আপনি একবার বাহিরে গিয়ে দেখুন, কি বিরাট প্রোসেশান এসেছে। তারা সেখানে বলছে বেচারা প্রফুল্ল ঘোষের পদত্যাগ চাই। অজয়দার ভালোমানুষির সুযোগ নিয়ে তাঁরই মুণ্ডু চাই, বাহিরে এই স্লোগান দিচ্ছে। এখানকার এই পরিস্থিতির মধ্যে এর চেয়ে বেশি কথা বলা আমার পক্ষে সম্ভব নয়, কাজেই এই কটা কথা বলে আমি এই বিলের বিরোধিতা করছি।

শ্রীসুধীরচন্দ্র দাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, অ্যাপ্রোপ্রিয়েশন বিল আমি সমর্থন করতে দাঁড়িয়ে কয়েকটা কথা বলছি। পূর্ণাঙ্গ বাজেটের টাকা মঞ্জুরী দেয়ার পরে আজকে এই কথাটা বেশী করে বলতে চাই যে, ভূতপূর্ব সরকার যেভাবে টাকা বহুক্ষেত্রে অসদ্ব্যয় করে অপচয় করেছে, বহু দুর্নীতির পথ খুলে দিয়ে গেছে এগুলো বন্ধ করতে না পারলে আজকে এই যে টাকা ব্যয় বরাদ্দ মঞ্জুরীর জন্য দেয়া হল সেই টাকা প্রকৃতভাবে খরচ হবে না, যে নীতিতে আমরা কাজ করতে চাই সেটা সফল হবে না। সেজন্য আমি কয়েকটি সাজেশসন দিচ্ছি, যেমন বিল্ডিং যে সমস্ত হয়েছে আগেকার সরকারের আমলে এবং এখনও চলেছে সেই সমস্ত বিল্ডিংকে যদি এক বছর স্থগিত রাখি তার থেকে কিছু তাহলে বাঁচতে পারে এবং নূতন যেগুলি তৈরী হচ্ছে, যেমন পুলিশ বিভাগে প্রতি বছর ভূতপূর্ব সরকার প্রায় ১ কোটি বা ৯৪ লক্ষ টাকা পুলিশের ঘরবাড়ি এক্সটেনশন অফ পুলিশ কোয়াটার্স অথবা তাদের বাড়ি তৈরী করবার জন্য খরচ করে যাচ্ছিলেন, এই সরকার প্রায় ৮০ লক্ষ টাকা তবুও রেখেছেন এই বছর—আমি মনে করি শুধু পুলিশ বিভাগে নয়, যদি এটা তন্ন তন্ন করে খুঁটিয়ে দেখেন তাহলে দেখবেন বহু জায়গায় ঘরবাড়ি তৈরী করবার জন্য কনট্রাক্টরকে বেশী করে লাভ করিয়ে দেবার জন্য ভূতপূর্ব সরকার যে নীতি গ্রহণ করেছিলেন নিশ্চয় যুক্তফ্রন্ট সরকার সেদিকে তাকিয়ে এগুলি কমিয়ে টাকা বাঁচাতে পারবেন। আজকে টাকা মঞ্জুরী থাকা সত্ত্বেও মাধ্যমিক শিক্ষকরা মাসে মাসে বেতন পান না, যুক্তফ্রন্ট সরকার যে দায়িত্ব গ্রহণ করেছেন এবং যে টাকা মঞ্জুরী দেয়া হয়েছে সেটা নিশ্চয় তারা যাতে মাসে মাসে পায় সেদিকে নজর রাখবেন। উৎপাদনের ক্ষেত্রে যাতে তড়িত ব্যবস্থা করা হয় সেই সম্পর্কে আমি কিছু বলতে চাই এজন্য যে, এই বছর খরা দেখা দিয়েছে বেশীর ভাগ জেলাতে—গত বছরও খরা হয়েছিল, এখন শ্রাবণ মাসের প্রায় ৮-১০ দিন হতে চলেছে, তবুও জল নেই। মেদিনীপুর জেলায় জল নেই। ট্রেনে করে হাওড়ার উপর দিয়ে যখন যায় তখন দেখেছি জল নেই, অন্যান্য জেলার অবস্থাও তাই। সেই কারণে জলসেচের জন্য নলকূপ বা অন্য কোন উপায়ে ব্যবস্থা করতে পারা যায় কিনা সেটা চিন্তা করে দেখা দরকার এবং মেদিনীপুর জেলায় এই বিষয়ে একটা পরিকল্পনা নেয়া দরকার। সুবর্ণ রেখার নদীর জল যদি প্রবাহিত করতে পারি ভোগরাইল লক গেট দিয়ে, তাহলে কাঁথি, রামনগর এবং এগরার কিছু কিছু অঞ্চল-এ জলসেচ করতে পারি। এই বিষয়ে জরুরীভাবে নজর দেয়া দরকার যে সুবর্ণরেখার জল দ্বারা যদি ভালভাবে পরিকল্পনা নিতে পারেন তাহলে মেদিনীপুর জেলার অনেকখানি এলাকা আবাদযোগ্য হতে পারে। জরুরী খাদ্যাবস্থার দিকে লক্ষ্য রেখে একটা কথা বলি যে তিন একরের নীচে জমির মালিকদের খাজনা মকুব করা উচিত এই বিষয়ে সরকার নিশ্চয় চিন্তা করে দেখবেন। আমি শেষকালে বলবো, কো-অপারেটিভের ব্যাপারে বহু টাকা ভূতপূর্ব সরকার তছনছ করেছেন, যেখানেই তাকাবেন দুর্নীতির গভীর গর্ত হয়ে আছে। গত বছর কাঁথিতে মৎস্য কো-অপারেটিভ বলে এটা কো-অপারেটিভ সরকার করে দিয়েছিলেন ঠিক নির্বাচনের প্রাক্কালে এবং তাদের দলের লোককে দিয়ে তারা শাখা-উপশাখা বিস্তার করে সমিতিগুলিকে হাজার হাজার টাকা দিয়েছিলেন।

[5-30—5-40 p.m.]

১ লক্ষ ৮০ হাজার টাকা লোন এবং গুদাম করবার জন্য ১৫ হাজার টাকা এবং আপনার ঠাণ্ডাঘর অর্থাৎ কোল্ড স্টোরেজ করবার জন্য বহু টাকা দিয়েছিলেন। কিন্তু তার কিছুই নাই। কোন গুদাম হয় নাই, কোন কোলড স্টোরেজ হয় নাই। টাকাগুলি সব বরবাদ হয়েছে। সেগুলি দেখা দরকার হয়েছে। সেই সমস্ত শ্রমিক দিয়ে বহু জায়গায় বহু গর্ত তাঁরা করে রেখেছেন। তারা আমাদের হাত থেকে গ্র্যান্ট নিয়ে চলে যাচ্ছে। সে বিষয় বিশেষ দৃষ্টি দেওয়া দরকার বলে আমি মনে করি।

আজও রাইটার্স বিল্ডিংসে ৩০ জন অফিসারের ঘরে এয়ার কন্ডিশনিং আছে। সে বিষয়ে খরচ কমাবার জন্য দৃষ্টি দেওয়া উচিত। কংগ্রেস দল নাকি এই এয়ার কন্ডিশনিং বিষয় নিয়ে ৩-৪টা প্রশ্ন দিয়েছেন—এর জন্য কত জানালা-দরজার খরচ হয়েছে, এয়ার কন্ডিশনিং বসাবার জন্য কত টাকা খরচ হয়েছিল ইত্যাদি সম্পর্কে প্রশ্নের উত্তর গত বছর বেরিয়েছিল, আসল কথা আমি এই টাকা এইভাবে অপচয় বন্ধ করবার জন্য দাবী জানাচ্ছি। যেসমস্ত ঘর এখনো এয়ার কন্ডিশনিং হয়েছে তা বন্ধ করবার ব্যবস্থা করুন। এই বলে আমি এই অ্যাপ্রোপ্রিয়েশন বিল সমর্থন করছি।

শ্রীপ্রভাকর পাল: মাননীয় স্পীকার মহাশয়, আজকে মাননীয় জ্যোতিবাবু আমাদের সামনে যে অ্যাপ্রোপ্রিয়েশন বিল এনেছেন, তার আলোচনায় অংশগ্রহণ করতে উঠে আমি যে জেলা থেকে এসেছি সেই হুগলী জেলার কয়েকটি বিশেষ সমস্যার কথা আপনার কাছে বলবো।

আজকের দিনে সমস্ত পশ্চিমবাংলায় সবচেয়ে বড় যে সমস্যা তীব্রতর হয়েছে—সে হচ্ছে খাদ্য সমস্যা। আপনি জানেন যে, হুগলী জেলা সামগ্রিকভাবে ঘাটতি জেলা, কিন্তু স্থানীয়ভাবে সমস্ত হুগলী জেলা ঘাটতি নয়। হুগলী জেলার চারটি মহকুমার মধ্যে আরামবাগ ও সদর মহকুমা বাড়তি অঞ্চল। কিন্তু শ্রীরামপুর ও চন্দননগর মহকুমা ঘাটতি এলাকা। আরামবাগ মহকুমায়—যেখানে প্রচুর ধান হয়, সেখানে গত বৎসর চালের সর্বোচ্চ দর হয়েছিল বারো আনা। আর এবার সেখানে চালের দর এখন চলছে আড়াই টাকা কেজি। এই হলো খাদ্যে উদ্বৃত্ত আরামবাগ মহকুমার অবস্থা। তাহলে এখন শ্রীরামপুর-চন্দননগর মহকুমার কথা একটু কল্পনা করে দেখুন—সেখানে চালের দর কত বেশী! আমি যে এলাকা থেকে এসেছি সেই সিঙ্গুর ঘাটতি অঞ্চল, সেখানে চালের সর্বোচ্চ মূল্য হয়েছে দু-টাকা চার আনা কেজি। আর জেলার সদরে চালের দর তিন টাকা দু আনা কেজি। গত বছর সিঙ্গুর এলাকায় আমরা প্রতি সপ্তাহে চাল পেতাম ৭০০ কুইন্ট্যাল এবং গম পেতাম ১,৫০০ কুইন্ট্যাল। সেখানে ৮২ হাজার (ক) শ্রেণীর দুঃস্থলোক মাথাপিছু ৫০০ গ্রাম করে চাল এবং ১,৩০০ গ্রাম করে গম পেতেন। বর্তমানে যে মন্ত্রীমণ্ডলী ও তার সমর্থকরা আগেকার সরকারের সমালোচনায় মুখর—যারা জনসাধারণের প্রতিনিধি বলে দাবী করেন, যাঁরা কল্যাণ রাষ্ট্রের নিয়ামক বলে ঘোষণা করেন, তারা গত সপ্তাহ পর্যন্ত মাথাপিছু আড়াইশো গ্রাম করে আটা দিয়েছেন। এই সপ্তাহ থেকে কিছু অবশ্য বাড়িয়েছেন, শহরের লোক যা খান, গ্রামের লোক তার চেয়ে বেশী খান। একটা ফ্যামিলীর জন্য এক সপ্তাহে যে খাবার আপনারা দিচ্ছেন, তাতে একদিনের বেশী চলে না। এবং সরকারের দৃষ্টি আকর্ষণ করে এই কথা বলতে চাই যে সমস্ত শ্রেণীর লোকের জন্য সম্ভব না-ও হয়, কেবল যারা গরীব, দুঃস্থ (ক) শ্রেণীর লোক, তাদের জন্য বিশেষ ব্যবস্থা করা হোক। তা যদি না হয় তাহলে অনশনে-অর্ধাহারে মারা যাবে। বর্তমানে বহু বাড়ি আছে যারা অনাহারে ও বহু অর্ধাহারে বহু সপ্তাহ কাটাচ্ছে। এটা নিশ্চয়ই কল্যাণরাষ্ট্র গঠন করবার জন্য যাঁরা উদ্যোগী হয়েছেন, তাঁদের উপযুক্ত কাজ বলে আমি মনে করছি না। যিনি আমাদের খাদ্যমন্ত্রী তথা কৃষি মন্ত্রীও সেকথা মনে করেন না। আমার এলাকা ঘাটতি এলাকা, কেবল ডোল ও জি আর দিয়ে এই খাদ্যসমস্যার সমাধান হবে না—যদি না সেই এলাকায় কৃষির জন্য সুন্দর ও সুষ্ঠু পরিকল্পনা নিয়ে এগোন যায়।

এ বছর বর্ষা এখনও ঠিক সুরু হয় নি, যদিও অনেক দিন কেটে গিয়েছে। আগেকার সরকার অনেকগুলি ডিপ টিউবওয়েল বসিয়েছিলেন। আমি আশ্চর্য হয়ে গেছি—বর্তমানে

খাদ্যশস্যের দর এত বেড়েছে এবং পরপর দুই বছর খরা হল, তত্রাপি সেই ডিপ টিউবওয়েল-গুলি চালু করবার ব্যবস্থা এখনও পযন্ত বর্তমান সরকার করলেন না। আমি সেদিক থেকে বলছি, অবিলম্বে যাতে ঐসমস্ত ডিপ টিউবওয়েলগুলি চালু করা যায়, সেজন্য তাঁরা যেন বিশেষ ভাবে যত্নবান হন। এই প্রসঙ্গে আমি আর একটি কথা বলতে চাই, ১৯৫৯ সালের বন্যার পরে, তৎকালীন সরকার ফ্লাড এনকোয়ারী কমিশন বলে, পশ্চিমবাংলার নদী, নালা সমীক্ষা করবার জন্য একটি কমিশন বসিয়েছিলেন। সেই কমিশন একটি রিপোর্ট দিয়ে যান। সেই রিপোর্টের মধ্যে হুগলী জেলার কয়েকটি নদীর প্রতি বিশেষ দৃষ্টি দেওয়া হয়েছিল। তার মধ্যে ঝিয়াকুণ্ঠি বেসিন-এর দিকে একটু বেশী দৃষ্টি দেন। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন কিনা জানি না, এই ঝিয়াকুণ্ঠী বেসিন স্কীমটি হুগলী জেলার তন্নকুট মহকুমা ও সদর মহকুমায় কৃষির উন্নতির জন্য একান্ত অপরিহার্য। এই ঝিয়াকুণ্ঠি বেসিন স্কীমটি অবিলম্বে গ্রহণ করবার জন্য আমি বর্তমান মন্ত্রীমণ্ডলীকে অনুরোধ করছি। এই সঙ্গে সরস্বতী ও মেচেটার পরিকল্পনাও গ্রহণ করা উচিত। কারণ, এ দুটি হুগলী এবং হাওড়া জেলার বহু কৃষকের বহু বিঘা জমির সঙ্গে জড়িত। এটার সম্পর্কেও ফ্লাড এনকোয়ারী কমিশন রেক-মেন্ডেশন করেছিলেন অবিলম্বে কার্যকরী করবার জন্য। যাতে নূতন মন্ত্রীমণ্ডলী, বিশেষ করে বর্তমান সেচ মন্ত্রী মহাশয়, যিনি কৃষির উন্নতিকল্পে সেচের জন্য আন্তরিকভাবে চেষ্টা করছেন, তিনি অন্ততঃপক্ষে এই দুটি পরিকল্পনা অবিলম্বে গ্রহণ করে যাতে ঐ এলাকায় কৃষি সমস্যার সমাধান হয় তার জন্য চেষ্টা করবেন। এই প্রসঙ্গে আমি আর একটি কথা বলবো, বিগত জমিদারী প্রথা উচ্ছেদের সময়, বহু জমি, বাঁধ ও কালভার্ট বর্তমান সরকারের হাতে এসেছে, বা ভেস্ট করেছে, দীর্ঘদিন সেগুলির কোন সংস্কার হয় নি; বা যেভাবে সংস্কার হয়েছে, তা কৃষিকার্যের উপযোগী নয়। হুগলী জেলার এই এলাকায়, বিশেষ করে চন্দননগর সদর ও ভেড়ি এলাকায় কৃষির উন্নতি যদি করতে হয়, তাহলে এই এলাকায় যেসমস্ত বাঁধ ও সাঁকোগুলি আছে, তার অবিলম্বে সংস্কার করা একান্ত প্রয়োজন। এই সঙ্গে আমি আরও একটি কথা বলতে চাই, সিঙ্গুর থানার যে এলাকা থেকে আমি নির্বাচিত হয়ে এখানে এসেছি, সেখানে যদিও খাদ্যশস্য ধান-চালের অভাব বা ঘাটতি আছে, কিন্তু সেখানে প্রচুর পরিমাণে পাট ও অন্যান্য ভেজিটেবল উৎপন্ন হয়। হাওড়া এবং কলকাতার বহু বাজারে, আমাদের এলাকা থেকে নানাপ্রকার ভেজিটেবিল এসে থাকে এবং তার দ্বারা কলকাতার মানুষের খাদ্যসমস্যা খানিকটা সমাধান হয়ে থাকে। আমাদের সেই এলাকা অত্যন্ত ঘনবসতিও বটে। সিঙ্গুর এলাকায় প্রতি বর্গমাইলে প্রায় তিন হাজার লোকের বাস। সেই ঘনবসতিপূর্ণ জায়গায়, সেখানকার মানুষ, বিশেষতঃ কৃষকগণ, তারা খাদ্যশস্য উৎপাদন করতে না পারলেও তারা পাট ও অন্যান্য ভেজিটেবল প্রচুর পরিমাণে উৎপাদন করে থাকেন। কিন্তু তাদের যোগাযোগ ব্যবস্থার অত্যন্ত অভাব। বিগত মন্ত্রিমণ্ডলী সিঙ্গুর এলাকায় তিনটি রাস্তা নির্মাণের পরিকল্পনা মঞ্জুর করেছিলেন। তার একটি হল সিঙ্গুর মঠের রাস্তা। আর একটি হল সিঙ্গুর-হুগলী রাস্তা। আর তৃতীয়টি হল কুমারকুণ্ড-বাগজলিয়ার রাস্তা। এই তিনটি রাস্তার কাজ তাঁরা সুরু করে গিয়েছিলেন। কিন্তু আমি শুনে আশ্চর্য হয়েছি যে, বর্তমান যুক্তফ্রন্ট সরকার সেই রাস্তাগুলির কাজ বন্ধ করে দিয়েছেন। আমি তাঁদের কাছে নিবেদন করবো যে, এই সমস্ত রাস্তাগুলির কাজ যাতে অবিলম্বে সমাধান করা হয় ও সেগুলির কাজ যাতে অবিলম্বে শেষ করা যায়, সেদিকে মন্ত্রিমণ্ডলী বিশেষভাবে নজর দিয়ে, যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[5-40—5-50 p.m.]

Shri W. H. Noney: Mr. Speaker, Sir, in rising to support the first Appropriation Bill of this Government, I would like to commend it on the steps it has already taken. True, to some extent, the steps are halting but this can be set right as time goes on. We proudly claim, Sir, that we are a Free People, yet we still find ourselves tied with two of the worst shackles of our colonialist past—shackles that bind us firmly and impair the progress of our country. I refer to the bureaucratic system of administration and the consequential waste attached to it. We see evidence of this

waste all around us. Take, for example, the legal field. Can we honestly say, Sir, that as the law is applied here today we really allow for equality before the law which we are all led to expect in our Constitution. How many of our labouring 500 million fellow Indians can afford the annoying delays of our present legal set-up. Yet another example of the effects of hanging on to our long gone past—the question of the artificial division still maintained between Barristers and Advocates. Is this testimony to a Free People. Only the other day I happened to overhear an advocate assessing the merits of his chances in a case, and this is what he said: "Oh, don't worry, the case is going to be heard by an advocate-judge; the opposite side's barrister defence has no chance." Is this not a mockery of legal justice? Does it not make for contempt of our judicial system?

Then, Sir, take the case of education. Here, too, we see waste all around us—the result of faulty planning. There is a lot of wastage of time, money and talent spent in giving people technical education, only to have the trainees going abroad for employment when they qualify merely because they are not recognised at home. Let me give you an instance of education being misused even in the lower stages. I refer to the Junior Technical Diploma Course with which our Anglo-Indian Schools have been saddled. A few years ago, the West Bengal Government went out of its wat to encourage the formation of this course in some of our Anglo-Indian Schools. The idea was to divert boys who did not have the aptitude for liberal education from Class IX and give them a purely technical education. I have seen the products of these students during their three-year training period—really first class engineering products, such as, drilling machines, small lathes, etc. Yet, when they completed the course after three years these same lads could not find employment, even as apprentices. Why? Because when they tried to enter a workshop as apprentices, they were told to go back and do the Board of Apprenticeship Training Examination the same liberal type of education which they had at first sought to escape by switching to the new course.

I would also like to refer in passing to the field of Agriculture. Here, too, we hear such a lot of talk about progress, but I do not think we are really making an all-out effort to break with our out-moded past. The crux of the agricultural problem today is the excessive fragmentation of land in our country, plots too small to allow us to introduce modernization. I understand the Government has quite a lot of land which vested in it as a result of the abolition of Zemandaries, land which has not yet been distributed, and which give rise to problems, like Naxalbari. But why must we distribute this land at all. Why can we not retain this land and convert them into large State farms. And on these farms we can absorb those who would have been entitled to the land if distributed—I mean absorb them as shareholders and not share-croppers. Thus they can help to operate these State farms on a truly scientific basis with the latest agricultural equipment. The farms can be state operated, not necessarily State owned. Once we have them flourishing, we can make them over to the shareholders to run as co-operatives. I can even go a step forward and visualize the day when we could Subodh Babu—at least the department working under him (Labour)—to ensure the application of genuine industrial benefits such as, housing, provident fund, E.S.I., etc., to these people. Thus we shall truly be able to make a big advance in the solution of our agricultural problems. Only the other day, I saw in the newspapers, Sir, a report that Mr. Shinde had pointed out in the Rajya Sabha that he had received offers of sites from different States for use in setting up State farms. I did not see West Bengal's name in that list. I sincerely hope that efforts will be made by our Government to remove this deficiency.

Thank you, Sir.

ডাঃ গোলাম ইয়াজদানীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে অর্থ মঞ্জুরী বিল আমাদের সামনে উপস্থাপিত করেছেন আমি তাকে সম্পূর্ণভাবে সমর্থন করছি। আমি মাননীয় অর্থমন্ত্রীকে একটা কথা বলতে চাই যে, আমরা অতীতে দেখেছি কংগ্রেস অ্যাপ্রোপ্রিয়েশন বিল পাশ করিয়ে, বাজেট পাশ করিয়ে বিভিন্ন খাতে বহু টাকা মঞ্জুর করিয়ে নিয়ে যায় কিন্তু তা তাঁরা পরে খরচ করতে পারেন না যার ফলে আমরা দেখেছি বছরের শেষে লক্ষ লক্ষ টাকা পড়ে থাকে যেমন এগ্রিকালচার খাতে, জনস্বাস্থ্য খাতে, মেডিক্যাল খাতে, সেচ খাতে, বিভিন্ন খাতে লক্ষ লক্ষ টাকা পড়ে থাকে। আমরা আশা করি যুক্তফ্রন্ট সরকার নিশ্চয়ই সমস্ত টাকাগুলি খুব ভালভাবে খরচ করবেন। মিঃ স্পীকার, স্যার, এই সম্পর্কে আমি বলতে চাই যে যুক্তফ্রন্ট সরকার গঠন হওয়ার পর এই যুক্তফ্রন্ট সরকারকে বেকায়দায় ফেলার জন্য যে সমস্ত ফোর্স কাজ করছে সে সম্বন্ধে নিশ্চয়ই আমাদের যুক্তফ্রন্ট সরকার অবহিত আছেন। আমি আর একটা কথা বলতে চাই যে মফঃস্বলে প্রোকিওরমেন্টের ব্যাপারে আমরা দেখেছি যে কিছু কিছু অফিসার আমাদের সঙ্গে ঠিক সহযোগিতা করেন নি, যার ফলে আমরা প্রোকিওরমেন্টের কাজ ঠিকমত করতে পারিনি। এইরকম আরো অন্যান্য অফিসারদের মধ্যে আমরা দেখেছি অসহযোগিতার মনোভাব। এই প্রসঙ্গে আমি মনে করি যে কংগ্রেসের যে অবিরাম প্রচার ৬ মাস পরে যুক্তফ্রন্ট সরকারের পতন হবে, ৫ই জুনের মধ্যে এই যুক্তফ্রন্ট সরকারের পতন হবে, এই সমস্ত জিনিস তাঁদের মধ্যে কাজ করেছে। আমরা আশা করি তাঁদের মনোভাব পরিবর্তন হবে। এর পরে মিঃ স্পীকার, স্যার, আমাদের দেশে মাইনরিটি যারা আছে তাদের সম্বন্ধে আমি দু'একটা কথা বলতে চাই। যুক্তফ্রন্ট সরকার গঠন হওয়ার পর তাদের মনের মধ্যে অনেক আশা এসেছে এবং যুক্তফ্রন্ট সরকার নিশ্চয়ই এর মধ্যে অনেক কাজ করেছেন যার ফলে তাদের মধ্যে অনেক আশার সঞ্চার হয়েছে, যেমন ইদের ছুটি দিয়েছেন, কোরবানিতে রিলাকসেসান করেছেন, মহরম ঠিকমত করতে পারছে ইত্যাদি ইত্যাদি। কংগ্রেস মাইনরিটিদের এমন করে রেখেছিলেন যে মুসলমানদের তাঁরা সেকেন্ড-ক্লাস সিটিজেন ছাড়া আর কিছু মনে করতেন না। আমার মনে হয় এ সম্বন্ধে আমাদের যুক্তফ্রন্ট সরকার সচেতন আছেন। আর একটি সমস্যার কথা আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে তুলে ধরছি সেটা হচ্ছে দেশ বিভাগের পর মুসলমান ছেলেদের মহসিন ফান্ড দেওয়া হচ্ছে না। সেই মহসীন বৃত্তি যেটা অন্ততঃ ৩শো মুসলমান ছেলে বছর বছর পেতে পারত সেটা কেন দেওয়া হচ্ছে না সেটা দেখবেন। মাননীয় শিক্ষামন্ত্রী মাদ্রাসা সম্বন্ধে যে ব্যবস্থা করেছেন সেজন্য আমি কৃতজ্ঞ। তবে মাদ্রাসা বোর্ড পুনর্গঠিত করা দরকার। তারপর ওয়াকফ অ্যাক্ট যেটা তার অ্যামেন্ডমেন্ট করা দরকার। তারপর বিশেষ করে আমি একথা বলতে চাই যে মুসলমান ছেলেরা টেকনিক্যাল কলেজগুলিতে ঠিকমত অ্যাডমিশন পাচ্ছে না, তারা যাতে এর সুযোগ পেতে পারে এ সম্বন্ধে একটা উপায় নির্ধারণ করা উচিত বলে আমি মনে করি। তারপর আর একটি কথা আমি বলতে চাই সেটা হচ্ছে যাঁরা অ্যাংলো ইন্ডিয়ান পুলিশ রয়েছেন তাঁরা অনেকদিন যাবত সার্জেন রয়েছেন, ১৯৫৪ সালে তাঁরা ইন্সপেক্টরের জন্য ইন্টারভিউ দিয়েছেন, আজো সেই এফিসিয়েন্ট সার্জেন্টদের প্রমোশন হল না। তাঁদের যে স্পেশাল পে দেওয়া হত সেই স্পেশাল পে ১৯৬১ সাল থেকে তাঁদের দেওয়া হচ্ছে না। আমি মুসলমানদের সম্বন্ধে আরো দু'একটা কথা বলেই আমার বক্তব্য শেষ করব। মুসলমানদের ফতেহা দোয়াজ দাহাম বলে একটি পর্ব আছে, সেটি হজরত মহম্মদের জন্ম দিন, সেই দিনটি ছুটি দেওয়া দরকার। তারপর মুসলমানদের রেজিস্ট্রি করতে গেলে ন্যাশনালিটির সার্টিফিকেট লাগে। আমি আশা করি এ সম্বন্ধে যুক্তফ্রন্ট সরকার নিশ্চয়ই অবহিত হবেন। পরিশেষে একটা কথা বলছি যে নিশ্চয়ই যুক্তফ্রন্ট সরকার সম্বন্ধে মুসলমানদের মধ্যে অনেক আশা আছে।

[5-50—6 p.m.]

কিন্তু অনেক রকমের এলিমেন্টের মধ্যে দেখতে পাওয়া যায়—যারা হয়ত তাদেরকে খাপ-খাইয়ে নিতে পারছেন না, এই রকম পুলিশের মধ্যেও কিছু কিছু কমুনাল এলিমেন্ট রয়েছে তার প্রমাণ আমরা এন্টালিতে দেখেছি, হাওড়াতে দেখেছি এবং মুর্শিদাবাদের অন্যান্য ঘটনায়ও আমরা দেখেছি। আমার মনে হয় এই সমস্ত এলিমেন্টগুলি সম্বন্ধে সরকার অবহিত হবেন এবং তার সম্বন্ধে সরকার নিশ্চয়ই ব্যবস্থা অবলম্বন করবেন—যাতে তাদের মনোভাব বদল হয়।

আমি সবশেষে আর একটি কথা বলতে চাই। সেটা হচ্ছে এই—প্রত্যেক জেলাতে মাইনরিটি বোর্ড আছে। এখন এই মাইনরিটি বোর্ডের ফাংশন হিসেবে দেওয়া আছে—

to safeguard the interest of the minority

অথচ আমি শুনেছি মাইনরিটি বোর্ডের যারা মেম্বার যারা, তাঁরা বলেছেন সেখানে কোন কাজ হয় না। আমরা এখান থেকে মাইনরিটি বোর্ডের ইলেকশন এখান থেকে করিয়েছিলাম। আমি এবার আশা করি যে যাঁরা ঐ মাইনরিটি বোর্ডে গিয়েছেন, নিশ্চয়ই তাঁরা মাইনরিটিদের ইন্টারেস্ট সেফগার্ড করবেন। তা নইলে মাইনরিটি বোর্ড গঠন করার কোন অর্থ হয় না। এই কথাগুলি বলে আমি এই যুক্তফ্রন্ট সরকারের আনীত যে অ্যাপ্রোপ্রিয়েশন বিল, তাকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি।

Shri Biswanath Mukherjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যখন অনুপস্থিত ছিলাম, তখন একজন মাননীয় সদস্য আমার সম্বন্ধে কিছু অভিযোগ করেন এবং একটি কাগজ থেকে কিছু তিনি পড়েও শুনিয়েছেন। তা আমি সেটা পড়লাম। আমি খুব সংক্ষেপে যা ঘটনা ঘটেছিল তা বলতে চাই যে আমার কাছে কয়েক দিন আগে পঞ্চায়েত সমিতির পক্ষ থেকে একদল প্রতিনিধি আমার অফিসে গিয়েছিলেন এবং গিয়ে তাঁদের যে প্রস্তাব পাস হয় তার একটি কপি আমাকে দেন এবং বলেন যে আমাদের দাবীগুলি ভাল করে বিবেচনা করবেন। আমি তাঁদের বলি যে আমার কাছে আপনারা কোন রিপ্রেজেনটেশন দেওয়ার আগেই তো আমি যখন এক মাসের জন্য পঞ্চায়েত মন্ত্রিত্বের কাজ করেছিলাম তখন আমি দুটো অর্ডার দিয়েছিলাম। একটা হলো এই—সকলকে যেন সমান বেতন দেওয়া হয়। দুজনকে মাত্র ৫০ টাকা দেওয়া হচ্ছে। এটা না হয়ে যেন সকলকেই সমান বেতন দেওয়া হয়। আর দ্বিতীয়তঃ হচ্ছে এই যে অস্থায়ী বলে যাদের বলা হচ্ছে তাদেরকে যেন ফট্ করে চাকরী থেকে বরখাস্ত করা না হয়। তাঁরা বলেন যে হ্যাঁ, আমরা তা জানি, যে আপনি আমাদের প্রতি খুব সহানুভূতি নিয়ে তা করেছেন। তারপরে তাঁরা তাঁদের প্রধান দাবী বললেন কি ব্যাপার--তাঁরা বললেন যে আমাদের প্রধান দাবী ছিল আমাদেরকে সরকারী কর্মচারী বলে গণ্য করা হোক। আমি তখন বললাম যে এটা আমি এখনই কথা দিতে পারি না। কারণ সমস্ত লোকাল সেল্ফ গভর্নমেন্টএর যত কর্মচারী আছে সকলকে সরকারী কর্মচারী বলে গণ্য করা এই গভর্নমেন্টের পক্ষে এখন সম্ভব কি না তা আমি জানি না। ও'রা বললেন-শুধু পঞ্চায়েত সেক্রেটারী করুন। আমি বললাম তা বোধ হয় সম্ভব হবে না। কারণ অন্যান্য সেল্ফ গভর্নমেন্ট-এর যাঁরা আছেন কর্মচারী, তাঁরাও চাইবেন যে আমরা সরকারী কর্মচারী হই। এখন তাদের ভেতর থেকে আমাকে এই রকম ভাবে বলা হলো যে আমরা হচ্ছি যুক্তফ্রন্ট সরকারের সমর্থক এবং যদি আমাদের আপনারা সরকারী কর্মচারী করেন, তাহলে আপনাদের লাভ হবে এবং আমাদের সাহায্য সমর্থন ইত্যাদি পাবেন। এই কথা শুনে আমি তাঁদের বললাম দেখুন আমাকে ওসব কথা বলবেন না। আমি সব জানি—কে গভর্নমেন্টের সমর্থক, কি সমর্থক না—সে বিবেচনা করে আপনাদের দাবী বিবেচনা করা হবে না। আপনাদের দাবীর যদি যৌক্তিকতা থাকে, বিবেচনা করা হবে, না থাকলে করা হবে না। আর এটা আপনি কেন বলছেন যে গভর্নমেন্টের আমরা সমর্থক বা সমর্থক না। আমার নিজের অভিজ্ঞতা থেকে জানি পঞ্চায়েত সেক্রেটারীরা তাঁরা যেভবে রিক্রুটেড হয়েছিলেন তাতে এমন অনেক অঞ্চল আছে যেগুলি হয়ত বামপন্থীদের হাতে ছিল—সেখানেও সেক্রেটারী তার কোন বিরোধী হয়ত কোন কংগ্রেসের লোককে নিয়োগ করা হয়েছিল। বহু জায়গায় আমি জানি যে অধ্যক্ষের বিরুদ্ধে সেক্রেটারী ফাংশন করেছে, দীর্ঘকাল ধবে বানচাল করবার চেষ্টা করেছে। সুতরাং আপনারা একথা বলে আমাকে ভোলাবার চেষ্টা করবেন না যে আপনারা সবাই গভর্নমেন্টের সমর্থক। আপনারা গভর্নমেন্টের সমর্থক হোন বা না হোন আপনাদের যে দাবীটা যুক্তিসঙ্গত সে দাবীটা আমরা মানবো। আর যে দাবীটা যুক্তিসঙ্গত নয় সেটা আমরা মানতে পারবে না। কিন্তু গভর্নমেন্টের সমর্থক বলে আমাকে আপনারা ভোলাবার চেষ্টা করছেন এটা ঠিক নয়। আপনারা কেউ সমর্থন করতে পারেন, কেউ বা আমাদের সমর্থন না-ও করতে পারেন। এবং এ সম্বন্ধে আমার ব্যক্তিগত অভিজ্ঞতা আছে, আমি জানি যে অনেক জায়গাতে এরকম অবস্থা হয়েছে যে পঞ্চায়েত সেক্রেটারী পঞ্চায়েত প্রধানের কাজকে অচল

করবার চেষ্টা করেছেন এবং পঞ্চায়েত প্রধানকে তার বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করতে হয়েছে। সুতরাং এসব ঘটনা ঘটেছে। ওকথা বলে কোন লাভ নাই। তবে আপনাদের যেটা যুক্তিসঙ্গত সেটা করবো এবং যেটা যুক্তিসঙ্গত নয় সেটা করতে পারবো না। এইটুকু আমি তাদের বলি। কিন্তু এই ঘটনার পর এখন যে বিবৃতিটা এখানে দিয়েছেন এবং পড়ে শোনালেন—অর্থাৎ যে কথা আমি বলিনি সেই কথা আমি বলেছি বলে যে বলা হল এবং সঙ্গে সঙ্গে এখানে এসে আমাদের বিরোধী পক্ষের কোন সদস্য মারফৎ এই কথাটা শোনালেন তাতে অবশ্য আমার বিবৃতিটাই বোধ হচ্ছে কনফার্মড হল যে পঞ্চায়েত সম্পাদকদের মধ্যে অনেকে হয়ত আছেন—বিশেষ করে যে ডেপুটেশনিস্টরা গিয়েছিলেন তাদের মধ্যে সত্য সত্য কংগ্রেসভুক্ত লোক বা তাদের পক্ষের লোক আছেন যে জন্য তৎপরতার সঙ্গে সম্পূর্ণ বিকৃত করে আমাকে খুব তাদের প্রতি দরদী বলে অভিহিত করে তার পরে এখন সেটাকে সম্পূর্ণ বিকৃত করে এইখানে কংগ্রেস সদস্য মারফৎ তুললেন যাতে পাবলিসিটি হয় তাতে কন্‌ফার্মড হল যে কংগ্রেস পক্ষভুক্ত লোক তাদের মধ্যে ছিলেন।

Shri Amar Prasad Chakrabarty:

মাননীয় স্পীকার মহাশয়, ব্যোমকেশবাবু আমার নাম বলে একটা কেস সম্পর্কে বলেছেন—কাজেই সেই হিসাবে আমার দুই-একটা কথা বলার প্রয়োজন বলে আপনাদের কাছে বলছি। স্যার, কেসটার সম্বন্ধে উনি যেটা বলেছেন প্রথমতঃ আইন সম্বন্ধে—[এখানে সিদ্ধার্থবাবু নাই কিন্তু যদি উনি থাকতেন তাহলে ওনাকে সংশোধন করতে পারেন] একজিকিউটিভ অর্ডার-এ কোন কেস উইথড্র হয় না—উইথড্র হয় ১৯৪ ফৌজদারী আইনের ধারায় ম্যাজিস্ট্রেট যদি স্যাটিসফায়েড হয় যে সেখানে কোন কেস হয় না তখন ম্যাজিস্ট্রেট অ্যালাও করতে পারে কেস উইথড্র করার ব্যাপারে। স্টেট শুধু পলিসি ডিসাইড করে কারণ এই কেস স্টেট ক্যাবিনেট মনে করেছিলেন যে কেসটা যারা করেছেন এটা উদ্দেশ্যপ্রণোদিত হয়ে—এটা ব্যোমকেশবাবুর তো নিশ্চয়ই জানা উচিত। জয়ন্তী মুখার্জী বলে মেয়েটা তার একজন গানের মাস্টার ছিল, তাকে বিয়ে করল—বিয়ে করে—কংগ্রেসের এক নেতা পাল মহাশয়, চন্দননগরের তার বাড়িতে ঘন ঘন যাতায়াত করতেন, সেখানে যখন সোহাগের মাত্রা বেড়ে যেতে লাগল, ঘন ঘন সোহাগ হতে লাগল মেয়েটার উপর—তখন মেয়েটা স্বামীকে এসে বলল এটা কি—ঐ কংগ্রেস নেতার বাড়ীতে আমাকে সোহাগ করছে এত বেশী—এত সোহাগ তো আমার সইবে না, স্বামী আছে ঘরে—তাহলে এত সোহাগ কেন? তখন মেয়েটার বিরুদ্ধে পাল মহাশয়ের বাগানবাড়ীতে নিজের সন্তানকে হত্যা করেছে বলে কেস দায়ের করল। স্টেট ভার্সেস কেস, পুলিশ কেস করল। এবং ব্যোমকেশবাবুর জানা দরকার মেয়েটাকে হাতে পান নি, মেয়েটার সন্তান জীবিত আছে। রাইটার্স বিল্ডিং-এ একদিন মুখ্যমন্ত্রীর ঘরে এসেছিলেন রিপোর্টাররা অনেকে আমাদের কাছে অ্যাপ্রোচ করলেন। এবং জনসাধারণও অনেকে আমাদের কাছে অ্যাপ্রোচ করলেন, যুক্তফ্রন্ট সরকার হয়েছে, কংগ্রেস নেতাদের উদ্দেশ্য চরিতার্থ করবার জন্য যদি এই রকম একজন মহিলাকে নিয়ে এই রকম করা হয়েছে—যখন আমি কাগজপত্র দেখলাম, দেখে সব আমরা বিচার-বিবেচনা করলাম এবং সেই মহিলাকে ডাকিয়ে এবং জানলাম যে তার সন্তান শশরীরে আছে—কোন মেয়ে তার সন্তানকে জলে ফেলে দিয়ে ইচ্ছাকৃত ভাবে হত্যা করতে পারেন কি না—সেটা ব্যোমকেশবাবু মহিলার সাথে নিজে আলাপ করে জানতে পারবেন। কিন্তু তখন তদানীন্তন সরকারী মহলের চাপে সেই মহিলার জীবন নষ্ট করার জন্য স্বামীকে দিয়ে কেস করান হল, কারণ পাল সাহেবের বন্ধু সেই মহিলাকে হাতে পেল না। কাজেই যে কথা বলছিলাম যে আমাদের কাছে যখন কেসটা আসল বিচার-বিবেচনা করে আমরা দেখেছি যে স্টেট থেকে এই কেস করার কোন প্রয়োজন নাই। ক্যাবিনেটএ আমরা বিচার-বিবেচনা করে দেখেছি—সেই হিসেবে কোর্টএ কেস গেল, ম্যাজিস্ট্রেট খালাস করে দিয়েছেন। সুতরাং ব্যোমকেশবাবু যে কথা এখানে বলেছেন সেটা অসত্য। আমার হুকুমে কেস উইথড্র হয় নি, ওটা ম্যাজিস্ট্রেট স্যাটিসফায়েড হওয়াতেই কেস তুলে নেওয়া হয়েছে।

[6—6-10 p.m.]

শ্রীরাম চ্যাটার্জি: মাননীয় স্পীকার মহাশয়, এই বিলের সমর্থন করতে গিয়ে এই কথা বলতে চাই যে যুক্তফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হয়েছে, জনসাধারণ কংগ্রেসের বিরুদ্ধে রায় দিয়েছে—কিন্তু কেন আজকে প্রতিটি গ্রামে মানুষের হাহাকার, আজও কেন কান্নারোল ভেসে আসছে। আজকে আমরা দেখতে পাচ্ছি গ্রামবাংলার মানুষ না খেয়ে মরছে। একথা সত্য আমরা জানি যেমন বন্যা আসে, তারপর আসে মড়ক—তেমনি ১৯ বছর ধরে কংগ্রেস এনে দিয়েছে দুঃখের বন্যা, তাই আজ মড়কে মানুষ না খেয়ে মরছে। যুক্তফ্রন্ট সরকার এই মড়কের ত্রাণকর্তারূপে এসেছে মানুষের যে ক্ষুধা, যে দুর্গতি তা নাশের জন্য। দীর্ঘ ১৯ বছর কাল ধরে কংগ্রেস এনে দিয়েছিল দুঃখের বন্যা—তাই আজ এই হাহাকার। কংগ্রেস সরকার সেই দুঃখের বন্যায় বালু ফেলে গেছে—যাতে আর অন্য কিছু উৎপন্ন হয় না—কিন্তু আমাদের যুক্তফ্রন্ট সরকার সেই বালু ঠেলে দিয়ে সেই মানুষকে জাগ্রত করতে হবে। ঐ যে মানুষ এসেছে তাদের চোখে যে আগুন জ্বলছে, ও'রা বলেছেন যে ঐ আগুনে যুক্তফ্রন্ট সরকার পুড়ে মরবে—একথা ভুল, ঐ আগুনে পুড়ে মরবে ওরাই যাদের সংবিধানে পুড়িয়ে মারছে এই ১৯ বছর কাল ধরে এবং সেই প্রতিষ্ঠানে ১৯ বছর কাল ধরে তাদের পোড়াবার জন্য দায়ী সেই প্রতিষ্ঠানে সমূলে উৎপাটিত করে পুড়িয়ে দেবে। তারই জন্য আজ ঐ মানুষের সৃষ্টি যাদের একমাত্র আওয়াজ হচ্ছে কবে এদের উৎপাটন হবে, কবে এরা নিঃশেষ হবে, কবে এরা ভারতবর্ষ থেকে বিতাড়িত হবে—এই কথা বলে আমি এই বিলকে সমর্থন করছি।

শ্রীবজলে আহমেদ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার একটা কথা নিশ্চয় স্মরণ আছে যে কেন্দ্রীয় সরকার আমেরিকার সঙ্গে গোপনে একটা চুক্তি করেছিলেন যে আমাদের কলকাতায় একটা উচ্চ শক্তিসম্পন্ন ট্রান্সমিটার আমেরিকার টাকায় বসানো হবে। আমরা ভারতবাসী সেদিন সেই গোপনচুক্তির প্রতিবাদ করেছিলাম যার ফলে সেই প্রস্তাবটা বাতিল হয়েছিল। কিন্তু এই বিধান সভায় এসে আমি দেখলাম আমেরিকা সেই প্রস্তাবিত যান্ত্রিক যোগাযোগ রাখতে সক্ষম হন নি ঠিকই—তবে ভোয়ার যোগাযোগ মানব কণ্ঠস্বরে রেখে গেছেন। ঐ যে বিরোধী ১২৭ জন, যাঁরা আজ রাশিয়া ও চীন চীন ক'রে চীৎকার করছেন ভোয়ার তরফ থেকে, ও'দের সম্বন্ধে একটা কথা বলি। যেদিন প্রথম এই বজেট সেসন ওপেন হয় সেদিন জনসাধারণ ও'দের বিরুদ্ধে প্রচণ্ড বিক্ষোভ জানাবার ও দেখাবার জন্য এই বিধানসভার দ্বারদেশে এসেছিলেন—সেদিন ও'রা প্রাণ ভয়ে বাইরে যেতে পারেন নি এই ভয়ে যে, বিক্ষুব্ধ জনতা হয়ত তাঁদের ক্ষমা করবেন না। আমাদের যুক্তফ্রন্ট সরকার সেদিন ও'দের বাড়ী পেণছে দেবার জন্য জনতার নিকট আবেদন করে ও পুলিশ দিয়ে সাহায্য করেছিলেন। আজকে সেই সদাশয় সরকারকে মূলসহ উৎপাটন করবার জন্য নানা রকম হীন কৌশল অবলম্বন করে, এমন কি কিডন্যাপ ক'রে সরকার পক্ষীয় অনেক সদস্যকে ও'রা ওদিকে নিয়ে যাবার চেষ্টা করছেন, যাতে করে যুক্তফ্রন্ট সরকার ভেঙ্গে পড়ে। এটা সাম্রাজ্যবাদী ভোয়ার এজেন্টের কাজ এবং ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থার পৃষ্ঠপোষক ও দালাল-শ্রেণীর এজেন্টদের কাজ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজ এই অ্যাপ্রোপ্রিয়েশন বিল সমর্থন করতে গিয়ে ক্যাবিনেটের মন্ত্রিমহাশয়গণের কাছে আমার দাবী রাখবো যে আগে যে টাকা কংগ্রেস সরকার বিভিন্ন খাতে খরচ করেছেন তাতে তাঁরা দেশের কোন গুণগত উন্নতি দেখাতে পারেন নি। আমাদের সরকার সেই পরিমাণ টাকাই খরচ করবেন—কিছু হয়তো বেশীই খরচ করবেন—কিন্তু গুণগত উন্নতির পার্থক্য দেখিয়ে তাঁরা প্রমাণ করবেন যে, খরচ করলেই হয় না—টাকা ঠিক প্রয়োজন মত ঠিক ঠিক জায়গায় এবং ঠিক ঠিক সময় মত খরচ করা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে আমি মন্ত্রিসভাকে অনুরোধ করবো যে, সরকার বিভিন্ন জনহিতকর কাজ যাতে ত্বরান্বিত করা যায় তার প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চয়ই করবেন। এবং তাঁরা আর একটা কাজ করবেন তা হচ্ছে এই যে, বিভিন্ন গ্রান্টে যে টাকা লোককে সাহায্য করবার জন্য বরাদ্দ হোল সেটা যেন ঠিক সময় মত তাঁদের দেওয়া হয়। আর একটা কথা বলবো যে, যে সমস্ত সরকারী কর্মচারীরা গভর্নমেন্ট পলিসি ঠিকমত ইমপ্লিমেন্টেড করতে চান না কিংবা ইচ্ছাকৃতভাবে অবহেলা করেন তাঁদের যথাযোগ্য শাস্তি দেবেন। অধ্যক্ষ মহাশয়, এটা আপনি নিশ্চয় জানেন যে আগেকার সরকার সাম্প্রদায়িকতার বিষকে জিইয়ে রেখে দেশকে এবং মানুষকে দুইভাগে ভাগ করে গেছেন। আজকে আজিজুর রহমান সাহেব বলেছেন যে বর্তমান যুক্তফ্রন্ট সরকার

সাম্প্রদায়িকতার বীজকে জিইয়ে রেখেছেন—আমি বলবো এটা সত্য কথা নয়, কংগ্রেস সরকারই সেটা করেছিলেন এবং পূর্বোক্ত মাননীয় আজিজুর রহমান সাহেবের গ্রেপ্তারই পূর্বেকার সরকারের স্বরূপ প্রকাশ করে। তিনি মুসলমান হওয়ায় কংগ্রেস সরকার তাঁকে গ্রেপ্তার করেছিলেন—অথবা তিনি পাকিস্তানী গুপ্তচর—এ দুইএর মধ্যে কোন্‌টা সত্য, তিনিই বলুন। আমরা এটা মনে করি না যে ধনতান্ত্রিক শাসন ব্যবস্থায় লোকের দুঃখ-দারিদ্র্য স্থায়ীভাবে ঘুচে যাবে, আনএমপ্লয়মেন্ট প্রবলেম সল্‌ভ হয়ে যাবে। আমরা মাত্র একটা কাজই করতে পারি যেটা হচ্ছে এই যে, আমাদের যুক্তফ্রন্ট সরকার জনতার পাশে দাঁড়িয়ে সাধারণ লোককে গণতান্ত্রিক আন্দোলনের পথে এগিয়ে যেতে ও উৎসাহিত করবে যাতে তাঁরা সমাজতন্ত্রবাদের প্রস্তুতির পথে ধীরে ধীরে এগিয়ে যেতে পারেন। এই দাবী ও এই আশা নিয়ে আমি এই অ্যাপ্রোপ্রেয়েসন বিলের উপর আমার সম্মতি জ্ঞাপন করে বক্তব্য শেষ করছি।

শ্রীজ্যোতি বসু: স্পীকার মহাশয়, অ্যাপ্রোপ্রিয়েসন বিলে যে সমস্ত বক্তৃতা এখানে হয়েছে তা অনেকটা অবান্তর। তবে আমাদের হাউসে এ রকম হয়—কাজেই দু'-চারটি জবাব আমাকে দিতে হবে। শ্রীশৈলকুমার মুখার্জি প্রথমেই বলেছেন একটা খুব সঠিক কথা যে আমাদের দিকে লক্ষ্য করে আপনারা আমাদের সমালোচনা করছেন, আক্রমণ করছেন, কংগ্রেসকে সরকার চালাতে গিয়ে এতে কিছুই হবে না। ও'র সঙ্গে আমি একমত। কারণ আমাদের লক্ষ্য হচ্ছে যে শুধু সমালোচনা নয়, কংগ্রেসকে সম্পূর্ণভাবে উৎখাত করা যায় কিনা সেই চেষ্টা করা। কারণ আমরা জানি, যে যদি সেটা করা না যায়—আর যদি ও'দের সরকার দিল্লীতে টিকে থাকেন তাহলে যে রকম দুরবস্থার মধ্যে দেশ পড়েছে সেই রকম দুরবস্থা তো চলবেই। কারণ আমাদের সংবিধানের মতে সমস্ত কিছু অর্থনীতি, আমাদের অর্থ, আমাদের ক্ষমতা, আমাদের আইন সবই কেন্দ্রীভূত। কাজেই ওখানে যদি একটা বড় রকমের পরিবর্তন না হয় তাহলে বিভিন্ন জায়গায় ধরুন, এখন তো ভারতবর্ষের অর্ধেক জায়গায় কংগ্রেস ধূলিসাৎ হয়ে গেছে, কংগ্রেসের রাজত্ব নেই—তথাপি একটা আমূল পরিবর্তন কি সম্ভব? যতদিন কংগ্রেস টিকে থাকবে দিল্লীতে ও'রা হয়তো ৩৫।৪০টা মেজরিটি নিয়ে আছেন—ঠিক জানি না—যত দিন এটা থাকবে ততদিন আমরা জানি খুব ভাল করে বুঝি যে আমাদের পক্ষে একটা বিরাট ব্যাপক আমূল পরিবর্তন আনা সম্ভব নয়। সেই জন্য আমাদের এমনভাবে কাজ দেখাতে হবে, এমনভাবে কাজ করতে হবে, এবং সেই কাজ ছাড়াও আন্দোলন এমনভাবে গড়ে তুলতে হবে যাতে করে কংগ্রেস উৎখাত হয়। এ ছাড়া কোন পথ নেই। তার পর আমাদের শৈলবাবু এটা বোঝাবার চেষ্টা করেছেন, যেমন আরও দু'-চার জন সদস্য করেছেন কংগ্রেসের পক্ষ থেকে যে কিছু কিছু ভাল ভাল কাজ ও'রা করে গেছেন—খালি মুসকিল হোল আমরা তো এদিকে যাঁরা আছি কোন দিন তা বুঝতে পারলাম না—আজ জনগণও বেশীরভাগ বুঝতে পারলেন না—সেই জন্য ও'দের ধাক্কা দিয়ে ঐদিকে পাঠিয়ে দিয়েছেন। এখানে একটা কথা শৈলবাবু বলেছেন, আরও দু'-একজন বলেছেন যে ও'রা খুব চিন্তিত যে আমাদের যুক্তফ্রন্টের মধ্যে এই রকম বিভেদ দেখা দিয়েছে, মত পার্থক্য দেখা দিয়েছে—যতদিন অধিবেশন হচ্ছে আমরা একই কথা শুনলাম ওদিক থেকে, বার বার আবেদন করছেন ডাঃ ঘোষের কাছে, মুখ্যমন্ত্রীর কাছে, এবং আরও কিছু মন্ত্রীর কাছে এবং তা করে ও'রা বলবার চেষ্টা করছেন—কারও একটু বুদ্ধি কম তাই তাঁরা সোজাসুজি বলছেন আর কেউ শৈলবাবুর মত অন্যভাবে বলছেন—তাই তো বড় দুঃখ হচ্ছে আপনাদের মধ্যে ভাঙ্গন—কি করে আপনারা সরকারের কাজ করবেন।

[6-10—6-20 p.m.]

আমি বলব এত দরদ কেন? সরকারী কাজে এত দরদ—তাহলে আপনারা ভালভাবে করেন নি কেন? কিন্তু আমি এটা বুঝতে পারছি না একটা কাজে কংগ্রেসের নেতারা এত ব্যস্ত কেন? অর্থাৎ কি করে এখান থেকে, ওখান থেকে লোক কিনে নেওয়া যায় তাতেই ও'রা ব্যস্ত। আমাদের দেশের দুর্ভাগ্য যে কংগ্রেসের মত একটা প্রতিষ্ঠান যারা আগে ভালভাবে কাজ করেছেন, স্বাধীনতার পর তাঁরা কোন পর্যায়ে নেবে গেছেন, অর্থাৎ লোক কেনা-বেচায় এদের মত সিদ্ধহস্ত কেউ আর নেই। ইংরাজেরা তাদের হাতে ক্ষমতা দিয়ে চলে গেছেন। এই সমস্ত কুম্ভীরাশ্রুর প্রয়োজন নেই। আমরা নিজেরা বুঝে নেব, আমাদের জন্য এত চিন্তা করার কংগ্রেস পক্ষের

দরকার নেই, আমরা ব্যবস্থা করে নেব। আমাদের একতা থাকবে কি করে বিভিন্নতার মধ্যে, সেটা আমরা করব, আপনাদের চিন্তা করবার প্রয়োজন নেই। আর একটা কথা শৈলবাবু ও আরও অনেকে বলেছেন, যেটা খুব প্রামাণিক কথা এবং সেটাতেও আমাদের কিছু ভয় হয়? অর্থাৎ যে টাকা আমরা অনুমোদন চেয়েছি সে টাকা আমরা শেষ পর্যন্ত খরচ করতে পারবো তো? এটাই খুব বড় কথা অ্যাপ্রোপ্রিয়েসন বিলএর সময় এটা আমাদের প্রত্যেকের মনে করতে হবে, এর আগে বহু বৎসর ধরে আমরা এদিকে বসে দেখেছি যে, বছরের শেষে দেখা যায় খরচ করা হয় জমিয়ে জমিয়ে রেখে। খরচ ঠিকমত করা হয় না, স্পেস আউট করা হয় না। হঠাৎ মনে পড়ে যায় এবার খরচ করতে হবে, বছর শেষ হতে চলেছে, এবার নূতন বাজেট আসবে কাজেই তাড়াহুড়ো করে আনপ্ল্যান্ড ভাবে খরচ করা হয়। সেজন্য আমাদের এটা ভালভাবে মনে রাখতে হবে। অনেকে বলেছেন এই বাজেটের মধ্যে আমরা খরচ কিছু কমাতে পারি কি না, বিভিন্ন জিনিষ তৈরী হবে, সব আমরা করব, তবে তার মধ্যে খরচ কমাতে পারি কি না সেটা নিশ্চয়ই আমাদের মনে রাখতে হবে, এখন সে সম্বন্ধে কিছু বলতে পারি না। শুধু এটুকু বলতে পারি এটা আমরা মনে রেখে সময় মত সমস্ত টাকা বিভিন্ন খাতে যেটা ধরেছি সেটা খরচ করবার চেষ্টা করব। শৈলবাবু জিজ্ঞাসা করেছেন সেই একই প্রশ্ন ডেফিসিট বাজেটএর টাকা কি করে তুলব, আমি আগেই বাজেটে যা বলেছি তার বেশী কিছু বলতে পারব না। এবিষয়ে আমরা কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলেছি, আমাদের ট্যাক্সএর ব্যাপারে বলেছি, কিছু ট্যাক্স আমরা বসাব। আমরা এইভাবে যে কতকগুলি জিনিষ বলেছি এর বেশী আমার বলবার নেই। তারপর কি হয় না হয় তা সব একদিনে হবে না, ইয়েস অর নো অ্যানসার হবে না, এটার জন্য কেন্দ্রের সঙ্গে কথা বলেছি, কেন্দ্রের উপর চাপ সৃষ্টি করতে হচ্ছে, এ বিষয়ে মত পার্থক্য হচ্ছে, কোথায় গিয়ে দাঁড়াবে সেটা আমরা দেখব। আমাদের টাকার মবিলাইজ করার রিসোরসেস কি যেগুলি সব আমাদের কাছে আসবে তখন আপনারা তা নিয়ে আলোচনা করবেন। শৈলবাবু বলেছেন বাজেট আমরা রচনা করেছি, কিন্তু হাওড়াতে কারখানার পর কারখানা বন্ধ হয়ে যাচ্ছে, তিনি শুধু হাওড়াতে দেখলেন, আমরা যে সমস্ত পশ্চিমবঙ্গের যে জিনিষ দেখছি—কারখানার পর কারখানা বন্ধ হয়ে যাচ্ছে ডিপার্টমেন্টএর পর ডিপার্টমেন্ট বন্ধ হয়ে যাচ্ছে, আপনারা চীৎকার করছেন, আপনারা জানেন না এসব কেন হচ্ছে—কিন্তু শৈলবাবু জানেন। বিশেষ করে যে প্রদেশ ইঞ্জিনীয়ারিং ইন্ডাস্ট্রীতেও কত ব্যাপক, সেখানে কেন্দ্রীয় সরকার তাদের কি সর্বনাশ করেছে? হঠাৎ অর্ডার সমস্ত কিছু কমিটি দিয়ে যেখানে বড় বড় কারখানা বন্ধ হয়ে যাচ্ছে সেখানে এর জন্য একটা প্রতিবাদ ঐ পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে শুনলাম না। ইন্ডিয়া ইলেকট্রিক ওয়ার্কসএর মত ওয়ার্কস যেটা ডাঃ রায় নিজের হাতে নিয়েছিলেন সেটা তাঁরা হুকুম দিয়েছেন বন্ধ হয়ে যাবে এই মাসের ১০ তারিখ থেকে। ২ হাজার লোক সেখানে কাজ করে, ২০ হাজার লোক পেছনে খাবার আছে। কিন্তু সে বিষয়ে কোন চিন্তা না করে তাঁরা বলেছেন কোম্পানী বন্ধ করে দেবো। সৌভাগ্যবশতঃ কেন্দ্রে গিয়ে তিন মাসের জন্য বাঁচাতে পেরেছি, জানি না চিরকালের জন্য বাঁচাতে পেরেছি কি না? আর এন এস ওয়ার্কারদের কেন্দ্রীয় সরকারের নেওয়া উচিত ছিল নূতন যে কোম্পানী করলেন তাতে। ২ হাজার শ্রমিক নদীর ধারে এধারে ওধারে বসে আছে এখনও তাদের কাজে নেন নি। এই সমস্ত জিনিষ আমরা দেখলাম। এই রকম ভাবে এই কথাগুলি যদি সামগ্রিকভাবে চিন্তা না হয় তাহলে বুঝবো সত্যকারের গঠনমূলক কোন সমালোচনা হচ্ছে না। শুধু আমায় বললে হবে না। এটা কি পশ্চিমবাংলার দোষ? আমাদের দোষে কি কারখানাগুলি বন্ধ হয়ে যাচ্ছে? সেজন্য বলবো সঠিক সমালোচনা হচ্ছে না। একজন মাননীয় সদস্য বললেন আমাদের সরকার হবার পর—তিনি আবিষ্কার করেছেন আমরা মুসলমান সম্প্রদায়ের বিরোধী। এটা আমাদের কাছে নূতন কথা বটে। তবে আমার শুনে ভাল লাগছিল। অনেক মুসলমান বন্ধুরা যারা বেশীর ভাগ কংগ্রেস এম এল এ তাঁরা বহু বছর ধরে এই হাউসে আসছেন, তবে কোন দিন একটি কথা এইভাবে বলার সুযোগ ও সাহস পান নি। কিন্তু আমাদের সরকার হবার পর এই যে সাহস তাঁরা পেয়েছেন তাতেই বোঝা যাচ্ছে যে যত অসত্য কথা তাঁরা বলুন তাঁরা খানিকটা সিকিওরড ফিল করেন। যাহোক আমি এই সব অবান্তর কথার জবাব দিচ্ছি না। কিন্তু কথাটা সত্য এই হিসাবে যাঁরা নাকি রিলিজিয়াস মাইনরিটি তাদের আমরা দেখছি—ভারতবর্ষব্যাপী, শুধু পশ্চিম বাংলার ব্যাপার নয়—এটা আমাদের দুর্ভাগ্য, লজ্জা হয়

এই সব কথা বলতে তবু এটা বাস্তব ঘটনা। তাঁরা অনেক সময় মনে করেন তাঁদের প্রতি সুবিচার হচ্ছে না। এটা যে কোন সরকারের দেখা উচিত তাঁদের মনে যাতে এই রকম চিন্তা ভাবনা কোন দিন না হতে পারে সেই রকম ব্যবস্থা অবলম্বন করা উচিত বলে মনে করি। আমাদের সরকারও মাইনরিটিদের সম্পর্কে নীতি ঘোষণা করেছেন। একজন কংগ্রেস পক্ষের সদস্য বলেছেন এটা হল না, ওটা হল না, খাদ্য নেই, চাকরী নেই, জিনিষপত্রের দাম বাড়ছে, কিন্তু কৈ কিছু হচ্ছে না। আমি একটা কথা বলবো কংগ্রেস বন্ধুরা ১৭ বছর পর এই প্রশ্ন কেন করলেন এত তাড়াতাড়ি করে এই প্রশ্ন করলে চলবে না।

[6-20—6-30 p.m.]

সতের বছর পরে এটা হয়নি কেন, ওটা হয়নি কেন এই প্রশ্ন করার অধিকার কোন কংগ্রেস পক্ষের লোকের নেই, জনসাধারণেরই এই প্রশ্ন করার অধিকার আছে। আমরা গদিতে বসবার পর আমাদের কাছ থেকে জনসাধারণ এই প্রশ্ন করবার অধিকার পেয়েছেন। এটা কেন হল না, ওটা কেন হল না, কেন দ্রুতগতিতে হচ্ছে না, জনসাধারণের কাছে আমরা তার জবাবদিহি করবো, কংগ্রেসের কাছে তার জবাবদিহি করবো না। শ্রীমতী বিভা মিত্র এখানে একটি খুব চমৎকার বক্তৃতা দিয়েছেন। এই বক্তৃতাটা আমার খুব ভাল লেগেছে। কেন? কারণ উনি একটি উদাহরণ আমাদের কাছে রেখেছেন যে আমাদের এই সরকার কি রকম অপরাধী। উনি একদিন দেখলেন যে আমাদের পরিবহণ বিভাগের একটি সরকারী বাসে লেখা আছে অফিসাররা এই বাসটি ফেলে রেখেছিলেন, কর্মচারীরা সেটাকে উদ্ধার করে মেরামত করে রাস্তায় বের করে দিয়েছেন। এত বড় অপরাধ যে এটা কেন হল—এইখানেই তো তফাৎ। এটা কিন্তু উনি খুব চমৎকার বলেছেন। এইখানেই তো আমাদের সঙ্গে কংগ্রেসের আউটলুক, দৃষ্টিভঙ্গীর তফাৎ। কর্মচারীরা আমাদের ডেকে ডেকে নিয়ে গিয়ে ঘুরিয়ে ঘুরিয়ে দেখিয়েছিলেন যে, দেখুন এই বাসগুলি পড়ে আছে, এগুলি বোধ হয় মেরামত করলে আমরা রাস্তায় বের করতে পারি এবং তাতে যাত্রীদের সুবিধা হবে, আমাদের সরকারেরও সুবিধা হবে এই কথা তাঁরা বলেছিলেন। তবে এই কথা ঠিক যে কারা এর জন্য দায়ী, সেই রিপোর্ট আমার কাছে পেশ হচ্ছে। সেই কমিটি শৈলবাবু করে গিয়েছিলেন এবং তাঁরা আমায় এখন রিপোর্ট দেবেন আমাদের স্টেট বাসের ব্যাপারে—সেটা অন্য কথা। কিন্তু একথা ঠিক যে কয়েকটি বাস এতকাল ফেলে রাখা হয়েছিল। কাজেই সেটাকে রিপেয়ার করে বের করে এনে চালু করা এটা অপরাধমূলক কিছু নয়। কিন্তু ও'রা মনে করেন যে এটা অপরাধমূলক। কারণ অফিসার যখন ফেলে দিয়েছেন তখন কর্মচারীদের কি অধিকার আছে সেগুলিকে টেনে এনে জনসাধারণের কাছে রাখার—এইটা ও'রা মনে করছেন অপরাধমূলক। এইখানেই তো দৃষ্টিভঙ্গীর তফাৎ। তারপরে আরো দু'-একজন বলেছেন যে এটাকে অ্যাপ্রোপ্রিয়েসন বিল না বলে মিসঅ্যাপ্রোপ্রিয়েশন বিল বলা উচিত। এটা অবশ্য পুরানো জোক, আমরা বহুবার শুনেছি। কিন্তু এটা যখন শ্রীব্যোমকেশ মজুমদার বলেছেন তখন সত্যিই আমায় চিন্তা করে দেখতে হবে—সত্যিই কি তাই? কারণ, উনি এসব বিষয়ে খুব ভাল স্টাডি করেছেন বলে আমি শুনেছি। তবে আমি এইটুকু বলতে পারি যে যেই বলা হল ও'রা সব ব্যোমকেশ মজুমদারকে লোক ডি ও দিয়ে ও'দের সব ধর, সার্চ করে জেলে পুরে দাও—এইরকম ডি ও আমি দিই নি। আমার কাছে যে-কোন দরখাস্তই আসুক আমি কি করে জানবো যে শ্রীব্যোমকেশ মজুমদারের লোক বা অন্য লোক? আমার কাছে এই সব দরখাস্ত যে জেলা থেকে আসে আমি সেই ম্যাজিস্ট্রেটের কাছে পাঠিয়ে দিয়ে বলি যে অপনি এইসব তদন্ত করে দেখবেন। আমি কখনও তাঁদের উপর লিখি না যে অমুক লোক, তমুক লোক, অমুক পার্টি, তমুক পার্টির ইত্যাদি ইত্যাদি। কাজেই ও'দের সাজা দিতে হবে। আমি কে সেই কথা বলবার? তদন্ত না হবার আগে আমি এই কথা বলতে পারি না। আমি এইভাবে অ্যাডমিনিস্ট্রেশন চালাতে শিখিনি, যেটা নাকি কংগ্রেস আমাদের শেখাবার চেষ্টা করেছিলেন, আমর তা শিখিনি। তারপরে এখানে সেই একই অসত্য কথা বলা হচ্ছে যে ওখান থেকে মিছিল এসে বলছে—অবশ্য শ্রীব্যোমকেশ মজুমদার বলবার আগেই শ্রীসিদ্ধার্থশংকর রায় সেই কথা আমার কাছে, ডঃ ঘোষের কাছে পেঁছে দিয়ে গেছেন যে, ভীষণ প্রসেসান এসেছে, মারাত্মক সব শ্লোগান দিচ্ছে, তারা সব নাকি বলছে ডঃ ঘোষের পদত্যাগ চাই, অজয় মুখার্জীর পদত্যাগ চাই ইত্যাদি ইত্যাদি। আমি নিজে

শ্রীসিদ্ধার্থশংকর রায়কে জিজ্ঞাসা করেছিলাম, আপনি কি নিজে এটা শুনেছেন? উনি বললেন আমি নিজে শুনিনি, একজন প্রেসের লোক আমাকে বলেছেন। তারপরেই আমাদের দুজন মন্ত্রী সেখানে গয়েছিলেন এবং আমি এইটুকু বলতে পারি আজকে যে মিছিল এসেছে এটা কারো পদত্যাগ দাবী করতে আসে নি। ও'রা এসেছেন কংগ্রেসের বিরুদ্ধে প্রতিবাদ জানাবার জন্য এবং আমাদের এই কথা বলবার জন্য—শুধু একজন বা দুজন মন্ত্রীকেই নয়, আমাদের সমস্ত মন্ত্রিমণ্ডলীকে এই কথা বলার জন্য তাঁরা এসেছেন যে আপনাদের যে দুর্বলতা আছে সেগুলো দূর করে পাকাপোক্তভাবে বসুন। সেই জন্যই তাঁরা শ্লোগান দিচ্ছেন যুক্তফ্রন্ট সরকার 'জিন্দাবাদ'। জনসাধারণের এই অধিকার আছে যে আমাদের যদি কোন দুর্বলতা থাকে—সরকারের সেই দুর্বলতার দিকে আমাদের দৃষ্টি আকর্ষণ করার সমস্ত অধিকার তাঁদের আছে, এই অধিকার আমরা তাঁদের দিয়েছি। আমার আর বিশেষ কিছু জবাব দেবার নেই, অবশেষে আমি এই কথা বলবো যে তবুও আমরা জানি যুক্তফ্রন্ট সরকার আমরা যাঁরা গঠন করেছি সদা-সর্বদা মনে করি আমাদের দুর্বলতা আছে, হয়তো আরো অনেক কিছু করতে পারতাম, যা করে উঠতে পারি নি—যদি আমাদের আত্মসমালোচনা না থাকে, এই দৃষ্টিভঙ্গী যদি না থাকে তাহলে জনসাধারণের প্রতিনিধিত্ব আমরা কোন দিন করতে পারবো না। আমরা এই কথা জানি যে এত দুঃখ-লাঞ্ছনার কথা বলা হচ্ছে, মানুষ না খেয়ে আছে দিকে দিকে এই রকম বলা হচ্ছে সেটা আমরা জানি, আমাদের দৃষ্টি সেদিকে আকর্ষণ করতে হবে না, কারণ, তাঁরাই আমাদের পরম বন্ধু। আমরা দুঃখিত এবং লজ্জিত, কিন্তু আমি এই কথা বলবো যে এই রকম দুঃখের মধ্যে এইরকম অভাবের মধ্যে এই মানুষই যাঁরা বারে বারে আজকে ধ্বনিত প্রতিধ্বনিত করছে যুক্ত-ফ্রন্ট সরকার জিন্দাবাদ, কংগ্রেস মুরদাবাদ। পরিশেষে আমি এই কথা বলে যেতে চাই যে যতই চেষ্টা হোক এই ঠান্ডা ঘরে বসে এই সব কথা বলা যায়—কিন্তু আমি জানি বুভুক্ষু মানুষ আছে কংগ্রেসকে আমি বলবো আমরা যদি লক্ষ মানুষ জমায়েত করি, ও'রা করুন গিয়ে ঐরকম জমায়েত, মানুষ ওদের দূর করে দেবে এই কথা যেন ও'নারা মনে রাখেন। আমি এই কথা বলে যে প্রস্তাব রেখেছি অ্যাপ্রোপ্রিয়েসন বিলের কনসিডারেশনের জন্য সেটা সবাই সমর্থন করবেন।

[6-30—6-39 p.m.]

The motion of Shri Jyoti Basu that the West Bengal Appropriation (No. 2) Bill, 1967, be taken into consideration was then put and a division taken with the following result:—

AYES—147

Abdul Bari, Shri Md.
Abdul Haque, Shri
Abdul Latif, Shri Md.
Abdul Quiyom Molla, Shri
Amirali Molla, Dr.
Baksi, Shri Manoranjan
Bandopadhyay, Shri Amiya Bhusan
Bandopadhyay, Shri Khagendra Nath
Banerjee, Shri Subodh
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Basu, Shri Mukul
Bazle Ahmad, Shri
Bera, Shri Sasabindu
Bhandari, Shri Netai
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharya, Shri Jyoti Bhusan
Bhattacharya, Shri Nani
Bhattacharyya, Shri Gopal Krishna

Bhowmik, Shri Kanai
Biswas, Shri Ajit Kumar
Bose, Shri Brindaban Behari
Chakraborty, Shri Kshudiram
Chakraborty, Shri Sadhan Kumar
Chatterjee, Shri Hara Prasad
Chatterjee, Shri Ram
Choubey, Shri Narayan
Choudhury, Shri Subodh
Dakua, Shri Dinesh Chandra
Dal, Shrimati Nanda Rani
Das, Shri Deben
Das, Shri Debendra Nath
Das, Shri Jagadish Chandra
Das, Shri Mahatab Chand
Das, Shri Nikhil
Das, Shri Sudhir Chandra
Das, Dr. Sailendra Nath
Das Ghose, Shri Biswanath
Das Gupta, Shri Bibhuti Bhusan
Das Mahapatra, Shri Kamakshyanandan
Dhara, Shri Sushil Kumar
Elias Razi, Shri Md.
Franklin, Shri L. H.
Gayen, Shri Prasanta Kumar
Ghose, Shri Kamakshya Charan
Ghose, Shri Sambhu Charan
Ghosh, Shri Krishna Pada
Ghosh, Dr. Prafulla Chandra
Golam Mahiuddin, Shri
Golam Yazdani, Dr.
Guha, Shri Bikesh Chandra
Guha, Shri Kamal Kanti
Guha Neogi, Shri Anildhar
Gurung, Shri Nandalal
Haldar, Shri Hrishikesh
Halder, Shri Krishna Chandra
Hansda, Shri Jagatpati
Hazra, Shri Lalit
Hazra, Shri Monoranjan
Hicks, Shri Clifford
Jana, Shri Manindra Nath
Jaynal Abedin, Shri Md.
Kar, Shri Dhananjoy
Karim Baksh, Dr. Mohammad
Konar, Shri Hare Krishna
Kundu, Shri Nishitha Nath
Lahiri, Shri Somnath
Mahato, Shri Amulya Ratan
Mahato, Shri Chittaranjan
Mahato, Shri Girish
Maity, Shri Baneswar
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Gobardhan
Majhi, Shri Kandru
Maji, Shri Guiram
Maji, Shri Panna Lal
Majumdar, Shri Amalesh Chandra

Majumdar, Shri Apurba Lal
Majumdar, Shri Dilip Kumar
Majumdar, Shri Harendra Nath
Majumder, Shri Jagannath
Mal, Shri Pagal Chandra
Malakar, Shri Ajoy
Mandal, Shri Kalipada
Mandal, Shri Kumud Ranjan
Mandal, Shri Rabin
Mandal, Shri Siddheswar
Mitra, Shri Chandipada
Mitra, Shri Haridas
Mitra, Shrimati Ila
Mitra, Shri Sunil Kumar
Mondal, Shri Manindra Chandra
Mondal, Shri Sasanka Sekhar
Mondal, Shri Tinkari
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Jayati Prasanna
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Mukhopadhyay, Shri Ajoy Kumar
Mukhopadhyay, Shrimati Geeta
Murmu, Shri Nathaniel
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Sundar Kumar
Noney, Shri W. H.
Noronha, Shri Clifford
Nuhul Islam, Shri
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammed
Ojha, Shri Samarendra
Pahari, Shri Bibhuti
Pal, Shri Kanai
Panda, Shri Bhupal Chandra
Pramanick, Shri Gangadhar
Pramanik, Shri Radhikanath
Pramanik, Shri Rajani Kanta
Purkait, Shri Prabodh
Roy, Shri Amalendra Lal
Roy, Shri Haradhan
Roy, Shri Jagadananda
Roy, Shri Jyotish
Roy, Dr. Narayan Chandra
Roy, Shri Phakir Chandra
Roy, Shri Provash Chandra
Roy Barman, Shri Khiti Bhusan
Roy Hakim, Shri Bhabendra Nath
Roy Prodhan, Shri Amarendra Nath
Saha, Shri Kripasindhu
Saha, Shri Madan
Sajjad Hussain, Haji
Samanta, Shri Gouranga
Sanyal, Shri Mani
Sanyal, Dr. Nalinaksha
Saren, Shri Bhabatosh
Sarkar, Shri Charu Mihir
Sarkar, Shri Nitaipada

Sarkar, Shri Sasthidas
Sen, Shri Jamini Ranjan
Sen, Shri Lakshmi Charan
Sen, Dr. Sadhan Kumar
Sen Gupta, Shri Niranjan
Sen Gupta, Shri Tarun Kumar
Shahedullah, Shri Syed
Shish Mahammad, Shri
Singhi, Shri Rajendra Singh
Sinha, Dr. Radha Krishna
Tah, Shri Dasarathi

NOES—130

Abdul Gaffar, Shri Quazi
Abdul Latif, Shri
Abdullah, Shri S. M.
Abdus Sattar, Shri
Abul Barkat Atawal Ghani Khan Chaudhary, Shri
Afaque Chowdhury, Shri
Ahmad Hossain Mondal, Shri
Azizur Rahaman, Shri
Bagchi, Shri Amalendu Kumar
Bandopadhyay, Shri Baidyanath
Bandyopadhyay, Shri Satya Narayan
Banerjee, Shri Mrityunjoy
Banerji, Shri Sankar Das
Barman, Shri Prasenjit
Barman, Shri Syama Prasad
Bauri, Shri Nepal
Bauri, Shri Satish Chandra
Beri, Shri Dayaram
Bhagat, Shri Budhu
Bhattacharjee, Shri Golokesh
Bhattacharya, Shri Bijoy Krishna
Bhattacharyya, Shri Satyabrata
Bhattacharyya, Shri Sreepada
Bhowmick, Shri Kalipada
Bhuniya, Shri Nitya Nanda
Bishayee, Shri Paramananda
Bose, Shri Maharaja
Brahmachari, Shri Bholanath
Chalak, Shri Kali Kinkar
Chatterjee, Shri Arun
Chattopadhyay, Shri Benoy Kumar
Chattopadhyay, Shri Bhindabon
Chaudhuri, Shri Narayan Chandra
Choudhury, Dr. Sashi Bhusan
Chunder, Dr. Pratap Chandra
Das, Shri Ambika Charan
Das, Shri Hare Krishna
Das, Shri Makhan Lal
Das Gupta, Shri Khagendra Nath
Dey, Shri Gobinda Chandra
Dhara, Shri Hansadhwaj
Dolai, Shri Rajani Kanta
Dutta, Shrimati Sudharani
Fazlur Rahaman, Shri S. M.

Ghatak, Shri Shibdas
Ghosh, Shri Nitaipada
Ghosh Choudhury, Dr. Ranjit
Goswami, Shri Paresh Chandra
Gurung, Shri Krishna Bahadur
Haldar, Shri Nalini Kanta
Halder, Shri Adhar Chandra
Hazra, Shri Santimoy
Hemram, Shri Babulal
Jalan, Shri Iswardas
Jash, Shri Sristhidhar
Karam Hossain, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khalil Sayed, Shri
Kolay, Shri Jagannath
Kundu, Shri Rajnarayan
Lakra, Shri Denis
Mahato, Shri Ramkrishna
Maiti, Shrimati Abha
Maji, Shri Binode Behari
Majumdar, Shri Byomkes
Mandal, Shri Bhudeb Chandra
Mandal, Shri Prabhakar
Md. Fazle Hoque, Shri
Misra, Shri Sourindra Mohan
Misra, Shri Trilokes
Mitra, Shrimati Biva
Mitra, Shri Dwijendranath
Mitra, Dr. Gopika Ranjan
Mitra, Shri Satyanarayan
Mohammad Sayeed Mia, Shri
Mohammed Israil, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shri Girindra
Mondal, Shri Haradhan
Mondal, Shri Sudhir Kumar
Mukhapadhyay, Shrimati Purabi
Mukherjee, Shri Brajabilash
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukhopadhyay, Shri Pasupati
Murmu, Shri Boila
Murmu, Shri Dashukaran
Nag, Dr. Gopal Das
Nahar, Shri Bijoy Singh
Nandy, Shri Sachindra Mohan
Narjinarai, Shri Dhirendra
Nuran Nabi, Shri T. A.
Paik, Shri Bimal
Pal, Shri Probhakar
Paul, Shri Balai Bhusan
Paul, Shri Sushil Kumar
Poddar, Shri Rajendra Kumar
Pradhan, Shri Trailokyanath
Pramanik, Shri Puranjoy
Prasad, Shri Shiromani
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shri Gonesh Prosad

Roy, Dr. Indrajit
Roy, Shri Jatindra Mohan
Roy, Shri Krishnadas
Roy, Shri Santi Mohan
Roy, Shri Santosh Kumar
Roy, Shri Suvendu
Saha, Shri Kanai (Bankura)
Saha, Shri Kanai (Birbhum)
Saren, Shri Mangal Chandra
Sasmal, Shri Bankim Chandra
Sattar, Shrimati Nurunnesa
Sen Ishore, Shri Sankar
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsuddin Ahmed, Shri
Sharma, Shri Joynarayan
Shukla, Shri Krishna Kumar
Sinha, Shri Debendra Nath
Sinha, Shri Sripati
Singh Deo, Shri Shankar Narayan
Sinha Roy, Shri Panchanan
Tar, Shri Mati Ranjan
Topna, Shri Anotoni
Trivedi, Shri Goalbadan
Tudu, Shri Budhan Chandra
Upadhyay, Shri Mihir
Wangdi, Shri Tenzing
Zainal Abedin, Dr.

The Ayes being 147 and the Noes 130, the motion was carried.

Clauses 1, 2 and 3

The question that clauses 1, 2 and 3 do stand part of the Bill was then put and agreed to.

Schedule

The question that the Schedule do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Jyoti Basu: Sir, I beg to move that the West Bengal Appropriation (No. 2) Bill, 1967, as settled in the Assembly, be passed.

The motion of Shri Jyoti Basu that the West Bengal Appropriation (No. 2) Bill, 1967, as settled in the Assembly be passed, was then put and a division taken with the following result:—

AYES—147

Abdul Bari, Shri Md.
Abdul Haque, Shri
Abdul Latif, Shri Md.
Abdul Quiyom Molla, Shri
Amirali Molla, Dr.
Baksi, Shri Manoranjan

Bandyopadhyay, Shri Amiya Bhusan
Bandopadhyay, Shri Khagendra Nath
Banerjee, Shri Subodh
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Basu, Shri Mukul
Bazle Ahmad, Shri
Bera, Shri Sasabindu
Bhandari, Shri Netai
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharya, Shri Jyoti Bhusan
Bhattacharya, Shri Nani
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhowmik, Shri Kanai
Biswas, Shri Ajit Kumar
Bose, Shri [illegible] Behari
Chakraborty, Shri Kshudiram
Chakraborty, Shri Sadhan Kumar
Chatterjee, Shri Hara Prasad
Chatterjee, Shri Ram
Choubey, Shri Narayan
Choudhury, Shri Subodh
Dakua, Shri Dinesh Chandra
Dal, Shrimati Nanda Rani
Das, Shri Deben
Das, Shri Debendra Nath
Das, Shri Jagadish Chandra
Das, Shri Mahatab Chand
Das, Shri Nikhil
Das, Dr. Sailendra Nath
Das, Shri Sudhir Chandra
Das Ghose, Shri Biswanath
Das Gupta, Shri Bibhuti Bhusan
Das Mahapatra, Shri Kamakshyanandan
Dhara, Shri Sushil Kumar
Elias Razi, Shri Md.
Franklin, Shri L. H.
Gayen, Shri Prasanta Kumar
Ghose, Shri Kamakshya Charan
Ghose, Shri Sambhu Charan
Ghosh, Shri Krishna Pada
Ghosh, Dr. Prafulla Chandra
Golam Mahiuddin, Shri
Golam Yazdani, Dr.
Guha, Shri Bikesh Chandra
Guha, Shri Kamal Kanti
Guha-Neogi, Shri Anildhar
Gurung, Shri Nandalal
Haldar, Shri Hrishikesh
Halder, Shri Krishna Chandra
Hansda, Shri Jagatpati
Hazra, Shri Lalit
Hazra, Shri Monoranjan
Hicks, Shri Clifford
Jana, Shri Manindra Nath
Jaynal Abdin, Shri
Kar, Shri Dhananjoy

Karim Baksh, Dr. Mohammad
Konar, Shri Hare Krishna
Kundu, Shri Nishitha Nath
Lahiri, Shri Somnath
Mahato, Shri Amulya Ratan
Mahato, Shri Chittaranjan
Mahato, Shri Girish
Maity, Shri Baneswar
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Gobardhan
Majhi, Shri Kandru
Maji, Shri Guiram
Maji, Shri Panna Lal
Majumdar, Shri Amalesh Chandra
Majumdar, Shri Apurba Lal
Majumdar, Shri Dilip Kumar
Majumdar, Shri Harendra Nath
Majumder, Shri Jagannath
Mal, Shri Pagal Chandra
Malakar, Shri Ajoy
Mandal, Shri Kalipada
Mandal, Shri Kumud Ranjan
Mandal, Shri Rabin
Mandal, Shri Siddheswar
Mitra, Shri Chandipada
Mitra, Shri Haridas
Mitra, Shrimati Ila
Mitra, Shri Sunil Kumar
Mondal, Shri Manindra Chandra
Mondal, Shri Sasanka Sekhar
Mondal, Shri Tinkari
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Jayati Prasanna
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Mukhopadhyay, Shri Ajoy Kumar
Mukhopadhyay, Shrimati Geeta
Murmu, Shri Nathaniel
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Sundar Kumar
Noney, Shri W. H.
Noronha, Shri Clifford
Nuhul Islam, Shri
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammed
Ojha, Shri Samarendra
Pahari, Shri Bibhuti
Pal, Shri Kanai
Panda, Shri Bhupal Chandra
Pramanick, Shri Gangadhar
Pramanik, Shri Radhikanath
Pramanik, Shri Rajani Kanta
Purkait, Shri Prabodh
Roy, Shri Amalendru Lal
Roy, Shri Haradhan
Roy, Shri Jagadananda
Roy, Shri Jyotish
Roy, Dr. Narayan Chandra

Roy, Shri Phakir Chandra
Roy, Shri Provash Chandra
Roy Barman, Shri Khiti Bhusan
Roy Hakim, Shri Bhabendra Nath
Roy Prodhan, Shri Amarendra Nath
Saha, Shri Kripasindhu
Saha, Shri Madan
Sajjad Hussain, Haji
Samanta, Shri Gouranga
Sanyal, Shri Mani
Sanyal, Dr. Nalinaksha
Saren, Shri Bhabatosh
Sarkar, Shri Charu Mihir
Sarkar, Shri Nitaipada
Sarkar, Shri Sasthidas
Sen, Shri Jamini Ranjan
Sen, Shri Lakshmi Charan
Sen, Dr. Sadhan Kumar
Sen Gupta, Shri Niranjan
Sen Gupta, Shri Tarun Kumar
Shahedullah, Shri Syed
Shish Mahammad, Shri
Singhi, Shri Rajendra Singh
Sinha, Dr. Radha Krishna
Tah, Shri Dasarathi

NOES—130

Abdul Gaffar, Shri Quazi
Abdul Latif, Shri
Abdullah, Shri S. M.
Abdus Sattar, Shri
Abul Barkat Atawal Ghani Khan Chaudhary, Shri
Afaque Chowdhury, Shri
Ahmad Hossain Mondal, Shri
Azizur Rahaman, Shri
Bagchi, Shri Amalendu Kumar
Bandopadhyay, Shri Baidyanath
Bandyopadhyay, Shri Satya Narayan
Banerjee, Shri Mrityunjoy
Banerji, Shri Sankar Das
Barman, Shri Prasenjit
Barman, Shri Syama Prasad
Bauri, Shri Nepal
Bauri, Shri Satish Chandra
Beri, Shri Dayaram
Bhagat, Shri Budhu
Bhattacharjee, Shri Golokesh
Bhattacharya, Shri Bijoy Krishna
Bhattacharyya, Shri Satyabrata
Bhattacharyya, Shri Sreepada
Bhowmick, Shri Kalipada
Bhuniya, Shri Nitya Nanda
Bishayee, Shri Paramananda
Bose, Shri Maharaja
Brahmachari, Shri Bholanath
Chalak, Shri Kali Kinkar
Chatterjee, Shri Arun
Chattopadhyay Shri Benoy Kumar

Chattopadhyay, Shri Bhindabon
Chaudhuri, Shri Narayan Chandra
Choudhury, Dr. Sashi Bhusan
Chunder, Dr. Pratap Chandra
Das, Shri Ambika Charan
Das, Shri Hare Krishna
Das, Shri Makhan Lal
Das Gupta, Shri Khagendra Nath
Dey, Shri Gobinda Chandra
Dhara, Shri Hansadhwaj
Dhibar, Shri Pramathanath
Dolai, Shri Rajani Kanta
Dutta, Shrimati Sudharani
Fazlur Rahaman, Shri S. M.
Ghatak, Shri Shibdas
Ghosh, Shri Nitaipada
Ghosh Choudhury, Dr. Ranjit
Goswami, Shri Paresh Chandra
Gurung, Shri Krishna Bahadur
Haldar, Shri Nalini Kanta
Halder, Shri Adhar Chandra
Hazra, Shri Santimoy
Hemram, Shri Babulal
Jalan, Shri Iswardas
Jash, Shri Sristhidhar
Karam Hossain, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khalil Sayed, Shri
Kolay, Shri Jagannath
Kundu, Shri Rajnarayan
Lakra, Shri Denis
Mahato, Shri Ramkrishna
Maiti, Shrimati Abha
Maji, Shri Binode Behari
Majumdar, Shri Byomkes
Mandal, Shri Bhudeb Chandra
Mandal, Shri Prabhakar
Md. Fazle Hoque, Shri
Misra, Shri Sourindra Mohan
Misra, Shri Trilokes
Mitra, Shrimati Biva
Mitra, Shri Dwijendranath
Mitra, Dr. Gopika Ranjan
Mitra, Shri Satyanarayan
Mohammad Sayeed Mia, Shri
Mohammed Israil, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shri Girindra
Mondal, Shri Haradhan
Mondal, Shri Sudhir Kumar
Mukhapadhyay, Shrimati Purabi
Mukherjee, Shri Brajabilash
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukhopadhyay, Shri Pasupati
Murmu, Shri Boila
Murmu, Shri Dashukaran
Nag, Dr. Gopal Das

Nahar, Shri Bijoy Singh
Nandy, Shri Sachindra Mohan
Narjinarai, Shri Dhirendra
Nuran Nabi, Shri T. A.
Paik, Shri Bimal
Pal, Shri Probhakar
Paul, Shri Balai Bhusan
Paul, Shri Sushil Kumar
Poddar, Shri Rajendra Kumar
Pradhan, Shri Trailokyanath
Pramanik, Shri Puranjoy
Prasad, Shri Shiromani
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shri Gonesh Prosad
Roy, Dr. Indrajit
Roy, Shri Jatindra Mohan
Roy, Shri Krishnadas
Roy, Shri Santi Mohan
Roy, Shri Santosh Kumar
Roy, Shri Suvendu
Saha, Shri Kanai (Bankura)
Saha, Shri Kanai (Birbhum)
Saren, Shri Mangal Chandra
Sasmal, Shri Bankim Chandra
Sattar, Shrimati Nurunnesa
Sen Ghore, Shri Sankar
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsuddin Ahmed, Shri
Sharma, Shri Joynarayan
Shukla, Shri Krishna Kumar
Sinha, Shri Debendra Nath
Sinha, Shri Sripati
Singh Deo, Shri Shankar Narayan
Sinha Roy, Shri Panchanan
Tar, Shri Mati Ranjan
Topna, Shri Anotoni
Trivedi, Shri Goalbadan
Tudu, Shri Budhan Chandra
Upadhyay, Shri Mihir
Wangdi, Shri Tenzing
Zainal Abedin, Dr.

The Ayes being 147 and the Noes 131, the motion was carried.

Mr. Speaker: As Shri Sailendra Nath Mukherjee is ill he could not cast his vote. But he has told that his voting will be for the Noes. Therefore, the figure for the Noes will be increased by one, i.e., 132.

Adjournment

The House was then adjourned at 6-39 p.m. till 1 p.m. on Monday, the 7th August, 1967 at the Assembly House, Calcutta.

Note:—The Assembly was prorogned with effect from 2nd August, 1967, by a Notification No. 2769A.R., dated the 1st August, 1967, and published in the "Calcutta Gazette, Extraordinary", dated the 1st August, 1967.

Index to the West Bengal Legislative Assembly Proceedings

(Official Report)

Vol. XLV No.—2—Forty-Fifth Session (June-July 1967)

(The 11th, 12th, 13th, 14th, 17th, 18th, 19th, 20th, 21st, 24th, 25th and 26th July, 1967.)

[(Q.) Stands for questions.]

INDEX

INDEX

INDEX

Question (s)—

Question(s)—

Question(s)—

Question(s)—

Question(s)—

Question(s)—

Question(s)—